Vol. 54—No. 3

Assembly Proceedings

Official Report

West Bengal Legislative Assembly

Fifty-fourth Session

(From 9th February, 1973 to 10th May, 1973)

(The 3rd, 4th, 5th, 6th, 7th, 17th, 18th, 19th, 23rd, 24th, 25th, 26th and 27th April, 3rd, 4th, 5th, 7th, 9th and 10th May 1973)

Published by authority of the Assembly under rule 3 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI ANTHONY LANCELOT DIAS

Members of the Council of Ministers

SHRI SIDDHARTHA SANKAR RAY, Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Development and Planning, Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

SHRI ABDUS SATTAR, Minister-in-charge of Department of Agriculture and Community Development, Rural Water Supply Branch of Department of Health, Legislative Department and Judicial Department (excluding Waqf Branch).

DR. ZAINAL ABEDIN, Minister-in-charge of Department of Public Undertakings and Department of Cottage and Small Scale Industries.

SHRI MRITYUNJOY BANERJEE, Minister-in-charge of Department of Education (excluding Youth Services and Sports Branches).

SHRI ABUL BARKAT ATAWAL GHANI KHAN CHAUDHURY, Minister-in-charge of Department of Irrigation and Waterways and Department of Power.

SHRI TARUN KANTI GHOSH, Minister-in-charge of Department of Commerce and Industries and Tourism Branch of Home Department

SHRI SANKAR GHOSE, Minister-in-charge of Finance Department and Department of Excise.

SHRI GURUPADA KHAN, Minister-in-charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

SHRI SITARAM MAHATO, Minister in-charge of Department of Forests and Department of Animal Husbandry and Veterinary Services (excluding Dairy Development Branch).

SHRI KASHI KANTA MAITRA, Minister-in-charge of Department of Food and Supplies and Dairy Development Branch of Department of Animal Husbandry and Veterinary Services.

SHRI ARUN MOITRA, Minister-in-charge of Department of Co-operation and Department of Fisheries.

DR. GOPAL DAS NAG, Minister-in-charge of Department of Labour and Department of Closed and Sick Industries.

SHRI GYAN SINGH SOHANPAL, Minister-in-charge of Transport, Jails and Parliamentary Affairs Branches of Home Department.

SHRI AJIT KUMAR PANJA, Minister-in-charge of Department of Health (excluding Rural Water Supply Branch).

Members of the Council of Ministers

Shri Santosh Kumar Roy, Minister-in-charge of Department of Relief and Welfare (including the Department of Refugee Relief and Rehabilitation and the Department of Scheduled Castes and Tribes Welfare).

Shri Bholanath Sen, Minister-in-chrage of Public Works Department and Housing Department.

Minister of State

Shri Pradip Bhattacharyya, Minister of State for Department of Labour and Department of Closed and Sick Industries.

Shri Ananda Mohan Biswas, Minister of State for Department of Agriculture and community Development, Rural Water Supply Branch of Department of Health, Legislative Department and Judicial Department (excluding Waqf Branch).

Shri Prafullakanti Ghosh, Minister of State-in-charge of Department of Municipal Services, Department of Panchayats and Sports Branch of Department of Education.

Dr. Md. Fazle Haque, Minister of State for Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Development and Planning, Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

Shri Denis Lakra, Minister of State for Department of Relief and Welfare (including the Department of Refugee Relief and Rehabilitation and Department of Scheduled Castes and Tribes Welfare).

Shri Subrata Mukhopadhyay, Minister of State for Home Department (excluding Transport, Jails, Tourism and Parliamentary Affairs Branches), Department of Development and Planning, Department of Information and Public Relations, Waqf Branch of Judicial Department and Youth Services Branch of Department of Education.

Shri Gobinda Chandra Naskar, Minister of State for Department of Health (excluding Rural Water Supply Branch)

Shri Ramkrishna Saraogi, Minister of State for Public Works Department and Housing Department.

Shri Atish Chandra Sinha, Minister of State for Department of Public Undertakings and Department of Cottage and Small Scale Industries.

Deputy Ministers

Shrimati Amala Saren, Deputy Minister for Department of Education (excluding Youth Services and Sports Branches).

Shri Gajendra Gurung, Deputy Minister for Department of Commerce and Industries and Tourism Branch of Home Department.

Shri Suniti Chattaraj, Deputy Minister for Department of Irrigation and Waterways and Department of Power.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS AND OFFICIALS

Speaker ... Shri Apurba Lal Majumdar.

Deputy Speaker ... Shri Haridas Mitra.

SECRETARIAT

Secretary ... Shri K. K. Moitra, M.A. (Cal.), LL.B. (London), Barrister-at-Law.

Deputy Secretary ... Shri A. K. Chunder, B.A. (Hons.) (Cal.), M.A.,LL.B. (Cantab), LL.B. (Dublin), Barrister-at-Law.

Deputy Secretary ... Shri Dhruba Narayan Banerjee, B.A., (Hons.), LL.B.

Deputy Secretary ... Shri Debavrata Chakravarthy, B.A.

Assistant Secretary ... Shri Nayan Gopal Chowdhury, B.A.

Assistant Secretary ... Shri Sankoriprosad Mukherjee, B.A.

Assistant Secretary ... Shri Asadur Rahman.

Assistant Secretary ... Shri Sailendra Nath Patra.

Registrar ... Shri Panchu Gopal Chatterjee.

Editor of Debates ... Shri Amiya Kumar Dutta.

Chief Reporter ... Shri S. K. Chatterjee, B.Com.

Private Secretary to the Speaker Shri Madhu Sudan Dey, B.A.

Private Secretary to the Deputy Speaker ... Shri Chandra Nath Bhowmick.

Personal Assistant to the Secretary ·Shri Shyamal Kumar Banerjee.

Section Officers ... Shri Asim Kumar Adhya.

Shri Ganesh Chandra Das.

Shri Prasantakumar Maulik, B.Sc., LL.B.

English Reporters	...	Shri Himadri Bhusan Chatterjee, B.Com.
		Shri Prithwish Chandra Sen Gupta.
		Shri Jawhar Lal Dutt, B.Com.
		Shri Sailendra Mohan Chakrabarti.
		Shrimati Subrata Sen Gupta.
		Shri Shyamal Kumar Banerjee.
		Shri Parimal Kanti Ghosh.
		Shri Pulak Chandra Banerjee, B.A.
Bengali Reporters	...	Shri Arindam Ghosh.
		Shri Bimal Kanti Bera.
		Shri Prafulla Kumar Ganguli, B.Com.
		Shri Prabhat Chandra Bhattacharyya, B.A.
		Shri Abney Golam Akbar, B.A.
		Shri Manas Ranjan Das, B.Com.
		Shri Jagadish Chandra Biswas, B.A.
		Shri Swadhin Chatterjee.
		Shri Ranjit Kumar Basu, M.A., LL.B.
		Shri Tarak Nath Chatterjee.
		Shri Dhirendra Nath Bera.
Hind Reporters	...	Shri Ram Naresh Tripathi.
Caretaker	...	Shri Gopal Chandra Ghatak.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

Alphabetical List of Members

A

(1) Abdul Bari Biswas, Shri (54-Jalangi--Murshidabad)

(2) Abdur Rauf Ansari, Shri (144-Taltala—Calcutta)

(3) Abdur Razzak Molla, Shri (100-Bhangar—24-Parganas)

(4) Abdus Sattar, Shri (50-Lalgola—Murshidabad)

(5) Abedin, Dr. Zainal (30-Itahar—West Dinajpur)

(6) Abu Raihan Biswas, Shri (57-Hariharpara—Murshidabad)

(7) Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri (44-Suzapur—Malda)

(8) Aich, Shri Triptimay (244-Hirapur—Burdwan)

(9) Ali Ansar, Shri (164-Kalyanpur—Howrah)

(10) Anwar Ali, Shri Sk. (158-Panchla—Howrah)

B

(11) Baidya, Shri Paresh Chandra [91-Gosaba (SC)—24-Parganas]

(12) Bandopadhayay, Shri Shib Sankar (66-Kaliganj—Nadia)

(13) Bandyopadhyay, Shri Ajit Kumar (252-Faridpur—Burdwan)

(14) Bandyopadhyay, Shri Sukumar (246-Baraboni—Burdwan)

(15) Banerjee, Shri Mrityunjoy (153-Howrah Central—Howrah)

(16) Banerjee, Shri Pankaj Kumar (139-Tollygunge—Calcutta)

(17) Banerjee, Shri Ramdas (245-Kulti—Burdwan)

(18) Bapuli, Shri Satya Ranjan (115-Patharprotima—24-Parganas)

(19) Bar, Shri Ram Krishna [108-Bishnupur East (SC)—24-Parganas]

(20) Basu, Shri Ajit Kumar (173-Singur—Hooghly)

(21) Basu, Shri Ajit Kumar (212-Kharagpur Local—Midnapore)

(22) Basu, Shri Chittaranjan (174-Haripal—Hooghly)

(23) Basu, Shri Lakshmi Kanta (138-Rashbehari Avenue—Calcutta)

(24) Bauri, Shri Durgadas [228-Raghunathpur (SC)—Purulia]

(25) Bera, Shri Rabindra Nath (205-Debra—Midnapore)

(26) Bera, Shri Sudhir (187-Daspur—Midnapore)

(27) Besra, Shri Manik Lal [232-Raipur (ST)—Bankura]

(28) Besterwitch, Shri A.H. [13-Madarihat (ST)—Jalpaiguri]

(29) Bhaduri, Shri Timir Baran (59-Beldanga—Murshidabad)

(30) Bharati, Shri Ananta Kumar [147-Beliaghata (North)—Calcutta]

(31) Bhattacharjee, Shri Keshab Chandra (81-Ashokenagar—24-Parganas)

(32) Bhattacharjee, Shri Sakti Kumar (77-Haringhata—Nadia)

(33) Battacharjee, Shri Shibapada (126-Baranagar—24-Parganas)

(34) Bhattacharjee, Shri Susanta (163-Bagnan—Howrah)

(35) Bhattacharya, Shri Narayan (11-Alipurduar—Jalpaiguri)

(36) Bhattacharyya, Shri Harasankar (270-Bolpur—Birbhum)

(37) Bhattacharyya, Shri Pradip (257-Burdwan South—Burdwan)

(38) Bhowmik, Shri Kanai (190-Moyna—Midnapore)

(39) Bijali, Dr. Bhupen (105-Maheshtola—24-Parganas)

(40) Biswas, Shri Ananda Mohan [72-Hanskhali (SC)—Nadia]

(41) Biswas, Shri Kartic Chandra (65-Tehatta—Nadia)

C

(42) Chaki, Shri Naresh Chandra (74-Ranaghat West—Nadia)

(43) Chakrabarti, Shri Biswanath (103-Behala West—24-Parganas).

(44) Chakravarty, Shri Gautam (39-Harishchandrapur—Malda)

(45) Chakravarty, Shri Bhabataran (240-Vishnupur—Bankura)

(46) Chatterjee, Shri Debabrata (9-Kumargram—Jalpaiguri)

(47) Chatterjee, Shri Gobinda (169-Uttarpara—Hooghly)

(48) Chatterjee, Shri Kanti Ranjan (82-Barasat—24-Parganas)

(49) Chatterjee, Shri Naba Kumar (261-Memari—Burdwan)

(50) Chatterjee, Shri Tapan (124-Panihati—24-Parganas)

(51) Chattaraj, Shri Suniti (274-Suri—Birbhum)

(52) Chattopadhyay, Dr. Sailendra (178-Pandua—Hooghly)

(53) Chattopadhyay, Shri Sukumar (259-Raina—Burdwan)

(54) Chowdhury, Shri Abdul Karim (25-Chopra—West Dinajpur)

D

(55) Das, Sri Barid Baran (129-Shyampukur—Calcutta)

(56) Das, Shri Bijoy (204-Pingla—Midnapore)

(57) Das, Shri Bimal (42-English Bazar—Malda)

(58) Das, Shri Jagadish Chandra (118-Bijpur—24-Parganas)

(59) Das, Shri Rajani [3-Cooch Behar West (SC)—Cooch Behar]

(60) Das, Shri Sarat [227-Para (SC)—Purulia]

(61) Das, Shri Sudhir Chandra (199-Contai South—Midnapur)

(62) Das Gupta, Dr. Santi Kumar (154-Howrah South—Howrah)

(63) Das Mohapatra, Shri Kamakhyanandan (198-Contai North—Midnapore)

(64) Daulat Ali, Shri Sheikh (110-Diamond Harbour—24-Parganas)

(65) De, Shri Asamanja (73-Santipur—Nadia)

(66) Deshmukh, Shri Nitai (223-Arsa—Purulia)

(67) Dey. Shri Tarapada (157-Jagatballavpur—Howrah)

(68) Dihidar, Shri Niranjan (247-Asansol—Burdwan)

(69) Doloi, Shri Rajani Kanta [206-Keshpur (SC)—Midnapore]

(70) Dolui, Shri Hari Sadhan [186-Ghatal (SC)—Midnapore]

(71) Duley, Shri Krishnaprasad [207-Garbeta East (SC)—Midnapore]

(72) Dutt. Dr. Ramendra Nath (28-Raiganj—West Dinajpur)

(73) Dutta, Shri Adya Charan (52-Nabagram—Murshidabad)

(74) Dutta, Shri Hemanta (200-Ramnagar—Midnapore)

E

(75) Ekramul Haque Biswas, Dr. (55-Domkal—Murshidabad)

F

(76) Fazle Haque, Dr. Md. (4-Sitai—Cooch Behar)

(77) Fulmali, Shri Lalchand [276-Mayureswar (SC)—Birbhum]

G

(78) Ganguly, Shri Ajit Kumar (79-Bongaon—24-Parganas)

(80) Ghiasuddin Ahmad, Shri (68-Chapra—Nadia)

(81) Ghosal, Shri Satya (185-Chandrakona--Midnapore)

(82) Ghose, Shri Sankar (134-Chowringhee—Calcutta)

(83) Ghosh, Shri Lalit Kumar (88-Basirhat—24-Parganas)

(84) Ghosh, Shri Nitai Pada (275-Mahammad Bazar—Birbhum)

(85) Ghosh, Shri Prafullakanti (128-Cossipur—Calcutta)

(86) Ghosh, Shri Prosun Kumar (97-Joynagar—24-Parganas)

(87) Ghosh, Shri Rabindra (161-Uluberia South—Howrah)

(88) Ghosh, Shri Sisir Kumar (123-Khardah—24-Parganas)

(89) Ghosh, Shri Tarun Kanti (85-Habra—24-Parganas)

(90) Ghosh Maulik, Shri Sunil Mohan (62-Barwan—Murshidabad)

(91) Gofurur Rahaman, Shri Md. (41-Malda—Malda)

(92) Golam Mahiuddin, Shri (279-Nalhati—Birbhum)

(93) Goswami, Shri Paresh Chandra (263-Nadanghat—Burdwan)

(94) Goswami, Sambhu Narayan (239-Onda—Bankura)

(95) Gurung, Shri Gajendra (20-Kalimpong—Darjeeling)

(96) Gurung, Shri Nandalal (22-Jorebunglow—Darjeeling)

(97) Gyan Singh Sohanpal, Shri (211-Kharagpur—Midnapur)

H

(98) Habibur Rahaman, Shri (48-Jangipur—Murshidabad)

(99) Hajra, Shri Basudeb [182-Khanakul (SC)—Hooghly]

(100) Halder, Shri Birendra Nath [114-Mathurapur (SC)—24-Parganas]

(101) Halder, Shri Harendra Nath [61-Khargram (SC)—Murshidabad]

(102) Halder, Shri Kansari [99-Sonarpur (SC)—24-Parganas]

(103) Halder, Shri Manoranjan [111-Magrahat East (SC)—24-Parganas]

(104) Hatui, Shri Ganesh (167-Jangipara—Hooghly)

(105) Hazra, Shri Haran [159-Sankrail (SC)—Howrah]

(106) Hembram, Shri Shital Chandra [220-Banduan (ST)—Purulia]

(107) Hembrom, Shri Benjamin [37-Gajol (ST)—Malda]

(108) Hembrom, Shri Patrash [35-Tapan (ST)—West Dinajpur]

(109) Hemram, Shri Kamala Kanta (235-Chhatna—Bankura)

I

(110) Isore, Shri Sisir Kumar [8-Tufangunj (SC)—Cooch Behar]

J

(111) Jana, Shri Amalesh (196-Bhagabanpur—Midnapur)

(112) Jerat Ali, Shri (46-Farakka—Murshidabad)

K

(113) Kar, Shri Sunil (6-Cooch Behar North—Cooch Behar)

(114) Karan, Shri Rabindra Nath [193-Sutahata (SC)—Midnapur]

(115) Karar, Shri Saroj Ranjan (166-Udainarayanpur— Howrah)

(116) Khan, Shri Gurupada [243-Sonamukhi (SC)—Bankura]

(117) Khan, Nasiruddin, Shri (56-Naoda—Murshidabad)

(118) Khan Samsul Alam, Shri (201-Egra—Midnapur)

(119) Kolay, Shri Akshay Kumar (241-Katulpur—Bankura)

L

(120) Lahiri, Shri Somnath (140-Dhakuria—Calcutta)

(121) Lakra, Shri Denis [10-Kalchini (ST)—Jalpaiguri]

(122) Lohar, Shri Gour Chandra [234-Indpur (SC)—Bankura]

M

(123) M. Shaukat Ali, Shri (84-Deganga—24-Parganas)

(124) Mahabubul Haque, Shri (38-Kharba—Malda)

(125) Mahanti, Shri Pradyot Kumar (214-Dantan—Midnapur)

(126) Mahapatra, Shri Harish Chandra (217-Gopiballavpur—Midnapur)

(127) Mahata, Shri Kinkar (224-Jhalda—Purulia)

(128) Mahata, Shri Thakurdas (209-Salbani—Midnapur)

(129) Mahato, Shri Madan Mohan (229-Kashipur—Purulia)

(130) Mahato, Shri Ram Krishna (225-Jaipur—Purulia)

(131) Mahato, Shri Satadal (230-Hura—Purulia)

(132) Mahato, Shri Sitaram (221-Manbazar—Purulia)

(133) Maiti, Shri Braja Kishore (213-Narayangarh—Midnapur)

(134) Maitra, Shri Kashi Kanta (71-Krishnagar East—Nadia)

(135) Maity, Shri Prafulla (203-Pataspur—Midnapur)

(136) Majhi, Shri Rup Singh [222-Balarampur (ST)—Purulia]

(137) Maji, Shri Saktipada [236-Gangajalghati (SC)—Bankura]

(138) Majumdar, Shri Apurba Lal [78-Bagdaha (SC)—24-Parganas]

(139) Majumdar, Shri Bhupati (175-Chinsurah—Hooghly)

(140) Majumdar, Shri Indrajit (102-Behala East—24-Parganas)

(141) Mal, Shri Dhanapati [278-Hassan (SC)—Birbhum]

(142) Malik, Shri Sridhar [253-Ausgram (SC)—Burdwan]

(143) Malla Deb, Shri Birendra Bijoy (218-Jhargram—Midnapore)

(144) Mandal, Shri Arabinda (64-Karimpur—Nadia)

(145) Mandal, Shri Jokhi Lal (43-Manickchak—Malda)

(146) Mandal, Shri Nrisinha Kumar [49-Sagardighi (SC)—Murshidabad]

(147) Mandal, Shri Prabhakar [268-Keturam (SC)—Burdwan]

(148) Mandal, Shri Prabhonjan Kumar (117-Sagore—24-Parganas)

(149) Mazumder, Shri Dinesh (101-Jadavpur—24-Parganas)

(150) Md. Safiullah, Shri (168-Chanditala—Hooghly)

(151) Md. Shamsuzzoha, Shri (140-Vidyasagar—Calcutta)

(152) Medda, Shri Madan Mohan [184-Goghat (SC)—Hooghly]

(153) Misra, Shri Ahindra (192-Mahisadal—Midnapore)

(154) Misra, Shri Chandra Nath (86-Swarupnagar—24-Parganas)

(155) Misra, Shri Kashinath (238-Bankura—Bankura)

(156) Mitra, Shri Chandipada (80-Gaighata—24-Parganas)

(157) Mitra, Shri Haridas (76-Chakdaha—Nadia)

(158) Mitra, Shrimati Ila (148-Manicktala—Calcutta)

(159) Mitra, Shri Somendra Nath (145-Sealdah—Calcutta)

(160) Mohammad Dedar Baksh, Shri (51-Bhagabangola—Murshidabad)

(161) Mohamad Idris Ali, Shri (53-Murshidabad—Murshidabad)

(162) Mohanta, Shri Bijoy Krishna [16-Mainaguri (SC)—Jalpaiguri]

(163) Moitra, Shri Arun Kumar (23-Siliguri—Darjeeling)

(164) Mojumdar, Shri Jyotirmoy (267-Mongalkot—Burdwan)

(165) Molla Tasmatulla, Shri (89-Hasnabad—24-Parganas)

(166) Mondal, Shri Aftabuddin (165-Amta—Howrah)

(167) Mondal, Shri Amarendra Nath [249-Jamuria (SC)—Burdwan]

(168) Mondal, Shri Anil Krishna [90-Hingalganj (SC)—24-Parganas]

(169) Mondal, Shri Gopal [250-Ukhra (SC)—Burdwan]

(170) Mondal, Shri Raj Kumar [160-Uluberia North (SC)—Howrah]

(171) Mondal, Shri Santosh Kumar [113-Kulpi (SC)—24-Parganas]

(172) Mondol, Shri Khagendra Nath [83-Rajarhat (SC)—24-Parganas]

(173) Moslehuddin Ahmed, Shri (32-Gangarampur—West Dinajpur)

(174) Motahar Hossain, Dr. (280-Murarai—Birbhum)

(175) Mukhapadhya, Shri Tarapado (119-Naihati—24-Parganas)

(176) Mukherjee, Shri Bhabani Sankar (151-Bally—Howrah)

(177) Mukherjee, Shri Ananda Gopal (251-Durgapur—Burdwan)

(178) Mukherjee, Shri Bhabani (172-Chandernagore—Hooghly)

(179) Mukherjee, Shri Biswanath (210-Midnapore—Midnapore)

(180) Mukherjee, Shri Mahadeb (181-Pursurah—Hooghly)

(181) Mukherjee, Shri Mrigendra (155-Shibpur—Howrah)

(182) Mukherjee, Shri Sanat Kumar (226-Purulia—Purulia)

(183) Mukherjee, Shri Sibdas (70-Krishnagar West—Nadia)

(184) Mukherjee, Shri Subrata (266-Katwa—Burdwan)

(185) Mukherji, Shri Ajoy Kumar (191-Tamluk—Midnapore)

(186) Mukhopadhaya, Shri Subrata (141-Ballygunge—Calcutta)

(187) Mukhopadhyaya, Shrimati Geeta (189-Panskura East—Midnapore)

(188) Mukhopadhyaya, Shri Girija Bhusan (171-Champdani—Hooghly)

(189) Mundle, Shri Sudhendu (112-Magrahat West—24-Parganas)

(190) Murmu, Shri Rabindra Nath [36-Habibpur (ST)—Malda]

N

(191) Nag, Dr. Gopal Das (170-Serampore—Hooghly)

(192) Nahar, Shri Bijoy Singh (133-Bowbazar—Calcutta)

(193) Naskar, Shri Arabinda [96-Kultali (SC)—24-Parganas]

(194) Naskar, Shri Gobinda Chandra [95-Canning (SC)—24-Parganas]

(195) Nasker, Shri Ardhendu Sekhar [142-Beliaghata South (SC)—Calcutta]

(196) Nurul Islam Molla, Shri (262-Kalna—Burdwan)

(197) Nurunnesa Sattar, Shrimati (265-Purbasthali—Burdwan)

O

(198) Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed (143-Entally—Calcutta)

(199) Omar Ali, Dr. (188-Panskura West—Midnapore)

(200) Oraon, Shri Prem [15-Nagrakata (ST)—Jalpaiguri]

P

(201) Paik, Shri Bimal [197-Khajuri (SC)—Midnapore]

(202) Palit, Shri Pradip Kumar (125-Kamarhati—24-Parganas)

(203) Panda, Shri Bhupal Chandra (194-Nandigram—Midnapur)

(204) Panja, Shri Ajit Kumar (149-Burtala—Calcutta)

(205) Parui, Shri Mohini Mohon (109-Falta—24-Parganas)

(206) Patra, Shri Kashinath [179-Dhaniakhali (SC)—Hooghly]

(207) Paul, Shri Bhawani (14-Dhupguri—Jalpaiguri)

(208) Paul, Shri Sankar Das (58-Berhampore—Murshidabad)

(209) Poddar, Shri Deokinandan (131-Jorasanko—Calcutta)

(210) Pramanick, Shri Gangadhar [93-Haroa (SC)—24-Parganas]

(211) Pramanik, Shri Monoranjan [258-Khandaghosh (SC)—Burdwan]

(212) Pramanik, Shri Puranjoy [260-Jamalpur (SC)—Burdwan]

Q

(213) Quazi Abdul Gaffar, Shri (87-Baduria—24-Parganas)

R

(214) Rai, Shri Deo Prakash (21-Darjeeling—Darjeeling)

(215) Ram, Shri Ram Peyare (135-Kabitirtha—Calcutta)

(216) Ray, Shri Debendra Nath [29-Kaliaganj (SC)—West Dinajpur]

(217) Roy, Shri Ananda Gopal (277-Rampurhat—Birbhum)

(218) Roy, Shri Aswini Kumar (255-Galsi—Burdwan)

(219) Roy, Shri Birendra Nath [2-Mathabhanga (SC)—Cooch Behar]

(220) Roy, Shri Bireswar (34-Balurghat—West Dinajpur)

(221) Roy, Shri Haradhan (248-Raniganj—Burdwan)
(222) Roy, Shrimati Ila (130-Jorabagan—Calcutta)
(223) Roy, Jagadananda [12-Falakata (SC)—Jalpaiguri]
(224) Roy, Shri Jatindra Mohan [31-Kushmandi (SC)—West Dinajpur]
(225) Roy, Shri Krishna Pada (156-Domjur—Howrah)
(226) Roy, Shri Madhu Sudan [1-Mekliganj (SC)—Cooch Behar]
(227) Roy, Shri Mrigendra Narayan [19-Rajganj (SC)—Jalpaiguri]
(228) Roy, Shri Provash Chandra (107-Bishnupur West—24-Parganas)
(229) Roy, Shri Santosh Kumar (7-Cooch Behar South—Cooch Behar)
(230) Roy, Shri Saroj (208-Garbeta West—Midnapur)
(231) Roy, Shri Suvendu (121-Noapara—24-Parganas)
(232) Roy Barman, Shri Khitibhusan (106-Budge Budge—24-Parganas)

S

(233) Saha, Shri Dulal [269-Nanur (SC)—Birbhum]
(234) Saha, Dwija Pada [273-Rajnagar (SC)—Birbhum]
(235) Saha, Shri Radha Raman (69-Nabadwip—Nadia)
(236) Sahoo, Shri Prasanta Kumar (202-Mugberia—Midnapur)
(237) Sajjad Hussain, Shri Haji (27-Karandighi—West Dinajpur)
(238) Samanta, Shri Saradindu (195-Narghat—Midnapur)
(239) Samanta, Shri Tuhin Kumar (264-Monteswar—Burdwan)
(240) Santra, Shri Sanatan [242-Indas (SC)—Bankura]
(241) Saraogi, Shri Ramkrishna (132-Barabazar—Calcutta)
(242) Saren, Shrimati Amala [233-Ranibandh (ST)—Midnapur]
(243) Saren, Shri Dasarathi [216-Nayagram (ST)—Midnapur]
(244) Sarkar, Shri Biren [177-Balagarh (SC)—Hooghly]
(245) Sarkar, Shri Jogesh Chandra (5-Dinhata—Cooch Behar)
(246) Sarkar, Dr. Kanai Lal (136-Alipore—Calcutta)
(247) Sarkar, Shri Nil Kamal [67-Nakashipara (SC)—Nadia]
(248) Sarkar, Shri Nitaipada [75-Ranaghat East (SC)—Nadia]
(249) Sau, Shri Sachinandan (272-Dubrajpur—Birbhum)
(250) Sautya, Shri Basudeb (116-Kakwip—24-Parganas)
(251) Sen, Dr. Anupam (18-Jalpaiguri—Jalpaiguri)
(252) Sen, Shri Bholanath (254-Bhatar—Burdwan)
(253) Sen, Shri Prafulla Chandra (183-Arambagh—Hooghly)
(254) Sen, Shri Sisir Kumar (162-Shyampur—Howrah)

(255) Sen Gupta, Shri Kumardipti (63-Bharatpur—Murshidabad)
(256) Shamsuddin Ahmad, Shri (45-Kaliachak—Malda)
(257) Sharafat Hussain, Shri Sheikh (26-Goalpokhar—West Dinajpur)
(258) Sheth, Shri Balai Lal (180-Tarakeswar—Hooghly)
(259) Shish Mohammad, Shri (47-Suti—Murshidabad)
(260) Shukla, Shri Krishna Kumar (122-Titagarh—24-Parganas)
(261) Singh, Shri Chhedi Lal (104-Garden Reach—24-Parganas)
(262) Singh, Shri Lal Bahadur (127-Dum Dum—24-Parganas)
(263) Singh, Shri Satyanarayan (120-Bhatpara—24-Parganas)
(264) Singhababu, Shri Phani Bhushan (231-Taldangra—Bankura)
(265) Singh Roy, Shri Probodh Kumar (33-Kumarganj—West Dinajpur)
(266) Sinha, Shri Atish Chandra (60-Kandi—Murshidabad)
(267) Sinha, Shri Debendra Nath [92-Sandesh Khali (ST)—24-Parganas)
(268) Sinha, Shri Niren Chandra (40-Ratua—Malda)
(269) Sinha, Shri Nirmal Krishna (271-Labhpur—Birbhum)
(270) Sinha, Shri Panchanan (94-Basanti—24-Parganas)
(271) Sinha Roy, Shri Bhawani Prosad (176-Polba—Hooghly)
(272) Soren, Shri Jairam [219-Binpur (ST)—Midnapore]
(273) Sur, Shri Ganapati (150-Belgachia—Calcutta)

T

(274) Ta. Shri Kashinath (256-Burdwan North—Burdwan)
(275) Talukdar, Shri Rathin (137-Kalighat—Calcutta)
(276) Tewary, Shri Sudhangshu Sekhar (237-Barjora—Bankura)
(277) Tirkey, Shri Iswar Chandra [24-Phansidewa (ST)—Darjeeling]
(278) Topno, Shri Antoni [17-Mal (ST)—Jalpaiguri]
(279) Tudu, Shri Budhan Chandra [215-Keshiary (ST)—Midnapore]

W

(280) Wilson-de Roze, Shri George Albert (281-Nominated)
(281) Vacant (152-Howrah North—Howrah)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 3rd April, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 6 Ministers of State, 3 Deputy Ministers and 108 Members.

[1-00—1-5 p.m.]

Obituary

Mr. Speaker: Honourable Members, only the other day I had to mention before you about the death of our beloved Member Bhupati Majumdar. Today I am again charged with the same melancholy duty and this time it relates to the passing away of Sailo Kumar Mukherjee, a noble soul who at one time adorned the same Chair which I have the honour to occupy today. Shri Mukherjee died in the afternoon of 31st March, 1973, after a protracted illness.

Born seventy-five years ago Shri Mukherjee was educated at the Presidency College. Later he became a Solicitor and joined the Calcutta High Court. He began his public career in 1942 when he became the Chairman of the Howrah Municipality. He held this post for about ten years. In 1952 he was elected to the State Assembly and became the Speaker. He continued as Speaker for five years from 1952. Re-elected in 1962 he became at first the Local Self-Government Minister but joined as Finance Minister some six months after. He continued to hold the same portfolio till 1967.

Shri Mukherjee was also connected with a large number of educational, cultural and social welfare organisations. With him the country has lost a true friend and a great patriot. May his soul rest in peace.

I would now request the honourable Members to rise in their seats and observe silence for two minutes as a mark of respect to the departed soul.

[At this stage honourable Members stood in silence for two minutes.]

Thank you honourable Members. Secretary will do the needful.

Before I adjourn the House following the convention, I may mention that business fixed for today will be taken up after 5th April, 1973, to be notified later on.

The House stands adjourned till 1 p.m. on Wednesday, the 4th April, 1973.

Adjournment

The House was accordingly adjourned at 1-5 p.m. till 1 p.m. on Wednesday, the 4th April, 1973, at the "Assembly House", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 4th April, 1973 at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 7 Ministers of State, 2 Deputy Ministers and 164 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

অবলুপ্তির পথে গজদন্ত শিল্প

*৮৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৮।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদের বিখ্যাত গজদন্ত শিল্প বর্তমানে অবলুপ্তির পথে;

(খ) অবগত থাকলে, সরকার এই শিল্পকে বাঁচাবার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন; এবং

(গ) সরকার এই শিল্প থেকে বছরে কত বৈদেশিক মুদ্রা উপার্জন করেন?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ (ক) হ্যাঁ।

(খ) কাঁচামালের তীব্র অভাবের হেতু এই শিল্প অতীব সঙ্কটের সম্মুখীন। ফলে হাতির দাঁতের দাম অত্যধিক বেড়ে গিয়েছে। সমস্যার সমাধানের জন্য সরকার অখিল ভারত হস্তশিল্প পর্যদের সহায়তায় বিদেশ থেকে আমদানিকৃত গজদন্ত পশ্চিমবাংলায় শিল্পীদের জন্য দেবার ব্যবস্থা করেছেন। এছাড়া অরুণাচল সরকারের সঙ্গে আলোচনা ক'রে সেখান থেকেও রাজ্য-সরকার কাঁচামাল সংগ্রহের চেষ্টা করছেন।

উৎপাদন বিক্রির সমস্যার সমাধানের জন্য রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারের মাধ্যমে উৎপন্ন দ্রব্য বিদেশে রপ্তানির ব্যবস্থা করেছেন। সরকারী এম্পোরিয়াম ও প্রদর্শনীর মাধ্যমে ও ন্যায্য মূল্যে রাজ্যে উৎপাদন কাটতির ব্যবস্থা করা হয়েছে।

এছাড়া উন্নত ও নূতন নক্সা সরবরাহ করে কালোপযোগী জিনিস তৈয়ারিতে সাহায্য করা হচ্ছে। প্রতি বছর প্রাদেশিক ও জাতীয় পর্যদের প্রতিযোগিতায় শিল্পীদের পুরস্কারের ব্যবস্থা আছে।

(গ) এই রাজ্য থেকে প্রায় ২ লক্ষ টাকা মূল্যের গজদন্ত নির্মিত দ্রব্য বিদেশে রপ্তানি হয়।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই শিল্পে কাঁচামালের যে অভাব আছে, সেই অভাব দূর করবার জন্য সরকারীভাবে প্রচেষ্টা সামান্য হয়েছে, পার্শ্ববর্তী রাজ্যগুলি থেকে যাতে মাল পাওয়া যেতে পারে তার জন্য কিভাবে সরকার চেষ্টা নিয়েছেন?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ অরুণাচল ছাড়া অল ইন্ডিয়া হ্যান্ডলুম অ্যান্ড হ্যান্ডিক্রাফ্‌ট কর্পোরেশন যাতে আরও বেশি এই রাজ্য থেকে গজদন্ত পায় তার জন্য বরাবরই আবেদন ক'রে আসছে। গত বছর আমরা এক লক্ষ টাকার মত কাঁচামাল চেয়েছিলাম, কিন্তু পাওয়া যায় নি। এবার ১৪,৮০০ টাকার মত মাল বাইরে থেকে পাওয়া গেছে, অরুণাচল থেকে যাতে আরও বেশি মাল পাওয়া যায় তার জন্য চেষ্টা হচ্ছে এবং আশা করছি সেটা পাব।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মুর্শিদাবাদের কিছু কিছু বিখ্যাত গজদন্ত শিল্পী কেন্দ্রীয় সরকারের পুরষ্কার পেয়েছে, তারা যাতে কাঁচামাল পেতে পারে তার জন্য কি ব্যবস্থা করেছেন?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ এই শিল্প প্রধানতঃ মুর্শিদাবাদেই সীমাবদ্ধ, বাইরে থেকে মাল আনলে সেটা এই সমগ্র শিল্পে যারা নিযুক্ত আছে, তাদের সকলের জন্যই চেষ্টা করা হচ্ছে, মুর্শিদাবাদে যে সমস্ত শিল্পী আছে তারা পাবে এবং বাইরে যারা আছে তারাও পাবে।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ এই শিল্পীদের অনেক সময় কাঁচামাল আফ্রিকা থেকে আমদানি করতে হয়, তাতে দেখা যায়, অনেক সময় বেশি খরচ পড়ে, আফ্রিকা থেকে আমদানি বন্ধ ক'রে অন্যান্য প্রদেশ থেকে যাতে পাওয়া যেতে পারে তার জন্য কি চেষ্টা করা হচ্ছে?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ সেজন্যই বাইরে থেকে যাতে না আনা হয়, তার জন্য অরুণাচল সরকারের কাছ থেকে আনবার চেষ্টা করছি।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ পশ্চিমবঙ্গে গজদন্ত শিল্পে নিযুক্ত শিল্পীদের সংখ্যা কত এবং যে যে জেলায় এই শিল্প আছে, সেই জেলাগুলি কি কি তা জানাবেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ প্রধানতঃ জেলাগুলির হিসেব এখানে নাই। সকলে জানেন মুর্শিদাবাদ জেলায় খাগড়া অঞ্চলে এর অধিকাংশ শিল্পী বাস করে। এই শিল্পে ১২৫ জন শিল্পী নিযুক্ত আছেন। মাননীয় সদস্য শুনলে খুশী হবেন যে, এর মধ্যে ৬ জনকে আমরা ব্যাঙ্ক থেকে ঋণ দেওয়ার ব্যবস্থা করতে পেরেছি।

দুর্গাপুর তাপবিদ্যুৎ ও কোকচুল্লী প্রকল্পের উৎপাদন

*৮৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০৭।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ইহা কি সত্য যে, বাড়তি যন্ত্রাংশের অভাবে মাঝে মাঝে দুর্গাপুর প্রকল্পের তাপবিদ্যুৎ ও কোকচুল্লীর উৎপাদন ব্যাহত হয়;

(খ) সত্য হইলে, প্রতিটি কারখানায় ১৯৭২ সালের ১লা এপ্রিল হইতে ৫ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত এইরূপ বন্ধের সংখ্যা ও সময়কাল; এবং

(গ) উৎপাদন ব্যাহত হওয়ার পরিমাণ (কিলোওয়াটস ও টন) এবং যন্ত্রাংশের নাম?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ (ক) হ্যাঁ।

(খ) মোট বৈদ্যুতিক ব্রেকডাউনের সংখ্যা ৩৮৬ এবং মোট যান্ত্রিক ব্রেকডাউনের সংখ্যা ১৬১। বৈদ্যুতিক ব্রেকডাউনের মোট সময় ১,৪৩৪ ঘণ্টা এবং যান্ত্রিক ব্রেকডাউনের মোট সময় ১,৩৭৯ ঘণ্টা।

(গ) (১) উৎপাদন ব্যাহত হওয়ার পরিমাণ এপ্রিল, ১৯৭২ হইতে ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত ৪৬,৪৫৬ মেট্রিক টন।

(২) যন্ত্রাংশের নাম—

(ক) বৈদ্যুতিক যন্ত্রাংশ ৬ কে-ভি এক্সপ্যানসন প্রুফ মোটরস্, সেল্প রোটেটিং ড্রামস্ ইনক্লুডিং মোটরস স্পেয়ারস্ ফর ৬ কে-ভি ব্রেকারস্ এবং ইহার সংশ্লিষ্ট ইনসুলেটরস এবং ব্রাসবারস্, এবং এক্সেসেরিস, হাইভোল্টেজ সাপোর্টিং ইনসুলেটরস

অব ডেটারার, স্পেশাল টাইপ অব ৪৪০ ভোল্ট মোটরস, যেমন ডোর স্নইং মোটরস, ডোর লিফ্‌টিং মোটরস্‌, ল্যাচ মোটরস্‌ এবং ট্রাভলিং মোটরস্‌ ফর কেয়েথিং কারস এবং স্পেশাল টাইপ অফ লো টেনসন ব্রেকারস ফর গাইড কার, চারজিং কার এবং রাম কার ইত্যাদি, স্পেশাল টাইপ অফ মোটরস ফর পাওয়ার উইঁঞ্চ, বিদেশী তৈরি লোকোমোটিভসের যন্ত্রাংশ ইত্যাদি।

(খ) যান্ত্রিক যন্ত্রাংশ ১,০০০ এম-এম হীট রেজিজটেন্ট কনভেঅর বেল্ট, ৪০০ এম-এম অয়েল রেজিজটেন্ট কনভেঅর বেল্ট, রীটার্ন এবং ট্রাফিং আইডিলার্স ফর ভেরিয়াস বেল্টস, স্পেয়ারস ফর ভেরিয়াস গিয়ার বক্‌সেস, পিস্টন এবং সিলিন্ডার লাইনার্স ফর গ্যাস কমপ্রেসার, সিলিন্ডার ক্লকস এবং কানেক্টিং রডস ফর পোকর্নি এয়ার কমপ্রেসার, স্টপ কক ভ্যালবস ফর লীন্ডে কমপ্রেসারস।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় এই যে বল্লেন, যন্ত্রাংশের অভাবে ৪৬ ইত্যাদি কর্ম-ঘণ্টা নষ্ট হয়েছে, তা হলে এই যে স্পেয়ার পার্টস-এর অভাব এ সম্পর্কে আমাদের ডিপার্টমেন্ট আছে দুর্গাপুর প্রোজেকটের জন্য এগুলি রিপেয়ারের জন্য সেখানে কিছু স্টক করার জন্য কোন রকম আবেদন তারা সরকারের কাছে করেছে কি যে, এই এই যন্ত্রাংশের প্রয়োজন আছে—এতো পারসেনটেজ এই এই পারপাসে স্টক করার অধিকার দেওয়া হোক?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ হ্যাঁ করেছে।

শ্রীঅশ্বিনী রায়ঃ তাই যদি করা হয়ে থাকে, তা হলে সেটার জন্য মঞ্জুরী দিয়েছেন কি যে এই রকম উৎপাদন ব্যাহত ভবিষ্যতে যাতে না হয় তার জন্য এতো টাকার যন্ত্রাংশ কিনে আনুন, এবং কত টাকার মঞ্জুরী চেয়েছিল ঐসব যন্ত্রাংশের জন্য?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ এই যে যন্ত্রাংশ, তার অধিকাংশ বাইরের থেকে আনা হয়, যে যে জিনিসগুলি আমাদের এখানে তৈরি হয় সেগুলি অর্ডার দেবার পর এক বছর দু' বছর পরে পাওয়া যায়। আমরা আসার পর এই ব্যবস্থা গ্রহণ করেছি যে, কোন যন্ত্রাংশ না পাওয়ার অভাবে উৎপাদন যাতে ব্যাহত না হয় তার জন্য অর্ডার দেওয়া হয়েছে—এতো এম ডি দেওয়া হয়েছে। কি কি যন্ত্রাংশ প্রয়োজন তা টেকনিক্যাল কমিটি ভেট করে। আমরা বলেছি যে, কোন যন্ত্রাংশের অভাবে যেন উৎপাদন ব্যাহত না হয়। আমি আগে অবশ্য মাননীয় সদস্যকে বলেছি যে, কোন কোন যন্ত্রাংশ এমনই যে তার জন্য অর্ডার দিয়ে দু' বছর এক বছর অপেক্ষা করতে হয়, যেমন কনভেয়ার বেল্টস রাবার কোম্পানী যেসব আছে যেমন ইনচেক, ডানলপ, গুড ইয়ার তাদের অর্ডার দিলে দু' বছর পরে পাওয়া যায়।

[1-20—1-30 p.m.]

প্রত্যেকটিই ৬ কে-ভি মোটর-এর কথা বলেছিলাম। আমরা চেষ্টা করছি ভবিষ্যতে কোথাও তৈরি করা যায় কিনা, কিন্তু আমরা সিমেন্সে খোঁজ নিয়েছি, অন্যান্য যারা মোটর তৈরি করে তাদের কাছে খোঁজ নিয়েছি, তারা বলেছেন, আমরা মোটর তৈরি করতে পারছি না। আমাদের দেশে এটা তৈরি করতে পারলে অনেক সুবিধা হত। কেননা, মোটরগুলি খারাপ হয়ে যাচ্ছে, মেরামত হচ্ছে না, তার বদলে রিপ্লেসও করা যাচ্ছে না। এখানে তৈরি হলে নিশ্চয় ভাল হত। তবে মাননীয় সদস্যকে আমি একটু জানাতে পারি যে, আমাদের তরফ থেকে আপ্রাণ চেষ্টা হচ্ছে যাতে করে স্পেয়ার পার্টসের অভাবের জন্য কোন জিনিস আটকে না থাকে।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে, একই কোক-চুল্লীতে বিভিন্ন স্পেসিফিকে-সনের যন্ত্রাংশ আছে, কোনটা হয়ত চেকোশ্লাভাকিয়ার, কোনটা হয়ত অন্যান্য দেশের। এখন এই ধরনের থাকার ফলে এগুলি বাহিরে থেকে এখন পর্যন্ত কিছুদিন আমাদের আমদানি করতে হবে। এখন সেই আমদানি করার ক্ষেত্রে যে ফরেন এক্সচেঞ্জ-এর প্রয়োজন হয় সেটা তো পশ্চিম-বঙ্গ সরকারের নয়, কেন্দ্রীয় সরকারের অনুমোদন দরকার হয়। সেই সব যন্ত্রাংশ আমাদের

এখানে তৈরি হতে এখন অনেক দিন সময় লাগবে। কাজেই সেই যন্ত্রাংশ আগাম কিনে রাখবার জন্য আপনারা কি কেন্দ্রীয় সরকারকে এই রকম কিছু লিখেছেন যে, আমাদের ফরেন এক্সচেঞ্জের পারমিসন দেওয়া হোক?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ মাননীয় সদস্যকে জানাচ্ছি যে, একজন উচ্চপদস্থ কর্মচারী, ডি পি এল—এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে তদবির করবার জন্য আলাদা করে ডিউটি দেওয়া হয়েছে এবং সম্প্রতি এই জিনিসটি খুব ভাল ভাবেই এগোচ্ছে। মাননীয় সদস্য হয়ত শুনে থাকবেন যে, কিছুদিন আগে পর্যন্ত আমাদের কোক মিলের রিংগুলির অর্ডার দেওয়া ছিল আমেরিকায় এবং সেগুলি যখন আমাদের বিশেষ প্রয়োজন হয়ে পড়ল এখানে তখন সেগুলিকে আমরা সেখান থেকে এয়ার-ফ্রেট করে আনিয়েছিলাম। কাজেই ফরেন এক্সচেঞ্জ তাড়াতাড়ি যাতে রিলিজড্ হয় এই সমস্ত যন্ত্রাংশ আনবার জন্য, সেদিকে আমাদের চেষ্টা আছে এবং এর জন্য একজন ডি পি এল-এর অফিসারকে স্পেশাল ডিউটি দেওয়া হয়েছে কেন্দ্রীয় সরকারের ফরেন এক্সচেঞ্জ ডিপার্টমেন্টের সঙ্গে তদবিরের ব্যাপারে এবং সেখান থেকে আমরা যথেষ্ট সহায়তা পাচ্ছি। আমাদের তরফ থেকে কোন জিনিস আটকে নেই।

শ্রীঅশ্বিনী রায়ঃ এটা কি সত্য, জানুয়ারি মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত এই ধরনের কোন উচ্চপদস্থ কর্মচারীকে ক্ষমতা দিয়ে আগাম যন্ত্রাংশ কিনে স্টক করার কোন অনুমোদন আপনারা দেন নি?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ এই সরকার আসার পর থেকে বিশেষ করে আগস্ট, সেপ্টেম্বর মাস থেকে, আমি যখন এই সংস্থার চেয়ারম্যান হলাম তখন থেকে বলতে পারি যে, আমরা যন্ত্রাংশ আনবার জন্য ভারত সরকারের সঙ্গে ফরেন এক্সচেঞ্জের বিষয়ে যোগাযোগ করছি এবং ডি পি এল অফিসার এই বিষয়ে প্রায়ই যোগাযোগ করছেন, চিঠিপত্র লিখছেন এবং দরকার হলে দিল্লী পর্যন্ত যাচ্ছেন। কাজেই এই বিষয়ে কোন জিনিস আটকে নেই।

শ্রীঅশ্বিনী রায়ঃ আমার স্পেসিফিক প্রশ্ন হচ্ছে যে, ঐ ডিপার্টমেন্ট যে পরিমাণ যন্ত্রাংশ মজুত করার জন্য চেয়েছিল সেই পরিমাণে আদেশ দেওয়া হয়েছিল কিনা, সেটা আপনি অনুসন্ধান করে দেখবেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ মাননীয় সদস্য যখন অনুরোধ করছেন আমি তখন নিশ্চয় অনুসন্ধান করে দেখবো। কিন্তু আমি মাননীয় সদস্যকে এটুকু আশ্বাস দিতে পারি যে, সেই অনুসন্ধানের দরকার হবে না। তার কারণ, আমি ব্যক্তিগতভাবে জানি যে, তারা যেটুকু আমার কাছে নিয়ে এসেছেন সেটাই স্যাংসান করেছি এবং আমি এটুকু বলছি যে, সেন্ট্রাল নিশ্চয় এটা টেক-আপ করবে।

মাদুর শিল্প

***৮৬২।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৯।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে মাদুর শিল্পে নিযুক্ত কর্মীর সংখ্যা কত;

(খ) পশ্চিমবঙ্গের কোন্ জেলায় উৎকৃষ্ট ধরনের মাদুর তৈরি হয়; এবং

(গ) এই সমস্ত মাদুর শিল্পের কাঁচামাল কোন্ কোন্ জেলায় উৎপন্ন হয়?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ (ক) রাজ্যে বর্তমানে মাদুরশিল্পে কর্মীর সংখ্যা ৬১,৩৮৪ জন।

(খ) মেদিনীপুর জেলায়।

(গ) মেদিনীপুর, বর্ধমান, হাওড়া, ২৪-পরগনা, পশ্চিম দিনাজপুর ও জলপাইগুড়ি জেলায়।

শ্রীমহম্মদ সফিউল্লা: এই মাদুরশিল্পে নিযুক্ত শিল্পীর সংখ্যা ৮০ হাজার এবং এর মধ্যে মেদিনীপুরেই ৬২ হাজার মাদুরশিল্পী বাস করে। এত বিরাট সংখ্যক শিল্পী যেখানে নিযুক্ত—সেই কুটির শিল্পকে বাঁচাবার জন্য সরকার থেকে কতটুকু সাহায্য দেওয়া হয়েছে এবং তার দ্বারা এদের কতটুকুই বা উন্নতি করা সম্ভব হয়েছে এটা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: এই শিল্পীর সংখ্যা সারা রাজ্যে ৬১ হাজারের কিছু বেশি। গতবারে যখন মেদিনীপুরে গিয়েছিলাম, তখন সেখানে ৫০ হাজার টাকার একটা প্রকল্প নিয়েছি, যাতে সেখানকার মাদুর শিল্পীরা উপকৃত হয়, তাদের অসুবিধা দূর করা যায় এবং সেটা কার্যকর হতে চলেছে।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাদুর কাঠি ঘাসকে চলতি কথায় ঘাটি বলে। কোথায় কোথায় এখানে চাষ করা হয় এবং চাষীদের সরকার থেকে এ ব্যাপারে উৎসাহ ও আর্থিক সাহায্য দেওয়া হয় কি না?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: সাধারণতঃ মাদুর তৈরির জন্য যে ঘাস তৈরি হয় আমরা এখানে মুদ্রা বলি। এটা আমাদের পশ্চিমবঙ্গে উৎপন্ন হয় না, অধিকাংশ উৎপন্ন হয় আসামে। এটা এখানে চাষ করা যায় কিনা তা এখন বলতে পারছি না। আলাদা প্রশ্ন এ সম্বন্ধে করলে পর খোঁজ-খবর নিয়ে জানাবো।

শ্রীমহম্মদ সফিউল্লা: এই উৎপন্ন মাদুর থেকে যাতে মাদুর শিল্পীরা ন্যায্য মূল্য পায়, তার জন্য সমবায় বিপনি আছে কি এবং থাকলে তা কোথায়?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: এই সম্বন্ধে স্পেসিফিক প্রশ্ন করবেন, জবাব দেব।

শ্রীভূপালচন্দ্র পান্ডা: এই যে ৫০ হাজার টাকার যে স্কীম হয়েছে, আপনি বলবেন, তার দ্বারা অ্যাকচুয়েল কাল্টিভেটরদের কি ধরনের সাহায্য করা হয়েছে?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: এটা একটা স্পেসিফিক প্রশ্ন। মোটামুটিভাবে বলা যায়, ঐ যে ৫০ হাজার টাকার স্কীম হয়েছে যদি সমবায় সমিতি থাকে, তাদের সাহায্য দেওয়া হবে। সেখানে চাষের অসুবিধা থাকলে চাষের সুবিধার জন্য টাকা দেওয়া হবে। স্পেসিফিক প্রশ্ন করবেন, কি কি খাতে কত টাকা ব্যয় করেছি তা হিসেব জানিয়ে দেব।

শ্রীসুধীরচন্দ্র দাস: এই টাকা ঋণ, না অনুদান?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: এটা অনুদান।

শ্রীমহম্মদ সফিউল্লা: স্বাভাবিক জলাভূমিতে উৎপন্ন হয় বেলাপাতি—তার চাষ করবার জন্য সরকার থেকে কি কোন ব্যবস্থা করা হয়েছে বা এর মানোন্নয়নের জন্য সরকারী কোন পরিকল্পনা আছে কি না?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: এই শীতলপাটি ও মাদুর তৈরি করতে এই ঘাস দরকার হয়। তার চাষ এই পশ্চিমবঙ্গে হয়। কিন্তু মুদ্রাঘাস আসামে চাষ হয়। কাজেই এর মানোন্নয়নের প্রশ্ন এখানে ওঠে না।

শ্রীমহম্মদ সফিউল্লা: এই তথ্য ভুল, বেলাপাতি যা দিয়ে মাদুর তৈরি হয়, তার চাষ এখানে হয়। মুদ্রাঘাস এখানে হয় না। ওগুলো মেদিনীপুরের জলাভূমিতে হয়, কিছু কিছু চাষও হয়। স্বাভাবিকভাবে জলাভূমিতে হয় যেটা, তাকে বেলাপাতি বলে আপনার অবগতির জন্য বলছি।

[1-10—1-20 p.m.]

শ্রীঅতীশচন্দ্র সিংহ: আপনি যদি স্পেসিফিক প্রশ্ন করেন, আমি খবর নিশ্চয় দেবো।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় কি অবগত আছেন উত্তরবাংলার কুচবিহার এবং জলপাইগুড়ির স্টেট হাইওয়ের পাশে শীতলপাটির চাষ হয়? এটা ফর ইওর ইনফরমেশন।

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ এই তথ্য আমার জানা নেই।

শ্রীবীরেশ্বর রায়ঃ পশ্চিমবঙ্গের দিনাজপুর জেলায় আদিবাসী এবং তফসিলী সম্প্রদায়ের লোকেরা খেজুরপাতার মাদুর তৈরি করে। এই শিল্পের জন্য সরকারী ঋণ বা অনুদান দিয়েছেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ এ প্রশ্ন থেকে ওই প্রশ্ন আসে না। স্পেসিফিক প্রশ্ন করলে, জবাব দেবো।

চন্ডীতলা ও জাঙ্গীপাড়া থানার গ্রাম বৈদ্যুতীকরণ

*৮৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৫।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার গ্রামে গ্রামে বিদ্যুৎ পেঁছে দেওয়ার পরিকল্পনাটি কি পরিত্যাগ করেছেন;

(খ) (ক)-এর উত্তর 'না' হইলে হুগলি জেলার চন্ডীতলা ও জাঙ্গীপাড়া থানায় যে গ্রামগুলিতে খুঁটি পোঁতা হয়েছে বা তার টানা হয়েছে, সেগুলিতে এখনও বিদ্যুৎ না পেঁছানোর কারণ কি; এবং

(গ) কত দিনে ঐ সকল গ্রামে বিদ্যুৎ পেঁছে দেওয়া হবে?

শ্রীসুনীতি চট্টরাজঃ (ক) না।

(খ) বিদ্যুৎ সরবরাহের জন্য আনুষঙ্গিক সকল কাজ সম্পন্ন হয় নাই।

(গ) সকল প্রকার সরঞ্জাম পাওয়া গেলে ১৯৭৩ সালের ডিসেম্বরের মধ্যে।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ আনুষঙ্গিক সকল কাজ বলতে আপনি কি কি জিনিস বোঝাতে চেয়েছেন?

শ্রীসুনীতি চট্টরাজঃ যেমন সিমেন্ট, পোল, ইত্যাদি সময় মতো পায় নি। সেই জন্য কাজ আরম্ভ সম্ভব হয় নি।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ আপনি বলেছেন ১৯৭৩ সালের ডিসেম্বরের মধ্যে যে সমস্ত গ্রামে তার টাঙান হয়েছে সেখানে কাজ শেষ হবে। সেই তার যাতে প্রত্যেক বাড়ি বাড়ি বা পাড়ায় পাড়ায় যায় তার ব্যবস্থা করবেন কি? না, যেখানে খুঁটি পোতা হয়েছে, সেখানে খুঁটি পুঁতে দিয়েই কাজ শেষ করা হবে?

শ্রীসুনীতি চট্টরাজঃ রুর‍্যাল ইলেকট্রিফিকেসানের কাজ কৃষির পারপাসে নেওয়া হচ্ছে। কনজিউমার পারপাসে এখন ইলেকট্রিফিকেসান হচ্ছে না।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ জাঙ্গীপাড়া এবং অন্যান্য জায়গায় আবেদন নিবেদন করছি। এটাও দেখতে পাচ্ছি, ফাঁকা মাঠ দিয়ে লাইন যাচ্ছে। যাতে গ্রামের কাছ দিয়ে এবং ঘনবসতিপূর্ণ জায়গা দিয়ে যায় সেদিকে লক্ষ্য রাখবেন কি? আপনাকে জানালে ব্যবস্থা অবলম্বন করবেন কি?

শ্রীসুনীতি চট্টরাজঃ মাননীয় সদস্য জানালে নিশ্চয় ব্যবস্থা অবলম্বন করবো।

শ্রীরজনীকান্ত দলুইঃ আমাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন এই ফাইন্যান্সিয়াল ইয়ার যেটা শেষ হয়ে গেলো তাতে ১০ হাজার গ্রামে বিদ্যুৎ পেঁছে দেওয়া হবে। আজ পর্যন্ত কত গ্রামে বিদ্যুৎ পেঁছে দেওয়া হয়েছে?

শ্রীসুনীতি চট্টরাজঃ টোট্যাল কত গ্রামে হয়েছে সে সম্বন্ধে স্পেসিফিক প্রশ্ন করলে উত্তর দেবো। টোট্যাল ইলেকট্রিফিকেসান সম্বন্ধে স্পেসিফিক প্রশ্ন করলে জবাব দেবো।

শ্রীমহম্মদ সফিউল্লা: জাঙ্গীপাড়ার রাজবলহাট এবং চণ্ডীতলার বেগমপুর এই দুটো গ্রামে বহু অধিবাসীর বাস। এখানকার প্রত্যেকটা বাড়িতে যাতে বিদ্যুৎ পেঁৗছে দেওয়া যায় তার ব্যবস্থা করবেন কি? আমরা যদি জয়েন্টলি লিখি আপনি ব্যবস্থা করবেন কি?

Mr. Speaker: It is a request for action.

শ্রীরজনীকান্ত দলুই: মন্ত্রিমহাশয় জানাবেন কি যে গ্রামে বিদ্যুৎ পেঁৗছে দেওয়ার যে পরিকল্পনা নেওয়া হয়েছে এই পরিকল্পনা সাকসেসফুল করতে গেলে কি কি প্রসিডিওরে এগোতে হবে?

নূতন শিল্পসংস্থা স্থাপন

*২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৩।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি নূতন শিল্পসংস্থা গড়ে তোলার পরিকল্পনা লওয়া হয়েছে;

(খ) ঐ নূতন শিল্পগুলিতে অদূর ভবিষ্যতে কত বেকারের কর্ম সংস্থান হবে; এবং

(গ) মুর্শিদাবাদে নূতন কি কি শিল্পসংস্থা হবে?

শ্রীতরুণকান্তি ঘোষ: (ক) পশ্চিমবঙ্গে ৩৮৮টি নূতন শিল্পস্থাপনের প্রস্তাব বর্তমান সরকার পাইয়াছেন।

(খ) এই শিল্পগুলিতে নূতন কর্মসংস্থান হইবার বিশেষ সম্ভাবনা আছে। তবে সঠিক কতজনের কর্মসংস্থান হইবে তাহা বলা সম্ভব নহে।

(গ) মুর্শিদাবাদের ফরাক্কা অঞ্চলকে একটি নূতন শিল্প অঞ্চল (গ্রোথ সেন্টার) হিসাবে গড়িয়া তোলার সিদ্ধান্ত লওয়া হইয়াছে। এই অঞ্চলে একটি নাইলন-৬ ফিলামেন্ট কারখানা স্থাপনের সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, মুর্শিদাবাদ জেলার ফরাক্কাতে কি কি শিল্প স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে?

শ্রীতরুণকান্তি ঘোষ: নাইলন কারখানাটা হতে পারে, স্কুটার ফ্যাক্টরী যেটা করার কথা হচ্ছে সেটা হতে পারে, আমরা চিন্তা করছি একটা মিনি স্টিল প্ল্যান্ট করা যায় কিনা ইত্যাদি। বেসিক শিল্প করার কথা আমরা চিন্তা করছি।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বর্ধমান জেলায় কি কি শিল্প স্থাপনের জন্য লাইসেন্স দেবার ব্যবস্থা করেছেন?

শ্রীতরুণকান্তি ঘোষ: এ সম্পর্কে আলাদা প্রশ্ন দেবেন, উত্তর দেব।

শ্রীমহম্মদ ইদ্রিস আলি: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, মুর্শিদাবাদ জেলায় ইন্ডাস্ট্রিয়াল এস্টেট করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ ইন্ডাস্ট্রিয়াল এস্টেট আর গ্রোথ সেন্টার এ দুটো আলাদা জিনিস। ইন্ডাস্ট্রিয়াল এস্টেট যেগুলি সেগুলি ক্ষুদ্র এবং কুটির শিল্পের জন্য। এ ব্যাপারে আমার সহকর্মী প্রত্যেক জেলাতে একটা করে করবার জন্য আমার সামনেই কথা বলেছেন। আর গ্রোথ সেন্টার বড় ইন্ডাস্ট্রি করবার জন্য। এ ব্যাপারে ফরাক্কায় করবার কথা আছে।

শ্রীনারায়ণ ভট্টাচার্যঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, উত্তরবঙ্গে কোন শিল্প স্থাপনের কথা চিন্তা করছেন কিনা?

শ্রীতরুণকান্তি ঘোষঃ চিন্তা করছি, পরিকল্পনা আছে এবং নিশ্চয় করবো।

হলদিয়ায় নিযুক্ত কর্মচারী

*২৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫০।) **শ্রীসুধীরচন্দ্র দাসঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়ার বিভিন্ন পরিকল্পনায় চলতি বৎসরে কতজন কোন্ কোন্ শ্রেণীর কর্মচারী নিয়োগ করা হইয়াছে;

(খ) ঐ কর্মচারিগণের মধ্যে পশ্চিমবঙ্গের কতজন এবং অন্যপ্রদেশের কতজন; এবং

(গ) হলদিয়া এমপ্লয়মেন্ট বোর্ড-এর বর্তমান সদস্যগণের নাম কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ (ক) চলতি বৎসরের মধ্যে পরিকল্পনার কাজ কিছু কিছু আরম্ভ হইয়াছে। একটা বড় সংখ্যায় সরাসরি নিয়োগের প্রশ্ন এখনও দেখা দেয় নি।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) হলদিয়া এমপ্লয়মেন্ট বোর্ড-এর সদস্য হলেন -

(১) শ্রীঅহীন্দ্র মিশ্র, এম এল এ,

(২) শ্রীসুধীরচন্দ্র বেরা, এম এল এ,

(৩) শ্রীশরদিন্দু সামন্ত, এম এল এ; এবং

(৪) অ্যাসিট্যান্ট এমপ্লয়মেন্ট অফিসার, হলদিয়া।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ চলতি বৎসরে কত হয়েছে সে সম্বন্ধে কি বললেন বুঝতে পারলাম না।

শ্রীতরুণকান্তি ঘোষঃ একজাক্ট ফিগারটা নেই। এখনও পর্যন্ত যে কাজ হচ্ছে তাতে কিছু কাজ কন্ট্রাক্টর দিয়ে হচ্ছে, এর ফলে হয়ত কিছু সময়ের জন্য কাজ হল, ফলে একজাক্ট ফিগারটা বলা ডিফিকাল্ট। একটা প্রকল্প চালু হবার পর পারমানেন্ট এমপ্লয়মেন্ট হলে বলতে পারি, এত লোক কাজ করছে। এখানে কোন সময় হয়ত এক হাজার আবার কোন সময় ৩০০ লোক কাজ করছে, সেইজন্য বলেছি, এটা বলা শক্ত।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, চলতি বৎসরে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় শ্রেণীর কিছু কর্মচারী নিয়োগ করা হয়েছে কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ এটা আমি পরে খোঁজ নিয়ে বলব। আমি আগেই বলেছি, এটা ফ্লাকচুয়েটিং ফিগার, সেইজন্য বলা শক্ত। তবে ক্লাস থ্রিতে কত নেওয়া হয়েছে সেটা পারমানেন্ট জব তাতে, সেটা আমি পরে বলব।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ আমি এটা এইজন্য জানতে চাই যে, এটা জানলে অন্যান্য প্রদেশের কত লোক আছেন সেটা পরিষ্কার হয়ে যেত, সেটা বলতে কোন অসুবিধা ছিল না এবং তা জানলে আমাদেরও বিবেচনা করতে সুবিধা হত। কিন্তু তার পরিষ্কার জবাব আমরা পাই নি। যাই

হোক, আমার জিজ্ঞাস্য, পশ্চিমবঙ্গে বেকার সমস্যার সমাধানের জন্য পশ্চিমবঙ্গ কত পারসেন্ট পাবে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা বলে পশ্চিমবঙ্গ সরকার কোন কোটা ঠিক করেছেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমরা এই দাবি রেখেছি যে, যেখানে কারখানা হবে সেই প্রদেশে উপযুক্ত লোক পাওয়া গেলে সেই প্রদেশের লোকেদের দেওয়া উচিত। এখন এ সম্বন্ধে তো এগ্রিমেন্ট সরকারের সঙ্গে হতে পারে না। তবে জেনারেলি সব জায়গায় আমরা এই দাবি রেখেছি যে, আমাদের পশ্চিমবাংলায় এত বেকার রয়েছে, কাজেই তাদের চাকরি দিতে হবে।

[1-30—1-40 p.m.]

শ্রীসুধীরচন্দ্র দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি জানেন যে বিহার ফর বিহারিজ ধ্বনি উঠেছে এবং উড়িষ্যাতেও সেই ধ্বনি উঠেছে। পশ্চিমবঙ্গে আপনি জানেন অন্য প্রদেশ থেকে অনেক লোক এসে চাকুরি করেন। এই সম্পর্কে পরিষ্কারভাবে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা ক'রে সরকার শুধু বাঙ্গালীদের চাকুরি দেবার ব্যবস্থা করার বিষয় চিন্তা করছেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমার তরফ থেকে এবং সরকারের তরফ থেকে নিশ্চয়ই চেষ্টা করবো যাতে বাঙ্গালীর ছেলেরা চাকুরি পায়, কিন্তু বিহার ফর বিহারিজ, উড়িষ্যা ফর উড়িয়াজ যে কথা বললেন, এই রকম কোন নীতি আমরা বিশ্বাস করি না।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ এই যে এমপ্লয়মেন্ট বোর্ড, এই বোর্ড কি কর্মে নিয়োগ করবেন, না, সিলেকশনের জন্য অন্য কোন কমিটি আছে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ এটা হচ্ছে এমপ্লয়মেন্ট বোর্ড, যেটা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে হেল্প করে। প্রত্যেক কোম্পানীর আলাদা আলাদা আছে, তাদের সিলেকশন বোর্ড থাকবে বা আছে।

শ্রীভূপালচন্দ্র পাণ্ডাঃ এখানে প্রশ্ন রয়েছে কোন শ্রেণীর কতজন কর্মচারীকে নিয়োগ করা হয়েছে, এখানে ক্লাস ফোর অ্যান্ড ক্লাস থ্রি-র হিসাব বললেই তো অ্যানসার পাওয়া যেতে পারে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমি বলতে চাইছি, ওখানে এখন যা কাজ হচ্ছে, তার মেজর কাজ হচ্ছে কন্ট্রাক্টার মারফত। ধরুন হলদিয়ায় যে রিফাইনারী তৈরি হচ্ছে, আবার হলদিয়া ফার্টিলাইজার প্ল্যান্ট যা তৈরি হচ্ছে, তারা বিভিন্ন লোক দিয়ে কাজ করাচ্ছে। এটা পার্মানেন্ট কিছু করানো হচ্ছে না। আজকে হয়তো একটা ফিগার দেখা গেল, ১০ দিন পরে কমপ্লিটলি ডিফারেন্ট ফিগার হয়ে যাবে। সুতরাং এই ফিগার দেওয়া শক্ত। কোন ফিগার দেবো? দ্যাট ওয়াজ মাই অ্যানসার।

শ্রীভূপালচন্দ্র পাণ্ডাঃ এখানে এই প্রশ্নের জবাব তো দেওয়া যায় যে, হলদিয়া এরিয়ায় সি পি সি, তার কটা পার্মানেন্ট স্টাফ, আই ও সি-র কটা পার্মানেন্ট স্টাফ আছে, ফার্টিলাইজারে কটা পার্মানেন্ট স্টাফ আছে এবং নূতন কত নিযুক্ত হয়েছে, সেটা দেওয়া যায় তো?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আপনি প্রশ্নটা একটু পড়ে দেখুন—হলদিয়ার বিভিন্ন পরিকল্পনায় চলতি বৎসরে কতজন কোন্ কোন্ শ্রেণীর কর্মচারী নিয়োগ করা হইয়াছে। অতএব এই প্রশ্নের উত্তর দেওয়া কি সম্ভব? একজন কন্ট্রাক্টার হয়ত কিছুদিন কাজ করালেন, তারপর ১৫ দিন বাদে অন্য কেউ কাজ করেছেন, সুতরাং এই সম্বন্ধে বলা সম্ভব নয়। যদি সেই ভাবে প্রশ্ন করতেন তা হলে হয়তো বলতে পারতাম।

শ্রীকানাই ভৌমিকঃ এমপ্লয়মেন্ট বোর্ডের যে তিনজন সদস্যের নাম করলেন তার মধ্যে লোকাল এম এল এ-কে রাখা হল না কেন বলতে পারেন? ওটা কি সি পি আই বলে রাখা হল না?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ সি পি আই বলে রাখা হয় নি, এই রকম কোন প্রশ্ন ওঠে না, এমপ্লয়মেন্ট বোর্ডের অ্যাপয়েন্টমেন্ট লেবার ডিপার্টমেন্ট করেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে হেল্প করার জন্য। এটার উত্তর দেওয়া শক্ত, সি পি আই-এর প্রশ্ন এখানে ওঠে না।

শ্রীকানাই ভৌমিক: তিনজন এম এল এ রাখা হয়েছে বোর্ডে, তার মধ্যে লোকাল এম এল এ-কে রাখা হল না কেন বলতে পারেন কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: মাননীয় সদস্য বোধ হয় একটা জিনিস ভুল করছেন। যে এম এল এ-দের কমিটি তৈরি করা হয়েছিল সেই কমিটি দু-মাসের জন্য তৈরি করা হয়েছিল এবং তাদের কাজ শেষ হয়ে গেছে, সেই কমিটির ফাংশান শেষ হয়ে গেছে এবং নূতন ক'রে আবার কমিটি তৈরি করা হচ্ছে। সুতরাং এই ধরনের কোন প্রশ্ন তোলা উচিত নয়।

শ্রীকানাই ভৌমিক: যখন দু'মাসের জন্য কমিটি তৈরি করা হয়েছিল তখন ওখানকার লোকাল এম এল এ-র নামটা লিস্টে স্থান পেল না কেন?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: তার নামটা ওখানে ছিল কিনা দেখতে হবে। ওটা ওনার ডিপার্টমেন্টের ব্যাপার নয়, আমি জানি না তার নাম আছে কিনা, তবে আমি এটা বলতে পারি যে, কোন মটিভ নিয়ে এটা করা হয় নি।

শ্রীবিশ্বনাথ মুখার্জি: এখন পর্যন্ত পশ্চিমবাংলায় কতগুলি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কমিটি নিযুক্ত আছে?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: উনি বললেন যে, কমিটি আছে, আমি বলছি যে, এখন কোন কমিটি নাই। সুতরাং এটা বেসিক্যালি ডিফারেন্ট কথা হয়ে যাচ্ছে।

শ্রীবিশ্বনাথ মুখার্জি: যে কমিটিগুলি হয়েছিল সেই কমিটিগুলিতে কংগ্রেস এম এল এ ছাড়া অন্য কোন পার্টির এম এল এ-রা কোথাও কোন এমপ্লয়মেন্ট কমিটিতে নিযুক্ত হয়েছিল কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: মাননীয় সদস্য বিশ্বনাথবাবু ভুল করছেন, আমাদের ২১৬ জন কংগ্রেসী এম এল এ-র মধ্যে এমন অনেক এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কমিটি ছিল যাতে এক জনও ছিলেন না।

শ্রীমতী গীতা মুখার্জি: এমপ্লয়মেন্টের ব্যাপারে ওখানে কথা ছিল যে, এভিকটেড পপুলেশন অগ্রাধিকার পাবে, সেই কারণে বিশেষ ক'রে এখানকার লোকাল এম এল এ-কে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নেওয়া উচিত ছিল। এটা অত্যন্ত সাধারণ ব্যাপার, অথচ এটা কেন করা হ'ল না তা বুঝতে পারলাম না?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: এটা হলদিয়ার সমস্যা, অনেক জায়গায় কংগ্রেস এম এল এ-রাও ছিলেন না, অনেক ইমপর্টেন্ট এলাকায়। আজকে হলদিয়াতে এমপ্লয়মেন্ট পোটেনসিয়ালিটি রয়েছে আর কোথাও নেই এটা ধরা হচ্ছে কেন?

শ্রীবিজয়সিং নাহার: আমার মনে হচ্ছে, মন্ত্রিমহাশয় উত্তর দিচ্ছেন, কিন্তু তিনি পড়ে বা দেখে আসেন নি। বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী তার উত্তর দিলেন যে, হলদিয়াতে এমপ্লয়মেন্ট বোর্ড-এর বর্তমান সদস্যদের নাম, এবং তাতে তিন জন সদস্যর নাম বললেন। এখন শ্রমমন্ত্রী বলছেন যে, ওটা পুরনো, এখন তা হ'লে কোনটা ঠিক, এক মন্ত্রী এক কথা বলছেন, আবার আর এক মন্ত্রী আর এক কথা বলছেন, এই ভাবে হাউসকে মিস ইনফর্ম করা হচ্ছে, ভুল ইনফরমেশন দেওয়া হচ্ছে।

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: আপনি একটা জিনিস ভুল করছেন, সেটা হচ্ছে এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলি, কয়েক মাসের জন্য এক্সপেরিমেন্ট ক'রে দেখাবার জন্য কমিটি করা হয়েছিল। সেখানে রিপোর্টে বলা হয়েছিল এই কমিটিগুলির আয়ু দু'মাস পর্যন্ত থাকবে। মাননীয় মন্ত্রী যে কথা বলেছেন তাতে তিনি কিছুই ভুল বলেন নি, মাননীয় মন্ত্রী এই দৃষ্টিভঙ্গিতে জিনিসটার ব্যাখ্যা করেছেন। সেই কমিটি ভেঙ্গে দেওয়ার রিপোর্ট এখন পর্যন্ত এসে পৌঁছয় নি, সেই জন্য তিনি বলেছেন যে, এই কমিটিতে তিন জন এম এল এ আছেন। এই কমিটিগুলিকে ভেঙ্গে দেওয়ার অর্ডার রিসেন্টলি দেওয়া হয়েছে। আমি ভাল ক'রে জানি এবং আমি জেনে শুনে বলছি, কমিটি নেই। আর আমি একটা কথা জানিয়ে দিতে চাই যে, এটা অত্যন্ত সাধারণ ব্যাপার, এটা নিয়ে হাউসের মধ্যে এত কথা বলবার কোন কারণ নেই।

শ্রীকানাই ভৌমিক: সাধারণ কি অসাধারণ সেটা অন্য কথা, আমার মনে হয় অসাধারণ, মাননীয় মন্ত্রিমহাশয় মনে করলেন সাধারণ। আমার কথা হচ্ছে যে, হলদিয়া এমপ্লয়মেন্ট বোর্ড ভেঙ্গে দেওয়ার অর্ডার কবে দেওয়া হয়েছিল?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: সেটা আমি এখন বলতে পারছি না। আপনি আলাদা প্রশ্ন করবেন, আমি উত্তর দেব।

শ্রীকানাই ভৌমিক: সরকার এই ধরনের কমিটি গঠন করবার সময় স্থানীয় এম এল এ-দের যুক্ত করবার কথা চিন্তা করছেন কি, অ্যাজ এ প্রিন্সিপল?

(নো-রিপ্লাই)

শ্রীনন্দলাল গুরুং: আমাদের দার্জিলিং-এ যে গভর্নমেন্ট প্রেস-এ নেওয়া হচ্ছে, সে ব্যাপারে আমাদের মাননীয় মন্ত্রী বলতে পারবেন কি লোকাল পিপলদের এমপ্লয়মেন্ট হবে, না এক্সচেঞ্জ থেকে যাবে? ২/৪ মাস আগে ফুড ডিপার্টমেন্টের এবং সিভিল সাপ্লাই-এ যে ভেকেন্সি ছিল সেখানে প্লেন থেকে লোক গেল এবং তারা পেয়েছে, কিন্তু আমাদের দার্জিলিং-এর একটি লোকও সেখানে পেল না কেন এটা কি মন্ত্রিমহাশয় বলতে পারবেন?

[1-40—1-50 p.m.]

Shri Tarun Kanti Ghosh: You kindly put a question and I shall certainly answer. This press has been shifted to Darjeeling for the purpose of printing all the materials mainly in Nepali and naturally it would be prudent for us to appoint people who can speak and read Nepali. That is the only way by which we can really run the press. So, you should not have any worry that we will send men from here. We shall certainly appoint people from the hill area for which this press has been shifted there.

শ্রীনন্দলাল গুরুং: চীফ মিনিস্টার বলেছিলেন যে, ডিস্ট্রিক্ট-এর মধ্যে লোক পাওয়া গেলে আগে তাদেরই নেওয়া হবে। কিন্তু ফুড সাপ্লাই-তে যে ভেকেন্সি হ'ল সেখানে তাতে কি একজনও দার্জিলিং ডিস্ট্রিক্টের লোক পাওয়া গেল না?

Mr. Speaker: This question does not arise out of the present question.

শ্রীকানাই ভৌমিক: ভবিষ্যতে যদি হলদিয়াতে এমপ্লয়মেন্ট বোর্ড হয়, তা হ'লে লোকাল এম এল এ-কে প্রেফারেন্স দেওয়া হবে কি না?

Shri Tarun Kanti Ghosh: You are asking a question of policy or principle about a different department.

আমি এটুকু বলতে পারি যে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ কিছু এম এল এ-কে সংযোগ ক'রে দেওয়া যাতে দুর্নীতি বন্ধ করান যায়। এনিয়েই প্রথম ঠিক হয়েছিল। সি পি আই ব'লে দেওয়া হবে না. নিশ্চয় এটা কোন প্রশ্ন নয়। আগের নাম পিছনে দেওয়া, পেছনের নাম আগে দেওয়া হ'ত বলে অনেক কমপ্লেন হত। লোকাল কি না সে প্রশ্ন ছিল না, প্রশ্ন ছিল যে কিছু এম এল এ-কে যোগ ক'রে দেওয়া হবে যাতে দুর্নীতি না হয়। লোকাল এম এল এ বলতে কি বুঝবেন। বারাকপুরে যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে তাতে সেখানে তাদের একটা বিরাট এলাকা নিয়ে চাকুরি দেবার ব্যবস্থা করতে হয়। এই বিরাট এলাকাতে ২০।১৫ জন এম এল এ আছেন, তাঁদের সবাইকে কি রাখতে হবে? হলদিয়া ব'লে লোকাল এম এল এ-এর প্রশ্ন উঠছে, কিন্তু সারা পশ্চিমবাংলার পরিপ্রেক্ষিতে লোকাল এম এল এ হয় না। আপনি একটা পলিসির প্রশ্ন তুলেছেন, লোকাল এম এল এ থাকবে কি না? এ রকম আমাদের কোন ডিসকাসন হয় নি, ডিসকাসন-এর মধ্যে ঠিক হয়েছিল যে, এম এল এ রাখা হোক। এখন সেই এম এল এ সেই ডিস্ট্রিক্ট বা সেই কনস্টিটিউয়েন্সি হবেন কিনা সেটা বলতে পারছি না।

শ্রীসোমনাথ লাহিড়ী: অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, শচীনন্দনবাবুর কোশ্চেন আর একজন মেম্বার করতে চাচ্ছিলেন, কিন্তু শুনলাম যে, অ্যাসেম্বলীতে নাকি নূতন নিয়ম হয়েছে যে, মেম্বারের প্রশ্ন তিনি অনুপস্থিত থাকলে স্পিকারের পারমিশান নিয়ে অন্য কেউ সেটা করতে পারবেন। এই নিয়ম কবে থেকে হল বা কে করলেন? আমি ১৫ বছর এখানকার

সদস্য আছি। এটা আমাদের চিরকালের অধিকার যে, যদি কোন সদস্য অনুপস্থিত থাকেন অন্য যে কোন সদস্য স্পিকার-এর পারমিশান নিয়ে সেই প্রশ্ন করতে পারেন। এই প্রশ্ন তোলার অধিকার কি করে লুপ্ত হ'ল, হল কি না, দয়া করে জানাবেন কি?

মিঃ স্পীকার: আমি আগেও এর জবাব দিয়েছি। গত সেসান থেকে আমি এটা ফলো করছি যে, মেম্বার্স যাঁরা উপস্থিত থাকবেন তাঁরা কোয়েশ্চেন তুলবার অগ্রাধিকার পাবেন কেন না, এক একটা দিনে ২৫/৩০টি ক'রে কোয়েশ্চেন থাকে। কোয়েশ্চেনকারী মেম্বার যিনি উপস্থিত থাকেন, তাঁর কোয়েশ্চেনের ব্যাকগ্রাউন্ডে তিনি সাপ্লিমেনটারি পুট করতে পারেন, হি ইজ প্রিপেয়ার্ড ফর দ্যাট, সুতরাং তাঁকে অগ্রাধিকার দেওয়া দরকার। গত সেসান থেকে এটা ফলোড হয়ে আসছে। কোন মেম্বার যদি কাউকে অথরাইজ করে দেন, অ্যান্ড ইফ হি ব্রিংস ইট টু মাই নোটিস তা হ'লে আমি তাঁকে ডাকি। কিন্তু লিখিতভাবে যদি অথরাইজ না করেন তা হ'লে সেইসব কোয়েশ্চেনগুলি এসে গেল অথচ সংশ্লিষ্ট মেম্বার উপস্থিত নেই, আবার মেম্বার উপস্থিত আছেন সেই কোয়েশ্চেনগুলি এল না, এটা বাঞ্ছনীয় নয়। আবার যে কোয়েশ্চেনগুলি এসে গেল তার মেম্বার যদি অনুপস্থিত থাকেন তা হ'লে অন্য মেম্বারগণ তাঁর ব্যাকগ্রাউন্ড না জানার দরুণ সাপ্লিমেন্টারীও পুট করতে পারেন না। সুতরাং অগ্রাধিকার আগে তাঁকেই দেওয়া উচিত যিনি হাউসে উপস্থিত আছেন। আমি গত সেসান থেকে এটা ফলো করছি।

শ্রীসোমনাথ লাহিড়ী: স্যার, আমি এটা আপনাকে পুনর্বিবেচনা করতে অনুরোধ করি এই কারণে যে, কোয়েশ্চেন বিভিন্ন দলের পক্ষ থেকে বিভিন্ন সদস্যের নামে উপস্থিত করা হয়, সেই দলের অন্যান্য সদস্য সেই প্রশ্ন সম্বন্ধে অবগত থাকেন এবং থাকেন ব'লেই তাঁরা প্রয়োজনীয় সাপ্লিমেনটারী প্রশ্ন উত্থাপিত করতে পারেন যদি প্রশ্নকর্তা উপস্থিত না থাকেন। এই জিনিস ১৫ বছর বা তার চেয়েও বেশি চলে আসছে, এতে অসুবিধা হত ব'লে মনে করতে পারছি না। কাজেই আপনি এটা পুনর্বিবেচনা করুন, ক'রে পুরান নিয়ম চালু রাখুন। অসংগত অবাস্তব সাপ্লিমেন্টারী করছে কি করছে না সেটা কন্ট্রোল করার অধিকার ক্ষমতা আপনার সব সময় আছে। এমন নয় যে, যিনি প্রশ্নকর্তা তিনি অসঙ্গত প্রশ্ন কখনও করেন না, অসঙ্গত প্রশ্ন কন্ট্রোল করার ক্ষমতা সব সময় আপনার আছে। কিন্তু প্রশ্নকর্তা বিশেষ কারণে উপস্থিত থাকলেন না, তার জন্য কোন জরুরী প্রশ্ন বাতিল হয়ে যাবে এটা বোধ হয় বাঞ্ছনীয় নয়। কাজেই আপনাকে অনুরোধ করব, এই বিষয়ে আপনি পুনর্বিবেচনা ক'রে দেখুন পুরান ব্যবস্থা চালু করা যায় কি না।

মিঃ স্পীকার: আমি আগেই বলেছি এবং এখন মাননীয় সদস্য সোমনাথ লাহিড়ী যখন এই প্রশ্ন তুললেন, তখন আমি তাঁর অবগতির জন্য জানাচ্ছি যে, কোয়েশ্চেন বাতিল হয়ে যাচ্ছে না,

the question will be treated as an unstarred question and it will be placed on the table.

সুতরাং এটা বাদ দেবার প্রশ্ন নেই, তবে অ্যাজ অ্যান ওরাল কোয়েশ্চেন-এর সাপ্লিমেনটারীগুলি তোলা যাবে না, বাট ইট ইজ ট্রিটেড অ্যাজ অ্যান আনস্টার্ড কোয়েশ্চেন। আমি এই প্রসঙ্গে রুলস ৫২-র প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করি যেখানে লেখা আছে—

"when a question has not been asked by reason of the absence of the Member in whose name it stands, the Speaker may also permit a Member to ask a question standing in the name of another Member, if so authorised by him." It is specifically mentioned in the Rule "authorised by him". So if any honourable Member is absent and desires that his question be put in the House, he may authorise any Member to put the question. If he so authorises any Member, I shall certainly call the question so that it may be put by that Member authorised by him. It is specifically mentioned in Rule 52. So I feel that unless any Member authorises somebody to put his question it should not be allowed.

শ্রীসোমনাথ লাহিড়ী: আপনি যদি কিছু মনে না করেন আমি আর একবার এই বিষয়ে বলতে চাই, রুলটা আমাদের আগেও ছিল, রুল থাকা সত্ত্বেও আমাদের কনভেনসান এই ছিল। কারণ আপনি নিশ্চয়ই ধরতে পারেন, অনেক সময় আমাদের সময় থাকে না অথরাইজ করবার,

আমি কালকে আসতে পারব কিনা আজ পর্যন্ত জানি না। এই রকম ঘটনা ঘটে। যার জন্য তাঁর পক্ষে অন্য কোন সদস্য অনিবার্য কারণে তিনি উপস্থিত হতে না পারলে কোয়েশ্চেন করতে পারে এবং যেহেতু কোয়েশ্চেনটা স্টার্ড তার মানে কোয়েশ্চেনের আসল রহস্য বা উদ্দেশ্য যাই বলুন না কেন সেটা সাপ্লিমেনটারীর মারফত বার করে আনা হবে এই আশায় সাপ্লিমেনটারী কোয়েশ্চেন সাধারণতঃ পুট করেন। এই অবস্থায় আমাদের পুরান নিয়ম চালু রাখা যায় কিনা সেটা বিবেচনা করলে ভাল হয়।

[1-50—2-00 p.m.]

Mr. Speaker: Mr. Lahiri, the number of questions was very limited at that time. Now, the volume of questions have increased. I am trying to follow the recent procedure that is being followed in the Lok Sabha. There we find,—

'The authority given by a Member to another Member to ask question in his absence must be in writing and specify the question and the date on which it has to be asked. A general authority for a number of days or for the entire session has not been recognised.

In the absence of any authorisation from the Member who is absent, his questions are treated as unstarred questions and, along with their answers, are printed in the official report of the sitting of the day for which they were put down.

If a Member in whose name a question stands is absent and has not given a letter of authority to another Member on his behalf, the Speaker may permit the question to be answered in the second round, if in his opinion or that of the Minister concerned, the subject matter of the question is of such importance as to warrant an answer being given in the House.'

This is exactly the position that is followed in the Lok Sabha. Where written authority has been insisted upon then that authority must be given for a particular day and not for the entire session. That is what I am following. If the Minister thinks that the question is very important and if he is eager to answer it then the question is answered considering the importance of that particular question.

STARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র

*৮৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৪।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলির মোট উৎপাদনক্ষমতা কত এবং বর্তমানে সংশ্লিষ্ট কেন্দ্রসমূহে কত মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হইতেছে;

(খ) পশ্চিমবঙ্গে বিদ্যুতের মোট ঘাটতি কত এবং উক্ত ঘাটতি পূরণের জন্য আসাম ও বিহার হইতে কত মেগাওয়াট বিদ্যুৎ ধার লওয়া হইতেছে; এবং

(গ) বিদ্যুৎ সঙ্কট নিরসনের জন্য আসানসোল এলাকায় কয়লা সম্পদ ব্যবহার করিয়া কোন তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে কি?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলির মোট উৎপাদন ক্ষমতা এবং তাদের বর্তমান উৎপাদন নিম্নরূপঃ—

(১) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ—

উৎপাদন ক্ষমতা	...	৩৯০·৭৬ মেগাওয়াট
বর্তমান উৎপাদন	...	২৬৪·১৮ মেগাওয়াট

(২) দুর্গাপুর প্রোজেক্টস্ লিঃ—

উৎপাদন ক্ষমতা	...	২৬১ মেগাওয়াট
বর্তমান উৎপাদন	...	১৭০ মেগাওয়াট

(৩) ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন—

উৎপাদন ক্ষমতা	...	৪৬১ মেগাওয়াট
বর্তমান উৎপাদন	...	২৮০ মেগাওয়াট

(খ) বর্তমানে ৫০/৬০ মেগাওয়াটের মত বিদ্যুতের ঘাটতি আছে। বিহার রাজ্য বিদ্যুৎ পর্ষদ প্রায় ৩ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করিতেছে। আসাম রাজ্য বিদ্যুৎ পর্ষদ হইতে এখনও বিদ্যুৎ সরবরাহ আরম্ভ হয় নাই।

(গ) আসানসোল অঞ্চলে তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা বর্তমানে নাই। তবে কয়েক বছর আগে আসানসোল অঞ্চলের দিশেরগড়ে একটি প্যাকেজড্ পাওয়ার প্ল্যান্ট স্থাপিত হইয়াছিল। এই প্ল্যান্টটি শীঘ্রই আবার চালু করা হইবে। চালু হইলে পর ঐ অঞ্চলের বিদ্যুৎ ঘাটতি মিটাইবার জন্য ½ মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যাইবে।

দুর্গাপুর ব্যারেজে যানবাহন চলাচলের শুল্ক

*৮৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬৭।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, দুর্গাপুর বাঁকুড়া রোডে দামোদর নদের উপর দুর্গাপুর ব্যারেজ হইতে যানবাহন চলাচলের জন্য ভাড়া আদায় করা হয়; এবং

(খ) সত্য হইলে—

(১) কোন্ সাল হইতে যানবাহন চলাচলের জন্য ভাড়া লওয়া হইতেছে,

(২) ১৯৭২ সালের মার্চ হইতে ১৯৭৩ সালের ২৮এ ফেব্রুয়ারি পর্যন্ত উক্ত যানবাহন চলাচল বাবত কত আদায় হইয়াছে, এবং

(৩) উক্ত আদায়ীকৃত অর্থ কি কি কাজে ব্যয় হয়?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৫৬ সাল হইতে।

(২) ৩,১২,০০০ টাকা আদায় হইয়াছে।

(৩) এই আদায়ীকৃত অর্থ পশ্চিমবঙ্গের কনসলিডেটেড ফান্ডের অন্তর্ভুক্ত করা হয়। এই ফান্ড হইতে অ্যাপ্রোপ্রিয়েসন অ্যাক্ট মারফত বৎসরে বিভিন্ন খাতে ও উদ্দেশ্যে ব্যয় করার জন্য অর্থ তোলা হইয়া থাকে।

সেচপ্রকল্প

*৮৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১৩।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত দশমাসে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় কতগুলি সেচপ্রকল্প গ্রহণ করা হইয়াছে;

(খ) উক্ত সেচপ্রকল্প কোন্ জেলায় কয়টি করিয়া এবং কোথায় কোথায় অবস্থিত;

(গ) উক্ত সেচপ্রকল্প বাবত বিভিন্ন জেলায় বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত; এবং

(ঘ) পশ্চিমবঙ্গের খরাপীড়িত বাঁকুড়া, পুরুলিয়া এবং আসানসোল মহকুমার জমিতে জলসেচের জন্য বিগত দশমাসে কি কি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বিগত দশমাসে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় চলতি এবং নতুন প্রকল্প সমেত মোট ১৩টি সেচ প্রকল্প গ্রহণ করা হইয়াছে।

(খ) উক্ত সেচ প্রকল্পগুলির জেলাভিত্তিক সংখ্যা এবং অবস্থিতি নিম্নরূপঃ--

সংখ্যা	জেলা	অবস্থিতি (থানা)
৮টি	পুরুলিয়া	কাশীপুর, রঘুনাথপুর, ঝালদা, বাগমুণ্ডি এবং বলরামপুর।
১টি	বাঁকুড়া	বরজোড়া।
৩টি	মেদিনীপুর	গোপীবল্লভপুর।
১টি	বীরভূম	খয়রাসোল, দুবরাজপুর এবং ইলামবাজার।

(গ) ১৯৭২-৭৩ সালে উক্ত সেচ প্রকল্পগুলি বাবত বিভিন্ন জেলায় বরাদ্দকৃত অর্থের পরিমাণ নিম্নরূপঃ—

		টাকা
পুরুলিয়া	...	৬৭,৩০.০০০
বাঁকুড়া	...	৬.০০,০০০
মেদিনীপুর	...	৫.৩৪,০০০
বীরভূম	...	২২,০০,০০০

(ঘ) বাঁকুড়া, পুরুলিয়া এবং আসানসোল মহকুমার জমিতে জলসেচের জন্য বিগত দশকে যে যে পরিকল্পনা গ্রহণ করা আছে তাহার বিবরণ নিম্নরূপঃ—

পুরুলিয়া জেলা

(১) বান্দাজোড় সেচ প্রকল্প
(২) কুমারী সেচ প্রকল্প
(৩) ডাংরা সেচ প্রকল্প
(৪) রুপাই সেচ প্রকল্প
(৫) মাজরা সেচ প্রকল্প
(৬) বন্ধু সেচ প্রকল্প
(৭) কুলবেরা সেচ প্রকল্প
(৮) শঙ্খ সেচ প্রকল্প

বাঁকুড়া জেলা

মালিয়ারাজোড় সেচ প্রকল্প

আসানসোল মহকুমা

কোন সেচ প্রকল্প গ্রহণ করা হয় নাই।

দুবদা বেসিন

*৮৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১৪।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, ১৯৭৫ সালের নভেম্বর মাসে দুবদা বেসিনের কাজ শেষ হইবে;

(খ) সত্য হইলে উক্ত কাজের জন্য প্রয়োজনীয় কি কি ব্যবস্থা এ পর্যন্ত গ্রহণ করা হইয়াছে;

(গ) উক্ত খালের জন্য কত একর জমি সংগ্রহ করা হইয়াছে; এবং

(ঘ) উক্ত জমির জন্য কত অর্থ ক্ষতিপূরণ বাবত দিতে হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রকল্পটির জন্য এ পর্যন্ত ৭১৭·১৩ একর জমি চাওয়া হইয়াছিল। তার মধ্যে ৬৬০·৪৫ একব জমির দখল পাওয়া গিয়াছে।

(ঘ) উক্ত ৭১৭·১৩ একর জমির জন্য আনুমানিক ৫৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিতে হইবে।

স্কুটার কারখানা

***৮৬৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩৪।) **শ্রীকাশীনাথ মিশ্র:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে স্কুটার তৈয়ারির কারখানার জন্য ভারত সরকারের অনুমোদন পাওয়া গিয়াছে; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাত, কোথায় এবং কত টাকা ব্যয়ে উহা তৈয়ারি হইবে?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) এখনও স্থির সিদ্ধান্ত হয় নাই।

রানীগঞ্জ থানার গ্রাম বৈদ্যুতিকরণ

***৮৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪১৮।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) বর্ধমান জেলার রানীগঞ্জ থানার অন্তর্গত বল্লভপুর, শিয়ারশোল, পাঞ্জাবীমোড়, আমড়াসোতা, বক্তারনগর প্রভৃতি গ্রামে এখনও বৈদ্যুতিকরণ না হওয়ার কারণ কি; এবং

(খ) কবে নাগাদ উক্ত গ্রামগুলিতে [illegible] সম্পূর্ণ হইবে বলিয়া [illegible]?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) উক্ত গ্রামগুলিতে বিদ্যুৎ সরবরাহের কাজ ১৯৭০ সালের শেষাশেষি শুরু হয়। বিদ্যুৎ সরবরাহের জন্য প্রধান ট্রাংক লাইনটি [illegible] কোল কোম্পানীর জমির উপর দিয়া টানার সময় আদালত হইতে ইনজাংশন জারী হয়, ফলে গ্রামগুলি বৈদ্যুতিকরণের কাজ বন্ধ আছে।

(খ) পারস্পরিক আলোচনার মাধ্যমে বিরোধ মীমাংসার চেষ্টা চলিতেছে। আদালতের নিষেধাজ্ঞা প্রত্যাহৃত হইলেই আবার কাজ আরম্ভ হইবে।

নূতন শিল্প ও কলকারখানা

***২৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৩০৯।) **শ্রীনিতাইপদ সরকারঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) পশ্চিমবঙ্গে গত মার্চ, ১৯৭২ হইতে জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত কতগুলি নূতন শিল্প-কলকারখানা খোলার জন্য সরকারের নিকট আবেদনপত্র আসিয়াছে; এবং

(খ) উক্ত নূতন কলকারখানা ও শিল্পে কত বেকারের কর্মসংস্থানের সম্ভাবনা আছে?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) গত মার্চ ১৯৭২ সাল হইতে অদ্যাবধি ৩৪৮টি নূতন শিল্প স্থাপনের প্রস্তাব বর্তমান সরকার পাইয়াছেন। এই শিল্পগুলিতে মোট বিনিয়োগের পরিমাণ ৫১১ কোটি টাকা। এই ৩৪৮টি প্রস্তাবের মধ্যে ১৯৮টি প্রস্তাব ভারত সরকার মঞ্জুর করিয়াছেন। ১৩০টি প্রস্তাব ভারত সরকারের বিবেচনাধীন আছে এবং বাকি ২০টি প্রস্তাব পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন পর্ষদ বিবেচনা করিয়া দেখিতেছেন। এই শিল্পগুলিতে প্রচুর কর্মসংস্থানের সম্ভাবনা আছে। তবে ঠিক কত জনের কর্মসংস্থান হইবে তাহা বলা সম্ভবপর নহে।

মধুকুণ্ডা মিশ্র ইস্পাত ও ঝালদা সিমেন্ট কারখানা

***২৬৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৬।) **শ্রীশরৎ দাস:** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) পুরুলিয়া জেলার মধুকুণ্ডায় প্রস্তাবিত 'অ্যালয় স্টীল' (মিশ্র ইস্পাত কারখানা) এবং ঝালদার প্রস্তাবিত সিমেন্ট কারখানার প্রতিষ্ঠার কাজ কতদূর অগ্রসর হইয়াছে;

(খ) ইহা কি সত্য যে কলিকাতার কোন এক বিশিষ্ট ব্যবসায়ীর নামে 'লাইসেন্স'-এর জন্য কেন্দ্রীয় ইস্পাত বিভাগ 'লেটার অফ ইনটেন্ট' ইস্যু করিয়াছেন অথচ ঐ 'লাইসেন্স'-প্রাপক তাহার দেয় পরিমাণ অর্থ বিনিয়োগ করিতে অস্বীকার করিয়াছেন;

(গ) সত্য হইলে, (১) উক্ত ব্যবসায়ীর নাম কি, এবং (২) প্রস্তাবিত মিশ্র ইস্পাত কারখানা করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(ঘ) ঝালদার সিমেন্ট কারখানার নির্মাণ কাজ কবে নাগাত শুরু হইবে?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) কেন্দ্রীয় ইস্পাত মন্ত্রকের উপদেশানুযায়ী প্রস্তাবিত মিশ্র ইস্পাত কারখানায় উৎপন্ন দ্রব্যের মিশ্রনের আনুপাতিক হার সম্বন্ধে একটি সংশোধিত প্রস্তাব ঐ মন্ত্রকের বিবেচনার জন্য পাঠানো হইয়াছে এবং ঐ মন্ত্রকের প্রতিবেদনের জন্য অপেক্ষা করা হইতেছে। ঝালদায় চূনাপাথর ভিত্তিক সিমেন্ট কারখানা স্থাপনের প্রস্তাবটি ঐ সম্বন্ধে সিমেন্ট কর্পোরেশন অব ইণ্ডিয়ার একটি প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে বিবেচনা করা হইতেছে।

(খ) এই সম্বন্ধে আমাদের কোন তথ্য জানা নাই।

(গ) (১) প্রশ্ন ওঠে না।

(২) সরকার যথাযোগ্য সম্বন্ধন ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

ইলামবাজার থানায় কুটির শিল্প

***৬১৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১০২৫।) **শ্রীশচীনন্দন সাউ:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) বীরভূম জেলার ইলামবাজার থানায় বর্তমানে কি কি কুটির শিল্প আছে; এবং

(খ) এই কুটির শিল্পের উন্নয়নের জন্য সরকার কি কি ব্যবস্থা করিয়াছেন?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) বীরভূম জেলার ইলামবাজার থানায় কাঁসা ও পিতলের বাসনপত্রাদির, গ্রামীণ কাষ্ঠ শিল্প ও গ্রামীণ লৌহ শিল্পের, মাটির জিনিসপত্রাদির, তাঁতের এবং বাঁশ ও বেতের দ্রব্যাদির কুটিরশিল্প বর্তমানে আছে।

(খ) কুটির শিল্পের উন্নতির জন্য কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প অধিকারের যে সমস্ত সহায়ক প্রকল্প আছে তাহা এই সব শিল্পের বেলাতেও প্রযোজ্য। যেমন বি এস এ আই অ্যাক্ট অনুসারে অল্প সুদে ঋণদান, উন্নত ধরনের তাঁতসরঞ্জাম বিতরণ, কাঁচামাল সরবরাহ, কার্যের মূলধন ইত্যাদি। ইলামবাজার থানার উপরোক্ত শিল্পীরাও এইসব সাহায্য লইয়া শিল্পের উন্নয়ন করিতে পারেন।

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প অধিকারের অধীনে সমবায় সমিতিগুলিকে সাহায্য করিবার জন্য যে একটি ইন্টারেস্ট সাবসিডি প্রকল্প আছে তাহার সম্বন্ধে স্থানীয় স্টেট ব্যাংক কর্তৃপক্ষকে জানান হইয়াছে যাহাতে স্থানীয় শিল্পীরা উহার সাহায্যে উপকৃত হইতে পারেন।

UNSTARRED QUESTIONS

(to which written answers laid on the Table)

এগরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১২৭১।) **শ্রীসামসুল আলম খানঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, এগরা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে অন্তর্বিভাগে বর্তমানে শয্যাসংখ্যা পঞ্চাশ, অথচ ঐ স্বাস্থ্যকেন্দ্রে কোন ঘেরা প্রাচীর নেই;

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন;

(গ) ঐ স্বাস্থ্যকেন্দ্রে "এক্স-রে" ও ক্লিনিক্যাল ল্যাবরেটরি সংস্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) ঐ স্বাস্থ্যকেন্দ্রের জন্য কোন এ্যাম্বুলেন্স দিবার ব্যবস্থা করিতেছেন কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) স্বাস্থ্যকেন্দ্রের চারদিকে ঝোপগাছের বেড়া দেবার ব্যবস্থা হচ্ছে।

(গ) বর্তমানে কোন এক্স-রে স্থাপনের প্রস্তাব নেই। এখানে রক্ত, মূত্র ইত্যাদি পরীক্ষার ব্যবস্থা রয়েছে।

(ঘ) ইউনিসেফ-এর সাহায্য পরিকল্পনার মাধ্যমে একটি "জিপ" জাতীয় গাড়ী যাতে দেওয়া যায় তার চেষ্টা চলছে।

ভেসেকটমি অস্ত্রোপচার

২৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ২৬এ ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখ মধ্যে কতজন পুরুষ ভেসেকটমি অস্ত্রোপচার করিয়াছেন;

(খ) কেন্দ্রীয় সরকার উক্ত অস্ত্রোপচারের জন্য কত টাকা দিয়াছেন;

(গ) বিভিন্ন জেলায় কত করিয়া টাকা দেওয়া হইয়াছে; এবং

(ঘ) উক্ত টাকা কি কি বিষয়ে ও কত ব্যয় হইয়াছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১,৪৫,৮৯৮ জন।

(খ) প্রতিটি ভেসেকটমি অস্ত্রোপচারের জন্য ১০০ টাকা।

(গ) নিম্নে একটি বিবরণী দেওয়া হইল।

(ঘ) চূড়ান্ত হিসাব না পাওয়া পর্যন্ত এখনই বলা সম্ভব নয়।

Statement referred to in reply to clause (ga) of unstarred question No. 250.

জেলা		লক্ষ টাকা
হাওড়া	...	১২
মেদিনীপুর	...	২৫
কলকাতা	...	২২·৫০
হুগলী	...	২০
বর্ধমান	...	২৪

জেলা		লক্ষ টাকা
নদীয়া	...	২৩
জলপাইগন্ড়ি	...	১২
দার্জিলিং	...	৩
মালদহ	...	১০
পন্রন্লিয়া	...	১০
বাঁকুড়া	...	১৩
কুচবিহার	...	১০
মন্শির্দাবাদ	...	২৩
পশ্চিম দিনাজপন্র	...	৭
২৪-পরগনা	...	২৫
বীরভূম	...	১২·৮৮

সেচ ও বন্যা নিয়ন্ত্রণে খরচ

২৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯।) **শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চলতি আর্থিক বৎসরে ৩১শে জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত সেচ ও জলপথ বিভাগ সেচ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য কোন্ জেলায় কত টাকা খরচ করিয়াছেন;

(খ) এই ব্যয়ের কত অংশ রাজ্য সরকারের ও কত অংশ কেন্দ্রীয় সরকারের; এবং

(গ) সেচ ও বন্যা নিয়ন্ত্রণ ব্যাপারে কোন্ কোন্ জেলাকে বেশী গন্রন্ত্ব দেওয়া হইয়াছে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সেচ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য উন্নয়ন খাতে যত টাকা খরচ হইয়াছে, তাহার জেলাভিত্তিক হিসাব এইরূপঃ

জেলা			টাকা
(১) দার্জিলিং	...	...	৭,৬১,৮৯০
(২) জলপাইগন্ড়ি	...	...	১,০২,১৫,০০০
(৩) কুচবিহার	...	...	.২৯,৫৪,০০০
(৪) মন্শির্দাবাদ	...	...	২৯,৭৪,০৫৪
(৫) মালদহ	...	...	৪,১২,১৭৪
(৬) পশ্চিম দিনাজপন্র	...	...	১,৯২,৫৯৭
(৭) নদীয়া	...	..	১৫,৪৫,৯০৯
(৮) বর্ধমান	...	...	২৪,৮৯,৪৬৪
(৯) বাঁকুড়া	...	...	১,১০,৯১,৮৭৫
(১০) হন্গলী	...	...	৫৬,৭৯,০১৪
(১১) হাওড়া	...	...	১,১০,৫৯,৮৯২
(১২) বীরভূম	...	...	৪৫,৪৮,০০০
(১৩) পন্রন্লিয়া	...	...	৩৬,২৫,০০০
(১৪) ২৪-পরগনা	...	...	৫২,১৯,০৩৮
(১৫) মেদিনীপন্র	...	...	২,৮১,১১,০০০

(খ) প্রতিটি রাজ্যে সামগ্রিক উন্নয়ন নির্বাহের জন্য রাজ্যসরকারগুলির সংগৃহীত নিজস্ব অর্থ ছাড়াও কেন্দ্রীয় সরকার কিছু অর্থ সাহায্য করিয়া থাকেন। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় এই কেন্দ্রীয় সাহায্য ব্লক ঋণ এবং অনুদান হিসাবে (রাজ্যের সামগ্রিক পরিকল্পনা কর্মসূচীর জন্য) দেওয়া হইতেছে। ইহার মধ্যে শতকরা ৭০ ভাগ অনুদান এবং ৩০ ভাগ ঋণ। সাধারণত কোন বিশেষ প্রকল্প বা সেক্টরের জন্য এই সাহায্য এখন পাওয়া যায় না।

"ক" প্রশ্নের উত্তরে বর্ণিত খরচের মধ্যে কেন্দ্রীয় সাহায্য এবং রাজ্যের সংগৃহীত সম্পদের পরিমাণ সেচ ও জলপথ বিভাগের জানা নাই।

(গ) বিশেষভাবে বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, হাওড়া, হুগলী, মালদহ, জলপাইগুড়ি, পশ্চিম দিনাজপুর ও ২৪-পরগনা জেলাগুলিকে সেচ ও বন্যা নিয়ন্ত্রণ ব্যাপারে গুরুত্ব দেওয়া হইয়াছে।

পশ্চিমবঙ্গে পশুচিকিৎসা কেন্দ্র

২৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭২৭।) **শ্রীশিশিরকুমার সেন:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে প্রতিটি ব্লকে পশুচিকিৎসা কেন্দ্র আছে কি;

(খ) থাকিলে, প্রতিটি চিকিৎসা কেন্দ্রে প্রয়োজনীয় ঔষধাদি ও ডাক্তার আছে কিনা; এবং

(গ) প্রতিটি পশুচিকিৎসা কেন্দ্রে আর্টিফিসিয়াল ইনসেমিনেসন রাখার ও দেওয়ার ব্যবস্থা আছে কিনা, ও না থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এবং (খ) হ্যাঁ।

(গ) প্রতি ব্লকের প্রতিটি পশুচিকিৎসা কেন্দ্রে এই ব্যবস্থা এখনও সম্প্রসারণ করা যায় নাই। তবে প্রতি ব্লকের পশুচিকিৎসা কেন্দ্রে এই ব্যবস্থা চালু করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

জেলাওয়ারী হাসপাতাল ও ডাক্তারের সংখ্যা

২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯১।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে জেলাওয়ারী হাসপাতালের সংখ্যা কত;

(খ) হাসপাতালগুলির মধ্যে কোন্ প্রকারের কতটি হাসপাতাল আছে;

(গ) এই হাসপাতালগুলিতে কর্মরত মোট ডাক্তারের সংখ্যা কত;

(ঘ) ডাক্তারগণের মধ্যে পার্ট টাইম, সুপারনিউমেরারী, অনোর‍্যারী সহ মোট কোন্ প্রকারের কত ডাক্তার কোন্ কোন্ হাসপাতালে কতজন কর্তব্যরত আছেন; এবং

(ঙ) বিভিন্ন প্রকারের কর্মরত ডাক্তারগণের মধ্যে চার বৎসরের উর্ধ্বকাল ধরে একই হাসপাতালে কর্মরত আছেন এমন ডাক্তারের সংখ্যা কলিকাতা ও তার উপকণ্ঠের হাসপাতালগুলির কোন্‌টিতে কতজন আছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) জেলা পর্যায়ে ১২১টা হাসপাতাল আছে, জেলাওয়ারী একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

(খ) উক্ত হাসপাতালগুলির শ্রেণী বিভাগ নিম্নরূপ:

(১) জেলা হাসপাতাল—১৫টা।

(২) সাবডিভিসনাল হাসপাতাল—৩১টা।

(৪) এ জি হাসপাতাল- ৩৪টা।

(৫) রিলিফ ক্যাম্প হাসপাতাল-৮টা।

(গ) ১,৬৮৩ জন।

(ঘ) উক্ত ১,৬৮৩ জন চিকিৎসকের মধ্যে পার্ট টাইম অনোরারী চিকিৎসকের সংখ্যা ৬৩ জন এবং সুপারনিউমেরারী চিকিৎসকের সংখ্যা ৪৩ জন। পার্ট টাইম অনোরারী চিকিৎসক ছাড়া বাকি সকলে পুরো সময়ের জন্য নিযুক্ত।

(ঙ) কলিকাতা- ১৮৩ জন।

কলিকাতা উপকণ্ঠস্থ হাসপাতাল—একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clauses (Ka) and (Unga) of unstarred question No. 253.

(ক) [illegible] তালিকা

জেলার নাম		হাসপাতালের সংখ্যা
১। মেদিনীপুর	...	১৮
২। বর্ধমান	..	৬
৩। বীরভূম	...	২
৪। বাঁকুড়া	...	৫
৫। হুগলী	...	১১
৬। হাওড়া	...	৪
৭। ২৪-পরগনা	...	১৬
৮। কলিকাতা	...	১৯
৯। নদীয়া	...	১০
১০। মুর্শিদাবাদ	...	১৩
১১। পশ্চিম দিনাজপুর	...	৩
১২। জলপাইগুড়ি	...	২
১৩। দার্জিলিং	...	৫
১৪। মালদহ	...	১
১৫। কুচবিহার	...	৫
১৬। পুরুলিয়া	...	১
	মোট	১২১

(ঙ) অংশে বর্ণিত তালিকা

১।	চুঁচুড়া হাসপাতাল	...	৫
২।	উত্তরপাড়া হাসপাতাল	...	১
৩।	চন্দননগর হাসপাতাল	...	৪
৪।	শ্রীরামপুর হাসপাতাল	...	১
৫।	বারাসত হাসপাতাল	...	২
৬।	ব্যারাকপুর হাসপাতাল	...	৪
৭।	সাগর দত্ত হাসপাতাল	...	৪
৮।	হাওড়া জেনারেল হাসপাতাল	...	৭
৯।	উলুবেড়িয়া হাসপাতাল	...	২
		মোট	৩০

প্রাথমিক এবং সহায়ক স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসক

২৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৯।) ডাঃ ওমর আলি ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের [illegible]গুলি প্রাথমিক এবং সহায়ক স্বাস্থ্যকেন্দ্রে একজনও চিকিৎসক নাই;

(খ) সত্য হইলে

(১) কয়টি ক্ষেত্রে, ও

(২) চিকিৎসক বিহীন স্বাস্থ্যকেন্দ্রগুলিতে চিকিৎসক নিয়োগের চেষ্টা ১৫ই ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত কয়টি ক্ষেত্রে সফল হইয়াছে; এবং

(গ) ডাক্তারী ডিগ্রীপ্রাপ্ত সাবডিভিশন্যাল হেল্থ অফিসারদের অথবা স্যানিটারী ইন্সপেক্টর-দের স্বল্পকালীন ট্রেনিং দিয়া চিকিৎসক বিহীন স্বাস্থ্যকেন্দ্রগুলিতে নিয়োগ করার কোন পরিকল্পনা আছে কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ৬১টি (৩টি প্রাথমিক ও ৫৮টি সহায়ক) স্বাস্থ্যকেন্দ্র।

(২) ২০টি ক্ষেত্রে।

(গ) না।

পশ্চিমবঙ্গে ক্র্যাস প্রোগ্রাম

২৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫।) **শ্রীসুধীরচন্দ্র দাসঃ** গত ৭ই জুলাই, ১৯৭২ তারিখে প্রদত্ত তারকিত *৪৯৮ (অনুমোদিত প্রশ্ন নং *৭৯১) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ১৯৭২ সালের জুন মাস হইতে ডিসেম্বর মাস পর্যন্ত কতগুলি ক্র্যাস প্রোগ্রাম কোন্ কোন্ জেলায় চালু ছিল এবং এ খাতের জন্য কত টাকা ব্যয় হইয়াছে; এবং

(খ) এ প্রোগ্রাম-এ উক্ত সময়ে মোট কত শ্রমিক কাজ করিয়াছে?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) এ সম্পর্কে একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 255.

STATEMENT

	Name of districts.	Number of projects running during June-December, 1972.	Expenditure incurred during June-December, 1972.	Number of man-days of employment generated during June-December 1972.
			Rs.	
1.	Malda	33	9,15,614	314,927
2.	Purulia	5	8,48,561	427,770
3.	Murshidabad	17	3,77,320	177,704
4.	Birbhum	27	12,63,264	434,914
5.	Darjeeling	6	10,18,700	338,870
6.	24-Parganas	22	11,77,490	340,033
7.	Cooch Behar	35	2,60,467	78,686
8.	Howrah	6	1,1[illegible],512	277,749
9.	Nadia	[illegible]	3,46,265	198,155
10.	West Dinajpur	21	4,66,429	128,320
11.	Jalpaiguri	[illegible]	1,14,828	98,196
12.	Burdwan	11	9,72,975	201,070
13.	Midnapore	62	12,30,352	440,011
14.	Hooghly	18	5,66,904	172,022
15.	Bankura	12	2,35,390	78,006
		339	99,73,504	3,039,019

নদীয়া জেলায় ব্লকভিত্তিক নলকূপ মেরামতের জন্য মঞ্জুরীকৃত অর্থ

২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১১৩।) **শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ** স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে নলকূপ মেরামতের (রি-সিংকিং) জন্য নদীয়া জেলায় ব্লকভিত্তিক কত টাকা দেওয়া হইয়াছে;

(খ) বরাদ্দকৃত সব টাকা খরচ করা হইয়াছে কি; এবং

(গ) না হইলে ইহার কারণ কি?

স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) শুধু রি-সিংকিং-এর জন্য এবং ব্লকভিত্তিকভাবে কোনও অর্থ মঞ্জুর করা হয় নি। জেলাভিত্তিক হিসাবে নদীয়া জেলার জন্য নলকূপ খনন, পুনর্খনন ও পাতকুয়ো খননের জন্য মোট ৩ লক্ষ টাকা মঞ্জুরী বাবদ ও আনুষাঙ্গিক খরচের জন্য মঞ্জুর করা হয়। যে অর্থ মঞ্জুর করা হয় তাহা হইতে উক্ত জেলাশাসক বিভিন্ন ব্লকে রি-সিংকিং-এর জন্য ৮৭ হাজার ৫ শত টাকা দিয়েছিলেন। ব্লকওয়ারী হিসাব নিম্নে বিবরণীতে দেওয়া হইল।

(খ) না।

(গ) সামগ্রিকভাবে জেলার লক্ষ্যমাত্রা পূর্ণ হওয়ায় কিছু টাকা উদ্বৃত্ত হয়েছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 256.

ব্লকের নাম		বরাদ্দকৃত অর্থের পরিমাণ
		টাকা
১। করিমপুর	...	৭,০০০
২। তেহাট্টা ১	...	৬,৪৭৫
৩। তেহাট্টা-২	...	৩.১৫০
৪। কালিয়াগঞ্জ	...	৩,৫০০
৫। নাকাশিপাড়া	..	৭.৮৭৫
৬। চাপড়া	.	৭.৮৭৫
৭। কৃষ্ণগঞ্জ		৩,৬৭৫
৮। কৃষ্ণনগর ১	..	১০,৫০০
৯। কৃষ্ণনগর-২	...	৩,৫০০
১০। নবদ্বীপ	...	৫,২৫০
১১। শান্তিপুর	...	৫.২৫০
১২। হাঁসখালি	...	৫,২৫০
১৩। রাণাঘাট-১	...	৪,৭২৫
১৪। রাণাঘাট-২	...	৭,০০০
১৫। চাকদা	...	৪,৩৭৫
১৬। হরিণঘাটা	...	২.১০০

সেচের জল সরবরাহের জন্য পাম্পসেট, গভীর ও অগভীর নলকূপ

২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৫) **শ্রীশিশ মহম্মদঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালে পশ্চিমবঙ্গে জমিতে সেচের জল সরবরাহের জন্য কতগুলি পাম্পসেট, গভীর ও অগভীর নলকূপ বসানো হইয়াছে; এবং

(খ) উক্ত পাম্পসেট, গভীর ও অগভীর নলকূপের জেলাওয়ারী হিসাব কি?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পাম্পসেট, ৯,২০২টি, গভীর নলকূপ ৬৮টি এবং অগভীর নলকূপ ৭,২৮০টি বসানো হইয়াছে।

(খ)

	জেলার নাম	পাম্প সেট	গভীর নলকূপ	অগভীর
১।	২৪-পরগনা (উত্তর)	..	৪	..
২।	২৪-পরগনা (দক্ষিণ)	৬৬৩	..	৬১৭
৩।	নদীয়া	৫৬০	১৪	৯৬৩
৪।	মুর্শিদাবাদ	৮৭৭	১১	১,৬৪৬
৫।	হাওড়া	৩২৮	৯	১৬
৬।	মালদহ	১,০৬২	..	৭৯২
৭।	পশ্চিম দিনাজপুর	১,০৪৩	..	৮৪৪
৮।	হুগলী	৮১০	১৪	৩১০
৯।	বর্দমান	১,০৪৭	২	১,১৫৭
১০।	বীরভূম	৫৮৪	..	৩৯১
১১।	বাঁকুড়া	৩৮৫	..	৪৬
১২।	মেদিনীপুর (পূর্ব)	৮০১	১০	১৭৬
১৩।	মেদিনীপুর (পশ্চিম)	৭০৮	২	৩১০
১৪।	পুরুলিয়া	৩১৪	..	..
	মোট	৯,২০২	৬৮	৭,২৮০

যাদবপুর থানা এলাকাধীন এম আর ৩২নং দোকান

২৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬৮।) **শ্রীগণপতি সুরঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, যাদবপুর থানা অঞ্চলে স্থানীয় অধিবাসীদের সুবিধার জন্য এম আর ৩২ নম্বরের দোকানটি খোলার জন্য দীর্ঘ দিন পূর্বে আবেদনপত্র সরকারের নিকট জমা দেওয়া হইয়াছে; এবং

(খ) সত্য হইলে,

(১) কবে এই আবেদনপত্র সরকার পাইয়াছেন, ও

(২) এই বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রীর নিকট লিখিত দুইটি আবেদনপত্র সরকার যথাক্রমে ১৮ই জুন, ১৯৭১ এবং ৩রা জুন, ১৯৭২ তারিখে পাইয়াছেন।

(২) গত ৩রা জুলাই, ১৯৬৯ তারিখে বিনা ক্যাশ মেমো এবং বিনা রেশন কার্ডে ১৫ কে জি চাউল বিক্রয় করার অপরাধে যাদবপুর থানার অন্তর্গত পূর্ব পুটিয়ারী অঞ্চলের এম আর ডিলার শ্রীকিশোরীমোহন সাহাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। এই সাময়িক বরখাস্তের বিরুদ্ধে শ্রীসাহা কলিকাতা হাইকোর্টে একটি মামলা দায়ের করেন। রাজ্যসরকার মামলাটির বিরোধিতা করেন এবং অবশেষে ইহা খারিজ হইয়া যায়। ইহার পর রাজ্যসরকার এম আর ডিলারটির বিরুদ্ধে চুক্তি অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিয়া গত ১লা জুলাই, ১৯৭২ তারিখে তাহার ডিলারসিপ নাকচ করিয়া একটি আদেশ জারী করেন।

পশ্চিমবঙ্গের কারাগার

২৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫৩।) শ্রীঅজিতকুমার বসু (মেদিনীপুর)ঃ স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) পশ্চিমবঙ্গের কারাগারগুলিতে কয়েদী পলায়ন বন্ধের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) মেদিনীপুরে বর্তমানে মোট কতগুলি কারাগার আছে ও উক্ত কারাগারগুলিতে বর্তমানে কয়েদী ও বিচারাধীন বন্দীর সংখ্যা কত?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(Ka) A statement is laid on the Table (Annexure).

(Kha) There are five jails in Midnapore district and the number of prisoners (jail-wise) is as follows.

	Convicted	Undertrials
(1) Midnapore Central Jail	649	1,347
(2) Contai Sub-Jail	7	96
(3) Jhargram Sub-Jail	11	108
(4) Ghatal Sub-Jail	3	64
(5) Tamluk Sub-Jail	17	126

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 259.

ANNEXURE

Statement showing the details of the measures taken for preventing the escape of prisoners from Jails

(1) In order to prevent the Jail breaking incidents a number of effective steps have been and are being taken to tighten up the Jail administration and augment the security of the Jails. A police officer of the rank of D.I.G. of Police has been appointed as the Chief Security Officer in the Prisons Directorate to look after the security aspect of the Jails. Besides, Security Officers of the rank of Inspectors and Sub-Inspectors of Police have already been appointed in some Jails and necessary steps are being taken for the posting of Security Officers in some other important Jails.

(2) Steps have been taken for relieving over-congestion in Jails. A new Special Jail has already been opened at Berhampore.

(3) Arrangements have been made for guarding the perimeter walls of important Jails from outside also, in addition to the arrangements for guarding from inside. Steps have been and are being taken to raise the height of perimeter walls, set up watch-towers, sentry boxes and also to make adequate lighting arrangements, in the important Jails.

(4) Defects in the construction of Jails are being rectified and improvement is being effected in the structures of Jails.

(5) The strength of the guarding staff of Jails has been augmented.

(6) A scheme for intensive training of the Warders and other Jail officials has been under active consideration. For this purpose the Warders Training Institute has already been shifted from Dum Dum to Chhatna in district Bankura where better accommodation and arrangements are possible.

(7) The District Magistrate have been advised to maintain close supervision over the Jail administration of the district for better supervision and vigilance.

(8) Disciplinary actions have been and are being taken against the Jail staff concerned for dereliction of duty in connection with the recent incidents of Jail breaking.

অনাথ আশ্রম

২৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২৭।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অক্ষম ও নিরাশ্রয় বয়স্ক ব্যক্তি ও অন্যান্যদের জন্য পশ্চিমবঙ্গে কয়টি অনাথ আশ্রম আছে;

(খ) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ স্থানে উক্ত অনাথ আশ্রম আছে ও প্রতিটি আশ্রমপিছু সরকার কি পরিমাণ অর্থ ব্যয় করেন; এবং

(গ) আসানসোল মহকুমায় সরকারী উদ্যোগে কোন অনাথ আশ্রম খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ত্রাণ ও কল্যাণ বিভাগের পরিচালনায় বর্তমানে পশ্চিমবঙ্গে ২১টি সরকারী অনাথ আশ্রম আছে।

(খ) উক্ত আশ্রমগুলির নাম ঠিকানা ও আশ্রমপিছু বাৎসরিক (১৯৭১-৭২) ব্যয়ের পরিমাণ নিম্নে একটি তালিকা দেওয়া হইল।

(গ) আপাততঃ নাই।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 260

আশ্রমের নাম ও ঠিকানা	বাৎসরিক ব্যয় টাকা
(১) মধ্যবিত্ত বয়স্কব্যক্তিদের আশ্রম, ঝাড়গ্রাম, মেদিনীপুর	১৮,৩০১
(২) বয়স্ক ও অক্ষম রাজনৈতিক নির্যাতিত ব্যক্তিদের আবাস, দক্ষিণ গড়িয়া, ২৪-পরগনা	৭৭,০৯০
(৩) দুঃস্থাবাস, রাজমোহন রোড, উত্তরপাড়া, হুগলী	১,৬৮,২৭৭
(৪) সুন্দরবাই মুলচাঁদ মহতা হোম, ৮ ষ্টার্ক রোড, লিলুয়া, হাওড়া	৫,৯৬,১২৯
(৫) বিদ্যাসাগর বালিকা ভবন, গোপ, মেদিনীপুর	৩,৬০,০৯১
(৬) ধ্রুবাশ্রম, ৩০ শ্রীগোপাল মল্লিক রোড, আড়িয়াদহ, ২৪-পরগনা	২,০৩,৯৯১
(৭) মূক ও বধির বিদ্যালয়, রায়গঞ্জ, পশ্চিম দিনাজপুর	৫৬,৩৯৭
(৮) অন্ধ বিদ্যালয়, কুচবিহার	৫১,০৯১
(৯) নিরপরাধ শিশু আবাস, বহরমপুর, মুর্শিদাবাদ	৭৭,০০০
(১০) ইন্ডাস্ট্রিয়াল স্কুল, বেনজেটিয়া, মুর্শিদাবাদ	৫৭,৯৬৯
(১১) আফটার কেয়ার হোম, বহরমপুর, মুর্শিদাবাদ	৩৫,৫৩৬
(১২) সংশোধনী ও শিল্প বিদ্যালয়, আনন্দমঠ, পুরুলিয়া	১,৯০,৭৫০
(১৩) দুঃস্থ ও অবহেলিত বালকদের আবাস, কালিম্পং, দার্জিলিং	সম্প্রতি খোলা হইয়াছে।
(১৪) সংশোধনী বিদ্যালয়, কাদাই, মুর্শিদাবাদ	৯১,৪৯০
(১৫) সাময়িক ভবঘুরে আবাস, আন্দুল রোড, হাওড়া	৩,৯৩,৮০১
(১৬) মহিলা ভবঘুরে আবাস, উত্তরপাড়া, হুগলী	৩,১৬,৯১৮
(১৭) পুরুষ ভবঘুরে আবাস, ১৭।১ ক্যানাল স্ট্রীট, কলিকাতা-১৪	১,৪৬,৮৬৪
(১৮) বিশেষ ভবঘুরে আবাস, মেদিনীপুর	২,৭০,৩৪৮
(১৯) কুষ্ঠ ব্যাধিগ্রস্ত ভবঘুরে আবাস, ৭৫।১ বেলেঘাটা মেন রোড, কলিকাতা-১০	১,৭১,১২৬
(২০) নূতন ভবঘুরে আবাস, শরৎ ঘোষ গার্ডেন রোড, ঢাকুরিয়া, কলিকাতা-৩১	৬৫,৭১৮
(২১) প্রোডাকসান সেন্টার, মেদিনীপুর	২৮,৫৬৮

কেন্দুপাতা

২৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৫।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কেন্দুপাতার অরণ্য কোন্ কোন্ জায়গায় আছে;

(খ) কেন্দুপাতা থেকে সরকারের বার্ষিক গড় আয় কত হয়; এবং

(গ) মেদিনীপুর ও তৎসংলগ্ন অঞ্চলে কেন্দুপাতার অরণ্য সৃষ্টি করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

বন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলায়।

(খ) ৬,৫৪,১৪৪ টাকা।

(গ) কেন্দুগাছ আপনা থেকে ক্ষয়িষ্ণু শাল জঙ্গলে জন্মায়। সেজন্য কেন্দুপাতার অরণ্য সৃষ্টির প্রশ্নই ওঠে না।

খেদায় ধরা হাতি

২৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬২।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) পশ্চিমবঙ্গে গত পাঁচ বছরে কতবার খেদায় হাতি ধরা হয়েছে;

(খ) উক্ত ধরা হাতিগুলি বিক্রি করে সরকার কত টাকা আয় করেছেন; এবং

(গ) বর্তমানে খেদায় হাতি ধরা হয় কি?

বন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) গত পাঁচ বছরে খেদায় কোন হাতি ধরা হয় নাই। ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ সালে একবার মেলা শিকারে হাতি ধরা হয়েছে।

(খ) ২৮টি হাতি ধরা হয় এবং রাজস্ববাবত সরকারের ৭,৬০০ টাকা আয় হয়।

(গ) খেদা ও মেলা শিকারে হাতি ধরা হয়।

সুন্দরবনে বাঘ শিকার নিষিদ্ধকরণ

২৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) সুন্দরবনের বিভিন্ন ব্লকে বাঘ শিকার সরকার নিষিদ্ধ করেছেন কি;

(খ) সুন্দরবনে টাইগার পার্ক স্থাপনের জন্য পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের সহিত কোন যোগাযোগ করেছেন কি;

(গ) করে থাকলে, তার ফলাফল কি;

(ঘ) ইহা কি সত্য যে, সুন্দরবনের বিভিন্ন ব্লকে বাঘ শিকার সরকার নিষিদ্ধ করেছেন; এবং

(ঙ) সত্য হলে, কবে থেকে?

বন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ, (ঘোষিত নরখাদক বাঘ ব্যতীত)।

(খ) হ্যাঁ, তবে 'টাইগার পার্ক' নহে, 'টাইগার রিজার্ভ' স্থাপনের জন্য।

(গ) বিশেষজ্ঞ কমিটির সুপারিশ অনুযায়ী সুন্দরবনে ব্যাঘ্র সংরক্ষণকেন্দ্র স্থাপনের পরিকল্পনা কেন্দ্রীয় সরকার গ্রহণ করেন। এই বিষয়ে আলোচনা চলিতেছে।

(ঘ) (ক) প্রশ্নে উত্তর দেওয়া হয়েছে।

(ঙ) ১৯৭০ সনের ১৭ই সেপ্টেম্বর থেকে।

বনভূমি সৃষ্টির প্রস্তাব

২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮০।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুরের ত্রিসীমানায় ১৫০ বর্গমাইল পরিমিত উষর ও বন্ধুরভূমিতে সংরক্ষিত বনভূমি সৃষ্টির যে প্রস্তাব ছিল তাহা কার্যকরী হয়েছে কিনা; এবং

(খ) অন্যান্য জেলায় অনুরূপ ভূমিতে বনভূমি সৃজন করার কোন পরিকল্পনা আছে কি?

বন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এরূপ কোন প্রস্তাব ছিল না।

(খ) পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুর সহ পশ্চিমবঙ্গের অন্যান্য জেলায় বন অধিকারের অধীন বনবিহীন ভূমিতে বনসৃজন হইতেছে।

হলঙ্ ফরেস্ট লজ

২৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৮১।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলঙ্ ফরেস্ট লজ-এ জেনারেটর স্থাপন করতে বন বিভাগ কত টাকা ব্যয় করেন;

(খ) উক্ত ফরেস্ট লজটি স্থাপন করতে কত টাকা ব্যয় হয়;

(গ) এই বাংলো স্থাপনের পর হইতে ৩১এ ডিসেম্বর, ১৯৭২ পর্যন্ত কতজন পর্যটক এখানে এসেছিলেন; এবং

(ঘ) উক্ত লজটি থেকে উক্ত সময়ে বন বিভাগ কত টাকা আয় করেন?

বন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) টাকা ২৩,৮৩০·৫৮।

(খ) টাকা ৮৬,৬৫৮·৪৫।

(গ) ২১৮ জন।

(ঘ) টাকা ৩,৮২৬·৫০।

হোমিওপ্যাথী, কবিরাজী ও ইউনানী চিকিৎসক

২৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারী হিসাব অনুযায়ী হোমিওপ্যাথী, কবিরাজী ও ইউনানী চিকিৎসকের সংখ্যা বর্তমানে কত; এবং

(খ) ঐ সমস্ত চিকিৎসকের উপযুক্ত শিক্ষা ও ট্রেনিংয়ের ব্যবস্থার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা, এবং থাকলে, তাহা কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) (১) রেজিস্টার্ড কবিরাজের মোট সংখ্যা ২,১২৪; (২) রেজিস্টার্ড হোমিওপ্যাথের মোট সংখ্যা ১০,০৯৫; এবং (৩) কোন রেজিস্টার্ড ইউনানী চিকিৎসক নাই।

(খ) না।

গ্রামে ডিপথেরিয়া রোগের প্রাদুর্ভাব

২৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সম্প্রতি গ্রামে গ্রামে ডিপথেরিয়া রোগের প্রাদুর্ভাব ঘটেছে;

(খ) অবগত থাকলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করেছেন;

(গ) ইহা কি সত্য যে, গ্রামের বহু প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্রে ডিপথেরিয়া রোগের প্রতিষেধক অ্যান্টি-টক্সিন পাওয়া যায় না; এবং

(ঘ) সত্য হলে ডিপথেরিয়া প্রতিষেধক 'অ্যান্টি-টক্সিন' গ্রামের প্রতি স্বাস্থ্য ও উপ-স্বাস্থ্য-কেন্দ্রে মজুত রাখার কোন ব্যবস্থা হয়েছে কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) (১) ডিপথেরিয়া রোগের খবর পাওয়ামাত্র রোগীকে নিকটবর্তী হাসপাতালে চিকিৎসার জন্য প্রেরণ করা হয়। এ ছাড়া (২) ডিপথেরিয়া রোগের প্রতিষেধক ট্রিপল অ্যান্টিজেন এবং ডাবল অ্যান্টিজেন আক্রান্ত রোগীর বাড়ি ও উহার সংলগ্ন বাড়িগুলিতে দেওয়া হয় ও হচ্ছে।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

গ্রামাঞ্চলে ম্যালেরিয়া রোগের প্রাদুর্ভাব

২৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গ্রামাঞ্চলে ম্যালেরিয়া রোগের পুনরায় প্রাদুর্ভাব ঘটেছে; এবং

(খ) অবগত থাকলে, এর প্রতিকারকল্পে সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) ম্যালেরিয়া রোগাক্রান্ত গ্রামগুলিতে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব প্রতিরোধ করিবার জন্য নিম্নলিখিত প্রতিষেধকমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে:

(১) ম্যালেরিয়া রোগের প্রতিষেধকমূলক ঔষধ প্রাইমাকুইন বটিকা ম্যালেরিয়া রোগাক্রান্ত ব্যক্তিকে পর পর পাঁচদিন সেবন করানো হচ্ছে;

(২) ঐসমস্ত এলাকার বাসস্থান ও গোয়ালঘরগুলিতে কীটনাশক ঔষধ ডি ডি টি ছড়ানো হচ্ছে; এবং

(৩) আক্রান্ত এলাকার যথাসম্ভব সকল ব্যক্তির রক্তপরীক্ষা করে ম্যালেরিয়া চিকিৎসার বন্দোবস্ত করা হচ্ছে।

সুন্দরবনে হরিণ শিকার

২৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯০।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সুন্দরবনে বহুসংখ্যক চিতল হরিণ ফাঁদে অথবা বন্দুকের গুলিতে চোরা শিকারীদের হাতে নিহত হয়; এবং

(খ) অবগত থাকলে, অবৈধভাবে হরিণ মারা বন্ধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এইরূপ কয়েকটি ঘটনা ঘটেছে।

(খ) হরিণ মারা বর্তমানে নিষিদ্ধ। আইনের সাহায্যে অবৈধ শিকার বন্ধের জন্য আইন অমান্যকারীদের কঠোর দণ্ড দেবার ব্যবস্থা হইতেছে। স্থানীয় পুলিস যাহাতে বন বিভাগীয় অফিসারদের এই বিষয়ে সহায়তা করে সেজন্যও নির্দেশ দেওয়া হইয়াছে।

লবণহ্রদে বিহঙ্গালয় স্থাপন

২৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, লবণহ্রদে সরকারের একটি বিহঙ্গালয় নির্মাণ করার পরিকল্পনা আছে;

(খ) সত্য হইলে, উক্ত বিহঙ্গালয় সংস্থাপনের জন্য বিশেষজ্ঞদের নিকট হইতে কোন রিপোর্ট সরকার পাইয়াছেন কি; এবং

(গ) ঐ পরিকল্পনাটি বর্তমানে কি পর্যায়ে আছে?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

(গ) ভারত সরকারের অসামরিক বিমান চলাচল দপ্তর, বিহঙ্গালয় স্থাপিত হইলে পক্ষীকুলের দ্বারা বিমান চলাচল বিঘ্ন ঘটিতে পারে এইরূপ অভিমত প্রকাশ করিয়া প্রস্তাবটির বিরোধিতা করিয়াছেন। বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

পশ্চিমবঙ্গের অরণ্যে চোরাশিকারী

২৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯২।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের অরণ্যে যেসমস্ত চোরাশিকারী বন্যপ্রাণী নির্বিচারে হত্যা করে চলেছে তাদের বিরুদ্ধে সরকার কোন ব্যবস্থা অবলম্বন করেছেন কি না;

(খ) পশ্চিমবঙ্গের বিভিন্ন বনাঞ্চলে চোরাশিকারীরা গত তিন বৎসরে কত বন্যপ্রাণী হত্যা করেছে;

(গ) সরকার চোরাশিকারীদের হাত থেকে সুন্দরবনের বাঘ, গরুমারা ও জলদাপাড়া অভয়ারণ্যে এক-খড়্গ গণ্ডারকে রক্ষা করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন; এবং

(ঘ) একথা কি সত্য যে, গরুমারা অভয়ারণ্যে যে ছয়টি গণ্ডার অবশিষ্ট আছে, তাহাও অদৃশ্য হয়ে গেছে?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, ব্যবস্থা অবলম্বন করা হয়েছে।

(খ) ১০৫টি। এর মধ্যে ১৯৭১-৭২ সালে উত্তরবঙ্গে নিহত বন্যপ্রাণীর সংখ্যা ধরা নাই কারণ ঐ সংখ্যা এখনও সঠিকভাবে সঙ্কলিত হয় নি।

(গ) রক্ষণাবেক্ষণ কার্যে বনকর্মী নিযুক্ত আছে। গরুমারা ও জলদাপাড়া অভয়ারণ্যে রক্ষীর সংখ্যা বাড়ানো হয়েছে। আইনের সাহায্যে চোরাশিকারীদের কঠোর শাস্তি দেবার ব্যবস্থা হচ্ছে।

(ঘ) না।

সুন্দরবনে চোরাশিকারীদের দ্বারা বাঘ শিকার

২৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সুন্দরবনে এক ধরনের চোরাশিকারী বন্দুক পেতে বাঘ শিকার করে;

(খ) অবগত থাকলে, এই ধরনের অবৈধ শিকার বন্ধের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন; এবং

(গ) গত ১৯৬৭ সাল থেকে ১৯৭২ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত সুন্দরবনে চোরা-শিকারীদের দ্বারা নিহত বাঘের সংখ্যা কত?

বন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) দুটি।

সুন্দরবনে নরখাদক বাঘ শিকারের জন্য অনুমতিপ্রাপ্ত শিকারীদের সংখ্যা

২৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৭০ সালের জানুয়ারি হইতে ১৯৭২ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত সুন্দরবনের বিভিন্ন ব্লকে নরখাদক বাঘ শিকারের জন্য কতজনকে বাঘ মারার অনুমতি দেওয়া হয়েছিল এবং এই সময়ে কত বাঘ মারা পড়েছিল;

(খ) পারমিটধারী শিকারীদের মধ্যে নিহত বা আহত শিকারীদের সংখ্যা কত; এবং

(গ) সুন্দরবনের সব বাঘই কি নরখাদক?

বন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) মোট ৩৪ জনকে এবং বাঘ মারা পড়ে একটি।

(খ) এইরূপ ঘটনা ঘটে নাই।

(গ) এই বিষয়ে সঠিক বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা এখনও হয় নাই।

মাস মিডিয়া বিভাগটির পুনর্গঠন

২৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৬।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** স্বাস্থ্য ও পরিবার পরি-কল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাস মিডিয়া বিভাগটিকে ঢেলে সাজাবার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত বিভাগে গ্রামের যুবকদের নিয়োগের ব্যাপারে অগ্রাধিকার দেওয়ার কোন ব্যবস্থা সরকারের আছে কিনা?

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এই সংস্থা কেন্দ্রীয় সরকারের অনুমোদন অনুসারে গঠিত হয়েছে; আপাতত বিভাগটিকে ঢেলে সাজাবার কোন নির্দেশ রাজ্য সরকার পান নি।

(খ) প্রশ্ন উঠে না।

চর্মরোগ

৩৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২৬২।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ কথা কি সত্য যে, গত দুই বছরে শহর ও শহরতলিতে চর্মরোগ বৃদ্ধি পেয়েছে; এবং

(খ) সত্য হলে, (১) চর্মরোগ বৃদ্ধি পাওয়ার কারণ কি; এবং (২) সরকার এই রোগ প্রতিরোধের জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) সরকারের নিকট এরূপ কোন সংবাদ নাই।
(খ) প্রশ্ন উঠে না।

মানসিক রোগের হাসপাতাল

৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৭।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত পশ্চিমবঙ্গে মানসিক রোগের হাসপাতালের সংখ্যা কত এবং তাহারা কোথায় অবস্থিত;

(খ) ঐসমস্ত হাসপাতালে চিকিৎসাধীন মানসিক রোগীর মধ্যে স্ত্রী ও পুরুষের সংখ্যা কত; এবং

(গ) ঐসমস্ত হাসপাতালে ফ্রি বেড কতগুলি আছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ছয়টি। সংলগ্ন বিবরণীতে তাদের বিশদ বিবরণ নিম্নে দেওয়া হইল।

(খ) সংলগ্ন বিবরণীতে বাঞ্ছিত বিবরণ নিম্নে প্রদত্ত হইল।

(গ) সংলগ্ন বিবরণীতে বাঞ্ছিত বিবরণ নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clauses (Ka), (Kha) and (Ga) of unstarred question No. 301

বিবরণী

	মানসিক হাসপাতালের নাম ও ঠিকানা।	সরকারী বা বেসরকারী।		শয্যা সংখ্যা			ফ্রি বেডের সংখ্যা	মন্তব্য।
				পুরুষ	স্ত্রী	মোট		
১।	হসপিট্যাল ফর মেণ্টাল ডিজিজেস, ১৮ গোবরা রোড, কলিকাতা।	সরকারী	..	৬৪	৪৬	১১০	৭৫	
২।	মেণ্টাল অবজারভেশন ওয়ার্ড ৭ নং ভবানীপুর রোড, কলিকাতা-২০।	সরকারী	..	২০	১০	৩০	৩	
৩।	লুম্বিনী পার্ক মেণ্টাল হসপিটাল, ১১৫ ডাঃ গিরীন্দ্র শেখর বোস রোড, কলিকাতা-৩৯।	বে-সরকারী	..	১৩৫	৫৫	১৯০	**৪৬	**ইহার মধ্যে ৩৫টি সরকারের সংরক্ষিত শয্যা।
৪।	বঙ্গীয় উন্মাদ আশ্রম, দত্তনগর, সাউথ দমদম, কলিকাতা-৫০।	বে-সরকারী	..	৫০	৫০	১০০	..	
৫।	মেণ্টাল হসপিটাল, মানকুণ্ড, জেলা হুগলী ..	বে-সরকারী	..	*৮০	*৮০	*১৬০	১৫	*বর্তমানে ১১৩টি শয্যা (পুরুষ ৫৮টি এবং স্ত্রী ৫৫টি) চালু আছে।
৬।	সরকারপুল ইন্‌ষ্টিটিউট অফ মেণ্টাল হেল্‌থ, বজবজ রোড, পোঃ সরকারপুল, জেলা চব্বিশ-পরগণা।	বে-সরকারী	..	৭৮	৫২	১৩০	১৫	

রাঁচির কাঁকের মানসিক হাসপাতাল

৩০২। (অনুমোদিত প্রশ্ন নং ২৭১।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী রাঁচির কাঁকের মানসিক হাসপাতালে রোগীদের মধ্যে পশ্চিমবঙ্গের কতজন পুরুষ ও স্ত্রী উন্মাদ রোগী ৩১এ জানুয়ারি, ১৯৭৩ সাল পর্যন্ত চিকিৎসাধীন আছেন;

(খ) কাঁকের হাসপাতালে পশ্চিমবঙ্গের জন্য কোন আসন সংরক্ষিত আছে কিনা;

(গ) সংরক্ষিত থাকলে, তার জন্য রাজ্যসরকারকে বৎসরে ঐ আসন বাবত বিহার সরকারকে টাকা দিতে হয় কিনা; এবং

(ঘ) টাকা দিতে হলে, তাহার পরিমাণ কত?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ৩১এ জানুয়ারি, ১৯৭৩ সাল পর্যন্ত কাঁকের মানসিক আরোগ্যশালায় চিকিৎসাধীন রোগীর সংখ্যা ৭৫৭ জন। তন্মধ্যে ৫৮৩ জন পুরুষ ও ১৭৪ জন স্ত্রী উন্মাদ রোগী। ঐ তারিখে রাঁচির দ্বিতীয় হাসপাতাল "হসপিটাল ফর মেন্টাল ডিজিজেস"-এ ১৪৫ জন পুরুষ ও ৯৬ জন স্ত্রী উন্মাদ রোগী চিকিৎসিত হয়।

(খ) ও (গ) হ্যাঁ।

(ঘ) বিহার সরকার নিয়ন্ত্রিত রাঁচি মানসিক আরোগ্যশালা হাসপাতালকে ১৯৭০-৭১ সালে ১৩,৬৫,৮৩০·৯২ টাকা দেওয়া হয়েছে।

পশ্চিমবঙ্গে যক্ষ্মারোগীদের হাসপাতাল

৩০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৭।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি হাসপাতালে যক্ষ্মারোগীদের চিকিৎসার ব্যবস্থা আছে;

(খ) ঐসমস্ত হাসপাতালে ১৯৭৩ সালের ৩১এ জানুয়ারি তারিখে চিকিৎসাধীন যক্ষ্মা-রোগগ্রস্ত স্ত্রী ও পুরুষের সংখ্যা কত ছিল;

(গ) ঐসমস্ত হাসপাতালে যক্ষ্মারোগীদের জন্য ফ্রি বেডের ব্যবস্থা আছে কিনা; এবং

(ঘ) ব্যবস্থা থাকলে, ঐ তারিখে ফ্রি বেডে চিকিৎসারত স্ত্রী ও পুরুষ রোগীর সংখ্যা কত ছিল?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) পশ্চিমবঙ্গে ১৬টি টি বি হাসপাতাল ও ৩টি টি বি স্যানাটোরিয়াম চালু আছে। এ ছাড়াও, প্রতিটি জেলা ও মহকুমা হাসপাতালে, পুলিস ও জেল হাসপাতালগুলিতে এবং কয়েকটি জেনারেল হাসপাতালেও যক্ষ্মারোগীদের চিকিৎসার ব্যবস্থা আছে।

(খ) পুরুষ—১,৬৩২ জন; স্ত্রী—৭০৬ জন।

(গ) আছে।

(ঘ) পুরুষ—১,৬০২ জন· স্ত্রী—৬৯৭ জন।

পশ্চিমবঙ্গে সিনিয়র ফরেস্ট সার্ভিস বিভাগের ক্যাডার পদ

৩০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯১।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৬ সালে কিংবা তারপরে পশ্চিমবঙ্গের সিনিয়র ফরেস্ট সার্ভিস বিভাগের ক্যাডার পদের কোন পরিবর্তন করা হয়েছে কিনা;

(খ) হয়ে থাকলে, পশ্চিমবঙ্গ সরকারের কোন্ আদেশবলে তা করা হয়েছে;

(গ) ইহা কি সত্য যে, ১৯৭০ সালে কলকাতা হাইকোর্টের মহামান্য বিচারপতি শ্রী এস কে দত্ত সিনিয়র ফরেস্ট সার্ভিসের অফিসারদের রাইটস অ্যান্ড প্রসপেক্টস পূর্বের ন্যায় অক্ষুণ্ণ রাখার অনুকূলে রায় দিয়েছিলেন; এবং

(ঘ) সত্য হইলে, রাজ্য সরকার মহামান্য বিচারপতির ঐ রায় কার্যকরী করেছেন কি?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের ৬ই ডিসেম্বর ১৯৬৬ তারিখের নং ৬৬৭৬-ফর ও ২৬এ মার্চ, ১৯৬৮ তারিখের নং ১৬৬৪-ফর আদেশবলে পশ্চিমবঙ্গ সিনিয়র ফরেস্ট সার্ভিসে ৫টি নতুন পদ সৃষ্টি করা হইয়াছে।

ইহা ছাড়া ১লা অক্টোবর, ১৯৬৬ তারিখ হইতে পশ্চিমবঙ্গ সিনিয়র ফরেস্ট সার্ভিসের ডিভিসনাল বা সমতুল্য এবং তদূর্ধ্ব পর্যায়ের ৪০টি পদ ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের ক্যাডারভুক্ত হইয়াছে। এই পদগুলি অল ইন্ডিয়া সার্ভিসেস অ্যাক্ট-এর ক্ষমতাবলে কৃত ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস (ফিক্সেসন অব ক্যাডার স্ট্রেন্থ) রেগুলেসন্স-বলে ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের অন্তর্ভুক্ত হইয়াছে। পরে এই ৪০টি পদের একটি পদ ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস হইতে বাহির করিয়া ১লা অক্টোবর, ১৯৬৬ তারিখ হইতে পশ্চিমবঙ্গ সরকারের ৪ঠা ফেব্রুয়ারী, ১৯৭০ তারিখের ৭৯৫ নং আদেশবলে পশ্চিমবঙ্গ সিনিয়র ফরেস্ট সার্ভিসের অন্তর্ভুক্ত করা হইয়াছে।

(গ) আংশিক ভাবে। ১৯৭০ সালে মহামান্য কলিকাতা হাইকোর্ট পশ্চিমবঙ্গ সিনিয়র ফরেস্ট সার্ভিসের কতিপয় অফিসারের আবেদনক্রমে ৪৭০ (ডব্লু)/৭০ সংখ্যক সিভিল রুল জারী করেন। যথাযথ শুনানীর পর ১৯৭২ সালে মাননীয় বিচারপতি শ্রী এস কে দত্ত রুলটি খারিজ করেন। রায়দান প্রসঙ্গে মাননীয় বিচারপতি মন্তব্য করিয়াছেন যে, পশ্চিমবঙ্গ সিনিয়র ফরেস্ট সার্ভিসের অফিসারদের রাইটস, যথা বেতন, র‍্যাঙ্ক, ইত্যাদি অপরিবর্তিত থাকিবে।

(ঘ) ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস হওয়ার জন্য পশ্চিমবঙ্গ সিনিয়র ফরেস্ট সার্ভিসের অফিসারদের বেতন, র‍্যাঙ্ক, ইত্যাদির অধিকার খর্ব করা হয় নাই।

আদিবাসী ও অনুন্নত শ্রেণীর পুরুষদের মধ্যে নির্বীজকরণ অস্ত্রোপচার

৩০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৫।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্যে আদিবাসী ও অনুন্নত শ্রেণীর পুরুষদের কতজনকে নির্বীজকরণ অস্ত্রোপচার করা হয়েছে?

স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ এইরূপ কোন হিসাব রাখার প্রথা চালু নেই।

দার্জিলিং-শিংলা রজ্জুপথ

৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৫।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দার্জিলিং-শিংলা রজ্জুপথ নির্মাণ করিতে সরকারের কত টাকা ব্যয় হয়;

(খ) ঐ রজ্জুপথটি নির্মাণ করার ভার কোন্ বিভাগকে দেওয়া হইয়াছিল; এবং

(গ) ঐ রজ্জুপথটি এখনও চালু আছে কিনা?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ২৯,১৯,৬৪০ টাকা।

(খ) ডি এফ ও, দার্জিলিং-এর তত্ত্বাবধানে এই রজ্জুপথটি নির্মিত হয়।

(গ) চালু আছে।

Shifting of Leprosy Training Centre from Bankura Sadar Hospital to Jathia building

307. (Admitted question No. 624.) **Shri KASHINATH MISRA:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if the Government has any plan to shift the Leprosy Training Centre which is now being carried on at Bankura Sadar Hospital to Jathia building; and

(b) if so, the details of the plan and when the plan is expected to be executed?

The Minister for Health: (a) No.

(b) Does not arise.

ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট

৩০৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১৩।) **শ্রীশরদাস পাল:** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলাতে কতগুলি ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট আজ পর্যন্ত সংস্থাপন করা হইয়াছে;

(খ) ঐগুলি সংস্থাপন করিতে সরকারের মোট কত টাকা ব্যয় হইয়াছে;

(গ) যেসমস্ত জেলাতে উক্ত ইনস্টিটিউট সংস্থাপন করা হয় নাই, সে সকল জেলাতে ঐরূপ ইনস্টিটিউট সংস্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(ঘ) উক্ত ইনস্টিটিউটে কি কি বৃত্তি শিক্ষাদানের ব্যবস্থা আছে; এবং

(ঙ) উক্ত ইনস্টিটিউট হইতে পাস করা ছাত্রগণকে সরকারী প্রকল্পসমূহে নিয়োগ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) কলিকাতায় দুইটি, হাওড়ায় একটি, মেদিনীপুরে দুইটি, বর্ধমানে একটি, হুগলীতে একটি, নদিয়ায় দুইটি, মুর্শিদাবাদে একটি, মালদহে একটি, দার্জিলিং-এ দুইটি, কুচবিহারে একটি, বীরভূমে একটি এবং পুরুলিয়ায় একটি ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট সংস্থাপন করা হইয়াছে। ইহা ব্যতীত মেদিনীপুর জেলার হলদিয়াতে একটি এবং পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জে একটি ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট শীঘ্রই কাজ আরম্ভ করিবে।

(খ) প্রতিটি ইনস্টিটিউট সংস্থাপন করিতে গড়পড়তা মোট ব্যয় হইয়াছে প্রায় ৩৫ লক্ষ টাকা।

(গ) আপাতত এমন কোন পরিকল্পনা নাই।

(ঘ) ব্ল্যাকস্মিথ, বিল্ডিং কনস্ট্রাকশন, কার্পেন্টার, ড্রাফটসম্যান (মেকানিক্যাল), ড্রাফটসম্যান (সিভিল), ইলেকট্রিসিয়ান, ফিটার, গ্রাইন্ডার, মেসিনিস্ট (কম), মেসিনিস্ট (মিলার), মেসিনিস্ট (এস এস পি), মোটর মেকানিক, আই সি ইঞ্জিন মেকানিক, রেডিও মেকানিক, রেফ্রিজারেটর ও এ সি মেকানিক, মোল্ডার, প্যাটার্নমেকার, পেন্টার ও ডেকরেটর, প্লাম্বার, সার্ভেয়ার, শীট মেটাল ওয়ার্কার, টার্নার, ওয়েল্ডার, ওয়্যারম্যান, স্টেনোগ্রাফী, কাটিং ও টেলারিং, বুক-বাইন্ডার, প্রিন্টিং মেসিন অপারেটর, সুটকেস ম্যানুফ্যাকচার, ফুটউইয়ার ম্যানুফ্যাকচার, হ্যান্ড ও মেসিন নিটিং, হ্যান্ড কম্পোজিশন, হ্যান্ড উইভিং এবং টুলমেকার—বৃত্তিগুলি শিক্ষাদানের ব্যবস্থা আছে।

(ঙ) আপাতত এমন কোন পরিকল্পনা নাই। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, যদিও বর্তমান অবস্থায় আই টি আই পাস করা ছেলেদের চাকুরী দেওয়া বাধ্যতামূলক নয়, তবুও দেখা গিয়াছে বেশ কিছুসংখ্যক উত্তীর্ণ ছেলেরা বিভিন্ন সরকারী এবং বে-সরকারী সংস্থায় চাকুরীতে নিযুক্ত হইয়াছেন।

টেংগুয়া খাল

৩০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০০।) **শ্রীভুপালচন্দ্র পাণ্ডাঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার অন্তর্গত নন্দীগ্রাম থানার টেংগুয়া খালটির দীর্ঘদিন যাবত সংস্কারের অভাবে প্রায় বিশ বর্গমাইল এলাকার ফসল প্রায় প্রতি বছরই নষ্ট হইয়া যাইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, (১) এই খালটি সংস্কার না করার কারণ কি, এবং (২) এই খালটি কবে নাগাত সংস্কার করা হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয়ঃ (ক) এই খালটির সংস্কারের প্রয়োজনীয়তা সম্বন্ধে সরকার অবহিত আছেন।

(খ) এই খালটি সংস্কার করার জন্য একটি প্রকল্প প্রস্তুত করা হইয়াছে। স্টেট ফ্লাড কন্ট্রোল বোর্ড-এর অধীনে টেকনিক্যাল কমিটির সুপারিশ অনুযায়ী প্রকল্পটির সংশোধন করা হইতেছে। কবে নাগাত কাজ আরম্ভ করা যাইবে বর্তমানে বলা সম্ভব নয়।

চাষের জমিতে বৎসরে দুবার জল সরবরাহ করার পরিকল্পনা

৩১০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪১।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যেসমস্ত চাষের জমিতে একবার মাত্র বৎসরে চাষের জন্য জল দেওয়া হয় সেই জমিতে দুবার জল দেবার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, কবে থেকে দেওয়া হবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয়ঃ (ক) সেচ বিভাগের বৃহৎ প্রকল্পগুলি, যথা—ময়ূরাক্ষী ও দামোদর উপত্যকা প্রকল্প হইতে যেসকল জমিতে 'খারিফ' চাষের জন্য জল দেওয়া হয় তাহার কিছু অংশে 'রবি' মরশুমেও জল দেওয়া হয়।

রবি মরশুমে জলের পরিমাণ স্বভাবতই খারিফ চাষের পর জলাধারগুলিতে কতটা জল সঞ্চিত থাকে তাহার উপর নির্ভর করে। কংসাবতী প্রকল্প হইতে এখন কেবল খারিফ চাষের জন্য জল দেওয়া হয়। এ বছর কুমারী জলাধারের কাজ শেষ হইলে আগামী 'রবি' মরশুম হইতে 'রবি' চাষের জল দেওয়া শুরু হইবে।

সেচ বিভাগের অন্যান্য ছোট ছোট প্রকল্প হইতে খারিফ চাষের জল দেওয়ার পর 'রবি' মরশুমে দেওয়ার মত প্রয়োজনীয় জল জলাধারে থাকে না।

কৃষি বিভাগের গভীর নলকূপ ও "রিভার লিফট" প্রকল্প হইতে একের অধিক মরশুমে চাষের জল সরবরাহ করা হইয়া থাকে।

(খ) প্রশ্ন (ক) এর জবাবের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

ফরাক্কা প্রকল্প হইতে জলসরবরাহের পরিমাণ

৩১১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬৮।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)**ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার ফরাক্কা প্রকল্প হইতে কী পরিমাণ জল কেন্দ্রীয় সরকারের নিকট দাবি করিয়াছেন;

(খ) কেন্দ্রীয় সরকার বর্তমানে পশ্চিমবাংলাতে কী পরিমাণ জল সরবরাহ করিবার আশ্বাস দিয়াছেন; এবং

(গ) উহাতে পশ্চিমবঙ্গের প্রয়োজন পূরণ হইবে কিনা?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) রাজ্যসরকার ফরাক্কা বাঁধ প্রকল্প হইতে সর্বনিম্ন (মিনিমাম) ৪০,০০০ কিউসেক জল ভাগীরথী নদীতে ছাড়ার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট দাবি করিয়াছেন।

(খ) ফিডার ক্যানেল কার্যকর হইবার পর হইতে প্রথম পাঁচ বৎসরের জন্য সংবৎসর ধরিয়া ৪০,০০০ কিউসেক জল ছাড়ার কথা কেন্দ্রীয় সরকার ঘোষণা করিয়াছেন। পাঁচ বৎসর পর অবস্থাটি পর্যালোচনা করিয়া দেখা হইবে।

(গ) কেন্দ্রীয় সরকারের ঘোষিত জলসরবরাহের পরিমাণ রাজ্যসরকার মানিয়া লইয়াছেন। সংবৎসর ধরিয়া এই পরিমাণ জলসরবরাহের পর অবস্থা কি দাঁড়ায় তাহা পরীক্ষা করিয়া দেখা হইবে।

বেলডাঙ্গা সুগার মিল

৩১২। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭৪।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেলডাঙ্গা সুগার মিল (বন্ধ) চালু করার কোন পরিকল্পনা আছে কি;

(খ) উক্ত সুগার মিলের অন্তর্গত জমিতে সুগার মিল ছাড়া অন্য কোন মিল করার পরিকল্পনা আছে কিনা;

(গ) বর্তমানে উক্ত মিলে নিযুক্ত অফিসিয়াল রিসিভার কে;

(ঘ) রিসিভার উক্ত মিলের সম্পত্তি থেকে কোন আয় করিতে পারেন কিনা; এবং

(ঙ) মিল বন্ধ হয়ে থাকার পর হইতে ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত জমি হইতে ফসল বিক্রয় করিয়া কত টাকা আয় হইয়াছে?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বিষয়টি সরকারের বিবেচনাধীন।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) শ্রীঅশোক গোয়েঙ্কা।

(ঘ) হাইকোর্ট কর্তৃক নিযুক্ত রিসিভারের উপর উক্ত মিলের স্থাবর ও অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণের ভার অর্পিত হইয়াছে। হাইকোর্ট রিসিভারকে উক্ত মিলের জমিতে কৃষিকার্য করিবার অনুমতিও দিয়াছেন।

(ঙ) এ বিষয়ে সরকারের কোন তথ্য নাই।

দুর্গাপুর ও হলদিয়া সার কারখানা

৩১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩০।) **শ্রীঅজিতকুমার বসুঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর সার কারখানা হইতে যে সার উৎপন্ন হয় তাহার কত ভাগ পশ্চিমবাংলার জন্য বরাদ্দ করা হইয়াছে; এবং

(খ) হলদিয়া সার কারখানা কতদিনে নির্মাণ হইবে?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কারখানাটি সবেমাত্র চালু হওয়ার পথে। সুতরাং ইহার উৎপন্ন দ্রব্যের বরাদ্দের প্রশ্ন এখন উঠে না।

(খ) পরিকল্পনা অনুযায়ী সব কাজ চলিলে ১৯৭৬ সালের গোড়ার দিকে নির্মিত হবার সম্ভাবনা আছে।

পশ্চিমবঙ্গে শিল্পস্থাপনের পরিকল্পনা

৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭৩।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর): শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সালের মধ্যে পশ্চিমবঙ্গের কোন্ কোন্ স্থানে কি কি শিল্প স্থাপন করিবার পরিকল্পনা আছে:

(খ) তন্মধ্যে মেদিনীপুর জেলায় কোন্ কোন্ স্থানে কি কি শিল্প স্থাপনের পরিকল্পনা আছে; এবং

(গ) মেদিনীপুর জেলা হইতে কতজন শিল্পপতি ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি ১৯৭৩ সাল পর্যন্ত) শিল্প লাইসেন্স পাইবার জন্য সরকারের নিকট আবেদন করিয়াছেন?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) গত মার্চ, ১৯৭২ হইতে অদ্যাবধি ৩৮৮টি নূতন শিল্প স্থাপনের প্রস্তাব বর্তমান সরকার পাইয়াছেন। এই শিল্পগুলিতে মোট বিনিয়োগের পরিমাণ ৫১১ কোটি টাকা। এই ৩৮৮টি প্রস্তাবের মধ্যে ১৯৮টি প্রস্তাব ভারত সরকার মঞ্জুর করিয়াছেন, ১৩০টি প্রস্তাব ভারত সরকারের বিবেচনাধীন আছে ও ৬০টি প্রস্তাব পশ্চিমবঙ্গ শিল্প-উন্নয়ন পর্ষৎ বিবেচনা করিয়া দেখিতেছেন।

(খ) মেদিনীপুর জেলার হলদিয়াতে নিম্নলিখিত শিল্প স্থাপনের পরিকল্পনা আছে:

(১) সার কারখানা.
(২) সোডা অ্যাশ ও মেথানল,
(৩) তৈলশোধনাগারের সম্প্রসারণ.
(৪) ক্র্যাকার ইউনিট,
(৫) পেট্রো-কেমিক্যাল শিল্প,
(৬) জাহাজ তৈরির কারখানা.
(৭) ইন্ডাস্ট্রিয়াল ফস্ফেট্,
(৮) ক্যালসাইন্ড পেট্রোলিয়াম কোক.
(৯) কস্টিক সোডা/ক্লোরিন প্ল্যান্ট, এবং
(১০) কার্বন ব্ল্যাক প্ল্যান্ট।

(গ) উক্ত সময়ের মধ্যে শিল্প লাইসেন্স পাইবার জন্য মেদিনীপুর জেলা হইতে মোট ১০টি আবেদনপত্র সরকারের নিকট প্রেরিত হইয়াছে।

Utilisation of industrial wastes available in West Bengal

315. (Admitted question No. 1645.) **Shri RAJANI KANTA DOLOI:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the Government has drawn up any comprehensive scheme or proposal for utilising the large quantity of industrial wastes available in this State; and

(b) if so, the details of the schemes?

The Minister for Commerce and Industries: (a) No.

(b) Does not arise.

ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানীতে বাঙ্গালী কর্মচারী

৩১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৪।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)**ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানীতে বর্তমানে বাঙ্গালী কর্মচারীর সংখ্যা কত; এবং

(খ) ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) ট্রাম কোম্পানীতে সরকার কত বেকার যুবকের কর্মসংস্থান দিয়েছেন।

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৫,৯৫১ জন।

(খ) ৯৭ জন।

সাঁইথিয়া ব্লকে চাষের জন্য অগভীর নলকূপ

৩১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৯।) **শ্রীনিতাইপদ ঘোষঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে (জানুয়ারি পর্যন্ত) বীরভূম জেলার অন্তর্গত সাঁইথিয়া ব্লকে চাষের জন্য কয়টি অগভীর নলকূপ বসানো হইয়াছে;

(খ) ইহার মধ্যে কয়টি ডিজেল এঞ্জিন দ্বারা এবং কয়টি বিদ্যুৎ শক্তি দ্বারা চালিত হইবে;

(গ) বিদ্যুৎ দ্বারা চালিত হইবার স্থিরীকৃত নলকূপগুলিতে কতদিনের মধ্যে বিদ্যুতের কানেকশন দেওয়া হইবে; এবং

(ঘ) ঐ নলকূপগুলিতে দ্রুত বিদ্যুৎ শক্তি দেওয়ার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৬৩৪টি।

(খ) বর্তমানে সব কয়টি ডিজেল এঞ্জিন দ্বারা চালিত।

(গ) উক্ত ৬৩৪টি ডিজেল-চালিত অগভীর নলকূপের মধ্যে ২৭০টিকে বিদ্যুৎ-চালিত করার প্রস্তাব আছে।

(ঘ) পাম্পহাউস তৈয়ারি, ইলেকট্রিক মোটর প্রভৃতি সরবরাহের প্রাথমিক কাজ চলিতেছে।

প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য দ্বিপ্রহরের টিফিন

৩১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার প্রাথমিক বিদ্যালয়গুলিতে কতজন ছাত্রছাত্রীকে দ্বিপ্রহরে টিফিন সরবরাহ করা হইয়া থাকে;

(খ) উক্ত প্রাথমিক বিদ্যালয়ের জেলাওয়ারী সংখ্যা কত; এবং

(গ) উক্ত কাজের জন্য সরকারের মাসিক কত টাকা ব্যয় হয়?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১,৩৫৪,০০০ ছাত্রছাত্রীকে দ্বিপ্রহরে টিফিন সরবরাহ করা হয়।

(খ) এ সম্বন্ধে একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

(গ) মাসিক গড়ে ৩,০৬,০০০ টাকা ব্যয় হয়।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 318

প্রাথমিক বিদ্যালয়ের জেলাওয়ারী সংখ্যা

জেলার নাম		বিদ্যালয়ের সংখ্যা
১। কলিকাতা	... ...	৮৮০
২। কোচবিহার	... ...	১৯১
৩। নদিয়া	... ...	২৯৫
৪। দার্জিলিং	... ...	১৪২
৫। পশ্চিম দিনাজপুর	... ...	৪০২
৬। মুর্শিদাবাদ	... ...	২৭০
৭। মালদহ	... ...	৪০৭
৮। হুগলি	... ...	৭৪
৯। বর্ধমান	... ...	২৫৯
১০। বাঁকুড়া	... ...	২২৩
১১। জলপাইগুড়ি		যথাযথ হিসাব পাওয়া যায় নাই।
১২। চব্বিশপরগনা		
১৩। বীরভূম		
১৪। পুরুলিয়া		
১৫। মেদিনীপুর		
১৬। হাওড়া		

মুর্শিদাবাদ জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত স্কুল

৩১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৫) **শ্রীতিমিরবরণ ভাদুড়ী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭২ সালে মুর্শিদাবাদ জেলায় কতগুলি স্কুল বন্যায় ক্ষতিগ্রস্ত হইয়াছিল?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: প্রাথমিক বা মাধ্যমিক কোন স্কুলই ১৯৭২ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত হয় নাই।

মেদিনীপুর জেলায় টি আর স্কীম

৩২০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭০।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)**:** ত্রাণ এবং সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় টি আর স্কীম চালু করার কোন আশু পরিকল্পনা আছে কিনা;

(খ) থাকিলে, খড়াপুর ১নং এবং ২নং ব্লকে কতগুলি টি আর স্কীমের প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে; এবং

(গ) উক্ত ব্লক দুটিতে বর্তমান বৎসরে সরকার টি আর স্কীম বাবত কত টাকা খরচ করিবেন?

ত্রাণ এবং সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) যদি অন্য প্রকল্পের মাধ্যমে দুর্দশাগ্রস্ত লোকদের কর্মসংস্থান করা সম্ভব না হয় তাহা হইলে রিলিফ ওয়ার্কস্ স্কীম চালু করা হইবে।

(খ) খড়াপুর ১নং ব্লকে ২৯টি এবং ২নং ব্লকে ৩টি টি আর স্কীমের প্রস্তাব মহকুমাশাসকের বিবেচনাধীন আছে।

(গ) ঐ দুইটি ব্লকের পরিস্থিতির পরিপ্রেক্ষিতে প্রয়োজন অনুসারে খরচ করা হইবে।

হাওড়া জেলায় বন্ধ কারখানার সংখ্যা

৩২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৬।) **শ্রীভবানীশঙ্কর মুখার্জী** এবং **শ্রীশেখ আনোয়ার আলীঃ** বন্ধ এবং দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় বর্তমানে ছোটবড় মিলিয়ে কতগুলি কারখানা বন্ধ আছে;

(খ) ঐ কারখানাগুলি বন্ধ থাকার কারণ কি;

(গ) সরকার ঐ সমস্ত কারখানার শ্রমিকদের বিকল্প কর্মসংস্থানের কোন ব্যবস্থা করিয়াছেন কি; এবং

(ঘ) ঐ কারখানাগুলি খুলিবার কি ব্যবস্থা সরকার করিয়াছেন?

বন্ধ এবং দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ২২এ মার্চ, ১৯৭৩ তারিখ পর্যন্ত ১৪২টি কারখানা বন্ধ আছে।

(খ) নানা কারণে কারখানাগুলি বন্ধ আছে। তাহার মধ্যে অর্থাভাব, পরিচালনার অব্যবস্থা ও ত্রুটি বিচ্যুতি, কাঁচামালের অভাব, অর্ডারের অভাব এবং শ্রমিক-মালিক বিরোধ উল্লেখযোগ্য।

(গ) না।

(ঘ) শ্রমিক-মালিক বিরোধের ফলে বন্ধ কারখানাগুলির ক্ষেত্রে বিরোধ নিষ্পত্তির চেষ্টা হইতেছে। ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগ বন্ধ ক্ষুদ্রশিল্প সংস্থাগুলিকে খুলিবার জন্য যথাসম্ভব সাহায্য দিয়া থাকে। মাঝারি ও অপেক্ষাকৃত বড় সংস্থার ক্ষেত্রে প্রয়োজন অনুসারে কেন্দ্রীয় সরকার আইনানুগ অনুসন্ধানের ব্যবস্থা করেন এবং সম্ভাব্যস্থলে পরিচালন অধিগ্রহণ করিয়া খুলিবার ব্যবস্থা করা হয়।

তাহেরপুর উপনগরীকে পৌরসভার অন্তর্ভুক্তীকরণ

৩২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫৫।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার তাহেরপুর উপনগরীকে পৌরসভার অন্তর্ভুক্ত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) তাহেরপুর উপনগরীতে একটি পৌরসভা স্থাপনের প্রস্তাব ছিল। নদিয়ার জেলা ম্যাজিস্ট্রেট এ প্রস্তাব সমর্থন করেন নাই। তাঁহার মতে ঐ স্থানে পৌরসভা গঠন করা হইলে উহার এমন আর্থিক সঙ্গতি থাকিবে না যাহাতে পৌরসভা অথবা নোটিফায়েড অর্থারিটি হিসাবে তাহার দায়দায়িত্ব পালন করিতে পারে। সরকার উক্ত মত সমর্থন করিয়া ঐ স্থান বর্তমানে পৌরসভা স্থাপনের পক্ষে উপযুক্ত নয় বলিয়া প্রেসিডেন্সি বিভাগের কমিশনারকে জানাইয়া দিয়াছেন।

(খ) প্রশ্ন উঠে না।

ভূমিহীনদের মধ্যে পতিত জমি বণ্টন

৩২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩৮।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)ঃ বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাগুলিতে বিভিন্ন বনের মধ্যে যেসমস্ত পতিত জমি অনাবাদী অবস্থায় আছে, তাহা ভূমিহীনদের মধ্যে বিতরণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, তাহা কিভাবে ও কবে নাগাত করা হইবে; এবং

(গ) ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) বন বিভাগে কতগুলি নূতন কর্মচারী নিয়োগ করা হইয়াছে?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এরূপ কোন পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) দুজন।

তুলা চাষ

৩২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫১।) **শ্রীসুধীরচন্দ্র দাসঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বছর পশ্চিমবঙ্গে কোন্ কোন্ জেলায় কত একর জমিতে তুলার চাষ হইয়াছিল;

(খ) গত বছর ঐ তুলা চাষের জন্য তুলাচাষীদের জেলাওয়ারী কত টাকা ঋণ ও অনুদান দেওয়া হইয়াছে; এবং

(গ) এ বছর বিভিন্ন জেলায় কত একর জমিতে তুলার চাষ হইয়াছে এবং ঐ তুলাচাষীদের জন্য জেলাওয়ারী কত টাকা ঋণ ও অনুদান দেওয়া হইয়াছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক)

জেলার নাম	জমির পরিমাণ একর
চব্বিশপরগনা	৬,৮১৫
মেদিনীপুর	৬,৩১২
হাওড়া	৩,০৬৬

(খ)

জেলার নাম	ঋণের পরিমাণ টাকা	অনুদানের পরিমাণ টাকা
চব্বিশপরগনা ...	৫,১৫,৮২৮	
মেদিনীপুর ...	৩,৩৫,২৭০	
হাওড়া ...	২,১৫,৫০০	

(গ)

জেলার নাম	জমির পরিমাণ একর
চব্বিশপরগনা	৪,৬৩৯
মেদিনীপুর	৪,৭৭৬
হাওড়া	১,৮০০
পুরুলিয়া এবং অন্যান্য জেলা	৫১০

জেলার নাম		ঋণের পরিমাণ টাকা	অনুদানের পরিমাণ টাকা
চব্বিশপরগনা	...	৮৪,১৬১	২১,৩১৮
মেদিনীপুর	...	২,৫২,৫৪১	৬০,১৯৫
হাওড়া	...	৯৫,৮০০	...

পশ্চিমবঙ্গে চীনাবাদাম চাষ

৩২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫৭।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)**:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলাতে কত একর জমিতে চীনাবাদামের চাষ করা হইয়া থাকে;

(খ) প্রতি একরে কোন্ জেলায় কি পরিমাণ চীনাবাদাম উৎপন্ন হয়; এবং

(গ) সরকারের চীনাবাদাম চাষের উন্নতির জন্য কোনরূপ ব্যবস্থা অবলম্বন করিতেছেন কিনা?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক) ও (খ)

জেলার নাম	জমির পরিমাণ একর	একর-প্রতি গড় ফসল মণ
১। মেদিনীপুর	৩,০০০	৯·৫
২। পুরুলিয়া	১,৫০০	১৫
৩। বর্ধমান	২৫	১৫
৪। বীরভূম	৬০	৮
৫। বাঁকুড়া	২০০	৬

(গ) হ্যাঁ। কেন্দ্রীয় সরকারের সহায়তায় সুন্দরবন অঞ্চলে ও সমীপবর্তী জেলাগুলিতে রবিখন্দে ব্যাপক চীনাবাদাম চাষের প্রচলন করার উদ্দেশ্যে ১০০ একর জমিতে প্রদর্শনী চাষের ব্যবস্থা করা হয়েছে। জেলাভিত্তিক প্রদর্শনী চাষের জমির পরিমাণঃ

জেলার নাম				জমির পরিমাণ একর
চব্বিশপরগনা	...	...	...	৫২০
হাওড়া	...	...	...	১৮০
মেদিনীপুর	...	...	...	২০০
হুগলি	...	...	...	১০০

পশ্চিমবঙ্গে মুরগী-খামার

৩২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪৮।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে যে ১৮টি মুরগী-খামার আছে বর্তমানে তাহার কোন্‌টিতে কত মুরগী আছে;

(খ) এই খামারগুলিতে মোট কত কর্মচারী আছেন; এবং

(গ) এই ফার্মগুলিতে গত তিন বৎসরে কোন্ বৎসর সরকারের লাভ বা লোকসান কত হইয়াছে?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গে নয়টি মুরগীর খামার এবং নয়টি মুরগী সম্প্রসারণ-কেন্দ্র আছে এবং ইহা ছাড়া দুইটি মুরগী উৎপাদনকেন্দ্র আছে।

মুরগী খামারের নাম	মুরগীর সংখ্যা
১। রানাঘাট	২২,৯৫৪
২। মেদিনীপুর	৯,১৭০
৩। টালিগঞ্জ	১৭,০৪৩
৪। গোবরডাঙ্গা	১৩,৭২৫
৫। দুর্গাপুর	২৩,৯৮৫
৬। ডিগ্রী	২,৮১০
৭। মোহিতনগর	৯,৯৫০
৮। কৃষ্ণনগর	২,২৭৬
৯। হরিণঘাটা	১২,৩৬১
মুরগী সম্প্রসারণ কেন্দ্র	
১। বাঁকুড়া	৩৬১
২। পুরুলিয়া	৫৯৯
৩। সিউড়ি	৮১৪
৪। মালদা	২১১
৫। বহরমপুর	৭৬০
৬। কার্সিয়াং	৩,৪৫৮
৭। জুনপুর	১,৯০০
৮। বর্ধমান	১,৩০৭
৯। ময়নাগুড়ি	১,৩০৭
মুরগী উৎপাদন কেন্দ্র	
১। কালিম্পং	৪৪৮
২। বর্ধমান	৯৯

(খ) এই খামারগুলিতে মোট ২৭৪ জন কর্মচারী আছেন।

(গ) ব্যবসায়িক দৃষ্টিভঙ্গী লইয়া সরকারী খামার প্রতিষ্ঠিত হয় নাই। সুতরাং এই প্রশ্ন ওঠে না।

বোলপুরকে মহকুমা করার দাবি

৩২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২১।) **শ্রীআনন্দগোপাল রায়ঃ** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বোলপুরকে মহকুমা করার জন্য—

(১) বোলপুর এলাকার অধিবাসীরা দীর্ঘদিন যাবৎ দাবি করিয়া আসিতেছেন, ও

(২) এ বিষয়ে বীরভূমের অধিকাংশ এম এল এ-এর ও গণস্বাক্ষর সহ মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) হ্যাঁ, এবং (২) বোলপুরের বিশিষ্ট নাগরিকগণের ও বীরভূম জেলার ছয় জন এম এল এ-এর সুপারিশ সম্বলিত আবেদন পাওয়া গিয়াছে।

(খ) বিষয়টি এখনও সরকারের বিবেচনাধীন আছে।

Edith Home of Leprosy Mission authorities

328. (Admitted question No. 625.) **Shri KASHINATH MISRA:** Will the Minister-in-charge of Health Department be pleased to state—

(a) whether the Government is aware of the Leprosy Mission Ward "Edith Home" only for children infected with leprosy; and

(b) if so, the action taken by the Government for the development of this Ward?

The Minister for Health: (a) and (b) Edith Home of the Bryan Home is run by Leprosy Mission authorities for children suffering from leprosy.

কোলকাতার রেশন দোকান মারফত নিকৃষ্ট মানের চাউল সরবরাহ

৩২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৮।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) সরকার কি অবগত আছেন যে, কোলকাতায় রেশন দোকান মারফত রেশনে নিকৃষ্ট মানের চাউল দেওয়া হইতেছে;

(১) ইহার কারণ কি, ও

(২) এই সমস্ত নিকৃষ্ট চাউল সরকার কোথা হইতে সংগ্রহ করেন;

(গ) পশ্চিমবঙ্গে সংগৃহীত চাউল এই রাজ্যের রেশন দোকান মারফত দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(ঘ) থাকিলে, তাহার বিবরণ কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) বৃহত্তর কলিকাতা বিধিবদ্ধ রেশনিং এলাকায় রেশনদোকানগুলির মারফত যে আতপ চাল সরবরাহ হইয়া থাকে তাহার মান সম্পর্কিত জনসাধারণের অভিযোগ সম্পর্কে সরকার অবহিত আছেন। বাংলার সিদ্ধ চালের অপ্রতুলতা-বশতঃ বৃহত্তর কলিকাতা বিধিবদ্ধ রেশনিং এলাকায় সরবরাহের জন্য যে পরিমাণ চাল দরকার হয় তাহার অধিকাংশই কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দকৃত পাঞ্জাব, হরিয়ানা ইত্যাদি রাজ্যের আতপ চাল দ্বারা মিটাইতে হয়। বাংলার বাহিরের মাঝারি আতপ চালের মান সম্পর্কেই অভিযোগ বেশী।

(গ) এবং (ঘ) পশ্চিমবঙ্গে সংগৃহীত সিদ্ধ চাল এবং সংগৃহীত ধান হইতে উৎপন্ন সিদ্ধ চালের সবটাই এই রাজ্যের রেশনদোকানগুলির মাধ্যমে সরবরাহ করা হয়।

সিদ্ধ চালের অপ্রতুলতার জন্য, প্রত্যেক সপ্তাহে ইহা দেওয়া সম্ভবপর হয় না। বিধিবদ্ধ রেশনিং এলাকায় পর পর দুই সপ্তাহ সিদ্ধ চাল এবং তাহার পরের দুই সপ্তাহ আতপ চাল দেওয়ার কথা। মজুত চালের পরিমাণ সাপেক্ষে সংশোধিত রেশন এলাকায় এক সপ্তাহ সিদ্ধ চাল এবং তিন সপ্তাহ আতপ চাল দেবার আদেশ আছে।

কুষ্ঠরোগীদের জন্য হাসপাতাল

৩৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৩।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কুষ্ঠরোগীদের চিকিৎসার জন্য কোথায় কোথায় কয়টি হাসপাতাল আছে;

(খ) কুষ্ঠরোগীদের সংখ্যা নিরূপণ করার জন্য কোনও সমীক্ষা করা হয়েছে কিনা এবং হলে, তাহা কত;

(গ) কুষ্ঠরোগ সংক্রামক কিনা; এবং

(ঘ) উত্তর 'হ্যাঁ' হলে, এই রোগ যাতে ছড়িয়ে না পড়ে তার জন্য সরকার কি ব্যবস্থা করেছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) একটি তালিকা নিম্নে পেশ করা হইল।

(খ) হয়েছে। দেখা গেছে, এ রাজ্যে প্রায় ৩,৬০,০০০ জন লোক এ রোগে ভুগছে।

(গ) কিছুসংখ্যক রোগী সংক্রামক।

(ঘ) এ রোগকে নিয়ন্ত্রিত করতে রাজ্যের কুষ্ঠ-প্রধান অঞ্চলে লেপ্রসি কন্ট্রোল ইউনিট এবং অন্যান্য ধরনের চিকিৎসাকেন্দ্র আছে। (ক) ধারায় বর্ণিত হাসপাতালগুলিতে চিকিৎসার বন্দোবস্ত আছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 330.

পশ্চিমবঙ্গে কুষ্ঠরোগ চিকিৎসার জন্য হাসপাতাল

(১) গৌরীপুর লেপ্রসি কলোনি, বাঁকুড়া।
(২) লেপ্রসি ভেগর‍্যান্টহোম, বেলেঘাটা, কলিকাতা।
(৩) সিউড়ি জেল হাসপাতাল, সিউড়ি।
(৪) মেদিনীপুর সেন্ট্রাল জেল, মেদিনীপুর।
(৫) রিয়ানস্ লেপ্রসি হোম, বাঁকুড়া।
(৬) পুরুলিয়া লেপ্রসি হোম ও হাসপাতাল, পুরুলিয়া।
(৭) কালিম্পং লেপ্রসি হাসপাতাল, কালিম্পং।
(৮) সিলদা লেপ্রসি হাসপাতাল, সিলদা।
(৯) রাণীগঞ্জ লেপ্রসি হোম, রাণীগঞ্জ।
(১০) নবকুষ্ঠ নিবাস, পুরুলিয়া।
(১১) আসানসোল লেপ্রসি হাসপাতাল ও সেটেলমেন্ট, আসানসোল।
(১২-১৮) সাতটি পৃথকীকরণ শিবির।

কলকারখানার দূষিত পদার্থ নিক্ষেপে গঙ্গার জল দূষিতকরণ

৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৬।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গঙ্গানদীর উভয় পারের কলকারখানার নিক্ষিপ্ত আবর্জনা, দূষিত জল ও তেল গঙ্গার জলকে দূষিত করিতেছে;

(খ) অবগত থাকিলে, সরকার ইহার প্রতিকারের জন্য কোন ব্যবস্থা করিয়াছেন কিনা; এবং
(গ) এই জলে গঙ্গায় স্নানার্থীদের দৈহিক কোন ক্ষতির সম্ভাবনা আছে কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ১৯৫৮ সালের ওয়েস্ট বেঙ্গল ফ্যাক্টরী রুলস-এর ১৯নং বিধি অনুযায়ী, এইসব কল-কারখানাকে (যেখানে কোন পয়ঃপ্রণালী নাই) রাসায়নিক অবশেষ ও অন্যান্য দূষিত পদার্থাদির নিষ্কাশনের সুবন্দোবস্ত করিতে হয়। এই নিষ্কাশন পদ্ধতি ও ব্যবস্থা পশ্চিমবঙ্গের মুখ্য কারখানা পরিদর্শক (চিফ ইন্সপেক্টর অব ফ্যাক্টরিজ) স্বাস্থ্য অধিকর্তার সঙ্গে পরামর্শ করে অনুমোদন করেন। এই নিয়ম লঙ্ঘনে শাস্তির ব্যবস্থা আছে। এ ছাড়াও নদীজল দূষিত-করণের প্রতিবিধানকল্পে একটি কেন্দ্রীয় আইন প্রণয়নের কথা ভারত সরকারের বিবেচনাধীন আছে।

(গ) এখনও পর্যন্ত এ রকম ক্ষতির কোন সংবাদ পাওয়া যায় নাই।

Maintenance and development of Bryan Leprosy Home by Government

332. (Admitted question No. 626.) **Shri KASHINATH MISRA:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state--

(a) if it is a fact that the Bryan Home was established in 1902 by the Rev. Aubry Smith through a generous donation of an English lady Mrs. Bailey for this specific humanitarian service for the leprosy sufferers undertaken by the Leprosy Mission at that time; and

(b) if so, the action taken or proposed to be taken by the Government to maintain and develop it?

The Minister for Health: (a) The Bryan Home rendered good anti-leprosy work.

(b) A proposal for acquiring the property of the Home is under examination.

ত্রাণ বাবত ধুতি, শাড়ি, কম্বল, জামা, প্যান্ট বিতরণের জেলাওয়ারী সংখ্যা

৩৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৯।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ত্রাণ বাবত ১৯৭২ সালের মার্চ হইতে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত কতগুলি ধুতি, শাড়ি, কম্বল, জামা, প্যান্ট, ইজার প্রভৃতি বিতরণের জন্য দেওয়া হইয়াছিল;

(খ) জেলাওয়ারী উক্ত বস্ত্রাদির সংখ্যা কত; এবং

(গ) ঐ সময়ে কত টাকার বস্ত্রাদি কোন্ প্রতিষ্ঠান হইতে কিভাবে ক্রয় করা হইয়াছিল?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মার্চ, ১৯৭২ হইতে ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত ৬৫,৮৯০ খানি ধুতি, ৩৮,০৩০ খানি শাড়ি, ১৯,৫৯০ খানি সুতী ও পশমী কম্বল, ২১৪,৬১৬টি জামা-প্যান্ট-ইজার এবং ৭৯১ বান্ডিল "কাসা" কম্বল ও পোশাক ত্রাণ বাবত বিতরণের জন্য দেওয়া হইয়াছিল।

(খ) একটি বিবরণী (১নং) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) সুতী ও পশমী কম্বল টেন্ডারের মাধ্যমে ন্যূনতম মূল্যে ক্রয় করা হইয়াছে। সুতী বস্ত্র ও পোশাক ক্রয় করা হইয়াছে সরকারী ও আধা-সরকারী প্রতিষ্ঠান হইতে আলোচনার মাধ্যমে। টাকার অঙ্ক ও প্রতিষ্ঠানের নাম উল্লেখ করিয়া একটি পৃথক বিবরণী (২নং) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

বাঁকুড়া জেলায় গরীব-দুঃস্থ পরিবারগুলিকে পরিধেয় বস্ত্র ও কম্বল বিতরণ

৩৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৫।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় গরীব দুঃস্থ পরিবারগুলিকে সরকার হইতে ১৯৭১-৭২ সালে এবং ১৯৭২-৭৩ সালে কি কি পরিধেয় বস্ত্র ও কম্বল ব্লকওয়ারী দেওয়া হইয়াছে;

(খ) শিশু ও ৮-১০ বৎসর বালকের জন্য ব্লকওয়ারী কোন জামা-প্যান্ট দেওয়া হইয়াছিল কিনা;

(গ) হইলে, ব্লকওয়ারী কতজন স্ত্রীপুরুষ, বালকবালিকা উক্ত পরিধেয় বস্ত্রাদি পাইয়াছে; এবং

(ঘ) উক্ত বস্ত্রাদি সরকার কোথা হইতে কিভাবে ক্রয় করেন?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এতৎসম্পর্কে ১নং বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) হ্যাঁ।

(গ) ২নং বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঘ) ১৯৭১-৭২ সালে টেন্ডারের মাধ্যমে ন্যূনতম মূল্যে উক্ত বস্ত্রাদি ক্রয় করা হইয়াছিল। ১৯৭২-৭৩ সালে আলোচনার মাধ্যমে সরকারী ও আধা-সরকারী প্রতিষ্ঠান হইতে ক্রয় করা হইয়াছিল। কোন্ প্রতিষ্ঠান হইতে কেনা হইয়াছিল তাহাদের নাম ৩নং বিবরণীতে লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচন ও পঞ্চায়েত মারফত আয়-ব্যয়

৩৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪৮।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৫২ সাল হইতে ১৯৭২ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে কতবার পঞ্চায়েত নির্বাচন হইয়াছে;

(খ) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় কোন্ কোন্ সালে এই নির্বাচন হইয়াছিল;

(গ) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ১৯৬৭-৬৮, ১৯৬৯-৭০, ১৯৭০-৭১, ১৯৭১-৭২ এবং ১৯৭২-৭৩ সালের জানুয়ারি পর্যন্ত পঞ্চায়েত মারফত কত আয় এবং ব্যয় হইয়াছে; এবং

(ঘ) উক্ত বৎসরগুলিতে বিভিন্ন জেলা পরিষদগুলিকে উন্নয়ন বাবত কত পরিমাণ অর্থ অনুদান দেওয়া হইয়াছিল?

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) একবার। পঞ্চায়েত নির্বাচন আরম্ভ হইয়াছে ১৯৫৮ সাল হইতে।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) আয় ও ব্যয়ের দুইটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঘ) ১৯৬৪-৬৫ সাল থেকে ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত প্রতি জেলায় গত তিন বৎসরের চলতি দাবির উপর ভূমিরাজস্ব আদায়ের গড়ে ৫ শতাংশ উক্ত জেলার জিলা পরিষদকে উন্নয়নমূলক কাজের জন্য অনুদান দেওয়া হইত। ১৯৬৯-৭০ সাল থেকে সমগ্র পশ্চিমবঙ্গে চলতি দাবির উপর ভূমিরাজস্ব আদায়ের গত তিন বৎসরের গড়ের ৫ শতাংশ জিলা পরিষদগুলিকে তাহাদের পরিচালন ব্যয়ের আনুপাতিক হারে অনুদান হিসাবে প্রদান করা হইতেছে। প্রশ্নে উল্লিখিত বৎসরগুলিতে জিলা পরিষদগুলিকে ভূমিরাজস্ব খাত হইতে যে অনুদান দেওয়া হইয়াছিল তাহার একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

উপরি-উক্ত অনুদান ব্যতীত অন্য কোন প্রকার অনুদান পঞ্চায়েত বিভাগ কর্তৃক উন্নয়নমূলক কাজের জন্য জিলা পরিষদগুলিকে মঞ্জুর করা হয় নাই।

২৪-পরগনার ডি এফ ও-র অধীনে লঞ্চ ও স্পিড্ বোট

৩৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনার ডি এফ ও-র অধীনে বন বিভাগের কতগুলি লঞ্চ ও স্পিড্ বোট আছে;

(খ) ঐ সমস্ত লঞ্চ ও স্পিড্ বোটের মধ্যে বর্তমানে কতগুলি কাজের উপযোগী এবং কতগুলি অচল অবস্থায় আছে; এবং

(গ) সুন্দরবনে বন বিভাগের কাজের সুবিধার জন্য লঞ্চ, স্পিড্ বোট, বোট বাড়াবার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ২৪-পরগনা বন বিভাগের ৫টি লঞ্চ আছে। কোন স্পিড্ বোট নাই।

(খ) পাঁচটি লঞ্চের মধ্যে তিনটি চালু অবস্থায় আছে। বর্তমানে একটির মেরামতের কাজ চলিতেছে ও অন্যটির মেরামত করার বিষয়ে স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত কমিটির মতামত চাওয়া হইতেছে।

(গ) ২৪-পরগনা বন বিভাগের কাজের সুবিধার জন্য একটি স্পিড্ বোট ও আরো একটি লঞ্চ কেনার প্রস্তাব বিবেচনাধীন রহিয়াছে।

পশ্চিমবঙ্গের জঙ্গলে হাতির সংখ্যা

৩৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫০।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে পশ্চিমবঙ্গের বিভিন্ন জঙ্গলে হাতির সংখ্যা বৃদ্ধি পেয়েছে;

(খ) সত্য হলে, পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জঙ্গলে হাতি আছে ও তাদের বর্তমান সংখ্যা কোন্ জঙ্গলে কত; এবং

(গ) গত তিন বৎসরে পশ্চিমবঙ্গে কয়টি হাতিকে "গুণ্ডা হাতি" বলে ঘোষণা করা হয়েছে ও তাদের মধ্যে কয়টা শিকারীদের হাতে মারা পড়েছে?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সাধারণভাবে অনুমান করা হয় যে, উত্তরবঙ্গের বিভিন্ন জঙ্গলে বন্য হাতির সংখ্যা বৃদ্ধি পেয়েছে।

(খ) উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলায় জলপাইগুড়ি, বক্সা, কুচবিহার এবং বৈকুণ্ঠপুর ডিভিশনের সমস্ত জঙ্গলে এবং দার্জিলিং জেলার কালিম্পং এবং কার্শিয়াং ডিভিশনের নিম্ন পার্বত্য অঞ্চলে বন্য হাতি দেখা যায়। দক্ষিণ বাংলার বিহার সংলগ্ন কোন কোন জঙ্গলে মাঝে মাঝে হাতি যাওয়া-আসা করে। বন্য হাতির সংখ্যা গণনা করা হয় নাই।

(গ) গত তিন বৎসরে পশ্চিমবঙ্গে ১২টি হাতিকে "গুণ্ডা হাতি" বলে ঘোষণা করা হয়েছে। ইহার মধ্যে ১টি মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম জঙ্গলে ও আর একটি পুরুলিয়া জেলার বলরামপুরের নিকট মালতী গ্রামে শিকারীদের হাতে মারা পড়েছে বলে খবর পাওয়া গেছে।

বকখালিতে ট্যুরিস্ট লজ

৩৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** বন বিভাগেব মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বকখালিতে ট্যুরিস্ট লজ তৈরি করতে সরকারের কত টাকা ব্যয় হয়;

(খ) ইহা কি সত্য যে, বকখালিতে ট্যুরিস্ট লজটি ২৪-পরগনা ডি এফ ও-র অধীন হওয়া সত্ত্বেও উত্তরবঙ্গের সিলভিকালচারাল বিভাগকে লজটি তৈরীর ভার দেওয়া হয়; এবং

(গ) সত্য হলে, অন্য বিভাগকে ঐরূপ তৈরির ভার দেওয়ার কারণ কি?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বকখালিতে ট্যুরিস্ট লজ তৈরি করতে বন বিভাগের মাধ্যমে সরকারের ১,১৬,১৫৪ টাকা ব্যয় হয়।

(খ) বকখালির ট্যুরিস্ট লজটি ২৪-পরগনার ডি এফ ও-র অধীন নয়। ইহা হোম (ট্যুরিজম) ডিপার্টমেন্টের অধীন।

(গ) লজটি তৈরির ভার সিলভিকালচারাল উত্তর বিভাগকে দেওয়া হয় কারণ বকখালিতে উক্ত বিভাগের একজন ফরেস্ট রেঞ্জার থাকেন এবং তাঁর পক্ষে ২৪-পরগনা বিভাগের যেকোন কর্মচারী অপেক্ষা সুষ্ঠুভাবে নির্মাণকার্য তদারকী করা সম্ভব ছিল।

বনাঞ্চলে প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা

৩৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বিভিন্ন বনাঞ্চলে বন বিভাগের নিম্নশ্রেণীর কর্মচারী, শিকারী ও পর্যটকদের জন্য প্রাথমিক চিকিৎসার সুযোগসুবিধা আছে কিনা এবং থাকিলে, তাহা কি কি?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ বনাঞ্চলে এরূপ নির্দিষ্ট কোন ব্যবস্থা নাই। প্রয়োজনানুযায়ী নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্র বা হাসপাতালে প্রাথমিক চিকিৎসা করা হয়।

মাইনর ফরেস্ট প্রডিউস বিভাগের অধীনে ট্রাকটর, ট্রিফেলার প্রভৃতি যন্ত্র

৩৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বন বিভাগের মাইনর ফরেস্ট প্রডিউস বিভাগের অধীন বর্তমানে কতগুলি ট্রাকটর, ট্রিফেলার প্রভৃতি যন্ত্র আছে ও এগুলির মধ্যে কতগুলি সচল অবস্থায় আছে;

(খ) উক্ত যন্ত্রগুলি কি উদ্দেশ্যে খরিদ করা হয়েছিল ও ঐগুলির দ্বারা বন বিভাগ কতটুকু লাভবান হয়েছেন;

(গ) ফরেস্ট প্রডিউস বিভাগের জন্য বার্ষিক কত টাকা ব্যয় হয়;

(ঘ) এই বিভাগের অধীন কি কি ফসল উৎপন্ন হয়;

(ঙ) সরকার কি অবগত আছেন যে, এরূপ উৎপন্ন ফসলের অধিকাংশই বন্য জন্তুরা বিনষ্ট করে; এবং

(চ) অবগত থাকলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করছেন?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মাইনর ফরেস্ট প্রডিউস বিভাগের অধীন ৮টি মাটি তৈয়ারীর ও ৩টি গাছ কাটা ও জায়গা পরিষ্কার করিবার ট্রাকটর আছে। ইহাদের মধ্যে ৮টি সচল অবস্থায় আছে।

(খ) উপরি-উক্ত যন্ত্রগুলি দ্রুত গাছ উৎপাটন, জমি পরিষ্কার, জমি তৈয়ারী ও উৎপন্ন শস্য বহন প্রভৃতি কাজ করিবার জন্য খরিদ করা হইয়াছে। শ্রমিক দ্বারা কাজ না করাইয়া এই যন্ত্রগুলি দ্বারা কাজ করাইলে দেখা যায় যে, প্রতি হেক্টরে গড়ে ৫০ শতাংশ কম অর্থ ব্যয় হয় ও কাজও ভাল হয়।

(গ) গড় ব্যয় ২,৬৩,০০০ টাকা।

(ঘ) ধান (আউশ ও আমন), ভুট্টা, সরিষা, হলুদ, আনারস ও পাট ইত্যাদি।

(ঙ) হ্যাঁ; যেহেতু বনের মধ্যে শস্য উৎপন্ন করা হয়, সেইহেতু উৎপন্ন খাদ্যশস্য কিয়ৎ পরিমাণে বন্যজন্তু কর্তৃক ক্ষতিগ্রস্ত হয়।

(চ) বন্যজন্তুর উপদ্রব হইলে সতর্ক পাহারার ব্যবস্থা করা হয় এবং বন্দুকের গুলি ছুড়িয়া বন্যজন্তু বিতাড়ন করা হয়।

ডি এস টি এস পরিবহণ সংস্থার বাস

৩৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫৪।) **শ্রীকাশীনাথ মিশ্র:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের **মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, ডি এস টি এস পরিবহণ সংস্থার দূরপাল্লার বাসগুলিতে—

(১) হেলপার ও স্টেপনি নাই, ও

(২) দূরপাল্লা হইতে আসা বাসগুলিকে মেকানিক্যাল চেক, মোবিল পাল্টান এবং সার্ভিসিং-এর কোন ব্যবস্থা নাই; এবং

(খ) সত্য হইলে, তাহার কারণ কি?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) (১) হেলপার দেওয়া হয় নাই, কিন্তু স্টেপনি দেওয়া হয়।

(২) যাত্রা (জার্নি) হইতে ফিরিলে এই বাসগুলির প্রায় নিয়মিতভাবেই মেকানিক্যাল চেক-আপ করা হয়। তবে প্রতি ট্রিপ-এর শেষে মোবিল পালটান প্রয়োজন হয় না, যতটা মোবিল খরচ হইয়াছে তাহাই পূরণ করিয়া দেওয়া হয়।

(খ) প্রশ্ন উঠে না।

সি এস টি সি, ডি এস টি এস এবং নর্থবেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের পোড়া ও ক্ষতিগ্রস্ত গাড়ি

৩৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫৬।) **শ্রীকাশীনাথ মিশ্র:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের **মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ হইতে ১৯৭০ সালের মধ্যে সি এস টি সি, ডি এস টি এস এবং নর্থবেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট-এর কতগুলি গাড়ি পুড়িয়া নষ্ট হইয়াছে;

(খ) ইহাতে কত টাকা ক্ষতি হইয়াছে; এবং

(গ) কতগুলি পোড়া ও ক্ষতিগ্রস্ত গাড়ি পুনরায় মেরামত করা হইয়াছে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়:

(ক)

সংস্থার নাম	১৯৬৭ হইতে ১৯৭০ সালের মধ্যে পুড়িয়া নষ্ট বা ক্ষতিগ্রস্ত হইয়া যাওয়া গাড়ির সংখ্যা
সি এস টি সি	১৪৩
ডি এস টি বোর্ড	৩
নর্থবেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন ...	২

(খ)

সংস্থার নাম	ক্ষতির পরিমাণ টাকায়
কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন ...	১০,৯৬,৯২৫ (আনুমানিক)
উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন ...	১,০০,০০০
দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ বোর্ড ...	৩১,২০০

(গ) সংস্থার নাম	ক্ষতিগ্রস্ত গাড়ির (যাহা পুনরায় মেরামত করা হইয়াছে) সংখ্যা
কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন ...	১৪৩
উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন ...	১
দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ বোর্ড ...	৩

সি এস টি সি-এর বাসের টায়ার রিসোলিং বাবত অর্থ ব্যয়

৩৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫৭।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের **মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সি এস টি সি-এর বাসে ব্যবহার করা একটি টায়ার ৪০ হাজার কিলোমিটার রাস্তা চলার পর রিসোলিং করা হয়;

(খ) সত্য হইলে, ১৯৭২-৭৩ সালের জানুয়ারী পর্যন্ত সি এস টি সি-র এরূপ কতগুলি বাসের টায়ার রিসোলিং করা হইয়াছে; এবং

(গ) উক্ত রিসোলিং-এর জন্য কত টাকা ব্যয় হইয়াছে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সাধারণত ৩০ থেকে ৩৫ হাজার কিলো-মিটারের মধ্যে টায়ার রিসোল করা হয়; রাস্তার খারাপ অবস্থা ও অত্যধিক ভারের জন্য সব সময় ৪০ হাজার কিলোমিটার পাওয়া যায় না।

(খ) ১৯৭২-৭৩ সালের এপ্রিল হইতে জানুয়ারী পর্যন্ত ২,০৬৬ খানা টায়ার রিসোল করা হইয়াছে।

(গ) ৩,৪০,৮৯০ টাকা ব্যয় করা হইয়াছে।

দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা

৩৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬০।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের **মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার (ডি এস টি এস) অধীনে বর্তমানে কতগুলি বাস আছে;

(খ) উক্ত সংস্থার বর্তমানে কতগুলি বাস চালু ও ব্রেকডাউন অবস্থায় আছে;

(গ) উক্ত সংস্থায় বর্তমানে কোন্ কোন্ শ্রেণীর কতজন কর্মচারী নিযুক্ত আছেন;

(ঘ) উক্ত সংস্থায় বর্তমানে কোন্ কোন্ রুটে কয়টি করিয়া গাড়ি চালু আছে; এবং

(ঙ) ১৯৬৮-৬৯, ১৯৬৯-৭০ ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ সালে গড়ে দৈনিক আয় কত হয়েছে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১১৭টি।

(খ) চালু (সার্ভিসিবল) বাসের সংখ্যা ৮০; অচল (আন-সার্ভিসিবল) বাসের সংখ্যা ৩৭।

(গ) শ্রেণীর বিবরণ	বর্তমানে নিযুক্ত কর্মচারীর সংখ্যা
(১) প্রশাসন (অ্যাডমিনিস্ট্রেশন)	৫৬
(২) ট্রাফিক্	৫১৭
(৩) নিরাপত্তা (সিকিউরিটি)	৩৮
(৪) মেন্টিন্যান্স অ্যান্ড স্টোর	২১৭
(৫) মিনিয়ালস	২৯

(ঘ)

দূরপাল্লা সার্ভিস

রুটের বিবরণ			রুটে নিযুক্ত ডেপ্লয়েড বাসের গড় সংখ্যা
(১) দুর্গাপুর হইতে আসানসোল	...	...	২
(২) দুর্গাপুর হইতে চিত্তরঞ্জন	...	...	১
(৩) দুর্গাপুর হইতে আরামবাগ	...	...	২
(৪) দুর্গাপুর হইতে পুরুলিয়া	...	...	৩
(৫) বেনাচিতি হইতে সাঁইথিয়া	...	...	১
(৬) বেনাচিতি হইতে সোনামুখী	...	...	১
(৭) বেনাচিতি হইতে নবদ্বীপ	...	...	২
(৮) দুর্গাপুর হইতে বহরমপুর [একটি সুপার এক্সপ্রেস সহ]	...	...	৩
(৯) দুর্গাপুর হইতে শিলিগুড়ি [সপ্তাহে তিনবার]	...	...	১

টাউনশিপ সার্ভিসেস

রুটের বিবরণ				রুটে নিযুক্ত ডেপ্লয়েড বাসের গড় সংখ্যা
(১) ৪ নং রুট	...	...	...	৫
(২) ৫ নং রুট	...	...	...	৫
(৩) ৬ নং রুট	...	...	...	১
(৪) ৭ নং রুট	...	...	...	৫
(৫) ৮ নং রুট	...	...	...	৬
(৬) ৮এ নং রুট	...	...	...	২
(৭) ৮বি নং রুট	...	...	...	২
(৮) গান্ধীমোড় হইতে ওয়াড়িয়া (মায়াবাজার)			...	২
(৯) সেন্ট্রাল স্টোর হইতে গোপাল মঠ			...	২

(ঙ)

বৎসর				দৈনিক আয়ের গড় টাকায়
১৯৬৮-৬৯	...	...	...	৮,৫৭৮
১৯৬৯-৭০	...	...	...	১০,৫০১
১৯৭১-৭২	...	...	...	৫,৫৮৫
১৯৭২-৭৩	...	...	...	৭,২৬৮

কলিকাতা স্টেট ট্রান্সপোর্টের অধীনে বাস ও গ্যারেজের সংখ্যা

৩৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬১।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা স্টেট ট্রান্সপোর্টের অধীনে কতগুলি (১) একতলা, (২) দোতলা বাস আছে;

(খ) উক্ত গাড়িগুলি রাখিবার জন্য কতগুলি গ্যারেজ আছে;

(গ) উক্ত গাড়িগুলি রক্ষণাবেক্ষণের জন্য কতজন কোন্ কোন্ শ্রেণীর কর্মচারী নিযুক্ত আছেন;

(ঘ) উক্ত বাসগুলির জন্য মাসে কতগুলি টায়ারের প্রয়োজন হয়;

(ঙ) ইহা কি সত্য, বহু বাস অকেজো ও অনুপযুক্ত অবস্থায় গারেজে পড়িয়া আছে; এবং

(চ) সত্য হইলে, ঐগুলি মেরামত করা সম্ভব কিনা ও হইলে এ বিষয়ে সরকার কি কি ব্যবস্থা লইয়াছেন?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কলকাতা রাষ্ট্রীয় পরিবহণের একতলা ৭৬১টি ও দোতলা ৫১৮টি, মোট ১,২৭৯টি বাস আছে।

(খ) ছয়টি গ্যারেজ আছে।

(গ) রক্ষণাবেক্ষণের জন্য নিম্নলিখিত কর্মচারী নিযুক্ত আছেঃ

দক্ষ	অর্ধ দক্ষ	অদক্ষ	মোট
১৮৭	৫৬০	৬৪৬	২,১৯৩

(ঘ) ২৮৮টি নূতন।

(ঙ) হ্যাঁ।

(চ) মেরামতযোগ্য গাড়িগুলি রাষ্ট্রীয় পরিবহণের কারখানায় মেরামত করা হইতেছে। মেরামতের অযোগ্য ও বয়স অতিক্রান্ত গাড়িগুলি পর্যায়ক্রমে বিক্রয় করা হইতেছে।

নিরক্ষরতা দূরীকরণ প্রকল্প

৩৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৮।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগের অধীন সমাজ (বয়স্ক) শিক্ষা শাখা চালিত একটি নিরক্ষরতা দূরীকরণ প্রকল্প আছে; এবং

(খ) সত্য হইলে—

(১) কবে থেকে এই প্রকল্পটি চালু হইয়াছে,

(২) কত বৎসরের নিরক্ষর ব্যক্তিরা উক্ত শাখায় শিক্ষা লাভ করে,

(৩) উক্ত কার্য বর্তমানে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় কয়টি কেন্দ্রে চালু আছে,

(৪) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় উক্ত প্রকল্পে কতজন শিক্ষক নিযুক্ত আছেন, ও

(৫) উক্ত কাজে নিযুক্ত শিক্ষকগণ মাসিক কত টাকা হারে বেতন পান?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ। একাধিক প্রকল্প চালু আছে।

(খ) (১) স্বাধীনতার পর থেকে বিভিন্ন সময়ে এই প্রকল্পগুলি চালু হয়েছে।

(২) সাধারণত ১৫ থেকে ৪৫ বছর বয়সের পুরুষ ও মহিলা এই প্রকল্পগুলিতে শিক্ষা লাভ করেন।

(৩) এ বিষয়ে একটি তালিকা নিম্নে দেওয়া হইল (পরিশিষ্ট "ক")।

(৪) আনুমানিক ৩,৬৩১ জন শিক্ষক নিযুক্ত আছেন।

(৫) বেতন সব কেন্দ্রে একরকম নয়। কেন্দ্রের শিক্ষকদিগের বেতনহার একটি তালিকায় নিম্নে প্রদত্ত হইল (পরিশিষ্ট "খ")।

Statement referred to in reply to clause kha (3) of unstarred question No. 346.

পরিশিষ্ট "ক"

সমাজ শিক্ষা শাখার অধীন বিভিন্ন প্রকল্প

ক্রমিক সংখ্যা	বিভিন্ন প্রকল্প		প্রকল্প চালু হবার তারিখ খৃষ্টাব্দ	কেন্দ্রের বর্তমান সংখ্যা
১।	নৈশ বিদ্যালয় (সাহায্যপ্রাপ্ত)	...	১৯৪৮-৪৯	৭০০
২।	সাক্ষরতা কেন্দ্র	...	১৯৪৮-৪৯	৪০৮
৩।	বয়স্ক শিক্ষা কেন্দ্র	...	১৯৪৮-৪৯	৬০৮
৪।	বিদ্যালয় তথা সমাজ মিলন কেন্দ্র	...	১৯৫২-৫৩	৩৭
৫।	এক-শিক্ষক বিশিষ্ট পাঠশালা	...	১৯৬৫-৬৬	১,০২৩
৬।	বয়স্ক উচ্চ বিদ্যালয়	...	১৯৬৫-৬৬	৪২

Statement referred to in reply to clause kha (5) of unstarred question No. 346.

পরিশিষ্ট "খ"

ক্রমিক সংখ্যা	প্রকল্পের নাম		শিক্ষকের বেতন ও ভাতা ইত্যাদির পরিমাণ (প্রতি মাসে)
১।	নৈশ বিদ্যালয়	...	নৈমিত্তিক ব্যয় বাবদ ৫ টাকা
২।	সাক্ষরতা কেন্দ্র	...	(১) সাক্ষরতা শিক্ষক ১০ টাকা (২) নৈমিত্তিক ব্যয় ১০ টাকা
৩।	সমাজ শিক্ষা কেন্দ্র	...	(১) সমাজ শিক্ষক ৩০ টাকা (২) সাক্ষরতা শিক্ষক ১০ টাকা (৩) নৈমিত্তিক ব্যয় ১০ টাকা
৪।	বিদ্যালয় তথা সমাজ মিলন কেন্দ্র	...	(১) সমাজ শিক্ষক ৩০ টাকা (২) সাক্ষরতা শিক্ষক ১০ টাকা (৩) নৈমিত্তিক ব্যয় ১০ টাকা
৫।	এক-শিক্ষক বিশিষ্ট পাঠশালা		(১) শিক্ষক ৩০ টাকা (২) নৈমিত্তিক ব্যয় প্রতি বছর ১০০ টাকা
৬।	বয়স্ক উচ্চ বিদ্যালয়	...	(১) প্রধান শিক্ষক ১০০ টাকা (২) অপর ৪ জন শিক্ষক (যোগ্যতা অনুসারে) ৫০ থেকে ৭৫ টাকা (৩) পিওন ২০ টাকা (৪) নৈমিত্তিক ব্যয় ৫০ টাকা

পশ্চিমবঙ্গের প্রাথমিক বিদ্যালয়

৩৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫০।) **শ্রীকাশীনাথ মিশ্র:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত;

(খ) উক্ত প্রাথমিক বিদ্যালয়গুলি পরিদর্শন করিতে বর্তমানে পশ্চিমবঙ্গে কতজন বিদ্যালয় পরিদর্শক আছেন;

(গ) উক্ত বিদ্যালয় পরিদর্শককে কি কি কাজে নিয়োগ করা হইয়া থাকে;

(ঘ) পশ্চিমবঙ্গে বর্তমানে প্রাথমিক বিদ্যালয়গুলিতে কতজন শিক্ষক-শিক্ষিকা নিযুক্ত আছেন; এবং

(ঙ) প্রাথমিক শিক্ষকগণের বেতন দানের রীতি কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ২৮এ ফেব্রুয়ারী, ১৯৭৩ তারিখে অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৩৮,৫৪১।

(খ) ৪০৯ জন বিদ্যালয় পরিদর্শক প্রাথমিক বিদ্যালয়গুলির পরিদর্শন কার্যে নিযুক্ত আছেন।

(গ) এই সকল পরিদর্শককে সাধারণত নিম্নলিখিত কার্যে নিয়োগ করা হইয়া থাকে।

(১) প্রাথমিক ও নিম্ন বুনিয়াদি বিদ্যালয় পরিদর্শন ও তত্ত্বাবধান।

(২) শিক্ষক-শিক্ষিকাগণের বেতন অথবা অনুদান প্রদানের ব্যবস্থাকরণ।

(৩) শিক্ষক-শিক্ষিকাগণের ছুটি ও সার্ভিসবুক প্রভৃতির হিসাব রক্ষণাবেক্ষণ।

(৪) বিশেষ নির্দেশে নিম্ন মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন।

(৫) জেলা বিদ্যালয় পরিদর্শকের নির্দেশে তাঁহার ও জেলা বিদ্যালয় পর্ষদের অফিস সংক্রান্ত কাজে সাহায্য।

(৬) চক্রের অন্তর্ভুক্ত সকল শ্রেণীর শিক্ষাপ্রতিষ্ঠানের পরিসংখ্যান সম্পর্কীয় তথ্য সংগ্রহ।

(৭) চক্রের অন্তর্ভুক্ত প্রাথমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়সমূহের আহার্যদান পরিকল্পনার কার্য তত্ত্বাবধান।

(৮) মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালকমণ্ডলীতে বিভাগীয় প্রতিনিধির দায়িত্ব পালন।

(৯) মাধ্যমিক শিক্ষাপর্ষৎ অথবা শিক্ষা অধিকর্তার নির্দেশে মাধ্যমিক বা প্রাথমিক বিদ্যালয়ের প্রশাসনের দায়িত্ব পালন।

(১০) জেলা শাসক অথবা মহকুমা শাসকগণের নির্দেশে যেসকল সাময়িক কার্যের দায়িত্ব অর্পিত হয় তাহা পালন।

(ঘ) ২৮এ ফেব্রুয়ারী, ১৯৭৩ তারিখে অনুমোদিত শিক্ষকের সংখ্যা ১,২৮,৩৬৭।

(ঙ) জেলা বিদ্যালয় পর্ষদের পরিচালনাধীন ও জেলা বিদ্যালয় পরিদর্শকের তত্ত্বাবধানাধীন বিদ্যালয়সমূহের শিক্ষকগণকে মণিঅর্ডার যোগে নিয়মিতভাবে বেতন দেওয়ার অনুমোদিত ব্যবস্থা আছে। শহরাঞ্চলের সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়সমূহের শিক্ষক-শিক্ষিকাগণকে মণিঅর্ডার যোগে সরকারী সাহায্য দেওয়া হয়। শিক্ষক-শিক্ষিকাগণের বেতন অথবা সরকারী সাহায্যদান ব্যবস্থার উন্নতি সাধনের উদ্দেশ্যে পরীক্ষামূলকভাবে হাওড়া ও কলিকাতার শহরাঞ্চলের সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়সমূহের শিক্ষকগণকে ব্যাঙ্কের মাধ্যমে বেতনদান পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। এই ব্যবস্থা সন্তোষজনকভাবে কার্যকর হইলে অন্যান্য অঞ্চলেও সম্প্রসারিত করা যাইতে পারে।

কলিকাতা ও দুর্গাপুর পরিবহণ সংস্থায় টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কর্মচারী

৩৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯৬।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের **মন্ত্রিমহোদয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা ও দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় বর্তমানে কতজন টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কর্মচারী আছেন;

(খ) উক্ত কর্মচারীদের মধ্যে তফসিলী জাতি ও উপজাতিভুক্ত ব্যক্তির সংখ্যা কত; এবং

(গ) উক্ত সংস্থায় ঐ শ্রেণীর কর্মচারীদের কিভাবে নিয়োগ করা হয়?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণে টেকনিক্যাল ৩,০৯৩ জন এবং নন-টেকনিক্যাল ১০,০৯৪ জন কর্মচারী আছেন। দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় টেকনিক্যাল ৩৪৩ জন এবং নন-টেকনিক্যাল ৫১৪ জন কর্মচারী আছেন।

(খ) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় তফসিলী জাতি ও উপজাতিভুক্ত কর্মচারীদের কোন পৃথক তালিকা রাখা হয় না। কাজেই এইরূপ কর্মচারীদের সংখ্যা দেওয়া গেল না। দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণে তফসিলী জাতির কর্মিসংখ্যা ২৩ জন ও উপজাতি কর্মিসংখ্যা ৬ জন।

(গ) দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণে সিলেকসন কমিটির মাধ্যমে লোক নিয়োগ করা হয়। কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণে সিলেকসন বোর্ডের/কমিটির মাধ্যমে লোক নিয়োগ করা হয়।

পশ্চিমবঙ্গে রবীন্দ্রভবনের সংখ্যা

৩৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬৩।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের কয়টি জেলায় রবীন্দ্রভবন আছে;

(খ) কয়টি জেলায় রবীন্দ্রভবনের কাজ অসমাপ্ত অবস্থায় পড়িয়া আছে: এবং

(গ) পশ্চিমবঙ্গ সরকার জেলাওয়ারী রবীন্দ্রভবনগুলির জন্য কত অর্থ মঞ্জুর করিয়াছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৪টি জেলায় রবীন্দ্রভবন/সদন আছে।

(খ) ১০টি জেলায় রবীন্দ্রভবন/সদন অর্ধসমাপ্ত অবস্থায় আছে।

(গ) প্রতি জেলায় যে অর্থ দেওয়া হয়েছে তা নীচে দেওয়া হলঃ

জেলার নাম		টাকা	জেলার নাম		টাকা
বীরভূম	...	৮৬,৩২৫	পুরুলিয়া	...	১০,০০০
বাঁকুড়া	...	২,১৮,৭৫০	নদিয়া	...	১,৮৭,৩৫৬
হাওড়া	...	৩,৪১,১১০	কোচবিহার	...	৩০,৮৭৩
জলপাইগুড়ি	...	১,৩৫,০০০	হুগলী	...	২,৭৭,৯৫৯
২৪-পরগনা	...	৪৮,৭৯১	বর্ধমান	...	৬০,০০০
মুর্শিদাবাদ	...	৪০,০০০	মেদিনীপুর	...	১০,০০০

জেলাওয়ারী জেলের সংখ্যা

৩৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে জেলাওয়ারী কতগুলি (১) পূর্ণ জেল এবং (২) সাব-জেল আছে;

(খ) সাব-জেল ও পূর্ণ জেলের মধ্যে পার্থক্য কি; এবং

(গ) নকশালপন্থী সন্দেহে ধৃত বন্দীদের বর্তমানে পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলে আটক রাখা হইয়াছে?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(a) There are 53 Jails and Sub-Jails in West Bengal. Districtwise break-up is given in the statement (Annexure).

(b) In a Sub-Jail prisoners convicted in criminal cases for 14 days' R.I. or less are ordinarily kept confined.

Prisoners convicted for longer terms of imprisonment are confined in the District or Central Jails.

Special Jails are meant for the confinement of such class or classes of prisoners as Government may decide.

(c) This cannot be disclosed in the public interest.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 350

ANNEXURE

Statement showing the number of full-fledged Jails and Sub-Jails in West Bengal (districtwise)

Name of the district	No. of Jails
Calcutta	Central Jail 1
Howrah	District Jail 1 Sub-Jail 1
Hooghly	District Jail 1 Sub-Jail 3
24-Parganas	Central Jail 2 Special Jail 1 Sub-Jail 5
Purulia	District Jail 1
Murshidabad	Central Jail 1 Special Jail 2 Sub-Jail 3
Nadia	District Jail 1 Sub-jail 1
Midnapore	Central Jail 1 Sub-jail 4
Malda	District Jail 1
Jalpaiguri	District Jail 1 Sub-jail 1
Darjeeling	District Jail 1 Sub-jail 3 Special Jail 1
West Dinajpur	Sub-jail 3

Cooch Behar	District Jail 1 Sub-jail 4
Bankura	District Jail 1 Sub-jail 1
Birbhum	District Jail 1 Sub-jail 1
Burdwan	District Jail 1 Special Jail 1 Sub-jail 2

কলিকাতার হসপিটালগুলিতে দৈনিক মৎস্যের চাহিদা

৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪৫।) **শ্রীরবীন্দ্র ঘোষঃ** স্বাস্থ্য বিভাগের **মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিক্যতার হসপিটালগুলিতে গড়ে দৈনিক কি পরিমাণ **মৎস্য প্রয়োজন হয়?**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ কলিকাতার হাসপাতালগুলিতে রোগীদের জন্য গড়ে **দৈনিক** নিম্নলিখিত পরিমাণ মৎস্য প্রয়োজন হয়ঃ

(১) মেডিক্যাল কলেজ হাসপাতাল, কলিকাতা--১০০—১০৬ কেজি।

(২) আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতাল—৯০ কেজি।

(৩) শেঠ শুখলাল ক্যরনানি মেমোরিয়াল হাসপাতাল—৬০ কেজি।

(৪) নীলরতন সরকার মেডিক্যাল কলেজ হাসপাতা—৪০—৪৫ কেজি।

(৫) শম্ভুনাথ পণ্ডিত হাসপাতাল—২৫ কেজি।

(৬) ক্যালকাটা ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতাল (চিত্তরঞ্জন হাসপাতাল)—৪৫ কেজি।

(৭) এম আর বাঙ্গুর হাসপাতাল—৪২—৪৫ কেজি।

(৮) হাওড়া জেনারেল হাসপাত্যল—১১—১২ কেজি।

(৯) আই ডি ও জেনারেল হাসপাতাল, বেলিয়াঘাটা—২২ কেজি।

(১০) লেডি ডাফরিন ভিকটোরিয়া হাসপাতাল—১২ কেজি।

(১১) স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন সংলগ্ন কারমাইকেল হসপিটাল ফর ট্রপিক্যাল ডিজিজেস—১২ কেজি।

(১২) আমহার্স্ট স্ট্রীট এ জি হাসপাতাল—১৪ কেজি।

(১৩) হসপিটাল ফর মেন্টাল ডিজিজেস, গোবর‍্য—৭ কেজি।

(১৪) অষ্টাঙ্গ আয়ুর্বেদ বিদ্যালয় সংলগ্ন জেনারেল হাসপাতাল—৯—৯½ কেজি।

(১৫) পাতিপুকুর টি বি হাসপাত্যল—৫—৬ কেজি।

(১৬) বিশ্বনাথ আয়ুর্বেদ মহাবিদ্যালয় সংলগ্ন হাসপাতাল—১—১½ কেজি।

(১৭) বি সি রায় পোলিওক্লিনিক এবং হসপিটাল ফর ক্রুপল্ড চিলড্রেন—১½—২ কেজি।

(১৮) বি সি রায় মেমোরিয়াল হসপিটাল ফর চিলড্রেন—৪½—৫ কেজি।

(১৯) শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠ সংলগ্ন হাসপাতাল—১ কেজি।

(২০) ভবানীপুর মেন্টাল অবজারভেশন ওয়ার্ড—২½—৩ কেজি।

মোট প্রতিদিনে ৫০৪½—৫২৩ **কেজি।**

১নং নন্দীগ্রাম ব্লকে এ জি হাসপাতাল

৩৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯৮।) **শ্রীভুপালচন্দ্র পাণ্ডা:** স্বাস্থ্য বিভাগের **মন্ত্রি-**মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, নন্দীগ্রাম থানার এক নম্বর নন্দীগ্রাম ব্লকে যে এ জি হাসপাতাল আছে তাহাতে দীর্ঘদিন যাবৎ কোন ডাক্তার নাই;

(খ) অবগত থাকিলে—

(১) ইহার কারণ কি, ও

(২) কতদিনের মধ্যে উক্ত হাসপাতালে ডাক্তার পাঠান সম্ভব হবে; এবং

(গ) ব্লক হাসপাতাল নির্মাণে জনসাধারণ হইতে কি কি প্রকার সাহায্য সরকারকে দিতে হয়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) (১) ডাক্তারের স্বল্পতা জন্য।

(২) শীঘ্রই উক্ত হাসপাতালে ডাক্তার দেওয়া হবে।

(গ) কোন ব্লকে স্বাস্থ্যকেন্দ্র খোলবার জন্য অর্থসাহায্য বা অন্যবিধ সাহায্য নেবার বিশেষ কোনো বিধান নেই।

তবে, কোনো সহৃদয় ব্যক্তি প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্র নির্মাণকল্পে যথাক্রমে ২০ বিঘা ও ৬ বিঘা জমি দান অথবা নগদ অর্থ সাহায্য করতে পারেন। যেখানে জনসাধারণ হতে উক্ত সাহায্য পাওয়া যায় না সেখানে আইনগত ভাবে জমি দখল করে জনস্বার্থে স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করা হয়।

Construction of a Subdivisional Hospital at Kharagpur

353. (Admitted question No. 1639.) **Shri RAJANI KANTA DOLOI:** Will the Minister-in-charge of the Health and Family Planning Department be pleased to state—

(a) whether the Government is considering any proposal for constructing a Subdivisional Hospital at Kharagpur in Midnapore district; and

(b) if answer to (a) be in the affirmative, will he please state—

(i) if the Government has selected any site for constructing the aforesaid Subdivisional Hospital,

(ii) the number of beds and other amenities likely to be provided in the hospital,

(iii) when the construction is likely to be started, and

(iv) the amount sanctioned/likely to be sanctioned by the Government for the hospital?

The Minister for Health and Family Planning: (a) Yes, a proposal for establishment of a General Hospital at Kharagpur is under consideration.

(b)(i) No.

(ii) It is contemplated that the hospital will have 250 beds with arrangement for specialists' service.

(iii) After the land is available and the construction is sanctioned.

(iv) Does not arise at this stage.

সমুদ্রে মৎস্য শিকারকারী মৎস্যজীবী

৩৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১৭।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী কতজন মৎস্যজীবী গভীর সমুদ্রে মৎস্য শিকার করেন;

(খ) উক্ত মৎস্যজীবীদের আধুনিক পদ্ধতিতে মৎস্য শিকার সম্বন্ধে ট্রেনিং দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(গ) থাকিলে, কবে নাগাদ উহা কার্যকরী হইবে; এবং

(ঘ) ১৯৭১ হইতে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত কতজন মৎস্যজীবী সমুদ্রে জলমগ্ন হইয়া মারা গিয়াছেন?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই বিষয়ে কোন তথ্য মৎস্য বিভাগে নাই।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) এই বিষয়ে মৎস্য বিভাগে কোন তথ্য নাই।

বাঁকুড়ায় মহিলা কলেজ

৩৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০২০।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) বাঁকুড়া শহরে দীর্ঘদিনের প্রস্তাবিত মহিলা কলেজ-এর কাজ কবে নাগাত আরম্ভ হইবে;

(খ) বর্তমানে উক্ত প্রস্তাব কি অবস্থায় আছে; এবং

(গ) উক্ত প্রস্তাবিত কলেজের জন্য সরকার কোন টাকা অনুমোদন করিয়াছেন কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) রাজ্যসরকার বাঁকুড়া শহরে স্পনসর্ড স্কীমে একটি মহিলা কলেজ স্থাপনের প্রস্তাব নীতিগতভাবে গ্রহণ করিয়াছেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করা হইতেছে। আশা করা যাইতেছে যে, উপযুক্ত স্থানের ব্যবস্থা হইলে আগামী শিক্ষাবর্ষ হইতে কলেজটি চালু করা সম্ভব হইবে।

(খ) উক্ত মহিলা কলেজটি বর্তমানে স্থানীয় গুরু ট্রেনিং স্কুল ভবনটিতে চালু করা স্থির হইয়াছে এবং তজ্জন্য সরকার ২৪,০০০ টাকা বরাদ্দ (ইয়ারমার্কড) করিয়াছেন। প্রয়োজনীয় অবশিষ্ট অর্থ স্থানীয় জনগণের মধ্য হইতে দান হিসাবে সংগ্রহের প্রস্তাব করা হইয়াছে। এর জন্য জেলা শাসককে অর্গানাইজিং কমিটি প্রভৃতি প্রাথমিক পর্যায়ের প্রয়োজনীয় ব্যবস্থাদি সহ স্থনীয় উদ্যোক্তাদের মাধ্যমে বাকী অর্থ সংগ্রহের জন্য লেখা হইতেছে।

(গ) উপরি-উক্ত বরাদ্দকৃত (ইয়ারমার্কড) অর্থ ছাড়া কোন অর্থ কলেজের জন্য বর্তমানে মঞ্জুর বা অনুমোদন করা হয় নাই।

Motion on Breach of Privilege

Mr. Speaker: I have received a notice of privilege from Shri A. H. Besterwitch but I have not been able to go through the alleged statement against which the question of privilege is being raised, i.e., the statement of Shri Subrata Mukherjee. So, without making any comment as to whether there is any prima facie case in it, as I have not actually examined the points that are being sought to be raised by Shri A. H. Besterwitch, I just ask him to raise the point.

Shri A. H. Besterwitch: Mr. Speaker, Sir, on the 29th of March, in this House, the Hon'ble State Minister had made certain allegations against my party and against us.

The privilege motion that I am moving today against the Minister of State concerned, in my opinion, not only members belonging to my party but any member of the House. The cavalier fashion in which a fantastic allegation was hurled upon a section of the membership of the House by a Minister on 29th March 1973 is fraught with grave consequences.

Mr. Speaker, Sir, you have been a member of this House for a long time and had been a leader of a political party to which you belonged. Even though you have now given up the party membership in order to set up the non-partisan tradition of the Speaker, I expect you to appreciate the reaction that such fantastic allegation in the name of a party which inherits the tradition of glorious revolutionary struggle against British Imperialism and which has a long tradition of anti-Imperialist and anti-capitalist struggle. If the office of a Minister be a garb of irresponsible utterances, representative Government will lose all meaning. In my pretty long Parliamentary experience I am unable to recall a single instance when such heirous figment of imagination was devised to counteract opposition criticism. Ours is a very tiny group in the Assembly more so in the face of the brute majority of the Government Party. If even with this overwhelming majority a Minister has no better argument than unsubstantiated wild allegation with which to rebut the criticism of the opposition, if to cast shadow over the opposition by taking advantage of one's portfolio is the only defence of a Minister, we may perhaps welcome it as a sure indication of the end of parliamentary process. Let us, however, know it from the Chief Minister who has always been vocal about the right of the opposition in the House and who takes pride in his defence of parliamentary democracy whether he would allow his State Minister in the Department under his direct charge to act in the manner he did.

The Minister invoked official Secrets Act to evade the responsibility of substantiating his allegation which he wanted to impress the House and through it the public that he came to know of it in his Ministerial capacity. When he chose to divulge what he wanted the House to believe to be a secret, the talk of Official Secrets Act, cannot lie in his mouth. The nature of allegation levelled by him without any evidence is the worst that, in the opinion of my party, can be levelled against any political worker. The tradition on which my party is built considers it necessary to mete out a drastic punishment to any party man who may be found guilty or such offences. The Minister of State who is innocent of the history of the tradition of freedom struggle or revolutionary movement, may not be aware of this but any serious student of the history of our freedom struggle and revolutionary movement knows it. The Minister by hurling abuses on some unspecified number in my party cast aspersion on each and every member of my party including ourselves.

[2-00—2-10 p.m.]

This is mean tactics to undermine an opponent and infringe seriously upon the privilege of a member of the House whom the Minister wanted implicitly to castigate by making a sweeping accusation without adducing any evidence in support thereof. It is, therefore, a serious breach of privilege of the members of the House belonging to my group. Not only that. It constitutes a gross breach of privilege of the House as well. When a Minister supplies the House wrong information which he cannot substantiate, it constitutes a contempt of the House whose privilege is seriously infringed. If the Ministers are allowed to act in this manner it will sound the death knell of Parliamentary democracy.

I do, therefore, most emphatically demand that—(i) Let the Minister substantiate the charge; (ii) Or he must withdraw his allegation unconditionally and tender apology to the House unconditionally for making such a flippant statement before the House; (iii) Lastly, I would appeal to you, Mr. Speaker, Sir, to order expunction of the impugned portion from the proceedings of the House.

Before concluding I would repeat what the State Secretary of my party Comrade Makhan Paul observed in his statement, "The glorious tradition of the RSP in the freedom struggle and in the long-drawn struggle of the toiling people cannot be blackened by the utterances of upstarts who have no tradition of struggle, service or sacrifice. It is the country's greatest misfortune that responsible positions have been held by such highly irresponsible persons whose only defence against criticism lies in vituperation and slander taking advantage of the immunity of a legislator."

Sir, I expect you, as the guardian of the privilege of this House, to see that such things do not occur. Here, we are a microscopic minority and the Government have a brute majority. They can do whatever they like, but so far expressions by any member of the House is concerned, it should be such that it does not hurt the feeling of any other member of this House. But it is a surprise to me that in this House we hear such criticisms against our party. We as a member of this House sit here and hear such criticism as "R.S.P. goondas" etc. and everytime in this House I find that the members are not only expressing this, but making sweeping allegations against us. For this, I want that the Hon'ble Minister should withdraw his allegations unconditionally and apologise to this House for giving such wrong information and accusation and at the same time, Sir, I request you to expunge that portion of the statement of the Hon'ble Minister.

শ্রীবিশ্বনাথ মুখার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্য শ্রীবেস্টারউইচ যে মোশন এনেছেন, আমি সেই মোশন সমর্থন করছি। আমি সাধারণ আলোচনার মধ্যে যেতে চাই না, হাউসে সাধারণভাবে কে কাকে কি বলেছে, কোন্ পার্টি কোন্ পার্টিকে কি বলেছে, সেটার কথা হচ্ছে না। কিন্তু মন্ত্রী সুব্রতবাবু যে উক্তি করেছেন, সেই রকম ধরনের কোন উক্তি আমি আইনসভার ইতিহাসে কখনও শুনি নি। কোন্ দলের ভিতর পুলিসের স্পাই আছে, সেই স্পাই কি করেছে তার দলের বিরুদ্ধে কি অপর দলের বিরুদ্ধে, পুলিসকে কি গোপন সংবাদ যুগিয়েছে, এই রকম ধরনের কোন কথা কোন মন্ত্রী স্টেটমেন্ট করেছেন এটা আজ পর্যন্ত শুনিনি। মন্ত্রীর একটা প্রিভিলেজ আছে, অনেক কাগজপত্র তাঁর কাছে আসে, পুলিসের কাগজ, পুলিসের ইনফর্মেশন, সেটা অত্যুক্তি হতে পারে, অতিরঞ্জিত হতে পারে কোন মন্ত্রী যে জিনিস সাবস্ট্যানসিয়েট করতে পারবেন না, তাঁর পক্ষে সম্ভবও নয়, সেই জিনিস আইনসভায় বলে দেওয়া এবং এত প্ররোচনামূলকভাবে, প্রভোকেটিভভাবে, যে কোন পার্টিই হোক ছোট হোক বড় হোক, সেই পার্টির ভিতর পুলিসের স্পাই আছে, এবং সেই স্পাই, সেই পার্টির নেতাদের বিরুদ্ধে স্পাইং করছে কি অপর পার্টির নেতাদের বিরুদ্ধে স্পাইং করছে এই সমস্ত কথা আইনসভায় বলে দেওয়া অত্যন্ত অন্যায়।

প্রথমতঃ এটা মিথ্যা হতে পারে পুলিস রিপোর্ট; দ্বিতীয়তঃ সত্য হলেও আপনি সেটা প্রমাণ করতে পারবেন না; কারো বিরুদ্ধে আপনি বলতে পারবেন না, কিছুই আপনি বলতে পারবেন না। অথচ আপনি আইনসভাতে দাঁড়িয়ে এই ধরনের একটা অভিযোগ করে দিলেন। এমন একটি অভিযোগ করলেন যে, অভিযোগ সাবস্ট্যানশিয়েট করা যাবে না। এই ধরনের অভিযোগ আইনসভাতে দাঁড়িয়ে বলা—একে কুৎসা বলা যায়; শুধু কুৎসা নয়, এক পার্টিকে আর এক পার্টির বিরুদ্ধে প্ররোচিত করা, এই ধরনের স্টেটমেন্ট করা খুবই অন্যায়। ভবিষ্যতে কোন মন্ত্রী এই রকমের দায়িত্বহীন স্টেটমেণ্ট না করেন, তার জন্য সব মেম্বারের দলমতনির্বিশেষে এই অভিমত প্রকাশ করা দরকার। এই স্টেটমেণ্ট মন্ত্রিমহাশয় উইথড্র করে নিন। সংশ্লিষ্ট মন্ত্রি-মহাশয় আজকে সভায় উপস্থিত নাই। শুনলাম তিনি বাইরে গেছেন। তিনি ফিরলে পর যদি এ নিয়ে আলোচনা হয় হোক; তিনি যদি কোন এক্সপ্লানেশান দিতে চান দিন। আবার আমি এই মত প্রকাশ করছি যে, এটা কোন দলের প্রশ্ন নয়। এই অন্যায় কাজ করা হয়েছে দলমত নির্বিশেষে সমগ্র হাউস একমত হয়ে মন্ত্রিমহাশয়কে বলা উচিত, এই স্টেটমেণ্ট আপনি উইথড্র করুন। এই ধরনের কথা কখনো এর আগে আইনসভায় হয় নাই, এই ধরনের উক্তিও কেউ করেন নাই, কোন পার্টির বিরুদ্ধে নিজের পার্টির, বা পরের পার্টির বিরুদ্ধে এই রকম অভিযোগ করা উচিত নয়। আমার দলের তরফ থেকে আমি এই মত প্রকাশ করে এই মোশানকে সমর্থন করছি।

Shri Gyan Singh Sohonpal: Mr. Speaker, Sir, Mr. Besterwitch has brought a privilege motion before this House with your consent. Mr. Besterwitch is the seniormost Member of this House. Naturally we cannot dispose of his arguments lightly.

Sir, you are the custodian of this House. It is your pious duty to protect the prestige and the privilege of individual Members as also this House. In order that you may arrive at the correct decision, I would like to make a few submissions before you with a view to assist you in the matter.

Sir, I refer you to rule 224 which reads as follows: "Any Member may, with the consent of the Speaker, raise a question involving a breach of privilege either of a Member or of the House or of any Committee thereof." Now, the point in dispute is whether the utterances of Mr. Subrata Mukherjee were in connection with a Member or this House or any Committee thereof. Now, Sir, what Mr. Subrata Mukherjee said in the House the other day.

[2-10 --2-20 p.m.]

"আমি বলছি আর এস পি-র বহু নেতা আছেন, আমি চটাতে চাই না, যারা পুলিশের ইনফরমারের কাজ করে সই করে টাকা নিয়ে যান আমার দপ্তর থেকে। জ্যোতিবাবুরা কোথায় কি মিটিং করেছেন সেসব পুলিসকে তাঁরা ইনফরমেসান দিয়ে যান।"

Now, Sir, if you examine these utterances of Mr. Mukherjee, carefully, you will find that he did not refer to the Members of this Legislature. He did not say anything which may be considered as a contempt of this House. He did not speak about any Committee constituted thereof. So, the question of privilege does not arise. Secondly, Sir, I would also like to invite your attention to the Lok Sabha debate of 11th December, 1967, as also of 13th December, 1967, wherein serious allegations were levelled against CPM and some other parties. I also refer you to the Lok Sabha debate of 26th February, 1965, wherein it has been established that no Member can be compelled to disclose his information, or the document, or the evidence on which the allegations are made. I realise that the utterances of Mr. Mukherjee has placed the RSP in a most embarrassing position, but we cannot compel Mr. Mukherjee to disclose the evidence or the documents, if he has any. Moreover, Sir, he did not say anything against any individual Member of this House. He did not say anything against any Sub-Committee

of this House. Sir, if you take all these things into consideration, I am sure, you will come to the conclusion that no privilege lies in this matter. Whether a Member of this House has got the freedom of speech, this particular issue was once referred by the President of India to the Supreme Court and we have got the Supreme Court judgment in this matter wherein it has been clearly mentioned that a Member of this House, or any House, can make any statement because he enjoys the freedom of speech. Therefore, Sir, whatever Mr. Mukherjee has said, we cannot compel him to disclose the source, or produce the documents on the basis of which he has made the statement, on the gorunds that I have read out before you. It is not in connection with any particular Member of this House, or the House itself, or any Committee of the House. I would, therefore, most respectfully submit to you that the privilege motion brought by the honourable Member should be rejected.

Shri A. H. Besterwitch: Sir, we have just heard the speech which the Parliamentary Minister expressed in front of you. This is not in spirit with what the Hon'ble Minister Shri Subrata Mukherjee said before the House. He should have expressed that in the field, not in the House. When he mentioned that in the House it clearly implicates the Members of the House. It was not mentioned outside in the maidan. It was mentioned in the House. It clearly implicates the members of the RSP who are Members of the House. I will request you to go into it very deeply. We request you to see that this goes to Privilege Committe. After all this is not the maidan, this is the House where individual Member commands respect. During my parliamentary career I have not heard such allegation made against any Member in such a fashion. There is a clear indication that the Members of the House are implicated in this matter.

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আর এস পি-র মাননীয় বর্ষীয়ান সদস্য শ্রীবেস্টারউইচ আজকে অধিকার ভঙ্গের যে প্রস্তাব এনেছেন তার উপর আমি আমার বক্তব্য রাখতে চাই। প্রথম কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই

Privilege Motions will have precedence over all other business of the House

মাননীয় রাষ্ট্রমন্ত্রী শ্রীসুব্রত মুখার্জি এই বক্তব্য রাখার সময় মাননীয় সদস্যরা এই হাউসেই ছিলেন—সমস্ত বিসনেস প্রিসিডেন্স করে দেবার আগে এই প্রস্তাব উত্থাপিত হয় নি। তা হলে এই কনক্লুসনে আমি আসতে পারি যে,

It is an after-thought of the honourable Member who has subsequently raised this question today. From that point of view, according to the rules of procedure it is bad in point of admissibility

দুই নম্বর হচ্ছে, আমার সহকর্মী মন্ত্রী শ্রীজ্ঞানসিং সোহনপাল মহাশয়ের তরফ থেকে যে বক্তব্য রাখা হয়েছে এবং তিনি যে অধিকার ভঙ্গের নজির দিলেন সেই বক্তব্যতে দেখলাম যে, এই হাউসের কোন মাননীয় সদস্যকে কিংবা হাউসের পাওয়ারের উপর কোন রিফ্লেকসন নাই। তাই আমি মনে করি যে, এই হাউসে সেই অধিকার ভঙ্গের প্রশ্ন উত্থাপিত হতে পারে না। তৃতীয় নম্বর, রুলস অব বিজনেস-এর ৩৪৩তে যে প্রোভাইসো আছে তার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি,

"Provided that this rule shall not apply to any documents which are stated by the Minister to be of such a nature that their production would be inconsistent with public interest."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবঙ্গের অনেক দুর্ভাগ্য অতীতে ঘটেছে তার মধ্যে আমরা জানতে পেরেছি যে,

Police sources about miscreants and anti-socials.

।ই রাজ্যের শাসন কাঠামোর এনটায়ার ইনটেলিজেন্স এজ সাচ ভেঙেগ দেবার চক্রান্ত হয়েছিল। সগ্ৰুলি যদি বাইরে প্রকাশ করে দেওয়া হয়, তা হলে প্ৰুলিস দপ্তর থেকে পাবলিক ইনটারেস্টে য তথ্য সংগ্রহ করা হয় বা সেগ্ৰুলি যদি ডিসক্লোজ করা হয়, তা হলে ইনটেলিজেন্স অব দি স্টেট যাকে না। কাজেই রাষ্ট্রের নিরাপত্তার দিক থেকে এবং প্রশাসনিক দিক থেকে সেই নজির এই হাউসের স্মুখে আনা এটা এগেনস্টে দি ইনটারেস্ট অব দি স্টেট। এটা আমরা করতে পারি না। সেদিক থকে এই মোসনটা ব্যাড এবং আনটেনেবল। আমার বন্ধ্ৰু শ্রীবেস্টারউইচ তাঁর দলের দিক থেকে য়তো আঘাত পেয়েছেন, নিশ্চয় পেতে পারেন। এবং সে দিক দিয়ে মাননীয় সদস্য শ্রীবিশ্বনাথ ম্ৰুখার্জি মহাশয়ও বক্তব্য রেখেছেন। আমি একটি কথা অন্ৰুরোধ করতে চাই,

Minister has got the prerogative to what extent public interest affected.

হচ্ছে এবং পাবলিক ইনটারেস্ট এফেকটেড হচ্ছে না—তা হলে সেই কারণে,

To a particular question Minister will decide in relation to the State

যে আমাদের হাউসে রাখা উচিত, এর বেশী রাখা উচিত নয়।

[2-20—2-40 p.m.]

এবং হাউস অব কমন্স, ভারতবর্ষের অন্যান্য বিধানসভাতেও বটে, ভারতীয় সংসদেও বটে, কোন মোসান তুলে কোন মিনিস্টারকে এন্টায়ার কনটেন্ট অব দি ইনফর্মেসন অ্যান্ড সোর্স বাধ্য করা যায় না বলতে সেদিক দিয়ে এই মোসান ব্যাড। আমি আপনার দ্ৰুষ্টি এই ক'টি কথা বলে আকর্ষণ করছি এবং আমি অন্ৰুরোধ করবো, মাননীয় বন্ধ্ৰু বেস্টারউইচ মহাশয় যে প্রিভিলেজ, অধিকার ভঙ্গের প্রশ্ন উত্থাপন করেছেন তা তিনি প্রত্যাহার করবেন কিংবা আজকে আপনি যেটা প্রাইমাফেসি ধরে নিয়েছেন দেয়ার ইজ কোয়েশ্চেন অব প্রিভিলেজ, এই মোসানের দ্ৰুটি উপায় আছে,

Either you will refer it to the House to take a decision or on your own you can take a decision.

Mr. Speaker: I have not stated that there is a prima facie case. I have only allowed him to read his motion so that I can determine whether there is a prima facie case or not.

Dr. Joynal Abedin: That was very good of you, Sir. I was not present then. I am deeply obliged that you stated so.

তার ভিতরে স্যার, আজকে এই মোসান স্ট্যান্ড করে না। টেস্ট অব কনভেসন, টেস্ট অব র্ৰুলস, টেস্ট অব প্রসিডিওর এবং টেস্ট অব কলিং অদার রেকর্ডস অ্যান্ড দি প্রিভিলেজেস অব দি মিনিস্টার, আজকের এই মোসান ইট ইজ ব্যাড ইন পয়েন্ট অব র্ৰুল অ্যান্ড ফ্যাক্ট—এটা টিকতে পারে না।

শ্রীকুমারদীপ্তি সেনগ্ৰুপ্ত: মিঃ স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রী স্ৰুব্রতবাব্ৰুকে আমার মনে হয় বেস্টারউইচ সাহেব এবং শ্রদ্ধেয় বিশ্বনাথবাব্ৰু ভুল ব্ৰুঝেছেন। আমাদের মন্ত্রিমহাশয় যেটা বলতে চেয়েছিলেন সেটা হচ্ছে আমাদের বাংলাদেশের যে চিত্র সেটাই বোঝাতে চেয়েছেন! সেখানে এই কথা বলা হয় নি যে আর এস পি খারাপ, আর এস পি-তে দ্ৰুর্নীতি আছে, আর এস পি-কে অপমানিত করা দরকার, আর এস পি সোস্যালিস্ট পার্টি নয়, এই সব কোন কথা বলা হয় নি। খালি বলা হয়েছে, তাদের মধ্যে কয়েকজন খবরাখবর আমাদের দিয়ে থাকেন, এটা আর এস পি-কে বলা হচ্ছে না, বলা হচ্ছে সেই দ্ৰুজন ব্যক্তি বিশেষকে যারা এই কাজ করেন। যদি কাউকে ছো করা হয়ে থাকে, আর এস পি-কে করা হয় নি, সেখানে আর এস পি-র নাম করে, আর এ পি-র স্ৰুযোগ নিয়ে যারা এই অন্যায় কাজটা করেছে সেই দ্ৰুজন ব্যক্তি সম্বন্ধে তিনি তাঁর উা করেছেন, আর এস পি হিসাবে করেন নি। আজকে এখানে আমরা বক্তৃতার সময় সি আই সম্বন্ধে অনেক কথা বলছি, সি পি এম সম্বন্ধে অনেক কথা বলছি এবং সি পি এম-এর নেত মাননীয় জ্যোতি বাস্ৰু মহাশয় যদিও তিনি এখানে থাকেন না, তাঁর সম্বন্ধেও বলছি, হরেকৃষ বাব্ৰুর ওপরে কিছ্ৰু মান্ৰুষ ও দেশের লোকের অগাধ শ্রদ্ধা আছে, হরেকৃষ্ণবাব্ৰুর নামটা আম

প্রায়ই বলে থাকি—তা হলে আজকে যদি এই সামান্য ব্যাপারে একটা প্রিভিলেজের প্রশ্ন আসে, তা হলে স্যার আমাদের পক্ষে যে মানুষগুলো দুঃখদুর্দশা দূর করার জন্য—দুর্নীতিই বলুন কিংবা সুনীতি আনার জন্য, অতীতের যে পাপ কাজগুলো করা হয়েছে তার বিরুদ্ধে স্যার, আমরা কোনদিন কোন কথা বলতে পারবো না? তা হলে কি স্যার, অ্যাসেম্বলীর প্রত্যেক দিনকার কাজ বন্ধ হয়ে যাবে, প্রিভিলেজ মোশনই হতে থাকবে?

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ আপনারা সবাই বলে যাবেন এবং আমরা শুনে যাবো, ইয়ার্কি পেয়েছেন নাকি?

শ্রীকুমারদীপ্ত সেনগুপ্তঃ স্যার, এটা যদি একটা প্রিভিলেজের কারণ হয়, তা হলে প্রতিদিন আধ ঘণ্টা অন্তর অন্তর প্রিভিলেজ মোশন এখানে হবে এবং এই অ্যাসেম্বলি চলবে না। আপনারা অনুগ্রহ করে সুব্রতবাবুকে বোঝবার চেষ্টা করুন। আপনারা যদি ভুল বোঝেন এবং বোঝবার চেষ্টা না করেন, তা হলে আমরা ভুল ভাঙ্গাতে পারবো না। আপনারা মানেটা বোঝবার চেষ্টা করুন।

শ্রীঅজিতকুমার পাঁজাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটি খুব গুরুত্বপূর্ণ বিষয়, কাজেই এ ব্যাপারে উত্তেজিত হলে আমরা হয়ত আইনটাই ভুলে যাব। আপনি নিশ্চয় জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে যে কথাটা বলা হয়েছে সেটা আমাদের দেখা উচিত। ছাপানো ভাবে প্রত্যেক সদস্য পেয়েছেন। কথাটা আমি আর একবার পড়ছি। উনি বলেছিলেন, "আমি বলছি, আর এস পি-র বহু নেতা আছেন, আমি চটাতে চাই না যাঁরা পুলিসের ইনফর্মার হয়ে কাজ করে সই করে টাকা নিয়ে যান আমার দপ্তর থেকে। জ্যোতিবাবুরা কোথায় কি মিটিং করছেন সেসব পুলিসকে তাঁরা ইনফরমেসান দিয়ে যান।" মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমতঃ কথাটা যদি দেখেন এখানে মাননীয় বেস্টারউইচ সাহেব বা আর এস পি-র অন্য কোন মাননীয় সদস্য যাঁরা রয়েছেন বা অন্যান্য সদস্য যাঁরা হাউসে রয়েছেন অথবা এবারে নির্বাচিত হয়েছেন, তাঁদের কারুর কথা এর মধ্যে নেই। আর এস পি-র বহু নেতা আছেন যাঁরা পুলিসের ইনফরমারের কাজ করেন। এখানে নিশ্চয় বেষ্টারউইচ সাহেবকে বলা হয় নি। (তিমিরবরণ ভাদুড়ীঃ কি করে বুঝলেন যে বলা হয় নি?) অ্যাসেম্বলী প্রসিডিংসে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যা বলি, মাননীয় সদস্যরা যা বলেন তা লেখা থাকে এবং আমাদের ঠিক ঐ যা লেখা আছে, আইন অনুযায়ী, রুলস অব বিজনেস অনুযায়ী যা লেখা আছে সেটাই আমাদের দেখতে হবে। লাইনের মাঝামাঝি কিছু লেখা আছে কিনা বা লাইনের মধ্যে কি স্পিরিট অব ইনটেনসান আছে বা উদ্দেশ্যমূলকভাবে মাননীয় বেস্টারউইচ সাহেবকে বলা হচ্ছে কিনা বা মাননীয় তিমির ভাদুড়ী মহাশয়কে বলা হচ্ছে কিনা সেটা নিশ্চয় আমরা দেখবো না। যা লেখা আছে সেটাই আমাদের দেখতে হবে। কারণ যে প্রিভিলেজ মোশান আনা হয়েছে সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পরিপ্রেক্ষিতে আমি মেস পার্লামেন্টারী প্রাকটিস- এইটিনথ এডিসান থেকে পড়ছি, যদি আপনার সাহায্যে লাগে।

> "Certain rights and immunities such as freedom from arrest or freedom of speech, belong primarily to the individual members of each House and only secondarily and indirectly to the House itself, but there are other rights and immunities such as the power to punish for contempt and the power to regulate its own Constitution, which being rather directed, to the maintenance of its own collective authority than to security of the individual members may be said to belong primarily to each House as a collective body. This is an useful distinction but fundamentally it is only as a means to the effective discharge of the function of the House that individual privileges are enjoyed by its members."

সুতরাং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পরিষ্কারভাবে দেখতে পাচ্ছি এবং অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি এই হাউসের কোন মাননীয় সদস্যের প্রিভিলেজ বিশেষ করে আর এস পি-র মাননীয় সদস্যদের প্রিভিলেজ ক্ষুণ্ণ হয় নি। আপনি এটা রিজেক্ট করুন।

শ্রীবিমল পাইক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি প্রিভিলেজ মোসান এসেছে যেটা ২২৪-এ খুব পরিষ্কারভাবে লেখা আছে—

"Any Member may with the consent of the Speaker raise question involving the breach of privilege either of the Member or of the House."

অধ্যক্ষ মহোদয়, কোন মেম্বারের প্রিভিলেজ ক্ষুণ্ণ হয়েছে কিনা সেটা দেখবেন। যদি আজকে কেউ হাউসে এই কথা বলে থাকেন যে, সি পি এম খুনোখুনি করে, তাহলে সেটাতে কোন মেম্বারের প্রিভিলেজ নষ্ট হয়েছে বলে আমি মনে করতে পারি না। যদি এখানে কোন মেম্বারের নাম ধরে বলা হত যে, উনি এই কাজে লিপ্ত আছেন, তা হলে আমার মনে হয় মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেটা প্রিভিলেজ নষ্ট হত এবং সেটা প্রিভিলেজ বলে আসতে পারে। অতএব যে উক্তি সুব্রতবাবু করেছিলেন যে আর এস পি-র অনেক লোক এরকম করেন—তাতে কোন মেম্বারের এই রকম কোন প্রিভিলেজ ক্ষুণ্ণ হয়েছে বলে আমি মনে করতে পারি না এই আমার মত।

[2-30- 2-40 p.m.]

Shri A. H. Besterwitch: Mr. Speaker, Sir, certain references have been made regarding the rules of procedures and conduct of business. I think, I have followed every bit of it. So far as rule 227 is concerned that the matter should be raised at the earliest opportunity I say that the remark was made by the Minister of State on the 29th of March, 1973, and I gave a notice on the 2nd April, 1973. The motion was to have been raised on the 3rd April, 1973 but the House was adjourned on that day. I have raised the motion today. So I have raised the matter at the earliest opportunity and so far as rules 224 to 227 are concerned I am correct and there is nothing in these particular rules which is being violated.

Shri Abdus Sattar: Your point is not covered by rule 224 as no Member's name has been mentioned.

Shri A. H. Besterwitch: He did not mention any name because he would not be able to prove it. His remarks imply that we are also in it.

শ্রীসোমনাথ লাহিড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টা যদি আমরা শুধু রুল দিয়ে দেখি, তা হলে আমি মনে করি আমরা সমস্যাটার প্রতি অবিচার করবো। কারণ যখন কোন সদস্যের নাম ধরে বলেন নি, তখন সদস্যের প্রিভিলেজ ক্ষুণ্ণ হচ্ছে সেই দাবি তোলা কঠিন, কোন সন্দেহ নেই। কিন্তু কথাটা হচ্ছে, যা হচ্ছে তা কি আমরা পছন্দ করি? এই হাউস কি মনে করে যে, যা বলা হয়েছে, সেই ধরনের বলার দ্বারা এই হাউসের ডিগনিটি রক্ষিত হচ্ছে? আমি বলবো যে, তা রক্ষিত হয় নি। আমাদের হাউসের প্রিভিলেজ বলে একটা জিনিস আছে। যে ধারা আবেদিন সাহেব উল্লেখ করেছেন তাতে আছে প্রিভিলেজের কোশ্চেন শুধু প্রিভিলেজ অব এ মেম্বার নয়, প্রিভিলেস অব দি হাউজ সম্বন্ধেও বলা যেতে পারে। আমি বলবো, সুক্ষ্ম আইনের তর্কে মেম্বারের নাম নেই, সুতরাং বাদ গেল আইনের তর্কে, এই প্রশ্ন যদি মেনে নিই, আমাদের হাউসের কোন প্রিভিলেজ ক্ষুণ্ণ হয়েছে কিনা তা এর থেকে বিচার করার প্রয়োজন আছে। আমার মনে হয় হাউসের প্রিভিলেজ একটা হল নিজেদের ডিগনিটি মেনটেন করা এবং সেই ডিগনিটি যে এই ধরনের দায়িত্বহীন উক্তিতে ক্ষতিগ্রস্থ হয়েছে তাতে কোন সন্দেহ নেই। আমি এই হাউসে অনেকদিন আছি, কিন্তু এই ধরনের উক্তি কোন মন্ত্রীর কাছ থেকে, যা আমি বলবো, যা বলা হল, যে কনটেক্সট নিয়ে অর্থাৎ আর এস পি-কে আক্রমণ করার জন্য সেটা বলা হয়েছে, আর এস পি-কে আক্রমণ আমরা করতে পারি। আর এস পি-কে আক্রমণ করার সময়—অনেক সময় অনেকে হয়তো বা অন্য কোন পার্টিকে আক্রমণ করার জন্য কিছু কিছু দায়িত্বহীন উক্তি হয়ে যায়। কিন্তু এখানে গুরুত্ব খুব বেশী এই কারণে যে, কোন একজন সদস্য করছেন না, একজন মন্ত্রী করছেন, যিনি একটা বিষয়ে আলোচনা বিতর্কের জবাব দিচ্ছেন—জবাব দেবার সময় তিনি যদি প্রতিদ্বন্দ্বী পার্টিকে আক্রমণ করবার জন্য এমন বিষয়ের অবতারণা করেন, যে

বিষয়ে তিনি জানেন যে, তাঁর দলের লোক, করতে বললে তিনি পাবলিক ইনটারেস্টের নামের সুযোগ নিয়ে বেরিয়ে যেতে পারবেন, তা হলে আমার মনে হয়, আইনের দিক থেকে যদি ঠিক বলে মনে হয়, নীতির দিক দিয়ে, মর্যাদার দিক দিয়ে এই হাউসের ট্রাডিশন মেনটেন করার দিক দিয়ে নিশ্চয়ই ক্ষতিকারক এবং মর্যাদাহানিকর। তৃতীয়তঃ তিনি আমাদের হাউসে বলেছেন যে, আর এস পি-র অনেক নেতা আছেন, যারা টাকা পয়সা নেন। হাউসের তো তার কাছে দাবি করবার অধিকার আছে। স্যার, আপনি একটু কান দেবেন, আপনার কর্ণ আমি আকর্ষণ করতে চাচ্ছি। তখন হাউসের জানার অধিকার আছে যে, তিনি এই কথা কিসের ভিত্তিতে বলছেন। একটা ধারা জয়নাল সাহেব উল্লেখ করেছেন, ৩৪৩ ধারা, এর দ্বারা মন্ত্রী নাকি প্রটেকটেড। সেই ধারায় কি আছে, সেই ধারায় আছে—

প্রোটেকসানটা কি—

"Provided that this rule shall not apply to any documents which are stated by the Minister to be of such a nature that their production would be inconsistent with public interest.

If a Minister quotes in the House a despatch or other State paper which has not been presented to the House, he shall lay the relevant papers on the Table."

এখন এই ধারা এখানে দেখছি না, কারণ তিনি কোন ডেসপাচ করেন নি, কোন পেপার প্রেজেন্ট করেন নি, এই ধারা অনুসারে তা রক্ষার কোন প্রশ্নই ওঠে না। তিনি যদি কোন পেপার এখানে উপস্থিত করতেন কিংবা কোন ডেসপাচ কোট করতেন, আমরা যদি দাবি করতাম, ফুল ডেসপাচ দাও, তা হলে হয়ত এই ধারার দ্বারা প্রটেকটেড হতেন, তা হয় নি। একটা পার্টিকে অ্যাকিউস করেছেন, এই বলে যে, সেই পার্টির বড় বড় নেতার স্পাই- এই বলে বলেছেন। কিন্তু আমি তা প্রমাণ করতে বাধ্য নই, যা বলেছেন, তার মানে এই দাঁড়ায়, যেহেতু আমি নাম বলছি না এবং নাম বলতে বাধ্য নই, আমাকে প্রটেকশান দিচ্ছে, সুতরাং আমি নাম বলব না। কিন্তু এই অ্যাকিউস করব যে, সরকারী মন্ত্রী বলেই এই জিনিস নয়, এই হাউসের কাছে তখন দায়ী হলেন। কারণ তিনি কোন পেপার পড়েন নি, ডেসপাচ পড়েন নি যে, তিনি এই কথা বললেন, তোমাকে এই জিনিস সাবসটেনটিয়েট করতে হবে। যদি সাবসটেনটিয়েট না করো, তা হলে তোমার উক্তি তোমাকে উইথড্র করতে হবে বা উইথড্রন বলে গ্রাহ্য হবে। কারণ হাউসের অধিকার আছে যে, যখন কোন অ্যাকিউজেসন-এর প্রশ্ন হয় তখন ফ্যাক্ট ইত্যাদি জিনিস উপস্থিত হয়, তখন তার বেসিস কি জানবার অধিকার আছে। কেন অধিকার আছে, যাতে হাউস মনস্থির করতে পারে যে, তিনি যে অ্যাকিউস করেছিলেন তা সত্য কি মিথ্যা। হাউসের সেই অধিকার আছে, কিন্তু সেই অধিকার তিনি তোলেন নি অথচ একটা অ্যাকিউসেসন হাউসে ছুড়ে দিয়ে চলে গেলেন। আমার মনে হয়, এতে হাউসের অধিকার ভঙ্গ হল। এই হল আইনের প্রশ্ন। কিন্তু নীতির দিক দিয়ে যদি দেখেন, আমাদের এই হাউসের ট্রাডিশনের দিক দিয়ে যদি দেখেন, গোটা পার্লামেন্টারী ট্রাডিশনের দিক দিয়ে যদি দেখেন, তা হলে কোন একজন সাধারণ নতুন, অর্বাচীন সদস্য মনের ঝোঁকে একটা কথা বলে ফেললেন, আমরা সেটা একভাবে দেখছি, সেটা স্বাভাবিক নিয়ম, আর একজন মন্ত্রী, তিনি একটা কথা বললেন, তার গুরুত্ব অনেক বেশী। সমস্ত সংবাদ-পত্র সেটাকে লুফে নিলেন এবং নিয়ে সারা পশ্চিমবাংলায় ছাড়িয়ে দেবেন যে, এইগুলি মন্ত্রী জানিয়েছেন, যে আর এস পি-র বহু নেতা গুপ্তচরের কাজ করেন। এই সংবাদ যদি সত্য না হয়, মন্ত্রী যদি প্রমাণ করতে উপস্থিত না থাকেন যে, সে কথা সত্য, তা হলে তিনি তার সেই অন্যায় ব্যবহার দ্বারা তার সেই সত্য গোপন রাখেন এবং অধিকারের অন্যায় ব্যবহার দ্বারা হাউসকে প্রতারিত করলেন। একটা অধিকার আছে, কিন্তু সেই অধিকারকে প্রতারণার উদ্দেশ্যে ব্যবহার করতে পারেন না। মন্ত্রীর অধিকার আছে কতগুলি ফ্যাক্ট পাবলিক ইনটারেস্টে না জানাবার, সেই অধিকার দেওয়া হয়েছে সরকারের তথা দেশের মঙ্গলের জন্য। কোন অধিকার দেওয়া হয় নি যে, মন্ত্রী সেই অধিকার প্রয়োগ করে প্রতারণার সৃষ্টি করবেন, হাউসকে প্রতারিত করবেন। কাজেই আমাদের হাউসের সদস্যদের সকলের সমবেত অধিকার এর দ্বারা ক্ষুণ্ণ হচ্ছে।

দ্বিতীয়তঃ বেস্টারউইচ সাহেব এবং অন্য বন্ধুরা বলেছেন, যখন তিনি বললেন আর এস পি-র অনেক নেতা—যেখানে আর এস পি-র একজন নেতার বক্তৃতার প্রসঙ্গে তিনি এই কথা বলেছেন, সেখানে যখন তিনি নাম করেন নি, অথচ আর এস পি-র অনেক নেতা বলেছেন, স্বভাবতই মানুষ সন্দেহ করলেন যে, সেই অনেক নেতার মধ্যে বেস্টারউইচ, তিমির ভাদুড়ী, শীশ মহম্মদ সম্ভবত আছেন বা অ্যানি ওয়ান অফ দেম আছেন। সেই জন্য তাঁকে অন্তত এসে বলতে হবে এই কথা বলার পরে সেই সদস্যর অধিকার রক্ষা করবার জন্য এবং এই হাউসের অধিকার রক্ষা করবার জন্য অন্তত তাঁকে এসে বলতে হবে যে, আমি এই তিনজন হাউসের সদস্যকে এর মধ্যে মিন করি নি। তাও তিনি বলেন নি, তিনি এমনভাবে বলেছেন, যাতে লোকে মনে করতে পারে, অনেকে মনে করতে পারেন যে, তিনজনের এক বা একাধিক সদস্য এই নেতার মধ্যে পড়ে।

[2-40—2-50 p.m.]

সব মিলিয়ে আমি আপনার কাছে এটাই বলতে চাই যে, এই সমস্ত বিচারবিবেচনা বাদ দিয়ে মোটের উপর একটা নৈতিক প্রশ্নের মধ্যে আমরা এসে গিয়েছি। হাউসের মধ্যে কোন মন্ত্রী এইভাবে কোন দলকে, তাঁর ঐ মন্ত্রগুপ্তির সুযোগের সুবিধা নিয়ে কাপুরুষের মত আক্রমণ করতে পারেন কিনা এটাই মূল প্রশ্ন, এটা প্রিভিলেজের উর্ধ্বে, এটা আমাদের ডিগনিটির প্রশ্ন। এই হাউসের দীর্ঘদিনের ইতিহাসের, পার্লামেন্টারি রীতি-নীতির মর্যাদার পেছনে যে প্রিভিলেজ, যে রুল বুক তাকে এইভাবে আইনের দ্বারা ভেঙ্গে দেওয়া যায় না। আমি আশা করব, মন্ত্রি-মহাশয় যখন উপস্থিত থাকবেন এ সম্বন্ধে তাঁর বক্তব্য কি তিনি জানাবেন এবং তারপর আপনি আপনার মতামত দেবেন। তখন শুধু আইনের তর্কের মধ্যে না গিয়ে সামগ্রিকভাবে এর ফল কি এবং এই ধরনের আক্রমণ থেকে সদস্য বা সদস্য নিয়ে যে পার্টি গঠিত তার অধিকার কিভাবে রক্ষা করা যেতে পারে সেসব আপনি বিবেচনা করবেন।

[গোলমাল।]

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্তঃ স্যার, লাহিড়ী মহাশয় এখানে অর্বাচীন সভ্য বলে একটা বক্তব্য রেখেছেন এবং এতে প্রিভিলেজ অব দি হাউস ক্ষুন্ন হচ্ছে বলে আমি মনে করি। এখানে যে প্রশ্ন উঠেছে তার উপর মন্ত্রী থেকে শুরু করে অনেকেই বক্তব্য রেখেছেন। কিন্তু উনি যা বক্তব্য রাখলেন তাতে উনি অনেক আইনগত প্রশ্ন তুলেছেন তাতে তিনি অনেক রুলস এর কথা বলেছেন। উনি যা ইচ্ছা বলতে পারেন, কিন্তু এই অধিকার তাঁর নিশ্চয় নেই, তিনি যত বড় লোক হোন না কেন হাউসের সদস্যদের অর্বাচীন বলার। এটা আমার একটা প্রিভিলেজের প্রশ্ন।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় স্পীকার, স্যার, আজকে যে প্রিভিলেজ মোশান টেবিলড হয়েছে অনারেবল মেম্বার অব দি হাউস মিঃ বেস্টারউইচ দ্বারা তার উপর বক্তৃতা ধৈর্য সহকারে শুনছিলাম। তার উপর আমাদের অনারেবল মেম্বার সোমনাথ লাহিড়ী বক্তৃতা করতে উঠলেন, ভাবছিলাম তিনি এমন একটা নজির রাখবেন যার দ্বারা হাউসের মাননীয় সদস্যদের অধিকার সুপ্রতিষ্ঠিত হয় তার ব্যবস্থা করবেন। কিন্তু অত্যন্ত দুঃখের, লজ্জার, ক্ষোভের, বিক্ষোভের কথা যে, তিনি আইনের প্রশ্ন তুললেন, অধিকার গেল গেল রব তুলে বক্তৃতা করে বলে গেলেন অর্বাচীন সদস্য। তিনি আইনসভার বয়ঃজ্যেষ্ঠ এবং প্রবীণ সদস্য। তাঁর এই উক্তির দ্বারা সমস্ত সদস্য-দের অধিকার ভঙ্গ করা হল কিনা, অবমাননা করা হল কিনা? তাঁর এই উক্তি একজন সদস্যের অধিকার ভঙ্গের দ্বারা হাউসের সমস্ত সদস্যের সম্মানকে ভূলুণ্ঠিত করেছে কিনা? আমাদের এই সম্মান, ডেমোক্র্যাটিক রাইট অ্যাজ পার দি কনস্টিটিউসান অব মেজ পার্লামেন্টারী প্র্যাকটিস একে রক্ষা করবার জন্য অবিলম্বে এই কথা তাঁর প্রত্যাহার করা উচিত। শুধু যে অর্বাচীন সদস্য বলেছেন তা নয়, তিনি বলেছেন অধিকারের সুযোগ নিয়ে মাননীয় রাষ্ট্রমন্ত্রী সুব্রত মুখার্জী তিনি অধিকার রক্ষা করা তো দূরের কথা অধিকারের প্রতারণা ঘটিয়েছেন, এই কথা বলার তাঁর অধিকার আছে বলে আমি মনে করি না। প্রিভিলেজ মোশান তুলে অধিকার ভঙ্গ হচ্ছে বলে গেল গেল রব তুলে তিনি এমন উক্তি করলেন যার দ্বারা আমরা বুঝতে পারলাম না

তিনি সুস্থমস্তিষ্কে বক্তৃতা করলেন কিনা, তাঁর মস্তিষ্কের বিকৃতি ঘটেছে কিনা। তিনি অধিকার রক্ষার নামে সমস্ত সদস্যদের অধিকার ভঙ্গ করে দিলেন। আমরা মনে করি আমাদের অধিকার ক্ষুণ্ণ হয়েছে। অবিলম্বে তাঁর কথা প্রত্যাহার করা উচিত। যদি প্রত্যাহার না করেন, তা হলে আমরা দাবি করছি,
his utterance should be withdrawn or expunged from the proceedings.

(নয়েজ অ্যান্ড ইন্টারাপ্সানস্।)

Shri Jyotirmoy Mojumdar: On a point of order, Sir......

Mr. Speaker: Please take your seat. There is no point of order. We are in the midst of a privilege motion which will have to be disposed of.

(Noise)

Shri Jyotirmoy Mojumdar: On point of order, Sir.... .

Mr. Speaker: Please take your seat.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পয়েন্ট অব অর্ডার আছে। মাননীয় সদস্য সোমনাথ লাহিড়ী একটা উক্তি করেছেন, সে সম্বন্ধে আপনি কি করছেন সেই সম্বন্ধে রুলিং দিন। তিনি সমস্ত সদস্যদের অর্বাচীন বলেছেন। হয় উনি এই কথা উইথড্র করুন, না হয় আপনি এই কথা এক্সপাঞ্জ করুন।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সোমনাথবাবু আলোচনার মাধ্যমে প্রমাণ করতে চেয়েছেন যে, কোন সদস্যের প্রিভিলেজের প্রশ্ন না হলেও এই হাউসের ডিগনিটি ক্ষুণ্ণ করা হয়েছে কিনা, এই হাউসের প্রিভিলেজ ক্ষুণ্ণ করা হয়েছে কিনা এই প্রশ্নের অবতারণা করেছেন। স্যার, আমি আপনার কাছে জানতে চাই, কোন সদস্যের প্রিভিলেজ ক্ষুণ্ণ না হওয়া সত্ত্বেও এই হাউসের ডিগনিটি ক্ষুণ্ণ হয়েছে কিনা বা এই হাউসের প্রিভিলেজ ক্ষুণ্ণ করা হয়েছে কিনা এই বিষয়ে তিনি যে আলোচনা করলেন সেই ব্যাপারে আপনার কাছে কোন নোটিস এর আগে দেওয়া হয়েছে কিনা। হাউসের প্রিভিলেজ, ডিগনিটি ক্ষুণ্ণ করা হয়েছে কিনা এই নোটিস আপনার কাছে নেই। যদি না থেকে থাকে তা হলে তিনি এই আলোচনা করতে পারেন না। সুতরাং তিনি ইতিপূর্বে যে আলোচনা করলেন সেই আলোচনা এই বিধানসভার প্রোসিডিংস থেকে বাদ দেওয়া হোক। উনি বিধানসভার সদস্যদের সম্মানকে ক্ষুণ্ণ করেছেন, সেজন্য ওনার ভাষণকে বিধানসভার প্রোসিডিংস থেকে বাদ দেওয়ার জন্য আপনি রুলিং দেবেন এই আশা রাখছি।

ডাঃ জয়নাল আবেদীন: মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় সদস্য সোমনাথবাবু মাননীয় সদস্য শ্রীবেস্টারউইচের প্রিভিলেজ মোশানের উপর বলতে গিয়ে একটা নজির তুলে ধরেছেন যে, এই হাউসে কখনও এই জাতীয় কথা উত্থাপিত হয় নি। আমি এই হাউসে আপনাদের সমসাময়িক নই, ১৯৬২ সাল থেকে আছি, আপনিও ছিলেন, আমিও ছিলাম। আপনি জানেন, এই হাউসে চীন অ্যাগ্রেসনকে উপলক্ষ্য করে এখানে তখন সি পি আই সপ্লিটেড হয় নি, সি পি এম এবং সি পি আই একসঙ্গে ছিলেন, তাঁদের সমস্ত সদস্যকে এই বেঞ্চ থেকে বলা হয়েছিল, আপনারা দেশদ্রোহী।
In our conception, I most humbly say,
মানুষের এর চেয়ে বড় লাঞ্ছনা নেই যে, সে দেশদ্রোহী।

[2-50—3-00 p.m.]

আজকে রাষ্ট্রমন্ত্রী সেই পর্যন্ত গেছেন, অর্থাৎ পুলিসের ইনফর্মার বলেছেন। মাননীয় সদস্য যে বক্তব্য রেখেছেন, তাকে আমি বলতে চাই যে, সব কিছু রেকর্ডে আছে। তবে কথা হল, বয়স হলে অনেক কিছু কথা মনে থাকে না, স্মৃতি লোপ পায় বলে। কিন্তু আমি তাকে স্মরণ করিয়ে দিতে চাই, সেদিন স্পীকারের আসনে যিনি ছিলেন, তাঁর সামনে এর ভিত্তিতে প্রিভিলেজ তোলা হয়েছিল বিশ্বের গণতন্ত্রের ইতিহাসের সব কিছুর নজির রেখে। তৎকালীন স্পীকার রুলিং দিয়েছিলেন যে, এই পরিপ্রেক্ষিতে দেশদ্রোহী বলা চলে। আজকে রাষ্ট্রমন্ত্রী শুধু ইঙ্গিত করেছেন যে, আর এস পি-এর মধ্যে পুলিসের ইনফর্মার আছে। এটা আমি মনে করি, অপেক্ষাকৃত কম লাঞ্ছনা। এই পরিপ্রেক্ষিতে মাত্রা হারিয়ে ফেলে সেন্স অব প্রপোরশন যাকে বলে, হাউসের অমর্যাদা হয়ে গেল, সেজন্য অনেক সদস্য উত্তেজিত হয়েছেন। কিন্তু তিনি যা মীন করেছেন, আপনার সামনে যা বলেছেন তাতে আমি আশা করি, তিনি হাউসের অমর্যাদা হতে দেবেন না এবং তিনি যে বক্তব্য রেখেছেন সেটা প্রত্যাহার করে নেবেন। না হলে এই পরিপ্রেক্ষিতে প্রিভিলেজ এসে যায় এখানে ডাইরেক্ট হিট এসে যায়। আমি সময় পেলে প্রসিডিংস্ এনে দেখাতে পারতাম এই হাউসে কতদূর বলা হয়েছে। দেশদ্রোহীর পর আর কিছু লাঞ্ছনা বড় কলঙ্ক আছে কিনা আমার জানা নাই। পুলিসের ইনফর্মার এটা অপেক্ষাকৃত ছোট, এটা যদি এস্ট্যাবলিস্‌ড হয়ে থাকে এবং এটা যদি তৎকালীন সদস্যরা গ্রহণ করে থাকেন, তা হলে আজকে সুব্রত মুখার্জী এমন কিছু বলেন নি যার জন্য প্রিভিলেজের প্রশ্ন আসতে পারে। আর এস পি-র বন্ধুরা আহত হয়েছেন তার জন্য আমি তাঁদের প্রতি সমবেদনা জানাই এবং তাঁরা যে আহত হয়েছেন সেইজন্য আমি দুঃখিত। কিন্তু আমি মনে করি, প্রচলিত নিয়ম-কানুনের বাইরে রাষ্ট্রমন্ত্রী কিছু বলেন নি। তিনি যা বলেছেন, সেটা তিনি সংসদীয় রীতি-নীতির মধ্যেই বলেছেন। তবে আমি দুঃখিত মিঃ বেস্টারউইচ এবং তাঁর বন্ধুরা আহত হয়েছেন বলে। কিন্তু রাষ্ট্রমন্ত্রী যে কথা বলেছেন সেটা উইদিন দি ফ্রেমওয়ার্ক অব রুলস্ অ্যান্ড কনভেনসন অব দি পার্লামেন্টারী প্রাকটিস। তবে সোমনাথবাবু যে বক্তব্য রেখেছেন তার পরিপ্রেক্ষিতে তিনি আমাদের হাউসকে জানাবেন, তিনি কি মীন করেছেন। কারণ অনেক সদস্য তাঁর কথায় আহত হয়েছেন এবং তাঁরা মনে করছেন, এতে হাউসের মর্যাদা ক্ষুণ্ণ হয়েছে।

Mr. Speaker: Mr. Somnath Lahiri may like to explain in what context he made the statement.

(Shri Somnath Lahiri rose to speak.)

(Noise)

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জয়নাল আবেদিন সাহেব অ্যাসেম্বলীর ঐতিহ্যের কথা তুলেছেন। তিনি বলতে চেয়েছেন, সুব্রতবাবু আর এস পি সম্বন্ধে যে অভিযোগ আনতে চেয়েছেন তার চেয়ে অনেক কড়া কথা এই অ্যাসেম্বলীতে বলা চলে এবং এই বিষয় অ্যাসেম্বলীর রুলিং আছে। এ সম্বন্ধে তিনি আরও মনে করিয়ে দিয়েছেন যে, কোন এক সময় দেশদ্রোহী বলে কোন এক পার্টিকে অপবাদ দেওয়া হয় এবং হাউসের রুলিং দিয়ে সেটা সমর্থিত হয়। বয়স হলে মানুষ অনেক কিছু ভুলে যায়। কিন্তু আমি তাঁকে জিজ্ঞাসা করি, বয়স আমার হয়েছে, না তাঁর হয়েছে। কারণ যে স্পীকার এই রুলিং দিয়েছিলেন একটা বিশেষ সময়ে সেই স্পীকারই সেই রুলিং প্রত্যাহার করলেন যে, এটা চলে না। এবং আমার আরও মনে আছে এবং আপনারও মনে আছে, আপনি তখন সদস্য ছিলেন বোধহয় তখনকার দিনে আপার-হাউস সেই আপার হাউসের চেয়ারম্যানও রুলিং দিয়েছিলেন বলা চলে না। জয়নাল সাহেব প্রথমটা মনে রেখেছেন, কিন্তু দ্বিতীয় আর তৃতীয়টা ভুলে গিয়েছেন। কাজেই বয়স আমার বেশি কি ওনার বেশী সেটা আমার সন্দেহ আছে। যাই হোক, আমি মানতে রাজী আছি যে, অনেক সময় সব কথা মনে থাকে না, তবে এই কথাটা এত গুরুত্বপূর্ণ যে যার জন্য আমার মনে আছে কিন্তু আমি

বলব, যদি কোন সময় এই সভায় একটা খারাপ অ্যালাউ হয়ে গিয়ে থাকে, তা হলে দুনিয়া ভর্তি যত খারাপ কথা আছে তা প্রতিদিন অ্যালাউ করে চলতে হবে, এর কোন যুক্তি নাই এবং তাও কথাটা কি প্রাসঙ্গিক সেখানে সেটা উঠেছিল, আপনার হয়ত মনে পড়বে, এটা সাধারণভাবে কমিউনিস্ট পার্টি সম্পর্কে অভিযোগ আনবার চেষ্টা করেছিলেন তখনকার দিনের একজন মন্ত্রী। এখানে একটা উনি প্রত্যক্ষ অভিযোগ করেছেন যে, এর সদস্যরা টাকা পয়সা নিয়ে ইনফর্মেসন দেন। (এ ভয়েসঃ নেতারা)। হ্যাঁ, নেতারা।

(হট্টগোল।)

এখানে অনেক সভ্য বা নেতা সম্ভবতঃ টাকা পয়সা নেন, নিয়ে ইনফর্মেসন দেন এই অভিযোগ তিনি তুলেছেন। আমার মনে হয় আমাদের এই ধারণা যে, অতীতে যদি এই রকম দু-একবার থেকে থাকে, তার নজির আছে এই হাউসে স্পীকার প্রত্যাহার করে নিয়েছিলেন, যেহেতু তিনি ভালভাবে বিচার-বিবেচনা করার পর উপলব্ধি করেছিলেন যে, এই ধরণের জিনিস থাকলে অ্যাসেম্বলীর সম্মান থাকে না। আজ যে কথা উঠেছে আমি ভাবতে পারছি না কেন হৈ চৈ হচ্ছে। আমি বলেছি সভায় যদি কোন নূতন অর্বাচীন সদস্য এই ধরনের উক্তি করেন, তার মানে নয় যদি করেন তা হলে হয়ত আমরা বিশেষ কিছু মনে করতাম না, কিন্তু একজন মন্ত্রী যদি এই ধরনের উক্তি করেন তখন তার গুরুত্ব অনেক বেশী হয়। কাজেই কোন সদস্যকে লক্ষ্য করে কথাটা বলা নয়, কথাটা হচ্ছে একটা অবস্থা যে উক্তি হয়ত চলতে পারে বা লোকে গ্রাহ্য করে না, সেই উক্তি আর একটা অবস্থায় অনেক বেশী অমার্জনীয় হয়ে দাঁড়ায়--এতে সভার বা সদস্যদের কি অপমান হল আমি বুঝতে পারলাম না। তার পরিবর্তে তিনি যদি আমাকে বিকৃতমস্তিষ্ক বলে আনন্দ পান, আমার কোন আপত্তি নেই। কারণ সভায় শক্ত শক্ত কথা প্রোভাইডেড যে তা আনপার্লামেন্টারী নয় বলার নিয়ম হয়ে আছে। চলছে, চলে, কিন্তু আনপার্লামেন্টারীও চলে যায়, খেয়াল হয় না, চলে যায়, কিন্তু যেখানে এই ধরনের গুরুতর ব্যাপার যে একটা পার্টিকে নাম ধরে সেই পার্টির অনেক নেতা এই ধরনের কাজ করেন বলে আমার কাছে ইনফর্মেসান আছে এবং সেই বলে তা যদি প্রচারিত হয়, তা হলে সেই পার্টি এবং তার মেম্বার প্রচণ্ডভাবে ক্ষতিগ্রস্ত হয়, হয়ত সেই হাউসের ডিগনিটি ক্ষতিগ্রস্ত হয়। এই হচ্ছে আমার বক্তব্য যে, এটা দু'বার বলার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। আপনি বিচার-বিবেচনা করে এবং মাননীয় মন্ত্রি-মহাশয়ের বক্তব্য শুনে রুলিং দেবেন।

শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শ্রীলাহিড়ী তাঁর বক্তব্যের মধ্যে যে কথাগুলি বললেন, তার সঙ্গে পরে কিছু কথা যোগ বিয়োগ করেছেন, যেমন নূতন, যেমন যদি। তিনি নূতন কথাটা যোগ দিয়েছেন এবং দ্বিতীয়বারে যদি কথাটা যোগ দিয়েছেন। এখানে বক্তৃতা টেপ রেকর্ড হয়। আপনি যদি মিলিয়ে দেখেন তো সেটা নিশ্চয়ই দেখবেন। আর এই যে অর্বাচীন সদস্য এটা মোটেই সন্তোষজনক কথা নয়। এটাই আপনার কাছে পেশ করছি এবং এ বিষয়ে আপনার রুলিং প্রার্থনা করছি।

[3-00—3-10 p.m.]

Mr. Speaker: Honourable Members, a notice concerning an important question of breach of privilege was given to me but without going through it I wanted to know the actual points which the honourable Member, Mr. Besterwitch, wanted to make out of the speech of Shri Subrata Mukhopadhaya. Actually whether there is any prima facie case, I wanted to know from him, and for that reason without admitting it as a prima facie case under rule 227 I requested him to raise the point so that I can come to a conclusion whether there is any prima facie case in it or not. Now, I have heard so many honourable Members, viz., Mr. Besterwitch, Shri Somnath Lahiri, Shri Biswanath Mukherjee, Hon'ble Minister-in-charge of Parliamen-

tary Affairs, Dr. Zainal Abedin, Shri Ajit Kumar Panja, Shri Kumar Dipti Sen Gupta, Shri Bimal Paik and so many others. I have given opportunities to almost all the Members to make their submission regarding this very important matter to which Shri Besterwitch has drawn attention of the House and has pressed that really there is a prima facie case. The Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs very pertinently pointed out to me rule 224 on the question as to whether it is a breach of privilege. Because, specifically it has been stated in rule 224 as to what constitutes a breach of privilege, viz., it must concern a Member, the House or a Committee thereof. It has been pointed out and he has argued by quoting the statement of Shri Subrata Mukhopadhaya that it does not come within the mischief of rule 224. Dr. Zainal Abedin also has raised one additional point that it has not been placed in time—it has not been raised at the earliest opportunity—and he also supported the contentions made by the Hon'ble Minister of Parliamentary Affairs. Hon'ble Minister, Shri Ajit Kumar Panja, has also cited May's Parliamentary Practice 18th Edition, pages 65 and 66, and he has categorically stated that it does not come within the purview of breach of privilege and in support of his contention he has quoted the authority on the subject, i.e., May's Parliamentary Practice, 18th Edition. So also, Mr. Sen Gupta has supported the contentions raised by other Members. On the other side Shri Somnath Lahiri supporting Mr. Besterwitch has pointed out that it may not be technically always true that it would come within the purview of rule 224 but even then, technicalities should not always stand on the way.

As I have followed, the argument of Shri Lahiri is that the privilege of the entire House is in question and has been lowered by making some remarks by not an ordinary Member but by an important Member so to say a Member from the Treasury Bench, who is supposed to have some documents with him and while making that remark it may be that he had in his mind the name of any of the three honourable Members of the R.S.P. But that argument has been strongly refuted by Dr. Zainal Abedin and the language of the speech was also quoted by the Minister for Parliamentary Affairs. It has also been stated by Shri Ajit Panja that we cannot argue in between the lines but the lines as recorded in the proceedings and we should not go beyond that. It has been argued by Shri Somnath Lahiri that what the Hon'ble Minister, Shri Subrata Mukherjee, had in his mind is not clear, because—

"বহু নেতা আছেন, আমি তাঁদের চটাতে চাই না, যারা পুলিসের ইন্‌ফর্‌মারের কাজ করেন।"

Dr. Zainal Abedin has also said that after the speech of the honourable member, Shri Timir Baran Bhaduri, Shri Subrata Mukherjee was replying to the charges or the allegations that have been made by Shri Bhaduri regarding some affairs of youth organisation of Murshidabad district. I also remember it and in that context Shri Mukherjee was replying to the allegations made on the floor of the House by Shri Bhaduri. Now taking the argument of Shri Lahiri that while he was giving reply, the Minister might have in his mind some thing which is not clear, it may be that it was not in his mind but it has been presumed by some Members or outsiders that he has said about them. Now, I must frankly say that I had not permitted this privilege motion as a prima facie case but I only gave a chance to Mr. A. H. Besterwitch to raise the point and hear the other side. Unfortunately, Shri Subrata Mukherjee is absent from the House and he gave an intimation to me that he will be out of India and he also sought for my permission. He is expected to come back here most probably on the 8th. So far as I know the Business Advisory Committee will sit at 4 p.m. today and the House may sit till day after tomorrow and the next sitting will be on the 17th April. Of course there is such a proposal and it has not yet been finalised. So, as it is a very

important matter, I think let Shri Subrata Mukherjee come back and we hear from him. After that I shall give my ruling. I think that Shri Mukherjee can remove the doubts about this thing in one sentence.

[3-10—3-20 p.m.]

So, before giving my ruling on the point that has been raised by Shri A. H. Besterwitch, I think, Shri Subrata Mukherjee should be heard and he should be given a chance to express his mind as he is an important and respectable Member of this House.

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, a very serious matter has been raised. What Mr. Subrata Mukherjee spoke is on the record. What was in his mind is not the subject matter. I would most respectfully submit that a privilege motion has been raised and the House should not go beyond the records.

Mr. Speaker: Certainly.

Shri Ananda Gopal Mukherjee: Mr. Speaker, Sir, I want to say something on this point.

Mr. Speaker: Mr. Mukherjee, kindly take your seat, I am on my legs.

Shri Ananda Gopal Mukherjee: Sir, I beg of you a few minutes.

Sir, whatever has been on the record is to be taken into consideration in the matter of privilege question and not what is in the mind of a Member.

Mr. Speaker: I know that Mr. Mukherjee and I can give the ruling just now but for maintaining the decency, decorum, dignity and the standard that this House has so long maintained, I would like to give the Hon'ble Minister of State, Shri Subrata Mukherjee, a chance to speak something either against or in favour of the point that has been raised by Shri A. H. Besterwitch. Without disposing of the matter just now, the Chair, with a view to settling the matter once for all and for better interests, wants to be helped by Shri Subrata Mukherjee. The Chair wants to be enlightened by the Minister of State, the Chair wants to hear him. So I do not give any ruling just now. After hearing Shri Subrata Mukherjee I will give my final ruling. Thank you.

Dr. Zainal Abedin: Mr. Speaker, Sir, your ruling is final and we are deeply obliged to you. But your decision is creating a bad precedent and as our friend Shri Ananda Gopal Mukherjee has pointed out, there is no scope of personal explanation in a case like this. I would only submit to you to please reconsider your decision because it is creating a bad precedent.

Mr. Speaker: No, No precedent is going to be created. The Chair wants to be helped by Shri Subrata Mukherjee on the point of privilege that has been raised by Shri A. H. Besterwitch.

Shri Kashi Kanta Maitra: Mr. Speaker, Sir, in all humility I would submit that this is undeniably going to create a new precedent. I would appeal to your goodself to recall that never before, during at least 10 years of my experience, was such a recourse adopted because I may remind you Mr. Speaker, Sir, that in 1971, when you were presiding in this august body, during the tenure of office of the Democratic Coalition Government, I, as Food Minister was being subjected to a barrage of questions, during question hour, by some Marxist Members in this House. Many of the Members present in the House may recall that insinuations were thrown at me by honourable Member like

Shri Provash Roy, former Food Minister during the United Front Government and several other Members from C.P.I.(M) bench. The question arose out of an interpellation that was thrown on me. In response to a very insinuating question put by Shri Roy, viz., "that well how is it that smuggling has not been stopped and it is this Democratic Coalition Government which is responsible for this sorry state of affairs". To that—you may please recall well Sir,—"my friends are making this observation. I am sure, if C.P.I.(M) take care to see that smugglers and wagon breakers do not infiltrate into the party, it is better for the country, and the Government would be in a more effective position—it will very effectively tackle the smuggling problem". Immediately, Shri Hare Krishna Konar, Shri Jyoti Basu and a lot of Members from the C.P.I.(M) bench stood up, shouted and raised a question of privilege. I was there, I stood up and said that my observation did not relate to any Member of the C.P.I.(M) or any Member of this august House and that I made this remark about the conduct of some members of the party, about certain infiltrations made into the party. To that, Sir, you gave your ruling that day. You said—I still remember well—"I would take the help of the tape recorder machine and I would see if the Hon'ble Food Minister has made certain remarks as alleged. During the recess the tape recorder machine was played in your chamber. I did not attend the meeting. Shri Hare Krishna Konar and other Members of the C.P.I.(M) were present in your chamber and after hearing the recorded version you had given your ruling that there was no question of privilege because the observations made did not relate to any Member of this House. Now, the question that was raised has been very aptly met by the Hon'ble Health Minister, Shri Ajit Kumar Panja. Now, Sir, in all humility and with the deepest of respect to you, I also submit that what Shri Subrata Mukhopadhyay has said—good, bad or indifferent—is a matter of record. If, Sir, as the custodian of the rights and privilege of the House, you feel that there is a prima facie case relating to the breach of privilege of the Members of the House or relating to the dignity of the House, well, the record is before you. Whether there is a prima facie case or not, would be borne out from what has been recorded in the proceedings of the debate which are before you. Therefore, I think, there is no scope for offering any explanation by the Minister concerned because if that is adopted as a procedure, then in future whenever such question would be raised there would be debate and discussion. I know, Sir, you as a noble soul, have given us an opportunity to mollify the wounded sentiment of the Revolutionary Socialist Party and in all humility I was just looking up the rules relating to the question that has been raised in this House. As far as the Hon'ble Minister's reported observations are concerned that, well some R.S.P. members have been alleged to have acted as police informers, this statement may have wounded certainly the feeling of the R.S.P. members or other members as well. Sir, I may invite your kind attention to rule 355. I do not think, Sir, in the face of what is borne out in the record the only question that was alleged by the R.S.P. leader, the honourable Mr. Besterwitch, was to raise the question for expunction of the remarks made by Shri Subrata Mukhopadhyay, it at all.

[3-20—3-30 p.m.]

Under rule 355 it could have been said that it does not relate to the question of privilege, it relates to certain observation, inappropriate observation or unparliamentary observation or observation not in conformity with the standard of the debate. So, even under rule 228 and rule 355, the Member concerned could have drawn your attention that very day and on the observation made by Hon'ble Shri Subrata Mukhopadhyay he could have made a statement on the floor of the House that very day. Therefore, I submit to you, Sir, that on the basis of what is recorded there is no scope for asking

for any explanation. Of course, Sir, as the sole custodian of the rights and privileges of the House, if you want to find out a way out of the impasse which has been created by the statement of certain honourable Member, you may certainly do it, and we will bow down to it. And I respectfully agree with the observation made by Dr. Zainal Abedin that there is no scope for any further personal explanation from him. As regards the observations made by a very veteran parliamentarian, Shri Somnath Lahiri, Sir, I regret, what he said was not befitting the tradition which he upholds, namely, his omnibus remarks about the Members of the House. So, I will request Shri Lahiri to explain, if he had done rightly or wrongly, by saying that he did not mean this, whether he wanted to justify. What he meant or not is neither here nor there. But actually it was meant for the Members of the House, but such observation were derogatory or unparliamentary should not have been made. Sir, may I invite your kind attention to rule 335, if the Speaker is of opinion that words have been used in the debate which are defamatory or indescent or unparliamentary or undignified or otherwise inappropriate, he may in his discretion order that such words be expunged from the proceedings of the House. Sir, I am seeking to invoke.........

Shri A. H. Besterwitch: Sir, I am surprised how after your oservations, such discussion can go on.

(Noise and interruptions.)

Shri Kashi Kanta Maitra: Sir, I am appealing to you to invoke rule 355 and in any view of the matter what Shri Somnath Lahiri said about Shri Subrata Mukhopadhyay, is definitely indescent, definitely defamatory, definitely unparliamentary and undignified. In that view of the matter, I would appeal to you to kindly order expunction of that particular remark made by Shri Lahiri.

Mr. Speaker: Regarding that particular remark অর্বাচীন সদস্য a point of order has been raised by some honourable Members, and it has been pointed out by Shri Kashi Kanta Maitra whether under rule 355 it is defamatory, indescent, unparliamentary, undignified or otherwise inappropriate. On the day the ruling will be given in respect of the privilege motion, I would like that Shri Subrata Mukhopadhyay be present in the House because he is also a Member and it was on his statement that the point of privilege was raised.

On the same day the ruling on the privilege motion will be given, I will also give my ruling as to whether the remark অর্বাচীন সদস্য is unparliamentary or undignified.

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মিঃ স্পীকার, স্যার, আমি কাশীবাবুর বক্তৃতা শুনলাম, তারপরে আপনি কি বলেছেন আমি বুঝতে পারলাম না। কারণ, সুব্রত মুখার্জী সম্বন্ধে আমি ভাল উক্তিই করেছি। তিনি একজন দায়িত্বশীল মন্ত্রী, তিনি অর্বাচীন সদস্য নন। তা হলে সুব্রত মুখার্জীর অপমান কোথা থেকে হল, আমি ভেবে পাচ্ছি না। মিঃ স্পীকার, স্যার, আমি যা বলেছি আবার বলছি পূর্ণ দায়িত্ব নিয়ে যে, যা বলেছি আপনাকে আগেই বলেছি, কোন সদস্য সম্বন্ধে কোন মন্তব্য করি নি—আমি বলেছি যদি কোন অর্বাচীন সদস্য এই রকম কথা বলতেন, তা হলে হয়ত আমরা কিছু মনে করতাম না। কিন্তু সুব্রত মুখার্জীর মত দায়িত্বশীল মন্ত্রী তিনি বলালে তাতে আমাদের মনে হয় সেটা কি করে হল, তার মধ্যে কোন সদস্যের কি অপমান হল, আমি ভেবে পাচ্ছি না। আর এই অর্বাচীন শব্দটি সংস্কৃত শব্দ, তার মধ্যে অশ্লীলতা কিছু নেই।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-charge of Food and Supplies Department will please make a statement on the subject of deadlock in the supply of Maida to the bakeries in West Bengal—attention called by Shri Abdul Bari Biswas and Shri Sukumar Bandyopadhyay.

Shri Kashi Kanta Maitra: Sir, in reply to the calling attention notice given by Honourable Members Shri Abdul Bari Biswas and Shri Sukumar Bandyopadhyay, I beg to make the following statement.

In the context of a report that some of the consignments of imported wheat landed at Calcutta port were mixed up with wild oats and had ergot infections, it was decided to get the wheat products manufactured from the said wheat and lying in stock with different flour mills of the State chemically examined in the laboratory of the Inspection and Quality Control Branch.

Consequently an order was issued on the 23rd March, 1973, asking the flour mills not to deliver any wheat product manufactured out of the imported wheat till the stocks were certified fit for human consumption by the Inspection and Quality Control Branch.

Consequently there was some dislocation in the delivery of flour to bakeries from the 25th March to 27th March, 1973. Against an average daily delivery of 7,000 to 8,000 bags of flour, the delivery figures on 26th and 27th March were 1,945 bags and 2,381 bags. The delivery could be maintained on 24th because of heavy stock of flour with the mills which was cleared by the Inspection and Quality Control Branch before the order to stop delivery came into effect on 23rd March, 1973. The delivery, however, was stepped up with effect from the 28th March, the delivery figures being 9,577 bags on 28th March and 7,729 bags on 29th March, 1973.

The result of chemical analysis, however, did not reveal any contamination in any of the mills and the numbers of mills whose products were cleared after the chemical analysis on 27th, 28th and 29th March, were 7, 9 and 5 respectively.

This short-lived impediment in the distribution of flour, however, did not have any impact on either the availability of bread in the market or the functioning of bakeries in Calcutta. On the contrary from Ration Week No. 429 commencing on 19th March, 1973, the bakeries in Calcutta and other statutorily rationed areas were allowed an ad hoc increase of 20 per cent of their weekly quota in flour following a slight improvement in the stock position of flour with the Roller Flour Mills.

In the Calcutta industrial area alone big bakeries lifted about 64,000 bags of flour during the period 26th February, 1973 to 25th March, 1973, against an average weekly sanction of 15,500 bags up to Ration Week No. 428 and 18,700 bags from Ration Week No. 429 following the 20 per cent. ad hoc increase in allotment.

Mr. Speaker: The Minister-in-charge of Power will please make a statement on the subject of reported worst loadshedding in Calcutta on the 28th March, 1973—attention called by Shri Sukumar Bandyopadhpay, Shri Abdul Bari Biswas and Shri Kashinath Misra on the 29th March, 1973.

[3-30—4-00 p.m.]

Shri Suniti Chattaraj: With your permission, Sir, in reply to the notice of calling attention relating to the load shedding in Calcutta on the evening of Wednesday, the 28th March, 1973, I would like to inform the House as follows:

The Calcutta Electric Supply Corporation Ltd. were compelled to resort to extensive load-shedding on the evening of 28th March, 1973, following restrictions imposed on their import of power by the West Bengal State Electricity Board-DPL system and the isolation of the Calcutta Electric Supply Corporation system from the incoming supply at 18.30 hours due to very low frequencies below 47.542. The maximum load of 71 MW, therefore, had to be shed and the duration of interruption varied from 15 minutes to 3 hours 07 minutes. The areas affected are as follows:—

In the metropolitan areas—Garden Reach, Taratala Road, Kidderpore, Park Circus, Entally, Tangra, Chingrighata, Sealdah, Amherst Street, Nebutala, Manicktala, Raja Dinendra Street, Halsibagan, Sovabazar, Shampukur, Bagbazar, Shyambazar, Baranagore, Sinthi, Nagerbazar, Ultadanga, Dum Dum.

In the suburban areas—Nangi, Budge Budge, Batanagar, Belgharia, Agarpara, Kamarhati, Uttarpara, Kotrung, Konnagar, Rishra, Mahesh, Baidyabati, Champdani, Bhadreswar, Gourhati.

The system demand in the licensed area of the Calcutta Electric Supply Corporation Ltd. has grown to about 560 MW, during the evening peak, with the onset of the summer load. Relief to the extent of approximately 35 MW has been obtained through the restrictions imposed under the Government order with effect from 3rd January, 1973. The net system load in the area, therefore, was approximately 525MW on the date in question. This load was met by the supplying agencies in the follownig order:—

Calcutta Electric Supply Corporation—282 MW.

West Bengal State Electricity Board-DPL combined—105 MW.

DVC—77 MW.

Net deficit—55 MW.

The net deficit of 55 MW was further aggravated because of the unforeseen isolation of the Calcutta Electric Supply Corporation system due to sustained low frequencies of the incoming supply. The extent of the load-shedding was unfortunately more than what was really warranted by the shortfall due to the specially adverse circumstances obtaining on the said evening. The maximum load, therefore, of 71 MW had to be shed in the evening of the 28th March, 1973.

Mr. Speaker: I have received 7 notices of calling attention on the following subjects, namely:—

(1) Reported closure of about 200 colleges for want of money—from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharya and Shri Kartic Chandra Biswas.

(2) Reported apprehension of taxi strike in Calcutta from 3rd April 1973—from Shri Narayan Bhattacharya, Shri Abdul Bari Biswas, Shri Kashinath Misra and Shri Mohammad Dedar Baksh.

(3) Demand for distribution of rice and wheat through ration shops in Bankura district—from Shri Phani Bhusan Singha Babu.

(4) Reported recovery of stock of dynamites in Dum Dum—from Shri Naresh Chandra Chaki.

(5) Indefinite hunger strike by Shri Paresh Chandra Goswami, MLA, at Serampore from 3rd April, 1973—from Shri Asamanja De and Shri Narayan Bhattacharya.

(6) Hunger strike by the members of Employees Union and 74-Block Congress on demand for nationalisation of Chittaranjan Seba Sadan and Cancer Hospital and Research Centre—from Shri Mohammad Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

(7) Panic among the constituents created by the new scheme of payment proposed by the Kalna-Katwa Central Co-operative Bank seeking amalgamation with Burdwan Central Co-operative Bank—from Shri Subrata Mukherjee.

I have selected the notice of Shri Subrata Mukherjee on the subject of panic among the constituents created by the new scheme of payment proposed by the Kalna-Katwa Central Co-operative Bank seeking amalgamation with Burdwan Central Co-operative Bank. The Hon'ble Minister may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Dr. Zainal Abedin: A statement will be made tomorrow.

LAYING OF REPORTS

Annual Accounts for the years 1965-66, 1966-67 and 1967-68 and Administration Reports for the years 1963-64, 1965-66 and 1966-67 of the Calcutta State Transport Corporation

Shri Gyan Singh Sohanpal: I beg to lay—

(a) the Annual Accounts of the Calcutta State Transport Corporation for the years 1965-66, 1966-67 and 1967-68; and

(b) the Administration Reports of the Calcutta State Transport Corporation for the years 1963-64, 1965-66 and 1966-67.

Mr. Speaker: There will be mention cases today.

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After Adjournment)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় স্পীকার মহোদয়, মেনশন কেস আজকে হবে না বলে আপনি ঘোষনা করেছেন, কিন্তু একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার মাধ্যমে বলতে বাধ্য হচ্ছি যে, এই সভার একজন সদস্যর এটা ব্যাপার এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। বর্ধমান জেলার কালনা, পূর্বস্থলী, কাটোয়া এবং জামালপুর থানার কিছু তন্তুজীবী অত্যন্ত শোচনীয় অবস্থার মধ্যে পড়েছে, তাদের কোন কাজকর্ম নেই, এমন কি তারা সরকারের কাছে যে রিবেট পান তাও আজ দু বছর পান নি। তাদের খাবারের অত্যন্ত অভাব দেখা দিয়েছে সেইজন্য আমাদের বিধানসভার সদস্য শ্রীপরেশচন্দ্র গোস্বামী সেখানে যাতে হাঙ্গার স্ট্রাইক না করেন তার জন্য গত পরশু গিয়েছিলাম এবং সেখানে সেই সভায় দেখে এসেছি ২।৩ জন লোক না খেতে পেয়ে সংজ্ঞাহীন হয়ে পড়েছেন। তারা বর্তমানে জলের ভিতর লবণ মিশিয়ে সেই সেলাইন ওয়াটার খাচ্ছেন। আমাদের সদস্য পরেশচন্দ্র গোস্বামী সেখানে অনশন করে রয়েছেন, আজ প্রায় ২৪ ঘণ্টা হয়ে গেল, এইমাত্র টেলিফোন মেসেজ আমি অ্যাসেম্বলী এনকোয়ারীতে পেলাম যে, পরেশ গোস্বামীর সঙ্গে আরো অনেকে অনশন করছেন। অবিলম্বে যদি এই তন্তুজীবীদের

সুতো না দেন, টাকা না দেন, অন্তত রিলিফ বা ত্রাণ বিভাগের মাধ্যমে জি আর-এর ব্যবস্থা, খাবার ব্যবস্থা না করলে বহু তন্তুজীবী মৃত্যুমুখে পতিত হবেন। সেই জন্য বিধানসভায় জয়নাল সাহেব রয়েছেন, তিনি এই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী, তিনি যদি অন্তত ত্রাণের টাকা নাও দিতে পারেন, তা হলে তিনি ত্রাণ বিভাগের মাধ্যমে জি আর দিয়ে তাদের খাবার ব্যবস্থা করে দিন। এটা আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে দাবি করছি যে, তিনি এটা ঘোষণা করবেন।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: মাননীয় স্পীকার স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, আমাদের একজন মাননীয় সদস্য, তিনি অবস্থা অত্যন্ত ভয়াবহ আকার ধারণ করায় আমরণ অনশন শুরু করেছেন। এই অনশনের পরিপ্রেক্ষিতে আপনার মাধ্যমে আমি অনুরোধ জানাচ্ছি বিভাগীয় মন্ত্রীর কাছে যে, তিনি ব্যাপরটা অত্যন্ত সচেতনভাবে গ্রহণ করুন এবং আমাদের এখানে ঘোষণা করুন যে, তারা কি ব্যবস্থা গ্রহণ করছেন।

[4-00—4-10 p.m.]

ডাঃ জয়নাল আবেদিন: স্যার, আপনি জানেন বিগত ১৩ই মার্চ, ১৯৭৩ সালের পর থেকে সুতার উপরে কন্ট্রোল ইমপোজ করার জন্য সাধারণ বাজার একদম ড্রাই হয়ে গেছে। মুখ্যমন্ত্রীর সঙ্গে আমরা এ বিষয় নিয়ে দিল্লী গেছি এবং আমাদের জয়েন্ট ডাইরেক্টর বম্বেতে টেক্সটাইল কমিশনার-এর অফিসে গেছেন। ইতিমধ্যে আমরা কিছু অ্যালটমেন্ট পেয়েছি এবং সঙ্গে সঙ্গে আমরা প্রো রেট অ্যালটমেন্ট করে দিয়েছি। সেদিন সব ইয়ার্ন মার্চেন্টদের ডেকেছিলাম। বিগত রবিবার তাদের কাছে যে স্টক আছে তার স্টেটমেন্ট পেয়েছি। যতখানি অ্যাকিউট আছে সেই অনুপাতে আমাদের প্রো রেটা যতটুকু হাতে আছে আমরা তা অ্যাড হক ডিস্ট্রিবিউসন করতে পারি। আমাদের তাঁতশিল্পীদের যে সংস্থা আছে তার মাধ্যমে আসুন আমরা দেব এবং যেখানে সংস্থা নেই সেখানে ইনডিভিজুয়ালকে আমরা ডিলারের ট্যাগ করি। আমরা লাইক রেশন কার্ড ইয়ার্ন কার্ড ইন্ট্রোডিউস করেছি এবং সেই ইয়ার্ন কার্ড-এর ভিত্তিতে আমরা মাসিক হিসাবে যে পরিমাণ সুতা পাব সে পরিমাণ সুতো প্রো রেটা ডিস্ট্রিবিউট করে দেব। এই ব্যবস্থা করেছি। আর একটি কথা রিলিফ-এর কথা বলেছেন। তিনি যদি ফ্যামিলির নাম জানেন—রিলিফ মিনিস্টার এখানে এখন নেই—তা হলে তা দিলে রিলিফ ডিপার্টমেন্টের নজরে এটা আনব। এখানে ১ লক্ষ ৬০ হাজারের মত হ্যান্ডলুম আছে, তাতে একটার সঙ্গে যদি তিন জন জড়িত থাকে, তা হলে সংখ্যা অনেক বেশী হয়। সুতরাং যারা দুঃস্থ হয়ে গেছে তার সংখ্যা যদি দেন তা হলে রিলিফ ডিপার্টমেন্টে আমরা এটা দিতে পারি। যিনি অনশন করছেন তাঁকে অনশন প্রত্যাহার করার জন্য অনুরোধ করছি। কালকে কংগ্রেস পার্লামেন্টারী বোর্ডে এই সুতার বিষয় নিয়ে মিটিং হয়ে গেছে, সে খবর সংবাদপত্রে সবাই দেখেছেন। সমস্যা যে গুরুতর সে বিষয় সন্দেহ নেই। আমরা যতটুকুন পেয়েছি সেটা যেন সকলের মধ্যে বিতরণ করতে পারি, সে বিষয় সকলের সহযোগিতা আমরা যেন পাই।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: বর্ধমান শহরে যাঁরা আছেন তাঁদের কি সকলকে কোলকাতায় আসতে হবে? সুতরাং যাতে বর্ধমান থেকে পাওয়া যায় তার জন্য অনুরোধ করছি।

ডাঃ জয়নাল আবেদিন: পশ্চিমবাংলার বাহিরের যে মিলগুলি অ্যালটমেন্ট দিচ্ছে এবং পশ্চিমবাংলার বিভিন্ন স্পিনিং মিলগুলি যে অ্যালইমেন্ট দিচ্ছে তাতে স্টেএ লেভেলে ডিলারস্ থাকবে এবং অ্যাপেক্স হ্যান্ডলুম সোসাইটিতে মেজর শেয়ার দিতে চায় তার যতখানি ক্ষমতা আছে। এরা অন বিহাফ অব দি স্টেট সুতা নিয়ে আসবে এবং এদের কাছ থেকে ডিস্ট্রিক্ট লেভেলে যে ডিস্ট্রিবিউসন থাকবে সেখানে আমরা পিক অ্যান্ড চুজ না করে যার যার সুতার লাইসেন্স আছে তাদের সকলকে দিয়ে দিচ্ছি উইথ দি স্ট্রিকট সুপারভিসান অ্যান্ড চেক অর্থাৎ যাতে কেউ কিছু পাচার না করতে পারে কিংবা কেউ অপচয় না করতে পারে। বর্ধমানের লোক বর্ধমানে ডিলারের কাছ থেকেই সুতা পাবে।

LEGISLATION

The Calcutta Municipal (Amendment) Bill, 1973.

Shri Ajit Kumar Panja: Mr. Speaker, Sir, I beg leave to introduce the Calcutta Municipal (Amendment) Bill, 1973.

(Secretary then read the Title of the Bill.)

Shri Ajit Kumar Panja: Sir, I beg to move that the Calcutta Municipal (Amendment) Bill, 1973, be taken into consideration.

Sir, the financial position of the Howrah Municipality which is now being run by an Executive Officer appointed by the Government under section 67A of the Bengal Municipal Act, 1932, with all powers of the Commissioners and Chairman, admitting or otherwise, has been deteriorated for the last few years. Things have come to such a pass that even the staff payment and the bare minimum other essential expenses cannot be met from the resources of the Municipality and Government, and the Government has to make ways and means advance almost every month to enable it to make staff payment and meet other essential expenses.

The poor financial condition of the Municipality is due mainly to defective working of the collection of the assessment departments. The consolidated rates is the main source of revenue of Howrah Municipality, but the collection of these rates is extremely low. The present poor financial condition is the result of accumulation of arrear consolidated rates for the last few years. The total amount of the arrear consolidated rates is Rs. 2,66,87,000 approximately. The collection of arrear tax is only about 15 per cent. of the total demand. The defects in the collection and other departments have been identified and the measures to remove them have been finalised. Necessary instructions have been issued to the Executive Officer for implementing these measures but the most important factor, Sir, which is responsible for the extremely poor collection, is the slackness on the part of the Collecting Sarkars in the performance of their duties and it has led to the decline in the collection of consolidated rates particularly the arrear demands. The administrative measures already taken and proposed to be taken will not by themselves be sufficient to bring about the desired result. Sir, the gearing up of the collection machinery will take some time. Years of slackness and neglect of duty coupled with almost unfettered indulgence in agitational methods have rendered the Collecting Sarkars averse to the performance of their duties. It would not, therefore, be advisable to depend on them to step up the collection particularly the collection of arrear consolidated rates which have, as has been pointed out before, reached staggering figure of nearly Rs. 300 lakhs. It has, therefore, been proposed to supplement the administrative measures by providing rebate incentive to the rate payers to clear off their arrear dues. It has, therefore, been found necessary after careful consideration that sufficient incentive should be provided to the rate payers in order to induce them to clear their arrear demands by a particular date without waiting for the Collecting Sarkars to approach them with the bills at their houses. The date has been fixed as 31st March, 1975. The proposed provision can be made only by way of modification of the provisions of the Calcutta Municipal Act, 1923 as in force in the Municipality of Howrah. Accordingly, it is necessary, Sir, to amend Schedule 23 of the Calcutta Municipal Act, 1951 which contains modifications of Calcutta Municipal Act, 1923 as extended to the Municipality

of Howrah by including the new modifications. This Bill, Sir, seeks to achieve the objectives as I have just now explained. There will be no financial liability on the Government to give effect to that legal provision. I hope, Sir, this Bill will receive full support of the House. Sir, with these words I commend my motion for acceptance of the House.

Mr. Deputy Speaker: There are motions for circulation by Shri A. H. Besterwitch, Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad and they are in order. I now call upon Shri Shish Mohammad.

[4-10—4-20 p.m.]

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৭৩ আজকে হাউসে উত্থাপিত করা হয়েছে এবং এই বিল যাতে নির্বিঘ্নে পাস হয়ে যায় সেইজন্য সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী সুপারিশ করেছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় বিলটি পড়ে আমি মোটামুটি বোঝবার চেষ্টা করেছি এবং তাতে দেখলাম, মন্ত্রিমহাশয় যে বর্ণনা দিয়েছেন তাতে আছে হাওড়া পৌর এলাকায় বিগত কয়েক বছর ধরে অনাদায়ের পরিমাণ ক্রমান্বয়ে বেড়ে চলেছে। তিনি বলেছেন ১৯৬৭ এবং ১৯৬৯ সালে বকেয়া পাওনার পরিমাণ ১ কোটি ৯৮ লক্ষ টাকা এবং ১৯৬৯-৭০ সালে ১ কোটি ৭৭ লক্ষ টাকা। তারপর তিনি বলেছেন, এটা বেড়ে গিয়ে ২ কোটি ৫০ লক্ষ টাকায় দাঁড়িয়েছে এবং দিনের পর দিন আরও বেড়ে যেতে পারে সেই আশংকা প্রকাশ করেছেন। তিনি আরও বলেছেন এই বকেয়া যদি ক্রমান্বয়ে এরকমভাবে বাড়তে থাকে, তা হলে কর্মচারীদের পেমেন্ট করা যাবে না বা হাওড়া এলাকার উন্নয়ন করা যাবে না এবং সেই কারণে তিনি একটা রিবেট অর্থাৎ ছাড় দিতে চান। অর্থাৎ যাদের কাছে পাওনা রয়েছে তারা যদি সরকারের কাছ থেকে এরকম একটা আশ্বাস পান, তা হলে নিশ্চয়ই উৎসাহিত হয়ে মিউনিসিপ্যাল ট্যাক্স যেগুলি রয়েছে সেগুলি জমা দিয়ে যাবেন। আমার বক্তব্য হচ্ছে, এটা সুদীর্ঘ দিন ধরে হয়ে আসছে। রিবেট কত দেওয়া হবে সে সম্বন্ধে সুস্পষ্টভাবে কিছু বলা হয় নি। একটা পার্সেন্টেজ যদি কষে দিতেন যে, এত পার্সেন্ট রিবেট দেওয়া হবে, তা হলে আমাদের মনে একটা ভরসা হত। কিন্তু বর্তমানে যে আমলাতান্ত্রিক শাসনব্যবস্থা চলছে তাতে দেখছি, প্রত্যেক জায়গায় একটা মারার তাল রয়েছে। কাজেই এই পার্সেন্টেজ কষে না দেবার জন্য আদৌ রিবেট দেওয়া হবে কিনা, না পকেটস্থ হবে, সেটা কিছুই বলা যায় না। সুদীর্ঘ দিন ধরে টাকা অনাদায়ী অবস্থায় পড়ে রয়েছে সেখানে আজকে হঠাৎ সরকার দেবতার ভূমিকায় এসে এই যে বলছেন, এই টাকা দিয়ে হাওড়া মিউনিসিপ্যালিটির উন্নয়ন সাধন করা হবে, এটা চিন্তা করবার বিষয়। এতদিন তাঁরা কোথায় ছিলেন? সুদীর্ঘ দিন ধরে আপনাদের রাজত্ব ছিল, কিন্তু হঠাৎ নদের নিমাইয়ের মত ঘর্মাক্ত কলেবরে এলেন এবং হাওড়া মিউনিসিপ্যালিটির কল্যাণসাধন করবার জন্য টাকা চাইলেন। আপনারা মনে করছেন, এই রকম একটা সুনির্দিষ্ট কর্মপন্থা নিয়ে গেলে তারা টাকা দেবে এবং তার দ্বারা হাওড়ার উন্নয়ন করা যাবে। রিবেট দিয়ে তাঁদের একটা সুযোগ দিয়েছেন, ভাল কথা। স্যার, মন্ত্রিমহাশয় একথা বলেছেন বা এই বিলের হেতু বা উদ্দেশ্যের মধ্যে দেখতে পাচ্ছি ১৯৫১ সালের বিধেয়ক অনুসারে ঘোষণা করা হয়েছিল কলকাতা কর্পোরেশনের যে সমস্ত প্রভিসন আছে সেগুলি হাওড়া মিউনিসিপ্যালিটির উপর প্রযুক্ত হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন এই হাওড়া কলকাতা কর্পোরেশনের পাশেই অবস্থিত অথচ লক্ষ্য করুন, এই হাওড়া মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে কি রকম ব্যবহার করা হয়। বিভিন্ন জেলায় সদর মহকুমায় যে সমস্ত মিউনিসিপ্যালিটি চালু আছে সেই মিউনিসিপ্যালিটির নিয়ম অনুযায়ী কার্য সাধিত হয় এবং আমরা দেখছি সেইসব মিউনিসিপ্যালিটির কার্য পরিচালিত হয় রুগ্ন অবস্থায়। কাজেই এই হাওড়াকে যদি দুর্গাপুর অথবা বর্ধমান মিউনিসিপ্যালিটির সঙ্গে তুলনা করা হয় তা হলে আমি বলব পশ্চিমবঙ্গ সরকারের মস্তিষ্ক বিকৃতি ঘটেছে। কলকাতা কর্পোরেশনের পাশে এই হাওড়া মিউনিসিপ্যালিটি একটা গুরুত্বপূর্ণ সংস্থা এবং বলা যেতে পারে এটা একটা কর্পোরেশনের পর্যায়ে। অথচ তাকে মিউনিসিপ্যালিটির পর্যায়ে

রাখা হয়েছে এবং মিউনিসিপ্যালিটির যে সমস্ত উপযুক্ত ব্যবস্থা সেটা তাদের ক্ষেত্রে নেওয়া হয় নি। আমি দেখে এসেছি হাওড়া এলাকায় পরিভ্রমণ করতে গিয়ে বাসে চেপে, এক রাস্তা দিয়ে কোন স্থানে যাচ্ছি তাতে দেখেছি এমনভাবে নোংরা পড়ে আছে, নর্দমার জল এবং মানুষের বিষ্ঠা এক হয়ে গিয়ে ছিটে ছিটে গায়ে পড়ছে। পশ্চিমবাংলা সরকারের হাওড়ার প্রতি যে বিমাতৃসুলভ ব্যবহার সেটা আমরা সুদীর্ঘ দিন ধরে দেখে আসছি। জানি না এখন আমাদের ধর্ম-অবতার সরকার আজ নূতন পলিসি নিয়েছেন, টাকা আদায় করবেন, কিন্তু কতদূর কল্যাণসাধন করতে পারবেন, সে বিষয়ে আমার সন্দেহ আছে। কাজেই এটা উচিত ছিল আজ ১৯৫১ সাল থেকে ১৯৭৩ সালে বলছি প্রায় ২১।২২ বছর হয়ে গেল ক্যালকাটা কর্পোরেশনের প্রভিসন হাওড়ার ক্ষেত্রে প্রয়োগ করার কথা ছিল কিন্তু কেবল দিনের পর দিন গড়িমসি করে দিন কাটানো হয়েছে। হাওড়ার প্রতি লক্ষ করবার, হাওড়ার প্রতি নজর দেবার এদের সময় পর্যন্ত হয় নি। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, কেবল হাওড়াই নয়, এদের নীতি তাই। কেবলমাত্র কাগজেকলমে জনকল্যাণ কাজ করব, মানুষের উপকার করব, কর্পোরেশনের উন্নতি করব, জনগণের উপকার করব কেবল কাগজেকলমে করব, কিন্তু বাস্তব ক্ষেত্রে সে কাজ রূপায়িত করব না। এরা স্যার, কাগজেকলমের বাবু। তাই দেখি এই ছাড় দেবার যে পলিসি নিয়েছেন, টাকা আদায়ের যে সুযোগ নিতে যাচ্ছেন, তাতে কতদূর কি হয় সেটা আমরা পরীক্ষা করে দেখতে চাই। এবং আগামী ১৯৭৪-৭৫ সালের বাজেটের সময় নিশ্চয় আমরা হাওড়ার প্রকৃত রূপ দেখতে পাব। এই কথা বলে আমি আমার যে মোশান দিয়েছিলাম তা মুভ করছি না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker: Shri Mohammad, then you are not going to move your motion.

শ্রীশীশ মহম্মদঃ না স্যার, আমি আমার মোশান মুভ করছি না এবং মিঃ বেস্টারউইচ এবং তিমিরবাবুর পক্ষ থেকে বলছি যে, তাঁরাও তাঁদের মোশান মুভ করছেন না।

ডাঃ এ এম ও গনিঃ মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় যে সামান্য একটা সংশোধনী এনেছেন তার বিরুদ্ধে আমার বলার বা আপত্তি করার কিছু নাই। আমি আশা করেছিলাম ব্যাপকভাবে তিনি কিছু করলে আরও ভাল হত। উনি নিজেই স্বীকার করেছেন তার স্টেটমেন্টে। এবং একটা জিনিস তিনি তাঁর ভাষণে পরিষ্কার করে দেন নি। উনি বলেছেন--

> It has not yet been possible for reasons which are not easily ascertainable to extend the provisions of the Calcutta Municipal Act, 1951 to the Municipality of Howrah. The provisions of the Calcutta Municipal Act, 1923 relating to imposition, Collection and recovery of consolidated rate, are still in force in that municipality.

এটা ১৯৫১ সালে যে অ্যামেন্ডমেন্ট হয়েছিল তাতে নানারকম রিবেট দেবার ব্যবস্থা ছিল। সেটা উনি হাওড়া মিউনিসিপ্যালিটিতে প্রয়োগ করতে পারছেন না কেন সেটা এই বলে ছেড়ে দিয়েছেন—

that for reasons which are not easily ascertainable.

তা হলে এখন যে সংশোধনী এনেছেন সেটা কি প্রয়োগ করতে পারবেন। না ঐ বিল্ডন আছে কিনা এখন ১৯৫১ সালের অ্যাক্ট-এ করতে পারলেন না, সেটা আমাদের কাছে বিশেষ পরিষ্কার হল না। হাওড়া মিউনিসিপ্যালিটি অ্যাডমিনিস্ট্রেটারের হাতে আছে ক্যালকাটা কর্পোরেশন সুপারসিড করে অ্যাডমিনিস্ট্রেটারের হাতে তুলে দিয়েছেন। এর জন্য ট্যাক্স কালেকশানের বিশেষ সুবিধা হয়েছে কি? তা যদি না হয়ে থাকে উনি যদি ডেমোক্রাটিক প্রিন্সিপাল বিশ্বাস করেন, তা হলে যত তাড়াতাড়ি নির্বাচন করা যায়, তা হলে কি ভাল হবে না। আজকে আইন পরিবর্তন করতে যাচ্ছেন, বহু মৌলিক পরিবর্তন করা দরকার, কিন্তু সেদিকে তিনি কোন কিছু উল্লেখ করেন নি।

[4-20—4-30 p.m.]

বিশেষ ক'রে কলকাতায় আছে এবং হাওড়ায় আছে এবং ট্যাক্সেশন যে প্রিন্সিপল সেটা একটু অন্যভাবে না করতে গেলে এরিয়ার পড়ে যাচ্ছে এবং তার জন্য এরিয়ার বেড়ে যাচ্ছে, এটা আপনি মন্ত্রিমহাশয়ও স্বীকার করলেন। এখানে রিবেট দিচ্ছেন ৩·১/৮ পারসেন্ট। আমার যতদূর মনে আছে ৬·১/৪ পারসেন্ট কলকাতায় প্রযোজ্য, সেটা বাড়িয়ে ৮·১/৩ পারসেন্ট করছেন এটা যথেষ্ট। এই যে কনসলিডেটেড সাম জমে গিয়েছে সেটা ১৯৭৫ সালের মার্চ মাসের মধ্যে যদি দিয়ে দেয় তো তাতে সাড়ে সাত পারসেন্ট রিবেট দেবার ব্যবস্থা করছেন, এতে মনে হয়, এটা একটা যথেষ্ট কনসিডারেশন এবং এটা চিন্তা ক'রে অনেকটা মেক-আপ করার কথা চিন্তা করবে।

আর একটা হচ্ছে, এই যে ট্যাক্সেশনের ভিত্তি, কলকাতায় দেখছি বড় বড় ম্যানসন তৈরি হচ্ছে, সেটা হাওড়াতেও হবে, কারণ হাওড়া গ্রোয়িং টাউন, বড় বড় বাড়ি তৈরি ক'রে ব্রিকি বাড়িওয়ালা যারা তারা সেই বাড়িটা পিতার নামে কি অন্য কোন বেনামে লং লীজ ক'রে দিচ্ছে এবং এই লীজ রেজিস্ট্রি হচ্ছে সেটা খুব কম ভাড়ায় করছে। এখন এই যে লীজ করছে সেটা যে নামে করছে সেই লোকটা আছে কি নেই সেটা বড় কথা নয়, কিন্তু এইভাবে লীজ থাকার জন্য সেই বাড়ি থেকে টুয়েন্টি টাইমস্, ফিফটি টাইমস্ ভাড়া আদায় ক'রে নিচ্ছে, কিন্তু মিউনিসিপ্যালিটিকে যে ট্যাক্স দিচ্ছে সেটা সেই লীজ অনুসারে অর্থাৎ সেই অল্প ভাড়ার উপরই দিচ্ছে। এটা যাতে না করতে পারে, বাড়িওয়ালারা যে চালাকি করছে, কর্পোরেশনকে ফাঁকি দিচ্ছে, এই জিনিস হাওড়ায় আরও বেশি হবে, কেননা সেটা গ্রোয়িং টাউন, কলকাতার মত হতে দেরি আছে, কিন্তু সেখানেও হবে। কিন্তু এই ফাঁকি দূর করতে হবে, না যদি দূর করতে পারেন তা হ'লে কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটির ফিনান্স বাড়াবেন কি করে? এরিয়ার সম্বন্ধে একটা অ্যারেঞ্জমেন্ট আছে, আপনারা জানেন, আমরা দেখেছি সরকার যায় বিল নিয়ে আদায় করতে, কিছু টাকা নিয়ে আসে, কিছু আদায় হয়, কিন্তু এরিয়ারস থেকে যায়। এই যে সার্টিফিকেট জারির ব্যাপার আছে ১৯৫১ সালের অ্যাক্টে, সেটা রাখছেন, ভাল হয়েছে।

কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটা দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করি। বস্তী এলাকা হাওড়ায়ও আছে, কলকাতায়ও আছে। সেখানে জমিদার সমস্ত হোল্ডিং নিয়ে একটা ট্যাক্স করে এবং সেই ট্যাক্সটা অত্যন্ত কম। সেখানে ঠিকা টেনান্টরা বাড়ি করেছে, নিজেরা বসতবাটি তৈরি ক'রে নিয়েছে, ইন্ডিপেন্ডেন্টলীও ট্যাক্স দিতে পারে মিউনিসিপ্যালিটিকে, এই রকম ব্যবস্থা যদি করা হয়, তা হলে মিউনিসিপ্যালিটির অনেক বেশি ট্যাক্স পাওয়া যাবে। জমিদারের নামে থাকায় অনেক সময় জমিদার ট্যাক্স দেয় না, তাদের নিজেদের মধ্যেও ঝগড়াঝাটির ফলে অনেক সময় এরিয়ার পড়ে যায়, আইনের ফাঁক দিয়ে। আইনের এই বেসিক দিকে যদি পরিবর্তন হয়, তা হ'লে এরিয়ার অনেক পাবেন, তা না হ'লে কিছু হবে না। তারই জন্য এই যে সংশোধনী আমি নিশ্চয়ই ওয়েলকাম করছি। তবে মন্ত্রিমহাশয়কে আমি আরও গভীরভাবে চিন্তা করবার জন্য অনুরোধ করছি যাতে হাওড়া এবং কলকাতায় ডেমোক্রেটিক লাইফ তাড়াতাড়ি ফিরিয়ে আনা যায়।

আর কলকাতার এম এল এ-দের বলা হচ্ছে যে, কিছুটা ভার নেবেন। কিন্তু আমি দেখছি মাঝে মাঝে রাইটার্স বিল্ডিংসে কাউন্সিলের মিটিং ডাকা হয়, যখন থেকে মাননীয় প্রফুল্লকান্তি ঘোষ মহাশয় অসুস্থ, তার অনেক মাস আগে থেকেই ডাকা হচ্ছে না।

এ সব আমলাতন্ত্রের হাতে। আমি বিস্মিত হয়ে যাচ্ছি, এই সামান্য পরিবর্তনে কি লাভ হবে, জানি না। যদি কিছু হয়, ভাল। মনে হয় হবে কিছু মেন ফিনান্স-এর কতটুকু সাহায্য হবে।

আর একটা বিল আনছেন। সেখানে দেখবেন সামান্য এরিয়ার্স আদায় করবেন। তাতে ফিন্যান্সিয়াল পজিসানে তেমন কিছু হেরফের কলকাতা কর্পোরেশনেরও হবে না, হাওড়া মিউনিসিপ্যালিটিরও তেমন কিছু সিকিউরিটি হবে না। আপনি ব্যালেন্স রেখে যাতে বাজেট করতে পারেন, তার জন্য তো এই আইন আপনাকে করতে হচ্ছে? কত বড় গুরুত্বপূর্ণ একটা ব্যাপার করছেন, বেসিক জিনিস যেটা সেই টাকা নাই। অথচ বাজেট পাশ ক'রে দিচ্ছেন। টাকা

যাতে আসে, শুধু কালেকসান অব ট্যাক্স নয়, যে দুর্নীতি রয়েছে তা আগে দূর করা দরকার। একটা কিছু আইন এনে রিবেটের লোভ দেখাচ্ছেন, ভাল কথা। ট্যাক্সেসনের যে রীতি পদ্ধতি সেই প্রিন্সিপলস বদলাবার জন্য আর একটা সংশোধনী বিল আনুন। এই অনুরোধ রেখে আমি এই বিলটিকে সম্পূর্ণভাবে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

Shri Abdur Rauf Ansari: Mr. Deputy Speaker, Sir, I fully support the Bill No. 21 of 1973, the Calcutta Municipal (Amendment) Bill, 1973. Sir, I find that through this amendment Bill the Minister-in-charge has really taken a very wise step. Sir, the Howrah Municipality, although so very near to Calcutta, is still governed by the Bengal Municipal Act of 1932. The amendment which we are discussing here is about the collection of rates from the ratepayers. Sir, we know that municipalities have got very limited resources for their income, and the major part of their income which the municipalities expect is from land and buildings. But if that portion of the income is not realised, it becomes very difficult on the part of the municipalities to perform the civic duties and responsibilities.

Sir, from this Bill we find a deplorable state of affairs in the Howrah Municipality. We find that collection has gone down up to 15 per cent., and it has been rapidly going down since 1969-70. I say, Sir, that this state of affairs started from 1967 because the situation at that time in various parts of Howrah and Calcutta in particular and in West Bengal in general during the regime of the United Front Government deteriorated so much, it became so panicky, the situation was so disturbed, and law and order was such a serious problem to the common man that realisation of taxes through the collectors became difficult. The collecting sirkars often complained to the authorities that they could not go to the ratepayers because the situation was bad, their lives were not safe, and so they could not collect the taxes, and the situation went on like this. Sir, the main sources of revenue of the Municipality is from land and buildings but that is not being collected properly and this Government is paying heavy amount of money to the Municipality for meeting its needs. The procedure which is now in force in Calcutta under the Calcutta Municipal Act of 1951 is now being extended to the Howrah Municipality through this amendment Bill, and this, I say, Sir, will benefit the Howrah Municipality. Under this procedure the ratepayers will get some incentive, and they will feel that if they deposit the money in time they will have a rebate of three and one-eighth per cent. Dr. Ghani said that in Calcutta the rate of rebate was six and a quarter per cent. That is not so. In Calcutta also the ratepayers get the benefit of rebate of three and one-eighth per cent. Now the ratepayers will feel that if they pay the tax in time they will get this benefit. Sir, another thing is that in this progressive world, those who have got houses of their own, such as doctors, physicians and other respectable persons, sometimes feel shy and awkward if the collecting sirkars go to them and demand the money, if they see that a man has come to their door with a tax bill. Sir, if this system of collection is removed and the bills are sent to the ratepayers through post and they are asked to deposit the money, I am sure they will do so and this process will enhance the revenue of the Howrah Municipality.

[4-30—4-40 p.m.]

Sir, there are large scale buildings. Sometimes it happens that due to the negligence of the collecting Sarkars bills are not presented to the taxpayers in time. Sometimes the ratepayers complain that the Sarkars come and go away. Thus, the irregularities continue to grow. This new system will help improving and increasing the collection of revenue from the ratepayers. As I have already told you, Sir, this is one of the most important sources of revenue. In this system the municipal authorities will be in a position to say

that so many bills have been released and the people will be depositing their money—at least, 80 per cent to 90 per cent will be deposited. This procedure will also help the authorities to run the administration in a better way. This is a very simple but a very important change that is going to be made. Sir, I suggest that counters for this purpose should be opened in various ward offices. That will facilitate ratepayers depositing their taxes easily instead of running to the head office. The local people will easily go and deposit their taxes to the ward offices and get the benefit of the rebate. Just as in the case of Electric Supply Corporation, the authorities send the bills and if the parties do not make the payment in time, they lose the rebate as also the connection, under this Bill we can put a check on the ratepayers through the Certificate Officers. We can move the case through the Certificate Officers. This procedure should be followed earnestly. In most cases facilities are there in the municipalities to move cases through the Certificate Officers for realisation of taxes. If one or two such cases are moved the people will become afraid of this measure and deposit the money as early as possible and in time. This opportunity has been provided in this Bill. I again support the Bill wholeheartedly which is going to be extended to the Howrah Municipality.

Thank you, Sir.

শ্রীমৃগেন্দ্র মুখার্জীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হাওড়া পৌরসভা এবং তার নাগরিক করদাতাদের বাঁচাবার জন্য আজকে এই যে বিল এসেছে তাকে স্বাগত জানাচ্ছি। কিন্তু এই বিলের মধ্যে যে উদ্দেশ্য রয়েনছ সেই উদ্দেশ্য যাতে সফল হয় তার জন্য আরও কিছু দৃষ্টিভঙ্গি আমরা আশা করেছিলাম। কারণ হাওড়া পৌরসভার সাথে যাঁরা যুক্ত আছেন তাঁরাই জানেন ১৯৬৭ সাল পর্যন্ত কি পরিমাণ কর বকেয়া ছিল। ১৯৬৭ সালের অ্যাডমিনিস্ট্রেটর আসার পর কি অবস্থা। অ্যাসেসমেন্ট এবং ক্যালেকসান ডিপার্টমেন্ট দুটো কর আদায়ের ব্যাপারে জড়িত। অ্যাসেসমেন্ট কর নির্ধারণ ক'রে দেন, ক্যালেকসান কর তোলেন। অ্যাসেসমেন্ট কর নির্ধারণ করার পর যে পদ্ধতিতে বিল যায় এই দীর্ঘসূত্রতা বকেয়া করের পরিমাণ বাড়ার অন্যতম কারণ এবং এই বকেয়া কর সম্পর্কে ব্যবস্থা নেওয়ার জন্য দু'জন অফিসার আনা হ'ল এই পৌরসভাতে। একজনের মাইনে হাজার টাকা এবং আর একজনের মাইনে দেড় হাজার টাকা। ১৯৬৭ সাল থেকে কমতে কমতে ১২ পারসেন্ট হয়েছিল এবং তারপর ১৭ কি ১৮ পারসেন্ট-এর মতো আদায় হয়েছে অর্থাৎ কিছুকাল যাবত নূতন সরকার আসার পর আদায় বেড়েছে।

আদায় বাড়ার কারণ সেটা পৌর প্রশাসনযন্ত্র নয়, আদায় বাড়ার কারণ হচ্ছে জনসাধারণের তরফ থেকে একটা চাপ পড়তে থাকায় এবং জনপ্রতিনিধিদের নিয়ে পৌর প্রশাসক বহু সভা করেছিলেন যাতে আমরা সবাই মিলে চাপ দিয়ে ঐ কর আদায় করা হয়। তাতে দু'শত টাকা ক'রে রেমিসন দিয়ে বহু টাকা বকেয়া কর আদায় হচ্ছে। এবং এই যে সাড়ে সাত পারসেন্ট রিবেট ঘোষণা করা হ'ল, তাতে আদায় আরও বাড়বে। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি যে, শুধু সাড়ে সাত পারসেন্ট রিবেট দিলে সব দিয়ে দেবেন এটা ঠিক নয়, অনেক যাদের কর রেগুলার আছে তারা হয়তো দেবে। কিন্তু অনেক কর বকেয়া প'ড়ে থাকার অন্য কারণও আছে সে সম্বন্ধে একটা তদন্ত হওয়া দরকার, একটা রিপোর্ট নেবার দরকার আছে। কারণ অ্যাসেসমেন্ট যারা করেছেন, যাঁরা রেকর্ড তৈরি করেছেন, যারা নোটিস ইস্যু করছে, হেয়ারিং করছেন, বিল হচ্ছে—এই যে পদ্ধতি এই পদ্ধতির সময়টা যদি কমিয়ে দেওয়া যায়, তা হ'লে কর আদায় বাড়ে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে কর বাকী পড়েছিল তার আর একটা অন্যতম কারণ হচ্ছে দীর্ঘ দিন ধ'রে নকশাল আন্দোলনের ফলে লোক কর আদায় করতে যেতে পারে নি তার জন্য।' আর একটি কারণ হচ্ছে, কর যে অ্যাসেসমেন্ট করা হত, সেই অ্যাসেসমেন্ট এমনই হুইমজিক্যাল—আমি জানি হাওড়ার এক একটি অঞ্চলে অতি সম্প্রতি ১০০ ভাগ দু'শ ভাগ ক'রে কর বেড়ে গেছে। এই কর বৃদ্ধি পাবার ফলে দেখতে পাচ্ছি যে, কর দেবার ক্ষমতা করদাতাদের কমে গেছে। হাওড়া ১০নং ওয়ার্ড যে জায়গায় আছে—একটা বিরাট এরিয়া, সেই ১০নং ওয়ার্ডে পুরানো অ্যাডমিনিস্ট্রেটিভ ওয়ার্ড সেই ১০নং ওয়ার্ডে

সম্প্রতি যে নোটিসগুলি গেছে যাদের ট্যাক্স ছিল ৩০ টাকা তাদের ট্যাক্স হয়ে গেছে ১২০ কোথায় বা ১৩০ টাকা। হিয়ারিং করা হচ্ছে না—হিয়ারিং ক'রে তাদের ঠিকমত কথা না শুনে কায়দা ক'রে তাকে প্রেজেন্ট ক'রে দিয়ে সেই করটা তাকে চাপানো হচ্ছে। অর্থাৎ আগে যখন পৌরসভা পরিচালনা গ'ড়ে উঠেছিল তখন বিচার ক'রে যে করদাতার কতটা ক্ষমতা—সেইভাবে ২০ টাকা বা ৩০ টাকা ক'রে দেওয়া হ'ত। করদাতারা ২০/৩০ টাকা জমা দিত। কিন্তু সেই ২০ টাকা যখন ১০০ টাকা হ'ল, তখন করদাতার কর দেবার ক্ষমতা চ'লে গেল। যার ফলে বকেয়া কর বেড়ে বেড়ে অনেক দিন যখন জমলো, তখন কিছু রয়ে গেল, কিছু তার পর নোটিস ক'রে আদায় ক'রে নেওয়া হ'ল। কর আদায়ে যে সাড়ে সাত পারসেন্ট রিবেট দেওয়া হবে এটা আমি অত্যন্ত আনন্দের সঙ্গে গ্রহণ করছি। কিন্তু সঙ্গে সঙ্গে বলছি যে, হাওড়া পৌরসভার কর নির্ধারণ পদ্ধতির মধ্যে একটা মস্তবড় ফাঁক রয়ে গেছে। বড় বড় ব্যবসায়ী রয়েছে, বড় বড় কারখানা রয়েছে, তাদের লাইসেন্স ফি কমিয়ে দেওয়া হয়। এদের অ্যাসেসমেন্টের ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয় ব্যারিস্টার লোক তাঁকে তাই বলছি, এটা খুব একটা দুর্নীতির ব্যাপার হয়ে আছে। বার্ন কোম্পানী, গেস্টকিন অ্যান্ড উইলিয়মস্ এবং ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার বিরাট জমি যারা নিয়ে রেখেছে তাদের উপর কর যথাযথ হয়েছে কিনা—অ্যাসেসমেন্ট ঠিকমত হয়েছে কিনা, সেটা আমি এই বিধানসভায় দাঁড়িয়ে সন্দেহ প্রকাশ ক'রে যাচ্ছি। তৃতীয়তঃ কর আদায়ের ক্ষেত্রে রেমিসনের ক্ষেত্রে একটা বিরাট কারবার চলে আসছে এবং পৌরসভার ভিতর আমি ধারণা করতে পারছি না যে, এই অ্যাসেসমেন্ট ডিপার্টমেন্ট-এর বহু ক্ষেত্রে রেল কোম্পানীর কাছে পাওনা কর যে আছে ঐ লিলুয়া অঞ্চলে সেখানে সেই রেলের পাওনা করকে নিয়ে রেলের অফিসার এবং হাওড়া পৌরসভার কিছু কিছু অফিসারদের সঙ্গে দুরভিসন্ধিমূলক যোগসাজসের খবর আমাদের কাছে রয়েছে। আমি বহুবার ঐ পৌরসভায় আলোচনা প্রসঙ্গে এই সব কথা বলেছিলাম এই কর আদায়ের জন্য। আজকে পৌরসভার অবস্থা অত্যন্ত শোচনীয়। পৌরসভা পৌর নাগরিকদের এক গ্যালন ক'রে জল প্রতিদিন দিতে পারে না। পৌরসভার পিছনে হাওড়া গার্লস কলেজ যেখান থেকে ছোট ছোট মেয়েরা বেরোয় সেই বড় রাস্তা দিয়ে কালকে যখন আমি আসছিলাম, দেখলাম এক পাশে তিনটি আর এক পাশে দুটি কুকুর মরে পচে আছে। এইভাবে ময়লা হচ্ছে। পৌরসভার প্রশাসককে কল করা হল। তিনি বললেন, গাড়ি নেই, ছুটি আছে। অতএব তাঁকে দোষ দিয়ে এখানে কোন কথা বলবো না—কারণ পৌর প্রশাসক যিনি তাঁর দক্ষতার প্রশ্ন তুলছি না, তিনি নিশ্চয় খাটছেন—এটা আমাদের বলা দরকার। কারণ ভাল অফিসারকে ভাল যদি না বলি, তা হ'লে খারাপ অফিসারকে খারাপ ব'লে লাভ হবে না। আমরা দেখছি, কলকাতা কর্পোরেশনকে বা হাওড়া পৌরসভাকে বেতন বাবত সরকার টাকা দিলে আমরা তাতে আপত্তি করি না কিন্তু ঐ যে গাড়ি কেনা হয় না, ঝাড়ু কেনা হয় না, বুরুশ কেনা হয় না। টাকা সরকারের দেওয়া বন্ধ—আদায় বন্ধ হয়ে গেছে, প্রায় সাড়ে তিন কোটি টাকা বকেয়া কর সেখানে হাওড়া পৌরসভার মাথার উপর লালবাতি ছাড়া আর কোন বাতি জ্বলতে পারে না। পানীয় জলের ক্ষেত্রে এতো ব্যর্থতা তা আর বলার নয়, এই ব্যর্থতার একটি ছোট ইতিহাস মন্ত্রিমহাশয়ের কাছে তুলে ধরতে চাই, কেন না তাঁর হাতেই স্বাস্থ্য দপ্তর আছে। ১৯৬৪ সালে জল পরিকল্পনায় জনস্বাস্থ্য দপ্তর এবং পৌরসভা এক সূত্রে কাজ শুরু করেছিল। কারণ সি এম পি ও বলেছিল যে, জলের জন্য পার্মানেন্ট ব্যবস্থা করবে। সেটা অবশ্য হতে দেরি হবে। সেজন্য ইমারজেন্সি ওয়াটার সাপ্লাই স্কীম ১৯৬২-তে ৭৪ কোটি টাকা দিয়ে ঠিক হ'ল পৌরসভার সঙ্গে আলোচনা ক'রে জনস্বাস্থ্য দপ্তর ঠিক করলেন যে, হাওড়া পৌর অঞ্চলকে ১৯টি ভাগে

[4-40—4-50 p.m.]

ভাগ করবেন। এক একটি ভাগে দুটি ক'রে গভীর নলকূপ হবে, জলাধার হবে এবং মাথাপিছু ৬/৭ গ্যালন ক'রে জল সরবরাহ করা হবে। ১৯৬৪ সালে ৩॥ কোটি টাকার স্কীম নিয়ে পাবলিক হেল্থ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, সি এম ডি, মিউনিসিপ্যালিটির সঙ্গে একসূত্রে কাজ করেছিলেন। ১৯টি অঞ্চলের প্রতিটি অঞ্চলে দুটি করে ডিপ টিউবওয়েল, বড় বড় জলাধার, আয়রন এলিমিনেসন প্ল্যান্ট স্থাপন করা হবে, হাওড়ার লোকেরা জল খাবে, স্নান করবে, শুয়ে থাকবে জলের উপর, এই ছিল পরিকল্পনা। কিন্তু ১৯৬৪ সাল থেকে ১৯৭৩ সাল পর্যন্ত এই দীর্ঘ ৯ বছর হয়ে গেল, এই সময়ের মধ্যে ১৯টি জোনের মধ্যে মাত্র একটি জোন ঘোষপাড়ায় সেখানে খালি জলাধার থেকে জল পাওয়া যায়, পাম্প থেকে জল উপরে ওঠে। এছাড়া আর কোন স্কীম

কমপ্লিট হয় নি। পাইপ লাইন কমপ্লিট হয় নি, আয়রন এলিমিনেসন প্ল্যান্ট পর্যন্ত নেই, জল উপরে ওঠে না। ডিপ টিউবওয়েল যেখানে হয়েছে সেখানে জল পাম্প ক'রে পাইপের মধ্যে দিয়ে দেওয়া হচ্ছে। ফলে পাইপের ভিতর প্রেসার, আয়রন সেডিমেন্ট পড়ে পাইপ বার্স্ট করে যাচ্ছে। ১০/১২ হাত অন্তর অন্তর জল—হাওড়ার পৌর জীবন শেষ হয়ে গেছে, মরে গেছে। সুতরাং এই টাকা যদি বেশি ওঠে, তা হ'লে আমরা কিছু পানীয় জল বেশি পাই, ভাল আদায় হ'লে রাস্তা ঘাট হয়। সেই জন্য মন্ত্রিমহাশয়ের প্রচেষ্টাকে স্বাগত জানাই। সঙ্গে সঙ্গে মন্ত্রিমহাশয়কে বলব, হাওড়া পৌরসভা অঞ্চলে যে জলের সঙ্কট দেখছি, এই জল সঙ্কটের সমাধান করতে যদি পশ্চিমবঙ্গ সরকার ব্যর্থ হন, তা হ'লে জলের ক্রাইসিস থেকে ল অ্যান্ড অর্ডারের ক্রাইসিস অস্থির হয়ে উঠবে ২/৩ মাসের মধ্যে এবং আমি জানি, এই জল সঙ্কটের জন্য দায়ী পাবলিক হেল্‌থ ইঞ্জিনীয়ারিং-এর বৈদ্যনাথ সেন, যিনি ব্যর্থ হবার পরে চীফ ইঞ্জিনীয়ার-এর প্রোমোশন নিয়ে চ'লে গেলেন। এই ৩৷৷ কোটি টাকার প্রোজেক্ট, ১৯৬৪ সালের ইমার্জেন্সী ওয়াটার সাপ্লাই স্কীম অনুসারে নেওয়া হয়েছিল। স্যার, যদি পারফরমেন্স অডিট হয়, তা হ'লে দেখা যাবে যে, ১ কোটি টাকার কাজও হয় নি, আমি তদন্ত ক'রে জেনেছি। তাই মন্ত্রি-মহাশয়ের উপর আমার গভীর আস্থা আছে, তিনি একজন দক্ষ ব্যারিস্টার, তিনি প্রত্যেকটি ডিপার্টমেন্টের উপর খবর রাখেন, আমরা বিধানসভায় তাঁর পারফরমেন্স দেখে অত্যন্ত খুশী হয়েছি, এই জনপ্রিয় সরকারের জনপ্রিয় দক্ষ মন্ত্রীর কাছে আমরা তাই দাবি রাখবো যে, হাওড়া পৌরসভা অঞ্চলে শুধু কর তোলার প্রশ্ন নয়, হাওড়ার পৌর নাগরিক জীবন আজকে একেবারে বিপর্যস্ত, বিধ্বস্ত হয়ে শেষ হয়ে গেছে, মানুষ সেখানে বাস করতে পারছে না, কলকাতা মহানগরীর পাশেই একটি নরককুণ্ড আবর্জনার মধ্যে আমরা বাস করছি, সেখান থেকে আমাদের আপনি উদ্ধার করুন। তাই আমি আপনার মাধ্যমে আজকে যে সুযোগ পেয়েছি নিজেদের মৃত্যু যন্ত্রণা বিধানসভায় ব্যক্ত করতে সে জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমরা যখন হাওড়া শহর থেকে বাহিরে বেরিয়ে আসি, তখন মনে হয় নরকযন্ত্রণা থেকে কলকাতার উপর এসে পড়লাম। সেখানে প্রতিটি ডাস্টবিনে ময়লা, গাড়ি নেই, বুরুশ নেই, ঝাড়ু নেই, লোক নেই। কর আদায় করতে যাবেন ৭৷৷ পারসেন্ট রিবেট দেওয়া হবে। কালেকটিং সরকার আছে, বহু জায়গায় মানুষের অভিযোগ যে, তারা কর আদায় করতে যান না, আদায় করার চেষ্টা পর্যন্ত করেন না। ৩৷৷/৪ কোটি টাকা পর্যন্ত আদায় বকেয়া পড়ে আছে, হাওড়া মিউনিসিপ্যালিটির কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ডের টাকা পর্যন্ত শেষ হয়ে গেছে, মাইনে দেবার টাকা নেই, এই অবস্থা হয়ে আছে। হাওড়া পৌরসভার উপর যেসমস্ত দায়িত্ব দেওয়া আছে তার একটি দায়িত্বও পালন হয় নি। কোন রাস্তা তৈরি করতে বললে সেখানে টেন্ডার যাবার পরে, কাজের হুকুম হবার ৬ মাস পরে কাজ আরম্ভ হয়। কেন জানেন? ৬ মাস পরে কাজ হ'লে ঐ যে দাম বেড়ে যায় সেইজন্য সাপ্লিমেন্টারি বিল হতে পারে এবং এই সাপ্লিমেন্টারি বিলের জন্যই এই কাণ্ড করা হচ্ছে। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখবো, এই বিলকে সমর্থন করে, স্বাগত জানিয়ে যে, হাওড়ার পৌর জীবনকে রক্ষা করার জন্য, উদ্ধার করার জন্য, আসন্ন আইনশৃঙ্খলার সমস্যা থেকে হাওড়ার পৌর অঞ্চলকে বাঁচাবার জন্য, জলের অভাবে কারবালার প্রান্তর হাওড়ায় যাতে না নেমে আসে তার জন্য প্রয়োজনীয় হস্তক্ষেপের দাবিতে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অত্যন্ত আনন্দের সঙ্গে, আন্তরিকতার সঙ্গে এই বিলকে স্বাগত, সমর্থন জানালাম। জয় হিন্দ্‌।

শ্রীভবানীশঙ্কর মুখার্জীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল নং ২১ অফ ১৯৭৩ এনেছেন সে সম্বন্ধে আমি কয়েকটি কথা বলতে চাই। মাননীয় অজিতবাবু হেল্‌থ মিনিস্টার এবং এ দপ্তরে তিনি নূতন। তাঁর উপর বিশেষ করে এই কোলকাতা এবং হাওড়ার ভার পড়েছে, কাজেই অতি কম সময়ের মধ্যেই তিনি এই অ্যামেন্ডমেন্ট এনেছেন। স্যার, আমি যে এলাকার জনপ্রতিনিধি তার তিনটি ওয়ার্ড এই বিলের আওতায় পড়ে। ১৯৬৭ সালের পর যখন অ্যাসেস-মেন্ট হল, তখন তার প্রতিবাদে সাধারণ মানুষরা ট্যাক্স দিলেন না। এ ব্যাপারে আমার এলাকার ২৫/৩০টি জায়গায় আমি এক্সিকিউটিভ অফিসারের সঙ্গে গিয়েছি এবং লক্ষ্য করেছি, সব জায়গায় লোকে একই কথা বলছেন। তাঁরা বলছেন, অ্যাসেসমেন্টে ট্যাক্স বাড়ানো হল অথচ কোন অ্যামিনিটিস্ বাড়ে নি। জল নেই, রাস্তাঘাটের দুরবস্থা, কবে সি এম ডি এ টাকা দেবে, তবে

ব্যবস্থা হবে ইত্যাদি। এই ব্যাপারে স্যার, একটা নলকূপের কথা বলছি। সেটা গ্রান্ড ট্রাংক রোডের বাঁ ধারে ধর্মতলাতে, সেই নলকূপ পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং-এর আন্ডারে। ট্যাংক তৈরি হয়েছে, শুনলাম নাকি ফাটা ট্যাংক। আজ থেকে ৭ বছর আগে হয়েছিল, জল উঠতে পারে না, আর উঠলেও বেরিয়ে চলে যাবে। পাবলিক হেল্থ ডিপার্টমেন্ট এমারজেন্সী মেজার হিসাবে সেখানে যে ডাইরেক্টলি পাইপলাইন দিয়েছেন, আমি অবশ্য নিজে গর্ত খুঁড়ে দেখি নি, লোকের মুখে শুনেছি, তারা নিজের চোখে দেখেছে যে, পাইপ লাইনের মধ্যে মধ্যে ফাটা পাইপ এবং তার মধ্যে দিয়ে দূষিত ধুলোবালি ঢুকে যাচ্ছে। ফলে খুব একটা অস্বস্তিকর অবস্থার মধ্যে হাওড়ার লোকেরা বাস করছে। তারপর মাননীয় মন্ত্রিমহাশয় যে আইন এনেছেন যে রিবেট দেবেন, সেটা ভাল কথা, কিন্তু ৫/৬ বছর আগে যে অ্যাসেসমেন্ট হয়েছে সেটা ইমিডিয়েটলি স্ক্রাপ করতে পারেন কিনা চিন্তা করে দেখুন। অবশ্য বড় বড় ইন্ডাস্ট্রিজের ব্যাপারে সকলেই জানেন যে, তারা ম্যানিপুলেট করে অ্যাসেসমেন্ট অফিসারের সংগে বা ডিপার্টমেন্টের সংগে বন্দোবস্ত করে রাখেন। কিন্তু যারা সাধারণ লোক যাদের হয়ে বলবার কেউ নেই, তারা সেই বন্দোবস্ত করতে পারেন না। এই প্রসংগে স্যার, একটি ঘটনার কথা উল্লেখ করতে চাই। এক কাঠা জায়গার উপর একটি চালাঘরে একটি বুড়ি বাস করে, সেখানে অ্যাসেসমেন্ট করে তার ট্যাক্স ধরা হয়েছে ২৩০ টাকা। আমি এক্সিকিউটিভ অফিসারকে গিয়ে বললাম যে, চলুন দেখবেন, কিভাবে ট্যাক্স করা হয়েছে—এ তো কেউ চিন্তাও করতে পারেন না। কাজেই স্যার, আমাদের পশ্চিমবাংলায় যখন জনপ্রিয় সরকার গঠিত হয়েছে, তখন আমাদের সেই সরকারের মন্ত্রী অজিতবাবুকে এই ব্যাপারে একটু চিন্তা করতে অনুরোধ করবো। তাঁকে বলব, এই যে নিউ অ্যাসেসমেন্ট হয়েছে, এটাকে ঢেলে সাজাতে পারেন কিনা বা নতুন করে অ্যাসেসমেন্টের ব্যবস্থা করতে পারেন কিনা এটা চিন্তা করে দেখুন। তারপর স্যার, জলের ব্যাপারে আর একটা কথা বলব, জানি না সেটা প্রাসঙ্গিক হবে কিনা। আমার পাশেই শংকরবাবু বসতেন, তিনি মারা গিয়েছেন, তাঁর জায়গায়—উত্তর হাওড়ায়, ইলেকসান হবে, আমি সেই ব্যাপারে একটু ঘোরাঘুরি করছিলাম। সেই সময় প্রত্যেকটা লোক আমাকে বলেছেন, জলের কি হল মশায়? আর ১৫ দিন বাদেই যে ওয়াটার ফেমিন হবে। একটা টিউবওয়েল নেই, জলের প্রেসার নেই, জল আসছে না ইত্যাদি ব্যাপার চলছে। পাবলিক হেল্থ ডিপার্টমেন্ট মন্ত্রিমহাশয়ের আন্ডারে থাকার দরুন তাঁকে বলব, ইমিডিয়েটলি ১০টি করে টিউবওয়েল পার ওয়ার্ড স্যাংসান করা হোক। যাতে করে অন্ততঃ

[4-50—5-00 p.m.]

টেম্পোরারী মেজার হিসাবে শ্যালোটিউবওয়েল যার খরচ হবে দু' হাজার, আড়াই হাজার টাকা যেটা মিউনিসিপ্যালিটির অ্যাডমিনিস্ট্রেশনের থ্রু দিয়ে করুন, অথবা সি এম ডি-এর থ্রু দিয়ে করুন। আমার কিন্তু নিজের ইচ্ছা সি এম ডি এ-এর থ্রু দিয়ে করা হউক। এই পার্টিকুলার রিকোয়েস্ট আমি অলরেডী করেছি এবং আবার করছি। আমি একটা কথা বলব মন্ত্রিমহাশয়কে যে, তিনি এত কম সময়ের মধ্যে এত সুন্দরভাবে হাওড়ার দিকে যে নজর দিয়েছেন এর জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। হাওড়া বোধহয় ভারতবর্ষের মধ্যে সেকেন্ড বিগ মিউনিসিপ্যালিটি। তার সমন্ধে আমাদের এই জনপ্রিয় সরকার যে মনোযোগ দিয়েছেন তার জন্য আমি মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতপন চ্যাটার্জি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্টের আমলে পৌর সভাগুলোকে নিয়ে অনেক রাজনীতি হয়েছে এবং দুর্নীতি আর অপচয়ের অভিযোগে পশ্চিমবাংলার প্রথম পৌর সভা—পানিহাটি পৌর সভা ৬৭র(ক) ধারা অনুযায়ী বাতিল করা হয়েছে। তারপর হাওড়া সমেত পশ্চিমবাংলায় আরও দশটি পৌর সভা বাতিল করা হয়েছে। একথা ঠিক, পৌর সভার কর আদায়ের পরিমাণ দিনের পর দিন কমে যাচ্ছে। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি অনুরোধ করব, রিবেট দিয়ে তিনি কর আদায় করতে পারবেন না। এই রকম কোন নাগরিক নেই যে, রিবেট দিলে মিউসিপ্যালিটিতে গিয়ে কর দিয়ে আসবেন। কর আদায়ের সবচেয়ে সুষ্ঠু উপায় হচ্ছে বেকার যুবকদের কাজে লাগিয়ে দিন। বেকার যুবকদের কমিশনের ভিত্তিতে কর আদায় করতে দিন। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে, পানিহাটি পৌর সভা এবং নর্থ

দমদম পৌর সভা, যে দুটি পৌর সভা আমার নির্বাচন কেন্দ্রের অন্তর্ভুক্ত, সেখানে একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করে বেকার যুবকদের দিয়ে আমরা কর আদায় করেছি এবং সাফল্য লাভ করেছি। বেকার যুবকদের যদি ১০ পারসেন্ট কমিশন দিয়ে কর আদায় করা হয়, তারা অধিক পয়সা পাবার জন্য বেশী করে কর আদায় করবে। অপর দিকে তারা পৌর সভার রেগুলার এমপ্লয়ি হবে না। পৌর সভাকে গ্রাচুয়িটি, বোনাস এবং অন্যান্য যে সব সুযোগ-সুবিধা আছে তা তারা দাবি করতে পারবে না। অপর দিকে তারা পৌর সভার কমিশনের ভিত্তিতে কর আদায় করলে পৌর সভার অনেক সুরাহা হবে এটা আমার জীবনের অভিজ্ঞতা। আপনি যতই রিবেট দিন কেউ গিয়ে টাকা দিয়ে আসবে না। এটা ঠিক পৌর সভায় যেমন অর্থ সংকুলন নেই, ট্যাক্স আদায় দিনের পর দিন কমে গেছে। অপর দিকে এটাও ঠিক পৌর সভার চেহারা পালটে গেছে। অতীত ইতিহাস খুলে দেখুন, পৌর সভা অতীতে যা অর্থ পেত তার থেকে অনেক বেশী অর্থ এখন পাচ্ছে, সি এম ডি এ-এর টাকা পাচ্ছে, কমিউনিকেসন গ্রান্ট পাচ্ছে, অক্ট্রয়ের টাকা পাচ্ছে, সাবভেনসন পাচ্ছে প্রত্যেকটি স্টাফের জন্য তাঁরা মোটা টাকা পায়। কিন্তু পৌর সভাকে টাকা দিয়ে শেষ করতে পারবেন না, যতদিন পর্যন্ত না এই বাস্তুঘুঘু চোরদের তাড়াতে পারছেন। পৌর সভার আর একটি গলদ যে ডিম্যান্ড নোটিস পাওয়া যায় না। যারা রেটপেয়ার, ট্যাক্সপেয়ার তারা সময়মত ডিম্যান্ড নোটিস পায় না। তা না পাবার জন্য তারা ট্যাক্স দিতে পারে না। অ্যাসেসমেন্ট অনেকে বলছেন, আমিও তাঁদের সংগে একমত যে, অ্যাসেসমেন্ট ডিপার্টমেন্ট চোরের আড্ডাখানা, এটা এক বছরে সৃষ্টি হয় নি, পৌর সভার যেদিন জন্ম হয়েছে সেইদিন থেকে এই ডিপার্টমেন্টের সৃষ্টি হয়েছে। এই অ্যাসেসমেন্ট ডিপার্টমেন্টকে ঢেলে সাজানো উচিত। বর্তমানে যা নিয়ম আছে তাতে টাটার ইঞ্জিনীয়ার দিয়ে অ্যাসেসমেন্ট করান হয়ে থাকে। কিন্তু এই পৌর সভার অ্যাসেসার যারা আছেন তারা এলাকা ঘুরে দেখেন না। যখন আসেন তাদের মুখে বলে দেন বা বাড়ির ডেসক্রিপসন শুনে লিখে নিয়ে চলে যান। সেই ডেসক্রিপসন অনুযায়ী তারা ট্যাক্স ফেলে দেন। আর পৌর সভাতে যে দল যখন পাওয়ারে আসে সেই দল সেই মত অ্যাসেসমেন্ট করেন। যখন তিমিরবাবুর দল পাওয়ারে এসেছেন, তখন তিমিরবাবুর লোকদের ট্যাক্স বাড়বে না। যখন সি পি এম-এর দলের লোক এসেছে, তখন তাদের লোকদের ট্যাক্স বাড়বে না, এই হচ্ছে পৌর সভার নিয়ম। এটা না করলে ভোট পাওয়া যাবে না।

আমলাতন্ত্রকে আমরা গালাগাল দিয়ে থাকি, কিন্তু দায়িত্বশীল অফিসার আছেন যারা সত্যিকারের নিষ্ঠার সংগে কাজ করছেন, দেখছি তাদের কাজ করবার ইচ্ছা আছে। তবে পৌর সভায় এখনি নির্বাচনের কথা বলেছেন, কিন্তু আমি তার সংগে একমত নই। ১৯৬৭ সাল থেকে পৌর সভাগুলি ভেংগে-চুরে গিয়েছে, তার মধ্যে রোগ ঢুকে গিয়েছে, সেই জন্য আরো কিছুদিন সরকারের হস্তক্ষেপ প্রয়োজন, এল এস জি ডিপার্টমেন্টকে রিসাফল করা দরকার, আমি নাম করে বলতে চাই না। এখানে অনেক অফিসাররা উপস্থিত আছেন, সেই সব সেক্রেটারী, ডেপুটি সেক্রেটারী, তাদের কাছে যখন আমরা সাজেসন নিয়ে যাই, তারা আমাদের কোন কথার দাম দেন না। আমি দীর্ঘদিন ঘোরাঘুরি করে কিছু অভিজ্ঞতা সঞ্চয় করেছি এবং কাজ করারও আমাদের অভিজ্ঞতা আছে, কিন্তু তারা আমাদের গুরুত্ব দেন না। প্রাকটিক্যালি ট্যাক্স কালেকশনের ব্যাপারে আমাদের অভিজ্ঞতা আছে এবং মাস্টার রোলে এই জিনিস করে ট্যাক্স আদায়ে আমরা সাফল্যলাভ করেছি। বিশেষ করে পানিহাটি পৌর সভা এবং উত্তর দমদম পৌর সভা, এই দুটো পৌর সভায় বেকার যুবকদের কমিশনের ভিত্তিতে নিয়োগ করা হয়। এটা যদি করা হয়, তা হলে ট্যাক্স তাড়াতাড়ি আদায় হয়ে যাবে, রিবেট দিয়ে ট্যাক্স আদায় করতে আপনি পারবেন না। যদিও এটা মাননীয় মন্ত্রীর ডিপার্টমেন্ট নয়, যদিও তিনি বলেছেন এবং তাই আমি বলছি যে, পাবলিক হেল্থ ইনজিনিয়ারদের সম্বন্ধে আমি আগেই বলেছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বলেছি, তাই আর বলতে চাই না। তারা ১৯৬৮ সাল থেকে কাজ আরম্ভ করেছেন, কিন্তু আজকে ১৯৭৩ সালেও কাজ শেষ হল না। দুটো জোনে কাজ হচ্ছে, আর বাকি ৪টে জোনে তারা কাজ করছেন না। সেখানে ট্যাঙ্ক, পাইপলাইন করে দেওয়া হয়েছে, পাবলিক হেল্থ ইনজিনিয়ারিং ডিপার্টমেন্টের সংগে রোজ রোজ যোগাযোগ করছি, কিন্তু তারা করছেন না এবং কেন

করবেন না, তাও বলছেন না। মাননীয় মুখ্যমন্ত্রী যখন ডিসেম্বর মাসে পানিহাটি গিয়েছিলেন, তিনি তখন টেলিফোন করে বি এন সেনকে বলেছিলেন। কিন্তু আজও তারা করছেন না। ঐ পাবলিক হেল্থ ইনজিনীয়ারিং ডিপার্টমেন্ট একটি বাস্তুঘুঘুর বাসা হয়ে গিয়েছে, লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা সেখানে অপচয় হচ্ছে। লোককে একটা ভাওতা দেওয়া হচ্ছে, এখন মানুষে জল পাচ্ছে না, আর আমাদের লোকে ধরছে, কেননা আমরা এলাকায় রাজনীতি করি, আমাদের লোকে সহজেই পায়। তাই আমি মাননীয় মন্ত্রীকে বলছি যে, অবিলম্বে এটার দিকে একটু নজর দিন। তাদেরকে ভুল রিপোর্ট দেওয়া হচ্ছে রাইটার্স বিল্ডিংস থেকে। ঐ ওয়াটার ওয়ার্কস সম্বন্ধে যে এমারজেন্সি কথাটা আছে, ওটা বাদ দিয়ে দিন, এই এমারজেন্সি কথাটা আর বলবেন না। যেটা ৯ বছর ১০ বছর ধরে হচ্ছে, এটা আবার এমার্জেন্সি কিসের, সুতরাং এটা আর বলবেন না। মিউনিসিপ্যালিটির বর্তমান আইন—বি এম অ্যাক্ট, ১৯৩৫ এটা অনেক আলোচনা হয়েছে, অনেক পুরনো হয়ে গিয়েছে, দেশ পালটে গিয়েছে, অনেক লোকের মতামত পালটে গিয়েছে, এখন মিউনিসিপ্যালিটি অধিক অর্থ পাচ্ছে, অনেক দায়িত্ব বেড়ে গিয়েছে, সুতরাং ঐ বি এম অ্যাক্ট পালটানো দরকার। শুধু রিবেট দিয়ে মিউনিসিপ্যালিটির উন্নতি হবে ধরলে ভুল হবে। তাই বি এম অ্যাক্ট অনুযায়ী যে অ্যাসেসমেন্ট হচ্ছে তাতে দুর্নীতি ঢুকে গিয়েছে। অতীতের কংগ্রেসের সময়ে ছিল, যুক্তফ্রন্টের সময়ে ছিল এবং এখনও আছে আর ভবিষ্যতেও থাকবে যদি না অ্যাসেসমেন্ট ডিপার্টমেন্টকে রিসাফল করতে পারেন। বর্তমান নীতি আছে চার্টার্ড ইঞ্জিনীয়ার হওয়ার দরকার, বোর্ড অফ কমিশনারস থেকে অ্যাসেসমেন্ট হয়। এর ফলে অনেক সময় দেখা যায়, লোকে রেগে গিয়ে অ্যাসেসমেন্টের উপর কেস করে দেয়, ম্যান্ডেমাস কেস করে দেয়। বহু বড় বড় কারখানার এই রকম কেস পেন্ডিং আছে। আর একটা জিনিস আমি বলব যে, সোমনাথ লাহিড়ী মহাশয় যখন স্বায়ত্তশাসন ব্যবস্থার মন্ত্রী ছিলেন, তখন একটা আইন তিনি করে গিয়েছিলেন, প্ল্যান্ট অ্যান্ড মেশিনারিস-এর উপর অ্যাসেসমেন্ট করা। ঐটার কিন্তু এখনো কোন কাজ হল না। বিড়লার টেকস্‌মেকোতে ঐ জিনিস হয়ে পড়ে আছে। ১৯৬৭ সালে আইন করলেন, আর আজ ১৯৭৩ সালে ঐ প্ল্যান্ট অ্যান্ড মেশিনারিস-এর অ্যাসেসমেন্ট করতে পারলেন না, যার ফলে কোন কারখানার মালিকই ট্যাক্স দিচ্ছে না।

[5-00—5-10 p.m.]

লক্ষ লক্ষ টাকা এইভাবে বাকী পড়ে আছে। যাদের হেভি ট্যাক্স তাদের বেলায় আপনি খোঁজ নিয়া দেখুন, সিডিউল তৈরি করে দেখুন, বড় বড় লোকেদেরই বাকী পড়ে আছে। প্ল্যান্ট অ্যান্ড মেশিনারির উপর ১৯৬৭ সাল থেকে ট্যাক্স বসাবার কথা, কিন্তু মালিক হাইকোর্ট থেকে এনিয়ে একটা কেস করে বসে আছে। টাকা আদায় হচ্ছে। শুধুমাত্র ডিম্যান্ড নোটিস সার্ভ করেই বসে আছে। কারণ কোর্টে কেস পেন্ডিং আছে, সাব-জুডিস বলে কিছু করা যাচ্ছে না। সুতরাং গোড়ায় ঘা দিতে হবে। একটি কথা বলে আমার দলভুক্ত বিল বলে আমি ওকে নীতিগতভাবে সমর্থন করে শেষ করছি।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ স্যার, আমি এইমাত্র খবর পেলাম যে আজ বেলা ১২টা, ১২-৫০টার সময় মেট্রো সিনেমার সামনে একটি প্রাইভেট বাস ২জন পথচারীকে চাপা দেবার ফলে সেখানে একটু হাঙ্গামা সৃষ্টি হওয়ায় সেই বাসের মালিক রিভলবার, পাইপগান থেকে গুলি ছোড়েন। এর ফলে ঐ অঞ্চলে পথচারীদের সে ভীত সন্ত্রস্ত করে তোলে। এখনও পর্যন্ত কোন পুলিস অ্যাকশান নেওয়া হয় নি। এ বিষয়ে আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, এই হাউস চলাকালীন আমরা জানতে চাই যে, সেখানে কি পুলিস অ্যাকশান নেওয়া হয়েছে। কি করে একজন বাসের মালিক এই কাজ করতে সাহস পেল সেটা আমাদের জানা দরকার?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা যে বক্তব্য রাখলেন আমি তাঁদের বক্তব্যগুলি শুনেছি এবং ভবিষ্যতে কাজের জন্য যেগুলি তাঁরা বললেন সেগুলি নিশ্চয় যথাযথ যেখানে যা প্রয়োজন বিবেচনা করে দেখব। শীশ মহম্মদ সাহেব প্রথম বক্তা হিসাবে বললেন রিবেট যদিও বসান হয়েছে, কিন্তু কোন পারসেন্টেজ নেই বলে অ্যাক্টের মধ্যে আমলাদের

হাতে সব ছেড়ে দেওয়া হয়েছে এবং এর ফলে আপনারা যেখানে যা ইচ্ছা সেখানে সেই পারসেন্টেজ বসাবেন। এর ফলে জনসাধারণ উত্তপ্ত হবেন এবং আপনারা তা থেকে অন্য উপায়ে রোজগার করবেন বলে তিনি চার্জ করেছেন। তিনি বোধহয় অ্যাক্টটা পড়েন নি। কারণ সেকসান ১৮৯ যেটা অ্যামেন্ড করা হচ্ছে তার এক্সপ্লানেশানের মধ্যেই আছে

Rebate of 3½ per cent of such amount shall be allowed to payer

সুতরাং স্ট্যাটুটারি পারসেন্টেজ নেই বলে তিনি যে বক্তব্য রেখেছেন সেটা ঠিক নয়। দ্বিতীয়তঃ ১৯০(এ) ধারা অনুযায়ী স্পেশাল রিবেট যেখানে দেওয়া হচ্ছে সেখানে স্ট্যাটুটারি রিবেট-এ বলা হচ্ছে,

a special rebate of 7½ per cent of such amount shall be allowed to such a person.

সুতরাং তিনি যে কথা বললেন সে কথা ঠিক নয়, রিবেট দেওয়া হচ্ছে এবং স্ট্যাটুটারি রিবেট ধার্য করা আছে, কারুর হুইমস-এর উপর ছেড়ে দেওয়া নেই। গনি সাহেব বললেন, মৌলিক পরিবর্তনের প্রয়োজন, ক্যালকাটা মিউনিসিপাল অ্যাক্ট এবং বেঙ্গল মিউনিসিপাল অ্যাক্টের আমি নিজেও সেটা অনুভব করছি। কিন্তু এটা ১/২ দিন বা ১ বছরে পরিবর্তন করা যাবে না। এটা আমাদের চিন্তা করতে হচ্ছে। আমরা আমাদের যে প্রিন্সিপল সামনে রেখেছি জেনারেল প্রিন্সিপল, অর্থাৎ সমাজবাদ আনবার কথা, তাতে এই দুটি অ্যাক্ট-এর অবিলম্বে সংস্কার করা সত্যিকারের প্রয়োজন। আমি তাঁর সংগে একমত যে, আমূল পরিবর্তন দরকার। আমি একথা বলি নি যে, এই অ্যাক্ট অ্যামেণ্ড হবার সংগে সংগে হাওড়া মিউনিসিপ্যালিটির সমস্ত অভাব-অভিযোগ দূর হয়ে যাবে।

আমরা এক বছর ধরে দেখলাম যে, কিছুতেই করগুলি আদায় করা যাচ্ছে না, কারণ, যাদের উপর ভার আছে তারা এর আগে যে সমস্ত সরকার শুধু কাজ না করে রাজনীতি শিখিয়ে ছিল তাদের পাল্লায় পড়ে অভ্যাসটা ভুলে গেছে কাজ করার জন্য, তার ফলে জনসাধারণের কাছ থেকে যে টাকা পাওনা, হাওড়ার উন্নতির জন্য যে টাকা খরচ হবে সেটা আদায় না হওয়ার ফলে আমাদের ক্ষতি হবে। কিন্তু তাড়াতাড়ি টাকা না পেলে যারা সত্যিকারের ভাল কর্মী আছে তাদের মাইনে যদি দিতে না পারি, তা হলে তাদের মধ্যে ডিপ্রেসান আসবে, তারা কাজ করতে পারবে না। তাই আমরা এই ছোট্ট পদক্ষেপ নিয়েছি, টাকাটা তাড়াতাড়ি আদায় করার জন্য বুক সরকার, কালেক্টিং সরকার টাকাটা কালেকসান করবে তা না করে মানুষ নিজে থেকে এসে যাতে আমাদের কালেকসান কাউন্টারে এটা দিয়ে যেতে পারে তার জন্য আমরা ইনসেনটিভের কথা ভেবেছি, রিবেট দেবার কথা ভেবেছি এবং সেটা চালু করবার জন্য বিল এনেছি। ডাঃ গনি গভীরভাবে চিন্তা করতে বলেছেন, আমরা অনেক দিন ধরে চিন্তা করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু হাওড়া এবং কলকাতা নয়, অন্যান্য মিউনিসিপ্যালিটিতে অসুবিধা হচ্ছে, অনেকে পানীয় জলের কথা বললেন, এই কাজের জন্য আপনারা নিশ্চয়ই জানেন, পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং থেকে যে জলের ব্যবস্থা হচ্ছে তার মধ্যে পার্সেনটেজ আছে, অর্থাৎ মিউনিসিপ্যালিটি কিছু দেবে এবং হেল্থ ডিপার্টমেন্টের পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং থেকে আমরা কিছু দেব, এইভাবে পাইপড ওয়াটার সাপ্লাই শুরু হবে। কিন্তু মেনটেন্যান্স করা, পাম্প তৈরি হয়ে যাবার পর পাম্প ম্যান রাখা, দারোয়ান রাখা, ইঞ্জিনীয়ার, সাব-অ্যাসিসট্যান্ট ইঞ্জিনীয়ার, ওয়ার্ক চার্জড ইঞ্জিনীয়ার রাখা, এই সমস্ত দায়িত্ব মিউনিসিপ্যালিটিকে নিতে হবে। কিন্তু দুঃখের কথা, যেখানে যেখানে জলের কিছু কিছু কাজ চালু করতে পারা গেছে, মিউনিসিপ্যালিটি সেখানে এক পয়সা দিচ্ছে না। লাইন তৈরি হবার সময় মিউনিসিপ্যালিটির যে দেয় অংশ সেটা পানীয় জলের দরুন অভাব বলে বাকি রেখেছিলাম, সেটা পাওয়া যাচ্ছে না। আবার তৈরি হবার পর একজন দারোয়ান অ্যাপয়েন্ট করা, ১৮০ টাকা দিয়ে একজন পাম্পম্যান এপয়েন্ট করা, একজন ইঞ্জিনীয়ারের কথা ছেড়েই দিলাম, একজন সাব-অ্যাসিসটেন্ট ইঞ্জিনীয়ার অ্যাপয়েন্ট করা, যে সমস্ত দামী জিনিসপত্র রয়েছে পাম্প সেট ইত্যাদি, সেগুলি দেখবার জন্য মিউনিসি-প্যালিটি লোক দিচ্ছে না, যার ফলে অসুবিধা হয়ে যাচ্ছে। সেজন্য আপনারা নিশ্চয়ই জানেন যে, কলকাতা কর্পোরেশানকে সুপারসিড করা হয়েছিল যাতে আমরা খুব তাড়াতাড়ি একসংগে সমস্ত

কাজ না হলেও কিছু কাজ করতে পারি এবং তারপর তহবিল বাড়িয়ে সেই টাকা নিয়ে আবার অন্য কাজগুলি শুরু করতে পারব, তারই ছোট্ট পদক্ষেপ আজকের এই বিল। মাননীয় সদস্য রৌফ আনসারী মহাশয় বলেছেন, কাউণ্টার যাতে ঠিকমত ওপেন থাকে সেটা দেখার জন্য। এই যে চিন্তা করেছেন, অত্যন্ত সুন্দরভাবে তাঁরা বক্তব্য রেখেছেন এবং সেগুলি আমরা ইতিমধ্যে চিন্তা করেছি এবং তাঁদের জানাচ্ছি, এই বিষয়ে দেখা হবে। শ্রীমৃগেন মুখার্জি যে কথা বলেছেন যে, অ্যাসেসমেন্ট ঠিকমত হয়েছে কিনা সেটা দেখা বা অ্যামাউন্ট যেগুলি ডিউ থেকে যাচ্ছে, সেগুলি লিগ্যালি অ্যাসেসমেন্ট হয়েছে কিনা সেগুলি দেখা বা অন্য কোন গাফিলতি আছে কিনা সেটা দেখা, সেগুলি আমরা নিশ্চয়ই দেখব, তবে তার সঙ্গে এই বিলের সম্পর্ক নেই। যাদের টাকা বাকি পড়ে গেছে তারা লোক না গেলে দিচ্ছে না। লোক যারা যাবে, যারা কালেকসান করবে তারা নানা রকম মুভমেন্ট করে ট্যাক্সের টাকা আদায় করছে না। বার বার তাদের বোঝান হচ্ছে যে, টাকা যদি না আদায় হয়, তা হলে যারা গরিব মানুষ তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে। কারণ, যারা ট্যাক্স দেবে তাদের প্রোপার্টি আছে, হায়ার স্লাভ ট্যাক্স যারা দিচ্ছে তাদের কাছ থেকে যখন টাকা নেওয়া হচ্ছে না, তখন তারা সেই টাকা ব্যাংকে রেখে দিচ্ছে এবং ব্যাঙ্ক থেকে যে ইন্টারেস্ট পাচ্ছে সেই ইন্টারেস্ট ক্যালকাটা মিউনিসিপ্যালিটি, হাওড়া মিউনিসিপ্যালিটিকে তারা দিচ্ছে না।

[5-10—5-20 p.m.]

অর্থাৎ যাঁরা ধনী ব্যক্তি রয়েছেন তাঁদের ট্যাক্স আদায় না হবার ফলে, তাঁদের টাকা ব্যাঙ্কে থাকার ফলে তাঁরা লাভবান হচ্ছেন। কিন্তু যাঁরা গরিব মানুষ, যাঁরা একদম ট্যাক্স দেন না তাঁরা অত্যন্ত ক্ষতিগ্রস্ত হচ্ছে। এর কারণ হচ্ছে পানীয় জল আমাদের তাঁদের কাছেই পেঁাছে দিতে হবে, রাস্তার আলো তাঁদের কাছেই পেঁাছে দিতে হবে, রাস্তাঘাট অপরিষ্কার থাকলে তাঁদেরই অসুবিধা হবে, বস্তী পরিষ্কার না হলে তাঁদেরই অসুবিধা হবে। একথা বার বার বলা সত্ত্বেও দেখলাম, তাদের মতিগতি পাল্টাল না। তখন আমাদের কাছাকাছি হাতিয়ার নিতে হল অর্থাৎ যাঁরা ধনিক গোষ্ঠী তাঁদের রিবেট দিতে হল। এটা অত্যন্ত লজ্জার কথা। কিন্তু কোন উপায় নেই, কারণ আমাদের টাকা প্রয়োজন, টাকা না হলে হাওড়া মিউনিসিপ্যালিটি মাস মাইনে দিতে পারবে না। এই যে কিছু গোষ্ঠী যারা শিক্ষিত হয়েছিল পশ্চিমবাংলার অন্ধকার পিরিয়ডের সময়ে তাদের এগেনস্ট-এ ডিসিপ্লিন্যারি অ্যাকসন নিতে গেলে আইনের মধ্যে যে সমস্ত ফ্যাঁকরা রয়েছে, মিউনিসিপ্যাল অ্যাক্ট যেটা অত্যন্ত পুরাণ আইন তার মধ্যে যে সমস্ত ফাঁকবা রয়েছে তাতে অসুবিধা আছে। কাজেই আমাদের যখন টাকার দরকার, তখন এই রিবেট সিসটেম করতে বাধ্য হয়েছি। মৃগেনবাবু হাওড়ার জল সম্বন্ধে যে কথা বলেছেন, আমি সে সম্বন্ধে ওয়াকিবহাল আছি। হাওড়ায় যদি জল না দেওয়া যায়, তা হলে তার দোষ আমাদেরই মাথা পেতে নিতে হবে। এটা মিউনিসিপ্যালিটির কাজ, অ্যাডমিনিস্ট্রেটরের কাজ এবং সুপারসিড করবার পর অ্যাডমিনিস্ট্রেটর চেষ্টা করছেন। কিন্তু এখন যে স্ট্রাকচার রয়েছে, তা কোলকাতা কর্পোরেসন বলুন, হাওড়া মিউনিসিপ্যালিটি বলুন, কাজ না করার প্রবণতা অত্যন্ত বেশী। কোলকাতা কর্পোরেসনের কর্মীদের সঙ্গে বার বার দেখা করবার পর এখন দেখছি, তাঁরা একটুখানি বুঝেছেন এবং তাঁদের সঙ্গে কথা বলার পর আমি লক্ষ্য করেছি তাঁরা অত্যন্ত সহৃদয়তার সঙ্গে এবং ভালভাবে কাজ করছেন। তাঁদের দাবি-দাওয়া আছে এবং সবশুদ্ধ ৬৮টি ইউনিয়ন আছে কোলকাতা কর্পোরেসনে। তাঁদের সঙ্গে কথা বলতে রাজী হয়েছি। কিন্তু একটা জিনিস লক্ষ্য করেছি, কিছু কিছু স্বার্থান্বেষী লোক তাদের ক্ষেপিয়ে দিচ্ছে। তারা পশ্চিমবাংলার অধিবাসী, তারা অনেকে সমবয়েসী, অনেকে বয়সে ছোট, অনেকে বয়সে বড়। আমি তাদের সঙ্গেও কথা বলেছি। যা হোক, টাকা আমাদের প্রয়োজন এবং সেইজন্যই এই বিল এনেছি। জল যখন পাওয়া যায় না তখন পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং-এর কাজ যাতে ভালভাবে হয় তার জন্য আমরা কিছু পাল্টা ব্যবস্থা করেছি। আমরা কিছু কিছু ভাল ইঞ্জিনীয়ার অন্য জায়গা থেকে নিয়ে এসেছি এবং কিছু জায়গায় প্রশাসনিক পরিবর্তন যেটা দরকার সেটা করেছি। কিন্ত একটা জিনিস আমাদের মনে রাখতে হবে ১৯৬৭ সালে যে প্রকল্পগুলি শুরু হয়েছিল সেগুলি চালু করা উচিত ছিল ১৯৬৮-৬৯ সালে। কিন্তু দুঃখের বিষয়, সেগুলো চালু হল

না। অনেক জায়গায় পাইপলাইন বসে গেছে। আপনারা জানেন, পাইপলাইন বসার সঙ্গে সঙ্গে জল চালু করতে হয় এবং প্রেসার দিতে হয় এবং দেখতে হয় পাইপলাইনটা ঠিকমত কমিশন্ড হল কিনা। এই জিনিস না করলে ঠিকভাবে প্রকল্প চালু করা যায় না। কিন্তু ১৯৬৭-৬৮-৬৯-৭০ সালে চালু যখন হল না এবং তারপর হঠাৎ যখন চালু করা হচ্ছে তখন নিশ্চিতভাবে মাটির তলায় যে সমস্ত পাইপলাইন বসান রয়েছে সেগুলি নানাভাবে নিশ্চয়ই ক্ষতিগ্রস্ত হয়ে রয়েছে। এখানে, ওখানে, সেখানে ফেটে যাচ্ছে, এখানে, সেখানে ড্যামেজ্‌ড হয়ে রয়েছে। কল্যাণেশ্বরীর কথা আপনারা জানেন, সেখানে কাজ চালু করা হল, কিন্তু তারপর হঠাৎ একটা জায়গা বার্স্ট করল। যেখানে কনেকসন রয়েছে সেখানে ১৯৬৭ সালে পাইপলাইন লে ডাউন করা হয়েছিল। তারপর দীর্ঘদিন মাটির মধ্যে থাকে এবং জল প্রকল্প যদি চালু না থাকে, তা হলে কোথায় খারাপ হয়েছে, সেটা ইঞ্জিনীয়াররা বুঝতে পারছেন না। তারপর রাজনৈতিক দলাদলি, মারামারি সারা পশ্চিমবাংলায় ছড়িয়ে পড়ল এবং তাতে মদত দিলেন কিছু রাজনৈতিক পার্টি। এই সব কারণে এখানে-ওখানে দুষ্টব্রণ ফেটে বেরুচ্ছে এবং তার জন্য আমরা যাচ্ছি এবং যা প্রয়োজন তা করবার আপ্রাণ চেষ্টা করছি। আমরা এই জল সরবরাহকে ওয়ার ফুটি-এ নিয়েছি এবং আমরা চেষ্টা করছি যাতে তাড়াতাড়ি পানীয় জলটা জনসাধারণের হাতের কাছে দিতে পারি। হাওড়ার এম এল এ যাঁরা আছেন তাঁরা জানেন মিউনিসিপ্যালিটির গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে এবং এটাও আপনারা জানেন, মেনটেনেন্স ফেজ যখন যাবে তখন নির্ভরযোগ্য মানুষ যাঁরা রয়েছেন, যাঁরা কাজ করেন তাঁরা যদি সঙ্গে সঙ্গে টেকআপ না করেন, তা হলে কি অবস্থা হয়। তপনবাবু বলেছেন, আনএমপ্লয়েড ইউথদের দিয়ে কাজ করাতে। আমি কাজ করিয়ে দেখেছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কোলকাতা কর্পোরেসনের ভ্যাক্সিনেটরের দরকার হয়েছিল। ৫০০ ভ্যাক্সিনেটর ছিল—গভর্নমেন্টের ছিল ৩০০ এবং কোলকাতা কর্পোরেসনের ছিল ২৫০ জন—অর্থাৎ প্রায় ৫৫০ জন ভ্যাক্সিনেটর ছিলেন। কিন্তু আন-এমপ্লয়েড ইয়ুথ অত্যন্ত গরিব, আমাদের যেসমস্ত ছেলেরা আছে তাদের ট্রেনিং দিয়ে বাঙ্গালী ছেলেদের ট্রেনিং দিয়ে ৬০০ ছেলেকে যখনই নামানো গেছে কলকাতা শহরে, শহরের নানান জায়গায়, ১০০টি কনস্টি-টিউএন্সিতে তারা যখন ঝাঁপিয়ে পড়েছে, যদিও বসন্ত পুরাপুরি বন্ধ করা যায় নি, কিন্তু আয়ত্বের মধ্যে তাঁরাই এনেছেন। সুতরাং নিশ্চয় ভেবে দেখছি, আন-এমপ্লয়েড ইয়ুথ যারা আছে তাদেরকে কিভাবে ব্যবহার করা যায়, কাজে লাগানো যায়। কিন্তু দুঃখের কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন একদিকে মানুষের প্রাণ বাঁচাবার জন্য ছুটাছুটি চলছে, মাননীয় সদস্যরা উদ্বেগ প্রকাশ করছেন, সারা পশ্চিমবঙ্গ আতঙ্কে রয়েছে, ৬০০ ছেলে তারা দিনে ৬ টাকা করে পাবে, ভলানটিয়ার ভ্যাক্সিনেটর তাদের নিয়ে যখন কাজে নামানো হল, কিছু কিছু রাজনৈতিক দল আশ্চর্য লাগল, কিছু কিছু কাগজের মাধ্যমে লেখা হল দেখলাম, এটা নাকি রাজনীতি করবার জন্য এই ৬০০ ভলানটিয়ার ভ্যাকসিনেটর কাজে নামানো হয়েছে। তাই আন-এমপ্লয়েড ইয়ুথদের দিয়ে কাজে লাগানো যেত, তাদের দিয়ে যদি অ্যাসেসমেন্ট করানো যেত, আমার বিশ্বাস আছে নিশ্চয় ভাল হত। কিন্তু কাজটা যখন করতে হবে, আমাদের নানা দিক ভাবতে হচ্ছে। ডেমোক্রাটিক সিস্‌টেমে যা যা আমাদের ভাল জিনিস আছে আবার তেমনি কিছু কিছু বাঁধনও আছে। সেই বাঁধনগুলি আটকে রয়েছে। তাই আইনের মাধ্যমে এই আইন আমি আনতে চাচ্ছি। কিছু কিছু টাকা অন্ততঃ তহবিলে পূর্ণ হোক, আমরা যাতে কাজ এবং প্রকল্পগুলি তাড়াতাড়ি চালু করতে পারি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ভবানী মুখার্জি মহাশয় অত্যন্ত জোরালো ভাষায় তাঁর বক্তব্য রেখেছেন। আমি তার নোট নিয়েছি। তিনি যে বলেছেন ১০০টি টিউবওয়েল দরকার, ১০টি করে প্রতি ওয়ার্ডের জন্য, আমি সেটা দেখে বলতে পারব যে, আমাদের রসদ কিরকম আছে। আমাদের মিউনিসিপ্যালিটি সেটা টেক-ওভার করতে পারে কিনা, মেনটিনেন্সের ব্যবস্থা করতে পারে কিনা, সেটা দেখতে হবে এবং দেখে আমি নিশ্চয় হাউসের সামনে বলতে পারব যে, কি কি স্টেপ নেওয়া হয়েছে। পানিহাটী মিউনিসিপ্যালিটি সম্বন্ধে মাননীয় তপনবাবু বলেছেন। এটা আমার দেখা আছে। একজন ব্যক্তি তার দোষ—এটা কিন্তু ঠিক নয়। এটা অনেক দিন ধরে জিনিসগুলো পড়ে আছে। যেমন হাওড়া মিউনিসি-প্যালিটি অ্যাক্টের পুরাপুরি একটা পরিবর্তন প্রয়োজন, তেমনি ক্যালকাটা করপোরেশনের

অ্যাক্টেরও পুরোপুরি পরিবর্তন প্রয়োজন। কারণ, দেখতে পাওয়া যাবে যে বৃটিশ গভর্নমেন্ট যখন ছেড়ে যাব যাব ভাব বা যখন দেশেতে আমরা খুব জোর সংগ্রাম শুরু করে দিয়েছিলাম, দেশের জনসাধারণ স্বাধীনতার জন্য এবং বৃটিশ গভর্নমেন্ট যখন ডেমোক্রাটিক রাইটে তাদের অনুযায়ী স্বর্ণ শিখরে তখনই এই অ্যাক্ট হয়েছে, তার ফলেতে নানান হিয়ারিং, নানান নোটিস নানা রকমের তাদের রাইটস্, নানান রকমের যারা প্রপার্টি-হোল্ডার তাদের নানা রকম প্রোটেকসান দেবার জন্য নানানভাবে চিন্তা করে এই জাল তৈরি হয়েছে। এই জালের মধ্যে নিষ্পেশিত হচ্ছে কিন্তু গরিব জনসাধারণ। এই বিষয়ে আমি নিশ্চয় অন্যান্য সদস্যদের সঙ্গে আলোচনা করবো। বিশেষ করে আলোচনা করবো তার কারণ, আমি বেশী দিনের জন্য এই দপ্তর নিই নি, তাই বিশেষ করে আলোচনা করবো যখন আমাদের মাননীয় মন্ত্রী প্রফুল্লকান্তি ঘোষ মহাশয় যখন এসে যাবেন, আপনারা যা বললেন সেই বক্তব্য আমি তাঁর কাছে জানাবো। এই কথা বলে মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি চাইছি মাননীয় সদস্য আর এস পি-র বন্ধু উনি যে মোসান দিয়েছেন সেটা উইথড্র করে নেবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো যে এখন এই হাউস এই ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল ১৯৭৩ অ্যাজ সেটেল ইন দিস অ্যাসেম্বলী বি পাসড, এই অনুরোধ জানাচ্ছি।

শ্রীআফতাবুদ্দিন মন্ডলঃ অন এ পয়েন্ট অব ইনফর্মেসন স্যার, কয়েকদিন আগে আমাদের বন্ধু নাশিরুদ্দিন খানকে বাইরে কয়েকজন ছেলে হ্যারাস করেছে। আজকে একটা অত্যন্ত বিচিত্র ঘটনা ঘটে গেছে অ্যাসেম্লী কমপাউন্ডের মধ্যে। কর্তব্যরত পুলিস অফিসার তিনি গেটের কাছে দাঁড়িয়ে থাকেন। তিনি এত বেশী মদ্যপ হয়েছেন যে, নিজের পকেট থেকে পিস্তল বের করে রাস্তায় ছুটাছুটি করছেন, সবাইকে গুলি করে দেবেন বলছেন। ঐ গেটের সম্মুখে তিনি দাঁড়িয়ে আছেন। আমরা কেউ ভয়ে বেরতে পারছি না। আমরা গেটের কাছে গিয়ে ফিরে এলাম। ওর যেখানে ডিউটি দেবার কথা, যেখানে এম এল এ-দের সিকিউরিটি দেবার কথা সেখানে এম এল এ-দেরই জীবন ওর হাতে বিপন্ন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এ বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আপনি একটা উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

[5-20—5-30 p.m.]

Mr. Deputy Speaker: Is it outside the Assembly compound or within the Assembly compound?

Shri Aftabuddin Mondal: Inside the compound, Sir.

Mr. Deputy Speaker: If it is within the premises of the Assembly I am immediately sending our officers over there to get correct information.

Now I put the motion for consideration of the Bill to vote.

The motion of Shri Ajit Kumar Panja that the Calcutta Municipal (Amendment) Bill, 1973, be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2 and the Preamble

The question that Clauses 1, 2 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Ajit Kumar Panja: Sir, I beg to move that the Calcutta Municipal (Amendment) Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1973

Shri Ajit Kumar Panja: Sir, I beg leave to introduce the Calcutta Municipal (Second Amendment) Bill, 1973.

(Secretary then read the Title of the Bill.)

Shri Ajit Kumar Panja: Sir, I beg to move that the Calcutta Municipal (Second Amendment) Bill, 1973, be taken into consideration.

Sir, section 127(4)(c) of the Calcutta Municipal Act, 1951 lays down that in the budget estimates the Corporation shall allow for a cash balance at the end of the year of not less than 12 lakhs of rupees. Uptil now the Corporation has consistently presented budget estimates showing a revenue surplus of more than 12 lakhs of rupees.

In reality, however, payments of revenue account exceeded revenue receipt for quite some years in the past. The year 1967-68 closed with a minus cash balance of Rs. 1.30 crores. The corresponding figures for the year 1968-69, 1969-70 and 1970-71 are Rs. 2.84 crores, Rs. 4.64 crores and Rs. 4.79 crores respectively. The 1971-72 closed with a minus cash balance of Rs. 7.35 crores. The latest figures show that the revenue receipt is on the increase. The Budget Estimates for 1973-74 and the revisd Estimates for 1972-73 reveal that the cumulative deficit as on 31st March, 1973 would be Rs. 13.23 crores and the year 1973-74 would close with a cumulative revnue deficit of Rs. 17.66 crores. While preparing the Budget, every effort was made by the Commissioner to make Budget Estimates realistic by excluding the fictitious receipts which were being shown in the previous years Budget and taking into account all the obligatory and statutory commitments. Unless fresh sources of revenue are developed forthwith, it will not be possible for the Corporation even by making best efforts of collection and effecting economy of expenditure to comply with the requirements of section 127(4)(c) of the Calcutta Municipal Act. Sir, in these circumstances it is considered necessary to amend cection 127 of Calcutta Municipal Act, 1951 for doing away with the requirements of maintaining a minimum cash balance of not less than Rs. 12 lakhs at the end of the year. Unless this is done the Calcutta Corporation's Budget Estimates for the year 1973-74 will be unrealistic one. So it is thought desirable to enable the Corporation to frame its Budget for the year 1973-74 without the necessity of leaving a closing cash balanc. The Bill seeks to achieve this objective by amending section 127(4) of the Calcutta Municipal Act with the consequential amendment of section 128. Sir, with these words I commend my motion for acceptance of the House.

Mr. Deputy Speaker: There are motions for circulation of the Bill by Shri A. H. Besterwitch, Shri Timir Bhaduri and Shri Shish Mohammad. All the amendments are in order. I call upon Shri Shish Mohammad to move the amendment.

Shri Shish Mohammad: Sir, I am not moving the amendment.
মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে ক্যালকাটা মিউনিসিপ্যাল (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৩, আজকে হাউসে উপস্থাপিত করা হয়েছে, এই বিলের আলোচনায় অংশগ্রহণ করে আপনার মাধ্যমে কয়েকটি কথা আমি বলতে চাই।

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনি জানেন যে, ভারতবর্ষের মধ্যে তিনটি কর্পোরেশন বিশেষভাবে উল্লেখযোগ্য--কলকাতা কর্পোরেশন, দিল্লী কর্পোরেশন এবং বোম্বে কর্পোরেশন। ইন্টারন্যাশানালি ফেমাস কর্পোরেশন হিসাবে কলকাতা কর্পোরেশন প্রসিদ্ধ। আমরা সংবাদ নিয়ে দেখেছি যে, প্রতি বৎসর বোম্বে কর্পোরেশনের যে বাজেট হয় তার পরিমাণ ৫০ থেকে ৫৫ কোটি টাকার মত। আমরা দেখেছি দিল্লী কর্পোরেশনের যে বাজেট প্রতি বৎসর হয়, তাও

৩০ থেকে ৩৫ কোটি টাকার মত। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি, এই ইন্টারন্যাশানাল ফেমাস যে কলকাতা কর্পোরেশন, সেখানে আমরা দেখতে পাচ্ছি বিগত কয়েক বৎসরের ইতিহাস কোন বছর ১২ কোটি টাকা, কোন বছর ১৩ কোটি টাকা, কোন বছর ১৪ কোটি টাকার বাজেট। ১৯৭২-৭৩ সালে যে বাজেট হয়েছে তাতে দেখতে পাচ্ছি মাত্র ১৭ কোটি টাকার বাজেট।

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, এই কলকাতা কর্পোরেশনের বাজেটে কোনদিন ডেফিসিট দেখান হয় না। এখানে কর্পোরেশনের অদ্ভুত আইন, আদৌ টাকা থাকুক আর না থাকুক, কমপক্ষে ১২ লক্ষ টাকা বাজেটে সারপ্লাস দেখাতেই হবে।

[5-30—5-40 p.m.]

অথচ গত বছরের তিক্ত অভিজ্ঞতায় আমরা দেখেছি ১৭ কোটি টাকার বাজেট অথচ বছরের শেষান্তে দেখা গিয়েছে ৮ কোটি টাকা ডেফিসিট পড়ে গিয়েছে। ১৯৭৩-৭৪ সালের যে বাজেট হবে বা হয়েছে তাতে ৮ কোটি টাকা ডেফিসিট নিয়ে সেই বাজেটের সম্মুখীন হতে পারবে। কলকাতা কর্পোরেশনের এই বাজেটে দেখা গিয়েছে কর্পোরেশনের কর্মচারীদের বেতন বাবত ১৩ থেকে ১৪ কোটি টাকা খরচ বহন করতে হয়, সঙ্গে সঙ্গে মেন্টেন্যান্স খাতে ব্যয়বরাদ্দ প্রায় ৫ কোটি টাকার মত। প্রায় ১৮।১৯ কোটি টাকা এই দিকেই চলে যায়, বাজেট বরাদ্দ যা হয়েছিল সেই ১৭ কোটি টাকার। তা ছাড়া, অন্যান্য খরচ আছে, ডেভেলাপমেন্টের কথা কি আর চিন্তা করা যায়! আমি যেকথা বলতে চাইছি, এই ১২ লক্ষ টাকা প্রতি বছর যে সারপ্লাস দেখাতে হবে অথচ টাকা নেই। এই অদ্ভুত আইন বর্তমান সভ্যজগতে কি করে চলে তা আমরা বুঝে উঠতে পারছি না। কাজেই কলকাতা কর্পোরেশনের কর্তৃপক্ষকে এই সারপ্লাস দেখাবার জন্য, হয়তো রাগ করবেন হাউসের সদস্যরা, কারচুপির আশ্রয় নিতে হয়। একটা ভুতুড়ে আইন, একটা ভুতুড়ে হিসাব বা ভুতুড়ে আয় দেখিয়ে ১২ লক্ষ টাকা উদ্বৃত্ত দেখাতে হয় এবং তারপর বাজেট করতে হয়। এর পূর্বে কলকাতা কর্পোরেশনের অনেক সদস্য এই অবান্তর আইন তুলে দেওয়ার সুপারিশ করেছিলেন, অর্থাৎ এইটা তুলে দিতে, এই ১২ লক্ষ টাকা উদ্বৃত্ত রাখতে হবে। আমার মনে হয় এর মাধ্যমে এটাই প্রমাণিত হচ্ছে ডেফিসিট বাজেট করা যাবে এবং সেই হিসাবে একটা ইনকাম দেখাতে হবে এবং কলকাতা কর্পোরেশন পরিচালনা সম্ভব হবে। এই ধারণা নিয়ে এই আইনের সংশোধন নিয়ে এসেছেন। খুব ভাল কথা। দেখা যাক ভবিষ্যৎ কি হয়। একটা কথা আপনার সামনে আমি না বলে পারছি না। কলকাতা যদি কলকাতাবাসীর জন্য মনে করা হয়, কলকাতা যদি পশ্চিমবঙ্গের শহর হিসাবে মনে করা হয়, কলকাতাকে যদি ভারতবর্ষের শহর হিসাবে মনে করা হয়, তা হলে সম্পূর্ণ ভুল হবে। এই কলকতা সমগ্র বিশ্বের একটা বিখ্যাত শহর বা সিটি। সেক্ষেত্রে আমরা দেখতে পাই বিশ্বের বিভিন্ন এলাকা থেকে, বিভিন্ন রাষ্ট্র থেকে, বিভিন্ন রাজ্য থেকে বহু লোক প্রয়োজনের খাতিরে কলকাতায় আসেন এবং বহু লোক রাস্তায় দেখতে পাওয়া যায়। কিন্তু আমরা দেখলাম এই যে ইন্টারন্যাশানাল ফেমাস সিটি এখানে বিচরণ করতে গিয়ে মানুষের প্রয়োজন হয় সেদিন সোমনাথবাবু বলছিলেন প্রস্রাব-পায়খানার প্রয়োজন হয়। কিন্তু এই পর্যন্ত আমি কলকাতায় ঘুরে দেখলাম কলকাতার রাস্তায় প্রস্রাব করার জন্য ল্যাট্রিন, ইউরিন্যাল-এর কোন ব্যবস্থা নেই। অ্যাসেম্বলী হাউসের দক্ষিণ দিক দিয়ে যে রাস্তা নদীর দিকে গিয়েছে সেই রাস্তার বাস স্ট্যান্ডের কাছে মানুষ দাঁড়াতে পারে না দুর্গন্ধে। আপনি চৌরঙ্গীর রাস্তা দিয়ে যান সেখান দিয়ে মানুষ হেঁটে আসতে পারে না। অবশ্য আসছে না, তা নয়, কিন্তু ঝুঁকি নিয়ে আসতে হয়। (ডাঃ জয়নাল আবেদিন: ১৯৬৭ সালে কি করা হয়েছিল একটু বলুন।) তা হলে যেহেতু ১৯৬৭ সালে করা হয় নি, জয়নাল আবেদিন সাহেব আর করবেন না বলেছেন? সেকথা বলে দিলে ভাল হয়। আমি বক্তৃতা শেষ করে দেবো। সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে অনুরোধ রাখবো এই ইন্টারন্যাশনাল ফেমাস সিটির যেন প্রয়োজন মত ল্যাট্রিন বা ইউরিন্যালের ব্যবস্থা করা হয়। বহির্দেশীয় লোক যাঁরা কলকাতায় এসে ঘোরাফেরা করেন এবং কলকাতার বাড়ি থেকে যাঁদের পথে যাতায়াত করতে হয়, তাঁরা সেইসব প্রস্রাব ইত্যাদির কাজ সারতে পারেন না—সেই রকম ব্যবস্থা নাই। সেই সুযোগ

যাতে এই কলকাতায় সৃষ্টি হয় তার ব্যবস্থা করুন। তারপর কলকাতার বস্তি অঞ্চলের কথা—এই কলকাতার বস্তি এলাকায় আমি দেখেছি এবং আমার মনে হয়েছে যে, এই বস্তি এলাকাগুলি এখনও অন্ধকারের যুগে পড়ে আছে। আমরা শুনতে পাই যে, কলকাতার নাকি অনেক ডেভোলাপমেন্ট হয়েছে, এবং হচ্ছে। তাই আমি অনুরোধ করবো যে, এইসব কলকাতার বস্তির দিকে নজর রেখে যাতে কলকাতা কর্পোরেশনের ডেভোলাপমেন্ট হয় তার জন্য একটা সুনির্দিষ্ট কর্মসূচি গ্রহণ করুন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি দেখেছি যে এই কলকাতার পাশেই হালতু বলে একটা শহর আছে। স্বাধীনতার পর কলকাতার বহু উন্নতি হয়েছে, কিন্তু এই হালতু শহরে দেখতে পাচ্ছি যে, সেখানে এখনও পঞ্চায়েত ব্যবস্থা চালু রয়েছে। আপনারা পঞ্চায়েতরাজ ইত্যাদির কথা বলছেন—শুনছি নাকি বিরাট কিছু করে ফেলে দেবেন সেখানে—প্রধানদের ক্ষমতা দেবেন—পেপারে এইসব দেখতে পাচ্ছি—আপনারা যুগান্তরের গতকালের এডিটোরিয়াল পড়ে দেখবেন। কিন্তু স্যার, এই হালতু শহর অনেক কিছু দায়দায়িত্ব বহন করছে—অথচ তাকে মিউনিসিপ্যালিটির আওতায় আনবার প্রয়োজনীয়তা কি আপনারা মনে করেন না? কলকাতা কর্পোরেশনের যে ডেফিসিট বাজেট আসবে সেখানে সেই টাকা নাকি উঠাবেন ট্যাক্সেসনের মাধ্যমে এবং তাতে আমরা যা শুনতে পাচ্ছি যে, সাধারণ লোকের উপর নাকি ট্যাক্স বসাবেন। এই ট্যাক্সের পর ট্যাক্স চপাতে গিয়ে দেখা যাচ্ছে যে, মানুষকে কঠিন সমস্যার সম্মুখীন হতে হবে। এখানে আমি একটা সাজেসন রাখতে চাই। যদি আপনাদের মনঃপূত হয় গ্রহণ করবেন, না হয় ফেলে দেবেন। এখানে বহু বড় বড় ব্যবসায়ী আছে। আপনাদের নিয়ম আছে—ট্যাক্সের হার নির্ধারণের ব্যাপারে আমরা দেখেছি যেক্ষেত্রে ১৫ হাজার টাকা ইনকাম সেখানে যে রেট আছে, ৩০ হাজার টাকা যাদের ইনকাম সেখানেও সেই রেট আবার ২ লক্ষ টাকা কিংবা ১ কোটি টাকা যাদের বাৎসরিক ইনকাম তাদের ক্ষেত্রেও সেই একই রেট। যাদের ইনকাম ৩০ হাজার টাকা তাদের উপর যে ট্যাক্স আর ২ লক্ষ টাকা যাদের ইনকাম তাদের ক্ষেত্রেও কি ঐ একই রেট হওয়া উচিত? আমি মনে করি যে, ঐ ইনকামের হাঙগররা বহু পয়সা রোজগার করছে। ক্রমবর্ধিত হারে ট্যাক্স বসানো উচিত বলে মনে করি। যাতে সাধারণ মানুষকে ট্যাক্সের বোঝা বহন করতে না হয় তার জন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি কেন্দ্রীয় সরকার কলকাতা কর্পোরেশনের প্রতি অবিচার করছে। দিল্লীতে টাকা দেওয়া হয়—দিল্লীকে সুন্দর থেকে সুন্দরতম করবার জন্য, বম্বেকে টাকা দেওয়া হয় বম্বেকে সুন্দর থেকে সুন্দরতম করবার জন্য এবং প্রচুর টাকাই দেওয়া হয় অথচ কলকাতা কর্পোরেশনের বেলায় সেই টাকা দেওয়া হয় না—এই রকম বিমাতৃসুলভ ব্যবহার কেন্দ্রীয় সরকার করে থাকেন। সঙ্গে সঙ্গে আমি একটা কথা বলতে চাই যে, এই যে ঘোড়ার গাড়ি, ট্যাক্সি ইত্যাদি থেকে সরকার টাকা নেন, তার থেকে কলকাতা কর্পোরেশনকে কিছু দেওয়া হয় না। এই অর্থ কলকাতা কর্পোরেশন গ্রহণ করেন না, সরকার গ্রহণ করেন—সেই ট্যাক্স কলকাতা কর্পোরেশনকে দেওয়া হচ্ছে না। আমি মনে করি আমি যেসব বক্তব্যগুলি রাখলাম বা যে সাজেসনগুলি রাখলাম মন্ত্রিমহাশয় সেগুলি বিবেচনা করে দেখবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং মাননীয় বেস্টারউইচ ও তিমির ভাদুড়ী এবং আমার পক্ষ থেকে যে অ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে সেগুলি আমরা মুভ করছি না।

Shri Abdur Rauf Ansari: Mr. Deputy Speaker, Sir, I support the Bill No. 22 of 1973—The Calcutta Municipal (Second Amendment) Bill, 1973.

It is a fact that Calcutta occupies a very important place in the map of the globe. It was once the second city under the late British Empire. It attracted the population of the entire globe, but it was heavily exploited. After partition also, Sir, millions of people—our brethren—came from the other part to this city. Calcutta, with its limited drainage, water supply, and other resources, served them and helped them but did not get what it expected from them. We are all very much pleased to note here, Sir, that at least under the C.M.D.A., the Central Government have come forward to help us. We appreciate this move because we realise that Calcutta helps everybody

but gets less. Even, near about 11 lakhs of people come daily to the city of Calcutta, but they contribute nothing, although they utilise all sorts of civic amenities—drinking water, garbage facilities, filtered water and all other amenities which Calcutta has. In the past, we were very happy because our popular Government in the Centre and in the State were keen to help us. I find that this is a very minor but a very important amendment regarding the Calcutta Corporation, i.e., the closing cash balance of the budget.

[5-40—5-50 p.m.]

Mr. Deputy Speaker, Sir, the Calcutta Municipal Act, 1951 came into force during the regime of late Dr. B. C. Ray. At that time the financial position of Calcutta Corporation was not bad. It was satisfactory. It was running and working. But with the progress of time, its commitments went on increasing, but so far as the revenues were concerned, it did not increase. It could not meet the growing demand of the expenditure side and naturally the balance went on decreasing. In 1969, when the U.F. Government came to power, this Calcutta Corporation was also in the hands of the U.F. and under the C.P.M. Mayor. At that time I drew the attention of the Mayor and said, "Mr. Mayor, you are going to have a budget. Your financial position may not be satisfac ory, but you have got to do something because your Government—the U.F. Government—is there. You move the Government because this closing cash balance of Rs. 12 lakhs will become a farce. You are placing a fictitious and false budget in the Corporation. How will you show the balance? In no way you can find out Rs. 12 lakhs. You are going to have a heavy deficit and there is also a provision that unless you show Rs. 12 lakhs as closing balance the budget will not be passed. If the budget is not passed the Corporation will be superseded by the Government". The Mayor told me, "Mr. Ansari, you stand against corruption, but for justice do you want to hide corruption?" I told him, "If you so dare, come and fight against corruption. Are you going to place this budget full of corruption and false figures because in no way you can prove the arithmetical figures from the books of accounts i.e., Rs. 12 lakhs, which is a heavy deficit? You are placing before the House a false budget by your thumping majority by force and you are going to pass the corrupted budget." Sir, at that time they had the thumping majority but they had no courage. That is why the C.P.M. people have been unable to come to this House. I congratulate this Government because they have rectified this wrong. We came honestly and sincerely to this Corporation and placed whatever was there in the offer of the Corporation.

Knowing fully well that they did not have a single pice, just a few hours after they placed the budget. They sat in a room, called in the Accountant and any how showed a fictitious figure—an amount of Rs. 20 lakhs surplus—and then the budget was placed before the House. But this Government is a progressive government, this government can say that 'we are fighting corruption', and this Bill is one of the glaring examples that by legislation we are empowering the future Corporation not to place such false budget as our brothers of the United Front did. Now, the Corporation will find it easy to place the correct books of accounts and not the false books of accounts. Sir, I must appreciate the move of the Government for this.

Sir, another thing that I will mention is that the Corporation is having heavy commitments but its resources are limited. The Government must find out some way either today or tomorrow to have a revenue of about a crore of rupees. Sir, more than Rs. 80 lakhs they are paying for establishment cost, and about Rs. 10 lakhs for electricity bills, and what remains in the balance is about Rs. 10 lakhs. Now they have got to meet the maintenance for the new works. Of course, they have got some money from the C.M.D.A., the

Government of West Bengal and they are begging for money to the Centre and it is with this money they are improving the bustees, roads, drainage and sewerage and it is through their money that the Corporation is run. But the major portion of whatever money they collect from these sources goes for establishment. So we have got to sit together and find out some ways to augment its income. Sir, in Bombay, people are enjoying electricity under the Corporation. The State buses are run by the Corporation, and from the motor vehicles tax they are having good amount of money.

Sir, another thing to which I will draw your attention is regarding assessment. Sir, there are big multistoreyed and palatial buildings in Calcutta. The owners of these buildings—just now a friend of mine has mentioned that—are trying to evade taxes. What they do is that they lease out their properties to their friends and relatives. Supposing, they are earning Rs. 50 thousand as rent at the rate of Rs. 5 thousand for each building, but when they go to the Corporation, the Corporation won't see Rs. 50 thousand, they will see only Rs. 5 thousand, they will take into account only the lessor's amount. So actually the tax on Rs. 50 thousand which a man is earning and which the Corporation might have realised is saved. I suggest, Sir, that some sort of amendment should be brought so that these big merchants, the multi-millionaires, the blackmarketeers, who are investing their black money on land and properties in this city, could be prevented from evading taxes. Sir, if you go only a few miles from this Assembly building, you will find that land is sold at Rs. 1½ lakhs per cottah. But why they are purchasing these lands at such a big price? They know that even if the land is purchased at Rs. 1½ lakhs per cottah, they will be able to utilise their black money and will profitably earn more money. So, Sir, the Corporation should be very careful, and in that view of the matter I suggest that the Government should come forward to check these tax-evaders and the blackmarketeers and their black money which is running as a second currency in our city.

With these few words, I again congratulate the Government because the Government have at last helped the Corporation to lead a clean life which the United Front Government failed to do and which the Mayor, himself being a symbol of corruption, failed to do. That corruption has today been cleared from the Corporation, and for that I support the Bill and congratulate the Government.

[5-50—6-00 p.m.]

শ্রীশিশিরকুমার ঘোষঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্যালকাটা মিউনিসিপ্যাল (সেকেণ্ড আমেণ্ডমেণ্ট) বিল মন্ত্রিমহাশয় যা উপস্থিত করেছেন সেটা নিশ্চয়ই এই হাউসের সকলে স্বীকার করবেন যে, কাগজপত্রে যে ধাপ্পাটা এতদিন ধরে চলছিল সেই ধাপ্পাটা বন্ধ হয়ে যাবে। আমাদের আয় নেই অথচ আমাদের বাজেটে ১২ লক্ষ টাকা সারপ্লাস দেখাতে হবে। এই ১২ লক্ষ টাকা সারপ্লাস দেখাতে ক্যালকাটা কর্পোরেশন বাজেটকে যেভাবে তারা উপস্থিত করতেন তার সঙ্গে বাস্তবের কোন সম্পর্ক ছিল না। যার জন্যে এই সারপ্লাস দেখানো সত্ত্বেও ক্যালকাটা কর্পোরেশন-এর আর্থিক অবস্থা যা দাঁড়িয়েছে সেটা পশ্চিমবাংলার মানুষ সকলেই জানেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিন্তু এর পরিপ্রেক্ষিতে ১২ লক্ষ টাকা সারপ্লাস বন্ধ করার পরে কি ক্যালকাটা কর্পোরেশন-এ এখন যে অবস্থা চলছে সেই অবস্থার কোন পরিবর্তন হবে? কলকাতা কর্পোরেশন এলাকার মানুষ যে সুযোগসুবিধার জন্য চারিদিকে চেয়ে আছে, এই সরকারের কাছে যারা আশা করছে যে, আরও বেশী সুযোগসুবিধা তারা পাবেন। সেই সুযোগ-সুবিধা বাড়াবার জন্য যে স্বচ্ছলতার প্রয়োজন যে আর্থিক রিসোর্সেস আনবার প্রয়োজন, কলকাতা কর্পোরেশনের আয় বাড়াবার জন্য যে রাস্তাগুলো নেওয়া দরকার, কলকাতা কর্পোরেশন এলাকায় যে সমস্ত বড বড় শিল্পপতি এবং পুঁজিপতি বিরাট আয়

করে, তারা এখান থেকে টাকা পয়সা নিয়ে ভারতবর্ষের অন্যান্য জায়গায় টাকা পাঠাচ্ছে, তাদের উপরে লেভি ইত্যাদি এইগুলো কলকাতা কর্পোরেশনের দিক থেকে চিন্তা করে স্বচ্ছল অবস্থার সৃষ্টি না করতে পারি, আমরা যদি কেন্দ্রীয় সরকারকে বোঝাতে না পারি যে কলকাতা মহানগরীর একটা বিরাট দায়িত্ব তোমাদের নিতে হবে এবং সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে আমরা আরও বেশী টাকা কলকাতা কর্পোরেশনের উন্নতির জন্য এনে দিতে না পারি, তা হলে এই এলকার মানুষকে সাহায্য এবং সুযোগ দেওয়া সত্যই খুব অসুবিধাজনক হবে। স্বাধীনতার পর যে দ্রুত হারে লোকসংখ্যা বাড়ছে, সেই অনুপাতে কলকাতা কর্পোরেশনের অ্যামিনিটিজ কতটুকু বেড়েছে এই কথা সকলেই জানেন কলকাতা কর্পোরেশনের আয় দিয়ে কলকাতার জনজীবনে নূতনভাবে সহায্য করা সম্ভব নয়। সেই জন্য কলকাতার জনজীবনে আমরা সাহায্য করতে পারি নি, নূতনভাবে মানুষের চাহিদাকে যে পূরণ করতে পারি নি তার প্রমাণ আজও জলের অভাব রয়েছে, আজও ল্যাট্রিন, ইউরিন্যালের অভাব রয়ে গেছে, আজও কলকাতার জঞ্জালের স্তূপ দেখা যায়। এই সমস্ত পরিবর্তন যদি না করতে পারি, তা হলে আমরা কলকাতার মানুষদের নূতন উদ্যাননগরী করার কথা, যে সরকার কলকাতা কর্পোরেশন অধিগ্রহণ করার সময় বলে-ছিলেন যে, আমরা এটাকে একটা উদ্যান নগরী তৈরি করে দেবো, সেই প্রতিশ্রুতি যদি পালন করতে না পারি, তা হলে নিশ্চয়ই আগামী দিনে আমরা কলকাতা কর্পোরেশনের অধিবাসীদের কাছে দায়ী থাকব। আমরা যখন এই অ্যাসেম্বলীর মাধ্যমে কলকাতা কর্পোরেশন অধিগ্রহণের ব্যাপারে যে প্রতিশ্রুতি দিয়েছিলাম সেই প্রতিশ্রুতিগুলোর কথা যদি একবার স্মরণ করি, তা হলে নিশ্চয় একথা বলতে হবে যে, সেই প্রতিশ্রুতি পালন করতে আমরা ব্যর্থ হয়েছি। উদ্যান নগরী সৃষ্টি করতে যে সমস্ত অভিযোগে অভিযুক্ত করেছিলেন তৎকালীন কর্পোরেশনের কর্মকর্তাদের, সেই অভিযোগে অভিযুক্ত করবার পরেও, সেই যে সমস্যা যেগুলো সমাধান করতে পারেন নি।

এখনও আমরা দেখি যে, কলকাতার ফুটপাথ বিক্রী হয়, বিভিন্ন কেলেংকরী কলকাতা কর্পোরেশনের মধ্যে চলছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত লজ্জার বিষয়, আপনি হয়ত দেখে থাকবেন, ইন্টালী ওয়ার্কশপে কাজ চলাকালীন ওয়ার্কাররা মদ খাচ্ছিল এবং জুয়া খেলছিল। এবং কাগজে সেটা বেরিয়েছিল। এই যদি প্রশাসনিক অবস্থা হয় কলকাতা কর্পোরেশনের উন্নতি কি করে হয়? এই বছর বসন্ত রোগে একটা রেকর্ড সৃষ্টি করেছে। কলকাতা কর্পো-রেশন তার জন্য দায়ী, কলকাতা কর্পোরেশনের প্রশাসন তার জন্য দায়ী। এমনভাবে রেকর্ড সৃষ্টি করল, মহামারীরূপে দেখা দিল, যার জন্য সরকার থেকে বলা হল যে, কাগজে খবর যেন না বের হয়। আমরা যেটা বুঝেছি এবং বিলের আলোচনার সময় মন্ত্রিমহাশয় বলেছেন যে, মূল পরিবর্তন দরকার। নিশ্চয় একটা মৌলিক পরিবর্তন না করে ছোটখাট অ্যামেন্ডমেন্ট বিল নিয়ে এসে এর কোন পরিবর্তন সম্ভব নয়।

গত বাজেট সেসনে পৌরমন্ত্রী বলেছিলেন যে, একটা কম্প্রিহেন্সিভ বিল আনবার চেষ্টা করা হবে। বহু পুরানো আইন তার বহু পুরানো ল্যাকুনাগুলি পড়ে আছে। এই সম্বন্ধে আমার মনে হয় যে, দুটো কমিটি হয়েছিল, কলকাতা কর্পোরেশনে শ্রীবিজয়কুমার ব্যানার্জীকে চেয়ারম্যান করে কমিটি করা হয়েছিল এবং মিউনিসিপ্যালিটিগুলির জন্য শ্রীগোপাল ব্যানার্জীকে চেয়ার-ম্যান করা হয়েছিল, আজ পর্যন্ত কিন্তু সেই কমিটির রিপোর্টগুলি পাবলিসড হলো না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মনে হয়, গত বাজেট সেসনে পৌরমন্ত্রী যা বলেছিলেন, সে-গুলি আমাদের বিচার্য হয়ে পড়ে রয়েছে, পরবর্তীকালে আমাদের মতমত নেওয়া হবে এই কথা ছিল, কিন্তু এতদিন হয়ে গেল - মিঃ গোপাল ব্যানার্জীর এবং মিঃ বিজয় ব্যানার্জীর রিপোর্ট তারা সরকারের কাছে পেশ করেছেন, সেই রিপোর্ট সরকার এখানে পেশ করে তাদের মতামত দিন এবং সেই মতামতের উপর নির্ভর করে, ভিত্তি করে নতুন একটা কম্প্রিহেন্সিভ বিল আনুন। যে বিল দিয়ে সত্যিকারের পশ্চিমবাংলার পরিবর্তন সূচিত হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কথা নিশ্চয়ই বলব যে, পৌরসভাগুলির অবস্থা অত্যন্ত কাহিল, এমন অবস্থা হয়ে পড়েছে

যে, শুধু সরকারী সাহায্য ছাড়া তাদের যদি একটা নতুন আয়ের একটা নতুন সংস্থান করে না দেওয়া হয় তা হলে কি কলকাতা কর্পোরেশন, কি মিউনিসপ্যালিটিগুলি কেউ এগিয়ে যেতে পারবে না, মানুষের সাহায্যের জন্য নতুনভাবে তারা কাজ করতে পারবে না। সেই জন্য দুর্নীতি-মুক্ত প্রশাসন চাই, তেমনি যারা কলকাতা কর্পোরেশনের অনেক সুযোগসুবিধা ভোগ করে তাদের সেই সমস্ত বৃহৎ পুঁজিপতি এবং বড় লোকদের উপর নতুন ট্যাক্স ইমপোজ করুন যাতে বস্তির মানুষকে আরো সাহায্য করা যায় এবং সমস্ত অঞ্চলে জল সরবরাহ করতে পারা যায়, লেট্রিন, ইউরিন্যাল-এর ব্যবস্থা করা যায় এবং কলকাতা মহানগরীর শ্রীবৃদ্ধির জন্য আরো বেশী সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে সাহায্য চাইতে হবে। তাদের বোঝাতে হবে যে, দিল্লী এবং বোম্বাইয়ের ক্ষেত্রে তারা যেরকম তাদের দায়িত্ব পালন করেন, সেই রকম কলকাতাকে আরো বেশী সাহায্য করতে হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ কানাইলাল সরকারঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সংশিলষ্ট মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন, দি ক্যালকাটা মিউনিসিপ্যাল (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৩, আমি এই বিলটাকে সমর্থন করে দু-একটা বক্তব্য রাখছি। আপনি জানেন, কলকাতা পৌরসভার আর্থিক স্বচ্ছলতা নেই, একটা আর্থিক অনটন পুরোপুরি আছে। এই অনটনের কারণ অনেকগুলি, প্রথম কারণ হচ্ছে আমাদের কলকাতা পৌরসভা চলে তার রেভিনিউ দিয়ে। সেই রেভিনিউ আদায় হচ্ছে কিভাবে, না, সাধারণ মানুষের কিছু কিছু লাইসেন্স এবং কিছু কিছু ট্যাক্সের উপর দিয়ে। আমাদের কলকাতা পৌরসভা এইভাবে চলে, কিন্তু অন্যান্য পৌরসভা যেগুলি আছে বোম্বাই বলুন, মাদ্রাজ বলুন, সেখানে আয় দেখতে পাবেন অনেক। তার হাতে ইলেকট্রিক সাপ্লাই আছে, তার হাতে স্টেট ট্রান্সপোর্ট আছে, তার হাতে টারমিনাল ট্যাক্স আছে, তার হাতে অকট্রয় আছে, আরো কেন্দ্রীয় সাহায্য আছে। এর ফলে তাদের আর্থিক স্বচ্ছলতা রয়েছে, আর্থিক অনটন নেই। আমাদের অনটন এমনভাবে এগিয়ে গিয়েছে যে, আমরা কলকাতার মানুষকে সাধারণ সুযোগসুবিধা পর্যন্ত দিতে পারছি না। যে জল মানুষের সবচেয়ে প্রয়োজনীয় বাতাসের পর, সেই জল আমরা কলকাতার মানুষকে দিতে পারছি না। আজ কলকাতায় জলের হাহাকার চলছে, এই জল পুরোপুরিভাবে দিতে পারছি না। মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কিনা জানি না, আমাদের গরমের সময় প্রত্যেক বছর কিছু কিছু জলের এমার্জেন্সি বন্দোবস্ত করতে হয়।

[6-00 to 6-10 p.m.]

যেমন স্মল ডায়ামিটার টিউবওয়েল, কিছু কিছু স্ট্যান্ড পোস্ট, কোন কোন জায়গায় লরী করে জল সরবরাহ করা হয়। এ বছর এখনও ছোট ছোট টিউবওয়েল বসাবার কাজ শুরু হয় নি। কাজ দু মাস পিছিয়ে গেছে। যা টেন্ডার হয়েছিল সেই টেন্ডার ডিসচার্জ হয়ে গেছে। তার কারণ আর্নেস্ট মানি ডিপোজিট না দেওয়ায় টেন্ডার ডিসচার্জ হয়ে গেছে। আবার টেন্ডার ডেকে কাজ আরম্ভ করতে দু মাস লেগে যাবে। তাই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, পাবলিক হেল্থ থেকে যে করেই হোক স্মল ডায়ামিটার টিউবওয়েল যদি না করা হয় তা হলে সাধারণ মানুষের দুর্গতির সীমা থাকবে না। কলকাতা পৌরসভায় যে সমস্ত কুলী, মজুর কাজ করে তাদের ঝাড়ু নেই, ব্রুশ নেই, একটা হাতগাড়ি নিয়ে ৪।৫টা ব্লকে কাজ করতে হয়। এর ফলে ময়লা ঠিকমত পরিষ্কার হয় না। আমাদের কলকাতা পৌরসভার এই রকম আর্থিক অবস্থায় এই যে বিল এনেছেন এটা খুব যুক্তিযুক্ত হয়েছে। তার কারণ প্রত্যেক বছর বাজেট পাশ করার সময় ১২ লক্ষ টাকার ক্লোজিং ক্যাশ ব্যালেন্স রাখতে হয়। কিন্ত এটা সব সময় রাখা সম্ভব নয়। কারণ ক্যালকাটা কর্পোরেশনের সব সময় ডেফিসিট ব্যালেন্স। মাইনে দেবার জন্য ৩০ তারিখ থেকে কমিশনারকে দৌড়াদৌড়ি করতে হয় এবং সরকার যদি টাকা না দেন, তা হলে পৌরসভার কর্মচারীরা বেতন পান না। এই হচ্ছে অবস্থা। সেখানে ১২ লক্ষ টাকা ক্যাশ ব্যালেন্স দেখিয়ে বাজেট পাশ করা তাদের পক্ষে সম্ভব নয়। আবার যদি বাজেট পাশ না হয়, তা হলে কর্পোরেশন অচল হয়ে যায় কিংবা সুপারসেসান হয়ে যায়; যার ফলে সাধারণ মানুষের

কোন সুখ-সুবিধা তারা দিতে পারছে না। সেজন্য আমি মনে করি, বিলে যে ১২ লক্ষ টাকা ক্যাশ ব্যালেন্স দেখাবার কথা যেটা ওমিট করার কথা বলা হয়েছে তার জন্য আমি এই বিলকে সমর্থন করছি। আর একটা অনুরোধ করব, সেটা হচ্ছে ক্যালকাটা কর্পোরেশন বা পৌরসভার যেভাবে কাজ চলছে সেইভাবে যদি চলতে থাকে, তা হলে সাধারণ মানুষের দুর্গতি শেষ হবে না। আপনি জানেন, গ্রান্ট টিউবওয়েল যেগুলি বসানোর কাজ শুরু হয়েছে তার কাজ খুব ধীরভাবে চলছে। এগুলি যদি তাড়াতাড়ি করা না হয়, তা হলে গ্রীষ্মকালে সাধারণ মানুষকে তাঁরা কোন সুখ-সুবিধা দিতে পারবেন না। তারপর ইতিমধ্যে ২।১টি কলেরা কেস আমরা পেতে আরম্ভ করেছি। তাড়াতাড়ি যদি জলের ও টিকার ব্যবস্থা না করে কাটা ফল বাজারে বিক্রি করা বন্ধ না করেন, ময়লা পরিষ্কার করার ব্যবস্থা যদি না করেন, তা হলে বসন্তের মত কলেরাও মহামারী রূপে দেখা দিতে পারে। তাই বলছি, এই যে বিল এসেছে এর যৌক্তিকতা আছে। তার কারণ বাজেট পাশ করার আগে ১২ লক্ষ টাকা ক্যাশ ব্যালেন্স দেখাবার জন্য অনেক রকম যে জোচ্চুরী করতে হোত খাতা-কলমে সেটা বন্ধ করতে এই বিল সাহায্য করবে বলে এই বিলকে সমর্থন করে আমি শেষ করছি।

শ্রীঅশ্বিনীকুমার রায়ঃ স্যার, আমি একটা টেলিগ্রাম পেয়েছি। আমাদের একজন এম এল এ শ্রীনিরঞ্জন ডিহিদার তিনি অসুস্থ হয়ে আসানসোলে আছেন। আমি টেলিগ্রামটা পড়ে দিচ্ছি—

Acute water crisis started at Asansol. Half of the municipal area has no water tap. Water pipe to be laid have been kept here and there and are being misused. Serious situation. Immediate action for laying water pipe, etc.

তারপর আর একটা টেলিগ্রাম পেয়েছি –

Epidemic apprehended if water supply by truck is not started immediately in Asansol.

মন্ত্রিমহাশয় রয়েছেন, কাজেই এটাকে একটা ওয়ারফুটিং হিসাবে দেখুন। ডিস্ট্রিক্ট অথরিটিজ এবং মিউনিসিপ্যাল অথরিটিজ এ সম্পর্কে আপনার কাছে লিখেছেন। আশা করি এটা আপনি দেখবেন।

শ্রীঅনন্তকুমার ভারতীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে ক্যালকাটা মিউনিসিপ্যাল (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল এই সভার সামনে এনেছেন, আমি সেই বিলকে প্রথমেই অভিনন্দন জানাচ্ছি। তার কারণ আমরা জানি এই কলকাতা শহর বা ক্যালকাটা কর্পোরেশন বহু মানুষের রাতের স্বপ্নের বিষয়বস্তু, কেউ বলেছেন মিছিলের শহর, কেউ বলেছেন চোরপোরেশন অব ক্যালকাটা। আমরা জানি কোন শহরের উন্নতি, তার সারা বছরের কাজ যদি করতে হয়, তা হলে তার জন্য বাজেট তৈরি করতে হয়, তার বাজেটই হচ্ছে মূল অস্ত্র কাজ করবার। যেখানে দুর্নীতির অভিযোগ শুনছি, চুরি-জোচ্চুরির অভিযোগ শুনছি, সেখানে এমন একটা আইন বলবৎ ছিল যে আইনটা চুরি করতে প্রশ্রয় দিত। আজকে ব্যবসা সংক্রান্ত ক্ষেত্রে বছরের শেষে ক্লোজিং ব্যালেন্স টেনে আনতে হয় নেক্সট ইয়ারে, সেখানে কোথাও ব্যালেন্স থাকে না, কোথাও ডেফিসিট ব্যালেন্স থাকে, আবার কোথাও বাড়তি ব্যালেন্স থাকে। কিন্তু কলকাতা কর্পোরেশনে কিছু থাক বা না থাক ১২ লক্ষ টাকা মিনিমাম ক্লোজিং ব্যালেন্স টানতে হবে। সুতরাং তাদের বাজেটে দুর্নীতি হবে, সেটা ফিক্টিসাস হবে। আমরা টাকা না থাকলেও ক্লোজিং ব্যালেন্স ১২ লক্ষ টাকা শো করতে হবে, এই যে বিধি দুর্নীতিকে প্রশ্রয় দেওয়ার জন্য তৈরি হয়েছিল সেই আইনটাকে পরিবর্তন করার জন্য আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে প্রস্তাব এনেছেন, আমি আশা করব, আমরা যারা সদস্য এখানে রয়েছি, আমরা সবাই এই আইনটাকে সমর্থন করব। আজকে কলকাতা শহরের যে অবস্থা তাতে অনেক কথাই বলতে হয়, কারণ, দীর্ঘদিন আমি এই কলকাতা কর্পোরেশনের সঙ্গে জড়িত ছিলাম। আজকে ভারতবর্ষের সর্ব বৃহৎ শহর হচ্ছে এই কলকাতা, অন্যান্য শহরও রয়েছে। মাননীয় সদস্য শীশ মহম্মদ

ট্যাক্সের কথা বলেছেন। ভারতবর্ষের বিভিন্ন শহরে ট্যাক্সের যে নিয়ম-কানুন রয়েছে তাতে আমার মনে হয় কলকাতা শহরের এই সিস্টেমের সংগে অন্য কোথারও সিস্টেম তুলনা করা চলে না। ১৫ পার্সেন্ট থেকে আরম্ভ করে ৩৩ পার্সেন্ট পর্যন্ত বিভিন্ন স্ল্যাভে ট্যাক্সের সুযোগ রয়েছে। যেখানে কর্পোরেশনের আয় হয় বাড়িভাড়া থেকে এবং সেটা ঠিক হয় প্রোপার্টির ভ্যালুয়েশন অনুযায়ী, সেখানে কোথাও ১৫ পার্সেন্ট, কোথাও ১৮ পার্সেন্ট, কোথাও ২২ কোথাও ২৫ কোথাও ২৭ কোথাও ৩০ কোথাও ৩৩ পার্সেন্ট বিভিন্ন হারে ট্যাক্সের রেট রয়েছে। কিন্তু দুঃখের সংগে জানাতে বাধ্য হচ্ছি, যে কলকাতা কর্পোরেশনের যেটা মেন সোর্স অব রেভেনিউ সেটা হচ্ছে বাড়ির উপর ট্যাক্স, সেই ট্যাক্স আদায় করবার নিয়ম-কানুন এত জটিল এবং এত খারাপ যে, যার জন্য বিভিন্ন সময় দেখেছি বছরে একটা বড় অঙ্কের টাকা নষ্ট হয়ে যায়। সিস্টেম অব অ্যাসেসমেন্ট যা তাতে কলকাতা কর্পোরেশনের রেভিনিউয়ের অবস্থা পূরণ করা সম্ভব না। তাই আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, আজকে প্রগতিশীল সরকার যদি এদিকে নজর না দেন, তা হলে নিশ্চয়ই অসুবিধা দেখা দেবে ভবিষ্যতে। এতদিন ৮০ লক্ষ টাকা এস্ট্যাবলিসমেন্ট খরচ ছিল, এবারে মনে হয় ১ কোটি টাকার উপর যাবে। কর্পোরেশনের টোটাল যে ইনকাম তা মাইনে দিতেই চলে যায়, ফলে আলো, রাস্তাঘাটের উন্নতি, ড্রেনের ব্যবস্থা করা এই সমস্ত কাজ করা কর্পোরেশনের পক্ষে অসম্ভব। দিল্লী, বোম্বে কর্পোরেশনে দেখেছি, তাদের বিভিন্ন সোর্স অব ইনকাম রয়েছে, কিন্তু অত্যন্ত দুঃখের কথা, ভারতবর্ষের যেটা বৃহত্তম শহর এবং যার নাম সারা পৃথিবীব্যাপী শুনেছি, তার আর্থিক অবস্থা এতই শোচনীয় যে, এখানে কোন উন্নয়নমূলক কাজ করা অত্যন্ত কঠিন।

[6-10—6-20 p.m.]

যা হোক কেন্দ্রীয় সরকারের দয়ায় প্রাকটিক্যালি বলতে হবে সি এম ডি এ কিছু কিছু কাজ করছে এবং আশা করি, এইভাবে যদি কাজ চলে, তা হলে কলকাতার এই যে ওয়ান-থার্ড লোক যারা বস্তিতে বাস করে তাদের কিছু সুবিধা হবে। কলেকসন সিস্টেম যেটা রয়েছে অত্যন্ত খারাপ সিস্টেম। প্রত্যেক বছর বছরের শেষে সংবাদপত্রে দেখবেন ২।৩ কোটি টাকা নষ্ট হয়েছে, আদায় হচ্ছে না। অ্যাসেসমেন্ট সিস্টেম যেটা রয়েছে তাতে দেখছি ৬ বছর অন্তর জেনারেল রিভ্যালুয়েসন হয় এবং সেটাকে হিয়ারিং করে মানুষের কাছে পৌঁছে দেয়। ১৯৬৮-৬৯ সালে হিয়ারিং হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি শুনলে অবাক হবেন ১৯৬৮-৬৯ সালে যে রিভ্যালুয়েসন স্টার্ট হয়েছিল, মানুষ তার নোটিস পায় নি। নোটিস পাবে তারপর মানুষ অবজেকসন দেবে, তারপর হিয়ারিং হবে, তারপর ট্যাক্স সেটেলমেন্ট হবে এবং তারপর বিল যাবে। কিন্তু এখনও ১৯৫২ সাল থেকে বিল যাচ্ছে। অনেকে মনে করেছে তাদের শেষ হয়ে গেছে, কিন্তু হঠাৎ দেখা গেল দেড়শো বিল গিয়ে হাজির। এই সিস্টেম পরিবর্তন না করলে আর্থিক অবস্থার সুরাহা হবে না। তারপর কলেকসন ডিপার্টমেন্টে যাঁরা কাজ করেন তাঁদের গাফিলতি রয়েছে এবং এই বিভাগের কর্মচারীদের ট্রান্সফার করা সম্ভব নয়। আমরা দেখেছি বিলগুলো টাইমলি তৈরি হচ্ছে না, কিন্তু যখনই নিয়ম করা হচ্ছে, বিলে ৬।৮ পয়সা করে পাওয়া যাবে তখনই দেখছি বিল তৈরি হয়ে যাচ্ছে। অর্থাৎ এঁরা ওভারটাইম খেটে এগুলি তৈরি করছে এবং একস্ট্রা পেমেন্ট নিচ্ছে। দীর্ঘদিন পর মানুষ এই যে একশো-দেড়শো বিল পাচ্ছে এই অবস্থার পরিবর্তন না করলে কলকাতা কর্পোরেশনের আর্থিক অবস্থার সমাধান করা সম্ভব নয়। আমি ব্যক্তিগতভাবে একটা জিনিস জানি ভারতবর্ষে যে ৫টি ইন্টারন্যাশনাল শহর আছে তার একটা নিয়ম আছে কি অবস্থায় এলে, কিভাবে লোক মারা গেলে তাকে এপিডেমিক ডিক্লেয়ার করা হয়। সেদিন যে আইন হয়েছিল তখন একটা পার্সেন্টেজ ছিল। আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এপিডেমিককে দমন করেছেন। তিনি ৬০০ বেকার ছেলেকে সামান্য কিছু অ্যালাউন্স দিয়ে এবং ভলান্টিয়ারদের নিয়ে এর মোকাবিলা করতে পেরেছেন বলে আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি এবং বিলকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

Twentieth Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the Twentieth Report of the Business Advisory Committee which at its meeting held on the 4th April, 1973 in my chamber considered the question of allocation of dates and time for disposal of legislative business and recommended as follows:—

Friday, 6-4-73	... (i) The Calcutta Improvement (Amendment) Bill, 1973. (Introduction, Consideration and Passing) 1 hour. (ii) The Calcutta University (Amendment) Bill, 1973. (Introduction, Consideration and Passing) —3 hours.
Tuesday, 17-4-73	.. (i) The Departmental Proceedings (Enforcement of Attendance of Witnesses and Production of Documents) Bill, 1973. (Introduction, Consideration and Passing)—2 hours. (ii) The Burdwan University (Amendment) Bill, 1973. (Introduction, Consideration and Passing) --2 hours.
Wednesday, 18-4-73	... (i) The Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1973). (Introduction, Consideration and Passing)—2 hours. (ii) The West Bengal Housing Board (Amendment) Bill, 1973. (Introduction, Consideration and Passing)—2 hours.
Thursday, 19-4-73	... Private Members' Business.
Monday, 23-4-73	... The West Bengal Co-operative Societies Bill, 1973. (Introduction, Consideration and Passing).
Tuesday, 24-4-73	... The West Bengal Co-operative Societies Bill, 1973. (Introduction, Consideration and Passing).
Wednesday, 25-4-73	... The West Bengal Co-operative Societies Bill, 1973. (Introduction, Consideration and Passing).

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that the Twentieth Report of the Business Advisory Committee, presented this day, be agreed to by the House.

The motion was then put and agreed to.

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1973

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় স্পীকার মহাশয়, খুব বেশী বলার নাই, কারণ মাননীয় সদস্যরা সবাই এটাকে সমর্থন করেছেন বলে আমি সকলকে অভিনন্দন জানাচ্ছি। দুই-একটি কথা বলা হয়েছে এখানে বলে আমি তার উত্তর দেওয়া দরকার মনে করি। মাননীয় সদস্য শীশ মহম্মদ মহাশয় আর এস পি-র সদস্য তিনি বলেছেন যে, এর আগে ক্যালকাটা কর্পোরেশন কারচুপি করা যে বাজেট তারা পাশ করেছেন সেটা আমরা আইন করে বন্ধ করছি বলে তিনি আমাদের ধন্যবাদ দিয়েছেন। তিনি আরও দেখবেন, এই রকম আইন করে আমরা আরও অনেক

কারচুপি বন্ধ করব। তবে বাইরে এতদিন বসেছিলেন যাদের সঙ্গে, যারা বলেছিলেন কারচুপি করে আমরা নির্বাচনে জিতেছি। কত ভুল বলতেন এবং জনসাধারণকে ভুল বোঝাবার চেষ্টা করতেন সেটা এখানে এসে প্রতিদিন আমি আশা করি তিনি তার প্রমাণ পাবেন। তিনি বস্তি এলাকায় ডেভালাপমেন্ট সম্বন্ধে এবং হালতু সিটি কেন মিউনিসিপ্যালিটি করা হয় নি বা ট্যাক্স সম্বন্ধে কিভাবে করা উচিত সে সম্বন্ধে বক্তব্য রেখেছেন, তবে আমার মনে হয় তিনি যে সমস্ত বক্তব্য রেখেছেন, আমি অন্য সময় তার সঙ্গে আলোচনা করে নেব, তার কারণ এই যে বিল এর সঙ্গে তিনি যে কথা রেখেছেন তার সঙ্গে কোন সম্পর্ক নাই। তারপর মাননীয় সদস্য রৌফ আনসারী মহাশয় গারবেজ ক্লিয়ারিং সম্বন্ধে বলেছেন এবং তিনি জোরালো ভাষায় বলেছেন যে, তিনি মেয়র শ্রীপ্রশান্ত সুর মহাশয়কে বারবার নিজে দেখিয়ে দিয়েছিলেন যে, এটা জনসাধারণকে ভাঁওতা দেওয়া হচ্ছে। এই ১২ লক্ষ টাকা উদ্বৃত্ত দেখিয়ে যখন সত্যিকারের তহবিল শূন্য তিনি বলেছিলেন, এটা করবেন না। কিন্তু তবুও এটা তারা করে গিয়েছেন। তাই আশ্চর্য লাগে যখন আমি দেখতে পাই বাজেট তৈরি করার সময় আমাদের ঐ আইন আছে বলে একটা মিথ্যা জিনিস জনসাধারণের কাছে তুলে ধরা হবে, তখন আমাদের কথা এবং কাজে যাতে কোন ফারাক না থাকে সেটার জন্য এই অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। তাই সেটা তখন পয়েন্ট আউট করেছিলেন তারা সেটা মানেন নি। এমন কি তখন মেয়র পর্যন্ত মানেন নি। এখন সেটা আইনের মাধ্যমে আমরা করতে পেরেছি, তাই মাননীয় সদস্যরা আমাদের সমর্থন জানিয়েছেন, সেজন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি তারপর মাননীয় সদস্য উদ্যান নগরী কেন হয় নি তাই আমাদের প্রতিশ্রুতি ব্যর্থ হয়েছে বলেছেন। আজ পর্যন্ত কোন শহর জানা যায় নি যে, এক বছরের মধ্যে উদ্যান নগরী তৈরি হয়ে গিয়েছে। তবে এক দিনে অনেক শহর ধ্বংস হয়ে গিয়েছে এটা পৃথিবীর ইতিহাসে যুদ্ধের সময় কিংবা ইতিহাসের কালো দিনের সময় দেখা যায়। তবে আমরা চেষ্টা করছি, উদ্যান নগরী যাতে তৈরি করা যায়, তার জন্য আমরা চেষ্টা করছি। তিনি যে প্রতিশ্রুতি ব্যর্থতার কথা বলেছেন তা ঠিক নয়। কারণ প্রতিটি পদক্ষেপ আমরা নিয়ে যাচ্ছি যাতে কলকাতার এতদিনের জমা ময়লা যাতে পরিষ্কার করতে পারি। আমরা হারকিউলিস নই, তা হলে এক রাতে পরিষ্কার করতে পারতাম। কিন্তু তিনি নিশ্চয়ই জানেন রোম ওয়াজ নট বিল্ট ইন এ ডে নর ইন এ ইয়ার। সুতরাং আমাদের সময় লাগবে। আস্তে আস্তে চেষ্টা করে যাচ্ছি।

[6-20– 6-27 p.m.]

আর বলেছেন শিশির ঘোষ মহাশয়, রেকর্ড বসন্ত হয়েছে, কাগজে বেরিয়েছে। কাগজের সবগুলি নিশ্চয়ই বিশ্বাস করেন না। তাঁর কাগজ কালান্তর তো মিথ্যা খবর দেয় নি। যে কাগজ খবর দিয়েছিল সেটা হচ্ছে যুগান্তর, বিশেষ রিপোর্টারের বিশেষ নির্দেশে প্রথম পাতায়, মিথ্যা খবর দিয়েছিল। এবং এটা দুঃখের কথা, যখন ডেকে এনে প্রতিবাদ করা হয়েছিল, সেটা ঐ কাগজ ছাড়া অন্য কাগজে বেরিয়েছিল। আমি নিজে ভার নিয়েছি এবং আপনাদের সকলের সহায়তা নিয়ে, এম এল এ, এম এল এ নমিনিদের সহায়তা নিয়ে, কর্পোরেশনের হেল্থ অফিসাররা, কর্পোরেশনের কর্মীরা অক্লান্ত পরিশ্রম করেছেন বিশেষ করে ৬০০ বাঙগালী ছেলে যারা বেকার ছিল, তার এক একজন ১৮ ঘণ্টা করে খাটছে এবং তার ফলেই অবস্থা আয়ত্তের মধ্যে এসেছে। আমরা এই মিথ্যা রটনায় বিশ্বাস করি না, কেননা কে কি রাজনীতির খেলা খেলছে, সেই খেলায় পান বসন্ত স্মল পক্সের মধ্যে সকলকে ঠেলে দিতে পারেন না।

ডাঃ সরকার টিউবওয়েলের কথা বলেছেন। আমি জানি টিউবওয়েল দরকার, ফাইল আমি দেখেছি, ২০০ টিউবওয়েল এখনই দরকার। মাননীয় সদস্যরা জানেন, গত বছর মে মাসে ৫০০ টিউবওয়েল শুধু পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং, হেল্থ ডিপার্টমেন্ট থেকে কলকাতা কর্পোরেশনকে দেওয়া হয়েছিল এবং কলকাতা কর্পোরেশন থেকেও ৩০০ টিউবওয়েল করা হয়েছিল। দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, তাড়াহুড়া করে করতে গিয়ে দেখা গেল, অনেক জায়গায় টিউবওয়েল খারাপ হয়ে আছে, যারা যারা করেছিলেন তাদের কাছে খোঁজ নেওয়া হচ্ছে কি করে এক

বছরের মধ্যে টিউবওয়েল খারাপ হয়ে যায় এবং এই খারাপ টিউবওয়েলের মোকাবিলা করার জন্য কলকাতার লোক যাতে জল পায় তার জন্য যাতে অবিলম্বে ৫০০ টিউবওয়েল চালু হয়, তার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। আর আরও যদি টিউবওয়েলের প্রয়োজন হয়, তার জন্যও নিশ্চয়ই ব্যবস্থা রাখব, এ বিষয়ে আপনারা নিশ্চিন্ত থাকবেন।

ডাঃ কানাই সরকার কলেরা সম্বন্ধে বলেছেন, কলেরার মোকাবিলা করার জন্য হেল্থ অফিসার, ক্যালকাটা কর্পোরেশন, অ্যাডমিনিস্ট্রেটার, কমিশনার সকলে মিলে যতটা সম্ভব চেষ্টা করছি। কলেরা হওয়ার প্রধান কারণ হচ্ছে জলের অভাব, সেটা সম্বন্ধে ব্যবস্থা যতদূর সম্ভব নেবার চেষ্টা করছি। এই যে প্রকৃতির খেয়ালীপনা আমরা দেখি, সেটার মোকাবিলা করার জন্য চতুর্দিকে ভালভাবে কাজ করার প্রয়োজন. ইনোকুলেটার এবং ভ্যাকসিনেটাররা যাতে ভালভাবে কাজ করেন তার জন্য নির্দেশ দিয়েছি এবং কাজও শুরু করে দিয়েছি। সাধারণত যে বছর কলেরা এপিডেমিক ইয়ার বলে মনে করা হয়, সেই বছর ১৫ই এপ্রিল থেকে কাজ শুরু করা হয়। এবারে কলেরার সাইক্লিক ইয়ার, বসন্ত কলেরা পাঁচ বছর অন্তর দেখা দেয় এটাই বিশেষজ্ঞদের মত, আমরা সেজন্য ১৫ই মার্চ থেকে কাজ শুরু করে দিয়েছি, যেখানে ১৫ই এপ্রিল কাজ শুরু করার কথা, সেখানে এক মাস আগে কাজ শুরু করে দিয়েছি এবং ১লা এপ্রিল থেকে জোরদার কাজ শুরু করে দিয়েছি। খবর নিয়ে জেনেছি নানা জায়গায় ইঞ্জেকশন, ক্লোরিন ইত্যাদি ছড়িয়ে দেবার জন্য, হেল্থ অফিসার ক্যালকাটা কর্পোরেশন, অ্যাডমিনিস্ট্রেটার জোরদার কাজ শুরু করে দিয়েছেন।

শ্রী ভারতী মহাশয় আমাকে ধন্যবাদ দিয়েছেন, ধন্যবাদ আমাকে নয়, ধন্যবাদ দিন জনসাধারণকে, জনসাধারণের সহায়তায় আমরা করেছি এবং এই বাঙ্গালী ছেলেরা, যাদের কোন কাজের নয় বলে বলা হয়, তারা কাজে নেমে পড়বার ফলে, সকলের এক সঙ্গে কাজ করার ফলে এই কাজ এক সঙ্গে করতে পেরেছি। আজকে এই বিলের মধ্যে এত কথা উঠত না, কিন্তু মাননীয় সদস্যরা বলেছেন বলেই এই সমস্ত বলতে হল।

তবে হ্যাঁ, একটা জিনিস আমরা প্রমাণ করে দিতে পেরেছি কথার মধ্য দিয়ে নয়, কাজের মধ্য দিয়ে যে, কোন রকম দুর্নীতির প্রশ্রয় দিচ্ছি না। এই যে বাজেট সই করতে হবে, তাতে আমি নিজে জানি ১২ লক্ষ টাকা উদ্বৃত্ত ধরতে রাজী হই নি। এর আগে যাঁরা যাঁরা করেছিলেন, কেন করেছিলেন, জানি না, যারা তৈরি করেছিলেন অন্যান্য সরকারের সময়, সেটা তাঁরা দেখেছিলেন কিনা জানি না। কিন্তু আমাদের সব দেখতে হচ্ছে, আমরা এর বিরোধিতা করেছি, তাই আপনাদের সামনে এনেছি। জনসাধারণের কাছে প্রকৃত তথ্য তুলে ধরতে চাই, কর্পোরেশনে কি আছে না আছে সেটা তুলে ধরে জনসাধারণের সাহায্য সহায়তা নিয়ে কাজ করতে চাই। এই কথা বলে আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি চাইছি যে, এই অ্যাক্ট আপনি পাশ করে দেন এবং এই অ্যামেন্ডমেন্ট এলাউ করেন।

The motion of Shri Ajit Kumar Panja that the Calcutta Municipal (Second Amendment) Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 4 and Preamble

The question that Clauses 1 to 4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Ajit Kumar Panja: Sir, I beg to move that the Calcutta Municipal (Second Amendment) Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-27 p.m. till 1 p.m. on Thursday, the 5th April, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thrusday, the **5th** April, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 10 Ministers, 7 Ministers of State, 2 Deputy Ministers and 154 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take oath.)

(Starred Questions to which Oral Answers were given)

প্রজননক্ষম দম্পতি

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪০১।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে প্রজননক্ষম দম্পতির সংখ্যা কত; এবং

(খ) এই সমস্ত দম্পতিদের মধ্যে কতজনকে পরিবার পরিকল্পনার আওতায় আনা হয়েছে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ (ক) আনুমানিক ৭৫ লক্ষ।

(খ) ৭,১৯,৮৭২ জনকে।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মন্ত্রিমহাশয় কি জানাবেন বাকি দম্পতিদের পরিবার পরিকল্পনার আওতায় আনার জন্য কি কি পরিকল্পনা সরকারের আছে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ আমাদের এখন যে তিনটে পরিকল্পনা রয়েছে অর্থাৎ নির্বীর্যকরণ বা বন্ধ্যাত্মকরণ বিধি, লুপ পদ্ধতি, আর প্রথাগত পদ্ধতি অর্থাৎ কনভেনসন্যাল কন্ট্রাসেপটিভস্-এর মধ্য দিয়ে বাকি দম্পতিকে আনবার চেষ্টা করছি।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ এর মধ্যে আদিবাসী এবং অনুন্নত শ্রেণীর দম্পতির সংখ্যা কত জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ নোটিস লাগবে।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ এই সমস্ত আদিবাসী, অনুন্নত শ্রেণীর এবং সংখ্যালঘু সম্প্রদায়কে পরিবার পরিকল্পনার আওতায় আনার জন্য সরকার কি চেষ্টা করবেন?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ মাননীয় সদস্য জানেন আমরা চেষ্টা করছি যেখানে যেখানে নির্বীর্যকরণ বা বন্ধাত্মকরণ শিবির হয়েছে তার মাধ্যমে এবং এমন কতকগুলো শিবির করা হয়েছে যেগুলো আদিবাসী অধ্যুষিত অঞ্চল। তবে আইন অনুযায়ী কিছু কিছু ট্রাইবস্‌কে এই ফ্যামিলি প্ল্যানিং-এর থেকে বাদ দেওয়া হয়েছে।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ পার্বত্য অঞ্চলের নারীরা পরিবার পরিকল্পনার আওতায় আসার জন্য আগ্রহ প্রকাশ করেছেন—এটা কি সত্য?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এটা সত্য। কিছুদিন আগে আমাদের পার্বত্য অঞ্চলে বন্ধ্যাত্বকরণ শিবির করা হয়েছিল। আমাদের টারগেট ছিল পাঁচশো মাকে বন্ধ্যাত্বকরণ করা হবে। সেখানে বেশি এসেছেন আমরা প্রায় ছ'শোর মতো করেছি।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ এই পরিবার পরিকল্পনার শিবির যেগুলো হয়েছিল সেখানে বাধা দেওয়ার চেষ্টা হয়েছিল কি এবং কোন কোন রাজনৈতিক পার্টি এটা করেছিল কি এবং জানাবেন কি কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছিল?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ কিছু কিছু জায়গায় করা হয়েছিল। আমরা লোকাল লোক এবং লোকাল এম এল এ-দের সহায়তায় বাধা দূর করতে পেরেছি।

Restrictions imposed on Movement of rice, paddy, Khoi, Chira and Muri

***933.** (Admitted question No. 1960.) **Shri SARADINDU SAMANTA:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) if there are any restrictions for movement of rice, paddy, khoi, chira and muri from (i) one district to another within the State of West Bengal, (ii) one thana to another within the same district; and

(b) if so, the details of the restrictions?

Shri Kashi Kanta Maitra: (a) (i) and (ii) There is statutory restriction on movement of paddy and rice including broken rice and all products of rice and paddy except chira, muri, khoi, bran and husk out of certain districts and areas.

(b) Restrictions have been imposed on movement of the said commodities out of the districts of Bankura, Birbhum, Purulia, Midnapore, West Dinajpur and Cooch Behar, the district of Burdwan excluding Asansol and Durgapur subdivisions, the Sunderban areas of 24-Parganas district, Kandi subdivision of Murshidabad district and the area of Arambagh subdivision of Hooghly district to the west of the river Mundeswari.

There are also restrictions on movement of rice and paddy except under permits: (i) into and out of the statutorily rationed areas; (ii) from any place to any other place by rail on trade account; and (iii) during the night hours from 9 p.m. to 4 a.m.

শ্রীশরদিন্দু সামন্তঃ এই যে রেস্ট্রিকসনের কথা মন্ত্রিমহাশয় বলেছেন, সেটা কত দিন থেকে ইমপোজ করা হয়েছে?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ এটা যবে থেকে রেশন ব্যবস্থা চালু হয়েছে ততদিন থেকে।

শ্রীশরদিন্দু সামন্তঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে তাতে কি রেস্ট্রিকটেড হয়েছে?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, নূতন প্রকিওরমেন্ট সিদ্ধান্ত, অর্থাৎ খাদ্য সংগ্রহ কার্যসূচি নেবার সাথে সাথে ঐ রেস্ট্রিকসন নীতি চালু করা হয় এবং সেই হিসাবেই কাজ হচ্ছে।

শ্রীশরদিন্দু সামন্তঃ ১৯৬৭ সাল থেকে ইমপোজ করা হয়েছে কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ সেই রেস্ট্রিকসন অর্ডার খাদ্য সংগ্রহ নীতি যেদিন থেকে চালু আছে—সেই অর্ডারই ইমপোজ করা হয়েছে।

শ্রীশরদিন্দু সামন্ত: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, যেখানে যেখানে এই রেস্ট্রিকসন আছে সেখানে ঠিক ঠিকমত ভারপ্রাপ্ত অফিসাররা দেখছে কিনা এবং না দেখে থাকলে, তার প্রতি কোন ব্যবস্থা নেবেন কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয় এই প্রশ্নের অর্থ হচ্ছে কর্ডনিং ব্যবস্থা জোরদার আছে কিনা। এই ব্যবস্থাকে জোরদার করবার জন্য আমরা অনেকগুলি ব্যবস্থা অবলম্বন করেছি। ক্যাবিনেটের সিদ্ধান্ত অনুযায়ী যাতে পশ্চিমবাংলা থেকে বিহারে বা অন্যান্য রাজ্যে ধানচাল পাচার না হতে পারে তার জন্য বর্ডার অঞ্চলে আমরা বিশেষ ব্যাপকভাবে বিশেষ কর্মসূচি নিয়েছি, এবং আমি যে জেলাগুলির নাম করলাম সেখানে যাতে ঐ রেস্ট্রিকসন মজার এনফোর্স হয় তার ব্যবস্থা হয়েছে এবং এর জন্য অর্থাৎ এই কর্ডনিং ব্যবস্থা চালু রাখার জন্য ১৯৭২-৭৩ সালে ১ কোটি ৭৮ লক্ষ বরাদ্দ করেছি। এর অন্যতম বিশেষ কর্মসূচি হিসাবে আমরা প্রত্যেক উদ্বৃত্ত জেলার জেলা ম্যাজিস্ট্রেটদের নির্দেশ দিয়েছি যে, তাঁর নেতৃত্বাধীনে যে সমস্ত বিভিন্ন ভারপ্রাপ্ত অফিসার আছেন তাদের নিয়ে একটা কমিটি করার জন্য। তার মধ্যে ছাড় দেওয়া হয়েছে জুডিসিয়াল ডিপার্টমেন্টের অফিসার এবং জেল অথরিটিজ অফিসারদের। বাকি অন্যান্য সব অফিসারদের এই কর্মসূচির আওতায় আনা হয়েছে। এবং এই ব্যাপারে বাই রোটেসন তাঁদের ডিউটি দেবার চেষ্টা করেছি। যাতে এই কর্ডনিং ব্যবস্থা আরও ভালভাবে কার্যকর করা যায় তার জন্য ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের এই রকম নির্দেশ দেওয়া হয়েছে।

শ্রীপ্রশান্তকুমার সাউ: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এই কর্ডনিং ব্যবস্থার উদ্দেশ্য হচ্ছে সারপ্লাস যেসব জেলা রয়েছে সেখান থেকে লেভি আদায় ক'রে যাতে মজুত ভান্ডারে আনা যায়। কিন্তু খই, চিড়ে, মুড়ি সেগুলিও তো রাইস। এগুলি যদি কর্ডনিং-এর আওতায় না আনা হয়, তা হ'লে ঐ ধানচাল ঐ হিসাবে রূপান্তরিত হয়ে বাইরে চলে যাবে। সরকার এগুলি কর্ডনিং করার কথা বিবেচনা করছেন কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্য নিশ্চয় জানেন যে, এই ধানচাল নিয়ে যাবার জন্য পারমিট দেওয়া হয়। এবং সেই সব ক্ষেত্রে কোন রকম বাধা নিষেধ না থাকায় রেস্ট্রিকসন থাকা সত্ত্বেও পারমিটের ভিত্তিতে ব্যাপকভাবে ধান বিভিন্ন জায়গায় চলে যায়। সেইজন্য কর্ডনিং এরিয়ায় একটা নূতন ধরনের বাধা নিষেধ রাখা হয়েছে।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, কর্ডনিং যেখানে আছে তার বাইরে চাল বা ধান নিয়ে যাবার নিষেধ আছে। কিন্তু ঐ কর্ডনিং এলাকার মধ্যে হাটেবাজারে চাষীরা তাদের মাল বিক্রি করলে তাতে কোন আপত্তি আছে কিনা, সেটা অবৈধ ব'লে ঘোষণা করার নীতি আছে কিনা?

[1-10—1-20 p.m.]

শ্রীকাশীকান্ত মৈত্র: প্রোকিওরমেন্ট প্রোগ্রাম আমাদের যেখানে যেখানে আছে সেখানে গভর্নমেন্টের প্রোকিওরমেন্ট রেট বা সরকার নির্ধারিত ধানের দাম যা আছে সেই দামেই সরকার কিনবেন এবং সরকার যদি কোন চাষীর কাছ থেকে সেই দামে ধান বা চাল কেনেন, তা হ'লে সেই চাষী সেই দামই নিতে পারবেন, তার বেশি নিতে পারবেন না। এ ছাড়া যদি খোলা বাজারে যে দাম আছে সেই দাম ওঠা নামা করে তার উপর আমাদের সব সময় এনফোর্স করার মত মেশিনারি নেই।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, এই সমস্ত কর্ডনিং এলাকার মধ্যে সুন্দরবন এবং অন্যান্য জায়গায় আমরা দেখেছি হাটেবাজারে যে চাল বিক্রি হয় সেখানে পুলিসের অত্যাচার হচ্ছে এবং কর্ডনিং এলাকার ভিতরে যে মুভমেন্ট হয় সেই মুভমেন্টে

পুলিস যথেষ্ট বাধা সৃষ্টি করছে, এই সম্পর্কে মন্ত্রিমহাশয় যদি কোন সঠিক নির্দেশ হোম ডিপার্টমেন্টকে দেন এবং তার মাধ্যমে পুলিসকে যদি জানানো হয়, তা হ'লে ছোট ছোট চাষী এবং যারা চাষী নয়, যারা খেটে খায়, তাদের পক্ষে ধানচাল কেনা সুবিধা হয়?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে এটুকু বলতে পারি যে, অভিযোগটা ঠিক উল্টো—বরং আমার কাছে অভিযোগ আছে, সেইসব এলাকার মানুষ অভিযোগ করেছেন যে, সুন্দরবন এলাকার যেসব জায়গায় মোটামুটিভাবে অপেক্ষাকৃত ভাল ফসল এবারে হয়েছে সেইসব জায়গা থেকে প্রচুর পরিমাণে ধান-চা'ল সাইকেলে ক'রে পাচার হয়ে যাচ্ছে, এই অভিযোগ এসেছে এবং পুলিস খুব কড়া ব্যবস্থা অবলম্বন করছেন না ব'লেই এই পাচার বন্ধ করা যাচ্ছে না। এমন কি কয়েকটি জায়গার ব্লক ডেভেলাপমেন্ট অফিসার তিনি লেভি নোটিস পর্যন্ত সার্ভ করেন নি। আমি এই খবর পাবার সাথে সাথেই জেলা ম্যাজিস্ট্রেট, ২৪-পরগনা, তাঁর উপর নির্দেশ দেবার জন্য বলেছি যে, এখনই ব্যবস্থা অবলম্বন করতে হবে। কিন্তু যারা বিগ প্রডিউসার তাদের উপর সেইসব ব্লকে লেভি নোটিস সার্ভ করে নি।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ যারা ছোট ছোট চাষী ধরুন যাদের ৮/১০ বিঘা জমি আছে এই ধানচাল বেচেই তাদের তেল, মশলা, কাপড়, ছেলেমেয়েদের লেখাপড়া ইত্যাদি চলে। সেই হাটে কোন দোকানদারদের বসতে দেওয়া হচ্ছে না এবং পুলিস সেখানে বিধিনিষেধ আরোপ করেছে, তাদের উপর অত্যাচার করছে, তাদের হাট থেকে তুলে নিয়ে এসে অ্যারেস্ট করছে—এটা কি মন্ত্রিমহাশয় জানেন?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় সদস্যকে আমি এটুকু বলতে পারি যে, সরকারের কাছে এই অভিযোগ নেই, ছোট ছোট প্রোডিউসারদের কোন রকম হয়রানির মধ্যে ফেলে দিচ্ছে। এটা বলছেন যে, বিগ প্রোডিউসারস, বিগ জোতদাররা তারা বহু ক্ষেত্রে তাদের নিজেদের সাজানো ছোট ছোট দোকানদারদের ব্যবসা দাঁড় করিয়ে রেখে দেয় এবং তারা এইভাবে শোষণ চালিয়ে যাচ্ছে সরকারের চোখে ধুলো দিয়ে। আমরা চেষ্টা করছি, তারা যাতে এই ধোঁকাবাজি বেশি দিন চালিয়ে যেতে না পারে।

শ্রীপ্রশান্তকুমার সাহুঃ এই কর্ডনিং ব্যবস্থা আমরা ট্রেনে যেভাবে দেখি যে, ১ কেজি, ২ কেজি ক'রে যারা চাল নিয়ে যাচ্ছে সেখানে ভীষণ কড়াকড়ি করা হচ্ছে। সেখানে কেড়ে নেওয়া হচ্ছে, মারছে দেখছি। কিন্তু দুঃখের কথা, দেখতে পাচ্ছি নৌকোর পর নৌকো চাল পাচার হয়ে যাচ্ছে, অথচ সেখানে অফিসাররা নীরব থাকেন, ব্লক ডেভেলাপমেন্ট অফিসাররা নীরব থাকেন এবং কোথাও কোথাও কিছু কিছু কারচুপির ঘটনা ঘটেছে। আমরা যদি বিধানসভার সদস্য হিসাবে কোন পার্টিকুলার কেস নিয়ে আসি এখানে, তার যথাযথ ব্যবস্থা করবেন কিনা, সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলতে পারি যে, প্রত্যেকটি জেলা ম্যাজিস্ট্রেটকে আমি হাফ-এ ডজন রেডিওগ্রাম মেসেজ পাঠিয়েছি গত ৩ মাসের মধ্যে। মাননীয় বিধানসভার সদস্যগণ আপনারা স্থানীয় জনপ্রতিনিধিগণ, যুবকংগ্রেস, ছাত্রপরিষদ প্রভৃতি নেতাদের ডেকে প্রোকিওরমেন্ট করবার জন্য এবং স্মাগলিং বন্ধ করবার জন্য সক্রিয় ব্যবস্থা নিন। বহু জায়গার জেলা ম্যাজিস্ট্রেট জানিয়েছেন যে, আমরা সে ব্যাপারে যতটুকু এগোতে পারব আশা করেছিলাম, সেটা পারি নি। আমরা এটা স্বীকার করছি। মাননীয় সদস্যরা জানেন যে, বহু জায়গায় এই রকম ভাবে ধানচাল চোরাই হয়ে যাচ্ছে এবং এফেকটিভ মেজারস নেওয়া যাচ্ছে না। মাননীয় গঙ্গাধর প্রামাণিক মহাশয় যে কথা বলেছেন এবং আপনিও যে কথা বললেন তার সঙ্গে আমি একমত। খাদ্য দপ্তর সম্পূর্ণভাবে পুলিস অফিসারের উপর, প্রশাসনের উপর সম্পূর্ণ ভাবে নির্ভরশীল। মাননীয় সদস্যরা যদি প্রস্তাব রাখেন, স্টেপস্ নেন, তা হ'লে আমি আশা করছি যে, সেগুলি নিশ্চয় কার্যকর করা যাবে।

Setting up of a Medical College in Midnapore district

*934. (Admitted question No. *1638.) **Shri RAJANI KANTA DOLOI:** Will the Minister-in-charge of the Health and Family Planning Department be pleased to state—

(a) whether the Government is considering any proposal for setting up of a Medical College in Midnapore district; and

(b) if the answer to (a) be in the affirmative, the present position of the proposal; and when the proposal is likely to be implemented?

Shri Ajit Kumar Panja: (a) and (b) There is a proposal for establishment of the new Medical Colleges during the Fifth Five-Year Plan. No firm decision, has, however, been taken in this regard.

শ্রীরজনীকান্ত দলুই ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন একটা মেডিকেল কলেজ স্থাপন করতে গেলে কি কি জিনিসের উপর নির্ভর করে?

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুদালিয়ার কমিশনের রিপোর্ট অনুযায়ী ৫ কোটি পপুলেশানে একটি ক'রে মেডিকেল কলেজ-এর সুপারিশ করেছেন। আমাদের এখানে পশ্চিমবাংলায় ৫টি সরকারী আর ২টি ইউনিভারসিটির আন্ডারে—নর্থ বেঙ্গল ইউনিভারসিটি এবং বর্ধমান ইউনিভারসিটির আন্ডারে, এই মোটামুটি ৭টি মেডিকেল কলেজ। পপুলেশানের ফিগার অনুযায়ী আমাদের আরো ২টি প্রাপ্য।

শ্রীরজনীকান্ত দলুই ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, মেদিনীপুরে ৫৫ লক্ষেরও বেশি লোক রয়েছে, কাজেই এখানে মেডিকেল কলেজ স্থাপনের কথা চিন্তা করছেন কিনা, বা এই রকম কোন প্রপোজাল সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে পাঠিয়েছেন কিনা?

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ এখন পর্যন্ত কিছু চিন্তা করা হয় নি। তবে সারা পশ্চিমবাংলার পপুলেশান অনুযায়ী আমাদের আরো ২টো মেডিকেল কলেজ প্রাপ্য।

শ্রীরজনীকান্ত দলুই ঃ মাননীয় মন্ত্রিমহাশয়, মেদিনীপুর এত বড় একটা জেলা সেখানে মেডিকেল কলেজ করার জন্য চিন্তা করা হয় নি। হোয়ারঅ্যাজ অন্যান্য জেলা যেখানে পপুলেশান ৫৫ লক্ষের কম রয়েছে যেমন বাঁকুড়া, বর্ধমান ইত্যাদি জেলায় সেখানে মেডিকেল কলেজ স্থাপিত হচ্ছে। কাজেই আমার প্রশ্ন হচ্ছে, মেদিনীপুর জেলার কথা চিন্তা করছেন কিনা?

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ আমরা যখন করবো শুধু পপুলেশানের উপর নির্ভর করবো না। বর্ধমান মেডিকেল কলেজ তৈরি হয়ে গেছে। মেদিনীপুরে মেডিকেল কলেজ নেই। দু'টি জায়গায় হাসপাতাল তৈরি হয় নি। তার ফলে প্রশাসনিক কিছু অসুবিধা হচ্ছে। এবারে দুটো করা হবে। সম্পূর্ণভাবে সারা হবার পরে ছাত্রভর্তি করতে পারি তার ব্যবস্থা করবো।

শ্রীহরশংকর ভট্টাচার্য ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই যে প্রতিটি জেলা বা অনেক জেলা থেকে মেডিকেল কলেজ প্রতিষ্ঠার জন্য দাবি আসছে। কিন্তু সেই জেলায় ছাত্রদের সেই সব মেডিকেল কলেজে ভর্তির কোন অগ্রাধিকার দেওয়া হয় নি। সমগ্র বাংলাদেশ থেকে ছাত্রদের একসঙ্গে পরীক্ষা নেওয়া হয়। তা সরকারের কি এই রকম কোন পরিকল্পনা আছে যে, বিভিন্ন জেলার ছাত্রদের অগ্রাধিকার দেওয়া হবে। পৃথকভাবে জেলার জন্য কোটা রাখার কোন প্রস্তাব আছে কিনা?

শ্রীঅজিতকুমার পাঁজা ঃ আছে।

শ্রীপ্রশান্তকুমার সাহু ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন স্টেট প্ল্যানে আমাদের মেদিনীপুর জেলায় কোন মেডিকেল কলেজ রেকমেন্ড করা হয়েছে কিনা, আর যদি না হয়ে থাকে তবে অন্যতম কারণ কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: স্টেট প্ল্যানে কোথাও রেকমেন্ড করা হয় নি। দু'টি করা হবে, তবে কোথায় হবে সে সম্পর্কে আমাদের ফিপ্‌থ ফাইভ-ইয়ার প্ল্যানে করবো। হ'লে কিভাবে হবে, সেটা আলোচনা করবো।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন, ১৯৭১ সালে যখন এই দপ্তর থেকে হাউসে ঘোষণা করা হয়েছিল যে, সামনের বছর থেকে আমরা জেলাভিত্তিক ছেলে-মেয়েদের অগ্রাধিকার দিয়ে মেডিকেল কলেজে ভর্তি করবো এবং সেই বছর এবারে এসেছে। তা এবারে কি মন্ত্রিমহাশয় জেলাভিত্তিক অগ্রাধিকার দিয়ে ছেলেমেয়েদের ভর্তি করাবেন?

Mr. Speaker: I think this question does not arise within the present question. I disallow it.

শ্রীগঙ্গাধর প্রামাণিক: স্যার, ইউ আর রিজার্ভিং আওয়ার রাইট। ১৯৭১ সালে এখানে প্রোমিজ করা হয়েছিল যে, সামনের বছর থেকে জেলাভিত্তিক কোটা দেওয়া হবে। কাজেই এবারে উনি এটা করবেন কিনা সেটাই আমার জিজ্ঞাস্য?

Mr. Speaker: Mr. Pramanick, please look to the question, "whether the Government is considering any proposal for setting up of a Medical College in Midnapore district". So, I think the question of students does not come within the purview of this question.

শ্রীশরদিন্দু সামন্ত: মেদিনীপুর একটি বড় জেলা এ বিষয়ে কোন সন্দেহ নেই এবং আমরা আশা করছি, রজনীবাবু বললেন যে, ৫৫ লক্ষ লোক আছে। তাই আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে, কত দিন পরে--৫ বছর, ১০ বছর, কত দিন পরে মেদিনীপুর জেলায় একটা স্টেট মেডিকেল কলেজ হতে পারে?

[1-20—1-30 p.m.]

Mr. Speaker: The Minister has already stated that the matter has not yet been settled.

Shri Gangadhar Pramanick: Sir, the supplementary question put by Shri Harasankar Bhattacharyya was answered, but you disallowed my supplementary question. I wanted to remind the Hon'ble Minister that in 1971 there was a promise on the floor of the House that admission to Medical Colleges would be granted on a district-wise basis.

Mr. Speaker: May be, but your supplementary does not arise out of this present question. The present question is that whether the Government is considering any proposal for establishing a medical college in Midnapore district. The Minister has just now stated that the Government is expecting two more Medical Colleges in the State but the places where the Medical Colleges will be set up has not yet been decided.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: স্যার, এরা যে কোশ্চেনটা চাইছেন সেটা ৯১নং কোশ্চেন-এর উত্তরে পাওয়া যাবে এবং সেটাও একটা ইমপর্টেন্ট কোশ্চেন, তাই আমি বলছি যে দু'টো একসঙ্গে ক'রে দিন।

Mr. Speaker: But that must come within the purview of the present question. The rule does not permit me to allow such supplementaries. I am sorry.

শ্রীরজনীকান্ত দলুই: স্টেট প্ল্যানিং বোর্ডের ভাইস-চেয়ারম্যান, তিনি মেডিকেল কলেজে বক্তৃতা দেওয়ার সময় বলেছিলেন, দু'টো মেডিকেল কলেজ হবে। একটা মেদিনীপুর জেলায় আর একটা মুর্শিদাবাদ জেলায়। মন্ত্রিমহাশয় এ সম্বন্ধে কোন বক্তব্য রাখতে চান কি?

Mr. Speaker: I disallow this question.

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ এখানে আমরা শুনলাম মন্ত্রিমহাশয় বলেছেন যে, সরকার এবিষয়ে বিবেচনা করছেন। এখন মেদিনীপুর জেলায় যখন কেবিনেট মিটিং হ'য়ে ছিল তখন চীফ মিনিস্টার মহাশয় অত্যন্ত ক্যাটিগোরিক্যালি বলেছিলেন হবে, মন্ত্রিমহাশয় অবগত আছেন এবিষয়ে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ আমি অবগত নই।

Mr. Speaker: Mr. Panja, a question has been raised that you were present in the same meeting in which the Vice-Chairman, State Planning Board alleged to have said something about setting up of a medical college in the Midnapore district. I am not aware of it. If you like, you can enlighten the Member.

Shri Ajit Kumar Panja: Mr. Speaker, Sir, I was not present in any such meeting where the Vice-Chairman alleged to have said that there would be a medical college in Midnapore district. But it is being considered by the Government in which district we shall establish the medical colleges. So far as the entire population of West Bengal is concerned we are entitled to two more medical colleges in the State. At present we have seven medical colleges in the State.

Mr. Speaker: Starred question No. *937 is held over.

উলুবেড়িয়া মহকুমা হাসপাতাল

*৯৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮৫।) **শ্রীরবীন্দ্র ঘোষঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে নির্দিষ্ট সংখ্যক বেডের নির্দিষ্ট সংখ্যক বিছানা আছে কি না;

(খ) ঐ হাসপাতালে বর্তমানে কতজন রোগী ভর্তি আছেন;

(গ) বর্তমানে রোগীর সংখ্যা অনুযায়ী বিশেষজ্ঞ চিকিৎসক আছেন কি না;

(ঘ) রোগীদের প্রয়োজনীয় ঔষধপত্রাদি সরবরাহ করা হয় কি না;

(ঙ) রোগীদের যে পথ্য দেওয়া হয় তাহা রোগীর পক্ষে যোগ্য কি না এ বিষয়ে কোন সমীক্ষা হইয়াছে কি;

(চ) উক্ত মহকুমা হাসপাতালে "ব্লাড ব্যাঙ্ক" চালু করার কোন পরিকল্পনা আছে কি না;

(ছ) উক্ত হাসপাতালে প্রয়োজন মোতাবেক রেফ্রিজারেটার আছে কি না;

(জ) উক্ত হাসপাতালে যে-সমস্ত রোগী বিছানা ও বেডের অভাবে খোলা বারান্দায় পড়িয়া থাকেন তাঁহাদের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন; এবং

(ঝ) উক্ত হাসপাতালে বহির্বিভাগে রোগীর সংখ্যা অনুযায়ী প্রয়োজনীয় ঔষধ সরবরাহ হয় কি না ও তাহা যথারীতি বিতরিত হয় কি না এ বিষয়ে দেখার কোন ব্যবস্থা আছে কি না?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ (ক) আছে।

(খ) গত ১লা এপ্রিল, ১৯৭৩ তারিখে ১৯১ জন রোগী ভর্তি ছিলেন।

(গ) আছেন।

(ঘ) হ্যাঁ।

(ঙ) রোগীদের পথ্য সম্পর্কে কোন অভিযোগ পাওয়া যায় নি ব'লে কোন সমীক্ষার প্রয়োজন হয় নি।

(চ) বর্তমানে নেই।

(ছ) না।

(জ) রোদবৃষ্টি থেকে রোগীদের রক্ষা করার জন্য ক্যাম্বিসের পর্দার ব্যবস্থা করা হয়।

(ঝ) বহির্বিভাগে রোগীদের সরকারী বরাদ্দ অনুযায়ী ঔষধ সরবরাহ করা হয়। এবিষয়ে কোন অভিযোগ পেলে খোঁজ নিয়ে যথাযোগ্য ব্যবস্থা করা হয়ে থাকে।

শ্রীরবীন্দ্র ঘোষ: আপনি কি জানেন উলুবেড়িয়া হাসপাতালে রুগীদের বর্ষা, শীত ও গ্রীষ্মকালে চটের উপরে থাকতে হয়?

শ্রীঅজিত পাঁজা: জানি না, বর্ষা, শীত ও গ্রীষ্মের সময় গিয়ে দেখেছি চটের উপরে কেউ নেই।

শ্রীরবীন্দ্র ঘোষ: আউটডোর রুগীদের কোন ঔষধপত্র নেই ব'লে সিরাপ দিয়ে ফিরিয়ে দেওয়া হচ্ছে এটা সত্য কিনা?

শ্রীঅজিত পাঁজা: জানা নেই।

Mr. Speaker: Both the starred questions *939 and *940 are taken together.

Strike in Hotels in Calcutta

***939.** (Admitted question No. *2144.) **Dr. A. M. O. GHANI:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Government is aware that 12 hotels in Central Calcutta are on strike for the last 17 days;

(b) if so, the action taken or proposed to be taken by the Government in this regard; and

(c) if these hotels are covered by the Shops and Establishment Act; and

(d) if not, under what Act the trade union rights of the employees of these hotels are protected?

Shri Pradip Bhattacharyya: Sir, as regards starred question *939, the reply is—

(a) Yes. The employees of fourteen hotels went on strike from 28th February, 1973.

(b) All efforts made through conciliation proceedings to settle the dispute on charter of demands relating to wages, D.A., etc. on which the workmen went on strike, failed due to the non-co-operative attitude of the Hotel Managements. They also did not attend conciliation meetings arranged by the conciliation machinery. Subsequently, Government by an order No. 2588-I.R., dated 23rd March, 1973, referred the main issues of the charter of demands to the Third Industrial Tribunal for adjudication. The Workers' Union was also requested to call off the strike.

(c) No.

(d) Trade union rights of these employees of Hotels are protected under Trade Unions Act, 1926.

হোটেলে কর্মচারীদের ধর্মঘট

*৯৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬৭।) **শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ও শ্রীঅশ্বিনী রায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মধ্য কলিকাতায় "ক", "খ" ও "গ" শ্রেণীর ১২টি হোটেলের কর্মচারীরা ধর্মঘট করিয়াছেন; এবং

(খ) অবগত থাকিলে—

(১) ধর্মঘটের কারণ, এবং

(২) এই ধর্মঘট মীমাংসার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ (ক) হ্যাঁ, ১৪টি হোটেলের কর্মচারীরা ২রা ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখ হইতে ধর্মঘট করিয়াছিলেন।

(খ) (১) হোটেল শ্রমিকগণ বেতনক্রম, মহার্ঘভাতা, ছুটি, দৈনিক কাজের সময়, ওভার-টাইম ইত্যাদি কয়েকটি দাবি আদায়ের জন্য ধর্মঘট করিয়াছিলেন।

(২) সালিসীর মাধ্যমে এই বিরোধের মীমাংসার চেষ্টা করা হয়। কিন্তু মালিক পক্ষের অনুপস্থিতির জন্য মীমাংসা সম্ভব হয় নাই। সুতরাং বিরোধটি শিল্প ন্যায়পীঠে বিচারের জন্য প্রেরণ করা হইয়াছে।

ডাঃ এ এম ও গনিঃ গভর্নমেন্ট মীমাংসার জন্য চেষ্টা করছেন, কিন্তু মালিক যেহেতু রিক্যালসিট্রেন্ট সেহেতু মীমাংসা হচ্ছে না। এর জন্য মালিকদের বিরুদ্ধে কোন স্টেপ নেবার কথা চিন্তা করছেন কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ এ রকম ধরনের কোন আইন নেই, যা আইন আছে তাতে এটা আমরা অ্যাডজুডিকেশনে পাঠিয়েছি।

ডাঃ এ এম ও গনিঃ ট্রাইবুনালে যখন পাঠিয়েছেন তাতে তো ইনডেফিনিট টাইম লাগবে, কিন্তু শ্রমিকদের কি হবে?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ ট্রাইবুনাল-এ পাঠানো ছাড়া আর কোন ব্যবস্থা নেই।

ডাঃ এ এম ও গনিঃ আপনি সি-তে বলেছেন সপস্ অ্যান্ড এস্ট্যাব্লিশমেন্ট অ্যাক্ট-এ এগুলি আসে না, সাধারণ ট্রেড ইউনিয়ন অ্যাক্ট-এ আসে। তা হ'লে হোটেল কর্মচারীরা কোন ক্যাটিগোরিতে আসে?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ আই টি অ্যাক্ট-এ পড়ে ব'লে ট্রাইবুনাল-এ পাঠিয়েছি।

শ্রীঅশ্বিনী রায়ঃ হোটেল, রেস্টুরেন্ট ও মদের দোকান যেখানে সপ অ্যান্ড এস্টাব্লিশমেন্ট অ্যাক্ট চালু করা হয় নি, সেখানে এই অ্যাক্ট চালু করা হবে কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ এ সম্পর্কে এখনও কিছু চিন্তা করা হয় নি।

শ্রীঅশ্বিনী রায়ঃ মালিকরা যখন সহযোগিতা করছেন না, তখন শ্রমিকদের বাঁচাবার জন্য সরকার কি তাড়াতাড়ি এদের সপস্ অ্যান্ড এস্টাব্লিশমেন্ট অ্যাক্ট-এর আওতায় আনার সিদ্ধান্ত নেবেন?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ সপস্ অ্যান্ড এস্টাব্লিশমেন্ট অ্যাক্ট-এর আওতায় আনলেই এর কি তাড়াতাড়ি সমস্যা সমাধান করা সম্ভবপর?

[1-30—1-40 p.m.]

শ্রীতৃপ্তিময় আইচ: হোটেল কর্মচারীরা যখন তাদের ন্যায্য দাবি-দাওয়ার জন্য ধর্মঘট করেন, তখন হোটেলের মালিকরা দেখা যায়, স্থানীয় পুলিসকে প্রচুর টাকা-পয়সা দিয়ে তাদের ফল্‌স কেসে ইমপ্লিকেট করে দেয়। রাজ্য সরকারের কাছে কি কোন আইন আছে যার মাধ্যমে এই দরিদ্র হোটেল কর্মচারীদের রক্ষা করা যায়?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: দরিদ্র হোটেল কর্মচারীদের রক্ষা করার জন্য তাদের দাবিগুলি আমরা ট্রাইবুন্যালে পাঠিয়েছি এবং পুলিস তাদের উপর অত্যাচার করছে কিনা এই ধরনের কোন অভিযোগ সরকারের কাছে আসে নি। মাননীয় সদস্য মহাশয় যদি এই ধরনের নির্দিষ্ট অভিযোগ আমার কাছে এনে দেন, নিশ্চয়ই সেই সম্পর্কে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার চেষ্টা করব।

শ্রীতৃপ্তিময় আইচ: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, নির্দিষ্ট অভিযোগ যদি থাকে তিনি যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বনে চেষ্টা করবেন, আমরা জানি কলেজ স্ট্রীটে কতকগুলি হোটেল আছে, সেখানে গত কয়েক মাস ধরে হোটেল মালিকরা শ্রমিকদের মারধোর করছে এবং নানাভাবে ফল্‌স কেসে তাদের ইমপ্লিকেট করে দিয়েছে, যেমন রয়েল হোটেল, ইন্ডিয়া হোটেল ইত্যাদি। মাননীয় মন্ত্রিমহাশয় যাতে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন তার জন্য অনুরোধ জানাচ্ছি।

(নো রিপ্লাই।)

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, ১৪টি হোটেল-এ ধর্মঘট চলছিল সেই হোটেলগুলি এখন চালু হয়ে গেছে?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: এই সম্পর্কে কোন খবর আমার কাছে আসে নি।

ডঃ এ এম ও গনি: আমি জানি সাকসেসিভলি চারদিন ব্যাংকসাল কোর্টে পুলিস তাদের ফল্‌স চার্জে ধরে নিয়ে এসেছে, বেলে তাদের রেহাই করতে হয়েছে। গত তিন সপ্তাহে ৩/৪ বার পুলিস মালিকদের সহযোগিতায় তাদের ধরে নিয়ে এসেছে। এর কি কোন প্রতিকার নেই?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: আপনি লিখিত অভিযোগ দিন, আমি নিশ্চয়ই দেখব।

প্রতিটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে খরচের পরিমাণ

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৮১১।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে সরকারের বৎসরে সাধারণত কত টাকা খরচ হইয়া থাকে (২০ জন রোগীর বেড আছে এরূপ স্বাস্থ্যকেন্দ্র);

(খ) উহার মধ্যে ইন্ডোর রোগীর পথ্য ও ঔষধের জন্য এবং আউটডোর রোগীর ঔষধের জন্য কত টাকা খরচ হয়; এবং

(গ) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কোন "কেরাণীর" পদ আছে কিনা এবং না থাকিলে, অফিস ওয়ার্ক কিভাবে করা হয়?

শ্রীঅজিতকুমার পাঁজা: (ক) প্রায় ১ লক্ষ ৫৫ হাজার টাকা।

(খ) অন্তর্বিভাগে বছরে—

পথ্য ১৮,২৫০ টাকা

ঔষধ ৩,৬৫০ টাকা

বহির্বিভাগে বছরে—

ঔষধ ২২,৫০০ টাকা

(গ) আছে।

ডঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন ইনডোরে যদিও ২০টি বেড নির্দিষ্ট থাকে তবুও অধিকাংশ ক্ষেত্রে আরো অনেক বেশী রোগী ভর্তি করতে হয়?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ হ্যাঁ, ভর্তি করতে হয়।

ডঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ তিনি কি জানেন এই বাড়তি রোগীর জন্য কোন বাড়তি পথ্য, ওষুধের ব্যবস্থা করা সম্ভব হয় না?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এটা আমরা লক্ষ্য করেছিলাম আমাদের বেশীর ভাগ স্বাস্থ্যকেন্দ্রের যে স্যাংসান বেড আছে তার চেয়ে বেশী রোগী রাখতে হচ্ছে। সেজন্য আমরা একটা প্ল্যান নিচ্ছি—অ্যাভারেজ ফিগার যেখানে কনস্ট্যান্ট হয়ে গেছে অর্থাৎ যেখানে দেখা যাচ্ছে, সারা বছরই ২০টি বেডে ২৫টি ৩০টি থাকছে সেই অনুযায়ী পথ্য এবং ওষুধ সরবরাহ করা যায় কিনা, তাতে কতটা আর্থিক সঙ্গতির প্রয়োজন হবে সেটা পরীক্ষা করা হচ্ছে।

ডঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ এই যে ইনডোর পেসেন্টের ওষুধের ব্যবস্থা এখন আছে তা যথেষ্ট নয়, বরঞ্চ প্রয়োজনের তুলনায় অতি সামান্য। সেজন্য অধিকাংশ ক্ষেত্রে, প্রায় সকল ক্ষেত্রেই যত দামী ওষুধের প্রয়োজন হয় সেটা হাসপাতাল থেকে দেওয়া সম্ভব হয় না, রোগীকে প্রেসক্রিপসান করে দেওয়া হয়, এটা কি মন্ত্রিমহাশয় জানেন?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এক্সপার্টরা যে চার্ট তৈরি করেছে এবং তাতে যে ঔষধ রেখেছে প্রায় সবক্ষেত্রেই সেই ঔষধ সরবরাহ করা হয়। তবে যে ডাক্তার লিখছেন তিনি যদি চার্টের বাইরে কোন দামী ঔষধ প্রেসক্রাইব করেন, তা হলে সেটা বাইরে থেকে কেনা ছাড়া গত্যন্তর নেই। তবে একথা ঠিক নয় যে, সব জায়গায় ঔষধের অভাব। কিছু কিছু জায়গায় ঔষধের অভাব রয়েছে এবং আমরা তাড়াতাড়ি সেই অভাব পূরণ করবার চেষ্টা করছি।

শ্রীবাসুদেব হাজরাঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, এক একটি প্রাইমারী হেল্থ সেন্টারে কতজন ডাক্তার থাকার কথা?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ যদি ১০ বা ২০ বেড হয়, তা হলে ২ থেকে ৩ জন।

শ্রীবাসুদেব হাজরাঃ এরকম ২০ বেডের হাসপাতালে প্রায়ই ৩ জন করে ডাক্তার নেই, একথা জানেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ জানি।

শ্রীবাসুদেব হাজরাঃ ডাক্তার নেই এটা যদি আমরা আপনাকে জানাই, তা হলে সত্বর ব্যবস্থা নেবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ আপনারা জানাবার আগেই আমরা এই সম্বন্ধে স্ট্যাটিসটিক্স নিয়েছি এবং যত তাড়াতাড়ি ডাক্তার পৌঁছাতে পারে তার জন্য চেষ্টা করছি। ইতিমধ্যেই ৪০০ জন ডাক্তারকে পি এস সি অ্যাপয়েন্টমেন্ট লেটার ছেড়ে দিয়েছে এবং তাঁদের জয়েনিং টাইম ৬ সপ্তাহ দেওয়া হয়েছে। ২/৩ দিন হল তাঁদের জয়েনিং টাইম এক্সপায়ার করেছে। আমরা ডিস্ট্রিক্ট থেকে খবর নিচ্ছি, কোথায় কোথায় কতজন রিপোর্ট করেছেন।

শ্রীবাসুদেব হাজরাঃ স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বললেন, ডাক্তার পাঠাবার নির্দেশ দিয়েছেন। আমার প্রশ্ন হল, যাঁরা যোগ দিচ্ছেন না, সেখানে যদি অন্য ডাক্তারের সন্ধান দেওয়া হয়, তা হলে তাঁদের নেবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ যদি অন্য ডাক্তারের সন্ধান দেন এবং আমাদের গভর্নমেন্টের আইন অনুযায়ী তিনি যদি যোগ্য হন, তা হলে অ্যাড হক অ্যাপয়েন্টমেন্ট দেব পি এস সি সিলেকসন ছাড়া।

শ্রীসরোজ রায়ঃ ৫০ বেডের হাসপাতালে যে কয়জন ডাক্তার থাকার কথা সেখানে দেখছি প্রয়োজনবোধে ভ্যাসেকটমির জন্য সব ডাক্তারকে সরিয়ে নিয়েছেন এবং তার ফলে ডাক্তার নেই, এই খবর আপনি জানেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এরকম খবর নেই। তবে একটি প্রাইমারী হেল্থ সেন্টারে একজন ডাক্তার ছিলেন যাঁর উপর ভুলবশতঃ অর্ডার গিয়েছিল ভ্যাসেকটমি ক্যাম্পে যাবার জন্য। তিনি সকালে গিয়েছিলেন এবং সন্ধ্যায় আবার ফিরে এসেছেন।

শ্রীসরোজ রায়ঃ ওপরের অর্ডার ছাড়া কেউ হাসপাতাল ছেড়ে ভ্যাসেকটমি ক্যাম্পে যায় না। আপনি কি জানেন, গড়বেতায় ৫০ বেডের হাসপাতালে ২ জন ডাক্তার ছিলেন, তাঁদের ভ্যাসেকটমিতে সরিয়ে নেবার ফলে সেখানে খুব অসুবিধা দেখা দিয়েছে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এরকম খবর নেই।

শ্রীসরোজ রায়ঃ আপনাকে এই খবর দেবার পর আপনি এই বিষয় খোঁজ নেবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ নিশ্চয়ই নেব।

শ্রীঅসমঞ্জ দেঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, কোলকাতার বিভিন্ন হাসপাতালে বিশেষ করে এন আর এস হাসপাতালে হাউসস্টাফরা ধর্মঘটের হুমকি দেবার ফলে সেখানে যদি ধর্মঘট হয়, তা হলে ঐ যে লিস্ট আছে বললেন, সেই লিস্ট থেকে ওখানে ডাক্তার নেবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এরকম ধর্মঘটের নোটিস আমরা পেয়েছি এবং হঠাৎ যদি ৪০০ ডাক্তার ধর্মঘটে যোগ দেন, তা হলে অত্যন্ত অসুবিধা হবে। আমাদের হাসপাতাল চালাতেই হবে, কারণ গরিবরা সেখানে যায়। কাজেই এরকম অবস্থা যদি হয়, তা হলে ওই ৪০০ থেকে ডাক্তার পাঠাতে বাধ্য হব। অবশ্য এতে আইনগত অসুবিধা কিছু হয়ত হতে পারে।

শ্রীঅসমঞ্জ দেঃ জনস্বার্থ যদি ব্যাহত হয়, তা হলে আমরা নিশ্চয়ই একথা বলতে পারি যে, এই যে হাউসস্টাফরা রয়েছে, তাঁরা দুরভিসন্ধি হয়ে এরকম মাঝে মাঝে ধর্মঘটের শাসানি দিয়ে সরকারী পরিকল্পনা বন্ধ করবার চেষ্টা করছেন। আমার প্রশ্ন হচ্ছে, এই চক্রান্তমূলক ধর্মঘটকে আপনি সরকারী প্রশাসনের স্বার্থে এবং জনসাধারণের স্বার্থে প্রয়োজনবোধে অবৈধ বলে ঘোষণা করবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এন আর এস স্টাফদের কাছে আমি নিজে আপীল জানিয়েছিলাম গতকাল, যাতে তাঁরা কোন ধর্মঘট, অনশন এবং যে সমস্ত প্রতিবাদ দিবস করছেন, তা না করেন। কাগজের মাধ্যমে জানতে পারলাম, তাঁরা নাকি অনশন করছেন। এই রকম যদি চাপ সৃষ্টি হয়, যার ফলে গ্রামের জনসাধারণের জন্য, অন্যান্য কলেজ-এর জন্য, কলকাতা জনসাধারণের জন্য ডাক্তার দিতে পারব না, সরকারের অনুরোধ রাখবার পরও যদি এই রকম ঘটে, তা হলে নিশ্চয়ই আর অপেক্ষা করব না, তাদের বিরুদ্ধে কঠিন এবং দারুণ ব্যবস্থা নিতে হবে।

খড়িকা মাথানীতে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

***১৪৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৮১।) **শ্রীদাশরথি সরেনঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার নয়াগ্রাম থানায় খড়িকা মাথানীতে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, এ পর্যন্ত স্বাস্থ্যকেন্দ্রের কোন কাজ আরম্ভ না হওয়ার কারণ কি; এবং

(গ) খড়িকা মাথানীতে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র কবে নাগাত স্থাপন করা হইবে বলিয়া আশা করা যায়?

[1-40—1-50 p.m.]

শ্রীঅজিতকুমার পাঁজাঃ (ক) খড়িকাথানীতে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের একটি প্রস্তাব পাওয়া গিয়েছিল।

(খ) এবং (গ) এ ব্লকের স্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র কোথায় স্থাপিত হবে তা এখনও স্থির হয় নি।

শ্রীদাশরথি সরেনঃ মেদিনীপুর জেলায় যখন ক্যাবিনেট মিটিং হয়েছিল তখন সিদ্ধান্ত হয়েছিল যে, নয়াগ্রাম থানার খড়িকা মাথানীতে একটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হবে, আজকে মাননীয় মন্ত্রিমহাযয়ের কাছে জানলাম নয়াগ্রাম থানার কোথায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হবে, এখনও সিদ্ধান্ত হয় নি, এর কারণ কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ কারণ জনসাধারণের মধ্যে দু' দলের মধ্যে ঝগড়া, একদল বলছে এখানে স্বাস্থ্যকেন্দ্র করা হবে, আর এক দল বলছে ওখানে স্বাস্থ্যকেন্দ্র করা হবে। সব ব্লকের জনসাধারণের যাতে উপকারে আসে, তার জন্য ব্যবস্থা নেবার জন্য ঠিক করেছি।

শ্রীদাশরথি সরেনঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন জনসাধারণের মধ্যে ঝগড়ার জন্য সিদ্ধান্ত নেওয়া হয় নি। এই যে মেদিনীপুর জেলায় মন্ত্রিসভায় বললেন যে, নয়াগ্রাম থানায় স্বাস্থ্য-কেন্দ্র হবে, সেই স্বাস্থ্য কেন্দ্র না হওয়ায় নয়াগ্রাম থানার ৮৬ হাজার মানুষ বঞ্চিত হচ্ছে চিকিৎসা থেকে, আমি জিজ্ঞাসা করি যে, যদি খড়িকা মাথানীতে না করেন, তা হলে কিভাবে স্বাস্থ্যকেন্দ্র সেখানে করবেন, জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ খড়িকা মাথানীতে যেখানে স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করার কথা তা থেকে মাত্র তিন মাইল দূরে একটি স্থান সাইট সিলেকশন করা হয়, আমাদের যাঁরা এই সাইট সিলেকশন করেন, তাঁরা দেখেন যে তাতে সব ব্লকের জনসাধারণের উপকার হবে না, সেজন্য বিষয়টা পুনর্বিবেচনা করছি।

শ্রীদাশরথি সরেনঃ আমি পরিষ্কারভাবে জানতে চাইছি, তা হলে মাননীয় মন্ত্রিমহাশয় যে সিদ্ধান্ত নিচ্ছেন, সেটা কি ওখানকার জনমত নিয়ে জায়গা সিলেকশন করবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ জনমত নিশ্চয়ই নেব, সকল জনসাধারণের যাতে উপকারে আসে এই রকম জায়গায় স্বাস্থ্যকেন্দ্র করব বলে সিদ্ধান্ত নিয়েছি।

শ্রীদাশরথি সরেনঃ এই ব্যাপার ১০ বছর ধরেই চলছে, শুধু নয়াগ্রামের কয়েকটি মুষ্টিমেয় এবং বালীগড়ের কয়েকটি মুষ্টিমেয় লোকের জন্য কি ৮৬ হাজার মানুষ সারা জীবন ধরে কিংবা যুগ যুগ ধরে চিকিৎসা থেকে বঞ্চিত হবে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ চিকিৎসা থেকে বঞ্চিত হবে না, ওখানে যে দু' দলের মধ্যে ঝগড়া করছে এ সম্বন্ধে আমি আশা করব, মাননীয় সদস্য ঝগড়া থামিয়ে দেবেন, তা হলে আমাদের কাজ এখনি তাড়াতাড়ি করতে পারি।

এটাও নিশ্চয়ই দেখা উচিত, যাতে ওখানে আপনি যে স্বাস্থ্য কেন্দ্রর কথা বলছেন, তার দ্বারা সমস্ত জনসাধারণের যাতে উপকার হয়, এই রকম একটি জায়গা দিলে আমি খুসী হবো।

সংক্রামক ব্যাধির হাসপাতাল

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৪।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের কোন্ কোন্ জেলায় কতগুলি সংক্রামক ব্যাধির হাসপাতাল আছে;

(খ) ঐ সমস্ত হাসপাতালে বিশেষজ্ঞ ডাক্তার আছেন কিনা;

(গ) সরকার সংক্রামক ব্যাধি নির্মূল করার জন্য বিশেষ কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা; এবং

(ঘ) ক'রে থাকলে তার বিবরণ কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ (ক) কলিকাতায় একটি ও কোচবিহারে একটি সরকারী সংক্রামক ব্যাধির হাসপাতাল আছে। প্রত্যেকটি জেলা হাসপাতাল, মহকুমা হাসপাতাল এবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে পৃথক "আইসোলেশন ওয়ার্ড" আছে।

(খ) হ্যাঁ, সকল জেলা হাসপাতালে মেডিক্যাল বিভাগের বিশেষজ্ঞ আছেন।

(গ) ও (ঘ) বসন্ত রোগ নির্মূল করার জন্য সরকার একটি 'বসন্ত রোগ নির্মূলীকরণ প্রকল্প' গ্রহণ করেছেন। বৃহত্তর কলকাতা অঞ্চলে ক্যালকাটা মেট্রোপলিটান ইম্যুনাইজেসন অর্গানিজেসন-এর কর্মীরা কলকাতা করপোরেশন ও অন্যান্য পৌর সভার কর্মীদের সংগে সহযোগিতা করে কাজ করছেন। বসন্ত নির্মূলীকরণ প্রকল্পের অধীন প্রতি জেলায় ৫ জন ভ্যাক্সিনেটর ও ২ জন প্যারা মেডিকেল অ্যাসিস্ট্যান্ট এবং অন্যান্য কর্মী নিয়ে গঠিত ভ্রাম্যমান দল এবং প্রতি ব্লকে ৩ থেকে ৪ জন ভ্যাকসিনেটর-এর ব্যবস্থা করা হয়েছে। প্রতি ৪ জন ভ্যাকসিনেটর-এর উপর একজন সুপারভাইজার আছেন।

কলেরা ও অন্যান্য সংক্রামক ব্যাধি নির্মূলীকরণের কোনো প্রকল্প গ্রহণ করা হয় নি। তবে এই সমস্ত রোগের প্রতিবিধানের সকল ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ বর্তমানে ক্রমবর্ধমান সংক্রামক ব্যাধির পরিপ্রেক্ষিতে জেলায় জেলায় বিশেষজ্ঞ ডাক্তার বাড়িয়েছেন কি এবং গ্রামাঞ্চলে এই আইসোলেসন ওয়ার্ডের সংখ্যা বাড়িয়েছেন কি, দয়া করে সেটা বলবেন?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ আমরা জেলায় জেলায় স্পেশালিস্ট দেবার চেষ্টা করছি, কয়েকটা জেলায় দিতে পারা গেছে, আর আইসোলেসন ওয়ার্ড এবং বেডের সংখ্যাও বাড়াবার কথা চিন্তা করা হচ্ছে, যেগুলি আমরা কেন্দ্রীয় সরকারের থেকে সাহায্য পেয়ে আপগ্রেড করবো।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ কলকাতার বিশাল জনসংখ্যার তুলনায় একটা যে হাসপাতাল আছে তা নগণ্য বলা যায়। আমার জিজ্ঞাসা আর একটা সংক্রামক হাসপাতাল এখানে তৈরি করা যায় কিনা সেই প্রস্তাব আপনি বিবেচনা করবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এখনো এই রকম প্রস্তাব বিবেচনা করবার মত অভাব লক্ষ্য করা যায় নি। কলকাতায় এখন যে আই ডি হস্পিটাল আছে, তা এখানকার সংক্রামক ব্যাধি যা হচ্ছে তা মোকাবিলা করতে সক্ষম হচ্ছে।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ কলকাতার সংক্রামক ব্যাধিতে আক্রান্ত রোগীকে নিয়ে যাবার জন্য সেপারেট অ্যাম্বুলেন্স ব্যবহার করা হয় কি, না, একই অ্যাম্বুলেন্স ব্যবহার করা হয়, যা অন্যান্য সাধারণ রোগীদের নিয়ে যাবার জন্য ব্যবহার হয়?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ কর্পোরেশনের নিয়মানুযায়ী স্মলপক্স হলে সেপারেট অ্যাম্বুলেন্স ব্যবহার করতে হবে।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ এ বছর বসন্ত মহামারী আকারে দেখা গেছে। এর প্রতিবিধানের কোন ব্যবস্থা আপনি অবলম্বন করেছেন কি এবং তার ফল কতদূর ভাল হয়েছে বলবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ যদিও এই প্রসঙ্গে এই প্রশ্ন উঠে না, তবুও বলছি, বসন্ত যাতে মহামারী আকারে দেখা না দেয় তার জন্য তিন-চারটি বিশেষ কাজ আমরা হাতে নিয়েছি—

(১) ভলান্টিয়ার ভ্যাকসিনেটর আমরা ছ শো জনকে কলকাতা শহরে নামিয়েছি।

(২) কলকাতা সহরে ট্রামে ও অন্যান্য অঞ্চলে যাতে ভাল করে প্রোপাগান্ডা করতে পারি ও টিকা দেবার ব্যবস্থা করা।

(৩) পুলিসের সাহায্যে যাদের ভ্যাকসিনেসন দিতে যাচ্ছি, ঘিরে রেখে টিকা দেবার ব্যবস্থা করা।

(৪) ব্লিচিং পাউডার বিভিন্ন বস্তি অঞ্চলে ছড়িয়ে যাতে রোগবীজাণু মুক্ত করা ও দুর্গন্ধ দূর করা যায় তার ব্যবস্থা করা।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ আমার কাছে খবর আছে, অ্যাম্বুলেন্সকে খবর দিয়েও সংক্রামক রোগাক্রান্ত রোগীকে সত্তর রিমুভ করা যায় নি, এই রকম স্পেসিফিক ঘটনা আছে। এই রকম গাফিলতি যাতে আর না হয় তার জন্য কোন কড়া স্টেপ নেবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ স্পেসিফিক ঘটনা জানাবেন নিশ্চয়ই স্টেপ নেব।

প্রতিটি মহকুমা শহরে হাসপাতাল স্থাপন

***১৫২**। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮৮।) **শ্রীরজনীকান্ত দলুইঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার প্রতিটি মহকুমা শহরে একটি ক'রে হাসপাতাল স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছেন;

(খ) সত্য হ'লে,

(১) মেদিনীপুর জেলার সব কয়টি মহকুমা শহরে হাসপাতাল স্থাপনের কাজ শেষ হয়েছে কিনা, এবং

(২) "না" হ'লে, কোথায় কোথায় কাজ শেষ হয় নি এবং তার কারণ কি?

[1-50—2-00 p.m.]

শ্রীঅজিতকুমার পাঁজাঃ (ক) হ্যাঁ।

(খ) ঘাটাল ছাড়া মেদিনীপুর জেলার সব কয়টি মহকুমা শহরে হাসপাতাল স্থাপনের কাজ শেষ হয়েছে। উপযুক্ত ঠিকাদার পেতে দেরি হওয়ায় ঘাটাল মহকুমার হাসপাতালের নির্মাণ কাজ দেরিতে শুরু হয়েছে। সেজন্য কাজ এখনো শেষ হয় নি।

শ্রীরজনীকান্ত দলুইঃ মাননীয় মন্ত্রিমহাশয় মেদিনীপুরের হাসপাতালের কথা বলেছেন, ঘাটালে হাসপাতালের কাজ এখনও শেষ হয় নি, কিন্তু মেদিনীপুর সদর এবং খড়্গপুর হাসপাতাল করার যে কথা ছিল সে সিদ্ধান্তের কথা জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ খড়্গপুরে যা'তে ১৩১ বেডের হাসপাতাল করা যায় তার জন্য অর্থ-সংস্থানের চেষ্টা করছি একটা বড় হাসপাতাল জনসাধারণের জন্য করা হবে।

শ্রীরজনীকান্ত দলুইঃ ১৩১ বেডের হসপিটাল যে করা হবে তার সাইট সিলেকসান করা হয়েছে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ ঐ জেলার মাননীয় মন্ত্রী শ্রীজ্ঞান সিং সোহনপাল রেলওয়ের কাছে জমি সংগ্রহ করতে সমর্থ হয়েছেন, এখন এক্সপার্টরা দেখবেন তারপর ঠিক হবে।

শ্রীরজনীকান্ত দলুইঃ ঘাটালের কন্ট্রাক্ট পেতে দেরি হওয়ায় কাজ আরম্ভ হতে দেরি হয়েছে। কাজ কবে আরম্ভ হয়েছে এবং কবেই বা শেষ হবে—টার্গেট পিরিয়ড কি জানাবেন?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ পূর্তমন্ত্রী শ্রীভোলানাথ সেনকে জিজ্ঞাসা করুন।

সর্পাঘাতে মৃত্যু

***২৫৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৫।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বছরে পশ্চিমবঙ্গে সর্পাঘাতে মৃত মানুষের সংখ্যা কত;

(খ) রাজ্যের কোন্ জেলায় সর্পাঘাতে মৃত মানুষের সংখ্যা বেশি; এবং

(গ) গ্রামাঞ্চলে প্রতিটি স্বাস্থ্য ও উপ-স্বাস্থ্যকেন্দ্রে বিশেষ করিয়া বর্ষায় সর্পাঘাতের প্রতিষেধক অ্যান্টিভেনাস রাখার কোন ব্যবস্থা সরকার করেছেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ

(ক)

১৯৬৯	...	৩৮৪
১৯৭০	...	১৯৪
১৯৭১	...	২২৫

(খ)

১৯৬৯ এবং ১৯৭০	...	নদীয়ায়
১৯৭১	...	বর্ধমান

(গ) হ্যাঁ।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ 'খ' প্রশ্নের উত্তরে বলেছেন যে, ১৯৬৯ সালে নদীয়া এবং ১৯৭১ সালে বর্ধমানে সর্পাঘাতে মৃত মানুষের সংখ্যা বেশী। যদি প্রতি স্বাস্থ্যকেন্দ্রে ও উপস্বাস্থ্য-কেন্দ্রে এন্টিভেনমে-এর ব্যবস্থা থাকে; তা হ'লে এত বেশী মানুষ মারা যাবার কারণ কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এর কারণ এন্টিভেনম দেবার উপযুক্ত ডাক্তারের অভাব। অনেকেই এ ব্যবস্থা জানেন না। ঔষধ পাঠাতে সক্ষম হয়েছি অনেক জায়গায়ই।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ গ্রামাঞ্চলে নাজা ডেডলি পয়জেনাস ইত্যাদি সর্প বর্ষায় ঐ জাতীয় সাপের কামড়ানোতে যাতে মানুষ মারা না যায় তার জন্য ঐ সব সাপের প্রতিষেধক এন্টিভেনম গ্রামের হসপাতালে দেবার ব্যবস্থা করবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ আমি আগেই বলেছি, হ্যাঁ করছি।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ আপনি ১৯৭১ সাল অবধি হিসাব দিয়েছেন, কিন্তু ১৯৭২ সালে কতজন মারা যান তার হিসাব দেন নি। তার সংখ্যা জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ আমি ১৯৭১ সাল অবধি হিসাব পেয়েছি, বাকি পাওয়া যায় নি।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ সুন্দরবন অঞ্চলের গ্রামে বর্ষায় সাপের উপদ্রব বেশী হয় এবং বহু মানুষ মারা যায়। সরকার এই সব জায়গায় হাসপাতালে বেশী করে এন্টিভেনম মজুত রাখার ব্যবস্থা করবেন কি এবং কম্পালসারি এসব করে ডেডলি পয়জেনাস স্নেক থেকে যাতে মানুষ বাঁচতে পারেন তার ব্যবস্থা করবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ আমি আগেই বলেছি যে, উপযুক্ত ডাক্তারের অভাব আছে। চট্ করে ডাক্তার দিতে পারছি না ট্রেনিং নিয়ে তবে তিনি দিতে পারবেন। সুতরাং সুন্দরবন এলাকায় অনেক স্বাস্থ্যকেন্দ্র আছে সেখানে ডাক্তার পেঁছাতে পারি নি। তাই যতদূর সম্ভব তাড়াতাড়ি বর্ষার আগে যাতে ব্যবস্থা নেওয়া যায় তার চেষ্টা করছি।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ বর্ষার সময় সাপে কামড়ায়—এই ঘটনা জানা সত্ত্বেও আপনার দপ্তর থেকে এখনও পর্যন্ত কোন ব্যবস্থা করেন নি কেন সেটা জানতে পারি কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ ব্যবস্থা করা হয় নি, এটা আপনি অ্যাজ্যুম করছেন। ব্যবস্থা করা হয়েছে। তবে যে সমস্ত জায়গায় উপযুক্ত লোককে অর্ডার দেওয়া সত্ত্বেও পেঁছায় নি সেখানে ব্যবস্থা করা যাচ্ছে না।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ এই সমস্ত লোককে পেঁছবার ব্যবস্থা করবেন কি, না লোকগুলোকে মারবেন আপনারা?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ ডাক্তার পেঁছবার চেষ্টা যা হচ্ছে এবং আপনারা সকলে সহযোগিতা করছেন এটা আপনারা সকলেই জানেন।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ আমরা বরাবর দেখে আসছি, এই সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার আসছে না। দু, তিন, চার বছর স্বাস্থ্যকেন্দ্র যেখানে ডাক্তার যায় না এবং এর আগে মন্ত্রিমহাশয় বলেছেন, উইদিন থ্রি উইকস যাতে ডাক্তার যায় তার ব্যবস্থা করবো। সেই কারণে জানতে চাইছি, এই রকম অবহেলা করে কতদিন এই লোকগুলোকে মৃত্যুর মুখে ঠেলে দেওয়া হবে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ আমি কখনও বলিনি উইদিন থ্রি উইকস ডাক্তার পাঠাব। কারণ তারা মিলিটারি কমান্ডের মধ্যে নেই। আমাদের আইনে যে ডেমোক্রেটিক রাইটস আছে তার মধ্যে রয়েছে। থ্রি উইকস টু সিক্স উইক্স ছিল তাদের জয়েনিং টাইম। তারা যদি জয়েন করেন, তা হলে আমাদের আইনের মধ্যে আনতে বাধ্য করবো।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ যাদের জয়েন করবার অর্ডার দেওয়া হয়েছিল, এই ২১ দিন পার হয়ে গিয়েছে, জয়েন করে নি, এই রকম কতজন আছেন?

Mr. Speaker: Mr. Pramanick, you are going far away from the main question.

Shri Gangadhar Pramanick: All health centres and hospitals are without doctors.

লোককে সাপে কামড়াবে এবং লোকে রোগে মরবে।
and these things are going to be delayed for long. These things cannot be tolerated any further. So we want protection and we want that the Department should give special consideration and make arrangements so that doctors can reach in time. Even help of military should be taken so that the military doctors are posted there.

Mr. Speaker: Mr. Pramanick, I appreciate your anxiety. But it is a request for action. You have drawn the attention of the Hon'ble Minister though that is not necessary for putting a supplementary.

ধান সংগ্রহ ডি পি এজেন্ট ও মিল মালিক

*৯৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯০।) **শ্রীরজনীকান্ত দলুইঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আগামী ২-৩ মাসের মধ্যে যে নূতন ধান উঠবে সেই ধান সংগ্রহ করার জন্য ডি পি এজেন্ট এবং মিলের মালিকদের নির্দেশ দেওয়া হয়েছে; এবং

(খ) সত্য হ'লে, ঐ ধানের ক্রয়মূল্য কিরূপ?

শ্রীকাশীকান্ত মৈত্র: (ক) আগামী ২/৩ মাসের মধ্যে যে নূতন ধান উঠিবে তাহা প্রধানতঃ বোরো ধান। ডি পি এজেন্ট এবং যে সব চাউল কল সংগ্রহ এজেন্ট হিসাবে কাজ করিতেছে, তাহাদের মালিকগণ খাদ্য নিগম কর্তৃক প্রাপ্ত নির্দেশ অনুসারে সারা বছরই বোরো ধান সহ সকল প্রকারের ধান এবং চাউল সংগ্রহ করিয়া থাকেন।

(খ) বর্তমান খরিফ বৎসরে বোরো ধানের জন্য সরকার নির্ধারিত মূল্য হইল ৭৬·০০ টাকা প্রতি কুইন্ট্যাল (বস্তা ছাড়া)। কুইন্ট্যাল প্রতি বোরো ধানের ক্ষেত্রে দুই টাকা বোনাস দেওয়া হইয়া থাকে।

উচ্চ ফলনশীল জাতের ধানের কুইন্ট্যাল প্রতি (বস্তা ছাড়া) সংগ্রহ মূল্য হইল (১) সাধারণ শ্রেণী ৫৬·০০ টাকা, (২) মিহি ৫৯·০০ টাকা, এবং (৩) অতিমিহি ৬২·০০ টাকা। ইহা ছাড়া স্বেচ্ছাবিক্রয়ের ক্ষেত্রে প্রতি কুইন্ট্যালে ৫·০০ টাকা হারে বোনাস দিবারও ব্যবস্থা আছে।

শ্রীরজনীকান্ত দলুই: এই যে বোরো বা উচ্চ ফলনশীল যে সমস্ত ধান উঠছে তার প্রকিওরমেন্ট টারগেট জেলাওয়ারী নির্দেশ করা হয়েছে কি? প্রতি জেলায় এত ধান সংগ্রহ করা হবে, এই রকম নির্দেশ দেওয়া হয়েছে কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: বোরো ধানের অ্যান্টিসিপেটেড ইয়েলডিং এখনও পর্যন্ত আমাদের কাছে আসে নি। কাজেই প্রকিওরমেন্ট টারগেট ইন রেসপেক্ট অফ বোরো প্যাডি এখনও ফিক্সড হয় নি। তবে বোরো ধানের প্রকিওরমেন্ট প্রোগ্রামের কাজ চলছে। বোরো ধান উঠার সংগে সংগে আমরা প্রকিওরমেন্টের কাজ চালিয়ে যাবো।

শ্রীরজনীকান্ত দলুই: আমন ধান সংগ্রহের টারগেট যেটা দেওয়া ছিল তার জেলাওয়ারী হিসাব জানাবেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: এ প্রশ্ন থেকে সে প্রশ্ন আসে না।

শ্রীরজনীকান্ত দলুই: নূতন ধান উঠবার সংগে সংগে ধানচালের দাম কমতে আরম্ভ করেছে এ খবর কি মন্ত্রিমহাশয় রাখেন?

শ্রীকাশীকান্ত মৈত্র: প্রতিটি জেলায় রেডিওগ্রাম মেসেজ পাঠিয়ে জেলাশাসকদের কাছ থেকে ধানচালের দাম আমি জেনে থাকি। এ ব্যাপারে জেলাশাসকরা আমাদের সংগে সহযোগিতা করছেন। তাঁরা ঠিকমত চিঠি পাঠিয়ে যাচ্ছেন, এবং তাতে আমি জানতে পারছি যে, মেদিনীপুর, বর্ধমান ও দিনাজপুরে ধানচালের দাম নিম্নগামী।

[2-00—2-10 p.m.]

Mr. Speaker: The question hour is over.

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার পারমিসন চাচ্ছি একটি কথা বলার। খড়্গপুর হাসপাতাল সম্বন্ধে যখন প্রশ্ন উঠেছিল, তখন আমি বলেছিলাম যে ১৩১টি বেডের হাসপাতাল। ওটা ভুল হয়ে গেছে, ওখানে ২৫০টি বেডের হাসপাতাল করা হবে।

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: স্যা'র, ৯২৮ নং-এর প্রশ্নটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনি যদি অনুমতি দেন, তা হলে এই প্রশ্নটি আমি সভার কাছে রাখতে পারি।

Mr. Speaker: I allow the Hon'ble Minister of State to answer starred question No. 928 put by Shri Narayan Bhattacharyya.

শ্রমিক গৃহ

*৯২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৩।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য:** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, প্রতি বৎসর শতকরা আট ভাগ "শ্রমিক গৃহ" নির্মাণের যে বিধি আছে তাহা উত্তরবঙ্গের বিভিন্ন চা-বাগিচায় ঠিকমত পালিত হইতেছে না; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: (ক) হ্যাঁ।

(খ) সরকারকে এই বিষয়ে পরামর্শদানের জন্য একটি ত্রিপাক্ষিক চা-বাগিচা বাসগৃহ উপদেষ্টা পর্ষৎ গঠন করা হইয়াছে। শ্রমিক-গৃহ আইন অনুযায়ী যথাযথ নির্মাণ হইতেছে কিনা তাহার তত্ত্বাবধান করার জন্য চারজন পরিদর্শক নিযুক্ত করা হইয়াছে। ইহাদের সুপারিশ অনুযায়ী ১৯৭২ ও ১৯৭৩ সালে আইন অনুযায়ী মালিকদের বিরুদ্ধে যথাক্রমে ৪৩ ও ১৮টি মামলা দায়ের করা হইয়াছে। এই সমস্ত ব্যবস্থা অবলম্বনের ফলে শ্রমিকদের গৃহ নির্মাণ কার্যে উন্নতি পরিলক্ষিত হইতেছে।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় তো উত্তর বঙ্গের চা-বাগানে গেছেন দায়িত্বভার গ্রহণ করবার পর। প্রায় ৩০০-এর উপর চা-বাগানের মালিক এই আইন ভঙ্গ করেছে। ঐ মালিকরা শ্রমিকদের ফাঁকি দিয়ে লক্ষ লক্ষ টাকার মুনাফা লুটছে—তারা শ্রমিকদের জন্য গৃহ নির্মাণ করছে না। শ্রমিকদের তরফ থেকে মালিকদের বিরুদ্ধে কোর্টে কেস করলে ৫০/৬০ টাকা ফাইন হয় আইন না মানার জন্য এটা মন্ত্রিমহাশয় জানেন কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: মাননীয় সদস্যের সঙ্গে আমি একমত। এটা সত্য কথা যে, সরকারের হয়তো কেস পরিচালনার জন্য ব্যয় হচ্ছে ২৫০ টাকা অথচ জরিমানা হচ্ছে ৪০।৫০।৬০ টাকা। এটা আইন অনুযায়ী হচ্ছে। সেজন্য আমরা চিন্তা করছি আইনকে আরও কঠোর করে তার মাধ্যমে যে সমস্ত মালিকরা শ্রমিকদের গৃহ নির্মাণ করছে না, তাদের বিরুদ্ধে আরও কঠোর ব্যবস্থা অবলম্বন করার জন্য। সরকার সেদিকে বিশেষ নজর রেখেছেন এবং আশা করছি, এ ব্যাপারে আমরা ব্যবস্থা অবলম্বন করতে পারবো।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: এটা কগনিজেবল অফেন্স হিসাবে নেওয়া যায় কিনা; নূতন আইন প্রণয়ন করার সময় সে কথা ভাববেন কিনা?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: আই ডি অ্যাক্টে এটাকে কগনিজেবল অফেন্স হিসাবে নেওয়া যায় না। তবে আরও কঠোর ব্যবস্থা নেবার জন্য আমরা চেষ্টা করছি যাতে এই সমস্ত মালিকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারি।

STARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

পূর্ব পুঁটিয়ারী অঞ্চলে বন্ধ এম আর সপ

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮৩।) **শ্রীজগদীশ দাস:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ২৪-পরগনা জেলার যাদবপুর থানা এলাকাধীন পূর্ব পুঁটিয়ারী অঞ্চলের একমাত্র এম আর সপ বহুদিন যাবৎ বন্ধ থাকার ফলে স্থানীয় অধিবাসীদের বিশেষ অসুবিধা হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে—

(১) বন্ধ দোকানটির নম্বর কত,

(২) কোন্ তারিখ হইতে উহা বন্ধ আছে,

(৩) ঐ বন্ধের কারণ কি, এবং

(৪) এই দোকানটি চালু করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ২৪-পরগনা জেলার অন্তর্গত পূর্ব-পুঁটিয়ারী অঞ্চলে মোট চারটি এম আর দোকানের মধ্যে একটি দোকানে বে-আইনীভাবে চাউল বিক্রয় করার অপরাধে ঐ দোকানের মালিককে প্রথমতঃ গত ৩রা জুলাই, ১৯৬৯ তারিখ হইতে সাময়িকভাবে বরখাস্ত এবং অবশেষে তাহার ডিলারশিপ খারিজ করা হয়। যেহেতু উক্ত দোকানের রেশন কার্ডগুলি নিকটবর্তী দোকানের সহিত সংযুক্ত করা হইয়াছে সেহেতু স্থানীয় অধিবাসীদের অসুবিধার প্রশ্ন উঠে না।

(খ) (১) বন্ধ দোকানটির নম্বর এম আর ৩২।

(২) গত ৩রা জুলাই, ১৯৬৯ তারিখ হইতে উহা বন্ধ আছে।

(৩) বিনা ক্যাশমেমো এবং বিনা রেশন কার্ডে ১৫ কিলোগ্রাম চাউল বিক্রয় করার অপরাধে উক্ত দোকানটি বন্ধ করা হয়।

(৪) উক্ত দোকানটি খারিজ হওয়ার ফলে যে শূন্যতা সৃষ্টি হইয়াছে তাহা পূরণ করিবার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

আবগারী সুপারিন্টেন্ডেন্টদের প্রমোশন

***৯৩০।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৫০।) **শ্রীশরৎ দাসঃ** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে (১৩-৩-৭৩ পর্যন্ত) আবগারী সুপারিন্টেন্ডেন্টদের প্রমোশন দেওয়ার জন্য কোন নির্বাচন বা প্রস্তাব করা হয়েছে কি;

(খ) হয়ে থাকলে, কত জনের জন্য করা হয়েছে; এবং

(গ) এই নির্বাচনের সময় কি কি বিষয়ের প্রতি লক্ষ্য রেখে এবং কিসের ভিত্তিতে করা হয়?

আবগারী বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) চারজনের জন্য।

(গ) ডেপুটি কমিশনারের নিয়োগ সম্পর্কিত নিয়মানুযায়ী ন্যূনপক্ষে ১০ বৎসর যাবৎ আবগারী সুপারিন্টেন্ডেন্টের কাজ করিতেছেন এরূপ স্থায়ী আবগারী সুপারিন্টেন্ডেন্টদের নাম এবং তাহাদের বাৎসরিক গোপন চরিত্রলিপি ও সংশ্লিষ্ট বিবরণাদি পাবলিক সার্ভিস কমিশনের নিকট পাঠান হয়। উক্ত কমিশনের স্ব-নির্ধারিত নীতি অনুযায়ী এই নির্বাচন করেন।

প্রি-মেডিক্যাল কোর্সে ভর্তি

***৯৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৬।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১ ও ১৯৭২ সালে পশ্চিমবঙ্গে "প্রি-মেডিক্যাল" শ্রেণীতে ভর্তি হবার জন্য কোন প্রতিযোগিতামূলক পরীক্ষা হয়েছিল কি না;

(খ) হয়ে থাকলে, কোন্ কোন্ কেন্দ্রে এই প্রতিযোগিতামূলক পরীক্ষা হয়েছিল;

(গ) কি কি বিষয়ে এই পরীক্ষা গ্রহণ করা হয়েছিল এবং কাহারা উক্ত খাতা পরীক্ষা করিয়াছিলেন;

(ঘ) ইহা কি সত্য যে, বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় প্রাপ্ত নম্বর অনুযায়ী ভর্তি না হইয়া "টেস্ট"-এর নম্বর অনুযায়ী ভর্তি করা হইয়াছে; এবং

(ঙ) সত্য হইলে, উক্ত দুই বৎসরে জেলাওয়ারী কতজন ভর্তির সুযোগ পাইয়াছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭১-৭২ শিক্ষা বছরে, কেবলমাত্র উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের প্রি-মেডিক্যাল কোর্সে ছাত্রছাত্রী ভর্তির জন্য ঐ বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ প্রতিযোগিতামূলক পরীক্ষা গ্রহণ করেন। ঐ বছরে এই রাজ্যের বাকি সব মেডিক্যাল কলেজে ছাত্রছাত্রী ভর্তি করা হয় হায়ারসেকেন্ডারী, প্রি-ইউনির্ভার্সিটি অথবা তৎসমতুল পরীক্ষায় প্রাপ্ত নম্বর অনুসারে নির্ণীত মেধার ভিত্তিতে।

১৯৭২-৭৩ শিক্ষা বছরে এই রাজ্যের সমস্ত মেডিক্যাল কলেজে ও ডেন্টাল কলেজে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয় 'জয়েন্ট এনট্রান্স' নামক প্রতিযোগিতামূলক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা অনুসারে।

(খ) ১৯৭২-৭৩ শিক্ষা বছরে যে সব কেন্দ্রে জয়েন্ট এনট্রান্স পরীক্ষা গৃহীত হয়েছিল তার একটি তালিকা আলাদাভাবে লাইব্রেরী টেবিলে রাখা হয়েছে।

(গ) পরীক্ষার বিষয়সমূহঃ—

(১) ইংরেজী প্রেসি রাইটিং এবং কম্পোজিশান;

(২) ফিজিকস্;

(৩) কেমিস্ট্রি; এবং

(৪) বায়োলজী।

পরীক্ষার উত্তরপত্রসমূহ পরীক্ষা করেছিলেন দি ওয়েস্ট বেংগল বোর্ড অব এক্জামিনেশন ফর অ্যাডমিশন টু ইঞ্জিনীয়ারিং ডিগ্রি কলেজেস্ কর্তৃক নিযুক্ত পরীক্ষকেরা।

(ঘ) (ক) প্রশ্নের উত্তর দ্রষ্টব্য।

(ঙ) সুপ্রিম কোর্টের সাম্প্রতিক রায় অনুসারে, মেডিক্যাল কলেজে জেলাওয়ারী আসন বণ্টন ভারতীয় সংবিধানে প্রদত্ত মৌলিক অধিকার সমন্বিত ধারার পরিপন্থী। তাই ঐ দুবছরের কোন বছরেই জেলার ভিত্তিতে ছাত্রছাত্রী ভর্তি করা হয় নি। এই কারণে ভর্তি হওয়া ছাত্রছাত্রীর জেলাওয়ারী হিসাব দেওয়া সম্ভব নয়।

এব্রাসিভস্ অ্যান্ড কাস্টিংস কারখানা

***১৩২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮২।) **শ্রীমৃগেন্দ্র মুখার্জিঃ** বন্ধ ও দুর্বল শিল্প-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হাওড়ার "এব্রাসিভস্ অ্যান্ড কাস্টিংস অ্যান্ড কাস্টিংস" কারখানাটি বন্ধ আছে; এবং

(খ) অবগত থাকিলে—

(১) বন্ধের কারণ,

(২) কতদিন বন্ধ আছে,

(৩) কত কর্মী ঐ কারখানায় কাজ করতেন, এবং

(৪) এই কারখানাটি খুলিবার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হাওড়া বালির কারখানার কাজ বন্ধ আছে। কিন্তু আইন অনুসারে কারখানাটি বন্ধ ঘোষণা করা হয় নাই।

(খ) (১) মালিক পক্ষ ১৯৭২ 'ইবকন'-এর পরামর্শ অনুযায়ী আর্থিক কারণে বালীর কারখানাটি পাগলাডাঙ্গার কারখানার সঙ্গে একত্র করিবার চেষ্টা করেন। শ্রমিকেরা এই প্রস্তাবে রাজী না হওয়ায় মালিক পক্ষ শ্রমিকদের বরখাস্তের নোটিস দেন এবং শ্রমিকদের আইনানুগ পাওনা মিটাইয়া দিতে চান। অনেক শ্রমিক এই প্রাপ্য টাকা লেন নাই এবং বালীর কারখানা চালু রাখিবার দাবি জারি রাখিয়াছেন। সালিশীতে কোন সুফল পাওয়া যায় নাই।

(২) ১৯৭২ সালের ২রা মে হইতে মালিকপক্ষ কারখানায় কাজ বন্ধ রাখিয়াছেন।

(৩) ১৫১ জন।

(৪) মালিক বালীর কারখানা বিক্রয় করিতে প্রস্তুত জানিয়া গার্ডেনরীচ ওয়ার্কশপের অধীনে এটিকে আনার চেষ্টা করা হয়। কিন্তু তাহা ফলবতী হয় নাই। কারখানাটির পরিচালনাভার আইনবলে অধিগ্রহণের প্রস্তাব ভারত সরকারের বিচারাধীন আছে। কিন্তু মাত্র ১৫১ জন শ্রমিক সমন্বিত কোন কারখানা ভারত সরকার আইনের আওতায় অধিগ্রহণ এ পর্যন্ত করিতে রাজী হয় নাই। রাজ্য সরকার এম এ এস সির সংগে এ বিষয় আলাপ আলোচনা চালাইয়াছেন। একক ভাবে বালীর কারখানাটি লাভজনক না হওয়ার কথা এবং বিশেষজ্ঞের মতে পৃথকভাবে পাগলাডাংগা ও বালীর উভয় জায়গায় কারখানা চালানো আর্থিক ক্ষতির কারণ বলা হইয়াছে। সুতরাং গোটা কোম্পানীর পরিচালনা ভার অধিগ্রহণ করিলেও বালী ও পাগলাডাংগা পৃথকভাবে চালন যুক্তিযুক্ত হইবে কিনা সন্দেহ। এই পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার বালীর কারখানাটি কোন চালু রাষ্ট্রায়ত্ত কারখানার সংগে জুড়িয়া অধিনস্থ প্রতিষ্ঠান (অ্যানসিলিয়ারী) হিসাবে চালানোর চেষ্টা করিয়া চলিয়াছেন।

Plan for banning retrenchment, lay off and lockout in factories

***935.** (Admitted question No. 1885.) **Shri LAL BAHADUR SINGH:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if the Government has any plan for banning retrenchment, lay off and lockout in factories; and

(b) if so, the details of such plan?

The Minister for Labour: (a) Government have no plan for a total ban on retrenchment, lay-off and lock-out in factories.

(b) Does not arise.

নিরাময় টি বি স্যানাটোরিয়ামের নার্সদের সংখ্যা

***৯৩৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫৮।) **শ্রীশচীনন্দন সাউঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার নিরাময় টি বি স্যানাটোরিয়ামে নার্সের সংখ্যা কত;

(খ) নার্সদের মাসিক মাহিনা কত; এবং

(গ) সরকার হইতে তাহাদের শিক্ষা দেওয়ার ব্যবস্থা আছে কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৫৬।

(খ) একটি তালিকা টেবিলে রাখা হয়েছে।

(গ) ইহা একটি বে-সরকারী প্রতিষ্ঠান। সরকার হইতে শিক্ষা দেওয়ার প্রশ্ন ওঠে না।

বীরভূম জেলার নিরাময় স্যানাটোরিয়ামে কর্মরত নার্সদের বেতন হার

(ক) মেট্রন—টাকা ৫০০—২০—৬০০—২৫—৭৫০+বিনাব্যয়ে বাসস্থান ও অন্যান্য ভাতা বাৎসরিক ২৫০ টাকা।

(খ) সিস্টার—(১) পুরাতন হার—টাকা ৩০০—১৫—৪২০—২০—৫০০ টাকা+বিনাব্যয়ে বাসস্থান অথবা মূল বেতনের ১০ শতাংশ বাড়িভাড়া ভাতা।

(২) নতুন হার—টাকা ৩০০—১০—৪২০—১৫—৬০০ টাকা+বিনাব্যয়ে বাসস্থান অথবা মূল বেতনের ১০ শতাংশ বাড়িভাড়া ভাতা +মহার্ঘভাতা ১০ টাকা+চিকিৎসা ভাতা ৮·৩৫ পয়সা।

(গ) স্টাফ নার্স—টাকা ২৩০—৫—২৭৫——৭½—৩৬৫—১০—৪২৫+উপরিলিখিত সুবিধাদি (কেবল মহার্ঘ ভাতা ১০ স্থলে ৮ টাকা)+অন্যান্য ভাতা ১২·৫০ পয়সা।

(ঘ) জুনিয়ার নার্স—টাকা ১৮০—৫—২৪৫—৭—৩৫০+মহার্ঘ ভাতা+অন্যান্য ভাতা+ উপরিলিখিত সুবিধাদি।

কোচবিহার জেলায় স্বাস্থ্যকেন্দ্র

*১৪১। (অনুমোদিত প্রশ্ন নং *১৭০৬।) শ্রীমধুসূদন রায়ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে কোথায় কোথায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপ-স্বাস্থ্যকেন্দ্র করার জন্য প্রস্তাব গ্রহণ করা হইয়াছে;

(খ) এইগুলির কাজ শুরু হইয়াছে কি না এবং হইলে, কয়টির; এবং

(গ) মেখলীগঞ্জ মহকুমার অধীন জামালদহে ও দেওয়ানগঞ্জে উপ-স্বাস্থ্যকেন্দ্রের স্থান নির্বাচন বহুদিন পূর্বে হওয়া সত্ত্বেও অদ্যাবধি কাজ আরম্ভ না হইবার কারণ কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) একটি তালিকা পেশ করা হ'ল।

(গ) জামালদহে উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য যে জমি অস্থায়ীভাবে নির্বাচিত হয়েছে সে সম্বন্ধে পূর্ত বিভাগের সংশ্লিষ্ট ইঞ্জিনীয়ারের টেকনিক্যাল রিপোর্ট পেলে নির্মাণকার্যের অনুমোদন দেওয়া হবে।

দেওয়ানগঞ্জে উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের উপযুক্ত জমি এখনও পাওয়া যায় নি।

*১৭০৬নং প্রশ্নের (ক) এবং (খ) ধারায় উল্লিখিত তালিকা

চতুর্থ পরিকল্পনায় কুচবিহার জেলার যে সকল ব্লকে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রস্তাব এখন রয়েছে			সেগুলির কাজ শুরু হয়েছে কিনা
	ব্লক	প্রাথমিক। উপ-স্বাস্থ্যকেন্দ্র	
(১)	কুচবিহার-১নং ..	প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (স্থায়ী) .	..
(২)	কুচবিহার-২নং ..	প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (স্থায়ী) ..	..
(৩)	মাথাভাঙ্গা-১নং ..	উপ-স্বাস্থ্যকেন্দ্র (১টি) .	পাখিহাগা মৌজায় নির্মাণের আদেশ দেওয়া হয়েছে।
(৪)	মাথাভাঙ্গা-২নং ..	উপ-স্বাস্থ্যকেন্দ্র (২টি) ..	..
(৫)	দিনহাটা-১নং ..	উপ-স্বাস্থ্যকেন্দ্র (১টি) ..	ভকরাবাড়ী মৌজায় নির্মাণের আদেশ দেওয়া হয়েছে।
(৬)	দিনহাটা-২নং ..	উপ-স্বাস্থ্যকেন্দ্র (১টি) ..	নবাবহাট মৌজায় নির্মাণের আদেশ দেওয়া হয়েছে।
(৭)	হলদিবাড়ি	উপস্বস্বাস্থ্যকেন্দ্র (২টি) ..	..
(৮)	তুফানগঞ্জ	উপ-স্বাস্থ্যকেন্দ্র (১টি) ..	রামপুর মৌজায় সুইডিশ মিশণ পরিচালিত চিকিৎসালয়ের পরিচালন ভার গ্রহণ ক'রে উপ-স্বাস্থ্যকেন্দ্র রূপে চালু রাখার প্রস্তাব বিবেচনা করা হচ্ছে।

গামারবনী ক্যাম্পে অগভীর নলকূপ

*৯৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১৮।) **শ্রীফণীভূষণ সিংহ বাবু:** স্বাস্থ্যবিভাগে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার গামারবনী ক্যাম্পে কতগুলি অগভীর নলকূপ আছে এবং নলকূপ-গুলি বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) অগভীর নলকূপগুলি চালু করিবার কোন পরিকল্পনা আছে কি; এবং

(গ) পরিকল্পনা থাকিলে, কবে নাগাত চালু করা হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) কোন অগভীর নলকূপ নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

Accommodation for the Medical students in Calcutta

***943.** (Admitted question No. *1758.) **Shri ABDUL BARI BISWAS:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that the medical students hailing from different districts other than Howrah and Calcutta are not getting their accommodation in Calcutta hostels; and

(b) if so, the action taken or proposed to be taken by the Government in this regard?

The Minister for Health: (a) No.

(b) Does not arise.

সাঁকতোড়িয়ায় বেংগল কোল কোম্পানীর হাসপাতাল

*৯৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৬৪।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, আসানসোল মহকুমার সাঁকতোড়িয়ায় বেংগল কোল কোম্পানী পরিচালিত একটি প্রথম শ্রেণীর হাসপাতাল বন্ধ হইয়া আছে;

(খ) অবগত থাকিলে, উক্ত হাসপাতালটি পুনরায় চালু করিবার কোন ব্যবস্থা করা হইয়াছে কিনা; এবং

(গ) হইলে, কবে নাগাত উক্ত হাসপাতাল চালু হইবে বলিয়া আশা করা যায়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হাসপাতাল গৃহের এক অংশ বেঙ্গল কোল কোং অফিসের কাজে ব্যবহার করছেন এবং বাকি অংশে একটি ক্ষুদ্রায়তনের হাসপাতাল চালু আছে।

(খ) এবং (গ) হাসপাতালটির পরিচালনভার গ্রহণের জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হয়েছে। এ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কোন সিদ্ধান্ত এখনও জানা যায় নি।

শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠের কর্মচারীদের বেতনহার

*৯৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৯।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠের কর্মচারীদের পক্ষ থেকে ঐ হাসপাতালের সকল শ্রেণীর কর্মচারীদের বেতনহার চালু করার জন্য সরকারের কাছে বার বার আবেদন-নিবেদন করা হয়েছে;

(খ) সত্য হ'লে,

(১) বেতনহার চালু করতে বিলম্ব হওয়ার কারণ কি, এবং

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করেছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) বেতন হার চালু করার জন্য আবশ্যক যথাবিধি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে ও হচ্ছে।

(২) (খ)(১)-এর প্রশ্নের উত্তর দ্রষ্টব্য।

ঝালদা থানায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জমি

*৯৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮৮।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার ঝালদা থানায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য জমি দখল করা হইয়াছে;

(খ) হইয়া থাকিলে, স্বাস্থ্যকেন্দ্রের জমির মালিকদিগকে ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে কিনা; এবং

(গ) হইলে, কি হারে দেওয়া হইয়াছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) এবং (গ) ২·৯৬ একর জমি অধিগ্রহণ করা হয়। এর অধিগ্রহণ মূল্য বাবত ৩ হাজার ১শ ৮৩ টাকা এবং ভাড়ার ক্ষতিপূরণ স্বরূপ ৩ শ ৪১ টাকা মঞ্জুর করা হয়েছে।

গিরিডাঙ্গা নিরাময় টি বি স্যানাটোরিয়াম

*৯৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫০।) **শ্রীশচীনন্দন সাউঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় গিরিডাঙ্গা নিরাময় টি বি স্যানাটোরিয়ামে বর্তমানে আসনসংখ্যা কত;

(খ) উক্ত স্যানাটোরিয়ামে আউটডোর চিকিৎসার কোন ব্যবস্থা আছে কি;

(গ) উক্ত স্যানাটোরিয়ামে "আর আর" আসনসংখ্যা কত; এবং

(ঘ) বর্তমানে কতজন রোগী উক্ত স্যানাটোরিয়ামে চিকিৎসিত হইতেছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৩১৬টি।

(খ) আছে।

(গ) ২৫০টি।

(ঘ) ২৪৯ জন (২৪এ মার্চ, ১৯৭৩ তারিখে)।

বীরভূম জেলায় শিক্ষিত ও অশিক্ষিত বেকার

৯৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *২০০৫।) **শ্রীশচীনন্দন সাউঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় সরকারী হিসাবে বর্তমানে শিক্ষিত ও অশিক্ষিত বেকারের সংখ্যা কত;

(খ) ১৩-৩-৭৩ তারিখ পর্যন্ত দুবরাজপুর থানা, ইলামবাজার থানা ও নানুর থানার কতজন যুবক ঐ জেলায় কর্মবিনিয়োগকেন্দ্রে নাম রেজিস্টারি করিয়াছেন; এবং

(গ) বীরভূম জেলার সমস্ত প্রাক্তন সেন্‌সাস্‌ কর্মীদের নিয়োগপত্র দেওয়া হইয়াছে কি?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৩১এ ডিসেম্বর, ১৯৭২ তারিখের কর্মসংস্থান সংস্থার পরিসংখ্যান অনুযায়ী শিক্ষিত ও অশিক্ষিত কর্মপ্রার্থীর সংখ্যা নিম্নরূপঃ--

শিক্ষিত (ম্যাট্রিক ও তদূর্ধ্ব) ... ... ২০,৩১৪ জন।

ম্যাট্রিকের নিম্নে (অশিক্ষিতসহ) ... ৮,৫৭৮ জন।

(খ) থানাভিত্তিক কোন পরিসংখ্যান রাখা হয় না।

(গ) ৬৩ জনকে নিয়োগপত্র দেওয়া হইয়াছে।

শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠে স্নাতকোত্তর আয়ুর্বেদ শিক্ষা

*৯৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠে (১) স্নাতকোত্তর আয়ুর্বেদ শিক্ষা প্রবর্তনের জন্য কেন্দ্রীয় সরকার অর্থ মঞ্জুর করিয়াছেন এবং সমস্ত ব্যয়ভার বহন করিতে রাজী আছেন; এবং (২) চলতি ১৯৭৩-৭৪ সালে উক্ত স্নাতকোত্তর কোর্স চালু না হইলে কেন্দ্রীয় সরকার কর্তৃক মঞ্জুরীকৃত টাকা ফেরৎ যাইবে;

(খ) সত্য হইলে, কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তের বিস্তারিত বিবরণ; এবং

(গ) এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) না। তবে স্নাতাকোত্তর আয়ুর্বেদ শিক্ষা ও গবেষণার জন্য কেন্দ্রীয় সরকার শ্যামাদাস বৈদ্যশাস্ত্র পীঠের বিশেষ একটি বিভাগকে স্নাতকোত্তর পর্যায়ে উন্নীত করতে ও সেজন্য সমস্ত ব্যয়ভার বহন করতে নীতিগতভাবে রাজী আছেন।

(২) প্রশ্ন উঠে না।

(খ) (ক)(১) প্রশ্নেব উত্তর দ্রষ্টব্য।

(গ) স্নাতকোত্তর আয়ুর্বেদ শিক্ষা প্রবর্তনের প্রাথমিক ও অন্যতম শর্ত হিসাবে কেন্দ্রীয় সরকার শ্যামাদাস বৈদ্যশাস্ত্র পীঠকে কোন একটি বিশ্ববিদ্যালয়ের অধীন আয়ুর্বেদ ফ্যাকাল্টির অনুমোদন লাভ করতে পরামর্শ দেওয়ায়, পশ্চিমবঙ্গ সরকার আয়ুর্বেদ ফ্যাকাল্টি স্থাপনের বিষয়টি নিয়ে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সহিত আলাপ-আলোচনা করার পর, বিষয়টি এখন উক্ত বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিলের বিবেচনাধীন আছে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

পশ্চিমবঙ্গের অরণ্যে ট্রান্সমিটার বসানোর প্রস্তাব

৩৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন, গরুমারা ও জলদাপাড়া অভয়ারণ্য সহ পশ্চিমবঙ্গের গুরুত্বপূর্ণ অরণ্যে ট্রান্সমিটার বসিয়ে দ্রুত যোগাযোগের ব্যবস্থা করে চোরা শিকার বন্ধ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কোন্ কোন্ অরণ্যে ও কবে নাগাদ তাহা কার্যকরী হইবে?

বন বিভাগেব মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ, জলদাপাড়া ও সুন্দরবন বনাঞ্চলে ট্রান্সমিটার বসাবার প্রস্তাব আছে।

(খ) এই প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

এগরা থানা এলাকায় কুটিরশিল্প প্রকল্প

৩৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০২।) **শ্রীসামসুল আলাম খান:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা থানা এলাকায় নূতন কুটিরশিল্প খোলার বা গ'ড়ে তোলার কোন ব্যবস্থা করিয়াছেন কিনা;

(খ) করিয়া থাকিলে, তাহা কি কি; এবং

(গ) কোন পরিকল্পনা না থাকিলে, সরকার ঐ এলাকায় বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য কি ব্যবস্থা করিয়াছেন?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) (১) কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প অধিকারে কুটির ও ক্ষুদ্র শিল্পের উন্নতির জন্য যেসব স্কীম আছে তাহা মেদনীপুর জেলার এগরা থানার বেলাতেও প্রযোজ্য। এ ছাড়া ১৬-দফা কর্মসূচি অনুযায়ী ছয়টি ক্ষুদ্রশিল্প সংস্থা সম্প্রতি স্থাপিত হইয়াছে। সেগুলিতে মোট ৪২ জনের কর্মসংস্থান হইতে পারে।

(২) ইহা ছাড়া সেখানে ১২টি মাদুরশিল্প সমবায় সমিতি গঠিত হইয়াছে। ইহাদের উন্নতির জন্য ১৯৬৯-৭০ সালে ৭,২০০ টাকা। ১৯৭০-৭১ সালে ৯,৯০০ টাকা এবং ১৯৭১-৭২ সালে ১২,৫০০ টাকা দেওয়া হইয়াছে। সম্প্রতি সরকার সমগ্র পশ্চিমবঙ্গের মাদুরশিল্পের উন্নয়নের জন্য ১৯৬৯-৭০ সালে ৭,২০০ টাকা, ১৯৭০-৭১ সালে ৯,৯০০ টাকা এবং ১৯৭১-৭২ সালে পারিবেন।

(৩) সিমেন্টের দ্রব্যাদি তৈয়ার করিবার জন্য ১৯৭১-৭২ সালে একটি ক্ষুদ্র সংস্থাকে ডি আই ও অফিস হইতে ২,০০০ টাকা বি এম এ আই অ্যাক্ট অনুসারে ঋণ দেওয়া হইয়াছে।

(৪) ইহা ছাড়া স্থানীয় শিল্পীদের লইয়া সমবায় সমিতি গড়ার চেষ্টা হইতেছে যাহাতে উহারা বিভিন্ন সমবায় প্রকল্পের সাহায্য লইয়া বিভিন্ন শিল্পের উন্নয়ন করিতে পারেন।

(গ) প্রশ্ন উঠে না।

আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতাল

৩৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬৬।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আর জি কর কলেজ ও হাসপাতালে শিক্ষক সহ সরকারী ডাক্তারের মোট সংখ্যা কত;

(খ) অবৈতনিক ও এক্স-ম্যানেজমেন্ট ডাক্তারের মোট সংখ্যা কত;

(গ) আউটডোরে প্রতিদিন গড়ে কতজন রোগী চিকিৎসার জন্য আসেন; এবং

(ঘ) আউটডোরে কতক্ষণ পর্যন্ত টিকিট দেওয়া হয়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৮১।

(খ) ৩৪।

(গ) ২,১৯৬ জন।

(ঘ) সাধারণত সকাল ৯-৩০ মিনিট পর্যন্ত। তবে বিশেষ ক্ষেত্রে কর্তৃপক্ষের নির্দেশে এর পরেও টিকিট দেওয়া হয়।

জেলাওয়ারী জন্মনিয়ন্ত্রণ ব্যবস্থা

৩৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩২।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর): স্বাস্থ্য-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে তিনটি সন্তানের জনক ও জননীর শতকরা কত পারসেন্ট জন্মনিয়ন্ত্রণের আয়ত্তাধীনে আসিয়াছে;

(খ) সরকার পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাতে ভেসেকটমি অস্ত্রোপচার শিবির স্থাপন করিয়া কোন কোন্ জেলাতে কিরূপ ফল লাভ করিয়াছেন; এবং

(গ) বর্তমান বৎসরে জন্মনিয়ন্ত্রণের জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বনের কথা চিন্তা করিতেছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) শতকরা ১৪ জন।

(খ) সংশ্লিষ্ট বিবরণী নিম্নে প্রদত্ত হইল।

(গ) পুরুষদের ক্ষেত্রে ভেসেকটমি এবং মহিলাদের ক্ষেত্রে টিউবেকটমি অস্ত্রোপচার ছাড়া, লুপ, প্রচলিত জন্মপ্রতিরোধক বিতরণ প্রভৃতি ব্যবস্থা বর্তমান বৎসরে চালু আছে। এ ছাড়া জেলায় জেলায় ভেসেকটমি অস্ত্রোপচার গণশিবির খোলার ব্যবস্থাও আছে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 359)

জেলার নাম		ভেসেকটমি অস্ত্রোপচার জনসংখ্যা	
১। হাওড়া	...	৫,২১৪	
২। কলিকাতা	...	১০,৫৩৫	
৩। মেদিনীপুর	...	২৫,৯৪৭	
৪। হুগলি	...	১০,৯৩৯	
৫। নদিয়া	...	৯,১৫৯	
৬। জলপাইগুড়ি	...	৯,০৯৪	
৭। শিলিগুড়ি (দার্জিলিং)	...	৩,০৫০	
৮। বর্ধমান	...	২২,৮৪১	
৯। পুরুলিয়া	...	৯,৯৮৭	
১০। বাঁকুড়া		১৩,৫৯২	
১১। মালদহ	...	৯,৪৭৬	
১২। ২৪-পরগনা	...	২০,১৯১	প্রোগ্রাম এখনও চলছে
১৩। মুর্শিদাবাদ	...	১৭,৪৪৪	প্রোগ্রাম এখনও চলছে
১৪। বীরভূম	...	১৩,২৬১	প্রোগ্রাম এখনও চলছে
১৫। কোচবিহার	...	৫,৭৩৫	প্রোগ্রাম এখনও চলছে
১৬। পশ্চিম দিনাজপুর	...	৫,১০০	প্রোগ্রাম এখনও চলছে

ভি এল ডবলিউ পদে চাকরিরত ব্যক্তি

৩৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯২।) **শ্রীঅজিতকুমার বসু:** সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভি এল ডবলিউ পদে চাকরি করেন এমন ব্যক্তির সংখ্যা কত;

(খ) যাঁহারা দশ বছর পর্যন্ত ভি এল ডবলিউ পদে একই অঞ্চলে চাকরি করিতেছেন তাঁহাদের বদলি করার কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(গ) থাকিলে, কবে নাগাত সেই কর্মসূচি চালু করা হইবে; এবং

(ঘ) মেদিনীপুর, পুরুলিয়া ও বাঁকুড়ার ভি এল ডবলিউদের অত্যাচারের কথা সরকার অবগত আছেন কি?

সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এ পর্যন্ত সংগৃহীত তথ্য অনুযায়ী কর্মরত গ্রামসেবকের সংখ্যা ৩,৮৩১।

(খ) যেসকল গ্রামসেবকের এক ব্লকে পাঁচ বছর চাকরি হইয়া গিয়াছে তাহাদের অন্য ব্লকে বদলি করার জন্য জেলাশাসকদের কাছে নির্দেশ জারি করা আছে।

(গ) এই নির্দেশ ১৯৭০ সালের ফেব্রুয়ারি মাস হইতে বলবৎ আছে।

(ঘ) না।

Technical assistance from Central Ground Water Board

361. (Admitted question No. 1336.) **Shri BHAWANI PROSAD SINHA ROY:** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) whether the Government of West Bengal is taking opportunity of the technical expertise available from the newly established Central Ground Water Board;

(b) whether the geo-hydrological exploration "know how" of the Central Ground Water Board, specially in chronically drought affected areas are being taken up in our sinking of shallow and deep tubewells programme; and

(c) if the answers to (a) and (b) are in the affirmative will he please give the details of the schemes where joint programmes have been taken up?

The Minister for Agriculture: (a) The State Ground Water and Surface Water Investigation Unit takes help from the Central Ground Water Board for carrying out electrical logging operation only.

(b) No.

(c) The State Government are taking help from the Central Ground Water Board as stated in reply to part (a), but there is no joint exploration or investigation programme with this Board.

কংসাবতী নদীর উপর সেতু নির্মাণ

৩৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০০।) **শ্রীঠাকুরদাস মাহাতঃ** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বীনপুর থানা এলাকার মধ্য দিয়া প্রবাহিত কংসাবতী নদীর উপর সেতু নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহার কাজ শুরু হইবে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

রায়না ২নং ব্লকে টি আর-এর কাজ

৩৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২০।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) বর্ধমান জেলার রায়না ২নং ব্লকে গত বৎসর (১৯৭২) কতগুলি টি আর-এর কাজ হয়েছে, এবং কি কি কাজ হয়েছে; এবং

(খ) এ বাবতে মোট কত টাকা ব্যয় হয়েছে?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৮টি টেস্ট রিলিফের কাজ হইয়াছে **এবং** সবগুলিই রাস্তা মেরামতির কাজ।

(খ) ৩৫,৯৭৮ টাকা।

শারীর শিক্ষায় শিক্ষণপ্রাপ্ত স্নাতকের সংখ্যা

৩৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৩।) **শ্রীঠাকুরদাস মাহাতঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) পশ্চিম বাংলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে গত ১৯৭২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট কয়জন শারীর শিক্ষায় শিক্ষণপ্রাপ্ত স্নাতক ও সার্টিফিকেটপ্রাপ্ত শিক্ষক কার্যরত রহিয়াছেন; এবং

(খ) মোট কতগুলি বিদ্যালয়ে শারীর শিক্ষায় শিক্ষণপ্রাপ্ত শিক্ষক নাই এবং উহার কারণ কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পরিসংখ্যান বিভাগ কর্তৃক ১৯৭২ সালের ৩১শে ডিসেম্বর পরিসংখ্যা এখনও সংগৃহীত হয় নাই।

(খ) ক-এর উত্তর দ্রষ্টব্য।

হোমিওপ্যাথিক চিকিৎসার উন্নতি

৩৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩৫।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)**ঃ** স্বাস্থ্য-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হোমিওপ্যাথিক চিকিৎসার উন্নতির জন্য সরকারের কোন পরিকল্পনা বিবেচনাধীন আছে কি;

(খ) মেদিনীপুর জেলায় খড়্গপুর ১নং এবং ২নং ব্লকের প্রতি অঞ্চলে একটি করিয়া হোমিওপ্যাথিক হেল্থ সেন্টার খুলিবার কোন পরিকল্পনা আছে কি;

(গ) ইহা কি সত্য যে, বর্তমানে ফাইলেরিয়া রোগ বৃদ্ধি পাইতেছে; এবং

(ঘ) সত্য হইলে, এই রোগ প্রতিরোধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) না।

(গ) হ্যাঁ।

(ঘ) হ্যাঁ। ফাইলেরিয়া রোগ প্রতিরোধের জন্য পশ্চিমবঙ্গ সরকার জাতীয় ফাইলেরিয়া দূরীকরণ সংস্থায় যোগদান করিয়াছেন। এই সংস্থার অধীনে এই রাজ্যে দশটি ফাইলেরিয়া কন্ট্রোল ইউনিট স্থাপন করা হইয়াছে। এ রোগ প্রতিরোধের জন্য অন্যান্য আনুষঙ্গিক ব্যবস্থাও অবলম্বন করা হইয়াছে।

নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট-এর বাস

৩৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৭।) **শ্রীবীরেশ্বর রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট-এ বর্তমানে কি কি শ্রেণীর (এক্সপ্রেস এবং লোকাল) কতগুলি বাস আছে;

(খ) ঐ বাসগুলি মোট কতগুলি বিভিন্ন রুটে চলে;

(গ) ঐ বাসগুলির মধ্যে কতগুলি চালু অবস্থায় আছে এবং কতগুলি খারাপ (কনডেমন্ড) অবস্থায় আছে; এবং

(ঘ) একটি নূতন বাস গড়ে কত মাস রাস্তায় বাহির করা সম্ভব হয়?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক)

বাস সার্ভিসের শ্রেণী		বর্তমানে চালু বাসের সংখ্যা
এক্সপ্রেস সার্ভিস	...	১০০
লোক্যাল সার্ভিস	...	১৫০
হাট সার্ভিস	...	

(খ)

বাস সার্ভিসের শ্রেণী		বিভিন্ন রুটের মোট সংখ্যা (যেখানে উপরোক্ত বাসগুলি চলে)
এক্সপ্রেস সার্ভিস	...	৩০
লোক্যাল সার্ভিস	...	১২৯
হাট সার্ভিস	...	৪৮

(গ) মোট ৩০২টি বাসের মধ্যে চালু বাসের সংখ্যা ২৭৮ এবং অকেজো (কনডেমন্ড) বাসের সংখ্যা ২৪টি।

(ঘ) একটি নূতন বাস গড়ে ৯৬ মাস রাস্তায় বাহির করা হয়।

কেন্দুপাতা বাবত রেভিনিউ

৩৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭৭।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৭২-৭৩ সালে কোন্ জেলা হ'তে সবচেয়ে বেশি কেন্দুপাতা বাবত রেভিনিউ আদায় হয়েছে;

(খ) উক্ত সালে জেলাওয়ারী রেভিনিউ আদায়ের পরিমাণ কত; এবং

(গ) পশ্চিমবঙ্গে জেলাওয়ারী কত একর বনভূমিতে কেন্দুপাতা উৎপন্ন হয়?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বাঁকুড়া জেলা হইতে।

(খ) মেদিনীপুর জেলা টাঃ ১,৬৬,৩৯৬·০০, বাঁকুড়া জেলা টাঃ ৫,৮৫,৪৫০·০০, এবং পুরুলিয়া জেলা টাঃ ১,৯৮,৩৫০·০০।

(গ) জেলাওয়ারী কত একর বনভূমিতে কেন্দুপাতা উৎপন্ন হয় এ তথ্য নাই। কেন্দুপাতা আপনা থেকে ক্ষয়িষ্ণু শাল জঙ্গলে জন্মায়।

সরকারে ন্যস্ত খাস জমি

৩৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২৮।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)ঃ ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট কত জমি খাস হইয়াছে;

(খ) উক্ত তারিখে কত জমি হাইকোর্টে মামলাধীন আছে; এবং

(গ) পশ্চিমবঙ্গে যেসব সরকারী খাস জমি হাইকোর্টে মামলাধীন আছে তাহার দ্রুত নিষ্পত্তির জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) প্রায় ৯ লক্ষ ৩৭ হাজার একর কৃষি জমি খাস হইয়াছে।

(খ) হাইকোর্টে ও অন্যান্য আদালতে প্রায় ১৬২,০০০ একর কৃষি জমি মামলাধীন আছে। তাহার মধ্যে প্রায় ১৪৫,০০০ একর জমি ইনজাংশনে বন্ধ।

(গ) হাইকোর্টে যেসব মামলা আছে সেগুলির দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করার জন্য এই বিভাগে একটি পৃথক 'সেল' খোলা হইয়াছে উক্ত সেলের কাজ হইল সংশ্লিষ্ট অ্যাডভোকেটদের সঙ্গে যোগাযোগ করিয়া মামলার শুনানী ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা।

ফসল কাটার সময় সংঘর্ষ

৩৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৮০।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এবার ফসল কাটার সময় কয়টি ক্ষেত্রে সংঘর্ষ হইয়াছে; এবং

(খ) বিগত ১৯৭১ ও ১৯৭২ এই দুই বৎসরের কোন্ বৎসরে ঐরূপ কয়টি ঘটনা ঘটিয়াছিল?

ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৮টি ক্ষেত্রে।

(খ) ১৯৭১ সালে ১৭৭টি এবং ১৯৭২ সালে ১৯৫টি।

বীরভূম জেলায় আদিবাসীদের উন্নয়ন

৩৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫৭।) **শ্রীশচীনন্দন সাউঃ** তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় আদিবাসীদের উন্নয়নের জন্য ১৯৭০-৭১ এবং ১৯৭১-৭২ সালে কত টাক বরাদ্দ করা হইয়াছিল;

(খ) বরাদ্দকৃত অর্থ কি কি কাজে খরচ হইয়াছে; এবং

(গ) উক্ত দুই বৎসরে দুবরাজপুর থানায় এবং ইলামবাজার থানায় আদিবাসীদের উন্নয়নের জন্য কি কি কাজ করা হইয়াছে?

তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) নিম্নে রক্ষিত বিবরণী-১ দ্রষ্টব্য।

(গ) নিম্নে রক্ষিত বিবরণী ২ দ্রষ্টব্য।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 370.

বিবরণী ১

কার্যসূচির নাম।	১৯৭০-৭১ সালে		১৯৭১-৭২ সালে	
	বরাদ্দ	ব্যয়	বরাদ্দ	ব্যয়
	টাকা	টাকা	টাকা	টাকা
(১) মাধ্যমিক ও মাধ্যমিকোত্তর শ্রেণীতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের শিক্ষা বৃত্তি প্রদান।	৮৩,২৫০	৭৭,৮০২	৮১,৬৬৮	৭৯,২৬৬
(২) পানীয় জল সরবরাহ .. .	১০,০০০	১০,০০০	..	..
(৩) মাঝারি সেচ প্রকল্প	১৭,৭৪৬	১৭,৭৪৬	..	..
(৪) কারিগরি বিদ্যালয়ে আশ্রম-ব্যবস্থা ..	৮,০৮০	৮,০৮০	২২,৫২০	২২,৫২০
(৫) প্রাথমিক বিদ্যালয়ের গৃহনির্মাণ	১৭,৯৩২	১৭,৯৩২	..	..
(৬) সাব-ব্লক প্রকল্প	৬৭,০৫০	৬৭,০৫০	৭৩,০৬৭	৭২,৫৮৭
(৭) নূতন শস্যগোলা স্থাপন ও পুরাতনগুলির সংরক্ষণ	৫০,৩৮৫	৫০,৩৮৫	২৬,৯৬০	২৬,৯৬০
(৮) পুষ্টিকর খাদ্য প্রদান প্রকল্প	২,০০০	১,৯৯৯	১,৫১,০০০	১,৪৮,৭৬০

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 370.

বিবরণী ২

থানার নাম	রূপায়িত কার্যসূচি	
	১৯৭০-৭১	১৯৭১-৭২
১। দুবরাজপুর ..	(ক) স্কুলে ও কলেজে পাঠরত ছাত্র-ছাত্রীদের বৃত্তি।	(ক) স্কুলে ও কলেজে পাঠরত ছাত্র ছাত্রীদের বৃত্তি।
	(খ) সমবায় শস্যগোলা সংরক্ষণ।	(খ) সমবায় শস্যগোলা সংরক্ষণ।
	(গ) পানীয় জলের জন্য কূপ খনন।	(গ) পুষ্টিকর খাদ্য প্রদান।
২। ইলামবাজার ..	(ক) স্কুলে পাঠরত ছাত্র-ছাত্রীদের বৃত্তি।	(ক) স্কুলে পাঠরত ছাত্র-ছাত্রীদের বৃত্তি।
	(খ) সমবায় শস্যগোলা সংরক্ষণ।	(খ) সমবায় শস্যগোলা সংরক্ষণ।
		(গ) পুষ্টিকর খাদ্য প্রদান।
		(ঘ) সাব-ব্লক প্রকল্প।

পশ্চিমবঙ্গে সরকারী ও বেসরকারী হাসপাতালে টি বি ও ক্যান্সার রোগী

৩৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯৪।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে জেলাওয়ারী সরকারী ও বেসরকারী হাসপাতালগুলিতে (যেখানে সরকার হইতে গ্রান্ট দেওয়া হয়) টি বি এবং ক্যান্সার রোগীর সংখ্যা কত;

(খ) পশ্চিমবঙ্গে কতগুলি টি বি এবং ক্যান্সার হাসপতাল আছে এবং উক্ত হাসপাতালগুলির কোন্‌টিতে কত রোগী আছেন;

(গ) উক্ত হাসপাতালগুলিতে কি পদ্ধতিতে রোগী ভর্তি করা হয়; এবং

(ঘ) বেসরকারী হাসপাতালগুলিকে জাতীয়করণ কর র কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) একটি তালিকা নিম্নে পেশ করা হইল।

(খ) ১৯টি টি বি হাসপাতাল ও ২টি ক্যান্সার হাসপাতাল আছে। উপরোক্ত তালিকার উক্ত হাসপাতালগুলির রোগীর সংখ্যা নিম্নে দেওয়া হইল।

(গ) সরকারী টি বি হাসপাতাল ও যেসব বেসরকারী হাসপতালে স্বাস্থ্যবিভাগ কর্তৃক সংরক্ষিত টি বি শয্যা আছে, সেইসব হাসপাতাল ও শয্যাগুলিতে ভর্তির জন্য সরকার কর্তৃক গঠিত নির্বাচক কমিটি রোগী নির্বাচন করেন। ঐ নির্বাচনের ক্রম অনুযায়ী রোগী ভর্তি করা হয়। অন্যান্য টি বি হাসপাতাল ও শয্যাগুলিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ রোগী ভর্তির ব্যবস্থা করেন।

(ঘ) বর্তমানে নেই।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 371.

জেলাওয়ারী সরকারী ও বেসরকারী হাসপাতালগুলিতে টি বি ও ক্যান্সার রোগীর দৈনিক সংখ্যা

জিলা।		হাসপাতাল।	সরকারীঃ বেসরকারী।		সরকারী হাসপাতালে আন্তর্বিভাগীয় রোগীর সংখ্যাঃ বেসরকারী হাসপাতালে সংরক্ষিত শয্যায় রোগীর সংখ্যা।
		(১) টি বি হাসপাতাল			
মেদিনীপুর	..	১। এম আর বাঙ্গুর স্যানাটোরিয়াম, ডিগ্রি ..	সরকারী	..	২৭২ জন
নদীয়া	..	২। কাঁচরাপাড়া টি বি হাসপাতাল ..	ঐ	..	৬২৬ জন
		৩। ধুবুলিয়া টি বি হাসপাতাল ..	ঐ	..	৭৬২ জন
		৪। কে সি গুহ মেমোরিয়াল টি বি হাসপাতাল, রাণাঘাট।	বেসরকারী	..	৪৬ জন
হুগলী	..	৫-৬। শ্রীরামপুর ও গৌরহাটি টি বি হাসপাতাল ..	ঐ	..	৪৬ জন

জিলা।		হাসপাতাল।	সরকারী : বেসরকারী।	সরকারী হাসপাতালে আন্তর্বিভাগীয় রোগীর সংখ্যা: বেসরকারী হাসপাতালে সংরক্ষিত শয্যার রোগীর সংখ্যা
বীরভূম	৭।	নিরাময় টি বি স্যানাটোরিয়াম, ডিরিডাঙ্গা	বেসরকারী	২৫ জন
জলপাইগুড়ি	৮।	রাণী অশ্রুমতী মেমোরিয়াল রেডক্রশ টি বি হাসপাতাল, জলপাইগুড়ি।	ঐ	২০ জন
২৪-পরগণা	৯।	মেয়রস টি বি হাসপাতাল, বোড়াল	ঐ	তথ্য পাওয়া যায় নি।
	১০।	নেহরু চেষ্ট ক্লিনিক ও হাসপাতাল, বারাকপুর	ঐ	৪০ জন
দার্জিলিং	১১।	এস বি দে স্যানাটোরিয়াম, কার্সিয়াং	ঐ	১২০ জন
	১২।	দার্জিলিং টি বি হাসপাতাল	সরকারী	তথ্য পাওয়া যায় নি।
কোচবিহার	১৩।	জে ডি হাসপাতাল, কোচবিহার	ঐ	ঐ
মালদহ	১৪।	রাজাশরৎচন্দ্র রেড ক্রশ টি বি হাসপাতাল	বেসরকারী	ঐ
কলিকাতা	১৫।	কে এস রায় টি বি হাসপাতাল, যাদবপুর	ঐ	৩৩৩ জন
	১৬।	বালানন্দ ব্রহ্মচারী সেবায়তন	ঐ	১০ জন
	১৭।	জি কে খেমকা চেষ্ট ক্লিনিক ও হাসপাতাল	ঐ	৭০ জন
	১৮।	পাতিপুকুর টি বি হাসপাতাল	সরকারী	৬৬ জন
	১৯।	টি বি রিলিফ এ্যাসোসিয়েশন চেষ্ট ক্লিনিক ও হাসপাতাল।	বেসরকারী	তথ্য পাওয়া যায় নি।

(২) ক্যান্সার হাসপাতালে চিকিৎসিত রোগীর সংখ্যা

কলিকাতা	চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতাল, কলিকাতা	বেসরকারী	৩০ জন
হুগলী	রূপলাল নন্দী মেমোরিয়াল ক্যান্সার রিসার্চ সেণ্টার হাসপাতাল, চন্দননগর।	ঐ	৩০ জন

দ্রষ্টব্য : এ ছাড়া কলিকাতার সরকারী ৪টি হাসপাতালের অন্তর্বিভাগে এই রোগের জন্য অনেক রোগী চিকিৎসিত হচ্ছেন।

পশ্চিমবঙ্গে মৎস্য চাষ

৩৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১৫।) **শ্রীকাশীনাথ মিশ্র:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকারী হিসাব অনুযায়ী কত একর এলাকায় মাছ চাষ করা হয়;

(খ) পশ্চিমবঙ্গে প্রয়োজনের মোট শতকরা কত ভাগ মাছ উৎপন্ন হয় এবং কত ভাগ এই রাজ্যের বাহির হইতে আনা হয়;

(গ) কি কি শ্রেণীর মাছ চাষ হয়;

(ঘ) মাছ চাষের জন্য বর্তমানে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে;

(ঙ) মাছ চাষের জন্য সরকারের বাৎসরিক ব্যয় কত; এবং

(চ) গভীর সমুদ্রে মাছ ধরার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) সঠিক হিসাব নাই।

(খ) মোট প্রয়োজনের শতকরা ত্রিশ ভাগ রাজ্যে উৎপন্ন হয় এবং শতকরা চার হইতে পাঁচ ভাগ রাজ্যের বাহির হইতে আনা হয়।

(গ) রুই, কাৎলা, মৃগেল প্রভৃতি দেশীয় মাছ ছাড়াও 'কমন কার্প', 'গ্রাস কার্প', তেলাপিয়া ইত্যাদি বিদেশ হইতে আমদানিকৃত মাছের চাষও করা হইয়া থাকে।

(ঘ) এই ব্যাপারে সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থাগুলির একটি তালিকা নিম্নে প্রদত্ত হইল।

(ঙ) একটি বিবরণী প্রদত্ত হইল—

বৎসর	প্রকৃত ব্যয়	
	সাধারণ খাতে	পঞ্চবার্ষিক পরিকল্পনা খাতে (লক্ষ টাকার অঙ্কে)
১৯৭০-৭১	২৩·৮৭	৩৯·৮০
১৯৭১-৭২	২৫·৮৫	৫৯·৮১
১৯৭২-৭৩ (ডিসেম্বর, ১৯৭২ পর্যন্ত)	২০·২১	১৭·৪৫

১৯৭৩-৭৪ সালের বাজেট বরাদ্দ সাধারণ খাতে ২৯ লক্ষ টাকা এবং পরিকল্পনা খাতে ৭৫ লক্ষ টাকা।

(চ) এই উদ্দেশ্যে একটি প্রকল্প প্রস্তুত করা হইয়াছে।

Statement referred to in reply to clause (Gha) of unstarred question No. 372.

মাছ চাষের জন্য বর্তমানে সরকার নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করিয়াছেন:—

(১) গ্রামাঞ্চলে উৎসাহী মৎস্য চাষীদের মধ্যে ন্যায্যমূল্যে উন্নত জাতের দেশী ও বিদেশী চাষোপযোগী মৎস্যের চারা পোনা সরবরাহ করিবার জন্য রাজ্যের বিভিন্ন অংশে মৎস্য বীজ খামার (ফিস সিড ফার্ম) স্থাপন করা হইয়াছে।

(২) উন্নত মৎস্যচাষ সম্পর্কে বিভিন্ন প্রকার পরীক্ষা-নিরীক্ষা করিবার উদ্দেশ্যে এবং রাজ্যের মৎস্য সরবরাহের ঘাটতি কতকাংশে পূরণ করিবার উদ্দেশ্যে রাজ্যের বিভিন্ন অংশে মৎস্যচাষ খামার (ফিস ফার্ম) স্থাপন করা হইয়াছে।

(৩) নদী হইতে সংগৃহীত মৎস্যের ডিমপোনার পরিমাণ দিন দিন কমিয়া যাইতেছে বলিয়া বন্ধ জলাশয়ে পোনামাছের প্রজনন করাইবার উদ্দেশ্যে ব্যাপকভাবে "ইন্ডিউসড্ ব্রিডিং প্রোগ্রাম" এই রাজ্যে গ্রহণ করা হইয়াছে।

(৪) হাজা-মজা পুষ্করিণী উন্নয়ন করিয়া মৎস্যচাষের জন্য পুষ্করিণীর মালিকদের দীর্ঘমেয়াদী ঋণ দেওয়া হইতেছে।

(৫) পশ্চিমবঙ্গে দরিদ্র মৎস্যজীবীগণকে মাছ ধরিবার জন্য জাল, নৌকা ইত্যাদি তৈয়ারি বা ক্রয় করিবার জন্য স্বল্পমেয়াদী ঋণ দেওয়া হইতেছে।

(৬) গ্রামাঞ্চলে উৎসাহী মৎস্যচাষীদের সুবিধার্থে ব্লক মাধ্যমে শতকরা ৫০ ভাগ ভরতুকী (সাবসিডি) দিয়া উন্নত জাতের চাষোপযোগী মাছের চারাপোনা বিতরণ করা হইতেছে। ১৯৭২-৭৩ সাল হইতে সংশ্লিষ্ট ব্লকগুলিতে ছোট ছোট "সিড ফার্ম" করিবার পরিকল্পনাও গৃহীত হইয়াছে।

(৭) জনপুট ও কল্যাণীতে বিভাগীয় গবেষণাগারে উৎসাহী মৎস্যচাষীদের পুকুরের জলমাটির গুণাগুণ নির্ণয় করিয়া তথায় মৎস্যচাষের উন্নতির জন্য বিভিন্ন পরামর্শ দান করা হয়।

(৮) জুনপুট ও ফ্রেজারগঞ্জে "ফিস মিল", শার্ক লিভার অয়েল, শুঁটকী মাছ প্রভৃতি প্রস্তুত করা হইতেছে।

(৯) পশ্চিমবঙ্গে মৎস্য সরবরাহের ঘাটতি পূরণের জন্য সমুদ্র উপকূলে যান্ত্রিক নৌকার সাহায্যে মৎস্য ধরার একটি পরিকল্পনা চালু আছে। ভবিষ্যতে মৎস্যজীবীরা যাহাতে উপকূল অঞ্চলে নিজেদের যান্ত্রিক নৌকার সাহায্যে মাছ ধরিতে পারে তাহার ব্যবস্থা করা হইতেছে।

(১০) সরকারের নিজস্ব হাজা-মজা পুষ্করিণীগুলির উন্নয়ন করিয়া উৎসাহী মৎস্যচাষী-দিগকে মাছ চাষের জন্য "লীজ" (বন্দোবস্ত) দেওয়ার একটি পবিকল্পনা ১৯৭০-৭১ সাল হইতে গ্রহণ করা হইয়াছে।

(১১) ফিসারম্যান কো-অপারেটিভ সমিতির মাধ্যমে বিভিন্ন সরকারী বিল, বাঁওর প্রভৃতি জলাশয়ে মৎস্যচাষের জন্য সরকার উক্ত সমিতিগুলিকে ঋণ ও অনুদান দিতেছেন।

(১২) বিভাগীয় কর্মীদের প্রশিক্ষণ দেওয়া হইতেছে। ১৯৭২-৭৩ সাল হইতে শিক্ষিত বেকাব যুবকদেরও মৎস্যচাষে স্বল্পমেয়াদী প্রশিক্ষণ দেওয়া হইতেছে।

(১৩) কংসাবতী জলাধারে বর্তমান বৎসর (১৯৭২-৭৩) হইতে পরীক্ষামূলকভাবে মৎস্য ধরিবার পরিকল্পনা গৃহীত হইয়াছে।

পুরুলিয়া জেলায় গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্প

৩৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪২।) **শ্রীকিঙ্কর মাহাতঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জ নাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কোন্ ব্লকে কত গ্রামে বিদ্যুৎ দিবার ব্যবস্থা আছে (১০ হাজারের কোটায়) এবং কতদিনের মধ্যে ঐসমস্ত গ্রামে বিদ্যুৎ দেওয়ার কাজ সম্পূর্ণ হইবে;

(খ) পুরুলিয়া জেলায় ১৯৭৩ সালের ১লা জানুয়ারি পর্যন্ত কোন্ কোন্ গ্রামে বিদ্যুৎ দেওয়া সম্ভব হইয়াছে; এবং

(গ) ঝালদা ১নং ও ২নং ব্লকে কোন্ কোন্ গ্রাম এই আওতায় আসিবে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৪৯৯টি গ্রামে বিদ্যুৎ দিবার ব্যবস্থা আছে এবং ১৯৭৩ সনের ডিসেম্বরের মধ্যে শেষ হইবে বলিয়া স্থির আছে। রাজ্য বিদ্যুৎ পর্ষদ ব্লকভিত্তিক তথ্য রাখে না।

(গ) থানাওয়ারী হিসাব নিম্নরূপ—

থানার নাম	মৌজার সংখ্যা
আরশা	১
বলরামপুর	৩
হুরা	৩
জয়পুর	২
ঝালদা	৩
কাশীপুর	৬
মানবাজার	১
নেতুরিয়া	২৬
পারা	১১
পঞ্চা	১
পুরুলিয়া	১৩
রঘুনাথপুর	৪১
সাঁতুরি	৩
মোট ...	১১৪

মৌজার নামের তালিকা লাইব্রেরী টেবিলে (অ্যানেক্সার "এ") উপস্থাপিত করা হইল।

(গ) পাজহালদা, দুমারিয়া ও ধোসা মৌজা এই আওতায় আসিবে।

মেদিনীপুরে গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্প

৩৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৬।) **ডাঃ ওমর আলীঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্পে মেদিনীপুর জেলায় ১৯৭৩-৭৪ সালে থানাভিত্তিক কতগুলি গ্রামে বৈদ্যুতীকরণ করার প্রস্তাব গৃহীত হয়েছে;

(খ) ঐ গ্রামগুলির নাম এবং কবে নাগাত কাজ আরম্ভ হতে পারে; এবং

(গ) ১৯৭৩ সালের ১৫ই ফেব্রুয়ারি পর্যন্ত ঐ জেলায় থানাওয়ারী কতগুলি ও কোন্ কোন্ গ্রামে বৈদ্যুতীকরণ কাজ শেষ হয়েছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ডেবরা ৯৬, খড়্গপুর ১৩, পিংলা ২৮, পাঁশকুড়া ১৫৪, সবং ৬৭, দাঁতন ৪৭, চন্দ্রকোণা ১, পটাশপুর ৮৩, কেশিয়ারী ২১, নয়াগ্রাম ৭, ময়না ৫৯,

কাঁথি ৫৫, কেশপুর ৪৬, ভগবানপুর ৫৫, তমলুক ১৩৪, ঝাড়গ্রাম ৫, দাসপুর৪, এগরা ১৭, সাঁকরাইল ২৯, গড়বেতা ৮৫, শালবনী ৪২, জামবনী ৩১, বীনপুর ৮৩, মেদিনীপুর ৬১, গোপীবল্লভপুর ৫৫। একুনে ১,৩২৬টি গ্রাম।

(খ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল—(এনেকসার "এ")।

এ বছরে এপ্রিল নাগাত কাজ আরম্ভ হইবে।

(গ) ১৯৭৩ সালের জানুয়ারি পর্যন্ত যে ৫৪৮টি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে তাহার একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল—(এনেকসার "বি")।

জয়দেব কেন্দুলীতে স্বাস্থ্যকেন্দ্র

৩৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫৯।) **শ্রীশচীনন্দন সাউ:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় ইলামবাজার থানায় জয়দেব কেন্দুলীতে স্বাস্থ্যকেন্দ্র মঞ্জুরী দেওয়া হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে—

(১) স্বাস্থ্যকেন্দ্রের জন্য উপযুক্ত পরিমাণ জায়গা-জমি পাওয়া গিয়াছে কিনা, এবং

(২) উহার নির্মাণ কার্য কবে নাগাত শুরু হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এখানে একটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। —

(খ) (১) হ্যাঁ।

(২) যত তাড়াতাড়ি সম্ভব হয় করা হবে।

মেদিনীপুরে টি আর-এর কাজ

৩৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩৪।) **শ্রীরজনীকান্ত দলুই:** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) টি আর কাজের মাধ্যমে কাঁচা রাস্তা মেরামত করা যাইবে কিনা;

(খ) টি আর-এর মাধ্যমে কোন পুকুর ইত্যাদি খনন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) মেদিনীপুর জেলায় টি আর-এর কাজ কবে নাগাত চালু হইবে?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ, যাইবে।

(খ) হ্যাঁ।

(গ) গ্রামাঞ্চলে কর্মসংস্থানের উদ্দেশ্যে সম্ভাব্য ক্ষেত্রে ক্র্যাশ ও স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম প্রভৃতি কর্মভিত্তিক প্রকল্প রূপায়ণের জন্য সর্বতোভাবে চেষ্টা করা হইবে। যখন কোন এলাকায় এরূপ প্রকল্প রূপায়ণ সম্ভব নয়, অথচ কর্মসংস্থান করা প্রয়োজন, কেবলমাত্র তখনই বিকল্প ব্যবস্থা হিসাবে টেস্ট রিলিফ ওয়ার্ক চালু করা হইবে।

জেলাওয়ারী প্রমোদকর

৩৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬৪।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা হইতে ১৯৭১-৭২ সালে প্রমোদকর হিসাবে কত টাকা আদায় হইয়াছে;

(খ) উক্ত সময়ে কলিকাতা শহরে সিনেমা, থিয়েটার এবং হোটেল রেস্তোঁরা হইতে প্রমোদকর হিসাবে কত টাকা পাওয়া গিয়াছে;

(গ) কি কি বিষয়ের প্রতি বিবেচনা করিয়া প্রমোদকর মুক্ত করা হয়;

(ঘ) ১৯৭২-৭৩ সালে কি কি বিষয়ে প্রমোদকর মুক্ত করা হইয়াছে; এবং

(ঙ) ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) বিভিন্ন ভাষায় কতগুলি সিনেমার বই প্রমোদকর মুক্ত করা হইয়াছে?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭১-৭২ সালে পশ্চিমবঙ্গে প্রমোদকর হিসাবে ৫,৩৬,৪০,০০৬·০০ টাকা (প্রকৃত) আদায় হইয়াছে। ঐ সময়ে কলিকাতায় ৩,৬৫,৭৩,১৬৭·৮২ টাকা (বিভাগীয় প্রকৃত) আদায় হইয়াছে এবং কলিকাতা বাদে অন্য জেলাগুলি হইতে ১,৭০,৬৬,৮৩৮·১৮ টাকা আদায় হইয়াছে।

(খ) উক্ত সময়ে কলিকাতা শহরে সিনেমা হইতে ২,৬১,১১,১০৯·৯৫ টাকা আদায় হইয়াছে। যেহেতু পেশাদারী ও অপেশাদারী থিয়েটার করমুক্ত সুতরাং কর আদায়ের প্রশ্ন উঠে না। ঐ সময় হোটেল রেস্তোঁরা হইতে আনুমানিক ৫,০০০·০০ টাকা কর আদায় হইয়াছে।

(গ) বঙ্গীয় প্রমোদকর আইন, ১৯২২-এর ৮ ধারার (২) উপধারার বিধান অনুযায়ী নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করিয়া প্রমোদকর মুক্ত করা হয়ঃ—

(১) যেখানে বিনোদনের টিকিট বিক্রয়লব্ধ সমুদয় অর্থ জনহিতকর জনকল্যাণমূলক বা ধর্মীয় উদ্দেশ্যে ব্যয়িত হয়,

(২) যেখানে বিনোদন সম্পূর্ণভাবে শিক্ষামূলক,

(৩) যেখানে বিনোদন অংশত শিক্ষামূলক বা অংশত বৈজ্ঞানিক উদ্দেশ্যে কোনও অলাভ-জনক প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত,

(৪) যেখানে বিনোদন কোনও কৃষিশিল্প, উৎপাদনশিল্প অথবা জনস্বাস্থ্যের উন্নতিকল্পে প্রতিষ্ঠিত কোনও অলাভজনক প্রতিষ্ঠান কর্তৃক প্রদর্শনী হিসাবে আয়োজিত।

(ঘ) ঐ সময়ে (গ) প্রশ্নের উত্তরে যে বিষয়গুলির উল্লেখ করা হইয়াছে সেই সেই বিষয়ে প্রমোদকর মুক্ত করা হইয়াছে।

(ঙ) ১৯৭১-৭২ সালে ইংরেজি ও বিভিন্ন ভাষায় ফিল্মস্ ডিভিসন ভারত সরকার কর্তৃক তোলা একটি তথ্যচিত্র ও একটি বাংলা জীবনী চিত্র এবং ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) চারটি বাংলা ছায়াছবি (ইহার মধ্যে একটি বাংলাদেশ সরকার কর্তৃক মুক্তিপ্রাপ্ত) এবং নেতাজী রিসার্চ ব্যুরো কর্তৃক নির্মিত একটি তথ্যচিত্র প্রমোদকর মুক্ত করা হইয়াছে।

তফসিলভুক্ত জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের স্টাইপেন্ড

৩৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬৫।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের তফসিলভুক্ত জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের স্টাইপেন্ডের জন্য ১৯৭২-৭৩ সালে কত অর্থ মঞ্জুর করা হইয়াছিল;

(খ) বাঁকুড়া জেলার জন্য ঐ বাবত কত অর্থ বরাদ্দ করা হইয়াছিল; এবং

(গ) উক্ত জেলার জন্য বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণ খরচ হইয়াছে কি?

তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ২,১২,৫১,৪৫৯ টাকা।

(খ) ১৩,৬২,২৩০ টাকা।

(গ) সামান্য পরিমাণ অর্থ এখনও ব্যয় হয় নাই। আশা করা যায় যে, ৩১শে মার্চ, ১৯৭৩ তারিখের মধ্যে সম্পূর্ণ ব্যয় হইবে।

চাষ আবাদের জন্য চাষীদের ঋণ

৩৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬৭।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)ঃ কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালে সরকার বিভিন্ন জেলায় গরু ক্রয়, সার খরিদ এবং অন্যান্য চাষ-আবাদের জন্য ঋণ বাবত কত পরিমাণ অর্থ চাষীদের মধ্যে বিতরণ করিবার পরিকল্পনা লইয়াছেন; এবং

(খ) উক্ত ঋণ বাবত কত টাকা মেদিনীপুর জেলার জন্য ধার্য করিয়াছেন?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭৩-৭৪ সালের জন্য বিভিন্ন ঋণ খাতে এই রাজ্যের জন্য বাজেটে নিম্নলিখিত অর্থসমূহ বরাদ্দ করা হইয়াছেঃ—

(১) **গরু ক্রয় ঋণ**—২৮,০০,০০০ টাকা,

(২) **সার ক্রয় ঋণ**—ভারত সরকার হইতে স্বল্পমেয়াদী ঋণ লইয়া রাজ্যসরকার সার ক্রয় ঋণ চাষীদের মধ্যে বিতরণ করেন। ১৯৭৩-৭৪ সালে ভারত সরকারের নিকট হইতে এই বাবত কত টাকা পাওয়া যাইবে তাহা এখনই বলা যায় না,

(৩) **কৃষি ঋণ**—৬০,০০,০০০ টাকা।

(খ) প্রয়োজন অনুযায়ী জেলাভিত্তিক টাকা বরাদ্দ করা হয়, মেদিনীপুর জেলার জন্য বিভিন্ন খাতে কত টাকা ধার্য হইবে তাহা এখনই বলা সম্ভব নয়।

সেচ সেবিত চাষের জমি

৩৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩২।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে সেচ সেবিত চাষের জমির পরিমাণ কোন্ জেলায় কত একর;

(খ) সেচ সেবিত এলাকায় মোট সারের প্রয়োজন ১৯৭২-৭৩ সালে কত এবং ১৯৭৩-৭৪ সালের জন্য কত প্রয়োজন হইবে; এবং

(গ) বর্তমানে এই রাজ্যে সার আমদানির পরিমাণ কত?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই বিষয়ে একটি বিবরণী নিম্নে প্রদত্ত হইল।

(খ) কেবলমাত্র সেচ সেবিত এলাকার সারের প্রয়োজনের পরিমাণ নির্ধারণ করা হয় না। সমগ্র পশ্চিমবঙ্গের সেচ ও অ-সেচ এলাকার জন্য নিম্নলিখিত পরিমাণ বিভিন্ন প্রকার সারের প্রয়োজন অনুমান করা হইয়াছেঃ—

১৯৭২-৭৩ ... ৪৯৪,০০০ টন

১৯৭৩-৭৪ ... ৫৪৪,২০০ টন

(গ) বর্তমান বৎসরে প্রয়োজনের প্রায় অর্ধেক সার পাওয়া গিয়াছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 380.

Irrigated areas up to 1970-71

In '000 acres.

Serial No.	Name of the district.		Irrigated area.
1.	24-Parganas	...	279.34
2.	Nadia	...	183.35
3.	Murshidabad	...	371.65
4.	Burdwan	...	783.00
5.	Birbhum	...	656.79
6.	Bankura	...	485.85
7.	Midnapore	...	828.75
8.	Hooghly	...	359.90
9.	Howrah	...	73.29
10.	Jalpaiguri	...	171.73
11.	Darjeeling	...	58.40
12.	Malda	...	79.92
13.	West Dinajpur	...	68.05
14.	Cooch Behar	...	55.95
15.	Purulia	...	195.00
	Total:	...	4,650.97

মুর্শিদাবাদ জেলায় কৃষি, গরু, সার ও রবিশস্যের বীজ ক্রয় বাবত ঋণ

৩৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৯।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের আগস্ট মাস হইতে ৩১এ জানুয়ারি ১৯৭৩ সাল পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় কৃষি ঋণ, গরু ক্রয় ঋণ, সার ক্রয় ঋণ এবং রবিশস্যের বীজ ক্রয় ঋণ বাবত মোট কত টাকা বরাদ্দ করা হইয়াছে এবং কত টাকা বিলি করা হইয়াছে; এবং

(খ) উক্ত সময়ে ভগবানগোলা ১নং ও ২নং ব্লকে উপরি-উক্ত বিভিন্ন খাতে কত টাকা বরাদ্দ হইয়াছে এবং কত টাকা বিলি করা হইয়াছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ—

(১) কৃষি ঋণ—১২,৮১,০০০ টাকা।

(২) গরু ক্রয় ঋণ—২,৫০,০০০ টাকা।

(৩) সার ক্রয় ঋণ—২০,০০,০০০ টাকা।

(৪) রবিশস্যের বীজ ক্রয় ঋণ—২২,০০,০০০ টাকা।

মোট বিলিকৃত অর্থের পরিমাণ—

(১) কৃষি ঋণ—১১,১৪,১৬৫ টাকা।

(২) গরু ক্রয় ঋণ—২,৪৯,৬০০ টাকা।

(৩) সার ক্রয় ঋণ—২৭,৭৭,০৯৫ টাকা।

[আগস্ট মাসের পূর্বেকার বরাদ্দের কিছু টাকা পরে বিলি হইয়াছে।]

(খ) ভগবানগোলা ১নং ব্লকঃ

বরাদ্দের পরিমাণ—	বিলির পরিমাণ—
(১) ৩,৫৭০ টাকা।	(১) ২,৮৬০ টাকা।
(২) ৭,১৪০ টাকা।	(২) ৭,১৪০ টাকা।
(৩) ৯২,৮৫৫ টাকা।	(৩) ২২,০০০ টাকা।
(৪) ৮৬,৪১৫ টাকা।	(৪) ... ...

ভগবানগোলা ২নং ব্লকঃ

বরাদ্দের পরিমাণ—	বিলির পরিমাণ—
(১) ৩,১২৫ টাকা।	(১) ... ...
(২) ৬,২৫০ টাকা।	(২) ৬,২৫০ টাকা।
(৩) ৮১,২৫০ টাকা।	(৩) ... ...
(৪) ৮৪,৪০০ টাকা।	(৪) ... ...

গ্রামাঞ্চলকে সেচ ও অ-সেচ এলাকাভুক্ত করার নীতি

৩৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪০।) **শ্রীশঙ্করদাস পালঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্যের গ্রামাঞ্চলগুলিকে সেচ এলাকা ও অ-সেচ এলাকাভুক্ত গণ্য করিবার জন্য কি কি পরিসংখ্যান ও নীতির উপর ভিত্তি করা হয়?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ যেখানে নলকূপ বা পাম্প দ্বারা নদীজল উত্তোলন করিয়া সেচ দেওয়া হয় সেখানে জল সরবরাহের পরিমাণের উপর ভিত্তি করিয়া যে এলাকার সেচ দেওয়া সম্ভব তাহাকেই সেচ এলাকা বলিয়া গণ্য করা হয়।

যেখানে জলাধার হইতে খালের দ্বারা সেচের ব্যবস্থা করা হয় সেখানে যে বিস্তৃত অঞ্চলকে জলসেচের সীমানাভুক্ত করা যায় তাহাকেই সেচ এলাকা বলিয়া গণ্য করা হয়।

যেসমস্ত অঞ্চলে উপরোক্ত কোন উপায়ে জলসেচের ব্যবস্থা করা যায় না বা এখনও করা সম্ভব হয় নাই, সেগুলিকে অ-সেচ এলাকা বলিয়া গণ্য করা হয়।

ছোট নলদাহে ও ধোপট্টে সাবসিডিয়ারী হসপিটাল

৩৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০১।) **শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তেহট্ট থানার ছোট নলদাহ ও ধোপট্ট সাবসিডিয়ারী হসপিটাল তৈরি করার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, উহা বর্তমানে কি অবস্থায় আছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) ছোট নলদায় একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে। জমি সংগ্রহের ব্যবস্থা করা হচ্ছে।

হরিহরপাড়ার স্বরূপপুর গ্রামে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

৩৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১৮।) **শ্রীহবিবুর রহমানঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া থানায় স্বরূপপুর গ্রামের ১৮০ বর্গমাইলের মধ্যে কোন স্বাস্থ্যকেন্দ্র নাই;

(খ) অবগত থাকিলে, উক্ত স্বরূপপুর গ্রামে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে, উক্ত স্বাস্থ্যকেন্দ্রের কাজ কখন আরম্ভ হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক), (খ) এবং (গ) সরকারের নীতি হচ্ছে প্রতি ব্লকে একটি প্রাথমিক এবং দুটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা। হরিহরপাড়া ব্লকে বর্তমানে ২০-শয্যাবিশিষ্ট একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ১০-শয্যাবিশিষ্ট দুইটি এবং ২-শয্যাবিশিষ্ট একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র আছে। কাজেই এই ব্লকে আর কোন স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা বর্তমানে নেই।

কুমারগঞ্জ ব্লকের সমজিয়া ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র

৩৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৩।) **শ্রীপ্রবোধকুমার সিংহ রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিম দিনাজপুর জেলার কুমারগঞ্জ ব্লকের সমজিয়া ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রটির বাড়িঘর বর্তমানে বসবাস অযোগ্য বলিয়া সরকারী বিশেষজ্ঞরা অভিমত ব্যক্ত করিয়াছেন;

(খ) "ক" প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে বাড়িঘরের এরূপ অবস্থা কতদিন হইল হইয়াছে এবং কোন্ তারিখে উহা বসবাস অযোগ্য বলিয়া ঘোষিত হইয়াছে; এবং

(গ) বর্তমানে স্বাস্থ্যকেন্দ্রটির পুনর্নির্মাণ ও চিকিৎসার সুযোগসুবিধা চালু রাখিবার জন্য সরকার কি কি কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) দুই বৎসর, ১লা এপ্রিল, ১৯৭১, তারিখে।

(গ) পূর্তবিভাগের পশ্চিম দিনাজপুর ডিভিশনের একজিকিউটিভ ইঞ্জিনীয়ারকে সমজিয়া উপ-স্বাস্থ্যকেন্দ্রের গৃহের পুনর্নির্মাণের ভার দেওয়া হয়েছে। কলিকাতায় অবস্থিত রোডস্ অ্যান্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট মাটি পরীক্ষার ভার নিয়েছেন। ঐ রিপোর্ট পাওয়া গেলেই কাজ শুরু করা হবে।

ঐ স্বাস্থ্যকেন্দ্রে ইনডোরে রোগী ভর্তি যদিও এখন বন্ধ আছে, তবে আউটডোর বিভাগের কাজ চলছে।

বসন্তিয়া স্বাস্থ্যকেন্দ্রের জন্য মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ

৩৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০১।) **শ্রীসুধীরচন্দ্র দাসঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানার অন্তর্গত বসন্তিয়া স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণের জন্য কত টাকা মঞ্জুর হইয়াছে; এবং

(খ) ঐ স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণের কাজ কবে নাগাত আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৫ লক্ষ ৬৭ হাজার ৬ শত টাকা।

(খ) স্বাস্থ্যকেন্দ্রের কাজগুলি যাতে সত্বর সম্পন্ন হয় তজ্জন্য দক্ষিণ বাংলার জেলাগুলির স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্যের দায়িত্ব কনস্ট্রাকশন বোর্ডের হাতে ন্যস্ত করা হয়েছে। আশা করা যায়, এই বোর্ড শীঘ্রই এ কেন্দ্রটির কাজ শুরু করবেন।

তেহট্ট থানা এলাকায় সাবসিডিয়ারী হাসপাতাল

৩৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১১০।) **শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নদিয়া জেলার তেহট্ট থানার ছোট নলদা ও ধোপাটের প্রস্তাবিত সাবসিডিয়ারী হাসপাতালের কার্য কি নাগাত শুরু হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ ছোট নলদায় উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য জমি সংগ্রহের ব্যবস্থা করা হচ্ছে। ধোপাট মৌজায় এরূপ স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য প্রস্তাবিত জমি উপযুক্ত বলে বিবেচিত হয় নি।

পশ্চিমবঙ্গে নূতন বাসরুট

৩৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪৮।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)ঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) পশ্চিমবঙ্গে কতগুলি নতুন বাসরুট মঞ্জুর করা হইয়াছে;

(খ) ইহার মধ্যে মেদিনীপুর জেলায় কতগুলি মঞ্জুর হইয়াছে;

(গ) ঐ রুটগুলি কতগুলি বেকার ছেলে লইয়াছে; এবং

(ঘ) বাসের ছাদের উপর যাত্রীবহনের নিষেধাজ্ঞা জারি করিবার পর যাত্রীসাধারণের ভ্রমণের জন্য অধিকসংখ্যক বাসরুটের ব্যবস্থা করা হইয়াছে কি?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গে ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) মঞ্জুরীকৃত বাসরুটের জেলাওয়ারী পরিসংখ্যান সম্বলিত তালিকা নিম্নে দেওয়া হইল।

(খ) ৩৪টি অস্থায়ী পারমিট মঞ্জুর করা হইয়াছে।

(গ) উক্ত তালিকায় ইহার পরিসংখ্যান দেখান হইয়াছে।

(ঘ) হ্যাঁ, আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 388.

১৯৭২-৭৩ সালে মঞ্জুরীকৃত বাস পারমিটের জেলাওয়ারী তালিকা

জেলার নাম	পারমিটের সংখ্যা	বেকার যুবককে মঞ্জুরীকৃত পারমিটের সংখ্যা
১। মেদিনীপুর	৩৪ (অস্থায়ী)	২২
২। হাওড়া	৮১	১৮
৩। হুগলি	২০	শূন্য (সঠিক তথ্য নাই)
৪। বর্ধমান	৮৪ (অস্থায়ী)	১৯
৫। বাঁকুড়া	শূন্য	শূন্য
৬। মুর্শিদাবাদ	১০	৫
৭। কলিকাতা	২২টি রুট মঞ্জুর হইয়াছে, পারমিট এখনও মঞ্জুর হয় নাই	প্রশ্ন উঠে না
৮। নদিয়া	শূন্য	শূন্য
৯। বীরভূম	১৩	৫
১০। জলপাইগুড়ি	শূন্য	শূন্য
১১। পশ্চিম দিনাজপুর	শূন্য	শূন্য
১২। মালদহ	শূন্য	শূন্য
১৩। দার্জিলিং	৫ (অস্থায়ী)	উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থাকে ৫টি পারমিট দেওয়া হইয়াছে
১৪। কোচবিহার	শূন্য	শূন্য
১৫। পুরুলিয়া	২	শূন্য

জেলাওয়ারী আমন ধানের উৎপাদন

৩৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১২২০।) **শ্রীঅহীন্দ্র মিশ্রঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় গত আমন ধানের উৎপাদন-হার কিরূপ; এবং

(খ) মেদিনীপুর জেলায় বিভিন্ন ব্লক-এ উৎপাদন-হার কিরূপ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই বিষয়ে ১নং বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) এই বিষয়ে ২নং বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

বীরভূম রাজনগরে সরকারী শিশাল প্ল্যানটেশন ফার্ম

৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮।) **শ্রীনিব[illegible]পদ সাহাঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম [illegible] অবস্থিত সরকারী শিশাল প্ল্যানটেশন [illegible] আয়তন কত;

(খ) গত পাঁচ বৎসর যাবৎ [illegible] চাষ হইয়াছিল;

(গ) ঐ ফার্মে [illegible] ও দড়ি তৈয়ারির জন্য কয়টি যন্ত্র আছে;

(ঘ) ঐ যন্ত্রগুলির সবগুলিই চালু আছে কিনা, [illegible] কোন্ সাল হইতে অচল আছে;

(ঙ) ঐ ফার্মে গত পাঁচ বৎসরের প্রত্যেক বৎসরে [illegible] এবং [illegible]দের এ-সব সালে কি হারে মজুরী দেওয়া হইত;

(চ) ঐ ফার্মে বিগত পাঁচ বৎসরে [illegible] খাতে কত টাকা [illegible] হইয়াছে; এবং

(ছ) বিগত পাঁচ বৎসরে উক্ত ফার্মের তৈয়ারি দড়ি [illegible] মূল্যে বিক্রয় করা হইয়াছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১,১২৬ একর।

(খ) ১,০০০ একর। (ইংরাজী ১৯৫৬-৫৭ সাল হইতে ১৯৫৮-৫৯ সাল পর্যন্ত ১,০০০ একর জমিতে শিশালের চারা রোপণ করা হইয়াছিল। গত পাঁচ বৎসর যাবৎ ঐ জমিতেই শিশালের চাষ-আবাদ হইতেছে।)

(গ) ৪৫টি।

(ঘ) একটি ডিজেল ইঞ্জিন বাদে সব কয়টি যন্ত্রই চালু আছে। উক্ত ডিজেল ইঞ্জিনটি প্রয়োজনীয় যন্ত্রাংশের অভাবে প্রায় এক বৎসর যাবৎ অচল আছে।

(ঙ) এই সম্বন্ধে একটি বিবরণী (টেবিল "এ") এতদ্ সহ প্রদত্ত হইল।

(চ) এই সম্বন্ধে একটি বিবরণী (টেবিল "বি") এতদ্ সহ প্রদত্ত হইল।

(ছ) প্রচলিত টেন্ডারের নিয়মানুযায়ী (টেন্ডার রুলস) সংবাদপত্রে বিজ্ঞাপনের মাধ্যমে দড়ি বিক্রয় করা হইয়াছে। বিগত পাঁচ বৎসরে প্রতি মেট্রিক টন দড়ির বিক্রয়মূল্যের একটি বিবরণী [illegible]

Statement referred to in reply to clause (uma) of unstarred question No. 390

Table A

Average labour strength during last 5 years is as follows :—

						Numbers per day.
1967-68	..	..	..	..	..	230
1968-69	..	..	..	..	..	240
1969-70	..	..	..	..	..	245
1970-71	..	..	..	..	..	260
1971-72	..	..	..	..	..	260

Average rate of wages— The wages are given in most of the cases on the individual capacity for output of work (More output— means more wages).

					Adults per day.	Minors per day.
		..			Rs.	Rs.
1967-68	..	..	..	..	3·10 to 5·20	1·50 to 2·75
1968-69	..	..	..	..	3·20 to 5·20	1·60 to 2·75
1969-70	..	..	..	..	3·50 to 6·00	1·60 to 2·75
1970-71	..	..	..	..	3·60 to 6·00	1·80 to 3·20
1971-72	..	..	..	..	3·80 to 6·00	2·50 to 3·50

Statement referred to in reply to clause (cha) of unstarred question No. 390

Table B

	Item of Expenditure				1967-68 Rs.	1968-69 Rs.
1.	Pay of officer ..	..	..	..	9,630·90	1,986·45
2.	Pay of establishment	..	..	..	22,586·03	20,893·99
3.	Travelling allowance	..	..	..	2,223·50	2,561·85
4.	D. A. and other allowances	..	..	..	13,696·95	14,221·65
5.	Seed manure and implements		..	..	38,694·57	39,702·18
6.	Labour wages ..	..	..	..	1,26,605·18 (items 6 and 7)	1,15,301·05
7.	Other Contingencies	..	..	..		19,702·54
8.	Petty construction and repairs		..	..	915·10	1,408·34

		1969-70	1970-71
		Rs.	Rs.
1.	Pay of officer	1,969·70	7,9[illegible]
2.	Pay of establishment	20,253·27	19,468·69
3.	Travelling allowance	3,184·85	3,995·30
4.	D. A. and other allowances	21,468·97	19,620·49
5.	Seed manure and implements	29,999·91	13,931·41
6.	Petty construction and repairs	2,499·92	2,997·00
7.	Labour wages	1,54,691·70	1,21,772·30
8.	Fuel and other charges	38,158·20	32,680·00

		1971-72
		Rs.
1.	Pay of officer	6,500·00
2.	Pay of establishment	32,945·65
3.	Travelling allowance	2,116·[illegible]
4.	D. A. and other allowances	3,043·58
5.	Seed manure and implements	40,000·00
6.	Petty construction and repairs	1,816·57
7.	Labour wages	2,03,478·42
8.	Fuel and other charges	45,091·45

Statement referred to in reply to clause (chha) of unstarred question No. 390

Table C

Year	Size (in circumferance)	"A" grade	"B" grade (per M.T.)
		Rs.	Rs.
1968-69 ..	1″ to 6″	2,600·00	2,350·00
1969-70 ..	(i) 1″ to 2″	2,455·00	..
	(ii) above 2″ to 6″	2,455·00	
1970-71 ..	(i) 1″ to 2½″	2,650·00	2,500·00
	(ii) above 2½″ to 6″	2,410·00	2,360·00
1971-72 ..	(i) 1″ to 2½″	2,650·00	2,500·00
	(ii) above 2½″ to 6″	2,410·00	2,360·00
1972-73 ..	(i) 1″ to 2½″	3,210·00	3,160·00
	(ii) above 2½″ to 6″	2,950·00	2,800·00

[2-00—2-10 p.m.]

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-charge of Co-operation Department will please make a statement on the subject of panic among the constituents created by the new scheme of payment proposed by the Kalna-Katwa Central Co-operative Bank seeking amalgamation with Burdwan Central Co-operative Bank, attention called by Shri Subrata Mukherjee (Katwa) on 4th April, 1973.

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় স্পীকার মহাদয়, মাননীয় সদস্য শ্রীসুব্রত মুখার্জি (কাটোয়া) মহাশয়ের দৃষ্টি আকর্ষণী প্রস্তাব সম্বন্ধে আমার বক্তব্য এই যে—

রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক নিযুক্ত স্টাডি টীমের সুপারিশ অনুসারে দুর্বল কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলিকে রাজ্য সমবায় ব্যাঙ্ক বা নিকটবর্তী কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের সহিত সংযুক্তকরণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই পরিকল্পনা অনুসারেই কালনা-কাটোয়া কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ককে বর্ধমান কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের সাথে সংযুক্তিকরণের খসড়া পরিকল্পনা মার্চ মাসের ৯/১৩ তারিখ প্রকাশ ও প্রচার করা হয়েছে। এই পরিকল্পনা প্রকাশের [illegible] গত জানুয়ারি মাসের ২৭ তারিখ কেন্দ্রীয় সরকার ১৯৭২ সালের [illegible] অনুসারে সংশ্লিষ্ট ব্যাঙ্কগুলির সাময়িক অসুবিধা [illegible] মোরেটোরিয়াম আদেশ জারি করেন। ঐ আদেশ অনুসারে বর্তমানে [illegible] আমানতকারিগণ সম্পূর্ণ [illegible] এবং বেশি টাকা আমানতকারিগণ আপাততঃ শতকরা ১০ টাকা [illegible] তুলিয়া লইতে পারিবেন। ইতিমধ্যে যে খসড়া সংযুক্তিকরণের পরিকল্পনা প্রকাশ করা হয়েছে তদনুসারে ট্রান্সফারী ব্যাঙ্ক বর্তমান ক্ষেত্রে বর্ধমান কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক ২৭এ জানুয়ারি, ১৯৭৩ তারিখের পরে গচ্ছিত আমানতকারীদের সম্পূর্ণ টাকা [illegible] বাধ্য থাকবে। কালনা-কাটোয়া কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের সম্পর্কে [illegible] জারীর পূর্বে উক্ত ব্যাঙ্কে গচ্ছিত টাকার শতকরা [illegible] এবং ৫০ টাকা পর্যন্ত আমানতকারীর সম্পূর্ণ টাকা বর্ধমান কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক অবিলম্বে [illegible] টাকা আদায়ীকৃত [illegible] পরিমাণ অনুসারে হারাহারি ভাবে অনুর্ধ্ব ১২ বৎসর [illegible] শোধ করিবেন। এই খসড়া পরিকল্পনা সম্বন্ধে সভ্য, আমানতকারী প্রভৃতির [illegible] হইবে। এই [illegible] রিজার্ভ [illegible] চূড়ান্ত আদেশ দেওয়া হইবে। [illegible] উল্লেখ [illegible] যে, কালনা-কাটোয়া কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের ক্ষয়ক্ষতি অবলোপনের জন্য কেন্দ্রীয় ও রাজ্য সরকারের পরিকল্পনা অনুসারে ১১,৪০,০০০ টাকা অনুদান এবং রিজার্ভ ব্যাঙ্কের লং টার্ম অপারেশন ফাণ্ড থেকে শেয়ার মূলধন হিসাবে ১৫ লক্ষ টাকা দেবেন স্থির হয়েছে, কাজেই মোরেটোরিয়াম আদেশের তারিখ থেকে আমানতের সুদ যদিও দেওয়া হবে না, কিন্তু মূল আমানতের টাকা নষ্ট হওয়ার আশংকা আছে মনে হয় না। তবে রাজ্যের সমবায় আন্দোলনের পুনরুজ্জীবন এবং কালনা-কাটোয়া অঞ্চলের সমবায়ী চাষীভাইদের স্বার্থে বেশি টাকা আমানতকারীদের গচ্ছিত টাকা কালেকসান অনুসারে প্রোর্যাটার ভিত্তিতে কিছু সময় ধরিয়া শোধ করা ছাড়া গত্যন্তর নাই। এটা গত কয়েক বৎসরের অব্যবস্থা ও ত্রুটিপূর্ণ পরিচালনার ফল, যার জন্য এই পরিকল্পনা ধ্বংসোন্মুখ সমবায় আন্দোলনকে বাঁচাতে রিজার্ভ ব্যাঙ্কের সুপারিশ অনুসারেই গ্রহণ করা হয়েছে।

Mr. Speaker: I have received 6 notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Acute crisis of drinking water in Asansol Municipal area—from Shri Aswini Roy.

(2) Small-pox death at Ranaghat Block II in Nadia district—from Shri Netaipada Sarkar.

(3) Payment of compensation money to the family members of those who died in the Tram-Bus accident in Esplanade area on 4th April, 1973—from Dr. Ekramul Haque Biswas and Shri Md. Dedar Baksh.

৯০ টাকার মত হয়। এই যে একটা প্রচন্ড বৈষম্য আছে এই বৈষম্য অবিলম্বে দূর করা উচিত এবং এটা দূর করে এই বিষয়ে একটা আইন করা দরকার সে বিষয়ে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দ্বিতীয় কথা হচ্ছে সওদাগরী অফিসের মহার্ঘভাতার যে স্টান্ডার্ড ঠিক আছে তার ভিতরে কারচুপি আছে। সেজন্য মাদ্রাজ এবং বোম্বাই শহরে একই ক্ষেত্রে যে মহার্ঘভাতার উল্লেখ দেখা যায়, সেখানে কলকাতার ক্ষেত্রে সেটা অনেক কম। এই ব্যাপারে একটা কারচুপি হচ্ছে। সেজন্য কলকাতা সওদাগরী অফিসের কর্মচারীরা প্রায় এক বছর আগে মাননীয় শ্রম দপ্তরের মন্ত্রিমহাশয়ের কাছে এই ব্যাপারে আবেদন করেছেন, কিন্তু এখন পর্যন্ত সে সম্পর্কে কোন সিদ্ধান্ত জানা যায় নি। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে একথা বলবো যে, এই ব্যাপারে যেন অবিলম্বে দৃষ্টি দেওয়া হয়।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি নতুন ঘটনার কথা মন্ত্রিসভার মাননীয় মন্ত্রীদের এবং এই সভার সদস্যদের সামনে তুলে ধরছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি আমরা শুনেছি বাজারে বিভিন্ন ঠক আছে, কিন্তু বর্তমানে একটা নতুন ঠকের কথা আপনার সামনে আমি তুলে ধরছি। এর ঠকবাজী থেকে পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য এবং লোকসভার সদস্যরাও বাদ যান নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা ইনভাইটেশন কার্ড পড়ছি, কার্ডটা ছেপেছেন শ্রীধীরেন ভৌমিক এবং শ্রীমতী শীলা ভৌমিক।

> You are cordially invited to opening of the J.S. Industry and Bhowmik & Co. at Christiandanga, Bankura town, on Sunday, March 25, 1973. Shri Siddhartha Shankar Ray, Hon'ble Chief Minister, West Bengal, has kindly consented to inaugurate the opening ceremony. The following dignitaries may also be present at the ceremony. Shri Sukhomoy Sen Gupta, Chief Minister, Tripura, Sm. Purabi Mukherjee, M.P., General Secretary, AICC, Sm. Maya Roy, M.P., Shri Jainal Abedin, Shri Gurupada Khan, Hon'ble Ministers, West Bengal, Shri Shah Nawaz Khan, Hon'ble Union State Minister, Shri Amiya Kisku, Shri Subodh Hansda, Hon'ble Union Deputy Ministers, Shri Sankar Narayan Singh Deo, M.P., Shri Atish Chandra Sinha, Hon'ble State Minister, West Bengal, Shri A. B. Gani Khan Chowdhury, Shri Bholanath Sen, Shri Ajit Kumar Panja, Shri Subrata Mukherjee, Hon'ble Ministers, West Bengal.

এবং আরো অনেক এম এল এ-র নাম আছে উইল অলসো বি প্রেজেন্ট অ্যাট দি সেরিমনি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভার এবং এই মন্ত্রিসভাকে জানাচ্ছি যে, তাঁদেরও নাম আছে, তাঁদের কাছে আমি বাঁকুড়ার সদস্য হিসাবে জানাচ্ছি যে, পশ্চিমবাংলার মন্ত্রিসভার, কেন্দ্রীয় মন্ত্রিসভার এবং ত্রিপুরার মুখ্যমন্ত্রী, লোকসভার সদস্যগণ এবং বিধানসভার বন্ধুগণ সকলেই সেই ইন্ডাস্ট্রি উদ্বোধন করতে যাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটুকু জানি, এই ধীরেন ভৌমিক এবং শীলা ভৌমিক মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের মন্ত্রিসভার আমলে একটা ইন্ডাস্ট্রি করব বলে কিছু টাকা ধার নিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যতদূর জানি, বাঁকুড়ার খ্রীশ্চান ডেঙ্গাতে একটা ঘর ভাড়া করে একটা সাইন বোর্ড এবং স্ট্যাম্প মারবার মত ছিল কটা মিউজের আসবাবপত্র ছিল, তারা কিছু জিনিসপত্র বাজার থেকে কিনে এনে [illegible] এবং লেবেল তৈরি করে বাজারে পাচার করেন। [illegible] হয়েছে [illegible] অফিসের [illegible] এই মন্ত্রিসভার মন্ত্রীদের নাম দিয়ে, [illegible] নাম দিয়ে বিধানসভার সদস্যদের নাম দিয়ে অফিসারদের [illegible] বলা হয়েছে যে [illegible] আমার বিরুদ্ধে কেস কর, তা হলে আমি তোমাদের দেখে নেব ইত্যাদি। আমি তাই বলছি যে, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী-মহাশয় এখানে বলুন যে, সেখানে কোন ইন্ডাস্ট্রি হয়েছে কিনা, এবং যে যে মন্ত্রিমহাশয়দের নাম দেওয়া হয়েছে তাঁরা বলুন যে, তাঁদের কনসেন্ট নিয়ে এটা করা হয়েছে কিনা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় মন্ত্রীদের কাছ থেকে এবং ত্রিপুরার মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানুন যে, সত্যাই এই রকম ব্যবস্থা হয়েছে কিনা? তার সঙ্গে আমরা মাননীয় অধ্যক্ষ মহাশয়, জানতে চাই যে,

এই রকম লোকেদের মিসায় ধরা হবে কিনা? আমাদের জেলার মন্ত্রিমহাশয় রয়েছেন, তিনি দাঁড়িয়ে বলুন যে, এই রকম কোন ইন্ডাস্ট্রি বাঁকুড়ায় আছে কিনা? আর এই মন্ত্রিসভার নাম দিয়ে এই সদস্যদের নাম দিয়ে যদি ঠকবাজী চলে, তা হ'লে কি ব্যবস্থা নেবেন, এবং কোন ব্যবস্থা সত্যি নেবেন কিনা এটা আমি জিজ্ঞাসা করছি? এই ক'টা কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: Mr. Goswami, please hand over the card to me. I would like to give it to the Hon'ble Ministers to see and state whether they gave their consent or not.

(Shri Sambhu Narayan Goswami handed a card to Mr. Speaker)

শ্রীঅজিতকুমার পাঁজাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অন্তত বলতে পারি যে, আমার কাছে এই রকম কোন আমন্ত্রণ বা নিমন্ত্রণ শ্রী বা শ্রীমতী ভৌমিকের আসে নি। বাঁকুড়া হেলথের তরফ থেকে যারা এসেছিলেন, তাদের সামান্য কিছু বন্দোবস্ত করা হয়েছিল, তবে শ্রী ও শ্রীমতী ভৌমিকের দেওয়া আমন্ত্রণ বা নিমন্ত্রণের বিষয়ে কিছু জানি না, জানলে পর আমি আমন্ত্রণ নেব কি নেব না জানাতাম।

[2-20—2-30 p.m.]

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্র ও কুটির শিল্পের দায়িত্ব নিয়ে বলছি যে, যেখানে যেখানে নতুন ইন্ডাস্ট্রি হচ্ছে সেখানে সেটা আমাদের পক্ষে আশাপ্রদ ব'লে মনে করি। তথাপি এই ইন্ডাস্ট্রি সম্বন্ধে আমি জানি, বিগত বছরে এই হাউসের একজন প্রবীন সদস্য আমাকে লিখেছিলেন, এদের কিছু দাবি আছে র-মেটেরিয়াল সম্বন্ধে। আমি যথাযথ তদন্ত ক'রে দেখেছি যে, তারা পাওয়ার যোগ্য নয়। আমি রিগ্রেট করেছিলাম। এ বছর এই ফার্মের মালিক আমাকে কোন নিমন্ত্রণ করে নি। দুর্ভাগ্যের কথা এই হাউসের কিছু সদস্য ইন্ডাস্ট্রিতে আসার পর টেলিগ্রাম, চিঠি ইত্যাদি নানাভাবে আমাকে আমন্ত্রণ জানান। আমি যতদূর জানি, আমি স্পষ্টভাষায় লিখে দিয়েছি আই শ্যাল নট বি এবেল টু গো দেয়ার, কেননা অতীতের কথা আমি জানতাম। আমি সেখানে যাবার কোন স্বীকৃতি দিই নি- আমি অস্বীকার করেছি। অর্থাৎ আমি যেতে পারব না। অন্য কাজে ব্যস্ত আছি। যাবার তারিখ পার হয়ে গেছে ২৫ তারিখ। আমি সেখানে যাই নি। অনেকের নাম ছাপিয়েছেন অন্যায় ক'রে ছাপিয়েছেন এবং সম্মতি ব্যতিরেকেই এই কাজ করা হয়েছে ব'লে মনে হয়।

শ্রীগুরুপদ খাঁনঃ স্যার, এ যা শুনলাম এটা তো সাংঘাতিক ব্যাপার। আমি আপনার মাধ্যমে এই সভায় এবং যিনি মেনসন করলেন তাঁকেও জানাতে চাই যে, এই ভদ্রলোক আমাদের ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটির কাছে একটা আবেদন করেছিলেন। ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রিয়াল অফিসার-কে দিয়ে যথাযথ ভাবে তদন্ত করিয়ে দেখেছি যে, এই ভদ্রলোক যিনি আবেদন করেছিলেন সেই আবেদন সত্য নয় এবং পুরাপুরি তাঁর সেই আবেদন আমরা ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি থেকে নাকচ ক'রে দিয়েছি। এ বিষয়ে প্ল্যানিং কমিটি থেকে যথাযথ প্রস্তাবও গ্রহণ করেছি। এর পর আমার কাছে ওঁর কোন একজন লোক এসেছিল যে ২৫ তারিখে, যে ওপেনিং সেরিমনি হবে তাতে চীফ মিনিস্টার যাবেন। আপনি যেতে পারবেন কিনা। আমি শুধু যে রিগ্রেট করেছি তা না আমি পরিস্কারভাবে জানিয়ে দিয়েছি যে, যেহেতু তাঁর আবেদন ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি থেকে নাকচ ক'রে দিয়েছে এবং এঁর বিরুদ্ধে নানা রকম অভিযোগও আছে সেহেতু আমি সেখানে যাব না। এবং আমার নামও যেন না দেওয়া হয়। এসব বলা সত্বেও যদি আমার নাম কেউ ব্যবহার ক'রে থাকেন আমি জানি না অন্য কোন মন্ত্রী বা ত্রিপুরার মুখ্যমন্ত্রীর সম্মতি আছে কি না এবং তা ক'রে বাজারে বা অফিসার মহলে প্রভাব খাটাতে চায় আপনি তা হ'লে সেটা বিচার ক'রে যথাযথ ব্যবস্থা অবলম্বন করবেন।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ স্যার, আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে, এই যে কোম্পানি, এই কোম্পানিতে কতজন এমপ্লয়মেন্ট পেয়েছে, প্রোডাকসন কত সেসব জানা হোক। আমি বলছি যে, কোম্পানি বলে কিছু নেই। একটা শুধু সাইন বোর্ড ছাড়া আর কিছু নেই।

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল আমি নীলরতন সরকার হাসপাতালে গিয়ে দেখলাম যে, সেখানকার হাউস স্টাফদের মধ্যে বিরাট একটা অংশ 'ব্যর্থতা দিবস' ব্যাজ লাগিয়ে ব্যর্থতা দিবস পালন করছে। দেয়ালে দেয়ালে পোস্টার দেখলাম আজ থেকে তারা অনশন পালন করবেন। আমি সকালে গিয়ে দেখলাম, হাউস স্টাফরা অনশন পালন করছেন। শুধু তাই নয় দেয়ালে দেয়ালে আরো পোস্টার দেখলাম—তাদের কি দাবিদাওয়া আছে জানি না—সরকার যদি তাদের দাবিদাওয়া পালন না করেন, তা হ'লে আগামী ২১ তারিখ থেকে অনির্দিষ্ট কালের জন্য তারা ধর্মঘট শুরু করবেন। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, এখানে হাজার হাজার গরিব মানুষ গ্রামাঞ্চল থেকে আসেন চিকিৎসার জন্য। এবং তারা সম্পূর্ণ ব্যর্থ হয়ে এই চক্রান্তের শিকার হয়ে ফিরে যেতে বাধ্য হচ্ছে। আমি বলতে চাই, এর দ্বারা পশ্চিমবঙ্গের জনস্বাস্থ্য বিঘ্নিত হতে চলেছে। আজকে পশ্চিমবঙ্গ সরকার গ্রামবাংলায় প্রাইমারী হেল্‌থ সেন্টার, সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টারগুলিতে ডাক্তার পাঠিয়ে নানা রকম আইনকানুনের সাহায্য নিয়ে জনসাধারণের চিকিৎসা এবং স্বাস্থ্যকে সম্পূর্ণ রূপে রক্ষা করার জন্য যখন আপ্রাণ চেষ্টা করে চলেছেন, তখন মার্কসবাদী পার্টির কো-অর্ডিনেশান কমিটি এবং একটা [illegible] এই চক্রান্ত [illegible] নিয়ে সরকারের এই পরিকল্পনাকে ব্যর্থ করে দেবার চেষ্টা [illegible]। [illegible], হাউস স্টাফদের [illegible] লিস্ট [illegible] সেই লিস্ট থেকে গ্রামবাংলার প্রাইমারী হেল্‌থ সেন্টার [illegible] চিকিৎসা [illegible] পাঠাতে হবে। [illegible] চক্রান্ত [illegible] গ্রামবাংলার চিকিৎসা [illegible] চলতে পারে না। [illegible] এইভাবে হাউস স্টাফ [illegible] দিনের পর দিন [illegible] শুনে [illegible] স্বাস্থ্যমন্ত্রী হাউস স্টাফদের [illegible] চাইতে [illegible] ছেন। [illegible] গ্রামবাংলার প্রতিনিধি হিসাবে দাবি করছি, [illegible] এন আর এস হাসপাতালের হাউস স্টাফদের স্ট্রাইককে ইললিগ্যাল ঘোষণা করা হোক। স্বাস্থ্যমন্ত্রী একটা সুস্পষ্ট বিবৃতি দিন যে, পশ্চিমবাংলার খেটে-খাওয়া মেহনতী মানুষ, সমস্ত মানুষের চিকিৎসার জন্য, স্বাস্থ্য রক্ষার জন্য তিনি কি পরিকল্পনা করছেন। তাঁর কাছ থেকে এই সম্বন্ধে একটা সুস্পষ্ট বিবৃতি এবং জবাব মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি দাবি করছি।

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এন আর এস হাসপাতালের কিছুসংখ্যক হাউস স্টাফ ইন্টার্নী অর্থাৎ পরীক্ষায় পাশ করার পর তাদের হাউস স্টাফ পিরিয়ডের জন্য অপেক্ষা করতে হয়, তারপর হাউস স্টাফ পিরিয়ড শেষ হওয়ার পর তাঁরা রেজিস্ট্রেসান পান, তাঁরা হঠাৎ মাস ৪/৫ আগে তাঁদের ১৮ দফা দাবিদাওয়া আমাদের সামনে দেন। তার মধ্যে কিছু দাবি ন্যায্য বলে আমার মনে হয়েছিল। তাই সেগুলির তাড়াতাড়ি যাতে ব্যবস্থা হয় তার জন্য আমরা ব্যবস্থা গ্রহণ করেছি। কিন্তু কিছু কিছু দাবি যদিও হাসপাতালে হওয়া উচিত, কিন্তু এখন যখন আমাদের প্রায় ৮০ ভাগ জনসাধারণ গ্রামবাংলায়, সেখানে আমাদের ডাক্তার পাঠাতে হবে, সেগুলি এতদিন ২৫ বছর ধরে যখন চলে আসছে, তখন আর ৫ বছর পরে যদি হয়, সেজন্য আমি তাঁদের অপেক্ষা করবার জন্য অনুরোধ করেছি। যেমন প্যাথলজিক্যাল এগজামিনেসান, বায়োকেমিস্ট্রি এগজামিনেসান, ব্লাড ব্যাংক, এক্স-রে তাঁরা যাতে ২৪ ঘণ্টায় তাঁদের হাতের কাছে পান তার জন্য দাবি করেছিলেন। এটা অত্যন্ত প্রয়োজনীয় বলে ৪৮ ঘণ্টার মধ্যে আমি নিজে ছুটে গিয়ে চালু করে দিয়ে এসেছি এবং পর পর ৩ দিন আমি সেখানে গিয়েছিলাম। তাঁরা ধর্মঘট উইথড্র করলেন। কিছুদিন আগে যখন লিস্ট তৈরি হয়ে গেছে, যখন ডাক্তার পাঠাতে শুরু করেছি হঠাৎ দেখলাম তাঁরা কিছু না বলে খবরের কাগজের মাধ্যমে আবার ধর্মঘট ঘোষণা করে দিলেন। আমি তাঁদের ডেকে পাঠালাম, অনুরোধ রাখলাম, তা সত্ত্বেও যদি কাজ না করে অনশন করেন তা হ'লে গরিব জনসাধারণ যাঁরা ট্রেনে করে হাসপাতালগুলিতে চিকিৎসিত হবার জন্য আসেন, কি করে চিকিৎসা পাবেন? গতকাল অনুরোধ রাখা সত্ত্বেও তাঁরা সেটা শুনেন নি, আজ থেকে অনশন করছেন। যে কোন কাজে সত্য, মিথ্যা, সুবিধা, অসুবিধা না বুঝে অনশনে বসেছেন। আমি তাঁদের কাছে অ্যাপিল করেছিলাম যে, আপনারা অনশন করবেন না, জনসাধারণের প্রতি আপনাদের দায়িত্ব পালন করতে হবে। গতকাল ৩টার সময় আমাকে জানাবার কথা ছিল, কিন্তু জানান নি। আমি হাউসের মতামত তাঁদের আবার জানাব। কিছুদিন আগে ন্যাশানাল হাসপাতালে এই জিনিস ঘটেছে আবার এন আর এস হাসপাতালে শুরু করেছেন কয়েকজন হাউস স্টাফ মিলে। এর

মধ্যে কিছু চক্রান্ত আছে কিনা জানি না, তবে খবর পেয়েছি যে, কয়েকজন যাঁরা ডাক্তার পাঠাতে বাধা দিয়েছিলেন, তাঁরা নাকি ডাক্তারদের নিয়ে মিটিং করেছিলেন, তারা হাউস স্টাফ নন, তাঁরা সি পি আই (এম) টিকিটে এখানকার সদস্যের বিরুদ্ধে নির্বাচনে লড়েছিলেন এবং হেরেও গিয়েছিলেন। এই খবর পাবার সঙ্গে সঙ্গে এর পিছনে রাজনৈতিক উদ্দেশ্য আছে কিনা আমরা তলিয়ে দেখছি। আমি মাননীয় সদস্যদের এটা জানাতে চাই, গরিব জনসাধারণের যাতে কিছু অসুবিধা না হয়, সেজন্য সমস্ত জায়গায় অ্যালার্ট ক'রে দিয়েছি এবং গ্রামে ডাক্তার পাঠানোর পিছনে যাতে হাত না পড়ে, সেই চক্রান্ত যাতে ব্যর্থ হয়, তার জন্য ব্যবস্থা নিয়েছি।

[2-30—2-40 p.m.]

ক্ষতি কিছু কিছু হবে, হয়ত রেস্ট্রিকটেড অ্যাডমিসন করতে হবে। আইন আমরা দেখেছি। এই ব্যাপারে সরকার খুব কঠোর মনোভাব নিয়েছেন। আমি হাউসের সদস্যদের এবং বিশেষ ক'রে পশ্চিমবাংলার জনসাধারণকে জানাতে চাই যে, সরকার দৃঢ় হাতে এটা বন্ধ করবার চেষ্টা করছেন। তাঁরা যাতে তাঁদের এক দিনের পে না পান এবং হাউস স্টাফসিপ শেষ হবার পর রেজিস্ট্রেসন যাতে তাঁরা না পান তার জন্য আমরা বদ্ধ পরিকর। আমি আশা করি মাননীয় সদস্যেরা আমার হাত শক্ত করবেন, কারণ এটা উদ্দেশ্য প্রণোদিত।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় [illegible] আমি [illegible] মেনশন করতে চেয়েছিলাম, কিন্তু এখনও আমার নির্বাচন কেন্দ্র থেকে চালের [illegible] এসে পৌছায়নি, [illegible] বাজারে [illegible] বাজারে [illegible] সাধারণ মানুষ এই চাল দেওয়া হচ্ছে। আমি অনেক খারাপ চালের নমুনো দেখিয়েছি কিন্তু চাল দিয়ে মাখা করা হয় এই জিনিস আমি আর কোথাও দেখি নি। সেগুলো এখন আপাতত নেই, সামান্য চাল দেওয়া হয়। আমি বলছি যে, গ্রামের গরিব লোকদের এরকম মাখা করবার চাল না দিয়ে সেই চাল এখানে দান্ই করা হোক। যা হোক, আমি এই ব্যাপারে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এই চালের প্যাকেট আপনার কাছে রাখছি।

শ্রীনারায়ণ ভট্টাচার্যঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করছি। এম এল এ হোস্টেলে যে সমস্ত সদস্যরা থাকেন তাদের দুরবস্থা রয়েছে এবং তার সঙ্গে সঙ্গে আবার নতুন করে উপদ্রব দেখা দিয়েছে। সেখানে কোন আইনশৃঙ্খলা নেই এবং নিরাপত্তারও অভাব দেখা দিয়েছে। গতকাল সকালে মাননীয় সদস্য অসমঞ্জ দে বাথরুমে গিয়েছিলেন এবং সেখান থেকে ফিরে এসে দেখলেন, তাঁর পেন এবং দামী ঘড়িটি চুরি হয়ে গেছে। এর আগে আমাদের আর একজন সদস্য [illegible] রাইয়ের ১০০ টাকা চুরি হয়েছিল। গতকাল অসমঞ্জবাবুর ঘড়ি এবং পেন চুরি হল। আমাদের এম এল এ হোস্টেল যেন হরিঘোষের গোয়াল। এখানে কে এম এল এ, কে ভিজিটর সেটা বোঝবার কোন উপায় নেই। আমরা ৮০।৯০ জন এম এল এ সেখানে [illegible] সদস্য [illegible] দাস [illegible] বলছিলেন, [illegible] যেন মহিলা প্রতীক্ষা [illegible] আমি [illegible] এখানকার অবস্থা [illegible] চেয়েও [illegible]। আমি এই [illegible] দৃষ্টি আকর্ষণ করছি। [illegible] সদস্যদের যদি [illegible] না থাকে, [illegible] ঘড়ি, পেন প্রভৃতি চুরি [illegible] থাকে, তা হলে [illegible] দেখে এখানকার [illegible]। এর আগে [illegible], কিন্তু [illegible] কোন ব্যবস্থা [illegible] রয়েছেন, [illegible] দৃষ্টি আকর্ষণ করছি, এম এল এ-রা নিশ্চিন্ত-মনে [illegible] চুরি না যায় এবং তাঁরা যাতে নিরাপত্তার সঙ্গে সেখানে থাকতে পারে, তার প্রতি দৃষ্টি দিন।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সর্বমাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। চন্ডীতলা

থানার অন্তর্গত মশাট বিশ্বেশ্বরতলায় গত দোলের দিন ১৮ই মার্চ, ১৯৭৩ তারিখে শ্রীকিন্নর-ভূষণ চট্টোপাধ্যায় শ্রীরামপুরের দুজন পুলিসের সহায়তায় (তাদের নম্বর হচ্ছে—কে১৯১৩ ও কে২৩৩২) স্থানীয় যুবকগণকে প্রচণ্ড মারধোর করে এবং নিকটবর্তী বাড়িতে ঢুকে বাড়ির মহিলাদের অপমান এবং গালিগালাজ করেন এবং বাড়ির জিনিসপত্র তছনছ করে এবং শ্রীবিশ্বনাথ চট্টোপাধ্যায় ও বলাই চট্টোপাধ্যায়কে প্রচণ্ড মারধোর করে এবং তারা সাংঘাতিকভাবে আহত হন, সেই আহত অবস্থায় তাদের হাসপাতালে ভর্তি করা হয়। পুলিস সেদিন দোলের জন্য শ্রীরামপুরে স্পেশাল ডিউটিতে এসেছিল, তারা কিন্তু চণ্ডীতলার পুলিস নয়। কিন্নরবাবুর নির্দেশে পুলিস বিশ্বনাথ চট্টোপাধ্যায়, নিরাপদ দে এবং অমর চক্রবর্তীকে গ্রেপ্তার করে এবং সেই গ্রেপ্তার অবস্থায় কিন্নর চট্টোপাধ্যায় তাদের প্রচণ্ড মারধোর করে, এতে তারা আপত্তি করলে, কিন্নর চট্টোপাধ্যায় এবং পুলিস যৌথভাবে তাদের গালিগালাজ করে এবং ছোট কিশোরী মেয়ে রেবা দের গালে চড় মারে। এর পরে কিন্নরবাবু এবং ভোলানাথ চট্টোপাধ্যায় গিয়ে ১৯ তারিখে কেস দিয়ে আসে এবং তাতে প্রধান আসামী দেয় আমাকে এবং ১৯ জন যুবক ছেলেকে। সেকশন ৫০৬ এবং ১৪৭ আণ্ডারে কেস দিয়ে আসে। আমার অনুরোধ এই যে, পুলিসের এই ভূমিকাকে প্রচণ্ডভাবে বন্ধ করতে হবে। চণ্ডীতলা থানাকে ঠিক করার জন্য আমি অনেকবার লড়েছি, বিধানসভায়ও বলেছি এবং চণ্ডীতলা থানা আজ যখন পথে এসেছে, আইনশৃঙ্খলা ফিরে এসেছে, তখন আবার এই চক্রান্ত হয়। আমি তাই আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে বলছি যে, কঠোর ব্যবস্থা যদি না করেন তা হলে এই জিনিস প্রশ্রয় পাবে এবং আমাদেরও সম্মান থাকবে না। এবং যে সমস্ত যুবক কর্মীরা মারধোর খেয়েছে, তাদের আমি সংযত রেখেছি, আমি আপনাকে একটা 'মাস' পিটিশন দিচ্ছি তাতে ১৫০ জন লোকের সই আছে, তাতে দেখতে পাবেন কিভাবে আমি তাদের সংযত করে রেখেছি। বিধানসভার সদস্যকে যদি এইভাবে অপমান করে, বিধানসভার সদস্যের অনুগামী ভাল লোকদের যদি প্রচণ্ডভাবে মারধোর করে, তা হলে সাধারণের কথা চিন্তা করুন। সেদিন রবিবারে চণ্ডীতলা থানায় যাই এবং এস ডি পি ও এবং সার্কেল ইনস্পেক্টরকে ডাকি, তাঁরা তাদের ডেকে নিয়ে আসেন এবং বলেন এম এল এ সাহেব মিটিয়ে নিন। সেখানে মিটিয়ে দেওয়ার পর দেখলাম, তার পরের দিন শ্রীরামপুর সাবডিভিসনে গিয়ে ৫০৬ এবং ১৪৭ ধারায় মামলা করে এবং তাতে প্রধান আসামী হিসাবে আমার নাম করে। আমি যেহেতু কেস সাবজুডিস, সেজন্য কোন মন্তব্য করতে চাই না। এই অবস্থায় আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর নিকট এই অভিযোগ রাখছি তিনি এই ব্যাপারে কঠোর ব্যবস্থা অবলম্বন করুন।

আমি আপনার নিকট আর একটা জিনিস রাখতে চাই। আমি এই চক্রান্ত বন্ধ করবোই করব। চণ্ডীতলায় সাবেকী অবস্থা ফিরে আসতে দেব না। চণ্ডীতলা থানায় শান্তি ও শৃঙ্খলা জীবনের বিনিময়ে প্রতিষ্ঠা করব। সেজন্য অনুরোধ করব যে ব্যবস্থা নিন, আমি দীর্ঘদিন চুপ করে ছিলাম, দেখছিলাম পুলিস কোন অ্যাকশন নিতে পারে কিনা কিন্তু অ্যাকশন নেন নি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরোজ রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, গতকাল এখানে প্রিভিলেজ সম্বন্ধে অনেক কথা উঠেছিল। আমি সিরিয়াসলি একটা কথা রাখতে চাই। আজকে গ্রামাঞ্চলে যে অবস্থা দেখছি, তাতে সেখানে কেউ কোন বাঁচার কোন প্রিভিলেজ দেখছি না। এ সম্বন্ধে আজকে হাউসকে জানাতে হবে। অত্যন্ত দুঃখের সংগে বলছি, অন্যান্য মন্ত্রীরা আছেন, কিন্তু রিলিফ মন্ত্রীকে দেখছি না। গত ২৫শে মার্চ, ১৯৭৩ তারিখে বাঁকুড়া বর্ডারে গড়বেতা থানার ১নং ব্লকে মোহনপুর গ্রামে একজন সংখ্যালঘু সম্প্রদায়ের লোক শ্রীখাদি পাঠান দীর্ঘদিন অর্ধাহারে ছিল, কিছুদিন অনাহারে ছিল। সে ১নং ব্লকের বি ডি ও অফিসে বার বার করে এসেছে এবং সামান্য রিলিফের জন্য আবেদন জানিয়েছিল কিন্তু তাকে প্রত্যাহার করা হয়েছে। শেষ পর্যন্ত আর কোন উপায় না দেখে তার যে একটিমাত্র গরু ছিল সেই গরুটাকে বিক্রি করতে যায়, কিন্তু তার স্ত্রী সেই গরুর গলা ধরে কাঁদতে থাকে। তখন সে দুঃখে পাশের বাড়ির যে জঙ্গল ছিল সেই

জঙ্গলে গিয়ে গলায় দড়ি দিয়ে মারা যায়। এই যে ঘটনা হল, এই ঘটনার আগে অর্থাৎ লোকটি তার মরার আগে ১নং ব্লকের বি ডি ও-র কাছে এসে অনেকবার অনুরোধ-উপরোধ জানিয়েছিল, লোন চেয়েছিল, এমন কি ভিটে বন্ধক দিয়েও সে লোন পায় নি। এই রকম ঘটনা শুধু একটাই নয়, আরো অনেক আছে।

বাঁকুড়া অঞ্চলের বড়জোর অঞ্চল গড়বেতায় ফসল খুব কম হয়, জলের বন্দোবস্ত নাই। দীর্ঘদিন ধরে সেখানে অজন্মা হওয়ায় এবং বৃষ্টি না হওয়ায় ব্যাপকভাবে সেখানে অনাহার দেখা দিয়েছে।

[2-40—2-50 p.m.]

এদের ব্যাপক অঞ্চলে অনাহার দেখা দিয়েছে। সেখানে রেশনের কোন দোকান নাই এবং রেশন থাকলেও তা কেনার ক্ষমতা তাদের নাই। যে সমস্ত রিলিফ ওয়ার্ক সেখানে হত, তাও বন্ধ হয়ে গেছে। কোন কাজও সেখানে নাই। শুধু তা নয়, আবার স্বাস্থ্য দপ্তরের খবর, এবার গ্রামগুলো বিশেষ করে ক্ষেতমজুর অঞ্চলে ব্যাপক হারে বসন্ত রোগ হচ্ছে। ৩০।৪০ জন আক্রান্ত হচ্ছে, এক-একটি অঞ্চলে ব্যাপকভাবে। এক দিকে তারা খেতে পাচ্ছে না, জল নাই আর এক দিকে বসন্ত রোগ। এক একটা গ্রামে ৬।৭ জন করে এই রোগে মারা যাচ্ছে। অনাহারে মৃত্যুর খবর দিনগত ঘটছে। মেদিনীপুরের কেশিয়ারী, নারায়ণগড়, গড়বেতা, কেশপুর ঝাড়গ্রাম ইত্যাদি অঞ্চলে ব্যাপক হারে অনাহার দেখা দিয়েছে। ২৪-পরগনা সম্পর্কেও এইরকম খবর পেয়েছি। প্রধানতঃ ক্ষেতমজুরদের মধ্যে ব্যাপকভাবে অনাহার দেখা দিয়েছে। সেখানে তাদের কাজকর্ম কিছু করার নাই।

এখানে আজকে মন্ত্রী রয়েছেন বটে, তাঁরা কেউই এসব কথা শুনছেন না, শোনবার প্রয়োজনও বোধ করছেন না, গল্পগুজব করতে ব্যস্ত আছেন। আমার সমস্ত সেন্টিমেন্ট নিয়ে বলছি, আমি জানাতে চাই, গ্রামের ক্ষেতমজুরদের বাঁচার কোন প্রিভিলেজ আছে কিনা। ওদিক থেকেও দু-একজন এই অনাহার সম্বন্ধে বলেছেন- কিন্তু কোন মন্ত্রীই তাতে সাড়া দেন নাই। গতবার মে মাসে এই অনাহার সম্বন্ধে সভার দৃষ্টি আকর্ষণ করলে মন্ত্রিমহাশয়রা চেষ্টা করেছিলেন, কিছু কিছু প্রচেষ্টা নিয়েছিলেন। কিন্তু এবারে গত বছরের থেকেও এক ভয়াবহ অবস্থা সৃষ্টি হতে চলেছে। কিন্তু সেদিকে সরকারের দৃষ্টির অভাব আছে বলে আমি মনে করি। সরকারের দূরদৃষ্টিরও অভাব আছে। যখন ব্যাপকভাবে মৃত্যু হবে তখন সকলে গিয়ে আমরা হুমড়ি খেয়ে পড়বো। তাই অনুরোধ করবো, গ্রামাঞ্চলের দিকে আপনারা দৃষ্টি দিন, গ্রামের অবস্থা খুবই খারাপ, সেখানে কোন কাজকর্ম নাই লোকে খাদ্য পাচ্ছে না, মৃত্যু অনিবার্য, গ্রামগুলের ভবিষ্যৎ অন্ধকার। এদিকে অবিলম্বে সরকারকে দৃষ্টি দিতে অনুরোধ জানাচ্ছি আপনার মাধ্যমে।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একজনকে জানাতে চাই, [illegible] গত ২রা এপ্রিল, ১৯৭৩ [illegible] জানাইতে পারি না। ডাকাতরা [illegible] গ্রামের জনসাধারণের সহ- [illegible]। এ [illegible] জায়গায়ও ঘন ঘন [illegible] হচ্ছে। বর্ডার সীমান্তবর্তী এলাকা। মন্ত্রিমহাশয়কে পুনঃ পুনঃ অনুরোধ করেছি আখেরিগঞ্জ ও রাণীতলায় পুলিস ক্যাম্প স্থাপন করবার জন্য। কিন্তু এখনও সেই পুলিস ক্যাম্প সেখানে স্থাপিত হচ্ছে না। গ্রামরক্ষী বাহিনীর নিষ্ক্রিয়তার ফলে ওখানকার লোক খুবই আতঙ্কের মধ্যে পড়েছে। আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি অবিলম্বে ঐসব এলাকায় পুলিস ক্যাম্প স্থাপন করা হোক।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ মিঃ স্পীকার স্যার, আপনি জানেন যে, আজকে আমাদের এখানে সূতা নাই। কালকে জয়নাল সাহেব বক্তৃতা করেছিলেন, সূতার অভাবে তাঁত সম্প্রদায় একেবারে বিপর্যয়ের মুখে গিয়ে পড়েছে। সব সময় এই তাঁত সম্প্রদায় সূতার জন্য পরমুখাপেক্ষী হয়ে থাকে। সেই কারণে আজকে আমাদের এখানে তুলো উৎপাদনের ব্যবস্থা হয়েছে। তার জন্য সরকারের বিভিন্নমুখী প্রচেষ্টাও আছে।

আপনি জানেন যে, এক-ফসলী এলাকা সুন্দরবনে তুলা উৎপাদনের জন্য সরকার প্রচুর টাকা খরচ করেছেন। সেখানে ইনসেনটিভ দিচ্ছেন। এর জন্য কোথায় খয়রাতি সাহায্য করছেন—এইভাবে সেখানে যা দরকার করছেন। গত তিন বৎসর ধরে এই চেষ্টা চলছে, যাতে তুলো ভাল হয়। এবং সেখানে সেভিন ইনসেকটিসাইডস্ ব্যবহার করা হয়েছে। এই সেভিন ইনসেকটিসাইডস সম্পর্কে সরকার থেকে বারবার বিজ্ঞাপন দেওয়া হয়েছে এবং এমন কি গত ফেব্রুয়ারি, ১৯৭৪, ২৫শে ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখে সরকার পক্ষ থেকে বিজ্ঞাপন দেওয়া হয়েছে যে সেভিন ইনসেকটিসাইডস ব্যবহার করলে [illegible] পোকা হবে না। [illegible] তুলো খুবই ভাল হবে। কিন্তু আমাদের মাননীয় কৃষিমন্ত্রী [illegible] সাহেব সম্প্রতি সুন্দরবন গিয়েছিলেন এবং তিনি গিয়ে পোকা [illegible] এবং [illegible] [illegible] ১৯৭৩ [illegible] [illegible] করেছেন [illegible] জড়িয়ে [illegible] করেছিলেন। [illegible] অতিরিক্ত সেভিন ইনসেকটিসাইডস [illegible] সরকারের [illegible] ১৯৭৩ [illegible] অনুবাদের [illegible] সেটা আমি পড়ে শোনাচ্ছি -

> My attention has been drawn to a news item in Ananda Bazar Patrika and Jugantar, dated Sunday the 25th March, 1973. My comments on pest control problems in the Sundarbans are not fully reported and therefore are liable to an unfortunate mis-interpretation. They do not represent a condemnation of carbaryl (SAVIN). On many of the firms I visited in the Sunderbans area, adequate pest control was not being obtained. Carbaryl provides good control of Earias spp Elsewhere, notably in other Indian States, it is one of the first chemicals I would think of using for the control of spotted bollworm. Pest Control measures need fuller, urgent study particularly looking at the timing and dosages of insecticides applications in relation to pest insecticides.

এই সরকার [illegible] বাংলাদেশ এবং [illegible] এই [illegible] চাষী সম্প্রদায় বিভ্রান্ত [illegible] এবং [illegible] [illegible] চলেছেন এবং যা [illegible] সেখানে চাষীরা বিভ্রান্ত [illegible] দিকে সরকারের [illegible] কমিটমেন্ট আছে সেইসব থাকছে।

Mr. Speaker: Shri Pramanik, it is not discussion. It is only mention. You are taking much time which I cannot allow. Please take your seat.

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ আমার কথা হচ্ছে যে, এইভাবে সরকারী কর্মচারীরা চাষীদের নানান-ভাবে বিভ্রান্ত করছেন। এ ব্যাপারে—

Mr. Speaker: No, I cannot allow you any more time. You have mentioned your matter regarding the cotton cultivation in the Sundarban areas and I think you have made it clear. So, please take your seat.

শ্রীআবদুস সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীগঙ্গাধর প্রামাণিক কটন ইস্যুর ইন্‌সেকটিসাইডস্‌-এর কথা এখানে বলেছেন। সেই সম্বন্ধে আমি বলতে চাই যে, আমি নিজে কিছুদিন আগে ঐ এলাকায় গিয়েছিলাম। সুন্দরবন, হিংগলগঞ্জ, মথুরাপুর, মন্মথনগর ঘুরে এসে সেখানের সমস্ত অবস্থা আমি নিজে দেখেছি। আমি দেখেছি যে, সেখানে কটনে ভীষণ পোকা লেগেছে। আমি এই ব্যাপারে চাষীদের জিজ্ঞাসা করেছি, চাষীরা আমাকে বলেছে যে, তারা সেভিন ইন্‌সেকটিসাইডস্‌ ব্যবহার করেছেন, কিন্তু তার ফল হচ্ছে না।

[2-50—3-00 p.m.]

এর আগে ব্রিটিশ কটন এক্সপার্ট তিনিও সেখানে গিয়েছিলেন। আমি মোটামুটি যে রিপোর্ট পেয়েছি চাষীদের কাছ থেকে এবং আমার দপ্তর থেকে তাতে তিনি বলছেন, সেভিন কটনের জন্য ভাল ইন্‌সেকটিসাইডস্‌, কিন্তু কেন এখানে পোকা মরছে না, বুঝতে পারছি না, তার জন্য হি এক্সপ্রেসড হিজ ডাউট, সেভিন জেনুইন কিনা সন্দেহ জাগছে। তিনি সন্দেহ প্রকাশ করেছেন, নিজের সেভিন দেওয়া সত্ত্বেও পোকা মরছে না বলে। তাই আমার দপ্তর থেকে যতক্ষণ পর্যন্ত না তার পরীক্ষা হচ্ছে, ততক্ষণ সেই সেভিন ব্যবহার করার জন্য নিষিদ্ধ করা হয়েছে। কেননা, আমি নিজে দেখে এসেছি, সেভিন ব্যবহার করা সত্ত্বেও সেখানে ভীষণ পোকা লেগেছে। কয়েকজন রিপোর্টার ছিলেন, আমি নিজেও দেখে এসেছি। অন্য জায়গায় কম হয়েছে, কিন্তু এখানে ভীষণভাবে লেগেছে। আমি পাঠিয়েছি, টেস্ট করবার জন্য। আপনার অবগতির জন্য জানাই, আমরা বলেছিলাম, ম্যানুফ্যাকচারারকে ডাইরেক্ট দিন, কিন্তু তারা বলেছেন ডাইরেক্ট দিতে রাজী নন, ডিলার ছাড়া দিতে পারবো না। সেভিনের যারা ডিলার তারা আমার কাছে এসেছিলেন। আমি তাদের বলেছি, ঠিক মাল কিনা জানি, ভেজাল কিনা জানি না। যদি দেখা যায়, ভেজাল আছে তা হলে নেওয়া হবে না। ম্যানুফ্যাকচারার্স যদি ডাইরেক্ট দিতো, তা হলে ভেজালের সম্ভাবনা থাকতো না। মনে হয় ভেজাল থাকলে থাকতে পারে। তা না হলে পোকা না মরার কারণ নেই।

শ্রীজ্যোতির্ময় আইচ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন পূর্বে রাজ্য বিধানসভার মাননীয় সদস্য প্রসুনকুমার বন্দ্যোপাধ্যায় বিধানসভায় ইসকো কারখানা সম্বন্ধে গুরুত্বপূর্ণ অভিযোগ তুলেছিলেন। তিনি বলেছিলেন, ইসকোতে চাকরি কেনাবেচা হয়। সেখানে বাঙ্গালীদের ক্ষেত্রে তিন হাজার টাকা এবং অবাঙ্গালীদের ক্ষেত্রে আড়াই হাজার টাকায় চাকরি দেওয়া হয়। আমার নির্বাচনকেন্দ্রে ইসকো কারখানা অবস্থিত। কেন্দ্রীয় সরকার নেওয়ার পর এই রকম ঘটনা ঘটেছে বলে আমার জানা নেই। তবে মাননীয় সদস্য যখন বলেছেন, তখন নিশ্চয় তাঁর কাছে প্রমাণ আছে এবং দায়িত্ব নিয়েই বলেছেন। যদি পশ্চিমবঙ্গে চাকরি কেনাবেচা হয়, তা হলে দুঃখের আর কিছু নেই। পশ্চিমবঙ্গে আমরা বেকার সমস্যার সমাধান করতে পারি নি, ক্ষুধার জ্বালায় যখন বেকার ছেলেরা চাকরির জন্য যায় তখন যদি ঘুষ নেওয়া হয়, তা হলে এর চেয়ে দুঃখের আর কিছু নেই। রাজ্য সরকারের উচিত তদন্ত করা এবং তদন্ত কমিটি গঠন করে যাতে ইসকোতে চাকরি কেনাবেচা না হয় তার ব্যবস্থা করা। এটা যদি না পারেন, পশ্চিমবঙ্গ সরকারের যে ভাবমূর্তি জনসাধারণের কাছে আছে, তা নষ্ট হবে এবং মানুষের হতাশার সৃষ্টি হবে।

শ্রীমহম্মদ এক্রমূল হক বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জনস্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয়ের একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় এবং পশ্চিমবাংলায় গরম পড়ার সংগে সংগে জল খাওয়ার কুয়া ও নলকূপগুলি ক্রমশ শুকাতে আরম্ভ করেছে। গত বছর খরার সময় যে সমস্ত নলকূপগুলি রি-সিংকিং করা হয়েছিল সেগুলি থেকে জল পড়া বন্ধ হয়ে গেছে, সেখানে জল পড়ার পরিবর্তে বালি উঠছে। এই জন্য আমি অনুরোধ করছি, এই সমস্ত নলকূপ অবিলম্বে মেরামত করা হোক এবং শীঘ্র সারা পশ্চিমবঙ্গে জলের অভাব পূরণের জন্য পানীয় নলকূপ যাতে বসানো হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীশরদিন্দু সামন্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ জিনিস ঐ তমলুক মহকুমা হাসপাতালের চরম দুরবস্থার কথা আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের নোটিসে নিয়ে আসার চেষ্টা করছি। এইমাত্র ২৯ তারিখে এক ভদ্রমহিলা—দুঃস্থ বাড়ির মেয়েকে ঐ হাসপাতালে ভর্তি করা হয়। সে সময় যে ডাক্তার দায়িত্বে ছিলেন তাঁর নাম হচ্ছে ডাঃ এইচ এন সাহা ও আরও দুজন নার্স যা আমি মেনসন করেছি তারা চিকিৎসা করা তো দূরের কথা রাত্রে যে কোথায় চলে গেল তা জানা গেল না। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী খোঁজ নিয়ে দেখবেন কি যে তারা কোথায় গেল। এই তমলুক হাসপাতালের মধ্যে এই সমস্ত জিনিস হয়। আমি মাস দুই পূর্বে একবার অ্যাক্সিডেন্টে পড়েছিলাম এবং ঐ ট্যাক্সি ড্রাইভার ও আরও দুজন ঐ হাসপাতালে গিয়েছিলাম। সেখানে ঘণ্টা খানেক ধরে নাভিশ্বাস ফেলার পরও কোনও ডাক্তার ও নার্স এলো না। শুধু তাই নয়, সেখানে নার্সে নার্সে মারামারি হচ্ছে, ডাক্তারে ডাক্তারে মারামারি হচ্ছে। এগুলি তদন্ত হওয়া দরকার। আমার কাছে দরখাস্ত আছে, স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে ও আপনাকে দেবো। কারণ ব্লক হাসপাতাল সেখানে কোথাও ফাংসান করছে না, একটিমাত্র হাসপাতাল, একটা অ্যাম্বুলেন্স নাই। এ ব্যাপারে কি কার্যকর ব্যবস্থা গ্রহণ করা যায়, সেটা আশা করি, মন্ত্রিমহাশয় একটু বিবেচনা করে দেখবেন।

শ্রীশংকরদাস পালঃ মাননীয় স্পীকার স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে যানবাহন বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সম্প্রতি প্রকাশিত সংবাদে প্রকাশ যে, কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার পাইকপাড়া ডিপো থেকে গাড়ির দামী যন্ত্রাংশ চুরির হিড়িক ভয়ানকভাবে [illegible] ঐ সংবাদ থেকেই জানা যায় যে, ডবলিউ বি এস ১৭২৫ গাড়ির নতুন সেলফ স্টার্টার চুরি [illegible]। এ ছাড়াও প্রায় আট হাজার টাকা মূল্যের স্পেয়ার পার্টস পাচার করার সময় ৫ জন পাচারকারী মাল সমেত ধরা পড়ে। এ ছাড়া আশঙ্কা করা যায়, সমস্ত চুরিই ঠিকমত জানা যাচ্ছে না। এও কিছু বিচিত্র নয় যে, ডিপোর কর্মী বা অন্য কোন ব্যক্তির এর সঙ্গে জড়িত থাকা সম্ভব। এও সম্ভব যে, অন্যান্য ডিপোতেও ঠিক একই কায়দায় মাল চুরি যাচ্ছে। মাননীয় স্পীকার স্যার, বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ, কারণ এর সঙ্গে জনসাধারণের স্বার্থ জড়িত। কেননা, করদাতাদের দেয় টাকায় যে যন্ত্রাংশ কেনা হয় বা গাড়ির সংখ্যা বাড়ানো হয়, এই চুরির দ্বারা তাদেরকেই অসুবিধার মধ্যে নিক্ষেপ করা হয়। প্রায়ই দেখা যায় রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার অনেক গাড়ি পথিমধ্যে বিকল হয়ে পড়ে থাকে। যন্ত্রাংশের অভাবের জন্য অনেক গাড়ি মেরামত করাও সম্ভব হয় না। লোকসানের মাত্রা এভাবেই বেড়ে চলে। পরিশেষে এ ক্ষতি পূরণ করতে হয় যাত্রি সাধারণের ভাড়া বাড়িয়ে। এ ছাড়া যাত্রি সাধারণের চলাচল ব্যবস্থাও ভেঙ্গে পড়ার উপক্রম হয়। স্যার, এ অবস্থা কোন মতেই চলতে দেওয়া উচিত নয়, তাই আমি আপনার মাধ্যমে মাননীয় যানবাহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, তিনি অবিলম্বে এ বিষয়ে উপযুক্ত ব্যক্তি বা ব্যক্তি-গণের তদন্তের ব্যবস্থা করুন, যাতে এ ধরনের চুরি চিরতরে বন্ধ হয় এবং দোষী ব্যক্তিরা শাস্তি পায়। আমি আশা করি, জনস্বার্থের খাতিরে এ বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে এবং জনসাধারণকে যাতে বাড়তি ভাড়া না দিতে হয় তার ব্যবস্থা করবেন।

শ্রীরজনীকান্ত দোলুইঃ মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আজ এখানে ত্রাণমন্ত্রী নাই, অন্যান্য মন্ত্রীরা আছেন। আমি তাঁদের দৃষ্টিও অকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে, মাননীয় ত্রাণমন্ত্রী এই বিধানসভায় জানিয়েছিলেন যে তিনি প্রতি জেলাশাসককে জানিয়ে দিয়েছেন যে, মানুষ খেতে না পেয়ে যেন না থাকে। কিন্ত ঐ ক্ষেতমজুর যারা দিন আনে দিন খায়, খোঁজ নিয়ে দেখুন যে, তারা খেতে পাচ্ছে না। টেস্ট রিলিফ চালু করবার জন্য প্রতি জেলা ম্যাজিস্ট্রেটকে জানানো হয়েছে। কিন্ত আজ পর্যন্ত দেখতে পাই যে, মেদিনীপুর জেলায় টেস্ট রিলিফের ব্যবস্থা নাই। আমি নিজে জেলা ম্যাজিস্ট্রেটের কাছে গিয়েছিলাম, তিনি বললেন, এই রকম কোন নির্দেশ তিনি পান নি।

তাই আমি মাননীয় সরোজ রায় মহাশয় যা বললেন, তাঁর সঙ্গে সুর মিলিয়ে বলতে চাই যে, আজকে তাদের যদি কাজ না দেওয়া হয়, যদি টেস্ট রিলিফ চালু করা না হয়, তা হলে অনেক মানুষ মৃত্যুমুখে পতিত হবে, এই কথা যেন মন্ত্রিমহাশয় অনুধাবন করেন।

[3-00—3-10 p.m.]

এবং অবিলম্বে পশ্চিমবঙ্গের সব জেলাতে এবং সমস্ত অঞ্চলে যেখানে টেস্ট রিলিফের কাজ চলবে সেই সমস্ত এলাকায় যাতে টেস্ট রিলিফের কাজ চালু করা হয়, তার জন্য আমি মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যারা দিন আনে দিন খায় তাদের এই মৃত্যুদণ্ডের হাত থেকে বাঁচিয়ে রাখা যাতে সম্ভব হয় সেদিকে লক্ষ্য রেখে অবিলম্বে টেস্ট রিলিফের কাজ চালু করবার ব্যবস্থা করবেন।

শ্রীআনন্দগোপাল মুখার্জিঃ মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২ তারিখে বেলা ৪টার সময় দুর্গাপুরে গ্রাফাইট ইন্ডিয়া বলে একটি কারখানায় প্রচণ্ড বিস্ফোরণ হয়েছে এবং সেই বিস্ফোরণের ফলে ৬ জন কর্মী গুরুতররূপে আহত হয়ে দুর্গাপুরের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়ে আছে। আমি জানি, এই সংবাদ সংবাদপত্রে বেরোয় নি এবং মন্ত্রিসভার দৃষ্টি-গোচরও হয় নি। তার কারণ, হয়ত গুজ্ঞাত। মাননীয় স্পীকার মহোদয়, আমি বিশেষভাবে সেখানে দেখেছি কি রকম বিস্ফোরণ ঘটেছে, সেই বিস্ফোরণের কারণ অনুসন্ধান করে এসেছেন ফ্যাক্টরী ইন্সপেক্টর পি আই অটোক্লেভ এর ঢাকনা উড়ে গিয়ে কারখানার ৭০ ফুট উঁচু সেড ১ হাজার বর্গফুট এলাকা ভেঙে নীচে গিয়ে দেখেছি যে, একটি টুকরোও অ্যাসবেস্টসের সিট নেই এবং সেই পি আই অটোক্লেভ ৮০০ গজ দূরে পড়ে আছে। স্বভাবতঃই সকলেরই মনে হবে যে, কারখানায় সমস্ত কর্মী, ১,৭০০ কর্মীই মারা যেতে পারতো। এর ভাইব্রেসনের জন্য কারখানার এবং জায়গার কাঁচও গোটা নেই, সমস্ত টুকরো টুকরো হয়ে পড়ে গেছে এবং সেখানে কারখানার ঐ পি আই অটোক্লেভ-এর টেম্পারেচার, প্রেসার-এর রেকর্ড যন্ত্র ১৯৭১ সাল থেকে টেম্পারেচার প্রেসার রেকর্ড করছে না। মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব যে, আমাদের ফ্যাক্টরী ইন্সপেক্টর দীর্ঘ গত ১৯৭১ সাল থেকে ফ্যাক্টরী ভিজিট করেছেন, কি করেন নি, এ সম্বন্ধে তদন্ত করা হোক। এই কারখানা এখনও পর্যন্ত বন্ধ আছে এবং কারখানার কর্মীরা কোন বিভাগেই ভয়ে কাজ করতে যেতে পারছে না। এই কারখানার সেফটি অ্যাপ্লায়েন্সেস ঠিকভাবে টেস্ট করা হোক এবং আমাদের সেখানে যে ফ্যাক্টরী ইন্সপেক্টরস আছেন, সেফটি ইঞ্জিনিয়ার আছেন, তাদের বিরুদ্ধে আমার অভিযোগ হল যে, তাঁরা এই কারখানা কখন কখন ইন্সপেকসন করেছেন, তা দেখা হোক। মাননীয় স্পীকার মহোদয়, এই কারখানার অ্যাক্সিডেন্টের পরে দেখা গেল, রেকর্ডার যন্ত্রে যে কাগজে টেম্পারেচার এবং প্রেসার রেকর্ড করা হয় তাতে ১৭ই জুন ১৯৭১ তারিখের গ্রাফই আঁকা আছে এবং সেটাই হচ্ছে লাস্ট গ্রাফ এবং সেখানে প্রেসার বিল্ড আপ করে ৪৫০ কেজি ওজনের পি আই অটোক্লেভ ৭০ ফুটের উপরে ১ হাজার বর্গফুটে চাল উড়িয়ে নিয়ে গেছে এবং ৬৫০ গজ দূরে ফেলেছে এবং ৬০০ কর্মী সেখানে আহত হয়েছে তাই আমি জানতে চাই, মন্ত্রিমহাশয় এ সম্বন্ধে তদন্তের ব্যবস্থা করবেন কিনা।

শ্রীমতী ইলা রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করতে চাই। আজকে সারা পশ্চিমবাংলায় যে সুতা নিয়ন্ত্রণ করা হয়েছে সেটার জন্য আমাদের ক্ষুদ্র শিল্প এবং তাঁতীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সরকার যদি এই সুতা সুষ্ঠু ভাবে বণ্টন করতে পারেন, তা হলে আজকে সাধারণ লোক লাভবান হতে পারবেন। আজকে আমার কেন্দ্রের হোসিয়ারীগুলি বন্ধ হয়ে যাচ্ছে এবং বিভিন্ন জেলার তাঁতীদের তাঁতকলগুলি আজকে বন্ধ হয়ে যাচ্ছে। সেই জন্য কাপড়ের মূল্য দিনের পর দিন বেড়ে চলেছে। কিন্তু সাধারণ তাঁতী এবং হোসিয়ারী শিল্প যদি বন্ধ হয়ে যায়, তা হলে লক্ষ লক্ষ সাধারণ মানুষ বেকার হয়ে যাবে এবং আমাদের দেশের ক্ষতি হবে। সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্পীকার মহাশয়, আজকে গেঞ্জীর হোসিয়ারী

শত শত লোক বিধানসভার দিকে আসছেন। আমাদের একজন মাননীয় সদস্য এই সুতার বণ্টন নিয়ন্ত্রণ করার জন্য আন্দোলন করবে বলে আমার কাছে খবর এসেছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জানাতে চাই যে, এই বণ্টন যদি নিজেদের হাতে নিয়ে সুষ্ঠুভাবে করেন, তবেই সাধারণ লোক বাঁচাতে পারবে এবং সমাজতান্ত্রিক পথে আমরা চলেছি, আমরা গরিবী হঠাও বলছি, যদি এইভাবে আমরা করতে পারি তা হলে সত্যিকারের এটা কার্যকর হতে পারবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। বন্দে মাতরম্।

[3-10—3-30 p.m. including adjournment.]

Presentation of Fifteenth Report of the Committee on Estimates

Shri Mohammad Idris Ali: Sir, I beg to present the Fifteenth Report of the Committee on Estimates on Power (Rural Electrification Scheme).

Statement under rule 346

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজই আমাদের বিধানসভার সদস্যা শ্রীমতী গীতা মুখার্জী এই হাউসে নিকৃষ্টমানের চালের স্যাম্পেল দেখিয়েছেন। আমরা জানি রেশন ব্যবস্থায় যে চাল দেওয়া হয়, তার শতকরা ৭৫ ভাগ আতপ চাল। এই চাল হরিয়ানা, পাঞ্জাব থেকে আসে। আমরা যখন দেখলাম, চালের মান উন্নত করতে মূল উপায় হচ্ছে পাঞ্জাব ও হরিয়ানা যেখানে আতপ চাল উৎপন্ন হয় সেখানে যদি অতিরিক্ত উৎসাহব্যঞ্জক দাম ২ টাকা করে দেওয়া হয় তা হলে তারা আতপ চাল না করে সিদ্ধ চাল উৎপন্ন করবেন এবং তা করলে আমাদের পশ্চিমবঙ্গের লোক সিদ্ধ চাল পেতে পারবে এবং এই সমস্যার একটা স্থায়ী সমাধান হতে পারে। দায়িত্বভার নেবার পরে আমি কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করেছিলাম। খাদ্য দপ্তর প্রস্তাব মেনে নিয়েছেন, কিন্তু অর্থ দপ্তর এ বিষয়ে মঞ্জুর করেননি। পরিশেষে অনেক আলোচনার পরে গত ২৯শে মার্চ কেন্দ্রীয় অর্থমন্ত্রী আমাকে জানিয়েছেন যে, আমার এই প্রস্তাব তারা মঞ্জুর করেছেন এবং আরো জানিয়েছেন যে, খাদ্য এবং কৃষি দপ্তর তারা এই বিষয়ে সিদ্ধান্ত নেবেন। আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় সদস্যদের জানিয়ে দিচ্ছি, এতদিনের প্রচেষ্টা এবং সকলের সহযোগিতায় সফল হয়েছি। আমি এই টেলিগ্রাম পেয়েছি কিন্তু বিধানসভা চলছে বলে, আমি মনে করি, আমার দায়িত্ব বিধানসভায় মাননীয় সদস্যদের সামনে তুলে ধরা। সেজন্যই আমি এটা পেশ করছি, এই টেলিগ্রাম পেয়েছি Joint Secretary, Food, Shri A. K. Majumdar of Ministry of Food and Agriculture. The telegram reads thus -

> Continuation of my telex message No. 1702, dated 22nd March, 1973, regarding premium price for par-boiled rice. Government of India have decided to pay premium price of Rs. 2 per quintal over procurement price for par-boiled rice produced in Punjab, Haryana and Madhya Pradesh during the next Kharif season 1973-74. Issue price of par-boiled rice would be suitably enhanced to meet extra cost of procurement involved. Concerned State Government informed of the decision.

মাননীয় সদস্যদের জানাচ্ছি, এই সংবাদ কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাছ থেকে পাবার পরে আমি অনুরোধ করেছিলাম খাদ্যমন্ত্রীকে যাতে এই বছর থেকে আমরা কিছু সুযোগ পাই তার চেষ্টা করতে। তারা এক অর্ডারে জানিয়েছেন, ১৯৭৩-৭৪ সালের খরিফ সিজন থেকে এই সুযোগ পাবে। দুঃখের সঙ্গে জানাচ্ছি, যদিও সিদ্ধান্ত হয়েছে, কিন্তু এ বছর থেকে হয়ত আমরা এই সুযোগ পাব না। কিন্তু এই সিদ্ধান্ত যে কেন্দ্রীয় সরকার চূড়ান্তভাবে নিয়েছেন, রাজ্য সরকারের প্রস্তাব গ্রহণ করে তাতে সিদ্ধ চাল পাবো বলে আগামী দিনে আশা রাখছি। তার জন্য বলেছেন যে, এনহান্সড করতে পারেন, ইস্যু প্রাইস কিছুটা—২ টাকা বাড়িয়েছেন পার কুইন্টালে। এই সিদ্ধান্তটি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাচ্ছি।

(At this stage the House was adjourned for 20 minutes.)

[3-30—3-40 p.m.]

(After Adjournment)

GOVERNMENT BILL

LEGISLATION

The West Bengal Agricultural Credit Operations Bill, 1973

Shri Sankar Ghose: Mr. Speaker, Sir, I beg leave to introduce the West Bengal Agricultural Credit Operations Bill, 1973.

(Secretary then read the title of the Bill.)

Shri Sankar Ghose: Sir, I beg to move that the West Bengal Agricultural Credit Operations Bill, 1973, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই বিলটা এনেছি যাতে কৃষিক্ষেত্রে ব্যাঙ্ক কৃষকদের এবং বর্গাদারদের আরো বেশী করে ঋণ দিতে পারে। এখন আমাদের যে আইনগুলি আছে, সেই আইনে কৃষিক্ষেত্রে যে পরিমাণ ঋণ পাওয়া উচিত সেটা আমরা পাচ্ছি না। হরিয়ানায় কৃষকরা যে ঋণ পাচ্ছে, পাঞ্জাবে কৃষকরা যে ঋণ পাচ্ছে, আমাদের কৃষকরা সে ঋণ পাচ্ছে না। আইনের দিক থেকে কিছু কিছু গলদ আমাদের রয়েছে, সেই জন্য সংশোধনী প্রয়োজন হচ্ছে। কৃষিক্ষেত্রে এখন কৃষকরা ঋণ পায় তিনটে এজেন্সির মারফত। একটা হচ্ছে, সরকারী ঋণ, আর একটা হচ্ছে সমবায় ঋণ, আর একটা হচ্ছে গ্রামের মহাজনরা যে ঋণ দেয়। আমরা দেখেছি যে, গ্রামের মহাজনরা যে ঋণ দেয় তাতে কৃষকরা সুবিধার চেয়ে শোষিত হয় বেশী এবং এই গ্রামীণ মহাজনদের হাতে কৃষকরা পড়ে, যার ফলে কৃষকদের ফসলের অংশ খুবই কম তাদের কাছে থাকে। এই অবস্থার পরিবর্তন আবশ্যক হয়ে পড়েছে। কৃষিক্ষেত্রে যদি আমরা উন্নতি করতে চাই, তা হলে কৃষিক্ষেত্রে যাদের জমি নেই অথচ যারা চাষ করছে সেই বর্গাদারদের শতকরা ৩০ শতাংশ ফসল পাওয়ার ব্যবস্থা করতে হবে। সেই বর্গাদাররা যদি কৃষি ঋণ না পায়, তা হলে কৃষিক্ষেত্রে পরিবর্তন কি উন্নয়ন আনা সম্ভব হবে না। আজকে কৃষিক্ষেত্রে আমরা যদি পরিবর্তন আনতে চাই, এগ্রিকালচারাল ব্রেক-থ্রু করতে চাই, তবে পুরোনো ধরনে চাষ করলে কেবল হবে না, বর্তমান আধুনিক বৈজ্ঞানিক ও প্রযুক্তিবিদ্যার দ্বারা যে সমস্ত নতুন নতুন প্রণালী এসেছে সেটা আমাদের সদ্ব্যবহার করতে হবে তার জন্য ঋণ প্রয়োজন।

সেই ঋণ এতদিন কৃষকরা পাচ্ছিল না। কেবলমাত্র সরকারী ঋণ কিংবা সমবায় ঋণ কিংবা বাজেটারি মেজার্সের মাধ্যমে কৃষিক্ষেত্রে যে বিরাট ঋণের চাহিদা তা মেটান সম্ভব নয়। কিন্তু আমরা দেখেছি যে, কৃষক—বিশেষ করে বর্গাদার যদি ঋণ পায়, তা হলে এক একটা জায়গায় প্রায় ৭০ শতাংশের বেশী তার উৎপাদন ও আয় বৃদ্ধি হতে পারে। এই সমস্ত বিষয়ে সোমজুড় অঞ্চলে সমীক্ষা হয়েছিল। সেই সমীক্ষার বিবরণ আমাদের কাছে এসেছে। তাতে বলা হয়েছে, কৃষক বিশেষ করে বর্গাদার যদি ঋণ পায়, তা হলে আধুনিক কৃষি উন্নতির জন্য যা ব্যবস্থা গ্রহণ করা দরকার তা তারা করতে পারে এবং তার ফলে দেখা গেছে ৭৭ ভাগ উৎপাদন তাদের বৃদ্ধি করতে পেরেছে। তাই আমরা এই যে আইন এনেছি, এর প্রধান উদ্দেশ্য হচ্ছে যাতে বর্গাদার উপকৃত হতে পারে, ব্যাঙ্ক থেকে ঋণ পেতে পারে। এতদিন পর্যন্ত ব্যাঙ্কের যে রীতি আছে তাতে সম্পত্তি বন্ধকের উপর, জমির স্বত্ব বাঁধা রাখার উপর ঋণ দেওয়া হয়। সেখানে ৩০ ভাগের বেশী বর্গাদার যাদের সম্পত্তি নেই অথচ শ্রম আছে, উৎপাদনের শক্তি আছে সেই শ্রমের বন্ধকের ভিত্তিতে কিংবা উৎপাদন শক্তি বন্ধকের ভিত্তিতে তারা আগে ব্যাঙ্ক থেকে ঋণ পেত না। আজ আমরা সেটা পরিবর্তন করতে চাই। সেটা হল যে ভূমিহীন কিংবা চাষ করছে অথচ যার জমির উপর মালিকানা স্বত্ব নেই কিন্ত ফসলের উপর অধিকার রয়েছে সে যাতে ব্যাঙ্ক থেকে ঋণ পেতে পারে সেজন্য আমরা যে আইন এনেছি, তাতে

আমরা বলেছি আগে যেটা ছিল জমি বা সম্পত্তি যার আছে সেই ঋণ পাবে, আমরা সেই জমির সংজ্ঞা পরিধি আরও বাড়িয়ে বলেছি যার মালিকানা স্বত্ব নেই কিন্তু ফসলের উপর অধিকার আছে সেই ঋণ পাবে। জমির সংজ্ঞায় বলেছি—

Land includes the crops standing thereon and in the case of a bargadar means his share of produce of such land.

সুতরাং আগে ধনতান্ত্রিক ব্যবস্থায় ছিল সম্পত্তি বন্ধক করতে হবে। কিন্তু বর্গাদার যতই শ্রমনিষ্ঠ হোক, উৎপাদন শক্তি থাক, সে এই ঋণ পাবে না। সেই অবস্থার পরিবর্তন করতে হবে। যে জমি চাষ করে ফসল করছে সেই ফসলের উপর তার অধিকার আছে। সেই অধিকারকেই আমরা 'ল্যান্ড' বলেছি এবং তার বন্ধকের ভিত্তিতেই ব্যাঙ্ক ঋণ দিতে পারবে। তারপর এখন যা আইন আছে তাতে ব্যাঙ্কের অনেক অসুবিধা আছে তাই ঋণ দিতে পারছে না। আমরা সেখানে ৪নং ধারায় বলেছি, স্থাবর সম্পত্তি বন্ধকের ভিত্তিতে যে অন্য যা কিছু আইন থাক সেই আইনের উপর—

Notwithstanding any thing contained in any other law it shall be lawful for agriculturalists to create a charge on the movable property owned by him or on the crops raised by him.

অর্থাৎ অন্য আইনের উপরে এই আইন হবে এবং অন্য আইনে যদি বাধা থাকে, তা হলে সেটা অপসারিত হবে।

[3-40—3-50 p.m.]

ফসলের উপর ভিত্তি করে ব্যাঙ্ক ঋণ দেবে। স্ট্যান্ডিং অর আদারওয়াইজ, কেবল একটা ফসল হয়েছে সেই ফসলের ভিত্তিতে নয়, বর্গাদার চাষ করে ভবিষ্যতে যে ফসল উৎপন্ন করবে তার ভিত্তিতে ব্যাঙ্ক থেকে যাতে ঋণ পেতে পারে, তার জন্য বলা হয়েছে—

On the crops raised by him, standing or otherwise or other produce from land cultivated by him, to the extent of his interest therein, in favour of a credit agency notwithstanding that he may not be the owner of the land from which the crop is raised.

এতে একটা বিরাট পরিবর্তন আসবে। ঋণের ক্ষেত্রে আগে গ্রামে যে ব্যবস্থা ছিল তাতে যার মালিকানা স্বত্ব নেই সে ঋণ পেত না। কিন্তু এখন যে বর্গাদার ভূমিহীন, কিন্তু যার শ্রমনিষ্ঠা আছে, ফসল যে তৈরি করতে পারবে সে ব্যাঙ্কের কাছ থেকে ধার পেতে পারবে এই বন্দোবস্ত করা হচ্ছে। এই বন্দোবস্তের কথা বলে যদি বলি, সকল বর্গাদার ব্যাঙ্কের কাছ থেকে ধার পেতে পারে, তার জন্য বিরাট পরিবর্তন হবে, তা হলে তা সম্পূর্ণ হবে না। গ্রামের মহাজন যারা বর্গাদারদের ঋণ দিয়ে শোষণ করত, তাদের ফসলের বেশীর ভাল অংশ নিয়ে নিত, তাদের ঋণ পরিশোধের ব্যাপারে অগ্রাধিকার থাকবে না। কারণ ঋণ যেটা পাবে সেটা রাজ্য সরকারের কাছ থেকে পাবে, সমবায় সমিতির কাছ থেকে পাবে, ব্যাঙ্কের মাধ্যমে পাবে, এই যে তিনটি মাধ্যম, এইগুলিতেই গরিব বর্গাদাররা অগ্রাধিকার পাবে। মহাজন যারা কৃষকদের শোষণ করত তাদের অগ্রাধিকার থকবে না। এটা হলে কৃষকরা মহাজনদের শোষণ থেকে মুক্ত হতে পারবে। তারপর আর একটা অসুবিধা ছিল। এই সমস্ত ব্যাঙ্ক থেকে যদি ঋণ নিতে হয়, তা হলে বন্ধক করে ঋণ নিতে হয়। তার জন্য রেজিস্ট্রেসান করতে হয়, একটা অফিস থেকে আর একটা অফিসে যেতে হবে, রেজিস্ট্রেসান ফি, স্ট্যাম্প ডিউটি দিতে হবে, তাতে অনেক দেরি হয়ে যেত এবং অনেক খরচও হয়ে যেত। ফলে কৃষক ভূমিহীন চাষী যারা ঋণ চাইত তারা ঋণ পেত না। এই সমস্ত ব্যবস্থার পরিবর্তন যদি না করা যায়, তা হলে ঠিকমত ঋণ বর্গাদার, ভূমিহীন কৃষকের হাতে গিয়ে পৌঁছায় না। সুতরাং রেজিস্ট্রেসানের যে আইন সেই বিষয়ে পরিবর্তন করতে হয়, মাননীয় সদস্যরা যদি এই বিল পাশ করেন, তা হলে সেই পরিবর্তন আসবে, তাকে রেজিস্ট্রেসানা স্ট্যাম্প ডিউটি, এই সমস্ত কিছু করতে হবে না, শুধু একটা ডিক্লারেশান দিতে হবে, কৃষক বলে দেবে যে, আমি ব্যাঙ্কের কাছ থেকে এই ঋণ নিতে চাই, এই ডিক্লারেশান

দিচ্ছি। সেই ডিক্লারেশান রেজিস্ট্রি অফিসে পাঠিয়ে দিলেই চলে যাবে, এর জন্য রেজিস্ট্রেশান ফি, স্ট্যাম্প ডিউটি দিতে হবে না। এতে খরচ হবে না, সময়সীমা কিছু কমে আসবে। কৃষি ঋণের মাধ্যমে ভূমিহীন চাষী বর্গাদারদের ঋণ দিয়ে চাষের যে উন্নতি হবে তাতে যে ক্ষতি সরকারের হবে রেজিস্ট্রেশান ফি এবং স্ট্যাম্প ডিউটি বাবত সেটা সামান্য। কিন্তু যদি ভূমিহীন বর্গাদারদের ব্যাংক থেকে ঋণ দিয়ে কৃষিকে আধুনিক করতে পারি, পুরাণ যে এক-ফসলী পদ্ধতি চলছিল সেই একটা ফসলের জায়গায় ২।৩টি ফসল করতে পারি, অধিক ফলনশীল ধান করতে পারি, তা হলে তার জন্য যে সারের দরকার হবে, কীটনাশক বা পাম্প সেট বা পাওয়ার টিলারের যত যন্ত্রপাতি দরকার হবে তার জন্য যে অর্থের প্রয়োজন, ঋণের প্রয়োজন, লগ্নীর প্রয়োজন তা যদি ব্যাঙ্কের কাছ থেকে পেতে পারি, তা হলে আমাদের কৃষিক্ষেত্রে একটা বিপ্লব আসতে পারে। একটা সবুজ বিপ্লব যেটা পাঞ্জাবে হয়ে গেছে, হরিয়ানাতে হয়ে গেছে, যেটা এখানে আরম্ভ হচ্ছে, সেই সবুজ বিপ্লব সংঘটিত হতে পারে। তাই পুরাণ আইনে বর্গাদারকে ঋণ পেতে হলে তার সম্পত্তি বন্ধক দিতে হত, তাকে রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি দিতে হত, তার হয়রানি হত এবং তার সমস্ত অর্থ এতে চলে যেত, সেই বাধা এই আইনের দ্বারা দূর হবে।

গ্রামের যে সমস্ত মহাজনরা এতদিন ধরে কৃষকদের শোষণ করছিল তাদের হাত থেকে যদি আমরা বর্গাদারদের এবং ভূমিহীন কৃষকদের মুক্ত করতে পারি, তাদের যদি ব্যাংক লোন দিতে পারি, তা হলে একটা বিরাট পরিবর্তন আমরা কৃষিক্ষেত্রে আনতে পারব, একটা সবুজ বিপ্লব আনতে পারব, একটা কৃষি বিপ্লব আনতে পারব। আমরা যদি কৃষিক্ষেত্রে আধুনিকীকরণ, নিবিড়ীকরণ এবং বহুমুখীকরণ, মাল্টিপল ক্রপিং, এগ্রিকালচারাল মডার্নাইজেসন এই সমস্ত জিনিস করতে পারি, তা হলেই এ বিপ্লব সম্ভব হবে। কিন্তু তার জন্য টাকার দরকার, লগ্নীর দরকার। কারণ পাম্প সেট, পাওয়ার টিলার, ফার্টিলাইজার, পেস্টিসাইডস্ এগুলি এমনিতে হবে না। আমরা পরীক্ষা করে দেখেছি, যেখানে ব্যাংক ঋণ দিয়েছে, যেমন ডেমজুড়ে সমীক্ষা হয়েছে, তাতে দেখেছি ব্যাংক ঋণ দেওয়াতে ৭৭ ভাগ তাদের উৎপাদন বৃদ্ধি পেয়েছে। তাতেই এটা সম্ভব হয়েছে। এই ব্যাংক ঋণ পাঞ্জাব এবং হরিয়ানার কৃষকরা যেটা পাচ্ছে আমরা এখানে সেটা পাচ্ছি না আইনের বাধার জন্য, ইনস্টিটিউসনাল ডিফেক্টস-এর জন্য পাচ্ছি না। আমরা যদি এগুলি দূর করতে পারি, তা হলে কৃষিক্ষেত্রে সবুজ বিপ্লব আনতে পারব।

এই আইনের আর একটা প্রস্তাব রয়েছে ব্যাংক যেটা ধার দিয়েছে সেটা ল্যান্ড রেভিনিউ হিসাবে আদায় করতে পারবে। কারণ ব্যাঙ্কের কাছ থেকে যদি আমরা ঋণ চাই, তা হলে তাদের সুযোগসুবিধা দিতে হবে। এটা দিতে গেলে একজন বর্গাদার নিজে ঋণ করে সে যদি এগ্রিকালচারাল ইনপুটস্ দিতে পারে, তা হলে সে ৫০ ভাগ না পেয়ে ৭৫ ভাগ পাবে। হাই-ইল্ডিং ভ্যারাইটি দিয়ে একটার জায়গায় যদি তিনটা ফসল হয়, তা হলে বোঝা যাবে তার উৎপাদন শক্তি ২।৩ গুণ বেড়ে গেছে এবং এমনও দেখা গেছে, এই হাই-ইল্ডিং ভ্যারাইটি দিয়ে ৪।৫ গুণ ফসল বৃদ্ধি হতে পারে। সেইজন্যই আমরা ব্যাংককে সুযোগ দিয়েছি। আমাদের ল্যান্ড রিফর্ম বিলে রয়েছে একটা সীমার ভেতরে জমি রাখতে হয়। কিন্তু এটা শিথিল করবার প্রয়োজন হয়েছে। কারণ ব্যাংক হাজার হাজার লোককে ঋণ দেবে এবং জমি তাদের হাতে আসবে, কিন্তু সেখানে যদি দেখা যায় সে ২৪ বিঘা বা ১৭ বিঘার বেশী জমি রাখতে পারবে না, তা হলে ২৪ বিঘার বেশী সে ঋণ দিতে পারবে না। এটা হতে পারে না। আমরা চাই যে, কোটি কোটি টাকা আসুক। অন্য জায়গায় যে রকম হয়েছে, পাঞ্জাব এবং হরিয়ানায় যে রকম হয়েছে তাতে দেখছি আমরা যেখানে ২ কোটি টাকা পাব ওঁরা সেখানে ২০ কোটি টাকা নিয়ে চলে যাচ্ছে। এই টাকা যদি আমরা আনতে পারি তা হলে সেটা শোধ দিতে অসুবিধা হবে না, কারণ উৎপাদন শক্তি এতে বৃদ্ধি পাবে। এই যে বিল এসেছে এটা বড় চাষীদের জন্য আসে নি, যাদের জমিতে অধিকার রয়েছে, যারা জমির মালিক তাদের সুবিধার জন্য আসে নি, কারণ তারা ব্যাঙ্কে জমি বন্ধক দিয়ে টাকা বা ঋণ পেতে পারে, তাদের জন্য এই আইন নয়। এই আইন মূলতঃ ক্ষুদ্র চাষী

প্রান্তিক চাষী, বর্গাদার, ভাগচাষী এবং ভূমিহীন চাষীদের জন্য যারা ব্যাঙ্ক থেকে ঋণ পাচ্ছি না ধনতান্ত্রিক ব্যবস্থাতে। তাদের অবস্থার যাতে উন্নতি হতে পারে, তা যাতে ব্যাঙ্ক থেকে ঋণ পেতে পারে, তার জন্য এই ব্যবস্থা করা হচ্ছে এবং তার জন্য রাষ্ট্র কো রকম রেজিস্ট্রেশান ফি চাইবে না, স্ট্যাম্প ডিউটি চাইবে না বা কোন রকম হয়রানি চাইবে না এখন ঋণ পাবার অধিকারী একমাত্র সে, যে শ্রম করতে পারবে, যার উৎপাদন শক্তি আছে কারুর হয়ত জন্মগত সূত্রে সম্পত্তি আছে বা ঘটনাচক্রে সে সম্পত্তি পেয়েছে--সেই ভিত্তিতে ঋ নয়, ঋণ এই জন্য যে, এই কৃষকের শ্রমনিষ্ঠা রয়েছে, উৎপাদন শক্তি সে বৃদ্ধি করতে পারবে এব ফসলের বন্ধকের ভিত্তিতে সে ঋণ পেতে পারে। এই আইন পেশ করে আমি আবেদন জানাব যে সমস্ত ব্যাঙ্ক আছে তাদের দৃষ্টিভঙ্গীর পরিবর্তনের প্রয়োজন আছে। এই যে ধনকেন্দ্রিক ব্যবস্থা রয়েছে তাতে যাদের সম্পত্তি রয়েছে তারাই ঋণ পায়, তারা লগ্নী করতে পারে এব তাদের উৎপাদন বৃদ্ধি হয়। কিন্তু ব্যাঙ্ক রাষ্ট্রীয়করণ এই কারণে হচ্ছে যাতে সাধারণ মানুষ ঋণ পেতে পারে। এই সাধারণ মানুষ বলতে কেবল শহরের মানুষ নয়, গ্রামের মানুষকেও বোঝাবে। গ্রামের মানুষ যাতে ঋণ পেতে পারে, চাষী যাতে ঋণ পেতে পারে সেইজন্য এই আইন এনেছি। এই আইন কার্যকর করবার জন্য এবং সমস্ত সুবিধা পাবার জন্য আমাদের অনেকের সহযোগিতা লাগবে এবং বিশেষ করে ব্যাঙ্ক কর্তৃপক্ষের যে দৃষ্টিভঙ্গী রয়েছে সেই বন্ধকমূলক দৃষ্টিভঙ্গী রাখলে হবে না। টাকা মারা যাবে কিনা সেই দৃষ্টিভঙ্গী নয়, আজকে দৃষ্টিভঙ্গী হবে এই টাকা দিয়ে দেশকে গড়তে পারব কিনা, উন্নতি করতে পারব কিনা। যদি উন্নতি করতে পারি তা হলে ব্যাঙ্ক টাকা পাবে। কাজেই উন্নয়নমূলক দৃষ্টিভঙ্গী ব্যাঙ্কের যাতে হয় সেই চেষ্টা আমাদের করতে হবে এবং তার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। আমি আশা করছি, এই বিলের জন্য আমাদের বর্গাদাররা, ভূমিহীন চাষীরা ব্যাঙ্ক থেকে আরও ঋণ পাবে এবং তাদের সুবিধা হয়ে যাবে। একথা বলে আমি এই বিল হাউসে উপস্থাপিত করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিলকে যে অধিকাংশ সদস্যরা সমর্থন জানিয়েছেন তার জন্য আমি তাদের কাছে কৃতজ্ঞ। আমরা নির্বাচনের আগে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে, বর্গাদারদের স্বার্থ আমরা সংরক্ষিত করব। আমরা এই বিলের মাধ্যমে আমাদের প্রতিশ্রুতি কিছুটা রক্ষা করছি। পশ্চিমবাংলার অর্থনীতিকে উন্নত করতে হলে আমাদের গ্রামের অর্থনীতির উন্নতি করতে হবে এবং সেখানে বর্গাদারদের স্বার্থ যদি আমরা সংরক্ষিত করতে পারি, তাদের হাতে যদি ঋণের টাকা তুলে দিতে পারি, তা হলে আমরা গ্রামীণ অর্থনীতির উন্নতি করতে পারব।

[3-50—4-00 p.m.]

Mr. Speaker: There are motions for circulation of the Bill by Shri A. H. Besterwitch, Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad. All the amendments are in order. I now call upon Shri Timir Baran Bhaduri to move the amendments.

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1973.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল ক্রেডিট অপারেশন বিল, ১৯৭৩, যেটা মাননীয় অর্থমন্ত্রী আমাদের সামনে রাখলেন এবং সেটা রাখতে গিয়ে যে কথাটা তিনি বার বার করে বলার চেষ্টা করলেন যে, বর্গাদারদের কথা—কম জমির যে মালিক বা যে চাষী, প্রান্তিক চাষী, তাদের কথা বললেন। এই বিলটি দেখে শুনে আমার মনে হচ্ছে, বিলটি একটা মাকাল ফল। মাকাল ফলের স্বাদ ও গন্ধ যেমন পাওয়া যায় না, তেমনি এই বিলের আমরা দেখতে পাচ্ছি স্বাদ ও গন্ধ সাধারণ গরিব মানুষ, চাষী কিছুই পাবে না। পাবে যারা অন্ধকারে, যারা অন্যায়ভাবে সরকারী আইনকে ফাঁকি দিয়ে হাজার হাজার বিঘা জমি লুকিয়ে রেখেছে, তারা এর সুযোগ পাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও আমাদের হিসেব নেই,

সরকারী হিসেবে দেখতে পাবো, গোটা পশ্চিমবঙ্গে প্রায় ২৮ লক্ষ বর্গাদার আছে। এটা যদি ঠিক হয়, তবুও এখন পর্যন্ত বর্গাদারদের নাম রেকর্ডভুক্ত ৮ লক্ষের বেশী হয় নি। এটা আমাদের হিসেব নয়, এই হিসেব পশ্চিমবঙ্গ সরকারের। তা হলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একটু চিন্তা করে দেখুন এই রেকর্ডভুক্ত ৮ লক্ষ বর্গাদারের বাইরে আরো যে হাজার হাজার লক্ষ লক্ষ বর্গাদার আছে, তারা এই ঋণ থেকে বঞ্চিত হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এমনি কৃষিঋণ নয়, এমনি যে সমস্ত এগ্রিকালচারাল লোন ব্লক অফিস থেকে দেওয়া হয়, একটি বর্গাদারকে একটি নিম্ন জমির মালিককে, যাকে গ্রামবাংলার কথায় বলে—পাচুড়ি ভাগীদার। জোতদারের লাঙ্গল বলদ নিয়ে এরা চাষ করে। এই পাচুড়ি ভাগীদার মানুষ ব্লক অফিস থেকে লোন পায় না। তারা দেখা যায় গ্রামবাংলার বি ডি ও অফিস থেকে, যারা অর্থনৈতিক অবস্থা যাদের উন্নত, জমি ছাড়াও অন্যান্য ব্যবসায় যারা নিযুক্ত আছে, এই যে চাষী পরিবার এবং জোতদার, তারা সেই সমস্ত লোন বা সরকারী সাহায্য পেয়ে থাকে। তখন সরকারী দপ্তর থেকে বলা হয়, প্রান্তিক চাষী বর্গাদারকে তোমরা ঐ জমি ভাগে কর—এ রকম তো কোন রেকর্ড নাই। তা হলে আপনি স্যার, চিন্তা করে দেখুন কৃষিঋণ দেবেন মন্ত্রিমহাশয় বলেছেন, মুখে বলছেন বটে কিন্তু কাকে দেবেন? প্রান্তিক চাষীকে? ভাগীদারকে? শুনতে খুব ভাল কথা। একটি ভাগীদারের নাম কি আপনারা রেকর্ড করিয়েছেন? যাতে বর্গাদাররা আইনগত কোন সুযোগসুবিধা না পায় তার জন্য আপনারা পশ্চিমবাংলার কতকগুলি ক্ষেত্র, কতকগুলি জেলা আপনারা বেছে বেছে সেটেলমেন্টের আওতায় আনলেন। যেখানে জোতদারদের সংখ্যা বেশী সেখানে ৭৫ বিঘার বেশী জমি রেখে দিয়েছে, সেই সমস্ত জেলায় সেটেলমেন্টের কাজ হচ্ছে না। ভূমিরাজস্ব মন্ত্রী বলেন, তিনি তহশীলদারদের বলে দিয়েছেন, বর্গাদারদের রেকর্ড তাঁরা করবেন। এটা অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে, যে কোন জায়গায় কোন গরিব চাষী, কোন বর্গাদার যেখানেই আইনের সুযোগ নিতে গিয়েছেন, সেখানেই দেখা গিয়েছে যে, সরকারী দপ্তর, জে এল আর ও অফিস বিপরীত ভূমিকা নিয়েছে এবং বর্গাদারদের যাতে রেকর্ডের ব্যবস্থা না হয়, তার জোতদারদের পক্ষে সহায়তা করেছে। এ রকম প্রমাণ আমার কাছে আছে, অনেক আছে। সরকার পক্ষ যদি সে রকম প্রমাণ চান, তা হলে সেই রকম প্রমাণ দিতে পারি। সুন্দরবন অঞ্চলে এই রকম ঘটনার প্রমাণ ভূরি ভূরি পাওয়া গেছে। আমার মুর্শিদাবাদ জেলার হিজল এলাকায় মাত্র ২৬২টি বর্গাদার কেস এসেছে। এই হিসাব থেকেই মনে হবে যে, আসল অবস্থার তুলনায় এই হিসাব কত ক্ষীণ এবং কত নগ্ন অসত্য। গোটা পশ্চিমবাংলায় ব্যাপকহারে উচ্ছেদ হয়েছে, তার নজির এখানে রাখতে পারলেন না, মাত্র ২৬২টি কেসের হিসাব দিলেন। যদিও এই কৃষিঋণ আপাতদৃষ্টিতে দেখতে ও শুনতে বেশ ভাল, কিন্তু তাঁরা এটাকে যেভাবে এনেছেন এবং যেভাবে কথা বলার চেষ্টা করেছেন, তাতে দেখতে পাচ্ছি যে, সেটা বর্গাদারদের পক্ষে যাবে না এবং এই কারণেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের কিছু কিছু জায়গায় বিরোধিতা করছি। বিশেষ করে বিলের ১(৩) ধারায় বলেছেন, এই ধারাটি অবিলম্বে বলবৎ হবে এবং অবশিষ্ট ধারাগুলি, রাজ্য সরকার সরকারী ঘোষপত্রে প্রজ্ঞাপন দ্বারা যে বা যে যে তারিখ ও যে বা যে যে অঞ্চল নির্দিষ্ট করেন সেই বা সেই সেই তারিখে ও সেই বা সেই সেই অঞ্চলে বলবৎ হবে। তা হলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা পশ্চিমবঙ্গব্যাপী হচ্ছে না। রাজ্য সরকার যখন যেমন মনে করবেন, সেইভাবে স্থির করবেন কোন্ কোন্ অঞ্চল বা কোন্ কোন্ মৌজার বর্গাদারদের কৃষিঋণের আওতায় আনবেন বা কোন্ কোন্ থানার বা ব্লকের বর্গাদারদের কৃষিঋণের আওতায় আনবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের উপর আমার বিশ্বাস থাকত, যদি এ'দের অতীতের চরিত্রে দেখতে পেতাম যে, এ'রা ঠিক ঠিকভাবে কাজগুলি পরিচালনা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু জমির ব্যাপারে নয়, অন্যান্য ব্যাপারেও দেখছি, চাকুরির ক্ষেত্রেও দেখছি, এ'রা নিজেদের মুষ্টিমেয় কয়েকজন বেকারকেই কেবল চাকুরি দিচ্ছেন, আর যে হাজার হাজার বেকার রয়েছে, তাদের দিকে তাকাচ্ছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই রকম আমরা দেখতে পাচ্ছি, পশ্চিমবাংলায় যে সমস্ত সেটেলমেন্ট হচ্ছে সেই সেটেলমেন্টের ব্যাপারে দেখতে পাচ্ছি মুষ্টিমেয় কতকগুলি ডিস্ট্রিক্টকেই বেছে নেওয়া হচ্ছে পশ্চিমবাংলাকে ব্যাপকহারে বেছে

নেওয়া হয় নি। এখানেও বলছেন যে যে অঞ্চল যে যে মৌজা বা যে যে এলাকা, তাঁরা ঠিক করবেন, সেইগুলি তাঁরা কৃষিঋণের আওতায় আনবেন, আমি সেই জন্যই এই বিলের বিরোধিতা করছি। যদি জানতাম যে, গোটা পশ্চিমবাংলা এই কৃষিঋণ একসঙ্গে চলু হবে, তা হলে নিশ্চয়ই সমর্থন করতাম। এদের যা রাজনৈতিক চরিত্র, আজকে যা দেখছি, তাতে এদের উপর বিশ্বাস করতে পারছি না, এ'রা কথায় যা বলেন কাজে তা করেন না, সে তো আপনি দেখতেই পাচ্ছেন। এবং এই কারণেই এই বিলকে সমর্থন করতে পারছি না। এ'রা বলেছিলেন, হলদিয়ায় লোককে চাকুরি দেবেন, তার কি হল? আপনি তো তা জানেনেই।

তারপর ২(খ)-তে বলা হচ্ছেঃ 'কৃষিজীবী' বলতে, যে ব্যক্তি কোন কৃষিগত উদ্দেশ্যে জমি ভোগদখল করেন বা কৃষির ব্যাপারে ব্যাপৃত থাকেন তাহাকে বুঝাইবে এবং বর্গাদারও এতদন্তর্ভুক্ত হইবে। এখানে একটা ব্যারিয়ার রাখা দরকার ছিল। যে জমিদার ফাঁকি দিয়ে লক্ষ লক্ষ বিঘা জমি লুকিয়ে রেখেছে, তারা এই সুযোগ নেবে। বর্গাদারের নাম রেকর্ড নাই এক দিকে, অন্য দিকে 'কৃষির সঙ্গে যুক্ত' এটা করতে পারলে সমস্ত মানুষই যুক্ত হবে।

[4-00—4-10 p.m.]

গ্রামবাংলার সমস্ত মানুষ কৃষির সঙ্গে যুক্ত। কিন্তু ব্যাপক যে বর্গাদারদের সংখ্যা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলবার, দেখাবার চেষ্টা করেছি যে, ৩০ শতাংশ যে বর্গাদারদের সংখ্যা বা নিম্ন প্রান্তিক চাষী এদের ধরলে এই বর্গাদারদের সংখ্যা আরও বেড়ে যাবে--পার্সেন্টেজ আরও বেড়ে যাবে। যে ব্যাপক অংশ প্রায় ৪০ শতাংশ এর সুযোগ পাবে না বা এটা হবে না। যেহেতু বর্গাদারের নামে রেকর্ড নাই। যদি বর্গাদারের নাম রেকর্ড করা হত, তা হলে নিশ্চয়ই এই বিলকে সমর্থন করতে পারতাম এবং বর্গাদারদের উপর যে ১০ পার্সেন্ট জমির মালিক বা ২০ বা ২৫ বিঘা জমির মালিক সেই মধ্যবিত্ত চাষী এই জমি ছাড়া অতিরিক্ত চাষী এর মালিক সেখানে যদি একটা 'বার' সৃষ্টি করতেন, তা হলে নিশ্চয়ই এ বিলকে সমর্থন করতে পারতাম। তার জন্য মনে করি, একটা 'বার' রাখা দরকার। বর্গাদার ১০-২০-৩০ বিঘা পর্যন্ত জমির মালিকরা কৃষিঋণ পাবে, তারপর পাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বলা আছে যে, রাজ্য সরকার যে সমস্ত আর্থিক প্রতিষ্ঠানকে ঋণ বা এজেন্সী হিসাবে প্রত্যায়িত করেন, কোন আর্থিক প্রতিষ্ঠান তা হলে দেখা যাচ্ছে, যদি মাননীয় অধ্যক্ষ মহাশয়, ধরে নিই যে, পশ্চিমবাংলায় জোতদার যারা হাজার হাজার বিঘা জমি লুকিয়ে রেখেছে তারা যদি ঋণ প্রথায় এজেন্সী খোলে —ছেলের নামে, আত্মীয়স্বজনের সকলের নামে, যদি অনুমতি দেন, এই যে গ্রামের কালো জমি তা যদি কৃষি ঋণের আওতায় আনা হয় তা হলে ঐ ব্ল্যাক মানি যেমন হোয়াইট মানি করবার ষড়যন্ত্র যেমন চলছে তেমন সরকার সুযোগ দিচ্ছেন ব্ল্যাক জমিকে হোয়াইট জমিতে নিয়ে আসার। যারা হাজার হাজার বিঘা জমি লুকিয়ে রেখে দিয়েছে তারা যদি আজকে ঐ জমিদারি আইনের আওতায়, সেই আইনের জাল থেকে যদি তারা বেরিয়ে আসে অর্থাৎ বেরিয়ে আসা যায় তার জন্য যদি ঋণ প্রথায় এজেন্সী খোলেন, তা হলে দেখা যাবে, ঐ কালো জমি সাদা জমিতে রূপান্তরিত হল এবং সেখানে ঐ পিছনের দিকে আপনারা যা বলেছেন—'অব্যাহতি' এর জায়গায় বলেছেন "এতদ্দ্বারা ঘোষণা করা যাচ্ছে যে, পশ্চিমবাংলার ভূমিসংস্কার আইনের ১৯৫৫-র ১০(দ) ধারার বিধিতে কোন কিছু ঋণ প্রথা এজেন্সী রায়ত হিসাবে জমির মালিক সেরূপ কোন জমি সম্পর্কে প্রদত্ত হবে না।" এই কথা বলেছেন, তা হলে জোতদার তার আত্মীয়স্বজনের নামে যদি ঐ ঋণ প্রথায় এজেন্সী খোলেন এবং তার আওতায় আনেন, তা হলে দেখা যাবে ঐ ৭৫ বিঘার আইন আইন বা ৪৬ বিঘার আইন তা কার্যকরী হবে না। এটা একটা ব্ল্যাক জমিকে হোয়াইট জমিতে নেবার ষড়যন্ত্র। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইজন্য যে বিল মাননীয় মন্ত্রিমহাশয় এনেছেন আমি এর বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের যে সমস্ত কথা তা শুনতে খুবই ভাল, এরা ঋণ প্রথা, এজেন্সী ঋণদান, কৃষিঋণ ইত্যাদি সুন্দর সুন্দর কথা বলেছেন। কিন্তু আসল জায়গায় কি? আসলে গ্রামাঞ্চলে যারা উচ্চবিত্ত যারা এ ক্লাস জোতদার তারাই এই সুযোগসুবিধা পাবে, আর ছোবড়া পাবে ঐ বর্গাদাররা। এই প্রসঙ্গে আমার একটা গল্প মনে পড়ে গেল, একজনের

বাড়িতে এক বুড়ি ভিক্ষা চাইতে গেলে গৃহিণী বলেছিলেন ভিক্ষা হবে না--ভিক্ষা দেব না, ছাই দেব। ভিখারিণী তাই শুনে বলেছিলেন, তাই দিন, হাতটা অন্ততঃ আজ সরুক। এ ছাড়া আর কি বলতে পারে? আমাদের ভাগ্যে ছাইই জুটবে, বর্গাদারদের ছোবড়াই জুটবে। আমরা যদি দেখতাম, ব্যাপক হারে বর্গাদারদের রেকর্ড করে, তাদের অধিকার কাগজেকলমে দিয়ে, কৃষিঋণ আনতেন, তা হলে নিশ্চয় একে সমর্থন করতাম। মাননীয় অর্থমন্ত্রী বললেন, হরিয়ানার কথা, পাঞ্জাবের কথা, সবুজ বিপ্লবের কথা। কি রকম সবুজ বিপ্লব তার একটু হিসাব নেওয়া যাক। বামপন্থী সদস্যদের হিসাব নয়, পার্লামেন্ট সদস্যরা হিসাব করে দেখেছেন, চার-পাঁচ বছর ধরে এক জায়গায় স্ট্যাগনান্ট অবস্থায় আছে, এক জায়গায় এসে থেমে গিয়েছে। চাষীদের মধ্যে যে উৎসাহ, উদ্দীপনা নিয়ে আসা দরকার ছিল, সেটা হয় নি। সেটা আনা হয়েছে যারা বিজনেসম্যান, যারা টাকা আর কোথাও ইনভেস্ট করতে পারছে না, তারা কৃষিতে টাকা ইনভেস্ট করে সবুজ বিপ্লবের ফানুষ উড়াচ্ছেন। এখানে বলা হয়, হরিৎ বিপ্লবের কথা, কিন্তু চাষীরা তার সুযোগ পায় না। কারা সার পায়? পাট চাষের ব্যাপারে মুর্শিদাবাদ খুব ভাল। এই পাটে যে সমস্ত পোকা লাগে তার জন্য মেশিন দরকার হয়। কিন্তু সেই মেশিন একটা গরিব বর্গাদার পায় না, আমি দায়িত্ব নিয়ে বলছি, যদি প্রমাণ চান, আমি নাম করে বলে দেব। আমি সেদিন সাত্তার সাহেবকে বলেছিলাম, কারা পাম্প পাচ্ছে। দেখা যাচ্ছে, গ্রামের যারা উচ্চবিত্ত এবং উচ্চ মধ্যবিত্ত তারাই পাম্প পাচ্ছে। হাজার হাজার গরিব বর্গাদার তারা ধ্বংস হয়ে যাচ্ছে। তারা দরখাস্ত করেছে, এগ্রিকালচারাল অফিসারের কাছে ধর্ণা দিয়েছে, কিন্তু পায় না। যারা হাজার বিঘা জমির মালিক তারা বি ডি কমিটিতে জুটেছে, জোতদারদের বাড়ির ছেলেরা এসে জুটেছে, ল্যান্ড রি-অর্গানাইজেসান কমিটিতে যারা জোতদারদের বাড়ির ছেলে তারা কংগ্রেসের নামাবলী গায়ে দিয়ে এসে জুটেছে। (শ্রীআনন্দগোপাল মুখার্জীঃ ধ্যেৎ।) আনন্দবাবু ধ্যেৎ তো বলবেনই। এঁদের মুখেই গরিবী হঠাও-এর শ্লোগান। কাকে বীজ দিয়েছিলেন, কাকে পাম্প সেট দিয়েছেন, কারা মেশিন পেয়েছে, আপনি আপনার জবাবী ভাষণে জবাব দেবেন আশা করি। এইটা জানা দরকার। এর জন্য আমি বিল সমর্থন করতে পারছি না। যদি দেখতাম বর্গাদারদের সামান্যতম ন্যায্য অধিকার দিয়েছেন, যেটা মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, সেটা বললেই হবে না, কাজে করতে হবে। সেদিন মুখ্যমন্ত্রী হিসাব দিয়েছেন সারা পশ্চিমবঙ্গের মধ্যে মাত্র ৩২টি জায়গায় পুলিস দিয়ে গরিবদের সাহায্য করেছেন। আজকে কৃষিতে ভয়াবহ অবস্থা দেখা যাচ্ছে। সেদিন কাগজে দেখলাম, পাটের যে জিনিস আসছে সেখানে ব্ল্যাক মার্কেট আরম্ভ হয়ে গিয়েছে। গত বছর দেখেছি কো-অপারেটিভের নামে অনেক প্যাকেট বীজ বিলি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুঃখের কথা যে, কো-অপারেটিভ ও এন সি সি-র তরফ থেকে পুরাণো বীজ ১·৭২ টাকা কেজি বিক্রি হচ্ছে। আবার বলছেন, পুরাণো বীজ লাগান হবে না। আমি কি বলি—এঁদের বলার কি কোন মাথামুণ্ডু আছে? আমার হাতে যদি ক্ষমতা থাকতো, তা হলে এঁদের সব পাগলা গারদে পাঠাতাম যে, মাথার ঠিক আছে কিনা দেখার জন্য। এই সমস্ত কারণে আমি এর ঘোর বিরোধিতা করছি এবং আমার মোশন মুভ করছি।

[4-10—4-20 p.m.]

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব স্পেশ্যাল ইনফরমেশন স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আজ পশ্চিমবঙ্গ উদ্বাস্তু সেবা সমিতির নেতৃত্বে কয়েক হাজার উদ্বাস্তু ভাই-বোন ১১ দফা দাবি-দাওয়ার ভিত্তিতে পশ্চিমবঙ্গ বিধানসভা অভিমুখে একটি মিছিল নিয়ে এসেছে। আমরা দেখেছি ১৯৫৬ সাল থেকে ১৯৬৪ সাল পর্যন্ত শিয়ালদহ স্টেশনে অমানুষিক দুঃখদুর্দশার কাটানোর পরে তদানীন্তন সরকার এই ১,২৫০টি পরিবারের মধ্যে রিফিউজি রিকুইজিসন জমির উপর বি আর এস থেকে মাত্র দু কাঠা পরিবার পিছু জমি দিয়ে দো-চালা টিনের ছাউনি করে পুনর্বাসনের দায়িত্ব এড়িয়ে গেছেন। আমি মনে করি, এটা পুনর্বাসনের নামে অদের নির্বাসন

দেওয়া হয়েছে। স্যার, আমি জানি যে, এদের মধ্যে শতকরা ৮০টি পরিবার তফসিল সম্প্রদায়-ভুক্ত, আদিবাসী সম্প্রদায়ভুক্ত এবং এদের মধ্যে ৯০টি পরিবার কোন আয়ের মধ্যে সংশ্লিষ্ট নয়। তারা যে দাবিদাওয়া করেছে, আমি আপনার মাধ্যমে বিশেষ করে কয়েকটি গুরুত্বপূর্ণ দাবির প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। তাঁরা যে দাবি রেখেছেন আমি তাঁদের সঙ্গে কণ্ঠ মিলিয়ে বলি, উদ্বাস্তু পরিবারগুলির অর্পিত জমির সত্ব ও অর্পণপত্র দেওয়া হোক। প্রত্যেকটি পরি-বারকে উদ্বাস্তু ঋণের টাকা দেওয়া হোক। কলোনীগুলিকে মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত করা হোক। সর্বাঙ্গীণ উন্নয়নের জন্য রাস্তা তৈরি, বৈদ্যুতিকরণ ও পানীয় জল সরবরাহের বন্দোবস্ত করা হোক। এই রকম বিভিন্ন ধরনের ১১ দফা দাবিদাওয়া আছে। তারা বলেছে যে, তাদের উচ্ছবৃত্তি করা ছাড়া অন্য কোন পথ নেই। যদি সরকার সহানুভূতির সঙ্গে বিবেচনা করে অবিলম্বে এই সমস্ত দাবিদাওয়া পূরণের কথা চিন্তা না করেন, তা হলে তাদের অনাহারে মরতে হবে এবং এই ৭,৫০০ জন নরনারীকে আন্দোলনের পথে নামতে হবে। আমি আপনার মাধ্যমে ট্রেজারী বেঞ্চে যারা রয়েছেন তাদের দৃষ্টি আকর্ষণ করছি যে, তাদের দাবিদাওয়া সহানুভূতির সঙ্গে বিবেচনা করা হোক এবং তারা যে মিছিল নিয়ে এসেছে, তাদের কাছে গিয়ে তাদের কথা শুনুন এই আবেদন জানাচ্ছি।

Mr. Speaker: Now I call upon Shri Biswanath Mukherjee.

শ্রীবিশ্বনাথ মুখার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজক যে বিলটি এসেছে সেটা আমাদের কৃষি উন্নয়নের পক্ষে খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু এটা আশ্চর্যের বিষয় যে, এই আইনসভায় কোন গুরুত্বপূর্ণ বিল আসার আগে সেটা সিলেক্ট কমিটিতে দেওয়া হয় না আলোচনার জন্য। আমি বহুবার প্রতিবাদ করেছি—আজও প্রতিবাদ করছি। আমার মনে হয় যে, এটা এক ধরনের ঔদ্ধত্য যে, আমাদের মন্ত্রিসভা মনে করেন যে, তাঁরা এবং তাঁদের অফিসাররা সমস্ত কিছু বিজ্ঞতার আধার। আমি মনে করি, আরও কিছু জানা দরকার, আরও কিছু বুঝবার দরকার আছে। আমি একমত নই যে, কোন কিছু সমালোচনার ভিত্তিতে উন্নতি হতে পারে না। কোন গুরুত্বপূর্ণ বিল সিলেক্ট কমিটিতে আলোচনা করলে এইসব আলোচনার মাধ্যমে অনেক কিছু বেরিয়ে পড়ে। এটা ঠিক নয়, যে তার কমা, ফুলস্টপ, সেমিকোলন সব ঠিক আছে। এই জন্য আমি এর প্রতিবাদ করছি। দ্বিতীয়তঃ, এই বিলে আমাদের দলের সদস্যরা তিনটি সংশোধনী এনেছেন এবং আমি সেই সংশোধনীর উপর আলোচনা করবো। তার আগে আমি কতকগুলি সাধারণ মন্তব্য করতে চাই। প্রথমে সর্বপ্রধান হল মন্ত্রিমহাশয় বলেছেন, যারা গরিব লোক তারা যাতে ঋণ পায় তার জন্য প্রত্যেক এগ্রিকালচারিস্টকে তিনি ইনক্লুড করেছেন। ইমপ্রুভমেন্ট হয়েছে ভাল কথা। কিন্তু আমি বলতে চাই, একথা আমাদের মনে আছে যে, ১৯৫১ সালে বহু দিন আগে ২২ বছর আগে, প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার রিপোর্টে একটা প্রস্তাব করা হয়েছিল যে, আমাদের মত দেশে গ্রামের গরিব চাষী, ছোট চাষী, মাঝারী চাষীদের যদি সাহায্য করতে হয়, তা হলে এদের জন্য পৃথক ব্যবস্থা হওয়া দরকার। পৃথক কো-অপারেটিভ হওয়া দরকার। তা না হলে এরা সাহায্য পায় না। গ্রামের অবস্থাপন্ন লোকরা সরকারী ও বেসরকারী সমস্ত সাহায্যের বেশীর ভাগ তারা টেনে নেয়। আমি আশা করেছিলাম যে, বিলের পারপাজের মধ্যে এটা থাকবে, উদ্দেশ্যের মধ্যে এটা থাকবে। কারণ, ব্যাঙ্কের কাছ থেকে, বেশী জমির মালিক, বড় লোক, যাদের পয়সা অনেক আছে, তারা কো-অপারেটিভ থেকে টাকা নিয়ে মহাজনী কারবার করে, ব্যাঙ্কের কাছ থেকে টাকা নিয়ে ব্যবসাবাণিজ্য করে, পাঁচজনকে কষ্ট দিচ্ছে। জমি থেকে তারা পায়, ব্যাঙ্কের কাছ থেকে তারা জমি উন্নয়নের নাম করে পায়। কিন্তু যারা পায় না আমার খবর হরিয়ানা, পাঞ্জাব, মহারাষ্ট্রেও ওরা বঞ্চিত হয়েছে। সেখানেও সবুজ বিপ্লবের প্রধানত যাদের কাছে গেছে তারা হচ্ছে বেশী জমির মালিক এবং অবস্থাপন্ন লোক। কিছু কিছু ছিটে-ফোঁটা তলার দিকে গেছে, আমাদের এখানে সেই ছিটেফোঁটাও যায় নি। তাই আমি আশা করবো, যদিও বিলের পারপাজে এটা লেখা হয় নি, মন্ত্রিমহাশয় পরিষ্কারভাবে এখানে পলিসি স্টেটমেন্ট করবেন এবং বিভিন্ন সেন্ট্রাল ইনস্টিটিউসন—যাদের জন্য আইন হচ্ছে, যাদেরকে এই বিশেষ সুযোগসুবিধা দেওয়া হচ্ছে, সেখানে আমি মন্ত্রিমহাশয়ের কাছে দাবি করবো, প্রধানত এই গরিব ছোট, মাঝারী চাষীদেরই ঋণ দিতে হবে, তাদের কৃষি উন্নয়নের জন্য। তারাই বেশীর ভাগ জমি

চাষ করে, কাজেই তারা যদি কৃষি উন্নয়ন করতে পারে, তা হলেই প্রকৃত উন্নয়ন হবে, কৃষির উন্নয়ন হবে, তা না হলে কৃষি উন্নয়ন, কৃষকের উন্নয়ন হবে না। কাজেই সেইরকম একটা পলিসি স্টেটমেন্ট আমি মন্ত্রিমহাশয়ের কাছ থেকে আশা করবো এবং ব্যাঙ্কের কাছে সেই রকম একটা পলিসি ডিক্লারেশন গভর্নমেন্টের তরফ থেকে দেওয়া হবে বলে আমি আশা করি, এই কথা ঠিক, আমাদের গ্রামে ঋণের সমস্যা একটা বড় সমস্যা। ১৯৬২ সালে রিজার্ভ ব্যাঙ্ক থেকে একটা সার্ভে করেছিল, তারপর আর কোন স্যর্ভে আমার নজরে পড়ে নি। তাতে তারা নাকি বলেছিল পশ্চিমবাংলার গ্রামের লোকেদের ঋণ হয়ে গেছে ১০৬ কোটি টাকা। এই ১০৬ কোটি টাকার ভিতরে ৮০ কোটি টাকা কৃষকদের ঋণ। গত ১০ বছরে জিনিসপত্রের দাম যেরকম বেড়েছে, প্রাকৃতিক দুর্যোগ যেভাবে হয়েছে, খরা, বন্যা ইত্যাদি ইত্যাদি তাতে করে কৃষকদের ঋণ আরো অনেক বেশী বেড়ে গেছে, আর এক দিকে তাদের ঋণ বেড়েছে কো-অপারেটিভ কতটা ঋণ দিয়েছে, ব্যাঙ্ক কতটা ঋণ দিয়েছে। আপনারা জানেন যে, এক বছরে আমাদের পশ্চিমবাংলার ব্যাঙ্ক কৃষিজীবীদের এক থেকে দেড় ক্যেটি টাকার বেশী ঋণ দেয় নি এবং তাও আবার বেশীর ভাগই গেছে উপরতলায়। কো-অপারেটিভের ঋণ সামান্য। সুতরাং এই যে বিপুল ঋণভার আজকে কৃষকদের জর্জরিত করে রেখেছে, এই ঋণ হচ্ছে মহাজনদের কাছে—তারা ৩ ভাগে ভাগ করেছে, এগ্রিকালচ্যরাস্টিস, প্রফেসন্যাল মানি-লেন্ডারস, ফ্রেন্ডস অ্যান্ড রিলেটিভস। মোটের উপর গ্রামের অবস্থাপন্ন লোকেরাই এই ঋণটা দিয়েছে, তাদের কাছে মাথা বিক্রি হয়ে আছে বেশীর ভাগ চাষীর, এই হচ্ছে আজকের অবস্থা। পশ্চিমবাংলার গ্রামের ঋণ সমস্যার সমাধান করতে গেলে আপনি যে আইন এনেছেন, দরকার যে তারা কি করে পাবে, ইনস্টিটিউসন, ব্যাঙ্কের কাছ থেকে কি করে পাবে—কিন্তু সেই সঙ্গে সঙ্গে এও দরকার যে, আপনি তাকে ক্রেডিটওয়ার্দি করছেন কি করে? আপনি আইনে বলে দিয়েছেন যে, প্রাইভেট লোকের কাছে ঋণ হয়ে গেলে, ব্যাঙ্কের কাছে ঋণ হলে, মর্টগেজ হলে সেটা প্রায়রিটি পাবে। কিন্তু আইনে বলে দিলে হয় না, ব্যাঙ্ক এত বুদ্ধু নয়, সুতরাং আগে তাকে ক্রেডিটওয়ার্দি করা দরকার। আপনাদের স্টেট প্ল্যানিং বোর্ড সেই জন্য সাজেস্ট করেছেন যে, ঋণ জ্যতীয়করণ করুন, ডেবট ন্যাশনালাইজ করুন। তার মানে গভর্নমেন্টের কাছ থেকে দেয়া ঋণ গ্রহণ ক'র ঋণ কত হয়েছে না হয়েছে, ডেবটস সেটেলমেন্ট করে নিয়ে কতটুকু কি বাকি আছে সেটা ঠিক করে তার একটা ইনস্টলমেন্ট করে দাও যে, গভর্নমেন্টকে ইনস্টলমেন্টে শোধ করবে, গভর্নমেন্টকে একটা ফিক্সড রেটে শোধ করবে। ঋণের ক্রেডিটওয়ার্দি কি করতে পারেন—আইন আপনি যাই করুন, সমাজব্যবস্থা বলে একটা জিনিস আছে। সমাজ তার নিয়মেই চলবে এবং সেখানে বেশীর ভাগ কৃষক, গরিব চাষী, মাঝারী চাষী তারা এই সুযোগ নিতে পারবে না। ক্রপ ফেলিওর আমাদের হ্যমেশাই হচ্ছে। আপনি ব্যাঙ্ক থেকে ঋণ পাবার কথা বলে দিয়েছেন। কিন্তু এইভাবে কড়াকড়ি করেছেন। এমন কি পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্টে বলেছেন, এটা প্রযোজ্য হবে। আমি সেই কথায় পরে আসব। কিন্তু যদি ক্রপ ইনসিওর চালু করা হয়—বর্গাদারের কোন দুর্যোগে হয়ত ক্রপ নষ্ট হয়ে গেল, সেখানে সে দু দিক থেকেই মরল। একদিকে ক্রপ নষ্ট হয়ে যাবার জন্য নিজে খেতে পারল না, আর এক দিকে গ্রামের অর্থ ধার শোধ করতে পারল না। সম্পত্তি গেল পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্টে জমি গেল। কিন্তু ক্রপ ইনসিওরেন্সের ব্যবস্থা যদি চালু থাকে, তা হলে বাস্তবিক ক্রপ নষ্ট হয়ে গেলে কিছু কমপেনসেসন পাবে এবং সেই কমপেনসেসন থেকে সে কিছুটা বাঁচবার ব্যবস্থা করতে পারে। এই সমস্ত জিনিস না করে শুধু ব্যাঙ্ক থেকে কি করে পাওয়া যাবে, ব্যাঙ্ক কি করে দেবে এ বললে হয় না। এই আইন পাশ করার সঙ্গে আপনারা যদি এই ব্যবস্থা না করেন এবং ব্যাঙ্কের উপর চেক বসিয়ে তাকে যদি বাধ্য না করেন যে, তমি গরিব চাষী, ছোট চাষী, মাঝারী চাষীদের প্রধানত ঋণ দেবে—তা হলে কিছু হবে না। তোমরা আমাদের রিপোর্ট দাও ৬ মাস অন্তর অন্তর কাকে কাকে ঋণ দিয়েছো। কাদের কাছে এই টাকাগুলি গেল, কি ভাবে গেল, কত টাকা গেল, এগুলি

[4-20—4-30 p.m.]

চেক করা দরকার রেগুলারলি, সেগুলি ব্যাঙ্ক ডাইরেক্ট করা দরকার, তা না হলে পারপাস নষ্ট হয়ে যাবে। খালি উপর তলার লোকেরা পাবে। তার পরের কথা হচ্ছে—একথা ঠিক, আমরা

ব্যাঙ্ককে অধিকার দিয়েছি পাবলিক ডিম্যান্ড রিকভারি অ্যাক্ট আইন অনুসারে আদায় করা। আমি জানি আপনি বাধ্য হয়েছেন। কারণ ১৯৬৯ সালে তখন ব্যাঙ্ক জাতীয়কৃত হয় নি। তখন ব্যাঙ্ক-এর মধ্যে কনফারেন্স করেছিলাম। কৃষি উন্নয়নের জন্য ঋণের ব্যবস্থা করা, ইরিগেশন ব্যাপারে, এর সঙ্গে অন্যান্য সাহায্যের ব্যাপারে এবং সময়মত ব্যাঙ্ক-এর প্রতিনিধিদের সঙ্গে ২-৩ বার সম্মেলন করেছিলাম। তারা অনবরত জিদ ধরেছিলেন যে, ব্যাঙ্ক ডিমান্ড রিকভারি অ্যাক্ট যদি না হয় টাকা দেবো কি করে এবং টাকা শোধ হবে কি করে? বড়লোকের ব্যাপারে বেশী চিন্তা করেন না, লক্ষ লক্ষ টাকা, কোটি কোটি টাকা ঋণ দেন সেই ঋণের টাকা আদায় না হলে আদালতে মামলা-মোকদ্দমা করেন, মামলা চলে, ইনস্টলমেন্ট হয়ে যায়, আদায় হয় না। আমাদের দেশের আইনে আপনি বলেছেন, পুঁজিবাদী ব্যবস্থা চলেছে। এই পুঁজিবাদী ব্যবস্থার নিয়মই অদ্ভুত, ব্যাঙ্ক জাতীয়কৃত হলেও বড়লোকের জন্য একরকম দৃষ্টিভঙ্গি আর গরিবের জন্য আর একরকম দৃষ্টিভঙ্গি। সুতরাং শাইলককে তার পাউন্ড অব ফ্লেস দিতে হয়। এ নিয়ে মন্ত্রি-মহাশয়ের সঙ্গে আমার ঝগড়া নেই। শাইলক যখন চেপে ধরেছে আমাদের পাউন্ড অব ফ্লেস চাই, প্যাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট অনুসারে আমি ক্রোক করে নেবো, স্থাবর, অস্থাবর ক্রোক করে নেবো, জমি ক্রোক করে নিলাম করে নেবো, এই ক্ষমতা যদি আমাকে না দাও, তা হলে গ্রামের চাষীদের ঋণ দেব না। তবে শাইলকের পাউন্ড অব ফ্লেস আপনি মেনেছেন, আমার একটুও ঝগড়া নেই। আমি জানি, শাইলক আজ নয়, অনেকদিন ধরে এই পাউন্ড অব ফ্লেস চাইছে, কিন্তু তাকে যখন এই অধিকার দিয়েছেন যে, পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট অনুসারে জবরদস্তি করে আদায় করতে পারবে, তা হলে আপনার কর্তকগুলি সেফগার্ড থাকা উচিত ছিল আইনে। আমি সেটা নিয়ে কোন অ্যামেন্ডমেন্ট দেই নি। কারণ সেই সময় পাই নি, সেই সুযোগও পাই নি। কিন্তু আমি আপনাকে সাজেস্ট করবো রুলসের মধ্যে, অ্যাডমিনিস্ট্রেশনের মধ্যে কিছু সেফগার্ড রাখুন যাতে অ্যাক্ট ফেল করলেও সঙ্গে সঙ্গে পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট অনুসারে ক্রোক আরম্ভ না হয়ে যায়, যাতে ইনস্টলমেন্টের একটা সুযোগ, একটা কনসিডারেশন পায়। এইরকম কোন একটা মেসিনারি আপনি রুলস-এর মধ্যে হোক বা অ্যাডমিনিস্ট্রেটিভ ব্যবস্থার মধ্যে হোক, আপনি দয়া করে করবেন। তা না হলে এই যে বিরাট ক্ষমতা ব্যাঙ্ক এবং ক্রেডিট ইনস্টিটিউশনকে দেওয়া হয়েছে যেটা ছিল খালি কো-অপারেটিভ এবং গভর্নমেন্টের, গভর্নমেন্ট এবং কো-অপারেটিভ ছাড়া এই অমিত অধিকার আর কারো ছিল না। আজকে সেই অধিকার দেওয়া হয়েছে বিশাল বিশাল ব্যাঙ্ককে এবং সেই অধিকার দেবার সময় তার একটা সেফগার্ড দেবার আপনি বন্দোবস্ত করবেন। তা না হলে একটা যাচ্ছেতাই ব্যাপার হতে পারে। এবারে আমি একটা পয়েন্টে আসছি, যদিও এটাতে আমি অ্যামেন্ডমেন্ট দেই নি। আইনের বয়ান এইরকম হয় এটা এখন থেকে চালু হবে, তারপর গভর্নমেন্ট নোটিফিকেশন দিয়ে চালু করবেন। কিন্তু আমি আপনার কাছ থেকে আজকে এই ডিক্লারেশন চাই এবং এই আইন যখন নোটিফাই করবেন এবং এই আইন সারা পশ্চিমবাংলায় চালু করবেন, এইরকম কোন মানে হয় না যে, এই ব্লকে এই আইন চালু হল, আর ঐ ব্লকে চালু হল না। সি আই ডি পি-র কথা যদি বলেন তারা এই আইনে সন্তুষ্ট হবে না। এই আইন অ্যাবসলিউটলি এনএডিকোয়েট ফর দেম। এদের জন্য পৃথক আইন করতে হবে, ক্ষমতা দিতে হবে। এই যে সারা পশ্চিমবাংলায় ক্রেডিটের জন্য আইন করেছেন সুতরাং এটা সারা পশ্চিমবাংলায় চালু হওয়া উচিত। আমি যতদূর জানি, আমাদের এখানে ব্যাঙ্কগুলি কি করে, কি ঋণ দিয়েছে? সারা ভারতের ব্যাঙ্ক-এর ঋণ খুব কমই কৃষি-জীবীদের কাছে গেছে। কৃষিজীবীদের কাছে যা যাচ্ছে তাও অবস্থাপন্ন লোকের কাছে যাচ্ছে। সারা ভারতে ১৯৭২ সালে যত ঋণ কৃষিজীবীদের দিয়েছেন ভারতবর্ষের সমস্ত ব্যাঙ্ক তার ভিতর মাত্র ০·৩৮ পারসেন্ট ওয়েস্টবেঙ্গলের কৃষিজীবীদের দেওয়া হয়েছে।

যে ধারা আছে, আমরা পশ্চিমবাংলায়—এমন কি অন্যান্য অনেক রাজ্যে আরবান ডিপোজিট থেকে রুর‍্যাল কৃষিজীবী ঋণ দেওয়া হচ্ছে। আমাদের এখানে রুর‍্যাল ডিপোজিট কত পার্সেন্ট দেওয়া হচ্ছে, রুর‍্যাল ডিপোজিট ২৬ পারসেন্ট মাত্র। গ্রামের লোকেরা যে টাকা জমা রাখছে ব্যাঙ্কে তার মাত্র ২৬ পারসেন্ট দেওয়া হচ্ছে। সুতরাং একটা আইন থাকা উচিত ছিল এবং সেই রকম বিধান ভবিষ্যতে আপনাকে করতে হবে। অর্থমন্ত্রী মহাশয় শুনলে খুব ভাল হয়, তাই আমি

স্পীকারের মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি, পার্লামেন্টারী মিনিস্টারের সঙ্গে আলোচনা পরে করবেন, এই দিকে একটু শুনুন। এইরকম একটা ব্যবস্থা থাকা উচিত ছিল, গ্রামাঞ্চলের ব্যাঙ্কে যে টাকা ডিপোজিট হবে অন্তত সেই টাকা কৃষিজীবীদের ঋণ দেওয়া হবে। তারপর আরবান যে ডিপোজিট হচ্ছে তার থেকে ঋণ দিতে হবে। কিন্তু সে বিষয়ে কোন ব্যবস্থা নেই। আমরা যে তিনটি অ্যামেন্ডমেন্ট এনেছি, বিশেষ করে সেগুলি আপনাকে ভেবে দেখতে বলব। বর্গাদার সম্বন্ধে অ্যামেন্ডমেন্ট এনেছি, সেটা মুভড হবে, সারকুলেটেড হবে আপনি দেখবেন, অর্থ-মন্ত্রীকে আমি বুঝিয়েছি যে, দিস ইজ নট অ্যাডিকোয়েট, দিস ইজ নট এনাফ, কিন্তু এটা ল্যান্ড রিফর্মস আইনে নেই। ল্যান্ড রিফর্মস আইনে বর্গাদারের ডেফিনিসন আছে, কি আছে, বর্গাদার বলে যদি অস্বীকৃত হয়, তা হলে কিভাবে স্বীকৃত হতে পারে, না পারে সে বিষয়ে কতগুলি বিধান আছে। যদিও যে বিধানগুলি আছে, সেই বিধানগুলিকে ইনভেড করা হচ্ছে বর্গাদার নয় বলে। কিন্তু আপনি আইনটা এনেছেন ব্যাঙ্কের জন্য, ব্যাঙ্ক আজকে ল্যান্ড রিফর্মস আইনের দ্বারা ঋণ দিতে বাধ্য নয়। ব্যাঙ্ক যখন একজন বর্গাদারকে ঋণ দিতে যাবে তখন সম্পূর্ণ স্যাটিসফায়েড হয়ে তবে যাবে যে, সে বর্গাদার কিনা। ক্রেডিট ইনস্টিটিউশন দ্বারা ব্যাঙ্ক গভার্নড, সে আপনার দ্বারা গভার্নড নয়। সুতরাং সে বলবে ডকুমেন্ট চাই, প্রকৃত বর্গাদার কিনা, রেকর্ড আছে কিনা দেখবে। রেকর্ড থাকলেও অনেক বর্গাদার রেকর্ড করিয়েছিল এবং পরে তাদের রেকর্ড কেটে গিয়েছে। কাজেই অসংখ্য বর্গাদারের রেকর্ড নেই, রেকর্ড হয় নি যাদের, তারা কোথায় যাবে? তখন ব্যাঙ্ক বলবে, কোন একজন অথরিটির, কোন একজন অফিসারের রেকর্ড আনুক বর্গাদার, তা হলে ক্রপের এগেনস্টে লোন দেব। তারপর বলবে ক্রপের মালিক আপনি নন, ক্রপে আপনার শেয়ার নেই, তা হলে আপনি বর্গাদার নন, আপনাকে ঋণ দেব কেন? অর্থমন্ত্রী বলেছেন যে, রুলসে এটা করে দেবেন, কিন্তু রুলসের মধ্যে আর আইনের মধ্যে অনেক তফাত। আইন যদি না করেন, তা হলে ব্যাঙ্ক বুঝল, আমরা অথরিটির কাছে গেলে সে বুঝছে বর্গাদার কি বর্গাদার নয় এবং সেই অফিসার বুঝল, বর্গাদারও বুঝল, কিন্তু ফর দি পারপাস অফ দি অ্যাক্ট এই ভাবে যে ডেফিনিশন আছে, বর্গাদারের ভূমিসংস্কার আইনের আপ টু ডেট অ্যামেন্ডমেন্টে তাতে একজন বর্গাদার রেকগনাইজড হচ্ছে, ১৯৭১-৭২ সালের আইনে এবং সেই অনুসারে অফ দিস অ্যাক্ট বর্গাদারের ডেফিনিসন হল, তাতে সেই বর্গাদারের রেকর্ড থাক বা না থাক সে বর্গাদার এবং তার কাছ থেকে লিখে নেওয়া হল বা সারেন্ডার আন্ডার ডিউরেস লিখিয়ে নেওয়া হোক সেই বর্গাদার। এইসব আমাদের ল্যান্ড রিফর্মস আইনে লেখা আছে। সেগুলি উল্লেখ করে বলতে চাই যে, যদি ডাউট অ্যারাইস করে, তা হলে কে সার্টিফাই করবে? ল্যান্ড রিফর্মস আইনে আছে, ভাগচাষ অফিসার ডিসাইড করবে, যদি ডিসপুট হয় বিটুইন ল্যান্ডলর্ড অ্যান্ড বর্গাদার। কিন্তু সেই প্রশ্ন এখানে নেই, যা আছে তা হচ্ছে, ব্যাঙ্ক জানতে চাইবে, সে বর্গাদার কিনা, এবং সেটা প্রমাণ করতে বলবে। সুতরাং ল্যান্ড রিফর্মস এই বিষয়ে অ্যাডিকোয়েট নয়। আপনি যদি এই বিষয়ে এই প্রভিশন না রাখেন, তা হলে ডিস্ট্রিক্ট কালেকটর তিনি কোন অফিসারকে দিয়ে জে এল আর ও হোক, বি ডি ও-ই হোক বা ডেপুটি ম্যাজিস্ট্রেট কাউকে দিয়ে স্পট এনকোয়ারী, পাবলিক এনকোয়ারী করে তিনি অথরাইজ করবেন যে, হ্যাঁ এই লোক বর্গাদার, সে সার্টিফাই করবে, এই প্রভিশন যদি না থাকে, তা হলে বর্গাদার লোন পাবে না। যদি থাকেও তা হলেও বর্গাদার সেই লোন পাবে না, যদি না আপনি চেপে ধরে কড়া করে লোন দেবার ব্যবস্থা করেন। আর এই প্রভিশন না থাকলে ব্যাঙ্ক লোন দিতে পারবে না, বর্গা-দারের যে অধিকার রেখেছেন তার কোন দাম থাকবে না। ব্যাঙ্ক ক্রেডিট ইনস্টিটিউশন, তারা এত সহজে লোন দিয়ে দেবে, কোন প্রমাণ না পেয়ে, কোন অথরিটি সার্টিফাই করল না, দাঁড়াল না, আর তারা লোন দিয়ে দেবে, এই কথা মনে করবেন না এবং সেটা রুলসে রাখলেন—

That is not adequate, that should be elaborated so that the collectors also can understand.

এর জন্য অন্তত না হোক কৃষি উন্নয়নের জন্য বর্গাদারকে লোন দিতে হবে। তা হলে ডিসপুটেড কেসে পাবলিক এনকোয়ারী করে সার্টিফাই করতে হবে

Collectors should understand, Bank should understand and the bargadars should understand.

[4-30—4-40 p.m.]

সুতরাং তিনি যে বলছেন রুলেস করব তাতে আই অ্যাম নট এট অল স্যাটিসফাইড। আমি মনে করি এটা আইনের প্রভিশনের মধ্যে থাকা উচিত। আর একটা সংশোধন আপনি জানেন, আমরা ৯নং ধারা তুলে দিতে চাচ্ছি। সেখানে আপনি বলছেন, ল্যান্ড রিফর্মস আইনের ১৪(এম) যাতে সিলিং বেঁধে দেওয়া হয়েছে সেই সিলিং ব্যাঙ্কের উপর অ্যাপ্লাই করবে না। কারণ ব্যাঙ্ক বলবে হাজার হাজার, লক্ষ লক্ষ একর জমি আমরা বন্ধক রাখব। যদি তারা ধান না দেয় সেসব ক্রোক করে নেব, নীলাম করে নেব, খাস করে নেব। সেখানে যদি সিলিং রাখি, তা হলে কি হবে? আপনি ল্যান্ড রিফর্ম করার চেষ্টা করছেন, একজন এগ্রিকালচারিস্ট তার যদি ১৭-১৮ একরের বেশী জমি থাকে, আমি নিয়ে নেব, ২৫ একরের বেশী থাকলে নিয়ে নেব, ফ্যামিলির ১৮ একরের বেশী থাকলে নিয়ে নেব এবং ব্যাংককে পারমিট করব এইরকম থাউজেন্ডস, হান্ড্রেড একর জমি সে রাখতে পারবে। তা হ'লে তো কনসেনট্রেশন অব ল্যান্ড ইন এ ডিফারেন্ট ওয়ে থ্রু ব্যাক ডোর হয়ে গেল। এটা হতে দেব? তা হলে সমাধান কি? ব্যাঙ্ককে সম্পূর্ণভাবে সিলিং থেকে বাদ দিলে কি করবেন? সুতরাং এর সমাধানটা আইনের মাধ্যমে নয়। এর সমাধান গভর্নমেন্টকে একটা ইন্টারমিডিয়েট অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যারেঞ্জমেন্ট করতে হবে, একটা এজেন্সি করতে হবে এই ল্যান্ড ম্যানেজমেন্টের জন্য। অর্থাৎ ব্যাংককে বোঝাতে হবে, তুমি যদি জমি ক্রোক কর, নীলাম কর টাকা আদায়ের জন্য, তা হলে জমি তোমার হাতে দেব না, আমি গভর্নমেন্ট সেটা টেক ওভার করে নেব এবং তুমি এককালীন হোক, ইনস্টলমেন্টে হোক, এই পয়সা পাবে। আমি সেই জমি ছোট, মাঝারী, গরিব চাষীর কাছে বণ্টন করতে পারি, কো-অপারেটিভ ফার্মিং, স্টেট ফার্মিং, ইত্যাদি যা খুশী করতে পারি। অর্থাৎ

Land must go back to the peasants; land must not be taken away from the peasants, either by the landlords or by the banks, either by the Mahajans or by the banks.

এইরকম ঢালাওভাবে যে সুযোগ দিচ্ছেন এটা উচিত নয়। আইনের মাধ্যমে এই সমস্যার সমাধান হবে না। এই সমস্যার সমাধান ইন্টারমিডিয়ারি এজেন্সি মাধ্যমে করতে হবে। ক্রপ ইন্সুরেন্স তারপর যেখানে ক্রপ লোন রিকভারির বেলায় ফিফটিন ইনস্টলমেন্ট বলেছেন সেখানে আমরা বলেছি টুয়েন্টি ইনস্টলমেন্ট। আপনারা একদিকে ক্রপ ইন্সুরেন্স নিয়েছেন, আর একদিকে ব্যাংককে দারুন ক্ষমতা দিচ্ছেন যে, পাবলিক ডিম্যান্ড রিকভারি আইন অনুসারে স্থাবর, অস্থাবর সমস্ত সম্পত্তি ব্যাংক নীলাম করতে পারবে। আপনারা কি চিন্তা করেছেন যে, একবার যদি ক্রপ ফেইলিওর হয়ে যায়, তা হলে তারা শোধ করবে কি করে? কি চান্স আপনারা তাকে দিচ্ছেন? অন্য ব্যাপারে আদালতে কেউ গেলে সেখানে গিয়ে কান্নাকাটি করলে সে ইনস্টলমেন্ট পাবে। গভর্নমেন্ট-এর লোন নিলে সেখানেও ইনস্টলমেন্ট পেতে পারে। ক্রপ ফেইলিওর হয়ে গেলে গভর্নমেন্ট নিজেই ২-১ বছরের জন্য পোস্টপন্ড করতে পারে। কিন্তু এ ক্ষেত্রে কি করছেন? সেজন্য আমরা বলেছি ২০ মাস করুন। আমরা বলেছি একটা ক্রপ যদি ফেল করে সেখানে যদি ডাবল ক্রপিং না থাকে, তা হলে সে কিভাবে শোধ করবে? এটা ক্রপ লোন—মনে রাখবেন এটা ল্যান্ড ইনস্টলমেন্ট লোন নয়, কিংবা লং টার্ম লোনে টিউবওয়েল বসাবে, বিদ্যুৎ আনবে তাও নয়। ডিউ টু এক্সেসিভ রেন বা ইন-সাফিসিয়েন্ট রেন যদি ফসল নষ্ট হয়ে যায়, ওয়ান ক্রপ, তা হলে নেক্সট ক্রপ না হওয়া পর্যন্ত সে কিভাবে শোধ করবে? সুতরাং আর একবার ক্রপ হওয়ার পর তাকে চান্স দিতে হবে। ওয়ান ক্রপ ল্যান্ড যেখানে, সেখানে ক্রপ লোন দিচ্ছেন এটা নট ফর দি ইমপ্রুভমেন্ট অফ ল্যান্ড নয়। ফসল বাড়াবার জন্য ফার্টিলাইজার ইত্যাদির জন্য দিচ্ছেন। সুতরাং সেখানে ২০ মাস সময় দিন এবং ফার্স্ট ক্রপ ফেল করলে সেকেন্ড ক্রপ থেকে সে শোধ করবে। তা না হলে ব্যাংককে পাবলিক ডিম্যান্ড রিকভারি অ্যাক্ট অনুযায়ী ক্ষমতা দিচ্ছেন যে, স্থাবর অস্থাবর সমস্ত সম্পত্তি ক্রোক করে নিয়ে যাবে—এ জিনিস হওয়া উচিত নয়। সুতরাং ১৫ মাসের জায়গায় ২০ মাস হওয়া উচিত। ক্রমে এই সমস্যা যদি সমাধান করতে হয়, তা হলে গরিব, ছোট, মাঝারী চাষীকে ঋণ দেবার যে পলিসি সেটা এইভাবে করতে হবে। দ্বিতীয়ত, তাদের ঋণমুক্ত করতে হবে। ৩ নম্বর, ক্রপ ইন্সিওরেন্স। ৪ নম্বর, লোন যতদূর সম্ভব ইন কাইন্ডস তাদের

দিন, ক্রপ লোন দিন। ৫ নম্বর, তাকে খোরাকির জন্য গ্রুপ লোন যদি না দেন গভর্নমেন্ট থেকে, তা হলে সে যে ক্রপ লোন নেবে সেটা ক্রপের ইমপ্রুভমেন্টের জন্য খরচ না করে পেটে খেয়ে ফেলবে, সেই লোন আর সে শোধ করতে পারবে না। এগুলি একসঙ্গে জড়িয়ে আছে, এগুলি যদি একসঙ্গে করেন, ল্যান্ড রিফর্মসের সঙ্গে সঙ্গে সে যাতে লোন পায়, তার ক্রপের সিকিউরিটি পায়, এই ব্যবস্থাগুলি যদি পরপর একসঙ্গে করেন, তা হলে সব মিলিয়ে আমাদের পশ্চিমবঙ্গের যারা ছোট, গরিব, মাঝারী চাষী তারা একটা রাস্তা পাবে। তা না হলে আইন আইনই থাকবে, এর দ্বারা বৃহৎ উপকার হবে না। সুতরাং আমি এই বিলকে অপোজ করছি না, অন্তত আমাদের দেশে ব্যাঙ্ক যাতে ঋণ দেয় তার জন্য তারা যে দাবি করছে, মেনে নিলাম তোমার দাবি, এবারে তুমি ঋণ দাও, এটুকু অন্তত বলে ঋণ দেওয়ার জন্য যে চেষ্টা করছেন সেজন্য আমি এই বিলের অপোজ করছি না। আমরা কিন্তু কতকগুলি পলিসি স্টেটমেন্ট আশা করেছিলাম যে, সে সম্বন্ধে বলবেন। যাই হোক, আমি যে ৩টি অ্যামেন্ডমেন্ট দিয়েছি এই সম্বন্ধে গভীরভাবে চিন্তা করে দেখবেন। যাঁদের গ্রাম সম্বন্ধে, কৃষক ও কৃষি সম্বন্ধে অভিজ্ঞতা আছে, এই সমস্ত ব্যাঙ্কের ফাংসানিং সম্বন্ধে যাঁদের অভিজ্ঞতা আছে তাঁরা জানেন টাকাপয়সা ঘুস না দিতে পারলে ব্যাঙ্ক থেকে টাকা পাওয়া যায় না। যারা অ্যাডমিনিস্ট্রেসান চালায় তাদের কি নজর আছে গরিবের দিকে? যাঁরা গ্রামাঞ্চলে ঘুরেন তাঁদের অভিজ্ঞতা হচ্ছে অ্যাডমিনিস্ট্রেসান বলুন, ব্যাঙ্ক বলুন, তাদের কারোর নজর, সিমপ্যাথি তাদের দিকে নেই। গভর্নমেন্টের হায়ারকিউলিয়ান টাস্ক হচ্ছে দৃষ্টি যদি সেই দিকে ঘোরাতে চান, তাদের কাছে ঋণ পেঁৗছে দিয়ে তাদের উন্নতির ব্যবস্থা করতে চান, তা হলে সেই চেষ্টাই করা উচিত, প্র্যাকটিক্যালের দিক থেকে যে ডিফিকাল্টি অ্যারাইজ করেছে তা সলভ করার দিক থেকে এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করা উচিত এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিমল পাইক: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী এগ্রিকালচারাল ক্রেডিট অপারেশন বিল এনেছেন, এই বিল সমর্থন করব কিনা তা আমার ভাষণের উপসংহারে আমি বলব। সমস্ত আইনটা যদি আদ্যোপান্ত দেখা যায় এবং বিশ্লেষণ করা যায়, তা হলে দেখা যাবে, কৃষককে দু ভাগে ভাগ করা হয়েছে। কৃষক এক ধরনের আছে যে নিজের জমি চাষ করে আর এক ধরনের কৃষক বর্গাদার এবং লোনের যে পদ্ধতি নেওয়া হয়েছে সেই লোনের পদ্ধতি তিন প্রকারের। যার নিজের জমি আছে এমন ধরনের যে কৃষক তিনি তাঁর প্রোপার্টি মর্টগেজ দিয়ে কিংবা তাঁর মুভেবল প্রোপার্টি চার্জ রেখে লোন পেতে পারেন। বর্গাদারের ক্ষেত্রে তিনি তাঁর শেয়ার অব দি প্রোডিউসটাকে বাঁধা রেখে লোন পেতে পারেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমে সেই কৃষকের কথায় আসছি যে কৃষক নিজের হাতে জমি চাষ করে। স্যার, আপনি জানেন পশ্চিম-বাংলায় সেই কৃষকের কি দুঃখদুর্দশা, কিভাবে তারা দিনরাত প্রাণপাত পরিশ্রম করে চলেছে দুই মুষ্টি অন্নের জন্য, দুটি ফসল ফলাবার জন্য কিভাবে চেষ্টা করে চলেছে, পরিবারের ভরণ-পোষণের জন্য কিভাবে চেষ্টা করে চলেছে, তাদের কি অবস্থা সেটা আপনি জানেন। গ্রামের মধ্যে যারা কুসীদজীবী তাদের কাছে গিয়ে তাদের হাত পাততে হয়। তাদের কাছে হাত পাতলে চড়া দরে তাদের সুদ দিতে হয়। আমাদের বাস্তব অভিজ্ঞতায় আমরা জানি ব্ল্যাঙ্ক স্ট্যাম্পড কার্টিজে সই করে তারা টাকা দেয় এবং সেই টাকা যখন তারা মহাজনকে শোধ করতে পারে না তখন সেই মহাজন ব্ল্যাঙ্ক স্ট্যাম্পড কার্টিজের বলে বায়নানামা যাকে বলে, তার দ্বারা স্পেসিফিক পারফরম্যান্স অব কন্ট্রাক্ট অ্যাক্টে কেস এনে তার সম্পত্তি ডিক্রি করে। সেই কৃষক তারপর বাস্তু-চ্যুত হয়ে যায়, সেই কৃষককে তার আত্মীয়স্বজনকে নিয়ে তার ছোট্ট ঘর থেকে বেরিয়ে যেতে হয়। যদি এটা অনুভব করতেন, তা হলে যাঁরা অপোজ করছেন তাঁরা অপোজ করতেন না।

[4-40—4-50 p.m.]

এই হচ্ছে এক ধরনের কৃষক যাদের কুসীদজীবীদের পাল্লায় পড়ে সমস্ত কিছু ছেড়ে বেরিয়ে যেতে হয়। আর অন্য ধরনের যেটা আছে সেটা হচ্ছে বর্গাদার এবং আমরা বিশেষভাবে জানি তারা জোতদারদের শরণাপন্ন। আমরা অনেক আইন করেছি, ১৯৫১ সালে বর্গাদার অ্যাক্ট, ১৯৫৫ সালে ল্যান্ড রিফর্ম অ্যাক্ট এবং তার আবার অ্যামেন্ডমেন্ট হয়েছে, কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, তাদের দুঃখদারিদ্র্য কিন্তু দূর হল না। তারা জোতদারদের শরণাপন্ন হয় এবং

জোতদাররা তাদের দিয়ে স্ট্যাম্পে সই করিয়ে নেন। জোতদাররা তাদের উপর চাপ দেয় এক মণের জায়গায় দেড় মণ ধান দিতে হবে এবং যখন তারা সেটা দিতে না পারে তখন তারা কাগজে ইস্তফানামা তৈরি করে এবং আইনের আশ্রয় নেয় এবং সেই ইস্তফার বলে সেই জমি ছেড়ে দিতে হয় এই হল বর্গাদারদের অবস্থা। আজকের দিনের এই আইন যে আমরা গ্রহণ করছি তার কারণ হচ্ছে আমাদের সরকার ঘোষণা করেছেন ১৯৭১ সালের ল্যান্ড রিফর্ম অ্যাক্ট অ্যামেন্ডমেন্ট করে যে, আমরা কৃষককে ৭৫ পার্সেন্ট দেব। সেই পার্সেন্টেজ দেবার যে ব্যবস্থা করেছেন তাতে দেখছি সে লোন নিয়ে সেখান থেকে টাকা দিতে পারবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন ল্যান্ড রিফর্ম অ্যাক্টে ৭৫ পারসেন্ট কখন পাবে না, তার জন্য ক্লজ আছে। যদি সে ম্যানিওর, সিড না দেয়, তা হলে পাবে না। পাবে কত? না, ৩০ পারসেন্ট। তার টাকাকড়ি নেই বলে সে সিড, ম্যানিওর ইত্যাদি কিনতে পারছে না, যার জন্য তার হয়রানি হচ্ছে। কাজেই এই লোন যদি তাকে দেওয়া হয়, তা হলে সেই বর্গাদার তার শেয়ার অব দি প্রোডিউস চার্জ রেখে ৭৫ পারসেন্ট পেতে পারবে। আমাদের সরকার গরিবী হঠাওর কথা যা ঘোষণা করেছেন তাতে আমি মনে করি, এই আইন একটা দৃঢ় পদক্ষেপ। আমরা ভালভাবেই জানি কৃষকদের দুঃখদুর্দশা ঘোচাবার জন্য, শ্রমিক, কৃষকদের জন্য হয়েছিল কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি। সেই কো-অপ্যারেটিভ ক্রেডিট সোসাইটি ১৯৪০ সালে যে অ্যাক্ট হয়েছিল তার দ্বারা চলেছে। কিন্তু তার মধ্যে অনেক ত্রুটি-বিচ্যুতি রয়েছে। মাননীয় স্পীক্যর মহাশয়, আপনি জানেন কোন কৃষককে যদি কোন লোন নিতে হয়, তা হলে তার প্রোপার্টিকে মর্টগেজ দিতে হবে ব্যাঙ্কে এবং তারপর তারা গ্রামে সোসাইটি ফর্ম করত। সোসাইটি ফর্ম করতে পারে তারা যারা শেয়ারহোল্ডার রয়েছে। ১০ টাকার শেয়ার নিলে ১০০ টকা পাবে এইভাবে তারা টাকা নিত। একথা আপনারা ভালভাবেই জানেন সেই সোস্যাইটিতে তাদের মেম্বাররা কেউ হয়ত প্রেসিডেন্ট হত, কেউ হয়ত সেক্রেটারী হত। কিন্তু সেই প্রেসিডেন্ট বা সেক্রেটারীর সঙ্গে এই শেয়ারহোল্ডার কৃষকদের যদি বনিবনা না হত, তা হলে তাদের বিরুদ্ধে একটা ডিসপুট কেস ফাইল করত এবং একটা অ্যাওয়ার্ড হত এবং তার ফলে রাতারাতি দেখতে পেত যে, তার জমি সার্টিফিকেট প্রোসিডিংস হয়ে নিলাম হয়ে গেছে। কাজেই কো-অপ্যারেটিভ ক্রেডিট সোসাইটি অ্যাক্ট অনুযায়ী টাকা দেবার যে ব্যবস্থা ছিল সেটা আমি মনে করি অনেক ত্রুটিপূর্ণ। কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি অ্যাক্টে যে ত্রুটিগুলি রয়েছে সেগুলি ঘোচাবার জন্য আজকে এই আইনের প্রয়োজনীয়তা যথেষ্ট রয়েছে এবং আমি মনে করি এর দ্বারা বর্গাদার বা কৃষকরা অনেক সুযোগসুবিধা পাবে। আমি একটা কথা বুঝলাম না, যেকথা বিশ্বনাথবাবু বললেন যে, যে সমস্ত লোন আগে নিয়েছে প্রাইভেট পার্সনের কাছ থেকে, যেগুলো মর্টগেজ রয়েছে তার কি হবে। উনি ভুলে গেছেন, সেকেন্ড শিডিউলে রয়েছে সেটা যদি এগ্রিকালচারাল পার্পাসে মর্টগেজ দেওয়া হয়ে থাকে, তা হলে প্রাইওরিটি পাবে। কাজেই এই বিল খুব সুন্দরভাবে ড্রাফটেড হয়েছে। এখানে বলা হয়েছে, যদি কোন কো-অপারেটিভ সোসাইটির কাছে এগ্রিকালচারাল পার্পাসে কোন লোন হয় এবং তার যদি প্রাইওরিটি থাকে, তা হলে সে প্রাইওরিটি পাবে, প্রাইভেট পার্সন হলে প্রাইওরিটি পাবে না। সেই আইন অনেক আগেই হয়েছিল, কাজেই কোনরকম ত্রুটিবিচ্যুতি আছে বলে মনে করি না। মাননীয় স্পীকার মহাশয়, এই আইন সম্বন্ধে আমি আরও দু-একটা কথা বলতে চাই সেটা আপনি চিন্তা করুন।

আমাদের অনেক বন্ধু বলেছেন, অ্যামেন্ডমেন্ট দেখলাম, ১৫ মাসের জায়গায় ২০ মাস বলেছেন। কেন বলেছেন জানি না, বোধ হয় ভেবে চিন্তে বলেন নি। আমার বক্তব্য আরও কম হওয়া দরকার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি কয়েকটি কংক্রিট একজাম্পল দিই। তিন যোগ পাঁচ যেমন আট হয়, সেইরকম দেখিয়ে বলছি যে, বেশী করলে ক্ষতি হতে পারে এবং আমার মনে হচ্ছে, আরও কম হওয়া দরকার। বর্গাদার এখানে প্রডিউসের চার্জে থাকবে এবং এই প্রডিউস থেকে লোন রিয়েলাইজ করা হবে। একজন লোক বৈশাখ মাসে লোন নিল। এই লোন যদি ১৫ মাসের হয়, ধানতো উঠবে অঘ্রাণ-পোষ মাসে, সে তখন শোধ দিতে পারল না, খেয়ে নিল, যে আইন তৈরি করা হচ্ছে, ঘোষণা করছেন, তাতে কি করে রিয়েলাইজ করবেন? যদি ধান খেয়ে নেয়, তবে তা রিয়েলাইজ করা সম্ভব নয়। আইনের দিক দিয়ে এই লোন স্ট্যান্ডিং ক্রপ থেকে

নিতে হবে, বর্গাদারদের ক্ষেত্রে। এই বর্গাদার অঘ্রান-পৌষ মাসে ধান তুলে নিয়ে খেয়ে নিল, এবং সেজন্য বলছেন পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট আছে। এই অ্যাক্ট অনুসারে আদায় করবেন। আপনি সার, জানেন এই পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট-এর সেকশন ৯এ নোটিস দিতে হয়, তাতে সময় আরও বেশী যাবে। ২-৩ বছরেও রিয়েলাইজড হবে না এবং একবার যদি অনাদায় থাকে, তা হলে পুনরায় ধার দিতে পারছেন না। আমার তাই মনে হয় ১৫ মাসের স্থলে অ্যাট দি এন্ড অব দি সিজনাল ইয়ার করলে অসুবিধা নাই। সেকশন হান্ড্রেড অব দি বি টি অ্যাক্ট অনুসারে চার্জ করতে পারেন এবং চাষের পর ধান যখন খামারে যায়, সেই সময় ধার রিয়েলাইজ করতে পারেন। তা না হলে ধান খেয়ে ফেললে আর আদায় করা সম্ভব নয়। ডিফল্টার হয়ে যাবে এবং কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটির সেখানে ডিফেক্ট থেকে যাবে। তাই আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, এই যে ১৫ মাস করা হচ্ছে এটাকে আর একটু কমিয়ে করা হোক। কেন? ১৫ মাসের মধ্যে যতক্ষণ পর্যন্ত না ধান দিচ্ছে ততক্ষণ পর্যন্ত পাবলিক ডিমান্ড অ্যাক্ট অনুসারে পেতে পারছেন না। তাই অ্যাট দি এন্ড অব দি সিজনাল ইয়ার করুন। এটা হচ্ছে আমার কথা।

আর একটা কথা, ধান ফাঁকিও দিতে পারে। ধান বর্গাদারদের চার্জে থাকছে। ধান তুলে দেবার পর ধান খেয়ে ফেলে, অব সাচ ল্যান্ড থাকার জন্য, জোতদারদের সঙ্গে যুক্তি করল, এই জমি ছেড়ে দিচ্ছি, আমি আপনার কাছ থেকে আর একটা জমি নেব, কারণ আইনে রয়েছে তাকে যে ল্যান্ড দেওয়া হয়েছে তার প্রডিউস থেকেই ধানটা রিয়েলাইজ করা হবে, অতএব মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং ভেবে দেখবার জন্য বলছি। যাঁরা ১৯-২০ মাস বলছেন, আমার মনে হয় তাঁরা ভেবে চিন্তে বলছে না। যেখানে ১৫ মাস বলেছেন, আমি সেটা বলছি কমিয়ে দিতে। আমি মনে করি অঘ্রাণ-পৌষ মাসে যখন ধান উঠবে তখন সেই প্রডিউস থেকেই দেওয়া উচিত।

স্যার, আমি আর বেশী সময় নেব না। আমি একথা বলতে পারি যে, প্রত্যেকটি ক্লজ আমি মনোযোগ সহকারে পড়েছি এবং এই যে গরিবী হঠাও বলা হচ্ছে, সে দিক দিয়ে এটাকে একটা গরিবী হঠাওয়ের পক্ষে দৃঢ় পদক্ষেপ বলে মনে করি এবং সর্বান্তঃকরণে সমর্থন করি। বাংলার কৃষককুলের সমস্যা দ্রুত সমাধানের জন্য এই আইনটা একটা দৃঢ় এবং বলিষ্ঠ আইন, এই বলে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

[4-50—5-00 p.m.]

শ্রীগুরুপদ খানঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী আজকে ঠিক আমাদের সরকারের যে আদর্শ—গরিবী হঠাও--সেই আদর্শের সঠিক রূপায়ণের জন্য আজকে যে বিল এনেছেন, সেই বিলটি সম্বন্ধে আলোচনা করতে যেয়ে আমাদের এখানে কোন কোন মাননীয় সদস্য বিরূপ সমালোচনা করেছেন এবং সেই সমালোচনা বিশেষ করে ভূমিসংস্কার দপ্তরের সঙ্গে সম্পৃক্ত এবং এই ভূমিসংস্কার আইনের সঙ্গে সম্পৃক্ত রয়েছে বলে, আমি বলবার জন্য আপনার অনুমতি চেয়েছি। কিছু কিছু ভুল বোঝাবুঝি হয়েছে এবং এই ভুল বোঝাবুঝির সম্বন্ধে পশ্চিমবাংলার মধ্যে আরো ভুল বোঝাবার চেষ্টা অনেকে করছেন আমাদের এই আইনের উদ্দেশ্য সম্বন্ধে। তাই সেটাকে আমি পরিষ্কার করে দিতে চাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব মনোযোগ সহকারে মাননীয় সদস্য তিমিরবরণ ভাদুড়ী ও বিশ্বনাথ মুখার্জী মহাশয়ের বক্তৃতা শুনেছি। ভূমিসংস্কার আইন সম্বন্ধে বিশেষ করে বর্গাদারদের নাম কেন লিপিবদ্ধ করা হচ্ছে না, সে সম্বন্ধে তাঁরা অনুযোগ তুলেছেন। খুব সত্যি কথা, আমরা যেটা আশা করেছি, কেন এই বর্গাদারদের নাম রেকর্ডভুক্ত হচ্ছে না! কিন্তু একথা কি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বর্গাদাররা আজ সাহস করে আমাদের জে এল আর ও-দের কাছে, সেটেলমেন্ট অফিসারদের কাছে কেন এগিয়ে আসছেন না? এর পেছনে একটা বিরাট অর্থনৈতিক কারণ আছে। সেই অর্থনৈতিক কারণের দিকে আমরা লক্ষ্য করে দেখেছি। তা হচ্ছে, এই যে আইনটা অর্থমন্ত্রী মহাশয় নিয়ে এসেছেন তার দ্বারা সত্যিকারের দুঃখ দূরীভূত হবে না। কেন না, আমরা

জানি. পল্লীগ্রামের বাস্তব অভিজ্ঞতা আমার আছে। মাননীয় সদস্য যাঁরা পল্লীগ্রামের গরিব বর্গাদারদের জীবন কাহিনী জানেন. চোখের সামনে এই দুঃখময় জীবন কাহিনী তাঁরা অনুষ্ঠিত হতে দেখেছেন। যারা বর্গাদার. জমি চাষ করবার জন্য, কৃষিকার্যের জন্য, কৃষিকার্যের খরচের জন্য নির্ভর করতে হয় কাদের উপর? প্রধানত যারা ছোট চাষী তারা নির্ভর করে মহাজনদের উপর। আর বর্গাদার অধিকাংশ (শতকরা ৯৯) ক্ষেত্রে নির্ভর করে জমির মালিক যারা তাদের উপরে। আজ তাদের বোঝানো হচ্ছে, এই জমির মালিকরা আর তাদের চাষের সময় অর্থনৈতিক সাহায্য করবেন না। বাধ্য হয়ে তাঁরা বর্গাদার হিসেবে নাম রেকর্ড করাতে চাচ্ছেন না। আজ যে আইন অর্থমন্ত্রী নিয়ে এসেছেন যে, ব্যাংক জাতীয়করণ করা হয়েছে সেই ব্যাংক থেকে এই গরিব বর্গাদাররা তাঁরা নিশ্চিত হতে পারেন—আর্থিক সাহায্য আমরা দিতে চাচ্ছি। আর জমির মালিকের উপর, মহাজনদের উপর চাষের খরচের টাকার জন্য নির্ভর করতে হবে না। সেই অর্থনৈতিক সাহস আজকে এই বিলের দ্বারা শঙ্করবাবু তাদের এনে দিচ্ছেন। জমির চাষের জন্য যথেষ্ট আর্থিক সাহায্য তাঁরা ঋণস্বরূপ পাবেন। বর্গাদাররা আজকে বুক ফুলিয়ে এগিয়ে আসছেন। হ্যাঁ, আমাদের নাম রেকর্ডভুক্ত করা হোক, চাষের জন্য, দৈনন্দিন জীবনযাত্রার জন্য কত ভাবে জমির মালিকের উপর কত নির্ভর করে তাদের থাকতে হয়! এই সাংঘাতিক নির্ভরতা কাটিয়ে দেবার জন্য আজকে এই বিল আনা হয়েছে। এই বিলের দ্বারা অগণিত বর্গাদার সুযোগ পাবে, তাদের মনে বিরাট আশার সঞ্চার হয়েছে ব্যাংক জাতীয়করণ করবার পরে, এই ঋণ পাবে। সেই ব্যবস্থা আমরা করতে চলেছি।

আর একটা জিনিস ভাদুড়ী মহাশয় বলেছেন। বিভিন্ন পল্লীগ্রামে এইটাকে নিয়ে ভুল বোঝাবুঝির চেষ্টা করা হচ্ছে। আমরা ৫টা জেলায় সেটেলমেন্ট অপারেশানের কাজ করাচ্ছি, আর বাকি জেলাগুলিতে এখন সেটেলমেন্টের কাজ করাচ্ছি না বলে আমরা ল্যান্ড সিলিং—ফ্যামিলিওয়াইজ সিলিং—পরিবারভিত্তিক জমির সীমা নির্ধারণ করেছি, এবং ফাঁকি দেবার জন্য জমি ট্রান্সফার করছে বলে ভাদুড়ী মহাশয় দৃষ্টি আকর্ষণ করেছেন। আসলে তা নয়। আমরা ল্যান্ড রিফর্মস আইনের সেকশান ১৪(বি)-তে পরিষ্কার করে বলে দিয়েছি।

It determined the ceiling area in land which was transferred by sale, deed or otherwise or partition by a rayot after 7th day of August, 1969, but before that publication of official gazette of West Bengal Land Reforms Act, 1971 shall be taken into account as if such land had not been transferred or partitioned as the case may be.

কাজটা পরিষ্কার হয়ে গেল, বর্ধমান জেলায় সেটেলমেন্ট যদি না হয়ে থাকে বা মেদিনীপুরে সেটেলমেন্ট যদি না হয়ে থাকে, সেখানে কোন রায়ত যার জমি আছে তার যদি ফ্যামিলে সিলিং-এর বেশী জমি থাকে—পরিবারভিত্তিক যে জমি আমরা করেছি তার থেকে যদি বেশী থাকে—যদি আইনকে ফাঁকি দেবার জন্য ট্রান্সফার করে দেন, পার্টিশান করে দেন, তা হলেও পারবেন না। কারণ ৭ই আগস্ট, ১৯৬৯ সালের পর যা সমস্ত পার্টিশান হয়েছে বা হস্তান্তর হয়েছে সব হিসাবের মধ্যে আসবে। কাজেই মাননীয় সদস্য যদি প্রচার করে থাকেন, তা হলেও কেউ পরিত্রাণ পাবেন না সে মেদিনীপুরে হোক বা দক্ষিণ ২৪-পরগনার জোতদারই হোন। কাজেই জোতদারদের সুবিধা করছেন বলেছেন, তা নয়। কেন এই সেটেলমেন্ট শুরু করেছি তার প্রশ্ন ছিল, আমি উত্তর দিয়েছি। আমি শুধু এই কথাই বলছিলাম যে, কোন জেলায় বড় জোতদার যার পরিবারভিত্তিক হিসাবের বেশী জমি যদি থেকে থাকে, তা হলে সে জমি হস্তান্তর করতে পারবেন না এবং করলেও তা হিসাবের মধ্যে আসবে। এর প্রয়োজন আছে কারণ ইন্ডিভিজুয়াল আমি রেখেছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে পরিবারভিত্তিক এনেছি এতেও জমি কমে যাবে, এইসব যে রেস্ট্রিকশান, এতে এভাবে জমি কমে যাবে। তিমিরবাবু যেটা বলেছেন, সেটা ভুল, সেটা আমি বোঝাবার চেষ্টা করছি। ওরা এভাবে গ্রামাঞ্চলে অহেতুক ভীতি আনবার চেষ্টা করছেন। সেটা যাতে না করেন সে অনুরোধ আমি রাখবো।

শ্রীলালচাঁদ ফুলমালিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন এই বিল অত্যন্ত ভাল বলে মনে হচ্ছে। এই বিলে যেটা বলা হয়েছে যে, ভূমিহীন বর্গাদার ও গরিব

কৃষককে ঋণ দেবার সুযোগ এই বিলে দেওয়া হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, বীরভূম জেলায় ভাগচাষী প্রথায় প্রধানত চাষ কম হয়। কৃষাণী প্রথায় মালিকের কাছ থেকে নিয়েই সব চাষ করতে হয়। আমরা সকলেই জানি যে, বীরভূমে কৃষাণী প্রথায় চাষ করা হয়ে থাকে। কিন্তু এই কৃষাণীদের কথা এখানে উল্লেখ নেই। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, যারা ভূমিহীন, সেই সব কৃষকরা ব্যাঙ্ক-এর সুযোগসুবিধা পাবেন। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, কোন রেকর্ড বা নজির না থাকলেও তারা কি করে ঋণ পেতে পারে? বীরভূমের বর্গা-দারদের প্রধান শত্রু হল মহাজন। বছরের পর বছর কৃষকদের প্রধানত এই মহাজন ও সুদখোরদের উপর নির্ভর করতে হয়। শতকরা ১০০ টাকায় ১০০ টাকা, আবার কোথাও ১০০ টাকায় ৫০ টাকা দিতে হয়, এই হল কঠিন অবস্থা। এই অবস্থা গ্রামাঞ্চলে চলেছে।

গ্রামে ছোট ছোট গরিব কৃষক এবং রায়ত কৃষক তাদের জমি তাদের সম্পত্তি প্রায় সমস্ত ধনী কৃষকদের হাতে চলে গিয়েছে। আর যেটুকু আছে সেটুকুও রক্ষিত হওয়া কঠিন হয়ে পড়েছে। তাই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, যে অবস্থায় আজকে বর্গাদার উচ্ছেদ হয়ে গিয়েছে, সেই বর্গাদাররা যাতে ঋণ পায় তার ব্যবস্থা করুন। গ্রামে মহাজন এবং জোতদারদের কৃষাণদের শোষণ এবং উচ্ছেদ করার কায়দা আছে, আমাদের বীরভূম জেলায় কৃষাণদের উচ্ছেদ করার কায়দা হচ্ছে, মালিক বলছে, আমি তোমাদের উচ্ছেদ করতে চাই না, তোমাদের কিন্তু আগাম খাবার দেবো না, গরু-বলদ দেবো না, তোমাদের জমি ছেড়ে দিচ্ছি, তোমরা জমি চাষ কর গা। এই অবস্থায় অনেক কৃষক মালিকদের কাছে আগাম না পেয়ে জমি ছেড়ে দিতে বাধ্য হচ্ছে, যদি কেউ কষ্ট করে চাষ করার চেষ্টা করে, তা হলে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা করে, হয়রানি করে শায়েস্তা করে উচ্ছেদ করে দিচ্ছে। এই হচ্ছে আমাদের দেশের অবস্থা। মন্ত্রিমহাশয় সবুজ বিপ্লবের কথা ঘোষণা করেছেন। আজকে দেখছি গ্রামাঞ্চলে ছোট ছোট কৃষকদের এবং বর্গা কৃষকদের আগের থেকে চাষ করার চাহিদা অনেক বেড়েছে এবং একটা জমিতে একাধিক ফসল লাগানোর দক্ষতা আগের থেকে অনেক বেড়েছে। কিন্তু সেই ক্ষেত্রে আমরা কৃষকদের আশা-আকাঙ্ক্ষা পূরণ করতে পারি নি। তার কারণ হচ্ছে কৃষকরা ঠিক সময় তার হাতে পয়সা না থাকার জন্য এবং প্রয়োজনীয় সার, জল ইত্যাদি না পাওয়ার জন্য গ্রামাঞ্চলে কৃষির উন্নতি করার জন্য কৃষকের চাহিদা, ইচ্ছা বা উৎসাহ বা দক্ষতা তাকে কার্যকর করা হচ্ছে না। আমি সেই ব্যাপারে অর্থমন্ত্রীকে অনুরোধ জানাই, কৃষকের যদি উন্নতি করতে হয়, কৃষি বিপ্লব যদি সঠিকভাবে পরিচালিত করতে হয়, তা হলে কৃষির উন্নতি করা একান্ত দরকার। কৃষকরা যাতে ঋণ পায় তার ব্যবস্থা করা দরকার। তারা বৈশাখ মাসে গরু কেনার জন্য ঋণের দরখাস্ত করে সেই ঋণ পায় আশ্বিন-কার্ত্তিক মাসে। তাই সবুজ বিপ্লব সঠিকভাবে যাতে সম্পাদিত হয় বা সেই পথে যাতে এগিয়ে যেতে পারি তার জন্য যথাসময়ে কৃষকরা যাতে ঋণ পায়, জল পায়, সার পায়, কীটনাশক ঔষধ পায় তা করার জন্য দাবি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-00—5-10 p.m.]

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল এগ্রিক্যালচারাল ক্রেডিট অপারেসন বিল, ১৯৭৩ এনেছেন তাকে আমি স্বাগত জানাচ্ছি। স্বাগত জানাচ্ছি এই জন্য যে, অন্তত এই সরকার গরিব কৃষক ও চাষীদের একটা কল্যাণকামী বিল আনয়ন করেছেন। আমরা সাধারণত পল্লী অঞ্চলে দেখতে পাই, যেসমস্ত ঋণ দেওয়া হয় সেখানে ঐ মহাজনরা যে টাকা দেয়, সে টাকা তারা দেবার আগে বেশী টাকায় দলিল করিয়ে নেয়। পরে শোধ দেবার সময় সেই বেশী টাকার উপর সুদ দিয়ে শোধ দিতে হয়, তাই তারা অনেক সময় সেই জমি আর ফেরত করতে পারে না। কিন্তু এই যে আইন করা হচ্ছে তাতে সরকারের সৎ প্রচেষ্টা আছে তাতে কোন সন্দেহ নেই। কিন্তু যে আইন করা হয় সেটা অনেক সময় কার্যকর হয় না। সেইজন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে এটা নিবেদন করবো যে, কোন কিছু করার আগে যাতে সেটা কার্যকর করা যায় তার দিকে তিনি যেন নজর রাখেন। কিছুদিন আগে ব্যাঙ্ক ন্যাশনালাইজেসন হল—তাতে মনে হল যে, চাষীদের অনেক কিছু সুযোগসুবিধা হবে—কিন্তু কিছুই হল না। অথচ দেখুন হরিয়ানায় বা অন্যান্য রাজ্যে তারা কৃষিতে প্রচুর অর্থ দেন, বিভিন্ন-ভাবে কৃষিকে সাহায্য করেন। অথচ আমাদের এই পশ্চিমবঙ্গ রাজ্যে ব্যাঙ্ক ন্যাশনালাইজেসন

হবার পর কোনরকম সাহায্য কৃষির দিকে পাওয়া যায় নি, শুধু মাত্র পাম্প কেনা ছাড়া। তাও অনেক ঘোরাফেরার পর সেই টাকা পাওয়া যায়। ব্যাঙ্ক ন্যাশনালাইজেসন হবার পর যে সুযোগ-সুবিধা দেওয়া উচিত ছিল তা পাওয়া যায় নি। তবে এখানে যে আইন এনেছেন এই আইন দ্বারা কৃষকসমাজের নিশ্চয় কল্যাণ হবে। তবে এই আইন সম্বন্ধে আমি একটা বিষয়ে নিবেদন করবো যে, আমরা যেটা দেখছি যে, আমাদের চাষীদের বিভিন্ন প্রকার ঋণ দেওয়া হবে, ক্রপ লোন দেওয়া হবে একথা বলা হয়েছে। অন্যান্য রাজ্যে দেখা যায় যে, সেখানে শস্য বীমা ক্রপ-লাইফ-ইন্সিওরেন্স ইতিমধ্যেই প্রচলিত হয়েছে। কিন্তু আমাদের রাজ্যে এখনও ক্রপ ইন্সিওরেন্স চালু হয় নি। হঠাৎ দেখা গেল যে, খরা বা অতিবৃষ্টিতে ফসল নষ্ট হয়ে গেল—তখন চাষীরা আর সেই ঋণ শোধ দিতে পারে না, সেই ঋণ রয়ে গেল। যেখানে আমাদের দেশে গরিব চাষীদের উন্নয়নের ব্যবস্থা করা হচ্ছে সেখানে এর সম্বন্ধে কিছু করা উচিত ছিল বলে মনে করি। এ ছাড়া সরকার যেসমস্ত কৃষিজীবী বিশেষ করে ভাগচাষী তারা এই আইনের সুযোগ পাবেন এই ব্যবস্থা করেছেন। যাদের জমি নাই তারাও এই আইনের সুযোগ পাবেন। আগে কো-অপারেটিভ ব্যাঙ্কে জমি বন্ধক দিয়ে বা ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কের জমি বন্ধক দিয়ে টাকা পেতো। কিন্তু যাদের জমি নাই তারা ঋণ পেতো না। কিন্তু এই আইনের মাধ্যমে ভূমিহীন কৃষকরাও ঋণ গ্রহণ করবার সুযোগ পাবে। সেইজন্য আমি মনে করি, এই বিলটি কল্যাণকামী বিল। এটা যাতে ঠিকমত কার্যকর হয় সেই দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর দু-একটা কথা যা তিমিরবাবু বলেছেন, তার উত্তর দিয়ে আমার বক্তব্য শেষ করবো। তিনি বলেছেন সবুজ বিপ্লব কোথায় হয়েছে, কোথায় সবুজ ফানুস। তিনি নিজে তাঁর কেন্দ্রে গিয়ে দেখুন যে, কত শ্যালো টিউবওয়েল হয়েছে। আপনাদের দু-দুটো যুক্তফ্রন্ট সরকার হয়ে গেল, আপনারা কি তা করতে পেরেছেন? আপনারা সত্যিই ফানুসই দেখছেন, চোখে অন্ধকার দেখছেন। আপনি বলেছেন যে, ল্যান্ড ইউটিলাইজেসন কমিটিতে ভাগচাষীরা থাকে না। ও'র নিশ্চয় জানা নাই যে, ল্যান্ড ইউটিলাইজেসন কমিটিতে একজন করে ভাগচাষী থাকে। একটু পর্যবেক্ষণ করে দেখবেন এবং এটা আপনাদের নিশ্চয় জানা উচিত ছিল যারা ল্যান্ডলেস তারা এই আইনে যথেষ্ট সুবিধা পাবেন। আমাদের অর্থমন্ত্রী যে বিল এনেছেন তা সত্যিই কল্যাণকামী বিল এবং আমি এই বিলকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-10—5-20 p.m.]

শ্রীগণেশচন্দ্র হাটুই: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল ক্রেডিট অপারেশনস বিল, ১৯৭৩, যেটা এনেছেন তাকে আমি আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি। এই বিলের মধ্যে গরিব চাষী, প্রান্তিক চাষী এবং বর্গাদাররা যাতে ঋণ পায়, তার ব্যবস্থা করা হয়েছে। এর দ্বারা সত্যিকারে বর্গাদাররা যদি ঋণ পায়, তা হলে তাদের প্রভূত উপকার হবে এবং তারা কৃষিক্ষেত্রে সবুজ বিপ্লব আনতে পারবে। কিন্তু এই বর্গাদাররা কিভাবে ব্যাঙ্কের কাছ থেকে ঋণ পাবে সেটাতে আমার খানিকটা সন্দেহ জাগছে। কারণ বর্গাদাররা যখন ব্যাঙ্কের কাছে ঋণের জন্য যাবেন তখন ব্যাঙ্কের কাছে প্রথম প্রশ্ন আসবে যে, তুমি বর্গাদার কিনা—এই প্রশ্ন যখন আসবে, তখন তাকে প্রথমে প্রমাণ করতে হবে, সে বর্গাদার কিনা এবং সেটা প্রমাণের জন্য জে এল আর ও-র কাছে তাকে নথিভুক্ত হতে হবে বর্গাদার হিসাবে এবং তারপরে সে সহজে ঋণ পাবে। কিন্তু যেসমস্ত বর্গাদার নথিভুক্ত নন, তাদের ক্ষেত্রে একটু গোলমাল দেখা দেবে। তবে সেটা খুব একটা অসুবিধা সৃষ্টি করবে না যদি আমরা তাদের প্রতি সচেতন হই এবং ল্যান্ড রিফর্মস অ্যাক্টে একটি প্রভিসন আছে যে, যদি কোন বর্গাদার জে এল আর ও অফিসে জানায় যে, আমি এই জমি ভাগ চাষ করি বা আমার পজেসনে আছে তখন জে এল আর ও একটা এনকোয়ারি করে যদি তাকে বর্গাদার বলে স্বীকার করে নেন বা জমিতে তার যদি পজেসন থাকে এইরকম একটা সার্টিফিকেট দেন, তা হলে তিনি অতি সহজেই ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন। আর ব্যাঙ্ক থেকে যে ঋণ দেওয়া হয়, সেখানে ব্যাঙ্কের দৃষ্টিভঙ্গি একটু বদলাতে হবে। যাদের জমি আছে বা যাদের ঋণের সিকিউরিটি থাকে তাদেরই কেবল ব্যাঙ্ক ঋণ দেয়। মাননীয় মন্ত্রিমহাশয় যে কথা বলেছেন যে, ঐ দৃষ্টিভঙ্গি বদলাতে হবে এবং সত্যিকারের এই মনোভাব নিয়ে তাদের এগুতে হবে যে, আমাদের দেশের উন্নতি করতে হবে, চাষীদের উন্নতির

জন্য, চাষের উন্নতির জন্য, প্রান্তিক চাষীদের উন্নতির জন্য এই ঋণ দিতে হবে। আর একটি কথা প্রান্তিক চাষী যারা তারা এই মহাজনদের দ্বারা শোষিত হচ্ছেন, এই কথা আমাদের মাননীয় অর্থমন্ত্রী স্বীকার করেছেন। এই বিলের দ্বারা যেসমস্ত গরিব চাষীরা মহাজনদের দ্বারা শোষিত হচ্ছেন তারা আজকে রেহাই পাবেন। আর যেসমস্ত বর্গাদার আজকে ভয় পাচ্ছেন যে, যদি আমি জে এল আর ও অফিসে গিয়ে বর্গাদার হিসাবে নথিভুক্ত করি, তা হলে জমির মালিক সঙ্গে সঙ্গে তাকে জমি থেকে উৎখাত করে দেবার চেষ্টা করবেন—কিন্তু যদি এই অর্থ বর্গাদার বুঝতে পারেন যে, সরকার থেকে আমাদের টাকা দেওয়া হবে চাষের জন্য, টাকার জন্য আর মহাজন, জমির মালিকদের কাছে যেতে হবে না, তা হলে নিশ্চয় তিনি সাহসের সঙ্গে জে এল আর ও অফিসে বর্গাদার হিসাবে নথিভুক্ত করতে এগিয়ে আসবেন এবং তিনিও প্রমাণ দেবেন যে, কে কে বর্গাদার। কাজেই সেটা হলে তো আর ঋণ পাবার অসুবিধা হবে না। কাজেই এই ঋণ দেবার কোন অসুবিধা আছে বলে মনে হয় না। আর সেই সঙ্গে বর্গাদারদের একটি লিস্ট তৈরি করতে হবে। এইভাবে প্রত্যেকটি ব্লকের জে এল আর ও-কে বর্গাদারদের একটি করে লিস্ট তৈরি করতে হবে যে, সত্যিকারে বর্গাদার কারা এবং প্রত্যেক থানায় কতগুলি করে বর্গাদার আছে এটা যদি আমরা নথিভুক্ত করতে পারি, তা হলে নিশ্চয় বর্গাদারদের অনেক উপকার হবে। আর একটি কথা হচ্ছে যদি আমরা বর্গাদারদের ঋণ দিই, তা হলে নানারকম ন্যাচারাল ক্যালামিটিতে তাদের শস্যের ক্ষতি হতে পারে, ক্রপস ফেলিওর হলে বর্গাদারদের উপর ঋণ বেশী করে চেপে যাবে। কাজেই সে ক্ষেত্রে যদি একটা শস্য বীমা চালু করতে পারি, তা হলে নিশ্চয় বর্গাদারদের অনেক সুবিধা হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকৃষ্ণপদ রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল ক্রেডিট অপারেশান বিল মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আমাদের সামনে উপস্থাপন করেছেন, এই বিলকে আমরা সমর্থন করছি। সমর্থন করছি এই জন্য যে, আজকে পশ্চিমবাংলার প্রগতিশীল সরকার আজকে সাধারণ মানুষের আশাআকাঙ্ক্ষাকে, পশ্চিমবাংলার মধ্যবিত্ত ভূমিহীন কৃষকসমাজের বহুদিনের যে আশা, বহুদিনের যে দাবি, সে দাবির প্রতি অত্যন্ত যথোপযুক্তভাবে নজর দিয়ে আজকে এমন একটি পদক্ষেপ করতে যাচ্ছেন, যে পদক্ষেপ হয়ত বা পশ্চিমবাংলায় অনেকদিন আগে হওয়া উচিত ছিল। মাননীয় স্পীকার মহাশয়, আমি জানি যে, শুধু পশ্চিমবাংলায় নয়, ভারতবর্ষের সর্বত্র কৃষকসমাজ যাদের দৈনন্দিন পরিশ্রমের উৎপাদনের উপর আমাদের দৈনন্দিন জীবন, আমাদের অর্থনৈতিক জীবন নির্ভর করে, সেই কৃষকসমাজ অর্থনৈতিক শোষণের নাগপাশে এমন বাধা থাকেন এবং শোষণ করে গ্রামাঞ্চলের অবস্থাপন্ন ব্যক্তিরা এবং মহাজনেরা। এদের সুদের অঙ্কের চাপে পড়ে এই কৃষকসমাজ তারা কোনদিনই সেই ঋণ পরিশোধ করে মুক্তির আনন্দ পান না। আমি জানি পশ্চিমবাংলার কৃষকরা তারা গ্রামের মহাজনের কাছে, গ্রামের অবস্থাপন্ন মধ্যবিত্ত ব্যক্তিদের কাছ থেকে আর্থিক সাহায্য ঋণ হিসাবে নেন এবং সুদের অঙ্ক এবং পারিপার্শ্বিক চাপে দিনের পর দিন, বছরের পর বছর, সেই কৃষকরা সমস্ত কিছু দিয়ে ঋণ পরিশোধ করেও কোনদিন তা থেকে তারা মুক্তি পান না। আজকে অর্থমন্ত্রী মহাশয় যে কথা বলেছিলেন পশ্চিমবাংলার কৃষকের কাছে, পশ্চিমবাংলার সাধারণ মানুষের স্বার্থে কৃষকবন্ধুদের চাষের কাজের প্রয়োজনে প্রয়োজনীয় অর্থ ব্যাঙ্ক-এর কাছ থেকে এবং সরকারী ব্যবস্থায় পাবেন। অত্যন্ত সহজভাবে স্বাভাবিক ভাবে আজকে নিশ্চয়ই এই দাবি করতে পারি, পশ্চিমবাংলার কৃষকের কাছে, পশ্চিমবাংলার সমস্ত কৃষিজীবী মানুষের কাছে নূতন করে একটা পথ, নূতন করে একটা আলো দেখাবার চেষ্টা করেছেন। আজকে এইরকম একটা বিল, এই বিলে পশ্চিমবাংলার কৃষকের আশা-আকাঙ্ক্ষাকে আগামী কয়েক বছরের মধ্যে মূর্ত করে তুলতে হবে। আজকে পশ্চিমবাংলায় সবুজ বিপ্লব হচ্ছে, প্রতিটি মানুষ আজকে এগিয়ে এসেছে, এই প্রচেষ্টাকে সামনে রেখে আরো ব্যাপকভাবে, দৃঢ় পদক্ষেপ এগিয়ে যেতে হবে। আজকে যারা সমালোচনা করছেন তারা সত্যি-কারের সাধারণ মানুষের কল্যাণ চান কিনা সেটা নূতন করে চিন্তা করার সময় এসেছে। আমি তাই আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করি, আমাদের অনেক বক্তা অনেক সাজেশানস রেখেছেন, কাজেই এই বিল প্রয়োগ করার ক্ষেত্রে তিনি যেন যথাযথভাবে সেগুলির দিকে দৃষ্টি রাখেন। পশ্চিমবাংলার প্রত্যেকটি কৃষক যাতে এই ঋণ থেকে উপকৃত হতে পারে সেই ভাবে ব্যবস্থা করেন। এই ধরনের প্রগতিমূলক দৃষ্টিভঙ্গি নিয়ে যদি সত্যিকারের এটাকে বাস্তবে

রূপায়িত করতে হয়, তা হলে অনেক সময় বাধাবিপত্তি আসতে পারে, কিন্তু কৃষকসমাজকে যেন সেই বাধাবিপত্তির সম্মুখীন হতে না হয়, সেদিকে যেন দৃষ্টি রাখা হয় এবং কৃষকসমাজের কাছে যাতে নূতন করে একটা আশার আলো পৌঁছে দিতে পারি। সেই আশা রেখে আজকে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে সভায় মাননীয় অর্থমন্ত্রী ওয়েস্টবেঙ্গল এগ্রিকালচারাল ক্রেডিট অপারেশান বিল, ১৯৭৩, এটা উত্থাপন করেছেন, আমি প্রথমে তাঁকে স্বাগত এবং সমর্থন জানাচ্ছি। এই বিলের উপর আলোচনা প্রসঙ্গে আমাদের অনারেবল মেম্বার তিমির ভাদুড়ী মহাশয়, তিনি এটাকে মাকাল ফলের সঙ্গে তুলনা করেছেন। মাকাল ফলের সঙ্গে তুলনা করতে গিয়ে তিনি বলেছেন যে, মাকাল ফলের কোন স্বাদ নেই এবং আমাদেরও কোন স্বাদ নেই। মাননীয় স্পীকার মহাশয়, তিমিরবাবু খুব বাহাদুর লোক। তিনি মাকাল ফলকে শুধু গাছে ঝুলতে দেখেন নি, তার টেস্টও নিয়েছেন। আমি আশা করবো, তিনি এইরকমভাবে আগামী দিনে সব ব্যাপারে যে-কোন জিনিস ঝুলতে দেখবেন তার টেস্ট নেবেন। আজকে

[5-20—5-30 p.m.]

নির্বাচনের প্রাক্কালে আমরা প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার পক্ষ থেকে বলেছিলাম, পশ্চিমবাংলার বুকে আমরা সমাজতন্ত্র প্রতিষ্ঠা করব। আমরা বলেছিলাম, মেহনতি মানুষের স্বার্থে ইন্দিরা গান্ধীর নেতৃত্বে এবং তাঁর আদর্শে উদ্বুদ্ধ হয়ে গরিবী হঠাও স্লোগ্যানকে কার্যকর করতে পারব। আজকে মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক উপস্থাপিত এই বিল নিশ্চিতভাবে আমাদের সেই স্লোগানকে বাস্তবে কার্যকর করার পথে এগিয়ে নিয়ে যেতে একটা বলিষ্ঠ এবং মহৎ পদক্ষেপ। পশ্চিমবাংলার জনসংখ্যার দিকে তাকালে নিশ্চিতভাবে আমরা দেখতে পাই যে, আমাদের মধ্যে শতকরা ৮২ ভাগ লোক গ্রামের মানুষ। পশ্চিমবাংলার অর্থনীতির নাভিকেন্দ্র গ্রাম এবং এই শতকরা ৮২ ভাগ লোকের মধ্যে অধিকাংশ মানুষই হচ্ছে ভূমিহীন কৃষক। আজকে পশ্চিমবাংলার বুকে এই ভূমিহীন কৃষকদের স্বার্থে বর্গাদার উচ্ছেদ বন্ধ হচ্ছে। কিন্তু এই ভূমিহীন কৃষকদের জমি দিলেই চলবে না, আমরা ভূমিসংস্কার আইন আলোচনায় অংশগ্রহণ করে বলেছিলাম, সত্যি সত্যি যদি তাদের স্বার্থ সংরক্ষণের ব্যবস্থা করেন, তা হলে চাষের উপযোগী উপকরণ এবং তাদের প্রয়োজনীয় তহবিলের ব্যবস্থাও সরকারকে করতে হবে। আজকে অত্যন্ত আনন্দের কথা যে, অর্থমন্ত্রী সেই ভূমিহীন কৃষকদের এবং বর্গাদারদের জন্য এই বিলের মাধ্যমে ঋণ প্রদানের একটা ব্যবস্থা করছেন এবং সেই পদক্ষেপ আজকে নিয়ে এগিয়ে গিয়ে নিশ্চিতভাবে আমাদের দীর্ঘদিনের আকাঙ্ক্ষিত চাহিদা পূরণ করেছেন। কিন্তু এই বিলকে কার্যকর করার পথে নিশ্চিত কিছু বাধা আছে। আমরা দেখছি পশ্চিমবাংলায় বর্গাদার এবং ভূমিহীন কৃষক কত তার কোন রেকর্ড নেই। এই রেকর্ড যদি উপযুক্তভাবে সংগ্রহ করা না যায়, তা হলে এই বিলটা বাস্তবে কার্যকর করা সম্ভব হবে বলে আমি মনে করি না। শুধু তাই নয়, এই বিলের একটা দিককে আমরা স্বাগত জানাই এই জন্য যে, বিভিন্ন ব্যাঙ্ক এবং ফাইন্যানসিয়াল ইন্টারমিডিয়ারী ইনস্টিটিউশন বা এই সমস্ত প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণের যে আইনগত বাধাগুলি আছে, সেগুলি দূর করার ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু আমাদের মনে রাখতে হবে, পশ্চিমব্যাংলা কৃষি প্রকৃতির উপর নির্ভরশীল, প্রকৃতির সাথে মোকাবিলা করার জন্য সেখানে বিজ্ঞানের অগ্রগতি করা সম্ভব হয় নি। যদি তাদের রুজিরোজগার প্রকৃতির উপর নির্ভরশীল থাকে, তা হলে জীবনের চরম পথে চলবার জন্য এই বিলের মধ্যে একটা ক্রপ ইন্সিওরেন্সের ব্যবস্থা থাকা উচিত ছিল। তবে আমি এটা মনে করি, আজকে পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষে যখন ১৪টি ব্যাঙ্ক ন্যাশ্যানালাইসড হয়েছে তখনও ব্যাঙ্ক কর্তৃপক্ষের দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটে নি, এটা আমরা দেখতে পাচ্ছি। আজকে আমরা যদি স্ট্যাটিসটিকস সংগ্রহ করি, তা হলে দেখতে পাব, এই যে ১৪টি ন্যাসানালাইজড ব্যাঙ্ক, এই-গুলি থেকে—এই বাণিজ্যিক ব্যাঙ্কগুলি থেকে, যেগুলির জাতীয়করণ ঘটেছে, আজও পশ্চিম-বাংলার মোট কৃষি ঋণের মাত্র শতকরা ০·৯ ভাগ সরবরাহ করা হয়ে থাকে। সেই জন্য যদি দৃষ্টিভঙ্গির পরিবর্তন না হয় ব্যাঙ্ক বাধার কথা বলে, ব্যাঙ্ক প্রতিবন্ধকের কথা বলে, বিচ্যুতির কথা বলে, সাধারণ মানুষের পক্ষে সরকারের পক্ষে চাপ সৃষ্টির জন্য ব্যাঙ্ক একটা হাতিয়ার বিশেষ। যদি উপযুক্তভাবে সরকার নতুন নতুন পদ্ধতি অবলম্বন করে ব্যাঙ্কের উপর চাপ সৃষ্টি করেন,

ব্যাঙ্কের মাধ্যমে প্রয়োজনীয় অর্থ যদি কৃষকদের সংগ্রহ করে দিতে না পারেন, তা হলে দীর্ঘদিন ধরে পশ্চিমবাংলার বুকে কৃষি ঋণ যে মহাজনী পদ্ধতির মাধ্যমে আদায় হত, যেটা ড্যানিয়েল হ্যামিলটনের সেই পাওয়ার অফ ইভল ফিনান্স তা এখনো কৃষক সমাজের মধ্যে থেকে যাবে। তাই আমি নিশ্চিতভাবে সেই দিকে দৃষ্টি দেওয়ার জন্য আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। আর একটা কথা উল্লেখ করা দরকার যে, ঋণ দিলেই চলবে না, অর্থ সংগ্রহের ব্যবস্থা করলেই চলবে না, আমরা বিগত দিনে দেখেছি ফাইন্যান্সিয়াল ইন্টারমিডিয়ারী ইন-স্টিটিউশন থেকে বর্গাদার—চাষীদের নয়, অন্যান্য চাষীদের ঋণ দেওয়া সম্ভব হচ্ছে, কিন্তু কৃষি-ক্ষেত্রে আমরা স্টাটিসটিকস নিয়ে দেখেছি, সেটা উৎপাদনশীল ক্ষেত্রে বিনিয়োজিত হওয়ার পরিবর্তে অধিকাংশই অনুৎপাদনশীল ক্ষেত্রে বিনিয়োগ হচ্ছে। এই জন্য বলব, মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে যে, তিনি যেন একটা বিশেষ এক্সপার্ট টিমের ব্যবস্থা করেন এবং গ্রামে গ্রামে এবং অঞ্চলে অঞ্চলে যাতে এই কৃষি ঋণটা অনুৎপাদনশীল ক্ষেত্রে ব্যবহার হওয়ার পরিবর্তে প্রকৃত উৎপাদনশীল ক্ষেত্রে ব্যবহার হয় সেটা যেন দেখেন। অধিকাংশ বর্গাদার এবং ভূমিহীন কৃষকরা অত্যন্ত দরিদ্র, এমনকি নিঃস্ব, অসহায়, সেই জন্য সেই ঋণটা যাতে তাদের স্বার্থে দেওয়া হয়, এবং এই ঋণের শর্ত যেন সহজ করা হয় এবং সুদের হার তাদের অবস্থার কথা বিবেচনা করে যেন কম করা হয়।

আমি মনে করি, পশ্চিমবাংলা কৃষকসমাজকে বাঁচাতে গেলে স্ট্রাকচার অব ক্রেডিট—অর্থাৎ ঋণ কাঠামোর পুনর্গঠন করা দরকার। এই ঋণ কাঠামোর পুনর্গঠন করতে গিয়ে এই মেহনতী মানুষ যার জমি থাকবে না সেই জমিহীন কৃষক আজ এই নূতন আইনের বলে বলিয়ান হয়ে সে ব্যাঙ্ক ও বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ঋণ সংগ্রহ করতে পারবে। এটা একটা এদিক থেকে বলিষ্ঠ পদক্ষেপ এবং এটা গরিবী হঠাও শ্লোগানকে বাস্তবে রূপায়িত করবার এটা একটা চরম পদক্ষেপ। আমি আশা করব, এই আইন যেন আইনের মধ্যেই না থাকে, আমলাতান্ত্রিক কাঠামো ও প্রশাসন দপ্তরের মধ্যেই যেন সীমাবদ্ধ না থাকে, এবং তা যদি থাকে, তা হলে সরকারের যে অভিষ্ঠ উদ্দেশ্য তা বাস্তবে কার্যকর করা যাবে না। আজ এই মেহনতী মানুষের স্বার্থে সরকারের উচিত এই উদ্দেশ্যকে বাস্তবে পরিণত করা। এই কথা বলে মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানিয়ে আমি শেষ করছি।

শ্রীঅনিলকৃষ্ণ মণ্ডলঃ স্যার, এই বিলের উপর আলোচনা করতে গিয়ে বলব, কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য কৃষি ঋণ দেওয়া কৃষি উৎপাদনের প্রধান ভিত্তি। উৎপাদনের সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত গরিব মানুষ, ভাগচাষী এবং মধ্যবিত্ত যে কিভাবে তারা চাষ তোলে সেটা মন্ত্রিমহাশয়ের অজানা নয়। আর্থিক সঙ্কটে নিমজ্জিত কৃষকদের চাহিদার শতকরা ৭০ ভাগ মহাজনদের কাছ থেকে আসে এবং বিভিন্ন শর্তে সাফকবলা করে জমি দিতে হয় এবং সুদের হার শতকরা ৪ আনা থেকে শুরু করে এক টাকা পর্যন্ত। এইভাবে দেখা যায় অনেক কৃষক তার আসল টাকার চেয়ে ৩-৪ গুণ সুদ বহন করে এবং এই ঋণের বোঝা তার পুত্র-পৌত্রদেরও বহন করতে হয়। ১৯৩৬ সালে ঋণ শালিসী বোর্ড লক্ষ লক্ষ কৃষকদের ঋণমুক্ত করে কৃষকদের মুক্তি দিয়েছিল এবং সেজন্য ফজলুল হক সাহেব চিরস্মরণীয় হয়ে আছেন। সেই লক্ষ লক্ষ চাষী ঋণ থেকে মুক্তি পেয়েছিল এবং তারা জমি ফেরৎ পেয়েছিল। কিন্তু বর্তমানে কিভাবে সেই ঋণের দায়ে কৃষকের জমি হাতছাড়া হয়ে ভাগচাষীতে পরিণত হয়েছে তা কারুর অজানা নয়। ভাগচাষী ও বর্গাদারদের ঋণ দেওয়া হবে। কিন্তু প্রকৃত কে বর্গাদার সে হিসাব কোথা থেকে পাবেন? বর্গাদার আদৌও আছে কিনা সেকথা বিলে বলা নেই। বর্গাদারদের রক্ষা করার দায়িত্ব এই বিলের মধ্যে নেই। আমার বক্তব্য হচ্ছে, লক্ষ লক্ষ বর্গাদার উচ্ছেদ যা পশ্চিমবাংলায় আরম্ভ হয়েছে এর থেকে যদি বর্গাদারকে রক্ষা না করা যায়, তা হলে এই ঋণ কোন বর্গাদারকে দেওয়া হবে সেটা বলা যাচ্ছে না।

[5-30—5-40 p.m.]

দ্বিতীয়তঃ, বর্তমান সিলিং আইন অনুযায়ী এখনও ১৫ হাজারের বেশী মালিক সরকারী হিসাব মতে, বে-সরকারী হিসাবে অনেক বেশী, রিটার্ন দাখিল করেন নি, হাজার হাজার ইন-জাংসান কেস পড়ে আছে। এই সমস্ত জমির বে-আইনী মালিকরা এই ঋণের সুযোগ নেবে।

এই অবস্থা দূর করতে হবে। জমিদারী দখল আইন পাশ হওয়ার সময় ২৮ লক্ষ একর জমি বেরনোর কথা ছিল, রক্তক্ষয়ী সংগ্রামের ফলেই মাত্র ৯ লক্ষ একর জমি পাওয়া গেছে, বাকি জমির বেনামদাররাই এই ঋণের সুযোগ পাবে বলে আমার ধারনা। ছোট ছোট যে সমস্ত জমির মালিক এদের বৈজ্ঞানিক যন্ত্রপাতি, পাম্প সেট ইত্যাদি কৃষি ক্ষেত্রে প্রয়োগ করার শক্তিসামর্থ্য নেই। যৌথভাবে ঋণ দান যদি না দেওয়া হয়, তবে এই সমস্ত ক্ষুদ্র ভাগচাষীরা বা রায়তরা কোন সময়েই এই সমস্ত বৈজ্ঞানিক যন্ত্রপাতি, ওষুধপত্র কিনে কৃষি উৎপাদন বৃদ্ধি করতে পারবে বলে আমার মনে হয় না। সেজন্য আমাদের দেশের ছোট ছোট চাষীরা যাতে ঋণ পেতে পারে, সেই ব্যবস্থা এই সরকারের করা উচিত। আর একটা কথা হচ্ছে এই ঋণ পরিশোধের সময় সীমা ১৫ মাস করা হয়েছে। ফসলহানি প্রায় প্রতি বছর হয়ে থাকে, সুতরাং ১৫ মাস থেকে ২০ মাস পর্যন্ত করলে দুটো ফসল অন্তত এই কৃষকরা পেতে পারে এবং কিস্তিতে তারা ঋণ শোধ করতে পারে। কিন্তু তা না করে যদি ১৫ মাস করা হয় এবং যদি কোন প্রাকৃতিক কারণে ফসল নষ্ট হয়ে যায়, তা হলে কৃষকের দুর্দশার সীমা থাকে না। গরিব কৃষকরা ঋণের দায়ে তাদের ঘরটি পর্যন্ত বন্ধক দিয়ে থাকে। সুতরাং তাদের পক্ষে ঋণ পাওয়ার আর কোন সুযোগ থাকে না। বর্তমান বিলে ঋণ পাওয়ার কোন ব্যবস্থা তাদের ক্ষেত্রে আছে বলে আমার মনে হয় না। তাই পুওর এগ্রিকালচারিস্ট ডেট রিলিফ অ্যাক্ট করে লক্ষ লক্ষ কৃষক যারা ঋণের দায়ে মুমূর্ষু হয়ে পড়েছে তাদের রেহাই দেওয়া উচিত। সঙ্গতিসম্পন্ন কৃষকদের ২০ বছরের কিস্তিতে ঋণ পরিশোধের ব্যবস্থা করা উচিত। কেরালায় এই ব্যবস্থা আছে, সেখানকার কৃষকরা এই সুবিধা ভোগ করে থাকে। ন্যাশানালাইজেসান অব ডেট না হলে অগণিত গরিব কৃষকরা কৃষি ঋণ পাবে না। ১৫ থেকে ২০ বিঘা পর্যন্ত চাষীদের ২০ বছরের কিস্তিতে ঋণ শোধের ব্যবস্থা না করলে এদের পক্ষে ভূমি রেখে উৎপাদন করার ক্ষেত্রে অনেক বাধা সৃষ্টি হবে, অন্য দিকে সেই ভূমি তাদের হারাতে হবে বলে আমার বিশ্বাস। সুতরাং সরকারের উচিত, এই যে লক্ষ লক্ষ কৃষককুল ভূমিহীন হতে চলেছে এদের রক্ষা করতে হলে ঋণের দায় থেকে মুক্তি দেওয়া এবং সঙ্গতিসম্পন্ন কৃষকদের দীর্ঘমেয়াদী কিস্তিবন্দীতে তাদের ঋণ পরিশোধের রাস্তা করে দেওয়া। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

রজনীকান্ত দোলুইঃ মিঃ স্পীকার, স্যার, আজকে শ্রদ্ধেয় অর্থমন্ত্রী আমাদের সামনে যে পশ্চিমবঙ্গ কৃষি ঋণ প্রদান বিল এনেছেন এবং যে বিলে বলা হয়েছে বর্গাদার এবং ভূমিহীন কৃষকদের জন্য ঋণ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে, এই যে কৃষি বিপ্লবের পথে আমাদের শ্রদ্ধেয় অর্থমন্ত্রীর বৈপ্লবিক পদক্ষেপ, এই বৈপ্লবিক পদক্ষেপের জন্য আমি এই বিলকে অভিনন্দন করছি।

মিঃ স্পীকার স্যার, গ্রামীণ অর্থনীতি নির্ভর করে কৃষির উন্নতির উপর এবং সেই কৃষির উন্নতির জন্য আমাদের যে সমস্ত ব্যবস্থা অবলম্বন করার কথা তার একটা মেইন জিনিস হচ্ছে কৃষি ঋণ। সেই ব্যবস্থার কথা বলতে গিয়ে যে বিল আনা হয়েছে তার সম্বন্ধে আমি কিছু সাজেসন রাখতে চাই এবং আমি আশা করি, শ্রদ্ধেয় মন্ত্রিমহাশয় তাঁর সুবিবেচনা দিয়ে আমার সাজেসনগুলো অনুধাবন করবার চেষ্টা করবেন। মাননীয় স্পীকার মহাশয়, আমরা দেখেছি এবং অনেক মাননীয় সদস্য আমার সঙ্গে একমত হয়ে বলেছেন যে, প্রয়োজন যখন হয় তখন ঋণ পাওয়া যায় না। আমি এইদিকে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বলছি, যখন কৃষি ঋণের প্রয়োজন হবে, সেই সময় কৃষি ঋণের ব্যবস্থা তিনি যেন করেন। আমরা দেখেছি, কৃষকরা কৃষি ঋণের জন্য হেনস্থা হয়ে পড়ছে এবং কৃষিকার্যের জন্য ঋণ পায় না। ঋণ পেয়েছে কখন? না, যখন ঋণের দরকার নেই। কাজেই ঠিক সময় মত যাতে তারা ঋণ পায় তার ব্যবস্থা করুন। তারপর দেখছি, সারের জন্য ঋণের ব্যবস্থা হয়েছে। কিন্তু আমি বলব, সার যেন সরাসরি দেওয়া হয়। আমাদের সারে সমস্যা দেখা দিয়েছে এবং বিধানসভায় বলা হয়েছে যে সার পাওয়া যাচ্ছে না। কাজেই সারের জন্য ঋণ না দিয়ে সরাসরি সার দেবার ব্যবস্থা করুন। মিঃ স্পীকার স্যার আপনি জানেন বিভিন্ন ধরনের কেমিক্যাল সার দেবার ফলে জমির উর্বরাশক্তি কমে যাচ্ছে। কাজেই আমরা যদি গোবর সারের ব্যবস্থা না করি, অর্গানিক ম্যানিওর-এর ব্যবস্থা না করি, তা হলে জমির উর্বরাশক্তি কমে যাবে। কাজেই আপনারা আইন করুন যাতে

প্রত্যেক কৃষক এই অর্গানিক ম্যানিওর ব্যবহার করে। তারপর আমরা দেখতে পাচ্ছি যে, সমস্ত শ্যালো টিউবওয়েল এবং ডিপ টিউবওয়েল থেকে জল উঠছে তাতে আয়রন মেশান রয়েছে এবং তার ফলেও জমির উর্বরাশক্তি নষ্ট হয়ে যাচ্ছে। কাজেই এইসব নানা কারণের জন্য বলছি সারের ক্ষেত্রে অর্গানিক সারের ব্যবস্থা করতে হবে। তারপর, ক্যাটেল পার্চেজ লোন-এর ব্যবস্থা করতে হবে এবং গবাদি পশু সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। গবাদি পশু পালনের ব্যবস্থা যদি করা হয়, তা হলে প্রোটিন খাদ্য গ্রামের লোক পাবে এবং সারের ব্যবস্থাও হবে। কাজেই অনুরোধ করছি ক্যাটেল পার্চেজ লোন দেবার ব্যবস্থা যেন করা হয়। তারপর, দেখছি বীজ সময়মত পাওয়া যাচ্ছে না। কাজেই প্রত্যেকটি ব্লকে একটি করে সিড স্টোর করতে হবে এবং সেখান থেকে চাষিদের মধ্যে বীজ বণ্টনের ব্যবস্থা হরতে হবে। তারপর কৃষির যন্ত্রপাতির প্রয়োজন আছে, কেন না আমরা দেখেছি, এর অভাবে ঠিক সময়ে কৃষিকার্য করা সম্ভব হয় না। আমার বক্তব্য হচ্ছে, বিভিন্ন ধরনের যেসমস্ত যন্ত্রপাতি রয়েছে সেগুলি যাতে কৃষকরা মধ্যমেয়াদি কিস্তিতে কিনতে পারে তার ব্যবস্থা করুন। আমরা লক্ষ্য করেছি, প্রাকৃতিক দুর্যোগে বছর বছর বিভিন্ন জেলার বিভিন্ন অংশ, বিশেষ করে মেদিনীপুর জেলার কথা বলব, বন্যা এবং খরার ফলে ভয়ানক-ভাবে আক্রান্ত হয়েছে। এই সমস্ত অঞ্চলের কৃষকরা যে সমস্ত ঋণ নিয়েছে সেটা তারা শোধ করতে পারছে না এবং সেই টাকার সঙ্গে সুদের অঙ্ক এমনভাবে বেড়েছে যে, এইসব শোধ করতে গেলে তাদের স্থাবর-অস্থাবর সম্পত্তি বিক্রি করলেও সম্ভব হবে না। কাজেই আমি অনুরোধ করছি, তাদের সুদ মকুব করা হোক এবং পুরান ঋণের সুদও মকুব করা হোক এবং তাদের টোট্যাল ঋণ যেটা হবে সেটা যাতে ২-৩টি কিস্তিতে তারা শোধ করতে পারে তার ব্যবস্থা করা হোক। মাননীয় অর্থমন্ত্রী যেন তাঁর বিলের মধ্যে উল্লেখ করেন, যেখানে বন্যা, খরা এবং প্রাকৃতিক দুর্যোগ দেখা দেবে, সেখানে সুদ মকুব করা হবে এবং ঋণ যেন সর্ট টার্মে শোধ দেবার ব্যবস্থা হয়। এই জিনিস যদি না করেন, তা হলে বন্যাক্লিষ্ট, খরাক্লিষ্ট কৃষকরা চাষ করতে পারবে না। তারপর আমার বক্তব্য হচ্ছে, ঋণ দেবার যেমন ব্যবস্থা করা হয়, ঋণ আদায় করবার জন্য আমি সাজেসন রাখব যে, আমাদের একটা পজিটিভ স্টেপ নিতে হবে।

Mr. Speaker: Mr. Doloi, you are repeating the old points. If you have any new points, please mention those points.

শ্রীরজনীকান্ত দোলুইঃ ঋণ আদায় করার জন্য স্টেপের কথা বলা হয় নি। ঋণ আদায় করার জন্য তহশীলদারদের যে অস্থায়ী নির্দেশ দেওয়া হয়েছে, সেটাকে স্থায়ী করতে হবে, তা হলে ঋণ আদায় হবে।

Mr. Speaker: Mr. Doloi, you are speaking on the consideration stage of the Bill and you are to confine your speech within the main principles of the Bill.

[5-40—5-50 p.m.]

শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে দি ওয়েস্ট বেঙ্গল এগ্রিকালচারাল ক্রেডিট অপারেশনস বিল এনেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই কারণে আজকে বর্তমান ধনতান্ত্রিক পদ্ধতিতে যে ঋণ দেওয়া হয়, সেই পদ্ধতিতে বড় বড় জোতদাররাই শুধুমাত্র ঋণ পেয়ে থাকে, গরিব চাষীরা ঋণ পায় না, যার জন্য এই বিলে গরিব চাষীর স্বার্থ দেখা হচ্ছে, বিশেষ করে গরিব বর্গাদারদের স্বার্থ দেখা হয়েছে এবং তাদেরই ঋণ দেবার ব্যবস্থা করা হয়েছে, তার জন্যই এই বিলকে সমর্থন জানাচ্ছি। তিমিরবাবু তাঁর বক্তব্যের মধ্যে বললেন, ব্লক ডেভেলপমেন্ট কমিটির মাধ্যমে যে ঋণ দেওয়া হয়, সেই কমিটিতে অনেক বড় বড় লোকের ছেলেরা সেই কমিটিতে আছে। এটা অত্যন্ত বাজে কথা, সম্পূর্ণ মিথ্যা কথা, একথা আদৌ সত্য নয়। কারণ ব্লক ডেভেলপমেন্ট কাউন্সিলে সরকার মনোনীত ব্যক্তি, অঞ্চল থেকে একজন ব্যক্তি আছেন এবং যে অঞ্চলের ব্লক ডেভেলপমেন্ট কাউন্সিল সেই কেন্দ্রের বিধানসভার যিনি সদস্য তিনিই ব্লক ডেভেলপমেন্ট কাউন্সিলের সভাপতি, স্থানীয় এম এল এ, আমরাই সেই ব্লক ডেভেলপমেন্ট কাউন্সিলের সভাপতি, আমরা নিশ্চিত অঙ্গীকারবদ্ধ যে, আমরা গ্রামের মানুষের উপকার করব। আমি এখানে একটা কথা পরিষ্কার জানিয়ে দিতে চাই যে,

আমরা এখানে জোতদারদের দালালি করতে আসি নি, বিধানসভার সদস্য নির্বাচিত হই নি। আমরা সাধারণ মানুষের স্বার্থ দেখব, আমরা জনসাধারণের কাছে প্রতিশ্রুতি দিয়েছি যে, বিভিন্ন উপায়ে, যেমন কৃষি ঋণ ইত্যাদি গরিব কৃষকরা পায় তার জন্য সচেষ্ট হব। সবুজ বিপ্লবের কথা বলা হয়েছে এবং উৎপাদন বাড়ানর কথা বলা হয়েছে। কিন্তু এই প্রসঙ্গে আমি একটা কথা রাখছি। পাঞ্জাব, হরিয়ানা, তামিলনাড়ুর উৎপাদন অনেক বেশী, সেখানে ফলনের মাত্রা অনেক বেশী। আমাদের দেশে এত বেশী উৎপাদন হয় না, পশ্চিমবঙ্গে সবুজ বিপ্লব সম্পূর্ণ ভাবে সার্থক হয় নি, তার কারণ কি? মূল কারণ অনুসন্ধান করে, খাদ্যসমস্যার সমাধান যদি করতে পারি, তবেই সবুজ বিপ্লব সার্থক করতে পারা যায়। আজকে সব থেকে বেশী প্রয়োজন সেটা হচ্ছে চাষকে আধুনিকীকরণ করতে হবে। আমাদের দেশে যে পদ্ধতিতে চাষ হয়, সেটা পুরাতন পদ্ধতি, তাতে নূতন উপায়, নূতন চাষের পদ্ধতি এখনও লাগাতে পারছি না। কারণ আমরা দেখছি বড় বড় জোতদার পাম্প সেট দিয়ে ঠিক সময়ে জল দিতে পারছে, সার দিতে পারছে, এবং তাতে করে ঠিক উৎপাদন করতে পারছে, কিন্তু গরিব মানুষ গরিব বর্গাদার কৃষক, সেই সব না করতে পারার দরুন অধিক ফসল ফলাতে পারছে না। তাদের কাছে কতকগুলি সমস্যা রয়েছে। ঠিক সময়ে সার দিচ্ছে না, পাম্প সেট দিয়ে জমিতে ঠিক সময়ে জল দিতে পারছে না, সার দিতে পাচ্ছে না, যার জন্য ফসল ঠিকমত উৎপাদন হচ্ছে না। এখানেই মূল সমস্যা। এই বিল সেই সমস্যা দূর করতে অনেকখানি সহায়তা করবে, সেজন্য এই বিলকে স্বাগত জানাব, নিশ্চয়ই সমর্থন করব।

বর্তমানে আমরা দেখতে পাচ্ছি তিনটি এজেন্সির মাধ্যমে গ্রামে ঋণ দেওয়া হয়, গরিব মানুষরা ঋণ পায়, একটা হচ্ছে মহাজন। এই মহাজনরা দিনের পর দিন এই গরিব মানুষদের শোষণ ক'রে চলেছে। অথচ এই মহাজনদের কোন লাইসেন্স নাই। গরিব মানুষদের যদি আমরা এই সুদ-খোর মহাজনদের শোষণের হাত থেকে উদ্ধার করতে না পারি, তা হলে নিশ্চয়ই অধিক ফসল ফলাতে আমরা পারবো না। আর দ্বিতীয় হচ্ছে, সমবায় ব্যাংক, এটা ব্যর্থ হয়েছে। আর সর্বোপরি একমাত্র উপায় হচ্ছে, সরকারী টাকার উপর নির্ভর। তাই ফসল ফলানোর পূর্বে চাষীরা যাতে প্রয়োজনমত ঋণ পায়, সেই ব্যবস্থা করতে হবে। অনেক সময় দেখতে পাই, ফসল ওঠবার সময় ঋণ দেওয়া হয়। ফসল বোনার পূর্বে যদি ঠিক সময় ঋণ দেওয়া হয়, তা হলে সেই টাকা তাঁরা চাষের কাজে লাগাতে পারেন।

তারপর ক্যাটেল পারচেজ লোন যেটা দেওয়া হয়, তাও ঠিক সময় চাষের প্রথমে দেওয়া হ'লে কাজে লাগতে পারে। তা না হ'লে ঐ ক্যাটল লোনের টাকা অন্য দিকে তারা ব্যয় ক'রে ফেলে, ফলে চাষের কোন উন্নতি হয় না। চাষীকে নগদ টাকা না দিয়ে সার, পাম্প সেট, গরু, বলদ ইত্যাদি চাষের সরঞ্জাম তাকে সরবরাহ করা হ'লে সবচেয়ে ভাল হয়। এটা অনেক বেশী সার্থকর হবে। আর তা ছাড়া ঋণ প্রদানকারী যে অফিসার আছেন, যাঁরা ঋণ বিলিবণ্টন ক'রে থাকেন, তাঁরা অনেক সময় দেখা যায়, গরিব চাষীদের সঙ্গে ভাল ব্যবহার করেন না। চাষীদের অযথা হয়রানি করেন এবং ঠকায়; ভুলপথে পরিচালিত করেন। এই আমলাদেরও ঠিক পথে পরিচালিত করা দরকার। অধিক ফসল ফলাবার ব্যাপারে এই আমলাদেরও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এদের সহায়তায় আমরা সবুজ বিপ্লবকে সার্থক ক'রে তুলতে পারবো।

সর্বশেষে একটি প্রস্তাব করছি, ঠিক সময়ে ঋণদানের জন্য ব্লকে ব্লকে ঋণদান কমিটি গঠন করান, এই প্রস্তাব রেখে আমরা বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীভূপালচন্দ্র পাণ্ডাঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে অর্থমন্ত্রী যে গ্রামাঞ্চলে কৃষি ঋণ গরিব মানুষকে দেওয়ার দিক থেকে কৃষি উন্নয়নকে সামনে রেখে যে বিল উপস্থিত করেছেন, নিশ্চয়ই এইদিক থেকে গ্রামের গরিব অংশকে মহাজনদের কবল থেকে মুক্ত করার দিকে সহায়ক হবে সন্দেহ নাই। তবে এই বিলের মধ্যে যে কিছু কিছু ফাঁক বা ত্রুটি থেকে গেছে, সে বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ না ক'রে উপায় কী? আমি সেই ত্রুটিগুলি দূর করবার

জন্য এখানে কয়েকটি অ্যামেন্ডমেন্ট দিয়েছি। খুব আনন্দের কথা, এখানে এ পর্যন্ত মাননীয় সদস্যরা যাঁরা বিভিন্ন দিক থেকে বললেন, তাঁরা প্রত্যেকেই আমার এই অভিমতের সঙ্গে একমত, এটাই তাঁরা প্রকাশ করেছেন। সেই কারণের জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো, যাতে এই বিষয়গুলি বিশেষভাবে মাননীয় অর্থমন্ত্রী বিবেচনা ক'রে দেখেন। আমি খোলাখুলিভাবে বলতে চাই যে, মাননীয় অর্থমন্ত্রী যে কৃষকের ভূমিহীন বর্গাদারদের গরিব অংশের উপর জোর দিয়ে তাদের প্রধানতঃ সাহায্য করবার জন্য লক্ষণীয় এই বিল এনেছেন। আমি সন্দেহাতীত যে, সেই অংশেই বেশীরভাগ বঞ্চিত হয়ে যাবে যদি না তার জন্য যে আনরেকর্ডেড বর্গাদার তাদের সম্পর্কিত বিষয় নিয়ে জেলা কালেকটরের তদন্তকৃত রিপোর্টের ভিত্তিতে অন্ততঃ ঋণদানের ব্যবস্থা করা হয়।

[5-50—6-00 p.m.]

মাননীয় স্পীকার স্যার, আমরা গ্রামাঞ্চলে দেখেছি যে, ভূমিহীন গরিব চাষী যারা সরকারের কাছে ঋণ পেতে গেছেন—একজন যাতে রায়তি স্বত্ব পান তার জন্য কৃষককে সামনে না রেখে এমনকি কুড়ি পঁচিশ টাকা পর্যন্ত ঋণ পাবার উপায় ছিল না। এই ক্ষেত্রে সরকারের এই ব্যবস্থা থেকে ব্যাঙ্ক-এর কাছ থেকে তারা যাতে লোন পান তার ভরসা ঐ ভূমিহীন ভাগচাষীকে সাহায্য করতে পারবে। কাজেই মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আমাদের সামনে যা এনেছেন ও তাঁর যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে সেগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ, এই যে এক্সপ্রেসান দেওয়া হয়েছে এটা খুবই গুরুত্বপূর্ণ মনে রেখে সেই অ্যামেন্ডমেন্ট যাতে গ্রহণ করেন সে আশা রাখি, বিশেষ ক'রে দ্বিতীয় অ্যামেন্ডমেন্ট যেটা আমার নামে দিয়েছি ক্রপলোন-এর ব্যাপারেও যেটা ১৫ মাসকে বাড়িয়ে ২০ মাস করতে বলেছি। ঐ ক্রপলোন ১৫ মাসে বাংলাদেশে যা আমাদের এক-ফসলী হয় সেখানে ১৫ মাসে ঋণ ঐ গরিব মানুষের শোধ করবার কোন চান্স নেই, সেখানে কোন গ্যারান্টি নেই। ইরিগেটেড এরিয়া ছাড়া গরিব চাষী যারা নন-ইরিগেটেড এরিয়ায় থাকে তাদের শোধ করবার কোন অবস্থা নেই। তারা ১৫ মাসে এই টাকা শোধ করতে পারবে না। তার উপর আছে খরা, না হয় অতি বৃষ্টি, অনাবৃষ্টি ফসলহানির এই সমস্ত কারণ সামনে রেখে ১৫ মাসের জায়গায় ২০ মাসের যে সংশোধনী আমি এনেছি সেটা গ্রহণ করুন। বিশেষ ক'রে ক্রপলোনের ক্ষেত্রে আমরা দেখেছি যে, ইতিপূর্বে তারা লোন নিয়েছে কিন্তু সেই লোন বেড়ে বেড়ে সুদে ও আসলে যা দাঁড়িয়েছে তাতে কৃষকের পক্ষে তা দেওয়া সম্ভব নয়। কাজেই কৃষককে রক্ষা করতে গেলে এবং ফসলের উৎপাদন যা আপনারা বাড়াতে চাইছেন তা বাড়াতে গেলে ঐ ১৫ মাসের জায়গায় ২০ মাস করা একান্ত দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এক-ফসলী দেশ, আমাদের সমস্ত কিছু প্রকৃতির উপর নির্ভর করতে হয়। এক্ষেত্রে এই এক-ফসলী রাজ্যে বেশীর ভাগই কৃষি জমি। সেই জন্য আইন এইরূপ করা দরকার যাতে চাষী বা কৃষক তার পূর্ণ সুযোগ পেতে পারে। সেদিক থেকে যদি ঐ বৈশাখ মাসে সে ঋণ গ্রহণ ক'রে এবং অগ্রহায়ণ মাস পর্যন্ত—নেক্সট্ ক্রপ অর্থাৎ পরের অগ্রহায়ণ পর্যন্ত সময়, কারণ ফসল নষ্ট হয়ে গেলে ঐ পরের অঘ্রাণ পর্যন্ত তাকে সময় দেওয়া উচিত। তা ছাড়া অন্য কোন উপায় থাকে না। নেক্সট্ ক্রপ যাতে পান আমাদের এই এক-ফসলী রাজ্যে সেই সুযোগ তাকে দিতে হবে। সেদিকে থেকে ১৫ মাসের জায়গায় ২০ মাস করা দরকার। আমি যে ২০ মাসের কথা বলেছি তার কারণ হ'ল ১৮ মাস হ'লে সে ফসল উৎপাদন ক'রে সেই ফসল ক্ষেতে খামারে ওঠবার আগেই এটা হবে। কাজেই তাতে উৎপাদন ক'মে যাবে। সেই জন্য আমি ২০ মাস চাই যাতে সে ঋণ নিয়ে তার পূর্ণ সুযোগ গ্রহণ করতে পারে। সেদিক থেকে আমি এই ২০ মাসের সংশোধনী এনেছি আশা করি মন্ত্রিমহাশয় এটা গ্রহণ করবেন।

এখানে অন্যান্য সদস্য যাঁরা তাঁরা একসঙ্গে এক বাক্যে বলেছেন গরিব কৃষক, ভূমিহীন কৃষক তাদের পক্ষে এই ক্রপ ইনসিওরেন্স একটা অপরিহার্য। এই ক্রপ ইনসিওরেন্সের কথা মাননীয় সদস্য বিশ্বনাথ মুখার্জি মশাই প্রথমে তুলেছিলেন এবং এখানে যত সমস্ত সদস্য বলেছেন, তাঁরা সবাই একবাক্যে ক্রপ ইনসিওরেন্সকে স্বাগত করেছেন এবং সকলেই একথা বলেছেন যে, এটা অত্যন্ত অপরিহার্য জিনিস। এ ছাড়া গরিব কৃষকদের এক ফসলের রাজ্যে কোন প্রকারে রক্ষা

করা সম্ভব নয়। সেইজন্য আপনার মাধ্যমে আমরা যে সমস্ত অ্যামেন্ডমেন্ট এখানে উপস্থিত করেছি, আশা করি মন্ত্রিমহাশয় সেই অ্যামেন্ডমেন্ট গ্রহণ ক'রে এই বিলকে পূর্ণাঙ্গ আইন দেবেন যাতে আমাদের বাংলাদেশের গরিব ভূমিহীন ভাগচাষীদের অংশ উপকৃত হতে পারে। বিশেষ ক'রে আর একটা বিষয় হচ্ছে আনরেকর্ডেড বর্গাদার। আমাদের বাংলাদেশের অধিকাংশ বর্গাদার সেই অবস্থায় আছে। এই আনরেজিস্টার্ড বর্গাদার যারা তাদের যেহেতু আইনের দিক থেকে কোন স্ট্যাটাস্ নেই, সুতরাং জে এল আর ও-র কাছে রিপোর্ট করলে জে এল আর ও-র দলিলে নথিভুক্ত হতে পারে, কিন্তু সেইটাই ব্যাঙ্ক কিংবা ক্রেডিট এজেন্সির কাছে গ্যারান্টি হবে না। সেটা ঋণ পাওয়ার জন্য উপযুক্ত দলিল হতে পারে না। সরকারের অথরেটেটিভ পারসেন অন্তত কালেকটর যিনি রিপোর্ট দিলে, সন্তুষ্ট হয়ে বর্গাদার হিসাবে গ্রহণ করলে তবেই ক্রেডিট এজেন্সি ঋণ দিতে পারে। সেই জন্য মন্ত্রিমহাশয় এইটা বিচার-বিবেচনা ক'রে দেখবেন। কারণ বর্গাদারদের অধিকাংশ আনরেকর্ডেড, বর্গাদারদের অধিকাংশ অতি দরিদ্র। সেইজন্য অতি দরিদ্র আনরেকর্ডেড অংশকে যদি আজকে রেকর্ডেড করতে চান, বর্গাদার হিসাবে প্রতিষ্ঠিত করতে চান, তা হ'লে নিশ্চয় অ্যামেন্ডমেন্ডগুলো গ্রহণ করবেন—এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে সংশোধনী উপস্থিত করেছি, সেই সংশোধনী আমি মুভ করছি। এই সংশোধনীর পিছনে মনের কথা কি তা ইতিপূর্বে আমাদের বেঞ্চের বহু সদস্য উপস্থিত করেছেন। আমি সেই কথাগুলোর পুনরাবৃত্তি করতে চাই না। তা সত্ত্বেও সংশোধনী মুভ করতে উঠে সেইসব বলা হ'লেও এবং বে-সরকারী আলাপ-আলোচনায় মন্ত্রিমহাশয় রুল করার কথা বললেও কেন অ্যামেন্ডমেন্ট প্রেস করেছি তা বলতে উঠেছি। প্রথম কথা হচ্ছে, এইটা রুল করবেন বলেছেন, রুল করার উপযুক্ততাও আছে, কিন্তু রুল যে কোন সময় চ্যালেঞ্জ হতে পারে। কিন্তু বডি অফ দি অ্যাক্ট চ্যালেঞ্জ করা শক্ত। সেটা যদি উপযুক্ত মনে হতে পারে, তা হলে অ্যাক্ট থাকতে অসুবিধা কোথায়?

আমার প্রথম নম্বর অ্যামেন্ডমেন্ট হচ্ছে এই বর্গাদারকে তাদের ল্যান্ড রিফর্মস্ অ্যাক্টে যা আছে তার থেকে তুলে দেওয়া। সুতরাং সেই অংশটা ব্যাঙ্কের কাছে সুস্পষ্ট হওয়া উচিত। দ্বিতীয় অংশটি খুব গুরুত্বপূর্ণ এই কারণে যে, ল্যান্ড রিফর্ম অ্যাক্টে বর্গাদাররা বর্গাদার হিসাবে থাকবার যে সুযোগ তা যদি দিতে চান, তা হ'লে ঐ অ্যামেন্ডমেন্ট নেওয়া উচিত। কারণ বিভিন্ন আইনে কোর্টে যেহেতু বারংবার চ্যালেঞ্জ হয় যেতে হয়—বাস্তবে দখলে জমি থাকা সত্ত্বেও সেই রাইট থেকে তাকে নিয়ে যাবার চেষ্টা হচ্ছে। এই পরিস্থিতির মধ্যে সেটা গ্রোইং প্রবলেম হিসাবে ক্রমবর্ধমান ঘটনা হিসাবে সত্যিই যদি বর্গাদারকে ঋণ দিতে চান, তা হ'লে পর সেই ক্রমবর্ধমান ঘটনার দ্বারা এখানকার ঋণ পাবার উপযুক্ত বর্গাদার যাতে না এফেকটেড হন, সেইজন্য এই বাড়তি কথাটা আছে। এই পারপাসকে সার্ভ করবে এবং আমি মনে করি, এখানে একটা গুরুত্বপূর্ণ ঘটনা উঠে যাবে। ঋণ পাবার বা না পাবার দিক থেকে বর্গাদার কিনা তা নির্ভর করে লোক্যাল পাবলিক এনকোয়ারী ক'রে অফিসার সেটা ঠিক ক'রে দেবেন। স্বভাবত ব্যাঙ্ক-গুলি ব্লকে ব্লকে হয়েছে। ব্যাঙ্কের লোকদের পক্ষে কালেকটর অথবা কালেকটরের দ্বারা নির্বাচিত কোন লোকের দ্বারা এনকোয়ারী করেন বা সরজমিনে গিয়ে দেখেন—দেখে আসার পর এবং সেই পরিস্থিতিতে দখল আছে, চাষ করছে, আশপাশ থেকে পাবলিক ঠিক ঠিক ক'রে বল্লে তবে তার পক্ষে সিকিউরিটি অনুভব করা সম্ভব। অনেক প্রসিডিওর কাট ক'রে তবে তাকে ঋণ পেতে হবে। তাই সরাসরি আইনের সুযোগ বর্গাদারদের যাতে দিতে পারি তার জন্য আমার এই অ্যামেন্ডমেন্ট খুবই প্রয়োজন। শুধু আপনার ঐ রুল দ্বারা এই পারপাস সার্ভ হবে না। আবার আর একটা কারণ আছে যে কেন এই অ্যামেন্ডমেন্ট সন্নিবেশিত করতে বলছি। সেটা হচ্ছে এই যে, আপনারা যদি বর্গাদার বলতে যে টার্ম সেটা জুড়ে দিচ্ছেন না। বর্গাদাররা সত্যিই ঋণ পাক এই জিনিস যদি চান, তা হ'লে সেকথা ব্যাঙ্ককে ইমপ্রেস করবার তাদের অ্যাডমিনি-স্ট্রেসনকে ইমপ্রেস করবার জন্য এই এক্সপ্ল্যানেসন এই অ্যাক্টের মধ্যে সরাসরি থাকা দরকার। আমি সমস্ত প্রসিডিওরটাকে অত্যন্ত সোজা, পরিষ্কার করতে চাচ্ছি। অন্য কোন অ্যাক্টের সংগে এর

কোন ঝগড়া নেই, কোন গোলযোগ নেই। সুতরাং আমার এই প্রস্তাব নেওয়া উচিত এবং সত্যিই যদি আপনারা চান বর্গাদাররা এর সুযোগ পাক, তা হলে এটাকে অ্যামেন্ডমেন্ট হিসাবে না নিয়ে আনুষ্ঠানিকভাবে যে দু'টি প্রসিডিওরের সুবিধা দিতে চাইছি তার মর্ম অনুভব ক'রে এই অ্যাক্টের বডির মধ্যে এটা সন্নিবিষ্ট করবেন। পলোসি ডাইরেকটিভের দিক থেকে বিবেচনা ক'রে এর এক্সিজেন্সি এবং বাস্তব পরিস্থিতির কথা বিবেচনা ক'রে এটা নেবেন। এই ব'লে আমি আমার অ্যামেন্ডমেন্ট মুভ করলাম।

[6-00—6-10 p.m.]

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, পশ্চিমবঙ্গ কৃষি ঋণ অনুদান বিধেয়কটি যে এই সভায় প্লেস করেছেন তাকে আমি স্বাগত জানাচ্ছি এবং সর্বান্তঃকরণে পূর্ণ সমর্থন করছি ও সঙ্গে সঙ্গে আমি মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। কারণ মাননীয় মন্ত্রিমহাশয় এই বিলের মাধ্যমে একদিকে সেই গ্রামের সুদখোর মহাজনদের খপ্পর থেকে ক্ষুদ্র চাষী ও বর্গাদার, গরিব চাষী, প্রান্তিক চাষীদের উদ্ধারের পথে নিয়ে এসেছেন। অন্য দিকে কৃষির উন্নতি সাধনের যে সমস্ত সুযোগসুবিধা এবং সেই সুযোগ-সুবিধা নেবার যে পদ্ধতি তা সহজ করে দিয়ে যাতে অবিলম্বে ঋণ পেয়ে উৎপাদন বাড়াতে পারে, জমিকে চাষযোগ্য করতে পারে, সেচের উন্নতি করতে পারে, অধিক ফসল ফলাতে পারে, পশু পালন, বন পালন ইত্যাদি কাজ করতে পারে, তার ব্যবস্থা ক'রে দিয়েছেন। এই জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলে আমাদের এই প্রগতিশীল সরকারের 'গরিবী হঠানোর' যে প্রতিশ্রুতি তা এর দ্বারা প্রতিপালিত হবে। কারণ, গ্রামে গ্রামে আমাদের সবুজ বিপ্লব আরম্ভ হয়েছে এবং সেখানে যে শতকরা ৮০, ৮২ জন চাষী থাকে তাদের অধিকাংশই গরিব, তারা সেই সমস্ত এজেন্সী, বিভিন্ন সমবায় ব্যাঙ্ক বা ইউনাইটেড ব্যাঙ্ক ইত্যাদির মাধ্যমে সহজভাবে ঋণ পাবে। আগে ঋণ পেতে হলে রেজিস্ট্রি করতে হত, এখন তাদের রেজিস্ট্রি ফি বা কোন রেজি-স্ট্রেসনের দরকার হবে না, প্রেসক্রাইব্ড একটা ঘোষণাপত্রের সাহায্যে সহজেই আর্থিক সাহায্য পেতে পারবে। সেই জন্য তারা এই সাহায্য নিয়ে তাড়াতাড়ি এবং সহজভাবে আর্থিক সাহায্য নিয়ে উৎপাদনের কাজে সেই অর্থ ব্যয় করে তাদের সবুজ বিপ্লব ঘটিয়ে অর্থনৈতিক উন্নতিসাধন করতে পারবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি না ব'লে পারছি না যে, আর এস পি-র সদস্য শ্রীতিমিরবরণ ভাদুড়ী মহাশয় বলেছেন, মন্ত্রিমহাশয় এই যে বিলটি এনেছেন এটা আনার কোন মাথা-মুণ্ড নেই। আমি বলব মাননীয় সদস্যের মাথা আছে, মগজ নেই। তিনি এটাকে মাকাল ফলের সঙ্গে তুলনা করেছেন। আমি বলব, এটা মাকাল ফল নয়, পাকা নারকেল ফল। এর বহিরাবরণ দেখে তিনি হকচকিয়ে গেছেন। তিনি যদি ভিতরে ঢুকে দেখেন, তা হ'লে দেখতে পাবেন যেমন পাকা সুমিষ্ট ফল, তেমনি তার স্বাদও গ্রহণ করতে পারবেন। এর শাস যেমন গ্রহণ করতে পারবেন, তেমনি দরকার হ'লে এর জলও মাথায় ঢেলে দিয়ে মাথা ঠাণ্ডা করতে পারবেন। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই, এই বিলের দ্বারা আমরা যে সবুজ বিপ্লব আনতে চেয়েছি তা স্বার্থক হবে। তারা বিপ্লব করেছেন খুনের, আর আমরা বিপ্লব চেয়েছি, আমাদের প্রগতিশীল সরকার বিপ্লব চেয়েছেন, সবুজ বিপ্লব। গ্রামের অর্থনৈতিক উন্নতিসাধন করতে গেলে, অর্থনৈতিক কাঠামোকে মজবুত করতে গেলে, গরিবদের সত্যিকারের উন্নতিসাধন করতে গেলে, তাদের দুবেলা দু' মুঠো ভাত, কাপড়-চোপড়ের ব্যবস্থা করতে গেলে, চিকিৎসার ব্যবস্থা করতে গেলে তাদের সত্যিকারের অর্থনৈতিক উন্নতি সাধন করতে হবে। এতদিন যারা অধিক জমির মালিক তারাই কেবল ঋণ পেত, কিন্তু এই বিলের সাহায্যে সেখানে চাষীরা ঋণ পাবে। বর্গাদার, যাদের জমি নেই, এই যেসমস্ত কথা ব'লে গেলেন সি পি আই-এর বিশ্বনাথবাবু এবং অন্যান্য সদস্য এবং তিমিরবাবু, যেসমস্ত বর্গাদারদের রেকর্ড হচ্ছে না, তাদের ঋণ পেতে অসুবিধা—আমি এই বিল প'ড়ে দেখেছি, সেখানে ঋণ পেতে কোন অসুবিধা নেই। এখন মরসুমী ফসলের উপরও ঋণ দেওয়া হবে। যারা গরিব সেই জমিতে ফসল থাকাকালীন তারাও সেখানে ফসলের মালিক হিসাবে ঋণ পাবেন। কাজেই এই ক্ষেত্রে দেখা যাচ্ছে, এই বিলের

মাধ্যমে ক্ষুদ্র চাষী এবং বর্গাদার, প্রান্তিক চাষী এরাও ঋণ পাবে, তাদের আর মহাজন, সুদ-খোরদের স্বারস্থ হতে হবে না। কেননা, তারা এই সমস্ত লোকদের স্বারস্থ হয়ে অধিক সুদে জমি বন্ধক রেখে ঋণ নিয়ে নিঃশেষ হয়ে যেত, তাদের এই নিঃশেষ হয়ে যাবার হাত থেকে রক্ষা করবার জন্য এই বিলটি এনে তাদের খুব সুবিধা ক'রে দিয়েছেন, সেই জন্য আমি একে পূর্ণ সমর্থন করছি এবং সত্যিকারে এই বিলটি আনা সময়োচিত হয়েছে। কারণ, আমরা সবুজ বিপ্লবের দিকে এগিয়ে চলেছি এবং এই সবুজ বিপ্লবকে সফল করতে হ'লে, পশ্চিমবাংলাকে বাঁচাতে গেলে, গ্রামকে বাঁচাতে গেলে, দরিদ্রদের উন্নতিসাধন করতে গেলে আমাদের এশিয়ার সূর্য মহান নেত্রী ইন্দিরা গান্ধী 'গরিবি হটানো'র নীতির বিষয়ে আমাদের বহরমপুর সভায় ১৯৭১ সালে বলেছিলেন, আমরা 'গরিবী' একেবারে 'হঠাতে' পারবো না, তবে আমার বিরুদ্ধে যারা বলছেন, আমাদের হঠিয়ে দেবেন—সেখানে তিনি বলেছেন, আমরা হঠে যেতে চাই, তবে সেখানে গণতান্ত্রিক পদ্ধতিতে আমাদের হঠানোর দরকার। তিনি বলেছিলেন, এই 'গরিবী হঠাতে' আমরা একদিনে পারব না, তবে আমরা গরিবদের পাশে থাকবো এবং সাহায্য করবো। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের স্বারা সত্যিকারে অনেকখানি গরিবী হঠানোর নীতি সফল হতে পারবে। তাই আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ দিয়ে এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

[6-10—6-20 p.m.]

শ্রীবীরেশ্বর রায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে কৃষিঋণ প্রদান বিধেয়ক এনেছেন তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি। বর্তমান প্রগতিশীল সরকার গরিব জনগণের স্বার্থে, গরিব চাষীর স্বার্থে, গরিব বর্গাদারদের স্বার্থে যে এগিয়ে এসেছেন তার প্রমাণ এই বিলে অক্ষরে অক্ষরে পাওয়া যাচ্ছে। আমাদের বর্তমান যে গরিবী হঠাও শ্লোগান তার বলিষ্ঠ পদক্ষেপ এই বিলের মধ্যে দেখতে পাচ্ছি। এই বিলে এই সর্বপ্রথম ভূমিহীন বর্গাদার যারা তাদের ব্যাংক থেকে টাকা দেবার প্রস্তাব নেওয়া হয়েছে। ইতিপূর্বে কোন সরকার এমনকি যুক্তফ্রন্ট সরকারও দু' দু'বার ছিলেন, কিন্তু এই প্রচেষ্টা তাদের মধ্যে দেখতে পাওয়া যায় নি। তাই আমি মনে করি, এটা সত্যিকারের গরিবী হঠানোর জন্য একটা বলিষ্ঠ পদক্ষেপ। একথা সত্য যে, বহু বর্গাদারদের নাম এখনও রেকর্ড করান যায় নি। কিন্তু তিমিরবাবুকে আমি জিজ্ঞাসা করি, তারা দু' দুবার এসেছিলেন এবং যথেষ্ট সময় পেয়েছিলেন এবং সেই সময়ের মধ্যে সমস্ত বর্গাদারদের নাম নথিভুক্ত করাতে পারতেন, রেকর্ড করাতে পারতেন, কিন্তু তারা পারেন নি। কেন পারেন নি? শরিকীসংঘর্ষের অসুবিধা আছে, তাদের যে মার্কসসিস্ট কমিউনিস্ট পার্টি তারা এগুলি করতে দেয় নি, যার জন্য রেকর্ড করা সম্ভব হয় নি। আমাদের ভূমিরাজস্বমন্ত্রী মহাশয় ঠিক কথাই বলেছেন যে, এই আইনের ফলে তারা এগিয়ে আসবেন তাদের নাম রেকর্ড করবার জন্য এবং আশা করছি, এতে সফল হব। এই আইনে কঠোর পরিশ্রম করেন যে বর্গাদার, সেই বর্গাদারদের স্বার্থ বেশীর ভাগ দেখা হয়েছে এবং তারা যাতে ঋণ পায় তার যথেষ্ট সুযোগ এখানে দেওয়া হয়েছে। আমি মনে করি, এই বিল যাঁরা অ্যাকসেপ্ট করছেন না তারা বাস্তবিকই গরিবের দরদী ব'লে ভাওতাবাজী করেছেন এবং যাদের সুদখোর মহাজনদের কাছ থেকে টাকা নিতে হত এবং এক টাকায় বারো আনা সুদ দিতে চলে যেত, সেই মহাজনদের পক্ষে তারা কথা বলেছেন। আমি মনে করি, এই বিলের ফলে এই গরিব বর্গাদাররা অত্যন্ত উৎসাহিত হবেন, তাদের আরো উৎসাহ দেওয়া দরকার। ব্যাংকগুলিকে তাদের নিজস্ব গোলাঘররূপে ব্যবহার করা দরকার। যেমন ধর্মগোলা থাকে, সেই ধর্মগোলা থেকে টাকা নিয়ে চাষীরা ফসলের কাজে লাগান অধিক ফসল ফলান এবং প্রথমে নিজেদের অভাব মোচন করবেন এবং উদ্বৃত্ত অংশ ব্যাংকে দেবেন, আবার যখন প্রয়োজন হবে ব্যাংক থেকে টাকা নেবেন। এইভাবে একদিকে গরিবী হঠানোর কাজে সহায়ক হবে এবং অন্যদিকে সবুজ বিপ্লবকে কার্যকর করা সম্ভব হবে। আর একটি কথা আমি বলতে চাই সেটা হচ্ছে, এই বিলের মধ্যে ফিসারী পোলট্রি পিগারী-ডায়ারী—এই সমস্ত করবার জন্য ঋণ দেবার ব্যবস্থা আছে। এতে ছোট ছোট অনেক জোতদার আছে, যাদের অল্প জমি আছে, পুকুর আছে মাছের চাষ করতে পারেন, গরু পুষতে পারেন, দুধ উৎপাদনের

ব্যবস্থা করতে পারেন, অনেক কৃষক পরিবারের মধ্যে পারেন, দুধ উৎপাদনের ব্যবস্থা করতে পারেন, অনেক কৃষক পরিবারের মধ্যে কিছু শিক্ষিত ছেলেপিলে আছে তারা শহরে চাকুরীর জন্য ছোটে তাদের কর্মসংস্থানের একটা বিকল্প ব্যবস্থা হতে পারে। বর্তমান সরকার শুধু চাকুরি দিয়ে বেকার সমস্যার সমাধান করতে পারেন না। আমি মনে করি, এই সমস্ত ক'রে তাদের টাকা দিয়ে এই বেকার সমস্যার কিছুটা সমাধান করা সম্ভব। আমাদের ছোট ছোট পরিবারের যে সমস্ত শিক্ষিত যুবক থাকবে তাদের এই বিষয়ে নূতনভাবে শিক্ষিত করবার ব্যবস্থা করতে হবে। টাকা ঋণ নিয়ে তারা যাতে এই সমস্ত কাজে স্বতঃপ্রবৃত্ত হয়ে তাদের বেকারত্ব লাঘব করার জন্য এগিয়ে আসে তার ব্যবস্থা করতে হবে এবং সরকারকে এদের জন্য অত্যন্ত উদ্যোগী হতে হবে। এখানে একটা কথা আমি বলছি এগ্রিকালচারাল কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি থেকে যে সমস্ত ঋণ দেওয়া হয়েছিল, বর্তমান বছরের খরার জন্য অনেকে সেই ঋণ সম্পূর্ণভাবে পরিশোধ করতে পারেন নি। আমরা গ্রামবাংলার চাষীদের ঘরে ঘরে গিয়ে আশ্বাস দিয়ে এসেছিলাম, তাদের উপর এখন যেন কোন রকম অত্যাচার না হয়, জোর-জুলুম ক'রে তাদের টাকা যেন আদায় করা না হয়। এই প্রস্তাব আমি রাখছি যে, যারা সত্যিই খরার প্রকোপে পড়েছে, একবারে টাকা দিতে পারছে না তাদের কাছ থেকে আমরা আস্তে আস্তে কিস্তিতে কিস্তিতে টাকা আদায় যেন করি, তাদের উপর অত্যাচার যেন না করা হয়, এই ব'লে এই বিলকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীঅরবিন্দ মণ্ডলঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কর্তৃক উত্থাপিত পশ্চিমবঙ্গ কৃষি ঋণ প্রদান বিধেয়ক ১৯৭৩ বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি কিছু নিবেদন করতে চাই। আমরা রাজনৈতিক স্বাধীনতা লাভ করেছি একথা সত্য, কিন্তু স্বাধীনতার রজত জয়ন্তী বর্ষে পেঁৗছে আজও আমরা অর্থনৈতিক স্বাধীনতা লাভ করতে পারি নি। গ্রামবাংলার শতকরা প্রায় ৭৫ জন লোক কৃষির উপর নির্ভরশীল। অতীতে এই কৃষক সমাজের অর্থনৈতিক মান উন্নয়নের তেমন কোন চেষ্টা করা হয় নই। প্রচলিত নিয়মানুযায়ী কৃষকদের যে সকল ঋণ দেওয়া হয় তাতে সকল শ্রেণীর কৃষকদের পক্ষে ঋণ পাওয়া অসম্ভব। ভূমিহীন বর্গাদারদের ঋণ সংগ্রহ করার সরকারী কোন ব্যবস্থা নাই, ফলে এই সমস্ত কৃষিজীবীদের সুদী মহাজনদের শরণাপন্ন হয়ে চড়া সুদে টাকা নিতে এবং দিন দিন আর্থিক দুরবস্থার মধ্যে তারা জড়িয়ে পড়েন। পশ্চিমবাংলার জনপ্রিয় সরকার গ্রামবাংলার মানুষের অর্থনৈতিক মান উন্নয়নের জন্য কৃসির ক্ষেত্রে নানা বকম পরিকল্পনা গ্রহণ করছেন, যার দ্বারা গ্রামবাংলার বেকারী ও আধাবেকারী সমস্যার সমাধান সম্ভব।

আমরা পশ্চিমবঙ্গের অর্থনৈতিক পুনঃরুজ্জীবন ঘটানর জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং সরকার সেই দিকে লক্ষ্য রেখে এগিয়ে চলেছেন। আজকে যে বিল বিধানসভায় এসেছে, নিঃসন্দেহে তাকে প্রতিষ্ঠার পথে এটা পশ্চিমবঙ্গ সরকারের আর একটি বলিষ্ঠ পদক্ষেপ। এই আইন দ্বারা গ্রামবাংলার গরিব কৃষক ও বর্গাদারগণ সহজ উপায়ে ও সুবিধাজনক শর্তে কৃষি ঋণ পাওয়ার অধিকারী হতে পারবেন। আজ পশ্চিমবাংলার ক্ষয়িষ্ণু কৃষকসমাজ ঋণভারে জর্জরিত, হতাশাগ্রস্ত অবস্থায় দিন কাটাচ্ছে, ঠিক সেই সময় মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কর্তৃক আনিত এই বিল অত্যন্ত সময়োপযোগী হয়েছে ব'লে আমি মনে করি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করতে চাই যে, এই আইন যেন কাগজেকলমে শুধু না হয়। এই আইনের যাতে পূর্ণ সদ্ব্যবহার করা হয় সেই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বিলে ক্ষয়িষ্ণু কৃষক-সমাজের প্রভূত উন্নতিসাধনের উজ্জ্বল সম্ভাবনা রয়েছে এবং তা যথাযথভাবে প্রয়োগ হ'লে গ্রাম-বাংলার মানুষ আপনাকে এবং জনপ্রিয় সরকারকে দু' হাত তুলে 'আশীর্বাদ করবে বলে আমার স্থির বিশ্বাস। সমাজতন্ত্র প্রতিষ্ঠার ক্ষেত্রে এই বিলটা অপরিহার্য এবং এটা একটি বলিষ্ঠ পদক্ষেপ ব'লে পুনরায় এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশংকর ঘোষ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই বিলকে যে অধিকাংশ সদস্যরা সমর্থন জানিয়েছেন তার জন্য আমি তাদের কাছে কৃতজ্ঞ। আমরা নির্বাচনের আগে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে, বর্গাদারদের স্বার্থ আমরা সংরক্ষিত করব। আমরা এই বিলের মাধ্যমে আমাদের প্রতিশ্রুতিটাকে কিছুটা রক্ষা করছি। পশ্চিমবাংলার অর্থনীতিকে উন্নত করতে হ'লে আমাদের গ্রামের অর্থনীতির উন্নতি করতে হবে এবং সেখানে বর্গাদারদের স্বার্থ যদি আমরা সংরক্ষিত করতে পারি, তাদের হাতে যদি ঋণের টাকা তুলে দিতে পারি, তা হ'লে আমরা গ্রামীণ অর্থনীতির উন্নতি করতে পারব।

[6-20—6-30 p.m.]

আমাদের কৃষি উন্নতি সম্ভব নয় যদি না আমরা কৃষির আধুনিকীকরণ, বহুমুখীকরণ, নিবিড়করণ করি। এটা তখনই সম্ভব যখন আমরা ব্যাঙ্ক থেকে ঋণ আনতে পারব এবং ভূমিহীন চাষী বর্গাদারদের তা পেঁছে দিতে পারব। ব্যাঙ্ক যখন জাতীয়করণ করা হয়েছিল, তখন একটা প্রধান উদ্দেশ্য ছিল যে, সাধারণ মানুষরা ব্যাঙ্ক থেকে ঋণ পাবে। এখনও যে উদ্দেশ্যে ব্যাঙ্ক জাতীয়করণ হয়েছিল সেই উদ্দেশ্য সম্পূর্ণভাবে সার্থক হয় নি—বিশেষ ক'রে গ্রামগুলে সেই উদ্দেশ্য সার্থক হবার জন্য অনেক অন্তঃরায় ছিল। সেখানে কিছু কিছু যে আইনগত অন্তরায় ছিল, আমরা আজ তা দূর করতে চাচ্ছি যদি এই বিল আমরা পাশ করি। তিমিরবাবু এই বিলের বিরোধিতা করেছেন। এই বিলে আমরা বর্গাদারকে ব্যাঙ্ক ঋণ দেবার বন্দোবস্ত করছি। আমাদের ধরতে হবে তিনি এর বিরোধিতা করছেন। এই বিলে ভূমিহীন চাষী যাতে ঋণ পায় তার বন্দোবস্ত করেছি। আমাদের ধরা হবে তিনি এর বিরোধিতা করছেন। এই বিলে আমরা বলেছি, ঋণ পাবার জন্য বড় বড় রেজিষ্ট্রি নথিপত্র করতে হবে না, রেজিস্ট্রেশন ফি দিতে হবে না, স্ট্যাম্প ডিউটি দিতে হবে না। আমাদের ধরতে হবে তিনি এর বিরোধিতা করছেন। এই বিলে আমরা বলেছি, মহাজনদের শোষণের বিরুদ্ধে আমরা ব্যবস্থা নিচ্ছি। মহাজনদের কোন অগ্রাধিকার থাকবে না। রাষ্ট্র, সমবায় এবং এই সমস্ত জাতীয়কৃত ব্যাংক যে ধার দেবে তাদের অগ্রাধিকার থাকবে। মহাজন, জোতদার যারা তেজারতি কাজ করে এবং সমস্ত ফসল ও জমি কৃষকের নিয়ে নেয় তাদের বিরুদ্ধে আমরা ব্যবস্থা করছি। তিনি এর বিরোধিতা করেছেন। এটা আজ আমাদের বুঝতে হবে। আমরা এই বিল এনেছি যাতে বর্গাদার ঋণ পাবে। আজ আমরা বর্গাদারদের স্বার্থসংরক্ষণ করার জন্য ব্যবস্থা নিচ্ছি যাতে ব্যাপকভাবে তাদের অধিকার লিপিবদ্ধ হয়। তবে বাধা একটা আছে। কিছু কিছু বর্গাদার ভয় পাচ্ছে আমরা যদি আমাদের নাম লেখাই তবে ঋণ কোথা থেকে পাব? ঋণ দিচ্ছে জোতদার যারা জমির মালিক, সে আর তা হ'লে ঋণ দেবে না। এই অবস্থার পরিবর্তন কিভাবে করতে পারি? এই অবস্থার পরিবর্তন রাইটার্স বিল্ডিংস্ থেকে অর্ডার পাস ক'রে করতে পারব না, পুলিস কিংবা ল্যান্ড সেটেলমেন্টে নির্দেশ দিয়ে করতে পারব না। আমরা যদি বর্গাদারদের হাতে ঋণ পেঁছে দিতে পারি, তা হ'লে আর তাদের ভয় থাকবে না। এটাই প্রধান উদ্দেশ্য যে, তাদের আর কেবল জমিদার জোতদারদের মুখের দিকে চেয়ে থাকতে হবে না। তাদের একটা সাহস আসবে যে, ঋণ আমরা পাবই। সুতরাং এই বিল বর্গাদারদের সহায়ক হবে। এখানে কতকগুলি সংশোধনী প্রস্তাব এসেছে এবং বিশ্বনাথবাবু ও শ্রীমতী গীতা মুখার্জি এ বিষয়ে কিছু গঠনমূলক প্রস্তাব রেখেছেন। এই সংশোধনী প্রস্তাবগুলির মূল উদ্দেশ্য যেটা সেটা আমাদেরও উদ্দেশ্য যাতে বর্গাদারদের সুবিধা হয়। বিশ্বনাথবাবু বলেছেন, এই বিলটা কাদের জন্য? আমি আমার প্রারম্ভিক ভাষণে বলেছি, এই বিলটা হচ্ছে ছোট প্রান্তিক চাষীদের জন্য, বর্গাদারদের জন্য জমির মালিকের জন্য এই বিল নয়। জমির মালিককে ঋণ দেবার ক্ষমতা, অধিকার, সুযোগ এখনও আছে তারা জমি বন্ধক দিয়ে ব্যাঙ্কের কাছ থেকে ঋণ নিতে পারে, তাদের জন্য এই বিল নয়। এই বিল প্রধানত তাদের যাদের জমি নেই, যাদের কোন সম্পত্তি নেই। যাদের শ্রম আছে, অধ্যবসায় আছে কিন্তু মালিকানা নেই, তারা সেই শ্রমের ভিত্তিতে ব্যাঙ্কের কাছ থেকে ঋণ পাবে। সুতরাং এই বিল সাধারণ কৃষক, ছোট কৃষক, মাঝারি কৃষক, বর্গাদার, ভাগচাষীদের জন্য। এটাই সরকারের নীতি এটা পরিষ্কারভাবে ঘোষণা ক'রে দিচ্ছি। আর একটা সংশোধনী প্রস্তাব এসেছে, এই

বর্গাদারকে পরিষ্কার ক'রে বলা হোক যে, এটা কেবল রেকর্ডেড বর্গাদার নয়, আন-রেকর্ডেড বর্গাদার। এটা এই বিলের মধ্যে পরিষ্কারভাবে বলেছি যে, যখন বর্গাদারের কথা বলা হচ্ছে তখন এটা সমস্ত বর্গাদারের উপর প্রযোজ্য হচ্ছে, রেকর্ডেড এবং আন-রেকর্ডেড—প্রত্যেকের উপর। এই বিল আমরা এই উদ্দেশ্যে এনেছি এবং যখন রুল করব এবং যা কিছু অ্যাডমিনিস-স্ট্রেটিভ ডাইরেকসান দেওয়া হবে, সমস্ত এই উদ্দেশ্যে দেওয়া হবে। আমাদের মূল উদ্দেশ্য হল, সমস্ত বর্গাদার শুধু রেকর্ডেড নয়, রেকর্ডেড এবং আন-রেকর্ডেড বর্গাদার, যাতে এই বিলের আওতার ভেতরে আসে, এই বিলের সুযোগসুবিধা পায়, সেদিকে দৃষ্টি দেব। এই বিলে আমাদের রুল মেকিং-এর কতকগুলি ক্ষমতা আছে, তাতে পরিষ্কার ক'রে বলেছি—

> The State Government may, by notification in the official gazette, make rules for carrying out the purpose of the Act.

এই অ্যাক্টের উদ্দেশ্য কি, এই অ্যাক্টের প্রধান উদ্দেশ্য হচ্ছে বর্গাদারদের ঋণ দেওয়া এবং এই ঋণ দেওয়ার ক্ষেত্রে যদি কোন বাধা আসে, বিরোধ আসে, সেই বাধা বা বিরোধ নিরসনের জন্য সমস্ত রুল করব যেগুলির স্ট্যাটুটরী ফোর্স থাকবে, যেগুলি সবাই মানতে বাধ্য। অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডার তো দেবই, অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডারের স্ট্যাটুটরী ফোর্স নেই, যে সমস্ত রুলের ম্যানডেটরী ফোর্স আছে সেই সমস্ত স্ট্যাটুটরী রুল আমরা করব বর্গাদারদের ঋণ দেওয়ার ক্ষেত্রে বাধা অপসারণের জন্য। আর একটা প্রশ্ন এসেছে যেখানে বলা হচ্ছে যে, ব্যাঙ্ক ল্যান্ড রিফর্মস্ অ্যাক্টের সেকসান ১৪ (এম)এর আওতার বাইরে; এটা আমাদের করতে হচ্ছে এই কারণে এবং মাননীয় সদস্য শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় এই বিষয়ে বলেছেন, তিনিও এই কারণ সম্বন্ধে বিশেষ সচেতন, আমরা ব্যাঙ্ককে বলছি যে, ঋণ দিতে হবে, সেই ঋণ ফসল বন্ধকের ভিত্তিতে যখন দিচ্ছে, তখন ব্যাঙ্ক জমির মালিক হচ্ছে না, এই সেকসানটা সেখানে প্রযোজ্য হচ্ছে না। কিন্তু যেখানে ব্যাঙ্ক জমি বন্ধকের ভিত্তিতে ঋণ দিচ্ছে, সেখানে যদি আমরা ব্যাঙ্ককে বলি যে, ২৪ একরের বেশী জমি ব্যাঙ্ক রাখতে পারবে না তখন ব্যাঙ্ক বলবে ২৪ একর জমির যে দাম তার ভিত্তিতে ঋণ দেব। সেটা হতে পারে না। আমরা চাইছি যে হাজার হাজার লক্ষ লক্ষ মানুষকে ঋণ দেব, কোটি কোটি টাকা ঋণ দেব, সুতরাং সেখানে সিলিং দিতে পারি না। সিলিং দেওয়া মানে এই অ্যাক্টের যে প্রধান উদ্দেশ্য বেশী ক'রে ঋণ গ্রামাঞ্চলে দেওয়া যেটা পাঞ্জাব, হরিয়ানা ব্যাংক থেকে নিয়ে যাচ্ছে, আমরা যেটা পাচ্ছি না, সেই উদ্দেশ্য ব্যর্থ হবে। আমরা যদি সিলিং আরোপ না করি, ন্যাশানালাইজড ব্যাঙ্ক যদি জমির মালিক হয় এবং সেই মালিকানায় যাতে অসুবিধা সৃষ্টি না হয়, সেজন্য অ্যাক্টে নানাভাবে বন্দোবস্ত করতে হবে, কিন্তু এই অ্যাক্টের উদ্দেশ্য কার্যকর হতে পারে না যদি আমরা এই সেকসান বাদ দিয়ে দিই। এই সেকসান বাদ দেওয়ার অর্থ হচ্ছে জমি বন্ধকের ভিত্তিতে যখন ব্যাঙ্ক ঋণ দেবে তখন ২৪ একরের দামের ভিত্তিতে ঋণ দেবে, বেশী ঋণ দিতে পারে না। আমরা চাই কোটি কোটি টাকার ঋণ, আমরা সেই ঋণ পাব না যদি এই সেকসান বাদ দিয়ে দিই। আমরা বলেছি, সর্ট টার্ম লোন ১৫ মাস এবং লঙ টার্ম লোন ১৫ মাসের বেশী।

[6-30—6-40 p.m.]

সর্ট টার্ম লোন যে ১৫ মাস হতেই হবে তা নয়, ১৫ মাসের ভেতরে যা কিছু লোন সেটা হচ্ছে সর্ট টার্ম এবং তার উর্ধে হলে সেটা লং টার্ম। এই যে ১৫ মাস এটা হল ক্রপ লোন। একটার বেশী ক্রপ হতে পারে, তিনটে ক্রপ হতে পারে এবং বেশীও হতে পারে। কিন্তু এই যে ব্যবস্থা এটা কেবল টার্ম লোন যাতে ক্রপ লোনের উপর প্রাইওরিটি পায়, সেইজন্য ১৫ মাস ঠিক হয়েছে। এটা ঠিক নয় যে, কৃষকের জমি ১৫ মাসের মধ্যে চলে যাবে। এটা বলার কারণ হচ্ছে ডেভলপমেন্ট লোন, পাম্প সেট লোনটা যাতে অগ্রাধিকার পায়। ডেভলপমেন্ট লোনটা ক্রপ লোনের উপর থাকবে যাতে কৃষকের দীর্ঘকালীন কল্যাণ সাধিত হয় এবং সে যাতে ডেভলপমেন্ট লোন, টর্ম লোন বেশী পায় তার জন্য এই ব্যবস্থা। কিন্তু ক্রপ লোনের ক্ষেত্রে যে বর্গাদার আছে, যার জমিতে মালিকানা নেই সেখানে ব্যাঙ্ক যদি ফসলের ভিত্তিতে ঋণ দেয়, তা হলে ব্যাঙ্ককে ফসলের ভিত্তিতে টাকা তুলতে হবে। কিন্তু যদি অতিবৃষ্টি বা অনাবৃষ্টি বা প্লাবনের জন্য বা খরার জন্য সেই ফসল নষ্ট

হয় এবং বর্গাদারকে ব্যাঙ্ক ফসলের ঋণ দেয়, তা হলে ব্যাঙ্কের যেটা সিকিউরিটি সেটা নষ্ট হয়ে যাবে। তবে ব্যাঙ্ক সেই টাকাটা ফেরত পাবে যদি আবার তাকে আর একটা ক্রপ লোন দেয়, তা হলে পরের বছর বা পরের ফসল থেকে সেই টাকাটা উন্ধার করতে পারবে। কাজেই বাস্তব দিক থেকে, বিজনেস্ পয়েন্ট অব ভিউ থেকে দেখতে হবে। ব্যাঙ্ক যদি ফসল বন্ধকের ভিত্তিতে ধার দিয়ে থাকে এবং প্লাবন বা খরার জন্য যদি চলে যায় ক্রপ, তা হলে ব্যাঙ্ক চাষীকে হয়রানি করতে পারবে না, বিজনেস্ পয়েন্ট অব ভিউ থেকে আবার তাকে ধার দিয়ে পুরাণ যে টাকা লোকসান হয়েছে সেটা যাতে পরের ফসল থেকে পেতে পারে সেই বন্দোবস্ত করবে। আমি দেখেছি, মাননীয় সদস্যেরা আরও কতগুলি গঠনমূলক প্রস্তাব করেছেন। আমরা যখন রুল-গুলি করব তখন সমস্ত প্রস্তাব ভালভাবে বিবেচনা করব। আমি লক্ষ্য করেছি আইনের যেটা মূল উদ্দেশ্য সেটা সমস্ত কংগ্রেস সদস্য এবং সি পি আই সদস্যরা সমর্থন করেছেন। কাজেই একে যাতে বাস্তবায়িত করতে পারি তার জন্য রুল মেকিং পাওয়ার ভালভাবে প্রয়োগ করব এবং অ্যাডমিনিস্ট্রেটিভলী প্রয়োগ করব এটা আমাদের নীতি। বর্গাদারদের জন্য, প্রান্তিক কৃষক এবং ছোট কৃষকদের জন্য এই আইন আমরা এনেছি। আমি যে বিল হাউসের সামনে এনেছি তাতে সংশোধনী প্রস্তাব যেগুলি আছে তা প্রত্যাহার করে নেবেন এই আবেদন আমি রাখছি। আমাদের মূল উদ্দেশ্যে কোন সংশয় নেই এবং কংগ্রেসে এবং সি পি আই সদস্যদের মধ্যে কোন বিরোধ নেই। অর্থাৎ বর্গাদারদের স্বার্থ সংরক্ষণের জন্য যে বিল এনেছি তাতে আমরা সকলেই একমত।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and a division taken with the following result:—

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.

Noes

Abdus Sattar, Shri
Baidya, Shri Paresh.
Bapuli, Shri Satya Ranjan.
Bera, Shri Rabindra Nath.
Bharati, Shri Ananta Kumar.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Das, Shri Rajani.
De, Shri Asamanja.
Doloi, Shri Rajani Kanta.
Dolui, Shri Hari Sadhan.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Hemanta.
Ghose, Shri Sankar.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Halder, Shri Harendra Nath.
Hatui, Shri Ganesh.
Hemram, Shri Kamala Kanta.
Jana, Shri Amalesh.
Karan, Shri Rabindra Nath.
Khan, Shri Gurupada.
Khan Nasiruddin, Shri.
Mahapatra, Shri Harish Chandra.

Maiti, Shri Braja Kishore.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhakar.
Mandal, Shri Santosh Kumar.
Md. Safiullah, Shri.
Mohammad Dedar Baksh, Shri.
Mohanta, Shri Bijoy Krishna.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Biswanath.
Mukhopadhyay, Shri Mahadeb.
Murmu, Shri Rabindra Nath.
Naskar, Shri Arabinda.
Nurunnesa Sattar, Shrimati.
Panda, Shri Bhupal Chandra.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Phulmali, Shri Lalchand.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Aswini.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Ray, Shrimati Ila.
Roy, Shri Mrigendra Narayan.
Saha, Shri Dwija Pada.
Saha, Shri Radha Raman.
Singha Roy, Shri Probodh Kumar.
Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 2 and the Noes 59, the motion was lost.

The motion of Shri Sankar Ghose that the West Bengal Agricultural Credit Operations Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shrimati Geeta Mukhopadhyay: Sir, I beg to move that after clause 2(b), the following be added, namely:

"Explanation—A 'bargadar' means a person as defined by the West Bengal Land Reforms Act, 1955 (Act X of 1956) as amended in the West Bengal Land Reforms (Amendment) Act, 1972 (Act XII of 1972) whether recorded as such or not and notwithstanding any Majur-Kabuliat or document of surrender made under duress and for the purposes of this Act if any doubt arises a person found as a bargadar by the Collector on the basis of a local public enquiry made by himself or any officer in his behalf."

Shri Bhupal Chandra Panda: Sir, I beg to move that in clause 2(e), line 4, for the word "fifteen" the word "twenty" be substituted.

I also beg to move that in clause 2(i), in line 6, for the word "fifteen" the word "twenty" be substituted.

Mr. Deputy Speaker: Shrimati Mukherjee, do you want to speak on your amendment?

Shrimati Geeta Mukhopadhyay: Shri Biswanath Mukherjee will speak on our behalf.

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা তো পরিষ্কার যে, আমরা যখন সার্কুলেশন মোশানের বিরোধিতা করেছি, তখন আইনটা চাই, আরও ভাল করে চাইছি। মন্ত্রিসভার মনোভাব যে অনড়, অচল, রিজিড, এটা শুধু আজকে নয় এক বছর যাবতই লক্ষ্য করছি। সেটা আমার কাছে নূতন অভিজ্ঞতা কিছু নয়। তাতে আমি বিস্মিত হই নি। কিন্তু যে যুক্তিগুলি মাননীয় মন্ত্রিমহাশয় দিয়েছেন তা ঠিক হল না এবং এই যে অ্যামেন্ডমেন্ট সম্বন্ধে আমি বলব যে, বর্গাদারদের যখনই আইনে সুযোগ দেবেন, তখনই বর্গাদারদের উপর পাল্টা আক্রমণ হবে— এ হচ্ছে আমাদের নিষ্ঠুর অভিজ্ঞতা, এটা দীর্ঘদিনের অভিজ্ঞতা। আপনি যদি তাদের জন্য সেফগার্ড-এর ব্যবস্থা না করেন, তাদের জন্য আইন করে দিলেই তারা ভোগ করার সুযোগ পাচ্ছে না। তার মানে কি তাদের জন্য ভাবব না? নিশ্চয়ই ভাবব, তারা যাতে সুযোগ ভোগ করতে পারে তার জন্য ব্যবস্থা করে দিতে হবে। দীর্ঘদিনের অভিজ্ঞতা থেকে এটা বলতে পারি যে, আমরা চেষ্টা করে করে যে রিফর্ম করেছি, যেমনি রিফর্ম করতে গেছি, তার বিরুদ্ধে একটা অ্যাটাক-এর চেষ্টা হয়েছে। যদি সেখানে কোন সেফগার্ড-এর ব্যবস্থা না থাকে, তা হলে সেখানে বলিদান হয়। আজকের রিফর্ম সম্বন্ধেও একথা বলতে পারি। আমার সময় নাই, সময় থাকলে এটা প্রমাণ করে দিতে পারতাম।

[640----6-50 p.m.]

এই আইনে যেমন আপনি এই অধিকার দিচ্ছেন, বর্গাদারদের উপর তেমনি একটা আক্রমণ আসবে। আপনি বলছেন, বর্গাদারদের প্রোটেক্ট করছেন। সেইসঙ্গে বর্গাদার বহু উচ্ছেদ হচ্ছে, তারা ভয়ে রেকর্ড করছে, সারেণ্ডার করে দিচ্ছে, জবরদস্তি বাড়িতে ডেকে নিয়ে এসে লিখিয়ে নিচ্ছেন। আমি আপনাকে আগে পড়ে শুনিয়েছি, এখানে বলেছি কিভাবে জোর করে লিখিয়ে নিয়েছে। সেই লোক আমার কাছে এসেছে। এইসব ঘটনা ঘটছে। আজকে এই ঋণের প্রশ্ন যেমন এসেছে, তখন ভাগচাষ জমির মালিক এসে বলবে, আমি যদি এই টার্ম লোন নিয়ে নেই ল্যান্ড ডেভলপমেন্ট করবার জন্য, তখন বর্গাদারকে লোন নিয়ে ইমপ্রুভমেন্টের শেয়ার দেব কেন? হটাও ওকে। এ জিনিস আসবে। আর সেই অবস্থায়, আপনি যদি চান, বর্গাদার এই সুযোগ পাক, তা হলে তার একটা সেফগার্ড আপনাকে করতে হবে। একথা কি কখনো আপনাদের মাথায় আসে না? গত ২০।২২ বছর ধরে দেখছি যে, যখনই কোন রিফর্ম অ্যাক্ট এসেছে, একটা অধিকার বর্গাদারদের দিলাম, কিন্তু তার একটা সেফগার্ড করলাম না। সুতরাং সঙ্গে সঙ্গে তাদের উপর ভীষণ একটা অ্যাটাক আরম্ভ হল। মালিকরা গিয়ে বললো আমাদের সঙ্গে তো তোমরা থাকলে না, গভর্নমেন্ট থেকে অধিকার দিয়ে তোমাদের ডুবিয়ে দিয়েছে। সেই জন্য আমি একটা সেফগার্ড দেবার কথা বলেছি। এটা খুব পরিষ্কার যে, রুলে যদি করা যায় আন্ডার দি ল, তখন এখানে থাকলে যদি বাড়তি হয়, তাতে ক্ষতি কি ছিল? ৫ নম্বর ধারায় আপনি এক্সপ্লানেশন দিয়েছেন। সেই এক্সপ্লানেশন দেওয়ার দরকার কেন? গভর্নমেন্টকে তো বাঁচাতে হবে -

In this sub-section the word Person shall not include State Government or any Co-operative Society.

সুতরাং এই এক্সপ্লানেশন দেওয়াটা বাড়তি নয়। এখানে একটা এক্সপ্লানেশন দিলে কোন সময়েই আপনার আপত্তি থাকতে পারে না। এক্সপ্লানেশনটা বাড়তি হয়ে গেলে আইনে সেটা মেনে

নেবেন। সেকেন্ডলি আমি বলব আর একটা যে অ্যামেন্ডমেন্ট আছে জমির সীমা সম্বন্ধে, তাকে এক্জেম্পট করা। সেখানে বলছেন, ২৪ একর লিমিট হয়ে যাবে। আমি জিজ্ঞাসা করছি অর্থমন্ত্রীকে, গত কয়েক বছর ধরে ব্যাঙ্ক লোন দিচ্ছেন— ন্যাশানালাইজড হবার আগে ও ন্যাশানালাইজড হবার পরেও দিয়েছেন, তখন এই ল্যান্ড রিফর্মস অ্যাক্ট ছিল, ২৫ একর লিমিট ছিল —তাঁরা লক্ষ লক্ষ টাকা লোন দিয়েছেন, অবস্থাপন্ন জোতদারদের দিয়েছেন, ধনী চাষীদেরও লোন দিয়েছেন। কিন্তু আইনে তো একটা লিমিটেশন ছিল। আমি আপনাকে প্রমাণ করে দেব, হাজার হাজার একর জমি ব্যাঙ্কের কাছে বন্ধক আছে, যতটুকু ব্যাঙ্ক লোন দিয়েছে, অন্ততঃ কয়েক কোটি টাকা। হাজার হাজার একর জমি বন্ধক রেখে ব্যাঙ্ক ঋণ দিয়েছে। আইনে তো লিমিটেশন ছিল, ২৪ না ২৫ একর। তাতে তো অটকায় নি? আর আজকে আটকে যাবে? আপনারা গভর্নমেন্ট থেকে একটা এজেন্সি করতে পারেন যাতে ব্যাঙ্ক টাকাটা ফিরে পায়। আমরা আপনাকে বলেছি। ব্যাঙ্কের লোকসান না হয়, অথচ ব্যাঙ্কের হাতে ল্যান্ড কনসেনট্রেশন না হয়- ল্যান্ড ক্যান কাম ব্যাক টু দি পিজেন্ট। এটা করুন।

আর একটা কথা বলেছেন, ক্রপ লোন এবং টার্ম লোন-এর কথা বলেছেন ১৫ মাস। কোন্ হিসেবে? হাত দুই টেনে নিয়ে ১৫ মাসের বদলে ২০ মাস করলে এমন কি আর্বিট্রারিলি হয়ে গেল? কৃষির সঙ্গে তার কি সম্পর্ক আছে? আপনাকে ব্যাঙ্কার বলে দিয়েছেন, ১৫ মাস, আমরা ম্যাক্সিমাম ক্রপ লোন দেব, তারপর টার্ম লোন দেব। সো দে উইল ডিকটেট এভরিথিং! একটা কথা আমরা বুঝি, একটা ক্রপ লোন শোধ করতে ১০।১১ না হয় ১২ মাস লাগে। ১৫ মাসে কোত্থেকে এল? ১৫ মাস কখনো লাগে না। ইট ইজ নাইদার হিয়ার, নর দেয়ার। আমি আপনাকে অনুরোধ করেছি, একটা ক্রপ যদি ফেল করে, এখানে কেবল বর্গাদারদের কথা নয়, এখানে একটা চাষীর দু-চার-পাঁচ-সাত বিঘা জমি আছে—এই অল্প জমির মালিক, সে তার জমি বন্ধক দিতে পারে এবং জমি বন্ধক দিয়ে সে ক্রপ লোন নিয়েছে। এই ক্রপ লোন শুধু ভাগচাষী পাবে, তা তো নয়? এই ক্রপ লোন রায়তি চাষীও পাবে। এই রায়তি চাষী ক্রপ লোন নিল জমি বন্ধক দিয়ে। তারপর একটা ফসল নষ্ট হয়ে গেল, ওয়ান-ক্রপ ল্যান্ড হচ্ছে আমাদের বেশীর ভাগ, তা হলে সেকেন্ড ক্রপটা তুলে লোনটা শোধ করবার জন্য চাষীকে সুযোগ দেবেন না? যে কোন আদালত তো ইনস্টলমেন্ট করে দেন। আর ক্রপ ফেলিওর হলে তো গভর্নমেন্ট লোন আদায় এক বছর দু-বছর পোস্টপন করে। এই থেকে এত ক্ষমতা যখন তাকে দিচ্ছেন, তখন সে সবকিছু ডিকটেট করবে কেন? পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট-এর ক্ষমতা তাকে দেওয়া হচ্ছে যখন, তখন পাল্টা এইটুকু তার কাছ থেকে চাইতে পারেন না যে, তোমাকে এত সুযোগ দিলাম, তোমাকে অন্ততঃ এইটুকু সুযোগ চাষীদের দিতে হবে? চাষীদের জমি যাতে চলে না যায়, সেই সুযোগ তাকে দিতে হবে। এটা ২০ মাস করতে হবে। ১৫ মাসটা কোথা থেকে এলো? কোন্ হিসেবে এটা ঠিক হলো? এগ্রিকালচারাল প্রসেসে এই ১৫ মাসের জায়গায় ১০।১১ মাস বড় জোর হতে পারে, ১৯।২০ মাসও হতে পারে। একটা ক্রপ হতে পারে, দুটো ক্রপও হতে পারে। ওয়ান-ক্রপ ল্যান্ড যখন বেশীর ভাগ, তখন আমরা অনুরোধ করবো যে, ১৫ মাসের জায়গায় ওটা বাড়িয়ে ২০ মাস করে দেন। তাতে কি সর্বনাশ হয়ে যাচ্ছে ব্যাঙ্কের ক্যাপিট্যালিস্টদের? তাদের ১৫ মাসের জায়গায় ২০ মাস করলে কি হয়? ৫টা মাস আমি বাড়াতে বলছি, সেখানে পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট আছে, তাতে আদায় করে নেবে, সেখানে মামলা করতে হবে না, মোকর্দমা করতে হবে না, যে কোনো ক্ষমতার জোরে আদায় করে নেবে। এত ক্ষমতা থাকার পরেও ১৫ মাসের জায়গায় ২০ মাস করলে কি সর্বনাশ হয়ে গেল? ৫ মাস বাড়ালে কি সর্বনাশ হয়ে যাবে? এর ডেফিনিশানটা ঐ ১৫ মাস ক্রপ লোন ও ১৫ মাসের বেশী টার্ম লোন-এ—

Most whimsical, most arbitrary and it has nothing to do with agricultural process; it has nothing to do with the actual condition of the peasants.

সেজন্য আমি আশা করেছিলাম যে, অ্যামেন্ডমেন্ট অ্যাকসেপ্ট করবেন। না অ্যাকসেপ্ট করার কোন কারণ নেই। কিন্তু ডিটারমিন্ড যে অ্যামেন্ডমেন্ট অ্যাকসেপ্ট করবো না। একটা কমা,

সেমি কোলন, ফ্লুলস্টপ, একটা ওয়ার্ড, এক্সপ্লানেশন কোন কিছুই হাউস-এ অ্যাকসেপ্ট করবেন না। আবার এদিকে সিলেক্ট কমিটি করবো না, সেখানে আলোচনা করবেন না। অফিসারদের সঙ্গে মন্ত্রিসভা আলোচনা করে যা ঠিক করছেন তা পাস করতে হবে। কমা, সেমি কোলন, ফুলস্টপ, অবধি। সুতরাং মন্ত্রিমহাশয়ের সদিচ্ছা আছে সেজন্য তাঁকে ধন্যবাদ জানাই যে, গ্রামের কৃষকের কাছে ঋণ পৌঁছবার জন্য ব্যাঙ্ক অ্যান্ড ইনস্টিটিউশনাল ক্রেডিট পৌঁছবার জন্য আইন এনেছেন বা চেষ্টা করছেন, তার জন্য ধন্যবাদ। আমরা এ সার্কুলেশন মোশন অপোজ করছি। তার বিরুদ্ধে ভোট দিই নি। কিন্তু আমাদের অ্যামেন্ডমেন্ট অ্যাকসেপ্ট করলেন না, আমরা আইনের বিপক্ষে ভোট করবো না, অ্যাবস্টেনশন করবো না, আমরা বিলের পক্ষেই ভোট দেব। কিন্তু বিলের পক্ষে ভোট করলেও প্রতিবাদ জানিয়ে ভোট করছি যে, আপনাদের এই মনোভাব খুব আপত্তিকর। আপনারা কোন কমা, সেমি কোলন, ইত্যাদি কিছু নেবেন না। ১৫ মাসের থেকে ২০ মাসের কোন অ্যামেন্ডমেন্ট অ্যাকসেপ্ট করবেন না। সুতরাং মন্ত্রিমহাশয়কে আবার আমি অনুরোধ জানাবো ১৫ মাসের জায়গায় ২০ মাস করুন। এতে ব্যাঙ্কের কি সর্বনাশ হবে? কলেকটর একটা পাবলিক এনকোয়ারি করে এই কথা বললে কি সর্বনাশ হয়ে গেল? কিছু সর্বনাশ হবে না। সুতরাং এটা অ্যাকসেপ্ট করুন। তবে আমি আমার পার্টির পক্ষ থেকে ডিক্লেয়ার করছি যে, আমরা ভোট করছি। ভোট করছি, কারণ চাষীর কাছে লোন যায় ক্রেডিট ইনস্টিটিউশন থেকে আমরা তা চাই। সুতরাং এ অ্যামেন্ডমেন্ট অ্যাকসেপ্ট না করলেও আমরা বিলের পক্ষে ভোট দেবো। কিন্তু দুঃখের সঙ্গে ভোট করবো যে, যে অ্যামেন্ডমেন্ট বিলটাকে ইমপ্রুভ করতে পারতেন সেই অ্যামেন্ডমেন্টকে কোন পাত্তা দিলেন না, আমল দিলেন না, যেহেতু আপনারা আনেন নি।

শ্রীআবদুস সাত্তারঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সভ্য বিশ্বনাথবাবু যে অ্যামেন্ডমেন্টের জন্য দ্বিতীয়বার বক্তব্য রেখেছেন তাতে মোটামুটি তিনি বর্গাদারদের ইন্টারেস্ট তুলে ধরবার চেষ্টা করেছেন বা তাঁর বক্তব্যের মাধ্যমে সেই কথাই রেখেছেন। আসলে সে স্বার্থ-রক্ষা হবে কি হবে না সেটা দেখছেন না। বর্গাদারদের ডেফিনিশানটা ল্যান্ড রিফর্মস অ্যাক্ট-এ আছে—সেটা আমি দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে রেকর্ডেড বা আনরেকর্ডেড প্রশ্ন আসে না। আমি অ্যামেন্ডমেন্টা পড়ে শোনাচ্ছি। সেখানে বলা আছে—

> If any doubt arises a person found as a bargadar by the Collector on the basis of local public enquiry made by himself or any officer in his behalf.

এই প্রসেস যদি নেওয়া যায়, তা হলে এই সর্ট টার্ম লোন, ক্রপ লোন—এসব লোন জীবনে এনকোয়ারীর স্বপক্ষে থেকে যাবে, সে আর লোন পাবে না—উনি যে প্রসিডিওর অ্যাডপ্ট করতে বলেছেন, একথা উনি বর্গাদারদের স্বার্থে বলেন নি। এই যে অ্যামেন্ডমেন্ট এনেছেন—এতে মনে হয় বর্গাদারদের স্বার্থ বিঘ্নিত হবে। কখনও বর্গাদারের ডাউট হলে এনকোয়ারীতে পাঠাবেন তার-পর তাতে দিন চলবে তা ঠিক হবে না। সেজন্য যে অ্যামেন্ডমেন্ট এনেছেন ইট ইজ নট ইন দি ইন্টারেস্ট অব বর্গাদার। যা বলেছেন, না দিলে বর্গাদারদের এনকোয়ারী হবে—এই যা বলা হচ্ছে যে প্রসিডিওরের কথা, সে প্রসিডিওরেই ক্ষতি হবে। এনকোয়ারী অনেকদিন প্রলং করবে। যেখান থেকেই লোন নেওয়া হোক না কেন তারা একটা গ্যারান্টি চেয়ে থাকে। আপনি যদি বলেন, ক্রপ লোন বা গ্রুপ লোনে কোন গ্যারান্টি হবে না, তা হলে আলাদা কথা। মহাজনদের হাত থেকে চাষীদের বাঁচাবার এই রাস্তা, এ ছাড়া আর কোন রাস্তা নেই। মহাজনরা দুশো টাকা দেওয়ার পর হাজার টাকার কবলা করে নেয়। যাদের জমি নেই তাদের লোন দিতে যাবে না মহাজনরা। যাদের জমি নেই তাদের লোন দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। আপনি যেটা চাইছেন সেটা আসলে হবে না, বক্তৃতার মধ্যে হবে। দু নম্বর ক্লজের ৯ নম্বর যেটা অমিট করতে বলেছেন সেটা অবাস্তব বলেছেন।

[6-50—7-00 p.m.]

মিঃ ডেপুটি স্পীকারঃ উনি ওটা মুভ করেন নি।

শ্রীআবদুস সাত্তার: উই হ্যাভ নট মুভড ইট। যেটা বর্গাদারদের নিয়ে বললেন, সেটা বর্গাদারদের স্বার্থ রক্ষা করবে না, বক্তৃতার মাধ্যমেই বলছেন। এতে বর্গাদারদের ক্ষতি হবে, হয়রানি হবে। যাতে বর্গাদারদের স্বার্থ রক্ষা হয় সেদিকে লক্ষ্য রেখে এই বিলটা আনা হয়েছে। বর্গাদার, প্রান্তিক চাষী, ছোট চাষী লোন পাবে। আর ১৫ মাসের কথা যেটা বললেন, সেটার সম্বন্ধে বলবো এক বছরে দুটো ক্রপ উঠতে খুব জোর ৯ মাস লাগে। সঙ্গে সঙ্গে যদি না নেওয়া হয়, তা হলে লোন চাষীদের ঘাড়ে চেপে বসবে। সেটা ১৫ মাস থেকে ২০ মাস করে কি উদ্ধার করতে চাইছেন বুঝতে পারছি না। আপনি যদি বলেন, ব্যাংক লোন দেবে, শোধ করতে হবে না, তা হলে অন্য কথা। তা হলে তারা একবারই লোন দেবে, দ্বিতীয় বাবে দেবে না। লোন যখন ব্যাংক দেবে, দেখতে হবে যাতে চাষীরা ফেরত দিতে পারে তার ব্যবস্থা করতে হবে। ফসল ওঠার সংগে সংগে যদি তারা শোধ না দিতে পারে, তা হলে তাদের ক্ষতি হবে, তাদের ঘাড়ে এই লোন চেপে বসবে। আর যদি একবার লোন নিয়ে না দেয়, তা হলে ব্যাংক আর লোন দেবে না। ক্রপের উপর লোন যখন, তখন ক্রপ উঠলে এটা শোধ দেওয়া সম্ভব। ২০ মাস হলে তার পক্ষে অসুবিধা হবে। এটা চাষীদের স্বার্থরক্ষার জন্য করা হয়েছে। যে বক্তৃতা রেখেছেন, চিৎকার করে দু হাত তুলে তাতে চাষীদের স্বার্থ রক্ষিত হবে না, বিঘ্নিত হবে —এই আমার বক্তব্য।

শ্রীশংকর ঘোষ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ বিষয়ে অনেক আলোচনা হয়ে গেছে। যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তাতে বিশ্বনাথবাবু বললেন যে কমা, সেমি কোলন, ফুলস্টপ পর্যন্ত গ্রহণ করছি না। কিন্তু যে সংশোধনী ওঁরা এনেছেন যে, ২৪ একরের বেশী ব্যাঙ্ক রাখতে পারবে না কিংবা ১৫ মাসের জায়গায় ২০ মাস করা হোক—এই সমস্ত জিনিসগুলি করলে বিলের যে মূল উদ্দেশ্য সেটি ব্যাহত হবে। তাই আমি ঐ সংশোধনীগুলি গ্রহণ করতে পারছি না।

The motion of Shrimati Geeta Mukhopadhyay that after clause 2(b) the following be added, namely:—

> "Explanation—A 'bargadar' means a person as defined by the West Bengal Land Reforms Act, 1955 (Act X of 1956) as amended in the West Bengal Land Reforms (Amendment) Act, 1972 (Act XII of 1972) whether recorded as such or not and nothwithstanding any Majur-Kabuliat or document of surrender made under duress and for the purposes of this Act if any doubt arises a person found as a bargadars by the Collector on the basis of a local public enquiry made by himself or any officer in his behalf.",

was then put and lost.

The motion of Shri Bhupal Chandra Panda that in clause 2(e), line 4, for the word "fifteen" the word "twenty" be substituted, was then put and lost.

The motion of Shri Bhupal Chandra Panda that in clause 2(i), in line 6, for the word "fifteen" the word "twenty" be substituted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 3 to 8

The question that clauses 3, 4, 5, 6, 7 and 8 do stand part of the Bill was then put and agreed to.

Clause 9

Mr. Deputy Speaker: There is one amendment by Shri Bhupal Chandra Panda. This amendment is out of order. However, the honourable Member may speak on this amendment.

শ্রীভূপালচন্দ্র পাণ্ডা: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর আগে বিস্তৃত আলোচনা হয়ে গেছে। এর পর আর বেশী কিছু বলতে চাই না।

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

Clause 10 and the Preamble

The question that clause 10 and the Preamble to stand part of the Bill was then put and agreed to.

Shri Sankar Ghose: Mr. Deputy Speaker, Sir, I beg to move that the West Bengal Agricultural Credit Operations Bill, 1972, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7 p.m. till 1 p.m. on Friday, the 6th April, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 6th April, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 13 Ministers, 6 Ministers of State, 2 Deputy Ministers and 124 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take oath.)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

ফেরি সার্ভিস

*৯৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৪।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের কোন্ কোন্ নদীতে ফেরি সার্ভিস চালু আছে;

(খ) উক্ত সারভিসে গত দুই বৎসরের কোন্ বৎসরে কত টাকা আয় এবং ব্যয় হইয়াছে;

(গ) ফেরি সার্ভিসের উন্নতির জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) কলিকাতা ডায়মন্ড হারবার এবং ডায়মন্ড হারবার-হলদিয়ার মধ্যে ফেরি সার্ভিস চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীভোলানাথ সেনঃ (ক) বঙ্গীয় ফেরিআইনের ৬ ধারা অনুযায়ী ঘোষিত নিম্নোক্ত ১৬টি ফেরি সরকারী নিয়ন্ত্রণে ইজারাদারগণ পরিচালনা করেনঃ--

মালদহ জেলা

(১) গঙ্গা নদীর উপরিস্থিত মাণিকচক (মালদা—রাজমহল সাঁওতাল পরগনা, বিহার) ফেরি।

(২) ভাগীরথী নদীর উপরিস্থিত ধুলিয়ান খেজুরিয়াঘাট ফেরি।

(৩) মহানন্দা নদীর উপরিস্থিত আলালঘাট ফেরি।

(৪) ভাগীরথী নদীর উপরিস্থিত ধুলিয়ান দেওনাপুর ফেরি।

(৫) ভাগীরথী নদীর উপরিস্থিত খেজুরিয়া ফারাক্কা ফেরি।

মুর্শিদাবাদ জেলা

(৬) বহরমপুর জলঙ্গী সড়কে গোবরনা নদীর উপর বালিরঘাট ফেরি।

বর্ধমান জেলা

(৭) দামোদর নদের উপরিস্থিত বর্ধমান শহরের সন্নিকটবর্তী সদরঘাট ফেরি।

বাঁকুড়া জেলা

(৮) দামোদর নদের উপরিস্থিত মেঝিয়া ফেরি।

মেদিনীপুর জেলা

(৯) রসুলপুর নদীর উপরিস্থিত ফেরি।

(১০) হলদি নদীর উপরিস্থিত নরঘাট ফেরি।

২৪-পরগণা জেলা

(১১) ইছামতী নদীর উপরিস্থিত হাসনাবাদ ফেরি।

(১২) কথাকলি (গৌরেশ্বর) নদীর উপরিস্থিত বরুণহাট ফেরি।

কুচবিহার জেলা

(১৩) লোহাগণী নদীর ঘাট ও শালবারীঘাট ফেরি।

(১৪) হাঁস-খাওয়া নদীর ফেরি।

(১৫) তিস্তা নদীর সদরঘাট ফেরি।

(১৬) মানসাই নদীর উপরিস্থিত ডুগডুগিরঘাট ফেরি।

(খ) ১৯৭০-৭১ ও ১৯৭১-৭২ আর্থিক বৎসরে যথাক্রমে আয় হইয়াছিল চার লক্ষ আটাশ হাজার দুই শত ষোল টাকা ও তিন লক্ষ ছয় হাজার সাত শত ত্রিশ টাকা। উক্ত দুই বৎসরে ব্যয় হইয়াছিল যথাক্রমে তিন লক্ষ তেত্রিশ হাজার তেতাল্লিশ টাকা ও দুই লক্ষ সাঁইত্রিশ হাজার দুই শত সাতাত্তর টাকা।

(গ) প্রয়োজনবোধে বংগীয় ফেরি আইন অনুসারে যথাযথ ব্যবস্থা করা হইয়া থাকে।

(ঘ) হলদিয়া শিল্পনগরীকে ডায়মন্ডহারবার হইয়া কলিকাতার সংগে যুক্ত করিবার জন্য একটি এক্সপ্রেস প্যাসেঞ্জার রিভার সার্ভিস চালু করিবার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ হলদিয়া ডায়মন্ডহারবার হয়ে কলকাতা পর্যন্ত এই ফেরি সার্ভিস কবে নাগাত চালু হবে সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীভোলানাথ সেনঃ এটার সঠিক তারিখ বলা যাচ্ছে না। তবে এটা চিন্তা করা হচ্ছে এবং যখন হবে সেটা জানানো যাবে।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মুর্শিদাবাদ জেলার বহরমপুর জলংগী রোডের উপর বালিরঘাট পন্টুন ব্রীজ কোলাপসড হয়ে গেছে, সেই ব্রীজ উন্নয়নের জন্য কি কি কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এ পর্যন্ত সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীভোলানাথ সেনঃ এটার সংগে ফেরির কি সম্পর্ক আছে, আমি বুঝতে পারলাম না। ব্রীজের কথা তো সেদিন বলেছি, এটা তো ফেরির ব্যাপার।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ আপনি (খ) প্রশ্নের উত্তরে আয়-ব্যয়ের হিসাব দিয়েছেন। এই ধালিরঘাট পণ্টুন ব্রীজে গত দু বছরে কত আয় এবং ব্যয় হয়েছিল, সেটা কি মন্ত্রিমহাশয় জানাবেন?

শ্রীভোলানাথ সেনঃ সেই স্পেসিফায়েড ফিগার নেই। এ সম্বন্ধে যদি আলাদা প্রশ্ন করেন, আমি ডিটেলস্ জবাব দিয়ে দেব। এখানে টোট্যাল ফিগার সম্পর্কে কোশ্চেনটা ছিল, কোন্ ফেরিতে কত টাকা আয় হয়, কত ব্যয় হয় সে প্রশ্ন ছিল না। তবে সেটা বিরাট তালিকার ব্যাপার, আপনি যদি চান দিতে পারি।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ৪ লক্ষ ২৮ হাজার ও আর একটাতে ৩ লক্ষ ৬ হাজার টাকার মত আয় হয় এবং ৩ লক্ষ ৩৩ হাজার ও ২ লক্ষ ৩৭ হাজার টাকার মত ব্যয় হয়। আমার জিজ্ঞাসা, মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কি কি বিষয়ের জন্য ব্যয় করতে হয়?

শ্রীভোলানাথ সেনঃ নানান কারণের জন্য ব্যয় করতে হয়। ফেরি অ্যাক্ট অনুসারে বা রুলস্ অনুসারে নানান রকম ব্যাপারে ব্যয় করতে হয়। যেমন রাস্তা করতে হয়, নৌকার ব্যবস্থা করতে হয়, যন্ত্রপাতি দিতে হয় ইত্যাদি। একটা পার্টিকুলার ব্যয় বলে কিছু নেই।

Bengal Regiment

***960.** (Admitted question No. *1644.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Home (Defence) Department be pleased to state—

(a) whether the State Government has recently sent any recommendations to the Union Government for the formation of a Bengal Regiment in the Indian Army; and

(b) if so, whether the Union Government has communicated its views in the matter?

Minister of State Home Defence : (a) No ; (b) Does not arise.

শ্রীরজনীকান্ত দলুইঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে, বেঙ্গল রেজিমেন্ট সম্বন্ধে কোন রকম প্রোপজাল আমাদের পশ্চিমবঙ্গ সরকার রেকমেন্ড করেন নি। বিভিন্ন রাজ্যে যে রকম রেজিমেন্ট রয়েছে শিখ, জাঠ, গুর্খা রেজিমেন্ট ইত্যাদি, সেই রকম বেঙ্গল রেজিমেন্ট একটা হোক, এটা পশ্চিমবঙ্গের মানুষের একটা বিরাট প্রত্যাশা। এই প্রত্যাশা যুক্তিসঙ্গত কিনা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রেজিমেন্ট সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার রেকমেন্ড করেন নি বলে মাননীয় সদস্য যা বলছেন সেটা ঠিক নয়। এটা আমাদের অনেক দিনের দাবি এবং এ নিয়ে দু বার আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে যোগাযোগ করেছিলম। আমরা প্রথমবার ১৯৫৫ সালে যখন সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে এ নিয়ে যোগাযোগ করি তখন তাঁরা আমাদের সেই দাবি নাকচ করে দেন। তাঁরা যুক্তি দেখান যে, শিখ, গুর্খা ইত্যাদি রেজিমেন্ট এগুলি ব্রিটিশ আমল থেকে চলে আসছে। স্বাধীনতা পাবার পর আমরা পলিসি চেঞ্জ করে রিজিওনাল রেজিমেন্ট আর করছি না, সেটাকে ব্রড বেসড করার স্কীম আমরা নিয়েছি। সব জায়গা থেকেই নেওয়া হচ্ছে, তা সত্ত্বেও ১৯৬২ সালে আবার পশ্চিমবঙ্গ সরকর সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে এ সম্বন্ধে অনুরোধ করেন। সেবারও সেন্ট্রাল গভর্নমেন্ট সে দাবি নাকচ করে দেবার জন্য আমরা ফারদার আর প্রসিড করি নি।

শ্রীরজনীকান্ত দলুইঃ তা হলে যে সমস্ত শিখ, গুর্খা, জাঠ ইত্যাদি রেজিমেন্ট রয়েছে সেগুলি তুলে দেবার কোন পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের আছে কিনা সে সম্পর্কে কোন খবর মন্ত্রিমহাশয় জানেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ এ বিষয়ে আমাদের কিছু বলবার নেই, এটা সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার, তাঁরাই বলতে পারেন।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এটা কি তাঁর পক্ষে বলা সম্ভব যে, বর্তমানে সৈন্যবাহিনীতে কত বাঙ্গালী কাজ করেন?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ নোটিশ চাই।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ অতীতে বাঙ্গালীরা সৈন্যবাহিনীতে যেতে চাইতেন না, কিন্তু বর্তমানে বাঙ্গালীরা সৈন্যবাহিনীতে যাচ্ছেন বা চাকুরি নিচ্ছেন এটা ঠিক কিনা?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ হ্যাঁ, এটা সত্য। বর্তমানে বাঙ্গালীরা সৈন্যবাহিনীতে যাচ্ছেন এবং তাঁদের নেওয়া হচ্ছে।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ তা যদি হয়, তা হলে পশ্চিমবঙ্গ সরকার পুনরায়—দরকার হলে বিধান-সভা থেকে সিদ্ধান্ত করে, কেন কেন্দ্রীয় সরকারকে বলবেন না, বাঙ্গালী রেজিমেন্ট খোলা হোক?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ কেন্দ্রীয় সরকার আমাদের জানিয়েছেন যে, নতুন করে রিজিওনাল রেজিমেন্ট খোলা হচ্ছে না। ব্রিটিশ অমলে তাঁরা যা করে গিয়েছেন, সেগুলি আস্তে আস্তে আমরা ব্রড বেসড করার চেষ্টা করছি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলা রক্ষার জন্য যে সমস্ত সি আর পি রয়েছেন এবং তাদের জন্য যে খরচ হচ্ছে সেই খরচে আজকে আমরা যদি বাঙ্গালী রেজিমেন্ট করি, তা হলে বুদ্ধিমান, শিক্ষিত বাঙ্গালী ছেলেদের চাকুরি হতে পারে। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই দৃষ্টিভঙ্গীর কথা কি কেন্দ্রীয় সরকারকে জানানো হয়েছিল?

[1-10—1-20 p.m.]

ডাঃ মহম্মদ ফজলে হকঃ আমি আগেই বলেছি যে, সি আর পি হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার। আমরা এটা নিয়ে দু-বার সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে মুভ করেছিলাম। একবার ১৯৫৫ সালে আর একবার ১৯৬২ সালে, কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্ট কোন বারই আমাদের সঙ্গে এগ্রি করেন নি বা একমত হন নি। সেজন্য এটা নিয়ে ফার্দার পারসু করা হয় নি এবং আমরাও ফার্দার কিছু করি নি। কিন্তু আমরা নিশ্চয়ই চাই, বাঙ্গালী ছেলে যারা বেকার আছে, এই রকম রেজিমেন্ট না পাওয়া গেলে নূতন করে পুলিস ফোর্স বাড়িয়ে কিছু করতে পারি কিনা, কিন্তু সেটা করতে গেলেও আমাদের সেন্ট্রালের পারমিশান দরকার। কোন রেজিমেন্ট করার ক্ষমতা আমাদের নেই। সেন্ট্রাল গভর্নমেন্টের পারমিশান না হলে কিছু করা যাবে না।

শ্রীরজনীকান্ত দলুইঃ মাননীয় মন্ত্রিমহাশয়, পশ্চিমবাংলার মানুষের যে আশা-আকাঙ্ক্ষা, পশ্চিমবাংলার যুব সমাজের মধ্যে নূতনভাবে প্রেরণা দেবার জন্য আমরা দেখেছি যে, পশ্চিম-বাংলায় নকশাল আন্দোলন হয়েছে এবং খবরের কাগজে দেখেছি বিভিন্ন আন্দোলন হচ্ছে এবং এই যুবকরা বিভিন্ন পথে, বিভ্রান্তিকর পথে চলে যাচ্ছে। সেই যুবকদের নূতন প্রেরণা দেবার জন্য নূতনভাবে কোন রেকমেন্ডেশানের জন্য কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করা হবে কিনা সেই বিষয় জানাবেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ এই রকম কোন প্রস্তাব আমাদের নেই।

বিধানসভা-কেন্দ্র-ভিত্তিক হোমগার্ড নিয়োগ

*৯৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৪।) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি প্রতিটি বিধানসভাকেন্দ্রের জন্য কুড়ি জন হোমগার্ড নিয়োগ করা হয়েছে;

(খ) সত্য হলে, কিসের ভিত্তিতে এবং কিভাবে ঐ হোমগার্ড নিয়োগ করা হয়েছে;

(গ) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদের ভগবানগোলা থানায় হোমগার্ডদের নিয়োগ বন্ধ আছে; এবং

(ঘ) সত্য হলে, এর কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করেছেন?

শ্রীমহম্মদ দেদার বক্সঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, মুর্শিদাবাদ জেলায় হোম-গার্ডের সংখ্যা কত?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ মোট সংখ্যা ৩ হাজার ৮ শত ৩৫ জন।

শ্রীমহম্মদ দেদার বক্সঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে চারিদিকে চুরি, ডাকাতি হচ্ছে, কালকেও আমি মেনসান করেছি, এর পরিপ্রেক্ষিতে সাময়িক ভাবে হোমগার্ড নিয়োগ করার কথা আপনি চিন্তা করছেন কিনা?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ না, এই রকম কোন চিন্তা এখন করছি না।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে হোমগার্ড-এর কম্যান্ড্যান্ট নিয়োগ করা হয় তাদের বয়সের পরিমাণ কত? অর্থাৎ কত বয়স হলে নেওয়া হয়?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ এটা থেকে এ প্রশ্ন আসে না।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন মুর্শিদাবাদ জেলায় হোম-গার্ডে-এর কম্যান্ড্যান্ট যিনি আছেন তার কোমর বেঁকে গেছে। তিনি কুঁজো হয়ে গেছেন। কাজেই তাকে বদলিয়ে একজন নূতন হোমগার্ড-এর কম্যান্ড্যান্ট দেবার ব্যবস্থা করবেন কিনা?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ এই থেকে কোন প্রশ্ন ওঠে না। তবে আপনি অভিযোগ করলেন, আমাকে নোটিস দিলে আমি ব্যবস্থা করবো।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয়, ইনি একেবারে বৃদ্ধ। বয়স ৬২।৬৪ বছর হবে, 'মাজা কুঁজো হয়ে গেছে'। তাকে বদলি ক'রে একজন হোমগার্ড নূতন কোন ইয়ং ম্যানকে বসাবেন কিনা, বলবেন কি?

(নো রিপ্লাই)

শ্রীনরেশচন্দ্র চাকীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, সব জায়গায় এই ঠিকা শ্রমিক প্রথায় বিরুদ্ধে। এই পুলিস দপ্তরে এই ঠিকা প্রথায় হোমগার্ড, বা বি এন ভি এফ-এর নামে হাজার হাজার লোককে টাকা দেওয়া হয়। তার ফলে এদের কম আয় হয় বলে এরা অনেক সময় ডাকাত ধরতে গিয়ে ডাকাতের সঙ্গে চুক্তি করে; কারণ এদের কম আয় ব'লে। কাজেই এই হোমগার্ড বা বি এন ভি এফ—এদের ঠিকা প্রথায় না খাটিয়ে পুলিস বিভাগে নিয়মিত ক'রে নেওয়া হবে কিনা?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ আমি তো বলেছি এই হোমগার্ড-এ বি এন ভি এফ এগুলি হচ্ছে ভলন্টারি সার্ভিস। এদের যখন দরকার হয়, তখন টাইম টু টাইম এদের পুলিস বিভাগে নেওয়া হয়। আমরা যখন পুলিস ফোর্স-এ নূতন কনস্টেবল রিক্রুট করি, তখন এদের প্রথম প্রেফারেন্স দেওয়া হয়, এবং হোমগার্ড-এ বি এন ভি এফ-এর ট্রেনিং যাদের নেওয়া থাকে তাদের ফার্স্ট প্রেফারেন্স দেওয়া হয়।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, কি পরিপ্রেক্ষিতে এবং কেন এদের নেওয়া হয় বা নিয়োগ করা হয়?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের যখন কোন জেলায় আইন-শৃঙ্খলার প্রশ্ন এসে পড়ে, অন্য কোন কর্ডনিং-এর প্রশ্ন আসে, তখন সরকার যেমন যেমন প্রয়োজন মনে করেন টাইম টু টাইম তাদের টেম্পোরারি বেসিসে নেওয়া হয়, আবার যখন সেটা ফুরিয়ে যায়, তখন তাদের ছেড়ে দেওয়া হয়।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে পরিমাণ পুলিস পশ্চিমবঙ্গে দরকার সেই পরিমাণ পুলিস না থাকাতে ঠিকা প্রথার ভিত্তিতে বি এন ভি এফ বা হোমগার্ড তৈরি করার খবরটা কি ঠিক?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ পুলিস যে পরিমাণ আমাদের দরকার সেই পরিমাণ নেই, এটা ঠিক। কিন্তু সেজন্য হোমগার্ড বা বি এন ভি এফ তৈরি করা হয় এটা ঠিক নয়। হোমগার্ড, এন ভি এফ স্বর্গত বিধানচন্দ্র রায় এটা করেছিলেন এবং একটা মহৎ উদ্দেশ্য নিয়েই করেছিলেন ভলান্টিয়ারি সার্ভিস-এর জন্য। কিন্তু এখন আইন-শৃঙ্খলার প্রব্লেম বেড়ে গেছে এবং পুলিসের সংখ্যা কম ব'লে প্রয়োজনে এটাকে ব্যবহার করছি।

রাণাঘাট-কৃষ্ণনগর রাস্তা

*৯৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫৪।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার রাণাঘাট-কৃষ্ণনগর (৩৪নং স্টেট হাইওয়ে) রাস্তা (ভায়া বীরনগর-তাহেরপুর-বাদকুল্লা) বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) এই রাস্তার নির্মাণকার্য কোন্ সময় হইতে চলিতেছে; এবং

(গ) কবে নাগাত এই রাস্তার নির্মাণকার্য সমাপ্ত হইবে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নির্মাণ কার্য চলিতেছে।

(খ) ১৯৬৬ সাল হইতে।

(গ) ১৯৭৫ সালের মধ্যে সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ আমরা এখানে দেখতে পাচ্ছি যে, ১৯৬৩ সালে শুরু হয়েছে, এই ন্যাশনাল হাইওয়ে থার্টিফোর ডাইভারশনের দৈর্ঘ্য কত?

শ্রীভোলানাথ সেনঃ এই দৈর্ঘ্য ১৫·৫ মাইল, এটা ন্যাশনাল হাইওয়ে হবে এবং সেকেন্ড মাইল যেখানে কমপ্লিট হয়েছে তারপর থার্ড মাইল, ফিপ্‌থ মাইল, সেভেন্থ মাইল, এইটথ মাইল, থার্টিন্থ মাইল? তাতে টোটাল ৬·৩৭ মাইলস্ একেবারে কমপ্লিট হয়ে গেছে। তারপর ঝামা স্টেজে কমপ্লিট হয়েছে থার্ড মাইল, ফিপ্‌থ মাইল, সেভেন্থ মাইল, নাইন্থ মাইল, ইলেভেন্থ মাইল, তার টোটাল হল ৫·০৫ মাইলস্—ঝামা স্টেজ কমপ্লিট হয়েছে, অলমোস্ট কমপ্লিট হয়েছে। আর স্টোন কনসেন্ট্রেশন স্টেজ, তার টোটাল হচ্ছে এক মাইল। আর্থ ওয়ার্ক হয়েছে ফোর্থ মাইল, ফিপ্‌থ মাইল, সেভেন্থ মাইল এবং তার টোটাল ১·২৫ মাইলস্ কমপ্লিট হয়েছে। তারপর অন্যান্য পজিশন আছে যেমন ফার্স্ট টু ফোর্থ মাইল ব্ল্যাক টার স্টেজে আছে। ইলেভেন্থ টু ফোর্টিন্থ মাইল ঝামা স্টেজ চলছে। আর ফোর্টিন্থ, ফিফটিন্থ, সিক্সটিন্থ মাইল এখনও পজেশন পাওয়া যায় নি, কারণ হাইকোর্টে ইনজাংশন হয়ে রয়েছে। ঐ পজেশন না পাওয়া গেলে এইগুলো করা যাচ্ছে না, সেই জন্য মাঝে মাঝে কাজ বন্ধ আছে, এই গুলো কমপ্লিট করা যাচ্ছে না। কারণ অ্যাপ্রোচ রোড, ব্রিজ কালভার্ট করা যাচ্ছে না। টোটাল এস্টিমেটেড অ্যামাউন্ট বি স্টেজে হচ্ছে ১৯ লাখ ৮০ হাজার ৭৫০ এবং আর একটা এস্টিমেট

অনুসারে ১২ লাখ ৪০ হাজার—এট হচ্ছে সি স্টেজ, এইগুলো স্যাংশন ক'রে পাঠানো হয়েছে। আসলে যেটা দেখা যাচ্ছে, অনেক জায়গায় কাজ হচ্ছে এবং কমপ্লিটও হয়েছে, কিন্তু অনেক জায়গায় কমপ্লিট হচ্ছে না পজেশন না পাবার জন্য, যেগুলো হাইকোর্টের ইনজাংশান হয়ে রয়েছে।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ এই গুরুত্বপূর্ণ রাস্তা, ন্যাশনাল হাইওয়ে থার্টিফোর ডাইভার্সন, এর ১৫ মাইল মাত্র রাস্তা রানাঘাট থেকে কৃষ্ণনগর জেলা শহর পর্যন্ত যেটা হবে, তা হ'লে আমরা কি এটা ধ'রে নেব যে, আপনাদের পূর্ত দপ্তরের অগ্রগতির এটাই ধারক এবং বাহক?

শ্রীভোলানাথ সেনঃ এটা কোন গ্রামের রাস্তা নয়, এটা ন্যাশনাল হাইওয়ে, আপনারা যদি ম্যাপ দেখেন, তা হ'লে দেখবেন যে, নর্থবেংগলের দিকটা অর্থাৎ উপরের দিকটা কমপ্লিট হয়ে গেছে, নিচের দিকটা কমপ্লিট হয় নি। বর্ধমান থেকে যেখানে আরম্ভ হ'ল, সেখান থেকে কিছু কিছু জায়গায় যেখানে জমি পাওয়া গেছে, সেইসব জায়গায় কাজ হয়েছে, আর যেসব জায়গায় জমি পাওয়া যায় নি সেইসব জায়গায় এখনও কাজ বাকি আছে। যেসব জায়গায় মিউচুয়ালি হয়েছে সেইসব জায়গায় কাজ হয়েছে। ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট অনুযায়ী সেই জমি নিতে গেলে কয়েক বছর লেগে যায়। এটা সকলেই জানেন যে, মিউচ্যুয়ালি যারা জমি দিচ্ছেন তাদের রাস্তা আগে হয়ে যাচ্ছে যারা জমি মিউচুয়ালি দিতে পারছেন না, তাদের রাস্তা হচ্ছে না। এটা সেন্ট্রাল গভর্নমেন্টের রাস্তা, সেন্ট্রাল গভর্নমেন্টের রাস্তার স্পেসিফিকেশনে কারিগরি কাজ অনেক বেশি। পরীক্ষা-নিরীক্ষা অনেক করতে হয়, সেইজন্য এই জাতীয় রাস্তা

[1-20—1-30 p.m.]

করতে একটু সময় লাগে। তবে ১৯৬৬ থেকে ১৯৭২ এই ৬ বছরে যা প্রগ্রেস হয়েছে, তাতে আরো বেশি হওয়া উচিত ছিল, কিন্তু পজেশান পাওয়া যায় নি ব'লে তাড়াতাড়ি হয় নি।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ আমি নিজে সরেজমিনে এই রাস্তাটার তদন্ত করেছিলাম, এনকোয়ারী করেছিলাম, আমি দেখেছি, যেসব জায়গা ডিপার্টমেন্টের দখলে আছে সেইসব জায়গায়ও সন্তোষজনক কাজ হয় নি, অত্যন্ত গড়িমসি ক'রে কাজ এগুচ্ছে। আপনারা পজেশান পেয়েছেন এই রকম ৮/১০টি জায়গা তো আছে, সেইসব জায়গায় কেন কাজ আরম্ভ হয় নি, সেই জন্য ইনজাংশনের জন্য যে কাজের দেরি হচ্ছে এই বক্তব্যর সংগে আমি একমত হতে পারলাম না। আমি তাই জানতে চাইছি যে, সেইসব জায়গার কাজ কমপ্লিট করতে কতদিন লাগবে?

শ্রীভোলানাথ সেনঃ ১৯৭৫ সালের মধ্যে কাজ শেষ হবে আশা করছি।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ তা হলে মন্ত্রিমহাশয়ের দুটো কথার মধ্যে মিল হচ্ছে না, উনি বললেন যে, হাইকোর্টের ইনজাংশানের জন্য করতে পারছি না, আবার তিনি বলছেন যে জায়গাগুলি দখলে এসেছে সেগুলির কাজ ১৯৭৫ সালে শেষ হবে- তা হ'লে দুটো সেল্ফ কনট্রাডিকটোরী হয়ে গেল। হাইকোর্টের ইনজাংশানের জন্য কাজ হচ্ছে না, এই খবর ঠিক নয়, এটা কি আপনি স্বীকার করছেন?

শ্রীভোলানাথ সেনঃ আমি যেটা বলেছি, সেটা আপনি ঠিক বুঝতে পারেন নি, আমি বলেছি যে, দেরি হচ্ছে জমি পাওয়ার জন্য। জমি যেমন যেমন পাওয়া গিয়েছে, তেমন তেমন কাজ আরম্ভ হয়েছে। তারপর হাইকোর্টের ইনজাংশানটা আছে এবং যে সমস্ত জায়গায় নেই, এই রকম ১৪/১৫/১৬ মাইল জায়গায় ঠিক আছে। কিন্তু এক জায়গায় ঠিক আছে আর সেটা আমরা কমপ্লিট করতে পারছি না, তা হ'লে পরে ব্রিজ করতে হবে, কালভার্ট করতে হবে, সুতরাং এই প্রশ্ন আসে না। আর টাকা শুধু ব্যয় ক'রে কোন লাভ নেই, তাই সম্পূর্ণ রাস্তাটা কমপ্লিট করতে হবে। আমাদের ধারণা সমস্ত ইনজাংশান ডিসল্‌ভ হয়ে যাবে এবং ১৯৭৫ সালের মধ্যে ১॥/২ বছরের মধ্যে এই রাস্তাটা পুরো কমপ্লিট হবে, আমার নজর আছে, আমি চেষ্টা করছি যাতে তাড়াতাড়ি হয়।

পাঁচগাছি-ধোঁড়াদহ রাস্তা

*১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭৭।) **শ্রীঅরবিন্দ মণ্ডলঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলায় করিমপুর ব্লকের অধীন পাঁচগাছি-ধোঁড়াদহ রাস্তাটি পাকা করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, ঐ রাস্তায় মঞ্জুরীকৃত অর্থের বরাদ্দ কত; এবং

(গ) বর্তমান বছরে উক্ত রাস্তায় মাটির কাজ ও ইঁটের কাজ শুরু হওয়ার কোন সম্ভাবনা আছে কিনা?

শ্রীভোলানাথ সেনঃ (ক) হ্যাঁ, চতুর্থ পঞ্চবার্ষিক যোজনায় ঐরূপ পরিকল্পনা আছে।

(খ) মঞ্জুরী সাপেক্ষে আনুমানিক ব্যয়ের পরিমাণ ছয় লক্ষ টাকা।

(গ) ইতিমধ্যেই মাটির কাজ ও ইট তৈয়ারির কাজ আরম্ভ হইয়াছে।

শ্রীঅরবিন্দ মণ্ডলঃ রাস্তাটির দৈর্ঘ্য কত মাইল?

শ্রীভোলানাথ সেনঃ আমি সঠিক বলতে পারব না—তবে আমার ধারণা ৪ মাইল হবে। কারণ কোয়েশ্চেন-অ্যানসারটা কিছুক্ষণ আগে পেয়েছি।

শ্রীঅরবিন্দ মণ্ডলঃ রাস্তার কাজ সম্পন্ন করার কোন সময়সীমা বেঁধে দেওয়া আছে কিনা?

শ্রীভোলানাথ সেনঃ পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজ যখন শুরু হবে সেই পিরিয়ডে এই কাজগুলি কমপ্লিটেড হবে—আশা করছি বছর তিনেক লাগবে।

হাউসিং এস্টেটের নির্মাণকার্য

*১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কতগুলি হাউসিং এস্টেট কনস্ট্রাকশন-এর কাজ চলছে এবং কোথায় কোথায়; এবং

(খ) এর জন্য কত টাকা বরাদ্দ আছে?

শ্রীভোলানাথ সেনঃ (ক) বর্তমানে ২৫টি হাউসিং এস্টেট-এর নির্মাণ কার্য নিম্নলিখিত স্থানগুলিতে চলিতেছেঃ-

(১) হুগলী জেলায়—

কুলিহান্ডাতে—১টি

(২) বর্ধমান জিলায়—

দুর্গাপুরে—৩টি

(৩) দার্জিলিং জিলায়—

শিলিগুড়িতে—১টি

(৪) জলপাইগুড়ি শহরে—১টি

(৫) পশ্চিম দিনাজপুর জিলায়—

বালুরঘাটে—১টি

(৬) ২৪-পরগনা জিলায়—

বজবজে—২টি

বরাহনগর—২টি

দক্ষিণ নওদাপাড়ায় (কামারহাটিতে)—১টি

(৭) কলিকাতা ও শহরতলীতে—

রামকৃষ্ণ সমাধি রোডে—১টি

বেহালার পশ্চিম বড়িসায়—১টি

যাদবপুর ইব্রাহিমপুর রোডে—১টি

টালিগঞ্জ রিজেন্ট পার্কে—১টি

নিউ আলিপুরের সাহাপুরে—১টি

কাশীপুরের করিম বক্স রোডে—১টি

নারিকেলডাঙ্গা নর্থ রোডে—১টি

পিকনিক গার্ডেন ও কুষ্ঠিয়া রোড জংশনে—২টি

সল্টলেকে—১টি

বৈষ্ণবঘাটায়—১টি

কালিয়াদহতে—১টি

পাইকপাড়াতে—১টি

(খ) এর জন্য চলতি আর্থিক বৎসরে প্ল্যান ও প্ল্যান-বহির্ভূত খাতে মোট ২৯৬·৯১ লক্ষ টাকা বরাদ্দ আছে।

ভগবানগোলা থানা এলাকায় চুরি

১৯৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৫।) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলায় ভগবানগোলা থানা এলাকায় সম্প্রতি জনৈক সাদেক আলির বাড়িতে চুরির অভিযোগে ধৃত আসামীদের প্রায় সংগে সংগে জামিনে ছাড়িয়া দেওয়া হয়;

(খ) অবগত থাকিলে—

(১) ঐ চুরি কবে হইয়াছিল এবং কবে ধৃত আসামীদের মুক্তি দেওয়া হইয়াছিল,

(২) এ পর্যন্ত কত টাকা উদ্ধার করা সম্ভব হইয়াছে, এবং

(৩) আসামীদের সংগে সংগে ছাড়িয়া দেওয়ার কারণ কি; এবং

(গ) এ ব্যাপারে জড়িত সন্দেহে এ পর্যন্ত আরও কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ (ক) ইহা সত্য নহে।

(খ) (১) ১১ই জানুয়ারি, ১৯৭৩ তারিখের রাত্রিবেলা। ১৬ই জানুয়ারি, ১৯৭৩ জামিনে মুক্তি দেওয়া হয়।

(২) টাকা ২,৮১৪·৮৭ এবং টাকা ৪·৭৫ পুরানো মুদ্রা।

(৩) প্রশ্ন উঠে না।

(গ) ১২ই জানুয়ারি, ১৯৭৩ তারিখে ধৃত দুইজন ব্যতীত অতিরিক্ত দুইজন আদালতে আত্মসমর্পন করে।

শ্রীমহম্মদ দেদার বক্স: এখানে বললেন টাকা ২,৮১৪·৮৭ পুরানো মুদ্রা এবং টাকা ৪·৭৫ চুরি হয়েছে। কিন্তু মোট কত টাকা চুরি হয়েছে বলতে পারবেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হক: তা জানা নেই।

শ্রীমহম্মদ দেদার বক্স: (গ)-এর উত্তরে বলা হয়েছে "ধৃত ২ জন ব্যতীত অতিরিক্ত ২ জন আদালতে আত্মসমর্পন করে"—কিন্তু এই চুরির সঙ্গে কতজন আসামী জড়িত আছে জানাবেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হক: কতজন তা জানা নেই। নোটিস দিলে বলতে পারব।

শ্রীমহম্মদ দেদার বক্স: ২,৮১৪·৮৭ এবং ৪·৭৫ টাকা উদ্ধার হয়েছে ব'লে বললেন, কিন্তু আমি জানি যে প্রায় ১৩ হাজার টাকা চুরি হয়েছে। অতএব আসামীদের ধরা সত্ত্বেও এই টাকা উদ্ধার না করার কারণ কি?

ডাঃ মহম্মদ ফজলে হক: যাদের ধরা হয়েছে তাদের কাছে যা পাওয়া গেছে তাই উদ্ধার করা হয়েছে। মোট কত টাকা হারিয়েছে তাতো ডায়েরি করা হয়েছে। তবে বাকি উদ্ধারের চেষ্টা চলছে।

শ্রীমহম্মদ দেদার বক্স: এই যে চুরি ডাকাতি হচ্ছে, অথচ আসামীরা যাবার মাত্র জামিন পেয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয় চিন্তা করেছেন কি, এদের যদি আটকে না রাখা হয়, তা হ'লে এইভাবে চুরিডাকাতি বন্ধ করা সম্ভব নয়?

Mr. Speaker: No reply is necessary. It is a matter of the Court. The Court has every right to enlarge them on bail as per Criminal Procedure Code. Minister has got nothing to do in the matter—it is completely a judicial matter.

তেহট্ট থানায় জলঙ্গী নদীর উপর সেতু

*১৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০৩৭।) **শ্রীকার্ত্তিকচন্দ্র বিশ্বাস:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার তেহট্ট থানায় জলঙ্গী নদীর উপরে ব্রীজ তৈয়ারি করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কতদিনে এই কাজ আরম্ভ হইবে?

শ্রীভোলানাথ সেন: (ক) হ্যাঁ।

(খ) বর্তমানে নদী সমীক্ষার কাজ (রিভার সার্ভে) চলিতেছে। এর পর নকশা ও প্রাককলন তৈরি হবে। এগুলি শেষ হ'লে কাজ আরম্ভ করা হবে।

শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কত দিনে কাজ আরম্ভ হবে?

শ্রীভোলানাথ সেনঃ এই প্রশ্নটা আলোচনার বিষয় আপনি একদিন যদি অফিসে আসেন, তা হ'লে এটা ঠিক করা যাবে, এতে অসুবিধার কি আছে।

Mr. Speaker: *986 is held over. Now I repeat the following questions which were not called:—

*957, *959, *961, *963, *965, *967, *968, *969, *971, *972, *974, *976, *977, *978, *979, *981, *982, *985 not called

Now held over questions.

HELD OVER STARRED QUESTIONS
(to which oral answers were given)

বিভিন্ন জেল হইতে বন্দীদের মুক্তি

*৬৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭৭।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতা এবং পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা হইতে ১৯৭২ সালের ২০এ মার্চ হইতে ১৯৭৩ সালের ২০এ ফেব্রুয়ারির মধ্যে সমাজবিরোধী, নক্সাল-পন্থী, দুষ্কৃতকারী এবং খুনী হিসাবে আটক অনেক ব্যক্তি জেল থেকে ছাড়া পেয়েছেন; এবং

(খ) সত্য হইলে, কোন্ জেলা হইতে কতজন ছাড়া পেয়েছে?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ (ক) হ্যাঁ। কিছু ব্যক্তি এইভাবে ছাড়া পাইয়াছে।

(খ) জেলাভিত্তিক বিবরণ নিম্নে দেওয়া হইলঃ—

জেলা	পি ডি এ অ্যাক্ট	এল্ আই এস্ অ্যাক্ট	সমাজ বিরোধী, দুষ্কৃতকারী ইত্যাদি
২৪ পরগণা	১৫৫	৩১৮	২২৯
হাওড়া	১০৭	১৭৯	৬৬৫
নদীয়া	২১	১০৬	২,৯২৬
মুর্শিদাবাদ	১৫	১৫৫	৮৫১
বর্ধমান	১৮৬	৩৬৩	৮২৪
বীরভূম	৮৪	১৭৮	৬২৩
বাঁকুড়া	১৩	৪৪	৮১
মেদিনীপুর	২০	৭৫	৩,৮৭০
হুগলী	২৩৩	২৮৬	৬,৮৮৯
পুরুলিয়া	৩	৭	১০৫
জলপাইগুড়ি	২৮	৫৯	২,০৩৫
দার্জিলিং	১৬	৩৩	২,৩৯২
পশ্চিম দিনাজপুর	৬	২৮	৫১৮
মালদহ	২২	৬৯	১১২
কুচবিহার	১৪	৫৫	৫৮৭
কলিকাতা	৫৫৯	৬০৮	৪৯২
	১,৪৮২	২,৫৬৩	২৫,৬৯৮

শ্রীকাশীনাথ মিশ্রঃ জেলাভিত্তিক কতজন আছে জানাবেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ জেলাভিত্তিক টোট্যাল পি ডি অ্যাক্টে ১ হাজার ৪৮২ জন, মিসাতে ২ হাজার ৫৪৩ জন এবং সমাজবিরোধী, দুষ্কৃতকার্য ইত্যাদিতে ২৫ হাজার ৪৯২ জন।

শ্রীকাশীনাথ মিশ্রঃ যারা ছাড়া পেয়েছে তারা কি কারণে ছাড়া পেয়েছে জানাবেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ কিছু গভর্নমেন্ট রিভিউ করে ছেড়েছে, হাইকোর্ট থেকে কিছু ছাড়া পেয়েছে এবং কারুর টার্মস শেষ হয়েছে, তাই রিলিজড হয়েছে।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ ভারতীয় জাতীয় কংগ্রেসের ওয়ার্কিং কমিটির সদস্য শ্রীচন্দ্রশেখর নকশালদের ছেড়ে দেবার জন্য খবরের কাগজে বিবৃতি দিয়েছেন একথা আপনি জানেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ আমার জানা নেই।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ আমি জানি শ্রী চন্দ্রশেখর খবরের কাগজে এই মর্মে বিবৃতি দিয়েছেন। আমার প্রশ্ন হল, পশ্চিমবঙ্গ সরকার এই বিবৃতি সহানুভূতির সঙ্গে বিবেচনা করে এই নকশালপন্থীদের ছেড়ে দেবার মত ব্যবস্থা করছেন কিনা?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, খবরের কাগজে কে কি বিবৃতি দিয়েছে আমি জানি না। তবে গভর্নমেন্টের এরকম কোন প্রোপোজাল নেই।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই সমস্ত নকশাল ছেলে যারা ধরা পড়েছে তাদের গার্জিয়ানরা যদি কোন বন্ড লিখে দেয়, তা হলে সরকার তাদের ছেড়ে দেবেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ আমি বলেছি আমরা রিভিউ করে কিছু কিছু ছেড়েছি। গার্জিয়ান বন্ড দিলেই ছেড়ে দেওয়া হবে তা নয়, আমরা রিভিউ করবার সময় গার্জিয়ানদের বন্ড কন্সিডার করি।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ যাদের ছেড়ে দেওয়া হয়েছে তাদের বর্তমান কার্যকলাপ কি এবং তাদের উপর নজর রাখছেন কিনা?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ দেশের আইনশৃঙ্খলা রক্ষা করবার জন্য যদি প্রয়োজন মনে করি এবং যদি দেখি তারা আবার তাদের পূর্ব কার্যে ফিরে গেছে, তা হলে আমরা অ্যাকসন নেব।

[1-40—1-50 p.m.]

আমার কথা হচ্ছে যাদের ছেড়ে দেওয়া হয়েছে তাদের মধ্যে কিছু কিছু আমরা দেখেছি হয়তো ঠিক সৎপথে চলছে না। যাদের সেই ধরনের অ্যাকটিভিটিজ পাওয়া যাচ্ছে তাদের আমরা রি-অ্যারেস্ট করেছি।

শ্রীঅনন্তকুমার ভারতীঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, যাদের টার্ম শেষ হয়ে গেছে তাদের ছেড়ে দেওয়া হয়েছে। কিন্তু আমরা জানি অনেকের টার্ম শেষ হয়ে গেলেও তাদের আবার এক্সটেনসন করে রাখা হয়, এটা কি সত্য?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ মিসাতে এক্সটেনসনের কোন প্রভিসন নেই। যাদের টার্ম শেষ হয়ে গেছে, রি-অ্যারেস্ট করতে হলে নতুন করে আবার মিসা করতে হয়।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয়ের কি এটা জানা আছে যে, ভারতীয় জাতীয় কংগ্রেসের ওয়ার্কিং কমিটির সদস্য শ্রী চন্দ্রশেখর তার একটা বিবৃতি খবরের কাগজে বেরিয়েছে এবং সেই কার্টুনটা আপনি কি দেখেছেন?

উত্তরবঙ্গ সীমান্ত অঞ্চলে সক্রিয় বিদেশী গুপ্তচর

*৯১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৮।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য**ঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উত্তরবঙ্গে সীমান্ত অঞ্চলে পার্বত্য অধিবাসী, আদিবাসী ও স্থানীয় রাজবংশী সম্প্রদায়ের লোকেদের উস্কানী দিয়া অশান্তি ও উপদ্রব সৃষ্টির জন্য কিছু বিদেশী গুপ্তচর সক্রিয় রহিয়াছে; এবং

(খ) সত্য হইলে, আজ পর্যন্ত এ বিষয়ে কি ব্যবস্থা লওয়া হইয়াছে?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রীনারায়ণচন্দ্র ভট্টাচার্যঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, না এবং প্রশ্ন ওঠে না। আপনি কি জানেন, গত সেপ্টেম্বর মাসে যখন আমাদের প্রধানমন্ত্রী দার্জিলিং-এ গিয়েছিলেন তখন তাঁর প্রতি চরম অবজ্ঞা প্রকাশ করা হয়েছিল এবং তাঁর কুশপুত্তলিকা দাহ করা হয়েছিল। যারা করেছিল তারা কারা সেটা বের করবার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ এই প্রশ্নের সঙ্গে প্রধানমন্ত্রীর দার্জিলিং সফরে কোন প্রশ্ন ওঠে না। তবে সেখানে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। সুতরাং এর সঙ্গে এই প্রশ্নের কোন সম্পর্ক নেই।

শ্রীনারায়ণচন্দ্র ভট্টাচার্যঃ মাননীয় মন্ত্রিমহাশয় খবর রাখেন কি যে সিকিমে যা হচ্ছে সেখানে বৈদেশিক চক্র সক্রিয় রয়েছে, দার্জিলিং তে অগ্নিগর্ভ অবস্থা হয়ে রয়েছে, উত্তরবঙ্গেও তাই বৈদেশিক গুপ্তচর চক্র সক্রিয় রয়েছে, অথচ আপনার বিভাগের বড় বড় অফিসারদের আপনি মোটা মাইনে দিয়ে পুষছেন। তাঁরা যদি এসব খুঁজে না বের করতে পারেন, তা হলে তো বড় দুঃখের কথা?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ আমি তো আগেই বলেছি, এ সম্বন্ধে সরকারের কাছে কোন তথ্য জানা নেই। যদি মাননীয় সদস্য মহাশয়ের কোন তথ্য থাকে, আমাদের জানালে উপকৃত হব এবং এ বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করতে পারবো।

শ্রীনারায়ণচন্দ্র ভট্টাচার্যঃ খুবই আনন্দের কথা, মাননীয় মন্ত্রিমহাশয় আমার কাছে তথ্য চেয়েছেন এটা জেনে আমি সুখী হলাম। আমাদের মাননীয় সদস্যরা সমস্ত তথ্য সংগ্রহ করে আপনাদের দেবেন, অথচ হাজার হাজার টাকা মাইনে দিয়ে আপনার বিভাগে বড় বড় কর্মচারী রেখেছেন। তাদের কোন কাজকর্ম করার নাই। তারা নৈবেদ্যের উপর ছোলার মন্ডার মত বসে আছে। ঠিক আছে, আমরা তথ্যাদি সংগ্রহ করে দেব।

(No reply.)

STARRED QUESTIONS
(to which answers were laid on the table)

ইলামবাজার থানা এলাকায় চুরি-ডাকাতির ঘটনা

*৯৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৯।) **শ্রীশচীনন্দন সাউ**ঃ স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) বীরভূম জেলায় ইলামবাজার থানায় ১৯৭২ সালের জানুয়ারি মাস হইতে ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত কতগুলি ডাকাতি, চুরি, রাহাজানি ও খুনের ঘটনা ঘটিয়াছে;

(খ) কতগুলি কেসের তদন্ত হইয়াছে; এবং

(গ) এই থানায় ঐ সময়ে মিসায় কতজনকে আটক করা হইয়াছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক) ডাকাতি—১১

চুরি—৯১

রাহাজানি—৪

খুন—১

(খ) সব কয়টি কেসের তদন্ত হইয়াছে বা হইতেছে।

(গ) পাঁচ জন।

রূপায়ণ সিনেমা

*৯৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮৪।) **শ্রীজগদীশচন্দ্র দাসঃ** স্বারাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলকাতার 'রূপায়ণ' সিনেমার কর্তৃপক্ষ সরকারের বিনা অনুমতিতে ১৯৬৬ সাল হইতে ১৯৭১ সাল পর্যন্ত ছবি প্রদর্শন করিয়াছেন;

(খ) অবগত থাকিলে, (১) কখন এই সংবাদ সরকারের গোচরে আসিয়াছে, এবং (২) সরকার এই সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(গ) এই সিনেমার লাইসেন্সের জন্য কে সুপারিশ করিয়াছিলেন এবং কখন করিয়াছিলেন?

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না। বিনা লইসেন্সে ছবি প্রদর্শনের সংবাদ সঠিক নয়। ১৯৬৬ হইতে ১৯৭১ সাল পর্যন্ত প্রতি বৎসর উক্ত সিনেমার কর্তৃপক্ষকে লাইসেন্স দেওয়া হইয়াছে।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

বোলপুরে অগ্নিনির্বাপক কেন্দ্র

*৯৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩৭।) **শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ** পৌরকার্য বিষয়ক বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার বোলপুরে (১) একটি অগ্নিনির্বাপক কেন্দ্র স্থাপনের পরিকল্পনা করিয়াছেন, এবং (২) প্রয়োজনীয় বাড়ির ব্যবস্থাও করা হইয়াছে;

(খ) সত্য হইলে, এখনও পর্যন্ত বোলপুরে অগ্নিনির্বাপক কেন্দ্র না খোলার কারণ কি; এবং

(গ) কবে নাগাত উহা খোলা হইবে বলিয়া আশা করা যায়?

পৌর কার্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) হ্যাঁ, এরূপ পরিকল্পনা আছে।

(২) দমকল কেন্দ্র খোলার জন্য একটি উপযুক্ত ভাড়া বাড়ির সন্ধান পাওয়া গিয়াছে।

(খ) ও (গ) বোলপুরে দমকল কেন্দ্র খোলার আর্থিক খুঁটিনাটি বিচার করা হইতেছে। কবে নাগাত উহা খোলা যাইবে এখনই সঠিক বলা সম্ভব নহে; তবে আশা করা যায়, অদূর ভবিষ্যতেই ইহা ঘটিবে।

বেকার ইঞ্জিনীয়ারদের সমবায় সমিতি

***১৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৭৮।) **শ্রীমৃগেন্দ্র মুখার্জি:** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বেকার ইঞ্জিনীয়ারদের সমবায় সমিতিগুলিকে ঠিকাদারী দেবার জন্য সরকার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে,

(১) এইরূপ কতগুলি সমিতির নাম সরকারের নিকট নথিভুক্ত হইয়াছে;

(২) ১৯৭২-৭৩ সালে ফেব্রুয়ারি পর্যন্ত কত লক্ষ টাকার কাজ ঐ সমিতিগুলির মধ্যে বণ্টন করা হইয়াছে; এবং

(৩) কি কি বিশেষ সুযোগ-সুবিধা ঐরূপ সমবায় সমিতিগুলির জন্য নির্দিষ্ট হইয়াছে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) (১) পশ্চিমবঙ্গ সরকারের সমবায় সমিতিসমূহের নিয়ামক (রেজিস্ট্রার অব কো-অপারেটিভ সোসাইটিস্)-এর অফিসে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত ৩২৪টি এইরূপ সমবায় সমিতি রেজেস্ট্রিভুক্ত হইয়াছে। পূর্ত বিভাগের অধীনে পৃথকভাবে উহাদের রেজেস্ট্রি-করণের প্রয়োজন হয় না।

(২) পূর্ত বিভাগের অধীনে শতাধিক ভুক্তি (ডিভিসন) আছে। এ পর্যন্ত প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে দেখা যায় যে, ১৯৭২-৭৩ সালে ফেব্রুয়ারি মাস পর্যন্ত ৭৩ লক্ষ ২৫ হাজার ৯ শত ৩০ টাকার কাজ ঐরূপ সমিতিগুলির মধ্যে বণ্টন করা হইয়াছে।

(৩) পূর্ত দপ্তরের অধীনে গৃহ এবং সড়ক নির্মাণ বিষয়ে যে সকল কার্যের প্রতিটির মূল্য অনধিক ৭০,০০০ টাকা, তাহাতে ঐরূপ সমিতিগুলি টেন্ডার দাখিল করিয়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করিতে পারেন। এজন্য তাঁহাদিগকে অন্যান্য কন্ট্রাক্টরের ন্যায় বায়নার টাকা (আর্নেস্ট মানি) জমা দিতে হয় না। প্রাপ্ত টেন্ডারপত্রসমূহ পরীক্ষা ও গ্রহণ করিবার সময়ে ঐরূপ সমিতিগুলির ক্ষেত্রে সর্বনিম্ন টেন্ডারের উপর শতকরা ১৫ ভাগ পর্যন্ত অতিরিক্ত বিশেষ সুবিধা (ওয়েটেজ আপ টু ১৫ পার্সেন্ট অ্যাবাভ দি লোয়েস্ট টেন্ডার) দেওয়া হয়। ঐরূপ সমিতিগুলির সম্ভাব্য আর্থিক অনটনের কথা চিন্তা করিয়া সম্প্রতি এই আদেশও প্রদান করা হইয়াছে যে, ঐরূপ সমিতিকে ন্যস্ত প্রতিটি কার্যের মূল্যের শতকরা ২০ ভাগ (অনূর্ধ্ব ১০,০০০ টাকা) অগ্রিম দেওয়া হইবে। ঐ অগ্রিম টাকা রানিং অ্যাকাউন্ট বিল-সমূহ হইতে শতকরা ১০ টাকা হারে আদায় করা হইবে।

পূর্ত বিভাগের অধীনে গৃহ এবং সড়কের বাৎসরিক মেরামতি কার্যের শতকরা দশ ভাগ (১০ পার্সেন্ট অব অ্যানুয়াল গ্রুপ মেন্টিনান্স ওয়ার্কস অব বিল্ডিংস অ্যান্ড রোডস) সাধারণ সাধারণ কন্ট্রাক্টরদের সঙ্গে বিনা প্রতিযোগিতায় ঐরূপ সমবায় সমিতিগুলির মধ্যে বণ্টন করিবার জন্য সংরক্ষিত করিয়া রাখা হয় (আর কেপ্ট রিজার্ভড) এইরূপ সংরক্ষিত কার্যগুলি ঐ সমিতিগুলির মধ্যে পূর্ত দপ্তরের মূল্য তালিকার সমহারে (অ্যাট পার উইথ দি পি ডবলিউ ডি সিডিউল অব রেটস) বণ্টন করা হয়। এ ক্ষেত্রেও বায়নার টাকা (আর্নেস্ট মানি) লওয়া হয় না। এই প্রসঙ্গে ইহা উল্লেখযোগ্য যে, সড়ক নির্মাণ এবং অন্যান্য মাটি কাটার কার্য বিষয়ে যে সকল প্রকল্পের মূল্য সমধিক, সেগুলিকে যথাসম্ভব ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করিয়া (বাই স্পিলিটিং আপ বিগ প্রোজেক্টস ইন্টু স্মল কম্পোনেন্টস আপ টু রুপিজ ২৫,০০০ ইচ) ঐরূপ সমবায় সমিতিগুলির মধ্যে উপরিবর্ণিত বিশেষ সুবিধায় বিলি করিবার নির্দেশও দেওয়া হইয়াছে।

Typists, Copyists and Mappists in Home (Police) Department

*967. (Admitted question No. *1690.) **Shri Susanta Bhattacharjee:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that the Typists, Copyists and Mappists of the Copying Departments are working under his department on piece-rate basis; and

(b) if so, whether the Government is considering their absorption in the regular salaried establishment of the department like other departments of the Government?

The Minister for Home (Police) Department: (a) There are the Typists and Copyists only.

(b) This is under consideration of the Finance Department.

বালিপুর-ছত্রসাল রাস্তা

*৯৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮২৯।) **শ্রীবাসুদেব হাজরাঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খানাকুল ১নং ব্লকের অধীন বালিপুর হইতে ছত্রসাল পর্যন্ত রাস্তাটি কোন্ সালে সরকারী অনুমোদন লাভ করে;

(খ) উক্ত রাস্তাটির কাজ এখনও আরম্ভ না হইবার কারণ কি;

(গ) উক্ত রাস্তাটির জন্য কোন টেন্ডার আহ্বান করা হইয়াছিল কিনা; এবং

(ঘ) হইয়া থাকিলে, কবে হইয়াছিল এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) ১৯৬৬ সালে বলরামপুর হইতে ছত্রসাল পর্যন্ত রাস্তাটি সরকারী অনুমোদন লাভ করে। মাননীয় সদস্য সম্ভবতঃ ঐ রাস্তার উল্লেখ করিতেছেন। উহার কাজ আরম্ভ হইয়াছে এবং মাটির কাজও প্রায় সম্পূর্ণ হইয়াছে।

(গ) হ্যাঁ, হইয়াছিল।

(ঘ) মাটির কাজের জন্য ১৯৬১ সালে পাকা করিবার জন্য ১৯৭১ সালে সাঁকো নির্মাণের জন্য ১৯৭২ সালে এবং পাকাপাকির জন্য পুনরায় ১৯৭২ সালে টেন্ডার আহ্বান করা হইয়াছিল। শেষোক্ত টেন্ডার দুইটি অনুসারে কাজ আরম্ভ হইয়াছে।

কেতুগ্রাম থানায় চুরি-ডাকাতি ও রাহাজানি

*৯৭১। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০৪।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্ধমান জেলার কেতুগ্রাম থানায় বর্তমানে ছিনতাই, রাহাজানি ও চুরির সংখ্যা বেড়েছে; এবং

(খ) অবগত থাকলে, ১৯৭১, ১৯৭২ এবং ১৯৭৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত প্রতি মাসে চুরি, ডাকাতি, ছিনতাই ও রাহাজানির পৃথক পৃথক সংখ্যা কত ছিল?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) চুরির সংখ্যা কিছু বেড়েছে। ছিনতাইয়ের সংখ্যা বাড়ে নি। রাহাজানির বৃদ্ধি নামমাত্র।

(খ) একটি বিবরণ সংশ্লিষ্ট করা হইল।

Statement referred to in reply to Clause (Kha) of starred question No. 971

নাম	চুরি			ডাকাতি			ছিনতাই			রাহাজানি		
	১৯৭১	১৯৭২	১৯৭৩	১৯৭১	১৯৭২	১৯৭৩	১৯৭১	১৯৭২	১৯৭৩	১৯৭১	১৯৭২	১৯৭৩
জানুয়ারি ..	২	৯	২	..	..	..	..	..	..	..	১	..
ফেব্রুয়ারি ..	৪	৪	১	১	..	..	..	..	..	..	..	..
মার্চ ..	৩	৪	..	৩	..	..	..	..	..	..	..	..
এপ্রিল ..	২	৬	..	৪	..	..	..	..	..	..	..	..
মে ..	৪	৪	..	১	..	..	..	..	..	..	..	..
জুন ..	৩	১০	..	১	২	..	..	..	..	..	..	..
জুলাই ..	৩	৬	.	২	১	..	..	..	..	..	..	..
আগস্ট ..	৩	৩	..	১	২	..	..	..	..	..	..	..
সেপ্টেম্বর ..	৬	৩	..	..	১	..	..	..	..	..	..	..
অক্টোবর ..	৫	৬	..	১	১	..	..	..	..	..	..	..
নভেম্বর ..	২	৩	..	১	..	..	..	..	..	..	১	..
ডিসেম্বর ..	৫	১	..	..	..	..	..	..	..	..	..	..
	৪২	৫৯	৩	১৫	৭	.	..	..	..	..	২	..

জি টি রোড বাইপাস

*৯৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯৭।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যে তিনটি জি টি রোড বাইপাস আছে তাহাদের নির্মাণের জন্য আই ডি এ-র নিকট হইতে কোন টাকা পাওয়া গিয়াছিল কি;

(খ) (ক)-এর উত্তর 'হ্যাঁ' হইলে, কত টাকা এবং কবে পাওয়া গিয়াছিল;

(গ) সুগন্ধ্যা হইতে সিমলাগড় পর্যন্ত যে ডাইভার্সন আছে তাহার জন্য যে-সকল মেটিরিয়ালস্ পূর্বে ক্রয় করা হইয়াছিল কিন্তু ব্যবহার করা হয় নাই এবং বছরের পর বছর স্তূপীকৃত হইয়া পড়িয়া আছে তাহার বাজার-দর কত (যখন ক্রয় করা হইয়াছিল) এবং তাহার কত অংশ চুরি বা নষ্ট হইয়া গিয়াছে;

(ঘ) আসানসোল ডাইভার্সনের জন্য কি কোন মেটিরিয়াল ক্রয় করা হইয়াছিল;

(ঙ) ক্রয় করা হইয়া থাকিলে, তাহার বর্তমান অবস্থা কি; এবং

(চ) জি টি রোড বাইপাসগুলির (বালি হইতে সপ্তমগ্রাম ছাড়া) কাজ সম্পূর্ণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কেবলমাত্র বিবেকানন্দ ব্রীজ হইতে সপ্তগ্রাম পর্যন্ত জি টি রোড বাইপাসের জন্য ঋণ হিসাবে আই ডি এ-র টাকা পাওয়া গিয়াছিল।

(খ) ১৯৬৫ সালে ঐ রাস্তার জন্য মোট ৩৮২,৪০ লক্ষ টাকা ভারত সরকার কর্তৃক মঞ্জুর হয়।

(গ) সপ্তগ্রাম হইতে সিমলাগড় ডাইভারসনের জন্য ১১,৬৯,২১০ টাকার মেটিরিয়াল কেনা হইয়াছিল এবং সম্পূর্ণ মেটিরিয়ালই অন্য কাজের জন্য ব্যবহৃত হইতেছে।

(ঘ) হ্যাঁ।

(ঙ) রাস্তার কাজে ব্যবহৃত হইতেছে।

(চ) সপ্তগ্রাম-সিমলাগড় ছাড়া অন্য বাইপাসগুলির কাজ সম্পূর্ণ করার পরিকল্পনা আছে।

ডায়মন্ড হারবার রোড (বেহালা) সম্প্রসারণ

*৯৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯৯।) **শ্রীইন্দ্রজিৎ মজুমদারঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডায়মন্ড হারবার রোড (বেহালা) সম্প্রসারণের কাজ শুরু করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকিলে, কবে নাগাত শুরু হইবে;

(গ) ইহা কি সত্য যে, ঐ রাস্তার পাশে জমির মালিক ও দোকানদাররা প্রত্যেকেই ক্ষতিপূরণ লইয়াছেন; এবং

(ঘ) সত্য হইলে, এখনও সরকার কর্তৃক ঐ জমি দখল না লওয়ার কারণ কি?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) জমি ও বাড়ির মালিকদের দেয় ক্ষতিপূরণ বাবত আঠার লক্ষ একাত্তর হাজার পাঁচ শত চার টাকা এবং বৃত্তিচ্যুত ব্যবসায়ীদের জন্য এক লক্ষ নব্বই হাজার এক শত টাকা ধার্য (অ্যাওয়ার্ড) হইয়াছে। উহার মধ্যে জমি ও বাড়ির মালিকগণকে আট লক্ষ তের হাজার চার শত একুশ টাকা এবং বৃত্তিচ্যুত ব্যবসায়ীদের বিয়াল্লিশ হাজার উননব্বই টাকা দেওয়া হইয়াছে। বাকী টাকা রেভিনিউ ডিপোজিটে জমা আছে।

(গ) জমি ও বাড়ির মালিকদের এবং বৃত্তিচ্যুত ব্যবসায়ীদের ক্ষতিপূরণের টাকা এখনও সম্পূর্ণ বিলি করা সম্ভবপর হয় নাই। অধিকন্তু যে সমস্ত বৃত্তিচ্যুত ব্যবসায়ী ক্ষতিপূরণ লইয়াছেন তাঁহারা বিকল্প আর্থিক পুনর্বাসনের সুযোগ না পাওয়া পর্যন্ত দোকান ঘর ছাড়িতে নারাজ। বর্তমানে বৃত্তিচ্যুত ব্যবসায়ীদের পুনর্বাসনের প্রশ্নটি সরকারের বিবেচনাধীন আছে।

নকশাল আন্দোলনে ধৃত ব্যক্তিদের মিসায় আটক

***৯৭৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮১।) **শ্রীশচীনন্দন সাউঃ** স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নকশাল আন্দোলনে জড়িত সন্দেহে যে-সকল ছেলেদের বিরুদ্ধে পূর্বে কেস ছিল বর্তমানে তাহাদের মিসায় আটক করা হচ্ছে;

(খ) সত্য হইলে, এর কারণ কি; এবং

(গ) বীরভূম জেলায় ১৯৭২-৭৩ (ফেব্রুয়ারি পর্যন্ত) কতজনকে মিসায় আটক করা হয়েছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) জনশৃঙ্খলার পরিপন্থী কার্যে লিপ্ত থাকার অভিযোগে কিছু কিছু নকশালপন্থীকে মিসায় আটক করা হয়েছে।

(গ) ১৯৭২ সালের ১লা জানুয়ারি হইতে ২৮শে ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত বীরভূম জেলায় ১৮২ জনকে মিসায় আটক করা হয়েছে। এর মধ্যে ১২৯ জন নকশালপন্থী।

কলিকাতায় বিভিন্ন নামে জুয়াখেলা

***৯৭৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬২৮।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) কলিকাতায় ব্যাপক হারে 'সাট্টা' নামে জুয়াখেলা হইতেছে এইরূপ কোন সংবাদ সরকারের আছে কিনা;

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত বিষয়ে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন; এবং

(গ) গত এক বৎসরে কয়টি ক্ষেত্রে অপরাধীদের শাস্তি বিধান সম্ভবপর হইয়াছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) নিয়মিতভাবে পুলিস আইনানুগ ব্যবস্থা লইতেছেন।

(গ) ২৮শে ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত এক বৎসরে ২,২০৫টি কেস ধরা হইয়াছে এবং প্রায় সব মামলাতেই দোষীদের সাজা হইয়াছে।

বোলপুরকে মহকুমায় রূপান্তরিতকরণ

***৯৭৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪০।) **শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বোলপুরের নাগরিকগণ ও স্থানীয় এম এল এ-দের পক্ষ হইতে বোলপুরকে মহকুমা-রূপে ঘোষণা করার জন্য কোন আবেদনপত্র সরকারকে দেওয়া হইয়াছে কি; এবং

(খ) দেওয়া হইলে -

(১) ঐ আবেদন কবে পাইয়াছেন, এবং

(২) এ বিষয়ে সরকার কি সিদ্ধান্ত লইয়াছেন?

স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) বোলপুরের বিশিষ্ট নাগরিকগণের নিকট হইতে এ সম্পর্কে ১৯শে জানুয়ারি, ১৯৭১ তারিখে এবং স্থানীয় এম এল এ-দের সুপারিশ সম্বলিত আর একটি আবেদন ৩রা ফেব্রুয়ারি ১৯৭৩ তারিখে পাওয়া গিয়াছে।

(২) বিষয়টি এখনও সরকারের বিবেচনাধীন আছে।

বাদশাহী সড়ক

*১৭১। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০৭।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার নতুনহাট হইতে মুর্শিদাবাদ জেলার সাগরদিঘি পর্যন্ত বাদশাহী সড়ক রাস্তাটির কাজ শুরু হইয়াছে কি; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, কখন শুরু হইয়াছে এবং কখন শেষ হইবে এবং কাজের জন্য মোট কত টাকা খরচ হইবে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, তবে নতুনহাট হইতে মোরগ্রাম পর্যন্ত রাস্তার বিভিন্ন অংশে।

(খ) এই বৎসর শুরু হইয়াছে। পঞ্চবার্ষিক পরিকল্পনা কালের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা হয়। আনুমানিক ৩ কোটি টাকা ব্যয় হইবে।

বেকার ইঞ্জিনীয়ারদের সমবায় সমিতি

*১৮১। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮৪।) **শ্রীমৃগেন্দ্র মুখার্জিঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বেকার ইঞ্জিনীয়ারদের সমবায় সমিতিগুলিকে রাজ্যসরকার সহযোগিতা করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে—

(১) পূর্ত বিভাগের অধীনে এই রকম সমবায় সমিতিগুলি (রেজিস্ট্রিকৃত) সংখ্যা কত,

(২) কি কি বিশেষ সুবিধা ইহাদের জন্য রক্ষিত, এবং

(৩) ১৯৭২-৭৩ সালে এই দপ্তরের প্রকল্পসমূহের জন্য ব্যয়িত অর্থের কত অংশ ইহারা (কাজ করিয়া) পাইয়াছিল?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) পশ্চিমবঙ্গ সরকারের সমবায় সমিতিসমূহের নিয়ামক (রেজিস্ট্রার অব কো-অপারেটিভ সোসাইটিজ)-এর অফিসে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত ৩২৪টি এইরূপ সমবায় সমিতি রেজেস্ট্রীভুক্ত হইয়াছে। পূর্ত বিভাগের অধীনে পৃথকভাবে উহাদের রেজেস্ট্রী-করণের প্রয়োজন হয় না।

(২) পূর্ত দপ্তরের অধীনে গৃহ এবং সড়ক নির্মাণ বিষয়ে যে সকল কার্যের প্রতিটির মূল্য অনধিক ৭০,০০০ টাকা তাহাতে ঐরূপ সমিতিগুলি টেন্ডার দাখিল করিয়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করিতে পারেন। এজন্য তাঁহাদিগকে অন্যান্য কন্ট্রাক্টরের ন্যায় বায়নার টাকা (আর্নেস্ট মানি) জমা দিতে হয় না। প্রাপ্ত টেন্ডারপত্রসমূহ পরীক্ষা ও গ্রহণ করিবার সময়ে ঐরূপ সমিতিগুলির ক্ষেত্রে সর্বনিম্ন টেন্ডারের উপর শতকরা ১৫ ভাগ পর্যন্ত অতিরিক্ত বিশেষ সুবিধা (প্রেফারেন্স আপ টু ১৫ পার্সেন্ট অ্যাবাভ দি লোয়েস্ট টেন্ডার) দেওয়া হয়। ঐরূপ সমিতিগুলির সম্ভাব্য আর্থিক অনটনের কথা চিন্তা করিয়া সম্প্রতি এই আদেশও প্রদান করা হইয়াছে যে, ঐরূপ সমিতিকে নাম্য প্রতিটি কার্যের মূল্যের শতকরা ২০ ভাগ (অনূর্ধ্ব ১০,০০০ টাকা) অগ্রিম দেওয়া হইবে। ঐ অগ্রিম টাকা রানিং অ্যাকাউন্ট বিল-সমূহ হইতে শতকরা ১০ টাকা হারে আদায় করা হইবে।

পূর্ত বিভাগের অধীনে গৃহ এবং সড়কে বাৎসরিক মেরামতি কার্যের শতকরা দশ ভাগ (১০ পার্সেন্ট অব অ্যানুয়াল গ্রুপ মেইন্টিন্যান্স ওয়ার্ক অব বিল্ডিংস অ্যান্ড রোডস) সাধারণ কন্ট্রাক্টরদের সঙ্গে বিনা প্রতিযোগিতায় ঐরূপ সমবায় সমিতিগুলির মধ্যে বণ্টন করিবার জন্য

সংরক্ষিত করিয়া রাখা হয় (আর কেণ্ট রিজাভড) এইরূপ সংরক্ষিত কাযগুলি ঐ সমিতিগুলির মধ্যে পূর্ত দপ্তরের মূল্য তালিকার সমহারে (আট পার উইথ দি পি ডাবলিউ ডি সিডিউল অব রেটস) বণ্টন করা হয়। এ ক্ষেত্রেও বায়নার টাকা (আর্নেস্ট মানি) লওয়া হয় না। এই প্রসঙ্গে ইহাও উল্লেখযোগ্য যে, সড়ক নির্মাণ এবং অন্যান্য মাটি কাটার কার্য বিষয়ে যে সকল প্রকল্পের মূল্য সমধিক সেগুলিকে যথাসম্ভব ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করিয়া (ঝাই স্প্লিটিং আপ বিগ প্রজেক্টস ইন্টু স্মল কম্পোনেন্টস আপ টু পার্পজ ২৫,০০০ ইচ) ঐরূপ সমবায় সমিতিগুলির মধ্যে উপরিবর্ণিত বিশেষ সুবিধায় বিলি করিবার নির্দেশও দেওয়া হইয়াছে।

(৩) পূর্ত বিভাগের অধীনে ৪৩টি আঞ্চলিক ভুক্তি (ডিভিসন) আছে। এ পর্যন্ত প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে দেখা যায় যে ১৯৭২-৭৩ সালে ফেব্রুয়ারি মাস পর্যন্ত গৃহ ও সড়ক নির্মাণের কার্যের মোট বণ্টিত অর্থের ৪·২৪ অংশ ঐরূপ সমিতিগুলি পাইয়াছিল।

কনস্টেবল নিয়োগ

*১৮২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪১।) **শ্রীজগদীশচন্দ্র দাসঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) [illegible] ১৯৭২ হইতে [illegible] পর্যন্ত [illegible] কনস্টেবল নিযুক্ত হইয়াছেন; এবং

(খ) [illegible]

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) [illegible] জন।

(খ) ১৫২১ জন।

আদর্শ পল্লী

*১৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *২০২৬।) শ্রীকৃষ্ণপদ ভট্টাচার্যঃ কৃষি এবং সমষ্টি উন্নয়ন ([illegible]) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে ১৯৫৬ সালে বিকেন্দ্রীকরণ পরিকল্পনায় পশ্চিমবঙ্গ সরকার [illegible] আদর্শ পল্লী (মডেল ভিলেজ) [illegible] করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, ঐ পরিকল্পনায় কোন্ কোন্ জেলায় [illegible];

(গ) [illegible];

(ঘ) ইহা কি সত্য যে, বীরভূম জেলার [illegible] (১) [illegible] আদর্শ গ্রাম [illegible] এবং [illegible];

(ঙ) সত্য হইলে, [illegible] করিয়াছেন; এবং

(চ) [illegible] ঐ পরিকল্পনা [illegible] চিন্তা করিতেছেন কি?

কৃষি এবং সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) নিম্নরূপঃ—

(১) বর্ধমান জেলায় ৭টি।

(২) বীরভূম জেলায় ৪টি।

(৩) নদীয়া জেলায় ৩টি।

(গ) ৪টি।

(ঘ) (১) পুকুর সহ ২৩·৩৫ একর জমি অধিগ্রহণ করা হইয়াছিল।

(২) জানা নাই।

(ঙ) অনুসন্ধান করা হইতেছে।

(চ) সরকারের এরূপ কোন পরিকল্পনা আপাততঃ নাই।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

বসন্তরোগের ভ্যাক্সিন তৈয়ারির পরিকল্পনা

৩৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৭।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বসন্তরোগের টিকার বীজ পশ্চিমবঙ্গে তৈয়ারি হয় কিনা;

(খ) না হইলে, উহা কোথা হইতে আমদানি করা হয়;

(গ) বসন্ত রোগ নির্মূল করার জন্য এই রাজ্যে ব্যাপকভাবে বসন্তের ভ্যাক্সিন তৈয়ারি করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(ঘ) থাকিলে, তাহার বিবরণ কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) ভারত সরকারের স্বাস্থ্যমন্ত্রকের মারফত আমদানি করা হয়।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

বন বিভাগ কর্তৃক সি এস আর ই বাবত প্রাপ্ত টাকা

৩৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৫।) **শ্রীকাশীনাথ মিশ্র:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বন বিভাগ সি এস আর ই (ক্র্যাশ স্কীম ফর রুরাল এমপ্লয়মেন্ট) বাবত কত টাকা পেয়েছে; এবং

(খ) উক্ত টাকায় কোন্ রেঞ্জে এবং কোন্ ডিভিসনে কি কি কাজ হচ্ছে?

বন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এ বৎসর বন বিভাগ সি এস আর ই বাবত মোট ৭৮,৪১,৫০০ টাকা পেয়েছে।

(খ) রেঞ্জে কি কি কাজ হচ্ছে তার বিবরণ সংগ্রহ করা সময় সাপেক্ষ। তবে উক্ত টাকায় বিভিন্ন বন বিভাগে কি কি কাজ হচ্ছে তার বিবরণ নিম্নে প্রদত্ত হইল।

ক্রমিক নং	জেলা	বন বিভাগের নাম	কি কাজ হচ্ছে তার বিবরণ
১।	দার্জিলিং ..	(ক) কার্শিয়াং ভূমি সংরক্ষণ বিভাগ ও (খ) কালিম্পং ভূমি সংরক্ষণ বিভাগ	ভূমিক্ষয় নিবারণের উদ্দেশ্যে ভূমি সংরক্ষণের কাজ। রাস্তা নির্মাণ
২।	দার্জিলিং ..	(ক) দার্জিলিং বন বিভাগ (খ) কালিম্পং বন বিভাগ (গ) কার্শিয়াং বন বিভাগ	(ক) মানেভানজং-রিম্বিক রোড (খ) লুলাগাও-নেম্বালং-চুনাভাটি রোড (গ) দিলারাম লাটপানচার রোড
৩।	জলপাইগুড়ি ..	বাক্সা বন বিভাগ ..	রাস্তা নির্মাণ—একটি দমনপুর হইতে জয়ন্তী পর্যন্ত ও অপরটি জয়ন্তী হইতে বাক্সা দুয়ার পর্যন্ত।
৪।	২৪-পরগনা ..	(ক) ২৪-পরগনা বন বিভাগ ও (খ) সিলভিকালচারাল (নর্থ) বন বিভাগ	নারিকেল চারা রোপণ
৫।	বাঁকুড়া ..	বাঁকুড়া বন বিভাগ ..	(ক) ভূমি সংরক্ষণের কাজ (খ) বৃক্ষরোপণ ও রাস্তা নির্মাণ
৬।	পুরুলিয়া ..	(ক) কংসাবতী ভূমি সংরক্ষণ বিভাগ (১নং) (খ) পাঞ্চেৎ ভূমি সংরক্ষণ বিভাগ	ভূমি সংরক্ষণের কাজ
		(গ) পুরুলিয়া বন বিভাগ	বৃক্ষরোপণ ও রাস্তা নির্মাণ
৭।	মেদিনীপুর ..	পূর্ব মেদিনীপুর বন বিভাগ .. পশ্চিম মেদিনীপুর বন বিভাগ	বৃক্ষরোপণ
৮।	মালদা	মালদা বন বিভাগ ..	জলভূমিযুক্ত বনাঞ্চলে বন সংরক্ষণের কাজ

রাজ্যে মশলার মূল্য বৃদ্ধি

৩৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮০।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকার লবঙ্গ, ছোট এলাচ, দারুচিনি, গোলমরিচ প্রভৃতি মশলা কোথা থেকে আমদানী করেন; এবং

(খ) সম্প্রতি ঐ সমস্ত মশলার দাম অত্যধিক বৃদ্ধি পাওয়ার কারণ কি?

খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) রাজ্য সরকার লবঙ্গ, ছোট এলাচ, দারুচিনি গোলমরিচ প্রভৃতি মশলা আমদানী করেন না।

(খ) ব্যবসায়িক ভিত্তিতে ঐ সমস্ত মশলা এই রাজ্যে আমদানী করা হয়। যেহেতু প্রয়োজন অপেক্ষা আমদানী কম, সেহেতু সম্প্রতি ঐ সমস্ত মশলার দাম বৃদ্ধি পাইয়াছে।

কলিকাতার রাসেল স্ট্রীটের পরিবার পরিকল্পনা অফিস

৩৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৯।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের কলকাতার ৬নং রাসেল স্ট্রীটে অবস্থিত পরিবার পরিকল্পনা অফিসে কি কি ধরনের কাজ হয়;

(খ) ঐ অফিসে কতজন কর্মী আছেন এবং তাঁরা কি কি পদে অধিষ্ঠিত আছেন, এবং

(গ) এইসমস্ত কর্মীরা সরকারের পরিবার পরিকল্পনার কার্যসূচী রূপায়িত করার জন্য গ্রামাঞ্চলে যান কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গে পরিবার কল্যাণ কর্মসূচীকে জনপ্রিয় করার উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের অনুমোদিত কর্মসূচী অনুযায়ী নানা প্রকার পরিবার পরিকল্পনা বিষয়ক জনশিক্ষা কর্মসূচীর রূপায়ণের ব্যবস্থা করাই এই অফিসের (মাস মিডিয়া ডিভিশনের) প্রধান কাজ। এই কাজের মধ্যে আছে [illegible] ও পত্র-পত্রিকা [illegible] প্রধান [illegible] পরিবার পরিকল্পনাসংক্রান্ত মাধ্যমে বিভিন্ন জেলায় [illegible] ব্যবস্থা, [illegible] পরিবার পরিকল্পনা বিষয়ক চলচ্চিত্র নির্মাণ ও প্রদর্শনের ব্যবস্থাপনা, সংবাদপত্র ও পত্র-পত্রিকায় বিজ্ঞাপন [illegible] পরিবার পরিকল্পনার [illegible] বিশেষভাবে উল্লেখযোগ্য।

(খ) বিভিন্ন পর্যায়ের ২১ জন কর্মী আছেন। যথাঃ—

		জন
অফিসার	...	২
করণিক	...	৩
স্টেনোগ্রাফার	...	১
টাইপিস্ট	..	২
স্টোরকিপার	...	২
ক্যাশিয়ার	...	১
আর্টিস্ট	.	১
প্রেস [illegible]		[illegible]
চতুর্থ [illegible] (মহিলা)		[illegible]
চতুর্থ [illegible] ([illegible])		

(গ) [illegible] স্তরের জনশিক্ষা [illegible] রাজ্য ও [illegible] ও সুষ্ঠু রূপায়ণের [illegible] ইনফরমেশন অফিসার [illegible]।

রাজ্যে কাজু বাদামের আমদানী

৩৯৫। (অনুমোদিত প্রশ্ন নং [illegible]) **শ্রী[illegible]ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এই রাজ্যে কাজু বাদাম কোন্ কোন্ রাজ্য থেকে আমদানী করা হয়?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ খাদ্য ও সরবরাহ বিভাগ কাজু বাদামের আমদানী, রপ্তানী কিংবা বণ্টনব্যবস্থা ইত্যাদির সংগে সংশ্লিষ্ট নহে। তবে বিভিন্ন বাজারে অনুসন্ধান করে জানা গেছে যে, এই রাজ্যে প্রধানত অন্ধ্রপ্রদেশ থেকে কাজু বাদাম আমদানী করা হয়।

মসকুইটো কন্ট্রোল ডিপার্টমেন্ট

৩৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫৯।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতার বাইরে কোন্ কোন্ জেলায় বর্তমানে মসকুইটো কন্ট্রোল ডিপার্টমেন্ট নাই;

(খ) উক্ত বিভাগ বিভিন্ন জেলায় চালু করার যে প্রস্তাব ছিল তা কার্যকর হইয়াছে কিনা;

(গ) হইয়া থাকিলে, কোন্ কোন্ জেলায় কয়টি করিয়া উক্ত স্কীম চালু হইয়াছে;

(ঘ) এ বাবতে প্রতি জেলায় কত পরিমাণ অর্থ দেওয়া হইয়াছে; এবং

(ঙ) কতজন লোক উক্ত কাজে কিভাবে নিযুক্ত হইয়াছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য বিভাগের দ্বারা পরিচালিত কোন মসকুইটো কন্ট্রোল ডিপার্টমেন্ট নেই।

(খ) বর্তমানে অনুরূপ কোন প্রস্তাব স্বাস্থ্য বিভাগে নেওয়া হয় নি।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) স্বাস্থ্য বিভাগ এ বাবত কোন অর্থ বরাদ্দ করেন নি।

(ঙ) প্রশ্ন উঠে না।

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার তহশীলদার

৩৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪০।) **শ্রীবলাইলাল শেঠঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে জেলাওয়ারী তহশীলদারদের সংখ্যা কত;

(খ) উহাদের মাহিনা কত; এবং

(গ) মাহিনা ছাড়া উঁহারা আর কোন সুবিধা পান কিনা এবং পাইলে কি কি?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক)

জেলার নাম		জন
বাঁকুড়া	...	৩৩৫
বীরভুম	...	৩৮৬
বর্ধমান	...	৫৬৭
কোচবিহার		১৭৮
দার্জিলিং	...	৩৯
হুগলি		৪০০
হাওড়া	...	২৬৪
জলপাইগুড়ি	...	১৪৮
মালদা	...	১৯৭
মেদিনীপুর	...	১,০৫১
মুর্শিদাবাদ	...	৩৯০
নদিয়া	...	১৮৩
পুরুলিয়া	...	৩৬
২৪-পরগনা	...	১,২৩৬
পশ্চিম দিনাজপুর	...	২১৭
মোট	...	৫,৬২৭

(খ) মাসিক ৫৭ টাকা ৫০ পয়সা হারে ভাতা পান।

(গ) হ্যাঁ। খাজনা আদায়ের উপর কমিশন ও বোনাস পান। কমিশন ও বোনাসের হার নিম্নরূপঃ

কমিশনের হার

(১) ৫,০০০ টাকা পর্যন্ত আদায়ের উপর ৩ পার্সেন্ট হারে।

(২) ৫,০০১ টাকা হইতে ৮,০০০ টাকা পর্যন্ত আদায়ের উপর ৪·৫ পার্সেন্ট হারে।

(৩) ৮,০০০-এর ঊর্ধ্বে ৬ পার্সেন্ট হারে।

বোনাসের হার

(১) মোট আদায়যোগ্য খাজনার ৮০ পার্সেন্ট আদায়ের জন্য ১২৫ টাকা।

(২) মোট আদায়যোগ্য খাজনার ৮০ পার্সেন্ট-এর বেশী এবং ৮৫ পার্সেন্ট পর্যন্ত আদায়ের প্রতি ১ পার্সেন্ট-এর জন্য ৭ টাকা।

(৩) মোট আদায়যোগ্য টাকার ৮৫ পার্সেন্ট-এর বেশী এবং ৯০ পার্সেন্ট পর্যন্ত আদায়ের প্রতি ১ পার্সেন্ট-এর জন্য ৮ টাকা।

(৪) ৯০ পার্সেন্ট-এর বেশী ও ৯৫ পার্সেন্ট পর্যন্ত আদায়ের প্রতি ১ পার্সেন্ট-এর জন্য ৯ টাকা।

(৫) ৯৫ পার্সেন্ট-এর বেশী এবং ১০০ পার্সেন্ট পর্যন্ত আদায়ের প্রতি ১ পার্সেন্ট-এর জন্য ১১ টাকা।

ইহা ছাড়া তহশীলদারদের কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ডের সুযোগ সুবিধা দিবার ব্যবস্থা করা হইতেছে।

রাজস্ব, ঋণ এবং সরকারী প্রাপ্য আদায় করা ছাড়া অন্য কোন কাজে তহশীলদারদের নিয়োগ করা হইলে তাহাদের অতিরিক্ত পারিশ্রমিক দেওয়া হয়।

চুঙ্গীকর ও প্রবেশকর বাবত সরকারী আয়

৩৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬৮।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-৭২ এবং ১৯৭২-৭৩ সালে ফেব্রুয়ারি পর্যন্ত চুঙ্গীকর এবং প্রবেশকর হইতে সরকার কত টাকা আয় করিয়াছেন;

(খ) উক্ত কর হইতে কলিকাতা ও পার্শ্ববর্তী জেলাগুলিকে কোন টাকা দেওয়া হয় কিনা; এবং

(গ) উক্ত টাকা কোন্ খাতে ব্যয় করা হয়?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমানে এই রাজ্যে পণ্য প্রবেশকর সম্পর্কে নিম্নলিখিত দুইটি আইন চালু আছেঃ

(১) ১৯৬২ সালের স্থানীয় এলাকায় পণ্য প্রবেশকর আইন (দি ট্যাক্সেস অন দি এন্ট্রি অফ গুডস্ ইন্টু লোকাল এরিয়াস অ্যাক্ট, ১৯৬২); এবং

(২) ১৯৭২ সালের কলিকাতা মেট্রোপলিটন এলাকায় পণ্য প্রবেশকর (দি ট্যাক্সেস অন এন্ট্রি অব গুডস্ ইন্টু ক্যালকাটা মেট্রোপলিটান এরিয়া অ্যাক্ট, ১৯৭২) (চুঙ্গীকর)।

উপরে লিখিত (১) ও (২) নং আইন বলে যথাক্রমে আদায়ীকৃত করের পরিমাণ নিম্নে দেওয়া হলঃ

১৯৭১-৭২	*১৯৭২-৭৩ (ফেব্রুয়ারি পর্যন্ত)
টাকা	টাকা
১) ২,৫৪,১১,৮৭৫·২৪	*২,৪১,৪৭,৭৬৪·৭৪
২) ৮,৬২,৮১,৪৬৬·০০	১০,৪৫,৬৫,৩৭৯·০০

*১৯৭২-৭৩ সালের হিসাব বিভাগীয় তথ্য হইতে প্রাপ্ত।

**১৯৭২ সালের মার্চ মাসে ২৩,৮৬,৪৯৬·০০ টাকা সংগৃহীত হইয়াছিল। ১৯৭৩ সালের মার্চ মাসের আদায়ীকৃত করের পরিমাণ যদি আনুমানিক ঐ টাকা ধরা হয়, তবে ১৯৭২-৭৩ সালে সংগৃহীত করের পরিমাণ হইবে ২,৬৫,৩৪,২৬০·৭৪ টাকা।

(খ) উপরে লিখিত আইন দুইটির মধ্যে কেবলমাত্র (২) নং আইনে আদায়ীকৃত কর খরচ বাদে কলিকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি এবং কলিকাতা মেট্রোপলিটন এরিয়ার অন্তর্ভুক্ত মিউনিসিপ্যাল বা অন্যান্য স্থানীয় সংস্থাগুলিকে অনুদান হিসাবে দেওয়া হয়।

(গ) উপরের (১) নং আইনে আদায়ীকৃত অর্থ ভারতের সংবিধানের ধারা অনুযায়ী রাজ্য সরকারের সাধারণ আয় খাতে জমা হয়, (২) নং আইনের আদায়ীকৃত অর্থ নিম্নলিখিত উপায়ে ব্যয় করা হয়ঃ

আদায় করার খরচ বাদে নীট আয়ের শতকরা ৫০ ভাগ কলিকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটিকে এবং অবশিষ্ট শতকরা ৫০ ভাগ কলিকাতা মেট্রোপলিটন এরিয়ার অন্তর্ভুক্ত বিভিন্ন মিউনিসিপ্যাল বা অন্যান্য স্থানীয় সংস্থাগুলিকে অনুদান হিসাবে দেওয়া হয়।

বোলপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

৩৯১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২২।) **শ্রীআনন্দগোপাল রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বোলপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে (১) মহকুমা হাসপাতালে উন্নীত করার এবং একটি অ্যাম্বুলেন্সের দাবী বোলপুরবাসীর বহুদিনের; এবং (২) এ বিষয়ে বোলপুর এলাকার অধিবাসীদের গণস্বাক্ষরসম্বলিত আবেদন ও বীরভূম জেলার অধিকাংশ এম এল এ-র স্বাক্ষরিত আবেদন সরকারকে দেওয়া হয়েছে; এবং

(খ) সত্য হলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) বোলপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে মহকুমা হাসপাতালে উন্নীত করার কোন পরিকল্পনা সরকারের নেই। বোলপুরে ৫০ শয্যাযুক্ত একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালু আছে। অতিরিক্ত ১০ শয্যা এই কেন্দ্রে চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

সরকারের বর্তমান নীতি অনুযায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে অ্যাম্বুলেন্স দেওয়ার কোন ব্যবস্থা নেই। তবে অন্যান্য প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের মত বোলপুরে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রেও রোগী বহনের একটি ইউনিসেফ গাড়ি আছে।

কেশপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার

৪০০। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫১।) **শ্রীরজনীকান্ত দলুই:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কেশপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বর্তমানে ডাক্তারের সংখ্যা কত; এবং

(খ) কতজন ডাক্তার বর্তমানে উক্ত স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসারত অবস্থায় আছেন এবং তাঁহাদের শিক্ষাগত যোগ্যতা কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) দুই।

(খ) দুই জন; উভয়েই এল এম এফ।

মেদিনীপুর জেলায় গ্রামীণ বৈদ্যুতীকরণ স্কীম

৪০১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭১।) **শ্রীঅজিতকুমার বসু:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলাতে কোন্ কোন্ ব্লকে এখনও পর্যন্ত গ্রামীণ বৈদ্যুতীকরণ স্কীম সম্প্রসারণ করা হয় নাই;

(খ) ঐরূপ না হওয়ার কারণ কি; এবং

(গ) খড়্গপুর ২নং ব্লকের অধীন মাধপুর অঞ্চলে গ্রামীণ বৈদ্যুতীকরণ বিষয়ে সরকারের কোন প্রকল্প বিবেচনাধীন আছে কি?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্পগুলি রূপায়িত হয় থানার ভিত্তিতে, ব্লক ভিত্তিতে হয় না। কাজেই ব্লকভিত্তিক পরি-সংখ্যান দেওয়ার অসুবিধা আছে। মেদিনীপুরের কেবলমাত্র তিনটি থানা—খেজুরী, মোহনপুর ও নন্দীগ্রামে এখনও পর্যন্ত কোন গ্রামীণ বৈদ্যুতীকরণ প্রকল্প সম্প্রসারিত হয় নাই।

(খ) রাজ্য বিদ্যুৎ পর্ষদের সামর্থ্য সীমিত হওয়ায় সর্বত্র একই সময়ে বিদ্যুৎ সম্প্রসারণের প্রকল্প গ্রহণ করা সম্ভব হয় না, ধাপে ধাপে গ্রহণ করিতে হয়।

(গ) মাধপুর মৌজায় ইতিমধ্যেই বৈদ্যুতীকরণের কাজ শেষ হইয়াছে।

রাইপুর থানায় মৌজাওয়ারী বৈদ্যুতীকরণ

৪০২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯১।) **শ্রীকাশীনাথ মিশ্র:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় রাইপুর থানায় ১৯৭৩-৭৪ সালে কতগুলি মৌজা বৈদ্যুতীকরণ করা হইবে;

(খ) উক্ত মৌজাগুলির নাম কি;

(গ) কবে নাগাত উক্ত কাজ কার্যকর হইবে; এবং

(ঘ) রাইপুর থানায় কতগুলি মৌজা ১৯৭১ এবং ১৯৭২ সালে বৈদ্যুতীকরণ করা হইয়াছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ২৮টি মৌজা।

(খ) ছোট সারেংগা, সারেংগা, খয়েরপাহাড়ী, বড় গড়িয়া, মণ্ডাদিহা, ফুলকুসুম শিরিষপাণি মলপুর, অনুর গোরিয়া, খড়ি গোরিয়া, লাকত, শ্যামসুন্দরপুর মাদগোদা কুলাদহা অসুর মরিয়াত্তের, মাষরা, লোমেরিয়া, সোনাগড়া, দুন্দার, পীরা পারাজী রাইপুর বাজার উপরবান্দা নির্মলি।

(গ) প্রয়োজনীয় অর্থ ও সরঞ্জাম সময়মত পাওয়া গেলে ১৯৭৩-৭৪ সালে কার্যকর হইবে লিয়া আশা করা যায়।

(ঘ) কোন মৌজা বৈদ্যুতীকরণ হয় নাই।

গাজোল থানায় অনুমোদিত হাই স্কুল

৪০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৩।) **শ্রীশিবশংকর বন্দ্যোপাধ্যায়ঃ** শিক্ষা বিভাগের ন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমানে মালদহ জেলার গাজোল থানায় অনুমোদিত য়টি হাই স্কুল আছে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ একটি হাইস্কুল আছে।

পলাশী সুগার মিলের কৃষি বিভাগের শ্রমিকদের মজুরী

৪০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০৯৩।) **শ্রীশিবশংকর বন্দ্যোপাধ্যায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রি-হাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার পলাশী সুগার মিলের কৃষি বিভাগের শ্রমিকরা সর্বনিম্ন মজুরী বিলের (মিনিমাম ওয়েজেস্ অ্যাক্ট) আওতায় পড়ে কি; এবং

(খ) ঐ কর্তৃপক্ষ কৃষি মজুরদের কত মজুরী দেন তাহার সংবাদ সরকারের আছে কিনা এবং থাকিলে, তাহা কি?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) পলাশী সুগার মিলের কৃষি বিভাগের শ্রমিকদের দৈনিক মজুরীর হারঃ

১। পুরুষ	...	টাঃ ৩·০৫ পঃ
২। মহিলা	...	টাঃ ২·৭৮ পঃ
৩। লাঙ্গল চালনার জন্য	...	টাঃ ৩·৮০ পঃ

উক্ত মজুরীর হার সরকার নির্ধারিত নিম্নতম মজুরীর হার অনুযায়ী।

পুরুলিয়া জেলায় প্রাথমিক স্কুল

৪০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৯।) **শ্রীকিংকর মাহাতঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় নুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় ১৯৭২-৭৩ সালে জানুয়ারি পর্যন্ত কয়টি নূতন প্রাথমিক বিদ্যালয় স্কুল মঞ্জুর হইয়াছে;

(খ) বর্তমান বৎসরে আর কোন নূতন প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরী দেওয়া হইবে কিনা এবং হইলে কত;

(গ) উক্ত জেলার ভাগে ১৯৭২-৭৩ সালের মধ্যে কয়টি টু-ক্লাস, ফোর-ক্লাস ও হাই স্কু মঞ্জুরীর কোটা আছে;

(ঘ) পুরুলিয়া জেলায় কয়টি ডেফিসিট গ্র্যান্ট-প্রাপ্ত হাই স্কুল আছে; এবং

(ঙ) উক্ত জেলায় আরও কয়টি স্কুল ডেফিসিট গ্র্যান্ট-এর সুযোগ পাইবে বলিয়া আশা ক যায়?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পুরুলিয়া জেলায় ১৯৭২-৭৩ সালে জানুয়া পর্যন্ত—

গ্রামে	...	২০টি
শহরে	..	৩টি
মোট	...	২৩টি

প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরীর সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

(খ) বর্তমান বৎসরে উক্ত জেলার গ্রামাঞ্চলে আরও ৫টি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুরীর সিদ্ধা গত ফেব্রুয়ারি মাসে লওয়া হইয়াছে।

(গ) উক্ত জেলায় ১৯৭২-৭৩ সালে নিম্নলিখিত বিদ্যালয়গুলির মঞ্জুরী বরাদ্দ আছেঃ

(১) উচ্চ বিদ্যালয়—

বালক	...	৭
বালিকা	...	১
মোট	...	৮

(২) চার শ্রেণীর জুনিয়র হাই-বিদ্যালয়—

বালক	..	৫
বালিকা	...	১
মোট	...	৬

(৩) দুই শ্রেণীর জুনিয়র হাই-বিদ্যালয়—

বালক	...	৮
বালিকা	...	১
মোট	...	৯

(ঘ) ১৯৭২ সালে মে মাসের পূর্ব পর্যন্ত ২২টি বিদ্যালয় ছিল।

(ঙ) নূতন 'বেতন ঘাটতি' প্রকল্প অনুসারে কোন কোন বিদ্যালয় বেতন ঘাটতি পাওয়া অধিকারী তাহা পরীক্ষা করিয়া দেখা হইতেছে।

পশ্চিমবঙ্গের চা-বাগিচা

৪০৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৬।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের চা-বাগিচাগুলি হইতে বৎসরে গড়ে কত পরিমাণ অর্থ কর বাবত আয় হয়;

(খ) ১৯৬৯ সাল হইতে ১৯৭২ সালের ডিসেম্বর পর্যন্ত কতজন শ্রমিক চা-বাগিচাগুলিতে নিযুক্ত হয়েছে;

(গ) কত একর জমিতে চা-বাগিচাগুলি আছে;

(ঘ) কোন্ কোন্ শ্রেণীর চা এখানে উৎপাদিত হইয়া থাকে;

(ঙ) কত পরিমাণ চা বিদেশে রপ্তানি করা হয়; এবং

(চ) বিদেশের কোন্ কোন্ স্থানে চা রপ্তানি হয় এবং কত টাকা ইহা হইতে সরকারের বাৎসরিক আয় হয়?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) অঞ্চলভিত্তিক উৎপাদনের হিসাব অনুযায়ী শুল্ক ও কর বাবত আয় নিম্নে প্রদত্ত হইলঃ

সাল		কোটি টাকা
১৯৬৯	...	৩·৮২
১৯৭০	...	৬·০৭
১৯৭১	...	৬·১৬

(১৯৭২ সালের হিসাব পাওয়া যায় নাই।)

(খ) ১৯৬৯ সাল হইতে ১৯৭১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গের চা-বাগিচাগুলিতে নিযুক্ত শ্রমিকদের সংখ্যাঃ

সাল		জন
১৯৬৯	...	২১৫,১৭৭
১৯৭০	...	২২৪,১০৫
১৯৭১	...	২২৮,৪১৮

(১৯৭২ সালের হিসাব সরকারের কাছে নাই।)

(গ) চা-বাগিচাগুলিতে জমির পরিমাণঃ

সাল		একর
১৯৬৯	...	২১৬,৩৮৫
১৯৭০	...	২১৭,৪২৫
১৯৭১	...	২১৮,৬৮৬

(১৯৭২ সালের হিসাব সরকারের কাছে নাই।)

(ঘ) প্রধানত অর্থোডক্স, সি টি সি এবং লেগ-কাট চা উৎপাদিত হয়। সবুজ চা-ও কিছু উৎপন্ন হয়।

(ঙ) পশ্চিমবঙ্গের কত চা বিদেশে রপ্তানি হয় তাহার কোন পৃথক পরিসংখ্যান সরকারের নাই।

১৯৭০, ১৯৭১ ও ১৯৭২ সালে সমগ্র ভারত হইতে চা রপ্তানির পরিমাণ নিম্নে প্রদত্ত হইলঃ

সাল		কোটি কিলোগ্রাম
১৯৭০	...	২০·২০
১৯৭১	...	২০·৬০
১০৭২	...	২০·৭৪

(চ) গ্রেট ব্রিটেন, রাশিয়া, সংযুক্ত আরব প্রজাতন্ত্র, সুদান, আফগানিস্থান, আমেরিকা যুক্তরাষ্ট্র, আইরিশ রিপাবলিক, অস্ট্রেলিয়া, পশ্চিম জার্মানী, নেদারল্যান্ড, ইরান, কানাডা, ইন্ডোনেসিয়া ও অন্যান্য অনেক রাষ্ট্রে ভারতের চা রপ্তানি হয়।

পশ্চিমবঙ্গের চা হইতে বাৎসরিক আয়ের কোন পৃথক তথ্য সরকারের কাছে নাই।

স্টুডেন্ট হেলথ্ হোম

৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, কলিকাতায় মৌলালির মোড়ে স্টুডেন্ট হেল্থ্ হোম নামে একটি প্রতিষ্ঠান আছে; এবং

(খ) সত্য হইলে—

(১) কোন্ সালে কত একর জমির উপর উক্ত প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হইয়াছে;

(২) বর্তমানে উক্ত প্রতিষ্ঠানের সদস্য সংখ্যা কত;

(৩) উক্ত প্রতিষ্ঠানটি কিভাবে পরিচালিত হয়;

(৪) উক্ত প্রতিষ্ঠানে কতজন কর্মচারী ও ডাক্তার আছেন;

(৫) উক্ত প্রতিষ্ঠানটিকে গত তিন বৎসরের কোন্ বৎসরে কত টাকা অনুদান দেওয়া হইয়াছে; এবং

(৬) উক্ত প্রতিষ্ঠানটির উন্নতির জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৫১ সালে, কমবেশী ৮ কাঠা ৯ ছটাক জমির উপর।

(২) আনুমানিক ৬৭,০০০।

(৩) একটি ওয়ার্কিং কমিটি প্রতিষ্ঠানটি পরিচালনা করেন।

(৪) ডাক্তার—৫০ জন।

অন্যান্য কর্মচারী—৩৫ জন।

(৫) ১৯৭০-৭১ সালে—১,২৫,০০০ টাকা

১৯৭১-৭২ সালে— ৭৫,০০০ টাকা

১৯৭২-৭৩ সালে ১,৫০,০০০ টাকা।

(৬) ইহা একটি বেসরকারী প্রতিষ্ঠান, সরকারের কোন পরিকল্পনা থাকার প্রশ্ন ওঠে না।

সরকারী ডেয়ারী ফার্মে বোতল ভাঙ্গার দরুন ক্ষতি

৪০৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫৩।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** পশুপালন ও পশুচিকিৎসা (ডেয়ারী উন্নয়ন শাখা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে বিভিন্ন সরকারী ডেয়ারী ফার্মে বৎসরে কতগুলি বোতল ভাঙ্গিয়া যায়; এবং

(খ) উহার জন্য সরকারের কত টাকা ক্ষতি হয়?

পশুপালন ও পশুচিকিৎসা (ডেয়ারী উন্নয়ন শাখা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই রাজ্যে বিভিন্ন সরকারী ডেয়ারী ফার্মে বৎসরে (১৯৭১-৭২) ১৩,০৯,৬২০ (তের লক্ষ নয় হাজার ছয় শত কুড়িটি) বোতল ভাঙ্গিয়া যায়।

(খ) ভাঙ্গা বোতলের মূল্য বৎসরে (১৯৭১-৭২) হয় পাঁচ লক্ষ বারো হাজার সাত শত ষোল টাকা তেইশ পয়সা, বোতলের ভাঙ্গা কাঁচ বিক্রয় করিয়া বৎসরে (১৯৭১-৭২) পাওয়া গিয়াছে এক লক্ষ অটত্রিশ হাজার উনিশ টাকা। সুতরাং সরকারের বিভিন্ন ডেয়ারী ফার্মে বৎসরে (১৯৭১-৭২) বোতল ভাঙ্গার জন্য ক্ষতি হইয়াছে তিন লক্ষ চুয়াত্তর হাজার ছয় শত সাতানব্বই টাকা তেইশ পয়সা।

সুন্দরবনের সাতজেলিয়া দ্বীপে কাগজ ও দেশলাই শিল্প

৪০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯১।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন দপ্তর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সুন্দরবনের সাতজেলিয়া দ্বীপটিতে কাগজশিল্প ও দেশলাইশিল্প গড়িয়া তোলার উপযোগী উপকরণ যথেষ্ট রয়েছে,

(খ) সত্য হইলে, সেখানে উক্ত শিল্প দুইটি তৈয়ারির ব্যাপারে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা;

(গ) পরিকল্পনা থাকিলে, কবে নাগাত উহা কার্যকরী হইবে; এবং

(ঘ) ঐ দ্বীপে বৈদ্যুতিক সংযোগের কোন ব্যবস্থা আছে কিনা?

উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন দপ্তর) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কৃষি দপ্তরের হিসাব অনুযায়ী সুন্দরবনের সাতজেলিয়া দ্বীপের অধিকাংশ জমিই বর্তমানে আবাদী। সামান্য অংশে বনভূমি রয়েছে। সুতরাং কেবলমাত্র সাতজেলিয়া অরণ্যসম্পদের উপর নির্ভর করে বনজশিল্প (কাগজ, দিয়াশলাই) গড়ে তোলা সম্ভব নয়। তবে সুন্দরবনের প্রায় ১,৬০০ বর্গমাইল পরিমিত বনভূমির যথাযোগ্য সদ্ব্যবহার করে বনজশিল্প সংগঠিত করা নিশ্চয় সম্ভব।

(খ) সুন্দরবনের সামগ্রিক উন্নয়নের জন্য দশসালা যে পরিকল্পনা রচিত হয়েছে তাতে সুন্দরবনের বনসম্পদকে ব্যবহার করে কাগজ ও কাগজমণ্ড, দিয়াশালাই প্রভৃতি বনজশিল্প গঠনের সুপারিশ করা হয়েছে। স্বভাবতই যোগাযোগ ব্যবস্থার সুবিধার দরুন এই শিল্পগুলি আঞ্চলিক কেন্দ্রসমূহ গ'ড়ে তোলার সুবিধা অনেক। যেমন ক্যানিং, গোলাবডী, নেনাট, প্রভৃতি। সাতজেলিয়ার সেইরূপ অবস্থানগত সুবিধে নেই।

(গ) সুন্দরবন উন্নয়ন সংক্রান্ত সমস্ত প্রস্তাব 'প্ল্যানিং কমিশনের' বিবেচনাধীন আছে। প্ল্যানিং কমিশনের সম্মতি পেলে কাজে হাত দেওয়া যাবে।

(ঘ) বর্তমানে সাতজেলিয়ায় বিদ্যুৎ সরবরাহের কোন ব্যবস্থা নেই।

বেহালা এলাকায় চিকিৎসার সুযোগসুবিধা

৪১০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতার নিকটবর্তী বেহালাতে প্রায় চার লক্ষ অধিবাসী বাস করেন কিন্তু সেখানে কোন হাসপাতাল নাই;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি;

(গ) বর্তমানে উক্ত এলাকার অধিবাসীরা কিভাবে চিকিৎসার সুযোগ পাইতেছেন; এবং

(ঘ) সরকারী হিসাব অনুযায়ী উক্ত এলাকায় ১৯৭১-৭২ এবং ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) চিকিৎসার অভাবে কতজন শিশু, প্রসূতি এবং অন্যান্য রোগগ্রস্ত ব্যক্তি মারা গেছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক), (খ) এবং (গ) বর্তমানে বেহালা অঞ্চলে সরশুনাস্থ সরকারী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ছাড়া আরও চারটি বেসরকারী হাসপাতাল আছে। ঐ এলাকার অধিবাসীরা সেখানে চিকিৎসার সুযোগ পেয়ে আসছেন।

(ঘ) এ রকম খবর সরকারের জানা নেই।

বাঁকুড়া জেলার স্বাস্থ্যকেন্দ্রগুলির নির্মাণ কার্য

৪১১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৯৪।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলায় বাঁকুড়া ১নং ব্লক, খাতড়া ২নং ব্লক এবং ছাতনা ব্লক-এর হেল্‌থ্‌ সেন্টার মঞ্জুর হইলেও ঐসকল কেন্দ্রের কাজ আরম্ভ হয় নাই;

(খ) সত্য হইলে, কি কি কারণে কাজ আরম্ভ হয় নাই; এবং

(গ) বাঁকুড়া ১নং ব্লকের স্বাস্থ্য কেন্দ্রের কাজ কবে নাগাত আরম্ভ হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) আগেকার অনুমোদিত অর্থ নির্মাণকার্যের পক্ষে কম হয়ে যাওয়াতে কাজগুলি শুরু করা হয় নি।

পূর্ত বিভাগ বলেছেন শীঘ্রই আরম্ভ হবে।

কুষ্ঠরোগীদের পুনর্বাসন পরিকল্পনা

৪১২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪৯।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া ও অন্যান্য জেলার কুষ্ঠরোগীদের পুনর্বাসনের জন্য সরকার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিনা; এবং

(খ) করিয়া থাকিলে, তাহা কবে নাগাত কার্যকর করা হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বাঁকুড়া জেলার পিয়ারাডোবায় একটি পুনর্বাসন কেন্দ্র স্থাপনের প্রস্তাব বিবেচনা করা হচ্ছে।

(খ) সঠিক বলা সম্ভব নয়।

হলদিয়ায় আই টি আই স্কুল

৪১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯২।) **শ্রীরবীন্দ্রনাথ করণঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হলদিয়ায় আই টি আই স্কুল নির্মাণের কাজ শেষ হইতে এখনও বিলম্ব আছে;

(খ) সত্য হইলে, বিলম্ব হইবার কারণ কি;

(গ) কবে নাগাত ইহার নির্মাণের কাজ শেষ হইবে; এবং

(ঘ) কবে থেকে এখানে পড়াশুনার কাজ আরম্ভ হইবে এবং কি কি ট্রেড এখানে পড়ানো হইবে?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) হাউসিং ডাইরেক্টরেটের উপর এই আই টি আই ভবন নির্মাণের ভার ন্যস্ত আছে। তাঁহারা এখনও ইহার নির্মাণ কাজ সমাপ্ত করিতে পারেন নাই।

(গ) হাউসিং ডাইরেক্টরেটের মতে ইহার নির্মাণ কাজ এই বৎসরের অগাস্ট মাসের পূর্বে শেষ হইবে।

(ঘ) নির্মাণের কাজ শেষ হইলেই এখানে পড়াশুনার কাজ আরম্ভ হইবার পরিকল্পনা আছে।

প্রথম দফায় ১৯৭৩ সালের অগাস্ট মাস হইতে ব্লাকস্মিথ, কার্পেন্টার, ইলেক্‌ট্রিসিয়ান ফিটার, পেন্টার ও ডেকরেটর, অয়ারম্যান, মোটর মেকানিক ও ওয়েল্ডার এই ট্রেডগুলি পড়ানোর ব্যবস্থা হইবে।

দ্বিতীয় দফায় ১৯৭৪ সালের অগাস্ট মাস হইতে মেসিনিস্ট (মিলার), মেসিনিস্ট (এস এস পি), টার্নার, ইন্সট্রুমেন্ট মেকানিক, অপারেটর। অ্যাটেনডান্ট (কেমিক্যাল) এবং ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট এই ট্রেডগুলি পড়ানোর ব্যবস্থা হইবে।

কাঁথি মিউনিসিপ্যালিটি এলাকায় পাইপওয়াটার সাপ্লাই স্কীম

৪১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৯৩।) **শ্রীসুধীরচন্দ্র দাসঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) কাঁথি মিউনিসিপ্যালিটি এলাকায় ও উক্ত শহরের চারিপার্শ্বের গ্রামাঞ্চলে 'পাইপ-ওয়াটার সাপ্লাই' স্কীমের কোন্‌টির জন্য কত টাকা মঞ্জুর হইয়াছে; এবং

(খ) এই স্কীমগুলির কাজ কবে নাগাত আরম্ভ ও শেষ হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কাঁথি পৌর এলাকাকে বাদ দিয়ে কাঁথি স্যালাইন জোন-এর জন্য একটি নলবাহিত জলসরবরাহ পরিকল্পনা (পাইপওয়াটার সাপ্লাই স্কীম) মঞ্জুর করা হয়েছে। এর জন্য আনুমানিক ব্যয় ৪৭ লক্ষ ২৪ হাজার টাকা।

কাঁথি পৌর এলাকার জন্য একটি জলসরবরাহ পরিকল্পনা ২১এ মার্চ, ১৯৭৩ তারিখে মঞ্জুর করা হয়েছে। এর আনুমানিক খরচ ২১ লক্ষ টাকা।

(খ) স্কীম দু'টির' কাজ ১৯৭৩-৭৪ সালে আরম্ভ হবে। প্রথম স্কীমটির কাজ ৩১এ মার্চ, ১৯৭৭ তারিখের মধ্যে শেষ হবে। দ্বিতীয় স্কীমটি ৩১এ মার্চ, ১৯৭৮ তারিখের মধ্যে শেষ হইবে।

প্লাইউড্ কারখানা

৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪১।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** শ্রম বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের অনেকগুলি প্লাইউড্ কারখানা বর্তমানে বন্ধ হয়ে আছে;

(খ) সত্য হলে, (১) বন্ধ থাকা কারখানার সংখ্যা কত; (২) বন্ধ থাকার কারণ; (৩) কয়টি বর্তমানে চালু আছে;

(গ) গ্রেট ইন্ডিয়া প্লাইউড্ কোম্পানী, বাগডোগরা প্লইউড্ কতদিন যাবত বন্ধ আছে এবং সরকার এইগুলি চালু করার জন্য কি ব্যবস্থা করেছেন; এবং

(ঘ) উক্ত বন্ধ কারখানাগুলির মোট শ্রমিক সংখ্যা কত?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, কয়েকটি প্লাইউড্ কারখানা বর্তমানে বন্ধ হয়ে আছে।

(খ) (১) ২৯এ মার্চ, ১৯৭৩ তারিখে ৩টি কারখানা বন্ধ ছিল।

(২) শ্রমিক-মালিক বিরোধ, তৈরী মাল বাতিল ও কারখানা পরিচালনায় অক্ষমতার ও কাঁচা মালের অভাবের দরুন কারখানাগুলি বন্ধ হইয়া যায়।

(৩) জানা নাই।

(গ) ৭৬নং যশোহর রোডের গ্রেট ইন্ডিয়ান প্লাইউড্ ম্যানুফ্যাক্চারিং কোম্পানী ৬ই ফেব্রুয়ারি, ১৯৬৯ তারিখ হইতে ও বাগডোগরা প্লাইউড্ ফ্যাক্টরি ১৯এ জানুয়ারি, ১৯৭০ তারিখ হইতে বন্ধ আছে।

শ্রমিক-মালিক বিরোধের জন্য যে কারখানাগুলি বন্ধ আছে, সালিশীর জন্য শ্রম অধিকারকে নির্দেশ দেওয়া হইয়াছে।

ইহার মধ্যে বাগডোগরা প্লাইউড্ ফ্যাক্টরির বন্ধের বিরোধটি শিল্প ন্যায়পীঠে ১৯৭০ সালের মে মাসে বিচারের জন্য পাঠান হইয়াছিল। এই ব্যাপারে শিল্প ন্যায়পীঠের বিচারের অধিকার নাই বলিয়া বিচারক রায় দিয়াছেন।

(ঘ) বন্ধ কারখানাগুলিতে শ্রমিক সংখ্যা ছিল—

গ্রেট ইন্ডিয়ান প্লাইউড্ ম্যানুফ্যাকচারিং কোম্পানি—১৩০ জন।

বাগডোগরা প্লাইউড্ ফ্যাক্টরি—জানা নাই।

বি এস, প্লাইউড্ অ্যান্ড কোম্পানি, ১।৬ নবীনচন্দ্র দাস লেন, কলিকাতা—১০০ জন।

নূতন ফ্যাক্টরি লাইসেন্স

৪১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯১।) **ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের ১লা জানুয়ারি হইতে ১৯৭৩ সালের ২০এ ফেব্রুয়ারি পর্যন্ত কতগুলি নূতন ফ্যাক্টরির জন্য লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে;

(খ) ইহার মধ্যে কতগুলির কাজ (১) আরম্ভ হইয়াছে, (২) মার্চ মাসের মধ্যে আরম্ভ হইবে; এবং

(গ) উক্ত লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে কতজন বাঙ্গালী?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭২ সালের ১লা জানুয়ারি হইতে ১৯৭৩ সালের ২০এ ফেব্রুয়ারি পর্যন্ত ফ্যাক্টরিস্ অ্যাক্ট অনুযায়ী ১১২টি ফ্যাক্টরি রেজিস্ট্রি করা হইয়াছে। নূতন ফ্যাক্টরি স্থাপন করিবার জন্য লাইসেন্স কেন্দ্রীয় সরকার দিয়া থাকেন।

(খ) উৎপাদন আরম্ভ হইবার পর ফ্যাক্টরি রেজিস্ট্রি করা হইয়া থাকে। সুতরাং ১৯৭২ সালের ১লা জানুয়ারি হইতে ১৯৭৩ সালের ২০এ ফেব্রুয়ারি পর্যন্ত ১১২টি নূতন ফ্যাক্টরিতে কাজ আরম্ভ হইয়াছে। মার্চ মাসের মধ্যে কয়টিতে আরম্ভ হইবে তাহা জানা নাই।

(গ) রেজিস্ট্রিকৃত ফ্যাক্টরিগুলির মধ্যে ৪৬টি বাঙ্গালীদের।

মেদিনীপুর জেলায় ভারী ও নূতন শিল্প

৪১৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০০২।) **শ্রীকৃষ্ণপ্রসাদ দুলেঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) মেদিনীপুর জেলার কোথায় কোথায় ভারী ও নূতন শিল্প খোলার প্রস্তাব আছে; এবং

(খ) ঐ শিল্পসংস্থায় কত নূতন চাকুরির সুযোগ হইবে?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মেদিনীপুর জেলার হলদিয়া, খড়্গপুর, ঝাড়গ্রাম ও কাঁথিতে নূতন শিল্প খোলার প্রস্তাব আছে।

(খ) এই সম্ভাব্য শিল্পগুলিতে কত নূতন চাকুরির সংস্থান হইবে তাহা সঠিকভাবে বলা এখন সম্ভব নহে।

Scooter, Motor tyre and Glass factory at Haldia

418. (Admitted question No. 1962.) **Shri SARADINDU SAMANTA:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if the State Government desires to start any factory like Scooter, Motor tyre and Glass at Haldia; and

(b) if so, when the said factories will be started at Haldia?

The Minister for Commerce and Industries: (a) No decision about the sites of these industries has yet been taken.

(b) Does not arise.

মেটাল প্রেস ওয়ার্কস কোম্পানী

৪১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪০।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেটাল প্রেস ওয়ার্কস কোম্পানী (বরানগর) প্রায় তিন বছর যাবৎ বন্ধ হয়ে আছে; এবং

(খ) সত্য হলে,—

(১) কি কারণে বন্ধ হয়ে আছে; এবং

(২) উহা চালু করার জন্য সরকার কি ব্যবস্থা করছেন?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) অন্যান্য কারণের মধ্যে অর্থাভাব ও মালিকপক্ষের অন্তর্দ্বন্দ্ব উল্লেখযোগ্য।

(২) উক্ত কোম্পানী পুনর্গঠনের নিমিত্ত ইন্ডাস্ট্রিয়াল রিকনস্ট্রাকশন কর্পোরেশন অব ইন্ডিয়ার নিকট আবেদন করিয়াছে এবং ঐ আবেদন উক্ত কর্পোরেশন-এর বিবেচনাধীন রহিয়াছে।

গোসাবা ব্লকে নলকূপ

৪২০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫১।) **শ্রীঅরবিন্দ নস্করঃ** স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) চব্বিশপরগনা জেলার গোসাবা ব্লকে অঞ্চলওয়ারী বর্তমানে মোট কতগুলি নলকূপ আছে;

(খ) তন্মধ্যে কোন্ অঞ্চলে কতগুলি নলকূপ চালু আছে এবং কতগুলি অকেজো অবস্থায় আছে; এবং

(গ) অকেজো নলকূপগুলি মেরামতের বা পুনঃস্থাপনের কোন বন্দোবস্ত হইতেছে কিনা এবং হইলে, কতদিনে উহা মেরামত বা পুনঃপ্রতিষ্ঠা হইবে?

স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মোট ১৫২টি।

(খ) অঞ্চলওয়ারী চালু ও অকেজো নলকূপের সংখ্যাঃ

ক্রমিক সংখ্যা	অঞ্চলের নাম	নলকূপের সংখ্যা	
		চালু	অকেজো
১	আমতলী	১৭	২
২	কুমীরমারী	১৭	৩
৩	ছোটমোল্লাখালী	১৯	৩
৪	রাধানগর তারানগর	২৭	২
৫	গোসাবা	৫	১
৬	বালী	৯	৩
৭	সাতজেলিয়া	৫	২
৮	বাঙ্গাবেলিয়া	১	..
৯	বিপ্রদাসপুর	২	১
১০	লাহিড়ীপুর	২	১
১১	কচুখালী	১১	৩
১২	পাথানখালী	১	১
১৩	শম্ভুনগর	১২	২
	মোট	১২৮	২৪

(গ) পল্লী জলসরবরাহ প্রকল্পের অধীনে প্রতি ৪০০ জনে একটি বা প্রতি গ্রামে অন্তত একটি করিয়া নলকূপ স্থাপনের নীতি অনুযায়ী প্রাত বৎসর বাজেটে বরাদ্দকৃত অর্থের পরিমাণ সাপেক্ষে অকেজো নলকূপগুলির পুনর্খননের ব্যবস্থা করা হয়। আগামী ১৯৭৩-৭৪ সালে এই বাবত বাজেট বরাদ্দ হইতে যে পরিমাণ অর্থ উক্ত ব্লকে মঞ্জুর করা হইবে তাহা দ্বারা যতগুলি সম্ভব অকেজো নলকূপ পুনর্খনন করা হইবে। যতশীঘ্র সম্ভব সাধারণ মেরামতির কাজ সম্পন্ন করার জন্য বিভাগীয় নির্দেশ দেওয়া আছে।

নবগ্রাম বিধানসভা কেন্দ্রে পানীয় জলের নলকূপ

৪২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪৮।) **শ্রীআদ্যচরণ দত্তঃ** স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) মুর্শিদাবাদ জেলায় নবগ্রাম বিধানসভা কেন্দ্রে কতগুলি পানীয় জলের নলকূপ--

(১) নূতন বসানো হইয়াছে, ও

(২) রিসিঙ্কিং করা হইয়াছে; এবং

(খ) নবগ্রাম বিধানসভা কেন্দ্রে বর্তমানে বিকল নলকূপের সংখ্যা কত?

স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) একটি।

(২) ৬৯টি।

(খ) ১৩৫টি।

তাহেরপুর কলোনী

৪২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫৬।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) নদিয়া জেলার তাহেরপুর কলোনীতে বর্তমানে পরিবার এবং মোট লোক সংখ্যা কত;

(খ) সরকারী হিসাব অনুযায়ী এই কলোনীতে বর্তমানে কতজন বেকার আছেন;

(গ) ইহা কি সত্য যে, শিল্প স্থাপনের জন্য এই কলোনীর পার্শ্ববর্তী এলাকাতে সরকার জমি সংগ্রহ করিয়াছিলেন;

(ঘ) সত্য হইলে, কত একর জমি সংগ্রহ করিয়াছিলেন;

(ঙ) ইহার মধ্যে কত একর জমি আর আই সি-কে হস্তান্তর করা হইয়াছে;

(চ) এইসব জমি বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(ছ) উদ্বাস্তু অধ্যুষিত নদিয়া জেলার বেকার সমস্যা সমাধানের জন্য এই জমিতে শিল্প স্থাপনের জন্য সরকার কোন পরিকল্পনা করিয়াছেন কিনা এবং করিলে, কি কি পরিকল্পনা করিয়াছেন?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পরিবার সংখ্যা ৩,৭৬০ এবং লোক সংখ্যা ১৫,০৪০।

(খ) ঐরূপ কোন হিসাব রাখা নাই, তবে এই সংখ্যা প্রায় ৩,৫০০-এর মধ্যে।

(গ) হ্যাঁ।

(ঘ) ১৫·৪৪ একর।

(ঙ) ৭·৩৩ একর।

(চ) অধিগৃহীত জমির কিছু অংশ স্থানীয় উদ্বাস্তুগণ চাষ করিতেছেন।

(ছ) হ্যাঁ, সুতাকল, গেঞ্জির কারখানা, দেশলাই কারখানা, অ্যামপিউলের কারখানা প্রভৃতি স্থাপনের পরিকল্পনা আছে।

মেদিনীপুর জেলার বিভিন্ন গ্রামে বিদ্যুৎ সরবরাহ

৪২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬৪।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর): বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে মেদিনীপুর জেলায় কতগুলি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভবপর হইবে; এবং

(খ) ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত মেদিনীপুর জেলায় কতগুলি গ্রামে বিদ্যুৎ পেঁছান সম্ভবপর হইয়াছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১,৩৩৭টি গ্রামে (১৯৭৩ সালের ডিসেম্বর পর্যন্ত)।

(খ) ৬৩৮টি গ্রামে।

এন বি এস টি সি-এর বাস সার্ভিসে আয় ও ব্যয়

৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৬।) **শ্রীবীরেশ্বর রায়:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এন বি এস টি সি-তে বাস সার্ভিস-এ ১৯৭২ সালের জানুয়ারি হইতে ডিসেম্বর পর্যন্ত মোট কত টাকা আয় ও কত টাকা ব্যয় হইয়াছে;

(খ) ১৯৭২ সালে এন বি এস টি সি-তে বাস-এ বেল বাজাইবার জন্য কত টাকার সুতা খরিদ করা হইয়াছে; এবং

(গ) ইহা কি সত্য যে, দূরপাল্লার বাসগুলি ছাড়া কোন বাসেই এই সুতা বেল বাজাইবার জন্য লাগানো হয় না?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৭২ সালের জানুয়ারি হইতে ডিসেম্বর পর্যন্ত এন বি এস টি সি-এর মোট আয় (রেভেনু ইনকাম) ২১৬ লক্ষ টাকা ও মোট ব্যয় (রেভেনু এক্সপেণ্ডিচার) ২২৭ লক্ষ টাকা।

(খ) বেল বাজাইবার জন্য প্রয়োজনীয় সুতা মজুত থাকায় ১৯৭২ সালে এন বি এস টি সি-তে সুতা খরিদ করা হয় নাই।

(গ) দূরপাল্লা ও নিকটপাল্লা উভয় শ্রেণীর বাসে বেল বাজাইবার জন্য সুতা লাগানো হয়।

পশ্চিম দিনাজপুর জেলায় কৃষি জমিতে জলসেচ

৪২৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৪০।) **শ্রীবীরেশ্বর রায়:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় কৃষি জমিতে জলসেচের জন্য বর্তমানে কি কি পদ্ধতি চালু আছে;

(খ) কোন্ কোন্ পদ্ধতিতে পৃথক্ পৃথক্‌ভাবে মোট কত একর জমিতে জলসেচ করা সম্ভব হয়;

(গ) গত খরিফে মোট কত একর জমিতে জলসেচ করা সম্ভব হয়েছিল এবং বর্তমান রবি ফসলে কত একর জমিতে জলসেচ করা সম্ভব হবে; এবং

(ঘ) খরিফের যেসমস্ত জমিতে জলসেচ করা সম্ভব হয়েছে সেই জমির উৎপন্ন ফসলের পরিমাণ কত?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিম দিনাজপুরে পুষ্করিণী, নদীসেচ, গভীর অগভীর ও অন্যান্য নলকূপ এবং কূপ হতে জলসেচ করা হয়।

(খ)

		একর
পুষ্করিণী	...	২৪,৬০০
নদীসেচ	...	২১,৮০০
গভীর নলকূপ	...	৩,৫০০
অগভীর নলকূপ	...	৮,৫০০
অন্যান্য নলকূপ	...	১,৮৫০
কূপ	...	১,১৫০
	মোট	৬১,৪০০

(গ) গত খরিফে ৫৫,১৭১ একর জমিতে সেচ হয়েছে এবং বর্তমান রবি ফসলে ৫৯,১০০ একর জমিতে সেচ দেওয়া সম্ভব হবে।

(ঘ) খরিফে ৬,৪৭১ একর পাটের জমিতে এবং ৪৮,৭০০ একর ধানের জমিতে জলসেচ দেওয়া সম্ভব হয়েছে এবং উৎপন্ন ফসল যথাক্রমে ১২,৩৬৯ বেল এবং ৩২,০০০ মেঃ টন চাউল (ক্লিন রাইস)।

পশ্চিমবঙ্গে সংগৃহীত ধান ও চাউল

৪২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২৭।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমান বৎসরে (২৮এ ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত) কি পরিমাণ ধান ও চাউল সংগৃহীত হইয়াছে;

(খ) ধান ও চাউল সংগ্রহের পরিমাণ লক্ষ্যমাত্রার আনুপাতিক হারে কত হইয়াছে;

(গ) মেদিনীপুর জেলায় ধান ও চাউল সংগ্রহের লক্ষ্য পূরণ হইয়াছে কিনা; এবং

(ঘ) না হইলে, সরকার উক্ত জেলাতে ধান ও চাউল সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমান খরিফ বৎসরে (১লা নভেম্বর, ১৯৭২ হইতে ৩১এ অক্টোবর, ১৯৭৩ পর্যন্ত) এই রাজ্যে চাউল সংগ্রহের লক্ষ্যমাত্রা স্থির হইয়াছে ৩ লক্ষ মেট্রিক টন। ইহার মধ্যে ২৮এ ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত চাউলের হিসাবে ৯১,৬৩৮ মেট্রিক টন সংগৃহীত হইয়াছে। ইহা ব্যতীত ৩১,১২৩ মেট্রিক টন লেভী-মুক্ত চাউলও সংগৃহীত হইয়াছে।

(খ) সংগ্রহের লক্ষ্যমাত্রার আনুপাতিক হারে লেভী-মুক্ত চাউল ব্যতীত ২৮শে ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখ পর্যন্ত সংগ্রহের পরিমাণ শতকরা ৩০·৫ ভাগ হইয়াছে।

(গ) ও (ঘ) না। বর্তমান খরিফ বৎসরে মেদিনীপুর জেলায় চাউল সংগ্রহের লক্ষ্যমাত্রা স্থির হইয়াছে ৩৫,০০০ মেট্রিক টন; কিন্তু ইহার মধ্যে ২৮এ ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখ পর্যন্ত চাউলের হিসাবে ১৩,২৩০ মেট্রিক টন সংগৃহীত হইয়াছে। ইহা ব্যতীত ৮,৫৩১ মেট্রিক টন লেভীমুক্ত চাউলও সংগৃহীত হইয়াছে।

বাজারে উদ্বৃত্ত চাউলের আমদানির অপ্রতুলতার জন্য খাদ্য নিগম কতকগুলি ভ্রাম্যমান ক্রয়-কেন্দ্র স্থাপন করিয়াছেন। এই কেন্দ্রগুলি কোন নির্দিষ্ট দিনে জেলার সুদূর অভ্যন্তরে গিয়া বি ডি ও-দের পরামর্শ অনুসারে ধান্য সংগ্রহ করিয়া থাকেন। ইহা ব্যতীত সরকার কর্ডনিং এবং মজুতবিরোধী ব্যবস্থা (ডি-হোর্ডিং অপারেশন) প্রয়োজনানুসারে জোরদার করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

রায়না ২নং ব্লকে সরকার কর্তৃক ধানসংগ্রহ

৪২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২৫।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার রায়না ২নং ব্লক হ'তে সরকার মোট কত মণ ধান ৬ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত সংগ্রহ করেছেন; এবং

(খ) ঐ ব্লকে ধান সংগ্রহের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই খরিফ বৎসরে বর্ধমান জেলার রায়না ২নং ব্লক হ'তে সরকার খাদ্য নিগমের মাধ্যমে গত ৬ই মার্চ, ১৯৭৩ তারিখ পর্যন্ত ১,৭৩৭·৫৮ কুইন্টাল ধান সংগ্রহ করেছেন। এর মধ্যে ১৭০ কুইন্টাল ধান উৎপাদকেরা স্বেচ্ছায় বিক্রি করেছেন আর বাকী অংশ লেভী দ্বারা সংগ্রহ করা হয়েছে।

(খ) ধান সংগ্রহের জন্য ঐ ব্লক এলাকায় খাদ্য নিগমের নয়টি ক্রয় কেন্দ্র এবং তেরজন ডি পি এজেন্ট আছে। তা ছাড়াও প্রয়োজন দেখা দিলে ধান সংগ্রহের জন্য খাদ্য নিগমের ভ্রাম্যমান ক্রয় কেন্দ্রগুলিকে ঐ এলাকায় পাঠানো হয়। খাদ্য নিগমের পরিদর্শক ও ডি পি এজেন্টরা উৎপাদকদের সংগে দেখা করে তাদের লেভী মিটিয়ে দিতে অনুরোধ করছেন।

অ্যালুমিনিয়ম শিল্প

৪২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২২৫।) **ডাঃ ওমর আলীঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২০ জন বা তার বেশী শ্রমিক কাজ করেন এমন অ্যালুমিনিয়ম কারখানা পশ্চিমবঙ্গে কয়টি এবং তার নাম;

(খ) অ্যালুমিনিয়ম শিল্পে নিযুক্ত শ্রমিক সংখ্যা পশ্চিমবঙ্গে কত;

(গ) অ্যালুমিনিয়ম কারখানাগুলি সরকারী পরিচালনাধীনে আনার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(ঘ) থাকলে, কবে নাগাত আনা হবে?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ২২টি। উহাদের তালিকা এইসংগে নিম্নে দেওয়া হইল।

(খ) পশ্চিমবঙ্গে ১৯৭১ সালে অ্যালুমিনিয়ম শিল্পে নিযুক্ত শ্রমিকসংখ্যার দৈনিক গড় ৬,৫৪৪।

(গ) বিষয়টি রাজ্যসরকারের এক্তিকারভুক্ত নয়।

(ঘ) প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 428

List of factories employing 20 workers or more in Aluminium manufacturing

Name and address of factory

1. The Aluminium Corporation of India Ltd., P.O. Jaykaynagar, district Burdwan.

2. Durlabh Metal Industries (P.) Ltd., Howrah Industrial Estate, Shed No. 26, L Type, P.O. Dasnagar, district Howrah.

3. Indian Aluminium Co. Ltd., 39, Grand Trunk Road, Belur Works. P.O. Belur Math, district Howrah.

4. Harish Metal Industries, 1, K. D. Jalan Road, P.O. Salkia, district Howrah.

5. India Foils Ltd., P.O. Kamarhati, district 24-Parganas.

6. Aluminium Cables & Conductors (U.P.) (P.) Ltd. (Properzi Division), 4, Ahmed Mamooji Street, Lillooah, Howrah.

7. Calcutta Wire Works, 6 Tiljala Road, P.O. Park Circus, district 24-Parganas, Calcutta-17.

8. Electrical Manufacturing Co. Ltd., Cable Works, 136 Jessore Road, Calcutta-28.

9. J. J. H. Industries Private Ltd., 9 Transport Depot Road (Hide Road Extension), Calcutta-27.

10. Aluminium Cables & Conductors (U.P.) Private Ltd., 47, Hide Road Extension, Calcutta-27.

11. Hind Die-Castings (P.) Ltd., 1007101, Dharamtolla Road, P.O. Ghusuri, district Howrah.

12. Die Casting Industries (P.) Ltd., Sarkarpool, Budge Budge Road, P.O. M. Govindpur, district 24-Parganas.

13. A. T. Gooyee Metal Works P. Ltd., 1, Mall Road, Calcutta-23.

14. Electrical Manufacturing Co. Ltd. (Casting Works), 137B, Jessore Road, Calcutta-28.

15. Ajanta Plastics Private Ltd., 188, Manicktolla Main Road, Calcutta-11.

16. Caster India & Co., 105/2, Ultadanga Main Road, Calcutta-4.

17. Ashoka Industries, 34, South Canal Road, Calcutta-10.

18. The Aluminium Manufacturing Private Ltd., 2 Jessore Road, Dum Dum, district 24-Parganas.

19. Swastika Steel & Allied Products (Tail Unit Division), 8/1, Nutanpara Road, P.O. Lillooah, Howrah.

20. Premier Irrigation Equipment (P.) Ltd., village and P.O. Boral, district 24-Parganas.

21. K. L. Dutt & Sons, 103/1B, Raja Dinendra Street, Calcutta-6, district 24-Parganas.

22. Electrical Manufacturing Co. Ltd. (Extrusion Works), 136, Jessore Road, Calcutta-28.

মুর্শিদাবাদ জেলায় হাজি আয়ুব মোতয়ালী ওয়াকফ্ প্রপার্টি

৪২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭৭।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** বিচার (ওয়াকফ্) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কোন্ কোন্ মৌজায় "হাজি আয়ুব মোতয়ালী" ওয়াকফ্ প্রপার্টি (চাষ-আবাদযোগ্য) আছে এবং তার মোট জমির পরিমাণ কত;

(খ) উক্ত জমি খাস হয়েছে কিনা;

(গ) হয়ে থাকলে, সরকার দখল লইয়াছে কিনা;

(ঘ) উক্ত জমি বন্দোবস্ত দেওয়া বা রায়তী বন্দোবস্ত দেওয়া হয়েছে কিনা; এবং

(ঙ) এ জমির "জমিদারী কমপেন্‌সেসন" দেওয়া হয়েছে কিনা?

বিচার (ওয়াকফ্) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন মৌজায় অবস্থিত "হাজি আয়ুব মোতয়ালী" ওয়াকফ্ প্রপার্টির তালিকা নিম্নে সংযোজিত হইল। উক্ত ওয়াকফ্ প্রপার্টির মোট পরিমাণ ৪৭৬·০৫ একর।

(খ), (গ) ও (ঘ) ১৯৬৫ সাল হইতে উক্ত ওয়াকফ্‌ প্রপার্টি কোর্টের আদেশ অনুসারে এক-জন রিসিভার কর্তৃক পরিচালিত হইতেছে। এই বিষয়ে রিসিভারের নিকট হইতে বিশদ তথ্য সংগ্রহ করিতে হইলে কোর্টের আদেশ প্রয়োজন এবং উহা সময়সাপেক্ষ।

(ঙ) কোর্টের আদেশ ব্যতীত রিসিভারের নিকট হইতে ঐ তথ্য সংগ্রহ করা সম্ভব নহে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 429

E. C. No. 1841 Wakf Estate of Haji Md. Ayub

Names of the mauzas with their relevant jurisdiction list Nos. (as shown in the Enrolment Application

Serial No.	Name of mauza	Jurisdiction list No.
1	Barua	.
2	Madda	50
3	Bhatpara	38
4	Bairgachi	82
5	Baninathpur	65
6	Gorabazar	90
7	Bhabta	7
8	Jhumka	48
9	Nanik Nagar	54
10	Bisan Nagar	53
11	Kapasdanga	125
12	Beldanga	51
13	Kataikona	156/84
14	Kashipur	153
15	Shaktipur	79
16	Bapar Shah	75

Serial No.	Name of mauza	Jurisdiction list Nos.
17	Hijli	74
18	Chumrigacha	120
19	Bhabkai	32
20	Madhupur	31
21	Kaodla	33
22	Rangamati Chandpara	1049
23	Araji Chandpara	49
24	Chiruti	106
25	Mirzapur	64
26	Malıani	63
27	Madhyampur	61
28	Char Sonadiar	42
29	Deb Kunda	49
30	Soruha	59
31	Hareknagar	52
32	Kumarpur	44
33	Hari Narayanpur	39
34	Chatiani	Not mentioned.
35	Dakhin Basudebpur	91
36	Dakshin Hijol	37

বাঁকুড়া জেলায় খরায় পানীয় জলের কূপ

৪৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৫০।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালে বাঁকুড়া জেলায় খরার সময় পানীয় জলের জন্য ব্লকওয়ারী কতগুলি কূপের কাজ আরম্ভ হইয়াছিল;

(খ) কতগুলি কূপের কাজ সমাপ্ত হইয়াছে;

(গ) উক্ত কাজের জন্য ব্লকওয়ারী কত টাকা মঞ্জুর হইয়াছিল;

(ঘ) ১৯৭১ সালের ব্লকওয়ারী রুর‍্যাল ওয়াটার সাপ্লাই-এর কতগুলি কূপ মঞ্জুর হইয়াছিল; এবং

(ঙ) তন্মধ্যে কতগুলি কূপের কাজ সমাপ্ত হইয়াছে এবং কত টাকা খরচ হইয়াছে?

স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) সরকারী কার্যক্রমের হিসাব আর্থিক বৎসর অনুযায়ী রাখা হয়। ১৯৭২-৭৩ আর্থিক বৎসরে কূপ খনন ইত্যাদি কাজের হিসাব এতদ্‌সংলগ্ন বিবরণী নিম্নে দেওয়া হইল।

(গ) নলকূপ ও কূপ খননাদির জন্য স্থানীয় জেলাশাসক বিভিন্ন ব্লক উন্নয়ন অফিসারকে একসংগে টাকা মঞ্জুর করেছেন। শুধু কূপের জন্য আলাদা কোন টাকা মঞ্জুর করা হয় নাই। ব্লকওয়ারী মঞ্জুরীকৃত মোট টাকার পরিমাণ (নলকূপ ও কূপের জন্য) উপরি-উক্ত বিবরণীর তৃতীয় কলমে নিম্নে দেওয়া হইল।

(ঘ) পঞ্জিকা বর্ষ অনুযায়ী ১৯৭১ সালের কোন হিসাব নেই। তবে ১৯৭১-৭২ আর্থিক বৎসরে মোট ১২০টি নলকূপ ও কূপ মঞ্জুর করা হইয়াছিল। ব্লকওয়ারী হিসাব আপাতত দেওয়া যাইতেছে না।

(ঙ) সমাপ্ত কাজগুলির মধ্যে শুধু কূপের সংখ্যা ২৯। খরচের হিসাব এখনও পাওয়া যায় নাই।

Statement referred to in reply to Clauses (Ka), (Kha) and (Ga) of unstarred question No. 430

ক্রমিক সংখ্যা	ব্লকের নাম।	কাজ আরম্ভ হইয়াছে এরূপ কূপের সংখ্যা।	কাজ সমাপ্ত হইয়াছে এরূপ কূপের সংখ্যা	মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ (কপ ও নলকূপের জন্য)
				টাকা
১	বাকুড়া-১	৩৫	১২	৩৩,৫০০
২	বাঁকুড়া-২	২০	৪	৪৬,৫০০
৩	অণ্ডা	২১	১১	১,১৫,৫০০
৪	ছাতন	২৭	১৮	৫২,৫০০
৫	গঙ্গাজলঘাটি	৩৫	৩১	৭০,০০০
৬	বড়জোড়া	২৮	২৫	৪০,০০০
৭	শালতোড়া	৮	৮	৪২,০০০
৮	মেঝিয়া	৮	৮	২৩,০০০
৯	রায়পুর-১	২৫	১৫	৬৬,৫০০
১০	রায়পুর-২	২০	১৬	৭১,৫০০
১১	খাতরা-১	২৫	১৫	৫৪,৫০০
১২	খাতরা-২	৩৫	১৪	৫২,০০০
১৩	রাণীবাঁধ	৩৫	২২	৪৫,০০০
১৪	তালডাংরা	৩৫	২৮	৫২,০০০
১৫	সিমলাপাল	১৮	১৮	৭৪,০০০
১৬	ইন্দপুর	৩৫	২৪	৬৭,৫০০
১৭	বিষ্ণুপুর	৪৫	৪৫	৮২,৫০০
১৮	সোনামুখী	১	১	৬৭,০০০
১৯	ইন্দাস	..	..	৬৬,০০০
২০	পাত্রসায়ার	১০	১০	৫১,৫০০
২১	কোতলপুর	৩৬	৩৬	৮৯,০০০
২২	জয়পুর	১৫	১৫	৬১,৫০০

বাঁকুড়া জেলায় ব্লকওয়ারী এম আর ডিলার

৪৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩১।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় ব্লকওয়ারী বর্তমান এম আর ডিলারের সংখ্যা কত;

(খ) গত এক বৎসরে কতজন নূতন এম আর ডিলার নিয়োগ করা হইয়াছে;

(গ) এম আর ডিলারের নিয়োগের পদ্ধতি কি; এবং

(ঘ) পশ্চিমবঙ্গের জেলাওয়ারী বর্তমানে এম আর ডিলারের সংখ্যা কত?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বাঁকুড়া জেলায় ব্লকওয়ারী বর্তমানে এম আর ডিলারের সংখ্যা এতৎসহ সংযুক্ত ১নং তালিকায় নিম্নে দেওয়া হইল।

(খ) ১৫৫ জন।

(গ) পূর্বে এম আর ডিলার নিয়োগের যে পদ্ধতি ছিল তাহা হইল—এম আর ডিলারের জন্য আবেদনপত্রগুলি যথাযথ অনুসন্ধানের পর বি ডি ও-র মতামত আমন্ত্রণ করা হইত। তাহার পর বি ডি ও-র মতামতসহ আবেদনপত্রগুলি মহকুমা শাসকের অনুমোদনের জন্য পেশ করা হইত এবং তাহার সুপারিশ অনুযায়ী এম আর ডিলার নিয়োগ করা হইত।

কিন্তু বর্তমানে এম আর ডিলার নির্বাচনের ব্যাপারে রাজ্যসরকার রাজ্যের প্রত্যেক জেলাতে সরকারী ও বেসরকারী সদস্য লইয়া "অ্যাডভাইসরি কমিটি ফর অ্যাপয়েন্টমেন্ট অফ এম আর ডিসট্রিবিউটর অ্যান্ড রিটেলার" নামক কমিটি গঠন করিয়াছেন।

এম আর ডিলার হিসাবে নিযুক্ত হইবার জন্য আবশ্যকীয় দরখাস্তগুলি খাদ্য ও সরবরাহ বিভাগের সংশ্লিষ্ট মহকুমা নিয়ামকদের নিকট পেশ করিতে হয়। মহকুমা নিয়ামকেরা দরখাস্তগুলি সম্বন্ধে প্রয়োজনীয় তদন্তের পর তাঁহাদের রিপোর্টসহ সংশ্লিষ্ট কমিটির নিকট সমীক্ষার জন্য পেশ করেন। কমিটি আবশ্যকীয় সমীক্ষার পর তাহার সুপারিশ জেলাশাসকের নিকট পাঠান এবং জেলাশাসক সুপারিশ অনুযায়ী খাদ্য ও সরবরাহ বিভাগের মহকুমা নিয়ামকগণ এম আর ডিলার নিয়োগ করেন।

(ঘ) পশ্চিমবঙ্গের জেলাওয়ারী বর্তমানে এম আর ডিলারের সংখ্যা এতদ্সহ সংযুক্ত ২নং তালিকায় নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to Clause (Ka) of unstarred question No. 431

১নং তালিকা

বাঁকুড়া জেলায় ব্লকওয়ারী এম আর ডিলারের সংখ্যা

ব্লকের নাম		এম আর ডিলারের সংখ্যা
বাঁকুড়া শহর	...	৫৩
বাঁকুড়া ১নং ব্লক	...	৩৫
বাঁকুড়া ২নং ব্লক	...	৩৭
ওন্দা		৭১
বারজোরা	...	৪৯
গঙ্গাজল ঘাটি	...	৬০
মেঝিয়া	...	২৮
শালতোড়া	...	৪৭
ছাতনা	...	৬৭

ব্লকের নাম		এম আর ডিলারের সংখ্যা
ইন্দপুর	...	৬৩
খাতরা ১নং ব্লক	...	৪৭
খাতরা ২নং ব্লক	...	৩৮
রাণীবাঁধ	...	৩৭
তালডাংরা	...	৪০
সিমলাপাল	...	৩৭
রায়পুর ১নং ব্লক	...	৪০
রায়পুর ২নং ব্লক	...	৩৮
বিষ্ণুপুর শহর	...	২০
বিষ্ণুপুর গ্রাম	...	৪০
জয়পুর	...	৩৯
কোতলপুর	...	৩৩
সোনামুখী শহর	...	১০
সোনামুখী গ্রাম	...	২৬
পাত্রসায়র	...	২৯
ইন্দাস	...	৩০
	মোট	১,০১৪

Statement referred to in reply to Clause (Gha) of unstarred question No. 431

২নং তালিকা

পশ্চিমবঙ্গের জেলাওয়ারী এম আর ডিলারের সংখ্যা

জেলার নাম		এম আর ডিলারের সংখ্যা
চব্বিশ-পরগনা	...	২,০৫৮
নদিয়া	...	১,০৮৩
মুর্শিদাবাদ	...	৯৫৭
জলপাইগুড়ি	...	৪৫৬
মালদহ	...	৫৩২
দার্জিলিং	...	৩৮৬
কোচবিহার	...	৩৭৮
হুগলি	...	৯৫৬
হাওড়া	...	৬৩৯
পশ্চিম দিনাজপুর	...	৬৩০
বাঁকুড়া	...	১,০০০
বর্ধমান	...	১ ৩০৪
বীরভূম	...	৬৯২
মেদিনীপুর	...	১,৬৪০
পুরুলিয়া	...	৮১৭
	মোট	১৩ ৫২৮

বাঁকুড়া জেলায় কুষ্ঠরোগীর সংখ্যা

৪৩২। (অনুমোদিত প্রশ্ন নং ১০০৭।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বর্তমানে কুষ্ঠরোগীর সংখ্যা কত;

(খ) উক্ত জেলায় কোন্ কোন্ প্রতিষ্ঠানে কুষ্ঠরোগীদের চিকিৎসা হইয়া থাকে এবং প্রতিদিন কতজন রোগী চিকিৎসার সুযোগ পাইয়া থাকেন;

(গ) বর্তমানে বিভিন্ন জেলায় কুষ্ঠরোগীর সংখ্যা কত;

(ঘ) বাঁকুড়া জেলায় নেগেটিভ কুষ্ঠরোগীর সংখ্যা কত; এবং

(ঙ) বর্তমানে তাহারা কোন্ কোন্ স্থানে বসবাস করিতেছেন এবং কিভাবে জীবিকানির্বাহ করিতেছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ২৯ হাজার ১৮ জন।

(খ) একটি তালিকা নিম্নে প্রদত্ত হ'ল। এসব চিকিৎসাকেন্দ্রে আগত সকল রোগীই চিকিৎসা পেয়ে থাকেন।

(গ) একটি তালিকা নিম্নে প্রদত্ত হ'ল।

(ঘ) রোগীদের প্রায় শতকরা ৮০ জন নেগেটিভ।

(ঙ) এসব সঠিক বলা সম্ভব নয়। কিছুসংখ্যক রোগী এবং প্রাক্তন রোগী কল্যাণপুর এবং নবজীবনপুরে বসবাস করছেন। বিষ্ণুপুরের হিন্দ কুষ্ঠ নিবারণ সঙ্ঘ কর্তৃক পরিচালিত বৃত্তি শিক্ষণ কেন্দ্রেও কিছুসংখ্যক প্রাক্তন রোগী শিক্ষা গ্রহণ করছেন।

Statement referred to in reply to Clause (Kha) of unstarred question No. 432

প্রতিষ্ঠানের নাম

১। গৌরীপুর লেপ্রসি কলোনী, বাঁকুড়া।

২। স্টাডি অ্যান্ড ট্রিটমেন্ট সেন্টার, সানবান্ধা।

৩। ইনভেস্টিগেশন সেন্টার, বাঁকুড়া।

৪। সোনামুখী লেপ্রসি ট্রিটমেন্ট সেন্টার, সোনামুখী।

৫। সদর লেপ্রসি ট্রিটমেন্ট সেন্টার, বাঁকুড়া।

৬। রায়পুর লেপ্রসি কন্ট্রোল ইউনিট।

৭। রাণীবাঁধ লেপ্রসি ক্লিনিক (তপসীল উপজাতিদের জন্য)।

৮। বাঁকুড়া লেপ্রসি হোম অ্যান্ড হসপিটাল।

৯। গঙ্গাজলঘাটি এস ই টি সেন্টার।

(বাঁকুড়া জেলাপরিষদ কর্তৃক পরিচালিত নিম্নলিখিত ২৪টি)

১০। লোকপুর।

১১। গঙ্গাজলঘাটি।

১২। মালিয়াড়া।

১৩। কাঞ্চনপুর।

১৪। হরিরামপুর।

১৫। চান্দার।
১৬। সোনামুখী।
১৭। পাত্রসায়র।
১৮। বুলাই
১৯। পাথরমুড়া।
২০। রামসাগর।
২১। ওন্ডা।
২২। সিমলাপাল।
২৩। তালডাংগা।
২৪। রতনপুর।
২৫। নাসিয়ারা।
২৬। কালাপাথর।
২৭। ইন্দপুর।
২৮। সালতোড়া
২৯। সালমা।
৩০। কুষ্ঠাল।
৩১। মঠগোড়া।
৩২। কোনাপুর।
৩৩। রাধানগর।

Statement referred to in reply to Clause (Ga) of unstarred question No. 432

জেলার নাম		কুষ্ঠরোগীর সংখ্যা
১। বাঁকুড়া	...	২৯,০১৮
২। বীরভূম	...	১৮,৮৮৮
৩। বর্ধমান	...	৩২,৮৮০
৪। কলিকাতা	...	১২,৭৪৫
৫। দার্জিলিং	...	৪,৪৫০
৬। হুগলি	...	১৩,৯৮৬
৭। হাওড়া	...	২৪,১৬৫
৮। জলপাইগুড়ি	...	১৩,৭২৫
৯। মালদহ	...	৯,৭৮০
১০। মেদিনীপুর	...	৭৮,৬০১
১১। মুর্শিদাবাদ	...	১৫,৭৪০
১২। নদিয়া	...	১৭,১৭৪
১৩। চব্বিশপরগনা	...	৫৯,৯১৮
১৪। পশ্চিম দিনাজপুর	...	১০,৮১৫
১৫। পুরুলিয়া	...	১৬,০০০

মেদিনীপুর জেলায় কাঁসাই ও কেলেঘাই নদী-প্রকল্প

৪৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪৩।) **শ্রীঅজিতকুমার বসু (মেদিনীপুর):** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কাঁসাই প্রকল্পে যে খাল খনন করা হইতেছে তাহার দ্বারা কোন্ কোন্ ব্লকের কোন্ কোন্ গ্রামের জমিগুলি সেচের আওতায় আসিবে; এবং

(খ) মেদিনীপুর জেলায় কেলেঘাই নদীর প্রকল্পটি সমাপ্ত হইয়াছে কিনা এবং না হইয়া থাকিলে, কবে নাগাত সমাপ্ত হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) সেচের আওতাভুক্ত জমিগুলির অঞ্চলওয়ারী বিবরণসহ একটি তালিকা লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) কেলেঘাই প্রকল্পটির কাজ এখনও সমাপ্ত হয় নাই। ১৯৭৪ সালের মার্চ মাস নাগাত প্রকল্পটির কাজ সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

সরকারের পরিচালনাধীন জঙ্গল

৪৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩১।) **শ্রীঅজিতকুমার বসু (মেদিনীপুর):** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবাংলায় সরকারের পরিচালনাধীন জঙ্গলের আয়তন কত বর্গকিলো মিটার;

(খ) বন বিভাগ হইতে প্রতি বৎসর গড়ে সরকারের তহবিলে মোট কত টাকা জমা হয়; এবং

(গ) পশ্চিমবঙ্গের বন বিভাগের উন্নয়নের জন্য ১৯৭২-৭৩ সালে সরকার কর্তৃক জেলাভিত্তিক কি পরিমাণ অর্থ খরচ করা হইয়াছে?

বন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১১,৬৩৪ বর্গকিলোমিটার।

(খ) বন বিভাগের আয় ১৯৭১-৭২ সালে ৩ কোটি ৪৫ লক্ষ টাকা হয়েছে।

(গ) ১৯৭২-৭৩ সালে জেলাভিত্তিক উন্নয়ন বাবত বরাদ্দের হিসাব লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হইল।

Calling Attention on Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received 7 notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Hunger Strike by the ratepayers of the Asansol Municipality due to scarcity of drinking water—from Shri Aswini Roy.

(2) Emergent relief for the people of Rashkhawa village under Karandighi P.S. in West Dinajpur rendered homeless by a devastating fire—from Shri Md. Dedar Baksh.

(3) Mass Hunger Strike by three hundred Class IV staff of Calcutta Corporation since 5th April, 1973—from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Md. Dedar Baksh, Shri Kartic Chandra Biswas, Shri Naresh Chandra Chaki and Dr. Ekramul Haque Biswas.

(4) Relay Hunger Strike by the camp employees of North 24-Parganas since 1st April, 1973—from Dr. Ekramul Haque Biswas and Shri Md. Dedar Baksh.

(5) Anti-labour policy adopted by the Management of Sen Raleigh Ltd. at their Burdwan factory affecting the interest of 4,000 workers—from Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharya, Shri Kashinath Misra, and Shri Asamanja De.

(6) Naxalite activities and murder of two policemen in the district of Malda—from Shri Naresh Chandra Chaki.

(7) Threatened Mass Squatting on the 10th April and Strike on the 11th April, 1973, by the teaching and nonteaching staff of the private colleges in West Bengal in fostering their long standing demands—from Shri Sankardas Paul.

I have selected the notice of Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Md. Dedar Baksh, Shri Kartic Chandra Biswas, Shri Naresh Chandra Chaki and Dr. Ekramul Haque Biswas on the subject of mass Hunger Strike by three hundred Class IV staff of Calcutta Corporation since 5th April, 1973. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Ajit Kumar Panja: On the 17th April.

Mr. Speaker: The Minister-in-charge of Cottage and Small Scale Industries Department will make a statement on the subject of Hunger Strike before the Purbasthali Block Development office from 3rd April, 1973 by the weavers —attention called by Shri Md. Dedar Baksh on 5th April, 1973.

Dr. Zainal Abedin: Mr. Speaker, Sir, in response to the Calling Attention Notice by honourable Member Shri Md. Dedar Baksh I beg to make the following statement:

The House is aware that for quite sometime past West Bengal has been experiencing a severe Yarn Crisis mostly on account of non-availability of yarn and steadily rising prices. More often than not yarn market registered fluctuations which were not warranted and somewhat inexplicable. Such developments were brought to the notice of Government of India from time to time. Such a critical situation was also obtaining elsewhere in the country. Against this backdrop Government of India decided to impose firm restrictions on production and distribution of yarn for civil consumption. Accordingly on 13th March, 1973 Government of India announced imposition of control by issuing orders under the Cotton Textile Control Order, 1948. The control orders prescribe that quotas should be allotted henceforth by the Textile Commissioner in favour of State Government and responsibility for lifting and distributing such quotas shall devolve on the State Government.

[1-50—2-00 p.m.]

In pursuance of the orders, the Textile Commissioner intimated on 31st March, 1973 allotment of 6,27,936 kgs. of yarn of various counts for handloom and 4,71,670 kgs. of yarn of different counts for Powerloom Sector for the month of March, 1973. The allotment is so inadequate that it hardly meets 40 per cent. of the State's requirement for handloom and 18 per cent. for Powerloom Sector. Attention of the Textile Commissioner has been drawn at once to this unrealistic allotment and State's deand was firmly put across to him. Thereafter on 1st April, 1973 the Minister-in-charge, Cottage and Small Scale Industries, met representatives of various interests involved in yarn trade and emphasised the necessity of dealing with the crisis on war-footing. It was decided to appoint ad-hoc dealers who should lift State quota and lifted quota should be distributed amongst consuming weavers through a net work of local sub-dealers.

Not content with taking the matter of increasing State quota to the level of Textile Commissioner, the Chief Minister, the Minister-in-charge, Cottage and Small Scale Industries and Finance Minister dashed to New Delhi on 2nd April, 1973 to agitate the issue before the Union Commerce Minister. On the same date the Joint Secretary, Cottage and Small Scale Industries Department was sent to Bombay to personally represent the State's case before the Textile Commissioner. Thereafter on 4th April, 1973, Minister of State, Cottage and Small Scale Industries Department and Secretary, Cottage and Small Scale Industries Department have been sent to New Delhi to follow up discussion initiated by the team of Ministers. It is hoped that combined efforts of all concerned will not be in vain.

It is gathered just now that the Textile Commissioner has intimated that the allocations made for March, 1973 were of purely ad-hoc nature and rational basis for future allocation could be evolved in a meeting to be held on 10th April, 1973 at Bombay with the representatives of the State Government. The Secretary, Cottage and Small Scale Industries Department, is going to represent the State Government in the meeting. The Textile Commissioner has further informed that in addition to the quota already allotted in favour of the State, separate orders are being issued for allocation of quotas under 5 different heads as mentioned below:

(1) allocation for hosiery industry through the Hosiery Federation;

(2) allocation for handloom fabric exporters through the Handloom Export Promotion Council:

(3) allocation for handloom garments exporters through the Textile Export Promotion Council;

(4) the Beams and Pirons produced by the Textile mills in the State will be available for the power looms in the State; and

(5) the stocks of yarn that will become available after the result of operation that is currently going on in the districts and in the city of Calcutta is known.

Be that as it may, uptil now ninety-two dealers including Handloom Apex have been appointed and charged with lifting 6,27,936 kgs. of yarn covering Handloom Sector and for Powerloom Sectors, various organised associations and bodies looking after the interests of Powerlooms, and seventy-two solvent co-operatives have been given permits to lift 4,46,040 kgs. of yarn for Powerlooms for distribution amongst their members. Individual powerloom operators not covered by the bodies mentioned above are being given permits for lifting their quota directly from the mills concerned. It is expected that the quotas so lifted will be distributed amongst weavers within a very short time.

In the meantime, in accordance with the orders of the Textile Commissioner, District Collectors/Deputy Commissioner/Police Commissioner for Calcutta have been authorised to require dealers within their territorial jurisdiction to declare their stock forthwith and to arrange for its equitable distribution at a fair reasonable price to be fixed by them. In case of contravention of their order these officers have been further authorised to seize the stock of yarn and arrange its distribution without any loss of time. It is gathered that in Calcutta a number of teams composed of police officers and officers of the Directorate have already started going round the shops of yarn dealers and the result of operation will be known shortly.

Simultaneously with the finalisation of the ad-hoc arrangement as described above immediate steps were taken to set up a regular machinery for lifting and distributing State quota of yarn. The Cabinet on the 30th March has approved our proposal the salient points of which are as follows.

A number of licenced yarn dealers including Handloom Apex and others will be selected as State level dealers. The existing dealers will be required to have an annual turn-over of at least Rs. 25 lakhs to make them eligible for selection. The dealers who will lift State quota will be selected by an Advisory Committee.

Sir, in this context I have already requested the Hon'ble Member, Shri Paresh Chandra Goswami, through our Food and Supplies Minister, to call off the hunger strike and to persuade the weavers to co-operate with the Government for equitable distribution of the cotton yarn as far as practicable and as much quota as we have been allotted.

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় জানাবেন কি কল্যাণী স্পিনিং মিলের সুতো কেন ছাড়ছেন না? আমরাও হাংগার স্ট্রাইক করতে বাধ্য হবো।

ডাঃ জয়নাল আবেদিন: যদিও এতে এটা আসে না তবু বলছি। আমরা কল্যাণী স্পিনিং মিলের সুতো বিক্রি করতে পারছি না। আমরা স্টক করছি। কারণ টেক্সটাইল কমিশনার অল স্পিনিং মিলের ক্ষেত্রে যা করছেন তাই হবে। অর্থাৎ তারা যাকে দিতে বলবেন, আমরা তাকে দিতে বাধ্য। দ্যাট ইজ এ সেপারেট ইসু এবং উই হ্যাভ কেপ্‌ট দি স্টক। টেক্সটাইল কমিশনার যাকে অ্যালট করবেন, তাদের বিক্রি করতে আমরা পারবো।

শ্রীমহম্মদ সফিউল্লা: সুতো নিয়ে যা হচ্ছে তাতে আমরা

Mr. Speaker: Mr. Safiulla, under the rules I cannot allow you to initiate a discussion or debate. Please take your seat. Now, mention cases. I call Shri Aswini Roy.

শ্রীআবদুল বারি বিশ্বাস: মিঃ স্পীকার স্যার, অন এ পয়েন্ট অব ইনফরমেশান। আমি সেন র্যালের উপর যে কলিং অ্যাটেনসান দিয়েছিলাম আপনি তা অ্যাকসেপ্ট করেন নি। এটা জরুরী বিষয় আপনাকে ইনফবমেশান দেওয়া দরকার তাই অনুরোধ করছি কিছু বলতে দিতে।

Mr. Speaker: Mr. Biswas, your calling attention on the subject of hunger strike of the class IV staff of the Calcutta Corporation has been admitted.

শ্রীআবদুল বারি বিশ্বাস: দয়া ক'রে যদি দু'টো কথা বলতে দেন। আমি দেখে এসেছি সেখানে অস্বাভাবিক অবস্থা। ৩৩ হাজার ৩ শো সাইকেল কোর্ট ইয়ার্ডে পড়ে আছে।

Mr. Speaker: No, Mr. Biswas, I cannot allow that. Please try to follow the rules of the House. I have already called Shri Aswini Roy.

Mention Cases

শ্রীঅশ্বিনী রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বিশেষ গুরুত্বপূর্ণ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিশেষ ক'রে মিউনিসিপ্যাল অ্যাফিয়ারস্ মন্ত্রী এবং পাবলিক হেল্‌থ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোল শহরে জলকষ্ট প্রচণ্ডভাবে আরম্ভ হয়েছে। বস্তীগুলোতে যে সমস্ত কুয়ো ছিল সেগুলোতে জল নেই। সরকারী পরিকল্পনামতো ১০ লক্ষ টাকার প্রকল্প সেটা এখনও হয় নি এবং তার দেরি আছে। গত বছর অবস্থা এত সঙ্গীন হয় নি, তবুও এই সময়ে ট্রাকে ক'রে বাড়িতে বাড়িতে জল সরবরাহের ব্যবস্থা করা হয়েছিল। আসানসোলের ৭৫ হাজার অধিবাসী এই সমস্যার সম্মুখীন। জেলা ম্যাজিস্ট্রেট এবং মিউনিসিপ্যাল অথরিটি গুরুত্ব বুঝেছেন এবং সেটা বুঝে তারা সরকারের কাছে একটা পরিকল্পনা পাঠিয়েছেন তাতে বলেছেন আসানসোল শহরকে জল দিতে গেলে দামোদর নদ থেকে ড্রেন কেটে লরী ক'রে বাড়িতে বাড়িতে সরবরাহ করতে হবে। এই ব্যবস্থা যদি তাড়াতাড়ি না করা হয়, তা হ'লে এখানকার অধিবাসীরা অসুবিধার সম্মুখীন হবে।

[2-00—2-10 p.m.]

সেইজন্য জেলাশাসক ও মিউনিসিপ্যালিটির কর্তৃপক্ষ যে প্রকল্পটি পাঠিয়েছেন আমি আশা করবো এবং অত্যন্ত বিনয়ের সঙ্গে আবেদন করবো, যেন আজই সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় একটা বিবৃতি দেন। কারণ কাল থেকে হাউস ১৭ তারিখ পর্যন্ত বন্ধ থাকছে। এখন থেকেই ওখানকার সব লোকজন আসানসোল মিউনিসিপ্যালিটিতে আসা-যাওয়া শুরু করেছে। আমি তাই মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করবো, যেন তিনি এ সম্পর্কে কিছু আলোকপাত করেন। ওখানকার এম এল এ টেলিগ্রাম পাঠিয়েছেন পাবলিক হেল্‌থ ডিপার্টমেন্টের ভারপ্রাপ্ত মন্ত্রি-মহাশয়ের কাছে। এখনও পর্যন্ত এই ব্যাপারে কোন কিছু করা হয় নি। আশা করি, মন্ত্রি-মহাশয় এই বিবৃতির জবাব দেবেন।

শ্রীমতী গীতা মুখার্জী: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে দার্জিলিং জেলার কয়েকটি স্কুল স্থাপনের বিষয়ে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবার জন্য একটি বিশেষ তথ্য উপস্থিত করছি। দার্জিলিং জেলা স্কুল বোর্ডের উপদেষ্টা কমিটি সর্বসম্মতিক্রমে যে কতকগুলি প্রাথমিক স্কুলের অনুমোদন পাঠিয়েছিলেন একটু আশ্চর্যের কথা হচ্ছে যে, তার মধ্যে ৬টি স্কুল বিশেষ ক'রে ফাঁসিদেওয়া চক্র, জসরথী প্রাথমিক বিদ্যালয়, অভিরাম প্রাথমিক বিদ্যালয়, ডুবামুচি প্রাথমিক বিদ্যালয়, ব্যাঙ্গিভিটা প্রাথমিক বিদ্যালয় এবং বোকরাগঞ্জ প্রাথমিক বিদ্যালয়—এই কয়টির অনুমোদন স্থগিত ক'রে রাখা হয়েছে। আমি একটু বলি, এই সব শিক্ষকরা বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির সঙ্গে সংশ্লিষ্ট এবং আমাদের পার্টির সঙ্গে সংশ্লিষ্ট। তা সত্ত্বেও স্কুলগুলি অনুমোদন হয়ে এসেছে। এখন সেই স্কুলগুলির শিক্ষকরা কি অপরাধ করেছেন যে, এই স্কুলগুলি বন্ধ হয়ে থাকে? আমি আশা করবো, শিক্ষামন্ত্রী এই অ্যানোম্যালি অবিলম্বে দূর করবেন এবং নিরপরাধ শিক্ষকদের শাস্তিদান বন্ধ করবেন।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার এবং বিশেস ক'রে রুর‍্যাল ওয়াটার সাপ্লাই ডিপার্টমেন্টের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে, জল সরবরাহ করার প্রয়োজনীয়তা ক্রমশ বেড়ে যাচ্ছে। আমার এলাকা জলঙ্গী এবং তার পার্শ্ববর্তী এলাকায় জলের অভাব ভীষণভাবে বেড়ে যাচ্ছে। কুয়াগুলি শুকিয়ে যাচ্ছে, জল পাওয়া যাচ্ছে না। সিংকিং টিউবওয়েলগুলি—যেগুলি গত বছর রিসিংকিং করা হয়েছিল সেখানে জল উধাও হয়ে যাচ্ছে। আমি এবং শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয়, গত ৩০ তারিখে আসানসোলে মিটিং করতে গিয়েছিলাম। স্যার, কি ভীষণ জলের অভাব সেখানে আজকে দেখা দিয়েছে। এবং আমার এলাকা খয়রাবাড়িতে এমনই পানীয় জলের অভাব হয়েছে যে, লোকে ডিপ টিউবওয়েল থেকে লাইন দিয়ে জল আনছে। বর্ধমানের প্রায় সব জায়গাতেই এই রকম অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হয়েছে। খবরের কাগজেও এই রকম রিপোর্ট প্রকাশিত হয়েছে। স্যার, আপনি খোঁজ নিয়ে দেখবেন যে, প্রায় সারা পশ্চিমবাংলাতেই এই অস্বাভাবিক অবস্থা দেখা দিয়েছে। তাই আমি অনুরোধ করছি যে, ঐ সমস্ত এলাকাতে অবিলম্বে পানীয় জলের ব্যবস্থা করা হোক। সেই সঙ্গে আমি গত বছরের অভিজ্ঞতা থেকে বলছি যে সরকারের ঐ সমস্ত রিগ মেসিন, এর আগেও বিধানসভায় উঠেছিল যে সেগুলি জিওলজিক্যাল সার্ভেতে থাকে—সেই রিগ মেসিনগুলি নিজেদের হাতে প্রথম থেকে রাখা দরকার। ঐ সমস্ত রিগ মেসিন একাধিক রেখে যাতে হার্ড সয়েল সেখানে যাতে তাড়াতাড়ি পানীয় জল সরবরাহ করা যায় তার ব্যবস্থা করবেন।

শ্রীরজনীকান্ত দোলুই: মিঃ স্পীকার, স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন এবং শুনলে অবাক হয়ে যাবেন যে, গ্রামাঞ্চলে ও শহরে বর্তমানে কেরসিন তেলের সঙ্কট দেখা দিয়েছে। এই কেরসিন তেলের অভাবে গ্রামের লোকেরা রাত্রিবেলায় আলো জ্বালাতে পারছে না, অন্ধকারে কাটাতে বাধ্য হচ্ছে। বিশেষ ক'রে সেচের জন্য যেসমস্ত পাম্প মেসিন এবং স্যালো টিউবওয়েল রয়েছে, যার জল দিয়ে এই সেচ ব্যবস্থাকে সচল ক'রে রাখা সম্ভব হয়েছে, সেক্ষেত্রেও দেখা যাচ্ছে

কেরসিন তেলের অভাব এবং তার ফলে অবস্থাটা অত্যন্ত বিপর্যস্ত হয়ে দাঁড়িয়েছে। কিছু কিছু অসাধু ব্যবসায়ী তারা ১/২ টাকা ক'রে লিটার দরে বিক্রী করছে। আজকে যখন আমার বাসা থেকে তেল কিনতে গিয়েছিল সেখানে বলেছে, তেল নেই, পরে অবশ্য ১ টাকা ক'রে লিটার দরে কিনে এনেছে। শহর এবং গ্রামাঞ্চলে এই তেলের একটা সংকট দেখা দিয়েছে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি, কেরসিন তেলের এই যে একটা সংকট দেখা দিয়েছে তার একটা সুব্যবস্থা করুন এবং অবিলম্বে চাষীরা, গ্রামের সাধারণ মানুষ যাতে এই কেরসিন তেল শান্তিপূর্ণভাবে পেতে পারে, চাষের কাজে ও গৃহে জ্বালানোর ব্যাপারে, সেদিকে আপনারা নজর দিন। আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে এই অনুরোধ জানাচ্ছি।

শ্রীশীশ মহম্মদঃ মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যদিও মুখ্যমন্ত্রী এখানে নেই, তবুও আশা করি এই খবর তাঁর কাছে গিয়ে পৌঁছাবে। গত ২২শে মার্চ তারিখে দুর্গাপুর কেমিক্যাল ফ্যাক্‌ট্রির ম্যানেজিং ডাইরেকটর, শ্রী এ দাস গুপ্তকে বরখাস্ত করা হয়েছে তাঁর পদ থেকে এবং সেই সঙ্গে সঙ্গে ঐ কারখানার ইনচার্জ শিবাজী সেন গুপ্ত, প্রোডাকসান ম্যানেজার ডি কে বাসু, পারসোনেল ম্যানেজার (অ্যাডমিনিস্ট্রেশন) শ্রী আর পি সিন্‌হা এদেরকেও বরখাস্ত করা হয়েছে এবং নির্দেশ দেওয়া হয়েছে যে, ১৫ই এপ্রিলের মধ্যে যেন, তারা যে ঘর ব্যবহার করছে, সেটা ছেড়ে দেওয়া হয়। খবরে প্রকাশ আমাদের ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন সাহেব, তাঁর অনুগ্রহভাজন কয়েকজন ব্যক্তিকে সেই কেমিকেল ফ্যাক্‌ট্রির এজেন্ট নিয়োগ করার জন্য শ্রী এ দাশ গুপ্তের কাছে যে সুপারিশ করেছিলেন, শ্রী দাশ গুপ্ত নাকি সেই সুপারিশ গ্রহণ করতে অস্বীকার করেছিলেন, সেই ক্রোধের বশবর্তী হয়ে তিনি এই কাজ করেছেন। আরো প্রকাশ যে, সেইখানে শ্রমিকদের ডিসপিউট চলছিল এবং সেই শ্রমিক ডিসপিউট মেটানোর জন্য শ্রী দাশ গুপ্ত ইউনিয়ন নেতা নুরুল হাসানের সঙ্গে বোঝাপোড়া ক'রে মিটমাট করার পথ যখন পরিষ্কার করছিলেন, ঠিক তখন কয়েকজন কুচক্রী তাঁর দলের লোক সেটাকে বানচাল করার চেষ্টা করলেন। তারপরে তাঁর দলের লোকেরা সেই ইউনিয়ন দখল করবার প্রচেষ্টা করলেন, কিন্তু সেটাকে শ্রী দাশ গুপ্ত নাকি বানচাল ক'রে দিয়েছিলেন। এই অভিযোগের জন্য এই সমস্ত প্রতিহিংসা-মূলক কাজের আমরা নিন্দা করছি এবং আমরা মনে করি যে, আমাদের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এই বিষয়ে সঠিক তদন্ত ক'রে এর একটা সুবিহিত ব্যবস্থা অবলম্বন করবেন এবং এই ঘটনাটি কতদূর সত্য যা কাগজে প্রকাশিত হয়েছে বিধানসভার পরবর্তী অধিবেশনে সেসম্বন্ধে একটা বিবৃতি দেবেন সদস্যদের সামনে।

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিষয়ে একটি স্টেটমেন্ট রেডি ক'রে আপনার পারমিসন নিয়ে রেখেছি, আপনি যখন ডাকবেন আমি তখন স্টেটমেন্ট করবো।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অ্যাংলো-ইন্ডিয়ান মিশনারি স্কুলগুলির পাঠ্যসূচিতে জাতীয় ইতিহাসের কিভাবে বিকৃতি ঘটানো হচ্ছে সে সম্বন্ধে আমি একটি পাঠ্য পুস্তকের কয়েকটি উদ্ধৃতি এখানে তুলে ধরছি। হায়দার আলি যিনি বৃটিশ শক্তি প্রসার রোধে ঐতিহাসিক ভূমিকা নিয়েছিলেন, তাঁর সম্পর্কে ছাত্রছাত্রীদের কি শেখানো হচ্ছে সেটা একটু শুনুন। হায়দার আলি ওয়াজ অ্যান ইল্লিটারেট অ্যাডভেনচারার, বইটার নাম হচ্ছে ইন্ডিয়া থ্রু দি এজেস বাই জে বি ফার্টালো অ্যান্ড ডাঃ কে সি খান্না। এর ৩৪৪ পাতায় এটা আছে। নেতাজী সুভাষচন্দ্র যিনি আজ বিশ্বের অন্যতম মহান নেতা ব'লে স্বীকৃত ভারত তথা এশিয়ার মুক্তি সংগ্রামে যাঁর ভূমিকা অতুলনীয়, মেচেল এডওয়ার্ড হিউটন যাঁর অবদান স্বীকার ক'রে নিয়েছেন এবং শ্রদ্ধা জানাচ্ছেন, তাঁর সম্পর্কে একটা ধারণা দেওয়া হয়—তিনি ছিলেন সেনা বাহিনীর অধীন একজন মিলিটারী ট্রেনার। আজাদ্‌ হিন্দ ফৌজ সম্বন্ধে ছেলে মেয়েদের শেখানো হয়—ট্রেটরস্‌ হু ফট অন দি সাইড অব জাপান—এর পাঠ্যপুস্তকের ৪৯৭ পাতায় এটা আছে।

These soldiers had been captured by the Japanese and had been trained as a unit of the Japanese Army by Subhas Chandra Bose.

[2-10—2-20 p.m.]

আরো বড় কথা স্যার, সিরাজদ্দৌলার আমলের যে ব্লাক-হোল ট্রাজেডি নিয়ে সারা পশ্চিম-বাংলায় ও ভারতবর্ষের ঐতিহাসিকদের মধ্যে বিতর্ক হয়ে গিয়েছে এবং [illegible] প্রমুখ বিভিন্ন ঐতিহাসিক যাঁরা বলেছেন, ব্লাক-হোল ট্রাজেডি হয় নি এই ইন্ডিয়া থ্রু এজেস্-এর ৩৩১-এর পাতায় এফেয়ার্স ইন বেঙ্গল, সিরাজদ্দৌলা, সেখানে লিখছেন

> Then followed the incident of the black-hole of Calcutta when about 123 people are said to have been imprisoned in a small room. Though the incident did occur the numbers and the details have probably been exaggerated.

এই বই সম্পর্কে যখন পশ্চিমবাংলার এবং ভারতবর্ষের নানান জায়গায় অভিযোগ উঠল তখন ইন্সপেক্টার অ্যাংলো ইন্ডিয়ান স্কুল, ওয়েস্ট বেঙ্গল, একটা নোটিস দিলেন সার্কুলার টু দি হেডস অব অল অ্যাংলো-ইন্ডিয়ান স্কুলস, সার্কুলার ডেটেড সেকেণ্ড নভেম্বর, ১৯[illegible], সেই সার্কুলারের কপি আমার কাছে আছে। সার্কুলারে লেখা হচ্ছে,

> The Central Government has banned the text book in Indian history, entitled "India through the Ages" by J. V. Furtado and Dr. K. C. Khanna, published by Macmillan & Co. He or she is, therefore, requesed to take immediate steps to discontinue the use of this book if it is being used in his or her school.

এই সার্কুলার আসার পর অত্যন্ত বিক্ষোভের কথা আজও কোলকাতার কতকগুলি অ্যাংলো-ইন্ডিয়ান স্কুল যেমন লা মার্টিনিয়ার এবং আরো অন্যান্য স্কুলে— যেটা সেন্ট্রাল গভর্নমেন্ট ব্যান করলেন এবং অ্যাংলো -ইন্ডিয়ান স্কুলের ইন্সপেক্টার সার্কুলার দিলেন [illegible] সালের ২রা নভেম্বর তারিখে, সার্কুলার নং ৪৫৮৫/৬৪/৪বি-৫সি,, সেই সার্কুলারকে [illegible] করে জাতীয় ইতিহাসকে বিকৃত করা সেই বই ইন্ডিয়া থ্রু এজেস্, পাবলিশড বাই ম্যাকমিলান অ্যান্ড কোম্পানী, ছেলেদের পড়ানো হচ্ছে। আমি চালেঞ্জ সহকারে মাননীয় শিক্ষামন্ত্রীকে আপনার মাধ্যমে স্যার, জানাচ্ছি, লা মার্টিনিয়ার স্কুলে ক্লাস টেনে সেই বই এখনও পড়ান হচ্ছে। পশ্চিম-বঙ্গ সরকার এই সমস্ত অ্যাংলো ইন্ডিয়ান স্কুলের ইন্সপেক্টারকে হাজার হাজার টাকা মাহিনা দিয়ে রেখে দিয়েছেন অথচ সরকারী সার্কুলারকে সম্পূর্ণভাবে অগ্রাহ্য করে এই সমস্ত বই পড়ানো হচ্ছে যাতে জাতীয় ইতিহাসকে বিকৃত করা হয়েছে এবং জাতীয়বাদ ও দেশাত্মবোধ চেতনার অপমান ঘটানো হয়েছে। কাজেই এ সম্পর্কে মাননীয় শিক্ষামন্ত্রী খোঁজখবর করে দেখুন, এই আমার অনুরোধ। তারপর স্যার, এখানে একটা সার্কুলার এল যে, ইন্সপেক্টার সাজেস্ট বুকস স্যুটেবল ফর লাইব্রেরী। সেখানে দেখলাম ৩০০ বই আছে। এই বইগুলির মধ্যে ইংরাজদের লেখা অনেক বই আছে, কিছু কিছু ভারতীয়দের লেখাও বই আছে। কিন্তু এই বইগুলির মধ্যে শিক্ষা সম্পর্কে ভারতীয় মনীষী যেমন অরবিন্দ, রবীন্দ্রনাথ, স্বামী বিবেকানন্দ প্রভৃতির কোন বই দেখতে পেলাম না। কাজেই স্যার, আমার প্রশ্ন আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে যে, এই ধরনের জাতীয়তাবিরোধী কার্যকলাপ আর কতদিন চলবে? এই সভায় স্যার, আগে একদিন এই ব্যাপারে বক্তব্য রাখার পর অনেক সদস্য চালেঞ্জ ঘোষণা করেছিলেন, আজকে আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে বলছি যে, সমস্ত ডকুমেন্ট, সার্কুলার, বই নিয়ে আমি আলাপ-আলোচনা করতে প্রস্তুত আছি এবং এ আত্মবিশ্বাস ও আস্থা আমার আছে, আমি প্রমাণ করতে সক্ষম হব যে, এই ভাবে জাতীয় ইতিহাসকে বিকৃত করা হচ্ছে এবং সরকারী নির্দেশকে অগ্রাহ্য করে বহু স্কুল এই ধরনের শিক্ষাব্যবস্থা এখনও পর্যন্ত চালু আছে। এই বিষয়ে আমি অবিলম্বে শিক্ষামন্ত্রীর কাছে তদন্ত ও প্রতিবিধান দাবি করছি।

শ্রীকাশীকান্ত মিশ্রঃ মাননীয় স্পীকার মহাশয়, একটি অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন এই বিধানসভায় বহুদিন ধরে একটি প্রেস হবার কথা আছে কিন্তু আজ পর্যন্ত তা কার্যকর হয় নি। এটা কার্যকর না হবার জন্য দীর্ঘদিন ধরে প্রসিডিংস ছাপা হয় নি। যে প্রসিডিংস ছাপা হয় নি আমি তার একটি তালিকা দিচ্ছি। ১৯৬৪ সালের পুরো প্রসিডিংস্, ১৯৬৫ সালের একটা সেসান, ফেব্রুয়ারি থেকে মে

পর্যন্ত, ১৯৬৭ সালের মার্চ থেকে এপ্রিল পর্যন্ত, ১৯৬৮ সালের ফেব্রুয়ারি এবং ১৯৬৯ সালের পুরো প্রসিডিংস্ ছাপা হয় নি। এর ফলে আমরা যারা নতুন এসেছি আমরা আমাদের আগে যাঁরা বক্তৃতা করে গিয়েছেন সেগুলি আজ পর্যন্ত দেখতে পাচ্ছি না। লাইব্রেরীতে গেলে আমরা প্রসিডিংস্ পাই না, ফলে আমাদের নানান রকম অসুবিধা হচ্ছে। আর প্রসিডিংস্ না থাকার জন্য বিধানসভার অনেক রকম কাজও আটকে যাচ্ছে। তাই স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, যত শীঘ্র সম্ভব প্রেস খোলার বন্দোবস্ত করুন।

[illegible] বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যেটা শুনেছি যে, এখানে প্রেস খোলার জন্য যাবতীয় ব্যবস্থা করা হয়েছিল, কিন্তু ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট থেকে নোট অব ডিসেন্সির জন্য বন্ধ ক'রে রাখা হয়েছে। এর আগেও আমি বলেছিলাম এবং তার আগে আমাদের মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয় বলেছিলেন। আপনি স্যার, আমাদের এখানকার মালিক এবং আমাদের কাজকর্ম নিয়ে দীর্ঘদিন ধ'রে যে অসুবিধার সৃষ্টি হচ্ছে। আজকে বলা হয়েছে এবং এর আগেও বার বার বলা হয়েছে যে, মন্ত্রিমহাশয়ের পক্ষ থেকে এর প্রকৃত তথ্য কি, ঘটনা কি এটা দয়া ক'রে জানাতে পারেন। কাজেই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি এবং অতি বিনয়ের সংগে বলছি যে এই প্রেস যেটা আমাদের অ্যাসেম্বলীর কাজের জন্য, যে স্বতন্ত্র প্রেস খোলার কথা মন্ত্রীরা দিয়েছিলেন তার অবস্থা কি? তার জন্য কোন প্ল্যান এস্টিমেট করা হয়েছিল কিনা, প্রোসেসিং করা হয়েছিলো কিনা এবং এই ব্যাপারে ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট থেকে কোন নোট অব ডিসেন্সি দিয়েছেন কিনা এবং যদি দিয়ে থাকে, তা হ'লে তার প্রকৃতি কি আমাদের জানাতে হবে। এটা স্যার, সকলের স্বার্থ, আপনার স্বার্থ, মন্ত্রীদের স্বার্থ, এম [illegible] স্বার্থ এবং সারা বাংলাদেশের মানুষের স্বার্থ, কাজেই এটা দয়া ক'রে তিনি জানান?

শ্রী[illegible] সফিউল্লাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, [illegible] অ্যান্ড ইন্ডাস্ট্রিজ বাধার সৃষ্টি করছে। আপনি [illegible] এদের ইনিসিয়েটিভ নিয়ে [illegible] এই অধিকার রক্ষা করুন।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় [illegible] কাছ আমরা জানতে চাই যে, ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট [illegible] দিয়েছেন কিনা, যদি দিয়ে থাকেন তা হলে এর [illegible]।

Mr. Speaker: A proposal [illegible] office to the Government and I am told by the Hon'ble [illegible] Parliamentary Affairs that he is looking after the matter and is trying his level best to settle the issue.

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ স্যার, আপনি যদি প্রোপোজাল পাঠিয়ে থাকেন এখানে পার্লিয়ামেন্ট অ্যাফেয়ার্স মিনিস্টার আছেন তিনি দয়া ক'রে কালকে কিংবা ১৭ তারিখে আমাদের প্রেজেন্ট পোজিশানটা জানিয়ে দেন। হোক বা না হোক সেটা পরের কথা, কিন্তু প্রেজেন্ট পোজিশানটা আমরা জানতে চাই। উনি এখানে রয়েছেন আমাদের দয়া করে এটা জানিয়ে দিন।

শ্রীজ্ঞানসিং সোহনপালঃ মাননীয় স্পীকার স্যার, অ্যাসেম্বলীতে যাতে একটা প্রেস হয় তার জন্য তাড়াতাড়ি আমরা চেষ্টা করছি।

মিঃ স্পীকারঃ সকলে মিলে চেষ্টা করছেন তাড়াতাড়ি হয়ে যাবে ব'লে আশা করছি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আমরা তা বলিনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাড়াতাড়ি করবার চেষ্টা করছেন দ্যাট ইজ এ ফ্যাক্ট। কিন্তু এই তাড়াতাড়ির অর্থ এক মাস হতে পারে, এক বছরও হতে পারে আবার ১৯৭৭ সালের পরেও হতে পারে। কাজেই এই তাড়াতাড়ির অর্থ আমরা জানতে চাইছি। আপনি আমাদের বলুন প্রেজেন্ট পোজিশান কি? ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট থেকে গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল কোন নোট অব ডিসেন্ট দিয়েছে কিনা এবং নোট অব ডিসেন্ট দিলে সেটা কি, তার কারণ কি, প্রেজেন্ট পোজিশান কি সেটা একটা স্টেটমেন্ট ক'রে দিন। যখন হাউস চলবে তখন আপনি এটা দয়া ক'রে দিন।

কারণ ইট ইজ দি কমন ইন্টারেস্ট অব অল মেম্বারস্ অ্যাজ ওয়েল অ্যাজ অব স্পীকার অ্যান্ড দি মিনিস্টারস্ টু। কাজেই এই বিষয়ে একটা স্টেটমেন্ট উনার কাছ থেকে শুনতে চাই প্রোপোজাল পাঠিয়েছেন, আমরা অস্বস্থি বোধ করছি, আমাদের এখানে কাগজ ঠিক মত আসছে না, প্রোসিডিংস্ দিনের পর দিন আমরা পাই না। আজকে সদস্যরা যদি দাবি করে, তা হলে কোথায় কি অবস্থায় আছে সেটা আমরা জানতে পারবো না, আমাদের নিজেদের ব্যাপার আমরা জানতে পারবো না? কাজেই আপনি দয়া ক'রে কালকে এটা আমাদের জানান।

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, I share the anxiety of the honourable Members. I will once again check up the matter from the Commerce and Industries Department and will make a s.atement on the subject on the 17th April, 1973.

[2-20—2-30 p.m.]

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় মন্ত্রিসভা তথা সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই কলকাতায় এক সময় ভারতবর্ষের সবচেয়ে বড় চায়ের বাজার ছিল এবং ভারতবর্ষের প্রায় ১৪ আনা এই কলকাতা বন্দর থেকে বিদেশে রপ্তানি হত। কিন্তু আজকে কলকাতায় চায়ের বাজার ধ্বংসের পথে যেতে বসেছে। আমি একটা ছোট্ট পরিসংখ্যান দিচ্ছি—গত ১৯৬৯-৭০ সালে কলকাতায় চা বিক্রি হয়েছিল ৪১ লক্ষ ৩৭ হাজার বাক্স, সেখানে ১৯৭১-৭২ সালে বিক্রি হয়েছে ৩৩ লক্ষ ৪০ হাজার বাক্স। অর্থাৎ আট লক্ষ সাত হাজার বাক্স চা কম বিক্রি হয়েছে। এর কারণ গৌহাটিতে নূতন চায়ের নীলাম বাজার তৈরি হয়েছে। সেখানে রাজ্যসরকার নীলামদারদের সুযোগ-সুবিধা দিচ্ছেন। সেখানে এনট্রি-ট্যাক্স নেই, সেন্ট্রাল গভর্নমেন্টের যে সেন্ট্রাল ট্যাক্স আছে তার রিল্যাক্সেশন দিচ্ছে, সেখানে সুযোগ দিচ্ছে। রেল কোম্পানী সেখানে কলকাতা বন্দরের পরিবর্তে গুজরাটের কান্দালা বন্দরে নিয়ে যাবার জন্য কলকাতা বন্দরের মতো একই ভাড়া রেল কোম্পানী নিচ্ছে। অপরদিকে আর একটা গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, কলকাতায় যে চায়ের নীলাম [illegible] আছে, কলকাতায় [illegible] নেট্রি-ট্যাক্স, [illegible], অনেক সময় শ্রমিকদের বিক্ষোভ এবং ধর্মঘটের ফলে এবং কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ আচরণের ফলে, রাজ্য-সরকার এই ব্যাপারে নজর না দেবার ফলে কলকাতায় যে বিরাট চায়ের নীলাম বাজার ছিল এবং কলকাতা বন্দর দিয়ে যে লক্ষ লক্ষ, কোটি কোটি কিলোগ্রাম চা বিদেশে রপ্তানী হত, সেটা ধ্বংস হতে চলেছে। এই ব্যবসায়ে যে হাজার হাজার কর্মচারী, হাজার হাজার শ্রমিক নিযুক্ত [illegible] ছিল, [illegible] হয়ে যাবে। এই ব্যাপারে [illegible] সরকার যদি অবিলম্বে সচেষ্ট না হন, তা হলে আমাদের চা শিল্প ধ্বংস হয়ে যাবে।

শ্রীবীরেশ্বর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিম দিনাজপুর জেলার লংকা চাষীদের দুরবস্থার কথা মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি। বর্তমানে পশ্চিমবঙ্গ সরকার লঙ্কা খরিদ করবার জন্য সিদ্ধান্ত নিয়েছেন। পশ্চিম দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ একটা বৃহৎ লংকা উৎপাদন এরিয়া। ওখানে কর্ডনিং সিস্টেম করা হয়েছে এবং কিছু কিছু এজেন্টের মাধ্যমে এই লঙ্কা খরিদ করা হবে এই ডিসিশন নেওয়া হয়েছে। কিন্তু আজ পর্যন্ত কোন এজেন্ট নির্বাচিত করা হয় নি। লঙ্কা খরিদ করা যাচ্ছে না এবং লঙ্কার দাম অনেক নেমে গেছে। চাষীরা সেখানে ন্যায্য মূল্য পাচ্ছে না। এবারে ৬০/৭০ হাজার মণ লঙ্কা সেখানে উৎপাদন হয়েছে এবং এই পর্যন্ত কোন এজেন্ট সেখানে না থাকার জন্য এই লঙ্কা কুইন্ট্যাল প্রতি ২৫০ টাকা দরে বিক্রি হচ্ছে এবং তার নিচের দরেও বিক্রি হচ্ছে। সরকার ২৫ টাকা কুইন্টাল দর নির্ধারণ ক'রেছেন, কিন্তু সেই দর তারা পাচ্ছে না। আর এই এজেন্ট নির্ধারণের ব্যাপারে একটা অসুবিধা দেখা দিয়েছে, সেটা নাকি এনট্রি-ট্যাক্স থাকার জন্য এজেন্টদের ঠিক মত নির্বাচন করতে পারছে না এবং কর্ডনিং-এর ফলে লংকার দাম অনেক নেমে গেছে। আমি সরকারের কাছে অনুরোধ করছি, যাতে তাড়াতাড়ি এজেন্ট নির্বাচন করা হয় এবং নির্ধারিত মূল্যে খরিদ করবার ব্যবস্থা সরকার করেন যাতে চাষীরা উপযুক্ত মূল্য পায়।

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুরের রায়গঞ্জ টাউনে জনসাধারণের সাহায্যে এবং সরকারী সাহায্যে মোট ৩০ হাজার টাকা খরচ ক'রে রবীন্দ্রভবন তৈরি করা হয়। এই ভবনে সাংস্কৃতিক অনুষ্ঠান চালানোর জন্যে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট একটা অ্যাডহক কমিটি করে দেন। সেই কমিটির চেয়ারম্যান ছিলেন ডি এম এবং সম্পাদক ছিলেন প্রফেসর জ্যোৎস্না সেন, তাঁরা এখনও আছেন। ঐ কমিটির পরিচালনায় একটা লাইব্রেরি খোলা হয়, লাইব্রেরিটা ভালই চলছিল, কিন্তু ১৯৭০ সালে নক্সালরা সেটা পুড়িয়ে দেয়। তারপর তার বাড়িঘর সব ঠিক করা হয়েছে। আজকে শুনতে পাচ্ছি, বর্তমান ডি এম কমিটির মেম্বারদের রাজী করিয়ে সেখানে সিনেমা হল করছেন। সিনেমা হল খোলবার জন্য একটা পার্টিকে, একটা কো-অপারেটিভকে ভাড়া দেওয়া হয়েছে। আমি জানি, সেখানে আগে ক্যারম পর্যন্ত খেলতে দেওয়া হত না স্যাংটিটি নষ্ট হবে ব'লে। আজকে সেখানে সিনেমা হল করতে দেওয়া হচ্ছে। স্যাংটিটি নষ্ট হবে ব'লে সেখানে ক্যারম পর্যন্ত খেলতে দেওয়া হয় নি, আজ সেই জায়গায় সিনেমা হাউস তৈরি হচ্ছে, তার পারমিশন দেওয়া হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে, এটা বন্ধ করা দরকার এবং ইমিডিয়েটলি নতুন কমিটি ক'রে সেই কমিটির মাধ্যমে এখানে লাইব্রেরী করার ব্যবস্থা করুন। কারণ রায়গঞ্জে এখন ভাল লাইব্রেরি নেই। আমি আপনার মাধ্যমে আবার মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রভাকর মণ্ডলঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বর্ধমান জেলার অন্তর্গত কেতুগ্রাম থানার ভয়াবহ খাদ্য পরিস্থিতির দিকে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আনতে চাই। এই কেতুগ্রাম থানায় পর পর তিন বছর প্রচণ্ড খরার জন্য ৮/৯টি অঞ্চলে একেবারে খাদ্যশস্য উৎপাদন হয় নি। এর ফলে সেখানকার মানুষ এমন কি মধ্যবিত্ত সম্প্রদায় থেকে আরম্ভ ক'রে দিন মজুরের দল দিনের পর দিন খেতে না পেয়ে গ্রাম থেকে গ্রামান্তরে খাদ্যের জন্য চলে যেতে বাধ্য হচ্ছে। তা ছাড়া এই খাদ্য পরিস্থির অবস্থা এই রূপ আশঙ্কাজনক হওয়া সত্ত্বেও সেখানে খাজনা আদায়, ঋণের টাকা আদায় ইত্যাদি যেভাবে করা হচ্ছে তাতে ঐ সমস্ত বুভুক্ষু, অসহায় মানুষের উপর সেটা একটা অন্যায় অত্যাচার হয়ে দাঁড়াচ্ছে। সেই বিষয়ে যথাবিহিত ব্যবস্থা অবলম্বনের জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই অবস্থার প্রতিকারের জন্য আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীকে জানাতে চাই যে, অচিরে যদি এই খাদ্য পরিস্থিতির প্রতিকার না করা হয়, তা হ'লে ঐ সমস্ত বুভুক্ষু মানুষ অন্নরক্ষার জন্য সমাজবিরোধী কার্যকলাপে লিপ্ত হতে বাধ্য হবে, তাই এই সাবধান বাণী উচ্চারণ ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশঙ্করদাস পালঃ মাননীয় স্পীকার স্যার, আপনার অনুমতি নিয়ে একটা অত্যন্ত গুরুতর বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি অত্যন্ত জরুরী এবং এই রাজ্যের নিরাপত্তা, সাম্প্রদায়িক শান্তি ও মৈত্রীর পক্ষে ক্ষতিকর হয়ে দাঁড়াতে পারে। সংবাদে প্রকাশ যে এই কলকাতা সহরে খিদিরপুর, ফুলবাগান, রাজাবাজার প্রভৃতি অঞ্চলে ভিন্ন রাষ্ট্র হইতে অবৈধ অনুপ্রবেশকারীর সংখ্যা বেড়ে চলেছে, এরা আসার ফলে ঐ সকল অঞ্চলের জনসংখ্যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। সংবাদে আরো প্রকাশ যে, এদের কাছে কোন বৈধ ছাড়পত্র নাই। সম্পূর্ণ চোরা পথে এবং দালালদের সাহায্যে তারা এদেশে আসছে এবং আসার পরে ঐ সকল অঞ্চলের তাদেরই সমগোত্রীয় ভাই, বন্ধু, আত্মীয়স্বজনদের দলে ভিড়ে পড়ছে। ইতিমধ্যে কয়েকজন অবৈধ অনুপ্রবেশকারী কলকাতা পুলিশের হাতে ধরাও পড়েছে। তারা পুলিসের কাছে স্বীকার করেছে যে, তাদের বৈধ ছাড়পত্র নাই, তারা বাংলাদেশের নির্বাচনের আগে ও পরে এদেশে এসেছে। তারা তাদের আত্মীয়স্বজনের কাছে আছে এবং ধরা পড়ে যাবে ব'লে তারা কোন রেশন কার্ডও করে নাই। সবচেয়ে মারাত্মক কথা মিঃ স্পীকার স্যার, যে তারা স্বীকার করতে বাধ্য হয়েছে যে তাদের আনুগত্য পাকিস্তানের প্রতি। সরকারী আইন আছে যে কারো বাড়িতে ভিন্ন রাষ্ট্রের কোন নাগরিক এলে নির্দিষ্ট সময়ের ভিতর তা থানায় জানিয়ে দিতে হবে। কিন্তু এক্ষেত্রে তা কিছুই করা হয় নি। আরো মজা এবং আশংকারও বিষয় যে, ঠিক আজ পর্যন্ত কত সংখ্যক এইরূপ অনুপ্রবেশকারী এ রাজ্যে এসেছে

তার কোন সঠিক এবং নির্ভরযোগ্য তথ্য রাজ্যসরকারের হাতে নাই। এটা নিশ্চয়ই পুলিস বিভাগের কৃতিত্বের পরিচয় নয় এবং এটা দুর্ভাগ্যজনক। সুতরাং মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই এই ব'লে যে, তিনি তার দপ্তরকে দিয়ে এবং দরকার মনে করলে খাদ্য দপ্তরের রেশনিং ইন্সপেকটরদের সাহায্য নিয়ে অবিলম্বে এরূপ পাক-প্রেমী অবৈধ অনুপ্রবেশকারীদের খুঁজে বের করুন এবং তাদের সংখ্যা নির্ধারণ করুন। তার পর আন্তর্জাতিক আইন অনুসারে যে শাস্তি এক্ষেত্রে তাদের প্রাপ্য সেই শাস্তিই এই সকল অবৈধ ভাবে অনুপ্রবেশকারী বহিরাগতদের ক্ষেত্রে প্রয়োগ করা হোক--সঙ্গে সঙ্গে যারা তাদের আশ্রয় দিয়েছে তাদের বিরুদ্ধেও শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হোক, না হ'লে আমি মনে করি, এ অবস্থা বিনা প্রতিরোধে চলতে দিলে তা আমাদের রাষ্ট্রের পক্ষে ভবিষ্যতে বিপদজনক হয়ে উঠতে পারে এবং সাম্প্রদায়িক মৈত্রী ও শান্তি বিঘ্নিত হতে পারে। এই ব'লেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-30 -2-40 p.m.]

শ্রীমতী ইলা রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় হাউসের কাছে রাখতে চাচ্ছি এবং মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। জিনিসটা অতি ক্ষুদ্র এবং সহজ, কিন্তু প্রত্যেকের নজরে এটা পড়ে। আমি নিজে মাঝে মাঝে নানান কেন্দ্রে গিয়ে দেখতে পাই রাস্তার মোড়ে মোড়ে, বস্তীতে বস্তীতে বোর্ড টাঙ্গিয়ে বেলুন ফাটান হয়। আমি কয়েকদিন আগে কতকগুলি যুবককে দেখেছি যারা সমাজবিরোধী সেই রকম কিছু ছেলে বন্দুকের মাধ্যমে বেলুন ফাটাচ্ছে। জিনিসটা অতি ক্ষুদ্র হ'লেও আমি এটাকে একটা ভয়ংকর ব্যাপার ব'লে মনে করছি, কারণ আমার জীবন দিয়ে ও আমি এই বিষয়ে একটা তিক্ত অভিজ্ঞতা অর্জন করেছি। এটা একটা বিজনেস্, সাধারণ একটা বোর্ড-এর মধ্যে বেলুন লাগিয়ে রাস্তার মোড়ে মোড়ে ফাটান হচ্ছে। এটাকে একটা খেলনা মনে হতে পারে, কিন্তু এটা সাধারণ জিনিস নয়। আমার কেন্দ্রে কয়েকজন নকশাল কিছুদিন আগে যারা ছাড়া পেয়েছে তাদেরও আমি এই নিয়ে এম করতে দেখেছি। আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জানাতে চাই যে, এখনই এই বিজনেসের লাইসেন্স থাকলে তা কেড়ে নেয়া হোক এবং কলকাতা শহর থেকে এই বিজনেস্ উঠিয়ে দেয়া হোক। এই বক্তব্য রেখে আমি শেষ করছি।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসে রাখতে চাই। সেটা হ'ল বিহারে বসবাসকারী বাঙ্গালীরা আজ অসহায় অবস্থায় আছে। আমরা পরিষ্কার দেখতে পাচ্ছি যে, বিভিন্ন প্রদেশে বাঙ্গালীরা কিভাবে নিগৃহীত হচ্ছে। আজকে প্রশ্ন বাঙ্গালী হয়ে জন্মানোটা কি অপরাধ এবং সেই প্রশ্নই স্বাভাবিকভাবে আমাদের মনে জাগছে। আমরা দেখেছি বিহারের মুখ্যমন্ত্রী আগেই ব'লে দিয়েছেন বিহারে বাঙ্গালীদের চাকুরি হবে না। আমরা জানি এবং পরিষ্কার প্রমাণও আছে যে, বিহারের মন্ত্রীরা বিভিন্ন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে ঘোষণা ক'রে দিয়েছেন যাতে বাঙ্গালীদের নাম লিপিবদ্ধ না করা হয় এবং চাকুরির ক্ষেত্রে বাঙ্গালীদের কোন অগ্রাধিকার যেন দেয়া না হয়। আমি কয়েকদিন আগে কয়েকজন বন্ধুদের সঙ্গে বিহার এলাকায় গিয়েছিলাম কয়লাখনি বিষয়ে অনুসন্ধান করবার জন্য। সেই সময় কিছু বাঙ্গালী বসবাসকারীর সঙ্গে আমরা আলাপ-আলোচনা করেছিলাম। তারা পরিষ্কারভাবে বলেছেন যে আমরা বংশপরম্পরায় বছরের পর বছর ধ'রে বিহারে বসবাস করছি, অথচ আমরা সংকুচিত অবস্থায় আছি, মন খুলে কথা বলতে পারি না। এমন কি তারা কখন যে মারা পড়বেন এই ভাবনা নিয়ে তাদের সব সময় থাকতে হচ্ছে। এই বিষয়ে আমার পরিষ্কার প্রস্তাব যে, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী বিহারে মুখ্যমন্ত্রীর সঙ্গে বসে বিহারে স্থায়ীভাবে যে সব বাঙ্গালী আছে তাদের সম্বন্ধে একটা ব্যবস্থা অবলম্বন করুন।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বন বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একটা কথা বলতে চাই। গত ৫ই এপ্রিল স্টেটসম্যান পত্রিকায় প্রথম পাতায় একটা উদ্বেগজনক খবর প্রকাশিত হয়েছে। সেটা হচ্ছে সুন্দরবনে একটি বাঘকে বিষ প্রয়োগে হত্যা করা হয়। আজ যখন করবেট ন্যাশন্যাল পার্কে ব্যাঘ্র সংরক্ষণের জন্য প্রজেক্ট টাইগার প্রকল্পের উদ্বোধন করছি এবং ৪ কোটি টাকা ব্যয়ে এপ্রিল ১৯৭৩ থেকে মার্চ

১৯৬৯ পর্যন্ত আমাদের মানস, বিহারের পালামৌ, উড়িষ্যার সীমলিপাল, উত্তরপ্রদেশের করবেট ন্যাশন্যাল পার্ক ইত্যাদি পার্ক এবং পশ্চিমবঙ্গের সুন্দরবনে একটি ষষ্ঠবার্ষিক দীর্ঘমেয়াদী পরিকল্পনার আওতায় এনেছি ঠিক তখনই এই ধরনের খবর গভীর উদ্বেগ ও দুশ্চিন্তার বিষয়। বর্তমানে বাঘের পায়ের ছাপের সমীক্ষা অনুযায়ী আমরা জানতে পারি যে, ভারতে বাঘের সংখ্যা হচ্ছে ১,৮২৭, যেখানে ঊনবিংশ শতাব্দীর শেষ ভাগ পর্যন্ত ৪০ হাজার বাঘ ছিল আমাদের ভারতবর্ষে এবং পশ্চিমবঙ্গে এখন বাঘের সংখ্যা মাত্র ৭৩টি। এখানে এই ধরনের খবর আমাদের ভাবিয়ে তুলেছে। ঘটনার বিবরণে প্রকাশ, সুন্দরবনে ঝিঙ্গেখালী এলাকার আড়বেশী ব্লকে একটি বাঘকে মৃত অবস্থায় পাওয়া যায়। বাঘটির দেহে বুলেটের আঘাতের চিহ্ন থাকা সত্ত্বেও বন বিভাগ সন্দিগ্ধ হয়ে এর অনুসন্ধান করেন এবং অনুসন্ধান ক'রে জানা যায় যে, বিষ প্রয়োগে বাঘটিকে হত্যা করা হয়েছে। ঘটনার বিবরণে দেখা যায় যে, নিকটবর্তী একটা স্থানে মৃত গাভীর মাংসে তীব্র বিষ মেশান হয় এবং ঐ বিষ মেশান মাংস খেয়ে বাঘটি মারা যায়। ঐ বাঘটি নরখাদক বাঘ নয়। ঐ আড়বেশী ব্লকে দু'টি বাঘ কিছুদিন ধ'রে উৎপাত করছিল, তাদের মারার জন্য পারমিট দেওয়া হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় কোন কাপুরুষ এই ধরনের নৃশংসভাবে বাঘটিকে হত্যা করেছে জানি না, যেখানে কোটি কোটি টাকা ব্যয় ক'রে আমরা সুন্দরবনে ন্যাশন্যাল পার্ক করবার জন্য চেষ্টা করছি, টাইগার পার্ক করবার জন্য প্রস্তাব গ্রহণ করেছি, সেখানে এই ধরনের খবর অত্যন্ত নিন্দনীয়। আমি আর একটা পয়েন্ট বলছি যে, অনেক সময় অনেক উচ্চপদস্থ কর্মচারী এর সঙ্গে সংশ্লিষ্ট থাকেন। আমাদের শ্রদ্ধেয়া প্রধান মন্ত্রী এই ধরনের খবর পান, তাঁর একটা উদ্ধৃতি দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sometimes I have been aggrived to receive complaints that even Forest Officers and District Officers have turned poachers. I do not know whether there is any truth in it, but certainly deserves to be fully investigated.

তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা অভিনব ঘটনা এই হাউসের কাছে প্লেস করতে চাই। স্যার, ছোট বেলায় পড়তাম গল্প হ'লেও সত্যি, আমি যে ঘটনা বলছি এই ঘটনা গল্পের মত থ্রিলিং, কিন্তু বেদনার কথা এই যে, ঘটনাটি সকাল বেলায় সূর্য ওঠার মত নির্মম সত্য। কালিগঞ্জ থানার গোবরা অঞ্চলের আকন্দবেরিয়া গ্রামের বৃন্দাবনচন্দ্র দে ব'লে একটি চাষী সি পি লোন নিয়েছিল সরকারের কাছে ২শো টাকা, বিনিময়ে ৯ বিঘা জমি বন্দক দিয়েছিল। লোন নেওয়ার পর তার মাটির ঘর বন্যার জলে ভেঙ্গে গিয়েছে, সে আজ গৃহহারা। বন্যার পর খরা হয়েছে, মাঠেতে ফসল হয় নি। অত্যন্ত বেদনার কথা এ আর ও লোন অফিসারের সঙ্গে সহযোগিতা ক'রে মাত্র ২০০ টাকার জন্য ১০ হাজারের বেশি দামী ৯ বিঘা জমি নিলাম ক'রে দিয়েছে। আমরা যখন দেখছি মহাজন চাষীদের ডিস্ট্রেসের সুযোগ নিয়ে তাদের জমি জায়গা কেড়ে নিচ্ছে ঠিক সেই সময় সরকার মহাজনের কাজ করছেন। এই বৃন্দাবন দে আর সরকারের কথা ভেবে তা হ'লে কি ফের সাইলক দি জুর কথা ভাবতে হবে। অত্যন্ত বেদনা এবং দুঃখের সঙ্গে বলছি যে, এই ঘটনা আরো ঘটতে পারে। সরকার মাত্র ২০০ টাকা সি পি লোনের জন্য ১০ হাজার টাকার জমি নীলাম ক'রে নিয়েছে। এর যাতে বিহিত হয় তার জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীভূপাল চ্যাটার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি [illegible] পাটনা [illegible] মেডিক্যাল হাসপাতাল [illegible] দীর্ঘদিন যাবৎ [illegible] রোগী সেই হাসপাতালের চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে। সেই হাসপাতালে যাঁরা বি ডি এস পড়েন তাঁরা দাবি করেছিলেন যে, কনডেন্সড এম বি বি এস কোর্স চালু করা হোক। আমি জানতে পারলাম যে, ক্যালকাটা ইউনিভার্সিটি এই সম্পর্কে এর আগেও সুপারিশ করেছেন। এছাড়া মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যখন গ্রামাঞ্চলে ডাক্তার পাঠাবার কথা বলছেন তখন কনডেন্সড এম বি বি এস কোর্স যদি চালু হয়, তা হ'লে আরো ছাত্র ডাক্তারি

পাশ ক'রে প্র্যাকটিস ক'রে একদিকে যেমন তাদের জীবিকা অর্জন করতে পারবে অপর দিকে অত্যন্ত অল্প খরচে গ্রামাঞ্চলে গিয়ে চিকিৎসা করবে, যে চিকিৎসার দ্বারা তারা গরিব মানুষের সেবা করতে সক্ষম হবে।

[2-40—2-50 p.m.]

এ সম্পর্কে বলা দরকার, এই ছেলেরা যখন আন্দোলন করতে নেমেছিল কিছুদিন আগে, তখন তাদের গ্রেপ্তার করা হয়েছিল এবং গ্রেপ্তার ক'রে জেলে পাঠান হয়েছিল এবং ম্যাজিস্ট্রেট জামিন দেওয়া সত্ত্বেও তারা তা প্রত্যাহার করেছিল। আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে জানতে চাই, এই ধরনের প্রহসন আর কতদিন চলবে? হয় বলে দিন এটা চালু করা হবে না, আর না হয় এই হাসপাতালে যে অনশন ধর্মঘট চলছে সেটা অবিলম্বে বন্ধ করুন। আমরা একদিকে দেখছি, এই কোলকাতা এবং পশ্চিমবাংলার মধ্যে দাঁতের চিকিৎসা করবার জন্য এটাই একমাত্র প্রতিষ্ঠান এবং হাজার হাজার মানুষ সেখানে এসে ফিরে যাচ্ছে, কোন সুরাহা নেই, এবং অপর দিকে দেখছি, ছাত্রেরা ডাক্তারি পাশ করে, বি ডি এস পাশ ক'রে যারা উপযুক্ত পেশা পাচ্ছে না তারা এম বি বি এস কোর্স পড়তে পারছে না। এই বিষয় আমাদের সরকার যদি একটা সুষ্ঠু নীতি গ্রহণ করেন তা হলে সরকারের "গ্রামে ডাক্তার পাঠাও" এই নীতি বাস্তবে রূপায়িত হবে। তাই আমি বলতে চাই কেন এই জিনিস করা হবে না?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডেন্টাল কলেজ সম্বন্ধে সরকার নীরব নয়। এখানে হাউস স্টাফ যারা রয়েছে বা যারা এখানে লেখাপড়া করছে তারা দাবি করেছিল কনডেন্সড এম বি বি এস কোর্স চালু করা হোক। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কোন কোর্স চালু করতে গেলে আমাদের শুধু গভর্নমেন্টের অর্ডার নয়, ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিল যেটা আছে যাঁরা রিকগনিসন দেন তাঁরা গভর্নমেন্টের আণ্ডারে নয়। কনডেন্সড এম বি বি এস-এর জন্য ১৯৬৯ সালে যখন মুভমেন্ট শুরু হয়, তখন দুবার ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিলকে জানান হয়। কিন্তু তাঁরা প্রত্যাখ্যান করলেন। তারপর এই সরকার আসার পর ছেলেরা যখন দাবি করল, তখন পশ্চিমবঙ্গ সরকার জানিয়ে দেন, তাঁদের কোন আপত্তি নেই, ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিল যদি স্যাংসন দেন, তা হলে আমরা কাজ শুরু করব। পশ্চিমবঙ্গ সরকার সঙ্গে সঙ্গে ক্যালকাটা ইউনিভার্সিটিকে জানান তাড়াতাড়ি সিলেবাস এবং অন্যান্য যে জিনিস হওয়া দরকার সেগুলি হোক। সেগুলি তৈরি করে তাঁরা আমাদের কাছে পাঠিয়েছেন। গত সপ্তাহে নয়া দিল্লীতে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা হয় এবং তিনি বললেন, কিছু করবার আগে ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিল যেটা আছে তাদের সঙ্গে আলোচনা করা দরকার। আমাদের কোন স্ট্যাটুটরি অবলিগেসন নেই তাদের জানান, তবে তাদের না জানালে আমাদের অবস্থা বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজের মত না হয় অর্থাৎ সেখানকার ছেলেরা পাশ করবার পর বিলাতে পড়তে গেলে তাদের কোন ইউনিভার্সিটি রিকগনাইজ করছে না। আমরা এই জিনিসটি চিন্তা করেছি। সুরসাতনগর এবং বর্ধমান মেডিকেল কলেজেও এই অবস্থা। কাজেই সরকারের তরফ থেকে মিছিমিছি তাড়াতাড়ি দিতে আমরা চাই না। যতক্ষণ পর্যন্ত ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিল এর সঙ্গে কথা বলে একটা সুস্পষ্ট [illegible] পাচ্ছি যে, কনডেন্সড এম বি বি এস পাশ করবার পর তারা এম বি বি এস কনডেন্সড [illegible] পারবে ততক্ষণ পর্যন্ত এটা করা সম্ভব নয়। তাই ছেলেদের [illegible] এবং তাদের রিপ্রেজেনটেটিভদের সঙ্গে নিয়ে আলোচনা যেটা করেছে সেটা [illegible]। আমি আশা করি শীঘ্রই তাদের [illegible] এবং তারাও আন্দোলন প্রত্যাহার করে নেবে।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় [illegible], আমি একটি [illegible] বিষয়ের প্রতি [illegible] আকর্ষণ করছি। আজকে দৈনিক [illegible] এবং [illegible] প্রাক্তন মন্ত্রী শ্রী[illegible] এবং শ্রী[illegible] এস ইউ সি-র ডাকে এক জনসভা আরম্ভ করেছিলেন। সেই জনসভা আরম্ভ করবার সময় ওখানকার স্থানীয় জোতদার, কংগ্রেসী নেতা এবং গুণ্ডারা সেই মিটিং বানচাল ক'রে দেয় এবং প্রাক্তন মন্ত্রী সুবোধ ব্যানার্জীকে সঙ্গে ক'রে

নিয়ে গিয়ে রাত্র ১০টা পর্যন্ত স্থানীয় কংগ্রেস অফিসে আটক রাখেন। এবং শ্রীপ্রবোধ পুরোকায়েত এবং কিছু এস ইউ সি কর্মী আহত হন। এবং এস ইউ সি-র পশ্চিমবাংলার সম্পাদক কমরেড নীহার মুখার্জী তিনি পুলিসের দৃষ্টি আকর্ষণ করেন এবং অন্যান্যভাবে খোঁজখবর নেবার চেষ্টা করেন কিন্তু রাত্রি দুটো পর্যন্ত কোন খবর পাওয়া যায় নি। এমন কি আজ সকাল পর্যন্ত যতদূর খবর এসেছে তাদের এখন পর্যন্ত কোন খোঁজখবর পাওয়া যায় নি। এটা যদি গণতন্ত্র হয় বিধানসভার প্রাক্তন সদস্যরা এবং বর্তমান সদস্যরা তারা যদি পুলিসের হাতে এবং সরকারের দলের হাতে এইভাবে লাঞ্ছিত হন, তা হ'লে গণতন্ত্র কাকে বলে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, তারা একটু আমাকে বুঝিয়ে দিন, তারা ব'লে দিন বামপন্থীরা কোন জায়গায় মিছিল মিটিং করতে পারবে, কি পারবে না। এর আগেও আরো ঘটনা আমি এই হাউসে বলেছি। এর আগে জ্যোতিবাবুর মিটিং-এ এই রকম ঘটনা ঘটেছিল। যতীন চক্রবর্তী মহাশয়ের মিটিং-এ এই রকম ঘটনা ঘটেছে। যেখানে মিটিং করতে আমরা যাই যেখানে আমাদের কথা জনগণের কাছে বলতে যাচ্ছি বর্তমান অর্থনৈতিক অবস্থার কথা, বর্তমান মূল্যবৃদ্ধির কথা, সেগুলিকে বানচাল ক'রে দেবার জন্য কিভাবে ষড়যন্ত্র ক'রে প্রত্যেক মিটিং-এ এবং মিছিলে আজকে গুণ্ডাদের লেলিয়ে দেয়া হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের বিষয় যে, এই মিটিং-এ দুইজন পুলিস অফিসার থাকা সত্ত্বেও কোন ব্যবস্থা নেয়া হয় নি। এটা কি ক'রে এই সরকারকে সভ্য সরকার বলব? মাননীয় স্পীকারমহাশয়, আমাকে সেইজন্য একটু চিন্তা করতে হচ্ছে। এরা বারে বারে বলছেন, গণতন্ত্র আমরা দিয়েছি, কিন্তু এটা কি গণতন্ত্র? এর আগেও মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের বলেছেন। আমি এই বিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি এবং তাদের কাছে একটা বিবৃতি দাবি করছি যে, তারা ব'লে দিন অন্ততঃ যাতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়।

শ্রীজয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যাঁর এস পি, কিম্বা ওদের দোসর যারা এদের কীর্তিকলাপে বাংলার জনসাধারণ আজকে যদি ওঁদের কোথাও মিটিং করতে না দেয় তার জন্য সরকার দায়ী নয়। আজকে যদি ওঁরা যদি পুলিস প্রটেকসন চান ওঁদের মিটিং করবার জন্য আমরা দিতে রাজী আছি। আজকে বাংলাদেশের জনসাধারণ যদি ওঁদের পরিত্যাগ করে, ওঁদের সভা করতে না দেন, তা হ'লে আমরা দুঃখিত, তাতে সমবেদনা জ্ঞাপন করতে পারি, কিন্তু ওঁরা যদি পুলিস প্রটেকসন চান যে, আমরা সভা করব, আমাদের পুলিস প্রটেকসন দাও, তা হলে আমরা নিশ্চয়ই দেব। আমি ওঁদের এটুকু জানিয়ে দিতে চাই যে, তাদের কুকীর্তির জন্য আজকে জনমানসে যে [illegible] ওদের [illegible] ক'রে দিচ্ছে তার জন্য সরকার দায়ী নয়, দায়ী ওদের অতীত ইতিহাস, দায়ী ওদের কীর্তি।

শ্রীঅরবিন্দ নস্কর: অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমি [illegible] এলাকার এম এল এ আমি দায়িত্ব নিয়ে এখানে কথা বলছি। আজকে তিমিরবাবু যে বক্তব্য রাখলেন তা সম্পূর্ণ [illegible]। তার কারণ [illegible] এস পি এবং ডি এস পি [illegible] সঙ্গে আমি যোগাযোগ করেছি এবং তাঁদের সঙ্গে [illegible] করছি। [illegible] জনসভা ডাকা [illegible] উঠেছে। সেই [illegible] ছিল। সেখানে [illegible] মানুষ [illegible] ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত ঐ এস ইউ সি-র [illegible] ছিল [illegible] চালিয়েছেন তারাই [illegible] মিটিং [illegible] পার্টি [illegible]। সুতরাং [illegible] সম্পূর্ণ [illegible] কথা।

Presentation of R[illegible] of the Committee on Public Accounts

Shri Deo Prakash Rai: Sir, I beg to present the Report of the Public Accounts Committee on the Appropriation and Finance Accounts for 1966-67 and 1967-68 and Audit Reports thereon.

Statement under rule 346

Mr. Speaker: Now I call upon Dr. Zainal Abedin to make a statement under rule 346.

[2-50—3-30 p.m.]

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিবৃতি দিচ্ছি।

For some time past the lack of improvement in the performance of the Durgapur Chemicals Ltd. has been causing great concern to the State Government. With a view to rectify the ills in the undertaking, the Government has taken a number of steps of which I duly informed the House through a statement on 22nd March, 1973.

The Hon'ble Members may now like to know specific changes brought about by the Government by way of reconstruction of the managerial and administrative organisation of the Durgapur Chemicals Ltd. The Government had set up a Committee of Management in the Durgapur Chemicals Ltd. and the Committee closely examined the procedure regarding sale and purchase of the Durgapur Chemicals Ltd. besides various administrative and technical matters. On receipt of the Report of the Committee of Management, the Government in consultation with the Board of Directors of Durgapur Chemicals Ltd. decided that Shri A. Das Gupta, Ex-Managing Director, should be discharged from service according to the terms and conditions of his appointment. The Board of Directors of Durgapur Chemicals Ltd. thereafter, after due consideration discharged the services of Shri S. Sen Gupta, Ex-Works Engineers, Shri R. P. Sinha, Ex-Personnel-cum-Administrative Manager and Shri D. K. Basu, Assisant Production Manager, with effect from 1st April, 1973. Shri T. K. Roy, seniormost Assistant Production Manager of Durgapur Chemicals Ltd. has since been promoted to the post of Deputy Production Manager and a Chief Executive Officer has also been appointed from Government to look after the administration of the Durgapur Chemicals Ltd.

I sincerely hope that we shall succeed in our efforts to strengthen the organisation and management of the Durgapur Chemicals Ltd. by induction of technically qualified personnel in the near future. It is also expected that the officers and employees of Durgapur Chemicals Ltd. will rise to the occasion in meeting the present crisis which Durgapur Chemicals Ltd. is facing by rendering honest and efficient services. I should like to assure the House that Government will spare no pains to bring about effective improvement in running this public undertaking.

স্যার, আমি আজকে হাউসে আসবার সময় এটা পেলাম, দুর্গাপুর কেমিক্যালসের ওয়ার্কারস ইউনিয়ন এঁরা একটা চিঠি সরকারের কাছে পাঠিয়েছেন। আপনার অনুমতি নিয়ে এই প্রসঙ্গে এটা অত্যন্ত প্রাসঙ্গিক বলে, চিঠিটা এখানে পড়ে দিচ্ছি—

Ref. No. DCWU/73/32, dated 5th April, 1973.

To the Minister-in-charge, Public Undertakings,

Small Scale Industries, Government of West Bengal,

Writers' Buildings, Calcutta-1.

"Hon'ble Sir,

Durgapur Chemicals Workers' Union is very much glad to inform you that the Government's decision of reshuffling in the management of Durgapur Chemicals Ltd. has been highly greeted by the workers of D.C.L. We, on behalf of Union, congratulate the Government's decision. We are expecting to start with new spirit and efficiency to co-operative with the new management survive D.C.L. from its present miserable condition. In addition to the present reshuffling of the D.C.L. management, we like to suggest that some more Departmental heads of Purchase Department and Marketing Department

at Calcutta office and of Security and Fire Department at Durgapur against whom necessary action should be taken for their inefficiency and draw-backs in their respective departments after proper investigation. In this connection, we would like to request the Government to find out the actual loss of Mercury from Caustic Chlorine Plant by taking the present weight of Mercury against total quantity issued to the Plant from time to time. In fine, we appreciate and welcome your direction regarding shifting of Head Office from Calcutta to Durgapur. We feel that this will not only economise the Company's financial liabilities but also it will improve the local administration at Durgapur by adding more staff and officers, for which we appeal to your goodself, for your expeditious action in this matter.

With sincere regards,

Yours faithfully,
T. K. Paul,
Jt. General Secretary,
Durgapur Chemicals Workers' Union."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বন্ধুবর শীষ মহম্মদ সাহেব ৩রা এপ্রিল, ১৯৭৩ তারিখে একটি মেনসন করবার সময় যে বক্তব্য এখানে রেখেছেন, তাতে আমাদের সুবিধা করে দিয়েছে। তার জন্য তাকে আন্তরিক ধন্যবাদ জানাই। আমরা জানি সমবায় বিলের আলোচনার সময় দেখেছি অসৎ, দুর্নীতিগ্রস্ত, পচা, পূতিগন্ধময় নোংরা আর এস পি বন্ধুদের হাতগুলি সেখানে গিয়ে কি অনাসৃষ্টি করেছে! আজকে আবার শ্রমিকদের স্বার্থের কথা বলেন! শ্রমিকদের ব্যাপার নিয়ে বন্ধুবর কোথাকার এক ছেঁড়া কাগজ তুলে নিয়ে এখানে একটা বক্তব্য রাখবার চেষ্টা করেছেন। আমি বিগত বছর এই হাউসের সামনে রেখেছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রেখেছিলাম খাদি বোর্ডের কথা। আমি কুটির শিল্প দপ্তরে আছি বলে খাদি ও বোর্ডের একটা এনকোয়ারী কমিশন বসিয়েছি, আপনি নোটিস দিয়েছেন জায়গা দিতে পারবেন না সে সংবাদ আমরা পেয়েছি। এক লক্ষ একচল্লিশ হাজার টাকা খরচ করেছেন সে রিপোর্ট পাই নি, সেখানে আরও এক বছর সময় দিতে হবে, ইতিমধ্যে বোর্ডে যে অব্যবস্থা তার প্রতিকার করতে পারছি না কমিশন বসিয়েও। আজকে যে তদন্তের ইঙ্গিত দিয়েছেন বন্ধুবর শীশ মহম্মদ কার ব্রিফ নিয়ে এখানে এসেছেন বাংলাদেশের মানুষ তা যেন [illegible] পারে- তাদের চিনতে পারে। [illegible] যারা দুর্নীতিগ্রস্ত, [illegible] সরকারী সংস্থা ধ্বংস [illegible] বাংলাদেশে সোসিও ইকনমিক স্টাকচারকে বিপর্যস্ত করতে চায় তাদের এজেন্ট হিসাবে [illegible] বিধানসভায় যারা বক্তব্য রাখে তাদের প্রশংসা করতে পারি না। দুঃখিত আমরা সেজন্য। দৃঢ়তার সঙ্গে সরকার পক্ষ [illegible] জানাতে চাই, যেখানে দুর্নীতি, অপদার্থতা দেখবো শীশ মহম্মদ শত কান্নাকাটি করলেও রেহাই দেবো না, তাদের কণ্ঠ চেপে ধরবো জনতার আদালতে দাঁড় করাব। আজকে সেকথা বলে দিতে চাই যে, আজকে যে পরিবর্তন সূচিত হয়েছে তা [illegible] এবং সাপের গর্ত খুঁজে বের করবই। বিষধর কেউটে সব শেষ করে দেবে—সে শপথ যখন এই সরকার নিয়েছে বাংলাদেশের জনসাধারণের কাছে, তখন হুঁশিয়ার করে দিতে চাই বাংলাদেশের মানুষ তাদের জানে তার জন্য আমি দুঃখিত। সমস্ত পশ্চিমবাংলায় বিরোধী শক্তি নেই [illegible] যে দু'টি টিমটিম করে [illegible] বাংলাদেশের মানুষ [illegible] দাঁড়াতে পারবেন? সুতরাং সাবধান হোন। ছিলেন কোথায়? বাংলাদেশের বিরোধী শক্তিকে আমি আঘাত করতে চাই না, বিরোধী শক্তি সংগঠিত হোক তাই চাই, কিন্তু শীশ মহম্মদ সাহেব যদি নিভে যান তা হলে নিভিয়ে দেবে বাংলাদেশের জনসাধারণ তাদের ফুঁ দিয়ে। [illegible] হবো। সেইজন্য আপনাকে হুঁশিয়ার করতে চাই। [illegible] দুর্নীতি [illegible] এরূপ বক্তব্য রাখলেন তা শুনে মনে হচ্ছে [illegible] কথা। আজকে সেইজন্য হুঁশিয়ার করতে চাই এ পথ দেশ [illegible] পথ নয়। কংগ্রেস যে দেশ গড়ার পথ নিয়েছে জনতাকে সঙ্গে নিয়ে তা চলবে। মাননীয় স্পীকার মহাশয়, আমায় যে সময় দিয়েছেন তার জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি।

Shri Md. Safiulla: Sir, on a point of order, I would draw your attention to rule 47.

স্যার, গত ৪ঠা এপ্রিল আমার ২৯টা প্রশ্নের রিটিন অ্যান্সার দেওয়া হয়েছে, এই বিষয়টা আপনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, যেটা আইনে আছে—

> Provided that the Speaker may, if he thinks fit, call upon the Member who has given notice of a question for oral answer to state in brief his reasons for desiring an oral answer and, after considering the same, may direct that the question be included in the list of questions for written answer.

স্যার, এটা একটা ডিসক্রিয়েসান আছে। কাজেই এই ২৯টা প্রশ্ন গত মঙ্গলবারের ঐ চার তারিখে রিটিন অ্যান্সার দেওয়া হল, তার মধ্যে ১৭টা বন বিভাগ সম্পর্কে, ১১টা স্বাস্থ্য বিভাগ সম্পর্কে ও একটা খাদ্য বিভাগ সম্পর্কে। এর মধ্যে অ্যাটলিস্ট ১০টা কোশ্চেন অত্যন্ত জরুরী। স্যার, রুলটার দয়া করে যদি ইনটারপ্রিটেসান করেন এবং আলোকপাত করেন তা হলে ভাল হয়।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমিও সমর্থন করি। অনেক গুরুত্বপূর্ণ প্রশ্ন এইভাবে চলে যায়। রিটিন অ্যান্সার-এর বিষয়টা ভাবা দরকার। স্যার, বিষয়টা আমাদের একটা অধিকারের প্রশ্ন, যাতে আমরা সুযোগসুবিধা পাই দেখবেন।

Mr. Speaker: You are receiving oral answers of the questions. All the answers of the questions have been placed on the Library Table. You have pointed out that I have got discretion. Certainly I have got discretion but that discretion must be most sparingly used.

শ্রীমহম্মদ সফিউল্লাঃ আপনি লক্ষ্য করলে দেখবেন স্যার, আরও চার সপ্তাহ না হয়, তিন সপ্তাহ আমরা বিধানসভা চালাচ্ছি। এত তাড়াহুড়া করে বন বিভাগ সম্পর্কে প্রশ্ন দিয়েছেন, তাই আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

এটা তো ঠিক অ্যান্সার হল না। আমি স্যাটিসফায়েড হতে পারছি না।

Mr. Speaker: According to the proviso I have been given the discretion. I am to decide whether I shall use my discretion in your favour or in favour of any other person. I will have to see whether that discretion should or should not be used. It is entirely to my discretion and I do not want to make any reference regarding that. But if you want to discuss the matter, please come to my chamber and I am ready to discuss with you.

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After adjournment)

GOVERNMENT BILL

LEGISLATION

The Calcutta Improvement (Amendment) Bill, 1973

Shri Ajit Kumar Panja: Mr. Speaker, Sir, I beg to introduce The Calcutta Improvement (Amendment) Bill, 1973.

(Secretary then read the title of the Bill.)

Shri Ajit Kumar Panja: Sir, I beg to move that The Calcutta Improvement (Amendment) Bill, 1973, be taken into consideration.

Sir, under clause (d) of section 18 and sub-section (3) of section 21 of the Calcutta Improvement Act, 1911 no business can be transacted at any meeting of the Board of Trustees for the improvement of Calcutta or of a Committee

appointed by the Board thereunder unless at least half of the existing number of trustees or of the members of the Committee respectively are present from the beginning to the end of the meeting. The Board consists of 11 members. Sir, the quorum of the meeting fixed under the Calcutta Municipal Act, 1951 and the Bengal Municipal Act, 1932 is much less than that fixed under the Calcutta Improvement Act, 1911. It has come to the notice of the State Government that the meetings of the Board of Trustees or of the different Committees had often to be postponed due to the lack of quorum?

Such situation is leading to dislocation of the business of the Trust as the meetings are rendered invalid, due to lack of quorum. Besides, the flow of decisions of the Board should continue un-interrupted in the context of the rising expectations of the people from the Board of Trustees in respect of development projects. If the Board has to discharge the responsibilities more quickly than ever, its meetings should be regularly held and validly held. It has, therefore, been felt that the quorum fixed in the Calcutta Improvement Act, 1911, should be lowered to enable the Board to discharge its functions more quickly and effectively. The Bill, therefore, Sir, seeks to achieve the objective by reducing the existing quorum from one-half to one-third of the number of Trustees. I am sure, the Bill would receive full support of all the Members of the House.

Sir, with these words I commend my motion for acceptance of the House.

Mr. Speaker: There are motions for circulation of the Bill by Shri A. H. Besterwitch, Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad. All the amendments are in order. I call upon Shri Timir Baran Bhaduri to move the amendments.

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউসে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৩ যেটা মাননীয় মন্ত্রিমহাশয় রাখলেন সেটা কলকাতার জনসাধারণের স্বার্থে আমাদের সমর্থন করা ছাড়া গত্যন্তর নাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোরামের জন্য এই বিলটিকে আনা হচ্ছে। এই ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টে যে বোর্ড আছে সেই বোর্ডে যে সমস্ত সদস্যরা থাকেন তাদের অনেককেই দেখা যায় যে, সরকার পক্ষ থেকে চাপিয়ে দেওয়া হয়। আগে কলকাতা কর্পোরেশন থেকে তিন জন সদস্যকে নেওয়া হোত। এখন কলকাতার কর্পোরেশন মন্ত্রিমহাশয়দের দয়ায় লাটে উঠেছে। কিভাবে গণতন্ত্রকে খতম করে, জনসাধারণের প্রতিনিধিদের খতম করে এটা করা হয়েছে তা মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন। আর কি বলবো ওনারা যে সমস্ত লোকদের পাঠান তারা ঠিক ঠিকভাবে মিটিংয়ে হাজির হন না। ১৫ দিন অন্তর যে মিটিং হয় তাতে তাঁরা ঠিক ঠিকভাবে হাজির হন না। সদস্যরা দেখা যায় যে অনেক [illegible] অধিবেশন। কিন্তু দেখছি যে, মন্ত্রিমহাশয় বিল আনছেন কোরাম কমাবার জন্য। আসল কথা সেটা যদি বদলাতে না হয় যেভাবে ইমপ্রুভমেন্ট বোর্ড রাখা হয়েছে এবং যেভাবে সেটা চলে, তা হলে দেখবেন আবার ২ বছর পরে আবার একটা পার্সেন্টেজ এই কোরাম রাখতে হবে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে বলি, এইভাবে না করে ঐ মাথাভারী কিছু লোক না পাঠিয়ে সেখানে জনসাধারণের নির্বাচিত প্রতিনিধি পাঠাবার ব্যবস্থা করুন। কেন, আপনি জানেন কি? স্যার, আপনি গিয়ে দেখুন ঐ টালিগঞ্জ ও যাদবপুর এলাকায় গিয়ে যে, সেখানে ইমপ্রুভমেন্টের নামে কি ঘটনা ঘটছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৭।৮।৯।১০ বছর ধরে রাস্তা বন্ধ হয়ে আছে ঐ আমাদের গভর্নমেন্টের ল্যান্ড পারচেজ দপ্তর সেটাকে ফেলে রেখে দিয়েছে। আবার যদি সেই রাস্তার ভিতর দেখা যায় মন্ত্রিমহাশয়দের পক্ষের লোক থাকে, তা হলে তো আর কথাই নেই। সেই সমস্ত লোক ল্যান্ড অ্যাকুইজিসন দপ্তরকে তাঁদের নিজেদের স্বার্থে ব্যবহার করে। অনেক সময় তারা ২।৯ মাইল রাস্তা হাইকোর্টের ইনজাংসন দেখিয়ে আটকে রাখে।

[3-30—3-40 p.m.]

যদিও কিছু কিছু কাজ যাদবপুর এলাকায় আরম্ভ হয়েছে। কলকাতায় এই রকম আরো অনেক রাস্তা আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্যালকাটার ইমপ্রুভমেন্ট-এর কথা বলতে গেলে ছোট বেলায় আমরা শুনতাম যে সি এম ডি এ যখন কাজ ধরেছে, ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট যখন কাজ ধরেছে, তখন ১ বছরের মধ্যেই কমপ্লিট হয়ে যাবে। মানুষের একটা আশা ছিল, ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের উপর একটা আস্থা ছিল, কিন্তু এখন দেখা যাচ্ছে, এই ইমপ্রুভমেন্টের উপর কোন আস্থা নেই। এখন তারা বলছেন ইমপ্রুভমেন্ট ট্রাস্ট হাত দিয়েছে, তবে ঠাকুরদাদার সময় যদি আরম্ভ হয়, তা হলে নাতি এসে দেখতে পাবে—ক্যালকাটা ইমপ্রুভমেন্ট সম্বন্ধে এই কথা বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্যালকাটার ফুটপাথ দেখলেই বোঝা যায় যে, রাস্তার ধারে ধারে টেলিফোন, পাইপলাইন নিয়ে যাবার জন্য গর্ত খোঁড়া আছে, সারাবার ব্যবস্থা হয় নি। দীর্ঘদিন এই অবস্থায় পড়ে থাকে। এখন পর্যন্ত কলকাতার নাগরিকরা সাধারণভাবে জল পান না, বস্তীবাসীদের তো কথাই নেই। অজিতবাবু নিজেই কলকাতাবাসী, তিনি ভাল করেই এটা জানেন। আমি এই সব দিকে আর না গিয়ে মন্ত্রিমহাশয়ের কাছে খালি একটা আবেদন রাখবো। আপনি এইভাবে বিল না এনে যাদের সদস্য নির্বাচিত করেন তাদের মাথাতেই থেকে যাবে, তাদের না দিয়ে আপনি জনপ্রতিনিধিদের মাধ্যমে ইমপ্রুভমেন্ট ট্রাস্টের বডি তৈরি করুন, তাতে আগ্রহ থাকবে, সাধারণ মানুষ তাতে আগ্রহ প্রকাশ করবে এবং কলকাতার উন্নতিকল্পে সরকার যেসব নীতি নির্ধারণ করছেন তাকে ঠিকভাবে কার্যকর করার জন্য আগ্রহ থাকবে। দেখা যাচ্ছে কোরামের অভাব এবং লোকে শুনলে বলে কোরামের অভাবের জন্য সভা হয় না। এই কথা বাইরে গিয়ে কি করে বলব সেটা ভেবে আমি অবাক হয়ে যাই। আমি এই বিলের বিরোধিতা করছি না, কলকাতার ভয়াবহ অবস্থার দিকে তাকিয়ে বলব নিশ্চয় সকাল-বেলায় এই কাজ আরম্ভ করা হোক, ২।৩ জনকে দিয়েই হোক আর ৪ জনকে দিয়েই হোক কাজটা আগে আরম্ভ হোক। রাস্তাগুলির দিকে তাকালে দেখা যায় যে, কি ভয়াবহ অবস্থা হয়ে আছে, চারিদিকে খালি বড় বড় গর্ত হয়ে আছে। তার ফলে ট্রাফিক, বিশেষ করে বাস, হেভি বাস রাস্তা দিয়ে যখন যায়, তখন ঐ গর্তে ধাক্কা লাগে এবং তার ফলে প্যাসেঞ্জারদের যেমন ক্ষতি হয় তেমনি বাসেরও ক্ষতি হয়। এই সমস্ত দিকে দৃষ্টি রাখতে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। মন্ত্রিমহাশয় যে বিলটি এনেছেন তাকে আমি সমর্থন করছি। কিন্তু এইভাবে যাদের সদস্য নির্বাচিত করছেন, সেটা না করে ভালভাবে গণতান্ত্রিক পথে, গণতান্ত্রিক রীতিনীতি মেনে সদস্য নির্বাচিত করুন, তাতে করে আগ্রহ থাকবে, কাজ হবে দ্রুত গতিতে, উন্নতি হবে, তা না হলে একজন চেম্বার অফ কমার্সের রিপ্রেজেনটেটিভ রাখছেন, তিনি যদি মনে করেন তার কোন স্বার্থের পরিপন্থী হবে না সেই রকম জায়গায় তিনি মিটিং-এ আসেন। এই সমস্ত লোকদের রেখে কি লাভ আছে? সেইজন্য আমি অনুরোধ করছি আপনি সেইভাবে নিয়ে আসুন। আমি আমার মোশান মুভ করছি না, কারণ আমি চাই না যে, আরো দু-একদিন দেরি হোক। আমি চাই ইমিডিয়েট কাজ আরম্ভ হোক। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ কানাইলাল সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয় ক্যালকাটা ইমপ্রুভমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৩ যেটা এনেছেন, যেটা ১৯১১ সালের বিল ছিল সেটাকে অ্যামেন্ড করার জন্য যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে আমি দু-একটা কথা এখানে বলতে চাই। এখন বোর্ড অব ট্রাস্টিজ ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে দিয়ে কন্সটিটিউ-সন অব দি বোর্ড অব ট্রাস্টিজ হচ্ছে - চেয়ারম্যান থাকবেন কমিশনার, কর্পোরেশন অব ক্যালকাটা। ৩ জন ইলেকটেড বাই দি কমিশনারস রিপ্রেজেনটেটিভস ফ্রম দি চেম্বার অব কমার্স ৪ জন, নমিনেটেড বাই দি ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট ৩ জন এই ১১ জন কমিটিতে আছে। আমাদের আগে কোরাম ছিল যে ৫০ পার্সেন্ট না হলে কোরাম হবে না। তাতে দেখা যাচ্ছে সেখানে যেসমস্ত মিটিংগুলি হত সব মিটিংগুলিই প্রায় ক্যানসেলড হত। তার কারণ হচ্ছে কোরামের

অভাব। ৬ জনের যদি সভা হয়, সেখানে ৪ জন আসেন না। এই কোরামের অভাবের জন্যই ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের অনেক কাজ হতে পারছে না।

তার সঙ্গে সঙ্গে বলছি এই বিলটা আরো বিবেচনা করে আনা উচিত ছিল। কারণ ১১ জনের কমিটিতে যদি কোরাম কমিয়ে নিয়ে এসে ওয়ান থার্ড করা হয়, তা হলে ৪ জন হবে, ইলেকটেড রিপ্রেজেনটেটিভদের চেয়ে আমার মনে হয় যাঁরা আমলা তাঁরাই এই কাজগুলো চালাবেন, যার ফলে জনসাধারণের যে উপকার হত তা হতে পারবে না। এই প্রসঙ্গে আপনাদের বলি, আগেকার দিনে আমরা দেখেছি ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের যে সমস্ত কাজ হয়েছে তাতে দেখেছি উন্নতির নামে মানুষকে উচ্ছেদ করা হয়েছে। ঐ দেখুন বালিগঞ্জ এলাকাটা। সেখানে ছোটবেলাতে আমরা দেখেছি অনেক পরিবার বাস করতেন। তাদের সামান্য কিছু টাকা দিয়ে উদ্বাস্তু করে দেওয়া হয়েছে। তারা সেই টাকা পেয়ে খেয়ে নিয়েছে, কিন্তু পুনর্বাসন লাভ করতে পারে নি। এইভাবে মানিকতলা, নারকেলডাঙ্গা, বেলেঘাটা, বালিগঞ্জ ইত্যাদি জায়গায় কলকাতার সাধারণ মানুষকে উচ্ছেদ করা হয়েছে। এখন অবশ্য দৃষ্টিভঙ্গি পাল্টেছে ইমপ্রুভমেন্ট ট্রাস্টের। এখন কোন বস্তীর উন্নয়ন করতে হলে আগে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করে তবে তাদের উচ্ছেদ করা সম্ভব হবে। এটা আমাদের প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার যে সরকার হয়েছে সেই সরকারই করেছেন। কাজেই আমি বলব কোন কাজ করতে গেলে আমাদের ডেমোক্রাটিক রিপ্রেজেনটেসান যেটা আছে সেটা প্রপারলি রিপ্রেজেনটেটিভ বডি হলেই আমার মনে হয় ভাল হয়। এই যে কোরাম কমিয়ে নিয়ে আসতে চাইছেন আমার মনে হয় বডি যদি ঠিকমত কন্সটিটিউটেড হয়, তা হলে নিশ্চয় কোরাম হবে। এই যে চেম্বার অব কমার্সের যারা, তারা কখনও আসেন না। তারপর গভর্নমেন্টের যে সমস্ত আছেন যেমন ট্রান্স-পোর্ট কমিশনার, এঁরা কখনও আসেন না। কাজেই মন্ত্রিমহাশয়কে বলছি, তিনি এ ব্যাপারটা একটু ভেবে দেখুন যাতে এই কোরামটা কমিয়ে নিয়ে আসার দরকার না হয়। আমি আমরা চাই আমাদের এই গভর্নমেন্টের যে সমস্ত কমিটি হবে, সেগুলি প্রপারলি রিপ্রেজেনটেটিভ হবে। যে ডিসিসান নেওয়া হবে সেগুলি যেন ঠিকভাবে নেওয়া হয়। তার কারণ এই ডিসিসানগুলির মধ্যে এমন ডিসিসান থাকবে যেগুলিতে সাধারণ মানুষের উপকার [illegible] এমন ডিসি-সানও থাকতে পারে যাতে সাধারণ মানুষের উপকারের চেয়ে [illegible] সেখানে যদি ভালভাবে রিপ্রেজেনটেসান থাকে, তা হলে [illegible] আরো ভালভাবে হবে। স্যার, এই প্রসঙ্গে আমি [illegible] একটা কথা বলতে চাই। [illegible] কর্পোরেশনে একটা মোশান এনেছিলাম এই বলে যে, চেতলাতে ইমপ্রুভমেন্ট ট্রাস্ট [illegible] করে নি, কাজেই সেখানে সেই ২৪নং ওয়ার্ডে, চেতলাতে তারা কিছু কাজ করুক। আমি [illegible] ছিলাম সাধারণ মানুষের ক্ষতি না করে যে সমস্ত রাস্তা ছোট আছে সেগুলিকে একটু চওড়া করতে, যে বাঁকগুলি আছে সেগুলি ঠিক করতে, যেখানে ফুটপথ নেই সেখানে [illegible] করতে ইত্যাদি। কিন্তু দেখলাম বড় বড় কাজ হল। চেতলার একটা বাস্তুহারাদের বাজার তুলে দিয়ে সেখানে ফ্লাটের বন্দোবস্ত হল। ২৫০।৩০০ টাকা ভাড়ার ফ্লাট হল। তা ছাড়া একটা সিনেমা করার কাজ আরম্ভ হল, কিন্তু সাধারণ মানুষের কাজগুলি হতে পারলো না। কাজেই স্যার, আমি বলব, এই যে ডিসিসানগুলি, এগুলি যদি ঠিকমত প্রপারলি রিপ্রেজেনটে-টিভদের মাধ্যমে না আসে, তা হলে এই যে টাকা খরচ করা হচ্ছে বা ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট করছে সেই টাকা সুষ্ঠুভাবে খরচ হবে না। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে এই কোরামের ব্যাপারটা তাই আবার ভেবে দেখতে অনুরোধ করছি। এই সঙ্গে সঙ্গে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট আজকালে যে সমস্ত কাজ করছে সেগুলি সুষ্ঠুভাবে করানোর জন্য প্রপারলি রিপ্রেজেন-টেটিভ বডির মাধ্যমে যাতে হয় সেদিকে লক্ষ্য দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। কারণ তারা যে কাজ করছে সেগুলি সাধারণ মানুষের উপকারে লাগবে কিনা সেটা দেখা দরকার। সরকার পক্ষ থেকে এই বিল এনেছেন, কাজের অসুবিধা হচ্ছে বলে সেইজন্য এই বিল আমি সমর্থন করছি এবং তা করে আমার বক্তব্যের প্রতি দৃষ্টি দেবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানিয়ে শেষ করছি :

[3-40– 3-50 p.m.]

শ্রীমতী গীতা মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে বিলটি এনেছেন সেটা আমাকে বাধ্য হয়েই সমর্থন করতে হচ্ছে। কারণ সত্যিসত্যি যে সি আই টি বোর্ড সেটা চলতি পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষ বছরে বোধ হয় ৯ থেকে ১০ কোটি টাকা হ্যান্ডলিং করবে। সুতরাং অনেক টাকা পয়সার ব্যাপার। কলকাতার উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট, কলকাতার দরিদ্র লোক কত উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট একটা ছোট বোর্ড সেই বোর্ডের কোরাম হয় না। অতএব কোরাম কমিয়ে দিয়ে সমাধান করতে হবে, এটা বাস্তবিকই একটা লজ্জার ব্যাপার। তবে লজ্জার ব্যাপার হলেও কোন উপায় নেই, কারণ কাজকে তো আটকানো যায় না। কিন্তু আমি এই সূত্রে বর্তমানে যে বোর্ড আছে, কোরাম হচ্ছে না, এখন কি করা যায়, এই বিষয়ে আমি ওয়ান-থার্ড করা ছাড়া কয়েকটি কথা এই বিষয়ে বলতে চাই। দেখুন, এই বোর্ডে এর আগে ১১ জনের মধ্যে-- সকলে বলেছেন যে কোন কোন লোক তার মধ্যে আছেন--২ জন চেম্বার অব কমার্স, কর্পোরেশনের তরফ থেকে গভর্নমেন্টের নমিনেটেড ৩ জন, চেয়ারম্যান নিজে, কর্পোরেশনের কমিশনার, আর একজন পি ডবলিউ ডি-র সেক্রেটারী, আর একজন হচ্ছে টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং-এর সেক্রেটারী।এখন বর্তমানে দেখা যাচ্ছে, ২ জন নন-অফিসিয়াল নোমিনি ছিল তার একজনের টার্ম ওভার হয়েছে, রি-অ্যাপয়েন্টমেন্ট এখনও হয় নি। কিন্তু আর একজনের টার্ম ওভার ২।৪ দিনের মধ্যে শেষ হয়ে যাবে। এই যে ২ জন দেখছেন সরকারী অফিসিয়াল, পি ডব্লিউ ডি-র সেক্রেটারী এবং টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং কমিশনার—এই ২টি পোস্টে কিন্তু আগে বেসরকারী লোককে সরকার নিয়োগ করতেন। রাষ্ট্রপতির শাসনের আমলে ৪ জন নন-অফিসিয়ালের বদলে ২ জন অফিসিয়ালকে দেওয়া হয়। এখন প্রথম কথা হচ্ছে অফিসিয়াল দিন আর নন-অফিসিয়াল দিন, বাড়ি বাড়ি গিয়ে দুটো ফুল ফেলে দিয়ে দুইশত কালীপূজো যারা - এই জাতীয় মেম্বার যে বোর্ডে দেবেন তার অবস্থাটা কি হবে সেটা ভেবে দেখেছেন কি? সুতরাং এখন কি হয়েছে, পি ডবলিউ ডি-র সেক্রেটারী তাকে দিয়েছেন, পি ডবলিউ ডি-র সঙ্গে [illegible] প্রত্যক্ষ যোগাযোগ নেই, টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং কমিশনারের সঙ্গে [illegible] হচ্ছে। [illegible] সি [illegible] [illegible] রাখবেন [illegible] পি ডবলিউ ডি-র সেক্রেটারী [illegible] ভদ্রলোক। তার সম্পর্কে ব্যক্তিগতভাবে কোন কথা [illegible]। কিন্তু আপনার [illegible] সরকার কোথায় রিপ্রেজেনটেটিভ দিতে চান [illegible] হলে ডিপার্টমেন্টের সেক্রেটারীকে দিয়ে দিন, সেই [illegible] বাড়ি বাড়ি গিয়ে দুটো ফুল ফেলে দিয়ে দুই শত কালী-পূজো [illegible] ছাড়া [illegible] কি [illegible]। সুতরাং এই ধরনের বোর্ডে যখন কোন সরকারী প্রতিনিধি দেবেন ডিপার্টমেন্টাল হেড [illegible] দিতে হবে এবং সে সব স্পেসিফিক ইন্টারেস্ট নিতে পারবে না, যা তার পক্ষে প্রায় অসম্ভব। এই রকম কেন হবে, এর কোন কারণ দেখছি না। পি ডবলিউ ডি-র সেক্রেটারীর এখানে থাকবার কোন কারণ দেখছি না। আর যদি তিনি না যেতে পারেন এই অবস্থায় যখন গভর্নমেন্ট কোন অফিসিয়াল নমিনেশান করে যখন কোন অফিসারকে দেবেন, স্বভাবতই গভর্মেন্টের উচিত সেই ক্ষেত্রে সেই অফিসার যেন নির্দিষ্টভাবে ঐ বিষয়ে দেখতে পারেন সেটা দেখা। আমি এই কারণে এটা বলছি যে, এটা শুধু সি আই টি সম্পর্কেই প্রযোজ্য নয়। গভর্নমেন্ট যখন বোর্ডকে অফিসিয়াল দেন প্রায় ক্ষেত্রেই দেখা যায় যে, সেই অফিসিয়ালকে সেই বোর্ড সম্পর্কে কোন বিশেষ এক্সক্লুসিভ দায়িত্ব দেওয়া হয় না অথবা বিশেষভাবে সেই বিষয়টি তিনি দেখবেন সেই অবকাশ তার কোথায়? সুতরাং এদিকে না গিয়ে তিনি সেই বোর্ডের মিটিং-এ গিয়ে হাজির হন না। দ্বিতীয় কথা হচ্ছে যে, বোর্ডে আগে ৪ জন গভর্নমেন্ট নমিনি ছিলেন সেই নন-অফিসিয়াল নমিনেটেড ৪ জনের জায়গায় কমিয়ে মাত্র ২ জন করে দিলেন। আর এই ২ জন অফিসিয়াল দিয়ে দিলেন এটাও বা কি নতুন উপকার করছেন বোর্ডের কোরাম না হতে পারার, কন্ট্রিবিউট করা ছাড়া সেটা আমি ঠিক ভাল বলতে পারছি না। সুতরাং সেই পরিস্থিতিতে গভর্নমেন্টের যে ৪টি নমিনেশান দেবার কথা, ২টি যদি পাবলিক ফিগার

থেকে নমিনেশান দেওয়া হয় এবং পাবলিক ফিগারস নমিনেট করার সময় ঐ একই নিয়ম অনুসরণ করা হয়—সেখানেও যাতে দুই শত কালীপূজা সারতে না হয় সেটা একটু দেখবেন। আমাদের অন্যান্য এম এল এ-দের মনোভাব কি আমি জানি না, তবে আমার মনে হচ্ছে 'ছেড়ে দে মা কেঁদে বাঁচি'—তিন শত কমিটি করে এক একজন করে এম এল এ রাখা হল, কিন্তু ৩৬৫ দিন যদি শুধু কমিটি মিটিং করতে যায়, তা হলেও কমিটি মিটিং শেষ করতে পারবেন না। এই টাইপের কমিটিতে নন-অফিসিয়াল রিপ্রেজেনটেশন সবত্র শুধু এম এল এ দিতে হবে, এই রকম কোন কারণ আমি খুঁজে পাই না। আর এম এল এ মানে মাননীয় সদস্য ও ইবোনেরা, আমি নিজেকে সহ বলছি, সুতরাং এই চারটি সিটে যখন আপনারা নমিনেশান দেবেন, তখন নন-অফিসিয়াল নমিনেশান আগে যেটা বাড়িয়ে দেওয়া হয়েছিল, সেটা কমিয়ে দেবার কথা নিশ্চয়ই ভাবতে পারেন এবং যখন নন-অফিসিয়াল নমিনেশান দেবেন তখন সর্বরোগহর গোরা, একমাত্র এম এল এ শাহী করবার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না, আর অপরাপর যে সমস্ত পাবলিক ফিগার্স আছেন, যাঁরা এই বিষয়ে এক্সক্লুসিভলি নজর দিতে পারবেন, সেদিকটা নিশ্চয়ই আপনাদের নজর দেওয়া উচিত। সেই রকম জনজীবন থেকে ব্যাপক কো-অপারেশন অভিজ্ঞ মানুষের এই বিষয়ে আপনারা পেতে পারেন। আমি উদাহরণস্বরূপ বলছি, এখনও পর্যন্ত গভর্নমেণ্ট নমিনেশান হিসাবে আমাদের পার্টির মণি সান্যাল মহাশয় আছেন, আমি যতদূর জানি যে কজন লোক অতি নিয়মিত এই মিটিং অ্যাটেন্ড করেন কোরাম তৈরি করবার দিক থেকে, তার মধ্যে মণিবাবু একজন, এই রকম দু-একজনকে আপনারা নমিনেশান দেবেন। তখন নিশ্চয়ই আপনারা ভাববেন না যে, এ মিটিং অ্যাটেন্ড করলো কি করে নি, এটা আমাদের পার্টির নমিনি হিসাবে বলছি না, তিনি এই বিষয়ে বিশেষ অভিজ্ঞ, নজর দিতে পারবেন। আপনি যদি বিশেষ অভিজ্ঞ, নজর দিতে পারেন, দলমত নির্বিশেষে জনজীবন থেকে সেই রকম ধরনের ফিগার্স ধরে এই সব বোর্ডকে স্ট্রেংদেন করবার চেষ্টা করেন, তা হলে তারা জনজীবনের সঙ্গে ঘনিষ্ঠভাবে সংযুক্ত থেকে বিশেষ করে কলকাতা ইমপ্রুভমেন্টের কথা, যে কথা মাননীয় সদস্য কানাইবাবু বলেছেন, এটাকে আমি সমর্থন করি। কলকাতা ইমপ্রুভমেন্টের মত জিনিসের জন্য সেই ধরনের জন দরদী সংশ্লিষ্ট লোক দেওয়া দরকার এবং অফিসিয়াল রিপ্রেজেনটেশন কমিয়ে দেওয়া দরকার বলে মনে করি। সুতরাং এই বোর্ডের শুধু কোরাম করানোর দিক দিয়ে নজর না দিয়ে, আমি মনে করি এতে ৯।১০ কোটি টাকা যে এই বছর হ্যান্ডল করবেন, এই সময় দৃষ্টিভঙ্গির দিক থেকে পুনর্গঠনের এখনও প্রয়োজন আছে, আপনারা আশা করি বিষয়টা বিবেচনা করে দেখবেন, এই কথা বলে বাধ্য হয়ে এই বিলকে সমর্থন করছি। তবে আপনারা নিশ্চয়ই এই বিল আনন্দের সঙ্গে আনতে পারেন নি, আমিও সেই জন্য এটা নিরানন্দের সঙ্গে সমর্থন করছি।

Shri Abdur Rauf Ansari: Mr. Speaker, Sir, I support the Calcutta Improvement (Amendment) Bill, 1973. The Hon'ble Minister has just placed before us the Bill which relates to the fixation of quorum for a meeting of the Board of Trustees of the Calcutta Improvement Trust. The long experience shows that the quorum should be reduced. Sir, this was first enacted in 1911, and with the progress of time Calcutta Improvement Trust adopted various measures, various resolutions for the development of roads, for the development of the bustees, for the development of passages and other parts so that Calcutta looks more beautiful. But recently we find that due to lack of funds and other obstacles they are not in a position to carry on the programmes, and the other difficulty which came on the way is the problem of quorum. So this move by the Hon'ble Minister is quite befitting. We are working there as people's representatives. Under the existing law out of eleven members six members must be present in a meeting of the Board of Trustees of the Calcutta Improvement Trust from the beginning to the end of the meeting. Sir, they are after all people's representatives, and they might be burdened with other responsibilities. It may not be easy on their part

to be present in a meeting from the beginning to the end. Now what I feel is that when the Central Government and our beloved Prime Minister are giving huge amount of money and the popular Government of this State has also taken up various measures and is giving money to the Improvement Trust for the betterment of the city of Calcutta, it is very much essential that the meeting of the Board of Trustees must be conducted regularly and this condition that a minimum of six members should be present in a meeting from the beginning to the end should be relaxed. So I am pleased to support the Bill and others have also supported this Bill.

[3-50—4-00 p.m.]

But just now my friend from the R.S.P. opposed this Bill. They always speak of democracy but so far as practice is concerned I don't find that they practice democracy. I am doubtful if they believe in democracy, if they believe in people's representatives. A few days back in this very House when the CMWSA Bill was brought by the Finance Minister there was a provision that 10 Members of this House will represent there and my RSP friends brought an amendment that not 10 Members but 5 Members will represent there. Why do they forget that they are also people's representatives? Are they not people's representatives? Are not the Members of the Legislative Assembly people's representatives? Are not the RSP Members elected? They brought the amendment that 10 should be reduced to 5 and at the same time they speak of democracy, they speak of high words like people's representatives which do not befit them. What they speak they do just the reverse. I will request my RSP friends to try to act according to what they say. Then, Sir, regarding this Improvement Trust (Amendment) Bill I draw the attention of the Hon'ble Minister through you. There are lot of schemes with regard to this city of Calcutta and most of them are the alignment schemes and when with the huge amount of money, i.e., about 10 crore, these schemes will be completed in the current 5th Five-Year Plan we will find so many bottlenecks causing traffic jam which is a great problem to pedestrians, problem to the citizens—the common man—are removed. So, I hope now a new life be given to all such schemes lying in the shelf, those schemes be taken up so that problems are removed. Sir, just think of the Chittaranjan Avenue and a few other main thoroughfares in this big city. With the growing population it has become a very difficult problem to cope with traffic jam causing great difficulties to pedestrians even in the Chittaranjan Avenue. So, the various alignment schemes which are there for various parts of the city should, I hope, be taken up now.

Then, Sir, this amendment regarding quorum is, I think, very befitting and if accepted it will help the Board to discharge their functions more quickly and effectively for a better Calcutta, for a prosperous Calcutta, for a beautiful Calcutta and for a happier Calcutta.

With these few words, Sir, I again support the Bill.

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত সদস্যরা এই বিলকে সমর্থন জানিয়েছেন বলে তাঁদের আমি ধন্যবাদ দিচ্ছি। শুধু দু-একটা কথা সদস্যরা যা বলেছেন, সেগুলির উত্তর দেওয়া প্রয়োজন। তিমির ভাদুড়ী মহাশয় বলেছেন যে এম এল এ রিপ্রেজেনটেটিভ থাকা উচিত, গভর্নমেন্ট নমিনি হিসাবে মাথাভারি লোকদের বাদ দেওয়া উচিত। কর্পোরেশনের সময়, কর্পোরেশনে যখন ইলেকটেড রিপ্রেজেনটেটিভ ছিল তখন তারা নিজেরা সিলেক্ট করে পাঠাতেন। কর্পোরেশন সুপারসিড হয়ে যাওয়ার পর তিন জনকে গভর্নমেন্ট নিয়েছেন, তাঁদের মধ্যে দু'জন এম এল এ রয়েছেন এবং একজন সোসিয়াল ওয়ার্কার রয়েছেন, আর একজন নিউজ পেপার থেকে নেওয়া হয়েছে, শ্রীসুকোমলকান্তি ঘোষকে। সুতরাং এটা ঠিক নয় যে, এম এল

এ রিপ্রেজেনটেটিভদের বাদ দেওয়া হচ্ছে বা কোন মাথাভারি লোককে নেওয়া হচ্ছে। ডাঃ সরকার এটাকে সমর্থন জানিয়েছেন, কিন্তু দুঃখও করেছেন যে, কেন এমন হল যে, কোরামের অভাব হয়ে যাচ্ছে? এটা সত্যি দুঃখের কথা যে, ৬ জন থাকলে কোরাম হতে পারে, কিন্তু তা থাকছে না। যখন থাকে না, তখন আমাদের যে সমস্ত বড় বড় কাজ রয়েছে, সেগুলি আটকে যাচ্ছে, তাই আমরা একটা হিসাব নিলাম কতগুলি এই রকম মিটিং বন্ধ হয়ে গিয়েছে কোরামের অভাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বোর্ডের চারটে মিটিং, অত্যন্ত গুরুপূর্ণ মিটিং কোরামের অভাবে করতে পারা যায় নি, ওয়ার্কাস কমিটির একটা মিটিং কোরামের অভাবে করা যায় নি।

ল্যান্ড কমিটির ৩টি গুরুত্বপূর্ণ মিটিং কোরামের অভাবে করা যায় নি। রুলস অ্যান্ড এস্টাবলিশমেন্ট কমিটির একটা মিটিং কোরামের অভাবে করা যায় নি। টাকা আছে, প্ল্যান তৈরি হয়ে আছে, দেশের লোক তাড়াতাড়ি উন্নতি চাইছেন, পিপলস এক্সপেক্টেশান বেড়েছে, কিন্তু কোরামের অভাবে কাজগুলি হবে না? এটা চিন্তা করেই গভর্নমেন্ট এই অ্যামেন্ডমেন্ট এনেছেন। শ্রীগীতা মুখার্জি বললেন, বাধ্য হয়ে তিনি এটা সমর্থন করছেন, কারণ কোরামের অভাব, এটা দুঃখজনক। তিনি যা বললেন সেটা আর এস পি-র ঠিক বিপরীত, তিনি বললেন, এম এল এ না নিতে, কারণ এক একজন এম এল এ ৩০০টা কমিটিতে আছেন এবং ৩৫৬ দিনের মধ্যে ৩০০টা মিটিং হলে তাদের পক্ষে অসুবিধা হয়। তিনি যখন বলছিলেন, তখন ৩৬ জন সি পি আই মেম্বারের মধ্যে তিনি একলাই বলছিলেন। স্যার, আপনি যখন শুরু করলেন, তখন হাউসে কোরামের অভাব ছিল বলে আপনাকে ৩।৪ বার বেল দিতে হয়েছিল। শ্রীমতী মুখার্জির ৩৬ জন এম এল এ কেন প্রেজেন্ট ছিলেন না এই বিলটা আলোচনার জন্য? আশা করি তিনি নিশ্চয় সেটা দেখবেন। যাহেতু ক্যালকাটা এম এল এ-দের এতে নিলে কাজের সুবিধা হবে বলেই নেওয়া হচ্ছে। এই কয়েকটা পয়েন্টের উত্তর আমি দিলাম। আশা করব, মাননীয় সদস্যারা সকলেই এই বিলকে সমর্থন করবেন। আর এস পি-র মাননীয় সদস্যরা সার্কুলেশনের প্রস্তাবটা উইথড্র করে নিয়েছেন। আমি আশা করি এই বিলটা পাশ হলে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের কাজ নিয়ম অনুযায়ী তাড়াতাড়ি হবে। এই ক'টি কথা বলে আমি এই বিলটার সমর্থন চাচ্ছি।

Mr. Speaker: No motion for circulation of the Bill has been moved.

The motion of Shri Ajit Kumar Panja that the Calcutta Improvement (Amendment) Bill, 1973 be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3 and the Preamble

The question that Clauses 1, 2, 3 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Ajit Kumar Panja: Mr. Speaker, Sir, I beg to move that the Calcutta Improvement (Amendment) Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Twenty-first Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the Twenty-first Report of the Business Advisory Committee which at its meeting held on 6th April, 1973 in my chamber considered the question of allocation of date and time for disposal of legislative business and recommended as follows:—

Saturday, 7-4-73, 11 a.m. ... Shree Ramkrishna Sharada Vidya Mahapith (Amendment) Bill. (Introduction, Consideration and Passing)—1 hour.

There will be no question, calling attention and mention cases on that day. The Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that the Twenty-first Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

The Calcutta University (Amendment) Bill, 1973

Shri Mrityunjoy Banerjee: Mr. Speaker, Sir, I beg to move that The Calcutta University (Amendment) Bill, 1973.

(Secretary then read the title of the Bill)

[4-00—4-10 p.m.]

Shri Mrityunjoy Banerjee: Sir, I beg to move that The Calcutta University (Amendment) Bill, 1973, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিলটাতে কোন সাবস্ট্যান্টিভ বা ভারি বিষয় বক্তব্য নেই, এটার মূল উদ্দেশ্য কিছু অপারেশনাল বা প্রোসিডিউর‍্যাল যে অসুবিধা দেখা দিয়েছে সেটাকে দূর করা। কলকাতা বিশ্ববিদ্যালয় পরিচালনার ব্যাপারে কতকগুলি কাউন্সিল, ফ্যাকাল্টি, পর্ষদ বা বডি আছে যেগুলির মোটামুটি কার্যকাল ৪ বছর। কিন্তু প্রথম গঠন মনোনয়ন বা নির্বাচনের ক্ষেত্রে এগুলির কার্যকাল শুরু হয় সেদিন থেকে যেদিন এঁরা প্রথম মিটিং করেন। যেসমস্ত বডি, অথরিটি, কাউন্সিল বা পর্ষদ আছে কলকাতা বিশ্ববিদ্যালয়ে অধিকাংশ তাঁদের মনোনয়ন বা গঠন অল্প কয়েক দিনের মধ্যে ক'রে তাঁরা তাঁদের প্রথম মিটিং করেন। কিন্তু অসুবিধা দেখা দিয়েছে, কতকগুলি ফ্যাকাল্টির ক্ষেত্রে যে ফ্যাকাল্টিগুলি নির্বাচিত হয় অ্যাকাডেমিক কাউন্সিলের দ্বারা। কলকাতা বিশ্ববিদ্যালয় আইন ১৯৬৬ সালে যেটা প্রবর্তিত হয়েছিল সেই অনুযায়ী ১৯৬৮ সালে কতকগুলি বডি, কাউন্সিল, ফ্যাকাল্টি ইত্যাদি গঠিত হয়। আবার ১৯৭২ সালে অধিকাংশ ক্ষেত্রে এগুলির পুনর্গঠনের প্রয়োজনীয়তা দেখা দেয়। ইতিমধ্যে সিনেট, অ্যাকাডেমিক কাউন্সিল ইত্যাদি পুনর্গঠিত হয়েছে এবং ফ্যাকাল্টিগুলিরও নতুনভাবে পুনর্গঠন করা প্রয়োজন। কিন্তু অসুবিধা দেখা দিয়েছে, এই ফ্যাকাল্টিগুলি তাদের প্রথম পুনর্গঠনের পর বা প্রথম নির্বাচনের পর এ পর্যন্ত অনেকগুলি ফ্যাকাল্টি তাঁদের মিটিং ডাকেন নি এবং কতকগুলি ফ্যাকাল্টি মাত্র সম্প্রতি তাঁদের মিটিং ডেকেছেন। সুতরাং ৪ বছরের কার্যকাল প্রথম মিটিং-এর পর থেকে যদি ধরা যায়, তা হ'লে কতকগুলি ফ্যাকাল্টির কার্যকাল ইনডেফিনাইট পিরিয়ড হয়ে যাচ্ছে। এই কারণে আমরা ৩৭(১) ধারায় যে প্রোভাইসো আছে সেই প্রোভাইসোটা তুলে দিতে চাইছি। আমি আপনার অনুমতি নিয়ে পুরো ৩৭(১) ধারা এবং তার প্রোভাইসোটা প'ড়ে দিচ্ছি

'Save as otherwise provided in sub-section (4) an elected or nominated Member of any authority or body of the University shall hold office for a period of 4 years from the date of his election or nomination as the case may be provided that in respect of the first elections and nominations under this Act the said period of 4 years shall commence from the date of first meeting of the authority or body held after such elections and nominations'.

যেহেতু কতকগুলি ফ্যাকাল্টি এ পর্যন্ত কোন মিটিং করেন নি এবং বাকি ফ্যাকাল্টিগুলি মাত্র কিছুদিন আগে তাঁদের মিটিং করেছেন, অথচ বর্তমান অবস্থায় এই সমস্ত ফ্যাকাল্টিগুলির নতুনভাবে পুনর্নির্বাচিত হওয়া উচিত, সেই কারণে এই উপ-ধারা যেটা আছে প্রোভাইসো সেটা বিলুপ্তির জন্য আমি এই সংশোধনী বিলটি এনেছি।

Mr. Speaker: There are motions for circulation of the Bill by Shri A. H. Besterwitch, Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad. All the amendments are in order. I call upon Shri Shish Mohammad to move his amendment.

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোলকাতা বিশ্ববিদ্যালয় সংশোধনী বিধেয়ক, ১৯৭৩ যেটা মন্ত্রিমহাশয় হাউসে উপস্থিত করেছেন তাতে বিল দেখে মনে হ'ল বা তাঁর বক্তব্য থেকে যা বুঝলাম তাতে দেখছি এই যে সংশোধনী নিয়ে এসেছেন এটা কোন বড় বিষয় নয়, অতি সামান্য বিষয়। তবে এটা সামান্য বিষয় হ'লেও আমি আপনার মাধ্যমে কয়েকটি বিষয়ের প্রতি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব। উদ্দেশ্য এবং হেতুর বিবরণ যেটা দিয়েছেন তাতে লেখা আছে, "বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টিগুলির পুনর্গঠনের ব্যাপারে এখন একটা অসুবিধা দেখা দিয়েছে। কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রথম সংবিধি, ১৯৬৬-র ২৫ সংখ্যক সংবিধিতে ফ্যাকাল্টি-সমূহ গঠনের রীতি বর্ণিত হইয়াছে এবং ৬৩ সংখ্যক সংবিধিতে ঐসব ফ্যাকাল্টির সদস্য নির্বাচনের রীতি সম্পর্কে ব্যবস্থা করা হইয়াছে। পূর্বোক্ত সংবিধিগুলি অনুসারে অ্যাকাডেমিক কাউন্সিলের সদস্যরাই এইসব ফ্যাকাল্টির সদস্যদের নির্বাচন করেন। পূর্বোক্ত বিধান অনুসারে ১৯৬৮ খৃষ্টাব্দে প্রথম বারের জন্য যেসব ফ্যাকাল্টি গঠন করা হইয়াছিল সেগুলির মধ্যে কতকগুলির কোন সভা অনুষ্ঠিত হয় নাই, কারণ সভায় সম্পাদিত হওয়ার মত কোন কার্য ছিল না"। খুব সুন্দর কথা। তিনি যে বর্ণনা দিয়েছেন তাতে দেখছি, সভায় বিষয়বস্তু কিছু ছিল না, অতএব মিটিং হয় নি। তা হ'লে এটা কি আমরা ধ'রে নিতে পারি এই ফ্যাকাল্টির কোন প্রয়োজনীয়তা নেই। তারপর কতগুলি মিটিং যা হয়েছে সেগুলি হয়েছে সদস্য নির্বাচিত হবার অনেক পরে। তা হ'লে দেখা যাচ্ছে, এই বিষয়টির কোন প্রয়োজনীয়তা নেই। তিনি বলেছেন, কোন নির্ধারিত সময় নেই, কাজেই সেই মেয়াদ ঠিক করবার জন্য তিনি ৩৭(১) ধারা পরিবর্তন সাধন করতে চেয়েছেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে, আমরা কয়েক বছরের তিক্ত অভিজ্ঞতা থেকে বুঝতে পারলাম, এর প্রয়োজনীয়তা নেই। তা হ'লে একে সংশোধন ক'রে উদোর পিন্ডি বুদোর ঘাড়ে চাপাবার কি প্রয়োজন। সামান্য তুচ্ছ একটা জিনিসের জন্য তিনি অ্যামেন্ডিং বিল নিয়ে এসেছেন অথচ ইউনিভার্সিটির চারিকোণ যদি আপনি দেখেন, তা হ'লে দেখতে পাবেন, ইউনিভার্সিটিতে কি আছে। যেগুলি সংশোধন করবার দরকার ছিল, যেগুলির জন্য অ্যামেন্ডিং বিল আনা উচিত ছিল সেগুলি তিনি ছেড়ে দিলেন। যেখানে নদীর স্রোতে বড়বড় রুই-কাতলা চ'লে যাচ্ছে, সেখানে তিনি পুঁটিমাছ ধরতে যাচ্ছেন। পুকুরে যে মাছ রেখেছেন সেই বড়বড় রুই-কাতলা ধরুন, পুঁটিমাছের উপর আপনার কেন এত লোভ পড়ল। এবারে আমি দেখাচ্ছি এই ফ্যাকাল্টিগুলির কাজ কি? ফ্যাকাল্টিকে নির্বাচন করেন অ্যাকাডেমিক কাউন্সিলের সদস্যেরা এবং ফ্যাকাল্টি নির্বাচন ক'রে সিনেটে ডিন পাঠান। একটা গোষ্ঠীতন্ত্র কায়েম করবার জন্য এই জিনিস রাখা হয়েছে। আমরা ভেবেছিলাম কোলকাতা বিশ্ববিদ্যালয় অ্যামেন্ডিং বিল যেটা এসেছে তাতে বোধ হয় আর গোষ্ঠীতন্ত্র বজায় থাকবে না। আমরা ভেবেছিলাম ডিন নির্বাচনের ফ্যাকাল্টি নির্বাচনের আর প্রয়োজন থাকবে না। কিন্তু এখন দেখতে পাচ্ছি এ'রা এটা রাখবেন এবং গোষ্ঠীতন্ত্র যাতে ইউনিভার্সিটিতে থাকতে পারে বেশ জবরদস্তভাবে সেই ব্যবস্থা করছেন। অ্যাকাডেমিক কাউন্সিলের সদস্য যাঁরা রয়েছেন তাঁদের দিয়ে ডিন নির্বাচন করলেই

[4-10—4-20 p.m.]

হয়। ক্যালকাটা ইউনিভার্সিটির ভাইসচ্যান্সেলার যেগুলি সিলেক্ট ক'রে দেবেন পরামর্শ দেবেন যে, এগুলি কর, তখন এরা সেগুলি করবেন। অবশ্য নিয়ম আছে, যদি তিনি সমর্থন না করেন, কিছু কম থাকে, তা হ'লে এরা স্বাধীনতা পায়। কিন্তু ডিনের ক্ষেত্রে ফ্যাকাল্টির কোন নিজস্ব স্বাধীনতা আছে সেই মত আইন দেখতে পাই না যা বরাবর নীতি হয়ে আসছে। কাজেই এই যে ফ্যাকাল্টি এই যে ডিন নির্বাচন এটা আর কিছুই নয় গোষ্ঠীতন্ত্রকে বজায় রাখবার এ একটা চক্রান্ত। এ যেন একটা খেলা। আমরা জানি ইউনিভার্সিটির যেটা পরিবর্তন করা প্রয়োজন ছিল আজ শিক্ষা জগতে যে বিশৃঙ্খলতা এসে যাচ্ছে—এনারা বলছেন টোকাটুকি বন্ধ করবেন, নানা রকম পলেসি দিচ্ছেন, আজকে আমরা দেখতে পাচ্ছি পরীক্ষার হলে মাস্টার

মহাশয়া, প্রফেসাররা গার্ড দিচ্ছেন, আর ছাত্ররা পরীক্ষা দিচ্ছে চাকু পকেটে রেখে। কাজেই সেই টোকাটুকি বন্ধ করা শিক্ষাজগতে একটা সুঠাম শিক্ষা ব্যবস্থা নিয়ে আসার প্রয়োজন, সেক্ষেত্রে যে পলেসি অ্যাডপ্ট করার প্রয়োজন ছিল সেই দিকে লক্ষ্য করলেন না এবং সেটা বন্ধ করবার জন্য যে আইনের পুনর্বিন্যাস করার প্রয়োজন ছিল তা করলেন না। ছাত্ররা দীর্ঘ দিন ধ'রে দাবি-দাওয়া ক'রে এসেছে যাতে ইউনিভার্সিটিতে বিভিন্ন সংস্থায় তাদের প্রতিনিধিত্ব থাকে। কিছু দিন আগে ক্যালকাটা ইউনিভার্সিটি সিনেট ছাত্রদের বিভিন্ন সংস্থায় প্রতিনিধিত্ব নেবার জন্য তারা সুপারিশ করেছেন এবং অনুমোদন করেছেন। আজ শিক্ষামন্ত্রী এই হাউসে আছেন তাঁরও বোধ হয় স্মরণ আছে যে, তিনি নীতিগতভাবে এটা সমর্থন করেছেন। বলেছেন, হ্যাঁ, ইউনিভার্সিটিতে বিভিন্ন সংস্থা ছাত্রদের প্রতিনিধিত্ব থাকা উচিত। ১৯শে ডিসেম্বর আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী নিজেও স্বীকার করেছেন যে, ইউনিভারসিটিতে বিভিন্ন সংস্থায় ছাত্র প্রতিনিধিত্ব থাকা দরকার। আমরা দেখতে পাচ্ছি, যখন এখানে বিল এসেছে, তখন আমরা আশা করেছিলাম যে, মাননীয় শিক্ষামন্ত্রী হয়তো এই বিলের মধ্যে ছাত্রদের প্রতিনিধিত্ব দেবার কথা বলবেন। কিন্তু সেদিকে দেখলাম তিনি নীরব। সুতরাং আজ উনি এটা গ্রহণ করতে পারলেন না, তা হ'লে পূর্ব থেকে এই রকম নীতিকে সমর্থন বা ঘোষণা করার কোন প্রয়োজন ছিল না। আমরা দেখতে পাচ্ছি কেরলে এবং গুজরাটে ইউনিভারসিটির বিভিন্ন সংস্থায় ছাত্র প্রতিনিধিদের নেবার ব্যবস্থা হয়েছে। কিন্তু পশ্চিমবাংলায় তা এখনও হ'ল না। তাই আমি বলতে চাই, বর্তমানে যে বিল এসেছে বর্তমান জগত যে অবস্থায় এসে পেঁছেছে তাতে ছাত্রদের একটা বিশেষ ভূমিকা আছে সেটা কিছুতেই অস্বীকার করতে পারবেন না। আপনারা নিজেরাই স্বীকার করেছেন যে, আজকে ছাত্রদের এবং যুবকদের যুগ এবং এখানে আপনারা দেখতে পাচ্ছেন যে, আপনারাই মাইনরিটি হয়ে গেছেন আমাদের দলই মেজরিটি এবং আমাদের দল বুঝাতে যুবক দলই বোঝাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গভর্নমেন্ট স্পনসর্ড কলেজগুলির কি ব্যবস্থা হয়েছে। যেহেতু গভর্নমেন্ট থেকে টাকা দেয় সেই হেতু গভর্নমেন্ট নিয়ন্ত্রণ করেন। কিন্তু এগুলি ইউনিভারসিটির আইন অনুযায়ী পরিচালিত হওয়া দরকার। কিন্তু সেদিকে সরকারের কোন দিকপাত নেই।

আমাদের পাশেই নতুন আবির্ভূত হ'ল যে বাংলাদেশ, সেই বাংলাদেশের রাষ্ট্রপতি ঘোষণা করলেন, স্পন্সর্ড কলেজকে যেহেতু গভর্নমেন্ট টাকা দেন, সেই হেতু টাকা দেওয়ার সুবাদে সেগুলি শিক্ষাক্ষেত্রে যাতে সরকার কুক্ষিগত ক'রে না নিতে পারেন, সে সম্পর্কে তিনি এক সতর্ক বাণী উচ্চারণ করেন। আর আমাদের এই পশ্চিমবঙ্গ নূতন নয়, সে তো বহু দিনের, সেই পশ্চিমবঙ্গের কিন্তু জ্ঞান ফিবল না, এই পশ্চিমবঙ্গের কর্ণধারদের এব্যাপারে জ্ঞান ফিরল না, তাঁদের একটু বিবেকের স্ফুরণ হ'ল না, বিবেকের উদয় হ'ল না যে, স্পন্সর্ড কলেজগুলিকে ইউনিভার্সিটি আইনানুসারে পরিচালিত হওয়ার অধিকার তাদের দেওয়া উচিত।

তারপর গভর্নিং বডি, এই গভর্নিং বডি যা দেখতে পাওয়া যায়, এটাও ইউনিভার্সিটি আইনানুসারে গঠিত হয় না। গভর্নমেন্ট স্পন্সর্ড কলেজেও তাই। তাই আমি দাবি করি যে, এই গভর্নমেন্ট স্পন্সর্ড কলেজগুলির গভর্নিং বডিগুলি যাতে ইউনিভার্সিটি আইনানুযায়ী গঠিত হয় সেদিকে শিক্ষামন্ত্রী মহাশয় যেন লক্ষ্য রাখেন।

তারপর দেখতে পাচ্ছি কি? কলেজের অধ্যাপক এবং কর্মচারী তাঁদের চাকুরির কোন নিরাপত্তার ব্যবস্থা এপর্যন্ত সরকার করেন নাই। আমি আশা করেছিলাম, এই বিলে হয়ত সে সম্বন্ধে দু'একটা কথা মন্ত্রিমহাশয় বলবেন। কিন্তু তিনি এড়িয়ে গেছেন। আপনি ছোট্ট একটা ফ্যাকাল্টি নিয়ে এসেছেন। এই ফ্যাকাল্টি কথাটা শুনতে বড্ড খারাপ লাগছে। কাজেই এই যে বিরোধ হয়, এই বিরোধের মীমাংসা করবার জন্য ট্রাইব্যুনাল কমিটি বা বিচারালয় আছে। সেখানে উভয় পক্ষের প্রতিনিধি থাকে এবং সরকার ও ইউনিভার্সিটি কর্তৃপক্ষের প্রতিনিধি বা ভাইস-চ্যান্সেলারের মনোনীত ব্যক্তি থাকেন। এই তিন জনকে নিয়ে ট্রাইব্যুনাল হয়। ট্রাইব্যুনালের কাছে বিরোধ মীমাংসার জন্য পাঠাবার কোন বাঁধাধরা ব্যবস্থা নাই বা কোন বাধ্য-বাধকতা নাই। সেই ডিসপিউটগুলি মেটাবার জন্যও তাঁরা কোন ব্যবস্থা করেন নাই। সেখানে স্বার্থ বোঝাই থাকে। যেহেতু ট্রাইব্যুনালে পাঠাবার কোন বাধ্যবাধকতা নাই, তাই সমস্ত ডিসপিউট বা বিরোধগুলি সম্পূর্ণ বানচাল হয়, সব অধিকারকে বানচাল ক'রে দেওয়া হয়।

প্রয়োজন ছিল সেটাকে বাধ্যতামূলক ক'রে দেওয়া ট্রাইব্যুনালের সামনে পাঠাবার ক্ষেত্রে। আমরা তো দেখতে পাচ্ছি অধ্যাপক সমিতি আজকে তাঁদের দাবি আদায়ের জন্য মাঠে ময়দানে নামতে যাচ্ছেন। কালকে তো তাঁরা এখানে আসছেন। সেদিন আপনাদের কৃতিত্ব স্বীকার করেছি। আপনাদের উদ্যোগকে সমর্থন করেছি। কামারপুকুর কলেজের ক্ষেত্রে কি হ'ল? কিভাবে সেখানকার প্রফেসরদের বরখাস্ত করা হয়েছিল? কাজেই এ'দের যাতে কর্তৃপক্ষ ইচ্ছেমত বরখাস্ত করতে না পারে, এ'দের যাতে চাকুরির নিরাপত্তা বজায় থাকে, কর্মচারী ও প্রফেসরদের সেইরকম একটা সুষ্ঠু আইনের মধ্যে নিয়ে আসুন। আপনাকে এই সম্পর্কে আমাদের কেন বোঝাতে হবে? আপনি তো নিজে শিক্ষা জগতে আছেন। আমরা আশা করবো, আপনার কাছ থেকে যে, আপনি শিক্ষা এবং শিক্ষকদের মানমর্যাদা রক্ষা করবেন এবং শিক্ষার সুষ্ঠু প্রসার ঘটাবেন। শিক্ষকদের মানমর্যাদা ও নিরাপত্তার দিকে লক্ষ্য রাখবেন। আপনি যদি শিক্ষামার্গের উচ্চস্তরের লোক না হতেন, আপনি তো ভুক্তভোগী, আপনি যদি মনে করেন যে, রাম লঙ্কায় এসে রাবণ হয়েছে, তা হ'লে অবশ্য আপনাকে বোঝাবার বা বলবার কিছু নাই।

আর যেহেতু আমরা বামপন্থী বলছি, কাজেই কোন মূল্য নাই, এটা যদি আপনি মনে করে নেন, বামপন্থী, অতএব এদের কথা নেবো না, তা হ'লে অবশ্য ভিন্ন কথা। এই প্রসঙ্গে একটি ছোট্ট গল্প ব'লে নেই—এক শাশুড়ী নদী ঘাটে স্নান করতে গেছেন, বাড়িতে বৌমা রয়েছেন। তখন এক ভিখারিণী ভিক্ষা করতে এসেছে, মা, ভিক্ষা দেও। বৌমা তাকে ভিক্ষা না দিয়ে ফিরিয়ে দিয়েছে। সে যখন ফিরে যাচ্ছে, তখন শাশুড়ী ঘাট থেকে উঠে দেখা হতে তাকে জিজ্ঞাসা করলে, আমাদের বাড়িতে গিয়েছিলে? সে উত্তর দিল, হ্যাঁ, গিয়েছিলাম, তবে বৌমা ভিক্ষা দিলেন না। অ্যাঁ, ও কি বাড়ির মালিক যে ভিক্ষা দেবে? চলতো দেখি। এতে ভিখারিনী ভাবলে, তা হ'লে অনেক ভিক্ষা পাবো। তারপর বাড়ি গিয়ে কাপড় ছেড়ে বসলেন

[4-20—4-30 p.m.]

পি'ড়ে নিয়ে। তারপর, নিয়ে বললেন পান খেতে খেতে যে, আমি বাড়ির গিন্নী হিসাবে বলছি, ভিক্ষে দেবো না। এই যে শিক্ষা ব্যবস্থা চলেছে, এতে আজকে সকল শিক্ষককে আন্দোলনের পথে নামিয়েছেন, আপনারা এর ব্যবস্থা করুন। আজকে ইউনিভার্সিটি রাইটার্স বিল্ডিংস-এর দপ্তরে পরিণত হয়েছে। তারা স্বাধীনভাবে কাজ করতে পারছে না। ক্যালকাটা ইউনিভার্সিটি শিক্ষাক্ষেত্রে যে স্বাধীন ভাবে থাকবে তার দৈনন্দিন কাজ সে চালাতে পারবে তার সে স্বাধীন সত্ত্বা থাকা দরকার। তা না ক'রে সে কেবল অংগুলীর নির্দেশে কাজ করলে চলবে না, তাকে ঐ রাইটার্স বিল্ডিংস-এর দপ্তরে পরিণত করলে চলবে না, তার স্বাধীন সত্তা নিয়ে তাকে কাজ করতে দিতে হবে। আমি এই অনুরোধ জানাবো যে, তার স্বাধীনতায় হস্তক্ষেপ করবেন না। আমি সার্কুলেসন মোশন মুভ করছি না।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে ইউনিভার্সিটি অ্যামেন্ড-মেন্ট বিল, ১৯৭৩ এনেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করি। আমি বন্ধুবর শীশ মহম্মদের বক্তৃতা শুনে বুঝে উঠতে পারছি না যে, অনারেবল শ্রীশীশ মহম্মদ সাহেব অ্যাট অল বিলটা পড়েছেন কিনা। স্পনসর্ড কলেজ থেকে শুরু করে তামাম সমস্ত দুনিয়ার ঘটনা টেনে তিনি ধান ভানতে শিবের গীত শুরু করেছিলেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনি শিক্ষকদের দুঃখ দারিদ্র্যের কথা বলেছেন। তিনি তাদের কথা চিন্তা করে তাদের চাকুরি, বেতন ইত্যাদির কথা বলে তিনি ভাবলেন যে বিধানসভার বাহিরে পশ্চিমবাংলার হাজার হাজার শিক্ষক সমাজের সম্বন্ধে সস্তার সাড়সুড়ি দিয়ে তিনি তাঁদের দলে আনতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শীশ মহম্মদ সাহেবকে বলতে চাই, এই শিক্ষক সমাজকে আমরা দেখেছি তাদের আমলে ঐ ১৯৬৭ সালে যুক্তফ্রন্টের আমলে আমরা দেখেছিলাম প্রথম যুক্তফ্রন্টের শিক্ষা-মন্ত্রী যিনি ছিলেন সেই জ্যোতিবাবু শিক্ষা ছড়ানোর বদলে আঁধারে ডুবিয়ে দিয়েছিলেন পশ্চিম-বাংলার শিক্ষাজগতকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় এবং মনে করলে অযৌক্তিক হবে না, ১৯৬৯ সালেও পশ্চিমবাংলার সমস্ত শিক্ষকসমাজের সমস্ত স্বার্থের কথা যখন সোচ্চার হয়ে উঠেছিল, তখন তদানীন্তন শিক্ষামন্ত্রী বড় বড় কথার বুকনি উড়িয়ে, বেলুন ফানুস উড়িয়ে, মিথ্যার প্রলেপ দিয়েছিলেন, সত্যের অপলাপ তিনি ঘটিয়েছিলেন। পশ্চিমবাংলার সাড়ে চার

কোটি মানুষ সে কথা ভুলে যায় নি। সৌভাগ্যবশতঃ শীশ মহাম্মদ সাহেব স্বীকার করেছেন যে, সংশোধনী বড় বিষয় নয়, সংশোধনী সামান্য বিষয়। যাক্ তবু একটা দিন এল যে, এই সরকার যে সংশোধনী এনেছেন তা সমর্থন করা যায়। তার জন্য আমি আনন্দিত এবং পুলকিত বোধ করছি। তিনি বলেছেন যে, মিটিং ডাকা হয় নি। এই বিলে বলা হয়েছে সভার বিষয়বস্তু ছিল না। আপনি

Speaker, Sir, you are the custodian of the House and the Chairman of the Business Advisory Committee.

এই সভায় কি বিষয়বস্তু আলোচিত হবে সেটা নিশ্চয় পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় ঠিক করবেন না, আপনার দ্বারাই ঠিক হবে। তাই ফ্যাকালটি কমিটিতে কি বিষয়ে আলোচনা হবে, আলোচনার উপযোগী কোন বিষয় ছিল কিনা বা আছে কিনা বা থাকতে পারে কিনা, সেটা কিন্তু নির্ধারিত হবে—

As per assessment of the Faculty Committee and not by the Education Department of the Government of West Bengal.

এটা শীষ মহম্মদ সাহেবের একটু খতিয়ে দেখা দরকার। তিনি বলেছেন গোষ্ঠীতন্ত্র বজায় রাখবার জন্য কতকগুলো কথা জানা আছে। আজকাল অবশ্য লোকজনের কাছে যেতে পারছেন না। ক্যানিং-এ বক্তৃতা করতে যেয়ে নূতন টেকনিক, নূতন কায়দা হয়েছে। যখন দেখছেন লোক আসছে না মিটিং-এ, নিজেদের লোকদের দিয়ে গাড়ি করে নেতাদের পার করে দিচ্ছেন, লোকের সামনে হাজির হতে পারছেন না। লোকের সামনে যা বলার অভ্যাস এতদিনে তার পরিবর্তন করতে পারেন নি। গোষ্ঠীতন্ত্র কি এই

Sub-section (1) of section 37 of the Statutes under 1966 Act.

যেটা ছিল যে, একবার নির্বাচিত হওয়ার পরে নির্বাচনের দিন বা মনোনয়নের দিন থেকে নয় কমিটি মিটিং-এর দিন থেকে চার বছর। এই কমিটি দিনের পর দিন হচ্ছিল না। এর দ্বারা হচ্ছিল কি ফ্যাকালটি কমিটি যেটা ১৯৬৮ সালের আমরা সিনেটে নির্বাচিত হলাম, অ্যাকাডেমিক কাউন্সিলে নির্বাচন করলাম, ফ্যাকালটি কমিটি নির্বাচিত করতে পারছি না। এর দ্বারা গোষ্ঠী-তন্ত্রের মূলে কুঠারঘাত হচ্ছে না, গোষ্ঠীতন্ত্র বজায় রাখা হচ্ছে—এটা কি একেবারে শীশ মহম্মদ সাহেব চিন্তা করে দেখবার সুযোগ পান নি। তাই তাঁর জানা দরকার, এটা গোষ্ঠীতন্ত্র বজায় রাখার জন্য করা হচ্ছে না, এটাতে গোষ্ঠীতন্ত্রের মূলে কুঠারাঘাত করা হচ্ছে। তিনি বক্তৃতা করে গেলেন, 'ডীন, ডীন' বলে। শুনে এসেছিলেন, ও'রা পার্টির কে আছেন জানি না, সত্যপ্রিয়-বাবু হয়তো বলে দিয়েছেন, দেখ ডীন কথাটা উচ্চারণ করতে হবে এবং ডীন নির্বাচনের দিন হবে, আর উনি এখানে এসে 'ডীন, ডীন' বললেন। আরে

Dean is an expert man and it is decided by an expert Committee.

সেইজন্য অ্যাকাডেমিক কাউন্সিল থেকে ফ্যাকালটিতে নির্বাচন করা হয় এবং তাদের উপর সম্পূর্ণ দায়িত্ব দেওয়া হয়। আজকে উনি কামারপুকুর কলেজের কথা বললেন। পশ্চিমবাংলার ইতিহাসে ১৯৪৭ সালের পর থেকে যে, হাউসে উনি হঠাৎ বসবার সুযোগ পেয়ে গিয়েছেন সেখানে আজ পর্যন্ত এমন দৃষ্টান্ত কি কোন সরকার প্রতিষ্ঠিত করতে পেরেছেন কি যেখানে শিক্ষকদের চাকুরির নিরাপত্তা এবং সমস্ত প্রশাসনিক ব্যবস্থা উপযুক্ত ভিত্তিতে গড়ে তোলবার জন্য ওই বেঞ্চ (ট্রেজারী বেঞ্চ দেখাইয়া) থেকে ঘোষণা করা হল, গভর্নমেন্ট টেক ওভার করবেন। এমন নজীর দেখাতে পারবেন কি? যদি সে নজীর দেখাতে পারেন, তা হলে পদত্যাগ করে এই সভা থেকে বেরিয়ে যাবো। ১৯৬৬ সালে ইউনিভার্সিটি ফ্যাকালটি ইউনিভার্সিটি স্ট্যাটিউটে যেটা ফ্যাকালটি সংক্রান্ত কমিটি ছিল আমি বরঞ্চ মনে করছি ৩৭ (১)-তে যে প্রভিসন ছিল অর্থাৎ গঠনের দিন থেকে নয়, কমিটির মিটিং-এর প্রথম দিন থেকে হবে অনারেবল এডুকেসান মিনিস্টার বলেছেন, আমরা মিটিং-এ গিয়ে দেখেছি সেখানে অনেক চেঞ্জ হয়েছে, ১৯৬৮ সাল থেকে আজকে ১৯৭৩ সাল-এ। অ্যাকাডেমিক কাউন্সিল, সিনেট, সিন্ডিকেট চার বছরের জন্য নির্বাচিত হয়, চার বছরের টার্ম এক্সপায়ার করার পরও ফ্যাকালটি কমিটি রয়েছে। আজকে চিন্তা করুন, আপনি যদি সিনেটে নির্বাচিত হয়ে যেতেন, সৌভাগ্য কি দুর্ভাগ্য জানি না, যারা অ্যাকাডেমিক

কাউন্সিলের সদস্যদের নির্বাচিত করেন, তাদের আজকে কোন অধিকার থাকছে কিনা? আজকে চিন্তা করে দেখুন যে মৌরসীপাট্টা গড়ে উঠেছে, পুরানো ফ্যাকালটি মেম্বারদের ক্ষেত্রে যে গোষ্ঠীতন্ত্র গড়ে উঠেছে, পুরানো ফ্যাকালটি মেম্বার যাদের মনে এই মানসিকতা সৃষ্টি হয়েছে তারা মিটিং-এ না গেলেও, কোন কাজ না করলেও, কর্তব্যচ্যুতি করলেও তাদের হারাবার কিছু নেই। এই যে কুম্ভকর্ণের নিদ্রা সৃষ্টি হয়েছে, সেই কুম্ভকর্ণের নিদ্রার মূলে যদি এই এডুকেসান মিনিস্টার এই অ্যামেন্ডমেন্ট নিয়ে আসেন, তা হলে সেটা কি মূলে কুঠারাঘাত করা হল না? সেটা কি প্রগতির পথে এগিয়ে নিয়ে যাওয়ার একটা বলিষ্ঠ পদক্ষেপ হল না? আপনারা চিন্তা করুন—এই আবেদন আপনাদের কাছে রাখছি। আমরা জানি ইউনিভার্সিটি স্ট্যাটুউট ২৫ অফ, ১৯৬৬ অ্যাক্টে পরিষ্কারভাবে বলা হয়েছে, ম্যানার অফ দি কনস্টিটিউসন অফ দি ফ্যাকালটি, তাতে বলা হয়েছে, স্ট্যাটিউট ৬৩ অফ ১৯৬৬ অ্যাক্টে, ম্যানার অফ ইলেকসান অফ ফ্যাকালটিস, তাতে সাব-সেকসান (১) অফ সেকসান ৩৭ অফ দি অ্যাক্ট বলা হয়েছে, ফ্রম দি ডেট অফ দি মিটিং থেকে চার বছর হবে। সেইজন্য আমি বলছি ১৯৬৭ সালের পর ১৯৭৩ সালে নূতন হয়েছে—১৯৭৩ সালে নূতন সিনেট হয়েছে, নূতন সিন্ডিকেট হয়েছে, নূতন একাডেমিক কাউন্সিল হয়েছে। তারা যাতে পূর্ণ অধিকার ব্যবহার করতে পারে এবং যারা পদে পদে বসে থেকে পদের অমর্যাদা ঘটাচ্ছেন, কর্তব্যকর্মে পরাঙ্মুখ হচ্ছেন তারা যাতে দীর্ঘদিন থাকবার সুযোগ না পায়, ওল্ড ফ্যাকালটি অবিলম্বে ভেঙ্গে নিয়ে এই আইন পাস করে ইউনিভার্সিটির এইগুলো ভেঙ্গে দিয়ে নূতন নির্বাচিত একাডেমিক কাউন্সিল প্রয়োজন উপযোগী ফ্যাকালটি কমিটি নির্বাচনের অধিকার দেওয়া হবে। নিশ্চিতভাবে আমি সেইজন্য সমর্থন জানাচ্ছি। সেইজন্য এমনিই হওয়া উচিত।

[4-30—4-40 p.m.]

এমন হওয়া উচিত।

from the date of election, not from the date of the first meeting of the Faculty.

এটা স্বাভাবিক কথা

from the date of election or from the date of constitution of the faculty or from the date of nomination of the members of the faculty.

এটা হওয়া উচিত। আমি নিশ্চিতভাবে সমর্থন জানাচ্ছি তিনি যে একটা কথা বলেছেন যা আমরা শুনতে পাচ্ছি যে ছাত্রসমাজের কথা। বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে ছাত্রদের দাবি থাকা উচিত। ওনারা খবরের কাগজ পড়েন কিনা জানি না, সরকার একটা ব্যবস্থা করেছিলেন সমস্ত দলের লোককে নিয়ে কেবলমাত্র বিধানসভার সদস্যদের নিয়ে নয়, সেখানে দলমত নির্বিশেষে সমস্ত এডুকেশনিস্টদের ডাকা হয়েছিল রাইটার্স বিল্ডিংয়ের রোটান্ডায় থার্ড অ্যান্ড ফোর্থ মার্চ সেখানে একটা সেমিনার করা হয়েছিল এবং মুখ্যমন্ত্রী সেখানে সভাপতিত্ব করেন এবং শিক্ষামন্ত্রীও সেখানে উপস্থিত ছিলেন। নিশ্চিতভাবে বলতে পারি যে, গজেন্দ্র গাদকার কমিশন যে সুপারিশ করেছিলেন যে,

Students' participation in the management of the educational institutions.

সেটা নীতিগতভাবে সরকার স্বীকার করে নিয়েছেন। আমি আশা করবো নিশ্চিতভাবে সরকার এ বিষয়ে কার্যকর ব্যবস্থা অবলম্বন করবেন। এই প্রসঙ্গে ভবিষ্যতে যাতে আর একটি অ্যামেন্ডমেন্ট আনা হয় তার জন্য আমি সরকারকে অনুরোধ করবো যে, সিডিউলড কাস্ট অ্যান্ড ট্রাইব্যাল স্টুডেন্টসদের ক্ষেত্রে সমস্ত চাকুরি-বাকুরিতে যেরকম

Scheduled Caste 15 per cent. seat reserved and Scheduled Tribes 5 per cent. seat reserved.

করার ব্যবস্থা আছে সেই রকম ব্যবস্থা যাতে এখানে করা হয়। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যেমন ইউনিভার্সিটি গ্র্যান্ট কমিশন সাহায্য পাচ্ছে সেখানে যাতে এই ব্যবস্থা হয় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। আমরা দিল্লীতে গিয়েছিলাম এবং কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী শ্রীনুরুল হাসানের

সংগে আলোচনা করেছিলাম এ ব্যাপারে। বিহার, হরিয়ানা, ইউ পি, সমস্ত রাজ্যের ইউনি-ভার্সিটিতে সিট ঐ সিডিউলড কাস্ট অ্যান্ড ট্রাইব্যাল এদের জন্য রিজারভেসনের ব্যবস্থা আছে। তিনি আমাদের এই রাজ্যে আন্দোলন করার জন্য এবং মন্ত্রিসভার উপর চাপ সৃষ্টি করার জন্য বলেছিলেন যাতে রিজারভেসন অ্যাসিওর্ড করা হয়। এই শিডিউলড কাস্ট অ্যান্ড ট্রাইব্যাল স্টুডেন্টস এদের জন্য সিট রিজার্ভ করা হচ্ছে এটা

policy of reservation of Central Government.

সেটা যাতে কলিকাতা বিশ্ববিদ্যালয় স্বীকার করে নিতে বাধ্য হয় এই অ্যামেন্ডমেন্ট আনার চাপ সৃষ্টি করার জন্য তিনি বলেছিলেন। মাননীয় শীশ মহম্মদ মহাশয় যা বলেছেন, এটা একটা অটোনমাস বডি তার অটোনমি যেন ডিসকোয়ার্ড না হয়। আমি তাঁকে বলতে পারি যে, এই ইউনিভার্সিটি যাতে রাইটার্স বিল্ডিংসে পরিণত না হয়, শিক্ষার প্রগতির সংগে তাল রেখে উপযুক্ত ব্যবস্থায় নির্বাচনের মাধ্যমে সদস্য নির্ধারণ করার ব্যবস্থা করা হয়েছে এবং সেদিকে দৃষ্টি রেখেই এই

Calcutta University (Amendment) Bill, 1973

আনা হয়েছে। তাই একে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগিয়াশুদ্দিন আহমেদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে ১৯৭৩ সালের ক্যালকাটা ইউনিভার্সিটি (অ্যামেন্ডমেন্ট) বিলটি এনেছেন আমি তা সমর্থন করছি। ক্যালকাটা ইউনিভার্সিটির ফ্যাকালটিগুলি দক্ষতার সংগে এবং সুপরিকল্পিতভাবে কাজ পরি-চালনা করতে পারতো না, সেইজন্য ১৯৬৪ সালে কলিকাতা ইউনিভার্সিটির আইনের কিছু পরিবর্তন করতে দেখা গিয়েছিল। তারপর ১৯৬৬ সালের আইন অনুসারে ১৯৬৮ সালের পর কাজের সুবিধার জন্য অ্যাকাডেমিক কাউন্সিল কয়েকটি ফ্যাকালটি গঠন করেন। এই ফ্যাকালটি গঠন হবার পর থেকে এইসব ফ্যাকালটির মধ্যে কোন কোন ফ্যাকালটির মিটিং আদৌ হয় নি, আবার কোন কোন ফ্যাকালটির মাত্র একটি করে মিটিং হয়েছে। ১৯৬৬ সালের আইন অনুসারে কোন মেয়াদ নির্দিষ্ট করা ছিল না। তাই সেই ফ্যাকালটিগুলি পুনর্গঠনের ব্যাপারে এই আইন সংশোধন করার প্রয়োজন এসেছে। শিক্ষাই জাতির মেরুদণ্ড। এই শিক্ষা যথাযথভাবে হতে হলে এই শিক্ষা হওয়া উচিত সুপরিকল্পিত সুষ্ঠু এবং উদ্দেশ্যমূলক। আমরা সকলেই জানি যে, আমাদের এই পশ্চিমবাংলায় শতকরা ৬৭ জন লোক আজও নিরক্ষর এবং এই শতকরা ৬৭ জন লোকের মধ্যে যে সুপ্ত প্রতিভা আছে সেই প্রতিভা কোন কালেই আবিষ্কার হয় নি।

আবার দেখছি যেখানে ৩৩ পার্সেন্ট ছিল অক্ষরজ্ঞানযুক্ত। এখন এই অক্ষরজ্ঞানযুক্ত ছাত্রদের মধ্যে উচ্চ শিক্ষার হার অত্যন্ত বেশী। বাস্তবিক ক্ষেত্রে আমরা দেখতে পাই এই ৩৩ পার্সেন্ট-এর অধিকাংশ ছেলেমেয়েই ইউনিভার্সিটিতে পড়বার জন্য ধাওয়া করে, অন্ন সংস্থানের অন্য কোন পথ না পেয়ে। তাতে দেখা যায়, সেই সমস্ত ছেলেমেয়ের কিন্তু অ্যাটিচিউড ইউনিভার্সিটি এডুকেসন নেবার জন্য খালি ভীড় জমায়। ফলে হয় কি? কিছু না বুঝতে পেরে মুখস্থ করে, গণটোকাটুকি করে। ফলে পরীক্ষায় বিশৃংখলা দেখা দেয়, অনর্থক অর্থ ব্যয় হয়, আর সেই সংগে হয় পণ্ডশ্রম। দেশে অনেক পরিবর্তন এসেছে। দেশকে সুষ্ঠুভাবে গঠন করতে হলে চাই সুষ্ঠু এবং সুপরিকল্পিত শিক্ষাব্যবস্থা। ইউনিভার্সিটি এডুকেসন উদ্দেশ্যমুখী এবং সুষ্ঠু করার জন্য এই বিল আনতে চাওয়া হয়েছে ফ্যাকালটিগুলি পুনর্গঠনের মধ্য দিয়ে—এই জন্য আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী কলকাতা বিশ্ববিদ্যালয় সংশোধনী বিধেয়ক, ১৯৭৩, যে বিলটি উপস্থাপিত করেছেন এবং ১৯৬৬ সালের ১ উপধারার যে সংশোধনী উপস্থাপিত করেছেন তাকে আমি সমর্থন করছি। এই প্রসংগে আমি কলকাতা বিশ্ববিদ্যালয়ের একটি ডিপার্টমেন্টের কথা আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে উল্লেখ করছি। কলকাতা বিশ্ববিদ্যালয়ের ইসলামিক হিস্ট্রি বলে একটি ডিপার্টমেন্ট আছে এবং সেই ইসলামিক হিস্ট্রি ডিপার্টমেন্টটি একটি দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে এবং ডঃ অতুলচন্দ্র রায়ের জমিদারীতে পরিণত হয়েছে। এর জন্য ছাত্ররা দীর্ঘদিন আন্দোলন করেছেন এবং এর জন্য আমি

অত্যন্ত তিক্ততম অভিজ্ঞতা নিয়ে ইউনিভার্সিটি ছেড়ে চলে এসেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে ফ্যাকটস অ্যান্ড ফিগারস দিয়ে চ্যালেঞ্জ করে সভায় বলতে পারি যে, ১৯৬৮ সালে দেখলাম ইসলামিক হিস্ট্রির একটি অধ্যাপক পদের জন্য বিজ্ঞাপন দেওয়া হয় এবং আমাদের মাননীয় বন্ধু শ্রীচন্ডীপদ মিত্র, যিনি এই হাউসের সদস্য, তিনি যে সালে প্যাশ করেন ১৯৬২ সাল, আমিও সেই সালে প্রথম শ্রেণীতে পাশ করি এবং আমি অ্যাপ্লাই করি, তিনি করেছিলেন কিনা জানি না। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় ১৯৬৮ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত এই অ্যাপ্লিকেসন খুঁজে পাওয়া গেল না। হঠাৎ দেখা গেল ১৯৭০ সালে একটি সেকেন্ড ক্লাশ ছেলেকে ব্যাক ডোর দিয়ে পার্ট-টাইম লেকচ্যরার হিসাবে নেওয়া হল এবং এই ভুলটা আমি করেছিলাম যে, দরখাস্তটি খালি সেক্রেটারির হাতে দিয়ে এসেছিলাম, কোন রসিদ নিয়ে আসি নি। তার ফলে হল কি? আমাকে বলল, কোন অ্যাপ্লিকেসন পাই নি। তখন ছেলেরা প্রচণ্ড বিক্ষোভে ফেটে পড়ে। তারা আমার কাছে লিখিতভাবে পাঠায়। কিন্তু আমি সেদিন তাদের সেই আন্দোলনের নেতৃত্ব দিই নি। তা হলে আমাকে করতে হত গুরু মারা বিদ্যে. আমি যাদের কাছে পড়েছি তাদের বিরুদ্ধে আমাদের অস্ত্র ধারণ করতে হত। সেই পথে গেলে আমি হয়ত অধ্যাপকের পদ পেতাম, কিন্তু আমি তা ঘৃণার স্যথে প্রত্যাখ্যান করেছিলাম। আমি গবেষণা করছিলাম। আমি ব্যক্তিগত কথা বলছি বলে আপনি কিছু মনে করবেন না। কেন না, এই ইসলামিক হিস্ট্রি ডিপার্টমেন্টের ভিতরে একটি দুর্নীতি দেখছি, ইউনিভার্সিটির মধ্যে সেটা চেপে বসেছে, যেটা আমার জীবনের উপর দিয়ে গেছে এবং বর্তমানে যাঁরা অধ্যাপক আছেন তাঁদের জীবনের উপর দিয়েও যাচ্ছে। তারপর ১৯৬৪ সালে বিভাগীয় স্কলারসিপ পেয়ে প্রায় টু থার্ড রিসার্চ আমি কমপ্লিট করে ফেলেছি, তখন আমি ডঃ অতুলচন্দ্র রায়কে গিয়ে বললাম, মাস্টার মহাশয়, আমাকে এবার দিন। উনি বললেন, হ্যাঁ, দেব তুমি অ্যাপ্লাই কর। আমি অ্যাপ্লাই করলাম। আবার সেখানে অ্যাপ্লিকেসনের কায়দা করা হল। এই ধরনের ঘটনা দেখে আমি লালদীঘির জলে থিসিস ফেলে দিয়ে কোর্টে এসে প্র্যাকটিস আরম্ভ করলাম। প্রফেসর ক্যামালউদ্দিন তিনি দীর্ঘ ১৪ বছর ধরে ক্যালকাটা ইউনিভার্সিটির ইসলামিক ইতিহাসে সুনামের সাথে কাজ করছেন এবং সিনিয়রিটি হিসাবে রিডারের পোস্ট পাওয়া উচিত। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় ডাঃ অতুলচন্দ্র রায়ের একজন বশংবদ প্রফেসরকে গোপনে রিডার পোস্টে নেবার জন্য ষড়যন্ত্র শুরু হয়েছে এবং নেওয়াও হবে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অনুরোধ করবো, ক্যালকাটা ইউনিভার্সিটির প্রতি একটা বিরাট শ্রদ্ধা ছিল এবং একটা বিরাট আদর্শের উপর ভিত্তিও করে ক্যালকাটা ইউনিভার্সিটিতে পড়তে গিয়েছিলাম এবং ভাল রেজাল্টও করে-ছিলাম। কিন্তু যে তিক্ত অভিজ্ঞতা নিয়ে ফিরে এসেছি, আমার উপর অত্যন্ত অবিচার করা হয়েছে। তাই আমি আশা করবো নবীন সদস্য যারা আমাদের সিনেটে গেছেন, তারা এ নিয়ে যেন ফাইট করেন। তারা যেন এই দুর্নীতির মূল উচ্ছেদ করেন।

[4-40—5-00 p.m.]

আর একটি বিষয়, ইসলামিক হিস্ট্রি পাশ করলে প্রফেসারী পাওয়া যায় না কেন এটা বুঝতে আমি অক্ষম। যখন ক্যালকাটা ইউনিভার্সিটিতে ইসলামিক ইতিহাস বলে একটা ডিপার্টমেন্ট আছে, এনসিয়েন্ট হিস্ট্রি অ্যান্ড কালচার বলে একটা ডিপার্টমেন্ট আছে এই দুটো বিভাগ পাশ করলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, চাকরি পাওয়া যায় না। আরো আশ্চর্যের কথা, মডার্ন হিস্ট্রি পাশ করলে আপনি বি এ ক্লাসে এনসিয়েন্ট হিস্ট্রি এবং ইসলামিক হিস্ট্রি পড়াতে পারছেন, কিন্তু ইসলামিক হিস্ট্রি, এনসিয়েন্ট হিস্ট্রি পাশ করলে আপনি কলেজে ঠাঁই পাচ্ছেন না। যেখানে ডিপার্টমেন্ট রয়েছে, ছেলেরা পড়াশুনা করছে, সেখানে ছেলেদের ভবিষ্যতের দিকে আমাদের দৃষ্টি দেওয়া দরকার। তা যদি না হয়, তা হলে ইউনিভার্সিটি এই দুটি ডিপার্ট-মেন্ট ক্লোজ করে দিন। তারপর স্যার, বলি, ইসলামিক হিস্ট্রি, এনসিয়েন্ট হিস্ট্রি পাশ করে কলেজে প্রফেসারি করতে পাবেন না, বড় জোর টিচারী। এই তো আমাদের এখানকার মাননীয় সদস্য শ্রীচন্ডীপদ মিত্র মহাশয়, আমি তাঁকে জানি, একসঙ্গে পাশ করেছি তিনি ঐ স্কুলের হেড মাস্টারই হয়ে আছেন, তিনিও ফার্স্ট ক্লাস ফার্স্ট, গোল্ড মেডেলিস্ট, তিনি যদি চেষ্টা করেন, তা হলেও

ইউনিভার্সিটিতে স্থান পাবেন না। তারপর স্যার, ক্যালকাটা ইউনিভার্সিটিতে ইসলামিক হিস্ট্রিতে একটা খুব উচ্চ পদ আছে, স্যার আশুতোষ প্রফেসারের পদ। সেখানে মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬২ সাল থেকে শুনে আসছি নাকি প্রফেসার পাওয়া যায় না। সারা ভারতবর্ষের মধ্যে থেকে ইসলামিক হিস্ট্রি অ্যান্ড কালচারে স্যর আশুতোষ প্রফেসারের পদে লোক পাওয়া যায় না এ ধরনের অবাস্তব এবং অর্বাচীন কথা আমরা শুনে আসছি। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় ইউনিভার্সিটির সঙ্গে যুক্ত আছেন, আমি আশা করি, তিনি এ সম্বন্ধে একটু খোঁজখবর নেবেন। এই প্রসঙ্গে আমি মনে করি, প্রয়োজন হলে ইউনিভার্সিটি অ্যাক্টের অ্যামেন্ড-মেন্ট করতে হবে বা প্রয়োজন হলে ইউনিভার্সিটির ব্যাপারে ইন্টারফেয়ার করতে হবে
For the interest of the people, for the interest of the students and for the interest of the nation.

এ না হলে ইসলামিক হিস্ট্রি এবং অন্যান্য যে ডিপার্টমেন্ট আছে সেগুলিতে করাপ্ট প্রাকটিস চলতেই থাকবে। তারপর স্যার, এই ইসলামিক হিস্ট্রির ব্যাপারে আরও একটা আশ্চর্যের কথা বলি। আমরা যখন পড়তাম তখন দেখেছি এমন একজন প্রফেস্যরকে ব্যাকডোর দিয়ে নেওয়া হয়েছিল যিনি খাতা দেখে দেখে আমাদের পড়াতেন বা ডিকটেসান দিতেন। তার ফলে হল কি ছেলেরা হৈ হৈ করতে আরম্ভ করলো। তখন তাঁকে সেভ করার জন্য অন্য একজন প্রফেসার এসে পড়িয়ে যেতেন। স্যর, ১৯৬২ সাল থেকে আজ পর্যন্ত ক্যালকাটা ইউনিভার্সিটিতে ইসলামিক হিস্ট্রি, এনসিয়েন্ট হিস্ট্রিতে এই ধরনের দুর্নীতি চলে আসছে। আজকে তাই স্যার, আপনার মাধ্যমে সচেতন শিক্ষক ও ছাত্রসমাজের কাছে অনুরোধ করবো যে, আপনারা এই দুর্নীতি দূর করুন। যাঁরা সত্যিকারের সুস্থ, সবল, সৎ এবং কোয়ালিফায়েড সেই সমস্ত শিক্ষকদের চান্স দিন। এই কথা বলে এই বিলকে আন্তরিকভাবে সমর্থন জানিয়ে আমি শেষ করলাম।

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোলকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট, সিন্ডিকেট, অ্যাকাডেমিক কাউন্সিল এবং অন্যান্য কর্তৃত্ব পর্যদ-অথরিটিসগুলি পুনর্গঠনের জন্য ১৯৬৬ সালের ইউনিভার্সিটি অ্যাক্টের যে ধারাগুলি সাংবিধানিক অসুবিধার সৃষ্টি করেছে তা দূর করবার জন্য বর্তমানে যে অ্যামেন্ডমেন্টটি এখানে উপস্থিত করা হয়েছে আমি তাকে সমর্থন করছি। এই সমর্থন প্রসঙ্গে ইউনিভার্সিটি অ্যাক্ট ও স্ট্যাটুট-এর যে আরো গুরুত্বপূর্ণ সংশোধনের প্রয়োজন আছে তার কয়েকটি বিষয় আমি এই বিধানসভার সামনে উপস্থিত করতে চাই। প্রথমত, ইউনিভার্সিটি পরিচালনায় শিক্ষকদের বেশী বেশী ভূমিকা গ্রহণের দিক থেকে ১৯৬৬ সালের ইউনিভার্সিটি অ্যাক্ট ও স্ট্যাটিউট আগের অ্যাক্ট ও স্টাটুটের চেয়ে নিশ্চয় একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

কিন্তু বর্তমান অ্যাক্টের অনেক ধারায় এখনও সর্বস্তরে শিক্ষকদের ভূমিকার পূর্ণ স্বীকৃতি নেই। বর্তমানে ১৭৯ জন অর্থাৎ প্রায় ২ শত জন সিনেট অ্যাফিলিয়েটেড কলেজ-এ শিক্ষক নির্বাচনের মাধ্যমে মাত্র ১২ জন বা শতকরা ৬·০৭ দশমিক ব্যক্তি আসতে পারেন। অ্যাফিলিয়েটেড কলেজ-এ ১০ জন এবং প্রিন্সিপালকে ধরলে অবশ্য এই সংখ্যা ১২·৩ দশমিকে দাঁড়ায়। বিশ্ব-বিদ্যালয় পরিচালনার ব্যাপারে ইউনিভার্সিটি শিক্ষক ৭৯ জন অর্থাৎ ৪৫·১ শতাংশ জনের অংশ গ্রহণের অধিকার পান। অ্যাকাডেমিক কাউন্সিল ও অ্যাফিলিয়েটেড কলেজে শিক্ষক মোট ১০ জন ও প্রিন্সিপ্যালকে ধরলে আরো ৪ জন এই মোট আসতে পারেন। সিনেট ও অ্যাকাডেমিক কাউন্সিল পরিচালনায় ইউনিভার্সিটির শিক্ষক এবং অ্যাফিলিয়েটেড কলেজ শিক্ষকের আনুপাতিক অংশগ্রহণ অসামঞ্জস্য। মূলতঃ এই সম্পর্কে অ্যাক্ট এবং স্ট্যাটিউটের ধারা সংশোধনের অবশ্য প্রয়োজন আছে বলে মনে করি। যেমন মনে করুন অনেক বিশ্ববিদ্যালয়ে ইতিমধ্যে শিক্ষক প্রতিনিধির সংখ্যা অনেক বাড়িয়েছেন। উদাহরণস্বরূপ বলা যায়, গুজরাট বিশ্ববিদ্যালয় সিনেট-এর মেম্বারের সংখ্যা হচ্ছে ১৪৭ জন। তার মধ্যে নির্বাচিত শিক্ষক প্রতিনিধি আছেন ৪২ জন যেখানে আমাদের হচ্ছে ২ শত জন সিনেট-এর মধ্যে মাত্র ১২ জন অর্থাৎ শতকরা মাত্র ৬·৭ জন। কাজেই আমি মনে করি এইসব ক্ষেত্রে অতি শিঘ্র শিক্ষকদের গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণের ব্যাপারে

সংশোধন অবিলম্বে আনা দরকার। দ্বিতীয়তঃ ঐ অ্যাক্ট-এর ২২ ধারা অনুযায়ী নিশ্চয়ই মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় দেখবেন যে, সিন্ডিকেট নির্বাচনে ২৬ জনের মধ্যে সিনেট মাত্র ৮ জন নির্বাচিত করতে পারেন এবং আপনি জানেন যে, ১৯৬৬ সালের যে আইন সেই আইনে সিন্ডিকেটকে সর্বোচ্চ ক্ষমতা দেওয়া হয়েছে এবং সেই সিন্ডিকেট-এর সিনেট মাত্র ৮ জনকে করতে পারেন। এই ৮ জনের মধ্যে আবার অন্তত ৬ জন অশিক্ষক হতে হবে বলে এই অ্যাক্টে লেখা আছে। কলেজ, ইউনিভার্সিটি সর্বোচ্চ পরিচালনায় যে সংস্থা সিন্ডিকেট, সেখানে শিক্ষার ব্যাপার নিয়ে কেবলমাত্র আলোচনা হয় সেখানে সিনেট থেকে প্রতিনিধিত্ব করবেন, তারা যাবেন ৮ জনের মধ্যে ৬ জনতো অশিক্ষক। এই ধারার স্বভাবতই ইউনিভার্সিটি পরিচালনার সর্বোচ্চ সংস্থার শিক্ষকদের গুরুত্বপূর্ণ ভূমিকায় অংশগ্রহণের পক্ষে নির্দিষ্ট ব্যাধাস্বরূপ এবং এই ধারার অবিলম্বে সংশোধনের প্রয়োজন আছে বলে মনে করি। তৃতীয়তঃ, যে ফ্যাকাল্টির কথা উপস্থিত হয়েছে এবং যে সংশোধন মন্ত্রিমহাশয় বলেছেন, সে সম্পর্কে পরে বলছি। কিন্তু এই ফ্যাকাল্টি সম্পর্কে একথা এখানে বলতে চাই যে, স্ট্যাটিউট হচ্ছে—৬৩ নম্বর ধারায় বলা হয়েছে যে, ভাইস-চ্যান্সেলার বিভিন্ন ফ্যাকাল্টির নির্দিষ্ট সংখ্যক সভ্যের নামের তালিকা মনোনয়ন করবেন এবং অ্যাকাডেমিক কাউন্সিলের সভ্যরা অনধিক এক জনের নাম প্রস্তাব করতে পারেন। এই ব্যবস্থায় ভাইস-চ্যান্সেলার-এর মনোনীত লোকের তালিকা পাবার সুযোগ বেশী এবং অ্যাকাডেমিক ক্যাউন্সিল-এর সভ্যদের যারা নির্বাচিত করবেন তাদের ফ্রি এবং ফেয়ার মুক্ত মনোনয়নের, নির্বাচনের অধিকার ক্ষুণ্ণ হচ্ছে। তারপর যেকথা বলতে চাই সেটা হচ্ছে ইউনিভার্সিটির পরিচালনায় ছাত্রদের অংশগ্রহণ, মাননীয় মন্ত্রিমহাশয় এ সম্পর্কে জানেন যে, ইউনিভার্সিটি পরিচালনায় ছাত্রদের অংশগ্রহণ নীতিগতভাবে স্বীকৃত হলেও আজ পর্যন্ত কোন সুসংবদ্ধ আইন এনে ধারায় সংযোজিত হয় নি। সেদিনের সেমিনারে রোটান্ডাতে যেটা অনুষ্ঠিত সেখানে আমরা সকলে মিলে এই বিষয়ে সিদ্ধান্ত করেছি সেখানে মুখ্যমন্ত্রী মহাশয় ছিলেন, শিক্ষামন্ত্রী মহাশয় ছিলেন যে, হ্যাঁ, ছাত্রদের বিশ্ববিদ্যালয় পরিচালনার ব্যাপারে অংশগ্রহণ নীতিগতভাবে মানি। সেদিন যখন সিনেটে সভা হয়েছিল আপনারা জানেন যে, সেখানে ছাত্ররা মিছিল করে এসেছিলেন এবং তারা ভয়ানকভাবে দাবি করছিলেন এবং বলছিলেন যে, আমরা আপনাদের কাছে শুনতে চাই যে, আপনারা ইউনিভার্সিটি পরিচালনার ব্যাপারে আমাদের অংশগ্রহণের ব্যাপারে কি করলেন? যাই হোক, তাদের সামনে আমি বলেছিলাম যে, এই ব্যাপারে ইউনিভার্সিটির কিছু করার নেই।

যা হোক, তাদের সামনে আমি অবশ্য বলেছিলাম ইউনিভার্সিটির করার কিছু নেই। যদি সরকার পক্ষ থেকে আইন আনে এবং সেই আইন আনার জন্য যা যা করার দরকার, আমি প্রতিশ্রুতি দিচ্ছি, নিশ্চয়ই আমি সেই কথা বলব। কাজেই নীতিগত ভাবে যখন আমরা সবাই স্বীকার করছি এবং আজকে ছাত্রজীবনে যে অবস্থা চলছে আশা করি এই বিষয়ে শিক্ষামন্ত্রী যেন বিশেষভাবে দৃষ্টি দেন এবং খুব শীঘ্র ইউনিভার্সিটি অ্যাক্টের ব্যাপক সংশোধনের একটা উদ্যোগ গ্রহণ করেন। এই বিষয়ে আমি কয়েকটি জিনিস বিশেষভাবে এখানে উল্লেখ করছি। সেটা হচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অশিক্ষক কর্মচারীদের কথা। এদের সম্পর্কে ইউনিভার্সিটিতে কোন আইন নেই বলা হয়েছে। ইউনিভার্সিটি আইন এদের জন্য করা হয়েছে, কিন্তু তাই বলে কি সরকারের দায়িত্ব শেষ হয়ে গেছে? দেড় হাজার কর্মচারী যে কলকাতা বিশ্ববিদ্যালয়ে রয়েছে, তাদের দায়িত্বের প্রশ্ন সরকার কিছুতেই এড়াতে পারেন না। মাননীয় শিক্ষামন্ত্রী বাজেট বই-এ যে বক্তব্য রেখেছেন, তিনি নিজেই সেই কথা স্বীকার করেছেন যে, বিশ্ববিদ্যালয়গুলোতে অশিক্ষক কর্মী নিয়োগ এবং তাদের বেতন সংক্রান্ত বিষয়ে কোন একটা সমধর্মী নীতি, ইউনিফর্ম পলিশি অনুসৃত না হওয়ায় শুধু যে নানা প্রকারের জটিলতা সৃষ্টি হয়েছে তাই নয়, এর পরে কোন কোন ক্ষেত্রে আন্দোলন এবং অসন্তুষ্টির কারণও দেখা যাচ্ছে। আমাদের যে সাতটি ইউনিভার্সিটি আছে, সেই ইউনিভার্সিটির কর্মচারীরা যাতে সমভাবে বেতন পান, তাদের মধ্যে যাতে ইউনিফর্মিটি থাকে, এইরকম একটা ইউনিফর্ম পলিসি নেওয়া যায়, সেই জন্য আমি সরকারকে অনুরোধ করবো যে, একটা পে কমিটি নিযুক্ত করুন এবং আইনে সেই ধারা সংযোজিত করে এদের বিষয় বিবেচনা করুন।

এখন ফ্যাকালটি সম্পর্কে যে প্রশ্ন উঠেছিল, সেই সম্পর্কে দু-একটা কথা বলতে চাই। মাননীয় শিক্ষামন্ত্রী সংশোধনী আনার সময় বলেছেন যে—

Some of the faculties constituted in 1968 for the first time under the aforesaid provision did not have any meeting as there was no business to be transacted.

তিনি যে বক্তব্য রেখেছেন, তাতে বোঝা যাচ্ছে, এই ফ্যাকালটিগুলোর সত্যকারের কোন ফাংশান নেই। তবু এই ফ্যাকালটিগুলো রাখা হয়েছে। কিন্তু এই ফ্যাকালটিগুলো কি, সেই সম্পর্কে বোধ হয় আমাদের এই বিধানসভার সদস্যদের বেশী করে জানা দরকার। আমি আশা করেছিলাম যে, হয়ত অনেক বেশী সদস্য এখানে অংশগ্রহণ করবেন, যখন এই ক্যালকাটা ইউনিভার্সিটি বিলের একটা সংশোধনী আসবে। যেমন মনে করুন ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্ট, সেকসান ২২ (এ) (৫) এবং (৯)--১৭নং পাতায় যদি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় অনুধাবন করেন সেখানে কি আছে?

This Syndicate consist of the following members, Vice-Chancellor, Pro-Vice-Chancellor.

বলে, ঐ ভাইস চ্যান্সেলার প্রো-ভাইস চ্যান্সেলার বলতে বলতে ৫নং ধারায় সেখানে লেখা রয়েছে—

Deans of the Faculties of Arts, Science, Law, Medicine and Engineering.

অর্থাৎ সিন্ডিকেটের যে ২৬ জন মেম্বার যাদের সম্বন্ধে আমি আগেই বলেছি সেই ২৬ জনের মধ্যে ঐ ফ্যাকালটি থেকে একজন করে নিযুক্ত হবে। বিশেষ ভাবে নির্দিষ্ট ধারায় বলে দেওয়া হয়েছে—

Faculties, Arts, Science, Law, Medicine and Engineering.

তাদের থেকে ডিন নিযুক্ত হবেন যাঁরা, তাঁরাই শুধুমাত্র সিন্ডিকেটের মেম্বার হবেন। তা হলে বুঝতে পারছেন ফ্যাকালটির কোন কাজ নেই এবং মন্ত্রিমহাশয় অ্যামেন্ডমেন্ট আনার সময় স্বীকার করেছিলেন যে, এই ফ্যাকালটিগুলি কাজ করতে পারে না। এদের দ্বারা কোন বিজনেস ট্রান-জাকসন হয় নি। এমন কি ফ্যাকালটিরা এক সঙ্গে বসে মিট করতে পারে নি ৪ বছর ধরে। ১৯৬৬ সালে এই নূতন অ্যাক্ট পাশ হবার পরে তাদের জন্য কি ধারা নির্দিষ্ট ভাবে বলা হয়েছে? সেটা হচ্ছে গোষ্ঠীগতভাবে এখানে উপস্থিত করা হয়েছে। এটা যে কতখানি গোষ্ঠীগত করে কুক্ষীগত করা রয়েছে, গতবারে আমি শিক্ষকদের নির্বাচিত প্রতিনিধি হিসাবে সিনেটে গিয়েছিলাম, কিছু করতে পারি নি। অসম্ভব ব্যাপার, এমন গোষ্ঠীগতভাবে চেপে রয়েছে যে, সেখানে দাঁত কিছুমাত্র ফোটানো যায় না। কোন কথা সেখানে বলা যায় না, আমার এটাই তিন বছরে অভিজ্ঞতা হয়েছে।

১৯৫১ সালের অ্যাক্ট এবং যখন ১৯৬৪ সালে এই অ্যাক্ট সংশোধনের জন্য আসে, সেই সময় আমি সিলেক্ট কমিটিতে ছিলাম, কিন্তু আমাদের সদস্যরা সংখ্যালঘিষ্ট হওয়ায় আমরা যেসমস্ত সংশোধনী তুলেছিলাম সেগুলি পাশ হতে পারে নি। দুজন কংগ্রেস সদস্য শুধু আমাদের সঙ্গে মত দিয়েছিলেন বর্তমান মুখ্যমন্ত্রী সহ। আর অন্যান্য কংগ্রেস সদস্যরা একজোট হয়ে বিরোধিতা করেছিলেন এবং সেখানে সেটা সংখ্যাগরিষ্ঠতার জন্য পাশ হয়ে গিয়েছিল। কাজেই আপনি দেখুন অ্যানোমালী এই যে ডিন কারা ছিল এবং সিন্ডিকেটে কতগুলি গোষ্ঠীর স্বার্থ রক্ষা করবার জন্য এই ডিন নির্বাচিত হচ্ছে? ফ্যাকালটির কোন কাজ বা কাজের কোন নির্দিষ্ট কথা নাই এবং কাজও হয় নি। দ্বিতীয়ত দেখুন, অ্যানোমালী আমি দেখাবো ক্যালকাটা ইউনিভার্সিটি ফার্স্ট স্ট্যাটিউট চ্যাপটার ৩, পার্ট ১, সেকসন ২৬, সাব-সেকসন (১), পেজ ৯, এই ধারা দেখলে আপনি কিন্তু আরো অবাক হবেন, অবাক হবেন এই জন্য যে, এইটা বলছি এই জন্য যাতে আপনি একটা কমপ্রিহেনসিভ সংশোধনী আনেন তাই আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কি বলা হচ্ছে এখানে, না এই ডিন কারা নির্বাচিত হতে পারবেন, যারা সিন্ডিকেটের মেম্বার আছেন,

With the provision of statute 22 as the Dean of the Faculty one of its members who shall, except in the case of the Faculty of Medicine, be a University professor where the members of the Faculty include such professor.

দেখুন কি চমৎকার প্রভিশন, প্রভিশনটা কি ডিন কারা নিযুক্ত হতে পারবেন, না ইউনিভার্সিটি প্রফেসার না হলে কেউ ডিন নিযুক্ত হতে পারবেন না। ফ্যাকালটি নেই অথচ ফ্যাকালটির ডিন নির্বাচিত হতে পারবেন এবং তাঁকে ইউনিভার্সিটির প্রফেসর হতে হবে। আরো লেখা রয়েছে একসেপ্ট ইন দি কেস অফ ফ্যাকালটি অফ মেডিসিন, ফ্যাকালটি অফ মেডিসিন ছাড়া আর সমস্ত জায়গায় ইউনিভার্সিটির প্রফেসর হতে হবে। ফ্যাকালটি অফ মেডিসিনে পোস্ট-গ্র্যাজুয়েট টিচিং-এ তার ইউনিভার্সিটি প্রফেসর আছেন, তবুও একজনকে নিয়ে গোষ্ঠী বৃদ্ধির জন্য বা গোষ্ঠীর স্বার্থে ইউনিভার্সিটিকে পরিচালনা করবার জন্য—খুব দুঃখের হলেও আমাকে নাম করতে হচ্ছে, ডাঃ শৈলেন সেন, তিনি মারা গিয়েছেন, তাঁকে আনবার জন্য স্ট্যাটিউট করে নি, তারা গোষ্ঠীর স্বার্থসিদ্ধ করবার জন্য করেছেন। এখানে তাই ঠিক হল, ইউনিভার্সিটি প্রফেসর থেকে সদস্য নেওয়া হবে। কেবল ফ্যাকালটি অফ মেডিসিন-এর ক্ষেত্রে ইউনিভার্সিটি প্রফেসরকে নেওয়া হবে না। ঘটনা কি, ঘটনা আমাদের যে সিনেটের অধিবেশন হয়ে গেল সেই অধিবেশনে কারা কারা ডিন হচ্ছেন তাঁদের নাম এখানে লিখে দেওয়া হচ্ছে। এখন দেখছি ফ্যাকালটি অফ ইঞ্জিনিয়ারীং-এ সিট ভেকেন্ট রয়েছে, কেন ভেকেন্ট রয়েছে, স্ট্যাটিউট আইন করে দিয়েছে কি, না ইউনিভার্সিটি প্রফেসর হতে হবে। এখন ইঞ্জিনীয়ারিং-এর কোন ইউনিভ্যার্সিটি নাই এটা আপনারা সকলেই জানেন, কিন্তু তা সত্ত্বেও আইন করে রাখা হল যে, ইউনিভার্সিটি প্রফেসর হতে হবে। তা ইঞ্জিনীয়ারিং-এ ইউনিভার্সিটি খোলা হল না, অতএব সিট ভেকেন্ট রাখা হল। তাই বলছিলাম যে, এখানে ঐ ফ্যাকালটি রাখার কোন প্রয়োজন নাই। অ্যাকাডেমিক কাউন্সিল আছে, সিনেট আছে, আন্ডার-গ্রাজুয়েট কাউন্সিল আছে, পোস্ট-গ্রাজুয়েট কাউন্সিল আছে, তারা অন্যান্য কাজ-কর্ম করছে, কাজেই এই ফ্যাকালটির কোন সদস্যরই এখানে কোন প্রয়োজন নাই এবং এই ফ্যাকাল-টিকে তুলে দেওয়া উচিত। একটা কমপ্রিহেনসিভ অ্যামেন্ডমেন্ট বিল ইউনিভার্সিটি বিলের আনা দরকার এবং সেই সম্পর্কে দু-একটা উদাহরণ দিতে পারি আপনার কাছে।

[5-00—5-10 p.m.]

সেটা হচ্ছে ইউনিভার্সিটি অ্যাক্টের ৪৮ পৃষ্ঠায় বলে দিচ্ছে কনস্টিটুয়েন্ট কলেজ কোন কোন কলেজগুলি হবে। সেখানে প্রেসিডেন্সি কলেজ, সংস্কৃত কলেজ, আর জি কর মেডিক্যাল কলেজ, দি ক্যালকাটা মেডিক্যাল কলেজ ইত্যাদি অনেকগুলি নাম বলে দিয়েছে। কিন্তু এমনও অনেক-গুলি কলেজ আছে যেগুলিকে কনস্টিটুয়েন্ট কলেজ-এর আন্ডারে আনা উচিত, যেমন মেদিনীপুর বি টি কলেজ। এরকম ধরনের অনেক বি টি কলেজ হয়েছে যাদের আপনারা দিয়ে রেখেছেন অ্যাফিলিয়েটেড কলেজ। কিন্তু ক্যালকাটা মেডিক্যাল কলেজ যদি কনস্টিটুয়েন্ট কলেজ-এর মধ্যে আসে, তা হলে ট্রপিকাল স্কুল অব মেডিসিন কেন এই কনস্টিটুয়েন্ট কলেজ-এর মধ্যে আসতে পারবে না। কাজেই এই যে সমস্ত অ্যাফিলিয়েটেডগুলি রয়েছে, সেই অ্যাফিলিয়েটেডগুলি একটা আশা করেছিল। কিন্তু মন্ত্রিমহাশয় এই যে একটা সংশোধনী এনেছেন এটা নিশ্চয় আমরা যে সমর্থন করছি সে বিষয়ে সন্দেহ নেই। কিন্তু যখন এই ক্যালকাটা ইউনিভার্সিটি বিল সংশোধনী এসেছে, তখন আশা করেছিলাম যে, ১৯৬৬ সালের আইন নিয়ে কাজ করতে গিয়ে দেখলাম বিশ্ববিদ্যালয় পরিচালনার ব্যাপারে অনেক ত্রুটি থেকে যাচ্ছে, তখন এর আমূল সংশোধন করা হবে। যে উদ্দেশ্য নিয়ে এই অ্যাক্ট আমরা রচনা করেছিলাম, যেভাবে রেজুলেসন, স্ট্যাটিউট এবং অর্ডিন্যান্স হয়েছে তাতে যেটুকু প্রগতিশীল পদক্ষেপ নেবার চেষ্টা করেছিলাম সেটা ব্যাহত হচ্ছে। কাজেই আজ ১৯৭৩, ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট অ্যাক্টকে পুনরায় রচনা করা হোক। মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, বিধানসভার একটা কমিটি তৈরি করে দিন যাঁরা সমস্ত বিষয়ে পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করে যে যে অসুবিধাগুলি হচ্ছে প্রতি পদে পদে কাজ করতে গিয়ে যে অসুবিধার কথা সে সময় আমরা নোট অফ ডিসেন্টে দিয়েছিলাম জয়েন্ট সিলেক্ট কমিটির রিপোর্টে, যে সিলেক্ট কমিটিতে আমি ছিলাম—সেগুলি দূর করা যাবে। আমি যে নোট অফ ডিসেন্ট দিয়েছিলাম ৫ বছরের অভিজ্ঞতায় সেসব কথা সম্পূর্ণভাবে প্রতিপন্ন হয়েছে। শুধু আমি নয়, কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, পুরানো যেসমস্ত ভাইস-চ্যান্সেলার ছিলেন এবং অনেক কংগ্রেস সদস্য, যারা পূর্বে সিনেট ও সিন্ডিকেটে ছিলেন—তাঁরা সবাই অনেক কথা উপস্থিত

করেছিলেন এবং ১৯৬৬-এর বিলের বিরোধিতা তাঁরা করেছিলেন। এখন কাজ করতে গিয়ে দেখা যাচ্ছে প্রচণ্ড অসুবিধা হচ্ছে। এখানে সুষ্ঠুভাবে কাজ করার জন্য ১৯৫১-এর অ্যাক্টকে পরিবর্তন করে ১৯৬৬-র অ্যাক্ট করেছিলেন। কিন্তু সেই উদ্দেশ্য ব্যাহত হচ্ছে এবং ৫ বছরের মধ্যে আমরা অনেকখানি অগ্রসর হয়েছি যার ফলে একটা কম্প্রিহেন্সিভ বিল, এখুনি আনা দরকার। সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে বলব, আমরা যেসমস্ত বিষয়ে নোট অব ডিসেন্ট দিয়েছিলাম যা আজকে সত্য বলে পরিণত হচ্ছে। আমি তাই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, সম্ভব হলে এই সেসানেই একটা কমিটির কথা ঘোষণা করুন যে কমিটি সমস্ত বিষয় পুঙ্খানুপুঙ্খরূপে বিবেচনা করে বিধানসভায় একটা কম্প্রিহেন্সিভ বিল আনবেন এবং কাজ করতে গিয়ে পরিচালনার ব্যাপারে যেসমস্ত অসুবিধা দেখা দিচ্ছে সেই অসুবিধাগুলি দূর করে শিক্ষক প্রতিনিধির সংখ্যা বাড়িয়ে, ছাত্র প্রতিনিধির সংখ্যা দিয়ে একটা ব্যবস্থা করবেন। এই কথা বলে মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন তাকে সমর্থন করছি।

Shri George Albert Wilson-Deroze: Mr. Deputy Speaker, Sir, it is well-known that the Calcutta University far from 'advancement of learning' has been, for some years now, standing in the way of 'advancement of learning'. The campuses of the University are still filled with students who are genuinely devoted to learning and with professors who are devoted to the subjects. But on the administrative side of the University things have been allowed to get in such a state that it may well be said that the Calcutta University's reputation has reached the same level as that of the Calcutta Corporation. It is well-known that in the admission of the students to the various Faculties, nepotism and corruption are the order of the day. So also in the appointment of examiners to the University and in the conduct of University examinations. Sir, this lack of administration or mal-administration is not fair to those genuine students of the University and those men of learning who are still there and are trying to do their job in spite of administrative lapses. While it can be said about the University. Sir, as regards this Bill, I think, there can never be any genuine opposition to it. Our friends in the Opposition have given us an opportunity to talk on the subject. If you will see the statement of Objects and Reasons you will find, as the Hon'ble Minister has stated, there are certain Faculties of the University which have either had no meeting at all because they say that there is no business to be transacted or they have met after a considerable period of time and intended to perpetuate it by not meeting again for some more time. Sir, people who stand in the way of work being done, who will not work themselves but will prevent others from working ought to be removed.

Regarding this provision, by deleting the proviso it merely enables the Act to be worked. By deleting this proviso this University Act becomes workable; this measure merely enables the University to function. So, there can be no genuine opposition to this provision.

With these words, I support this Bill.

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী আজ যে কলকাতা বিশ্ববিদ্যালয় সংশোধন বিধেয়ক, ১৯৭৩ সভায় পেশ করেছেন সেই বিলকে আমি স্বাগত জানাচ্ছি এবং পূর্ণ সমর্থন করছি এবং সংগে সংগে তিনি যে বিলটা এনেছেন সেটা সময়োচিত হয়েছে তার জন্য আমি তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, এই কলকাতা বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য যে সমস্ত বিভিন্ন প্রাধিকার রয়েছে সিনেট, সিন্ডিকেট, অ্যাকাডেমিক কাউন্সিল এবং ফ্যাকালটি এই সমস্ত পুনর্গঠিত হয় এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য কার্য পরিচালিত হয় বিশেষ করে ১৯৬৬ সালের কলকাতা বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী। কলকাতা বিশ্ববিদ্যালয় প্রথম সংবিধি, ১৯৬৬-র ২৫ সংখ্যক সংবিধিতে ফ্যাকালটিসমূহ গঠনের রীতি বর্ণিত হইয়াছে এবং ৬৩ সংখ্যক সংবিধিতে ঐসব ফ্যাকালটির

সদস্য নির্বাচনের রীতি সম্পর্কে ব্যবস্থা করা হইয়াছে। এই অনুযায়ী ১৯৬৮ সালে ফ্যাকালটি অ্যাকাডেমিক কাউন্সিল কর্তৃক নির্বাচিত হয়েছে। কোন কোন ফ্যাকালটি দেখা যায় গঠিত হবার পর তাদের আর সভা অনুষ্ঠিত হয় নি, কতকগুলি ফ্যাক্যলটির হয়েছে অনেক পরে। নিয়ম হচ্ছে ফ্যাকালটি গঠিত হবার পর তাদের প্রথম মিটিং থেকে ৪ বছর পর্যন্ত কার্যকালের মেয়াদ। কিন্তু দেখা যাচ্ছে কোন কোন ফ্যাকালটির আদৌ সভা হয় নি এবং কোন কোন ফ্যাকালটির হয়ত সভা হয়েছে। আমাদের আর এস পি বন্ধু শীশ মহম্মদ বলে গেছেন গোষ্ঠীতন্ত্র এবং মাননীয়া সদস্যা ইলা মিত্র বলে গেছেন এটা গোষ্ঠীতন্ত্রে পরিণত হয়েছে।

[5-10—5-22 p.m.]

আমি বুঝতে পারছি না এই বিলের তাৎপর্য তিনি বুঝতে পেরেছেন কিনা। তাই আমি তাঁকে বিনীতভাবে বলছি, জিনিসটা ভালভাবে বুঝুন। এটা গোষ্ঠীতন্ত্র নয়, গোষ্ঠীতন্ত্রকে বাদ দিয়ে আমাদের প্রগতিশীল সরকার আমাদের শাসন ব্যবস্থায় প্রগতি রাখবে বলে এই বিলের সংশোধন করা হয়েছে। ১৯৬৬ সালের আইনের ৩৭ ধারার উপধারাকে যে বাদ দেওয়া হয়েছে এতে বোঝা যাচ্ছে আমরা এক জায়গায় থাকতে চাই না। শীশ মহম্মদ এই বিল পড়ে উপলব্ধি করেছেন কিনা আমি জানি না। তিনি এখানে অনেক গল্প করেছেন। জনসাধারণ তাঁদের কথা শুনছে না তাই হাউসে বসে যা খুসী বলছেন, কাগজে বেরুবে, রেডিওতে বলাবে এই আশায়। আমার উপর রাগ করবেন না, আমি আপনাকে ভালভাবে জানি, তাই বিনীতভাবে এইসব কথা আপনাকে বলছি। এই বিলের উপর যে সংশোধনী আনা হয়েছে এটা সত্যিকারের সময়োচিত হয়েছে এবং এটা না হলে ওঁদের যেটা উদ্দেশ্য সেই গোষ্ঠীতন্ত্র সেটাই বজায় থাকবে। কিন্তু আমরা সেটা বজায় রাখতে চাই না। মাননীয় শিক্ষামন্ত্রী এই যে সংশোধনী বিল এনেছেন তাতে আর একটি কথা বলব যে, এর আগে শিক্ষা খাতে বলবার সময় এবং ৩ ও ৪ তারিখে রোটান্ডায় যে সভা হয়েছিল শিক্ষাবিদদের নিয়ে সেখানে আমরা বলেছিলাম এবং মন্ত্রিমহাশয়ও আশ্বাস দিয়েছিলেন, বিশ্ববিদ্যালয় এবং বিভিন্ন কলেজে বিভিন্ন রকম যে সংগঠন রয়েছে তার মধ্যে ছাত্র প্রতিনিধিদের যেন স্থান হয়। তাই আমি শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, কোলকাতা বিশ্ববিদ্যালয় পরিচালনার ব্যাপারে ছাত্রপ্রতিনিধিদের যেন স্থান হয়। তারপর আর এস পি-র সদস্যকে পুনরায় বলছি, আপনি ভাল করে বিলটি পড়ুন। আর এস পি-র সদস্য হাউসে কত-গুলি কথা বলেছেন—গণতন্ত্র গেল, গেল, গেল, গোষ্ঠীতন্ত্র হচ্ছে ইত্যাদি, ইত্যাদি। তাঁদের কথা এখন আর কেউ শুনতে চায় না বলে বলছি, আপনারা এমনভাবে কাজ করুন যাতে জনসাধারণ আপনাদের কথা শোনে। অবশ্য আপনাদের দোষ দিচ্ছি না, কারণ আপনারা এখন উচ্ছিষ্ট হয়ে ডাস্টবিনে পড়ে আছেন। গণতন্ত্র গেল, গেল—একথা বলার কোন সার্থকতা নেই। যা হোক, ডিন ইত্যাদি হচ্ছে এবং বিশ্ববিদ্যালয়ের কার্য পরিচালনা কিভাবে হবে তার জন্য এটা আনা হয়েছে বলে আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানাচ্ছি, শিক্ষামন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি এবং মাননীয় স্পীকার মহাশয়, আপনি আমাকে বলার সুযোগ দিয়েছেন বলে আপনাকেও ধন্যবাদ জানাচ্ছি এবং এই বিলকে পুনরায় সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বিভিন্ন মাননীয় সদস্যদের ধন্যবাদ জানাচ্ছি এই প্রস্তাবিত সংশোধনী বিলকে সমর্থন করবার জন্য। প্রায় সকলেই এটাকে সমর্থন জানিয়েছেন সেইজন্য আমি নিজেকে বিশেষভাবে সুখী মনে করছি। তবে কয়েকজন মাননীয় সদস্য যেভাবে বক্তব্য রেখেছেন তাতে আমার মনে হয় তাঁরা ধান ভানতে শিবের গীত করেছেন।

কেউ কেউ প্রাথমিক শিক্ষকদের কথা বলেছেন, কেউ কেউ স্পনসর্ড কলেজের কথা বলেছেন, কেউ কেউ বিশেষ বিভাগের দুর্নীতির কথা বলেছেন, সে যাই হউক, আমি তার প্রত্যুত্তর দিতে গিয়ে আরেকটা শিবের গীত আপনার মাধ্যমে এই সভাকে শোনাব না। তবে কেউ কেউ বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করেছেন, সে সম্বন্ধে আমি সরকারের ভাবধারা আপনার মাধ্যমে হাউসের সামনে রাখতে ইচ্ছা করি। অধিকাংশ সদস্য এই কথা বলেছেন যে, এই রকম ছোট্ট সংশোধন আনার প্রয়োজন ছিল, কিন্তু এর চেয়ে বেশী প্রয়োজন ছিল আরও ব্যাপকভাবে

সংশোধনী আইন আনা যার মাধ্যমে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরিচালন ব্যবস্থার আমূল পরিবর্তন করা যায়। এই বিষয়ে আমি তাদের সঙ্গে একমত এবং আমার সরকার সম্পূর্ণভাবে এই বিষয়টা বিবেচনা করছেন। তবে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয় অবগত আছেন যে, আমাদের যদি অসুখ করে, তা হলে যে রোগ সেই অনুপাতে তার চিকিৎসা কঠিন বা গুরুত্বপূর্ণ হওয়া উচিত। যেমন কোন কোন ক্ষেত্রে আমরা অরাল মেডিসিন বা কিছু কিছু ঔষধ খাই আবার কোন কোন ক্ষেত্রে আমরা ইঞ্জেকশান নিই, সেই ইঞ্জেকশান আবার কোথাও ইন্টারমাসকুলার আবার কোথাও ইন্টারভেন্যাস, আবার কোন কোন ক্ষেত্রে আবার অপারেশান করাই। আমার মনে হয় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের যদি সংস্কার করতে হয়, তা হলে অরাল মেডিসিনে বা ইঞ্জেকশানে হবে না, ঐ অপারেশানের প্রয়োজন। এবং শুধু আইন করে সেটা সম্ভব নয়। এই কারণে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই হাউসকে জানাতে চাই যে, কলিকাতা ইউনিভার্সিটি রি-অর্গানাইজেশান অ্যান্ড ডেভালপমেন্ট কমিটি বলে একটা উচ্চ পর্যায়ের কমিটি এই বিষয়টা গত কয়েক মাস ধরে পর্যালোচনা করছেন, এবং অনুসন্ধান করছেন, এবং তাদের রিপোর্ট প্রায় সমাপ্তির পথে। আমি যতদূর জানি তারা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কাঠামো বা আমূল পরিবর্তনের সুপারিশ করছেন। সুতরাং তার পূর্বে আমি মনে করি কোন রকম সংশোধন আইন তা যতই ব্যাপক হউক না কেন সেটা খুব দীর্ঘ মেয়াদী হবে না। তাই যখন সেই হাই পাওয়ার বিশেষজ্ঞ কমিটি তাদের রিপোর্ট প্রচার বা প্রকাশ করবেন সেই রিপোর্ট অনুযায়ী নিশ্চয়ই তাদের অধিকাংশ সুপারিশ আমাদের গ্রহণযোগ্য হবে এবং কলিকাতা ইউনিভার্সিটির প্রয়োজনীয় সংস্কারের যা কিছু ব্যবস্থা অবলম্বন করা দরকার, আমি সেই ব্যবস্থা গ্রহণ করব। তবে এই কথা ঠিক আমরা যে কোন ব্যবস্থা অবলম্বন করি না কেন, আমরা শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাপারে কোনরূপ হস্তক্ষেপ করতে চাই না। আজকে এই সংশোধনী এখানে রাখা হয়েছে এটার বিষয়ে কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে অনুরোধ এসেছিল, এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার গত জুন মাসে এই মর্মে চ্যান্সেলারের কাছে অনুরোধ করেন এবং আমাকেও অনুরূপ অনুরোধ করেন। তার ফলে যাতে ফ্যাকালটিগুলির পুনর্গঠন করার সুবিধা হয় তার জন্য আমি এই সংশোধনী এনেছি।

কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ের কথা এখানে উল্লেখ করা হয়েছে আলোচনার সময়, সেটা হচ্ছে বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের প্রতিনিধিত্ব দেওয়া, আমি নীতিগতভাবে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পরিচালনার ব্যাপারে ছাত্রদের প্রতিনিধিত্ব দেব একথা স্বীকার করেছি। তবে এটাকে কার্যকর রূপ দিতে বিলম্ব হচ্ছে, তার কারণ আমরা জানতে চাই ভারতবর্ষের অন্যান্য রাজ্যে বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে কি ফর্মে বা কি পদ্ধতিতে ছাত্রদের প্রতিনিধিত্ব দেওয়া হয়েছে। সেটা আমরা জানতে চাই, তবে আর খুব বেশী দেরি নাই, যেদিন আমরা অন্তত বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ছাত্রদের কার্যকর প্রতিনিধিত্ব দিতে পারব। যাই হউক, এই কথাগুলি বলে আমি যে সংশোধনী প্রস্তাব এনেছি এটা সম্পূর্ণ অপারেশানাল বা প্রসিডিওরাল নেসেসিটি। এর উপর গুরুত্ব আরোপ করে আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের সমর্থনের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Mrityunjov Banerjee that The Calcutta University (Amendment) Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2 and Preamble

The question that Clauses 1, 2 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Mrityunjoy Banerjee: Mr. Deputy Speaker, Sir, I beg to move that The Calcutta University (Amendment) Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-22 p.m. till 11 a.m. on Saturday, the 7th April, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the 7th April, 1973, at 11 a.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 11 Ministers, 6 Ministers of State, 2 Deputy Ministers and 54 Members.

Oath or Affirmation of Allegiance

[11-00—11-10 a.m.]

Mr. Speaker: Honourable Members, if any of you have not taken oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take oath.)

GOVERNMENT BILL
LEGISLATION

The Sri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill, 1973

Shri Siddhartha Shankar Ray: Sir, I beg to introduce the Sri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill, 1973.

(Secretary then read the title of the Bill.)

Shri Siddhartha Shankar Ray: Sir, I beg to move that the Sri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill, 1973, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা সামান্য সংশোধন আমরা করতে চাচ্ছি, আপনারা জানেন যে, কিছুদিন আগে এই বিল আমরা পাশ করেছিলাম, প্রেসিডেন্সিয়েল অ্যাসেন্টের দরকার ছিল, আমরা প্রেসিডেন্সিয়েল অ্যাসেন্ট পেয়ে গেছি। তবে একটা সামান্য অ্যামেন্ডমেন্ট করতে হবে, কারণ আগে পশ্চিমবাংলায় যতগুলি আইন হয়েছে তাতে বলা হয়েছিল ২ বৎসরের জন্য নেওয়া হ'ল। তার মানে ইমপ্লাইড যে দুই বৎসর পর নেওয়া ফেরত দেওয়া হবে, সম্প্রতিকালে সুপ্রিম কোর্ট একটা জাজমেন্ট দিয়েছে যে, দুই বৎসরের জন্য নিলেও—খালি বললে হবে না—ক্লজ থাকা দরকার যে, দুই বৎসর পর ফেরত দেব। আমরা যতগুলি আইন আর জি কর মেডিকেল কলেজ আইন, ন্যাশনাল মেডিকেল কলেজ আইন, ট্রামওয়েজ আইন বা ওরিয়েন্টাল গ্যাস কোং আইন তাতে বলা ছিল যে, দুই বৎসরের জন্য নেওয়া হবে। কিন্তু এখন সুপ্রিম কোর্টের নূতন জাজমেন্টের জন্য আমার মনে হয় একটা ক্লজ দেওয়া ভাল যে, দুই বৎসর পর ফেরত দেবো। অবশ্য সেটা ইমপ্লাইড ছিল, সেটা এক্সপ্রেস করছি যাতে কোন রকম সন্দেহ না হয়। সেজন্য এই বিল এনেছি, যাতে পাশ ক'রে দেন। তবে একটা কথা, দুই বৎসরের জন্য এখানে এনেছি বটে, তবে দরকার হ'লে অন্যান্য বিল যেমন ক্যালকাটা ট্রামওয়েজ বিল হয়েছে, দরকার হ'লে দুই বৎসর পর আবার এক্সটেন্ড করবো—দরকার না হ'লে করবো না। আমরা দেখবো, কেমন কাজ হচ্ছে, তার পর ঠিক করবো। এখন এই সামান্য অ্যামেন্ডমেন্টটা চাচ্ছি একে সমর্থন করবেন আশা করি।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত জরুরী বিষয়ের জন্য বিজনেস্ অ্যাডভাইসারী কমিটি এবং আপনার নির্দেশে হাউসে বসল এবং যে বিষয়টা আজকে আমাদের সামনে মাননীয় মুখ্যমন্ত্রী রাখলেন, সে বিষয়টা আগেও হাউসে আলোচনা হয়েছে। এই

বিষয়টা সরকার স্ট্যান্ট হিসাবে নিচ্ছেন। এর আগেও যেমন নিয়ে আসা হ'ল জরুরী বিষয়, এইসব দেখে মনে হয়, সরকার একটা স্ট্যান্ট করছেন যেমন প্রত্যেকটা জায়গায় করছেন। যেমন গরিবী হটাওছের শ্লোগানকে ব্যবহার করা হয় একটা স্ট্যান্ট হিসাবে, তেমনি বিদ্যাপীঠের ক্ষেত্রে স্ট্যান্ট হিসাবে আনা হ'ল। মাননীয় মুখ্যমন্ত্রী যিনি দিল্লীতে কাজে ছিলেন তিনি এসে এটা আনছেন। শুক্তুনি খেতে ভাল লাগে। এই বিলটা সমর্থন করেছি আগেও। বিশেষ ক'রে চৈত্র সংক্রান্তির মুসে আমাদের এখানে বসন্ত রোগের প্রাদুর্ভাব হয়েছে, তাতে তেতো মেতো খেতে ভাল লাগে। আগেও এই বিলটাকে সমর্থন করেছি, এখনও করছি। (**শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ** স্ট্যান্টকে সমর্থন করছেন?) আপনার স্ট্যান্টকে সমর্থন করছি না, এই বিলের উদ্দেশ্যকে সমর্থন করছি। যেহেতু এটা গণতান্ত্রিক অধিকার সে অধিকারে আমাদের এইটুকু সুযোগ দিয়েছেন আপনাদের একটু সমালোচনা না করলে হয় না, তাই একটু সমালোচনা করা দরকার যদিও আমরা যে সমস্ত সমালোচনা করি সেটা আপনারা গ্রহণ করবেন কিনা সেটা আপনাদের অভিরুচি। তবে খাদ্যদ্রব্য যেমন গ্রহণ করি, এটা শুক্তুনি হিসাবে গ্রহণ করছি। এই বিল সারদা রামকৃষ্ণ বিদ্যাপীঠ বিল প্রয়োজন। বাংলাদেশের অনেক কলেজ সেগুলোর কি অবস্থা দেখতে পাচ্ছি। আজকের কাগজে দেখলাম বঙ্গবাসী কলেজের প্রফেসাররা তিন চার মাসের মাইনে না পেয়ে তারা অবস্থান ধর্মঘট করছেন। পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজের ভুরি ভুরি নিদর্শন পেয়ে থাকি। শুধু এইটা নয়। প্রগতিবাদীর আলখেল্লা পরলেই হবে না। আর যে সমস্ত কলেজে শিক্ষকদের উপর অত্যাচার চলে আসছে, সেগুলোর ক্ষেত্রে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, কিছুদিন আগে একটি আলোচনাক্ষেত্রে মাননীয় মন্ত্রী জয়নাল আবেদীন বললেন, দেশদ্রোহী এটার চেয়ে পুলিসের চর বা গুপ্তচর এটা একটু কম। (কংগ্রেস বেঞ্চ হইতে শব্দঃ এটা কলেজের বিল।) কলেজ নিলে বলতে গেলে পাঠ্যপুস্তক এগুলোর কথা না বললে আপনাদের চরিত্র অনুধাবন করা যাবে না। সরল রেখা পড়া যেমন দরকার, তেমনি যুক্তাক্ষরও পড়া দরকার। দেশদ্রোহীর চেয়ে পুলিসের চর একটু কম—একথা জয়নাল আবেদীন বলেছেন। আপনি এই সম্পর্কে একটা রুলিং দেবেন বলেছেন, আমরা মাথা পেতে নিশ্চয়, সেটা গ্রহণ করবো। কিন্তু যে মর্যাদা, যে সুযোগ-সুবিধা আমাদের আছে এই সভায় আমরা ঠিকমতে ব্যবহার না করার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করেছি। আয়নায় জয়নাল আবেদীন সাহেব নিজের মুখ দেখেন, তাই নিজের মতো ক'রে আমাদের কথা ভেবে নেন। ইংরাজ আমলে আমাদের পার্টির বয়স্ক নেতৃবৃন্দ আছেন তাঁদের অনেক কথাবার্তা শুনেছি। সেই সময় কংগ্রেসের কিছু লোকজন গুপ্তচরবৃত্তি করতে বৃটিশের। তাদের চরিত্র হয়তো এখনও বদলায় নি। যাই হোক, এই বিল সমর্থন করছি। যেটা করা দরকার, নিশ্চয় সেটা টেক-ওভার করুন। কিন্তু নেওয়ার পর এইটা যেন আপনার কুক্ষিগত হয়ে সীমাবদ্ধ না থাকে। নিশ্চয় চেষ্টা করুন যাতে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে এনে স্কুল-কলেজের শিক্ষকদের উপযুক্ত মর্যাদা দিয়ে উপযুক্ত গণতান্ত্রিক উপায়ে যাতে বডি তৈরি হতে পারে। বডিকে কর্তৃত্বভার দিয়ে যাতে কলেজটি সুষ্ঠুভাবে রান করতে পারে তার ব্যবস্থা

[11-10—11-20 a.m.]

করুন। এই কলেজ নিশ্চয় আগামী দিনে আরও যে সমস্ত কলেজ আছে এবং সেখানে যে অ্যাডমিনিস্ট্রেটার আছে এই কলেজকে দেখে তার প্রশাসন ব্যবস্থাকে দেখে তার অবস্থাকে দেখে সেদিকে যেন আকৃষ্ট হয়। সেই কলেজ যাতে গৌরবের অধ্যায় রচনা করে, এই আশা রেখে, আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো যে, তিনি এই দিকে সতর্ক নজর রাখেন। এর পরে আমার যে অ্যামেন্ডমেন্ট আছে সেগুলি মুভ করবো। এখন আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী ইলা মিত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মূল বিলের যে উদ্দেশ্য সে সম্পর্কে আমি ইতিপূর্বে আলোচনা করেছি। এবং এখন যে সংশোধনীটি এসেছে তাকে আমি সমর্থন জানাচ্ছি। এটাকে আমি বিশেষভাবে একটা গণতান্ত্রিক পদক্ষেপ ব'লে মনে করি। এ বিষয়ে

আমি আর বিশেষ বক্তৃতা করতে চাই না। আজকে যে সংশোধনীটি এসেছে এটা একটা টেকনিক্যাল ব্যাপার যে, দু' বছর টাইম এক্সটেন্ড করা যাবে তার পরে ফেরত দিতে হবে। এই আইনগত ব্যাপার আমি জানি না। নিশ্চয় কোন আইনগত জায়গায় বাধা সৃষ্টি করেছে। তবে এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, সংশোধনী এসেছে এটা একটা টেকনিক্যাল বাধা—কিন্তু পরবর্তী কালে যাতে আমরা একটা সুষ্ঠু পরিকল্পনা করতে পারি সেই দিকে দিয়ে যেতে পারি তার জন্য আমাদের সজাগ হতে হবে। আর একটা কথা, আমি আলোচনা করতে চাই যে, এই সারদা বিদ্যাপীঠ-এর ম্যানেজমেন্টের বিরুদ্ধে দাঁড়িয়ে যে বলিষ্ঠ পদক্ষেপ নিলেন--কিন্তু পশ্চিম-বাংলার মধ্যে এখনও অনেক কলেজ আছে যেখানকার কাজকর্ম সারদা বিদ্যাপীঠের চেয়ে কম খারাপ হচ্ছে না। বিশেষ ক'রে যে সমস্ত ট্রাস্টি কলেজ আছে, যে কলেজগুলি না কোন কোন কলেজ, না ইউনিভার্সিটির অন্ডারে। তারা যা খুশী তাই করতে পারে। আবার ইউনিভার-সিটির অন্ডারে শুধু মাত্র প্রাইভেট কলেজগুলি আছে, আবার স্পনসর্ড কলেজ ও গভর্নমেন্ট কলেজ এদের সম্পর্কে ইউনিভারসিটির কোন এক্তিয়ার নাই। আজকে ট্রাস্টি কলেজের শিক্ষকরা যেভাবে নিপীড়িত হচ্ছে তা আর বলার নাই। তারা সরকারের এই ব্যবস্থা দেখে খুবই উৎসাহিত হয়েছে, এবং ইতিমধ্যে তারা একটা সভা করেছে এবং সেখানে দাবি করেছে যে, পশ্চিমবঙ্গ বিধানসভায় সরকার পক্ষ থেকে একটা কমপ্রিহেন্সিভ বিল নিয়ে আসা হোক, সেখানে এমন ক্ষমতা দেওয়া হোক যাতে অন্যান্য ট্রাস্টি কলেজের উপর গভর্নমেন্ট হস্তক্ষেপ করতে পারে বা প্রয়োজন হ'লে নিয়ে নিতে পারে। এই ধরনের অনেক কিছু আছে আমি তার খুঁটিনাটিতে যাচ্ছি না। আমি শুধু এই কথাই বলবো যে, একটা কমপ্রিহেন্সিভ অ্যাক্ট আনুন যাতে শিক্ষক-দের নিরাপত্তা বজায় থাকে এবং তারা উৎসাহিত হতে পারে। এই ব'লে এই সংশোধনীকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ শান্তিকুমার দাশগুপ্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিলটি এর আগে এসেছিল এবং তার যে সংশোধনী--আমি এই দুটিকেই সর্বান্তঃকরণে সমর্থন করি। আজকে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই এই দিকে যে, কলকাতা এবং তার আশেপাশে আরো কতকগুলি ট্রাস্টি কলেজ আছে, যে ট্রাস্টি কলেজ কর্তৃপক্ষের শিক্ষার সঙ্গে কোন যোগ নেই, এমনসব কর্তৃপক্ষ তাদের রাজস্ব করছেন বলা যেতে পারে। অর্থাৎ শিক্ষা সংক্রান্ত অনেক কাজ ব্যাহত হচ্ছে এই কর্তৃপক্ষের জন্য। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই, আমাদের শিক্ষামন্ত্রী এখানে আছেন, তিনি বুঝবেন যে, তাদের টাকা কিভাবে নষ্ট হচ্ছে সেটা আমি একটু বলতে চাই। কলকাতায় এমন বড় বড় ট্রাস্টি কলেজ আছে -একটি কলেজ আছে যার ৮টি শাখা। সেই ৮টি শাখার একটি শাখাকে ডেফিসিট ব'লে গভর্নমেন্টকে ২॥ লক্ষ টাকা দিতে হচ্ছে। আর একটি শাখায় ১, ২ লক্ষ টাকা ক'রে লাভ হচ্ছে। অর্থাৎ অন্যান্য শাখায় তারা প্রচুর টাকা সংগ্রহ করছেন। কিন্তু একটি শাখায় ডেফিসিট দেখাবার ফলে সরকারের অনেক টাকা নষ্ট হচ্ছে। অথচ মজা হচ্ছে এই প্রিন্সিপ্যাল অ্যাপয়েন্টমেন্ট করছেন সেন্ট্রাল কাউন্সিল। সেন্ট্রাল কাউন্সিল প্রিন্সিপ্যাল অ্যাপয়েন্টমেন্ট করছেন একদিকে, আর একদিকে দেখা যাচ্ছে গভর্নিং বডি কন্ট্রোল করছে সেন্ট্রাল কাউন্সিল। এখন এই ট্রাস্টি কলেজের উপর যদি আমরা হস্তক্ষেপ করতে পারি, তাদের দায়িত্ব যদি নিতে পারি, তা হ'লে সরকারের কিছু টাকা বাঁচতে পারে। আমি আর একটি ট্রাস্টি কলেজের কথা বলছি—ধর্মের নাম ক'রে কেমন ক'রে ট্রাস্টি কলেজ করেন তার একটা চেহারা আপনার সামনে তুলে ধরতে চাই। একটি ছেলের ডিস-কলেজিয়েট হয়ে যাবার ব্যবস্থা হয়েছিল, যদিও তার রেজাল্ট খুব ভাল, সে সেকেন্ড হয়েছে। ডিসকলেজিয়েট হতে যাচ্ছিল, এইবারে সে পরীক্ষা দেবে। ফার্স্ট ইয়ার থেকে বসতে দেওয়া হ'ল ১ টাকা ক'রে রোজ দিতে হবে এবং এক টাকা ক'রে দিয়ে ফার্স্ট ইয়ারে ক্লাশ করতে আরম্ভ করল। কলেজ তার কাছ থেকে কিছু টাকা সংগ্রহ ক'রে নিল। তাতেও দেখা গেল ৪ কম পড়ে গেল। একটু লিখলেই তার কলেজিয়েট হয়ে যেত, সেটাও লেখা হ'ল না, ৪ কম ক'রে তাকে ডিসকলেজিয়েট করে দেওয়া হ'ল অর্থাৎ তার পরীক্ষা ব্যবস্থা আর রইল না। কিন্তু তার কাছ থেকে এক টাকা ক'রে প্রতি ক্লাশে নেওয়া হয়েছে। ধর্মের নামে ট্রাস্টি কলেজে এই ব্যবস্থা চলেছে। এতে সরকার ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং শিক্ষা ব্যবস্থাও ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই

আমি শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রীকে বলব, যে বিল তিনি এখানে এনেছেন সেই বিলকে যেমন আমরা সর্বান্তঃকরণে সমর্থন ক'রে স্বীকার ক'রে নিচ্ছি, তেমনি এইভাবে আর একটি পূর্ণাঙ্গ বিল নিয়ে আসুন যে ট্রাস্ট্রি কলেজের ট্রাষ্ট বডি ভেঙ্গে দেওয়া হ'ল—তা যদি নাও দেওয়া যায় অন্ততঃ ট্রাষ্টি বডিগুলির উপর হাত দেওয়া যাবে এই রকম একটা বিল আনুন, এই অনুরোধ আমি আপনার কাছে বিশেষ ক'রে রাখছি। এমনও শোনা যাচ্ছে যে, কোন কোন জায়গায় ইউ জি সি থেকে টাকা এনে বাড়ি বানিয়ে সেই বাড়ি ট্রাস্টি বডি অন্যকে ভাড়া দিয়ে দিচ্ছে। গভর্নমেন্ট টাকা দিচ্ছে অথচ ট্রাষ্ট বডি সেই টাকায় বাড়ি বানিয়ে অন্যকে ভাড়া দিয়ে দিচ্ছে। কাজেই এই ভাবে ট্রাষ্ট বডিগুলি শিক্ষাক্ষেত্রে হস্তক্ষেপ ক'রে শিক্ষার মানকে খারাপের দিকে নিয়ে যাচ্ছে। সেই জন্য আমি বলতে চাই পরবর্তী কালে আপনি একটি পূর্ণাঙ্গ বিল নিয়ে আসুন যে বিল দ্বারা এই ট্রাষ্ট বডিগুলিকে ভেঙ্গে দেওয়া যেতে পারে এবং সেখানে গভর্নমেন্ট অন্ততঃ একটা ব্যবস্থা করতে পারে। এই ব'লে আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার উত্তর দেবার বিশেষ কিছু নেই। তবে একটি কথা বোধ হয় এখানে পরিষ্কার ক'রে বলা দরকার যে, এই বিলটি অবশ্য একটি শিক্ষা প্রতিষ্ঠান সম্বন্ধে হয়েছে। আমরা বিশেষভাবে চিন্তা করছি যে কিভাবে শিক্ষকদের, প্রফেসরদের সিকিউরিটি অব সার্ভিস দেওয়া যায় এবং সে সম্বন্ধে আমরা আলোচনা করছি, হয়ত বিধানসভার এই অধিবেশনেই এই বিলটি আনা সম্ভব হবে না। কিন্তু আমরা চিন্তা করছি এবং সে বিষয়ে কিছু কিছু আলোচনা চলছে যে কিভাবে শিক্ষকদের এবং প্রফেসরদের সিকিউরিটি অব সার্ভিস দেওয়া যায়, যে কথা মাননীয়া শ্রীমতী ইলা মিত্র মহাশয়া এবং মাননীয় শান্তি দাশগুপ্ত মহাশয় বললেন—সে কথা নিয়ে আমরা চিন্তা করছি। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Siddhartha Shankar Ray that the Sri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that Clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that in clause 3, in the proposed section 5 of the Act, in line 9, after the words "to the Anur Jana Shiksha Samsad" the words "or to the duly constituted College Governing Body under the relevant provision of Burdwan University Act and Statute as may be obtaining upon the expiry of two years" be inserted.

[11-20—11-30 a.m.]

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সংশোধনীর বিরোধিতা করছি। এই সংশোধনীতে এই কথা বলা হয়েছে যে, তিমিরবাবুর কাছ থেকে যে সম্পত্তিটা আমরা নিলাম সেটা দু' বছর পরে আবার বেস্টারউইচ মহাশয়ের কাছে ফিরিয়ে দেওয়া হবে। এটা স্যার, ভারতীয় গণতন্ত্রেও বলে না, সংবিধানেও বলে না। তিনি বলেছেন, আপনারা আনুর জনশিক্ষা সংসদ থেকে নিচ্ছেন কিন্তু ফেরত দেবার,

"Duly constituted college governing body under the relevant provision of Burdwan University Act"

ফিরিয়ে দিতে হবে। এ কি করে হতে পারে? আইনে তা বলে না। যার কাছ থেকে সম্পত্তিটা নেওয়া হচ্ছে ম্যানেজমেন্টকে আবার ফিরিয়ে দিতে হবে, তাকে যদি ফিরিয়ে দিতে না চান, দুই বছর আগেই আমরা অন্য চিন্তা করবো। রামের সম্পত্তি নিয়ে শ্যামকে ফিরিয়ে দেব এটা ভারতীয় গণতন্ত্রেও বলে না, সংবিধানেও বলে না, তার জন্য আমি এর বিরোধিতা করছি।

The motion of Shri Timir Baran Bhaduri that in clause 3, in the proposed section 5 of the Act, in line 9, after the words "to the Anur Jana Shiksha Samsad" the words "or to the duly constituted College Governing Body under the relevant provision of Burdwan University Act and Statute as may be obtaining upon the expiry of two years" be inserted, was then put and lost.

The question that Clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Siddhartha Shankar Ray: Sir, I beg to move that the Sri Ramkrishna Sarada Vidya Mahapitha (Amendment) Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

শ্রীঅনন্তকুমার ভারতী: মাননীয় স্পীকার মহাশয়, আমি কালকেও অ্যাসেমব্লীতে এসেছিলাম, কিন্তু অত্যন্ত ক্ষুব্ধ থাকার জন্য আমার পক্ষে কিছু বলা সম্ভব হয় নি। স্যার, কালকের ঘটনাটা আমি আপনার মাধ্যমে সভায় রাখছি। গতকাল একটু সকাল সকালই আমি বিধান-সভায় আসছিলাম, কারণ আমাদের অনারেবল মিনিস্টার ডাঃ জয়নাল আবেদিনের ঘরে একটা মিটিং ছিল। আসবার সময় সুবোধ মল্লিক স্কোয়ারে এয়ার ক্যারিং কর্পোরেশনের অফিসের কাছে আমার গাড়িটি একটু থামাই। গাড়িটি থামা মাত্র একটি ইয়ং ম্যান এসে আমার সিকিউরিটি গার্ড ও ড্রাইভার যারা সামনে বসে ছিল তাদের যথেচ্ছভাবে গালাগালি দিতে আরম্ভ করলো। আমার ড্রাইভার তাকে বললে যে, আপনার তো গায়েও লাগে নি, চাপাও দিই নি, তা হ'লে শুধু শুধু গালাগালি করছেন কেন? আমিও ছেলেটিকে বললাম, কেন গালাগালি করছেন? তার একটু বাদে আমার সিকিউরিটি গার্ড গাড়ির দরজা খুলে নামবার সংগে সংগে তাকে কিল, ঘুষি মারতে লাগলো ও তার রিভলভারটি টেনে নেবার চেষ্টা করলো। কিন্তু রিভলভারটি দড়ির সংগে বাঁধা থাকার জন্য সেটা নেওয়া সম্ভব হয় নি। এই সময় একটি চেনা মুখ দেখলাম, সেই ভদ্রলোকের নাম অবশ্য জানি না, তিনি বললেন, আরে অনন্তদা, তোরা কি করছিস। এতক্ষণ আমি গাড়ি থেকে নামি নি, এর পরে আমি গাড়ি থেকে নামলাম ও বললাম, আমরা তো কোন অন্যায় করি নি, কাউকে চাপাও দিই নি, তা হ'লে এরকম করছেন কেন? একজন লোককে নামিয়ে দেবার জন্য এখানে গাড়িটা থামিয়েছি। এই ব'লে আমি আমার সিকিউরিটি গার্ডকে গাড়ির ভেতরে ঠেলে ঢুকিয়ে দিয়ে গাড়িটা স্টার্ট দেবার চেষ্টা করি। কিন্তু সেই ছেলেটি গাড়িটি স্টার্ট করতে দিল না এবং টান মেরে দরজাটা আবার খুলে ফেলে রিভলভারটি টেনে, নেবার চেষ্টা করলো। এর ফলে ড্রাইভারের বাঁ দিকের দরজাটি ড্যামেজ হয়ে যায়। আমি তখন আবার নেমে তার হাত ধরে বললাম, এটা কি করছেন। তখন ঐ দরজা খোলা অবস্থা, প্রচুর লোক জমে গিয়েছে কিন্তু কোন লোকই কোন কথা বলছে না, কিছু করছে না। ঐ ছেলেটি আমার সিকিউরিটি গার্ডকে মারধোর করছে। এই সময় কয়েকজন ভদ্রলোক গাড়ির সামনেটা ফাঁকা ক'রে দিতে আমি ছুটে বেরিয়ে আসি। তারপর যে খবর আমি শুনেছি এবং যে পরিচিত ভদ্রলোক আমার হয়ে কথা বলেছিলেন, সেখানে নাকি আমর্স নিয়ে, সোডার বোতল নিয়ে, বোমা নিয়ে তাকে ওখানে আক্রমণ করা হয়েছে, মারামারি হয়েছে এবং তার বাড়ি পর্যন্ত কালকে আক্রমণ করা হয়েছে। কাজেই মুখ্যমন্ত্রী মহাশয় এখানে রয়েছেন আপনার মাধ্যমে তার দৃষ্টি আকর্ষণ করছি এবং আশা করি তিনি এই ব্যাপার দেখবেন। ওই ছেলেটি ওখানকার লোকালিটির ছেলে। যদি আমার তরফ থেকে, আমার ড্রাইভারের তরফ থেকে বা আমার সিকিউরিটির তরফ থেকে ১ পারসেন্টও অন্যায় হয়ে থাকতো, তা হ'লে আমার কোন বক্তব্য ছিল না। এইভাবে কালকে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে, হয়ত আমার জীবন নষ্ট হ'তে পারতো, কিন্তু বহু ভদ্রলোকের ফলে এটা হয় নি। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি এই বিষয়ের প্রতি আকর্ষণ করছি।

ডা শান্তিকুমার দাশগুপ্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয় চীফ মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩ দিন আগে বেলঘরিয়ায় যে রামকৃষ্ণ মিশন শিল্পপীঠ, সেই শিল্পপীঠ এটা একটা গভর্নমেন্ট স্পনসর্ড পলিটেকনিক কলেজ। এই কলেজের দোতলায় বহু অধ্যাপক, শিক্ষক মহাশয়দের ঘর আছে। সেখানে অধ্যাপক দেবব্রত রায় ছিলেন। তিনি সেই শিক্ষক সংগঠনের একজন নেতা। হঠাৎ ৪ জন দুষ্কৃতকারী উপরে গিয়ে ক্রিকেট উইকেট স্টিক নিয়ে তার মাথায় আঘাত করে এবং মাথা ফেটে যায়। তিনি সাহায্যের চিৎকার করেন, কিন্তু আশ্চর্য হচ্ছে এই যে, ওখানকার যিনি গভর্নিং বডির প্রেসিডেন্ট অমলানন্দ মহারাজ তিনি বোধ হয় সাহস পান না এবং অধ্যক্ষ রক্ষিত তিনিও সাহস পান না। শেষে কেউ ফোন করে নি দেখে আহত অবস্থায়, রক্তাক্ত অবস্থায় তিনি নিজে থানায় ফোন করেন। তিনি নিজে স্টুডেন্টস্ হেল্থ সেন্টারের সঙ্গে যুক্ত, সেখান থেকে ফোন করেন এবং সেখানে লোক গিয়ে তাকে নিয়ে যায়। তার ৪টি স্টিচ করা হয়েছে এবং তিনি বাড়িতে অসুস্থ অবস্থায় আছেন। শিক্ষামন্ত্রী মহাশয়কে একথা বলতে চাই যে, কলেজের মধ্যে দোতলায় উঠে অধ্যাপকদের মাথায় ক্রিকিট দিয়ে মারা এটাতে মনে হয় কলেজ সংক্রান্ত ব্যাপারে যোগাযোগ আছে তা না হ'লে স্টিক কোথা থেকে পাবে। এইভাবে মারা যদি হয় এটায় নিরাপত্তার অভাব দেখা যাচ্ছে। আজকে যখন তিনি নিরাপত্তা রক্ষা করার জন্য আইন পাশ করাচ্ছেন এবং আরো নানা রকম নিরাপত্তার ব্যাপারে আছে সেগুলি যদি রক্ষা করা না হয়, তা হ'লে শিক্ষাজগতে অরাজকতা হবে ব'লে মনে হয়। কাজেই এই বিষয়ে খুব দ্রুত হস্তক্ষেপ করবার জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

শ্রীমতী ইলা মিত্রঃ মাননীয় স্পীকার মহাশয়, যে বিষয়টি অধ্যাপক শান্তি দাশগুপ্ত মহাশয় বললেন, তারা আমার কাছে এসেছিলেন। উনি যখন বললেন, তখন আপনার অনুমতি নিয়ে দু-একটি কথা আমি বলতে চাই। অধ্যাপক দেবব্রত রায় মেকানিক্যাল ইঞ্জিনীয়ারের অধ্যাপক এবং তিনি শিক্ষক সংগঠনের নেতা। যে কারণে, ঐ ম্যানেজমেন্ট, রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠ-এর ঐ রকম ব্যাপার, যার সেক্রেটারী এবং প্রেসিডেন্ট তিনি নিজে। ঐ অধ্যাপক তার দুর্নীতির কিছু কিছু বলেছিলেন ব'লে বাইরে থেকে গুন্ডা নিয়ে এবং ছাত্রদের উস্কিয়ে দিয়ে যে ভাবে কলেজের মধ্যে অধ্যাপককে মারা হয়েছে, একজন শিক্ষক হিসাবে যদি একথা না বলি, তা হ'লে এটা খুব লজ্জার কথা। অধ্যাপক শান্তি দাশগুপ্ত বিস্তারিতভাবে বলেছেন। কাজেই আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি সেই অমলানন্দ মহারাজ এবং সেই ম্যানেজমেন্টের হাত থেকে শিক্ষকদের এই নিপীড়ন আপনি এটা বন্ধ করুন।

শ্রীপ্রদীপকুমার পালিতঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় ঐ ঘটনা ঘটার পরে আমি ঐ এলাকার সদস্য হিসাবে আপনাকে জানাচ্ছি যে, বাইরের কিছু গুন্ডা যারা কোনদিন স্কুল কলেজে পড়ে নি সেই রকম ছেলেরা গিয়ে এটা করেছে। তাদের মধ্যে একজনকে গতকাল মিসায় গ্রেপ্তার করা হয়েছে এবং বাকী কয়জনকে গ্রেপ্তার করার ব্যবস্থা করা হয়েছে। উক্ত প্রফেসর নাম দিতে পারেন নি। আমরা নিজেরা ইনকোয়ারী ক'রে থানা থেকে পুলিস নিয়ে ব্যবস্থা করেছি এবং আগামী দিনের মধ্যে বাকী ২/৩ যারা গিয়েছিলেন তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা করা হবে ব'লে আশা করছি।

ডঃ শান্তিকুমার দাশগুপ্তঃ উক্ত প্রফেসর নাম দিয়েছেন।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের নির্দেশ অনুযায়ী কোন দলাদলি আমরা দেখছি না। যারা গুন্ডামী করবে, যারা এই রকম সমাজবিরোধী কাজ করবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ আমাদের করতে হবে। এ ছাড়া আর কোন উপায় নেই।

[11-30—11-34 a.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল একটা জিনিস আমি তুলতে চেয়েছিলাম, কিন্তু আপনি পার্মিশন দেন নি, আজকে পার্মিশন দিয়েছেন তার জন্য আমি কৃতজ্ঞতা জানাচ্ছি। আমরা দু'-তিন দিন আগে শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় মহাশয় সমেত বেড়াতে গিয়েছিলাম কোলিয়ারি কমিটির মেম্বার হয়ে সেই সমস্ত জায়গা দেখতে। ওখানকার সেন র‍্যালে কোম্পানির ওয়ার্কারদের অনুরোধে সেখানে একটা মিটিং করতে গিয়েছিলাম। সেই মিটিং-এ আমি ছিলাম, আমাদের মাননীয় বন্ধু সদস্য সুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় ছিলেন, শ্রীকাশীনাথ মিশ্র মহাশয় ছিলেন, শ্রীনরেশচন্দ্র চাকী মহাশয় ছিলেন, আমরা সকলে গিয়েছিলাম। সেই সেন র‍্যালে কোম্পানীর বর্তমান যা অবস্থা সেটা বিবৃত করতে চাচ্ছি। সেন র‍্যালের ম্যানেজমেন্ট তার নিজের হাতে আছে, কিন্তু কিছুদিন থেকে সেন র‍্যালে কোম্পানী বন্ধ ছিল। তারপর ইন্ডিয়া গভর্নমেন্ট এক কোটি পাঁচ লক্ষ টাকার মত দিয়ে সেই কারখানাটা খুলেছে। এর ফলে সেখানকার শ্রমিকদের মনে একটা আশার আলো জেগেছে। উৎপাদন ভাল হচ্ছে, ডেলি প্রায় ১,৫০০ ক'রে সাইক্‌ল উৎপাদন হচ্ছে। কিন্তু দুঃখের বিষয় যে, ম্যানেজমেন্ম হাজার থেকে বারো শ'র বেশী ডেলিভারী নিচ্ছে না। ৩৩ হাজার ৩০০ সাইক্‌ল ওপ্‌ন ইয়ার্ডে প'ড়ে রয়েছে। যদি কালকে কোন কারণে বৃষ্টি হয়, তা হ'লে ওয়ার্কারদের মতামত অনুসারে এক কোটি টাকার মত সম্পত্তি নষ্ট হবে। কেন ম্যানেজমেন্ট এখন এই রকম করছে, র মেটিরিয়্যাল সাপ্লাই দিচ্ছে না, তারপর মেশিনগুলো রিপেয়ারের কোন ব্যবস্থা করছে না—এর ফলে দুরকম অ্যাপ্রিহেন্‌শন ওয়ার্কারদের মনে জেগেছে। কোম্পানীর তার ডেডলক পোজিশন ক্রিয়েট করতে চাচ্ছে এবং কোম্পানীর ইতিহাস কারোর অজানা নয়, একদা কোন এক সময়ে মালিক শ্রমিক সকলেই সি পি এম-এর একরকম আড্ডাখানা ছিল, এমন কি রাইফেল, রিভলবার সহ সমস্ত লোককে সেখানে রাখা হত এবং সেই সমস্ত জিনিস সাপ্লাই দিয়ে গোটা বর্ধমানকে একদিন আগুনে জালিয়ে তোলা হয়েছিল। এই মালিক আজও সেই মনোভাব রাখে। হয়তো মনে করছে এই অচল অবস্থা সৃষ্টি ক'রে ইন্ডিয়া গভর্নমেন্টের কাছ থেকে আবার বেশী টাকা নেবেন, কিংবা ডেডলক পজিশন সৃষ্টি ক'রে অন্যত্র কারখানাটা সরিয়ে নিয়ে গিয়ে শ্রমিকদের বিপদে ফেলবেন। এই উভয়বিধ কারণ আমাদের মনঃপুত নয়। তাই মুখ্যমন্ত্রী এখানে আছেন ভালই হয়েছে, আমি তাঁর কাছে অনুরোধ করবো, এই ম্যানেজমেন্টের সম্বন্ধে একটু ভাল ক'রে চিন্তা করে ওয়ার্কারদের সম্বন্ধে এবং দেশের উৎপাদনের কথা চিন্তা করে তিনি একটা সুষ্ঠু এবং বলিষ্ঠ পদক্ষেপ নেবেন এই বিষয়ে আমাদের কোন সন্দেহ নেই। এর সংগে সংগে আর একটা কথা রাখতে চাই, সেখানে ওয়ার্কারদের একটা কো-অপারেটিভ সোসাইটি আছে এবং তার একটা বিল্ডিংও আছে, প্রায় দু' লক্ষ টাকা খরচা ক'রে ওটা করা হয়েছিল। কিন্তু সেই দু' লক্ষ টাকার কাগজপত্রের যে হিসাব আগেকার কো-অপারেটিভের যারা মালিক ছিল, তারা ঘরের মধ্যে বন্ধ ক'রে রেখেছে, সেই কো-অপারেটিভের যারা কর্মকর্তা, ডিরেক্টার্‌স আছেন, তারা সেই সময়-কার সি পি এম-এর লোক, সেই তালা তারা খুলছে না। বহু টাকা তছরূপের ব্যাপার আছে, তারা তালা খুলতে দিচ্ছে না। অতএব আমি সরকারের কাছে অনুরোধ করবো, অবিলম্বে সেই কো-অপারেটিভের বোর্ড অব ডিরেক্‌টার্স বদল ক'রে নূতন বোর্ড অব ডিরেকটার্স দিয়ে তালা খুলে দেওয়া হোক এবং তছরূপের যে সমস্ত কাগজপত্র আছে এবং ওর মধ্যে আরও অনেক অস্ত্রশস্ত্র আছে ব'লে অনেকে সন্দেহ করছে, সেই সমস্ত উদ্ধার ক'রে প্রতিকারের ব্যবস্থা করা হোক, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর এটা দৃষ্টি আকর্ষণ করছি।

Adjournment

The House was then adjourned at 11-34 a.m. till 1 p.m. on Tuesday, the 17th April, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 17th April, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 10 Ministers, 5 Ministers of State, 2 Deputy Ministers and 140 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take oath.)

Obituary

Mr. Speaker: Honourable Members, I have once again to mention before you most regretfully about the passing away of Dr. J. N. Basu who was a Member of the West Bengal Legislative Assembly from 1952 to 1957 having been returned from Raipur Constituency in Bankura District. Dr. Basu was a man with a scholastic mind and he obtained his doctorate degree in Engineering from the Berlin University. He was associated with the Jadavpur College of Engineering and Technology as a Professor of Mechanical Engineering. He was the President of the Engineering and Metallurgy Section of the Indian Science Congress in 1951 and 1952. He was about 76 years of age at the time of his death.

May his soul rest in peace.

I would now request the Honourable Members to rise in their seats and observe silence for 2 minutes as a mark of respect to the departed soul.

(Pause.)

Thank you, ladies and gentlemen, Secretary will do the needful.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

১৯৭০ সালের উচ্চতর মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস বিষয়ে তদন্ত কমিশন

*৮৮২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২৮।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, যুক্তফ্রন্ট সরকারের আমলে ১৯৭০ সালের উচ্চতর মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস বিষয়ে তদন্ত করিবার জন্য তদন্ত-কমিশন নিয়োগ করা হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে, উক্ত তদন্ত কমিশন কি সরকারকে রিপোর্ট দিয়াছেন, এবং দিয়া থাকিলে, তাহার ফলাফল কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: (ক) ১৯৭০ সালের উচ্চতর মাধ্যমিক পরীক্ষার বাংলার প্রশ্নপত্র ফাঁস হইবার অভিযোগ তদন্তের ভার পশ্চিমবঙ্গ সরকারের ভিজিলেন্স কমিশনের উপর অর্পণ করা হয়।

(খ) ভিজিলেন্স কমিশন প্রাথমিক তদন্ত সমাধা করিয়া পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষতের কয়েকজন কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা অবলম্বনের সুপারিশ করিয়াছেন। জানা গিয়াছে, ঐ সুপারিশ অনুযায়ী পর্ষদ পাঁচজন কর্মচারীর বিরুদ্ধে চার্জশীট দিয়াছেন এবং প্রথানুযায়ী ভিজিলেন্স কমিশনের সহায়তায় যথাযুক্ত কার্যব্যবস্থা লওয়া হইতেছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: ১৯৭০ সালে যখন প্রশ্নপত্র ফাঁস হ'ল সেই প্রশ্নপত্র কোন প্রেস থেকে ছাপান হয়েছিল। সেই প্রেসের অস্তিত্ব সারা পশ্চিমবাংলা বা ভারতবর্ষে কি খুঁজে পাওয়া গেছে এবং এ বিষয়ে তদন্ত কমিশন কি রিপোর্ট দাখিল করেছেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: এসব তথ্য আমার কাছে নেই।

শ্রীআবদুল বারি বিশ্বাস: আমার এটা খুব রেলেভেন্ট প্রশ্ন। আমার প্রশ্ন হচ্ছে—১৯৭০ সালেব উচ্চতর মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস বিষয়ে তদন্ত করিবার জন্য তদন্ত কমিশন নিয়োগ করা হয়েছিল—এর উত্তরে বলেছেন, হ্যাঁ, এই রকম তদন্ত কমিশন নিয়োগ করা হয়েছিল। আমার প্রশ্ন হচ্ছে, কোন প্রেস থেকে এই প্রশ্নপত্র ছাপান হয়েছিল জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: এটা জেনে বলতে হবে। বোর্ড অব সেকেন্ডারী এডুকেসন হচ্ছে একটা অটোনমাস বডি—তাঁরাই হোল ম্যাটারটা দেখছেন।

শ্রীআবদুল বারি বিশ্বাস: প্রশ্নপত্র কোন প্রেস থেকে ছাপান হয়েছিল সে রকম কি কোন নোট রিপোর্ট-এ আছে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: রিপোর্ট-এর কপি আমার কাছে নেই।

শ্রীআবদুল বারি বিশ্বাস: এটা কি সত্য যে, প্রশ্নপত্র ছাপানোর জন্য কয়েক লক্ষ টাকা খরচ করা হয়েছিল?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: আমার কাছে ফিগার নেই।

শ্রীআবদুল বারি বিশ্বাস: শ্রীসত্যপ্রিয় রায় এবং শ্রীমতী অনিলা দেবী একসঙ্গে যুক্তি ক'রে তাঁরা সেসময় সি পি এম-এর পার্টি ফান্ড-এ এইভাবে টাকা দেবার জন্য এমন প্রেস থেকে ছাপিয়েছিলেন যে, তার অস্তিত্ব আর খুঁজে পাওয়া যাচ্ছে না—এটা কি সত্য?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: তা বলতে পারব না।

শ্রীনরেশচন্দ্র চাকী: আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে বলতে পারি এমন প্রেস থেকে ছাপান হয়েছিল, যার অস্তিত্ব নেই। অথচ আপনি বলছেন, এটা অটোনমাস বোর্ড, তা হ'লে এটা কি শিক্ষা দপ্তরের আওতার বাহিরে? যাহোক এই রিপোর্ট পাবার পর এই বোর্ড-এর দুর্নীতি দমন করার সম্বন্ধে আপনি কি ব্যবস্থা নিয়েছেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: বোর্ড অটোনমাস বডি—তাঁরা এবিষয়ে এখন অনুসন্ধান করছেন।

শ্রীনরেশচন্দ্র চাকী: বোর্ড-এ দুর্নীতি সম্বন্ধে বহু দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও আজ পর্যন্ত তার কোন সন্তোষজনক মীমাংসা হয় নি। কিন্তু আপনি কি এই রিপোর্ট এখানে প্লেস করবেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: কনফিডেন্সিয়াল রিপোর্ট হ'লে এখানে প্লেস করা মুস্কিল হবে।

শ্রীশরৎচন্দ্র দাস: বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন-এ কয়েকজনের বিরুদ্ধে রিপোর্ট দিয়েছেন তদন্ত কমিটি। কিন্তু রিপোর্ট-এ এটা উল্লেখ আছে কিনা যে, তাঁদেরকে এই কাজে প্রভাবিত করা হয়েছিল?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: আমার কাছে রিপোর্ট নেই।

শ্রীবিজয় সিং নাহার: প্রশ্ন ছিল কমিশনের রিপোর্ট এবং তার ফলাফল কি? এর উত্তরে তিনি বললেন, রিপোর্ট আমার কাছে নেই এবং তিনি ভালভাবে রিপোর্ট দেখেন নি। আমি নিবেদন করব, এই প্রশ্নটা এখন হেল্ড ওভার থাক- কারণ তিনি রিপোর্ট ভালভাবে দেখে আসুন কনফিডেন্সিয়াল কিনা হাউসকে জানান এবং তারপর সব আলোচনা হবে।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: আমি উত্তর পরিষ্কার দিয়েছি- এর বাহিরে জানতে চাইলে আমি পরে বলব।

[1-10—1-20 p.m.]

শ্রীবিজয় সিং নাহার: প্রশ্ন যেভাবে আছে তাতে রিপোর্ট এখানে থাকার কথা এবং রিপোর্টে প্রেসের নাম আছে কিনা তার উত্তর দেন নি এবং আপনি বলছেন, এখানে রিপোর্ট নেই। আপনি উত্তর দিতে পারছেন না ব'লে ভেগ উত্তর দিচ্ছেন।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: ও প্রশ্ন তো ছিল না।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় স্পীকার মহাশয়, প্রশ্নটা অত্যন্ত পরিষ্কার প্রশ্ন—ইহা কি সত্য যে, যুক্তফ্রন্ট সরকারের আমলে ১৯৭০ সালের উচ্চতর মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস বিষয়ে তদন্ত করিবার জন্য তদন্ত কমিশন নিয়োগ করা হইয়াছিল, উনি বলেছেন, হ্যাঁ। প্রশ্নপত্র ফাঁস করার বিষয়ে তদন্ত করার জন্য যদি তদন্ত কমিশন নিয়োগ করা হয়ে থাকে এবং তার জন্য অফিসারের বিরুদ্ধে যদি চার্জসিট হয়ে থাকে, তা হ'লে সেই প্রশ্নপত্র কোন প্রেস থেকে ছাপান হয়েছে এটুকু যদি রিপোর্টের মধ্যে না পাওয়া যায়, তা হ'লে সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন করার, স্টার্ড কোয়েশ্চেন অ্যাকসেপ্ট করার কারণ কি থাকল? তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে আমার বক্তব্য, আমি যে প্রশ্ন করেছি তিনি হয় আমাদের উত্তর দিন, তা না হ'লে আপনাকে অনুরোধ করব, আমি এখনই হাফ-অ্যান-আওয়ার ডিস্কাসানের নোটিস দিচ্ছি, আপনি আমাদের আলোচনার জন্য সময় দেবেন। উই ওয়ান্ট টু ডিস্কাস।

Mr. Speaker: If I receive a notice for half-an-hour discussion that will be considered in due course. I cannot give my observation just when any Member stands up and brings his point for half-an-hour discussion. If necessary, I will consider as to whether that will be admitted or not. At this stage it is not possible to make any comment.

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন স্টার্ড কোশ্চেন অ্যাকসেপ্ট করেন, তখন আমরা আশা করব, শুধু প্রশ্নের একমাত্র উত্তর নয়, সেই প্রশ্নের প্রাসঙ্গিক রিলেভেন্ট যেসব প্রশ্ন আসবে তারও উত্তর দেবার জন্য মন্ত্রিমহাশয় প্রস্তুত থাকবেন।

Mr. Speaker: If the Hon'ble Minister says that he has got no information, that is also a reply. This is the rule.

প্রাথমিক বিদ্যালয়

*৮৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৯।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত;

(খ) ঐ সংখ্যা মুর্শিদাবাদ জেলায় কত, ও ভগবানগোলা সার্কেলে কত; এবং

(গ) যেসমস্ত গ্রামে এখনও কোন প্রাথমিক বিদ্যালয় নাই সেইসমস্ত গ্রামে কবে নাগাত প্রাথমিক বিদ্যালয় দেওয়া সম্ভব হইবে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: (ক) ২৮এ ফেব্রুয়ারি ১৯৭৩ পর্যন্ত অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৩৮,৫৪৯টি।

(খ) মুর্শিদাবাদ জেলায় ২,২৪৯টি এবং ভগবানগোলা সার্কেলে ১৪৫টি।

(গ) অগ্রাধিকার ভিত্তিতে বিদ্যালয় বিহীন গ্রামে বিদ্যালয় স্থাপন এবং মঞ্জুরী সম্পর্কে নির্দেশসহ বিভিন্ন জেলায় বিদ্যালয় কোটা দেওয়া হইয়াছে। বিদ্যালয়বিহীন গ্রাম বলিতে বুঝায় সেই গ্রাম যেখানে অথবা যাহার এক মাইলের মধ্যে কোন মঞ্জুরী-প্রাপ্ত বিদ্যালয় নাই। এরূপ বিদ্যালয়বিহীন গ্রাম সম্পর্কে নূতনভাবে পরিসংখ্যান সংগ্রহ হইলে এ বিষয়ে অধিকতর ব্যবস্থা লইবার চেষ্টা হইবে।

শ্রীমহম্মদ দেদার বক্স: অগ্রাধিকারের ভিত্তিতে যেসব গ্রামে স্কুল নেই বা এক মাইলের মধ্যে স্কুল নেই সেইসব গ্রামে অন্ততঃ ১৯৭৩ সালের মধ্যে স্কুল দেওয়া সম্ভব হবে কিনা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: আমরা চেষ্টা করব বিদ্যালয়বিহীন গ্রামগুলিতে ১৯৭৩ সালের মধ্যে যাতে একটি ক'রে স্কুল হয়।

শ্রীনরেশচন্দ্র চাকী: মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই বিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয় এটা কিসের ভিত্তিতে এবং কাদের রিকমেন্ডেসনের উপরে দেওয়া হয়?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: প্রতিটি জেলায় পরামর্শদাতা কমিটি আছে তাঁদের সুপারিশ অনুযায়ী দেওয়া হয়।

শ্রীনরেশচন্দ্র চাকী: অনেক জেলায় অ্যাডভাইসরি কমিটি রিকমেন্ডেসন ক'রে পাঠিয়েছে অথচ তাদের অনুমোদন করা হয় নি বা গ্রাহ্য করা হয় নি এই খবর আপনি জানেন কি?

মিঃ স্পীকার: দ্যাট কোশ্চেন ডাস্ নট অ্যারাইজ।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় রোটান্ডাতে একটা সভা করেছিলেন এবং সেখানে ঠিক হয়েছিল যেসব গ্রামে বিদ্যালয় নেই এরকম কত গ্রাম আছে সেটা এম এল এ-দের উপর ভার দিয়ে স্ট্যাটিসটিক্স সংগ্রহ করবেন। আমার প্রশ্ন হচ্ছে এই বিষয়ে অগ্রসর হয়েছেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: একথা এই কক্ষেও ঘোষণা করেছিলাম এবং এখনও বলছি, এম এল এ-দের কাছে চিঠি যাচ্ছে।

শ্রীরজনীকান্ত দলুই: পরিসংখ্যান নেওয়া হবে এবং তাড়াতাড়ি ব্যবস্থা করা হবে বলছেন। আমি জানতে চাই, নূতনভাবে পরিসংখ্যান কবে নাগাত নেওয়া হবে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: এম এল এ-দের কাছে চিঠি দেওয়া হয়েছে এবং তাঁদের কাছে জানতে চাওয়া হয়েছে গ্রামে বিদ্যালয় আছে কিনা।

কোটশীলা-পুরুলিয়া ব্রডগেজ রেললাইন

*৪৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১১।) **শ্রীশরৎ দাস:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কোটশীলা হইতে পুরুলিয়া পর্যন্ত ব্রডগেজ রেললাইন বসানোর জন্য রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারের সহিত কোন যোগাযোগ করিয়াছেন কি; এবং

(খ) করিয়া থাকিলে, এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের মতামত কি?

Shri Gyan Singh Sohanpal: (a) Yes.

(b) The matter is under examination of the Central Government.

শ্রীশরৎচন্দ্র দাস: আমার প্রশ্ন হ'ল এই সম্বন্ধে রাজ্যসরকার তৎপর আছেন কিনা এবং তাঁরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই লাইনটা ব্রডগেজে রূপায়িত করবার জন্য কোন রকম যোগাযোগ করেছেন কিনা এবং করলে কিভাবে করেছেন?

শ্রীজ্ঞানসিং সোহনপাল: যোগাযোগ ক'রেই এই উত্তর দিয়েছি।

শ্রীশরৎচন্দ্র দাস: কি পর্যায়ে রয়েছে জানাবেন কি?

Shri Gyan Singh Sohanpal: The matter is under examination of the Central Government.

শ্রীশরৎচন্দ্র দাস: এটা প্রায় ১২ বছর থেকে রয়েছে কাজেই জানতে চাচ্ছি কবে এটা রূপায়িত হবে, কবে একজামিন হবে?

শ্রীজ্ঞানসিং সোহনপাল: এটা হচ্ছে লেটেস্ট পজিসন।

***শ্রীশরৎচন্দ্র দাস:** মাননীয় স্পীকার মহাশয়, এক্ষেত্রে সেন্ট্রাল গভর্নমেন্টের কোন খরচ নেই। কেন্দ্রীয় সরকারের রেল লাইন রয়েছে, ব্রিজ রয়েছে, স্টেসন রয়েছে—কেবল ছোট লাইনের জায়গায় বড় লাইন বসিয়ে দিলেই হ'ল। কিন্তু সরকারের তৎপরতার অভাবে এরকম জিনিস হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে আপনারা কেন্দ্রীয় সরকারকে বুঝিয়ে বলবেন কিনা যে, মামুলি খরচ করলেই বড় লাইন বসান যাবে?

(নো রিপ্লাই।)

রানীগঞ্জে মহিলা কলেজ

*৮৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১৬।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার রানীগঞ্জ শহরে একটি মহিলা কলেজ স্থাপনের জন্য সরকারের পরিকল্পনা আছে; এবং

(খ) থাকিলে, উক্ত মহিলা কলেজ স্থাপনের কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায়?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: (ক) না। তবে রানীগঞ্জ শহরে গভর্নমেন্ট স্পনসর্ড স্কীমে একটি মহিলা কলেজ স্থাপনের প্রস্তাব সরকার কিছুদিন পূর্বে পাইয়াছেন। প্রস্তাবটি সরকারের বিবেচনাধীন আছে। সরকার এবিষয়ে এখনও কোন সিদ্ধান্তে উপনীত হন নাই।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মন্ত্রিমহাশয় জানেন কি, ওই প্রস্তাবিত মহিলা কলেজ স্থাপনের জন্য ২ লক্ষ টাকা নগদ এবং আড়াই লক্ষ টাকার জমি দেবার প্রস্তাব ইতিমধ্যেই মন্ত্রিমহাশয়ের কাছে এসেছে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: একটা অ্যাড-হক কমিটি গঠন করা হয়েছে বিবেচনা করবার জন্য।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: তারা যখন নগদ এবং জমি নিয়ে সাড়ে চার লক্ষ টাকা দিতে চাইছে তখন কেন রানীগঞ্জ শহরে মহিলা কলেজ স্থাপনের অনুমোদন দেওয়া হবে না?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: হবে না বলি নি, বিবেচনাধীন আছে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মন্ত্রিমহাশয় বিবেচনা করছেন সাড়ে চার লক্ষ টাকা দেবার পর। আমি জানতে চাই কবে নাগাত এই বিবেচনা বাস্তবে রূপায়িত হবে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: যত শীঘ্র সম্ভব।

[1-20—1-30 p.m.]

শ্রীহরশংকর ভট্টাচার্য: আজকে ১৭ই এপ্রিল, জুলাই মাসে সেসন আরম্ভ হবে। যদি সরকারী সিদ্ধান্ত তাড়াতাড়ি জানান হয়, তারপর, বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত অনুমোদন ইত্যাদি নিয়ে তারপরে অধ্যাপক নিয়োগ—সুতরাং সরকারী সিদ্ধান্ত নিয়ে একটু দেরি হচ্ছে ব'লে কি মাননীয় মন্ত্রিমহাশয় মনে করছেন না?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: ঠিক টাকা পেলেই কলেজ খোলা সব সময় সম্ভব হয় না, কারণ সেই টাকা দিয়ে তো আর কলেজ চলবে না। পরে মোটামোটা টাকা সরকারকে দিতে হয়। কাজেই কলেজ খোলবার আগে একটা বিস্তারিতভাবে অনুসন্ধানের প্রয়োজন হয়।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: সাড়ে চার লক্ষ টাকা দেবার পর কলেজ কমিটি বলছেন যে, তারা কলেজ চালাতে পারবেন। তা হ'লে সরকারের পক্ষ থেকে কলেজ স্থাপনের অনুমতি দেয়া হবে কিনা?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: স্পনসোর্ড কলেজের একটা স্কেলের নিয়ম আছে, সেই অনুযায়ী প্রতি স্পনসোর্ড কলেজকে খুব কম পক্ষেও যদি দিতে হয়, তা হ'লে প্রতি বছর ১ লক্ষ টাকা ক'রে দিতে হয়।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি মনে করেন না যে, রানীগঞ্জে মহিলা কলেজ স্থাপনের যৌক্তিকতা আছে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: এটা অনুসন্ধান ক'রে দেখা হচ্ছে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: রানীগঞ্জে একটি মাত্র কলেজ যেখানে ছাত্রছাত্রীর সংখ্যা ৪ হাজার, তার মধ্যে ছাত্রীর সংখ্যা ১ হাজার। এই ১ হাজার ছাত্রী তারা সহ শিক্ষামূলক কলেজে পড়াশুনা করেন, তা হ'লে একটা মহিলা কলেজ স্থাপনের অনুমতি দিতে বিলম্ব হচ্ছে কেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: ঠিক এটা যুক্তি হ'ল না।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: তা হ'লে যুক্তি বলতে কি বোঝেন।

Mr. Speaker: The question does not arise.

উদ্বাস্তু কলোনীর বাসিন্দাদের বাস্তুজমির মালিকানা

*৮৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫৭।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** উদ্বাস্তুত্রাণ এবং পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী উদ্বাস্তু কলোনীর বাসিন্দাদের বাস্তুজমির মালিকানা দেবার যে পরিকল্পনা সরকার করিয়াছিলেন তাহা বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) বিভিন্ন সরকারী উপনগরীতে এখন কত পরিবার এইরূপ মালিকানা পান নাই; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

শ্রীসন্তোষকুমার রায়: (ক) কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন।

(খ) প্রায় ১ লক্ষ ৫ হাজার।

(গ) কেন্দ্রীয় সরকারের মঞ্জুরী পাওয়া গেলে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। বাস্তু জমির স্বত্বদানের কাজ দ্রুতে সত্বর নিষ্পন্ন হয় সেই জন্য জেলার শাসকদের ইতিমধ্যে প্রয়োজনীয় প্রাথমিক ব্যবস্থা অবলম্বন করতে বলা হয়েছে।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে ১ লক্ষ ৫ হাজার পরিবার এরা ২৫ বছর ধ'রে নিজস্ব কলোনীতে বাড়িঘর ক'রে বসবাস করছেন অথচ তারা এখনও জমির মালিকানা পেল না, এই রকম উদাহরণ ভারতবর্ষের অন্য কোন প্রদেশে আছে কিনা?

শ্রীসন্তোষকুমার রায়ঃ ইট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ন।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জি: বিগত বিধানসভার যখন অধিবেশন বসেছিল তখন মন্ত্রিমহাশয় কথা দিয়েছিলেন যে, এই বছরে অর্থাৎ রজত জয়ন্তী বছরের ভেতরে তিনি এই সমস্যার সমাধান করবেন—সেই সম্বন্ধে কি কিছু এগিয়েছে?

শ্রীসন্তোষকুমার রায়ঃ আমি আমার জবাবে বলেছি যে, বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার ১৯৬৪ সালে ঋণ মকুব প্রকল্প অনুযায়ী এই ব্যবস্থা গ্রহণ করতে পারা যায় কিনা সেটা রাজ্যসরকারের অভিমত জানতে চেয়েছিলেন, কিন্তু এই বিষয়ে এই প্রস্তাবের কার্যকারিতার কথা উল্লেখ আমাদের অসম্মতি জ্ঞাপন করেছি। তা ছাড়া আর একটা বিষয়ে কেন্দ্রীয় সরকার আমাদের কাছে জানতে চেয়েছিলেন যে, একটা সার্ভে করতে যে উদ্বাস্তু পরিবারদের মধ্যে কতজন ঋণ পরিশোধ করবার উপযুক্ত। ভারত সরকার থেকে ২৫টি উদ্বাস্তু কলোনীর ৯৫০টি পরিবারকে নিয়ে নমুনা ঋণ পরিশোধ চালান হয়—তাতে দেখা যায় শতকরা ৯২ জন উদ্বাস্তু পরিবার এই ব্যাপারে অক্ষম। এই বিষয়গুলি আমরা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি এবং বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জিঃ আমি আমার প্রশ্নের উত্তর পেলাম না। মাননীয় মন্ত্রিমহাশয় আমাদের কথা দিয়েছিলেন বিধানসভায় যে, এই বৎসর অর্থাৎ এই স্বাধীনতার রজতজয়ন্তী বছরের ভিতরেই তাঁরা এই সম্বন্ধে যাবতীয় ঘোষণাপত্র করবেন। সে সম্বন্ধে কতটা এগিয়েছে? সরকার বিবেচনা করছেন, এখান থেকে রিপোর্ট পাঠাচ্ছেন শুনলাম, কিন্তু রাজ্যসরকার এ ব্যাপারে ত্বরান্বিত করবার জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন, এসম্বন্ধে কেন্দ্রীয় সরকার তাঁদের কোন গ্রীন সিগন্যাল দিয়েছেন কিনা?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর আগে সদস্যদের বলেছি জবাবে যে, এই বিষয়টি বর্তমান সরকারই প্রথমে কেন্দ্রীয় সরকারের কাছে উপস্থাপিত করেন এবং এই বিষয়টার প্রথম দিকে অসুবিধা থাকলেও শেষ পর্যন্ত কেন্দ্রীয় সরকার সুবিবেচনার আশ্বাস দিয়েছেন এবং আমরা আশা করছি যে, এই বৎসরের মধ্যে, রজতজয়ন্তী বৎসরের মধ্যেই এই সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের একটি সুচিন্তিত মঞ্জুরী পাওয়া যাবে।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সম্বন্ধে আর একটা কথা মাননীয় মন্ত্রিমহাশয়কে জানিয়ে রাখি যে, কেন্দ্রীয় সরকার পাঞ্জাবের উদ্বাস্তুদের সমস্যা সমাধানের জন্য ৩৬২ কোটি টাকা খরচ করেছেন। সেখানে পশ্চিমবাংলার জন্য মোট ৩৬ কোটি টাকা খরচ করেছেন। কাজেই এই ঘটনাটা মনে রেখে বাকি জায়গাগুলিতে যেখানে জমির মালিকানা স্বত্ব দেওয়ার কথা ছিল বিনামূল্যে দেবেন সে বিষয় স্থির সিদ্ধান্তে এসেছেন কি, নাকি আবার তাদের জমির জন্য মূল্য দিতে হবে?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যে বক্তব্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে রেখেছি তাতে বিনামূল্যে স্বত্বদানের বিষয়টা বিবেচনা করতে আমরা বলেছি।

শ্রীঅনন্তকুমার ভারতীঃ মাননীয় মন্ত্রিমহাশয় (ক)-এর উত্তর, (গ)-এর উত্তর এবং সাপ্লিমেন্টারি প্রশ্নের উত্তরে বললেন, কেন্দ্রীয় সরকার যদি করেন বা যদি হয়। তা হ'লে আজকে মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কি যে, কেন্দ্রীয় সরকারের অনুদান বা সাহায্য ছাড়া পূর্ব-বাংলার যে উদ্বাস্তু সমস্যা যা পশ্চিমবাংলার ঘাড়ে এসে পড়েছে সেই সমস্যার কোন সমাধান হওয়া সম্ভব নয় আমাদের কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ এই বিষয়টিতে ৩৭ কোটি টাকা ঋণ মকুব করতে হবে। সুতরাং আপনারা বুঝতেই পারছেন এই সরকারের যে সীমিত অর্থ ও সম্পদ আছে তাতে ৩৭ কোটি টাকা ঋণ মকুব ক'রে কেন্দ্রকে ঋণ দেওয়ার সামর্থ আমাদের নাই। বিষয়টি আমরা সেইজন্য সমস্তই কেন্দ্রের অনুমোদন নিয়ে করতে চাচ্ছি। আমরা যে কথা আগে বলেছি যে দীর্ঘ ২৫ বছর ধ'রে কোন সরকারই এই বিষয়টি কেন্দ্রীয় সরকারের গোচরে আনেন নি, আমরাই সেটা

এনেছি এবং আমরা এই অল্প দিনের মধ্যেই দেখছি কেন্দ্রীয় সরকার এই সম্বন্ধে অনুকূল মনোভাব গ্রহণ করবার জন্য বিভিন্ন তথ্য সংগ্রহ করছেন যাতে কেন্দ্রীয় সরকারের অর্থ মন্ত্রক সহজেই মঞ্জুর ক'রে দিতে পারেন।

শ্রীশিবপদ ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় কি আশা করেন এই বৎসরের মধ্যেই কেন্দ্রীয় সরকার এই সিদ্ধান্ত জানাবেন?

শ্রীসন্তোষকুমার রায়: আমি আমার জবাবে প্রথমেই বলেছি এই বৎসরের মধ্যেই এটা মঞ্জুর করতে হবে ব'লে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করেছি এবং আমি বিশ্বাস করি এই বৎসরের মধ্যেই মঞ্জুর হবে।

শ্রীশিবপদ ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় জানেন হয়ত যে, এই সব কলোনীগুলির মধ্যে কতকগুলি স্কুল যাতে সি এম ডি এ ৬০ হাজার টাকা ক'রে দিতে পারছে না কেবলমাত্র স্বত্ব হস্তান্তরিত না হওয়ার জন্য। আপনি কি এই ধরনের কোন চিঠি, সি এম ডি এ-কে এই স্কুলের জমির স্বত্বগুলি যাতে তারা পেতে পারে তার জন্য কোন চিঠি দিয়েছেন কি যে ৬০ হাজার টাকা ক'রে তারা এই স্কুলগুলি তৈরি ক'রে দিতে পারে যদি স্বত্বগুলি তাদের হাতে দিয়ে দেন?

শ্রীসন্তোষকুমার রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও এই প্রশ্নের সঙ্গে এই প্রশ্ন আসে না, তবুও মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, আমরা সি এম ডি এ-কে সমস্ত উদ্বাস্তু কলোনীগুলির ব্যাপক উন্নয়ন, তার মধ্যে স্কুল গৃহ নির্মাণ সমস্ত কিছুই নির্মাণ করবার জন্য অনুরোধ জানিয়েছি।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আমাদের একটু আশঙ্কা আছে, আমরা শুনেছি যে, দিল্লীর কোন কোন আমলাতান্ত্রিক মহল এই মাস্টার প্ল্যান সমেত জমিদানের পরিকল্পনাকে বানচাল করে দেবার চেষ্টা করছেন, এ ব্যাপারে মন্ত্রিমহাশয় কি ওয়াকিবহাল আছেন?

শ্রীসন্তোষকুমার রায়: আমাদের কাছে এরকম কোন সংবাদ নেই যে, কোন আমলা এটা বানচাল ক'রে দেওয়ার চেষ্টা করছেন।

[1-30—1-40 p.m.]

শ্রীসরোজ রায়: কতকগুলি উদ্বাস্তু কলোনী আছে যেখানে কৃষি জমি দেওয়া হয়েছিল, তাদের আজ পর্যন্ত মালিকানা দেন নি, কিন্তু তাদের কি কৃষি ঋণ বা সার ইত্যাদি পাবার কোন ব্যবস্থা ক'রে দিয়েছেন? কেন না যতদিন না তারা মালিকানা পাচ্ছে, কৃষির উন্নতির জন্য তারা কোন সুবিধা পাচ্ছে না।

শ্রীসন্তোষকুমার রায়: আপনারা জানেন, প্রাথমিক ব্যবস্থা বাস্তু জমির বিষয়ে গ্রহণ করেছি। ল্যান্ড পার্চেজ লোনের এগেনস্টে কৃষি জমি দেওয়া হয়েছিল, সে সম্বন্ধে আমাদের কাছে আসে নি। তবে আনইকনমিক হোল্ডিংস-এর কৃষকরা যাতে রুজিরোজগার বাড়াতে পারে, তার জন্য ডিসপ্লেসড পার্সনস্ রিহ্যাবিলিটেশন মাস্টার প্ল্যান তৈরি করেছি, তার মধ্যে এই পরিকল্পনা অন্তর্ভুক্ত করেছি।

শ্রীসরোজ রায়: ১০/১২ বছর আগে থেকে জমি এরা পেয়েছে, মালিকানা না দেবার ফলে কৃষির উন্নতির জন্য সার, কৃষি ঋণ ইত্যাদি পাচ্ছে না।

শ্রীসন্তোষকুমার রায়: আপনি কোন্ জমির কথা বলছেন?

শ্রীসরোজ রায়: চাষের জমি।

শ্রীসন্তোষকুমার রায়: দু'ধরনের জমি আছে, একটা হচ্ছে সরকারী খাস জমি, আর একটা হচ্ছে অন্যের ক্রীত জমি। আপনি কোন্ জমির কথা বলছেন?

শ্রীসরোজ রায়ঃ আমি সরকারী খাস জমির কথা বলছি।

শ্রীসন্তোষকুমার রায়ঃ সেটা নিশ্চয়ই দেখব।

শ্রীশিবপদ ভট্টাচার্যঃ ১৯৫০ সালের পরে যে কলোনীগুলি গ'ড়ে উঠেছে তাদের মালিকানা স্বত্ব দেবার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে লিখেছেন কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন আমরা যে জবরদখল কলোনীগুলি স্বীকার করেছি তারই স্বত্ব দানের জন্য চেষ্টা করছি, নূতন ক'রে এগুলির কথা কেন্দ্রীয় সরকারের কাছে লিখছি না।

শ্রীশিবপদ ভট্টাচার্যঃ এ সম্বন্ধে বিবেচনা করছেন কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ আগের জিনিসটা মঞ্জুর হোক।

শ্রীঅনন্তকুমার ভারতীঃ মাননীয় মন্ত্রিমহাশয় দয়া ক'রে বলবেন কি, ভারতবর্ষ বিভাগের পর পশ্চিম ভারতে উদ্বাস্তুর চাপ পড়েছিল, এই যে এক অংশের উদ্বাস্তু সমস্যার সমাধান হয়েছে আর এক অংশের হয় নি, এর জন্য কি স্টেট গভর্নমেন্টের কিছু করণীয় নাই?

Mr. Speaker: The question does not arise.

শ্রীসন্তোষকুমার রায়ঃ স্যার, আমি পাবলিক ইন্টারেস্টে এই প্রশ্নের উত্তর দিতে চাই। মাননীয় সদস্যরা জানেন ইতিপূর্বে কোন সরকার এই বৈষম্যমূলক আচরণের বিষয়ে কোন বক্তব্য রাখেন নি, কোন চেষ্টাও গ্রহণ করেন নি। প্রথম এই সরকারই কেন্দ্রীয় সরকারকে জানিয়েছে, প্ল্যানিং কমিশনকে জানিয়েছে এবং ফিনান্স কমিশন যেটা এসেছেন, তাকে জানিয়েছে এবং আশা করছি এ সম্বন্ধে নিশ্চয়ই কেন্দ্রীয় সরকার এবং অন্যান্য যে সমস্ত বিভাগ ও সংস্থার কাছে দাবি জানিয়েছি সেখান থেকে সুবিবেচনা পাব।

ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর ফর প্রাইমারী স্কুলস্

***৮৯৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬১৩।) **শ্রীকিঙ্কর মাহাতোঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের প্রতি জেলায় কেবলমাত্র প্রাইমারী স্কুলের জন্য 'ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর' নিযুক্ত করার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, পুরুলিয়াতে কোন আলাদা 'প্রাইমারী ডি আই' নিযুক্ত হয়েছেন কিনা এবং হ'লে কবে তিনি নিযুক্ত হয়েছেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জিঃ (ক) প্রতি জেলায় প্রাথমিক শিক্ষা পরিদর্শনের জন্য একজন জেলা পরিদর্শক আছেন।

(খ) বর্তমানে পুরুলিয়া জেলায় প্রাথমিক শিক্ষা পরিদর্শকের পদটি খালি আছে। তবে উক্ত জেলায় মাধ্যমিক শিক্ষা পরিদর্শক প্রাথমিক শিক্ষা পরিদর্শকের কার্য চালাইয়া যাইতেছেন।

শ্রীকিঙ্কর মাহাতোঃ কত দিনের মধ্যে সেখানে প্রাথমিক বিভাগে ডি আই নিযুক্ত করতে পারবেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জিঃ চেষ্টা করছি, যত তাড়াতাড়ি পারা যায় আর একজন ডি আই আমরা পোস্ট করব।

University in Midnapore district

***895.** (Admitted question No. *1637.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government is considering any proposal for setting up a University in Midnapore district; and

(b) if the answer to (a) be in the affirmative, the present position of the proposal and when the proposal is likely to be implemented?

Shri Mrityunjoy Banerjee: *(a)* No.

(b) Does not arise.

শ্রীরজনীকান্ত দলুই: ইউনিভার্সিটি স্থাপনের ক্ষেত্রে কি কি রিকুইজিট কন্ডিশন হয়েছে জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: এ সম্বন্ধে সুনির্দিষ্ট শর্ত হয় নি, কেউ দেন নি এ পর্যন্ত, মোটা-মুটি যেটা, সেটা হ'ল উচ্চ শিক্ষার চাহিদা, কাছাকাছি আর কোন বিশ্ববিদ্যালয় নাই, অনেকগুলি কলেজ লাগোয়া ইত্যাদি দেখা যেতে পারে।

শ্রীরজনীকান্ত দলুই: মেদিনীপুর একটি বিগেস্ট ডিস্ট্রিক্ট, সেখানে কতকগুলি ডিগ্রী কলেজ রয়েছে, টেকনিক্যাল কলেজ রয়েছে, বি টি কলেজও চারটি রয়েছে—এতগুলি কলেজের অস্তিত্ব প্রমাণ করে সেখানে যথেষ্ট শিক্ষার চাহিদা রয়েছে। কাজেই সেখানে একটি ইউনি-ভার্সিটি হ'লে সেখানের লোকেরা খুসী হবে--একথা কি মাননীয় মন্ত্রিমহাশয় মনে করেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: হ্যাঁ, মনে করি।

শ্রীরজনীকান্ত দলুই: মেদিনীপুরের জনগণের আবেদন ছিল স্বনামধন্য মনীষী ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের নামে একটা ইউনিভার্সিটি স্থাপন করা হোক, মাননীয় পরিবহণমন্ত্রীও সেইরকম একটা রিপ্রেজেন্টেশন দিয়েছিলেন, আবেদন রেখেছিলেন, সেটা তিনি বিবেচনা করছেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: এই সম্পর্কে খুব সামান্য সামান্য ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। তা জানাতে এখন অসুবিধা আছে।

শ্রীসুধীরচন্দ্র বেরা: মন্ত্রিমহাশয় কি জানাবেন মেদিনীপুরে বিদ্যাসাগর ইউনিভার্সিটি করতে বাধা কোথায়?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: বর্তমান নিয়মে নূতন বিশ্ববিদ্যালয় গড়তে হ'লে কেন্দ্রীয় সরকারের ও ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের মত লাগে। এছাড়া মেদিনীপুর জেলা বর্তমানে যে বিশেষ প্রখ্যাত এক আঞ্চলিক ইউনিভার্সিটির অন্তর্গত—বাধা সেখান থেকেও আসতে পারে ব'লে আমি মনে করি।

শ্রীসুধীরচন্দ্র বেরা: অতীতে অন্য ইউনিভার্সিটির অন্তর্ভুক্ত থাকা সত্বেও সুবিধার জন্য বিভিন্ন জেলায় ইউনিভার্সিটি করা হয়েছে, এই পরিপ্রেক্ষিতে মেদিনীপুর জেলায় একটা ইউনিভার্সিটি স্থাপনে যে বাধা আসতে পারে ব'লে আপনি মনে করেন তা কি যুক্তিসঙ্গত?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: না, আমি তা মনে করছি না।

শ্রীসুধীরচন্দ্র বেরা: সত্যি সত্যি কি কোন রকম বাধা এসেছে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: আগেই বলেছি, সব জিনিস খুলে বলা মুশকিল।

শ্রীকানাই ভৌমিক: আপনি বলছেন মন্ত্রিসভা এটা কনসিডার করেন নাই। মেদিনীপুরে যখন কেবিনেট মিটিং হয়েছিল, আমরা এম এল এ-রাও ছিলাম, সেখানে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, এটা কনসিডার করা হবে, একথা সত্যি কিনা বলবেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: আমি সেই কেবিনেট মিটিং-এ উপস্থিত ছিলাম না। পরে প্রসিডিংস্ দেখেছি।

শ্রীকানাই ভৌমিক: সেই কেবিনেট মিটিং-এ সভাপতিত্ব করেছিলেন শ্রীঅজয়কুমার মুখার্জী, এম এল এ সিদ্ধার্থবাবুও উপস্থিত ছিলেন, আমরা ও অন্যান্য মেম্বাররাও ছিলাম। সেখানে পরিস্কারভাবে বলা হয়েছিল, এ সম্বন্ধে কেবিনেট কনসিডার করবেন। আর আপনি এখন বলছেন, কেবিনেট কনসিডার করবে না এই দু'টো তফাতের কারণ কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: কেবিনেট একটা প্রোমিস করেছিলেন, বিষয়টা কনসিডার করবেন।

শ্রীসরোজ রায়: কোন কেবিনেট মিনিস্টার মিটিং-এ উপস্থিত না থাকলেও কেবিনেট যা ডিসিসান নিয়ে ঠিক করেন, তা কি কেবিনেট মিনিস্টার পরে জানেন না?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: জানা-জানির প্রশ্ন নয়। এটা কেবিনেট প্রোমিস করেছিলেন ওখানে একটা ইউনিভার্সিটি করতে পারেন—এই মাত্র।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: এই যে আপনি বললেন প্রস্তাবটি কার্যকরী করা হবে, এটা কবে নাগাত কার্যকর হবে জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: বিশ্ববিদ্যালয় স্থাপন একটা শক্ত ব্যাপার, একটু সময় লাগবে।

[1-40—1-50 p.m.]

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, কিছু কিছু কাজের অগ্রসর হওয়া গেছে, এই কিছু কিছু কাজের সংখ্যা কত সেটা জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: আমি তো পূর্বেই বললাম সব জিনিস বলার একটু অসুবিধা আছে।

শ্রীঅনন্তকুমার ভারতী: প্রত্যেকটি কাজের একটা সময়সীমা বেঁধে দেওয়া হবে যে, বাই দিস টাইম কাজটা যাতে কমপ্লিট হতে পারে এই রকম একটা কথা শুনে আসছি। কিন্তু আজকে মেদিনীপুরে যে বিশ্ববিদ্যালয়ের কথা হচ্ছে সেই কথার সংগে এই কথা কেন হচ্ছে সেটা দয়া ক'রে জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: আমি তো পূর্বেই বললাম যে, অনেক ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মতামতের প্রয়োজন আছে। তারপরে ওখানকার বাড়ি ইত্যাদির কথা চিন্তা করতে হবে। যাই হোক আমি নিজে ব্যক্তিগতভাবে ইন্টারেস্ট নিয়ে এগিয়ে যাচ্ছি এই কথা বলতে পারি।

শ্রীকানাই ভৌমিক: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, এই বিষয়ে আমাদের অনেক পরামর্শ করা হচ্ছে এবং কিছু কিছু কাজ এগোচ্ছে। তা হ'লে এই কথা কি ঠিক যে, আপনারা এই মেদিনীপুর বিশ্ববিদ্যালয়-এর ব্যাপারে কিছুটা সিদ্ধান্ত নিয়ে এগোচ্ছেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: সিদ্ধান্ত হয় নি, এমনি এগোন হচ্ছে। এগিয়ে গিয়ে তারপরে সিদ্ধান্ত নেওয়া হবে।

শ্রীসরোজ রায়: মাননীয় স্পীকার মহাশয়, এই কোশ্চেনটির একটুখানি ক্লারিফাই হওয়া দরকার। আপনি প্রথম প্রশ্নের পরিষ্কার জবাব দিয়েছেন 'না'। বহু সাপ্লিমেন্টারী কোশ্চেন করার পরে কিছু কিছু কথা বেরিয়ে এল। প্রথমে বললেন, আমাদের অনেক বাধা আছে, সেন্ট্রাল গভর্নমেন্ট, ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন সো অ্যান্ড সো ইত্যাদি ইত্যাদি। তারপরে শেষের দিকে বলছেন, কিছু কিছু কাজ এগোচ্ছে, কিন্তু আমরা ভাবছি, কিছু করতে চেষ্টা করছি। আমি এই সাপ্লিমেন্টারী কোশ্চেন ইত্যাদি সব মিলিয়ে একটি প্রশ্ন করছি যে, আপনারা কতখানি এগিয়েছেন, কি কি করেছেন এটা একটুখানি পরিষ্কার ক'রে বলবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: আমি তো আগেই বললাম, সব কথা বলার একটু অসুবিধা আছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, প্রোপোজাল নেই, তা হ'লেও ভেবে দেখছি। তারপরে উনি বললেন, 'না', এটার একটা অ্যাসিওরেন্স দেওয়া হয়েছিল। দেখা যাচ্ছে, সমস্ত বিষয়টি নিয়ে একটি ক্লামজি ওয়েদার ক্রিয়েট হয়েছে। এই পরিপ্রেক্ষিতে আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে পারি যে, মেদিনীপুর ইউনিভার্সিটি খোলা হবে কিনা এবং কতটুকু কাজ এগিয়েছে এ সম্বন্ধে তিনি কি হাউসে একটি স্টেটমেন্ট করবেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: কিছু দেরি হবে স্টেটমেন্ট করতে, আরো কিছু ইনফর্মেসন দরকার আছে।

শ্রীআবদ্ল বারি বিশ্বাস: এই ব্যাপারে আপনি শেষের দিকে হাউসে একটি স্টেটমেন্ট করবেন কিনা যে কতটুকু কাজে এগোন গেছে—এটা দয়া ক'রে বলবেন কি?

Mr. Speaker: The answer is there—after some time, not now.

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মেদিনীপুরে আপনি যে নতুন বিশ্ববিদ্যালয় করবেন তার নামকরণ মেদিনীপুর নেতাজী বিশ্ববিদ্যালয় করবেন কিনা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: বিশ্ববিদ্যালয় আমি করবো না, করলে পশ্চিমবঙ্গ সরকার করবেন। কাজেই তারা বিবেচনা করবেন যে, কি নাম হবে।

স্পনসর্ড গ্রন্থাগার

*৮৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫৩।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্পনসর্ড গ্রন্থাগারগুলির উন্নতিসাধনকল্পে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা;

(খ) পরিকল্পনা থাকিলে, তাহা কি কি;

(গ) গ্রামীণ গ্রন্থাগারগুলিতে স্থায়ীভাবে পুস্তকখরিদ বাবত অর্থসাহায্যের কোন প্রস্তাব আছে কিনা; এবং

(ঘ) থাকিলে, তাহা কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: (ক) আছে।

(খ) পুস্তকাদি ক্রয় এবং গ্রন্থাগার গৃহের সংস্কার ও উন্নতির জন্য অর্থ সাহায্য করা।

(গ) সামগ্রিকভাবে কোন প্রস্তাব নাই।

(ঘ) প্রয়োজনীয় ক্ষেত্রে সম্ভব হইলে এই জন্য অতিরিক্ত অনুদান দেয়া হয়।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, স্পনসোর্ড বাড়িগুলি সম্বন্ধে চিন্তা করা হচ্ছে। আপাততঃ কোন পরিকল্পনা নেই। চিন্তা কি করা হচ্ছে সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: সমস্ত লাইব্রেরিগুলিকে আরো কি ক'রে কার্যকর করা যায় এবং তার সঙ্গে সমাজশিক্ষার কাজ আরো কি ক'রে স্বার্থক করা যায় সে বিষয় নিয়ে একটা বড় পরিকল্পনার কথা ভাবা হচ্ছে।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: গ্রামীণ গ্রন্থাগারগুলি সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, আপাততঃ কোন পরিকল্পনা নেই। কিছুদিন আগে নকশাল অ্যাকটিভিটির জন্য যেসব গ্রন্থাগারগুলি পুড়ে গিয়েছিল সেগুলিকে সাহায্য দেবার কথা আপনারা চিন্তা করছেন কিনা জানাবেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: এটা এমনি করা যেতে পারে, কোন বড় পরিকল্পনা না ক'রে এটা করা যেতে পারে।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: আমি বড় পরিকল্পনার কথা বলছি না। গ্রামে যেসমস্ত গ্রন্থাগারগুলি আছে সেখানকার অনেক বই পুড়ে নষ্ট হয়ে গেছে, বর্তমানে সেই গ্রন্থাগারগুলিকে সাহায্য না করলে সেগুলি চলছে না। সে সম্বন্ধে আপনারা কোন চিন্তা করছেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: আবেদন এলে তার যৌক্তিকতা বিবেচনা ক'রে যদি প্রয়োজন মনে হয়, তা হ'লে নিশ্চয় করা হবে।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: গ্রন্থাগারে বই নাই, নকশাল অ্যাকটিভিটিজে সেই সমস্ত বই পুড়ে নষ্ট হয়ে গেছে। বর্তমানে পাবলিক বই কিভাবে পড়বে এ বিষয়ে মন্ত্রিমহাশয় চিন্তা করছেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: আবেদন এলে নিশ্চয় এ বিষয় অনুসন্ধান ক'রে দেখবো।

বে-সরকারী কলেজে লেকচারার নিয়োগের পদ্ধতি

*৮৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩৩।) **শ্রীকাশীনাথ মিশ্র:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত বিভিন্ন বে-সরকারী কলেজে লেকচারার পদে নিয়োগের ব্যাপারে সরকারের কোন নির্দেশ আছে কিনা;

(খ) থাকিলে, লেকচারার নিয়োগের জন্য যে 'সিলেকশন কমিটি' গঠিত হয় তাহাদের 'রেকমেন্ডেশন' কলেজের 'গভর্নিং বডি' যথাযথভাবে মানেন কিনা তা দেখার কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(গ) থাকিলে, তাহা কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: (ক) কেবলমাত্র বে-সরকারী স্পন্সর্ড কলেজে লেকচারার পদে নিয়োগের জন্য সরকারের নির্দেশ আছে যে সরকার কর্তৃক গঠিত সেন্ট্রাল সিলেকশন কমিটি দ্বারা বিভিন্ন বিষয়ে লেকচারার পদে নিয়োগের জন্য প্যানেলভুক্ত প্রার্থী ছাড়া বাহিরের কোন প্রার্থী নিয়োগ করা যাইবে না। তবে কোন বিষয়ে প্যানেলভুক্ত প্রার্থী পাওয়া না গেলে "কলেজ সিলেকশন কমিটি" সংবাদপত্রে বিজ্ঞাপন মারফত বাহির হইতে প্রার্থী নিয়োগ করিতে পারেন। ঐরূপ ক্ষেত্রে কলেজ সিলেকশন কমিটিতে শিক্ষা অধিকর্তার দুইজন প্রতিনিধিকে উপস্থিত থাকিতে হইবে। তন্মধ্যে অন্ততপক্ষে একজন হইবেন সংশিলষ্ট বিষয়ে বিশেষজ্ঞ। অন্যান্য বে-সরকারী কলেজে শিক্ষক নিয়োগের ব্যাপারে সরকারের কোন নির্দেশ নাই। তাঁহারা বিশ্ববিদ্যালয়ের নিয়মানুসারে চালিত হন।

(খ) আছে।

(গ) নিয়মানুসারে স্পন্সর্ড কলেজের গভর্নিং বডিগুলিকে ঐ কলেজসমূহে লেকচারার নিয়োগের জন্য শিক্ষা অধিকর্তা হইতে প্রাপ্ত প্যানেলভুক্ত প্রার্থীদের নামের তালিকার মধ্য হইতে প্রার্থী নির্বাচন করিতে হয়।

গভর্নিং বডি ইচ্ছা করিলে শিক্ষা অধিকর্তা হইতে প্রাপ্ত তালিকার মধ্যে যে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করিতে পারেন অথবা ঐ প্রার্থীদের আবার ইন্টারভিউ লইতে পারেন। এবং তদনুসারে তাঁহাদের পছন্দমত ব্যক্তিকে নিয়োগ করিতে পারেন। কিন্তু কোন মতেই প্যানেল বহির্ভূত কোন ব্যক্তিকে নিয়োগ করিতে পারেন না। প্যানেল বহির্ভূত প্রার্থীকে স্পন্সর্ড কলেজের লেকচারার পদে নিয়োগ করিলে সরকার ঐ লেকচারারকে স্বীকৃতি দেন না। ফলে ঐরূপ শিক্ষক সরকারী আর্থিক সাহায্য হইতে বঞ্চিত হন। এইভাবে পরোক্ষভাবে কলেজ গভর্নিং বডি "সিলেকশন কমিটির" সুপারিশ বহির্ভূত ব্যক্তিদের নিয়োগ করা থেকে নিবৃত্ত হইয়া থাকেন।

শ্রীকাশীনাথ মিশ্র: আমার প্রশ্ন ছিল বে-সরকারী কলেজ সম্বন্ধে। মাননীয় মন্ত্রি-মহাশয় কিন্তু স্পন্সর্ড কলেজ সম্বন্ধে ব'লে গেলেন। তাই এখন আমি প্রশ্ন করছি স্পন্সর্ড কলেজের বেলায় একটা নিয়ম আছে—সেই রকম বে-সরকারী কলেজের বেলায় কি নিয়ম প্রযোজ্য হচ্ছে সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: এটা 'ক' প্রশ্নের উত্তরের শেষের দিকে আছে। বে-সরকারী কলেজে শিক্ষক নিয়োগ ব্যাপারে সরকারের কোন নির্দেশ নাই। বিশ্ববিদ্যালয়ের নির্দেশে চলতে হয়।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় যা বললেন যে, বে-সরকারী কলেজে শিক্ষক নিয়োগ ব্যাপারে কোন নিয়ম নাই, একথা ঠিক এবং একথাও ঠিক যে, প্রশ্নকর্তা যে প্রশ্ন করেছেন নিয়োগ ভালমত হচ্ছে না ব'লেই। এখন প্রশ্ন হচ্ছে অ্যাফিলিয়েটেড কলেজগুলিতে লেকচারার পদে নিযুক্ত হতে গেলে তাদের বডির দ্বারা নির্বাচন হয় সেই রকম অন্যান্য রাজ্যে যা আছে ইউনিভার্সিটি সার্ভিস কমিশন সেই রকম এই রাজ্যেও ইউনিভার্সিটি সার্ভিস কমিশন ক'রে এই সমস্ত নিয়োগের কথা ভাবছেন কিনা?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: আপাততঃ ভাবছি না, তবে এই রকম সার্ভিস কমিশন হ'লে ভাল হয়।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: আর একটা প্রশ্ন রাখি—বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী হয়—কিন্তু বিশ্ববিদ্যালয়গুলির নিয়োগের ব্যাপারে কোন নিয়ম নাই। পশ্চিমবঙ্গে বিশ্ববিদ্যালয়ের অ্যাফিলিয়েটেড বে-সরকারী কলেজের নিয়োগ সংক্রান্ত কোন নিয়ম নাই। শুধু বলা আছে সেকেন্ড ক্লাস এম এ হলেই নিযুক্ত হতে পারে। আমার প্রশ্ন হচ্ছে, এই রকম কোন নিয়ম রাজ্যসরকারের পক্ষ থেকে ইউনিভার্সিটিগুলিতে করবার কথা আপনি ভাবছেন কিনা?

[1-50—2-00 p.m.]

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: নিয়ম আছে গভর্নিং বডি, প্রাইভেট কলেজে এরা সেখানে অ্যাপয়েন্টমেন্ট দিতে পারবেন এবং গভর্নিং বডির অ্যাপয়েন্টমেন্টে ইউনিভার্সিটি কিছু কিছু তাদের নির্বাচিত মানুষদের পাঠান। তবে আপনি যেটা বলেছেন ইউনিভার্সিটি অ্যাপয়েন্টমেন্ট কমিশন একটা হ'লে ভাল হয়।

শ্রীকাশীনাথ মিশ্র: হাওড়া এবং কলকাতা শহরে বে-সরকারী কলেজে লেকচারার নিযুক্ত করার জন্য যে সিলেকসান কমিটি নিযুক্ত করা হয় তাতে যে রেকমেন্ডেড নমিনি আছে, কলেজের গভর্নিং বডি সেটাকে যথাযথভাবে মানেন না, এটা কি মন্ত্রিমহাশয় জানেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: গভর্নিং বডির সমস্ত ক্ষমতা আছে সিলেকসান কমিটি করা না করা, তাদের সুপারিশ মানা না মানা -আমার কিছু করবার নেই।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: বিশ্ববিদ্যালয় একজন ক'রে যে এক্সপার্ট পাঠান এবং সেই এক্সপার্ট কমিটি যে রেকমেন্ডেসন দেন সেটা গভর্নিং বডি মানেন না, এটা কি আপনি জানেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: সিলেকসান কমিটি করা না করা, সিলেকসান কমিটির সুপারিশ মানা না মানা, এ সমস্তই গভর্নিং বডির ক্ষমতার মধ্যে আছে।

শ্রীসরোজ রায়: মাননীয় মন্ত্রিমহাশয় প্রথম প্রশ্নের জবাবে বলেছেন, আছে। যথাযথ মানেন কিনা, তা দেখার কোন ব্যবস্থা আছে কিনা—এর জবাবেও আপনি বলেছেন, আছে। এখন বলছেন, মানবেন কি মানবেন না সে বিষয়ে আপনার দিক থেকে কিছু করার নেই। আমাদের যদি কোন ব্যবস্থা থেকে থাকে, তা হ'লে আপনারা সে সম্বন্ধে কি ব্যবস্থা গ্রহণ করেন সেটা জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: আপনি বোধ হয় স্পনসর্ড কলেজের সংগে একটুখানি গুলিয়ে ফেলেছেন—স্পনসর্ড কলেজ এবং প্রাইভেট কলেজ দু'টো আলাদা।

Shri Harasankar Bhattacharyya: Sir, I request you to take starred question No. 922 along with starred question No. 899 because these two questions are on the same subject.

Mr. Speaker: Yes.

বর্ধমান বিশ্ববিদ্যালয়ে গৃহীত স্ট্যাটিউটস্

***৮৯৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯৪।) **শ্রীহরশঙ্কর ভট্টাচার্য:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলেজ শিক্ষকদের চাকুরির শর্তাদি ও নিরাপত্তা বিষয়ে বর্ধমান বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রায় দুই বৎসর পূর্বে গৃহীত স্ট্যাটিউটস্ শিক্ষা-দপ্তরে পাঠানো সত্ত্বেও এ পর্যন্ত এ বিষয়ে কোন সংবাদ উক্ত বিশ্ববিদ্যালয়ে পৌঁছায় নাই; এবং

(খ) অবগত থাকিলে,—

(১) ইহার কারণ কি, ও

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

বর্ধমান বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রেরিত স্ট্যাটিউট্স

***৯২২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯৬।) **শ্রীহরশঙ্কর ভট্টাচার্য:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান বিশ্ববিদ্যালয় কর্তৃক পাঠানো দুইটি স্ট্যাটিউট্স (স্পোর্টস্ কাউন্সিল এবং আন্ডারগ্রাজুয়েট কলেজ কাউন্সিল গঠন সংক্রান্ত) যথাক্রমে দেড় বৎসর ও একমাস যাবত শিক্ষা দপ্তরে পড়িয়া আছে এবং এ বিষয়ে কোন সিদ্ধান্ত এখনও ঐ বিশ্ববিদ্যালয়কে জানানো হয় নাই; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: (ক) ও (খ) হ্যাঁ। ইহা আচার্যের দপ্তরে বিবেচনাধীন আছে এবং যথাসম্ভব সত্বর এই পরীক্ষা কার্য শেষ করিবার চেষ্টা করা হইতেছে।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: (ক) হ্যাঁ, স্পোর্টস্ কাউন্সিল সংক্রান্ত স্ট্যাটিউট্স আচার্যের দপ্তরে (চ্যান্সেলার্স সেক্রেটারিয়েট) বিবেচনাধীন আছে।

আন্ডারগ্রাজুয়েট কলেজ কাউন্সিল গঠন সংক্রান্ত স্ট্যাটিউট্স এখনও আচার্যের দপ্তরে পাওয়া যায় নাই।

(খ) আচার্যের দপ্তরে স্পোর্টস্ কাউন্সিল সংক্রান্ত স্ট্যাটিউট্স পরীক্ষা করিয়া দেখার পর বিশ্ববিদ্যালয়ের নিকট কয়েকটি তথ্য পাঠাইবার জন্য অনুরোধ করা হয়। অদ্যাবধি বিশ্ব-বিদ্যালয়ের নিকট হইতে ঐ তথ্য পাওয়া যায় নাই।

অ্যান্ডারগ্রাজুয়েট কলেজ কাউন্সিল সংক্রান্ত স্ট্যাটিউট্স-এর ক্ষেত্রে এই প্রশ্ন উঠে না।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: দুই বছর ধ'রে যদি একটা বিশ্ববিদ্যালয় স্ট্যাটুট পাঠায়, আর উপাচার্যের দপ্তর মানে আপনার দপ্তর—যদি সেটা আপনার দপ্তরে পড়ে থাকে, তা হ'লে ইউনিভার্সিটিগুলি চলতে পারে না—সেই জন্য তাড়াতাড়ি একমাসের ভিতর যাতে এগুলি চলে যায় এই রকম একটা কিছু করার জন্য চেষ্টা করবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: আমি চেষ্টা করবো। তবে উপাচার্যের দপ্তর একটা পৃথক দপ্তর।

অ্যাডাল্ট স্কুল ফাইন্যাল পাশ সার্টিফিকেট

***৯০৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২১০৫।) **শ্রীতপন চ্যাটার্জী:** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, 'অ্যাডাল্ট স্কুল ফাইন্যাল' পাশ সার্টিফিকেট রাজ্যসরকারের চতুর্থ শ্রেণীর কর্মচারীদের এল ডি ক্লার্ক এবং ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট (পি ডবলিউ ডি) পদে প্রমোশনের ক্ষেত্রে 'স্কুল ফাইন্যাল পাশ সার্টিফিকেট'-এর সমতুল্য শিক্ষাগত যোগ্যতা হিসাবে বিবেচনা করা হয় কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: না, হয় না।

শ্রীতপন চ্যাটার্জী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যদি অ্যাডাল্ট স্কুল ফাইনাল পরীক্ষার দাম না থাকে তবে এটাকে উঠিয়ে দেওয়া হচ্ছে না কেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: অ্যাডাল্ট স্কুল থেকে পাশ ক'রে যারা তাদের স্টান্ডার্ড হচ্ছে ক্লাস টেন। এর পরে সেকেন্ডারী বোর্ডের দ্বারা পরিচালিত স্কুল ফাইনাল দিতে পারে তখন তাদের সমান সমান যোগ্যতা অর্জন করে।

বাঁকুড়া জেলায় জি আর গ্রহীতার সংখ্যা

***১০৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৫২।) **শ্রীকাশীনাথ মিশ্র:** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় ১৯৭২ সালে জি আর বাবত কত গম দেওয়া হইয়াছে; এবং

(খ) বাঁকুড়া জেলার প্রতি ব্লকে বর্তমানে কোন্ শ্রেণীর এবং কতজন ব্যক্তি জি আর পাইতেছেন?

শ্রীসন্তোষকুমার রায়: (ক) ২,৫৮৩ মেঃ টন ৯ কুইন্টাল গম।

(খ) অন্ধ, খঞ্জ, পঙ্গু ইত্যাদি শ্রেণীর দুঃস্থ ব্যক্তিগণ এবং দুঃস্থ প্রসূতি ও গর্ভধারিণী নারী সাহায্য পাইতেছেন, যেসকল ব্যক্তি জি আর পাইতেছেন সে সম্পর্কে একটি ব্লকওয়ারী বিবরণী টেবিলে রাখা হইল।

বাঁকুড়া জেলায় বিভিন্ন ব্লকে বর্তমানে যেসকল ব্যক্তি খয়রাতি সাহায্য পাইতেছেন তাহার সংখ্যা

ব্লক		সংখ্যা
(১) বাঁকুড়া ১নং ব্লক	...	২৮৬
(২) বাঁকুড়া ২নং ব্লক	...	৪৪৩
(৩) ছাতনা	...	২৩৯
(৪) ওঁদা	...	২৬৭
(৫) গঙ্গাজলঘাটী	...	২৫৫
(৬) শালগেড়া	...	১৬৫
(৭) বড়জোড়া	...	২০২
(৮) মেজিয়া	...	৯৩
(৯) খাতড়া ১নং ব্লক	...	১৩৫
(১০) খাতড়া ২নং ব্লক	...	৯২
(১১) ইন্দপুর	...	১৮২
(১২) রাণীবাঁধ	...	১৫৩
(১৩) রাইপুর ১নং ব্লক	...	১৬২
(১৪) রাইপুর ২নং ব্লক	...	১৫৫
(১৫) সিমলাপাল	...	১৪৮
(১৬) তালডাংরা	...	১৫১
(১৭) বিষ্ণুপুর	...	২০২
(১৮) জয়পুর	...	২০০
(১৯) কোতুলপুর	...	১০৩
(২০) সোনামুখী	...	১৪৬
(২১) পাত্রসায়ের	...	২৫১
(২২) ইন্দাস	...	২৭০

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বর্তমানে কত পার্সেন্ট খঞ্জ, দুঃস্থ, কুষ্ঠরোগগ্রস্ত ব্যক্তিদের জি আর দেওয়া হয়?

শ্রীসন্তোষকুমার রায়: হাজারে ২ জন।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বর্তমানে বাঁকুড়া জেলায় এই দুঃস্থ ও কুষ্ঠরোগগ্রস্ত লোকের সংখ্যা কত?

শ্রীসন্তোষকুমার রায়: এই সম্বন্ধে সঠিক তথ্য দেওয়া সম্ভব নয়।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যখন হাজারে দুই জন দিচ্ছেন, আমি বলছি সেখানে কুষ্ঠরোগগ্রস্ত সংখ্যা প্রায় ৩০ হাজার। একেবারে অসুস্থ, হাত, পা কিছু নেই, বাঁকুড়া জেলায় তাদের অবস্থা যা হয়েছে এদের সম্বন্ধে কোন চিন্তা করবেন কিনা?

শ্রীসন্তোষকুমার রায়: কত লোকসংখ্যার মধ্যে ৩০ হাজার বললেন?

শ্রীকাশীনাথ মিশ্র: প্রায় ২০ লক্ষের মধ্যে।

শ্রীসন্তোষকুমার রায়: এই সম্বন্ধে অনুসন্ধান করে দেখবো।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বর্তমানে বাঁকুড়া জেলায় খুব খরা চলছে এবং শ্রমিক গরিবশ্রেণীর বর্তমানে কোন কাজ নেই। বাঁকুড়ার দুঃস্থ জনসাধারণের জন্য এই জি আর বাড়াবার জন্য কোন চিন্তা মন্ত্রিসভা করছেন কিনা?

শ্রীসন্তোষকুমার রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কাজের মাধ্যমে সাহায্য দেবার পরিকল্পনা নিয়েছি। সেই অনুযায়ী বাঁকুড়া জেলায় কাজ করান হচ্ছে।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ১৯৭২ সালে এবং ১৯৭১ সালে কত পারসেন্ট এই দুস্থ লোকেদের জি আর দেওয়া হয়েছে?

শ্রীসন্তোষকুমার রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য আমার থেকে বেশি জানেন যে ১০/১৫ পারসেন্ট দেওয়া হয়েছিল?

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কারণ গতবারে যেখানে ১০ পারসেন্ট এমন কি ২০ পারসেন্ট দেওয়া হয়েছে। এই যে দুঃস্থ যাদের হাত পা নেই, বৃদ্ধ একেবারে অকেজো হয়ে আছেন তাদের যা দেওয়া হচ্ছে সেটা বৃদ্ধি করার কোন পরিকল্পনা নিয়েছেন কিনা?

শ্রীসন্তোষকুমার রায়: মাননীয় সদস্য যে কথা বললেন যে, ৩০ হাজার লোক কুষ্ঠরোগগ্রস্ত অক্ষম তাদের জীবিকার্জনের ব্যবস্থা নেই। এটা যদি সত্যি হয় নিশ্চয়ই অনুসন্ধান ক'রে দেখবো এবং এর জন্য ব্যবস্থা করা হবে।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আমাদের মাননীয় সদস্য যে কথা বললেন যে গত বছর খরার সময় ১০ থেকে ২০ পারসেন্ট পর্যন্ত দুঃস্থ মানুষকে জি আর দেওয়া হয়েছিল, বর্তমান বৎসরে সেই সব মানুষকে জি আর দেবার কথা সরকার চিন্তা করছেন কি?

শ্রীসন্তোষকুমার রায়: আমরা কাজের মাধ্যমে সাহায্য দানের কথা চিন্তা করেছি এবং মাননীয় সদস্য যদি প্রয়োজন মনে করেন, তা হ'লে এই প্রকল্প চালু করবার জন্য জেলাশাসকের কাছে অনুরোধ জানাবেন।

Mr. Speaker: Question hour is over.

[2-00—2-10 p.m.]

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার কর্মিসংখ্যা

*৮৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮২।) **শ্রীমধুসূদন রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার বিভিন্ন বিভাগে বর্তমানে কতজন কর্মী কাজ করেন; এবং

(খ) তন্মধ্যে তফসিলভুক্ত জাতি ও উপজাতি কর্মীর সংখ্যা কত?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক)

বিভাগের নাম		কর্মীর সংখ্যা
অফিস	...	৫৭৭
ট্রাফিক্	...	১,৭৬৮
ওয়ার্কশপ	...	৫৫৪

(খ) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনে তফসিলভুক্ত জাতি ও উপজাতি কর্মীর কোন আলাদা হিসাব না রাখার দরুন প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা সম্ভব নয়।

বন্যা ও পদ্মার ভাঙ্গনে জঙ্গিপুর মহকুমায় বাস্তুহারা ও গৃহহীন পরিবার

*৮৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯৭।) **শ্রীহবিবুর রহমানঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমায় গত বন্যায় ও পদ্মা নদীর ভাঙ্গনে বাস্তুহারা ও গৃহহীন পরিবারের সংখ্যা কত; এবং

(খ) উক্ত বাস্তুহারা ও গৃহহীন পরিবারের মধ্যে কতজনের পুনর্বাসনের ব্যবস্থা করা হইয়াছে এবং কতগুলি গৃহহীন পরিবারকে গৃহনির্মাণের জন্য অনুদান দেওয়া হইয়াছে?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭২ সালে জংগীপুর মহকুমায় বন্যা হয় নাই। গংগা ও পদ্মানদীর ভাঙ্গনে উক্ত সালে এই মহকুমায় ১,৪৫৫টি পরিবার বাস্তুহারা ও গৃহহীন হইয়াছে।

(খ) ভাংগনে বাস্তুহারা ও গৃহহীন পরিবারদের পুনর্বাসনের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

বাংলাদেশ হইতে মাছ আমদানি

*৮৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *২১২৬।) **শ্রীনারায়ণ ভট্টাচার্যঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলাদেশ হইতে ১৮ই জানুয়ারি, ১৯৭৩ হইতে ১৫ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত মোট কি পরিমাণ মৎস্য আমদানি করা হইয়াছে;

(খ) এই সময় পর্যন্ত ঐ দেশ হইতে মোট কত পরিমাণ মৎস্য আমদানি করার কথা ছিল;

(গ) বাংলাদেশ হইতে মৎস্যের আমদানি বাড়াইবার কোন পরিকল্পনা আছে কি; এবং

(ঘ) এই মৎস্য আমদানিতে আয় ও ব্যয়ের হার কি?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কেন্দ্রীয় মৎস্য কর্পোরেশন ভারত সরকারের পক্ষে ১৮ই জানুয়ারি, ১৯৭৩ হইতে ১৫ই মার্চ পর্যন্ত ৪৮৮ টন ৮ কুইন্টাল ৪৭ কেজি মৎস্য আমদানি করিয়াছে।

(খ) ভারত-বাংলাদেশ বাণিজ্যচুক্তি অনুযায়ী ১৯৭২-৭৩ সালে মোট ৯ কোটি টাকার মৎস্য আমদানির কথা ছিল।

(গ) কেন্দ্রীয় মৎস্য কর্পোরেশনের বর্ধিত পরিমাণ মৎস্য আমদানির পরিকল্পনা আছে।

(ঘ) চুক্তির মেয়াদ শেষ হইলে মৎস্য আমদানির আয় ও ব্যয়ের হার নিরূপণ করা সম্ভব হইবে।

রায়না ২নং ব্লকে কৃষিঋণ

*৪৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২১।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার রায়না ২নং ব্লকে গত বৎসর (১৯৭২) কতজনকে এবং কত টাকার কৃষিঋণ দেওয়া হয়েছে;

(খ) কিসের ভিত্তিতে ঐ কৃষিঋণ দেওয়া হয়েছে;

(গ) উক্ত ঋণ পাওয়ার জন্য মোট কতজন আবেদন করেছিলেন; এবং

(ঘ) উক্ত ঋণগ্রহীতাদের মধ্যে ৬ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত কতজন ঋণ পরিশোধ করেছেন?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ঋণ গ্রহীতার সংখ্যা ১,৪৮০ জন। কৃষিঋণ ২৮,০০০ টাকা।

(খ) কৃষকদের দুর্দশা বিবেচনা করিয়া।

(গ) ২,২৫৬ জন।

(ঘ) কেহ পরিশোধ করে নাই।

নদিয়া জেলার দুঃস্থদের শীতবস্ত্র বিতরণ

*৪৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭০২।) **শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭২-৭৩ সালে (জানুয়ারি মাস পর্যন্ত) নদিয়া জেলার দুঃস্থ লোকদিগকে শীতবস্ত্র হিসাবে কম্বল ও লেপ ইত্যাদি দেওয়া হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, কোন্ কোন্ ব্লকে কাহার মাধ্যমে উক্ত শীতবস্ত্র বিতরণ করা হইয়াছে?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই জেলায় দুঃস্থ লোকদিগকে কম্বল দেওয়া হইয়াছে। কোন লেপ দেওয়া হয় নাই।

(খ) এই জেলায় হাঁসখালি, নবদ্বীপ, শান্তিপুর, রানাঘাট ১নং ব্লক, করিমপুর ব্লক, কৃষ্ণনগর ১নং ব্লক, চাকদা, তেহট্ট ১নং ব্লক, নাকাশিপাড়া, কৃষ্ণগঞ্জ, কালিগঞ্জ, চাপড়া, তেহট্ট ২নং ব্লক, রানাঘাট ২নং ব্লক এবং হরিণঘাটা ব্লকে কম্বল বি ডি ও মারফত বিতরণ করা হইয়াছে।

জেলা স্কুলবোর্ড উপদেষ্টা কমিটি

***৮৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩৯।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলা স্কুলবোর্ড উপদেষ্টা কমিটি কাদের নিয়ে গঠিত হয়;

(খ) ইহা কি সত্য যে, উপদেষ্টা কমিটিতে সারা বাংলার প্রাথমিক শিক্ষকসমিতি (রেজিঃ নং এস/১১৩০৬) কোন প্রতিনিধি নেওয়া হয় নাই;

(গ) সত্য হইলে, ইহার কারণ কি;

(ঘ) সরকার কি অবগত আছেন যে, শিক্ষক কল্যাণ প্রাথমিক শিক্ষকসমিতির কোন সংগঠন মুর্শিদাবাদ জেলাতে না থাকা সত্ত্বেও ঐ সমিতির সদস্যকে উপদেষ্টা কমিটিতে নেওয়া হয়েছে;

(ঙ) অবগত থাকিলে, কারণ কি; এবং

(চ) উপদেষ্টা কমিটির কাজ কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নিম্নলিখিত ব্যক্তিদের নিয়ে জেলা স্কুল বোর্ডের উপদেষ্টা কমিটি গঠিত হয়ঃ—

(১) জেলাশাসক (পদাধিকার বলে)—সভাপতি।

(২) বিশেষ আধিকারিক (তফসিলী ও উপজাতি) অথবা কোন জেলায় এই পদ না থাকিলে উপজাতি কল্যাণ আধিকারিক (পদাধিকার বলে)—সদস্য।

(৩) নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির জেলা শাখার সভাপতি ও সম্পাদক—সদস্য।

(৪) পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির জেলা শাখার সভাপতি ও সম্পাদক—সদস্য।

(৫) বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির জেলা শাখার সভাপতি ও সম্পাদক—সদস্য।

(৬) প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতির জেলা শাখার সভাপতি ও সম্পাদক—সদস্য।

(৭) নিম্নলিখিত হারে—বিধানসভার সদস্য (২৪-পরগনা—১৫ জন, মেদিনীপুর—১২ জন, বর্ধমান—১০ জন এবং জলপাইগুড়ি, মালদা, নদিয়া, হাওড়া, হুগলি, বীরভূম ও বাঁকুড়া—৭ জন এবং অন্যান্য জেলা—৬ জন—সদস্য।

(৮) বিদ্যানুরাগী (অনধিক তিনজন; দার্জিলিং জেলার জন্য পাঁচজন)—সদস্য।

(৯) প্রাথমিক শিক্ষার জেলা বিদ্যালয় পরিদর্শক (পদাধিকার বলে)—সদস্য সচিব।

(খ) হ্যাঁ, সত্য।

(গ) রাজ্যসরকার ঐ সমিতির মনোনয়ন যোগ্য সক্রিয়তার কোন প্রমাণ পান নাই।

(ঘ) এবং (ঙ) পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতির মুর্শিদাবাদ জেলা শাখার প্রতিনিধিকে উপদেষ্টা কমিটিতে নেওয়া হইয়াছে।

মুর্শিদাবাদের জেলা বিদ্যালয় পবিদর্শক (প্রাথমিক শিক্ষক)-এর নিকট হইতে উক্ত সমিতির সংগঠন সম্বন্ধে আরও তথ্য চাওয়া হয়েছে।

(চ) প্রাথমিক শিক্ষার জেলা বিদ্যালয় পরিদর্শককে জেলার স্কুল বোর্ড পরিচালনায় সাহায্য করিতে পরামর্শ দেওয়াই উপদেষ্টা কমিটির কাজ।

Refugee colonies in Alipore Assembly Constituency

***894.** (Admitted question No. *1884.) **Dr. Kanai Lal Sarkar:** Will the Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) the number of refugee colonies in the "Alipore Assembly Constituency area";

(b) if the lands of the above colonies belong to non-Government agencies;

(c) if so, the names of the proprietors of the respective colonies;

(d) whether the refugees will be rehabilitated in the same place;

(e) if not, where and when they will be rehabilitated; and

(f) if the Government has any proposal to provide the refugees with civic amenities, viz.—

(i) light (electric),

(ii) drains and connected privies,

(iii) drinking water, and

(iv) improvement of the colony passages before the period they are finally rehabilitated?

The Minister for Refugee Relief and Rehabilitation: (a) No refugee colony has been set up in the area.

(b), (c), (d), (e) and (f) does not arise.

হাওড়া জেলা গ্রন্থাগার

*৮৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২৬।) **শ্রীশিশিরকুমার সেনঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলা গ্রন্থাগারের মোট পুস্তকসংখ্যা এবং সদস্যসংখ্যা কত;

(খ) উক্ত জেলা গ্রন্থাগারের অধীন কতগুলি এরিয়া-লাইব্রেরী আছে এবং তাহাদিগকে যথারীতি পুস্তক সরবরাহ করা হয় কি; এবং

(গ) সরকার ঐ গ্রন্থাগার পরিচালনা করার জন্য বাৎসরিক গড়ে কত টাকা ব্যয় করেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হাওড়া জেলা গ্রন্থাগারের বর্তমান মোট পুস্তকের সংখ্যা ও সদস্য সংখ্যা নিম্নরূপঃ—

(১) পুস্তক সংখ্যা—১৯,৭৮০

(২) সদস্য সংখ্যা—৬৯৯

(খ) উক্ত জেলা গ্রন্থাগারের অধীনে কোন এরিয়া-লাইব্রেরী নাই। সুতরাং পুস্তক সরবরাহের প্রশ্ন উঠে না।

(গ) বাৎসরিক গড়ে ৩০,০০০ টাকা ব্যয় করেন।

বাঁকুড়া জেলায় গ্রামীণ গ্রন্থাগার

*৯০০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯৯।) **শ্রীফণীভূষণ সিংহবাবুঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় কয়টি গ্রামীণ গ্রন্থাগার আছে এবং গ্রন্থাগারগুলি বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) উক্ত গ্রন্থাগারের গ্রন্থাগারিক ও কর্মীরা কোন্ পর্যায়ের কর্মী এবং উহাদিগকে সরকার কর্মচারী হিসাবে গণ্য করিবার কোন পরিকল্পনা আছে কি; এবং

(গ) থাকিলে, কবে নাগাত তাহা কার্যকরী করা হইবে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৩৫টি গ্রামীণ গ্রন্থাগার আছে। এগুলির কাজকর্ম সন্তোষজনক।

(খ) উক্ত গ্রন্থাগারগুলির গ্রন্থাগারিক ও কর্মীরা বে-সরকারী কর্মচারী। বর্তমানে নাই।

(গ) প্রশ্ন উঠে না।

গত পাক-ভারত যুদ্ধে ক্ষতিগ্রস্ত শিক্ষাপ্রতিষ্ঠান

*৯০১। (অনুমোদিত প্রশ্ন নং * ১৮৭৫।) **শ্রীপ্রবোধকুমার সিংহরায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত পাক-ভারত যুদ্ধকালীন সময়ে পশ্চিম দিনাজপুরের সীমান্তবর্তী ও অন্যান্য এলাকার সর্বশ্রেণীর বহু শিক্ষাপ্রতিষ্ঠান (১) নিরাপত্তার অভাবে এবং শরণার্থী শিবির হিসাবে ব্যবহৃত হওয়ায় দীর্ঘদিন বন্ধ রাখিতে হইয়াছিল, এবং (২) এই বন্ধকালীন সময়ের বেতন মকুবের জন্য ছাত্রদের তরফ হইতে দাবি জানানো হইয়াছে এবং উক্ত বেতন বাবত প্রাপ্য সমুদয় টাকা সরকারী সাহায্য হিসাবে শিক্ষা-প্রতিষ্ঠানগুলিকে দেবার আবেদন জেলাসমাহর্তার মাধ্যমে প্রেরিত হইয়াছে;

(খ) সত্য হইলে, এইরূপ শিক্ষাপ্রতিষ্ঠানগুলির সংখ্যা কত এবং কতগুলি শিক্ষাপ্রতিষ্ঠানকে কত টাকা সাহায্য মঞ্জুর করা হইয়াছে; এবং

(গ) উক্ত এলাকায় যুদ্ধজনিত পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত ও ধ্বংসপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা কত?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) সত্য।

(২) সত্য।

(খ) মহাবিদ্যালয়—৬

মাধ্যমিক বিদ্যালয়—৮২

মঞ্জুরী প্রাপ্ত মহাবিদ্যালয় সংখ্যা—২

মঞ্জুরী প্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয় সংখ্যা—১৩

মঞ্জুরীকৃত টাকা—

বালুরঘাট শহরের মহাবিদ্যালয়গুলির ছাত্রছাত্রীদের জন্য—১৬,৪০০ টাকা।

মাধ্যমিক বিদ্যালয়গুলির জন্য—১৩,৮৩৪ টাকা।

গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষা অবৈতনিক।

(গ) ধ্বংসপ্রাপ্ত—নাই।

ক্ষতিগ্রস্তঃ

মাধ্যমিক—৮২

প্রাথমিক—১২৭

যুগদিয়া জুনিয়র হাই মাদ্রাসা

***৯০২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৮৩।) **শ্রীমনোরঞ্জন হালদার:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলায় মগরাহাট থানার অন্তর্গত যুগদিয়া জুনিয়র হাই মাদ্রাসায় বর্তমানে কোন ম্যানেজিং কমিটি আছে কিনা; এবং

(খ) উক্ত প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক কিভাবে ও কবে নিযুক্ত হইয়াছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) মাদ্রাসা এডুকেশন বোর্ড ২৩এ নভেম্বর, ১৯৭২ তারিখের ৮৭৯(১) নং চিঠিতে ১১ জন সদস্য লইয়া ৩ মাসের জন্য একটি কার্যকরী সমিতি গঠন করিয়াছিল এবং তাহাতে আদেশ ছিল যে ঐ সমিতি নূতন কার্যকরী সমিতি গঠন করিবে।

(খ) ১লা জানুয়ারি, ১৯৬৭ তারিখে মহম্মদ নূরুল হককে কার্যকরী সমিতি নিয়োগ করিয়াছিল এবং মাদ্রাসা এডুকেশন বোর্ড তাঁহার নিয়োগ অনুমোদন করিয়াছে।

সমাজশিক্ষা কেন্দ্র

***৯০৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯১৫।) **শ্রীমতী ইলা রায়:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় কয়টি করিয়া সমাজশিক্ষা কেন্দ্র আছে;

(খ) ইহা কি সত্য যে, এই কেন্দ্রগুলি মহিলাদের দ্বারাই পরিচালিত হয়;

(গ) সত্য হ'লে, এই কেন্দ্রের কর্মীদের মাসিক বেতন এবং ভাতা কত ক'রে দেওয়া হয়;

(ঘ) ইহা কি সত্য যে, মাঝে মাঝে এই শিক্ষা কেন্দ্রগুলিকে গ্রাম থেকে গ্রামান্তরে স্থানান্তর করা হয়; এবং

(ঙ) সত্য হ'লে, গ্রামীণ মহিলাদের স্থানান্তরে যেতে যে ব্যবস্থার প্রয়োজন তাহা করতে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকলে, তাহার বিবরণ?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) পশ্চিমবঙ্গে প্রতিটি জেলার সমাজশিক্ষাকেন্দ্রের একটি তালিকা পরিশিষ্ট 'ক'-এ দেওয়া হইল।

(খ) না। পুরুষদের জন্য যে কেন্দ্র তাহা পুরুষ দ্বারা এবং স্ত্রীলোকদের জন্য যে কেন্দ্র তাহা স্ত্রীলোক দ্বারা পরিচালিত হয়।

(গ) সমাজশিক্ষাকেন্দ্রের কর্মীদের কেবলমাত্র মাসিক ভাতা দেওয়া হয়। মাসিক ভাতার হার পরিশিষ্ট 'খ'-এ দেওয়া হইল।

(ঘ) হ্যাঁ।

(ঙ) কোন নির্দিষ্ট স্থানে অবস্থিত শিক্ষাকেন্দ্রে সেই এলাকার মহিলাদের শিক্ষা শেষ হওয়ার পরই সেই শিক্ষাকেন্দ্র স্থানান্তরিত করা হয়। সুতরাং মহিলাদের স্থানান্তরে যাবার প্রয়োজন হয় না।

পরিশিষ্ট 'ক'

জেলার নাম	নৈশ বিদ্যালয় সংখ্যা	সাক্ষরতা কেন্দ্র সংখ্যা	সমাজ শিক্ষাকেন্দ্র সংখ্যা	বিদ্যালয় তথা সমাজ মিলন কেন্দ্র	এক শিক্ষক বিশিষ্ট পাঠশালা	বয়স্ক উচ্চ বিদ্যালয়
(১) কলিকাতা ..	৩০	৯	২২	..	..	৭
(২) ২৪-পরগনা ..	৬১	২৬	৫	৮	৯০	৬
(৩) হাওড়া ..	৬০	২৯	৫৪	২	৫৫	৩
(৪) হুগলী ..	৬৫	৩০	৩৭	৩	৪৫	২
(৫) বর্ধমান ..	৬১	৩৪	৫০	৪	৮০	৩
(৬) বীরভূম ..	৫০	২৩	৪১	৫	৮০	২
(৭) বাঁকুড়া .	৫০	৩৫	৩৯	৫	৬৫	.
(৮) মেদিনীপুর ..	৫৫	৪৭	৭৬	৩	৯০	৩
(৯) পুরুলিয়া ..	১১	১	১২	..	৬০	১
(১০) নদীয়া	১৮	২৭	৩০	২	৫৫	২
(১১) মুর্শিদাবাদ ..	৬০	২৯	৪০	২	৫৭	২
(১২) মালদহ ..	৩০	৮	২৮	২	৭৫	১
(১৩) পশ্চিম দিনাজপুর .	৩০	১০	৪০	..	৬০	২
(১৪) দার্জিলিং ..	২৭	২৪	..	..	৬৭	৪
(১৫) জলপাইগুড়ি ..	৩৫	২৪	৩০	..	৭০	২
(১৬) কুচবিহার	৫৮	৫২	৫৪	১	৭৪	২
মোট ..	৭০০	৪০৮	৬০৮	৩৭	১০২৩	৪২

পরিশিষ্ট 'খ'

ক্রমিক সংখ্যা	প্রকল্পের নাম	শিক্ষকের বেতন ও ভতা ইত্যাদির পরিম
(১)	নৈশ বিদ্যালয় ...	নৈমিত্তিক ব্যয় বাবত প্রতি মাসে ৫ টাকা
(২)	স্বাক্ষরতা কেন্দ্র ...	(১) স্বাক্ষরতা শিক্ষক মাসে ১০ টাকা (২) নৈমিত্তিক ব্যয় মাসে ১৯ টাকা
(৩)	সমাজ শিক্ষাকেন্দ্র ...	(১) সমাজ শিক্ষক মাসে ৩ টাকা (২) স্বাক্ষরতা শিক্ষক মাসে ১০ টাকা (৩) নৈমিত্তিক ব্যয় মাসে ১০ টাকা
(৪)	বিদ্যালয় তথা সমাজ মিলন কেন্দ্র ..	(১) সমাজ শিক্ষক মাসে ৩৫ টাকা (২) স্বাক্ষরতা শিক্ষক মাসে ১০ টাকা (৩) নৈমিত্তিক ব্যয় মাসে ১০ টাকা
(৫)	এক শিক্ষক বিশিষ্ট পাঠশালা ...	(১) শিক্ষক প্রতি মাসে ৩০ টাকা (২) নৈমিত্তিক ব্যয় প্রতি বছর ১০০ টাক
(৬)	বয়স্ক উচ্চ বিদ্যালয় ...	(১) প্রধান শিক্ষক মাসে ১০০ টাকা (২) অপর ৪ জন শিক্ষক (যোগ্যতা অনুযায় মাসে ৫৫ টাকা থেকে ৭৫ টাকা (৩) পিওন মাসে ২০ টাকা (৪) নৈমিত্তিক ব্যয় মাসে ৫০ টাকা

ছাত্রাবাস

*১০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৫৭।) **শ্রীসামসুদ্দিন আহমদঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা বিশ্ববিদ্যালয়ে ও কলিকাতার বিভিন্ন কলেজে পাঠরত মুসলিম ছাত্রছাত্রীদের জন্য কয়টি ছাত্রাবাস আছে;

(খ) যতগুলি ছাত্রাবাস আছে তাহাতে চাহিদা অনুযায়ী ব্যবস্থা আছে কি;

(গ) না থাকিলে, মুসলিম ছাত্রছাত্রীদের থাকার চাহিদা মেটানোর জন্য নূতন ছাত্রাবাস নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে, পরিকল্পনাটি কি;

(ঘ) কারমাইকেল ছাত্রাবাসে কাহারা থাকিবার অধিকারী; এবং

(ঙ) ঐ ছাত্রাবাসে ছাত্রদের প্রয়োজনমত সমস্ত ব্যবস্থা যথা– জলসরবরাহ, আলো, টেলিফোন, লাইব্রেরী, খেলাধূলা ইত্যাদি আছে কিনা?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কেবলমাত্র মুসলিম ছাত্রদের জন্য তিনটি ছাত্রাবাস আছে; অন্যান্য কয়েকটি ছাত্রাবাসে অন্যান্যদের সহিত মুসলিম ছাত্রছাত্রীরা থাকিতে পারে।

(খ) চাহিদা অনুযায়ী ব্যবস্থা নাই এই মর্মে সরকারের নিকট কোন সংবাদ নাই।

(গ) প্রশ্নটি ওঠে না।

(ঘ) মুসলিম ছাত্ররা (পোস্ট গ্রাজুয়েট অ্যান্ড আণ্ডার গ্রাজুয়েট শ্রেণীর)।

(ঙ) হ্যাঁ।

বহরমপুর-আখেরীগঞ্জ বাসরুট

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮৫।) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বহরমপুর হ'তে আখেরীগঞ্জ রুটে মোট কতগুলি বাস যাতায়াত করে;

(খ) বাসগুলি নিয়মিতভাবে যাতায়াত করে কিনা এবং না করলে, এর কারণ কি;

(গ) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করেছেন;

(ঘ) সরকার কি অবগত আছেন যে, বহরমপুর-জংগীপুর রুটে 'স্টেটবাস' নিয়মিতভাবে যাতায়াত করে না;

(ঙ) অবগত থাকলে, এর কারণ কি; এবং

(চ) বহরমপুর-আখেরীগঞ্জ রুটে স্টেটবাস চালানোর কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকলে, কবে নাগাত চালু করা হইবে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নয়টি বাস।

(খ) যান্ত্রিক গোলযোগে সাময়িকভাবে বন্ধ হওয়া ছাড়া বাসগুলি নিয়মিত ভাবেই যাতায়াত করে।

(গ) এবং (ঙ) প্রশ্ন ওঠে না।

(ঘ) না, সরকার অবগত নহেন।

(চ) কোন পরিকল্পনা নাই।

সিনিয়র বেসিক ও জুনিয়র হাই স্কুলের প্রধান শিক্ষকদের বেতনের তারতম্য

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১৪।) **শ্রীকিংকর মাহাত:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের অনেক সিনিয়র বেসিক স্কুলের প্রধান শিক্ষক এম এ, বি টি-এর স্কেল পান; কিন্তু জুনিয়ার হাই স্কুলের প্রধান শিক্ষক এম এ, বি টি-এর স্কেল পান না; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ও (খ) হ্যাঁ। সিনিয়ার বেসিক স্কুলের গুরুত্ব বিচার করিয়া তাহাদের প্রধান শিক্ষক এবং প্রধান শিক্ষিকাদের ন্যূনতম গুণ এম এ, এম এস সি অথবা বি এ (অনার্স)/বি এস সি (অনার্স) এবং পি জি বি টি অথবা বি টি ডিগ্রী ধার্য করা হইয়াছে। কিন্তু জুনিয়ার হাইস্কুলের প্রধান শিক্ষক এবং প্রধান শিক্ষিকাদের ন্যূনতম গুণ তিন বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা সহ প্রশিক্ষণপ্রাপ্ত স্নাতক ডিগ্রী ধার্য করা হইয়াছে।

রায়না ২নং ব্লকের মৎস্যজীবীদের সরকারী সাহায্য

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২১।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার রায়না ২নং ব্লকে কতগুলি মৎস্যজীবীকে গত বৎসর (১৯৭২) সরকারী সাহায্য দেওয়া হয়েছে; এবং

(খ) ১৯৭৩ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে ঐ ব্লকে কতজন মৎস্যজীবীকে সাহায্য দেওয়া হয়েছে এবং অর্থ সাহায্যের পরিমাণ কত?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৭১-৭২ আর্থিক বর্ষে, অর্থাৎ ১৯৭১ সালের এপ্রিল মাস হইতে ১৯৭২ সালের মার্চ মাস পর্যন্ত সময়ের মধ্যে 'মৎস্যজীবী সম্প্রদায়ের কল্যাণ' প্রকল্প অনুযায়ী রায়না ২নং ব্লকের ৬ জন মৎস্যজীবীকে জাল প্রস্তুত করিবার জন্য অনুদান হিসাবে ৩৪১·০৪ টাকা মূল্যের মোট ২৭·৬ কিলোগ্রাম সূতা দেওয়া হয়। উক্ত সময়ে ঐ ব্লকের ২০ জন মৎস্যজীবীকে বন্যাত্রাণ প্রকল্প বাবত মোট ১,০০০ টাকা অনুদান দেওয়া হয়। ১৯৭২ সালের এপ্রিল হইতে ডিসেম্বরের মধ্যে ঐ ব্লকের কোনও মৎস্যজীবীকে ঋণ বা অনুদান দেওয়া হয় নাই।

(খ) ১৯৭৩ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে উক্ত ব্লকের মৎস্যজীবিগণকে কোন ঋণ বা অনুদান দেওয়া হয় নাই। ১৯৭২-৭৩ আর্থিক বর্ষে রায়না ২নং ব্লকের ৮ জন মৎস্যজীবিকে ১৭২·৫০ টাকা মূল্যের ১৩ ৮ কিলোগ্রাম জালের সূতা অনুদান হিসাবে দেওয়া হইবে বরাদ্দ আছে।

মুর্শিদাবাদ জেলায় খরার কাজে নিযুক্ত এল সি ই এবং এল এম ই পাশকরা ব্যক্তি

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০৮।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এই রাজ্যের মুর্শিদাবাদ জেলার জলঙ্গী, রানীনগর ১নং ও ২নং, লালগোলা, ডোমকল ইত্যাদি ব্লকে ড্রটের সময় ১৯৭২ সালে বেশকিছু সংখ্যক এল সি ই এবং এল এম ই পাশকরা লোককে অস্থায়িভাবে নিয়োগ করা হইয়াছিল,

(খ) সত্য হইলে, কোন্ ব্লকে এইরূপ কতজনকে নিয়োগ করা হইয়াছিল;

(গ) উক্ত কর্মচারীদের বেতন বাবত কোন পাওনা আছে কি; এবং

(ঘ) থাকিলে, (১) ব্লকওয়ারী বেতনের হিসাব ও (২) উক্ত টাকা দেবার কি ব্যবস্থা সরকার গ্রহণ করিতেছেন?

ত্রাণ এবং কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) মুর্শিদাবাদ জেলার প্রতি ব্লকে ২ জন করিয়া মোট ৫২ জনকে ত্রাণ কার্যের জন্য নিয়োগ করা হইয়াছিল।

(গ) উক্ত কর্মচারীদের বেতন বাবত কোন পাওনা নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

বাঁকুড়া জেলার গ্রন্থাগার কর্মচারীদের মাগ্‌গী ভাতা

***৯১১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫৫।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, অন্যান্য জেলা গ্রন্থাগারে লাইব্রেরী অ্যাটেনন্ডেন্ট ও ড্রাইভারগণ আট টাকা হারে মাগ্‌গী ভাতা পান; কিন্তু বাঁকুড়া জেলা গ্রন্থাগারের ঐ স্তরের কর্মীরা সাত টাকা হারে মাগ্‌গী ভাতা পান; এবং

(খ) অবগত থাকিলে, (১) ইহার কারণ কি; ও (২) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ। সম্প্রতি অবগত হইয়াছেন।

(খ) (১) কারণ অনুসন্ধান করা হইতেছে।

(২) বিস্তারিত অনুসন্ধানের পর এ বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

কলিকাতা-জলঙ্গী রুটে স্টেটবাস সার্ভিস

***৯১২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮১২।) **শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা হইতে জলঙ্গী পর্যন্ত ভায়া কৃষ্ণনগর, তেহট্ট ও করিমপুর রুটে সি এস টি সি হইতে বাস চালু করার কোন প্রস্তাব বিবেচনাধীন আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহা কার্যকরী হইবে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এইরূপ কোন প্রস্তাব বর্তমানে সি এস টি সি-র বিবেচনাধীন নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

কলেজ শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ড

***৯১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭১৫।) **শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বে-সরকারী ও স্পনসর্ড কলেজের শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ড এখন মাত্র শতকরা ৬¼ হারে কাটা হয়; এবং

(খ) অবগত থাকিলে, উহা বৃদ্ধি করার কোন প্রস্তাব সরকারের আছে কিনা?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) বর্তমানে নাই।

হুগলি জেলার চার নম্বর বাসরুট

*৯১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০১।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হুগলি জেলার চার নম্বর বাস রুটটি কোনরূপ অনুমোদন ব্যতীতই দুটি সম্পূর্ণ বিভিন্ন রুটে (৪নং লোকাল ও ৪নং মেল) চলাচল করে;

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন; এবং

(গ) উপরোক্ত ৪নং রুটে মোট বাসের সংখ্যা কত?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হুগলী আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষের অনুমোদন লইয়াই ৪নং রুটের বাস জনসাধারণের সুবিধার্থে দুইভাবে বিভক্ত হইয়া চলাচল করে—৪নং লোকাল রুট চুঁচুড়া হইতে মগরা স্টেশন ভায়া ত্রিবেণী; ৪নং মেল রুট চুঁচুড়া হইতে মেমারী ভায়া জি টি রোড।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) তেইশ।

আসানসোল ওল্ড স্টেশন হাইস্কুলের ম্যানেজিং কমিটি

*৯১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৭৩।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার আসানসোল ওল্ড স্টেশন হাইস্কুলের ম্যানেজিং কমিটি কতদিন পূর্বে অনুমোদিত হয়েছে এবং অনুমোদনের পর থেকে কোনও নির্বাচন অনুষ্ঠিত হয়েছে কিনা; এবং

(খ) বর্তমান ম্যানেজিং কমিটিতে কে কে (শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা সহ) আছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) আসানসোল ওল্ড স্টেশন হাইস্কুল ১৯৬৫ সালের ১লা জানুয়ারি হইতে দশক্লাস হাইস্কুল হিসাবে অনুমোদিত হইয়াছে এবং অনুমোদনের পর ১৯৬৫ সালের আগস্ট মাসে স্কুলের ম্যানেজিং কমিটি পুনর্গঠিত হইয়াছে। এখনও পর্যন্ত পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ এই ম্যানেজিং কমিটি অনুমোদন করে নাই, তবে এই কমিটিকে সাময়িকভাবে কাজ চালাইবার জন্য অনুমতি দিয়াছে।

(খ) ম্যানেজিং কমিটির সদস্যদের নামঃ—

(১) শ্রী এম এস চ্যাটার্জী, এ পি ও ইস্টার্ন রেলওয়ে—প্রেসিডেন্ট।

(২) শ্রী এন এন চৌধুরী, আই ও ডাবলু (রিটায়ার্ড), ইস্টার্ন রেলওয়ে—ভাইস প্রেসিডেন্ট।

(৩) শ্রী এইচ কে ঘোষ, গভর্নমেন্ট অডিটর—সেক্রেটারি।

(৪) শ্রী এ সি পাঠক, হেডমাস্টার—অ্যাসিস্টেন্ট সেক্রেটারী।

(৫) শ্রী জি সি মুখার্জী, অ্যাকাউন্টস ক্লার্ক, ইস্টার্ন রেলওয়ে—ফাউন্ডার।

(৬) শ্রীচিন্ময় সাধু, ডেপুটি এ আই অব স্কুলস্, গভর্নমেন্ট নমিনি।

(৭) শ্রী এস পি ভট্টাচার্য, কমার্সিয়াল চিফ ক্লার্ক, ইস্টার্ন রেল—গার্ডিয়ান।

(৮) শ্রী এস কে সরকার,, রেলওয়ে গার্ড—গার্ডিয়ান।

(৯) শ্রী পি জি সিং, ওস এস অফিস, ইস্টার্ন রেল—গার্ডিয়ান।

(১০) শ্রী পি সি দাস, রেলওয়ে ডাক্তার, ইস্টার্ন রেল—মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ।

(১১) শ্রী এ কে দত্ত, টিচার্স রিপ্রেজেন্টেটিভ।

(১২) শ্রীমতী রেখা রায়—টিচার্স রিপ্রেজেন্টেটিভ।

সদস্যদের শিক্ষাগত যোগ্যতা জানা নাই।

জবরদখল উদ্বাস্তু কলোনীর বৈধকরণ

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১১০।) **শ্রীতপন চ্যাটার্জী ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ১৯৫০ সালের পর যেসব জবরদখল কলোনী প্রতিষ্ঠিত হইয়াছে তাহার বৈধকরণ এবং উন্নয়নের জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন কি;

(খ) জবরদখল উদ্বাস্তু কলোনীর উন্নয়ন বাবত কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত অর্থ যাহাতে ঠিকভাবে কাজে লাগান যায় এ ব্যাপারে কোন বিশেষ পদ্ধতি সরকার গ্রহণ করেছেন কি; এবং

(গ) সরকারী স্পনসর্ড কলোনীর অসমাপ্ত উন্নয়ন সমাপ্তিকরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হাঁ, বিবেচনা করা হইতেছে।

(খ) হাঁ [illegible]।

(গ) উন্নয়ন [illegible] উর্ধসীমা বৃদ্ধিকরণের প্রচেষ্টা, উন্নয়নকার্য ত্বরান্বিত করিবার জন্য শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন অধিকারে একটি বাস্তুকার কক্ষ স্থাপন, সি এম ডি এ-র মাধ্যমে তাঁহাদের এলাকাভুক্ত কলোনীগুলির উন্নয়নের প্রচেষ্টা প্রভৃতি গৃহীত ব্যবস্থার মধ্যে অন্যতম।

পশ্চিম দিনাজপুর জেলায় ক্ষতিগ্রস্ত বিদ্যালয়ে সরকারী সাহায্য

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭৭।) **শ্রীপ্রবোধকুমার সিংহরায় ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় ঝড়বৃষ্টি, বন্যা ও অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত কতগুলি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং সিনিয়র মাদ্রাসা সরকারী সাহায্য পাইবার জন্য ১৯৭২-৭৩ সালে দরখাস্ত করিয়াছে ও তাহা সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) তন্মধ্যে কুমারগঞ্জ থানার আবেদনপত্র কত এবং কত আবেদনপত্র মঞ্জুর করা হইয়াছে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় ঃ

(ক)	প্রাথমিক বিদ্যালয়	..	..	৪৪টি
	মাধ্যমিক বিদ্যালয়	...	...	৩টি
	সিনিয়র মাদ্রাসা	...	...	১টি
(খ)	আবেদন পত্রের সংখ্যা—			
	প্রাথমিক বিদ্যালয়	...	.	৩টি
	মাধ্যমিক বিদ্যালয়	...	...	১টি
	সিনিয়র মাদ্রাসা	...	...	১টি

তিনটি প্রাথমিক বিদ্যালয়ের আবেদনপত্র মঞ্জুর করা হইয়াছে।

মেদিনীপুর জেলার ডি আই অব স্কুলস্-এর অফিসে শূন্য পদ

***৯১৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮৬।) **শ্রীরজনীকান্ত দলুই:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ডি আই অফ স্কুলস (সেকেন্ডারি)-এর অফিসে ৪ জন এ ডি আই-এর পোস্ট খালি পড়িয়া আছে; এবং

(খ) সত্য হইলে,—

(১) কতদিন যাবত উক্ত পদগুলি খালি পড়িয়া আছে,

(২) উক্ত পদগুলি খালি পড়িয়া থাকার কারণ কি, ও

(৩) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) মেদিনীপুর জেলায় কেবলমাত্র দুইটি এ ডি আই এ-র পদ আছে। তন্মধ্যে একটি পদ বর্তমানে খালি আছে।

(খ) (১) গত এক বৎসরের কিছু অধিক সময় যাবত উক্ত পদটি খালি পড়িয়া আছে।

(২) মহামান্য হাইকোর্টের অন্তবর্তী আদেশে ডি আই পদে সরাসরি নিয়োগ অনেক দিন ধরিয়া বন্ধ ছিল।

(৩) সম্প্রতি এই বাধা উঠিয়া যাওয়ায় পি এস সি কয়েকটি প্রার্থীর নাম সুপারিশ করিয়াছেন এবং এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

জুনিয়র হাইস্কুলের শিক্ষকশিক্ষিকাদের বেতন

***৯১৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৪৫।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, (১) একটি বিদ্যালয় জুনিয়র হাইস্কুল পর্যায়ে থাকাকালীন সেই স্কুলের শিক্ষকশিক্ষিকারা বেতনের একটা অংশ এবং থোক অনুদান সাহায্য হিসাবে সরকার হইতে পাইয়া থাকেন, ও (২) সেই বিদ্যালয়টি হাইস্কুলে উন্নীত করা হইলে এইরকম সমস্ত সাহায্য বন্ধ করিয়া দেওয়া হয়; এবং

(খ) সত্য হইলে, (১) ইহার কারণ কি, ও (২) এ বিষয়ে বর্তমান সরকারের কোন পরিকল্পনা আছে কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) (১) প্রতি শিক্ষক শিক্ষিকা সরকারের নিকট হইতে ইনক্রিমেন্ড সেলারি হিসাবে বেতনের একটি অংশ পান এবং বিদ্যালয় লাম্প গ্র্যান্ট হিসাবে অনুদান পান।

(২) ইহা সত্য। তখন শিক্ষকগণ কেবলমাত্র দুর্মূল্য ভাতা পান।

(খ) (১) জুনিয়ার হাইস্কুল উন্নীত হওয়ার পর হাইস্কুলে প্রদেয় অনুদান নীতির আওতায় আসে। অর্থাভাবের দরুন উন্নীত সমস্ত হাইস্কুলকে ঘাটতিভিত্তিক অথবা থোক অনুদান দেওয়া সম্ভব হয় নাই।

(২) ১লা জানুয়ারি, ১৯৭০ তারিখ পর্যন্ত অনুমোদিত হাই ও হাইয়ার মাধ্যমিক বিদ্যালয়-গুলিকে ১লা মে, ১৯৭২ তারিখ হইতে "বেতন ঘাটতি" প্রকল্পের আওতায় আনা হইয়াছে।

কলিকাতা ট্রামওয়েজ কোম্পানী

***৯২০।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৫৩।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ট্রামওয়ে কোম্পানীর অধীনে বর্তমানে কতগুলি ট্রাম আছে;

(খ) ইহার মধ্যে কতগুলি (১) চালু এবং (২) অকেজো আছে;

(গ) উক্ত কোম্পানীতে বর্তমানে কতজন কোন্ কোন্ শ্রেণীর কর্মচারী নিযুক্ত আছেন;

(ঘ) ইহা কি সত্য যে, গত ১৫ বৎসর ধরিয়া কলিকাতা কর্পোরেশন ট্রাম কোম্পানীর নিকট হইতে তাঁহাদের প্রাপ্য টাকা পাইতেছেন না;

(ঙ) সত্য হইলে, ইহার কারণ কি এবং উক্ত টাকা আদায়ের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন;

(চ) সরকার কি অবগত আছেন যে, যেসকল রাস্তায় ট্রাম লাইন বসানো হইয়াছে সেই রাস্তাগুলি মেরামতের অভাবে জনসাধারণের খুবই কষ্ট হইতেছে; এবং

(ছ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৪৬১টি।

(খ) (১) ৪৫৮টি এবং (২) ৩টি।

(গ) বিভিন্ন শ্রেণীর কর্মচারীর সংখ্যা নিম্নে দেওয়া হইলঃ—

অফিসার	...	...	২১
সুপারভাইজার	...	...	২১৭
করণিক	...	...	৮৭৪
ট্রাফিক	...	...	৫,০৭৩
ওয়ার্কশপ ও ইঞ্জিনিয়ারিং	...	...	৩,০৪৯
চতুর্থ শ্রেণী	...	...	১০০১
		মোট	১০.২৩৫

(ঘ) না।

(ঙ) প্রশ্ন উঠে না।

(চ) ইহা সত্য নয় যে, ট্রাম লাইন বসানো রাস্তা মাত্রই মেরামতের প্রয়োজন।

(ছ) যেসকল ট্রাম লাইন বসানো রাস্তার অংশ ট্রাম কোম্পানীর দ্বারা মেরামতের প্রয়োজন সেগুলি যতদূর সম্ভব তাড়াতাড়ি মেরামত করা হয়।

পতিতাদের আর্থিক ও সামাজিক প্রতিষ্ঠা

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯৮।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার হইতে পতিতাদের লাইসেন্স দেওয়া হয় কিনা এবং হইলে, বর্তমানে লাইসেন্স-প্রাপ্ত পতিতাদের সংখ্যা কত;

(খ) এই পতিতাদের আর্থিক ও সামাজিক প্রতিষ্ঠার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) থাকিলে, তাহা কি কি?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না, এ প্রশ্ন উঠে না।

(খ) ও (গ) (ক)-এর পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না। তবে পতিতাবৃত্তি নিরোধ আইনে আটক পতিতাদের রাখার জন্য ৩টি জেলা-আবাস ও [illegible]টি উদ্ধারাশ্রম আছে। উক্ত পতিতাদিগকে সমাজে প্রতিষ্ঠিত করার জন্য এই জেলা আবাস ও উদ্ধারাশ্রম গুলিতে নানারূপ বৃত্তিমূলক শিক্ষাদান ও মানসিক উন্নতির জন্য নানারূপ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

রাজ্য পরিবহণ কমিটিতে জেলাপ্রতিনিধি

*১২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৮১৩।) **শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রত্যেক জেলা হইতে স্টেট ট্রান্সপোর্ট কমিটিতে সদস্য নেওয়া হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, সদস্যদের কিভাবে ও কিসের ভিত্তিতে নেওয়া হইয়াছে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই রাজ্যের বর্তমান রাজ্য পরিবহণ কর্তৃপক্ষ ১৯৭১ সালের জুলাই মাসে পুনর্গঠিত হইয়াছিল, ইহাতে প্রত্যেক জেলার প্রতিনিধি সদস্য হিসাবে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

অর্গানাইজড্ প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ

*১২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০১৩।) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অর্গানাইজড্ প্রাথমিক বিদ্যালয়ে মাত্র তিনজন ক'রে শিক্ষক নিয়োগের বিষয় সরকার সিদ্ধান্ত লইয়াছেন;

(খ) সত্য হইলে, কিসের উপর ভিত্তি করিয়া এইরূপে সিদ্ধান্ত লওয়া হইয়াছে;

(গ) সরকার কি অবগত আছেন যে, ৪০ জন ছাত্রের জন্য একজন ক'রে শিক্ষক হিসাবে ৫-৬ জন শিক্ষক অনেক অর্গানাইজড্ প্রাথমিক বিদ্যালয়ে কাজ করিতেছেন; এবং

(ঘ) অবগত থাকিলে, ঐ শিক্ষকদের বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) গ্রামাঞ্চলে বিদ্যালয়ের ক্ষেত্রে সত্য। তবে শহরাঞ্চলে বিদ্যালয়ে ৪ জন করিয়া শিক্ষক নিয়োগ করা হয়।

(খ) প্রারম্ভিক অবস্থায় অধিকাংশ বিদ্যালয়েই ছাত্রসংখ্যার ভিত্তিতে ইহা অপেক্ষা অধিক শিক্ষক প্রাপ্য হয় না। শহরাঞ্চলের বিদ্যালয়গুলিতে তুলনামূলক হিসাবে ছাত্রের ভীড় বেশি।

(গ) হ্যাঁ।

(ঘ) মঞ্জুরীদানের পরবর্তীকালে যদি দেখা যায় যে, ছাত্রসংখ্যার প্রকৃত হিসাব অনুযায়ী অধিকতর সংখ্যক প্রাপ্য হইতেছে তবে বিদ্যালয়গুলিতে অধিকতর সংখ্যার শিক্ষক (অ্যাডিশনাল টিচার্স) দেওয়ার ব্যবস্থা আছে। অনুমোদিত শিক্ষক ব্যতীত অন্য কেহ অনুমোদিত বিদ্যালয়ে কাজ করিতে পারিবেন না এই মর্মে জেলা বিদ্যালয় পর্ষদসমূহকে নির্দেশ দেওয়া হইয়াছে।

সোদপুর ডেভেলপমেন্ট স্কীম ব্লক "সি"-তে স্পনসর্ড কলোনীর উন্নয়ন

***৯২৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২১১১।) **শ্রীতপন চ্যাটার্জীঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ২৪-পরগনা জেলার সোদপুর ডেভেলপমেন্ট স্কীম ব্লক 'সি'-তে যে সরকারী স্পনসর্ড কলোনী আছে তাতে প্রায় সাতশত উদ্বাস্তু পরিবারের বাস এবং উক্ত কলোনীর জমির মূল্য ও উন্নয়নের জন্য কয়েক লক্ষ টাকা সরকার ব্যয় করা সত্ত্বেও, উক্ত কলোনীর উন্নয়ন হয় নাই, এবং

(খ) অবগত থাকিলে, (১) ইহার কারণ কি, ও (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ভূমি অধিগ্রহণের কাজ অসম্পূর্ণ থাকাই ইহার কারণ।

(২) ভূমি অধিগ্রহণের কাজ সত্বর সম্পূর্ণ করিবার চেষ্টা চলিতেছে।

মেদিনীপুর জেলায় প্রাথমিক শিক্ষকদের শূন্য পদ

***৯২৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৬৩।) **শ্রীরজনীকান্ত দলুইঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় প্রাথমিক শিক্ষকদের কতগুলি পদ শূন্য আছে (১০ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত);

(খ) উক্ত পদগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন; এবং

(গ) কতদিনের মধ্যে উক্ত শূন্য পদগুলি পূর্ণ করা সম্ভব হইবে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭১-৭২ পর্যন্ত অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়ে শূন্যপদের সংখ্যা নিম্নরূপঃ—

স্থায়ী শূন্য পদ	২৫০
অস্থায়ী (অর্থাৎ শিক্ষণ লাভের উদ্দেশ্যে প্রেরিত শিক্ষকের স্থলে) শূন্যপদ	২৭৭
মোট	৫২৭

(খ) জেলা বিদ্যালয় পর্ষদ শিক্ষক পদপ্রার্থীদের নির্বাচনের কাজ আরম্ভ করিয়াছেন। নির্বাচিত প্রার্থীদের তালিকা অনুমোদন লাভের পর জেলা পর্ষদ শিক্ষক নিয়োগের ব্যবস্থা করবেন।

(গ) জেলা বিদ্যালয় পর্ষদ কর্তৃক নির্বাচনকার্য সমাপ্তির উপর ইহা নির্ভরশীল। নির্বাচন-কার্য ত্বরান্বিত করার জন্য নির্দেশ দেওয়া হইতেছে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

পশ্চিম দিনাজপুর জেলায় প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পুনর্বাসন

৪৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫১।) **শ্রীপ্রবোধকুমার সিংহরায়ঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় (১) বন্যা, (২) আগুন ও (৩) নদীর ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত কত ব্যক্তির পুনর্বাসন সাহায্য ও ঋণের আবেদনপত্র এখনও সরকারের বিবেচনাধীন রহিয়াছে;

(খ) তন্মধ্যে কুমারগঞ্জ থানা সহ বালুরঘাট থানার পতিরামপুর অঞ্চল, নাজিরপুর অঞ্চল ও গঙ্গারামপুর থানার জাহাঙ্গীরপুর, বাসুরিয়া, চালুন, অশোকগ্রাম ও উদয় অঞ্চলের আবেদনকারীর সংখ্যা কত; এবং

(গ) তাহাদের মধ্যে মৎস্যজীবী, চাষী বা কৃষক কত এবং রবিদাস ও আদিবাসী কত?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক)

ক্ষতির কারণ	সরকারের বিবেচনাধীন পুনর্বাসন সাহায্য আবেদনকারীর সংখ্যা	সরকারের বিবেচনাধীন ঋণের আবেদনকারীর সংখ্যা
১। বন্যা	৪,৯০৩	...
২। আগুন	১,১৯১	১২
৩। নদীর ভাঙ্গন	...	...

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। (বিবরণী নং ১)

(গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। (বিবরণী নং ২)

রামনগর ১নং ও ২নং ব্লকে গভীর নলকূপ

৪৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০০৩।) **শ্রীহেমন্ত দত্তঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালের মধ্যে রামনগর ১নং ও ২নং ব্লকে কোন গভীর নলকূপ বসাবার পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকিলে, কোন্ ব্লকের কোন্ স্থানে এবং কবে নাগাত এ নলকূপ বসানোর কাজ আরম্ভ হবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

পুরুলিয়া জেলা থেকে কেন্দুপাতা বাবত আয়

৪৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৫।) **শ্রীশীতলচন্দ্র হেমব্রমঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার কোন্ রেঞ্জ থেকে বেশী কেন্দুপাতা পাওয়া যায় এবং কেন্দুপাতা থেকে সরকারের বৎসরে কত আয় হয়; এবং

(খ) উক্ত কেন্দুপাতা সংরক্ষণের ব্যাপারে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বান্দোয়ান রেঞ্জ হইতে। পুরুলিয়া জেলা হইতে কেন্দু-পাতা বাবত বার্ষিক আয়ের পরিমাণ টাকা ১,৬৭,৪৯২·০০।

(খ) বনকর্মিগণ কেন্দুবৃক্ষ সহ সমস্ত জঙ্গলই রক্ষণাবেক্ষণ করিয়া থাকেন।

কলিকাতা পৌরসভা কর্তৃক পানীয় জল সরবরাহ

৪৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯০।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা পৌরসভা হইতে প্রতিদিন কত গ্যালন জল সরবরাহ করা হয়;

(খ) এই জল কোথা হইতে সরবরাহ করা হইয়া থাকে;

(গ) কত গ্যালন পানীয় জল প্রতিদিন অপচয় হয়;

(ঘ) উক্ত জল অপচয়ের ফলে দৈনিক কত টাকা লোকসান হয়;

(ঙ) উক্ত পানীয় জল অপচয়ের কারণ কি কি; এবং

(চ) ১৯৭১ এবং ১৯৭২ সালে কলিকাতা শহরে রাস্তার কলের সংখ্যা কত ছিল?

পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) প্রতিদিন ১৪৬ মিলিয়ন গ্যালন জল সরবরাহ করা হয়।

(খ) এই জল পলতা টালা পাম্পিং স্টেশন এবং শহরের বিভিন্ন জায়গায় অবস্থিত গভীর ও অগভীর নলকূপ হইতে সরবরাহ করা হইয়া থাকে।

(গ) ২৯·২ মিলিয়ন গ্যালন পানীয় জল প্রতিদিন অপচয় হয়।

(ঘ) অপচয়ের ফলে দৈনিক প্রায় ২,৯৫৪ টাকা লোকসান হয়।

(ঙ) বিভিন্ন কারণে জল অপচয় হয়; যথাঃ -

(১) রাস্তার কলের মুখ ঘন ঘন চুরি যাওয়ায়;

(২) মাটির নীচে জলের পাইপে ফুটো হয়ে যাওয়ায়; এবং

(৩) জল বিনা প্রয়োজনে পড়িয়া গেলেও বাড়ির কলের মুখ বন্ধ না করায়।

(চ) বর্তমানে ৮,৩৭০টি।

পৌরসভার আবর্জনাবাহী গাড়ি

৪৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯১।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা পৌরসভার ১৯৭৩ সালের ২৮এ ফেব্রুয়ারি তারিখে কতগুলি আবর্জনাবাহী গাড়ি ছিল;

(খ) উহাদের মধ্যে সচল এবং অচল গাড়ির সংখ্যা কত;

(গ) রাজ্য সরকারের পৌরসভার গাড়ি মেরামতের জন্য বাৎসরিক কত টাকা বরাদ্দ আছে;

(ঘ) উক্ত গাড়িগুলির রক্ষণাবেক্ষণের জন্য কতজন কর্মচারী নিযুক্ত আছে; এবং

(ঙ) সি এম ডি এ পৌরসভাকে গাড়ির জন্য ১৯৭২-৭৩ সালে কত টাকা দিয়াছে?

পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ২৫০টি।

(খ) সচল গাড়ির সংখ্যা—১০৮ এবং অচল গাড়ির সংখ্যা—১৪২।

(গ) পৌরসভার গাড়ি মেরামতের জন্য রাজ্যসরকারের বাৎসরিক কোন টাকা বরাদ্দ নেই।

১৯৭২-৭৩ সালে গাড়ি মেরামত ইত্যাদির জন্য পৌরসভা মোট ১৩ লক্ষ ৩০ হাজার টাকা বরাদ্দ করেছে।

(ঘ) ৩৬৯ জন।

(ঙ) ১৯৭২-৭৩ সালে সি এম ডি এ কলিকাতা পৌরসভাকে আবর্জনা পরিষ্কার করা, গাড়ি কেনা ইত্যাদির জন্য ৫ লাখ টাকা দিয়েছেন।

কলিকাতা পৌর এলাকায় বন্ধনহীন গরু ও ষাঁড়

৪৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১৮।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সাল হইতে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত কলিকাতা পৌর এলাকায় ছাড়া ষাঁড় ও গরুর আক্রমণে কতজন পথচারী আহত হয়েছেন; এবং

(খ) ছাড়া ষাঁড় ও গরুর আক্রমণ হতে পথচারীদের রক্ষার জন্য সরকারের কি ব্যবস্থা আছে?

পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কলিকাতা পৌরসভার এই সম্পর্কে কোন তথ্য রাখার পদ্ধতি নাই। সরকারের পুলিস বিভাগ এই সম্পর্কে কোন তথ্য রাখেন কিনা তাহা এখনও ঐ বিভাগ হইতে পাওয়া যায় নাই।

(খ) কলিকাতা পৌরসভার কোন ব্যবস্থা নাই। পৌরসভা হইতে জানা গেল যে ছাড়া ষাঁড় ও গরু ধরার জন্য কলিকাতা পুলিসের একটি স্কোয়াড আছে। এই সম্পর্কে বিস্তারিত খবর এখনও পুলিস বিভাগ হইতে পাওয়া যায় নাই।

খরার সময় পানীয়জলের টিউবওয়েল তত্ত্বাবধায়ক নিয়োগ

৪৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪৬।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭২ সালে ড্রটের সময় পানীয় জলের টিউবওয়েল তদারকির জন্য বেশ কিছু সংখ্যক এল এম ই পাশ করা এস এ ই-কে দৈনিক বেতনের ভিত্তিতে এই রাজ্যে বিভিন্ন জেলায় নিয়োগ করা হইয়াছিল;

(খ) সত্য হইলে কোন্ জেলায় কতজন এই প্রকার কর্মচারী নিয়োগ করা হইয়াছিল;

(গ) ঐ সমস্ত এস এ ই-দের কোন্ জেলায় কত টাকা পাওনা আছে; এবং

(ঘ) তাঁহাদেব এ টাকা দেবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) মেদিনীপুরে ৬ জন, হুগলীতে ৮ জন, মুর্শিদাবাদে ৬১ জন, বাঁকুড়ায় ৫ জন, কুচবিহারে ১৪ জন এবং পশ্চিম দিনাজপুরে ১ জন।

(গ) মুর্শিদাবাদ জেলায় ৭০,২৬৪·০০ টাকা, কুচবিহার জেলায় ৩৫০·০০ টাকা।

(ঘ) তাঁহাদের পাওনা শীঘ্র মিটিয়ে দেবার জন্য সংশ্লিষ্ট অফিসার, জনস্বাস্থ্য বিভাগের চীফ ইঞ্জিনীয়ারকে নির্দেশ দেওয়া হয়েছে।

জেলা হইতে খোয়া যাওয়া অস্ত্রশস্ত্র ও মারণাস্ত্র উদ্ধার

৪৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮৫।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

১৯৭৩ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে বিভিন্ন জেলা হইতে—

(১) কতগুলি, (তাহাদের বিবরণ সহ) অস্ত্রশস্ত্র ও অন্যান্য মারণাস্ত্র খোয়া গিয়াছে;

(২) তাহাদের মধ্যে কতগুলি (বিবরণ সহ) পুনরুদ্ধার করা হইয়াছে; এবং

(৩) এ সম্পর্কে কতজন ব্যক্তি ধৃত হইয়াছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (১)

জেলা	জানুয়ারি ১৯৭৩	ফেব্রুয়ারি ১৯৭৩
(১) বর্ধমান ..	.. ডি বি বি এল বন্দুক--৩টি	.. ..
জলপাইগুড়ি ..	.. রাইফেল--১টি ..	.. ..
২৪-পরগনা ..	.. এস্ বি বি এল বন্দুক--১টি	.. রিভলবার--১টি ডি বি বি এল বন্দুক--১টি
দার্জিলিং ..	.. .. ..	.. ডি বি বি এল বন্দুক--১টি পিস্তল--১টি
নদীয়া ..	.. .. ..	.. ডি বি বি এল বন্দুক--১টি
পশ্চিম দিনাজপুর	. .. ..	.. ডি বি বি এল বন্দুক--২টি এস্ বি বি এল বন্দুক--১৬টি এয়ার গান--১ এস্ বি এস্ এল বন্দুক--১টি
হাওড়া জি আর পি	.. .. ..	.. রিভলবার--১টি

জেলা	জানুয়ারি ১৯৭৩	ফেব্রুয়ারি ১৯৭৩
(২) বর্ধমান ..	.. ডি বি বি এল বন্দুক--১টি	..
২৪-পরগনা ..	.. এস্ বি বি এল্ বন্দুক--১টি	..
দার্জিলিং ..	.. .. ..	.. ডি বি বি এল্ বন্দুক--১টি পিস্তল--১টি
পশ্চিম দিনাজপুর	.. .. ..	.. এস্ বি বি এল্ বন্দুক--২টি এস্ বি এস্ এল্ বন্দুক--১টি এয়ার গান--১টি

(৩) জানুয়ারি ১৯৭৩—১১ জন ও ফেব্রুয়ারি ১৯৭৩—৩৬ জন।

Longview Tea Estate

443. *(Admitted question No. 1295.)* **Shri A. H. Besterwitch:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact that—

(i) Longview Tea Estate under Pankhabari P.O. in Kurseong Sub-division of Darjeeling district was registered with Tea Board as Terai Estate under Excise Zone I,

(ii) this tea garden later went to Excise Zone III, and

(iii) reclassification of Longview as Terai Estate under Zone I was accepted by the Tea Board;

(b) if so, what was the losses to the labourers of the garden during the period between going into Zone III and in coming back to Zone I; and

(c) the action taken by the Government in this regard?

The Minister for Labour: (a)(i) Originally Longview Tea Estate was registered with Tea Board as a Terai Garden before the Zonal System of Excise Duty came into being.

(ii) The garden was transferred to Darjeeling at its own request with effect from the 13th August, 1958.

(iii) The matter is sub-judice before the Hon'ble High Court at Calcutta.

(b) Does not arise in view of reply to (a)(iii) above.

(c) Does not arise.

টালির নালা হইতে গড়িয়া রেল ব্রীজ পর্যন্ত খাল

৪৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২৮।) **শ্রীকংসারি হালদার:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) টালির নালা হইতে গড়িয়া রেল ব্রীজ পর্যন্ত যে খালটি সংস্কার করা হইয়াছে তাহা শামুকপোতা, আড়পাঁচা পর্যন্ত কাটার কোন পরিকল্পনা আছে কিনা;

(খ) ইহা কি সত্য যে, গড়িয়া অঞ্চলে গত কয়েক বৎসর যাবত জলনিকাশী ব্যবস্থা না থাকার ফলে উক্ত এলাকা বর্ষার সময় ভাসিয়া যায়; এবং

(গ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এ সম্বন্ধে প্রয়োজনীয় জরিপ ও অনুসন্ধান কার্য চলিতেছে। উহা শেষ না হওয়া পর্যন্ত কিছু বলা সম্ভবপর নয়।

(খ) হ্যাঁ।

(গ) (১) ইস্টার্ন চ্যানেল যাহা কেওড়াপুকুর স্কীমের অন্তর্গত ও যাহা খনন করিলে আংশিক সুরাহা হইবে তাহা জনসাধারণের আপত্তিতে এখনও খনন করা যায় নাই।

(২) আদি গঙ্গা খাল খনন করা হইয়াছে, ইহাতে এই বৎসর কিছু সুরাহা হইবে।

(৩) গড়িয়া হইতে শামুকপোতা পর্যন্ত আদি গঙ্গার দুই তীরে বাঁধ বাঁধার পরিকল্পনা **সরকারের বিবেচনাধীন আছে।**

জেলাওয়ারী ক্ষুদ্র কুটিরশিল্প

৪৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০০।) **শ্রীফণীভূষণ সিংহবাবু:** কুটির এবং ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় কয়টি করিয়া ক্ষুদ্র কুটিরশিল্প স্থাপন করা হইয়াছে; এবং

(খ) উহাতে কতজন শিক্ষিত বেকারের কর্মসংস্থান হইয়াছে?

কুটির এবং ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এপ্রিল ১৯৭২ হইতে ফেব্রুয়ারি ১৯৭৩ পর্যন্ত সারা পশ্চিমবঙ্গে মোট ১,৭৪৪টি ক্ষুদ্র শিল্প স্থাপন করা হইয়াছে। ইহার জেলাওয়ারী হিসাব নিম্নরূপ—

জেলা		ইউনিট সংখ্যা
১। কলিকাতা	...	৩৫৩
২। নদীয়া	...	১৫২
৩। মুর্শিদাবাদ	...	৮১
৪। হাওড়া	...	৮৩
৫। জলপাইগুড়ি	...	৯৯
৬। বীরভূম	...	৫২
৭। হুগলী	...	১১১
৮। কুচবিহার	...	৫৩
৯। ২৪-পরগনা	...	১১৭
১০। বর্ধমান	...	১০৩
১১। বাঁকুড়া	...	৫৮
১২। মেদিনীপুর	...	১২১
১৩। পুরুলিয়া	...	৪৮
১৪। পশ্চিম দিনাজপুর	...	৪০
১৫। দার্জিলিং	...	১০৩
১৬। মালদহ	...	৬০
	মোট	১,৭৪৪

ইহা ছাড়া ১৯৭২-৭৩ সালে স্থাপিত অন্যান্য কুটিরশিল্পের সংখ্যা সঠিক জানা নাই।

(খ) উল্লিখিত শিল্পগুলিতে মোট ১১,৫২১ জন কর্মীর কর্মসংস্থান হইয়াছে। উহাতে কতজন শিক্ষিত বেকারের কর্মসংস্থান হইয়াছে তাহা সঠিক জানা নাই।

কংসাবতী প্রকল্পে সেচসেবিত জমি

৪৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩১।) **শ্রীরজনীকান্ত দোলুই:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কংসাবতী প্রকল্পের মাধ্যমে বর্তমানে কত একর জমিতে জলসেচ করা সম্ভব হইয়াছে;

(খ) জমিগুলি কোন্ কোন্ জেলার কোন্ কোন্ থানার অন্তর্গত; এবং

(গ) আগামী ১৯৭৩-৭৪ আর্থিক বর্ষে আর কত একর জমিতে জল সরবরাহ করা সম্ভব হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৩৪৪,৭৩৯ একর।

(খ)—

(১) বাঁকুড়া জেলার খাতরা, ইদপুর, বাঁকুড়া, তালডাংরা, সিমলাপাল, ওনদা, বিষ্ণুপুর, জয়পুর, কোতলপুর এবং রায়পুর থানা;

(২) মেদিনীপুর জেলার গড়বেতা, শালবনী, কেশপুর, মেদিনীপুর, চন্দ্রকোনা এবং বীনপুর থানা; ও

(৩) হুগলী জেলার গোঘাট থানা।

(গ) আরও ১০৫,২৬১ একর জমিতে জলসেচের পরিকল্পনা আছে।

নয়াগ্রাম থানা অঞ্চলে লাইসেন্সপ্রাপ্ত মদের দোকান

৪৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১০১।) **শ্রীদাশরথি সরেনঃ** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় নয়াগ্রাম থানায় কয়টি লাইসেন্সপ্রাপ্ত পচাই এবং মদের দোকান রহিয়াছে;

(খ) বর্তমান সরকার নয়াগ্রাম থানায় কোন লাইসেন্স দিয়াছেন কিনা;

(গ) লাইসেন্স দিয়া থাকিলে, কবে দিয়াছেন; এবং

(ঘ) বর্তমান সরকার ১৪ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত সারা পশ্চিম বাংলায় মোট কয়টি পচাই বা মদের দোকানের জন্য লাইসেন্স দিয়াছেন?

আবগারী বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই পরিসংখ্যান মেদিনীপুর জেলা হইতে সংগৃহীত হইলে উপস্থাপিত করা হইবে।

(খ) না, ১৯৭২-৭৩ সালে নয়াগ্রামে কোন নূতন আবগারী লাইসেন্স মঞ্জুর করা হয় নাই।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) বর্তমান সরকার ১৪ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত সারা পশ্চিম বাংলায় ৬টি পচাই মদের, ৮৩টি দেশী মদের ও ৩১টি বিদেশী মদের (ফরেন লিকার) দোকানের জন্য লাইসেন্ত মঞ্জুর করিয়াছেন।

ঈসাবী ম্যাচ ফ্যাক্টরি

৪৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪২।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ঈসাবী ম্যাচ ফ্যাক্টরি (মানিকতলা) প্রায় আড়াই বছর বন্ধ হয়ে আছে;

(খ) সত্য হলে, (১) বন্ধ থাকার কারণ কি; (২) এই কারখানায় কতজন শ্রমিক কাজ করত; এবং

(গ) ওই কারখানা চালু করার জন্য সরকার কোন ব্যবস্থা করছেন কি?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, ঈসাবী ম্যাচ ফ্যাক্টরি ১৫ই মে, ১৯৬৯ তারিখ হইতে বন্ধ আছে।

(খ) (১) অন্যান্য কারণের মধ্যে দেনার দায়, অর্থাভাব ও দক্ষিণ ভারতের কুটিরশিল্পের দেশলাইয়ের তীব্র প্রতিযোগিতা উল্লেখ করা যায়। (২) ৬৮৪ জন।

(গ) ঐ কারখানার মালিকপক্ষকে পুনর্গঠন সাহায্যের জন্য ইন্ডাস্ট্রিয়াল রিকনস্ট্রাকসন কর্পোরেশনের নিকট আবেদন করিতে বলা হইয়াছে। কেন্দ্রীয় সরকার এইরূপ সংস্থার পরিচালনা অধিগ্রহণের পক্ষপাতী নহেন এবং সেই কারণে তাঁহারা আইনানুগ অনুসন্ধানের আদেশ দিতে সম্মত হন নাই।

মুর্শিদাবাদ জেলায় জেলা পরিষদের রাস্তা

৪৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫৫।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমান আর্থিক বছরে ২৮এ ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত জেলা পরিষদের কয়টি রাস্তায় জেলা পরিষদ হতে মাটি তোলা হয়েছে;

(খ) রাস্তায় মাটি তোলা বাবত মোট কত টাকা বরাদ্দ আছে এবং উক্ত সময় পর্যন্ত মোট কত টাকা ব্যয় হয়েছে; এবং

(গ) ভগবানগোলা থানায় খড়িবোনা জিয়াগঞ্জ জেলা পরিষদের রাস্তায় মাটি তোলা বাবত কত টাকা বরাদ্দ আছে এবং বরাদ্দ টাকার সবটাই খরচ হয়েছে কিনা?

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১১৩টি রাস্তায়।

(খ) ১১৩টি প্রকল্পের জন্য বরাদ্দকৃত মোট টাকার পরিমাণ ১,৭৪,৮০০। তন্মধ্যে ৫৩টি প্রকল্পের জন্য ২৮এ ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখ পর্যন্ত মোট ৫৫,১৯৫ টাকা ব্যয় হইয়াছে।

(গ) এই রাস্তার কোলান-রাধাকান্তপুর হইতে নসীপুর এবং আমডহরা হইতে কোলান-রাধাকান্তপুর পর্যন্ত অংশের জন্য যথাক্রমে ৫,০০০ এবং ২,০০০ টাকা বরাদ্দ করা হইয়াছে এবং তন্মধ্যে ১,০০৪ টাকা মাত্র ব্যয় করা হইয়াছে।

রানাঘাটে মহকুমা হাসপাতাল

৪৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১৩।) **শ্রীনিতাইপদ সরকার:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রানাঘাটে একটি মহকুমা হাসপাতাল নির্মিত হইতেছে;

(খ) সত্য হইলে, ইহার কাজ কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(গ) কতদিনের মধ্যে উক্ত হাসপাতালের নির্মাণকার্য সম্পন্ন হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) এবং (গ) আশা করা যায় আগামী ৩।৪ মাসের মধ্যে নির্মাণকার্য শেষ হয়ে যাবে।

হুগলি জেলায় সরস্বতী নদী সংস্কার পরিকল্পনা

৪৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৮।) **শ্রীবলাইলাল শেঠ:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি হুগলি জেলায় সরস্বতী নদী সংস্কারের পরিকল্পনা গ্রহণ করিয়াছেন;

(খ) করিয়া থাকিলে, পরিকল্পনার বিস্তৃত বিবরণ; এবং

(গ) পরিকল্পনার কাজ কবে নাগাত আরম্ভ ও শেষ হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) "ঘিয়া-কুন্তী বেসিন ড্রেনেজ" প্রকল্পটি স্টেট টেকনিক্যাল কমিটি অনুমোদন করিয়াছে। সরস্বতী নদীর উপরের অংশের (অর্থাৎ সরস্বতী নদীর ও পাশের খালের সংযোগস্থল হইতে ত্রিবেণীর নিকট সরস্বতী ও হুগলি নদীর সংযোগস্থল পর্যন্ত) সমস্যার কথা উপরোক্ত প্রকল্পে বিবেচনা করা হইয়াছে।

সরস্বতী নদীর উপরের অংশের সংস্কারের জন্য উপরোক্ত প্রকল্পে নিম্নলিখিত কাজগুলি করা হইবেঃ—

(১) কুন্তী নদীর সঙ্গে সরস্বতীকে যোগ করিয়া একটি নিউ কাট চ্যানেল খনন করা হইবে;

(২) নিউ কাট খাল ও সরস্বতীর সংযোগস্থল হইতে সরস্বতী ও হুগলি নদীর সংযোগ-স্থল পর্যন্ত সরস্বতী নদীর অংশটুকু রিসেকশনিং করা হইবে।

(৩) সরস্বতী ও হুগলি নদীর সংযোগস্থলের নিকট সরস্বতী নদীর উপর একটি স্লুইস নির্মাণ করা হইবে।

(৪) উক্তর সরস্বতীর অবশিষ্ট অংশের রিসেকশনিং করা হইবে।

এই প্রকল্প রচনার কাজ সম্পূর্ণ না হওয়া পর্যন্ত সরস্বতী নদীর নিম্ন অংশের সংস্কারের প্রকল্পের বিবরণ দেওয়া সম্ভব নহে।

(গ) এখন বলা সম্ভব নহে।

হবিবপুর রিক্‌শা স্ট্যান্ড হইতে তারাপুর বটতলা পর্যন্ত রাস্তা

৪৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫২।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার রানাঘাট ১নং ব্লক অধীন হবিবপুর রিক্‌শা স্ট্যান্ড হইতে তারাপুর বটতলা (ভায়া কাশীনাথপুর-গাজিপুর) রাস্তাটি নির্মাণের জন্য নদিয়া জেলা পরিষদ মোট কত টাকা বরাদ্দ করিয়াছে; এবং

(খ) এই রাস্তাটি কিভাবে এবং কত দিনের মধ্যে নির্মিত হইবে?

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) দ্রুত গ্রামীণ কর্মসংস্থান পরিকল্পনায় (সি এস আর ই) আলোচ্য রাস্তাটি নির্মাণের জন্য তিন লক্ষ এগার হাজার টাকা মাত্র বণ্টন করিবার জন্য ১০ই মার্চ, ১৯৭৩ তারিখে নদিয়া জেলা পরিষদ কর্তৃক নদিয়ার জেলাশাসককে অনুরোধ জানান হইয়াছে।

(খ) প্রয়োজনীয় অর্থের অনুমোদন পাইলেই রাস্তাটির নির্মাণকার্য আরম্ভ করা হইবে এবং যত শীঘ্র সম্ভব নির্মাণকার্য শেষ করা হইবে।

কল্যাণী জওহরলাল নেহরু হাসপাতাল

৪৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১২।) **শ্রীনিতাইপদ সরকারঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণী জওহরলাল নেহরু হাসপাতালে বর্তমানে মোট কত বেড আছে;

(খ) উক্ত হাসপাতালে বর্তমানে কত রোগী ভর্তি অবস্থায় চিকিৎসিত হইতেছেন; এবং

(গ) উক্ত হাসপাতালে ডাক্তারের সংখ্যা কত?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৫০০।

(খ) ৩৭৩ জন (২৯এ মার্চ, ১৯৭৩ তারিখে)।

(গ) ৩৩ জন।

নাজিরগঞ্জ স্লুইস নির্মাণকার্যের জন্য সিমেন্ট রাখার দ্বিতল শেড

৪৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮২।) **শ্রীমৃগেন্দ্র মুখার্জী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া ড্রেনেজ উন্নয়ন প্রকল্পের অধীনস্থ নাজিরগঞ্জ স্লুইস নির্মাণকার্যে ব্যবহারের উদ্দেশ্যে ঐ এলাকায় একটি অ্যাসবেসটসের ছাউনিযুক্ত দ্বিতল শেড সিমেন্ট রাখার জন্য প্রস্তুত করা হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে—

(১) ঐ শেড তৈয়ারির জন্য কত টাকা ব্যয় হইয়াছিল; এবং

(২) কোন্ ঠিকাদারী সংস্থা ঐ কাজটি সম্পূর্ণ করিয়াছিল?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হাওড়া ড্রেনেজ উন্নয়ন প্রকল্পে সিমেন্ট রাখার জন্য একটি একতল টিউবুলার শেড তৈয়ারি হইয়াছিল।

(খ) (১) ৫৫,৮৩২ টাকা।

(২) ঠিকাদারী সংস্থাটির নাম মেসার্স রে অ্যান্ড অ্যাসোসিয়েট।

জেলা পরিষদ

৪৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২২৯৬।) **শ্রীসরোজরঞ্জন কাঁড়ার:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে জেলা পরিষদ আছে কিনা; এবং

(খ) হাওড়া জেলা পরিষদের প্রধান কে?

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ, আছে।

(খ) চেয়ারম্যান, তবে মহাধর্মাধিকরণের আদেশ বলে হাওড়া জেলা পরিষদের প্রশাসক দৈনন্দিন কার্য নির্বাহ করিয়া থাকেন। তবে নীতিগত ব্যাপারে কোন প্রশ্ন উঠিলে তাহার নিষ্পত্তির জন্য তাঁহাকে চেয়ারম্যানের অনুমোদন লইতে হয়।

কংসাবতী জলাধার ও কংসাবতী পরিকল্পনার অন্তর্গত সেচ এলাকা

৪৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০০১।) **শ্রীকৃষ্ণপ্রসাদ দুলে:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কংসাবতী জলাধারটি বহুলাংশে মজিয়া গিয়াছে;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি;

(গ) কংসাবতী পরিকল্পনায় সেচ এলাকার অধীন কোন্ কোন্ জেলা ও থানা পড়িতেছে;

(ঘ) এই পরিকল্পনার প্রস্তাবিত সেচ জমির পরিমাণ (একরে) কত; এবং

(ঙ) বর্তমানে কত একর জমিতে সেচ দেওয়া হইতেছে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) সত্য নহে।

(খ) এই প্রশ্ন উঠে না।

(গ) জেলা-ভিত্তিক বিবরণ এইরূপ—

(১) বাঁকুড়া জেলার বাঁকুড়া, ইন্দপুর, খাতরা ওন্ডা, তালডাংরা, সিমলাপাল, রাণীবাঁধ, রায়পুর, বিষ্ণুপুর, জয়পুর ও কোতলপুর থানা,

(২) হুগলি জেলার গোঘাট থানা, এবং

(৩) মেদিনীপুর জেলার বিলপুর, জামবনী, ঝাড়গ্রাম, সাঁকরাইল, কাশিয়ারী, নারায়ণগড়, খড়্গপুর, মেদিনীপুর, শালবনী, কেশপুর, চন্দ্রকোনা ও গড়বেতা থানা।

(ঘ) খরিফ—৮,৪২,০০০ একর; রবি—১,৫০,০০০ একর।

(ঙ) ৩,৪৪,৭৩৯ একর।

ভগবানগোলা ২নং ব্লকে আঞ্চলিক পরিষদ

৪৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৭০।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, আঞ্চলিক পরিষদের অস্তিত্ব না থাকা সত্ত্বেও মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ২নং ব্লকে আঞ্চলিক পরিষদের অফিসে একজন কেরানী ও একজন পিয়ন যথারীতি কাজে বহাল আছেন; এবং

(খ) অবগত থাকিলে, (১) ইহার কারণ কি; এবং (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) আঞ্চলিক পরিষদের অস্তিত্ব নাই এই কথা সত্য নহে; ব্লক উন্নয়ন আধিকারিক প্রত্যেক আঞ্চলিক পরিষদের প্রশাসক হিসাবে বর্তমানে কাজ করিতেছেন।

(খ) (১) ও (২) এ প্রশ্ন উঠে না।

উত্তরপাড়া এবং চন্ডীতলা থানা এলাকায় রাস্তা

৪৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৯।) **শ্রীগোবিন্দ চ্যাটার্জী:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার কোন্নগর জি টি রোড থেকে যে রাস্তাটি (বহেড়া-কৃষ্ণরামপুর রোড) উত্তরপাড়া এবং চন্ডীতলা থানা এলাকার মধ্যে দিয়ে গেছে তার নির্মাণকার্য বিলম্ব হওয়ার কারণ কি;

(খ) উক্ত রাস্তার নির্মাণকার্য কতদূর পর্যন্ত হবে; এবং

(গ) এই কাজ কতদূর অগ্রগতি হয়েছে এবং কবে শেষ করা হবে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়: (ক), (খ) ও (গ) উল্লিখিত রাস্তাটি (১) কোন্নগর রেলস্টেশন-গোবরা রেলস্টেশন এবং (২) জনাই (সুবেদার মোড়)-বাকসা-কৃষ্ণরামপুর রেলস্টেশন-বাকসা স্বাস্থ্যকেন্দ্র পর্যন্ত এই দুইটি অংশে বিভক্ত। দুইটি অংশেই মালমসলা সংগ্রহের কাজ এবং মাটির কাজ চলছে। ১৯৭৫ সালের মধ্যে কাজ শেষ হবে বলে আশা করা যায়।

কলিকাতা ট্রাম কোম্পানী এবং রাজ্য পরিবহণ সংস্থার গাড়িতে বিজ্ঞাপন বাবত বাৎসরিক আয়

৪৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬১।) **শ্রীকাশীনাথ মিশ্র:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতা ট্রাম কোম্পানী এবং কলিকাতা রাজ্য পরিবহণ সংস্থার (সি এস টি সি) গাড়িতে ১৯৬৯-৭০, ১৯৭০-৭১, ১৯৭১-৭২ এবং ১৯৭২-৭৩ (ফেব্রুয়ারি পর্যন্ত) সালে কত টাকা আয় হয়েছে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

	কলিকাতা রাজ্য পরিবহণ সংস্থা	কলিকাতা ট্রাম কোম্পানী
	টাকা	টাকা
১৯৬৯-৭০	৫,২৭,৮৯০	৪,৪৬,৮২৭
১৯৭০-৭১	৪,৪১,৩৪৮	৪,৫২,১৪০
১৯৭১-৭২	৪,৫৯,২০৮	৭,৯৯,৮৭৪
১৯৭২-৭৩	৪,৮৫,৪৯৩	৪,২৯,৬০৫

গ্রামীণ পাঠাগার স্থাপনের পরিকল্পনা

৪৬০। (অনুমোদিত প্রশ্ন নং ২২২২।) **শ্রীরজনীকান্ত দোলুইঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে নূতন গ্রামীণ পাঠাগার স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকিলে, গ্রামীণ পাঠাগার স্থাপনের নীতি কি; এবং

(গ) পশ্চিমবঙ্গে বর্তমানে কতগুলি গ্রামীণ পাঠাগার আছে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নূতন গ্রামীণ পাঠাগার স্থাপনের ইচ্ছা সরকারের আছে। তবে ইহার রূপায়ণ আর্থিক সঙ্গতির উপর নির্ভর করে।

(খ) গ্রামের জনসাধারণ নিজ উদ্যোগে পাঠাগার তৈরি করে সরকারের নিকট আবেদন করলে কতকগুলি শর্তসাপেক্ষে গ্রামীণ পাঠাগার মঞ্জুরী করা হয়।

(গ) ৬০৪টি গ্রামীণ পাঠাগার আছে।

তুলনামূলক সাহিত্যে এম এ পাশ ব্যক্তিদের কলেজ অধ্যাপক বা অধ্যক্ষ পদে নিয়োগ

৪৬১। (অনুমোদিত প্রশ্ন নং ২০২৯।) **শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যাদবপুর বিশ্ববিদ্যালয়ে যেসমস্ত ছাত্র তুলনামূলক সাহিত্যে (কমপারেটিভ লিটারেচার) এম এ পাশ করিয়াছেন তাঁহারা সরকার অনুমোদিত কলেজে অধ্যাপক বা অধ্যক্ষের পদে নিযুক্ত হইতে পারেন কিনা; এবং

(খ) অধ্যাপক পদে নিযুক্ত হইলে সরকারী মহার্ঘ ভাতা পাইবার অধিকারী কিনা?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) তুলনামূলক সাহিত্যে এম এ পাশ করিবার পর অনুমোদিত কলেজে অধ্যাপক বা অধ্যক্ষের পদে নিযুক্ত হইতে কোন বাধা নাই।

(খ) সরকার অনুমোদিত পদে অধ্যাপক হিসাবে নিযুক্ত হইলে মহার্ঘ ভাতা পাইতে কোন বাধা নাই।

মগরাহাট থানার ২নং ব্লকে পানীয় জল সরবরাহের জন্য গভীর নলকূপ

৪৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪৫।) **শ্রীমনোরঞ্জন হালদারঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার মগরাহাট থানার অন্তর্গত ২নং ব্লকে পানীয় জল সরবরাহের জন্য যে গভীর নলকূপের প্রকল্প চালু করার কথা ছিল কবে নাগাত উহা চালু হইবে;

(খ) এর দ্বারা কোন্ কোন্ অঞ্চল উপকৃত হইবে; এবং

(গ) এর জন্য সরকারের কত টাকা ব্যয় হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ঐ প্রকল্পের অধীনে জল সরবরাহ ৩১-৫-৭৩ তারিখের মধ্যে চাল্‌ু হবে বলে আশা করা যায়।

(খ) মগরাহাট হরিশঙ্করপ্‌ুর, বিলান্দাপ্‌ুর এবং মাইতলা গ্রাম।

(গ) আন্‌ুমানিক ৮ লক্ষ ৮ হাজার ৬ শত টাকা।

কল্যাণগড় উদ্বাস্তু কলোনীর রাস্তা

৪৬৩। (অন্‌ুমোদিত প্রশ্ন নং ২১১৫।) **শ্রীরামকৃষ্ণ বরঃ** উদ্বাস্তু ত্রাণ ও প্‌ুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অন্‌ুগ্রহপ্‌ূর্বক জানাইবেন কি—

(ক) বিষ্ণুপ্‌ুর (প্‌ূর্ব) বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কল্যাণগড় উদ্বাস্তু কলোনীর রাস্তা নির্মাণের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি না; এবং

(খ) উক্ত কলোনীর পানীয় জলের অভাব দ্‌ূরীকরণের জন্য উদ্বাস্তু ত্রাণ ও প্‌ুনর্বাসন বিভাগ হইতে কয়টি নলক্‌ূপ স্থাপনের ব্যবস্থা হইয়াছে?

উদ্বাস্তু ত্রাণ ও প্‌ুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, আছে।

(খ) পানীয় জলের ব্যবস্থা হিসাবে ১৪টি নলক্‌ূপ এই কলোনীতে বসানো আছে। অকেজো নলক্‌ূপগ্‌ুলি কার্যকর করিবার চেষ্টা চলিতেছে।

বিষ্ণুপ্‌ুর (প্‌ূর্ব) কেন্দ্রে প্রকৃতি-নিকেতন হাসপাতাল

৪৬৪। (অন্‌ুমোদিত প্রশ্ন নং ২১১২।) **শ্রীরামকৃষ্ণ বরঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অন্‌ুগ্রহপ্‌ূর্বক জানাইবেন কি—

(ক) বিষ্ণুপ্‌ুর (প্‌ূর্ব) কেন্দ্রে ডায়মন্ডহারবার রোডের পার্শ্বে অবস্থিত প্রকৃতি-নিকেতন নামীয় হাসপাতালে সরকার কত টাকা অন্‌ুদান দেন;

(খ) উক্ত হাসপাতালে কতগ্‌ুলি বেড আছে;

(গ) বর্তমানে উক্ত হাসপাতালে রোগীর সংখ্যা কত;

(ঘ) হাসপাতালের পরিচালনা ব্যবস্থার তদারকি করার জন্য কোন উপদেষ্টা কমিটি আছে কিনা; এবং

(ঙ) থাকিলে, উক্ত কমিটির সদস্যদের নামের তালিকা?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) প্রতিষ্ঠানটিকে অন্‌ুদান দেবার বিষয়টি বিবেচনা ক'রে দেখা হচ্ছে।

(খ) ৩০ (তিরিশ)-টি শয্যা।

(গ) ১৫ জন রোগী।

(ঘ) হ্যাঁ, আছে।

(ঙ) উপদেষ্টা কমিটির নামের তালিকা নিম্নর্‌ূপঃ--

(১) শ্রীধরমচাঁদ সারোগী।

(২) বিজয়সিং নাহার।

(৩) শ্রীবৈজনাথলাল লাট।

(৪) শ্রীআর কে নিওটিয়া।

(৫) শ্রীনির্মলকুমার সারোগী।

(৬) শ্রীউ এন খেবর।

মেদিনীপুর জেলার পুলিস স্টেশন বিল্ডিংস-এ ইলিকট্রিফিকেশন

৪৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭৬।) **শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তিঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি) পর্যন্ত মেদিনীপুর জেলার কোন্ কোন্ পুলিস স্টেশন বিল্ডিংস-এ ইলেকট্রিফিকেশন করা হইয়াছে; এবং

(খ) ১৯৭৩-৭৪ সালে ঐ জেলায় কোন্ কোন্ থানা বিল্ডিংস-এ ইলেকট্রিফিকেশন করার প্রস্তাব লওয়া হইয়াছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) একটিও না।

পশ্চিমবঙ্গে চুরি, ডাকাতি ও ছিনতাই-এর সংখ্যা

৪৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩১।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১-১৯৭২, ১৯৭৩ সালে জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে পশ্চিমবঙ্গে চুরি, ডাকাতি, ছিনতাই-এর কয়টি ঘটনার সংবাদ সরকারের গোচরে আসিয়াছে; এবং

(খ) এ সংখ্যা হ্রাসের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক)—

	১৯৭১	১৯৭২	১৯৭৩
ডাকাতি	১,৪৮৬	১,৪১০	২১৫
চুরি / ছিনতাই	৪৩,৪৮৫	৪৪,৪৬৬	৬,৯৮৭

(খ) বিভিন্ন স্থানে পুলিস পিকেট ও টহলদারীর ব্যবস্থা করা হইয়াছে।

দুবরাজপুর থানায় ডাকাতি ও চাউল পাচারকারীর সংখ্যা

৪৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮০।) **শ্রীশচীনন্দন সাউঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার দুবরাজপুর থানায় ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) কতগুলি ডাকাতির ঘটনা ঘটিয়াছে;

(খ) এই থানায় উক্ত সময়ে কতজনকে চোরাই চাউল পাচারকারী হিসাবে ধরা হইয়াছে এবং চোরাই চাউল পাচারকারী হিসাবে কাউকেও মিসায় আটক করা হইয়াছে কি; এবং

(গ) সমস্ত বীরভূম জেলায় ঐ সময়ে কতজনকে চোরাই চাউল পাচারকারী হিসাবে ধরা হইয়াছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ছয়টি।

(খ) ১৯৭২ সালে চোরাই চাউল পাচারকারী হিসাবে পাঁচজনকে গ্রেপ্তার করা হইয়াছে। ঐ সালে চারজন চোরাই চাউল পাচারকারীকে মিসায় আটক করা হইয়াছে এবং ১৯৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) কাউকেও গ্রেপ্তার করা বা মিসায় আটক করা হয় নাই।

(গ) ১৯৭২ সালে ৩০৪ জন চোরাই চাউল পাচারকারীকে গ্রেপ্তার করা হইয়াছে এবং ১৯৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) ৯৮ জন চোরাই চাউল পাচারকারীকে গ্রেপ্তার করা হইয়াছে।

রাষ্ট্রীয় পরিবহণের ডবলিউ বি এস ১৯০৬ নম্বর বাস

৪৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯৭।) **শ্রীসরোজরঞ্জন কাঁড়ার:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার ডবলিউ বি এস ১৯০৬ বাসখানি ২৩এ ফেব্রুয়ারি, ১৯৭৩ রাত্রি কোথায় ও কিভাবে ছিল; এবং

(খ) বর্তমানে ঐ বাসটি কি অবস্থায় এবং কোথায় আছে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) বাসটি জনৈক শ্রীঅবতার সিং-এর নিকট বিক্রয় করা হইলে, ঐ দিনই তিনি গাড়িটি বেলঘড়িয়া ডিপো হইতে নিয়ে নেন। বাসটির পরবর্তী অবস্থা সম্বন্ধে রাষ্ট্রীয় পরিবহণ কর্তৃপক্ষের কিছুই জানা নাই।

(খ) (ক)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না।

Service of a full-time Lecturer of a Sponsored College treated as part-time service

469. (Admitted question No. 1760.) **Shri Md. Dedar Baksh:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state that—

(a) whether the service of a full-time Lecturer of a Sponsored College in the extended routine curriculum (started from 1970 in the Sponsored Colleges) is treated as a part-time service; and

(b) if so, what action has been taken by this Government for such part-time service of the Lecturer?

The Minister for Education: (a) Yes.

(b) The State Government have sanctioned monthly remuneration at the rate of Rs. 100 (fixed) to each such Lecturer of Sponsored Colleges as have been employed in the Morning or Evening Section of these Colleges started on the extended time-table basis.

জেলাওয়ারী রাজনৈতিক হত্যাকাণ্ড ও উহাতে লিপ্ত সন্দেহে ধৃত ব্যক্তির সংখ্যা

৪৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩৮।) **শ্রীকানাইলাল শেঠ:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী ১৯৬৭ সাল হইতে ১৯৭০ সাল পর্যন্ত এবং ১৯৭১ সাল হইতে ১৯৭২ সাল পর্যন্ত জেলাওয়ারী রাজনৈতিক হত্যাকাণ্ডে লিপ্ত সন্দেহে ধৃত ব্যক্তির সংখ্যা কত; এবং

(খ) হত্যাকাণ্ডের সংখ্যা কত?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৬৭-৭০ পর্যন্ত ধৃত ব্যক্তির সংখ্যা ৪,১৬০ জন এবং ১৯৭১-৭২ সাল পর্যন্ত ৫,৬০১ জন। একটি অনুলিপি নিম্নে দেওয়া হইল।

(খ) ১৯৬৭-৭০ পর্যন্ত ৫৬৭ জন ও ১৯৭১-৭২ পর্যন্ত ১,২৭৭ জন। একটি অনুলিপি নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 470

সরকারী নথিপত্র পাওয়া সংবাদ অনুযায়ী রাজনৈতিক হত্যাকাণ্ডে লিপ্ত সন্দেহে ধৃত ব্যক্তিগণের জেলাভিত্তিক সংখ্যা নিম্নে দেওয়া হইল—

জিলা		১৯৬৭ হইতে ১৯৭০ পর্যন্ত	১৯৭০ হইতে ১৯৭২ পর্যন্ত
হাওড়া	...	২৮৫	৫৯৯
বীরভূম	...	১৬	৬৭০
পুরুলিয়া	...	৮৪	...
হুগলী	...	৪৫	২৭৬
জলপাইগুড়ি	..	৩৭৯	৬
মালদহ	...	১২৬	...
নদিয়া	...	৫১	১৯৪
মেদিনীপুর	...	১,১০৩	৩১৩
বর্ধমান	...	৫৯০	৬৮৮
বাঁকুড়া	...	৮	৮
কুচবিহার	...	৩৭	১১৩
দার্জিলিং	...	৫৪	১৬৭
মুর্শিদাবাদ	..	১১৫	২০৮
পশ্চিম দিনাজপুর	...	৫১	৩৮
২৪-পরগনা	...	৯৭৪	১,৭০০
কলিকাতা	..	২৭২	৬২১
মোট	...	৪,১৬০	৫,৬০১

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 470

(খ) ১৯৬৭ হইতে ১৯৭০ সাল পর্যন্ত এবং ১৯৭১ হইতে ১৯৭২ সাল পর্যন্ত জেলা-ভিত্তিক রাজনৈতিক হত্যাকাণ্ডের হিসাব নিম্নে দেওয়া হইল -

জিলা		১৯৬৭ হইতে ১৯৭০ পর্যন্ত	১৯৭১ হইতে ১৯৭২ পর্যন্ত
হাওড়া	...	৩৩	১০৬
বীরভূম	...	৪	১২৩
পুরুলিয়া	...	৪	১
হুগলী	...	২১	৫৩
জলপাইগুড়ি	...	৩৮	৪২
মালদহ	...	৪	১
নদিয়া	...	৩২	৮১
মেদিনীপুর	...	৫৮	২১
বর্ধমান	..	৭১	১৭২
বাঁকুড়া	...	৪	৬
কুচবিহার	...	২০	১১
দার্জিলিং	...	১৩	৩৪
মুর্শিদাবাদ	...	৯	৩০
পশ্চিম দিনাজপুর	..	৮	১৪
২৪-পরগনা	..	১৬৪	৪১৫
কলিকাতা	...	৮৪	১৬৭
মোট	...	৫৬৭	১,২৭৭

বৃহদায়তন ব্লককে ক্ষুদ্রায়তন ব্লকে ভাগ করার প্রস্তাব

৪৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩৫।) **শ্রীরজনীকান্ত দলুইঃ** সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যেসমস্ত ব্লকের অধীন ১৫টি বা ১৬টি অঞ্চল আছে, সেই ব্লকগুলিকে দুইটি ব্লকে ভাগ করিবার কোন প্রস্তাব সরকারের আছে কিনা;

(খ) ঐরূপ বৃহৎ আকারের ব্লক পশ্চিমবঙ্গে কতগুলি রহিয়াছে এবং কোথায় কোথায়; এবং

(গ) উক্ত ব্লকগুলির নাম ও লোকসংখ্যা কত?

সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সমষ্টি-উন্নয়ন পরিকল্পনানুযায়ী সমগ্র পশ্চিম-বাংলার গ্রামাঞ্চলকে ৩৪১টি ব্লকে ভাগ করা হইয়াছে। উহাদের মধ্যে ৩৩৫টি ব্লক ইতোমধ্যে স্থাপন করা হইয়াছে। বাকী ছয়টি ব্লক ছয়টি বৃহদায়তন ব্লককে বিভক্ত করিয়া করা হইবে তাহাও স্থির আছে। এই ছয়টি ব্লক হইল মেদিনীপুর জেলার খেজুরী ও পটাশপুর ব্লক, হুগলি জেলার ধনিয়াখালি ও গোঘাট ব্লক, নদিয়া জেলার করিমপুর ব্লক এবং কুচবিহার জেলার তুফানগঞ্জ ব্লক। ইহার মধ্যে গোঘাট ও তুফানগঞ্জ ব্লকে ১৫টি করিয়া অঞ্চল আছে। উপরে বর্ণিত ছয়টি ব্লক দ্বিখণ্ডিত করা ভিন্ন আর কোন নূতন ব্লক বা আর কোন ব্লককে দ্বিখণ্ডিত করিবার প্রস্তাব সরকারের নাই।

(খ) ও (গ) পশ্চিমবঙ্গে যেসমস্ত ব্লকে ১৫টি বা তদধিক অঞ্চল আছে, অঞ্চল ও লোকসংখ্যা সমেত তাহার একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clauses (Kha) and (Ga) of unstarred question No. 471

জেলা	ব্লকের নাম	অঞ্চলের সংখ্যা	জনসংখ্যা (১৯৬১ সালের আদম-সুমারী অনুসারে)
বর্ধমান	১(১) মঙ্গলকোট	২২	১২২,৩৩৭
হুগলি	২(১) পাণ্ডুয়া	১৬	১২৩,৩৪৫
	৩(২) সিঙ্গুর	১৬	১২৮,৫৭৪
	৪(৩) হরিপাল	১৫	১১১,৮২৩
	৫(৪) গোঘাট	১৫	১২৪,৫১২
মেদিনীপুর	৬(১) নারায়ণগড়	১৫	১১১,৮৮০
	৭(২) কেশপুর	১৫	১১৫,৩৯৮
হাওড়া	৮(১) সাঁকরাইল	১৫	১২৪,৬৪৬
মুর্শিদাবাদ	৯(১) বহরমপুর	১৫	১৮২,৫৭৫
২৪-পরগনা	১০(১) মগরাহাট-২	১৬	১০৩,৬৬৪
	১১(২) পাথরপ্রতিমা	১৫	১১৩,০৮৯
	১২(৩) বারাকপুর	২২	১৩৩,৩০৬
কুচবিহার	১৩(১) তুফানগঞ্জ	১৫	১৭৩,৬৩৭

মুর্শিদাবাদ জেলায় স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম

৪৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৬৫।) **শ্রীআদ্যচরণ দত্তঃ** উন্নয়ন এবং পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ১৯৭২-৭৩ সালে মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ ব্লকে স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে কি কি কাজের জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে;

(খ) ঐ কাজগুলি বর্তমানে কোন্ কোন্ স্থানে চালু হইয়াছে; এবং

(গ) উক্ত বিভিন্ন কাজগুলিতে মোট কর্মপ্রাপ্ত যুবকদের সংখ্যা কিরূপ?

উন্নয়ন এবং পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সংযোজিত তালিকা দ্রষ্টব্য। ঐ তালিকায় ব্লক ছাড়াও বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে অনুমোদিত কাজের বিবরণ আছে।

(খ) উল্লিখিত সকল ব্লকেই কাজগুলি চালু হইয়াছে।

(গ) উক্ত কাজগুলিতে ২৮এ ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত মোট কর্মপ্রাপ্ত যুবকের সংখ্যা ৩,৫৪৩ জন।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 472

List of Schemes of Murshidabad district sanctioned under Special E mployment Programme, 1972-73

Serial No.	Name of the Block	Name of the scheme	Allotment for 1972-73
			Rs.
1	Berhampore ..	(1) Improvement of Kutcha road from Radharghat to Nialishpara Ghat.	74,110
		(2) Development of road from Ramnagar-Farakka Road (near plot No. 296 of Rangamati Chandpara mauza) to Halapur Ghat (near plot No. 764 of Char Mohula mauza).	1,00,000
2	Murshidabad-Jiaganj	(1) Improvement of kutcha road from Mukundabag village near Kiriteswari to Dahapara Ghat.	1,00,000
		(2) Improvement of kutcha road from Amaipara to Velladanga under Jiaganj-Azimganj Municipality.	55,640
3	Raghunathganj-I ..	Improvement of kutcha road from Mirjapur to Annuppur *via* Amgachi.	1,20,000
4	Raghunathganj-II ..	Development of kutcha road from Rampar to Nutanganj Ghat.	1,30,370
5	Bhagawangolla-II ..	Improvement of kutcha road with Jhama metal construction from Amdaharaghat to Kolan Radhakantapur *via* Vandara Nayapur and Sonadanga.	2,92,888
6	Sagardighi ..	(1) Improvement of kutcha road from Popara Paschim to Metalled Road.	27,070
		(2) Improvement of kutcha road from Manigram metalled road to Balia High School.	90,500
		(3) Improvement of kutcha road from Santoshpur National Highway 34 at Ayrah *via* Debogram.	85,000
		(4) Improvement of kutcha road from Santoshpur to Nakkatitala *via* Sagardighi Railway Station.	57,850

Serial No.	Name of the Block	Name of the scheme	Allotment for 1972-73
7	Bharatpur-I ..	Special repair to the embankment from Gardanmora to Lohadah.	24,520
8	Berhampore Municipality.	(1) Environmental Improvement by clearance of jungles and construction of Embankment of Baro Laldighi.	30,292
		(2) Excavation and Improvement of Bibiganj Sluice Gate and Gobardhan Nala, Gorabazar.	21,795
		(3) Improvement of Main Outlet of Berhampore Ward viz. Lakshijola with side road and Park.	15,485
		(4) Environmental improvement of Berhampore Municipality (3 schemes).	24,150
		(5) Environmental improvement of Berhampore Municipality.	29,736
		(6) Environmental improvement of Baralaldighi in Berhampore Municipality.	36,700
9	Kandi Municipality ..	(1) Environmental improvement of Kandi Municipality.	68,675
		(2) Environmental improvement of Kandi Municipality.	4,900
10	Murshidabad Municipality.	Environmental improvement of Murshidabad Municipality.	13,450
11	In the entire district of Murshidabad.	Training of 180 trainees in 12 different trades like smithy, carpentry etc.	34,000
		Total ..	14,37,131

বাঁকুড়া জেলায় তন্তুবায়, কর্মকার ও কুম্ভকারের সংখ্যা

৪৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৮।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** ক্ষুদ্র ও কুটিরশিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় ব্লকওয়ারী তন্তুবায়, কর্মকার ও কুম্ভকারের সংখ্যা কত;

(খ) উক্ত সম্প্রদায়ের শিল্পগুলির বর্তমান অবস্থা কি;

(গ) বর্তমানে উপরি-উক্ত শিল্পগুলিতে কতজন শ্রমিক কাজ করেন; এবং

(ঘ) উক্ত শিল্পগুলি সম্প্রসারণ এবং পুনর্গঠন করার কোন পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কিনা এবং করিয়া থাকিলে, তাহা কি?

ক্ষুদ্র ও কুটিরশিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (গ) বাঁকুড়া জেলায় ব্লকওয়ারী কর্মকার, কুম্ভকার এবং তন্তুবায়দের সংখ্যা আলাদাভাবে নিম্নে দেওয়া হইল।

(খ) তন্তুবায় এবং কাঁসার কর্মকারদের অবস্থা ভাল নয়, কারণ তাহারা পুরা সময়ের কাজ পায় না, তাহার ফলে তাহাদের আয় কমিয়া গিয়াছে। এ ছাড়া কাঁচা মালের অভাব এবং কার্যকরী মূলধনের অভাব তাহাদের আছে। এই সমস্ত শিল্পীদের স্থানীয় সরবরাহের উপর নির্ভর করিতে হয়। বলা বাহুল্য, স্থানীয় সরবরাহ খুবই অনির্দিষ্ট এবং উহার মূল্য অধিক। কুম্ভকারদের প্রধান সমস্যা হইতেছে যে, তাহাদের বাজার ক্রমশই কমিয়া আসিতেছে।

(ঘ) পশ্চিমবঙ্গের যেকোন শিল্পই বঙ্গীয় শিল্প ঋণ আইন অনুযায়ী ঋণ পাইতে পারে। বাঁকুড়া জেলার উক্ত শিল্পগুলিও ইহা দ্বারা উপকৃত হইতে পারে। ইহা ছাড়া তাহারা যাহাতে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক হইতে ঋণ পাইতে পারে তাহারও বন্দোবস্ত করা হয়। এই শিল্পগুলির সমবায় সমিতি সমবায় প্রকল্পের দ্বারাও বিশেষভাবে উপকৃত হইতে পারে। ইহা ছাড়া, কাঁসা শিল্পীদের দুষ্প্রাপ্য কাঁচামাল সরবরাহের বন্দোবস্ত আছে। তন্তুবায়েরা যাহাতে ন্যায্যমূল্যে এবং উচিত পরিমাণে সুতা পাইতে পারে তাহার ব্যবস্থা হইতেছে। শিল্পীরা এবং তাহাদের সমবায় সমিতিগুলি যাহাতে কাঁচামাল, আর্থিক সুবিধা এবং উৎপন্ন দ্রব্যের বিক্রয়ের সুবিধা পায় তাহার জন্য বাঁকুড়া জেলায় একটি ডিস্ট্রিক্ট সার্ভিস-কাম-মার্কেটিং কো-অপারেটিভ ইউনিয়ন খোলার বন্দোবস্ত হইতেছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 473

ব্লকের নাম		শিল্পীর সংখ্যা		
		এন এফ মেটাল ইউটেন্সিল মেকার্স	প্যাটার্ন	উইভার্স
বাঁকুড়া-১	...	৫৫০	...	...
বাঁকুড়া-২	...	২০০	...	...
ছাতনা	...	৩২৪	...	৭০০
গুড়া	...	১২০	...	৬৫০
খাতরা	...	১৫০	...	১২৭
ইন্দপুর	...	১০০	...	৭৭৭
সিমলাপাল	...	৩০০	...	৩৫৪
বিষ্ণুপুর	...	২২০	...	১,০৬৪
পাত্রসায়র	...	১০০	...	৪৭৬
সোনামুখী	...	১৫	১৫০	৩৫০
বরজোরা	...	৩০	৩০	২৪২
গঙ্গাজলঘাটি	...	১৫০	...	৭২৫
শালতোড়া	...	১০০	৪০০	২৭৫
তালডাংগা	...	...	১৫০	৫১৯
মেজিয়া	...	...	১০০	৩২৫
বাঁকুড়া সদর	...	...	...	৪,৬১০
রাণীবাঁধ	...	...	...	১০৫
রায়পুর	...	...	...	২৩৯
জয়পুর	...	...	...	৪৫০
কোতলপুর	...	...	...	৪১৮
ইন্দাস	...	...	...	৫২

শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ড

৪৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২২৬।) **ডাঃ ওমর আলীঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডে মালিকদের দেয় টাকার মধ্যে ৫০ হাজার ও তার বেশী টাকা জমা পড়েনি এমন মালিক ও প্রতিষ্ঠানের সংখ্যা কত এবং তার নাম ও বাকি টাকার পরিমাণ; এবং

(খ) এই টাকা জমা দেওয়ার ব্যাপারে এ পর্যন্ত সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৩০এ সেপ্টেম্বর, ১৯৭২ তারিখ পর্যন্ত শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডে মালিকদের দেয় টাকার মধ্যে ৫০ হাজার ও তার বেশী কিন্তু ১ লক্ষ টাকার কম জমা পড়েনি এমন প্রতিষ্ঠানের সংখ্যা ৯০ এবং এক লক্ষ ও তার অধিক টাকা জমা পড়েনি এমন প্রতিষ্ঠানেব সংখ্যা ৭১।

প্রতিষ্ঠানের নাম ও বাকি টাকার পরিমাণ সম্বলিত দুইটি পৃথক তালিকা লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) কর্মচারী ভবিষ্যনিধি আইন অনুসারে দায়ী মালিকদের বিরুদ্ধে সার্টিফিকেট ও ফৌজদারি মামলা দায়ের করা হইয়াছে। ক্ষেত্রবিশেষে ঐ আইন অনুযায়ী ড্যামেজ ও আদায় করা হইযাছে। কোন কোন ক্ষেত্রে ভারতীয় দণ্ডবিধির ৪০৬/৪০৯ ধারায় ঐ মালিকদের বিরুদ্ধে পুলিসের নিকট নালিশও করা হইয়াছে। কয়েকটি মালিক সংগঠনকে তাহাদের সদস্যদের দেয় টাকা দিবার জন্য অনুরোধ করা হইয়াছে।

পশ্চিমবাংলায় হেল্থসেন্টারবিহীন ব্লক

৪৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৪।) **শ্রীকানাই ভৌমিকঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার যেসমস্ত ব্লকে এপর্যন্ত কোন প্রাইমারি হেল্থসেন্টার বা সাবসিডিয়ারি হেল্থসেন্টার নাই সেইসব ব্লকগুলির নাম কি;

(খ) কোন হেল্থসেন্টার না থাকার কারণ কি;

(গ) ঐধরনের ব্লকগুলিতে এপর্যন্ত কোন সাবসিডিয়ারী বা প্রাইমারি হেল্থসেন্টার মঞ্জুর করা হইয়াছে কিনা;

(ঘ) হইয়া থাকিলে, কোন্ ব্লকে কয়টি হেল্থসেন্টার মঞ্জুর করা হইয়াছে এবং ঐ বাবতে কোন্ সেন্টারের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে; এবং

(ঙ) ঐ মঞ্জুরীকৃত হেল্থসেন্টার স্থাপনের কাজ কবে নাগাত আরম্ভ করা হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) একটি তালিকা লাইব্রেরি টেবিলে উপস্থাপিত হইল।

(খ) প্রধানত উপযুক্ত জমি না পাওয়াতে।

(গ) হ্যাঁ।

(ঘ) উপরি-উক্ত তালিকার ৩নং ও ৪নং কলম দ্রষ্টব্য।

(ঙ) শীঘ্রই হবে বলে আশা করা যায়।

অনাথ আশ্রম

৪৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ২২০০।) **শ্রীসরোজরঞ্জন কাঁড়ার:** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কতগুলি অনাথ আশ্রম আছে;

(খ) তন্মধ্যে কয়টি সরকারী পরিচালনাধীন এবং কয়টি বে-সরকারী পরিচালনাধীন; এবং

(গ) হাওড়া জেলায় কোন আশ্রম আছে কিনা এবং থাকলে, কোন্ শ্রেণীর কয়টি?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ও (খ) পশ্চিমবঙ্গে অবস্থিত আনথ আশ্রমের সংখ্যা সম্পর্কে পূর্ণ তথ্য জানা নেই, তবে ত্রাণ ও কল্যাণ বিভাগের পরিচালনায় বর্তমানে ২১টি অনাথ আশ্রম আছে।

(গ) হাওড়া জেলায় একটি ভবঘুরেদের জন্য আশ্রয় শিবির, একটি বালিকা ও মহিলাদের জন্য সংশোধনী বিদ্যালয় ও পরিত্যক্ত শিশুদের জন্য অনাথ আশ্রম আছে।

আমদা বিল

৪৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫৮।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার রাণাঘাট ১নং ব্লক অধীন আমদা বিল পরিকল্পনাটি বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) এই পরিকল্পনার জন্য মোট কত টাকা বরাদ্দ করা হইয়াছে;

(গ) ইহার মধ্যে কত টাকা কোন্ কোন্ খাতে ব্যয় হইয়াছে;

(ঘ) বাকী বরাদ্দকৃত অর্থ ব্যয় না হইবার কারণ কি; এবং

(ঙ) কি নাগাত এই পরিকল্পনা পুরাপুরি চালু হইবে?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) সরকারী নিয়ন্ত্রনাধীনে নদিয়া জেলার আমদা বিলে সংস্কার এবং মৎস্যচাষ চালু আছে।

(খ) এই পরিকল্পনার জন্য ১৯৬৫-৬৬ সাল হইতে ১৯৭১-৭২ সাল পর্যন্ত মোট ৪,১৬,৮০৯ টাকা বরাদ্দ করা হইয়াছে এবং ১৯৭২-৭৩ সালে মোট ৩,৪৭০ টাকা ব্যয় বরাদ্দ মঞ্জুর হইয়াছে।

(গ) উক্ত বরাদ্দকৃত অর্থের মধ্যে ১৯৭১-৭২ সাল পর্যন্ত আবর্তক এবং অনাবর্তক খাতে যথাক্রমে ১৭,৩৯২ টাকা এবং ৮৬,০০৪ টাকা ব্যয় করা হইয়াছে। ১৯৭২-৭৩ সালের খরচের হিসাব এখনও পর্যন্ত পাওয়া যায় নাই।

(ঘ) আমদা বিলের কিছু প্লটের স্বত্ব লইয়া স্থানীয় লোকদের সঙ্গে বিবাদের ফলে ঐ বিলের যথাযথ সংস্কার এবং উন্নতিবিধান সম্ভব হয় নাই এবং বরাদ্দকৃত অর্থও পুরাপুরি খরচ করা সম্ভব হয় নাই। বর্তমানে অবস্থার উন্নতি হইয়াছে এবং ঐ বিলে সরকারী পরিকল্পনাতে কাজ চলিতেছে।

(ঙ) এই পরিকল্পনা কুড়ি বৎসরের জন্য লওয়া হইয়াছে। ইহা শেষ হইতে আরও বারো বৎসর সময় লাগিবে।

নদিয়া জেলায় নলকূপ

৪৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮১।) **শ্রীকার্ত্তিকচন্দ্র বিশ্বাস:** স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে নদিয়া জেলায় কতগুলি পানীয় জলের নলকূপ আছে;

(খ) উক্ত নলকূপগুলির মধ্যে কতগুলি অকেজো হয়ে পড়ে আছে; এবং

(গ) কতদিনের মধ্যে ঐ অকেজো নলকূপগুলি সারানোর ব্যবস্থা করা সম্ভব হবে?

স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৪,৯২৯টি।

(খ) ২,৬০২টি।

(গ) প্রতি বৎসর বাজেটে বরাদ্দকৃত অর্থের পরিমাণ সাপেক্ষে অকেজো নলকূপগুলির পুনর্খননের ব্যবস্থা করা হয়। ১৯৭৩-৭৪ সালে এই বাবতে বাজেটবরাদ্দ হইতে যে পরিমাণ অর্থ নদিয়া জেলার জন্য মঞ্জুর করা হইবে তাহা দ্বারা যতগুলি সম্ভব অকেজো নলকূপ পুনর্খনন করা হইবে। আর যেগুলি সাধারণ মেরামতির পর চালু করা যাইবে সেগুলি যথাশীঘ্র মেরামত করার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

জেলাওয়ারী পি টি স্কুল

৪৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩০।) **শ্রীনিতাইপদ সরকার:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলার কোন্ জেলায় কয়টি করিয়া পি টি স্কুল চালু আছে;

(খ) এই পি টি স্কুলগুলি বর্তমানে কিভাবে ও কি উদ্দেশ্যে পরিচালিত হইতেছে; এবং

(গ) এই পি টি স্কুলগুলিকে বেসিক স্কুলে বা কলেজে পরিণত করিবার বিষয় সরকার বিবেচনা করিতেছেন কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) পশ্চিমবঙ্গে মোট একুশটি পি টি স্কুল চালু আছে। বিভিন্ন জেলায় পি টি স্কুলের সংখ্যা নিম্নরূপ:—

জেলা			স্কুল
বাঁকুড়া	...	...	১টি
হুগলি	...	...	৩টি
মেদিনীপুর	...	...	৩টি
নদিয়া	...	...	৪টি
মুর্শিদাবাদ	...	...	৩টি
পুরুলিয়া	...	...	১টি
পশ্চিম দিনাজপুর	...	...	১টি
চব্বিশপরগনা	...	...	৫টি
		মোট	২১টি

(খ) এই পি টি স্কুলগুলি সমস্তই সরকার-পরিচালিত। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের শিক্ষণপ্রাপ্ত করাই পি টি স্কুলগুলির উদ্দেশ্য।

(গ) না, এইরূপ কোন প্রস্তাব বর্তমানে সরকারের নাই।

তিস্তা নদীর উপর রেল ও সড়ক সেতুর সম্প্রসারণ

৪৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৮২।) **শ্রীবিজয়কৃষ্ণ মহাত:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, তিস্তা নদীর রেলসেতু ও সড়ক সেতু পূর্বদিকে আরও ১,৩৫০ ফুট সম্প্রসারিত করা হইতেছে;

(খ) সত্য হইলে, (১) বার্নেশ-বাকালী ও হেলাপাকড়ী-মেখলীগঞ্জ বন্যা প্রতিরোধ বাঁধ দুইটিকে আরও উঁচু ও পাথর দ্বারা মজবুত করিবার কোন ব্যবস্থা করা হইতেছে কিনা; (২) বাকালী বাঁধটিকে দক্ষিণ দিকে আরও সম্প্রসারিত করিবার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) তিস্তা নদীর বন্যার জলবৃদ্ধির বিপরীত চাপ থেকে ধর্মপুর অঞ্চলকে রক্ষা করিবার জন্য তিস্তা ও কয়া নদীর সংযোগস্থলে একটি স্লুইস্ গেট নির্মাণ করিবার কোন পরিকল্পনা আছে কিনা?

সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) অতিরিক্ত ১,০৫০ ফুট জলপথ সম্প্রসারিত করা হইতেছে।

(খ) (১) বর্তমানে প্রয়োজন নাই।

(২) সম্প্রসারিত করিবার কোন পরিকল্পনা বর্তমানে নাই।

(গ) না। তবে বাকালী ধর্মপুর এলাকা রক্ষা করিবার জন্য একটি প্রকল্প প্রস্তুত করা হইতেছে।

ফিশারি ঋণ

৪৮১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪৫।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৭২-৭৩ সালে ফিশারির জন্য ঋণ দেওয়া হয়েছে কিনা এবং হ'লে, কোন্ জেলায় কত দেওয়া হয়েছে;

(খ) ভগবানগোলা ও লালগোলা থানায় কত টাকার ঐরূপ ঋণ দেওয়া হয়েছে;

(গ) ফিশারি ঋণ সমবায় সমিতির মাধ্যমে দেওয়া হয় কি; এবং

(ঘ) দেওয়া হয়ে থাকলে, পশ্চিমবঙ্গে ঐরূপ কয়টি সমিতিকে উক্ত সময়ে ঋণ দেওয়া হয়েছে?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ। জেলাওয়ারী ঋণ বিতরণের বিবরণ নিম্নে দেওয়া হইল:—

		টাকা
(১) চব্বিশপরগনা (দক্ষিণ)	...	৫০,০০০
(২) চব্বিশপরগনা (উত্তর)	...	৩৮,২০০
(৩) হাওড়া	...	৪৫,০০০
(৪) হুগলি	...	৫৮,২০০
(৫) বর্ধমান	...	৬২,০০০
(৬) বীরভূম	...	২০,০০০
(৭) বাঁকুড়া	...	২৮,২৫০
(৮) মেদিনীপুর (পশ্চিম)	...	৮৭,০০০

		টাকা
(৯) মেদিনীপুর (পূর্ব)	...	১,৬৪,৮০০
(১০) পুরুলিয়া	...	৪৫,০০০
(১১) নদিয়া	..	৪০,০০০
(১২) কুচবিহার	...	৩৯,০০০
(১৩) মালদহ	...	৩৯,০০০
(১৪) দার্জিলিঙ	...	...
(১৫) পশ্চিম দিনাজপুর	...	৩৯,০০০
(১৬) মুর্শিদাবাদ	...	৪১,৮০০

(খ) ১৯৭২-৭৩ সালে ভগবানগোলা ও লালগোলা থানায় কোন ঋণ দেওয়া হয় নাই।

(গ) ফিশারি ঋণ সমবায় সমিতির মাধ্যমেও দেওয়ার ব্যবস্থা আছে।

(ঘ) উক্ত সময়ে কোন সমবায় সমিতিকে মৎস্য বিভাগ হইতে ঋণ দেওয়া হয় নাই।

পুরুলিয়া জেলায় ইউনাইটেড ব্যাঙ্কের শাখা

৪৮২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৯।) **শ্রীকিংকর মাহাত:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলাতে কয়টি ইউনাইটেড ব্যাঙ্ক (ব্রাঞ্চ) আছে ও কোথায় কোথায়;

(খ) ১৯৭২-৭৩ সালের জানুয়ারি পর্যন্ত ঝালদা ব্রাঞ্চ হইতে কাহাকে কত টাকা ঋণ দেওয়া হয়েছে;

(গ) তন্মধ্যে ঝালদা শহরের কতজন এবং কে কে;

(ঘ) ইহা কি সত্য যে, সরকারী শেয়ার পাওয়া সত্ত্বেও ঐ ব্রাঞ্চে মার্জিন্যাল ফার্মস-এর চাষীদের টাকা দেওয়া হইতেছে না; এবং

(ঙ) সত্য হইলে, ইহার কারণ কি?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) পুরুলিয়া জেলাতে ইউনাইটেড ব্যাঙ্কের ছয়টি শাখা আছে। ইহারা পুরুলিয়া, ঝালদা, কাশীপুর, আদ্রা, রঘুনাথপুর ও সাঁওতালদিহিতে অবস্থিত।

(খ) ১৯৭৩ সালের জানুয়ারি পর্যন্ত ঝালদা ব্রাঞ্চ হইতে মার্জিন্যাল ফার্মার স্কীম-এ ৪৫৭ জন ফার্মারকে ৮৬,৭৪৯·২০ টাকা স্বল্প মেয়াদী ঋণ এবং ৬৬ জন ফার্মার-কে ১,১৯,৯৯৭·০০ টাকা মধ্য মেয়াদী ঋণ দেওয়া হইয়াছে। ঝালদা ব্রাঞ্চ হইতে মোট ২,০৬,৭৪৮ টাকা ২০ পয়সা ঋণ দেওয়া হইয়াছে। ফার্মার বলিতে যাহারা কৃষি ও পশুপালন সংক্রান্ত কার্য করেন তাহাদিগকে বুঝায়।

(গ) যাহারা ঝালদা ব্রাঞ্চ হইতে ঋণ পাইয়াছেন তাঁহাদের মধ্যে ঝালদা শহরের নিম্নলিখিত ব্যক্তিগণ আছেন:—

স্বল্প মেয়াদী ঋণ—

		টাকা
(১) শ্রীচণ্ডীচরণ গরাই	...	২৮৫·৭৫
(২) শ্রীআকলু কাঁদু		২৮৫·৭৫
(৩) শ্রীমতী জহরণ বিবি ও সেক বিশু	...	১৬৫;১৫
	মোট	৭৩৬·৬৫

মধ্য মেয়াদী ঋণ—

		টাকা
(১) শ্রীফণীভূষণ সূত্রধর	...	২,২৫০
(২) শ্রীহরিপদ কাঁদু ও শ্রীচণ্ডীচরণ কাঁদু	...	৩,০০০
(৩) শ্রীবাদলচন্দ্র সেন	...	১,৮০০
		৭,০৫০
	সর্বমোট	৭,৭৮৬·৬৫

(ঘ) ও (ঙ) উপরি-উক্ত বিবরণ হইতে প্রতীয়মান হয় যে, মোট ৫৬৩ জন মার্জিনাল ফার্মারকে ১৯৭২-৭৩ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত মোট ২,০৬,৭৪৬·২০ টাকা ঋণ দেওয়া হইয়াছে। সুতরাং এই অভিযোগ সত্য নহে।

উত্তরবঙ্গ রাজ্য পরিবহণ সংস্থা

৪৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭৬।) **শ্রীপ্রবোধকুমার সিংহরায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গ রাজ্য পরিবহণ সংস্থার জেলাভিত্তিক রুট পারমিট কত;

(খ) উক্ত রুটের সবগুলিতেই বাস চালু আছে কিনা; এবং

(গ) এই সংস্থা কতগুলি নতুন রুটে (১) বাস চালাইবার সিদ্ধান্ত লইয়াছেন; এবং (২) আবেদন জানাইয়াছেন?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) উত্তরবঙ্গ রাজ্য পরিবহণ সংস্থার কুচবিহার, জলপাইগুড়ি এবং দার্জিলিং জেলায় জাতীয়করণ করা হইয়াছে এমন রুটে ১৫০টি বাস চালাইবার জন্য এবং পশ্চিম দিনাজপুর ও মালদা জেলার প্রত্যেকটিতে ৩০টি করিয়া বাস চালাইবার জন্য বাসের সার্ভিস পারমিট আছে। এই সংস্থায় স্থায়ী বাস পারমিটও আছে এইরূপঃ

কুচবিহার জেলায় নয়টি, জলপাইগুড়ি জেলায় পাঁচটি, দার্জিলিং জেলায় একটি এবং কলিকাতা-বালুরঘাট ও বহরমপুর-মালদা বাস রুটের প্রত্যেকটির জন্য একটি করিয়া।

ইহার অস্থায়ী বাস পারমিট আছে এইরূপঃ

জলপাইগুড়ি জেলায় ৪৪টি, দার্জিলিং জেলায় পাঁচটি, মুর্শিদাবাদ জেলায় একটি, কুচবিহার জেলায় একটি এবং কলিকাতা-ফরাক্কা, কলিকাতা-মালদা, কলিকাতা-রায়গঞ্জ, কলিকাতা-শিলিগুড়ি ও কলিকাতা-জলপাইগুড়ি রুটগুলির প্রত্যেকটির জন্য দুইটি করিয়া।

(খ) হ্যাঁ।

(গ) (১) উক্ত সংস্থা উত্তরবঙ্গের পাঁচটি জেলায় ৪৭টি এবং দার্জিলিং জেলায় পনেরোটি নূতন রুটের জাতীয়করণ প্রকল্প প্রণয়ন করিয়াছেন।

(২) ইহা ছাড়া উক্ত সংস্থা জলপাইগুড়ি জেলায় নয়টি, পশ্চিম দিনাজপুর জেলায় সাতটি, দার্জিলিং জেলায় সাতটি বাস পারমিটের এবং শিলিগুড়ি-পাটনা বাসরুটের জন্য একটি বাস পারমিটের আবেদনপত্র পেশ করিয়াছেন।

তহসিলদার

৪৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩৬।) **শ্রীকাশীনাথ মিশ্র:** ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগেব মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিবঙ্গে জেলাওয়ারী তহসিলদার-এর সংখ্যা কত;

(খ) একজন তহসিলদারের অধীনে কয়জন অধীনস্থ কর্মচারী থাকেন;

(গ) তহসিলদার এবং উহাদের অধীনস্থ কর্মচারীরা সরকারী কর্মচারী কিনা;

(ঘ) সরকারী কর্মচারী না হইলে, তাহারা কোন্ শ্রেণীর কর্মচারী এবং উহাদের মাসিক বেতনহার কত; এবং

(ঙ) কোন্ সালে উক্ত পদের সৃষ্টি হয়?

ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়: (ক)

জেলা		তহসিলদার
বাঁকুড়া	... ...	৩৩৫
বীরভূম	... ...	৩৮৬
বর্ধমান	... ...	৫৬৭
কুচবিহার	... ...	১৭৮
*দার্জিলিং	... ...	৩৯
হুগলি	... ...	৪০০
হাওড়া	... ...	২৬৪
জলপাইগুড়ি	... ...	১৪৮
মালদা	... ...	১৯৭
মেদিনীপুর	... ...	১,০৫১
মুর্শিদাবাদ	... ...	৩৯০
নদিয়া	... ...	১৮৩
পুরুলিয়া	... ...	৩৬
চব্বিশপরগনা	... ...	১,২৩৬
পশ্চিম দিনাজপুর	... ...	২১৭
	মোট ...	৫,৬২৭

(খ) একজন তহসিল পিওন থাকেন।

(গ) ও (ঘ) তহসিলদারেরা খণ্ডকালীন সরকারী কর্মচারী। তাঁহারা মাসিক ৫৭ টাকা ৫০ পয়সা ভাতা এবং আদায়ের উপর কমিশন ও বোনাস পান।

(ঙ) ইংরেজী ১৯৫৫ সালে।

*দার্জিলিং-এ কোন তহসিলদার নাই। উক্ত ৩৯টি পদকে মণ্ডল বলে। উহারা কোন ভাতা পান না। কেবলমাত্র আদায়ের উপর ১০ শতাংশ কমিশন পান।

Industrial Estate at Kharagpur

485. (Admitted question No. 1640.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) the present proposal for setting up of an Industrial Estate at Kharagpur in Midnapore district;

(b) if the land for the proposed Industrial Estate has been acquired by the Government; and

(c) when the proposal is likely to be implemented?

The Minister for Cottage and Small Scale Industries: (a) The proposal for setting up of Industrial Estate at Kharagpur is still under consideration along with the proposal for setting up at least one Industrial Commercial Estate in each district. Final decision in this regard will be taken as soon as finance from Government of India for the said purpose is assured. Government of India have already been moved for sanction of the proposal.

(b) No.

(c) It depends on availability of fund. Hence it is difficult to mention any date.

নদী ভাঙ্গনের কবলে হায়াৎপুর গ্রাম

৪৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৬৬।) **ডাঃ ভুপেন বিজলী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চব্বিশপরগনা জেলার অন্তর্গত মহেশতলা থানা এলাকায় হুগলি নদীর তীরে অবস্থিত হায়াৎপুর গ্রাম নদী ভাঙ্গনের ফলে ধ্বংস হতে বসেছে এ সম্বন্ধে সরকার অবগত আছেন কি; এবং

(খ) অবগত থাকিলে, ঐ গ্রামকে রক্ষা করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ও (খ) উক্ত স্থানে হুগলি নদীর বাম তীরের বাঁধ সেচ ও জলপথ বিভাগ রক্ষণাবেক্ষণ করিতেছে। ঐ বাঁধের কোন অংশে ভাঙ্গন দেখা যায় নাই। তবে উক্ত বাঁধ এবং নদীর মধ্যবর্তী জমি (বার্ম ল্যান্ড) নদীর ভাঙ্গনের দ্বারা আক্রান্ত হইয়াছে। এই ভাঙ্গন প্রতিরোধের জন্য কোন প্রকল্প বর্তমানে সেচ ও জলপথ বিভাগের বিবেচনাধীন নাই।

পশ্চিমবঙ্গে অন্তর্দেশীয় জল পরিবহণের উন্নয়ন

৪৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২৩৩।) **শ্রীঅশ্বিনী রায়:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সালে পশ্চিমবঙ্গ রাজ্যে অন্তর্দেশীয় জল পরিবহণ উন্নয়নের কতগুলি প্রকল্প আছে;

(খ) তাহার মধ্যে কতগুলিকে ১৯এ মার্চ, ১৯৭৩ পর্যন্ত কেন্দ্রীয় সরকার মঞ্জুরী দিয়াছেন; এবং

(গ) উক্ত প্রকল্পগুলি কার্যকর করার জন্য মোট ব্যয়ের পরিমাণ?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) তিনটি প্রকল্প রূপায়িত করার প্রস্তা আছে।

(খ) একটি প্রকল্প কেন্দ্রীয় সরকারের মঞ্জুরী পাইয়াছে।

(গ) মোট আনুমানিক ব্যয়—১,৬৪,৪১,০০০ টাকা।

সাগরদীঘি ও নবগ্রাম থানার ছাত্র-ছাত্রীদের স্কুল-কলেজের বেতন

৪৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬০।) **শ্রীনৃসিংহকুমার মন্ডলঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ১৯৭২ সালের ভয়াবহ খরা পরিস্থিতির জন্য সাগরদিঘি ও নবগ্রাম থানার ছাত্র-ছাত্রীরা তাদের স্কুল ও কলেজের বেতন দিতে পারে নি এবং বর্তমানেও পারছে না; এবং

(খ) অবগত থাকিলে, তাদের বেতন মকুব করার কথা সরকার চিন্তা করছেন কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই বিষয় সরকার অবগত নহেন।

(খ) এ প্রশ্ন ওঠে না।

নন্দীগ্রাম থানা এলাকায় মৎস্যজীবীদের উন্নয়ন প্রকল্প

৪৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯৯।) **শ্রীভূপালচন্দ্র পান্ডাঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নন্দীগ্রাম থানার পূর্বাংশে হুগলি নদীর তীরবর্তী মৎস্যজীবীদের উন্নতিকল্পে সরকার এ পর্যন্ত কি কি ব্যবস্থা নিয়েছেন;

(খ) এই এলাকায় একটি মৎস্যচাষ কেন্দ্র খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) বর্তমানে মৎস্যজীবীদের রক্ষার জন্য ১৯৭২-৭৩ সালে সরকার কি কি ধরনের স্কীম গ্রহণ করেছেন এবং কতজনকে এই স্কীমে সাহায্য দেওয়া হয়েছে?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নন্দীগ্রাম থানা এলাকায় মৎস্যজীবীদের উন্নতিকল্পে এপর্যন্ত নিম্নলিখিত পরিকল্পনাগুলি গ্রহণ করা হইয়াছেঃ

(১) মৎস্য ধরিবার জাল/নৌকা তৈরি বা ক্রয় করিবার জন্য মৎস্যজীবীদিগকে স্বল্পমেয়াদী ঋণদান পরিকল্পনা।

(২) গরিব মৎস্যজীবীদের মৎস্য ধরিবার জাল প্রস্তুত করিবার জন্য বিনামূল্যে সূতা বিতরণ। গরিব গৃহহীন মৎস্যজীবীদের গৃহনির্মাণের জন্য সাহায্য এবং মৎস্যজীবী অধ্যুষিত এলাকায় পানীয় জলের জন্য নলকূপ খনন।

(খ) না।

(গ) ১৯৭২-৭৩ সালে এই এলাকার মৎস্যজীবীদের জন্য নিম্নলিখিত স্কীম গ্রহণ করা হইয়াছেঃ

(১) **অ্যাসিস্টিং নিডি ফিশারমেন স্কীমঃ** এই স্কীমে মৎস্য ধরিবার জাল/নৌকা তৈরি বা ক্রয় করিবার জন্য ঐ এলাকার ৪৭ জন মৎস্যজীবীকে মোট ৯,৭৫০ টাকা ঋণ দেওয়া হয়।

(২) **ফিশারমেন ওয়েলফেয়ার স্কীমঃ** (ক) ঐ এলাকার মৎস্যজীবী পল্লীতে ২,০০০ টাকা ব্যয়ে একটি পানীয় জলের নলকূপ বসানো হয়।

(খ) ঐ এলাকায় ৪৮ জন দরিদ্র মৎস্যজীবীকে মৎস্য ধরিবার জাল প্রস্তুত করিবার জন্য মোট ২,৪৪০ টাকা মূল্যের ২৪ কেজি নাইলন সূতা বিনামূল্যে দেওয়া হয়।

(গ) ঐ এলাকায় একজন গৃহহীন মৎস্যজীবীকে গৃহনির্মাণের জন্য ১৫০ টাকা সাহায্য দেওয়া হয়।

সড়ক যানবাহনে যাত্রীচাপ

৪১০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২৯।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর): স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্তমানে রাজ্যের সড়ক যানবাহনে যাত্রীচাপ বৃদ্ধি পাইয়াছে;

(খ) অবগত থাকিলে, সরকার সড়ক যানবাহনে যাত্রীচাপ কমানোর জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন;

(গ) ১৯৭২ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত মেদিনীপুর জেলায় কতগুলি সরকারী ও বেসরকারী যাত্রী পরিবহণ বাস ছিল এবং দৈনিক পরিবহণ ক্ষমতা কত ছিল; এবং

(ঘ) বর্তমানে সরকার মেদিনীপুর জেলায় সড়ক যানবাহনে যাত্রীচাপবৃদ্ধিরোধে কি কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) সড়ক পরিবহণে যাত্রীচাপ কমানোর জন্য প্রত্যেক আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষকে অধিক সংখ্যায় বাস, অটোরিক্সা, স্কুটার, ট্যাক্সি এবং সাধারণ ট্যাক্সির পারমিট মঞ্জুর করিবার ব্যবস্থা করিতে অনুরোধ করা হইয়াছে। প্রাপকগণকে বাস চ্যাসি এবং ট্যাক্সির জন্য গাড়ি পাইতে সাহায্য করা হইতেছে। এতদ্ব্যতীত, কিছু নির্দিষ্ট এলাকায় আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষগণ মিনিবাস প্রবর্তনের বিষয় বিবেচনা করিতেছেন।

(গ) ১৯৭২ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত মেদিনীপুর জেলায় ৫৮০টি বে-সরকারী মালিকানাধীন এবং পাঁচটি সরকারী বাস ছিল। অন্য জেলা এবং অন্য রাজ্য হইতে আরও দশ-খানি বাস এই জেলায় যাতায়াত করে। নির্ধারিত ট্রিপ অনুযায়ী চলাচল করিলে বাসগুলির দৈনিক পরিবহণ ক্ষমতা ৯০ হইতে ৯৫ হাজারের মত।

(ঘ) মেদিনীপুর আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ গত এক বৎসরে বিভিন্ন রুটে ৪০টি অস্থায়ী বাস পারমিট মঞ্জুর করিয়াছেন। ইহা ছাড়া যাত্রীসাধারণের সুবিধার্থে ৯৮টি বিভিন্ন রুটে ১২৭টি স্থায়ী বাস পারমিট বিলি করিবার জন্য প্রার্থী মনোনয়ন করা হইতেছে। তদুপরি মিনিবাস, অটোরিক্সা এবং আরও অধিক সংখ্যক ট্যাক্সি পারমিট মঞ্জুর করার ব্যবস্থা লওয়া হইতেছে।

কুষ্ঠ চিকিৎসাকেন্দ্র

৪১১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪৯।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর): স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুষ্ঠ ব্যাধিগ্রস্ত রোগীদের চিকিৎসার জন্য যেসব শাখাকেন্দ্র রহিয়াছে তাহার জন্য সরকারকে ভাড়া দিতে হয় কিনা;

(খ) হইলে, ঐ বাবত মাসে সরকারের কত খরচ হয়;

(গ) কুষ্ঠ রোগীদের জন্য ঔষধ সময়মত কুষ্ঠকেন্দ্রগুলিকে দেওয়ার কি ব্যবস্থা আছে;

(ঘ) কুষ্ঠ রোগীদের সুবিধার্থে শয্যাসমন্বিত হাসপাতাল নির্মাণের কোন প্রকল্প আছে কি; এবং

(ঙ) থাকিলে, মেদিনীপুর জেলায় কোন্ কোন্ স্থানে ঐরূপ হাসপাতাল হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ২,৯৫১ টাকা।

(গ) মেডিক্যাল অফিসারগণের রিকুইজিশন অনুযায়ী ডিস্ট্রিক্ট রিজার্ভ স্টোর্স/সেন্ট্রাল মেডিক্যাল স্টোর্স থেকে সরবরাহ করা হয়।

(ঘ) বাঁকুড়া জেলার গৌরীপুরে একটি বড় সরকারী হাসপাতাল আছে। এখন অন্য কোন হাসপাতাল স্থাপনের পরিকল্পনা নেই।

(ঙ) প্রশ্ন ওঠে না।

বাশুলিয়া মৌজায় হাসপাতাল

৪৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৯।) **শ্রীঅহীন্দ্র মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একথা কি সত্য যে, মহিষাদল ২নং ব্লকে বাশুলিয়া মৌজায় একটি তিরিশ-শয্যাবিশিষ্ট হাসপাতাল মঞ্জুর করা হয়েছে; এবং

(খ) সত্য হ'লে, উক্ত হাসপাতাল নির্মাণের কাজ এখনও শুরু না হওয়ার কারণ কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না। তবে ঐরকম হাসপাতাল তৈরির জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(খ) জমি এখনও ঠিকমত পাওয়া যায় নি।

ভগবানপুর থানায় ডীপ্ টিউবওয়েল

৪৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬৬।) **শ্রীঅমলেশ জানাঃ** কৃষি এবং সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর থানায় ডীপ্ টিউবওয়েল স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, উহার সংখ্যা কত এবং কোন্ কোন্ মৌজায় সংস্থাপিত হইবে; এবং

(গ) কবে নাগাত উক্ত ডীপ্ টিউবওয়েল স্থাপনের কাজ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

কৃষি এবং সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) চলতি আর্থিক বৎসরে গভীর নলকূপ খননের কার্যসূচিতে মেদিনীপুর জেলার ভগবানপুর থানার কোন স্থানই অন্তর্ভুক্ত হয় নাই।

(খ) এবং (গ) এ প্রশ্ন ওঠে না।

পায়রাডাঙ্গা অঞ্চল এলাকায় চিকিৎসার ব্যবস্থা

৪৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪৯।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, প্রচুর জনসংখ্যা অধ্যুষিত পায়রাডাঙ্গা অঞ্চল এলাকায় (নদিয়া জেলার রাণাঘাট ১নং ব্লক অধীন) চিকিৎসার কোন ব্যবস্থা নাই; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) সরকারী নীতি অনুসারে প্রতি ব্লকে একটি প্রাথমিক এবং দুটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করাহয়। রাণাঘাট ১নং ব্লকের হাববপুরে একটি দশ-শয্যাবিশিষ্ট প্রাথমিক ও পাহাড়পুর এবং পশ্চিম ন'পাড়াতে দুটি উপ-স্বাস্থ্যকেন্দ্র চালু আছে। বর্তমানে ঐ ব্লকে আর কোনও স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার পরিকল্পনা নেই।

পায়রাডাঙ্গা অঞ্চলের অধিবাসীগণ নিকটস্থ রাণাঘাট মহকুমা হাসপাতাল থেকেও চিকিৎসার সুযোগ পেতে পারেন।

Indpur Block Development Office

495. (Admitted question No. 1889.) **Shri Gourchandra Lohar:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development (Community Development) Department be pleased to state—

(a) if the Government is aware of the fact that due to paucity of accommodation in Indpur Block Development Office the officers and staff of that Office have been experiencing great inconveniences to perform their duties properly for want of proper accommodation in Office; and

(b) if so, whether the Government has any plan to construct a spacious Block Office at Indpur and a Block Colony for the employees of the said Block and when such construction will start?

The Minister for Agriculture and Community Development (Community Development): (a) Indpur Block Office is housed in a hired building. No specific proposal for additional accommodation for the Block Office has been received either from the Block Development Officer or the District Magistrate.

(b) The District Magistrate, Bankura, has already been requested to submit land acquisition proposal for construction of the permanent Block headquarters and staff quarter of Indpur Block. No reply has yet been received. As the land acquisition process takes time, it is not possible to state when the construction work will start.

পতিতাদের জন্য প্রোটেক্টিভ হোম

৪৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৮।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পতিতাদের জন্য সরকার পরিচালিত কোন প্রোটেকটিভ হোম আছে কিনা; এবং

(খ) পতিতাদের রক্ষণাবেক্ষন, আর্থিক ও সামাজিক পুনর্বাসনের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) হ্যাঁ, আছে।

নন্-রেজিস্টার্ড এবং রেজিস্টার্ড ফার্মাসিস্ট

৪৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯৬।) **শ্রীগণেশ হাটুইঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে নন্-রেজিস্টার্ড এবং রেজিস্টার্ড ফার্মাসিস্টদের সংখ্যা কত;

(খ) নন্-রেজিস্টার্ড ফার্মাসিস্টদের রেজিস্ট্রেশন করার কথা সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

(গ) থাকিলে, কবে নাগাত উহাদের রেজিস্ট্রেশন করার কাজ শুরু করা হবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গ ফার্মাসিস্ট কাউন্সিলের বিভিন্ন সদস্যগ কর্তৃক প্রদত্ত তথ্যানুযায়ী পশ্চিমবঙ্গে বর্তমানে নন্‌-রেজিস্টার্‌ড ফার্মাসিস্টের সংখ আনুমানিক ২৫,০০০। পশ্চিমবঙ্গে বর্তমানে রেজিস্ট্রারড ফার্মাসিস্টের সংখ্যা ২১,৬৬২ জন

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

বীরভূম জেলায় হাজামজা পুষ্করিণীর সংস্কার ও মৎস্য চাষ

৪৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০২৩।) **শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশ অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী বীরভূম জেলায় হাজামজা পুষ্করিণীর সংখ্যা কত;

(খ) হাজামজা পুষ্করিণীগুলিকে সরকারী নিয়ন্ত্রণে আনিয়া সংস্কার করিয়া সমবায় প্রথা পুষ্করিণীতে মৎস্য এবং হাঁসের চাষ বৃদ্ধি করিবার কোন পরিকল্পনা সরকারে আছে কি; এবং

(গ) থাকিলে, তাহা কি কি এবং কবে নাগাত তাহা বাস্তবায়িত হবে?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) জানা নাই।

(খ) না।

(গ) এ প্রশ্ন ওঠে না।

দুঃস্থ ও মেধাবী তফসিলী ছাত্রদের জন্য আশ্রম-হোস্টেল

৭৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১৯৯।) **শ্রীসরোজরঞ্জন কাঁড়ারঃ** তফসিলী জাতি ও আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুঃস্থ ও মেধাবী তফসিলী ছাত্রদের জন্য কোন আশ্রম-হোস্টেল তৈরির পরিকল্পন আছে কি; এবং

(খ) থাকিলে, ১৯৭২-৭৩ সালে (জানুয়ারির মধ্যে) কতগুলি ঐরূপ আশ্রম মঞ্জুর হয়েছে এবং তন্মধ্যে হাওড়া জেলায় কয়টি?

তফসিলী জাতি ও আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) জানুয়ারি মাসের মধ্যে একটিও মঞ্জুর করা যায় নাই। তবে, মার্চ মাসের মধ্যে মো ছয়টি ও হাওড়া জেলায় একটি মঞ্জুর করা হইয়াছে।

মুর্শিদাবাদ জেলায় দোকান-কর্মচারী

৫০০। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭২।) **শ্রীআদ্যচরণ দত্তঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশ অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারী হিসাব অনুযায়ী মুর্শিদাবাদ জেলায় বর্তমানে দোকান কর্মচারীর সংখ্যা কত?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ ৪,২৫২ জন।

অনাহারে মৃত্যু

৫০১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০৬।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সম্প্রতি বর্ধমান জেলার কেতুগ্রাম থানার আনখোনা অঞ্চলের বেবুড়ী গ্রামের জনৈক ভূষণ মাঝি অনাহারে মারা গেছে; এবং

(খ) অবগত থাকলে—

(১) এ বিষয়ে কোন তদন্ত করা হয়েছে কি না;

(২) উক্ত এলাকায় ১৯৭৩ সালের জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে ত্রাণের কি কি ব্যবস্থা ছিল; এবং

(৩) আর ঐরূপ কোন মৃত্যুর সংবাদ পেয়েছেন কি?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্ধমান জেলার কেতুগ্রাম থানার অ্যাখোনা অঞ্চলের চেঁচুড়ী গ্রামের (বেবুড়ী নহে) জনৈক ভূষণ মাঝির গত ১৯৭২ সালের আগস্ট মাসে স্বাভাবিক কারণে ১০।১২ দিন রোগভোগের পর মৃত্যু হয়। তিনি ঐ সময় খয়রাতি সাহায্য পাইতেন এবং তাঁহার মৃত্যু অনাহারজনিত নহে।

(খ) (১) হ্যাঁ, হইয়াছে।

(২) প্রতি হাজারে দুই জনকে, খয়রাতি সাহায্য দেওয়ার ব্যবস্থা ছিল। এছাড়া, টেস্ট রিলিফের মাধ্যমে দু'টি বোরো বাঁধ প্রকল্পের কাজও হয় এবং ইহাতে মোট ৩,৬৯৫ জনের কর্মসংস্থান হয়।

(৩) না।

বীরভূম জেলার খরা কবলিত এলাকা

৫০২। (অনুমোদিত প্রশ্ন নং ২০০৬।) **শ্রীশচীনন্দন সাউঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় সরকারী মতে কোন্ কোন্ এলাকা খরা কবলিত এলাকা;

(খ) উক্ত এলাকাগুলিতে কি পরিমাণ জি আর দেওয়া হইতেছে এবং কোন্ কোন্ এলাকায় টি আর-এর কার্য হইতেছে;

(গ) খরা এলাকাগুলিতে ঋণ মকুব ও খাজনা মকুবের কোন সিদ্ধান্ত সরকার লইয়াছেন কি; এবং

(ঘ) উক্ত এলাকাগুলিতে এই বৎসর অধিক পরিমাণে কৃষিঋণ ও অন্যান্য সরকারী সাহায্য দিবার কোন পরিকল্পনা আছে কি?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) রাজনগর, খয়রাশোল, দুবরাজপুর, মহম্মদবাজার, ইলামবাজার, মুরারই-১, মুরারই-২, রামপুরহাট-১, নলহাটি-১, শিউড়ী-১, বোলপুর, লাভপুর, নানুর, সাঁইথিয়া, সিউড়ী-২, ময়ূরেশ্বর-২, রামপুরহাট-২, নলহাটি-২ নং ব্লক সমূহ এবং ময়ূরেশ্বর ১নং ব্লকের মল্লারপুর অঞ্চল।

(খ) বর্তমানে হাজার প্রতি দুইজন ব্যক্তিকে খয়রাতি সাহায্য দেওয়া হইতেছে। মহম্মদবাজার, রাজনগর, খয়রাশোল, ইলামবাজার, দুবরাজপুর, লাভপুর, সাঁইথিয়া, নানুর, নলহাটি-১, নলহাটি-২, মুরারই-১, মুরারই-২, রামপুরহাট-১, রামপুরহাট-২, ময়ূরেশ্বর-১ এবং ময়ূরেশ্বর-২ ব্লক সমূহে টেস্ট রিলিফের কাজ চলিতেছে।

(গ) না।

(ঘ) উক্ত এলাকাগুলিতে বর্তমান বৎসরে অবস্থার পরিপ্রেক্ষিতে প্রয়োজন অনুসারে কৃষি-ঋণ ও অন্যান্য সাহায্য দেওয়ার ব্যবস্থা করা হইবে।

ঝালদা প্রাইমারি হেল্‌থসেন্টার ও ১নং ব্লক অফিসের জমি

৫০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৩।) **শ্রীকিঙ্কর মাহাতোঃ** ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝালদা ১নং প্রাইমারি হেল্‌থসেন্টার ও ১নং ব্লক অফিসের জন্য যে জমি সরকার গ্রহণ করিয়াছেন তাহার ক্ষতিপূরণ বাবত কাহার কত টাকা পাওনা আছে ও কত টাকা কে কে পাইয়াছেন;

(খ) যাঁহাদের বাকি আছে তাঁহাদের কাহার কত বাকি আছে এবং উক্ত টাকা কতদিনের মধ্যে পাইতে পারেন; এবং

(গ) জমির শ্রেণী বিভাগানুযায়ী টাকা দেওয়া হইতেছে কিনা এবং হইলে সেই শ্রেণীবিভাগ কিভাবে করা হইয়াছে?

ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) ক্ষতিপূরণ বাবত কাহার কত টাকা পাওনা আছে তাহার একটি তালিকা নিম্নে দেওয়া হইল। এখনও কাহাকেও টাকা দেওয়া হয় নাই। প্রাপ্য টাকা আগামী ১০ই এপ্রিল দেওয়া হইবে।

(গ) জমির শ্রেণী অনুযায়ী ক্ষতিপূরণের টাকা দেওয়া হইবে। সরেজমিন তদন্ত করিয়া শ্রণীবিভাগ করা হইয়াছে।

Statement referred to in reply to Clauses (Ka) and (Kha) of Unstarred Question No. 503

নাম			টাকা
১। মন্মথ সেন	..	...	৩৬৩·৯২
২। রাধারমণ সেন	..	..	৩৬৩·৯২
৩। কালিপদ সেন	...	...	৩৬৩·৯২
৪। তারাপদ সেন	...	...	৩৬৩·৯২
৫। শশাঙ্কশেখর সেন	...	...	৭২·৭৮
৬। খাঁদিবালা সেন	...	...	৭২·৭৮
৭। রামপদ সেন	...	...	৭২·৭৯
৮। মনোরঞ্জন সেন	...	...	৭২·৭৯
৯। প্রদীপ সেন	...	...	৭২·৭৯
১০। রাধারমণ চক্রবর্তী	...	...	৯৮৭·২৬
১১। পঞ্চানন চক্রবর্তী	...	...	৯৮৭·২৬
১২। নিরঞ্জন চক্রবর্তী	...	...	৪৯৩·৬৩
১৩। নারান চক্রবর্তী	...	...	৪৯৩·৬৩
১৪। কমলাবালা দেব্যা	...	...	২,৯৬১·৭৭
১৫। হেমন্ত দাঁ, রঙ্গলাল মাহাত, ভজহরি মাহাত	..	...	২৫·০৯
১৬। কার্ত্তিক মাহাত	...	...	২৩৯·৯০
১৭। ধেলিয়া মহাতানী	...	...	২৩৯·৯০
১৮। ফকির মাহাত	...	...	১১৯·৯৫
১৯। অতীত মাহাত	...	...	১১৯·৯৫

নাম			টাকা
২০। ভুক্ত মাহাত ভগীরথ মাহাত রাধারমণ চক্রবর্তী পঞ্চানন চক্রবর্তী নিরঞ্জন চক্রবর্তী নারান চক্রবর্তী হেমন্তকুমার দাঁ দুর্গাদাসী দাঁ পূর্ণানন্দ দাঁ	..	...	৭,৮৩৫·২০
২১। কীর্তিবাস মাহাত	...	...	৪৪·৮১
২২। সৃষ্টিধর মাহাত	...	...	৪৪·৮১
২৩। যজ্ঞেশ্বর মাহাত	...	...	৪৪·৮১
২৪। মহেশ্বর মাহাত	...	...	৪৪·৮১
২৫। সুন্দরী মাহাতানী	...	...	৪৪·৮১
২৬। শশি মাহাতানী	...	...	২২৪·০৬
২৭। রাধারমণ চক্রবর্তী	..	..	২·৬৪
২৮। পঞ্চানন চক্রবর্তী	..	...	২·৬৪
২৯। নিরঞ্জন চক্রবর্তী	.	...	১·৩২
৩০। নারান চক্রবর্তী	...	...	১·৩২
৩১। কমলাবালা দেব্যা	...	...	৭·৯২

পাণ্ডুয়া থানার এম আর শপ

৫০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০২।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ৫ই মার্চ হইতে ১০ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত যে সপ্তাহ সেই সপ্তাহে খাদ্য বিভাগ হইতে পাণ্ডুয়া থানার ১নং, ২নং, ৩নং ও ৪নং এম আর-এর দোকানে কত করিয়া (১) চাউল, (২) গম ও (৩) আটা সরবরাহ করা হইয়াছে;

(খ) উপরোক্ত চারিটি দোকানের প্রত্যেকটির ইউনিট সংখ্যা কত, এবং তন্মধ্যে 'ক', 'খ' ও 'গ' শ্রেণীর ইউনিট কোন্ দোকানে কত; এবং

(গ) বর্তমানে (উপরোক্ত সপ্তাহে) উক্ত দোকানগুলিতে 'ক' শ্রেণীর রেশন গ্রহীতাকে ইউনিট পিছু কত পরিমাণ চাল, আটা সরবরাহ করার নির্দেশ ছিল?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) ৫ই মার্চ হইতে ১০ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত যে সপ্তাহ সেই সপ্তাহে পাণ্ডুয়া থানার ১নং, ২নং, ৩নং এবং ৪নং এম আর দোকানের প্রত্যেকটিকে সরবরাহকৃত চাউল, গম এবং আটার পরিমাণ, উক্ত চারিটি দোকানের প্রত্যেকটির ইউনিট সংখ্যা এবং তন্মধ্যে প্রত্যেক ক্ষেত্রে 'ক', 'খ' এবং 'গ' শ্রেণীর ইউনিট সংখ্যা ইত্যাদি তথা এতৎসংলগ্ন একটি বিবরণীতে নিম্নে পেশ করা হইল।

(গ) উক্ত সপ্তাহে ঐ দোকানগুলিতে 'ক' শ্রেণীর রেশন গ্রহীতাদের ইউনিট পিছু ৭০০ গ্রাম চাল, ৪০০ গ্রাম গম এবং ৬০০ গ্রাম আটা সরবরাহ করার নির্দেশ ছিল।

গম সরবরাহের ক্ষেত্রে 'খ' এবং 'গ' শ্রেণীভুক্ত গ্রহীতাদের অপেক্ষা 'ক' শ্রেণীভুক্ত গ্রহীতাদের অগ্রাধিকার দেওয়া হয়।

Statement referred to in reply to Clauses (Ka) and (Kha) of Unstarred Question No. 504

পাণ্ডুয়া থানার অন্তর্গত এম আর দোকান নং	৫-৩-৭৩ হইতে ১০-৩-৭৩ তারিখ পর্যন্ত সরবরাহকৃত চাউল, গম এবং আটার পরিমাণ			মোট ইউনিট সংখ্যা	শ্রেণীভিত্তিক ইউনিট সংখ্যা		
	চাউল	গম	আটা		'ক' শ্রেণী	'খ' শ্রেণী	'গ' শ্রেণী
	কুইণ্ট্যাল	কুইণ্ট্যাল	ব্যাগ				
১	১০	৪.৫০	৩	২,৯৬৭.০০	২,৬২৩.০০	১৪৫.০০	৮২.৫০
২	৭	৩.০০	২	২,১৪৬.০০	১,৮৮৬.৫০	৯৫.৫০	৭৭.৫০
৩	১০	৪.৫০	৪	৩,৪৯৮.০০	২,৯৮৪.০০	১৯১ ৫০	১৩৭.০০
৪	৭	২.৭০	২	১,৯২৩.৫০	১.৫৭৮.০০	১০২.৫০	৫০.৫০

রুরাল ফ্যামিলী প্ল্যানিং-এর ডাক্তার

৫০৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৬।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৫৯-৬০ সালে রুরাল ফ্যামিলী প্ল্যানিং-এর জন্য প্রায় ৪০ জন ডাক্তার নিয়োগ করা হয়েছিল; এবং

(খ) সত্য হইলে, উক্ত ডাক্তারদের কতজন—

(১) গ্রামের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বর্তমানে মেডিক্যাল অফিসার পদে নিযুক্ত আছেন, এবং কোন্ জেলার কোন্ ব্লকে; এবং

(২) কতজন ফ্যামিলী প্ল্যানিং অফিসার হিসাবে কলকাতাতে নিযুক্ত আছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) আংশিক সত্য। ১৯৫৯-৬০ সালে ম্যাটারনিটি অ্যান্ড চাইল্ড ওয়েলফেয়ার ওয়ার্ক এর জন্য ৩১ জন লেডি মেডিক্যাল অফিসার কাজে যোগদান করেছিলেন।

(গ) উপরোক্ত লেডি মেডিক্যাল অফিসাররা কে কোথায় আছেন তাহার একটি বিবরণী নিম্নে পেশ করা হলো।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 505

1.	Dr. (Sm.) Meera Roy, MBBS, DGO, DMCW & DPH (Cal).	Officer-in-charge, Regional Family Planning, Training Centre, Kalyani, Nadia.
2	Dr. (Sm) Kanti Kumari Rai, DGO	.. Resigned.
3	Dr. (Sm.) Geeta Das, MD (Cal.)	.. She went abroad on leave for higher training and has not yet returned.
4	Dr. (Sm) Monjushree Mitra, MD(Cal.)	.. Lecturer, I. D. Hospital, Beliaghata, Calcutta.
5	Dr. (Sm.) Snigdha Sinha, DCH	.. On Training Reserve for MD (Paed) in India.
6	Dr. (Sm) Reba Gupta, DMCW	.. MO., IUCD, State Family Planning Bureau, Directorate of Health Services, West Bengal.

7	Dr. (Sm) Subha Basu, DGO (Cal) ..	Medical Officer, New Urban Family Welfare Planning Centre at Netaji Subhas Bose Road, Howrah.
8	Dr. (Sm) Kamala Kundu, DMCW ..	Lady Medical Officer (FP), NRSMCH, Calcutta.
9	Dr. (Sm) Phalguni Bhattacharyya, DGO, DMCW.	Lady Medical Officer (FP), Medical College Hospitals, Calcutta.
10	Dr. (Sm) Bani Mukherjee, MC (Cal) ..	Resident Surgeon, Eden Hospital, Medical College Hospital, Calcutta.
11	Dr. (Sm) Labanya Chatterjee ..	MO, Sadar Hospital, Purulia.
12	Dr. (Sm) Santi Dutta, MO (Cal) ..	MO (Gynae), Uttarpara General Hospital.
13	Dr. (Sm) Geeta Rakshit, MO (Cal) ..	Medical Officer (Supy.), Directorate of Health Services, under order of transfer to Jalpaiguri (now working at SSKM Hospital on deputation).
14	Dr. (Sm) Meena Guha, MO (Cal) ..	Abroad. (On higher training.)
15.	Dr. (Sm) Sucharita Ghosh, MD (Cal) DCH (Lond).	Lecturer (Paediatrics), IPGME & R, Calcutta.
16	Dr. (Sm) Maitrayee Ghosh, MO .	RS (O & G), NRSMC.
17	Dr. (Sm) Gita Pal Chowdhury ..	Demonstrator of Pathology and Bacteriology, NRSMC, Calcutta.
18	Dr. (Sm) Mira Roy	
19	Dr. (Sm) Kalyani Mukherjee, MO (Cal), MRCOG.	Medical Officer (Supy duty), Eden Hospital, Calcutta.
20	Dr. (Sm) Pampa Chanda, MO (Cal) ..	Medical Officer (Gynae), BC Hospital, Burdwan.
21	Dr. (Sm) Sudha Mukherjee, DGO ..	She went abroad on leave but has not yet returned.
22	Dr. (Sm) Gita Das, DGO, DMCW ..	She went abroad for higher training, but has not yet returned.
23	Dr. (Sm) Gita Rani Burman Roy, DGO, DMCW.	Lady Medical Officer (MCW & FP), RG Kar Medical College Hospital, Calcutta.
24	Dr. (Sm) Maya Sanyal, DCP (Cal) ..	Lecturer of Medical Mycology, School of Tropical Medicine, Calcutta.
25	Dr. (Sm) Aloka Ganguly, DGO ..	LMO (MCW & FP), M. R. Bangur Hospital, Tollygunge, Calcutta.
26	Dr. (Sm) Namita Das, MO (Cal) ..	Clinical Tutor, R. G. Kar.
27	Dr. (Sm) Purnima Gupta	Medical Officer, VD Clinic, Medical College, Hospitals, Calcutta.
28	Dr. (Sm) Santi Dutta, DMCW, MD (Lucknow).	Medical Officer (Supy. duty), L D. V. Hospital, Calcutta.
29	Dr. (Sm) Nitya Bala Banerjee, DGO, DMCW.	Medical Officer (Supy, duty), L. D. V. Hospital, Calcutta.
30	Dr. (Sm) Mira Sen, FRCS (Edin) ..	Medical Officer (Surgeon), Dr. B. C. Roy Memorial Hospital for Children, Calcutta.
31	Dr. (Sm) Madhuri Basu, DPH (Cal), Ph D (Edin).	Demonstrator, Department of Preventive and Social Medicine, Medical College, Calcutta.

গ্রামসেবিকা

৫০৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭২১।) **শ্রীশিশিরকুমার সেন:** কৃষি ও সমষ্টি-উন্ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ব্লক ডেভলপ্‌মেন্ট অফিসের অধীনে বর্তমানে কতজন গ্রামসেবি আছেন এবং তাহাদের জন্য বৎসরে কত টাকা ব্যয় হয়; এবং

(খ) ঐ গ্রামসেবিকাদের বর্তমানে কি কি কাজ করিতে হয়?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ৫৩৪ জন। বাৎসরি ব্যয় ২৩,৫০,০০০ টাকা।

(খ) গ্রামসেবিকাদের কাজের তালিকা এতদ্‌সহ দেওয়া হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 5

Job Chart for Gram Sevikas

A. Agriculture

(1) Education in the utilisation of local manurial resources particularl preparation and use of compost pits. Gram Sevikas should s that every family in her area has a compost pit. If that pit is 'Kutcha' one, some creepers should be planted over it for protectic against sun and rain.

(2) Encouraging kitchen-gardening throughout the year.

(3) Growing of seasonal flowers.

(4) Planting of common fruit trees.

(5) Demonstration, collection and preservation of seeds and storage foodgrains.

(6) Education in improved methods for important local crops-manurin sowing, irrigation, transplanting, etc.

(7) Miscellaneous Agricultural Scheme—

(a) Distribution of fruit plants on subsidy.

(b) Distribution of free vegetable seedlings.

(c) Distribution of free seeds of vegetables and seasonal fruits.

(d) Distribution of bee-keeping equipments.

(e) Distribution of dusters and sprayers on subsidy.

(f) Distribution of subsidy for the construction of brick-on-edge floor pucca drain for cattle shed and pucca manure pit.

(g) Subsidy on construction of seed gola.

(8) Distribution of loan under Productive Scheme for promotion Agriculture.

Subsequently all other loans like fertilisers, cattle purchase etc. may b initiated by Gram Sevikas in her area of work.

B. **Animal Husbandry:** Educating rural women in—

(1) improving cattle sheds and keeping them clean.

(2) preservation of fodder.

(3) care of cattle including proper feeding.

(4) clean milching practices.

C. **Poultry**

(1) Propagation of modern methods of hatching, rearing, feeding and housing of improved poultry.

(2) Spread of elementary knowledge of common contagious diseases and preventive measures against them.

(3) Introduction of improved cockerels.

(4) Demonstration of improved methods of preservation and storage of eggs.

D. **Bee-keeping:** Wherever possible.

E. **Food and Nutrition**

(1) Preparation of balanced diet within the means of the rural family and with locally available foodstuff.

Demonstration can be held at the Mahila Samities.

(2) Popularising non-cereals, mixed diets and local fruits.

(3) Encouraging improved methods of food preparation at all stages—

(a) to cover food while cooking,

(b) wash the vegetables before cutting,

(c) to cook rice without throwing away the water, and

(d) to demonstrate the use of hay-box for the same.

Demonstration can be held at the Mahila Samities.

(4) Encourage the habit of eating sprouted gram, wheat porridge, Dalia Khichari, green vegetables, ground-nuts and soyabeans (where available) in various forms.

Demonstration can be held at the Mahila Samities.

(5) Introducing improved methods of—

(a) storing foods.

(b) food preservation. (Demonstration can be held at the Mahila Samities.)

(c) disposal of kitchen waste.

(6) Preparation of sick-diet, during pregnancy, lactation etc.

Demonstration can be held at Mahila Samities.

F. **Mother and Child Care:** Educate mothers regarding—

(1) diet and personal health particularly during pregnancy and nursing.

(2) encouraging them to visit clinics and hospitals to keep contact with the health visitors and trained Dais.

(3) preparation of diets for children. (Demonstration at Mahila Samities.)

(4) imparting knowledge regarding common ailments of children, their prevention and cure.

(5) educate women on the need of Family Planning—

(a) arranging talks on the subject.

(b) giving information about family planning clinics.

(6) organisation and promotion of Balwadis. (One Balwadi to be attached to each of the Social Education Centres entrusted to the Gram Sevikas.)

G. Health and Sanitation

(1) Encourage drinking of pure water.

(2) Popularisation of (a) dug-well latrine, (b) soakpits and (c) smokeless chula.

(3) Control of communicable diseases—Education regarding cause, spread, prevention, control and cure. (Talks to be arranged with the assistance of Health Centre staff at the Mahila Samities.)

(4) Giving information regarding Health Organisation and services in the Block. (Assistance of Health Centre staff may be taken.)

(5) Providing—

(a) home nursing.

(b) first-aid.

(c) knowledge of home remedies.

For programmes relating to Mother and Child Care and Health Sanitation (every attempt should be made to involve Lady Doctors, Health Visitors, Trained Dais, etc.).

H. Home Improvement: Educating women in keeping their homes clean and well-organised by introducing—

(1) mud or other improvised shelf for vessels and other things.

(2) laying out a sashing place.

(3) putting up a raised platform for keeping drinking water.

(4) opening out a hole on window in the wall for better ventilation.

(5) indigenous methods of beautifying the home.

(6) small savings.

I. Home Crafts

(1) Making, mending, washing of clothes.

(2) Developing skills to make useful household articles using local materials through the teaching of crafts like—

(a) spinning,

(b) weaving,

(c) basket-making,

(d) soap-making,

(e) toy-making,

(f) mat-making,
(g) tailoring,
(h) knitting, and
(i) embroidery.

J. **Youth Activities**

(1) Promotion and organisation of Bratidals with the assistance of associate women workers, school teachers, etc.

(2) Help in the organisation of camps, picnic, study tours for the Bratis.

(3) Encourage them to take up individual and group projects such as—
(a) kitchen-garden,
(b) poultry-keeping,
(c) rearing goat, calf, etc.,
(d) jungle-clearing,
(e) road construction, and
(f) helping with the Balwadi, etc.

K. **Educational Activities**

(1) To remove illiteracy among women.
(2) To organise cultural and recreational functions.
(3) To organise melas, exhibitions, baby shows, etc.
(4) To encourage leadership among women.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-charge of the Municipal Services Department will please make a statement on the subject of mass hunger strike by three hundred Class IV staff of the Calcutta Corporation since 5th April, 1973—attention called by Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Md. Dedar Baksh, Shri Kartick Chandra Biswas, Shri Naresh Chandra Chaki and Dr. Ekramul Haque Biswas on the 6th April, 1973.

শ্রীঅজিতকুমার পাঁজাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা পৌরসভার কিছুসংখ্যক চতুর্থ শ্রেণীর কর্মচারীর কেন্দ্রীয় পৌর ভবনে অনশন ধর্মঘট সম্পর্কে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব সম্বন্ধে বলছি—কলকাতা পৌরসভার জমাদার, পিওন ও শ্রমিকদের অ্যাসোসিয়েশনের সম্পাদক গত ২৩এ মার্চ, ১৯৭৩, কলিকাতা পৌর সভার অ্যাডমিনিস্ট্রেটর-এর নিকট ২৩টি ধারা সহ একটা দাবি-সনদ পেশ করেন। এবং তাহা অবিলম্বে কার্যকর করার দাবি জানান। নতুবা শ্রমিকেরা তাদের ন্যায্য দাবি আদায়ের জন্য তীব্র আন্দোলন শুরু করবে ব'লে জানানো হয়। ২৬এ মার্চ, ১৯৭৩ তারিখে অ্যাডমিনিস্ট্রেটর কলিকাতা পৌর সভার পার্সন্যাল অফিসারকে ঐ দাবি-সনদ পরীক্ষা ক'রে তাঁর মতামত জানাবার জন্য নির্দেশ দেন। ইতিমধ্যে ২৪এ মার্চ, ১৯৭৩ তারিখে উপরি-উক্ত অ্যাসোসিয়েশনের সম্পাদক অ্যাডমিনিস্ট্রেটরকে এক চিঠি দিয়ে জানান যে তারিখে অনুষ্ঠিত অ্যাসোসিয়েশনের এক সভার সিদ্ধান্ত অনুযায়ী উহার অন্তর্ভুক্ত শ্রমিকেরা ৫ই এপ্রিল, ১৯৭৩ তারিখে কেন্দ্রীয় পৌর ভবনে বেলা সাড়ে দশটা থেকে ৪৮ ঘণ্টা ব্যাপী অনশন ধর্মঘট শুরু করবে। সেই অনুসারে উক্ত অ্যাসোসিয়েশন-ভুক্ত শ্রমিকেরা কেন্দ্রীয় পৌর ভবনে গত ৫ই এপ্রিল বেলা ১০॥টা থেকে ৪৮ ঘণ্টা ব্যাপী অনশন ধর্মঘট পালন করে। যেহেতু দাবি-সনদের ভিতর বহুবিধ দাবি-দাওয়া আছে, উহা পরীক্ষা ক'রে দেখতে কিছু সময় লাগবে।

Mr. Speaker: I have received 6 notices of calling attention on the following subjects, namely:—

(1) Police atrocities on landless peasants at Kashipore of 24-Parganas on 12th April, 1973—from Shri Abdul Bari Biswas, Shri Kashinath Misra, Shri Sarat Chandra Das and Shri Sukumar Bandyopadhyay.

(2) Lay-off of a large number of workers of a big factory at Belghoria and of Texmaco Factory due to load-shedding—from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Sarat Chandra Das and Shri Sukumar Bandyopadhyay.

(3) Reported demand for judicial enquiry by Shri A. Das Gupta and other five dismissed officers of Durgapur Chemical Ltd.—from Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Sarat Chandra Das.

(4) Reported contradictory statements in connection with the cultivation of cotton in Sundarban areas—from Shri Abdul Bari Biswas, Shri Kashinath Misra, Shri Sarat Chandra Das and Shri Sukumar Bandyopadhyay.

(5) A pox patient lying uncared for at Kalyani Railway Station—from Shri Naresh Chandra Chaki.

(6) Hunger strike by the citizens of Asansol from 25th March, 1973 for non-supply of drinking water—from Shri Aswini Roy and Shri Harasankar Bhattacharyya.

I have selected the notice of Shri Aswini Roy and Shri Harasankar Bhattacharyya on the subject of hunger strike by the citizens of Asansol from 25th March, 1973 for non-supply of drinking water.

The Hon'ble Minister-in-charge may please make a statement today, if possible, or give a date for the same.

Shri Ajit Kumar Panja: A statement will be made on 19th April next.

Mention Cases

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে আজকে সুযোগ দেওয়ায় আমি আপনার কাছে কৃতজ্ঞ। আজকে আমাদের এই বিধানসভায় একটি পুস্তিকা বিতরণ করা হয়েছে। যে পুস্তিকাটি আজকে আমাদের দেওয়া হ'ল সেটি আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ষষ্ঠ অর্থ কমিশনের কাছে, ১০ই এপ্রিল পশ্চিমবাংলার তরফ থেকে যে বক্তব্য রেখেছেন তারই অনুলিপি। আমাদের এই পশ্চিমবাংলায় ৪ কোটি ৪৪ লক্ষ লোকের বসবাস, আজকে এই পশ্চিমবাংলা চারিদিক থেকে সমস্যাসঙ্কুল। আমরা যেখানে শিক্ষিত বেকারদের সমস্যার সমাধান করবার জন্য যেভাবে যুদ্ধ করবার জন্য প্রস্তুত হচ্ছি বা আমরা যুদ্ধ ক'রে চলেছি, অপর দিকে খাদ্যসংকট, বন্যা এবং খরাকে সম্মুখে রেখে সারা পশ্চিমবাংলার মনুষের মুখে এক মুঠো অন্ন তুলে দেবার জন্য হিমসিম খেয়ে যাচ্ছি। সেই অবস্থায় সরকার আজকে আমাদের অর্থনৈতিক সমস্যার সমাধানের জন্য, শিল্প সম্প্রসারণের জন্য, স্বাস্থ্য এবং চিকিৎসার অগ্রগতি ঘটাবার জন্য, মানুষের ন্যূনতম প্রয়োজন মেটাবার জন্য যে চেষ্টা নিয়ে চলেছে, সেই চেষ্টাকে স্বার্থক রূপায়ণের জন্য সামানেই আমাদের পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনা প'ড়ে আছে। ষষ্ঠ অর্থ কৃমিশনের কাছে আজকে যে ৫১ হাজার কোটি টাকার পরিকল্পনা তৈরি হচ্ছে, সেখানে পশ্চিমবাংলার তরফ থেকে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলার সাধারণ মানুষের দুঃখকষ্ট এবং ৪৪ লক্ষ শিক্ষিত এবং অর্ধশিক্ষিত যে বেকার যুবক আছেন, সেই সমস্ত বেকারদের দিকে তাকিয়ে যে সার্বিক উন্নয়নের ইচ্ছা এবং ঐকান্তিক চেষ্টা নিয়ে বক্তব্য ষষ্ঠ অর্থ কমিশনের কাছে রেখেছেন তাকে এই বিধানসভায় দাঁড়িয়ে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই জন্য যে, আজকে কেন্দ্রীয় সরকারের কাছে তিনি পূর্ণ দাবি জানাচ্ছেন ব'লে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা শুধু আজকে বিছিন্ন কোন দাবি নয়, এই দাবি আজকে

আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে সোচ্চার হয়ে উঠুক যে, ৪ কোটি ৪৪ লক্ষ লোকের স্বার্থ নিহিত যে দাবি সেই দাবি যেন ষষ্ঠ অর্থ কমিশন ভাল ভাবে পূরণ করেন। আমরা যেন দেখতে পাই যে, ওয়েলথ্ ডিস্ট্রিবিউসন প্রপারলি হচ্ছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী পশ্চিম-বাংলার ৪ কোটি ৪৪ লক্ষ লোকের পক্ষ থেকে ষষ্ঠ অর্থ কমিশনের কাছে যা তুলে ধরেছেন, তা আমাদের কাছে অবশ্য পুস্তিকা আকারে বিতরণ করা হয়েছে। আমরা আশা করব, কেন্দ্রীয় সরকারের কাছে, ষষ্ঠ অর্থ কমিশনের কাছে এবং মাননীয় মুখ্যমন্ত্রী দিল্লীতে আছেন, তাঁর কাছেও যাতে এই বক্তব্য পেঁাছিয়ে দেওয়া যায় যে, সারা পশ্চিমবাংলার প্রাণকেন্দ্র বিধানসভার সকল সদস্য তাঁকে (মুখ্যমন্ত্রীকে) সমর্থন জানিয়ে অর্থ কমিশনের কাছে এই দাবি রেখেছেন যে, পশ্চিমবাংলার সমস্যার সমাধানের জন্য শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি ক'রে অত্যন্ত দ্রুত মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তব্য যেন পরিপূর্ণ রূপে স্বার্থক হয়। এবং যেন যে অর্থ আজ মুখ্যমন্ত্রী

[2-10—2-20 p.m.]

দাবি করেছেন সেই পরিমিত অর্থ যেন পশ্চিমবাংলায় আসে। আজ স্টেটসম্যান পত্রিকায় দেখলাম, কেন্দ্রীয় পরিকল্পনা মন্ত্রী শ্রী ডি পি ধর, মুখ্যমন্ত্রী যে বক্তব্য পরিবেশন করেছেন তার ভূয়সী প্রশংসা ও সমর্থন ক'রে তাঁর ইচ্ছা প্রকাশ করেছেন যে, সহানুভূতির সঙ্গে বিবেচনা করা হবে। কিন্তু এটা শেষ কথা নয়—সহানুভূতির সঙ্গে বিবেচনা নয়। আমরা একে একে বিভিন্ন ভাবে ২৫ বছর ধ'রে কেন্দ্রীয় সরকারের কাছে রাখবার চেষ্টা করছি, কিন্তু বিশেষ কোন ফল হয় নি। একদিকে গঙ্গায় ভাঙ্গনে ৪০ হাজার গ্রাম ভেঙ্গে চুরমার হয়ে গিয়ে ৪০ হাজার লোক রাস্তায় বসেছে। আজ পশ্চিমবাংলা যেভাবে বন্যা ও খরার সম্মুখীন হতে চলেছে তা সবাই জানি। আজ বন্যায়, খরায় এমন এমন জায়গা আছে যেখানে ১০ পয়সায় এক গ্লাস পানীয় জল বিক্রি হচ্ছে। টিউবওয়েল-এ জলের লেয়ার অনেক নিচে নেবে গেছে। কৃষি সমস্যা আজ ভীষণ সমস্যা। আজ এই সব সমস্যার সমাধান না করলে পশ্চিমবাংলায় যে রাজনৈতিক স্থিতিশীলতা এসেছে তা বিপর্যয় হতে পারে। এই পটভূমিকতার কথা বিবেচনা ক'রে আগামী দিনের কথা চিন্তা ক'রে এবং রাজনৈতিক বিশৃংখলতা আর পশ্চিমবাংলার মানুষকে যাতে ফেস না করতে হয় সে দিকে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ ক'রে এবং ষষ্ঠ অর্থ কমিশনের কাছে এই দাবি জানিয়ে এই বিধানসভায় ২৮০ জন সদস্য যেন সোচ্চার হন। আমরা আপনার মাধ্যমে এই দাবি দিল্লীর কাছে পেঁাছে দিতে চাই যে, মুখ্যমন্ত্রী যে দাবি করেছেন সেই দাবি যেন ষষ্ঠ অর্থ কমিশন পশ্চিমবাংলার স্বার্থ ও সমস্যা বিবেচনা ক'রে দেখেন। আর তা যদি না হয়, তা হ'লে পশ্চিমবাংলার বুকে যে রাজনৈতিক বিশৃংখলা ছিল তা আবার ফিরে আসবে। সুতরাং বলতে চাই অতীত দিনের কথা চিন্তা ক'রে আগামী দিনের ভবিষ্যতের কথা চিন্তা ক'রে পশ্চিমবাংলায় শান্তি-শৃংখলা রক্ষার জন্য আমাদের এই দাবিকে তাঁরা যেন সমর্থন করেন এবং সেই পরিমিত অর্থ যেন আমরা পাই। এই বক্তব্য রেখে আমি আশা করব, পশ্চিমবাংলার মুকুটমনি আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী ৪ কোটি ৪৪ লক্ষ লোকের হয়ে যে বক্তব্য রেখেছেন তা যেন ষষ্ঠ কমিশনের সমর্থন লাভ করে। এই ব'লে আমি শেষ করছি।

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি : স্যার, একটু আগে মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস ষষ্ঠ অর্থ কমিশনের কাছে মুখ্যমন্ত্রীর যে জোরাল বক্তব্য তাকে সমর্থন ক'রে যে বক্তব্য রেখেছেন তাকে সমর্থন ক'রে আপনার মাধ্যমে দু'একটি কথা বলতে চাই। আমরা সকলেই জানি, গত ৫ বছরের পরিপ্রেক্ষিতে এই মন্ত্রিসভা পশ্চিমবাংলায় অত্যন্ত সংকট সময়ে কার্যভার গ্রহণ করেছেন। সেই মুমূর্ষু পশ্চিমবাংলাকে যদি পুনরুজ্জীবিত করতে হয়, যদি একে সর্বাঙ্গীন ভাবে গ'ড়ে তুলতে হয়, তা হ'লে পশ্চিমবাংলায় যে আর্থিক সঙ্গতি আছে তা দিয়ে কোন মন্ত্রিসভার পক্ষে তা করা সম্ভব নয়। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমাদের মুখ্যমন্ত্রী ষষ্ঠ অর্থ কমিশনের কাছে পশ্চিমবাংলার দাবি যেভাবে উত্থাপিত করেছেন তা শুধু পশ্চিমবাংলার জনসাধারণ নয়, পশ্চিমবাংলায় বিধানসভার সমস্ত সদস্যের প্রশংসা দাবি করতে পারে। সেজন্য আপনার মাধ্যমে আমি তাঁকে অভিনন্দিত করছি তাঁর এই বক্তব্য রাখার জন্য এবং সঙ্গে সঙ্গে আপনার মাধ্যমে অনুরোধ করছি পশ্চিমবাংলার মন্ত্রিসভাকে এই বিধানসভার সহযোগিতা নিয়ে এই দাবি যাতে কেন্দ্রীয় সরকারের দ্বারা রক্ষিত হয় তার জন্য সর্বতোভাবে তাঁরা যেন চেষ্টা করেন। এই অনুরোধ মন্ত্রিসভার কাছে আপনার মাধ্যমে রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস এবং শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি মহাশয় যে বিষয়কে সমর্থন ক'রে তাঁদের বক্তব্য রেখেছেন আমি তাঁদের বক্তব্যকে সমর্থন করছি। স্যার, জরায় জীর্ণ, দারিদ্র্যে শীর্ণ এবং বেকারীর অভিশাপে জর্জরিত পশ্চিমবাংলার পুনরুজ্জীবনের জন্য ষষ্ঠ অর্থ কমিশনের কাছে মন্ত্রিসভার পক্ষ থেকে আমাদের পরম শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় যে বক্তব্য রেখেছেন এবং যে দাবি রেখেছেন সেই দাবি এবং বক্তব্যকে আমরা পূর্ণ সমর্থন করছি। আজকে আমরা প্রথম দেখছি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে প্রথম বাস্তবমুখী চিন্তা নিয়ে অর্থ কমিশনের কাছে তাঁদের বক্তব্য রেখেছেন। এই সর্বপ্রথম সত্য কথা বলতে পারলেন পশ্চিমবঙ্গে যে শিল্পাঞ্চল, সেই শিল্পাঞ্চলে শতকরা ৬৪·৪৮ ভাগ লোক বহিরাগত। ষষ্ঠ অর্থ কমিশনের কাছে সর্বপ্রথম পশ্চিমবঙ্গের মন্ত্রিসভার পক্ষ থেকে তুলে ধরা হ'ল এখানকার বেকারের দুর্বিষহ চিত্র। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তর প্রদেশ পশ্চিমবঙ্গের চেয়ে আয়তনে ৫ গুণ বড়, সেই উত্তর প্রদেশে আজকে যেখানে বেকারের সংখ্যা ৫ লক্ষ ৩১ হাজার ৭০১, খাতায় কলমে সেখানে পশ্চিমবঙ্গে বেকারের সংখ্যা হচ্ছে ৮ লক্ষ ৬৮ হাজার ১২১। আমরা জানি এই সংখ্যা ৮ লক্ষ ৬৮ হাজার নয়, এই সংখ্যা প্রায় ৪০ লক্ষের কাছাকাছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আমরা বঞ্চনা পেয়েছি। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আমরা যে আশ্বাস বারংবার পেয়েছি তা কিন্তু বাস্তবে রূপায়িত হয় নি। যে পশ্চিমবঙ্গ স্বাধীনতার পীঠস্থান, অর্থনৈতিক অগ্রগতির পীঠস্থান, সেই পশ্চিমবঙ্গ বার বার অবহেলিত হয়েছে, বারংবার নিগৃহীত হয়েছে, কেন্দ্রীয় সরকারের দাক্ষিণ্য লাভে অসমর্থ হয়েছে। পশ্চিমবঙ্গের যে বিভিন্ন সমস্যা, খাদ্য, কৃষি, বেকার, শিল্প এবং তার সামগ্রিক যে সমস্যা সেই সমস্যার সামনে আমরা দাঁড়িয়ে রয়েছি, তার সমাধানের জন্য ষষ্ঠ অর্থ কমিশনের কাছে যে বরাদ্দ চাওয়া হয়েছে সেই অর্থ বরাদ্দ যদি না করেন, তা হ'লে হিংসা রোধ করা যাবে না। আজকে পশ্চিমবঙ্গ মন্ত্রিসভার পক্ষ থেকে যে দাবি রাখা হয়েছে সেই দাবি নিশ্চয়ই কেন্দ্রীয় সরকারকে পূরণ করতে হবে। আমরা জানি কেন্দ্রীয় সরকারের প্রতি আমাদের আনুগত্য আছে, বিশ্বাস আছে, শ্রদ্ধেয়া প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর প্রতি আমাদের অটুট আস্থা আছে, কিন্তু তবুও মাননীয় অধ্যক্ষ মহাশয়, দিল্লী অতি কৃপণতার সহিত পশ্চিমবঙ্গের দিকে তাকান। প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ছাড়া কেন্দ্রীয় সরকারের যে সমস্ত আমলারা রয়েছেন, মন্ত্রিসভার কিছু কিছু বন্ধু আছেন যাঁরা পশ্চিমবঙ্গের সমস্যাকে সমস্যার মধ্যে রাখতে চান, তার সমাধান করার জন্য এগিয়ে আসেন না। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই ষষ্ঠ অর্থ কমিশনের কাছে মন্ত্রিসভার যে বক্তব্য সেই বক্তব্য ৪৷৷ কোটি মানুষের বক্তব্য, সেই বক্তব্য পশ্চিমবঙ্গের বিধানসভার সমস্ত সদস্যদের বক্তব্য। আমরা কেন্দ্রের কাছে কৃপা ভিক্ষা করছি না, দয়া-দাক্ষিণ্য চাচ্ছি না, পশ্চিমবঙ্গকে রক্ষা করার জন্য কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব আছে সেই দায়িত্ব তাঁকে পালন করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভিক্ষায়াং নৈব নৈব চ, ভিক্ষার দ্বারা কোন জাতি বড় হয় না। তাই একটা বলিষ্ঠ মনোভাব নিয়ে ষষ্ঠ অর্থ কমিশনের কাছে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে যে বক্তব্য রাখা হয়েছে, যে অর্থ চাওয়া হয়েছে তার প্রতিটি পয়সা, সমস্ত জিনিস আমরা চাই। কেন্দ্রীয় সরকারের জানা উচিত পশ্চিমবঙ্গ যদি মরে, তা হ'লে সারা ভারতবর্ষকে বাঁচান যাবে না। তাই আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে আবেদন জানাব, তাঁরা তাঁদের বক্তব্যে অটল, অবিচল থাকুন, আমরা তাঁদের পিছনে আছি।

[2-20—2-30 p.m.]

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস ষষ্ঠ অর্থ কমিশনের কথা যা বল্লেছেন আমি তাকে সমর্থন করছি। আমাদের মুখ্যমন্ত্রী, আমাদের সরকার এবং আমাদের মন্ত্রিসভা পশ্চিমবাংলার দুরবস্থার কথা যে চিন্তা করেছেন, পশ্চিম-বাংলার মেহনতি মানুষ, ক্ষেতমজুর, শ্রমিকের কথা যে চিন্তা করেছেন তার প্রমাণ হচ্ছে ষষ্ঠ অর্থ কমিশনের কাছে ১০ই এপ্রিল তাঁদের বক্তব্য পেশ। আমি এইটুকু বিশ্বাস করি আমাদের এই সরকার যেভাবে এগিয়েছেন, যেভাবে দরিদ্র মানুষের পাশে গিয়ে দাঁড়িয়েছেন এবং যেভাবে চারিদিকে আন্দোলন সৃষ্টি করেছেন তাতে যদি কেন্দ্রীয় সরকার আমাদের বঞ্চিত করে, তা হ'লে তার হাত থেকে আমরা উদ্ধার পাব। আমাদের মুখ্যমন্ত্রী যে প্রস্তাব রেখেছেন তাকে

আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে, আজকে ২০ বছর ধ'রে দেখছি আমরা নিগৃহীত হয়েছি এবং কেন্দ্রীয় সরকার আমাদের অশ্রদ্ধা করেছেন। তবে কিছু দিন ধ'রে দেখছি, আমাদের প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী অমাদের কিছুটা সমর্থন করছেন এবং পশ্চিমবাংলার দিকে তিনি কিছুটা নজর দিয়েছেন। দীর্ঘ দিন ধ'রে পশ্চিমবাংলাকে যে অবহেলা করা হয়েছে সেই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে, আজকে মাননীয় সদস্যেরা যে বক্তব্য এখানে রেখেছেন সেকথা দিল্লীকে জানিয়ে দেওয়া হোক এবং ষষ্ঠ অর্থ কমিশনের কাছ থেকে আমরা যাতে শিক্ষা খাতে, স্বাস্থ্য খাতে, শিল্প খাতে টাকা পাই সেই ব্যবস্থা হোক। একথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশরৎচন্দ্র দাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস এবং অন্যান্য সদস্যরা ষষ্ঠ অর্থ কমিশন সম্বন্ধে যে কথা বলেছেন আমি তাকে সমর্থন করছি। ষষ্ঠ অর্থ কমিশনের কাছে আমাদের মুখ্যমন্ত্রী আদায়ের ভিত্তিতে আয়কর বণ্টন নীতি বা দাবি যা পেশ করেছেন আমি তাকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। আমাদের এই বিধানসভার এবং পশ্চিমবাংলার মানুষের বক্তব্য মুখ্যমন্ত্রী যেভাবে রেখেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলা থেকে কেন্দ্রীয় সরকার ৫০০ কোটি টাকা আয় করেন এবং তার মধ্যে মাত্র ৪০ কোটি টাকা পশ্চিমবাংলাকে দেন এবং এইভাবে চিরদিন পশ্চিমবাংলাকে বঞ্চিত ক'রে রেখেছেন। আমাদের পশ্চিমবাংলায় চাকুরি এবং ব্যবসার জন্য বিভিন্ন প্রদেশ থেকে লোক আসে এবং এখানকার অধিকাংশ অর্থ অন্য রাজ্যে চলে যায়। এখানকার ব্যবসা-বাণিজ্য বাংগালীর হাতে নেই। আমরা জানি কোলকাতা বাণিজ্যিক শহর হিসেবে গ'ড়ে উঠেছে। পশ্চিমবাংলার ছেলেমেয়েরা মাতৃভূমির শৃঙ্খল মোচনের জন্য ব্যস্ত থাকায় এখানকার ব্যবসা-বাণিজ্য পশ্চিমবাংলার বাইরের লোকের হাতে চলে যায় এবং তার ফলে মুনাফাও পশ্চিম-বাংলার বাইরে চলে যায়। এখানে বাইরে থেকে লক্ষ লক্ষ মানুষ আসে এবং পশ্চিমবাংলার অর্থনীতিকে বেকায়দায় ফেলে, তাদের ভরণপোষণের ব্যবস্থা পশ্চিমবাংলাকে করতে হয়। অথচ এক ভ্রান্ত নীতিতে পরিচালিত হয়ে কেন্দ্রীয় সরকার আমাদের অর্থ প্রদান করছেন। এটা বন্ধ ক'রে প্রয়োজনের ভিত্তিতে যাতে পশ্চিমবাংলাকে অতিরিক্ত অর্থ প্রদান করা হয় তার ব্যবস্থা করতে হবে। বিদ্যুৎ ঘাটতির জন্য এবং পরিবহণ ব্যবস্থার জন্য পশ্চিমবাংলাকে বিরাট ঘাটতি বহন করতে হয়, কাজেই পশ্চিমবাংলাকে তার ন্যায্য প্রাপ্য দিতে হবে। পশ্চিমবাংলার বক্তব্য, পশ্চিমবাংলার প্রয়োজন বা পশ্চিমবাংলার যে সমস্যা সেটা ত্যাগী সাহেব যখন অর্থ কমিশনের চেয়ারম্যান ছিলেন তাঁরা কেউ স্বীকার করনে নি। এবারকার অর্থ কমিশনের চেয়ারম্যান ব্রহ্মানন্দ রেড্ডী আমাদের সমস্ত কথা শুনেছেন। এই যে দেখান হয়েছে পশ্চিম-বাংলা অগ্রসর জেলা, এটা ভিত্তিহীন। আমাদের কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন সমস্ত ভারতবর্ষে ৭২টিজেলা ব্যাকওয়ার্ড। সমস্ত উত্তরবংগ, পুরুলিয়া এবং সুন্দরবন অনগ্রসর জেলা। কিন্তু কোলকাতাকে যে ডেভলপ্‌ড জায়গা হিসেবে বলা হয়েছে এবং সেইভাবে অর্থ দেবার ব্যবস্থা হয়েছে এটা চলতে দেওয়া যায় না। কাজেই আমাদের মুখ্যমন্ত্রী যে বক্তব্য রেখেছেন তাকে আমি সমর্থন করছি।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে যে বার্ণপুরে ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল এই যে ফ্যাক্টরি আছে, এটা এখন বর্তমানে সরকার নিয়েছেন, এখানে ব্রিক ডিপার্টমেন্টে একটা প্রচন্ড বিক্ষোভ দেখা দিয়েছে। এই বিক্ষোভ দু'টি কারণে হচ্ছে, একটা হচ্ছে কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন যে, শ্রমিকদের নিয়ে প্ল্যান্ট লেভেলে একটা কমিটি হবে যারা উৎপাদন বিষয়টা নিয়ে দেখবেন! আবার সঙ্গে সঙ্গে এটাও কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন যে, শুধু প্ল্যান্ট লেভেলে নয় এটাকে শপ লেভেলে যদি কমিটি করা যায়, তা হ'লে প্রত্যেকটি ডিপার্টমেন্টে কি পরিমাণ উৎপাদন হবে এবং অসুবিধা কোথায় হচ্ছে সেটার জন্য শপ লেভেলে কমিটি গঠন করবার সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু এখন শপ লেভেলে কমিটি গঠন করা হচ্ছে না। অথচ শ্রমিকরা উৎপাদন বাড়াতে চায়। প্ল্যান্টের অবস্থা অত্যন্ত খারাপ। সেজন্য তারা শপ লেভেলে কমিটি গঠন করার জন্য একটা দাবি কর্তৃপক্ষের কাছে রেখেছেন। এবং এখনও সে দাবি মেটে নি। সেজন্য ব্যাপক অসন্তোষ দেখা দিয়েছে। আমরা জানি এই কারখানা রিলে সিস্টেমে চলে। একটা ডিপার্টমেন্টে যদি উৎপাদন কম হয়, তাহ'লে অন্যান্য ডিপার্টমেন্টে

উৎপাদন ব্যাহত হয়, কাজেই এখানকার সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাই যে, শপ লেভেলে কমিটি গঠন করার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকার ত্বরান্বিত ব্যবস্থা করার জন্য বিশেষ উদ্যোগ নেন। অপর একটি অসন্তোষ হচ্ছে যে, আমাদের পশ্চিমবঙ্গে বেকার সমস্যা আছে। অনেক শিক্ষিত লোক বেকার আছে, অনেক ছেলেরা বেকার আছে। এখন আনস্কিল্ড জবে বহু ছেলেকে নেওয়া হচ্ছে। আনস্কিল্ড জবে যে কাজ করতে হয়, সেখানে যে পুরানো ওয়ার্কাররা আছে, তাদের সঙ্গে বিরোধ দেখা দিয়েছে। কারণ বেলচা কোক ওভেনে যে কাজ করতে হয়, বেলচা এ'রা ধরছেন, অথচ উৎপাদন বোনাসের ক্ষেত্রে এ'রা অংশ গ্রহণ করছেন এবং এই নিয়ে একটা বিরোধ আছে, সেই বিরোধের মীমাংসা হওয়া উচিত। কাজেই এই দুটো বিষয় নিয়ে যাতে তাড়াতাড়ি তদন্ত ক'রে একটা সুব্যবস্থা গ্রহণ করা হয় সেজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

শ্রীশিশিরকুমার ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১২ই এপ্রিল পশ্চিমবাংলা পুলিসের আই জি তিনি ঘোষণা করেন যে, ২৪-পরগনার নৈহাটিতে নকশালদের সংঘর্ষে ফেরারী নকশাল নেতা পুলক ভাদুড়ী নিহত হয়েছেন এবং অন্যান্য নকশাল পন্থীরা পালিয়ে গিয়েছেন, দুজন পুলিস আহত হয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুগান্তর কাগজে একটা রিপোর্ট বেরিয়েছিল যে, এই নকশাল নেতা খড়দহের অধিবাসী, এই খবর পেয়ে খড়দহের জনৈক লোক যিনি পুলক রায়ের পিতা, তিনি প্রথমে হাসপাতালে যান এবং পরে মর্গে যান এবং গিয়ে শোনেন, পুলিস তাড়াহুড়া ক'রে মৃতদেহ দাহ করে ফেলেছে এবং পুলক রায়ের পিতা, তিনি মৃত দেহ সনাক্ত করতে পারেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিসের যে বিবৃতি সেই বিবৃতি অত্যন্ত সন্দেহজনক এবং এই কথা মনে করা নিশ্চয়ই ভুল হবে না যে, এর মধ্যে বহু রকম ক্লু আছে এবং বিচার বিশ্লেষণ করলে এই কথা আমার মনে হয় এবং সংবাদপত্রেও এই কথা আলোচনা হচ্ছে যে, পুলিস গ্রেপ্তারের পরে পুলক ভাদুড়ীকে হত্যা করেছে। মাননীয় মন্ত্রিমহাশয়কে এই বিষয়ে অনুরোধ করব যাতে তিনি এই বিষয়ে একটি বিবৃতি দেন এবং যাতে জনসাধারণ বুঝতে পারে যে. গ্রেপ্তারের পরে পুলিস যাতে কোন মানুষকে হত্যা না করতে পারে, কারণ এর আগে এই ধরনের ঘটনা ঘটে গিয়েছে এবং এই ঘটনা যদি বর্তমানে ঘটে থাকে, তা হ'লে আমাদের গণতান্ত্রিক মোর্চাকে নিশ্চয়ই কৈফিয়ত দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে আবেদন করব যে পুলক রায় এবং পুলক ভাদুড়ী একই লোক কিনা এবং তিনি কিভাবে নিহত হন, অন্যান্য যারা ছিলেন তারাই বা কি ক'রে পালিয়ে গেলেন, তারা আহত হলেন না—এই বিষয়ে বিস্তারিত বিবরণ এই বিধান-সভার ভিতরে যাতে মন্ত্রিমহাশয় দেন এই জন্য আমি আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ জানাচ্ছি।

[2-30—2-40 p.m.]

শ্রীনরেশচন্দ্র চাকীঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমি সর্বপ্রথম আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং তাঁর সহকর্মী বন্ধুদের হতভাগ্য পশ্চিমবাংলার পক্ষ থেকে ষষ্ঠ অর্থ কমিশনের কাছে আমাদের দাবি জোরের সঙ্গে পেশ করবার জন্য আপনার মাধ্যমে তাঁদের কৃতজ্ঞতা জানাই এবং ধন্যবাদ জানাই। আমরা দীর্ঘদিন ধ'রে লক্ষ্য করছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, হতভাগ্য পশ্চিমবাংলা ভারতবর্ষের অন্য দিকে ভারতবর্ষের এগিয়ে যাওয়ার পথে অনেক পাথেয় যুগিয়েছে। আমরা ইনকাম ট্যাক্স এবং অন্যান্য ট্যাক্সের মাধ্যমে ভারত সরকারের কোষাগারে অনেক অর্থ যুগিয়েছি বছরের পর বছর। আমাদের পশ্চিমবাংলার চাষীরা বছরের পর বছর বহু জমিতে পাট ফলিয়ে ভারতবর্ষের সরকারের কোষাগারে কোটি কোটি অর্থ যোগান দিয়ে এসেছে। আমাদের পশ্চিমবাংলার ভাইরা মাথার ঘাম পায়ে ফেলে ও অনেক চা উৎপন্ন ক'রে ভারত-সরকারের কোষাগারে বছরের পর বছর অর্থ যুগিয়ে এসেছে। কিন্তু আমরা কি দেখেছি, আমরা দেখেছি অন্যান্য প্রদেশের লোকেরা আজকে পশ্চিমবাংলার উপর বিরূপ ধারণা পোষণ করেন। সব চাইতে বেদনার কথা, কেন্দ্রীয় সরকারকে আমরা যে পরিমাণ দিয়েছি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আমরা পশ্চিমবাংলা ততখানি পাই নি। যেটুকু পাওয়া উচিত ছিল তা আমরা পাই নি। আর বরাবর আমরা বৈষম্যমূলক আচরণ পেয়েছি ব'লে মনে করি। এবং তার উদাহরণ একটু আগেই আপনি শুনেছেন উদ্বাস্তুর ব্যাপারে

হরিয়ানা পাঞ্জাবে যে টাকা খরচ করা হয়েছে পশ্চিমবাংলায় তা হয় নি। সমস্ত দপ্তর, হতভাগ্য পশ্চিমবাংলার উন্নয়নের ব্যাপারে কেন্দ্রীয় সরকার বৈষম্যমূলক আচরণ করছে ব'লে আমরা ধারণা পোষণ করি। কিন্তু এই পশ্চিমবাংলার কোন সরকারের পক্ষ থেকে পশ্চিম-বাংলার ন্যায্য দাবি এত জোরের সঙ্গে, এত যুক্তি সহকারে এর আগে কোন সরকার এই অর্থ কমিশনের কাছে পেশ করে নি। এইবারই সর্বপ্রথম মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় এবং তাঁর সহকর্মী মন্ত্রিবৃন্দ ষষ্ঠ অর্থ কমিশনের কাছে আমাদের হতভাগ্য পশ্চিমবাংলার ন্যায্য দাবিগুলি অত্যন্ত জোরের সঙ্গে যুক্তি সহকারে পেশ করেছেন এবং এর জন্য পশ্চিমবাংলার একজন সাধারণ নাগরিক হিসাবে, এই সভার একজন সদস্য হিসাবে আমি আনন্দ বোধ করছি এবং আমি এখানে দাঁড়িয়ে এই প্রতিশ্রুতি দিতে পারি। এই সরকার এই পশ্চিমবাংলাকে বাঁচাবার জন্যে প্রয়োজন হলে কেন্দ্রের সঙ্গে লড়াই করতে এগিয়ে গিয়েছে, এজন্য আমি গর্ববোধ করছি এবং আমি প্রতিশ্রুতি দিচ্ছি যে, এই লড়াই-এ যদি প্রয়োজন হয়, যে কোন্ সাহায্য দিতে আমরা প্রস্তুত আছি একথা আমরা পরিষ্কারভাবে ঘোষণা করতে চাই। এবং এই সঙ্গে সঙ্গে মাননীয় ষষ্ঠ অর্থ কমিশন এবং কেন্দ্রের কাছে আমাদের আবেদন হতভাগ্য পশ্চিমবাংলার সমস্যা সমাধানের জন্য আপনারা এগিয়ে আসুন। জেনে রাখবেন পশ্চিমবাংলার সমস্যার সমাধান যদি না হয়, তা হ'লে পশ্চিমবাংলা থেকে যে অগ্নিস্ফুলিঙ্গ উঠবে সেই অগ্নিস্ফুলিঙ্গের দ্বারা সমস্ত ভারতবর্ষ দাউ দাউ ক'রে জ্বলে উঠবে। এই সত্যকে যদি আমরা অস্বীকার করি, তা হ'লে আমরা মূর্খের স্বর্গে বাস করছি ব'লে মনে করবো। আজকে এই সভার কোন কোন সদস্য, কোন কোন দল হয়ত আমাদের সঙ্গে একমত হয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর হাতকে শক্ত করতে আজকে আমাদের সঙ্গে কণ্ঠ মিলাতে রাজী হচ্ছেন না, তাঁদের কাছে আমার আবেদন, আসুন পশ্চিমবাংলার স্বার্থে কোন দল নয়, কোন মত নয়, কোন গোষ্ঠী নয়, আজকে পশ্চিমবাংলাকে বাঁচাবার জন্য আসুন সবাই মিলে পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ের হাতকে শক্ত ক'রে আমরা পশ্চিমবাংলাকে নতুন ক'রে গ'ড়ে তুলি। এই আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীমতী ইলা মিত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ষষ্ঠ অর্থ কমিশনের কাছে আমাদের যে দাবি সম্পর্কে উপস্থাপিত করা হয়েছে সে সম্পর্কে নিশ্চয়ই একটু বেশি ক'রে আলোচনা করা দরকার, মেনশন কেসের মধ্যে এত অল্প সময়ের মধ্যে একথা বলা যায় না। এর আগে আমার বন্ধুরা যে কথা বলেছেন তার সঙ্গে আমি সম্পূর্ণ একমত এবং আমার বেঞ্চের পক্ষ থেকে, কম্যুনিস্ট পার্টির পক্ষ থেকে একথাই বলছি যে, এই সম্পর্কে নন-অফিসিয়াল ডে, যেটা পরশুদিন হবে, আগে সেদিন এই বিষয়ে সর্বসম্মতিক্রমে—আমরা বিস্তারিত আলোচনা করবো এবং এই সম্পর্কে আমরা প্রস্তাব উপস্থাপিত করবো, সর্বসম্মতিক্রমে একটা প্রস্তাব এই বিষয়ে পাশ করবো এবং এখানে আমার বন্ধুরা যা বলেছেন তার সঙ্গে আমরা সম্পূর্ণ একমত।

এখন আমি যে বিষয়ের জন্য আপনার কাছে অনুমতি চেয়েছি সেই সম্পর্কে বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বোধ হয় জানেন যে, পশ্চিমবাংলার কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির পক্ষ থেকে গভর্নমেন্টের কাছে একটা মেমোরান্ডাম দেওয়া হয়েছে কতকগুলি দাবি নিয়ে। এবং সেই মেমোরান্ডাম সম্পর্কে আমি বিস্তারিত বলতে চাই না এই কম সময়ের মধ্যে এবং একই কথা ১৮ই ডিসেম্বর, ১৯৭২ সালে চীফ মিনিস্টারের কাছে বলা হয়েছে, ২রা জানুয়ারিতে বলা হয়েছে, ২রা ফেব্রুয়ারিতে বলা হয়েছে, ২৭এ ফেব্রুয়ারি বলা হয়েছে। এবং এই দাবির ভিত্তিতে পশ্চিমবাংলার কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমাজের পক্ষ থেকে ১০ই এপ্রিল এসপ্লানেডের মোড়ে ২৪ ঘণ্টার অবস্থান করেছে, তাঁদের দাবির কথা দীর্ঘ দিন ধ'রে ঘোষণা করছে, সেই দাবির সন্তোষজনক মীমাংসা না হওয়ায় তাঁরা স্থির করেছেন ১৮ই এপ্রিল থেকে কন্টিনিউয়াস সিজ ওয়ার্ক করবেন, তার পরবর্তী ধাপে হাঙ্গার স্ট্রাইক করবেন, তার পরবর্তী ধাপে গ্রেপ্তার বরণ করতে দ্বিধা বোধ করবেন না, এই সিদ্ধান্ত তাঁরা নিয়েছেন। গত তিন দিন ধরে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সাধারণ অধিবেশন হয়ে গেছে এবং গতকাল তাঁরা সিদ্ধান্ত নিয়েছেন। এতকাল ধ'রে তাঁদের দাবি সম্পর্কে সরকার পক্ষ থেকে যে চিঠি উপস্থিত করা হয়েছে, সেই চিঠিতে তাঁদের কোন দাবিই মেনে নেওয়া হয় নি। সেই কারণেই তাঁরা সিদ্ধান্ত নিয়েছেন যে, তাঁরা ১৮ই এপ্রিল থেকে অর্থাৎ আগামী কাল থেকে

৮ হাজার শিক্ষক—প্রাইভেট কলেজের এবং স্পনসর্ড কলেজের, কন্টিনিউয়াস সিজ ওয়ার্ক করবেন। আমি একজন কলেজের শিক্ষক হিসাবে সেই অধিবেশনে উপস্থিত ছিলাম, আজকে আর একটি দিন সময় আছে, এমনিতেই তো আমাদের নানা রকম অবস্থার সম্মুখীন হতে হয় ব'লে পড়াশুনার অসুবিধা হয়, ছুটিছাটা থাকে, যার জন্য অনেক ক্ষেত্রে কোর্স শেষ হয় না। তাই কলেজ শিক্ষকরা কখনও চান না যে, এই ধরনের কন্টিনিউয়াস সিজ ওয়ার্ক তাঁরা করেন, যখন একটা নির্বাচিত সরকার আছেন, তখন সরকার কলেজ শিক্ষকদের এই রকম একটা সিদ্ধান্তের দিকে ঠেলে দেবেন, এটা তাঁরা চান না। এখনও সময় আছে, কাল থেকে যে সিজ ওয়ার্ক করবেন সেটা যাতে না হয় তার ব্যবস্থা করুন। ইতিমধ্যে সমস্ত কলেজে কলেজে থার্ড ইয়ার টেস্ট হবে ব'লে ঘোষণা করা হয়েছে, আমাদের কলেজে আগামী ২৩ তারিখ থেকে টেস্ট পরীক্ষা আরম্ভ হচ্ছে, এই সমস্তই হ্যাম্পারড হয়ে যাবে। এই রকম একটা অবস্থার মধ্যে যাতে আমাদেব দাঁড়াতে না হয়, সরকার সেই অনমনীয় মনোভাব ত্যাগ করুন, এগিয়ে আসুন। আর এ ব্যাপারে টাকা পয়সার খুব বেশি প্রশ্ন নাই, টাকা পয়সার ব্যাপারে আমরা সকলে মিলে সিদ্ধান্ত নেব। আমাদের যে দাবি, শিক্ষকদের যে দাবি তাতে খুব বেশি টাকা পয়সার ইনভল্ভমেন্ট নাই। আজকে সাত বছর হয়ে গেল এখনও টীচারদের ফিকসেসন হল না, তাঁরা কি মাইনে পাবেন সেটা সম্পর্কে কোন ফিকসেসন হ'ল না, এর সঙ্গে টাকা পয়সার সম্পর্ক নাই। অথচ এই ব্যাপারে সরকারের যে মনোভাব, অবহেলার মনোভাব সেই মনোভাবের জন্য সমস্ত কলেজের শিক্ষকরা প্রতিবাদ জানিয়ে নিন্দা করেছেন, আমি সেই সভায় উপস্থিত ছিলাম, আমার খুব খারাপ লেগেছে, যেখানে টাকা পয়সার ব্যাপার নাই, সেখানে সরকার এই ধরনের অ্যাটিচিউড নেবেন শিক্ষকদের সম্পর্কে এটা ঠিক নয়। সরকার কামারপুকুর কলেজ টেকওভার করেছেন, এটা একটা দৃঢ় পদক্ষেপ নিয়েছেন, সেজন্য সকলেই অভিনন্দন জানিয়েছেন, শিক্ষকদের অধিবেশনেও সেকথা বলা হয়েছে। কিন্তু কামারপুকুর কলেজের শিক্ষকরা আজ এখানে এসেছেন, তাঁদেব কবে রি-ইনস্টেটমেন্ট হবে সেটা জানা নাই, তাদের যে সিকিউরিটি অব সার্ভিস সে সম্বন্ধে যে ঘোষণা করার কথা সে সম্পর্কেও কোন কথা নাই। তারপর কলেজ শিক্ষকদের যে মাইনে দেওয়া হয় সেটা ২২ বারে মাইনে পান। আমিও একজন কলেজ শিক্ষক, যদি আমাকে জিজ্ঞাসা করা হয় যে, আপনি কত মাইনে পান, তা হ'লে বলতে পারব না। কেননা আমি কখনও পাচ্ছি ১০০ টাকা, কখনও ১৩২ টাকা, কখনও ১৫২ টাকা, আমাদের যে কি পে স্কেল তা জানি না। কোন সময়ে পেলাম ৫২ টাকা, ৮ টাকা ইনক্রিমেন্ট পেলাম,—যাই হোক যেমন আমাদের যাই হোক, ১০০ টাকাই পাই আর দু'শ টাকাই পাই, আমাদের জানিয়ে দেওয়া হোক, এই টাকা আমরা পাব, এতে কোন টাকা পয়সার ইনভল্ভমেন্ট নাই, যা আমরা পাই, পাব সেটা ব'লে দেওয়া হোক। ৬০ বছরের ঊর্ধ্বে যাঁদের তাঁদের সম্পর্কে একটা ইন্টিগ্রেটেড পে-র কথা বার বার আমরা বলেছি, সার্কুলার বেরিয়েছে, কিন্তু সেই সার্কুলার এ পর্যন্ত কোন কলেজে আমরা পাই নি। তারপর ডি এ বিভিন্ন কলেজে বিভিন্ন রকম, ডেফিসিট গ্রান্ট স্কীম নাই, এখন ১৫০টি কলেজে শিক্ষকরা মাইনে পাচ্ছেন না, তাঁরা কোলাপ্স হতে চলেছেন, কাজেই ডেফিসিট গ্রান্ট স্কীম চালু করুন। যে ডেফিসিট গ্রান্ট স্কীম

[2-40—2-50 p.m.]

আপনাদের চালু করতে বলেছিলাম, সে সম্পর্কেও আপনাদের কোন জবাব নাই। গ্রাজুয়েট গ্রেড সম্পর্কে যে কথা ছিল ১৯৭০ সালে আপনারা যে ঘোষণা করেছিলেন, সেই সম্পর্কে কোন উল্লেখ নাই।

তারপর ট্রিপল বেনিফিট সম্পর্কে কলেজ শিক্ষকদের যে এক্ষুনি টাকা দিতে হবে তা আমরা বলি নি। সেই সম্পর্কে আপনারা একটা স্কীম ড্র করুন। সে সম্বন্ধেও কোন কথা নাই। লাইব্রেরিয়ান সম্পর্কে এখন কতকগুলি জিনিস করা হয়েছে, যেখানে টাকার কথা নাই।

তারপর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির পক্ষ থেকে একথা বলা হয়েছে যে, আজকের মধ্যে সরকারের পক্ষ থেকে ঘোষণা করা হোক। এই সম্পর্কে ঘোষণা করার ভেতর কোন টাকা ইনভল্ভড নাই। তা না হ'লে ছাত্রছাত্রীদের এই রকম ভাবে ক্ষতি করার মুখে ছেড়ে দেওয়া উচিত হবে না। এঁদের পরবর্তী ধাপ হচ্ছে কারাবরণ এবং কন্টিনিউয়াস কর্মবিরতি ও হাঙ্গার স্ট্রাইক করতে সরকার তাদের বাধ্য করবেন।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী: স্যার, আগামী কাল থেকে সমস্ত কলেজ বন্ধ থাকবে। সরকার এই ব্যাপারটা অতিশয় গুরুত্ব সহকারে বিবেচনা ক'রে ব্যবস্থা অবলম্বন করুন। আর মাত্র ২৪ ঘণ্টা সময় আছে। কলেজ শিক্ষকদের প্রতিনিধির সঙ্গে বৈঠক ক'রে এই সম্পর্কে যাতে একটা রফা করা যায় তার জন্য সরকার ব্যবস্থা গ্রহণ করুন। এখন প্রত্যেক কলেজে প্রথম বার্ষিক ও তৃতীয় বার্ষিক পরীক্ষা আরম্ভ হয়েছে, টেস্ট পরীক্ষা শুরু হয়েছে, এই পরীক্ষার প্রাক্কালে শিক্ষকরা যদি ধর্মঘট করেন, কর্মবিরতি আন্দোলন চালিয়ে যান, তা হ'লে সামগ্রিকভাবে পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থা বানচাল হয়ে যাবে। এই গুরুত্বপূর্ণ ব্যাপার সম্পর্কে সরকারের শিক্ষামন্ত্রী মুখ্যমন্ত্রীর সঙ্গে যোগাযোগ ক'রে একটা বিবৃতি আজই দিন।

শ্রীশচীনন্দন শ: অনেক কেবিনেট মিনিস্টার তো এখানে ব'সে আছেন, তাঁরা এসম্বন্ধে কিছু বলুন।

শ্রীশীশ মহম্মদ: মাননীয় স্পীকার স্যার, আমাদের বারি সাহেব যেটা বললেন, আমাদের মুখ্যমন্ত্রী যে স্টেটমেন্ট সিক্সথ ফিনান্স কমিশনের কাছে উপস্থাপিত করেছেন, এ বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু যে রিপোর্ট ও যে স্টেটমেন্ট তিনি রেখেছেন এক্ষুনি সেটা হাউসে পেলাম। এটা পুঙ্খানুপুঙ্খরূপে না প'ড়ে হঠাৎ কোন মন্তব্য করা কঠিন। তবে আমরা মনে করি পশ্চিমবঙ্গের স্বার্থ যখন এর সঙ্গে জড়িত আছে, এটা আগামী পরশুদিন যে বে-সরকারী আলোচনা আছে সেইদিন একটা বে-সরকারী প্রস্তাব নিয়ে এসে শুধুমাত্র মেনসনের মধ্যে সীমাবদ্ধ না রেখে, সেদিন এটা নিয়ে বিস্তারিতভাবে আলোচনা হওয়া দরকার এবং সেদিন আমরা এর উপর বক্তব্য রাখবো।

আমি আপনার মাধ্যমে, মাননীয় স্পীকার স্যার, আমাদের পশ্চিমবঙ্গের ক্ষুদ্র ও কুটির শিল্প এবং রাষ্ট্রায়ত্ত দপ্তরের মন্ত্রী মাননীয় জয়নাল আবেদিন সাহেবের কাছে একটা বিশেষ আবেদন রাখছি। আমি দেখতে পেলাম, আমি দিন কয়েক আগে বাড়ি গিয়েছিলাম, বিভিন্ন এলাকায় ঘুরে দেখলাম, বর্তমানে পশ্চিমবঙ্গে যে তন্তুবায় সম্প্রদায় আছে--যারা তাঁতের কাজকারবার ক'রে জীবিকা নির্বাহ ক'রে থাকে—পশ্চিমবঙ্গ সরকার সুতার হোলসেল ট্রেড নিয়ে নেওয়ার ফলে এমন বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে যে, বাজারে আজকাল সুতো পাওয়া যায় না। এমন অবস্থা দাঁড়িয়েছে যে, আমি টাউনের কথা বলছি না, পল্লী অঞ্চলে দেখতে পাচ্ছি এক সেট সুতো পর্যন্ত পাচ্ছি না। ফলে তাদের রুজিরোজগার বন্ধ হয়ে গেছে। মুর্শিদাবাদে এখন চাল ২·০৫ পয়সা কেজি বিক্রি হচ্ছে। কাজের অভাবে তারা আছে, তারা গভর্নমেন্টের কাছে কোন সাহায্য চাইছে না, তারা কেবল চাইছে সুতো এবং সেই সুতো দিয়ে কাপড় বুনে জীবিকা নির্বাহ করবে। আমার সঙ্গে এইমাত্র টেলিফোনে কথাবার্তা হ'ল জঙ্গীপুরের এস ডি ও-র। বেশ কয়েকহাজার লোক জঙ্গীপুরের এস ডি ও-র কাছে উপস্থিত হয়েছেন এবং ডেপুটেশান দিচ্ছেন। বর্তমান দিনে পশ্চিমবঙ্গের তাঁতশিল্পের যে অবস্থা দাঁড়িয়েছে তাতে এটা বিশেষ গুরুত্বপূর্ণ ব্যাপার। যদি এক সপ্তাহের মধ্যে ব্যবস্থা না নেন, তা হ'লে আমি বলবো তাঁত-শিল্পীদের অনেক পুত্র-কন্যারা মরে যাবে এবং আমি বলি তিনি হস্তক্ষেপ করুন এবং যতক্ষণ না এই সমস্যার সমাধান করতে পারেন তাদের জি আর দিয়ে বাঁচান। তা না হ'লে তাদের মৃত্যুর সংখ্যা কাগজে দেখতে পাবেন। আমি কোন অ্যাটাক করবো না। মন্ত্রিমহাশয় উপস্থিত আছেন, তিনি ভাবছিলেন শীশ মহম্মদ যখন উঠলো, তখন নিশ্চয় অ্যাটাক করবে। কিন্তু আমি অ্যাটাক না ক'রে আবেদন রাখছি। তাদের অবস্থা দেখুন, তাদের কথা বিবেচনা করুন, তাদের পুত্র-কন্যাদের বাঁচান। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: I call upon Dr. Zainal Abedin to make a statement.

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের আর এস পি-র শ্রীশীশ মহম্মদ আশঙ্কা প্রকাশ ক'রে ফেলেছেন, ভালো কথা বলছেন ব'লে। তাঁরা আজকাল বন্ধ ঘরে থাকেন তাই বাইরের আওয়াজ আসে না। তবে যে সঙ্কটের কথা বলেছেন, এটা প্রকৃতই সঙ্কট পশ্চিমবাংলার পক্ষে, সারা ভারতবর্ষের পক্ষে। সুতো নিয়ন্ত্রণের পর সুতো কালো-বাজারে আইনত বিক্রি হওয়ার কথা নয়। আমরা দু' প্রকারে এই সমস্যার মোক্যাবিলা করার চেষ্টা করছি। কল্যাণী স্পিনিং মিলে ৩০ তারিখ পর্যন্ত যে প্রোডাকসান হয়েছিল, সে

প্রোডাকসান টেক্সটাইল কমিশনারের কাছে ছাড় নিয়ে আমাদের হ্যান্ডলুম ডেভেলপমেন্ট অফিসার-এর ইয়ার্ন কাট ক'রে বেচে দিতে বলেছি। ইয়ার্ন রেজিস্টার, ইয়ার্ন কাট বেচে দিয়েছি এবং এইখানে প্রোরাটা অ্যালটমেন্ট দিয়েছি। আমাদের হ্যান্ডলুম অফিসারদের ডেকেছিলাম এবং বলেছি যে, তাঁত ১০ গজ সুতো ব্যবহার করে আমাদের কাছে টোয়েন্টি-ফাইভ পারসেন্ট থাকলে তার টোয়েন্টি-ফাইভ পারসেন্ট দাও। এটা অ্যাড-হক বেসিসে আমরা করেছি, র‍্যাশেনাল বেসিসে নয়। আমরা টেক্সটাইল কমিশনারকে অনুরোধ করেছি, আমাদের যে রিকোয়ারমেন্ট ১ লক্ষ ৬০ হাজার তাঁতের জন্য ১ কোটি ৮৪ লক্ষ কেজি এবং ৭ হাজার ৯ শো পাওয়ার লুমের জন্য ২ কোটি ১৬ লক্ষ কেজি সুতো প্রোরাটা বেসিসে আমরা অ্যালটমেন্ট চেয়েছি। এই অ্যালটমেন্ট আমরা পাওয়ারলুম এবং হ্যান্ডলুম মিলিয়ে চেয়েছি। আমরা ১লা এপ্রিল তারিখে অল ইয়ার্ন ডিলার্সকে ডেকেছিলাম এবং বলেছি তাদের, তারা যেন পশ্চিমবাংলার বাইরে এবং পশ্চিমবাংলার মিলগুলো থেকে সুতো নিয়ে আসেন এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে জানিয়ে দিয়েছি, তারা যেন দাম ফিক্স করেন এবং সেই দামে সুতো যেন বিক্রি করেন। আমরা যখন পুরো পাওনা পাবো, পাওনা পাবো ব'লে আশা করছি, কারণ তার জন্য জোর তদবির-তদারক চলছে, তা পেলে তাঁতীদের যা লাগে তা দেবো, যা প্রয়োজন তা দিতে পারবো আশা করছি এবং যতটা কম পাবো ততটা কম ক'রে সবাইকে তাদের দেবো এবং হ্যান্ডলুম অ্যাপেক্সের মাধ্যমে দেবো এবং কো-অপারেটিভ সোসাইটির সাথে যুক্ত থাকলে প্রোরাটা কোটা এখনও পেতে থাকবে। আজ যে সংকটের কথা শ্রীশীশ মহম্মদ বললেন, সেটা অসম্ভব নয়। সুতোর সংকট আছে এবং সেটার সম্পর্কে আমরা অবহিত আছে এবং সেজন্য ডেইলি তদবির-তদারক করছি। সুতোর যে কান্ট্রি-ওয়াইস অ্যালটমেন্ট এবং যে ফাইনর ফেব্রিকস্ তৈরি করে তার কোন

[2-50—3-00 p.m.]

অ্যালটমেন্ট আমাদের নেই। উই হ্যাভ নো অ্যালটমেন্ট। এই কথা জয়েন্ট ডিরেকটার, হ্যান্ডলুম এবং সেক্রেটারী, কটেজ ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট থেকে বলছে। এবং আমাদের এখানে ১০০ কাউন্টারে যেখানে কাজ হয় সেখানে ৬০ বা ৪০ সুতা কোন কাজে লাগে না। সেইজন্য সমস্যা আরও গুরুতর হয়ে আছে। আমাদের স্টেটের তরফ থেকে আমরা সেখানে বক্তব্য রেখে এসেছি। আমাদের চীফ মিনিস্টার সেন্টারের কমার্স মিনিস্টারকে ব'লে এসেছেন, আমিও বলেছি এবং আমাদের দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মহাশয়ও চীফ মিনিস্টারের সাথে কমার্স মিনিস্টারের সঙ্গে দেখা করেছেন। এইভাবে আমরা বিভিন্ন প্রকার সমস্যার মোকাবিলা করার চেষ্টা করছি। আমরা হাতে যা সুতা পেয়েছি তা ডিস্ট্রিবিউসনের জন্য ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের দিয়ে দিয়েছি যাতে অ্যাড হক ডিলারদের দিয়ে দেওয়া হয় প্রোরেটা হিসাবে এবং কার্ড অলরেডি রেডি -রেজিস্টার তৈরি হয়ে গেছে। কিন্তু অসুবিধা হচ্ছে ১০০ কাউন্টের সুতা নিয়ে। হাইয়ার কাউন্টের সুতা না থাকার জন্য আমাদের ঐ সমস্ত তাঁতীদের এখনও ব্যবস্থা করতে পারি নি। এই সুতার অ্যাকিউট স্কেয়ারসিটি রয়েছে। তাই আমরা হাইয়ার কাউন্টসের এখনও ভালভাবে ডিস্ট্রিবিউসন করতে পারছি না। এই হাইয়ার কাউন্টসের সুতা নিয়ে আমরা খুবই অসুবিধায় পড়েছি। মোটা সুতা আমরা তিন কেজির জায়গায় এক কেজি ক'রে কোন রকম সাপ্লাই দিচ্ছি—কিন্তু হাইয়ার কাউন্টসের সুতা মোটেই নাই। তার জন্য আমরা কোয়েম্বাটুর অন্ধ্র বা অন্যান্য জায়গায় আবেদন জানিয়েছি এবং টেক্সটাইল কমিশনারের সাথে আমবা কমিউনিকেট করছি। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের জানিয়েছি যে, ডিস্ট্রিক্ট লেবেলে যাদ কোন ইয়ার্ন ডিলার-এর সুতা স্টকে রেখে দেয় এবং সে যদি ভলেনটারিলি ডিক্লেয়ার না করে, তা হ'লে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সেটা সিজ করতে পারবে। এবং কলকাতায় পুলিস কমিশনারের আওতায় যদি কোন ইয়ার্ন ডিলার সুতা হোর্ড ক'রে রাখে, গভর্নমেন্টকে যদি তাদের স্টক না জানায়, তা হ'লে সেই সুতা সিজ করা হবে। আমরা এ যাবত অভিযান চালিয়ে প্রায় ১০ হাজার কেজি সুতা সিজ করেছি পুলিস কমিশনারের সাহায্যে। অবশ্য সুতা যদি সিজ করা হয়, তা হ'লে তা নিয়ে কোর্টে যেতে হয়—তার পারমিসন দরকার হয়। কিন্তু ভলেনটারিলি ডিক্লেয়ারেসন দিলে আমরা সেটা ইমিডিয়েটলি ভাগ ক'রে দিতে পারি। এই অসুবিধার জন্য আমরা মোর‍্যালি আবেদন করেছি ডিলারদের কাছে তাদের স্টক সারেন্ডার করার জন্য। আমরা

অভিযান চালাচ্ছি এবং এই হাউসের মাননীয় সদস্যদের কাছে ও হাউসের বাইরের পশ্চিমবঙ্গের সমস্ত সমর্থকদের কাছে আবেদন জানাচ্ছি যে, তাঁরা যেন ঐ সমস্ত স্টকের সন্ধান দেন। ঐ সমস্ত স্টক ও হোর্ডের সন্ধান দিলে আমরা আইন অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করবো। স্টেট কোটা আমরা যা পেয়েছি কল্যাণী স্পিংনিং মিলকে আপ টু ৩০এ মার্চ প্রোরেটা ডিস্ট্রিবিউসন-এর জন্য লিফ্‌ট করতে দিয়েছি ডিলারদের ডিস্ট্রিবিউট করার জন্য। অ্যাজ পার রেশন কার্ড এটা নয়, এটা আমাদের লোক্যাল উদ্যোগ। ইয়ার্ন কার্ড বা প্রোফর্মা এই সমস্ত ব্যতিরেকে যাতে এই জিনিস ডেলি তাঁতীদের যে ক্রাইসিস রয়েছে তার কিছুটা উন্নতি হতে পারে। এবং যেদিন যা অবস্থার উন্নতি হবে সেইভাবে আমি এই বিধানসভায় একাধিক বিবৃতি দিয়ে মাননীয় সদস্যদের অবহিত করবো। যত দিন এই বিধানসভা চলবে ততদিন আমি এই তথ্য জানাবো। এই ব'লে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জ্ঞাতার্থে জানাচ্ছি যে, তিনি যে পশ্চিমবাংলাকে সত্যিকারের সংকট অবস্থা থেকে বাঁচাবার জন্য প্রাণপণ চেষ্টা করছেন সেই প্রচেষ্টাকে বানচাল করবার জন্য যারা চেষ্টা করছেন............

Mr. Speaker: Mr. Chaki, is that a point of order?

Shri Naresh Chandra Chaki: Yes, Sir.

Mr. Speaker: I am sorry, there is no point of order in it. Please take your seat.

I now draw the attention of the Hon'ble Education Minister to the point that has been raised by Shrimati Ila Mitra, Shri Pankaj Kumar Banerjee and others and request him to enlighten the House on this point, if possible.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রশ্নটি এই হাউসে কিছুক্ষণ আগে উঠেছিল আমি সেই মুহূর্তে ঠিক এই প্রশ্ন নিয়ে আমার সহকর্মী মাননীয় অর্থমন্ত্রী এবং সংশিলষ্ট অফিসারদের নিয়ে আলোচনা করছিলাম। আমি এই সম্পর্কে পরশুদিন এই কক্ষে একটি বিবৃতি রাখবো আপনাকে জানাচ্ছি।

শ্রীমতী ইলা মিত্র: সিজ ওয়ার্কের সিদ্ধান্ত হয়ে গেছে, কালকেই হবে। এই সম্পর্কে আপনারা খবর রাখেন কি?

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পূর্বাহ্নেই ব'লে রাখি যে, আমাদের বেঞ্চ থেকে ডেপুটি লিডার শ্রীমতী ইলা মিত্র ষষ্ঠ অর্থ কমিশন সম্পর্কে বিধানসভার সর্বসম্মত প্রস্তাবের জন্য যে প্রস্তাব রেখেছেন তাকে পূর্ণ সমর্থন ক'রে কলকাতার জনজীবনে সম্প্রতি একটি বাড়তি উৎপাতের বিষয়ে আপনার নজর আকর্ষণ করছি এবং বোধ করি পার্লামেন্টারি মন্ত্রীর ক্যাপাসিটি এখন উঠেই গেছে, যিনি এখানে নেই, কিন্তু যানবাহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হ'ল এই কলকাতা, হাওড়া স্টেশন এলাকায় কয়েকদিন ধ'রে অসম্ভব ট্রাফিক জ্যাম হচ্ছে। জিনিসপত্রের দামের গরম, পাখা না থাকার গরম অ্যাটমসফিয়ার গরম, জল সরবরাহ না হওয়ায় গরম, তার উপরে আবার এই জ্যামের গরম—মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা শহরে যারা বাস করেন তারা জানেন বিশেষ ক'রে কলকাতার লক্ষ লক্ষ লোক প্রতিদিন এই জ্যামের জন্য হে'টে যেতে বাধ্য হন, তাদের পক্ষে এটা একটা অসহনীয় অবস্থা হিসাবে দেখা দিয়েছে। কিছু কাল আগে এই ট্রাফিক জ্যাম বন্ধ হয়েছিল। সম্প্রতিকালে হাওড়া দিয়ে আসবার সময় ব্রীজের দু'পাশেই অনেক জায়গায় নির্মাণ কার্য চলছে এবং সেই নির্মাণকার্য গয়ংগচ্ছ কায়দায় চলছে। এই ধরনের এসেনসিয়াল নির্মাণকার্যে রাউন্ড দি ক্লক কাজ করানোর ব্যবস্থা থাকা উচিত, সেটুকু পর্যন্ত আজকে হচ্ছে না। আমি আপনার মাধ্যমে মাননীয় যানবাহনমন্ত্রীকে অনুরোধ করবো, অপরাপর সংশিলষ্ট দপ্তরগুলির লোকেরা যাতে রাউন্ড দি ক্লক কাজ করে এই সমস্ত গরমের উপর এই উৎকট ব্যাধিটিকে যাতে মাইনাস ক'রে দেন তার চেষ্টা করবেন।

শ্রীতিমির বরণ ভাদ্‌ড়ীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হাউস বন্ধকালে আমাদের মুর্শিদাবাদ জেলা পরিক্রমাকালে কিছু কিছু ঘটনা বিশেষ ক'রে সাগরদীঘি এবং নবগ্রাম থানার ভয়াবহ খাদ্য পরিস্থিতির বিষয়ে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দৈনিক পত্রিকা স্টেটসম্যান ২১এ ফেব্রুয়ারি তারা মুর্শিদাবাদ জেলা পরিক্রমার সময় খাদ্যাভাবের কথা প্রকাশ করেছিলেন এবং অনাহারে মৃত্যুর সংবাদ সাগরদীঘি এবং বহরমপুরের সরকারী কর্তৃপক্ষ স্বীকার করেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেখানে ব্রাহ্মণী গ্রামের গুল বিবি, জালবান্ধা গ্রামের কমলাকান্ত সাহা, সমসাবাদের এককড়ি লেট, ইমামনগরের আয়ুব সেখ, খৈরুটি গ্রামের ভুদেব মাল না খেয়ে মারা গিয়েছে। সাগরদীঘি থানার নবগ্রামে খাদ্যাভাব, কাজের অভাব দেখা দিয়েছে। সাগরদীঘি এবং নবগ্রামের জনসাধারণ কাজের জন্য ভারতবর্ষের বাহিরে নেপাল চ'লে গিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই গ্রামের মানুষ সামান্য রিলিফের জন্য—ফ্যামিলি প্ল্যানিং থেকে যে সামান্য ৪০ টাকা দেওয়া হয় সেই টাকা নেবার জন্য তারা আজকে দলে দলে নাম লেখাচ্ছে। সেখানে অবস্থা ভয়াবহ আকার ধারণ করেছে। সিডিউল্ড কাস্ট এবং অন্যান্য যেসমস্ত দিন মজুর চাষী আছে তারা দীর্ঘদিন ধ'রে এইভাবে নাম লেখাচ্ছে। পুরুষরা আজকে গ্রাম ছাড়া হয়ে গেছে। সিডিউল্ড কাস্টের মধ্যে এই জিনিস দেখা যাচ্ছে। দীর্ঘদিন ধ'রে জল কষ্ট চলছে, বোরো চাষের জন্য জল পাওয়া যাচ্ছে না। এমন কি টেস্ট রিলিফের কাজ যে দু'একটি চালু হয়েছে তাতে সাগরদীঘি থানার প্রায় ১৪ থেকে ১৬ হাজার লোক সেই কাজের সুযোগ পাচ্ছে না। দূরদূরান্ত থেকে লোক আসছে ১০/১১টা পর্যন্ত তারা বসে থাকছে ব্লক অফিসার বলছেন, কাজ হবে না, তারা চ'লে যাচ্ছে। এই ভয়াবহ অবস্থার দিকে আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং অতি সত্বর সেখানে লঙ্গরখানা খোলার ব্যবস্থা করা হোক যাতে সেখানকার সাধারণ গরিব মেহনতী মানুষ দু'বেলা দু'মুঠো খেতে পায় সেদিকে আমি আপনার মাধ্যমে মাননীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[3-00—3-40 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি বিষয় আমি আপনার মাধ্যমে রাখতে চাই সেটা হচ্ছে যে, আমাদের সিক্‌থ ফিনান্স কমিশনের যে রিপোর্ট আমাদের হাউসে রাখা হয়েছে, এই মুহূর্তে সেই সম্পর্কে আমাদের বক্তব্য রাখা কঠিন। নরেশবাবু বলেছেন যে, তিনি আবেদন করেছেন সিদ্ধার্থবাবুর হাত শক্ত করতে হবে। সেখানে প্রশ্ন হচ্ছে হাত কতটা শক্ত আমরা করবো? সিদ্ধার্থবাবুর হাত অনেক শক্ত তারা করেছেন এবং ক'রে পশ্চিমবাংলার সরকার কি পেয়েছেন সেই বিষয়ে আমাদের চিন্তাভাবনা করার দরকার আছে।

ডঃ কানাইলাল সরকারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে একটি বিষয়ে অবগত করাতে চাইছি। আজকে সারা বাংলা দেশে এবং কলকাতা শহরে সিমেন্টের অবাধ কালোবাজারী চলছে। এই সিমেন্টের দর বাজারে কন্ট্রোল রেট হচ্ছে ২৪৭ টাকা। কিন্তু আমরা দেখছি সিমেন্ট খোলাবাজারে পরিষ্কারভাবে ৩৬০ টাকা থেকে ৩৭৫ টাকা ক'রে বিক্রয় হচ্ছে। আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি তিনি নিশ্চয়ই বিবৃতি দেবেন যে, কিভাবে ২৪৭ টাকার সিমেন্ট ৩৬০, ৩৭৫ টাকায় বিক্রয় করতে পারে। এই প্রসঙ্গে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে একটা জিনিস সম্পর্কে অনুরোধ করছি, প্রত্যেক সিমেন্ট ব্যবসায়ী যারা ডিলার আছে তারা একটা বোর্ড ঝুলিয়ে রাখবেন যে, তাদের কতটুকু স্টক আছে। তাছাড়া আরো অনুরোধ জানাবো যে, সিমেন্ট-এর গোডাউন যাতে তাদের অফিসের কাছাকাছি হয় সেই বন্দোবস্ত করবেন। তাছাড়া ডিয়েলিং লাইসেন্স যেগুলি দিয়েছেন সেগুলি যদি আনএমপ্লয়েড ইউথ এদের দেওয়া হয় এইসব বাস্তুঘুঘুদের না দিয়ে, তা হ'লে আমার মনে হয় সিমেন্টের কালোবাজারী কমে যাবে। তাই আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে যাতে তিনি নীরব দর্শক হয়ে না থাকেন এবং এই যে ২৪৭ টাকার সিমেন্ট ৩৬০ টাকায়, ৩৭৫ টাকায় বিক্রয় হচ্ছে এটা অবিলম্বে বন্ধ করবেন। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for 30 minutes.)

(After adjournment.)

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ অন এ পয়েন্ট অব অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, লেজিসলেশানের আগে আমি যে বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছিলাম আপনি দয়া ক'রে আমাদের সময় দিয়েছিলেন। সেই বিষয়টি নিয়ে আপনি সেন্স অব দি হাউস বুঝেছেন। আপনার মতামত আমরা জানতে পাই নি। কাজেই আপনি দয়া ক'রে হাউসে সেন্সটা ডিক্লেয়ার করুন এবং সেটা যদি কেন্দ্রীয় সরকারের কাছে, আমাদের মুখ্যমন্ত্রীর কাছে ঐ সিক্থ ফিনান্স কমিশনের সামনে তার যে স্টেটমেন্ট-এ ব্যাপারে আপনি যদি না বলেন, তা হ'লে আমাদের অসুবিধা হচ্ছে। কাজেই দয়া ক'রে আপনি এটা ক'রে দিন .এবং আপনার ভ্যালুয়েবল ওপিনিয়ন উইল ক্যারি মাচ ভ্যালু ফর দি পিপল অব ওয়েস্ট বেঙ্গল।

Mr. Speaker: You know that that the Business Advisory Committee will meet after some time. I will express my opinion before the Business Advisory Committee and whether any discussion can be arranged that will also be considered by the Business Advisory Committee and after that I will announce the decision of the Business Advisory Committee. I think that will be the best.

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি মোশন আসে, যদি ডিসকাশন হয় দ্যাট ইজ এ সেপারেট ইস্যু। আমরা এখানে যেটা মেনশনের মাধ্যমে এনেছি এবং দয়া ক'রে সেই পার্মিশন আপনি দিয়েছেন এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীও বলেছেন যদি কোন মেনশন আসে, সেই মেনশন আমরা আনতে পারবো এবং সেই মেনশনের প্রসিডিংস্ যা সাধারণ মানুষের স্বার্থের জন্য সেটা উইল বি ডিউলি কন্টিনিউড। আমরা যাঁরা বক্তব্য রেখেছি আপনার মাধ্যমে যতটুকু রয়েছে ততটুকু বলুন, আমরা কোন এনক্রোচমেন্ট চাইছি না, আজকে সেন্স অব দি হাউস ফিল ক'রে থাকেন, এই পশ্চিমবঙ্গের বিধানসভা চাইছে—আজকে যতটুকু হয়েছে, সেইটুকু দয়া ক'রে বলুন, এটার জন্য ডিক্লারেশন, ডিসকাশন, রেজলিউশন প্রভৃতি নেওয়া দ্যাট ইজ এ সেপারেট ইস্যু।

Mr. Speaker: Mr. Biswas, you know that my observations on any point must be guided by the rules of the House. It goes without saying that today the Members who have participated, under rule 351, in discussion on this important matter from almost all corners of the House, i.e., from Shri Pradyot Kumar Mahanti, Shrimati Ila Mitra, Shrimati Geeta Mukhopadhyay from this side and yourself and Shri Sukumar Bandyopadhyay from the other side, even including, so far as I have understood, the R.S.P. Members—have also stated that a fuller discussion is necessary. There is none here present, I find, who has not expressed grave concern over this issue and I think almost all the Members here have supported the stand taken by the Leader of the House. So, it goes without saying that it need not be expressed by the Chair that the House is very much concerned over the issue when almost all the speakers have supported the stand taken by the Leader of the House and particularly when the matter is being placed before the Business Advisory Committee for a fuller discussion. You have expressed enough concern and from all corners of the House, irrespective of political affiliation, it has been expressed that the West Bengal's money should be properly allotted for our State and that point has been fully demonstrated and expressed, i.e., the consensus of the House is in favour of what the Leader of the House has stated before the Finance Commission. This has got the approval and support of almost all the Members and you have made your position very much clear. So, I need not make any special comments over this issue. What I feel is that almost all the Members have expressed their opinion for a fuller discussion and I am going to consider the matter and will give my anxious consideration on the point after some time.

LEGISLATION

The Departmental Proceedings (Enforcement of Attendance of Witnesses and Production of Documents) Bill, 1973

Mr. Speaker: I call upon the Hon'ble Chief Minister to introduce the Bill.

ডাঃ মহম্মদ ফজলে হকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের পক্ষ থেকে এখানে এই বিল উপস্থাপিত করার জন্য আমি আপনার কাছ থেকে অনুমতি প্রার্থনা করছি।

Mr. Speaker: Yes, you can introduce the Bill.

Dr. Md. Fazle Haque: Sir, I beg to introduce the Departmental Proceedings (Enforcement of Attendance of Witnesses and Production of Documents) Bill, 1973.

(Secretary then read the title of the Bill.)

Dr. Md. Fazle Haque: Sir, I beg to move that the Departmental Proceedings (Enforcement of Attendance of Witnesses and Production of Documents) Bill, 1973, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটার মধ্যে বিশেষ কিছু নেই। আমরা যেসব বিভাগীয় তদন্ত করি, এর জন্য যেসমস্ত ভিজিলেন্স কমিশন বসে, সেই এনকোয়ারি কমিটির অসুবিধার জন্য এই বিলটা আনা হয়েছে। কোন কর্মচারীর বিরুদ্ধে যদি কোন অভিযোগ থাকে, সেই অভিযোগ প্রমাণ করবার জন্য সাক্ষীর প্রয়োজন হয়, দলিল দস্তাবেজের প্রয়োজন হয়, সেইগুলো তারা নাই ফোর্স করতে পারেন না বা সাক্ষীকে সমন করতে পারে না, এর ফলে দোষী কর্মচারীরা খালাস হয়ে যান। এই অসুবিধার জন্য এই বিলে তিনটি বিষয় সংযোজিত করা হয়েছেঃ

[3-40—3-50 p.m.]

(ক) কোন সাক্ষীকে সমন দ্বারা ডাকিয়া পাঠানো তাঁহাকে উপস্থিত হইতে বাধ্য করা এবং শপথ করাইয়া পরীক্ষা করা সম্পর্কে;

(খ) সাক্ষ্য হিসাবে উপস্থাপনীয় কোন দস্তাবেজ বা অন্যবিধ উপকরণ গোচরীভূত ও উপস্থাপিত করিতে নির্দেশ দেওয়া সম্পর্কে;

(গ) কোন বিচারালয় বা কার্যালয় হইতে কোন সরকারী নথিপত্র অধিযাচন করা সম্পর্কে তদন্ত-প্রাধিকারিগণের উপর সেই একই ক্ষমতাবলী ন্যস্ত করা যেগুলি, কোন মামলার বিচারকালে, দেওয়ানী প্রক্রিয়া সংহিতা, ১৯০৮, অনুযায়ী কোন দেওয়ানী বিচারালয়ের উপর ন্যস্ত হয়।

এই বিষয়ে আমার বিশেষ কিছু বলার নেই, এই বিষয়ে আমরা চাইছি যে, মাননীয় সদস্যরা সকলে নিশ্চয়ই একমত হবেন যে, সরকারী প্রশাসন যন্ত্রে যেসব কর্মচারী দুর্নীতিপরায়ণ আছেন তাদের সেই সব বিষয়ে যাতে সুষ্ঠুভাবে বিচার করতে পারি এবং তাদের বিরুদ্ধে যাতে যথাযথ শাস্তির বিধান করা যায় সেই জন্য এই বিলটা আনা হয়েছে। আমি আশা করি সকলে এই বিলটিকে সমর্থন করবেন, এই কটি কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতিমির বরণ ভাদুড়ীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, 'দি ডিপার্টমেন্টাল প্রসিডিংস' বিল আমাদের সামনে যা মাননীয় মন্ত্রী রাখলেন, সেই বিলের উদ্দেশ্য মোটামুটি ভাল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলকে সমর্থন করতে গিয়ে একটা কথা মনে পড়ছে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন নিমন্ত্রণ বাড়িতে নিমন্ত্রণ থাকলে নিশ্চয়ই যেতে হয়, কিন্তু যাদের দ্বারা

পরিবেশন হয়—কি নিমন্ত্রণ বাড়িতে কি মিষ্টির দোকানে, মিষ্টি দেখতে ভাল এবং খেতেও ভাল, কিন্তু যাদের হাত দিয়ে পরিবেশিত হয় সেই লোকগুলিকে দেখা দরকার। সেই লোকের পোশাক পরিচ্ছদ, চরিত্র এইগুলি দেখা দরকার, তবেই ভালভাবে খাওয়া যায়, তৃপ্তি ক'রে খাওয়া যায়। তার সংগে পরিবেশটাও দেখা দরকার, সেটা নোংরা জায়গা কিনা সেটাও দেখা দরকার। সেই জন্য এই বিলকে সমর্থন করতে গিয়ে একটা কথা বার বার মনে পড়ছে যে, যাদের দ্বারা এই বিল নিয়ে আসা হচ্ছে সেই লোকগুলির চরিত্রটা কি? সেই জন্য এই বিলকে আন্তরিকভাবে সমর্থন করতে আমি পারছি না, ইচ্ছা আছে এবং নিশ্চয়ই বিলের উদ্দেশ্য ভাল এবং সেই কারণে নিশ্চয়ই সমর্থন করব। কিন্তু যাদের দ্বারা পরিবেশিত হচ্ছে তারা যে দিন থেকে সরকারের দায়িত্ব নিয়েছিলেন সেদিন থেকে অনেক কথা পশ্চিমবঙ্গের জনসাধারণকে শুনিয়েছেন এবং আমরাও শুনেছিলাম, নিশ্চয়ই ভাল কথা, কিন্তু বাস্তবে দেখলাম একটা কথাও কার্যকর হয় নি। ১০ হাজার গ্রামে বিদ্যুৎ গেল না, হলদিয়াতে এক লক্ষ লোকের চাকুরি হ'ল না। মাননীয় খাদ্যমন্ত্রী বলেছিলেন, এই বছর মানে ১৯৭৩ সালে কাউকে অনাহারে মরতে দেব না, কিন্তু এই হাউসে আমি আজকেই বলেছি, সাগরদীঘি থানার কথা নগ্রামের ঘটনার কথা। এই বিলকে যেভাবে পূর্ণ সমর্থন করা উচিত ছিল সেইভাবে পূর্ণ সমর্থন জানাতে পারছি না, কারণ যাদের দ্বারা এই বিল উপস্থাপিত হচ্ছে সেই লোকগুলির চরিত্র সম্বন্ধে আমাদের সন্দেহ আছে। আমি এই বিলের উপর যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি, সেই অ্যামেন্ডমেন্টের কারণ হচ্ছে এই জিনিসকে শুধু সরকারী প্রতিষ্ঠানের ভিতর সীমাবদ্ধ রাখলে চলবে না, বে-সরকারী যে সমস্ত প্রতিষ্ঠান আছে, ক্যালকাটা করপোরেশন থেকে আরম্ভ করে স্বায়ত্ত্বশাসন-এর যে সমস্ত প্রতিষ্ঠান আছে যে সবগুলি মাননীয় সরকার বাহাদুর অধিগ্রহণ করেছেন, সেই সব জায়গায় যাতে এই আইন প্রযোজ্য হয় সেই জন্য আমি এই বিলের উপর একটি অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আমি আশা করি মাননীয় মন্ত্রী নিশ্চয়ই আমার অ্যামেন্ডমেন্টটি গ্রহণ করবেন, কেন না স্বায়ত্ত্বশাসন প্রতিষ্ঠানগুলিতে আমরা দেখতে পাচ্ছি কিভাবে এদের নাকচ ক'রে দিয়ে নিজেদের ক্ষমতায় এনেছেন। শুধু ক্যালকাটা করপোরেশন নয় মিউনিসিপ্যালিটি থেকে আরম্ভ ক'রে যেসমস্ত করপোরেশন-এর দায়িত্ব সরকার নিজের হাতে নিয়েছেন তাদের ক্ষেত্রেও যাতে এই বিল প্রযোজ্য হয় সেদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। সেদিক থেকে আমার যে অ্যামেন্ডমেন্ট আশা করি তিনি তা নিশ্চয় সমর্থন করবেন। এই ব'লে এই বিলের উদ্দেশ্যকে সমর্থন ক'রে আমি শেষ করছি।

শ্রীশরদিন্দু সামন্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ যে বিল উত্থাপন করা হয়েছে তাকে আমি পরিপূর্ণ ভাবে সমর্থন করছি এবং এই বিলের যিনি সমালোচনা করেছেন তাঁর নজরে এই জিনিসটা আনতে চাই যে, সর্বপ্রথম পশ্চিমবাংলার এই রকম ধরনের একটা বিল আনা হ'ল। এই বিলের উদ্দেশ্য মহৎ সেটা তিনি স্বীকার করেছেন। কিন্তু তিনি বলেছেন যে লোকেদের দ্বারা এটা পরিবেশিত হচ্ছে তাঁরা ভাল লোক নন। কিন্তু ১৯৬৭-৬৯ সালে তাঁরা কি এই বিলের প্রয়োজনীয়তা ভুলে গিয়েছিলেন। এই জিনিসটা তাঁকে একটু ভেবে দেখতে অনুরোধ করব। এই বিলের যা উদ্দেশ্য তাতে আমাদের যে সিভিল প্রসিডিউর কোড সেই সিভিল প্রসিডিউর কোড এখানে অ্যাপ্লাই করবে বলা হচ্ছে। তার দ্বারা এটুকু বলতে চাই যে, এনফোর্সমেন্ট অব অ্যাটেডেন্স অব উইটনেস অ্যান্ড প্রোডাকসান অব ডকুমেন্টস বিল আনা হয়েছে এতে যেসমস্ত সরকারী কর্মচারী, যাদের বিরুদ্ধে, কোন প্রসিডিংস আনা হয় তারা যদি কোন সাক্ষী-প্রমাণের প্রয়োজন মনে করে বা আদালতে হাজির হয়, তা হ'লে সাক্ষী-প্রমাণের দ্বারা তাদের বিরুদ্ধে যদি কোন অভিযোগ থাকে, তা হ'লে সে অভিযোগ নিশ্চয় ভালভাবে প্রমাণিত হবে এবং তাদের উদ্দেশ্য সাধিত হবে। এটা আমি ব্যক্তিগতভাবে বিশ্বাস করি। আমরা জানি পেনালটি প্রভিসন আছে সিভিল প্রসিডিউর কোড-ও। যদি উইটনেস হাজির না হন, ডকুমেন্টস নিয়ে কোর্ট-এ হাজির না হন, তা হ'লে তাঁর পেনালটি হবে আন্ডার সেকসন ৩২-তে। সিভিল প্রসিডিউর কোড-এ ফাইন-এর প্রভিসন আছে, সিকিউরিটি-তে প্রভিসন আছে। এতে তার যে ভালই হবে সে বিষয়ে সন্দেহ নেই। আমি বলতে চাই, যদি কোন লোকের বিরুদ্ধে, কোন ডিলিংকুয়েন্ট-এর বিরুদ্ধে যদি কোন প্রসিডিংস আনা হয়, তা হ'লে তিনি সরকারী কর্মচারী হন, আর যাই হোন না কেন, তাঁর স্বার্থেই এটা হয়েছে বলে আমি বিশ্বাস করি। যদি কোন লোকের বিরুদ্ধে সাক্ষী না থাকে, তা হ'লে ১০।১৫ বছর ধরে প্রসিডিংস

কনক্লুসান হল না তার ফলে যে সাসপেনসন সেটা এখন আর থাকতে হবে না। এখন উইটনেসকে হাজির হতে বলা হবে। যদি উইটনেস হাজির না হয়, তা হ'লে এনকোয়ারিং অথরিটি-র উপর যে ক্ষমতা বর্তেছে সেই ক্ষমতা অনুযায়ী তাকে হাজির হতে হবে এবং সেখানে সাক্ষী দিতে হলে ওথ-এর প্রভিসন আছে। ওথ অ্যাক্ট সেখানে থাকছে। যদি কোন লোক মিথ্যা সাক্ষী দিয়ে থাকে, তা হ'লে তার বিরুদ্ধে পেনালটি প্রভিসন অ্যাপ্লাই করবে সে বিষয়ে সন্দেহ নেই। অতএব বিলের উদ্দেশ্য অতি মহৎ। মাননীয় সদস্য যিনি আমাকে ভাবতে বলেছেন তাঁকে বলছি যে, পশ্চিমবাংলায় এই যে আইন আনা হয়েছে এবং যে মহৎ উদ্দেশ্য নিয়ে এই আইন প্রণয়ন করা হয়েছে এই কথা মনে প্রাণে বিশ্বাস ক'রে নামেমাত্র সমালোচনা করে যেভাবে তিনি হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছেন তাতে সদস্যরা কতখানি মুগ্ধ হয়েছেন সেবিষয়ে সন্দেহ আছে। এমন কোন কোন সময় দেখা যায় যে, কোন কোন সরকারী কর্মচারী ১০।১২ বছর পরেও তার এনকোয়েরিং প্রসিডিংস্ কমপ্লিট হয় নি। তাঁরা হাইকোর্ট-এ যান, সেখানেও বলা হচ্ছে যে, ২২৬ প্রসিডিংস্ চলবে। এখানে এভিডেন্স-এর প্রশ্ন নেই। কিন্তু যেহেতু এখানে এভিডেন্স-এর প্রশ্ন আছে সেহেতু এনকোয়েরিং অথরিটি এভিডেন্স নেবেন এবং এভিডেন্স নিয়ে বিচার করবেন। এতে ডিলিংকোয়েন্ট যিনি তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যায়। সুতরাং এই সমস্ত প্রসিডিংস্-এ যাঁরা দাঁড়িয়ে আছেন তাঁদের ভালই হবে। এই ব'লে আমি এই বিলকে সমর্থন ক'রে শেষ করছি।

[3-50—4-00 p.m.]

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় সভাপতি মহাশয়, আজকে যে ডিপার্টমেন্টাল প্রসিডিংস্ বিল আমাদের সামনে আনা হয়েছে আমরা সাধারণভাবে এই বিলটা সমর্থন করি। কিন্তু সাধারণভাবে সমর্থন করতে গিয়েও কতকগুলি কথা মাননীয় মন্ত্রিমহাশয়ের চিন্তার মধ্যে থাকার দরকার ব'লে আমরা মনে করি এবং এই হাউসে তা মাননীয় সদস্যদের সামনে পেশ করা প্রয়োজন ব'লে আমাদের মনে হয়। এই বিলের সাধারণ উদ্দেশ্য সরকারী কর্মচারী অথবা বে-সরকারী প্রতিষ্ঠানের কর্মচারীদের আচরণ-বিধি যাতে কঠোরভাবে প্রয়োগ করা যায় এবং আইনের ফাঁক দিয়ে কোন দুর্নীতির অভিযোগ যাতে বিভাগীয় আওতা থেকে বেরিয়ে যেতে না পারে এই বিলে ডিপার্টমেন্টাল প্রসিডিংসের যে ত্রুটিগুলি আছে সেই ত্রুটিগুলি দূর করার কথা বলা হয়েছে এবং সরকারী কোর্ট অব এনকোয়ারী অথরিটিকে কোর্ট অব ল-এর কিছু কিছু ক্ষমতা দেওয়া হয়েছে। মূল উদ্দেশ্য সম্পর্কে আমি নিশ্চয়ই সরকারের সঙ্গে একমত যে দুর্নীতি, উৎকোচ, অথবা কর্তব্যকর্মে অবহেলা, এই সমস্ত ক্ষেত্রে সরকারী কর্মচারীদের সম্পর্কে সরকারকে নিশ্চয়ই বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কিন্তু একথা বলার সঙ্গে সঙ্গে আরো দু'একটা কথা বলার প্রয়োজন এই কারণে যে, সরকারী সমস্ত সার্ভিস রুলস্ সেগুলিকে আজকাল অনুকরণ করছে বে-সরকারী সমস্ত প্রতিষ্ঠান। সুতরাং সরকারের যদি একটা সামগ্রিক বিল, সামগ্রিক যদি আচরণ-বিধি কর্মচারীদের জন্য না থাকে, তা হ'লে সর্বক্ষেত্রে, প্রতিটি চাকুরির ক্ষেত্রে প্রচণ্ড বিশৃঙ্খলা পশ্চিমবঙ্গে দেখা দিচ্ছে। মিঃ স্পীকার, স্যার, সরকারী কর্মচারীদের চাকুরির শর্তাবলী, কিছু আইন-কানুন প্রধানতঃ দু'টি বইতে আছে. একটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল সার্ভিস রুলস্, পার্ট ওয়ান, আর একটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল সার্ভিস রুলস্, পার্ট টু। এই সার্ভিস রুলসগুলি ইংরাজ আমলে তৈরি এবং কর্মচারীদের প্রতি অবিশ্বাস থেকে এই সমস্ত আইনের উৎপত্তি। জনসাধারণ থেকে কর্মচারীদের বিচ্ছিন্ন ক'রে রাখা এবং সমগ্র সরকারী যন্ত্রকে শোষণ এবং শাসনের যন্ত্র হিসাবে প্রয়োগ করা এটা ইংরাজ সাম্রাজ্যবাদীদের উদ্দেশ্য ছিল। সেই উদ্দেশ্য সামনে রেখে যে সার্ভিস কন্ডাক্ট রুলস্ তাঁরা তৈরি করেছিলেন দুঃখের বিষয় স্বাধীনতার ২৫ বছর পরে আমরা এখনও সেই সার্ভিস রুলস্ পাল্টাতে পারি নি। একটা গণতান্ত্রিক দেশের সরকারী কর্মচারীদের জন্য যে একটা সামগ্রিক-ভাবে গণতান্ত্রিক আচরণ-বিধি রচনা করা দরকার আমরা ২৫ বছর স্বাধীনতার পরেও সেই রকম কোন গণতান্ত্রিক আচরণ-বিধি রচনা করতে পারি নি। আমরা যদি একটু লক্ষ্য করি, তা হ'লে দেখব যে, কোন কোন জিনিস এই সার্ভিস রুলস্-এ সংযোজন হয়েছে, অতি অল্প কিছু কিছু পরিবর্তন হয়েছে, কিন্তু এটাকে সম্পূর্ণ ঢেলে সাজার কাজটা ২৫ বছর পরেও হয় নি। মাননীয় স্পীকার মহাশয়, আমার কাছে সার্ভিস রুলস্-এর একটা বই আছে, আমি তার ১৯৪০

সালের যে সংস্করণ, তার দ্বিতীয় প্যারাগ্রাফে সোর্স অব দি রুলস্, এই সমস্ত রুলস্‌গুলির কি সোর্স সেটা আলোচনা করতে গিয়ে আমরা দেখতে পাচ্ছি—

Rules in this volume, though formally made under section 241 of the Government of India Act, are not intended to introduce any changes in the substance or effect of relevant existing rules.

তার মানে স্বাধীনতার পরেও বলছেন যে, ইংরাজ আমলের কোন রুল আমরা পরিবর্তন করব না, ইংরাজ আমলের সরকারী কর্মচারীদের জন্য কোন আচরণ-বিধি আমরা পরিবর্তন করব না।

They are intended merely to reproduce rules applying to officers under the rule making power of the provincial Government as they stand on the date of the present compilation. They are thus part of fundamental and subsidiary rules which continued in force after 1st April, 1937, new rules made under section 241 of the Act between 1st April 1937 and 1st November, 1948.

অর্থাৎ সেই ১৯৩৭ সালের যে ভারত শাসন আইন এবং তার যে ২৪১নং ধারা সেই ধারা অনুযায়ী আপনারা সরকারী কর্মচারীদের আচরণ-বিধি ১৯৭৩ সালে চালাতে চাচ্ছেন সেখানে আমার আপত্তি আছে। আমার বক্তব্য হচ্ছে ১৯৭৩ যালে যথেষ্ট দিন পার হয়েছে যখন এই ইংরেজ আমলের সার্ভিস রুলস্ বই পাল্টিয়ে নূতন একটা ডেমোক্রেটিক সার্ভিস কন্ডাক্ট রুলস্ তৈরি করা জনসাধারণের স্বার্থে দরকার ছিল। মাননীয় স্পীকার মহাশয়, ১৯৬৪ সালে দ্বিতীয় সংস্করণ হয়েছে এবং সেই দ্বিতীয় সংস্করণেও বর্তমান সার্ভিস রুলস্ পুস্তকে যেটা আছে সেটাই রয়েছে। তারপর ১৯৭১ সালে যে সংস্করণ হয়েছে তাতে নূতন কিছু সংযোজন ছাড়া আমূল পরিবর্তন কিছু করা হয় নি। দৃষ্টিভঙ্গি একই রয়েছে এবং দৃষ্টিভঙ্গি যে একই রয়েছে সেটা কয়েকটি ধারা না পড়লে আমি বুঝাতে পারব না। আমি দীর্ঘ আলোচনা করতে চাই না, কারণ ৩০০ পাতার এই বই। ৩ নম্বর ধারায় আছে—

Nothing in these rules shall be construed to limit or abridge the power in the Governor to dispense with or relax the requirement of any of the rules to such an extent and subject to such condition as it may consider necessary for dealing with a case in a just and equitable manner.

অর্থাৎ গভর্নর ইচ্ছা করলে এই সমস্ত আইনের বইতে যা লেখা রয়েছে সেটা বাদ দিয়ে তিনি ইচ্ছা করলে কাউকে বরখাস্ত করতে পারেন। ৩(ই) ধারায় রয়েছে—

Notwithstanding anything contained elsewhere in these rules or in any other rules for the time being in force if a Government servant being present at the place of duty abstains from work without permission or refuses to work at any time during the prescribed hours of work or day, he shall, in addition to being liable to such disciplinary action as made against him for dereliction of duty, be deemed to be absent without leave on such day and shall not be entitled to pay or allowance for such day.

অর্থাৎ এই সমস্ত আইনের বাইরেও গভর্নরের হাতে একটা বাড়তি ক্ষমতা দেওয়া হয়েছে। যদি এই বাড়তি ক্ষমতা থাকে তা হ'লে সার্ভিস রুলস্-এর কোন মূল্য নেই, কারণ এতে সার্ভিস রুলস্ গণতান্ত্রিক হ'ল না, এতে সার্ভিস রুলস্ ডেমোক্রেটিক হ'ল না। একজন লোক হয়ত বলতে পারেন আমার চাকুরি কেউ নিতে পারে না বা আমাকে কেউ তাড়িয়ে দিতে পারে না কোন কারণ না দেখিয়ে। কিন্তু সেই ক্ষমতা এখানে রয়েছে। এই বই-এর ১১৩ পাতায় একটা অদ্ভুত জিনিস লেখা রয়েছে যার নাম হচ্ছে রুল ফোর। এই রুল ফোর আমি নিজে ব্যক্তিগতভাবে এবং ভালভাবে জানি। এটা একদিক থেকে ভাল, কারণ এটা না থাকলে আমি নিজে এখানে থাকতে পারতাম না। আমি এক সময় সরকারী চাকুরি করতাম, কিন্তু গোপন পুলিস রিপোর্টে আমার চাকুরি গেল এবং তারপর থেকে আমি কলেজে অধ্যাপনা করছি। আপনি দেখুন সেই রুল ফোর-এ কি লেখা রয়েছে—

Explanation: Any Government servant who takes part in a demonstration of any kind in a public street.

আমি যদি কোন ধর্মীয় অনুষ্ঠানে যাই, তা হ'লে আমার চাকুরি যেতে পারে। কারণ এখানে রয়েছে—

of any kind in a public street which interferes with the movement of the people or traffic or involves in other offence shall be deemed to be behaving in a manner which is improper and unbecoming of a public servant and derogatory to the prestige of the Government.

যদি গোপন পুলিস রিপোর্টে ব'লে দেয় তুমি অমুক জায়গায় ছিলে, অমুক শোভাযাত্রায় তোমাকে দেখা গিয়েছিল, তা হ'লে তার চাকুরি যেতে পারে। এটা কিন্তু স্বাধীনতার পর ভাল

[4-00—4-10 p.m.]

জিনিস নয়। আমি সেই বিষয়ে উদাহরণ দিয়ে বলতে পারি আমরা সকলেই জানি যে কর্মচারীদের বরখাস্ত ক'রে বিভাগীয় কর্তৃপক্ষ বা সরকারের হাতে যে প্রচণ্ড ক্ষমতা সেই প্রচণ্ড ক্ষমতা কি অদ্ভুতভাবে ব্যবহৃত হয়েছে। আপনি স্যার, একবার দেখুন স্বাধীনতা লাভের পর থেকে ১৯৬৭ সাল পর্যন্ত ৪৪ জন সরকারী কর্মচারীর চাকুরি যায়। ১৯৬৭ সালের পর থেকে কি কি হয়—১৯৬৭ থেকে ১৯৬৯ সাল পর্যন্ত যুক্তফ্রন্টের শাসনকালে ঐ ৪৪ জনের ভেতরে কিছু কিছু সরকারী কর্মচারীর চাকুরি হয়, তাদের পুনর্নিয়োগ ঘটে। আবার দেখা যাচ্ছে সেই পুনর্নিয়োগ ঘটলে পরে রাজ্যপাল ১৯৭১ সালে পুনরায় ১৩ জনকে বরখাস্ত করে, আবার আমরা দেখতে পাচ্ছি কি—১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকার মানে জ্যোতিবাবু যখন স্বরাষ্ট্রমন্ত্রী সেই জ্যোতিবাবুব আদেশে দেখতে পাচ্ছি কিছু পুলিস কর্মীকে বরখাস্ত করেন। আবার পরে দেখছি রাজ্যপাল সেই পুলিস কর্মীদের পুনর্নিয়োগ করেন। আমার বক্তব্য, তা হ'লে রাজনৈতিক কারণে চাকুরি যায়। তা হ'লে বলুন গভর্নরের এই যে বিশেষ অধিকার সেটা রাজনৈতিক নেতারা নিজেদের স্বার্থে ব্যবহার করেছেন। ২৫ বছর ধ'রে কংগ্রেস সরকারও ব্যবহার করেছেন, প্রফুল্ল ঘোষের সরকারও ব্যবহার করেছেন, জ্যোতিবাবুও ব্যবহার করেছেন। কোন্ সরকার করেন নি? আমি বলি কোন সরকারের হাতে রাজনৈতিক কারণে চাকুরি চ'লে যাবে এই রকম ক্ষমতা দেয়া উচিত নয়। আজকে ডিপার্টমেন্টাল প্রসিডিংস্ আনতে উনি আনছেন কি একটা কোর্ট অব ইনকোয়ারী বা ইনকোয়ারী অথোরিটি বা সমন ক'রে আনবার মত অধিকার থাকবে। কিন্তু ১৯৭৩ সালে যে সরকারী কর্মচারী সে চাকুরির ক্ষেত্রে নিরাপত্তা চায় এবং এটা গুরুত্বপূর্ণ বিল ব'লে আমি মনে করি। এই যে সরকারী কর্মচারীদের বে-সরকারী প্রতিষ্ঠান মেনে চলে। বে-সরকারী কর্মচারীদের তাদের কর্মচারীদের তাড়াবে কি তাড়াবে না এই আইন অনুযায়ী তারা প্রয়োগ করার চেষ্টা করেন। সুতরাং পশ্চিমবাংলার যত সরকারী কর্মচারী বা যারা চাকুরি ক'রে খায় তাদের চাকুরির নিরাপত্তা আজকে এই আইন অনুযায়ী ব্যাহত হচ্ছে। এই কথা ওনার বলার প্রয়োজন। আমি আর একটা কথা বলা প্রয়োজন মনে করছি যে, আমরা এটার সম্পর্কে একটা নির্দিষ্টভাবে উল্লেখ করব এবং এই বলে আমি আমার বক্তব্য শেষ করব যে, ইনকোয়ারী অথোরিটি হাতে একটা ক্ষমতা অর্পণ করেন সেটায় আমার আপত্তি নাই, কিন্তু ইনকোয়ারী নামে সাধারণ কর্মচারীদের বড্ড হায়রানি করা হয়। আমি একটা উদাহরণ দিতে পারি,, মাসের পর মাস ধ'রে সাসপেনসন বা সাময়িক বরখাস্ত ক'রে কর্মচারীদের রাখা হচ্ছে। আমি একটা বিশ্ববিদ্যালয়ের খবর জানি যে, এই আইন প্রয়োগ ক'রে ১৪ মাস ধ'রে একটা পিওনকে সাসপেন্ড ক'রে রাখা হয়েছে। বড় বড় মাইনা যারা পান তারা অর্ধেক বেতনে সংসার চালাতে পারে, কিন্তু পিওনের অর্ধেক বেতনে সংসার চলবে কি ক'রে। ১৪ মাস ধ'রে তাকে সাসপেন্ড ক'রে রাখা হয়েছে। আমি জানি যে, একটা নির্দিষ্ট সময়ের ভেতর যদি অভিযোগ প্রমাণ করতে না পারা যায়, তবে সেই কর্মীকে অভিযোগমুক্ত বলতে হবে। এটা আপনার আইনে থাকা প্রয়োজন ছিল। ডিপার্টমেন্টাল প্রসিডিংস্ করা হবে মাসের পর মাস শুধু নয়, বছরেব পর বছর ঝুলিয়ে রাখা হয়েছে এমন নজিরও আছে। আমি দু'টো উদাহরণ দিতে পারি, অফিস অব দি রেন্ট কন্ট্রোলার কোর্ট, মাননীয় মন্ত্রিমহাশয় টুকে নিতে পারেন, যদি দেখেন কোন উপকার হয়। অফিস অব দি রেন্ট কন্ট্রোলার কোর্ট—৩০এ নভেম্বর, ১৯৭২ ৫ জন কর্মচারীকে সাসপেন্ড করা হয়েছে বিভাগীয় অভিযোগের ভিত্তিতে, অভিযোগ সত্য

হ'লে নিশ্চয়ই শাস্তি পেতে হবে, ঘুষ নেয়া আমরা পছন্দ করি না, দুর্নীতি অযোগ্যতা আমরা পছন্দ কি না, কিন্তু ৫ মাস হতে চললো পখনও তাদের বিচার শুরু হয় নি, বিচার শেষ হবে অন্ততঃ দু'বছর পরে। তা পাঁচ মাস হয়ে গেল সে বিচার শুরু করতেই পারলেন না আপনার অফিস অব দি রেন্ট কন্ট্রোল, ক্যালকাটা কি ব্যাপার? এইটা হচ্ছে সাধারণ কর্মচারীদের হয়রানি করা। এই সার্ভিস রুলটার সুযোগ আপনারা নিচ্ছেন। এগুলি নেবেন না। এগুলি কোন গণতান্ত্রিক সুসভ্য দেশের সরকারী কর্মচারীদের আচরণ-বিধি নয় এবং সুসভ্য সরকারের আচরণও নয়।

এক্‌জিকিউটিভ ইঞ্জিনিয়ার, পি ডবলিউ ডি, মেদিনীপুর ডিভিসনের অধীনে দু'জনকে সাসপেন্ড করা হয়েছে। এক বৎসরের বেশি হয়ে গিয়েছে এখনো এদের সম্পর্কে এনকোয়ারি রিপোর্ট পাওয়া যায় নি। এরা অত্যন্ত স্বল্প বেতনের কর্মী। যদি বড় বড় বেতনের কর্মী হয়, তা হ'লে কিন্তু আপনাদের এনকোয়ারী একটু তাড়াতাড়ি হয়ে যায়। কিন্তু স্বল্প বেতনের কর্মী হ'লে তাদের ধরবার কেউ নেই। এই সমস্ত কারণে আপনাদের এই বিলটি সাধারণভাবে সমর্থন করা সত্ত্বেও আমি মৌলিকভাবে এই বিলটির নানা ত্রুটি আপনাদের সামনে বললাম এবং সেই বলার পর আমি মনে করি যে, আপনি ঘোষণা করবেন যে, এই সার্ভিস রুল পাল্টে অবিলম্বে একটা সামগ্রিক বিল আপনি আনছেন।

Committee on Estimates

Mr. Speaker: Under rule 303B(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly the Committee on Estimates has been constituted with the following Members, namely:—

1. Shri Puranjoy Pramanik.
2. Shri Narayan Bhattacharyya.
3. Shri Iswar Chandra Tirkey,
4. Shri Ramendra Nath Dutt.
5. Shri Gautam Chakraborty,
6. Shri Sunil Mohan Ghosh Moulik.
7. Shri Krishna Kumar Shukla.
8. Shri Barid Baran Das.
9. Shri Birendra Bijay Malladeb.
10. Shri Pradyot Kumar Mahanti.
11. Shri Sarat Chandra Das.
12. Shrimati Ila Mitra.
13. Shrimati Geeta Mukhopadhyaya.
14. Shri Sisir Kumar Ghosh, and
15. Shri Phani Bhusan Singhababu.

In pursuance of rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Puranjoy Pramanik to be the Chairman of the Committee on Estimates.

Committee on Public Accounts

Mr. Speaker: Under rule 302 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly the Committee on Public Accounts has been constituted with the following Members, namely:—

1. Shri Deo Prakash Rai.
2. Shri Abdul Bari Biswas.
3. Shri Lakshmi Kanta Bose.

4. Shri Mrigendra Mukherjee,
5. Shri Sukumar Bandyopadhyay,
6. Shri Gangadhar Pramanick,
7. Shri Md. Safiulla,
8. Shri Aswini Roy, and
9. Shri Saroj Roy.

In pursuance of rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Deo Prakash Rai to be the Chairman of the Committee on Public Accounts.

Committee on Government Assurances

Mr. Speaker: In accordance with the provision of rule 307B(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I nominate the following Members of the Assembly to form the Committee on Government Assurances, namely:—

1. Shri Mohammad Idris Ali,
2. Shri Kanti Ranjan Chatterjee,
3. Shri Asamanja De,
4. Shri Madhusudan Roy,
5. Shri Tuhin Kumar Samanta,
6. Shri Khan Nasiruddin,
7. Shri Bhupal Chandra Panda, and
8. Dr. Motahar Hossain.

In terms of rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Mohammad Idris Ali to be the Chairman of the Committee on Government Assurances.

I now call upon Shri Monoranjan Pramanick.

শ্রীঅশ্বিনী রায়: স্যার, আমি একটা ইনফরমেশন দিচ্ছি। একটা টেলিগ্রাম বিশ্বনাথ মুখার্জির কাছে করেছেন তাহের হোসেন, সেটা আমি পড়ে দিচ্ছি—

"Burnpur Indian Iron Management giving tremendous provocation threatening assault to foreman brick department through blacklegs and preparing offensive on workers to sabotage production on plea naxalite activities stop please interyene."

[4-10—4-20 p.m.]

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী ডঃ হক যে ডিপার্টমেন্টাল প্রসিডিংস্ বিল এনেছেন, আমি সেই বিল সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে, আমরা যদি সত্যিকারের সুন্দর পরিচ্ছন্ন শাসন ব্যবস্থা প্রতিষ্ঠা করতে চাই, তা হ'লে পর এই রকম একটা বিলের নিশ্চয়ই প্রয়োজন আছে। অত্যন্ত আনন্দের কথা যে, এই বিলের আলোচনা করতে উঠে বিরোধী সদস্য, আর এস পি দলের তিমিরবাবু বিলটাকে সমর্থন করেছেন। কিন্তু তিনি একটা কথার উপর জোর দিয়েছেন মোটামুটি। বিরোধী দলের, বিরোধী পক্ষের যদি শুধুমাত্র সমালোচনা করাই উদ্দেশ্য হয়, তা হ'লে পর আমার কিছু বলার নাই। যদি তিনি এত সুন্দর যুগোপযোগী বিলকে সর্বান্তকরণে সমর্থন করতে না পারেন, আমি মনে করি, ঠিক মত গণতান্ত্রিক শান্তিপূর্ণ মানুষের পরিচয় দিতে পারেন না।

(আর এস পি বেঞ্চ হতে: বিলে কি আছে আপনার কি জানা আছে?)

বিল সম্বন্ধে আমার যথেষ্ট অভিজ্ঞতা না থাকলেও যদি আমি বক্তব্য রাখি তাতে বন্ধুদের এত চটবার কারণ নাই। এই বিল আলোচনা করতে গিয়ে তিনি বললেন—পরিবেশের কথা, মিষ্টান্ন বিতরণের কথা বলতে গিয়ে তিনি পরিবেশের কথা বললেন। আমি জিজ্ঞাসা করি যখন আপনারা যুক্তফ্রন্ট সরকারে ছিলেন, তখন প্রশাসন ব্যবস্থাকে দলের স্বার্থে কারা ব্যবহার করেছিলেন? দীর্ঘদিন ধ'রে আপনারা প্রশাসন করেছেন, আমরা যখন সরকারে এসেছি, আমরা দলের স্বার্থে প্রশাসন ব্যবস্থাকে ব্যবহার করতে চাই না, সবার ঊর্ধ্বে রাখতে চাই। একটা কথা উনি বললেন, স্বায়ত্ত্বশাসনমূলক প্রতিষ্ঠানে হস্তক্ষেপের কথা বললেন। কিন্তু আমি মনে করি যে সমস্ত স্বায়ত্ত্বশাসনমূলক প্রতিষ্ঠান আছে—যেমন ধরুন জেলা পরিষদ, স্কুল বোর্ড এবং অন্যান্য যেসব স্বায়ত্ত্বশাসনমূলক প্রতিষ্ঠান আছে—সেখানে শাসন যতক্ষণ নির্বাচিত প্রতিনিধদের দ্বারা চলে, গণতন্ত্রের মাধ্যমে, ততক্ষণ সেই প্রতিষ্ঠানে সরকারের হস্তক্ষেপ না থাকাই বাঞ্ছনীয়। কিন্তু যে সমস্ত স্বায়ত্ত্বশাসনমূলক প্রতিষ্ঠান ঠিকমত চলছে না, সেখানে নিশ্চয়ই সরকারের হস্তক্ষেপের প্রয়োজন আছে। এই হাউসে কয়েকদিন আগে দেখেছি যে, রামকৃষ্ণ সারদা বিদ্যাপীঠ, কামারপুকুরে, সরকারী হস্তক্ষেপ ঘটেছে, গভর্নিং বডি ঠিকমত চলছিল না, তাই হস্তক্ষেপ ঘটেছে। যে সকল ক্ষেত্রে প্রতিষ্ঠান ঠিকমত চলছে না সেখানে নিশ্চয়ই সরকারী হস্তক্ষেপের প্রয়োজন আছে এবং সেটা সরকার নিশ্চয়ই করে থাকেন। শিক্ষাকে সম্মান করবার অধিকার থাকা দরকার, এবং তার সুনাম রক্ষার জন্য প্রশাসন ব্যবস্থাকে দুর্নীতিমুক্ত করতে হবে। আমাদের সরকারপক্ষেও পরিষ্কার পরিচ্ছন্ন দুর্নীতিমুক্ত প্রশাসন ব্যবস্থা প্রতিষ্ঠা করতে হবে। সেটা যদি আমরা করতে পারি তবেই আমার গ্রামের মানুষকে সাধারণ মানুষকে আমাদের সরকারের প্রতি আকৃষ্ট করতে পারব এবং সরকারী যে সমস্ত কর্মচারী এবং অফিসার আছেন তাদের মাধ্যমে সরকারী পরিকল্পনা বাস্তবে রূপ দিতে পারব। সরকার যে সমস্ত পরিকল্পনাগুলি গ্রহণ করেছেন যেসব মহান আদর্শ গ্রহণ করেছেন, সেই আদর্শগুলিকে আজকে বাস্তবে রূপ দিতে হয়, সত্যিকারের মানুষের কল্যাণ করতে হয়, তা হ'লে প্রশাসন ব্যবস্থাকে দুর্নীতিমুক্ত রাখতে হবে, প্রশাসন ব্যবস্থাকে পরিচ্ছন্ন রাখতে হবে। তারই জন্য এই ডিপার্টমেন্ট প্রসিডিংস্ বিল একটা পদক্ষেপ মাত্র। তার জন্যই এই বিলকে আমি সমর্থন করছি। একটা জিনিস যেটা আজকে দেখতে পাচ্ছি অনেক সরকারী কর্মচারী, অনেক অফিসার সরকারের উদ্দেশ্যকে ব্যর্থ ক'রে দিচ্ছে এবং অনেক জায়গায় দেখতে পাচ্ছি সরকারী কর্মচারী উৎকোচ গ্রহণ করছে, বিশেষ ক'রে পুলিস বিভাগের কর্মচারীরা নিশ্চয়ই প্রশাসন ব্যবস্থাকে সম্পূর্ণ দুর্নীতিমুক্ত করার পথে প্রতিবন্ধক হচ্ছে।

এখন গরিব মানুষের যদি কল্যাণ করতে হয়, তা হ'লে প্রশাসনব্যবস্থাকে দুর্নীতিমুক্ত করতে হবে। সঙ্গে সঙ্গে সরকারের লক্ষ্য হবে যাতে সেই সরকারী কর্মচারীদের সঙ্গে, অফিসারদের সঙ্গে, গ্রামের মানুষের যোগাযোগ থাকে এবং সরকারী কর্মচারীরা, অফিসাররা দুর্নীতির ঊর্ধ্বে উঠে দেশের একজন সৎ মানুষ হিসেবে দেশের কল্যাণ করা দরকার। শুধু আইনের মাধ্যমে তা সম্ভব নয়। কোন পরিচ্ছন্ন প্রশাসন চলতে পারে না। একশ্রেণীর সরকারী কর্মচারী আছে, যারা সরকারের উদ্দেশ্য ব্যাহত করতে চেষ্টা করছে। তাদের কাছে আবেদন জানাতে হবে, তাদেরকে দেশপ্রেমে উদ্বুদ্ধ করতে হবে এবং সেই সঙ্গে তাদের অভাব অভিযোগ কি সে সম্বন্ধে সরকারকে উদাসীন থাকলে চলবে না, সে সব ন্যায়সঙ্গতভাবে দূর করবার চেষ্টা সরকারকে করতে হবে।

আর একটি কথা না বলে পারছি না। সরকারী কর্মচারীদের বিচারের ক্ষেত্রে অনেক সময় অনেক বিলম্ব ঘটে থাকে এবং দিনের পর দিন সরকারী কর্মচারীদের কেস নিষ্পত্তি না হওয়ার জন্য নানা রকম অসুবিধা সৃষ্টি হয়ে থাকে। যে সমস্ত কেসগুলি চলছে ও হবে, তার দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা সরকার করুন।

আর সরকারী কর্মচারীদের রাজনীতির আওতার বাইরে থাকতে হবে, রাজনীতির ঊর্ধ্বে থাকতে হবে—যাতে তাঁরা নিরপেক্ষভাবে দেশের কল্যাণ করতে পারেন। এই রকম সরকারী প্রচেষ্টা থাকা একান্ত দরকার। জয় হিন্দ।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে বিভাগীয় বিধেয়ক

The departmental Proceedings (Enforcement of Attendance of witnesses and Production of documents) Bill, 1973.

এই সভায় উপস্থাপিত করেছেন এবং এই যে বিল সর্বপ্রথমে এই সভায় পেশ করা হলে—সরকারী কর্মচারীদের যে কার্যকলাপ অর্থাৎ ডিপার্টমেন্টাল প্রসিডিংস্ সম্পর্কে যে সমস্ত অসুবিধা ছিল তা দূরীকরণের জন্য, সেই জন্য এই বিলে প্রগতিশীল সরকারের বলিষ্ঠ পদক্ষেপের একটি ছাপ রয়েছে। তার জন্য বিলকে স্বাগত জানাচ্ছি ও সর্বান্তঃকরণে সমর্থন করছি। এতদিন ধ'রে এই ডিপার্টমেন্টাল প্রসিডিংস্ হ'ত কিন্তু যারা প্রাধিকার নিযুক্ত হতেন, তদন্ত কার্য পরিচালনা করতেন, তাঁরা তা ঠিকমত করতে পারতেন না। দেখা গেছে ব্যক্তিবিশেষকে সাক্ষী হিসেবে ডাকা হ'লে বা সমন দেওয়া হলেও তিনি যদি উপস্থিত না হন তাকে উপস্থিত হতে বাধ্য করার কোন ক্ষমতা আগে ছিল না। যে সমস্ত দলিল দস্তাবেজ ডকুমেন্টস্ ও অন্যান্য উপকরণ যা উপস্থাপন করা দরকার তার জন্য তাকে বাধ্য করতে পারতেন না আগে। আর যেসমস্ত দেওয়ানী মামলায় সেইসমস্ত নথীপত্র দেখান দরকার, তাঁদের দেখাবার সে ক্ষমতা আগে ছিল না। তার ফলে যাঁরা এই ডিপার্টমেন্টাল প্রসিডিংস সম্পর্কে তদন্ত কার্য পরিচালনা করতেন, তাঁরা ভীষণ অসুবিধায় পড়তেন এবং তাঁদের সত্যিকারের উদ্দেশ্য সফল হ'ত না। আজকে যে ভাবে সরকারী কর্মচারীদের বিরুদ্ধে, আপনি জানেন স্যার, এই হাউসের সদস্যরা প্রায় প্রতি দিনই নানাভাবে অভিযোগ আনছেন। সেইজন্য এই ন্যায়পরায়ণতার

[4-20—4-30 p.m.]

অভাব থেকে যাচ্ছে। প্রায় ক্ষেত্রে সরকারী কর্মচারীরা উচ্চপদস্থ থেকে নিম্ন পর্যন্ত তারা হয়তো উৎকোচ নিচ্ছে বা দুর্নীতির সঙ্গে জড়িত হচ্ছে। এই যে সরকারী কর্মচারীদের মধ্যে ন্যায়পরায়ণতা বা তারা যে অবাধ্য হচ্ছে, সরকারী নির্দেশ পালন করছে না বা দেখা যাচ্ছে তাদের কর্তব্য পালন করছে না, সেইজন্য এখানে যে অসুবিধা ছিল সেই অসুবিধাগুলো দূর করা হচ্ছে এবং এটা সত্যিকার আমাদের প্রগতিশীল সরকারের কার্যকলাপ। প্রায় জায়গায় যা দেখতে পাচ্ছি যে সরকারী কর্মচারীরা এই রকম ভাবে ব্যবহার করছে। এই বিলের পরে তারা আর সাহস পাবে না। বিশেষ ক'রে গ্রামবাংলায় পাড়াগাঁয়ের লোকেরা অজ্ঞ বলে এই রকম সরকারী কর্মচারীদের শিকার তারা হয়, তাদের অজ্ঞতার সুযোগ নিয়ে উচ্চপদস্থ কেন পিয়ন পর্যন্ত চেষ্টা করে ঘুষ খেতে। যারা যায় ব্লকে তারা লোন বাবত এবং অন্যান্য কর্তব্যকর্ম ঠিকমতো পালন করে না। আমাদের প্রগতিশীল সরকারের যা উদ্দেশ্য বা কর্মসূচি যা জনসাধারণের উন্নতি সাধনের জন্য করা হয়, অধিকাংশ ক্ষেত্রে তারা তাতে বাধা দেবার চেষ্টা করে। এই বিলের পরে আর তারা তা করতে পারবে না এবং বিলের পর তারা আর ঘুষ নিতে পারবে না, কর্তব্যকর্মে যাতে অবহেলা না করতে পারে সেইজন্য বিলকে সমর্থন করছি। আর এস পি-র সদস্য তিমিরবাবু বলেছেন, একে সমর্থন করছি, কিন্তু একটা কথা আছে। ফিলসফিতে যে তিনটে কথা আছে, বিলিফ, নন-বিলিফ এবং ডিস-বিলিফ তার মধ্যে উনি কোন পর্যায়ের। ওনাকে অনুরোধ করবো, বিলটা ভাল ক'রে পড়ুন। আমাদের মোরচার অন্যতম শরিক সি পি আই-এর হরশংকরবাবু বলেছেন, এর দ্বারা রাজনৈতিক উদ্দেশ্য সাধিত হয়ে আসছে, তাতে চাকুরির নিরাপত্তা থাকবে না—এই কথা যে বলেছেন এটা ঠিক নয়। এইটাতে চাকুরির নিরাপত্তা ঠিকই থাকবে। খালি দুর্নীতিমূলক কার্যকলাপ বন্ধ থাকবে। প্রায়ই ঐ বেঞ্চ থেকে দেখতে পাই অনেকে অফিসারের বিরুদ্ধে অভিযোগ করেন। এই বিলে বলতে গিয়ে একটা সাজেসান রাখবো। অনেক ক্ষেত্রে অফিসারদের যখন সাসপেন্ড করেন তাদের ক্ষেত্রে ত্বরান্বিত করা হয়, কিন্তু যারা স্বল্প বেতনে কাজ করে তাদের বিচার ব্যবস্থা করতে দেরি হয়। এই বিলের দ্বারা যাতে তদন্ত কার্য তাড়াতাড়ি শেষ হয় সেইজন্য মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ করি। এই বিলকে পূর্ণ সমর্থন করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যে বলার সুযোগ দিয়েছেন সেইজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীবিমল পাইক: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডিপার্টমেন্টাল প্রসিডিংস-এর যে দ্বটো অ্যামেন্ডমেন্ট এসেছে সেকসান ফাইভের সাব-সেকসান (এ)-তে আছে

(a) The summoning and enforcing the attendance of any witness and examining him on oath; (b) requiring the discovery and production any document or other material which is producible as evidence.

এই দ্বটো অ্যামেন্ডমেন্ট আমি সর্বান্তকরণে সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে, আমাদের সরকার দৃঢ় হস্তে কোরাপসান বন্ধ করতে চান। সমর্থন করছি এই কারণে যে, একজন অভিযুক্ত ব্যক্তি সার্ভিস রুল অনুসারে বছরের পর বছর পড়ে থাকবে, সাক্ষী আসবে না, সেখানে সে বেতন পাবে না, এই অ্যামেন্ডমেন্টের দ্বারা যে বিচার ত্বরান্বিত হতে পারে সেইজন্য একে সমর্থন জানাচ্ছি।

এর পূর্বে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সার্ভিস রুলে এই ব্যবস্থা ছিল না। অর্থাৎ এনকোয়ারিং অর্থরিটিকে কোন দিন সিভিল প্রসিডিওর কোড-এর দায়িত্ব দেওয়া হয় নি। ধরুন একজন অফিসার ঘুষ খাওয়ার দায়ে অভিযুক্ত এবং এই ঘুষের কথা জানেন হয়তো একজন অন্য কোন কর্মচারী। কিন্তু সেই কর্মচারিকে কোর্টে আনা যেতো না। তাই সে অতো বড় অভিযোগে অভিযুক্ত হয়েও তার বিরুদ্ধে কিছু করা যেতো না, সে খালাস পেয়ে যেতো। কারণ সেখানে সাক্ষী আনবার কোন বিধান ছিল না। কিন্তু আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সংশোধনী আনা হয়েছে সেখানে সিভিল প্রসিডিওর কোডে সেই বিধান আজকে দেওয়া হয়েছে। অর্ডার ১৬, সমনিং অব দি উইটনেস। উইটনেস আসবে, ওথ নেবে ওয়ারেন্ট ইস্যু ক'রে তাকে সেখানে প্রডিউস করবার ক্ষমতা রয়েছে। আজকে এই অ্যামেন্ডমেন্টে এনকোয়ারিং অর্থরিটকে সেই ক্ষমতা দেওয়া হল। আজকে সেকসান ৫বি-তে যে অ্যামেন্ডমেন্ট রয়েছে ডিসকভারি অ্যান্ড প্রোডাকসান অব ডকুমেন্ট। এই যে সিভিল প্রসিডিওর কোর্ডে আছে অর্ডার ১১, রুল ১৪ থেকে আরম্ভ ক'রে ২১ তার মধ্যে সীমাবদ্ধ। ধরুন একজন অফিসার ঘুষ নিয়েছে। সেই ঘুষের চিঠি অন্য আর একজনের কাছে আছে--সেই চিঠি প্রডিউস করতে পারলে শাস্তি অনিবার্য। সেখানে সেই ডকুমেন্ট প্রডিউস করা যাচ্ছে না। কিন্তু এই অ্যামেন্ডমেন্টে সেই বিধান রয়েছে--সেখানে ডকুমেন্ট প্রডিউস করতে হবে। সেই ডকুমেন্ট প্রডিউস না করলে সিভিল প্রসিডিওর কোডে যে বিধান আছে রুলে যা যা আছে অর্ডার--১১, রুল ২১ সেখানে ডকুমেন্ট প্রডিউস না করায় যে প্লেনটিভ তার কেস ডিসমিস হয়ে যাবে। এ ক্ষেত্রে এই রুলটি প্রযোজ্য হবে এবং সেই ডকুমেন্ট নিয়ে কোর্টে হাজির করলে তার শাস্তি হবে। আমি একথা বলতে পারি যে, এই অ্যামেন্ডমেন্টের দ্বারা যাদের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে সেই অভিযুক্ত ব্যক্তির দোষ প্রমাণ করবার জন্য এই অ্যামেন্ডমেন্ট অত্যন্ত দৃঢ়তার পরিচয় দিয়েছে। এই প্রসঙ্গে আমি একটি সাজেসন রাখতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই যে অভিযুক্ত ব্যক্তি যার বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে তারা বছরের পর বছর পড়ে থাকে--কারণ তার বিরুদ্ধে ডকুমেন্ট প্রডিউস হ'ল না, সে মাইনে পায় না। এই জিনিসটি ত্বরান্বিত করবার জন্য একটা পন্থা আমাদের গ্রহণ করা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, সেকসন ৪(১)-এতে হোয়ার দি স্টেট গভর্নমেন্ট ইজ অফ ওপিনিয়ন--না ব'লে এই কথা হওয়া উচিত সেটা হচ্ছে যিনি অভিযুক্ত ব্যক্তি তার যদি কোন ক্যারেকটারের অনেস্টি-এর সার্টিফিকেট থাকে স্টেট গভর্নমেন্টের কাছে সেটা তিনি যদি প্রডিউস করতে চান, তা হ'লে স্টেট গভর্নমেন্ট সেই ডকুমেন্ট প্রডাকসন বা সেগুলি কলফর করার অধিকার তাকে দেবেন। এক পক্ষে যেমন স্টেট গভর্নমেন্টের তার বিরুদ্ধে ডকুমেন্ট প্রডিউস করার সুযোগ থাকবে যেমন ধরুন ঘুষ খাওয়ার দায়ে অভিযুক্ত করা হয়েছে সেগুলি যেমন আনা যাবে তেমনি সেই ব্যক্তির যে অনেস্টির সার্টিফিকেট আছে সেটাও কলফর করা দরকার। সেই সুযোগ যদি সে না পায় অর্থাৎ অভিযুক্ত ব্যক্তির ডিফেন্ড করবার সুযোগ যদি সে না পায়, তা হ'লে সেখানে কিছু ত্রুটি থেকে যাচ্ছে। সেইজন্য এক পক্ষ হয়ে যাতে না যায়--সিভিল প্রসিডিওর কোডে যিনি প্লেনটিফ আছেন তার যেমন সুযোগ-সুবিধা থাকবে, অন্য সাইডেও ঐ ডিফেন্ডেন্ট-এর সুযোগ থাকা উচিত। এনকোয়ারিং অর্থরিটি যে সুযোগ সেটা অভিযুক্ত ব্যক্তিও যদি না পান, তা হ'লে সেটা ঠিক কথা হবে না। অভিযুক্ত ব্যক্তি যদি মনে করে থাকেন যে, কোন ডকুমেন্ট প্রডিউস

করার দরকার, তা হ'লে সেই ডকুমেন্ট যেন স্টেট গভর্নমেন্ট দেন। এই ব্যবস্থা সিভিল প্রসিডিওর কোডে এবং ক্রিমিন্যাল প্রসিডিওর কোডে আছে। এই দিকে আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[4-30—4-40 p.m.]

আর একটি বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ধরুন একটা ডকুমেন্ট প্রডিউস করতে বলল, ডকুমেন্ট প্রডিউস করল না—সেখানে আপনারা অর্ডার ১৬, রুল ২১ অনুসারে কি করবেন—তার এগেনস্টে সেল প্রোক্লামেসন কিম্বা ওয়ারেন্ট ইস্যু করলেন তাতে তার কিছু হল না। তাকে যদি খালাস পেতে হয়, তা হ'লে একটি ব্যবস্থা নিতে হবে—এভিডেন্স অ্যাক্টের সেকসান ১৬৫ অনুযায়ী ডকুমেন্ট যদি না আসে, তা হ'লে সেকেন্ডারী এভিডেন্স হিসাবে যেই ডকুমেন্ট প্রডিউস করবে সেটাকে গ্রহণ করা উচিত, এইটা আমার সাজেসান। আমার বক্তব্য ইতি করবার আগে আমি বলছি যে, এই বিল দ্বারা দুপক্ষেরই খুব লাভ হবে বলে মনে করি এবং এই বিল দ্বারা আমাদের সরকার যে দৃঢ়হস্তে করাপসান দূর করতে চান সেই পরিচয় পেয়েছি। এই কথা ব'লে আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে ডিপার্টমেন্টাল প্রসিডিংস্ বিল, ১৯৭৩ নামে যে বিলটি এখানে উত্থাপিত হয়েছে সেই বিলকে আমি সমর্থন করি। এই জন্য সমর্থন করি যে, এই বিলের দ্বারা পশ্চিমবঙ্গ সরকার আর একটি উদাহরণ স্থাপন করলেন, আর একটি নজির সৃষ্টি করলেন যে, সরকার পশ্চিমবঙ্গে পরিচ্ছন্ন প্রশাসন প্রস্তুত করতে চান। এই বিল দুর্নীতি দমনে সহায়তা করবে ব'লে আমি মনে করি এবং তাই আমি এই বিলকে সমর্থন করি। আমি মনে করি এই বিল দ্বারা পশ্চিমবঙ্গের প্রগতির ধারাকে অব্যাহত রাখা যাবে এবং তাই এই বিলকে আমি সমর্থন করি। এটা পরিষ্কার যে আজকে পশ্চিমবাংলার পল্লীগ্রামে সিদ্ধার্থ রায়, মন্ত্রীদের দেখে, এম এল এ-দের আচরণ দিয়ে সরকারকে যতটা খুশী করা না হয় তার চেয়ে কিন্তু গ্রামসেবক, বি ডি ও বিভিন্ন অফিসারের আচরণ দ্বারা সরকারকে বেশি করে বড় করা হয়ে থাকে। তাই আজকে আমি লক্ষ্য করছি সরকার যেখানে প্রগতিশীল নীতি নিয়ে পশ্চিমবাংলার কল্যাণের জন্য অগ্রসর হন, সেখানে কিন্তু অনেক কর্মচারীর দুর্নীতি-পরায়ণ কার্যকলাপের জন্য সরকারের সেই উদ্দেশ্য ব্যাহত তো হয়ই, অধিকন্তু সাধারণ মানুষের চোখে সরকার হেয় প্রতিপন্ন হন। যেমন আমরা রাইটার্স বিল্ডিংসে দেখছি। সেখানে কারো কথার ধার ধারেন না। রাইটার্স বিল্ডিংসে অনেক ডিপার্টমেন্ট আছে। সেখানে ডিপার্টমেন্টে অনেক কর্মচারী আছে, যারা নিজেদেরকে রাজ্যপাল ব'লে মনে করে, যারা মন্ত্রীদের ধার ধারেন না, এম এল এ-দেরও ধার ধারেন না। আমি তাদের ট্রেড ইউনিয়ন রাইট ব্যাহত করার কথা বলছি না, তাদের গণতান্ত্রিক অধিকার খর্ব করার জন্য বলছি না। কিন্তু এই কথা নিশ্চয় বলবো যে, আজকে পশ্চিমবাংলার স্বার্থে এই সব কর্মচারীদের আচরণবিধি, সার্ভিস রুল আরো কঠোর হওয়া দরকার, লিনিয়েন্ট নয়, আরো কঠোর হতে হবে। জনকল্যাণহানিকর যদি কোন কাজ কোন কর্মচারী করে, তা হ'লে তার কোন ক্ষমা নেই। আমি তাই বলব রাইটার্স বিল্ডিংসের মধ্যে ওরা যখন তখন ইনক্লাব জিন্দাবাদ ধ্বনি দিয়ে বলে, উচ্চপদস্থ কর্মচারীর মুণ্ড চাই, এমন কি মন্ত্রীদের পদত্যাগ চাই—কাজ করল না, গোলমাল করল, ক্যানটিনে ঘণ্টার পর ঘণ্টা ব'সে রইল, ১১টার সময় অফিসে গিয়ে যদি কোন কর্মচারীকে চেয়ারে না দেখি, তা হ'লে আমি বলব, নিশ্চয় তাদের নেগলিজেন্সি অব ডিউটি হবে এবং তার বিরুদ্ধে নিশ্চয় ব্যবস্থা হওয়া উচিত। সেই জন্য আমি বলব সার্ভিস রুলকে আরো কঠোর করতে হবে। আজকে আমরা পশ্চিমবঙ্গে দেখতে পাচ্ছি ডিপার্টমেন্টের টাকা ফেরত যায়। এটা মন্ত্রীর দোষ নয়, সরকারের দোষ নয়, যেসব অফিসারের উপর টাকা খরচ করবার দায়িত্ব দেওয়া আছে তাদের নেগলিজেন্স অব ডিউটির জন্য টাকা ফিরে যায়, পশ্চিমবাংলার স্বার্থহানি হয়, আর ডিপার্টমেন্টের ড্রেনেজ অব মানি হচ্ছে। আজকে ক্যাম্পের নরনারীদের জন্য কাপড় কেনা আর হ'ল—স্পেসিফিকেসন হচ্ছে ১০ হাত লম্বা, ৪৮ ইঞ্চি বহর, সেই কাপড় ধুবুলিয়া, কুপারস্ ক্যাম্পে যখন এগুলি নিয়ে গেল তখন দেখা গেল ৭ হাত লম্বা, ৩৩ ইঞ্চি বহর। কুপারস্

ক্যাম্প, ধুবলিয়ার সমস্যা রয়েই গেছে। সেখানে যে কম্বল দেওয়া হয় তা গায়ে। দেওয়াও যায় না, বিছানার কাজও হয় না। পি ডবলিউ ডি রাস্তা করবার জন্য খোয়া ফেলেছে, সেই খোয়া চুরি হয়ে যাচ্ছে, কিছু কাজ হচ্ছে না।

তাই আজকে মনে করি এই সব দুর্নীতিপরায়ণ সরকারী কর্মচারীদের কু-কার্যকলাপের দ্বারা যে কোন সরকারই হোন না কেন—তিনি সি পি এম হোন বা কংগ্রেসই হোন এই সব সরকারী কর্মচারীদের দুর্নীতিপরায়ণ কার্যের দ্বারা যত প্রগতিশীল নীতি থাকুক না কেন—যে কোন সরকার হেয় প্রমাণিত হবে এবং তার নীতি বানচাল হবেই। তাই আজকে এই প্রসঙ্গে বলা দরকার যে, সার্ভিস রুলস্ আরো কঠোরতর করতে হবে। এই সব দুর্নীতির মূলচ্ছেদ যাতে হতে পারে এবং যখন তখন সরকারের অফিস অচল করে দেবার যে নীতি একদল কর্মচারী গ্রহণ করেছেন তাদের চ্যালেঞ্জ হিসাবে আরো আরো কঠোরতর সার্ভিস রুলস্ প্রবর্তন করা দরকার বলে মনে করি। সেজন্য আমি মনে করি এই বিলের দ্বারা এইসব দুর্নীতিপরায়ণ কার্যকলাপ অনেকটা ব্যাহত করা সম্ভব হবে। আজকে জনসাধারণ এই এনকোয়ারি কমিশন বসাতে চায় নি। এই সমস্ত আমলারা, ধুরন্ধর ব্যক্তিরা, যাদের বিরুদ্ধে এনকোয়ারি কমিশন বসত, আমি জানি পশ্চিমবঙ্গ সরকারের চেয়ে, মন্ত্রীর চেয়ে, এনকোয়ারি অথরিটির চেয়ে তারা অনেক বেশি ধুরন্ধর এবং তারা জানে কি ক'রে এনকোয়ারি কমিশনকে ফাঁকি দিয়ে, কি ক'রে তাদের এড়িয়ে রেহাই পাওয়া যায়। ঐ সব ধুরন্ধরবুদ্ধি অফিসাররা কৌশলে সমস্ত আইনকে ফাঁকি দিয়ে, এনকোয়ারি অথরিটিকে ফাঁকি দিয়ে, সরকারকে ফাঁকি দিয়ে রেহাই পেয়ে যেত। আজকে এই আইনের দ্বারা কঠোরতর ব্যবস্থা হ'ল যে দরকার হলে যেকোন সাক্ষী বা যেকোন ডকুমেন্ট, এনকোয়ারি অথরিটি চাইতে পারবে। এই আইনের দ্বারা আমি মনে করি একদিকে যেমন ধুরন্ধর অভিযুক্ত ব্যক্তিদের রেহাই পাবার সুযোগ বন্ধ হ'ল অপর দিকে ন্যায় বিচার প্রতিষ্ঠিত হ'ল। আজকে যাকে অভিযুক্ত করা হল তারও নিজস্ব বক্তব্য রাখবার অধিকার আছে, সে যদি কোন ডকুমেন্ট প্লেস করতে চায় তা হ'লে তার সেই অধিকার আছে, চাইবার অধিকার আছে। সেই অধিকার আগেকার যে ব্যবস্থা ছিল তাতে ছিল না এবং সেজন্য ন্যায় বিচার হত ব'লে মনে করি না। আমি দৃঢ়ভাবে মনে করি আজকে এই বিলের দ্বারা সেই ন্যায় বিচার প্রতিষ্ঠিত হবার পথে সহায়ক হবে এবং আজকে সেজন্য আমি এই বিলকে পূর্ণ সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীআবদুল বারি বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলকে আমি সমর্থন করি। সমর্থন ক'রে দু'একটি কথা আপনার মাধ্যমে রাখতে চাই। অভিযুক্ত ব্যক্তি এবং তাদের আত্মপক্ষ সমর্থন করার সুযোগ এই যে বিলে আনা হয়েছে তাতে সেই সুযোগ দেওয়া হয়েছে এবং শুধু তাই নয়, দুর্নীতিগ্রস্ত অফিসারকে যাতে উপযুক্ত সাজা হয় এবং তাদের বিরুদ্ধে যে বিচার সেই বিচার যাতে ত্বরায় হয় তার জন্য একটা মূল উদ্দেশ্য এই বিলের মধ্যে আছে। সাক্ষীকে উপস্থিত করা এবং দলিলাদি উপস্থিত করা—এই দু'টি বিষয়ে বহুদিন থেকে আমরা দেখছি যে, সাক্ষীকে উপস্থিত করতে গেলে একটা কথা মাননীয় মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দেবো, সেটা হচ্ছে যদি কোন দারোগা ঘুষ খায় বা ঘুষের বিরুদ্ধে সাক্ষী কাউকে করা হয়, তা হ'লে সাক্ষী কোর্টে বা এনকোয়ারি অফিসার-এর কাছে আসার আগেই তাকে ভয় এবং ভীতি দেখান হয়, সেই ভয় এবং ভীতির হাত থেকে সাক্ষীকে রক্ষা করতে হবে। অর্থাৎ অভিযুক্ত অফিসার, তিনি যিনিই হোন না কেন যেখান থেকে তিনি দুর্নীতিগ্রস্ত হবেন সেখান থেকে দুর্নীতিগ্রস্ত রিপোর্ট আসার সঙ্গে সঙ্গে তাকে ট্রান্সফার ক'রে অন্যত্র জায়গায় দিতে হবে এটা আমাদের দাবি। অপর পক্ষে আর এস পি বন্ধু বললেন, শুনে দুঃখ লাগলো যে, পরিবেশনকারীদের উপর ভরসা নেই। তবে এটা অপ্রাসঙ্গিক ব্যাপার। আর এস পি বন্ধু এখানে নেই। তারা একসঙ্গে বসে সি পি এম-এর সঙ্গে ঘরসংসার করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রশ্নপত্র ফাঁসের ব্যাপার নিয়ে প্রশ্ন এসেছিল। সেই প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে অনিলা দেবী ও সত্যপ্রিয় রায়, তখনকার শিক্ষামন্ত্রী, এই দু'জনে রাতের অন্ধকারে যে প্রশ্নপত্র ছেপেছিলেন এবং প্রেস-এর নাম দিল্লী প্রেস দিলেন। সেই প্রেস দিল্লীতেও খুঁজে পাওয়া গেল না, কলকাতায়ও খুঁজে পাওয়া গেল না, সারা ভারতবর্ষের কোথাও খুঁজে পাওয়া গেল না, গ্রামে-গঞ্জে কোথাও পাওয়া গেল না। এটা কোথা থেকে হল? ৮২ লক্ষ টাকা এর মধ্যে ইনভলভ ছিল। কিভাবে এই টাকা

গেল, কোথা থেকে কিভাবে চলে গেল, রিপোর্ট আছে নিশ্চয়ই আলোচনা হবে। কিন্তু আমাদের পরিবেশন যারা করেছেন তাদের প্রতি ভরসা নেই। কিন্তু ওরা যাদের সঙ্গে ঘর-

[4-40—4-50 p.m.]

সংসার করলেন সেই পরিবেশনকারী দল যে পশ্চিমবাংলার মানুষের ৮২ লক্ষ টাকা গলায় দড়ি দিয়ে পার্টি ফান্ডে ঢুকিয়েছে কন্সপিরেস্যি ক'রে, আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, এইগুলোকে টেনে তুলবেন এবং এদের কাঠগোড়ায় দাঁড় করাতে হবে। ওরা যদি অভিযুক্ত ব্যক্তি হয়, ওর মধ্যে কোন এক সেক্রেটারিও যুক্ত, তাদের বিরুদ্ধে এই সমস্ত কাগজপত্র তলব ক'রে প্রকৃত বিচার করতে হবে। আমি মনে করি আর এস পি বন্ধু যে কথা বলেছেন স্বভাবতঃই যেরকমভাবে সমালোচনা করার দরকার সেইরকম সমালোচনা করেন, কিন্তু পরিবেশনকারীরা কে কোন্ চরিত্রের সেটা বুঝতে শেখেন নি, হয়ত বুঝতে শিখবেন। অতএব ওদের চৈতন্যোদয় হবে না, যতক্ষণ পর্যন্ত না ভালভাবে বুঝতে পারবেন। তাই আমি এই বিলকে সমর্থন করছি এই কারণে যে, একজন গেজেটেড অফিসারের বিরুদ্ধে যে তদন্ত হচ্ছে, ঘুষের তদন্ত হচ্ছে, সে কাগজ চেয়েছে সেই কাগজ পাওয়া যায় না। যদি না পাওয়া যায় তা হ'লে তিনি কি ক'রে তাঁর আত্মপক্ষ সমর্থন করতে পারবেন। এমন দৃষ্টান্ত আছে পশ্চিমবাংলায়, আমি নাম করতে চাই না, এখনও তাদের বিরুদ্ধে এনকোয়ারি চলছে, কিন্তু তারা হন্যে হয়ে রাইটার্স বিল্ডিংসের দরজায় দরজায় ঘুরছেন, তাদের রেলেভেন্ট কাগজপত্রগুলো জন্য। কিন্তু তা তাদের দেওয়া হয় নি। আজকে এই বিলের দ্বারা যদি কোন অফিসার আত্মপক্ষ সমর্থন করবার জন্য, নিজেকে নির্দোষ প্রমাণ করবার জন্য, রেলেভেন্ট রেকর্ড পাওয়াতে তাদের সহায়ক হবে। অপর পক্ষে যে দুর্নীতিপরায়ণ অফিসার আছেন যাদের বিরুদ্ধে প্রমাণ ভুরি ভুরি আছে, কিন্তু কোর্টের কাছে সাক্ষী তলব করলে বা সেই প্রোডাকসন অব ডকুমেন্টস সমন দেওয়া যায়, তা হ'লে দেখতে পাওয়া যায়, বছরের পর বছর ধ'রে কোন অদৃশ্য হাতের জন্য আসছে না। এমন অবস্থা আদালতগুলোতে হয়েছে। সেখানে অস্বাভাবিক অবস্থা চলছে। একটা থানা থেকে যদি রেকর্ড কল করা যায়, আমরা কোর্টে প্রাকটিশ করি, ডি ডি কল করলে এক বছরের মধ্যে আসে না। পুলিস অফিসার আজকে একটা টেলিগ্রাম, কালকে একটা চিঠি, পরশুদিন অন্য রকম একটা চিঠি, তার পরের দিন আর একটা টেলিগ্রাম—এই করে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিষয়ে নিশ্চয় আপনার প্রত্যক্ষ জ্ঞান আছে, যারা দিনের পর দিন কোর্টকে হ্যারাস করে। আজকে যদি দুরবস্থা উপশমের জন্য এই বিল এসে থাকে, তা হ'লে এই বিলের বিরুদ্ধে সমালোচনা করার মত কিছু আছে ব'লে মনে করি না। বর্তমানে এই সরকার একদিকে দুর্নীতিকে উচ্ছেদ করবার জন্য লড়াই করছেন তেমনি কোন ষড়যন্ত্র-এ প'ড়ে কোন অফিসার অভিযুক্ত হোক সেটা তারা চাইছেন না। যদি তার আত্মপক্ষ সমর্থন করার মত যথেষ্ট দলিল এবং সাক্ষীসাবুদ থাকে তা হ'লে সে যাতে আত্মপক্ষ সমর্থন করতে পারে তার ব্যবস্থা থাকা উচিত। এই বিধানসভার চত্তরের সামনের বাড়িতে একদা কোন এক সময়ে বড় একটা তদন্ত হ'ল, এনকোয়্যারি কমিশন বসলো। সাক্ষীসাবুদ বর্ধমান থেকে আসার সময় কি ভাবে থ্রেটনিং দেওয়া হয়েছে, আজকে সেই সাক্ষীসাবুদ আসার জন্য যদি থ্রেটনিং বন্ধ করতে না পারি- - আজকে ঘুষ খাবে পুলিস অফিসার, আজকে শুধু পুলিস অফিসার কেন বলবো প্রতিটি দপ্তরের রন্ধ্রে রন্ধ্রে ঘুষ চলছে, এটা তাদের মজ্জাগত স্বভাব হয়ে দাঁড়িয়েছে। কি ইরিগেশন ডিপার্টমেন্ট, কি পি ডবলিউ ডি, কি এগ্রিকালচার, কি পুলিস দপ্তর, সব জায়গায় পুলিসকে আলাদা করা যায় না। কেন না পুলিস আজকে ঘুষ চাইছে ১০০ টাকা, আর ইরিগেশনের কন্ট্রাক্ট দিয়ে ওখানে খায় পাঁচ হাজার টাকা। সুতরাং আজকে এরা বড় অপরাধী। আজকে এদের শায়েস্তা করা যায় না। তাই আমি বলবো মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঘুষের যখন ইতিহাস তৈরি হয়, দেশ যখন তার প্রকৃত চরিত্রকে হারিয়ে ফেলে, দেশের মানুষের যখন দেশের প্রতি টান এবং ঐক্য না থাকে, তখন তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে মাজা বেঁধে, পাঞ্জা কষে নামতে হবে। তাই আমি মাননীয় রাষ্ট্রমন্ত্রী, মুখ্যমন্ত্রীর তরফ থেকে যে বিল এনেছেন এই বিলকে স্বাগত জানাই, এই বিল উভয় পক্ষে অত্যন্ত সহায়ক পরিবেশ সৃষ্টি করবে এবং এই বিলের উদ্দেশ্য অত্যন্ত মহৎ। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীশিশিরকুমার ঘোষঃ স্যার, অন এ পয়েন্ট অব ইনফরমেশন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাটা সু কোম্পানীর ১৪ হাজার শ্রমিকের পক্ষ থেকে বিধানসভা অভিযান করা হয়েছে, তাদের বিভিন্ন দাবিদাওয়ার ব্যাপারে। এবং সেখানে ৪০০ শ্রমিক কর্মচারী বেকার হয়ে গেছে। বাটা সু কোম্পানি তাদের কারখানাটা ফরিদাবাদে ট্রান্সফার করবার চেষ্টা করছে। এই কারখানায় ৪০০ শ্রমিক ছাঁটাই হয়েছে এবং ১৯৭০ সাল থেকে নতুন রিক্রুটমেন্ট বন্ধ। শ্রমিকদের কোন রকম সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে না। এই রকম পরিস্থিতিতে তারা বিধানসভার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে একটা ডেপুটেশন দিতে এসেছে। আমরা জানি যে মুখ্যমন্ত্রী আজ নেই। সেই জন্য আমার অনুরোধ আপনার মাধ্যমে একজন মন্ত্রিমহাশয় যেন তাদের সামনে গিয়ে তাদের অভাব অভিযোগ যেন শুনুন এবং সুষ্ঠু সমাধানের উপায় তাদের পরামর্শ দিন।

শ্রীগিরিজাভূষণ মুখার্জীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে একটা বিল মাননীয় মন্ত্রী এনেছেন, এতে নিশ্চয়ই ভাল কথা আছে, সাক্ষী সমন করা বা দলিলাদি কাগজপত্র তলব করা, সে অধিকার দেওয়া আছে এনকোয়ারির দায়িত্ব দেওয়া হবে যে ব্যক্তিকে সেই ব্যক্তির উপর। এই বিষয়ে অনেক আলোচনা হল যে, স্বচ্ছ প্রশাসনের জন্য এই বিল নাকি অত্যন্ত প্রয়োজনীয় এবং আজকের যুগোপযোগী। কিন্তু আমার এই বিল সম্বন্ধে আপাতদৃষ্টিতে মনে হচ্ছে যে, সমর্থন করা উচিত, এবং সাধারণভাবে নিশ্চয়ই সমর্থন করা উচিত এবং তা আমি করব। কিন্তু এই বিল কি স্বচ্ছ প্রশাসন আনতে পারবে? একটা লোক ঘুষ নিলে তার বিচার হবে, সেই এনকোয়ারি কমিটির এনকোয়ারি যিনি করবেন, তাঁকে কতকগুলি অধিকার দেওয়া হল, তাতে কি ঘুষ বন্ধ হবে, তার ফলে আমরা কি স্বচ্ছ প্রশাসন গ'ড়ে তুলতে পারব? আমার কথা হচ্ছে, যে সার্ভিস কন্ডাক্ট রুলস্ আছে সেই সার্ভিস কন্ডাক্ট রুলস্‌কে যদি সংশোধন না করেন, বৃটিশ আমল থেকে যেটা চ'লে আসছে সেটা যদি এই রকম ভাবে চলতে থাকে, তা হ'লে এই রকম আরো ১০০টি বিল এনে, কিংবা এই বিলের ১০০ বার সংশোধন এনেও স্বচ্ছ প্রশাসন গ'ড়ে তোলা যাবে না। ঘুষ নিলে তবে বিচার হবে, ঘুষ নেওয়াটা বন্ধ করতে হলে প্রথমেই প্রয়োজন হচ্ছে এই সরকারী কর্মচারীদের কিছুটা বিশ্বাস অর্জন করতে হবে। আপনি দেখুন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সার্ভিস কন্ডাক্ট রুলস্-এ অনেক কথা আছে, এটাকে আরো কঠোর করা হোক ঘুষ বন্ধ করবার জন্য আমাদের আপত্তি নেই। আরো কঠোর করা হোক দুর্নীতি বন্ধ করবার জন্য, স্বজনপোষণ বন্ধ করবার জন্য, কাজে অবহেলা বন্ধ করবার জন্য। কিন্তু মিছিল করলে তাদের চাকুরি যেতে পারে এটাকে তুলে দেওয়া হোক। সরকার ভুল করেন, মিছিল ক'রে সেটার সংশোধন হয়, কর্মচারীরা মহার্ঘভাতা পাচ্ছেন না, সেখানে মিছিল ক'রে তারা মহার্ঘ ভাতা আদায় করেন। দাশু রায়ের চাকুরি গেল, প্রফুল্ল ঘোষের মন্ত্রিসভার আমলে, প্রফুল্লবাবু সার্কুলার দিলেন যে, ডিপার্টমেন্টে স্থায়ী করবার ব্যবস্থা নেই এবং সেখানে কর্মী সারপ্লাস, সুতরাং তিন মাসের মাইনে দিয়ে তাকে রিমুভ করা হ'ল। ১৪ বছর চাকুরি করল, তার নিচে অনেকে রয়েছে, ফলে কর্মচারীরা ডিমনস্ট্রেট করল, গভর্নর তাকে পুনর্বহাল করলেন। কিন্তু আজকে সার্ভিস কন্ডাক্ট রুলসে ডিমনেস্ট্রেশনটা বেআইনী। সুতরাং বক্তব্য হচ্ছে, আপনি যদি স্বচ্ছ প্রশাসন করাটা প্রয়োজন মনে করেন, তা হ'লে নিশ্চয়ই বৃটিশ আমলের যে নিয়মগুলি চ'লে আসছে, কিছু কিছু সংশোধনী এবং কিছু সংযুক্ত ক'রে এই ২৫/২৬ বছর ধ'রে, তার আমূল পরিবর্তন করতে হবে, সামগ্রিক পরিবর্তন করতে হবে। দ্বিতীয় কথা হচ্ছে যে, ভারত সরকার বলছেন এবং বাংলাদেশ সরকার বলছেন যে, সরকারী পরিচালনাধীন কারখানার জন্য ম্যানেজমেন্ট এবং ওয়ার্কারদের জয়েন্ট কাউন্সিল হচ্ছে। কারখানার প্রতিটি দুর্নীতির বিষয়ে জয়েন্ট কাউন্সিল আলোচনা করবেন, বিচার করবেন, কিন্তু আজকে সার্ভিস কন্ডাক্ট রুলস্-এ সে প্রভিশন নেই। সার্ভিস কন্ডাক্ট রুলস-এ যা আছে সেটা যদি পরিবর্তন না করেন, তা হ'লে আপনি এই ম্যানেজমেন্ট এবং ওয়ার্কারদের জয়েন্ট কাউন্সিল, যেটা কেন্দ্রীয় সরকার প্রস্তাব করেছেন এবং পশ্চিমবঙ্গ সরকারও প্রস্তাব করেছেন এবং কতগুলি জায়গায় এটা সাধারণভাবে গ'ড়ে উঠেছে, কিন্তু সামগ্রিক ভাবে গ'ড়ে উঠার ক্ষেত্রে এটা ফেল করবে আন্ডার দিস সার্ভিস কন্ডাক্ট রুলস্।

[4-50—5-00 p.m.]

হরশঙ্করবাবু থানা উল্লেখ ক'রে ক'রে বলেছেন, আমি তার উপর একটা কথ বলতে পারি যে, এ জিনিস চলতে পারে না। আর বিনা বিচারে ছাঁটাই তাও চলতে পারে না যুগের

পরিবর্তন হচ্ছে, সুতরাং এই আইনের পরিবর্তন করতে হবে।

Governor is pleased to remove you from service and further pleased to inform you that for the security of the State the reasons cannot be stated.

এ জিনিস আজ চলতে পারে না। নাথুরাম গডসেকে—যিনি গান্ধীকে হত্যা করেছিলেন সেল্‌ফ ডিফেন্স করার অধিকার দেওয়া হয়েছিল। কিন্তু সরকারী কর্মচারীকে সেল্‌ফ ডিফেন্স করার অধিকার দেওয়া হবে না। এই অধিকার না থাকার জন্য এ জিনিস হচ্ছে। জ্যোতিবাবু তাড়াচ্ছেন, কংগ্রেস ভর্তি করছেন, কংগ্রেস তাড়াচ্ছেন, জ্যোতিবাবু ভর্তি করছেন, আর যখন কেউ থাকছেন না গভর্নর ভর্তি করছেন। অর্থাৎ যে যখন পাওয়ারে থাকছেন সে তাঁর বিশ্বাসভাজন কিছু লোক দিয়ে যাচ্ছেন। রাজনীতি সরকারী কর্মচারীরা করছে—তারা করবে। যে যতই পায়াস উইশ করুন না কেন এটা বন্ধ হবে না এবং বন্ধ হওয়া উচিত নয়। কারণ প্যাট্রিয়টিজিম একটা রাজনৈতিক চেতনা। একজন সরকারী কর্মচারী যদি প্যাট্রিয়টিক না হয়, তা হ'লে সে কেন কাজ করবে। যদি শুধু মাইনের বিনিময়ে কাজ করে তা হ'লে কাজের উন্নতি হবে না। সুতরাং সরকারী কর্মচারী নিশ্চয় প্যাট্রিয়ট হবে। প্যাট্রিয়টিক হতে হ'লে তাকে রাজনীতি বুঝতে হবে। রাজনীতি বুঝতে গেলে সে কোন পার্টির অংশীদার হবে কিনা সেটা অন্য প্রশ্ন। সুতরাং আমি বলছি সরকারী কর্মচারীরা নিশ্চয় রাজনীতি করবে, রাজনীতি অনুধাবন করবে। পণ্ডিত নেহেরু বলেছেন টু বি এ সিভিক সিটিজেন, এভরিবডি মাস্ট লার্ন দি এ বি সি অব পলিটিকস্‌। সুতরাং রাজনীতি বোঝার কারণে যদি কারুর চাকুরি যায়, তা হ'লে সে কলঙ্ক রাখার জায়গা থাকবে না। সুতরাং সার্ভিস কন্ডাক্ট রুলস্‌-এর নিশ্চয় পরিবর্তন করতে হবে, এবং তা সম্পূর্ণভাবে সংশোধন করতে হবে। এই যে বিলের খসড়া এতে অনেক প্রভিসন আছে। এনকোয়ারি অথরিটি উইটনেসকে সমন করার এতদিন পর্যন্ত আইন সঙ্গত অধিকার ছিল না, এতে সেই অধিকার দিয়েছেন। সুতরাং যে ডিলিংকোয়েন্ট সে বলছে আমার এই সাক্ষী আছে এবং পরে সেই এনকোয়ারি অফিসার সেই সাক্ষীকে ডাকবেন। কিন্তু ওখানে একথা বলা নেই ডিলিংকোয়েন্ট-এর যা নেসেসিটিস্‌ তার যা উইটনেস, পেপার্স এনকোয়ারি অথরিটি কল ফর করবে। এসবের উল্লেখ নিশ্চয় থাকা দরকার। আগামী ছয় মাসের মধ্যে ফার্স্ট অ্যামেন্ডমেন্ট যাতে না মুভ করতে হয় তার জন্য এখুনি এটা ইনসার্ট করা উচিত—

both the sides will get equal opportunities in case of summoning the witnesses and production of papers and documents.

তারপর বক্তব্য হচ্ছে—

Delinquent persons must get all the documents free.

অর্থাৎ এনকোয়ারিং অথরিটি যে ডকুমেন্ট-এর উপর রিলাই করবে সেইসব ডকুমেন্ট ডিলিংকোয়েন্ট পারসনকে নিশ্চয় ফ্রি অব কস্ট দিতে হবে। এই বিলে যা আছে নিশ্চয় সেটুকুর সমর্থনযোগ্য। কিন্তু যা নেই—

both the sides must get equal opportunities in case of enquiry

এটা ইনসার্ট করতে হবে।—

Free of cost all the documents and papers will be supplied to the delinquent Government servant or person

এটা এতে ইনসার্ট করতে হবে। এই কথা বলে পুনরায় বলছি যে, স্বচ্ছ প্রশাসন যদি চান, সরকারী কর্মচারীদের বিশ্বাসভাজন যদি হতে চান, তা হ'লে পুরানো আমলের সার্ভিস কন্ডাক্ট রুলস্‌-এর কিছু কিছু অ্যামেন্ডমেন্ট করলে হবে না, সামগ্রিকভাবে এর পরিবর্তন করা আজকের যুগে প্রয়োজন ব'লে আমি মনে করি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বরাষ্ট্র দপ্তরের রাষ্ট্রমন্ত্রী ডিপার্টমেন্টাল প্রোসিডিংস্‌ যে বিল এনেছেন সেই বিলকে সমর্থন করতে উঠে কয়েকটি কথা আমি বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিচ্ছন্ন প্রশাসন সরকার করবেন এবং বর্তমান সরকার জনসাধারণের প্রভূত সমর্থন নিয়ে এবং বহু আশা-আকাঙ্ক্ষার শরিক হয়ে আজকে ক্ষমতায় আসীন হয়েছেন। জনগণ নিশ্চয়ই সরকারের কাছ থেকে আশা করতে পারে যে, এই সরকার

তাদের জন্য একটা দুর্নীতি মুক্ত পরিচ্ছন্ন প্রশাসন দেবেন। কিন্তু সেই আশা যদি ব্যাহত হয়, জনসাধারণের এই আশা যদি ফলবতী না হয়, তা হ'লে কাগজে-কলমে যত বড় বড় কথা বলি না কেন, যত প্রতিশ্রুতি দিই না কেন, মানুষ আস্থা হারিয়ে ফেলবে এবং মানুষ যদি আস্থা হারিয়ে ফেলে, তা হ'লে সমাজজীবনে বিশৃঙ্খলা আসবে, আসবে অবক্ষয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিধানসভার যাঁরা সভ্য তাঁরা জনসাধারণের প্রতিনিধি, কিন্তু সরকারী প্রশাসনে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করার কোন অধিকার তাঁদের নেই এবং তাঁদের যাঁরা নির্বাচিত করেন সেই জনগণেরও প্রশাসনে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করার অধিকার নেই। মহাকরণ থেকে মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ ক'রে গ্রামাঞ্চলের সেই ছোট্ট সরকারী কর্মচারী তাঁরাই প্রশাসন পরিচালনা করেন, তাঁরাই সরকারী নীতিকে বাস্তবে রূপায়িত করেন, তাঁরাই আইনকে বলবৎ করেন এবং তাঁরাই সরকারকে সুসভ্য কিংবা অসভ্য সরকারে পরিণত করেন। এই যে বিল এই বিলের উদ্দেশ্য নিশ্চয়ই মহৎ। মহৎ এইজন্য বলব, আজকে এই বিলে সরকার পরিচ্ছন্ন প্রশাসন তৈরি করার জন্য, দুর্নীতিপরায়ণ যেসব সরকারী কর্মচারী আছে তাদের সাজা দেওয়ার জন্য বিশেষ ক্ষমতা গ্রহণ করতে যাচ্ছেন, অর্থাৎ সরকারী কর্মচারীদের বিরুদ্ধে দুর্নীতি করার বিষয়ে দলিল-দস্তাবেজ থেকে আরম্ভ ক'রে সাক্ষী দেওয়া থেকে আরম্ভ ক'রে, সমস্ত বিষয়ে একটা ক্ষমতা, বিচার বিভাগীয় একটা ক্ষমতা, যাঁরা তদন্ত করবেন তাঁদের হাতে সেই ক্ষমতা সরকার দিতে চাইছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নিশ্চয়ই এটাকে আমরা সমর্থন করব এবং সমর্থন ক'রে একথা বলব যে, সরকারী কর্মচারীদের প্রতি আমাদের দরদ আছে, সরকারী কর্মচারীদের প্রতি আমাদের ভালবাসা আছে, কিন্তু কয়েক হাজার সরকারী কর্মচারীদের চেয়ে ৪॥ কোটি মানুষ যে পশ্চিমবঙ্গে বাস করেন তাঁদের স্বার্থ ঢের ঢের বড় বিষয় এবং তা রক্ষা করার জন্য যদি প্রয়োজন হয়, তা হ'লে কয়েক শত কেন কয়েক হাজার সরকারী কর্মচারীকে বরখাস্ত করতে এই সরকার দ্বিধা করবেন না। সি পি আই বন্ধু হরশঙ্কর ভট্টাচার্য মহাশয় একটি বিশেষ ধারা উদ্ধৃত ক'রে বলেছেন, মিছিল, বিক্ষোভ করলে চাকুরি যাবে। তাঁর বক্তব্যের পুনরাবৃত্তি করলেন সি পি আই-এর আর একজন বন্ধু। আমি কি তাঁদের জিজ্ঞাসা করতে পারি, এই সরকার যখন থেকে ক্ষমতায় এসেছেন, তখন থেকে মিছিল, বিক্ষোভ জানানর অপরাধে কোন সরকারী কর্মচারীর চাকুরি গেছে কিনা? আমি কি তাঁদের একথা জিজ্ঞাসা করতে পারি যে, সরকারী কর্মচারী সরকারের কাছ থেকে মাইনে সংগ্রহ ক'রে ঐ কে জি বসুর মত সরকারী কর্মচারী যাঁরা সমস্ত সময় রাজনীতির কাজে ব্যয় করেন, তাঁদের বিরুদ্ধে যদি সরকার কঠোর মনোভাব অবলম্বন করেন, তা হ'লে কি সরকার অন্যায় করবেন? যে সরকারী কর্মচারীর হাত নিরীহ যুবকের রক্তে লাল হয়েছে তাকে যদি বরখাস্ত করা হয়, তা হ'লে কি সরকার অন্যায় করবেন? যে সরকারী কর্মচারীর অপদার্থতার জন্য, লোভের জন্য সরকারী নীতি বলবৎ হচ্ছে না তাকে যদি বরখাস্ত করা হয়, তার বিরুদ্ধে যদি কর্মপন্থা গ্রহণ করা হয়, তা হ'লে কি একথা বলতে হবে যে, এই সরকার অগণতান্ত্রিক কর্মপন্থা গ্রহণ করেছেন?

[5-00—5-10 p.m.]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি মানতে রাজী নই। এখানে রাজনীতির কথা বলা হয়েছে। আমি পরিষ্কার ভাষায় বলব, রাজনীতি সি পি আই করেন সরকারী কর্মচারীদের নিয়ে, কংগ্রেসও ক'রে থাকে। তবে একথা ঠিক, সরকারী কর্মচারীরা মহাকরণে বা অন্যান্য সরকারী দপ্তরে যেখানেই যে কাজ করুন না কেন তাঁরা যদি কাস্তে-হাতুড়ি কিংবা সি পি আই বা কংগ্রেসের ছাপ বুকে এ'টে ঘুরে বেড়ান এবং সাধারণ মানুষের কাজ না করেন, তা হ'লে তাঁদের নিশ্চয়ই ক্ষমা করা উচিত নয়। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় পরিষ্কার ভাষায় একথা ঘোষণা করেছেন যে, আমরা রাজনীতি মুক্ত প্রশাসন চাই, পশ্চিমবাংলার জনগণ এটা চায়। ১৯৬৭ এবং ১৯৬৯ সালে প্রশাসন নিয়ন্ত্রণ করত রাজনীতি। কিন্তু মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, রাজনীতি দোষে দুষ্ট যে প্রশাসন সেটা মানুষের সামগ্রিক কল্যাণ কোন দিন করতে পারবে না। কাজেই পশ্চিমবাংলায় রাজনীতিনিরপেক্ষ প্রশাসন চাই। সেই চিন্তা নিয়ে, সেই ধরনের প্রশাসক নিয়ে যদি প্রশাসন চালান যায়, তা হ'লে একটি সভ্য সরকার, একটি প্রগতিশীল সরকার সফল হবেন। একটি সরকারকে তখনই প্রগতিশীল সরকার বলা যাবে যখন দেখা যাবে ধনী ব্যক্তি নয়, উচ্চ শিক্ষিত বা উচ্চ ক্ষমতাবান লোকের হাতে নয়, দরিদ্র লোকের হাতে প্রগতির

আলো গিয়ে পেঁছেছে এবং সেই জিনিস যদি হয়, তা হ'লে বোঝা যাবে একটি সরকার পরিচ্ছন্ন প্রশাসন কায়েম করতে চায়। এই বিলের মধ্যে একটা প্রচেষ্টা রয়েছে অর্থাৎ এই সরকার বদ্ধপরিকর হয়েছেন, প্রশাসন থেকে দুর্নীতি সমূলে উৎপাটিত করবার জন্য। সেই ইচ্ছা নিয়ে আমাদের সামনে যে বিল এসেছে সেই বিল হচ্ছে যে সমস্ত সরকারী কর্মচারী দুর্নীতির অংশীদার হবেন, দুর্নীতির সঙ্গে জড়িত হবেন, তাঁদের বিরুদ্ধে সক্রিয় কর্মপন্থা গ্রহণের জন্য কিছু ক্ষমতা নেওয়া হচ্ছে এবং সেই ক্ষমতা নিশ্চয়ই বিধানসভার পক্ষ থেকে দেওয়া হবে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উদাহরণ দিয়েছেন আমার সি পি আই বন্ধু। আমি জিজ্ঞাসা করছি যে, পিওন চাকুরি হারিয়েছে, সাসপেন্ড হয়ে রয়েছে তার বিরুদ্ধে অভিযোগ কি? সেই অভিযোগের কথা যদি আমি বলি, তা হ'লে এই সভা স্তম্ভিত হয়ে যাবে, কাজেই আমি সেকথা আর বলতে চাই না। আমি একটা কথা বলতে চাই, আমরা যাঁরা সরকারী কর্মচারীদের পক্ষে কথা বলি, তাঁদের মনে রাখা দরকার সরকারী কর্মচারীদের সমর্থন পাবার জন্য, সস্তায় বাজিমাত করবার জন্য কথার মালা গাঁথা সম্ভবপর, কিন্তু সরকারী কর্মচারীরা যদি সৎ না হন, তাঁরা যদি কর্মতৎপর না হন, সরকারী কর্মচারীদের যদি জনসাধারণের প্রতি মায়ামমতা না থাকে, তা হ'লে কোন সরকার চলতে পারে না। সরকারী কর্মচারীদের উস্কানি দিয়ে, তাদের দিয়ে জিন্দাবাদ বা মুর্দাবাদ বলিয়ে বা তাদের হাতে লাল ঝাণ্ডা তুলে দিয়ে প্রশাসনকে ধ্বংস করতে চাইলে তাদের উদ্দেশ্যে হুঁসিয়ারী দিতে চাই। বিধানসভায় বিরোধী দলের ৩ জন সদস্য আবোল-তাবোল বলতে পারেন। আমার বক্তব্য হচ্ছে, পশ্চিমবাংলার জাগ্রত জনসাধারণ আজকে যদি পরিচ্ছন্ন প্রশাসন না পান, দুর্নীতিমুক্ত প্রশাসন না পান, তাঁদের ঘরের দরজায় যদি কল্যাণ গিয়ে না পেঁছায় এবং ৫ বছর পর যদি আমরা বলি, আমরা আরও সময় চাই, আমরা করতে পারলাম না, তা হ'লে জেনে রাখুন, জনতা আমাদের ক্ষমা করবে না এবং তাঁদের বিচার হবে নির্মম। এই বিচার সম্পর্কে ওয়াকিবহাল ব'লে সরকার এই বিল আনছেন এবং ধীরে ধীরে আরও চেষ্টা করা হবে যাতে প্রশাসনকে সৎ এবং পরিচ্ছন্ন করা যায়, দুর্নীতিমুক্ত করা যায়। এখানে স্বরাষ্ট্র দপ্তরের প্রতিমন্ত্রী যে বিল এনেছেন তাকে সমর্থন ক'রে বলছি, জয়নারম্ভঃ শুভায় ভবতু। বন্দে মাতরম্।

ডাঃ ফজলে হক: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মোটামুটি বিলটিকে সকলেই সমর্থন জানিয়েছেন এবং আমারও বিশেষ কিছু বলার নেই। আর এস পি-র সদস্য তিমিরবাবু যদিও অ্যামেন্ডমেন্ট এনে দু'একটি কথা বলেছেন, যদিও ওনার বক্তব্যে ইনি নিজেই বলেছেন যে, এই বিলের উদ্দেশ্য মহৎ, কিন্তু যেহেতু তিনি বিরোধীপক্ষ তাই বিরোধিতা করতে হবে। উনি যে অ্যামেন্ডমেন্টে যা বলেছেন যে সব কর্মচারীরা ইনকরপোরেটেড বডিতে কাজ করেন তাদের এই বিলের আওতায় আনা আইনগত অসুবিধা আছে। এই বিলের আওতায় আনা যায় না। যেসব ইনকরপোরেটেড বডি আছে, তাদের আলাদা রুলস্, রেগুলেসন এবং সেই অনুযায়ী সেই সব কর্মচারীদের সার্ভিস রুল মেনটেন করা হয়। তাদের এই বিলের মধ্যে আনার আমাদের আইনগত অসুবিধা আছে। সেজন্য আমি তিমিরবাবুর অ্যামেন্ডেমেন্টের সম্পূর্ণ বিরোধিতা করছি। আমাদের সি পি আই সদস্য বন্ধু শ্রীহরশঙ্কর ভট্টাচার্য মহাশয় এবং গিরিজাবাবু ওনাদের বক্তব্য এক, ওনারা বলেছেন সার্ভিস রুলের মধ্যে এই বিল আনা যায়। সেই বক্তব্য সম্বন্ধে আমি দু'একটি কথা বলতে চাই। সার্ভিস রুলের প্রসঙ্গে এটা আসে নি, সেটা প্রয়োজন অনুযায়ী অ্যামেন্ডমেন্ট হয়ে থাকে এবং কন্ডাক্ট রুলস্-এর কথা বলেছেন, সেটার লেটেস্ট অ্যামেন্ডমেন্ট হয়েছে ১৯৫৯ সালে, নূতন ক'রে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। সুতরাং এই সম্বন্ধে ওনার বক্তব্য এই প্রসঙ্গে ওঠে না। আমরা প্রয়োজন অনুযায়ী তা অ্যামেন্ড ক'রে থাকি। তা ছাড়া উনি বলেছেন, গভর্নরের ক্ষমতা কার্টেল করবার জন্য। মাননীয় সভ্যদের নিশ্চয়ই জানা আছে যে, গভর্নরের যে ক্ষমতা সেই ক্ষমতা, সেটা কনস্টিটিউসন্যাল ক্ষমতা সেটা কার্টেল করবার ক্ষমতা বা অ্যামেন্ড করবার ক্ষমতা এই হাউসের নেই। সেটা মাননীয় সদস্যদের নিশ্চয়ই জানা উচিত। মাননীয় সদস্যরা সব সময়েই বলেন, গণতান্ত্রিক অধিকার খর্ব করা হচ্ছে, কিন্তু আমি সি পি আই সদস্যদের বলছি যে, গণতন্ত্রের অধিকার শুধু কি অধিকারেই সমাপ্ত থাকে। আমরা সমাজবাদের কথা বলছি, সমাজতন্ত্র দেশে আনতে চাইছি, সেখানে গণতান্ত্রিক অধিকার নিশ্চয়ই রক্ষা করতে হবে কিন্তু সেই অধিকারের সঙ্গে যদি আমাদের দায়িত্ব বা কর্তব্যবোধ না থাকে, তা হ'লে নিশ্চয়ই দেশে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করা যেতে পারে না।

রাইটার্স বিল্ডিংসের যা চেহারা যেখানে সাড়ে ১১টার আগে কোন সরকারী কর্মচারী আসে না, ৫০ পার্সেন্ট সরকারী কর্মচারীরা উপস্থিত থাকে না, অনেক এম এল এ-দেরই এই তিক্ত অভিজ্ঞতা আছে, কোন মাননীয় সদস্য যদি কোন সরকারী কর্মচারীর কাছে কোন প্রশ্ন আনতে চান, তা হ'লে তারা মাথা তুলেও কথা বলেন না, অথচ মাননীয় সদস্যদের অধিকার আছে তা জানবার। তারা জনগণের প্রতিনিধি, তাদের সঙ্গে ভদ্রভাবে ব্যবহার পর্যন্ত করেন না—এই দায়িত্ববোধটাও তারা ভুলে যান। সরকারী কর্মচারীদের নিশ্চয়ই গণতান্ত্রিক এবং রাজনৈতিক অধিকার আছে, কিন্তু সরকারী অফিসকে পার্টি অফিসে পরিণত করতে দেয়া যেতে পারে না। নিশ্চয়ই তাদের রাজনৈতিক মতবাদ আছে, তারা বাইরে গিয়ে সেটা প্রয়োগ করতে পারেন। কিন্তু সরকারী অফিসে বসে সরকারের মাইনে নিয়ে পার্টি ফান্ডে দেয়া এই জিনিস কোন সভ্য সরকার বরদাস্ত করতে পারে না। সেজন্য বর্তমানে আমাদের সরকার সরকারী কর্মচারীরা যারা দুর্নীতিগ্রস্ত আছেন তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করতে আমরা দৃঢ়প্রতিজ্ঞ। আমরা আশা করি এই বিলে যে সমস্ত ব্যবস্থা নেয়া হয়েছে তাতে যেসমস্ত সরকারী কর্মচারীরা দুর্নীতিগ্রস্ত, ঘুষখোর তারা যাতে সাক্ষী-সাবুদের অভাবে, দলিল-দস্তাবেজের অভাবে বেকসুর খালাস যাতে না পেতে পারেন, যাতে উপযুক্ত শাস্তি দেয়া যেতে পারে, সেজন্য এই বিল আনা হয়েছে। আপনি জানেন স্যার, যে কোন বিচার ব্যবস্থায় শাস্তি দিতে গেলে সাক্ষী প্রমাণের দরকার হয় এবং কাগজ-নথিপত্রের দরকার হয়। যে কোন এনকোয়ারি কমিটির কথা বলুন, যারা বিচার করবেন—তা না হ'লে তারা সুষ্ঠুভাবে রায় দিতে পারেন না, তাদের শাস্তিবিধান করা যেতে পারে না। সেজন্য এখানে সিভিল কোর্টের যেসমস্ত ক্ষমতা আছে সেই ক্ষমতাই এনকোয়ারি কমিটিকে দিচ্ছি যার বলে তারা সমস্ত সাক্ষী প্রয়োজন অনুসারে সমন করতে পারবেন, কোন দলিল যা দরকার তা আনতে বলতে পারবেন এবং যার ফলে উপযুক্ত শাস্তি বিধান করা যেতে পারে সেদিকেই সজাগ দৃষ্টি রাখা হয়েছে। সেজন্য আশা করি সমস্ত সদস্যই এই বিলকে সমর্থন করবেন এবং তিমিরবাবু যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তার বিরোধিতা ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-10—5-17 p.m.]

The motion of Dr. Md. Fazle Haque that the Departmental Proceedings (Enforcement of Attendance of Witnesses and Production of Documents) Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that Clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 2

The question that Clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 3

The question that Clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 4

The question that Clause 4 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 5, 6 *and Preamble*

The question that Clauses 5, 6 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Dr. Md. Fazle Haque: Sir, I beg to move that the Departmental Proceedings (Enforcement of Attendance of Witnesses and Production of Documents) Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Twenty-second Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the 22nd report of the Business Advisory Committee which at its meeting held on the 17th April, 1973, in my Chamber, considered the question of allocation of dates and time for disposal of legislative business and recommended as follows:—

Wednesday, 18-4-73 ... The Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1973. (Introduction, Consideration and Passing.)—2 hours.

Thursday, 19-4-73 ... (i) The West Bengal Housing Board (Amendment) Bill, 1973. (Introduction, Consideration and Passing.)—2 hours.

(ii) Motion under rule 185 regarding nationalisation of jute industry, by Shri Sukumar Bandyopadhyay—2 hours.

Shri Gyan Singh Sohanpal: I beg to move that the Twenty-Second Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

Mr. Speaker: I have been informed by the Hon'ble Minister-in-charge of Education that he does not want to proceed with the Burdwan University (Amendment) Bill, 1973, today. In the circumstances the date on which the Bill will be taken up will be intimated later on.

I now draw the attention of the Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs to the assurance given by him on the floor of the House on the last day when the House was, perhaps, adjourned that a statement would be made. So, I request him to make the statement or, if necessary, he can ask for time.

Shri Gyan Singh Sohanpal: On the last day I promised to make a statement today on the subject of printing of proceedings of this House. I am sorry because of the recent holidays it was not possible to prepare the statement. I shall make the statement tomorrow.

Mr. Speaker: Thank you.

Adjournment

The House was then adjourned at 5-17 p.m. till 1 p.m. on Wednesday, the 18th April, 1973, at the "Assembly House", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 18th April, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 5 Ministers of State, 2 Deputy Ministers and 162 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance, may kindly do so.

(There was none to take Oath.)

STARRED QUESTION

(to which oral answers were given)

রুগ্ন বিড়ি শিল্প

***১৮৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬৩।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বাঁকুড়া, পুরুলিয়া, মুর্শিদাবাদ, মালদহ, বীরভূম ও মেদিনীপুর জেলার যেসকল বিড়ি শিল্প রুগ্ন বিড়ি শিল্প বলিয়া ঘোষিত হইয়াছে সেইগুলিকে সবল করিবার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন;

(খ) বিড়ি শিল্প কুটির শিল্প কিনা; এবং

(গ) উক্ত জেলাগুলির বিড়ি শিল্প হইতে সরকারের বাৎসরিক আয় কত হয়?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ (ক) পশ্চিমবঙ্গের উক্ত জেলাগুলিতে অবস্থিত কোন বিড়ি শিল্পকে রুগ্ন বলিয়া ঘোষণা করা হয় নাই। তবে কোন শিল্প রুগ্ন ও দুর্বল হইলে সরকার হইতে নিম্নলিখিত সাহায্য পাইতে পারে:—

(১) বি এস এ আই অ্যাক্ট অনুযায়ী ঋণ; এবং

(২) ইহা ছাড়া বিড়ি শিল্পীরা সমবায় সমিতি গঠন করিলে সমবায় প্রকল্পের মাধ্যমে বিশেষ সুযোগ সুবিধা পাইতে পারেন।

(খ) হ্যাঁ, ইহা কুটীর শিল্পের মধ্যেই পড়ে।

(গ) ইহা সেন্ট্রাল এক্সাইজ-এর আওতায় পড়ে। অতএব এই শিল্প হইতে পশ্চিমবঙ্গ সরকারের সরাসরি কোন আয় হয় না।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, উক্ত জেলাগুলিতে অবস্থিত বিড়ি শিল্পগুলি বি এস এ আই অ্যাক্ট অনুযায়ী কোন সাহায্য পেয়েছে কিনা?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ মাননীয় সদস্য যদি স্পেসিফিক প্রশ্ন করেন, তা হ'লে জেনে ব'লে দেওয়া যায় কত লোন দেওয়া হয়েছে?

শ্রীকাশীনাথ মিশ্রঃ বর্তমানে ওখানকার বিড়ি শিল্পগুলি খুবই দুরবস্থার মধ্যে চলছে, সেগুলিকে পুনরুজ্জীবিত করবার জন্য সরকার থেকে আগেও অনেক কথা বলা হয়েছে, দুর্বল ব'লে আখ্যা দেওয়া হয় নাই ঠিকই—কিন্তু বিড়ি শিল্পগুলি আজ নষ্ট হতে চলেছে। সেগুলিকে পুনরুজ্জীবিত করবার কোন চিন্তা বর্তমান সরকার করছেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ যদি মাননীয় সদস্যের কোন স্পেসিফিক সাজেসন থাকে, তা হ'লে নিশ্চয়ই চিন্তা ক'রে দেখবো। এই বিড়ি শিল্পকে রুগ্ন শিল্প ব'লে ঘোষণা করা হয়েছে ব'লে আমি মনে করছি না।

শ্রীকাশীনাথ মিশ্রঃ বাঁকুড়া, পুরুলিয়া, মুর্শিদাবাদ—সেখানকার বিড়ি শিল্পগুলির আজ অধঃপতন হতে চলেছে, সেগুলি নষ্ট হতে চলেছে। সেখানে হাজার হাজার শ্রমিক কাজ করে, তারা বেকার হবার উপক্রম হয়েছে, তাই সেগুলিকে বি এস এ আই অ্যাক্ট অনুযায়ী ঋণ দান ও সমবায় সমিতির মাধ্যমে কিভাবে কি করলে পুনরুজ্জীবিত করা সম্ভব হয়, দয়া ক'রে মন্ত্রি-মহাশয় সেটা জানাবেন?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ তাঁদের অসুবিধার কথা যদি তাঁরা আমাদের জানান, তা হ'লে বি এস এ আই-অ্যাক্ট অনুযায়ী যে বরাদ্দ আছে, অন্যান্য শিল্পীদের যা দিতে হয়, তাদের বাদ দিয়ে কুটির শিল্পে যাঁরা নিযুক্ত আছেন, তাঁদের যতটুকু সাহায্য করা দরকার, আমরা নিশ্চয়ই করবো।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মন্ত্রিমহাশয় বলেছেন, এটা সেন্ট্রাল এক্সাইজের আওতায় পড়ে। সেন্ট্রাল এক্সাইজ থেকে ডিউটি বছরে সরকার কত পায়?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ আমার কাছে তথ্য নেই।

শ্রীশীশ মহম্মদঃ বাঁকুড় এবং মুর্শিদাবাদ জেলায় যে বিড়ি শিল্প আছে তার মালিকরা ক্রমান্বয়ে পশ্চিমবঙ্গের নানা এলাকা থেকে অন্যান্য প্রভিন্সে চলে যাচ্ছে—এই খবর মন্ত্রিমহাশয় জানেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ যদি মাননীয় সদস্য বিস্তারিতভাবে জানান, আমরা দেখবো, চ'লে যাচ্ছে কিনা এবং যদি চ'লে যায়, তা রোধ করা যায় কিভাবে সেটা দেখবো।

শ্রীশীশ মহম্মদঃ এই বিড়ি শিল্পের মালিকরা ক্রমান্বয়ে পশ্চিমবঙ্গ থেকে বিহার এবং অন্যান্য প্রদেশে চ'লে যাচ্ছে—একথা জানাচ্ছি। পশ্চিমবঙ্গের বিড়ি শিল্পে বহু শ্রমিক নিযুক্ত আছে এবং তাদের বাঁচার প্রশ্ন এর সঙ্গে জড়িত আছে। এর উপর নির্ভর ক'রে তিনি কি কোন কার্যকর ব্যবস্থা অবলম্বন করবেন?

Shri Atish Chandra Sinha: Sir, it is a request for action.

মুর্শিদাবাদ জেলায় অবৈধভাবে খাস জমি বিক্রয়

***১৯০।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭৫।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মধ্যস্বত্বভোগী ও বিগ-রায়ত-এর জমি খাস হওয়া সত্ত্বেও মুর্শিদাবাদ জেলায় কোন্ কোন্ মৌজায় উক্ত জমি অবৈধভাবে বিক্রয় করা হইয়াছে;

(খ) ঐরূপ জমির পরিমাণ ও মূল্য কত; এবং

(গ) অবৈধভাবে যাঁহারা জমি বিক্রয় করিয়াছেন তাঁহারা জমিদারী বিলুপ্তি আইনে কমপেনসেশন পাইয়াছেন কিনা?

শ্রীগুরুপদ খাঁনঃ (ক) মুর্শিদাবাদ জেলায় নিম্নলিখিত মৌজাসমূহে অবৈধভাবে খাস জমি বিক্রয় করা হইয়াছে—মির্জাপুর মিলোযানী, মহামপুর, হরেবনগর, সারুল, মানিকনগর,

মাড্ডা, জয়নগর, কিকড়া, নওদা, লোহাদহ, লোকইপুর, ভাবকি, পুরোপাড়, ফতেউল্লাপুর, কসবা গোরুস, গোয়াস কালিকাপুর, নন্দঘাট্টা, আজমলপুর, পারশিবপুর, চাঁদপুর, রতনপুর, লস্করপুর, রাজিপুর, ঘোষানিয়া, উত্তর জামালপুর পশুপাড়া, বাহাদুরপুর, সর্বাঙ্গপুর এবং চোয়া।

(খ) জমির পরিমাণ প্রায় ৯৩ একর, জমির মূল্য আনুমানিক ১,৪১,০০০ টাকা।

(গ) মাত্র দুইটি ক্ষেত্রে কমপেন্সেশন দেওয়া হইয়াছিল। এই দুইটি ক্ষেত্রে পশ্চিমবঙ্গ জমিদারী গ্রহণ আইনের ২৫(৩ক) ধারা অনুসারে ব্যবস্থা লওয়া হইয়াছে।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ এই যে সমস্ত জমি অবৈধভাবে বিক্রি করা হয়েছে, যারা পারচেজ করেছে, সরকারী আইন অনুসারে কতজন পারচেজারের ভিতর খাসজমির রায়তী বন্দোবস্ত দেওয়া হয়েছে মন্ত্রিমহাশয় বলবেন কি?

শ্রীগুরুপদ খাঁনঃ এখন বলতে পারবো না, নোটিস দিলে বলতে পারবো।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ এই যে মৌজাগুলোর নাম করেছেন তাদের মধ্যে কারা করেছেন তাদের নাম বলতে পারবেন কি?

শ্রীগুরুপদ খাঁনঃ সমস্ত লোকের নাম বলতে পারবো না। যাদের কমপেনসেসান ফরফিট করেছি তাদের দুজনের নাম বলতে পারবো। আর অন্য নাম নোটিস দিলে বলতে পারবো।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ এই সমস্ত লোকের মধ্যে মহম্মদ হাজি খোদাবক্স সাহেব কমপেন-সেসানের টাকা নিয়েছেন কি?

শ্রীগুরুপদ খাঁনঃ যদি নোটিস দেন বলতে পারবো। এখন ওটা আমার কাছে নেই।

শ্রীশীষ মহম্মদঃ যে সমস্ত মধ্যস্বত্ব রায়তী খাস জমি হয়ে গিয়েছে অথচ বিক্রি ক'রে দিয়েছে এবং কিনে নেওয়া হয়েছে, সরকার আইন অনুসারে সেই জমি নিয়ে নিচ্ছেন, কিন্তু যারা ক্রয় করেছে তাদের সম্পর্কে মন্ত্রিমহাশয় কি চিন্তা করছেন?

শ্রীগুরুপদ খাঁনঃ যে সমস্ত ট্রান্সফার হয়েছিল ল্যান্ড এই প্রশ্নের সংগে সম্পর্ক না থাকলেও আমরা দেখছি যে, শ্রীত্রিণয়নী বিশ্বাস ব'লে এক ভদ্রমহিলা বিক্রি করে তিনি নিজেই সেটা রিভোক করেছেন এবং গভর্নমেন্টের কাছে সেটা ফেরৎ দিয়েছেন। অন্যান্যগুলি সম্বন্ধে গভর্নমেন্টে ভেস্ট ব'লে ডিক্লেয়ার করার কথা চিন্তা করছি।

[1-10—1-20 p.m.]

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে, ঐ যে পারচেজার তাদের নামে রায়ত হিসাবে কোন বন্দোবস্ত সরকার থেকে দেওয়া হচ্ছে কিনা?

শ্রীগুরুপদ খাঁনঃ মোটামুটি আমাদের ঠিক আছে যে, যারা বিগ রায়ত তাদের দেওয়া হচ্ছে না—যাদের জমি নাই এবং যারা না জেনেশুনে কিনেছে এই রকম সরকার যদি বিবেচনা করেন, তা হ'লে সেই সমস্ত জমি তাদের নামে রেগুলারাইজ করার পদ্ধতি সরকারের আছে। কিন্তু বড় বড় ল্যান্ড হোল্ডার যদি সেই জমি কিনে থাকে, তা হ'লে তাদের বেলায় তা করা হবে না।

শ্রীতিমিবরণ ভাদুড়ীঃ তাদের কত সিলিংয়ের মধ্যে জমি থাকলে দেওয়া হবে না?

শ্রীগুরুপদ খাঁনঃ মোটামুটি ৫ একরের বেশী জমি থাকলে দেওয়া হবে না—সেটা সরকারে ভেস্ট ক'রে যাবে। আমরা এইটুকু এলাউ করেছি যে, যারা না জেনেশুনে কিনেছে এবং যদি কোন গরিব লোক কিনে থাকে, তা হ'লে সরকার ইচ্ছা করলে সেটা তাদের নামে ক'রে দিতে পারে।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ যারা পারচেজ করেছে ঐ সমস্ত মধ্যস্বত্বভোগী যাদের ৫ একরের বেশী জমি তাদের বেলায় অকৃষি জমি বাস্তু জমি বর্গা জমি—এগুলি ইনক্লুডেড্ হবে কিনা?

শ্রীগুরুপদ খাঁনঃ আমি কৃষি জমি সম্বন্ধে বলেছি।

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি ৫ একর যাদের জমি আছে তাদের ছাড়া যাদের ৯ বিঘা জমি আছে অথচ এই সমস্ত জমি কিনেছে এবং সেই জমিগুলি যদি ভেস্ট হয়ে থাকে, তা হলে সে পাবে এই রকম সারকুলার কি আপনি জে এল আর ও বা এস এল আর ও-দের দিয়েছেন ?

শ্রীগুরুপদ খাঁনঃ ১৫ বিঘা, বা ৯ বিঘা জমির কথা নয়। যে সমস্ত রিফিউজি ইস্টবেঙ্গল থেকে এসেছে এবং তারা যদি না জেনেশুনে কিনে থাকে তারা সেটা পেতে পারবে এই কথা বলা ছিল এখন সেটা হোল অব ওয়েস্টবেঙ্গল অ্যাপলিকেবল হয়ে গেছে এবং এই সারকুলার আগেই চ'লে গেছে।

শ্রীকুমারদীপ্ত সেনগুপ্তঃ এই অবৈধভাবে যারা জমি বিক্রি করেছে—বর্তমানে যে আইন রয়েছে সেটা পর্যাপ্ত নয়। তাদের বিরুদ্ধে আরও কঠোরভাবে ব্যবস্থা গ্রহণ করার পরিকল্পনা সরকারের আছে কিনা ?

শ্রীগুরুপদ খাঁনঃ আমাদের স্টেট অ্যাকুইজিসন অ্যাক্টে যে প্রভিসন আছে সেই অনুযায়ী আমরা ব্যবস্থা গ্রহণ করতে চলেছি। এখন সেটা কঠোর কি নরম সেটা তাঁর ব্যক্তিগত ওপিনিয়ন।

শ্রীকুমারদীপ্ত সেনগুপ্তঃ বর্তমানে ব্যবস্থা রয়েছে কমপেনসেসন থেকে টাকা বাদ দেবার। কিন্তু প্রশ্ন হচ্ছে যে, পশ্চিমবঙ্গে এই ভয়াবহ সমস্যা রোধ করতে আরও কঠোর পদ্ধতি গ্রহণ করার পরিকল্পনা সরকারের আছে কিনা ?

শ্রীগুরুপদ খাঁনঃ আপাতত দেখছি না।

শ্রীনিতাইপদ সরকারঃ যে সমস্ত জমিচোর মুর্শিদাবাদ এবং বিভিন্ন জেলায় সরকারকে ফাঁকি দিয়ে জমি বিক্রি করছে তাদের মিসায় গ্রেপ্তার করবার সুপারিশ আপনি করবেন কি ?

শ্রীগুরুপদ খাঁনঃ মিসা এ ক্ষেত্রে প্রযোজ্য হয় না—একথা অনেকবার স্পীকার মহাশয় আলোচনা ক'রে দিয়েছেন।

পর্যটনের উন্নতিকল্পে কমিটি

***১১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৪০।) **শ্রীশরৎ দাসঃ** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পর্যটনের উন্নতিকল্পে কোন কমিটি আছে কিনা;

(খ) থাকিলে, ঐ কমিটির সদস্যদের নাম ও শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা; এবং

(গ) সরকার এই কমিটির সদস্য নিয়োগের ক্ষেত্রে কি কি বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া ও কিসের ভিত্তিতে সদস্য নিযুক্ত করিয়া থাকেন ?

শ্রীতরুণকান্তি ঘোষঃ (ক) একটি রাজ্য পর্যটন উন্নয়ন পর্ষদ আছে।

(খ) পর্ষদের সদস্যদের একটি তালিকা লাইব্রেরি টেবিলে রাখা হইয়াছে; সদস্যদের কি শিক্ষা ও যোগ্যতা আছে, তার তথ্য সরকারের কাছে নাই। পর্যটন উন্নয়ন সম্পর্কে জ্ঞান ও উৎসাহবিশিষ্ট ব্যক্তিদের এই পর্ষদে নেওয়া হয়।

(গ) পর্যটনের সহিত যুক্ত ব্যক্তিদের সদস্য হিসাবে নির্বাচিত করা হয়।

শ্রীশরৎচন্দ্র দাসঃ যেসব জায়গায় ট্যুরিস্ট লজ করবার সম্ভাবনা আছে সেই সব জায়গায় কোন সদস্য আছে কিনা মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

শ্রীতরুণকান্তি ঘোষঃ ট্যুরিস্ট লজ করবার সম্ভাবনা পশ্চিমবঙ্গের বহু জায়গাতেই আছে। এটা হচ্ছে সেন্ট্রাল বডি এবং সেন্ট্রাল বডিতে যে কথা বলেছিলাম—

those who are connected with tourism—Chairman, Travel Agents Association of India, President, Hoteliers and Restaurants Association of Eastern India, Honorary Secretary, Automobile Association of Eastern India, Vice-Chairman, YATA, Airlines Board in Calcutta, Manager, Air India, Regional Director, Indian Airlines Corporation, Representative of Railways

তাদের নেওয়া হয়ে থাকে। যেমন ধরুন আপনাকে বলছি—

Chairman, Airlines Board in Calcutta, Manager Air India, Regional Director, Indian Airlines Corporation, Representative of Railways.

এইভাবে করা আছে। অতএব সেন্ট্রাল বডি যেখানে যেখানে ট্যুরিস্ট লজ হতে পারে সেই সব জায়গার লোকদের নিয়ে করতে গেলে বিরাট বডি হয়ে যাবে। আমরা নর্থবেঙ্গলে একটা করতে পারি। নর্থবেঙ্গলে রিজিওন্যাল ডেভেলাপমেন্ট বোর্ড করতে পারি। কিন্তু প্রত্যেকটি জায়গায় ট্যুরিস্ট লজের জন্য একটি করে ট্যুরিস্ট বোর্ড থাকে না।

শ্রীশরৎচন্দ্র দাসঃ পশ্চিমবঙ্গের পশ্চিম প্রান্তে যেখানে পাহাড় ঘেরা মনোরম পরিবেশ আছে, যেখানে ছিন্নমস্তা, হুন্দ্রু, জোনা ইত্যাদি রয়েছে সেখানে মেম্বার না থাকায় ট্যুরিস্ট লজ করবার বিষয়ে আপনাকে কোন রকমভাবে সাহায্য করতে পরতে পারছে না। এই সমস্ত জায়গায় প্রফিটেবল ট্যুরিস্ট লজ হতে পারে, বহু লোক সেখানে বেড়াতে যায়। কাজেই সেখানকার কোন মেম্বারকে এই কমিটির মধ্যে নেবার ব্যবস্থা করবেন কিনা সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ চিন্তা করে দেখা যাবে।

শ্রীমহম্মদ ইদ্রিস আলিঃ ট্যুরিস্ট লজ করবার পরিকল্পনা নিয়ে সদস্যদের যে কমিটি করেছেন, সেখানে কোন্ কোন্ ক্রাইটেরিয়াস থাকলে ট্যুরিস্ট লজ করা যায় সেটা মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ ফার্স্ট ক্রাইটেরিয়া হচ্ছে টাকা থাকা দরকার। সেকেন্ড ক্রাইটেরিয়া হচ্ছে যেখানে যেখানে বহু ট্যুরিস্ট যান সেই সব জায়গায় ট্যুরিস্ট লজ করা দরকার আছে বলে আমি মনে করি। কিন্তু আমাদের প্রথমতঃ

first, we must have that money to build that Tourist Lodge.

সেইজন্য আমরা ধাপে ধাপে করবার চেষ্টা করছি।

শ্রীমহম্মদ ইদ্রিস আলিঃ মুর্শিদাবাদ শহরে যেখানে প্রতিদিন হাজার হাজার ট্যুরিস্ট যায় সেখানে আজ পর্যন্ত ট্যুরিস্ট লজ হয় নি, এই অভিজ্ঞতা কি মাননীয় মন্ত্রিমহাশয়ের আছে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ এমন বহু জায়গা আছে যেখানে করবার প্রয়োজনীয়তা রয়েছে, কিন্তু করে উঠতে পারছি না ডিউ টু দি ফিন্যান্সিয়াল স্ট্রিনজেন্সি। কিন্তু আপনারা জানেন যে, মুর্শিদাবাদ জেলার বহরমপুরে একটি ট্যুরিস্ট লজ আছে।

শ্রীমহম্মদ ইদ্রিস আলিঃ মুর্শিদাবাদের লালবাগ শহরে এত বেশী ট্যুরিস্ট যায় বাংলাদেশের কোন জায়গায় এত বেশী যায় না, এই হিসাব কি তিনি রাখেন?

শ্রীতরুণকান্তি ঘোষঃ হতে পারে।

শ্রীমহম্মদ ইদ্রিস আলিঃ উনি যদি বলেন যে, লালবাগ শহরে ট্যুরিস্ট যায়, তা হ'লে সেখানে একটা ট্যুরিস্ট লজ হওয়া দরকার—এ বিষয়ে আপনি কি স্টেপ নিচ্ছেন, সেটা দয়া করে জানাবেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমরা লালবাগ সম্বন্ধে নিশ্চয় জানি। আপনি যেমন জানেন, আমরাও তেমনি জানি। অতএব আমাদের পরিকল্পনার মধ্যে আমরা লালবাগের কথা চিন্তা করে রেখেছি এবং এবং মাননীয় সদস্যদের খুশী করবার মত ব্যবস্থা করতে পারলে আমি নিজেও খুব আনন্দিত হব।

ঝালদায় সিমেন্ট কারখানা

*১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১২।) **শ্রীকিংকর মাহাতঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝালদাতে সিমেন্ট কারখানা স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং

(খ) থাকিলে, কতদিন নাগাত উক্ত কারখানা চালু হইতে পারে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ (ক) হ্যাঁ, আছে।

(খ) এখন সঠিকভাবে বলা সম্ভব নহে।

শ্রীশরৎচন্দ্র দাসঃ কবে নাগাত এটা হবে এ সম্পর্কে মন্ত্রিমহাশয় বলেছেন যে, সঠিকভাবে বলা সম্ভব নয়, কিন্তু আছে। আমরা শুনেছি যে আই ডি সি ডিপার্টমেন্ট থেকে লেটার অব ইনটেন্ট ইসু হয়েছে। এই যে লেটার অব ইনটেন্ট ইসু হয়েছে, এর মধ্যে এস এন মজুমদার নামে কোন সদস্য আছে কিনা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আপনি প্রশ্নটা পড়েন নি, প্রশ্নটা পড়ে দেখুন কি সম্বন্ধে প্রশ্ন করা হয়েছে।

[1-20—1-30 p.m.]

শ্রীশরৎচন্দ্র দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কিনা র মেটেরিয়াল যেটা মেইন, সেই লাইমস্টোন পাহাড়িয়া জমিদাররা আগে বিভিন্ন নামে একটা বন্দোবস্ত করে রেখেছেন যাতে করে সিমেন্ট ফাক্টরি হতে গেলে র মেটেরিয়াল-এর ব্যাপারে সরকারের অসুবিধা হবে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমি পুরো জিনিসটা বলবার জন্য একটা উত্তর দেবো, সেই উত্তর দেবো, সেই উত্তর থেকে দয়া করে ৫০টি সাপ্লিমেন্টারি করবেন না। প্রথম উত্তর হচ্ছে, তাদের লেটার অব ইনটেন্ট পেয়েছি সিমেন্ট ফ্যাক্টরি করার জন্য, এই লেটার অব ইনটেন্ট নিয়ে আমরা ৩টি সিমেন্ট ফ্যাক্টরি করতে চাই। একটা করতে চাই স্লাগ সিমেন্ট। আপনারা জানেন, বহু স্লাগ পড়ে রয়েছে, আয়রণ অ্যান্ড স্টিল রয়েছে, সেই স্লাগ সিমেন্ট ফ্যাক্টরি করতে চাই। এই স্লাগ সিমেন্ট ঝালদায় করতে পারি তার চেষ্টা হচ্ছে। অনেকে বলেছেন, আসানসোলের কাছাকাছি করবার জন্য, কিন্তু আমাদের কমিটমেন্ট রয়েছে ঝালদাতে, আমরা সেখানে করবো। আর একটা লাইম স্টোন থেকে করতে পারি। লাইমস্টোন কতটা পাওয়া যায় না যায় তা দেখার জন্য আমাদের গভর্ণমেন্ট অব ইন্ডিয়ার যে সিমেন্ট কর্পোরেশন আছে, সেই সিমেন্ট কর্পোরেশন তাদের কাছে আমরা সেই সম্পর্কে অনুসন্ধান করতে বলেছিলাম। তারা আমাদের জানিয়েছেন এবং আমরা সেটা দেখছি। কিন্তু লাইম স্টোন যতটা থাকা দরকার ততটা পাওয়া যাবে কিনা সন্দেহ আছে। আমরা সেই সন্দেহ দূর করার জন্য মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন নামে একটা পর্ষদ গঠন করেছি, যার কাজ হচ্ছে লাইম স্টোন, বিভিন্ন জায়গায় যেগুলি ছোট ছোট রয়েছে, যারা আমাদের সংগে কো-অপারেট করবেন, দরকার হলে তাদের টাকা দিয়ে সাহায্য করতে পারবো। যারা কো-অপারেট করবেন না, সেটা যাতে নিয়ে নিতে পারি এই ক্ষমতা আমরা নিয়েছি। অতএব আপনারা জানেন যে, পশ্চিমবঙ্গে সিমেন্ট-এর অত্যন্ত অভাব, সেই সিমেন্ট

করবার জন্য একটা লাইমস্টোন থেকে, একটা স্লাগ থেকে করবার আমরা চেষ্টা করছি, ঐ অঞ্চলের মধ্যে। আর একটা সিমেন্ট ফ্যাক্টরি করবার চেষ্টা করছি নর্থ-বেঙ্গলে যেটা হচ্ছে মেঘালয়ে থেকে ক্লিংকার আসবে সেটা নিয়ে আমরা সিমেন্ট করতে পারি সেই চেষ্টাও করছি। মোটামুটি সিমেন্ট সম্পর্কে যে চিন্তা সেটা পরিষ্কারভাবে আপনাদের জানিয়ে দিলাম।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় প্রশ্নোত্তরে বলেছেন যে, ঝালদায় একটা সিমেন্ট ফ্যাক্টরি এবং যে স্লাগ পাওয়া যায়, সেই স্লাগ থেকে সিমেন্ট তৈরি করার বিষয় চিন্তা করছেন। অর্থাৎ ঝালদায় সিমেন্ট তৈরি করার বিষয়টা এবং স্লাগ থেকে সিমেন্ট তৈরি করার বিষয়টি একই রকম ভাবে বিবেচনাধীন আছে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য লোহা এবং ইস্পাতশিল্প আসানসোল এবং দুর্গাপুরকে কেন্দ্র করে রয়েছে এবং স্লাগ থেকে যদি সিমেন্ট তৈরি করা যায়, তা হলে সেই সিমেন্ট কারখানা আসানসোলের কোন জায়গায় হওয়া উচিত। আপনি কি জানাবেন আসানসোলের কোন জায়গা তিনি নির্বাচন করেছেন কিনা স্লাগ থেকে সিমেন্ট তৈরি করার ব্যাপারে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আপনাদের কাছে সমস্ত জিনিসটা আমি জানিয়েছি যে, স্লাগ থেকে সিমেন্ট ফ্যাক্টরি করতে গেলে সাধারণভাবে স্লাগ যেখানে পাওয়া যায় তার কাছাকাছি হওয়া উচিত। আপনারা জানেন যে, পুরুলিয়া অত্যন্ত ব্যাকওয়ার্ড সেখানে আমরা ইন্ডাস্ট্রি করা দরকার বলে মনে করেছিলাম এবং আমাদের যে নীতি, যে সমস্ত ব্যাকওয়ার্ড এলাকাতে ইন্ডাস্ট্রি নেই সেখানে সেখানে ইন্ডাস্ট্রি হোক. অতএব, আমি আমার ডিপার্টমেন্টকে বলেছি যে, স্লাগ হোক বা লাইমস্টোন হোক ফার্স্ট প্রাইয়রিটি আমরা পুরুলিয়াকে দেবো। কিন্তু দেখতে পাচ্ছি, লাইমস্টোন-এর সিমেন্ট কারখানা পুরুলিয়ায় করতে পাচ্ছি। স্লাগ সিমেন্ট-এর কারখানা আমরা আসানসোলের কাছাকাছি করতে পারি, যখন এই সিদ্ধান্তে আসবো, তখন আমরা আগে লোকেশন ঠিক করবো। তবে যদি লোকেশানে ঠিক করতে হয়, তা হ'লে যেখানে যেখানে কাছাকাছি পাবে সেখানেই ঠিক করতে হবে। জিনিসটা ভালভাবে বুঝিয়ে বললাম, আশাকরি আপনারা বুঝেছেন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন এবং এটা সত্য কথা যে, সিমেন্ট কারখানা করতে গেলে অতি অবশ্য প্রয়োজনীয় [illegible] হচ্ছে লাইমস্টোন। পশ্চিম-বঙ্গে বিশেষ করে পুরুলিয়া এলাকাতে লাইমস্টোনের [illegible] আছে [illegible] সেটাকে একটা পকেট স্টক বলা যেতে পারে। সেখানে সিমেন্ট ফ্যাক্টরি [illegible] সম্ভব নয়, [illegible] হয়ে থাকে, তা হ'লে যেখানে লাইমস্টোনের মজুত ভাণ্ডার লিমিটেড [illegible] সিমেন্ট ফ্যাক্টরি চালানো সম্ভবপর নয়, তা হ'লে কেন সেই জায়গায় করা হচ্ছে, আমরা শুনেছি ঝালদায় করা হবে, তা হ'লে মন্ত্রি-মহাশয় বলবেন কি এটা স্তোক বাক্য কিনা?

শ্রীতরুণকান্তি ঘোষঃ শোনেন নি, শুধু বসে বক বক করছেন। লাইমস্টোন কতটা পর্যাপ্ত পাওয়া যাবে, সে সম্বন্ধে সিমেন্ট কর্পোরেশন [illegible] ইন্ডিয়াকে অনুরোধ করেছি গভর্নমেন্ট অব ইন্ডিয়ার, তারা দেখে শুনে সমস্ত প্রজেক্ট রিপোর্ট [illegible], সেই রিপোর্ট আমাদের এক্সপার্ট-দের কাছে এসেছে. তারা সেটা দেখছেন ঐ লাইমস্টোন দিয়ে হবে কিনা হোয়েদার দ্যাট ইজ সাফিসিয়েন্ট অর নট, আমাদের কাছে সেই রিপোর্ট এখনও আসে নি। কিন্ত ওখানে সিমেন্ট ফ্যাক্টরি করবো। যদি লাইমস্টোন না পাওয়া যায়, তবে স্লাগ দিয়ে করবো সেটা আসানসোলের কাছাকাছি হবে। তবে ঝালদায় সিমেন্ট ফ্যাক্টরি করবো, দ্যাট সিমেন্ট ফ্যাক্টরি উইল বি ইন পুরুলিয়া ডিস্ট্রিক্ট।

শ্রীশরৎচন্দ্র দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় যখন সরকারে ছিলেন না, যখন মন্ত্রী ছিলেন না, তখন তিনি আমাদের ওখানে গেছেন, তিনি তো দেখে এসেছেন ৯ মাইল দীর্ঘ এবং ৫ মাইল প্রস্থ জায়গায় লাইমস্টোন ছড়িয়ে আছে, তবে ডিপার্টমেন্টের কথায় কেন বিশ্বাস করছেন?

বিজনেসম্যানরা আই ডি সি ডিপার্টমেন্টকে প্রভাবিত করছে যার ফলে আমাদের ওখানে সিমেন্ট ফ্যাক্টরি হতে বাধাপ্রাপ্ত হচ্ছে, এটা কি সত্য কথা?

শ্রীতরুণকান্তি ঘোষঃ না, এই কথা সত্য নয়।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ মন্ত্রিমহাশয় বললেন যে, ব্যাকওয়ার্ড ডিসট্রিক্ট পুরুলিয়ার ঝালদায় সিমেন্ট কারখানা হবে, এই সিমেন্ট কারখানা কতদিনের মধ্যে হবে এবং ব্যাকওয়ার্ড জেলাগুলোতে যে একটা ক'রে কারখানা হবার কথা, তার টাইমবাউন্ড প্রগ্রামটা বলবেন যে কতদিনে মধ্যে হবে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ প্রথমে লাইমস্টোন পাওয়া যায় কিনা একটা সিমেন্ট ফ্যাক্টরি পুরোপুরি চালু করবার জন্য সেই সম্বন্ধে যতক্ষণ না রিপোর্ট পাচ্ছি ততক্ষণ আমরা সিদ্ধান্ত নিতে পারি না। লাইমস্টোনে হবে কি স্লাগে হবে? লাইমস্টোন যদি পাই, তা হ'লে ঝালদায় হবে। লাইমস্টোনে ঝালদায় শুরু করলে, একটা সিমেন্ট ফ্যাক্টরি শুরু থেকে ১৮ মাস লাগে প্রডাকশন করতে। যদি লাইমস্টোন না পাওয়া যায়, যদি স্লাগে করতে হয়, তা হ'লে কিছু বেশী সময় লাগবে।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে আই ডি সি-র চেয়ারম্যান বটুক দত্ত এবং তার ভাইপো সাধন দত্ত যিনি কোন এক সময় আমেরিকান ফার্ম ইন কোলাবোরেশন উইথ কুলজিয়ান কোং-এ কাজ করছিলেন, সেই সাধন দত্ত-র অদৃশ্য হাত আমাদের পশ্চিমবাংলার শিল্প সম্প্রসারণে ব্যাঘাত সৃষ্টি করছে, এই কথা কি সত্য?

(নো রিপ্লাই।)

[1-30—1-40 p.m.]

শ্রীমহম্মদ ইদ্রিস আলীঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, পুরুলিয়া ইস এ ব্যাকোয়ার্ড ডিস্ট্রিক্ট, কিন্তু আমি যেটুকু জানি তাতে পুরুলিয়ার সাঁতালদিতে একটা থার্মাল পাওয়ার প্রজেক্ট আছে এবং ঝালদাতে একটা সিমেন্ট ফ্যাক্টরি হতে যাচ্ছে, এইগুলি থাকা সত্ত্বেও পুরুলিয়া যদি ব্যাকোয়ার্ড হয়, তা হ'লে মুর্শিদাবাদ কোন ইন্ডাস্ট্রির জন্য ফরোয়ার্ড হচ্ছে।

মিঃ স্পীকারঃ দিস কোশ্চেন ডাস নট অ্যারাইস।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ আই ডি সি-র চেয়ারম্যান শ্রীবটুক দত্ত এবং তার ভাইপো শ্রীসাধন দত্ত এরা দুজনে পরামর্শ করে সারা পশ্চিমবাংলায় শিল্প সম্প্রসারণের যে সম্ভাবনা আছে তাতে বাঁধা সৃষ্টি করছেন, এটা সত্য কিনা?

Mr. Speaker: The question does not arise. You are making an allegation.

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ আই ডি সি-র চেয়ারম্যান শ্রীবটুক দত্ত এবং তার ভাইপো শ্রীসাধন দত্তর ষড়যন্ত্রের ফলে এই সিমেন্ট কারখানাটির সম্প্রসারণের পথে বাধা সৃষ্টি হচ্ছে কিনা, এটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ সম্প্রসারণ কি করে হবে, এখনো এই জিনিসটা হ'লই না, একটা জিনিস হ'লে তবে তার সম্প্রসারণের প্রশ্ন ওঠে।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ আই ডি সি-র চেয়ারম্যান, যিনি ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কাস্টোডিয়ান সেই বটুক দত্ত এবং তার ভাইপো সাধন দত্ত এদের দুজনের ষড়যন্ত্রের ফলে এই সিমেন্ট কারখানা হতে পারছে না, এই কথা সত্য কিনা?

শ্রীতরুণকান্তি ঘোষঃ এই কথা সত্য নয়।

শ্রীকাশীনাথ মিশ্রঃ পুরুলিয়াকে ব্যাকোয়ার্ড ডিস্ট্রিক্ট বলা হয়েছে এবং সেই জন্য সেখানে সিমেন্ট কারখানা স্থাপন করা হচ্ছে, তা হ'লে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এই জন্য এনকোয়ারি করার বিষয়ে একটা কমিটি করে দেবেন কি, যাতে তার রিপোর্টে জানা যাবে কত তাড়াতাড়ি এটা করা যাবে, বা কত দিনের মধ্যে এই কাজ আরম্ভ করা যেতে পারে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ সিমেন্ট কারখানা একটা শুরু হবে, এ কথা আমি বলেছি এবং এই কথাও বলেছি যে, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার সিমেন্ট কর্পোরেশন-এর কাছে লাইমস্টোনে করা যায় কিনা জানতে চেয়েছি এবং আমাদের অভিজ্ঞ লোকেরা এই বিষয়ে দেখা-শুনো করছেন, তাদের রিপোর্ট পেলে আমরা তবে জানতে পারব যে, লাইমস্টোন থেকে সিমেন্ট করা ওখানে সম্ভব হবে কিনা, যদি সম্ভব হয়, তা হ'লে আমরা লাইমস্টোন থেকে করব এবং তা যদি সম্ভব না হয়, তা হ'লে আমরা স্লাগ সিমেন্টের একটি কারখানা ওখানে করব। লাইমস্টোন যদি পাওয়া যায়, তা হ'লে স্লাগ সিমেন্টের কারখানাটি আসানসোলের কোন এক জায়গায় হবে। তবে পুরুলিয়াতে একটি সিমেন্টের কারখানা হবেই, কারণ পুরুলিয়া ইস এ ব্যাকোয়ার্ড ডিস্ট্রিক্ট, সেই জন্য ওখানে আমাদের এটা করতে হবে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর আমাদের শ্রদ্ধেয় শিল্প বাণিজ্যমন্ত্রী জনগণের কাছে, বেকার যুবকদের কাছে প্রচুর উৎসাহ সৃষ্টি করেছিলেন তাঁর বক্তৃতার মাধ্যমে। তিনি বার বার পশ্চিমবঙ্গবাসীদের জানিয়েছেন যে, পশ্চিমবঙ্গে বিভিন্ন শিল্প এই সরকারের মাধ্যমে হতে পারবে এবং বিধানসভায়ও বলেছেন, ঝলদাতে সিমেন্টের কারখানা, আর্সাতে বিয়ারের কারখানা ইত্যাদি পুরুলিয়া ডিস্ট্রিক্টে হবে এবং এই বিষয়ে তিনি সুস্পষ্টভাবে আশ্বাস দিয়েছিলেন। কিন্তু এক বছর অতিক্রান্ত হয়ে গিয়েছে, আজ শিল্পবাণিজ্যমন্ত্রী যদিও আমাদের সকলের জানা আছে যে, তাঁর বিশেষ কর্মদক্ষতা এবং চেষ্টা আছে, তবুও জানতে চাইছি যে, এক বছর অতিক্রান্ত হয়ে যাওয়ার পরও আজকে মাননীয় মন্ত্রিমহাশয়ের পক্ষে সম্ভব হচ্ছে না বলা যে, লাইমস্টোন থেকে সিমেন্ট হবে, না স্লাগ থেকে সিমেন্ট হবে, কারণ এটা জনসাধারণের বুঝতে অসুবিধা হচ্ছে যে, এটা কবে হবে এবং কি রকম হবে। আজকে পার্টিকুলার পয়েন্টে, ঝালদাতে সিমেন্টের কারখানা স্থাপনের বিষয়ে আমি জানতে চাইছি যে, কবে এটা ফাইনালাইসড হবে এবং কবে নাগাত কাজ শুরু হবে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমি আশা করি কয়েক সপ্তাহের মধ্যে আমার কাছে রিপোর্ট আসবে এবং তারপর আমরা একটা সিদ্ধান্ত নেব। আপনাদের জানা দরকার যে, একটা মিশ্র ইস্পাত কারখানা করতে গেলে ৫০ কোটি টাকা ব্যয় করে এই কারখানা তৈরি হবে। এটা তৈরি করার সময় যদি ঠিকভাবে আমরা না এগুই, তা হ'লে বছরে ৩ কোটি টাকা লোকসানের ঝুঁকি আমরা চাপিয়ে দিয়ে যাব এবং তাতে বেকার সমস্যা সমাধান হবে না, দেশের অর্থনৈতিক উন্নতিও হবে না। অতএব এ সব জিনিস চিন্তা করতে হবে। এ সব চিন্তা করে যদি ভালভাবে কাজ করতে পারি, তা হ'লে আর রিগ্রেট করতে হবে না। আই অ্যাম সরি, ডিলে হচ্ছে। পশ্চিমবঙ্গের শিল্প করা সম্বন্ধে একটা দ্বিধা ছিল সেটা অনেকটা এখন কেটে গেছে। ল অ্যান্ড অর্ডার সিচুয়েসান অনেক ইম্প্রুভ করেছে। জয়েন্ট সেকটারে কাকে নিয়ে করব তা ঠিক করতে পারছি না। বড় কাউকে নিয়া করা নীতিগতভাবে বাঁধা আছে। মধ্যবিত্ত শিল্পপতিদের নিয়ে করার চেষ্টা করা হচ্ছে, কিন্তু দেখা যাচ্ছে যে, তাদের টাকা নেই। অনেক ভেবে সবকিছু ঠিক করতে হচ্ছে। আমরা নিজেরাই করব কিনা তাও ভাবতে হচ্ছে। এ সব জিনিস করতে গেলে কিছু সময় লাগবে। অতএব একথা বলতে পারি যে, আমরা সম্পূর্ণ ওয়াকিবহাল আছি পশ্চিমবাংলায় বেকার সমস্যা দূর করার জন্য। কিন্তু তাড়াতাড়ি করতে গিয়ে ভুল না করি। শিল্প সম্বন্ধে কয়েক সপ্তাহ মধ্যে আশা করি কাগজপত্র পাব।

শ্রীঅশ্বিনী রায়ঃ ঝালদায় হোক, আর আসানসোলেই হোক এই সিমেন্ট কারখানা পাবলিক সেকটার বা স্টেট সেকটার-এ হবে এ রকম কোন সিদ্ধান্ত নিয়েছেন কিনা? এই সিমেন্ট কারখানা প্রাইভেট অথবা পাবলিক ব'লে এখানে টোটাল এমপ্লয়মেন্ট পোটেনশিয়াল কত হবে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ টোটাল এমপ্লয়মেন্ট পেটেনশিয়াল ফিগার আমার কাছে নেই। স্টেট এবং পাবলিক সেকটর দুটো আলাদা জিনিস।
obiviously it is in the private sector and either it will be in a joint sector or it will in the State sector.

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্তঃ আপনি জানেন কি পুরুলিয়াতে এক্সপার্ট অপিনিয়ন নেবার পর ডাঃ রায় সিদ্ধান্ত নিয়েছিলেন যে, সেখানে সিমেন্ট কারখানা হওয়া সম্ভব?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমরা সিমেন্ট কারখানা করার জন্যই তো পুরুলিয়াকে বেছে নিয়েছি।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্তঃ তা হ'লে ডিসিসান হচ্ছে না কেন এবং এজন্য ডাঃ রায় সেন্টারের কাছ থেকে টন প্রতি ৫ টাকা করে সাবসিডি চেয়েছিলেন। এসব রণজিৎ রায়ের বই ওয়েস্ট-বেঙ্গল-এ পাওয়া যাবে। তা ব'লে এটা না হবার কারণ কি? আমার মনে হয় অতীতের ফাইল দেখলেই এক্সপার্ট ওপিনিয়ন-এর মতামত সব জানা যাবে। আপনি সেসব দেখেছেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ পুরুলিয়া সম্বন্ধে কোন দ্বিধা নেই। সেখানে লাইমস্টোন আছে কিনা সেটা দেখতে হবে। গভর্নমেন্ট অব ইণ্ডিয়া এক্সপার্ট যাঁরা তাঁরা এটা দেখছেন এবং তাঁরা যে রিপোর্ট দেবেন সেই রিপোর্ট দেখে সব করতে হবে।

সমবায় ব্যাংক ও জাতীয়করণ ব্যাংকের দাদনের বৈষম্য

***১৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং ১৬৭৬।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সমবায় ব্যাঙ্কের দাদনের অনাদায়ী টাকার ক্ষেত্রে ৩ শতাংশ (কেন্দ্রীয় ব্যাঙ্ক) ও ৮ শতাংশ (প্রাথমিক ব্যাংক) রিস্ক ফান্ড-এর ব্যবস্থা আছে অথচ অপর-দিকে জাতীয়করণ ব্যাঙ্কে ৭৫ শতাংশ ক্রেডিট গ্যারান্টি আছে; এবং

(খ) সত্য হইলে, সর্বক্ষেত্রে একরকম পদ্ধতি চালু করার কোন পরিকল্পনা আছে কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ (ক) ক্ষুদ্র চাষী উন্নয়ন প্রকল্প এলাকায় ক্ষুদ্র চাষী উন্নয়ন সংস্থা কর্তৃক কেন্দ্রীয় সমবায় ব্যাংককে ৩ পারসেন্ট ও প্রাথমিক সমিতিকে ৬ পারসেন্ট হারে রিস্ক সেই ঋণের পরিমাণ যেরূপ বৃদ্ধি পায় সেই বর্ধিত ঋণের উপর কেন্দ্রীয় ব্যাংককে ও প্রাথমিক চাষী ও কৃষি শ্রমিক উন্নয়ন সংস্থা কর্তৃক দেয় এই সাহায্যের পরিমাণ যথাক্রমে ৩ পারসেন্ট ও ৮ পারসেন্ট। এ ছাড়া ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের ২০০ টাকা পর্যন্ত যে ঋণ দেওয়া হয় প্রতি বৎসর সেই ঋণের পরিমাণ যেরূপ বৃদ্ধি পায় সেই বর্ধিত ঋণের উপর কেন্দ্রীয় ব্যাংককে ও প্রাথমিক সমিতিকে তাহাদের স্পেশ্যাল ব্যাড্ডেট রিজার্ভ ফান্ডে যথাক্রমে ৪ পারসেন্ট ও ১২ পারসেন্ট সাহায্য সরকার কর্তৃক দেওয়া হয়। প্রাকৃতিক দুর্যোগের কারণে ফসলহানি হওয়ার ফলে কৃষকগণ যাহাতে স্বল্পমেয়াদী ঋণ মধ্যমেয়াদীতে পরিণত করতে পারেন সে উদ্দেশ্যে রাজ্য সমবায় ব্যাংকের ক্রেডিট স্টেবিলাইজেশন ফান্ড শক্তিশালী করিবার জন্য আর্থিক সাহায্য দেওয়া হয়। দুর্বল কেন্দ্রীয় ব্যাংকগুলিকে পুনর্বাসনের উদ্দেশ্যে তাহাদের অনাদায়ী বকেয়া ঋণের কিছু অংশ অবলোপনের জন্য অনুদান দেওয়া হয়।

রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলি যে স্বল্পমেয়াদী কৃষিঋণ দাদন করিয়া থাকে তাহার ৭৫ পারসেন্ট (অনূর্ধ্ব ২,৫০০ টাকা পর্যন্ত) ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশন কর্তৃক গ্যারান্টি দিবার ব্যবস্থা আছে।

[1-40—1-50 p.m.]

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ মাননীয় মন্ত্রিমহাশয় বিস্তারিত উত্তর দিলেন, কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে, চাষীদের ক্ষেত্রে সমবায় ব্যাঙ্কগুলি বেশী কাজ করছে, বেশী লগ্নী করছে

রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলি বেশী সুবিধা পাওয়া সত্ত্বেও এই টাকা লগ্নী করতে পারছে না, এখানে সমবায় ব্যাঘাত ঘটছে। আমি মন্ত্রিমহাশয়ের কাছে একটা প্রশ্ন করতে চাই, সমবায় ব্যাংকগুলির জাতীয় ব্যাংকের চেয়ে শতকরা ৭৫ ভাগ ক্রেডিট গ্যারান্টি রয়েছে, অথচ কেন্দ্রীয় প্রাথমিক সমবায় ব্যাংকগুলির ৩ পারসেন্ট, ৬ পার্সেন্ট রয়েছে। এই সমবায়গুলিকে বাঁচাতে গেলে রাষ্ট্রায়ত্ত ব্যাংকের মত এদের ফেসিলিটিজ দেওয়ার পরিকল্পনার কথা সরকার চিন্তা করছেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ মাননীয় সদস্য হয়ত বুঝতে ভুল করছেন। যেটা ৩ পারসেন্ট, ৬ পারসেন্ট, ৮ পারসেন্ট বিভিন্ন ক্ষেত্রে আছে সেটা হচ্ছে অনুদান। সেখানে যে টাকা সমবায় ঋণ দিচ্ছে প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষীদের সেই ঋণ আদায় না অনাদায়ের উপর এই অনুদান নির্ভর করে না, সেই টাকা যদি দাদন ব্যাংক দিয়ে থাকে, তা হ'লে সেই ৩ পার্সেন্ট হারে কেন্দ্রীয় ব্যাংক, ৬ পার্সেন্ট হারে প্রাইমারী সোসাইটিজ এবং অন্যান্য ক্ষেত্রে ঐ ৮ পার্সেন্ট ১২ পার্সেন্টের মধ্যে সীমাবদ্ধ আছে। আর ন্যাশনালাইজড ব্যাংকের ৭৫ পার্সেন্টের যে ব্যাপার, ব্যাংক যেটা দিচ্ছে চাষীদের সেই টাকা যদি আদায় না হয়, তা হ'লে সেখানে যে ওভারডিউটা আছে সেই ওভারডিউকে ৭৫ পার্সেন্ট কভার করছে এবং সেই কভার করার গ্যারান্টির জন্য সেই ব্যাংককে একটা প্রিমিয়াম দিতে হয়। কাজেই দুটো স্কীম সম্পূর্ণ আলাদা। ৩ পার্সেন্ট সাহায্য দেওয়া আর ৭৫ পার্সেন্ট সাহায্য দেওয়া এক জিনিস নয়।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলি কৃষি ক্ষেত্রে বেশী টাকা লগ্নী করতে পারছে না বা করছে না কেন?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ রাষ্ট্রায়ত্ত ব্যাংক আমার অধীনে নয়, আমার বলবার ক্ষমতা নেই।

লাংগলহাটা বিল সংস্কার

*৯৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩৮।) **শ্রীহরশংকর ভট্টাচার্যঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, লাংগলহাটা বিল সংস্কার করিলে লক্ষ লক্ষ বিঘা চাষযোগ্য জমি পাওয়া সম্ভব; এবং

(খ) অবগত থাকিলে, এই বিল সংস্কারের কোন পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কিনা ও করিলে, কবে নাগাদ উহার কার্য আরম্ভ হইবে?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ (ক) লাংগলহাটা বিল ও তৎসংলগ্ন প্রায় ত্রিশ হাজার একর পরিমাণ এলাকা বর্ষাকালে জলমগ্ন হইয়া যায়। একটি উপযুক্ত জলনিকাশী প্রকল্প রূপায়ণের মাধ্যমে এই এলাকার জমি চাষযোগ্য করিয়া তোলা সম্ভব হইতে পারে। শুধু লাংগলহাটা বিলের সংস্কার করিয়া কোনও ফল পাওয়া যাইবে না।

(খ) লাংগলহাটা বিল ও তৎসংলগ্ন এলাকায় একটি উপযুক্ত জলনিকাশী প্রকল্পের জন্য সমীক্ষা ও অনুসন্ধান কার্য চলিতেছে। সমীক্ষার ফল অনুকূল হইলে জলনিকাশী প্রকল্পটি তৈরি করা হইবে এবং প্রয়োজনীয় অর্থের সংস্থান হইলে প্রকল্পের কাজ আরম্ভ করা হইবে।

শ্রীঅশ্বিনী রায়ঃ এই যে প্রকল্প করবেন বলছেন এটা কার্যকর হ'লে এই যে ২০ হাজার একর জলমগ্ন থাকে সেটা কি আবাদযোগ্য হবে?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ হ্যাঁ, চাষযোগ্য হবে।

শ্রীঅশ্বিনী রায়ঃ এই যে প্রকল্প আপনারা করছেন এটা কোন কোন স্তরে রয়েছে? ২০ হাজার একর একটা বড় এলাকা এবং বর্তমানে আমাদের খাদ্যশস্যের যে রকম অভাব রয়েছে তাতে

তাড়াতাড়ি যদি আবাদযোগ্য করা যায়, তা হ'লে অনেক ফসল পাওয়া যাবে। কাজেই আমার প্রশ্ন হচ্ছে পরিকল্পনা যেটা করছেন সেটা এখন কোন স্তরে রয়েছে এবং কখন কার্যকর করা যাবে?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরী: সার্ভে ইনভেস্টিগেসন স্টেজ-এ রয়েছে, তথ্য সংগ্রহ করা হচ্ছে। এটা সংগ্রহ হ'লে আমাদের এখানে যে টেকনিক্যাল কমিটি আছে সেখানে এটা পাশ করা হবে। কত টাকা খরচ হবে আমি জানি না, কারণ আমি রিপোর্ট পাই নি। তবে যদি বিরাট টাকার দরকার হয় এবং যদি ডিফিকাল্ট স্কীম হয়, তা হ'লে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার সি ডবলিউ পি সি-তে পাঠাতে হবে এবং তারপর প্ল্যানিং কমিশন থেকে গ্রিন সিগন্যাল পেলে কাজ আরম্ভ হবে।

সুতা লইয়া ফাটকাবাজী

*৯৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯১১।) **শ্রীনিতাইপদ সরকার:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, দীর্ঘ দিন যাবৎ বড়বাজারের একচেটিয়া সুতা ব্যবসায়ীরা তাঁতিদের সরবরাহযোগ্য সুতা লইয়া ফাটকাবাজী করিয়া চলিয়াছেন; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: (ক) এ বিষয়ে এই দপ্তরে লিখিত কোন অভিযোগ নাই।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীনিতাইপদ সরকার: মন্ত্রিমহাশয় বললেন এই সম্বন্ধে লিখিত অভিযোগ নেই। কিন্তু আপনি কি জানেন এই সুতো বিক্রির ব্যাপার নিয়ে বা তার সরবরাহ নিয়ে বাংলাদেশের তাঁতি এবং অন্যান্য পাওয়ার লুম যেগুলি রয়েছে সেখানে নানা রকম অসুবিধা সৃষ্টি হয়েছে?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: আমি অবগত আছি। আমরা এক বছর ধ'রে কেন্দ্রীয় সরকারের কাছে বলে আসছি সুতোর যাতে প্রাইস কন্ট্রোল হয়। মাননীয় সদস্যেরা জানেন গত মাসে সুতোর কন্ট্রোল অর্ডার হয়েছে। সুতোর দাম যেভাবে বাড়ছিল সেটা যাতে না বাড়ে এবং তার বণ্টন যাতে ভালভাবে হয় তার জন্য রাজ্য সরকারের তরফ থেকে যথাযথ ব্যবস্থা নিয়েছি এবং সুতো বণ্টন শুরু হয়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যে পরিমাণ সুতো পাব ব'লে আশা করেছিলাম বিভিন্ন মিলগুলি থেকে পাওয়ার কাট-এর ফলে এবং তা ছাড়া তামিলনাডু এবং অন্ধ্র প্রদেশে রাজনৈতিক গন্ডগোলের জন্য সেটা আমরা পাই নি। আমরা কেন্দ্রীয় সরকার এবং টেক্সটাইল কমিশনার-এর সঙ্গে কথাবার্তা বলেছি যাতে সুতোর কোটা বাড়ান হয় এবং এটা বাড়ান হ'লে আমরা বণ্টন ব্যবস্থা সুষ্ঠু করতে পারব।

শ্রীনিতাইপদ সরকার: মন্ত্রিমহাশয় বলবেন কি, সমস্ত রাজ্যে সুতোর সরবরাহের ক্ষেত্রে একই রকম দাম করবার জন্য কেন্দ্রীয় সরকারকে যে অনুরোধ করেছিলেন সেটার কি হয়েছে? অর্থাৎ সমস্ত রাজ্যে কি একই দাম স্থিরীকৃত হয়েছে?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: এখানে যে ইয়ার্ন কন্ট্রোল অর্ডার হয়েছে তাতে মোটামুটিভাবে একটা দাম নির্ধারণ করা হয়েছে। আমি জেনারেল পলিসি এখন বলতে পারি, ডিটেলস্ আমার কাছে এলে বলব। ৬০ কাউন্টের উপর যে সমস্ত মিল প্রোডাকসন করত তারা জুন মাসে যে দাম ছিল সেই দামে বিক্রি করতে পারবে। ৬০ কাউন্টের নীচে যারা প্রোডাকসন করত তারা

ডসেম্বর মাসে যে দামে বিক্রি করেছে সেই দামে বিক্রি করতে পারবে এটা ঠিক হয়েছে। সর্ব-ভারতীয় ভিত্তিতে একটা দাম ঠিক হয় নি। একটা মিলের ৬০ কাউন্টের সুতো এক রকম এবং অন্য মিলের ৬০ কাউন্টের সুতো অন্য রকম। কাজেই এক রকম দাম হবে একথা বলা যায় না।

1-50—2-00 p.m.]

শ্রীনিতাইপদ সরকারঃ এই যে সুতো সরবরাহ করবার জন্য আপৎকালীন ব্যবস্থা হয়েছে, এবং সুতা বিভিন্ন জায়গায় সরবরাহ করা হচ্ছে, এমন কি দামে বিভিন্ন জেলাতে এই সুতো তাঁতিদের ক্ষেত্রে এবং পাওয়ার লুমের ক্ষেত্রে সরবরাহ করা হচ্ছে?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ বিভিন্ন দাম আছে, পশ্চিমবাংলায় ৪১টা মিল আছে। তা ছাড়া আমাদের উপরে তামিলনাড়ু মিলের থেকে অ্যালটমেন্ট হয়েছে, মহারাষ্ট্র থেকে হয়েছে, উড়িষ্যা থেকে হয়েছে, সবশুদ্ধ দেখা যাবে ৭৪০টা মিলের উপর হয়েছে এবং প্রত্যেকটা মিলে বিভিন্ন কাউন্টের সুতো আছে ১ থেকে আরম্ভ করে ১২০ পর্যন্ত। প্রত্যেকটা কাউন্টের বিভিন্ন মিলের বিভিন্ন দাম, কাজেই প্রতিটির দাম বলা এখানে সম্ভব নয়। আপনি যদি প্রশ্ন করেন তা হ'লে প্রত্যেকটা মিল থেকে এনে জানিয়ে দেব।

শ্রীসুধীর দাসঃ মফঃস্বলের অনেক দোকান থেকে সুতা সিজ করা হয়েছে, যার ফলে তাঁতিরা সুতো পাচ্ছে না এবং সেই জন্য যে সংকট হয়েছে, সেই সংকট দূর করবার জন্য সরকারের কোন চিন্তা আছে কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ সিজ করে সরকার নিশ্চয়ই ঘরে রেখে দেবেন না, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে জানাই যে, সিজ যা করা হয়েছে সেগুলিকে যাতে ঠিক মত বন্টন করা যায় তার জন্য স্টেট লেবেলে একটা কমিটি করেছি এবং ডিস্ট্রিক্ট লেভেলেও কমিটিগুলি শীঘ্র হবে এবং জেলাশাসকরা চেয়ারম্যান হবেন সেই কমিটির। সেই জেলার বিভিন্ন তাঁতিদের কি ভাবে সুতো বন্টন করা হবে সেটা তারা ঠিক করবেন। সেই জেলাতে সাবডিলার থাকবেন, তারা কলকাতা থেকে ডিলারদের কাছ থেকে সুতা নিয়ে গিয়ে এই কমিটির পরামর্শ অনুযায়ী বিভিন্ন তাঁতিদের প্রোরেটা বেসিসে সুতা বন্টন করবেন।

শ্রীসরোজ রায়ঃ পূর্বে মিনিস্টার-ইনচার্জ একটা উত্তর দিয়েছিলেন যে, প্রত্যেক ডিস্ট্রিক্ট-এ সুতো কিছু স্টক করা হয়েছে লোকাল তাঁতিদের সাপ্লাই করবার জন্য। আমরা খবর নিয়ে জেনেছি যে, মেদিনীপুর ডিস্ট্রিক্টে যে পরিমাণ সুতা দেওয়া হয়েছিল, সেখানে সেই পরিমাণ সুতা নেই, তা হ'লে জেলার যে স্টক করার কথা ছিল সেটার পরিমাণ কি একটু ব'লে দেবেন?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ আপনার প্রশ্নটা বুঝতে পারলাম না। স্টক করাটা কি সিস ইয়ার্নের কথা বলছেন?

শ্রীসরোজ রায়ঃ না তা নয়, যেটা আপনাদের সাপ্লাই করার কথা এবং স্টক করার কথা বলেছিলেন, মেদিনীপুর ডিস্ট্রিক্টে সিস করার কেন প্রশ্ন নয়।

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ সাপ্লাই তো আরম্ভ হয় নি, সুতরাং উধাও প্রশ্ন নাই, তবে সাপ্লাই আরম্ভ হয়েছে, শেষ হয়ে যায় নি।

শ্রীসরোজ রায়ঃ সুতা কি দিয়েছে?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ খোঁজ নিয়ে জানাব।

শ্রীবলাইলাল শেঠঃ বড়বাজার থেকে প্রতিবেশী বাংলাদেশে, অর্থাৎ মুজিবরের দেশে, প্রতি মাসের প্রথম দিকে বহু সুতা কালোবাজারীরা নিয়ে যাচ্ছে, যদি আপনি আপনার ডিপার্টমেন্টকে সজাগ করেন, তা হ'লে দেখবেন যে, বড়বাজার থেকে প্রতি মাসের ১ তারিখ থেকে ৬ তারিখ পর্যন্ত বহু সুতা চোরাপথে বাংলাদেশে চ'লে যাচ্ছে. এই ব্যাপারে কি অবগত আছেন?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ চোরাপথে সুতা যাচ্ছে, কিনা যাচ্ছে সেটা আমার দপ্তরের ব্যাপার নয়, এটা অন্য দপ্তর দেখবে।

শ্রীবলাইলাল শেঠঃ যখন সুতার অভাব হচ্ছে আমাদের দেশের তাঁতিরা সুতা পাচ্ছে না, কি কারণে পাওয়া যাচ্ছে না এটা অন্য দপ্তরকে জানানোর প্রয়োজন আছে কি এবং এটা অনুসন্ধান ক'রে দেখবেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংঃ যাতে সুতা বাইরে চ'লে না যায় তার জন্য অন্য দপ্তরের সঙ্গে নিশ্চয়ই কথা বলব।

শ্রীসরোজ রায়ঃ সুতোটা যে ডিস্ট্রিক্ট-এ স্টক করার কথা হয়েছে, সেটা কি ব্লকওয়াইজ হয়েছে না ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টারে হবে?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ আমি তো বললাম যে বণ্টন ব্যাপারের জন্য প্রত্যেক জেলাতে একটা করে কমিটি ক'রে দেওয়া হবে। সেখানকার জেলাশাসক সেই কমিটির চেয়ারম্যান থাকবেন এবং সেই কমিটি ঠিক করবেন যে, সেই জেলাতে কে কে সাব-ডিলার হবেন এবং সেই সাব-ডিলার নিযুক্ত হ'লে কলকাতাতে আমরা যে সমস্ত ডিলার নিযুক্ত করবো স্টেট লেভেলে সেই স্টেট লেভেলে কমিটির ডিলারদের কাছ থেকে সাব-ডিলাররা সুতা নিয়ে যাবেন এবং তাঁরা বিভিন্ন এলাকাতে তাঁতিদের সুতা বণ্টন করবেন এই জেলা কমিটির সুপারিশ অনুসারে।

শ্রীসরোজ রায়ঃ যদি কোন ব্লকে সাব-ডিলার্স না পাওয়া যায় অথচ গরিব তাঁতি থাকে তারা কোথা থেকে সুতা পাবে? ডিফিকল্টিটা বুঝুন, কোন ইন্টিরিয়ার ব্লকে, ডিস্ট্রিক্ট হেড কোয়াটার্স থেকে বহু দূর, সেখানে কোন সাব-ডিলার পাওয়া যাচ্ছে না, সেখানে গরিব তাঁতিরা কোথা থেকে নেবে?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ এই ব্যবস্থাত নূতন নয়। সেখানে ইন্টিরিয়ারে যে সমস্ত তাঁতিরা আছেন তাঁরা নিশ্চয়ই কোন না কোন জায়গা থেকে কন্ট্রোলে সুতাটা কিনতেন...(শ্রীসরোজ রায়ঃ তখন পেতেন ওপেন মার্কেট থেকে।) ওপেন মার্কেটটা কোথায়? তাঁরা তো নিশ্চয়ই আসতো সুতাটা নিয়ে যাওয়ার জন্য। সেই যে দোকান তাঁদের ছিল তাঁরা হয়তো সেখানে সাব-ডিলার নিযুক্ত করতে পারে।

শ্রীসরোজ রায়ঃ হয়তো না, তাঁরা ডিলারশিপ নিতে পারছে না।

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ যদি সেইরকম কোন স্পেসিফিক প্রবলেম থাকে, তা হ'লে আমাদের কাছে দেবেন আমরা সল্ভ করার চেষ্টা করবো।

মুর্শিদাবাদে পাটকল খোলার পরিকল্পনা

*১০০০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৩।) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় পাটকল খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কোথায় ও কবে নাগাদ উহা স্থাপিত হইবে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ (ক) আপাততঃ নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, গত মুর্শিদাবাদ প্ল্যানিং কমিটিতে ঐ ফারাক্কাতে একটা পাটকল খোলার প্রস্তাব নেওয়া হয়েছিল?

শ্রীতরুণকান্তি ঘোষ: হতে পারে, কিন্তু আপাততঃ পশ্চিমবঙ্গে যে ৫৪টি পাটকল রয়েছে সেই সব পাটকলে পাট যোগান দেবার মত পাট এখন পশ্চিমবঙ্গে উৎপন্ন হচ্ছে না। অতএব আমাদের পশ্চিমবঙ্গে যে পাটকলগুলি রয়েছে তার যে পুরো ক্যাপাসিটি আছে সেইগুলিকে ফুললি ইউটিলাইজ না ক'রে নূতন ক'রে পাটকল খোলার প্রস্তাব সরকারের নেই।

শ্রীমহম্মদ দেদার বক্স: পশ্চিমবঙ্গে যেসমস্ত জেলায় পাট উৎপন্ন হয় তার মধ্যে এই মুর্শিদাবাদ জেলায় প্রচুর পরিমাণে পাট হয়—পাট উৎপাদনের অন্যতম জেলা, সেখানে এই দিক দিয়ে পাটকল খোলার গুরুত্ব স্বীকার করেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষ: দেদার বক্স সাহেব বোধহয় আমার কথাটা ঠিক শোনেন নি। আমি বললাম যে, পশ্চিমবঙ্গে ৫৪টি পাটকল আছে, এই ৫৪টি পাটকলে যত পাটের দরকার তত পাট পশ্চিমবঙ্গে সময় সময় উৎপন্ন হয় না। গত বৎসর শর্টেজ হয়েছিল, এ বছর কি হবে বলতে পারি না। অতএব আমাদের পাটকলের যে ক্যাপাসিটি আছে সেই ক্যাপাসিটি অনুযায়ী পাট উৎপন্ন না করতে পারলে বা তার চেয়ে বেশী না করতে পারলে নূতন পাটকল করার প্রশ্ন উঠতে পারে না। আজকে একটা জেলায় পাট বেশী উৎপাদন হচ্ছে ব'লে সেই জেলায় নূতন পাটকল করতে হবে এইভাবে তো চিন্তা করা হয় না, টোটাল ওয়েস্ট বেঙ্গলের টোটাল জুটমিল এইভাবেই চিন্তা করা হয়।

শ্রীমহম্মদ দেদার বক্স: যেখানে পাট বেশী উৎপন্ন হবে সেখানে পাটকল বসান উচিত। মাননীয় মন্ত্রিমহাশয়ের জানা আছে কি যে, যেসব জায়গায় পাটকল আছে, কোন্ কোন্টা পাটের অভাবে অচল হয়ে পড়েছে?

শ্রীতরুণকান্তি ঘোষ: অচল হয়ে পড়েছে একথা কি বলেছি? অচল হয়ে পড়েছে একথা তো বলি নি। আমি বলেছি যে, পশ্চিমবঙ্গে আর একটা পাটকল হওয়ার মত পাটের অবস্থা নেই।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: আচ্ছা, পাটের অভাবের কথা বললেন, কিন্তু পাট থেকে বাই-প্রডাক্ট যেটা হয় এই রকম কোন কারখানা খোলার কথা মুর্শিদাবাদে কি চিন্তা করছেন?

শ্রীতরুণকান্তি ঘোষ: মুর্শিদাবাদে জেনারেল ইন্ডাস্ট্রিস কি হতে পারে সেইরকম একটা প্রশ্ন দেবেন, উত্তর দেবো। কিন্তু পাট সম্বন্ধে যেকথা বলেছেন তার উত্তর দিয়েছি।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: আমি বলছি পাটকাঠি থেকে করার কথা। পাট থেকে উৎপন্ন হয় এই রকম কোন কারখানা খোলার জন্য মুর্শিদাবাদের কথা চিন্তা করছেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষ: মুর্শিদাবাদে যাতে ইন্ডাস্ট্রিস্ হয় সেইরকম চিন্তা নিশ্চয়ই আমাদের আছে, কিন্তু পাটকাঠি নিয়ে কি করা যাবে এইরকম ডিটেল কিছু এখন বলতে পারছি না।

শ্রীআদ্যচরণ দত্ত: মুর্শিদাবাদ অবহেলিত জেলা। সেজন্য সেখানে নূতন শিল্প স্থাপনের কথা চিন্তা করছেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষ: নিশ্চয়ই।

ভাগীরথী নদীর নাব্যতা

***৭৭১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪৫।) **শ্রীকাশীনাথ মিশ্র:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে ভাগীরথী নদীর নাব্যতা কত;

(খ) ভাগীরথীর নাব্যতা বৃদ্ধি করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) থাকিলে, এ বিষয়ে কত টাকা ব্যয় হইবে, ও কবে নাগাদ ইহার কাজ আরম্ভ হইবে?

[2-00—2-10 p.m.]

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ (ক) ভাগীরথী নদীর নাব্যতা বর্ষাকালে ৪ ফুট হইতে ৮ ফুট পর্যন্ত; বৎসরের বাকী নয় মাস যে নাব্যতা থাকে তাহা ধর্তব্যের মধ্যে নয়।

(খ) ও (গ) এ সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের নিজস্ব কোন পরিকল্পনা নাই। তবে ভারত সরকারের ফরাক্কা প্রকল্পের পরিপূরক হিসাবে ভাগীরথী ও হুগলী নদীর উন্নয়নের জন্য আনুমানিক ১০ কোটি ৮৩ লক্ষ টাকা ব্যয়ে কলিকাতা পোর্ট কমিশনার্সের দুইটি পরিকল্পনা আছে। উহার মধ্যে ভাগীরথীর নাব্যতা বৃদ্ধির জন্য ২৮ লক্ষ ৫০ হাজার টাকার সংস্থান আছে। পরিকল্পনা দুইটির কাজ এর মধ্যেই আরম্ভ করা হইয়াছে। ফরাক্কা প্রকল্পটি চালু হইবার পরই পর্যায়ক্রমে উহার কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায়। ড্রেজিং আরও কয়েক বৎসর চলিতে থাকিবে। ফলে সারা বৎসর ধরিয়া কলিকাতা পর্যন্ত ৮ ফুট নাব্যতা বজায় রাখা সম্ভব হইবে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি সারা বছর নাব্যতা না থাকার জন্য কি বিষয়ে ক্ষতি হচ্ছে?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ সেটাতো এখন বলতে পারি না, ৪০ হাজার কিউসেক জল পাবার পরে বলতে পারব কি ক্ষতি হচ্ছে। এখন যেটা হচ্ছে সেটা হচ্ছে ইরোশন, অনেকের ধারণা ৪০ হাজার কিউসেক জল পড়লে বোধ হয় অনেকগুলি জায়গায় ইরোশন বাড়বে। এখন এক্সপার্টদের দিয়ে সার্ভে করিয়ে দেখছি, আমরা যা মনে করি লালগোলা থেকে আরম্ভ করে ফারাক্কা পর্যন্ত, মালদার ওখানে ইরোশন হচ্ছে, অন্য কোন জায়গায় বোধ হয় আনইউজুয়েল ইরোশন হবে না।

শ্রীকাশীনাথ মিশ্রঃ ভাগীরথীর নাব্যতা বৃদ্ধির জন্য এই যে ২৮ লক্ষ ৫০ হাজার টাকা খরচ হচ্ছে এবং এ বিষয়ে যে পরিকল্পনা নেওয়া হয়েছে তাতে কি কি কাজ হবে?

শ্রীআবদুল বরকত আতাওয়াল গনি খাঁন চৌধুরীঃ হাইড্র ইলেকট্রিক ডিপার্টমেন্ট থেকে ড্রেজিং হবে মোস্টলি, পোর্ট কমিশনার যেগুলি মনে করে—রিভার ট্রেনিং ওয়ার্ক, ড্রেজিং—এই কাজগুলি হবে আর কি।

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

মেট্রিক বাটখারা

***১৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৭০২।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের সর্বত্র মেট্রিক বাটখারা চালু হইয়াছে কি;

(খ) সরকার কি অবগত আছেন যে, হুগলী ও হাওড়া জেলার গ্রামাঞ্চলে পুরাতন বাটখারা এখনও চালু আছে;

(গ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন; এবং

(ঘ) রাজ্যের সর্বত্র মেট্রিক বাটখারা বাধ্যতামূলকভাবে চালু করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ঋণ গ্রহীতার সংখ্যা ১,৮৮০ জন এবং কৃষি ঋণ ২৮,০০০ টাকা।

(খ) কৃষকদের দুর্দশা বিবেচনা করিয়া।

(গ) ২,২৫৬ জন।

(ঘ) কেহ পরিশোধ করেন নাই।

Reorientation of the rural Co-operatives

***991.** (Admitted question No. 1634.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state the steps contemplated by the Government for complete reorientation of the rural Co-operatives in the State?

The Minister for Co-operation Department: A Scheme for revitalisation of primary agricultural credit societies has been taken up. The scheme envisages the setting up of viable village level primary societies. There were 12,769 primary societies at the beginning of the Fourth Five-Year Plan many of which were weak and dormant. It was decided to reduce the number of societies and to form 6,600 viable societies by a process of amalgamation of two or more societies or by liquidating societies having no chance of survival and organising new societies in their areas. These viable and potentially viable societies are being assisted by Government by way of managerial subsidy (Rs. 1,800 per society in 4 years), share capital (up to Rs. 10,000 each) and assistance for construction of rural godowns in some cases (up to Rs. 12,500). The number of societies was brought down to 10,183 by the end of 1971-72. Efforts are also being made for expansion of coverage and reduction of overdue loans. Simultaneously a scheme for the strengthening of Central Co-operative Banks has been taken up on the basis of the recommendations of the Study Team of the Reserve Bank of India. So far a sum of Rs. 143.15 lakhs has been provided as additional share capital to 12 central banks and Rs. 44 lakhs as grant to write a part of the bad debts of 11 central banks. A scheme of amalgamation of weak Central Co-operative Banks is also being implemented.

শ্যামপুর থানায় জোগদামারী-শ্রীকোল ও কমলপুর-রাধাপুর খালে স্লুইস নির্মাণের পরিকল্পনা

*৯৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২৩।) **শ্রীশিশিরকুমার সেনঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলার শ্যামপুর থানায় (১) জোগদামারী-শ্রীকোল খাল, (২) কমলপুর-রাধাপুর খাল দুইটির মুখে স্লুইস করার পরিকল্পনা গত ১৯৭২ সালে গ্রহণ করা হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে, এখনও পর্যন্ত উহাদের কাজ শুরু না হওয়ার কারণ কি?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সত্য নহে।

(খ) এই প্রশ্ন উঠে না।

ডি ভি সি-র বিদ্যুৎ উৎপাদনে পশ্চিমবঙ্গ সরকারের ব্যয়

***৯৯৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯০০।) **শ্রীশৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডি ভি সি-র বিদ্যুৎ উত্তপাদনে পশ্চিমবঙ্গ সরকার ৩১শে জানুয়ারী, ১৯৭৩ পর্যন্ত মোট কত টাকা ব্যয় করিয়াছেন; এবং

(খ) ঐ সময়ে উৎপাদিত বিদ্যুতের কত অংশ পশ্চিমবঙ্গে বরাদ্দ করা হইয়াছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ডি ভি সি-র বিদ্যুৎ উৎপাদনের জন্য ১৯৭২ সালের ডিসেম্বর মাস পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের ৬৩ কোটি ৮৯ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দ আছে। প্রসঙ্গতঃ ১৯৭৩ সালের জানুয়ারি মাসের মাসিক হিসাব এখনও পর্যন্ত স্থিরীকৃত হয় নাই।

(খ) ডি ভি সি কর্তৃক ১৯৭২ সালের ১লা এপ্রিল হইতে ১৯৭৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত বিক্রীত ৩,১৬১ মিলিয়ন কিলোওয়াটের মধ্যে ১,৫০৪ মিলিয়ন কিলোওয়াট বিদ্যুৎ পশ্চিমবঙ্গে বিক্রীত হয়। উহা ঐ সময়ে মোট বিদ্যুৎ উৎপাদনের ৪৭·৬ শতাংশ।

Eastern Region Tourism Convention

***999.** (Admitted question No. *2091.) **Dr. Ramendranath Dutt:** Will the Minister-in-charge of the Home (Tourism) Department be pleased to state—

(a) if it is a fact that recently the Eastern Region Tourism Convention was held in Calcutta;

(b) if so—

(i) when such convention was held, and

(ii) the number of official and non-official delegates from outside the State of West Bengal who attended the convention;

(c) the number of—

(i) Government cars and vehicles,

(ii) hired cars and vehicles, used by the delegates and officials; and

(d) the total expenditure incurred on account of the above vehicles?

The Minister for Home (Tourism) Department: (a) Yes.

(b) (i) On March 10 and 11, 1973.

(ii) The number of official delegates from outside the State was 43; the number of non-official delegates from outside the State was 30.

(c) (i) Four.

(ii) 27 cars and 4 coaches.

(d) Rs. 9,332.05.

আত্রাই নদীর ভাংগনে কুমারগঞ্জ ও বালুরঘাট থানার ক্ষতিগ্রস্ত গ্রাম

*১০০১। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫০।) **শ্রীপ্রবোধকুমার সিংহরায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার আত্রাই নদীর ভাংগনে কুমারগঞ্জ ও বালুরঘাট থানার কয়টি গ্রাম (নাম সহ) ক্ষতিগ্রস্ত হইয়াছে;

(খ) মোট ক্ষতিগ্রস্ত পরিবারের সংখ্যা কত এবং নদীগর্ভে বিলীন কৃষি জমির পরিমাণ কত;

(গ) এই ভাংগন প্রতিরোধের কোন ব্যবস্থা সরকার করিয়াছেন কিনা; এবং

(ঘ) করিয়া থাকিলে, কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কুমারগঞ্জ থানার ৪টি গ্রাম যথাঃ—

(১) চকবোড়াম, (২) বেলতারা, (৩) চকবেহাতাইর ও (৪) বালুপাড়া এবং বালুরঘাট থানার ১৩টি গ্রাম, যথা (১) চক-কাশী, (২) গংগাসাগর, (৩) চকহরিনা, (৪) ফতেপুর, (৫) ভাটসইয়া, (৬) মেরিয়া, (৭) ডাংগি, (৮) মদনগঞ্জ, (৯) কাস্তগর, (১০) মায়ামায়ী, (১১) কালিদাপুর, (১২) রঘুনাথপুর ও (১৩) পাগলীগঞ্জ আত্রাই নদীর ভাংগনে ক্ষতিগ্রস্ত হইয়াছে।

(খ) মোট ক্ষতিগ্রস্ত পরিবারের সংখ্যা ৩৬৮ এবং নদীগর্ভে বিলীন কৃষিজমির পরিমাণ ২৩০·৭৪ একর।

(গ) হ্যাঁ।

(ঘ) বালুরঘাট থানার নাগড়া দক্ষিণ চকভবানী, বালুরঘাট, আত্রাই, পারানপুর এবং চকভৃগু মৌজার কিছু অংশে আত্রাই নদীর ভাংগন প্রতিরোধমূলক ব্যবস্থা ইতিপূর্বে নেওয়া হইয়াছে। এই উদ্দেশ্যে অ্যাপ্রন স্লোপ পিচিং মাটীর বাঁধ প্রভৃতি প্রতিরোধমূলক ব্যবস্থাদি অবলম্বিত হইয়াছে। ইহা ছাড়া অন্যান্য অংশের নদীর ভাংগন রোধ করিবার জন্য নিম্নলিখিত প্রকল্পগুলি বিবেচনাধীন রহিয়াছেঃ

(১) সেওগড়া এবং চকবোড়াম মৌজায় একটি পারমিয়েবল স্পার নির্মাণ।

(২) বালুরঘাট টাউনের নিম্নলিখিত দিকে আত্রাই নদীর বামপ্রান্তে প্রতিরোধমূলক ব্যবস্থা। ইহা ছাড়া মায়াবাড়ী এবং অন্যান্য মৌজাগুলিতেও প্রতিরোধমূলক পরিকল্পনা রচনা করিবার জন্য প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহের কাজ চলিতেছে।

বর্ধমান জেলায় ক্ষুদ্রশিল্প ইউনিট

*১০০৩। (অনুমোদিত প্রশ্ন নং *২১৮৩।) **শ্রীসুব্রত মুখার্জি** (কাটোয়া)ঃ **কুটির ও ক্ষুদ্রায়তন** শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় কতগুলি ক্ষুদ্রশিল্প ইউনিট বর্তমানে চালু আছে;

(খ) তন্মধ্যে ১৯৭২-৭৩ সালে কতগুলি স্থাপন করা হয়েছে;

(গ) কাটোয়া মহকুমায় কতগুলি ক্ষুদ্রশিল্প ইউনিট চালু আছে; এবং

(ঘ) বর্তমান চলতি বৎসরে কাটোয়া বিধানসভা কেন্দ্রে কত ক্ষুদ্রশিল্প ইউনিট স্থাপনের পরিকল্পনা সরকারের আছে?

কুটির এবং ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্ধমান জেলায় মোট ১,২৭৮টি রেজিস্টার্ড ক্ষুদ্রশিল্প ইউনিট চালু আছে।

(খ) এই জেলায় ১৯৭২-৭৩ সালে মোট ১১৭টি ক্ষুদ্রশিল্প ইউনিট স্থাপিত হয়েছে।

(গ) কাটোয়া মহকুমায় ১০২টি ক্ষুদ্রশিল্প ইউনিট চালু আছে।

(ঘ) ১৬ দফা কর্মসূচি অনুযায়ী বর্তমান বৎসরে কাটোয়া বিধানসভা কেন্দ্র এলাকায় ১০৮টি ক্ষুদ্রশিল্প ইউনিট স্থাপনের লক্ষ্য গ্রহণ করা হয়েছে।

ভারতীয় চা পর্ষদের সভার কাজে পর্যটন বিভাগের বাস ব্যবহার

*১০০৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২৫২।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য ও শ্রীদেবব্রত চ্যাটার্জী:** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৬ই এবং ১৭ই মার্চ, ১৯৭৩ দার্জিলিং-এ ভারতীয় চা পর্ষৎ -এর ত্রৈমাসিক সভার কাজে পর্যটন বিভাগের কয়েকখানি লাক্সারি বাস ব্যবহার করা হইয়াছে;

(খ) (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, মোট কতগুলি বাস ঐ সময় চা পর্ষৎ কর্তৃক ব্যবহৃত হইয়াছে; এবং

(গ) ভাড়া বাবদে মোট কত টাকা সরকারী তহবিলে জমা পড়িয়াছে?

পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) পর্যটন বিভাগের একটি অ্যামবাসাডার গাড়ি (ট্যাক্সি) ১৫ই মার্চ এবং একটি মিনিবাস ১৬ই মার্চ চা পর্ষদ কর্তৃক ব্যবহৃত হইয়াছে।

(গ) ভাড়া বাবত ৩৬০ টাকা পাওয়া গিয়াছে।

Construction of a Sluice Gate over Bhangar Kata Khal

***1005.** (Admitted question No. 1759.) **Shri Abdul Bari Biswas:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if there was any scheme for construction of a sluice gate over Bhangar Kata Khal within police-station Haroa of 24-Parganas district;

(b) if so,—

(i) the estimated cost of the scheme,

(ii) the condition of the contract thereof, and

(iii) the amount already paid to the contractor;

(c) whether the lower portion (downstream) of the sluice gate has been burst out; and

(d) if so—

(i) the reasons thereof, and

(ii) the action taken by the Government in this regard?

The Minister for Irrigation and Waterways Department: (a) Yes.

(b) Estimated cost of the sluice is Rs. 30.97 lakhs.

(ii) Terms and conditions as laid down by Government in the standard tender from No. W.B.F. 2911, a copy of which is laid on the Library Table, apply to the contract.

(iii) Rs. 19.08 lakhs.

(c) No.

(d) (i) and (ii) Does not arise.

পুরুলিয়া ইলেক্‌ট্রিসিটি সাপ্লাই কোম্পানী

*১০০৬। (অনুমোদিত প্রশ্ন নং *২২৪৭।) **শ্রীসুনীলমোহন ঘোষ মৌলিকঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পুরুলিয়া ইলেক্‌ট্রিসিটি সাপ্লাই কোম্পানীর কর্মচারীরা প্রায় প্রতি মাসেই ঠিক সময়ে বেতন পাইতেছেন না;

(খ) অবগত থাকিলে, (১) ইহার কারণ কি, ও (২) এবিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন; এবং

(গ) সরকার ঐ কোম্পানীটিকে নিজের অধীনে আনিবার কোন পরিকল্পনা করিয়াছেন কি?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ইহা সত্য নয় যে, পুরুলিয়া ইলেক্‌ট্রিসিটি সাপ্লাই কোম্পানীর কর্মচারীরা ঠিক সময়ে বেতন পাইতেছেন না।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) সরকার উক্ত কোম্পানিটি ভারতীয় বিদ্যুৎ নিয়মানুযায়ী কেন তাহাদিগকে মঞ্জুরীকৃত বিদ্যুৎ লাইসেন্স রদ করা হইবে না, তাহার কারণ দর্শাইবার জন্য তিন মাসের নোটিশ জারি করিয়াছেন। উক্ত নোটিশের মেয়াদ এখনও শেষ হয় নাই।

পশ্চিমবঙ্গ ওজন ও পরিমাপ সংস্থায় শূন্য পদ

*১০০৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৩১৮।) **শ্রীশশিশরকুমার ঘোষঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ ওজন ও পরিমাপ সংস্থায় পরিদর্শক, সহ-নিয়ামক ও অন্যান্য কয়েকটি পদ শূন্য আছে, এবং

(খ) সত্য হইলে,

(১) মোট কতগুলি পদ কত দিন ধরিয়া শূন্য অবস্থায় রহিয়াছে, (২) শূন্য থাকার কারণ কি, ও (৩) এই পদগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) টেবিলে প্রদর্শিত হইল।

(২) সহনিয়ামক ও পরিদর্শকের পদের জন্য পাবলিক সার্ভিস কমিশন হইতে উপযুক্ত প্রার্থী পাওয়া যায় নাই। সহনিয়ামক নিযুক্ত না হওয়ায় ল্যাবরেটরী অ্যাসিসট্যান্ট নিয়োগ করা অর্থহীন।

(৩) সহনিয়ামক ও পরিদর্শকের নিয়োগের জন্য পাবলিক সার্ভিস কমিশনের সহিত বারবার যোগাযোগ করা হইতেছে। সহনিয়ামক নিযুক্ত হওয়ার পর ল্যাবরেটরী অ্যাসিসট্যান্টের পদ পূরণ করার ব্যবস্থা করা হইবে।

আরামবাগ মহকুমায় দ্বারকেশ্বর নদীতে বাঁধ

*১০০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩০।) **শ্রীবাসুদেব হাজরাঃ** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আরামবাগ মহকুমায় দ্বারকেশ্বর নদীর পূর্ব তীরে বাঁধ দেওয়ার জন্য একটি প্রকল্প সরকার গ্রহণ করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, কোন্ সালে এই প্রকল্পের কাজ সুরু হইয়াছিল ও বর্তমানে প্রকল্পটি কি অবস্থায় আছে;

(গ) উক্ত বাঁধসংলগ্ন পূর্বদিকে আরামবাগ হইতে সালেপুর পর্যন্ত চার মাইল দীর্ঘ খালটি কি উদ্দেশ্যে খনন করা হইয়াছিল; এবং

(ঘ) উক্ত খাল খননের জন্য কত টাকা মঞ্জুর করা হয় ও তন্মধ্যে কত টাকা ব্যয় করা হইয়াছে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) আরামবাগ মহকুমার দ্বারকেশ্বর নদীর পূর্ব-তীরে (বাম তীরবর্তী বাঁধ) একটি বাঁধ নির্মাণের পরিকল্পনা আছে। ইহা নিম্ন দামোদর প্রকল্পভুক্ত।

(খ) গত বৎসর অর্থাৎ ১৯৭১-৭২ সালে আরামবাগ থানার বন্যা প্রতিরোধকল্পে ঐ বাঁধের কাজ চাঁদুর মৌজা হইতে মোবরকপুর মৌজা পর্যন্ত প্রায় সাড়ে ৬ মাইল দীর্ঘ অংশ হাতে নেওয়া হইয়াছিল। শতকরা প্রায় ৮৫ ভাগ কাজ সম্পূর্ণ করা হইয়াছিল। কিন্তু স্থানীয় অধিবাসীদের বিরোধিতার ফলে পারুল এবং চাঁদুর মৌজায় দু'টি ফাঁক বন্ধ করা সম্ভব হয় নাই।

(গ) যাহাতে বাঁধের গা-গড়ানো জল তৎসংলগ্ন পাকা রাস্তার উপর দিয়া প্রবাহিত হইয়া যানবাহন এবং লোক চলাচলের অসুবিধা সৃষ্টি না করে সেজন্য একটি একটি ক্যাচ ওয়াটার ড্রেন তৈরি করা হইয়াছিল।

(ঘ) উক্ত খাল খননের জন্য ৬,০০০ টাকা মঞ্জুর হয়েছিল, সমুদয় টাকা ১৯৭১-৭২ সালে ব্যয় করা হয়।

তোর্ষা নদীর ভাঙ্গন নিয়ন্ত্রণ পরিকল্পনা

*১০০৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৫৩।) **শ্রীনারায়ণ ভট্টাচার্যঃ** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তোর্ষা নদী নিয়ন্ত্রণ পরিকল্পনাটি কবে নাগাদ সুরু হইবে ও ইহার কাজ সম্পূর্ণ করিতে কত সময় লাগিবে;

(খ) সরকার কি অবগত আছেন যে, শিলতোর্ষা নদীর ভাঙ্গনে "শিলবাড়ী হাট বন্দর" বিপদাপন্ন অবস্থায় পৌঁছিয়াছে এবং ৩১নং জাতীয় সড়ক নদীর উভয় তীরে ক্ষতিগ্রস্ত হইয়াছে;

(গ) অবগত থাকিলে, এই ভাঙ্গন রোধের জন্য বাঁধ নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কিনা, ও থাকিলে, কবে নাগাদ উহা কার্যকর হইবে; এবং

(ঘ) তোর্ষার ভাঙ্গনের হাত হইতে সুভাষিণী চা বাগান ও চিলাপাতা-জলদাপাড়া অরণ্যকে রক্ষা করিবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ও থাকিলে, কোন্ সময় উহা কার্যকর হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) "তোর্ষা নদী নিয়ন্ত্রণ পরিকল্পনা" নামে কোন পরিকল্পনা কার্যকর করার প্রস্তাব বর্তমানে বিবেচনাধীন নাই। সুতরাং ইহার কাজ কবে নাগাত শুরু হইবে এবং সম্পূর্ণ করিতে কত সময় লাগিবে এই প্রশ্ন উঠে না।

(খ) হ্যাঁ।

(গ) ও (ঘ) হাসিমারা সড়ক সেতু হইতে ব্রডগেজ রেলসেতু পর্যন্ত তোর্ষা নদীর উভয়তীরে বাঁধ নির্মাণের পরিকল্পনা বিবেচনাধীন আছে। এই পরিকল্পনায় তোর্ষা নদীর ভাঙ্গন প্রতিরোধের এবং সুভাষিনী চা-বাগান ও চিলাপাতা জলদাপাড়া অরণ্যকে ভাঙ্গন হইতে রক্ষা করার প্রস্তাব আছে।

কবে নাগাদ উহা কার্যে পরিণত হইবে বর্তমানে বলা সম্ভব নয়।

হাওড়া ড্রেনেজ উন্নয়ন প্রকল্পের অধীনে স্লুইস গেট

***১০১০।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮৩।) **শ্রীমৃগেন্দ্র মুখার্জী:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া ড্রেনেজ উন্নয়ন প্রকল্পের অধীনস্থ স্লুইস গেটটি নির্মাণে কত ব্যয় হইয়াছিল;

(খ) কোন্ কোন্ খাতে কত বরাদ্দ ছিল; এবং

(গ) এই নির্মাণ কার্যে কোন্ কোন্ ঠিকাদার সংস্থা নিযুক্ত হইয়াছিল?

সেচ ও জলপথ **বিভাগের মন্ত্রিমহাশয়:** (ক) ১৩,৫৭,৫০১ টাকা।

(খ) ডিপোজিট ওয়ার্ক—হাওড়া ড্রেনেজ ইমপ্রুভমেন্ট স্কীম, ফেজ—আই—আন্ডার সি এম ডি এ, এই খাতে উপরে উল্লিখিত টাকা বরাদ্দ ছিল।

(গ) মেসার্স এন-সি-ও বুইট কর্পোরেশন নামে একটি ঠিকাদারী সংস্থা এই কার্যে নিযুক্ত হইয়াছিল।

কাঁথি বেসিন জলনিকাশ পরিকল্পনার দ্বিতীয় পর্যায়ের কাজ

***১০১১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯৩।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি বেসিন জলনিকাশ পরিকল্পনার দ্বিতীয় পর্যায়ের কাজ কবে নাগাদ আরম্ভ হইবে; এবং

(খ) ঐ দ্বিতীয় পর্যায়ের পরিকল্পনার মধ্যে কাদুয়া স্লুইসটি নির্মাণের কার্য গ্রহণ করা হইবে কিনা, ও হইলে, কোন সময়ের মধ্যে ঐ কাদুয়া স্লুইসের কাজ আরম্ভ হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ও (খ) প্রয়োজনীয় অর্থের সংস্থান হইলেই কাঁথি বেসিন জল নিকাশ প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ এবং ঐ প্রকল্পের অন্তর্ভুক্ত কাদুয়া স্লুইস নির্মাণের কাজ আরম্ভ করা সম্ভব হইবে। তবে কোন্ সময়ে ঐ কাজ আরম্ভ করা যাইবে তাহা বর্তমানে বলা সম্ভব নহে।

উত্তর দমদম পৌর এলাকায় নিকাশী ব্যবস্থার জন্য বিরাটী খাল ও উদয়পুর নালা সংস্কার

***১০১২।** (অনুমোদিত প্রশ্ন নং *২১০৮।) **শ্রীতপন চ্যাটার্জী:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, উত্তর দমদম পৌর এলাকায় নিকাশী ব্যবস্থার অভাবে প্রায় সমগ্র পৌর এলাকা বর্ষার জলে ডুবে থাকে;

(খ) অবগত থাকলে, উক্ত পৌর এলাকায় যে দুটি নিকাশী ব্যবস্থা—বিরাটী খাল ও উদয়পুর নালা আছে ঐগুলি সংস্কারের কোন পরিকল্পনা সরকার করেছেন কি; এবং

(গ) বাগজোলা খাল উন্নয়ন প্রকল্পের মধ্যে উক্ত বিরাটী খাল ও উদয়পুর নালা অন্তর্ভুক্ত কিনা?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনের এলাকার জলনিকাশী কাজ এই বিভাগ সাধারণতঃ করে না। পৌর কর্তৃপক্ষই এই সব কাজ করে থাকেন। বর্তমানে সি এম ডি এ এই সব কাজের জন্য আর্থিক সাহায্য দিচ্ছেন। সি এম ডি এ অবশ্য এই সব কাজের জন্য কখনও কখনও এই বিভাগকে অনুরোধ করে থাকেন।

(গ) হ্যাঁ।

বেলডাঙ্গা থানায় "ভারত যুক্তরাষ্ট্র" জমির অবৈধ বিক্রয়করণ

***১০১৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭৬।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বেলডাঙ্গা থানায় বেলডাঙ্গা ও বরুয়া মৌজার ১৩ কলমে "ভারত যুক্তরাষ্ট্র" নামে জমি আছে;

(খ) অবগত থাকিলে, উক্ত জমির মালিক কে ও ঐ জমি অবৈধভাবে বিক্রয় করার কোন সংবাদ সরকারের আছে কি না; এবং

(গ) উক্ত জমির (১) খতিয়ান কত, (২) দাগ কত, (৩) পরিমাণ কত ও (৪) তৌজি কত?

ভূমি এবং ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ভারত যুক্তরাষ্ট্রের পক্ষে পূর্ব রেলওয়ে উক্ত জমির মালিক। তবে বেলডাঙ্গা মৌজার ৫৫১নং দাগের ৪·৪৯ একর জমিতে "বিনা অনুমতিতে দখলকার" হিসাবে হাজী ওয়াকফ্ এস্টেটের মোতোয়ালীরূপে হাজী খোদাবক্সের এবং ৩৭৯, ৩৯৮, ৩৯৯, ৪০০, ৪০১, ৫৩৮/৩৫১০ নং দাগের মোট ৪·৭৬ একর জমিতে "বিনা অনুমতিতে দখলকার" হিসাবে রাধাকৃষ্ণ সুগার মিলের রিসিভারের নাম সেটেলমেন্ট রেকর্ডে উল্লিখিত আছে।

বিবেচ্য জমি অবৈধভাবে বিক্রয়ের কোন সংবাদ সরকার পান নাই।

(গ) একটি বিবরণী টেবিলে রাখা হইল।

Statement referred to in reply to clause (Ga) of starred question No. 1014

মৌজা ও জে এল নং	খতিয়ান নং	দাগ নং	জমির পরিমাণ একর	তৌজি নং
বরুয়া ৬০	১২	২৫০০	০·০৪	০
		২৫৪৬		
		১১৬১	৮·১০	
		২০৫৭	৭·৫৫	
		২৪৯৫	২·৯৯	
		২৪৯৬	১·০৫	
		২৪৯৭	৫·৬৬	
		২৪৯৮	১৮·৫৬	
		২৪৯৯	০·৫৪	
		২৫০৩	৩·৫৯	
		১০৯৩	০·০১	
		১৪০৬		
		১১৬২	০·০১	
		১৪১১		
		২৫০০	২·৪৪	
		১১৬৩		
		১৪১০	০·০৪	

মৌজা ও জে, এল নং	খতিয়ান নং	দাগ নং	জমির পরিমাণ একর	তৌজি নং
বেলডাঙ্গা ৫১	২			১৩বি-২
		১১৬৫		
		১৪০৯ ১৩১৮	০·০২	
		১৪১৩ ১৩১৯	০·০৩	
		১৪১৪ ১৩২০	০·০২	
		১৪১৫	০·০৪	
		১৩২১	০·০৯	
		১৪১৬ ১৩২২	০·০৪	
		১৪১৭ ১৩৩৫	০·১৮	
		১৪১৮ ২২১৪	০·০৫	
		২৫৩০		
		৩৯৭	৩·৭৬	
		৩৯৮	০·১২	
		৩৯৯	০·১৬	
		৪০০	০·১৬	
		৪০১	০·২৪	
		৫০৮	১·৩৭	
		৫৫১	৪·৪৯	
		৫০৮	০·৩২	
		৩৫১০ ৫০৮	০·০৩	
		৩৫১১		

সমুদ্র অবক্ষয়ের ফলে ক্ষতিগ্রস্ত পরিবারদের পুনর্বাসন

***১০১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬৪।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমুদ্রের অবক্ষয়ের ফলে পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলা ক্ষতিগ্রস্ত হইয়াছে:

(খ) কতগুলি পরিবার সমুদ্রের ভাঙ্গনের ফলে ক্ষতিগ্রস্ত হইয়াছে:

(গ) উক্ত পরিবারগুলির পুনর্বাসন ও ক্ষতিপূরণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন;

(ঘ) কত একর জমি সমুদ্র ভাঙ্গনের ফলে বিলুপ্ত হইয়া গিয়াছে; এবং

(ঙ) সমুদ্র ভাঙ্গনের প্রতিকারের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয়ঃ (ক) ২৪-পরগনা এবং মেদিনীপুর জেলা।

(খ) ২৪-পরগনা জেলায় ১,৭৫০টি পরিবার।

(গ) ২৪-পরগনা জেলায় ১,৭৫০টি ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে ৩০০টি পরিবারের পুনর্বাসন ব্যবস্থা সরকার করিয়াছেন। তাহাদের জমি দেওয়া হইয়াছে এবং ৭৩টি পরিবারকে মোট ১৪,০০০ টাকা বিতরণ করা হইয়াছে। ১০৬টি পরিবারকে সরাইয়া লইবার জন্য ৫,৩০০ টাকা খরচ করা হইয়াছে। অবশিষ্ট পরিবারগুলি তাহাদের নিজেদের চেষ্টায় অন্যত্র পুনর্বাসন ব্যবস্থা করিয়াছেন।

(ঘ) ২৪-পরগনা জেলায় ৩,৯০০·৪৭ একর জমি এবং মেদিনীপুর জেলায় ১৬০ একর জমি।

(ঙ) ২৪-পরগনা জেলার ফ্রেজারগঞ্জে ক্ষণপ্রাপ্ত স্থানে রিভেটমেন্ট এবং ডোর বাঁধ নির্মাণের জন্য ১৯৬৯-৭০ হইতে ১৯৭১-৭২ পর্যন্ত ২১ লক্ষ ৫২ হাজার টাকা ব্যয় হইয়াছে। বর্তমানে ক্ষতিগ্রস্ত বাঁধের পিছনে ঘের বাঁধ মজবুত করার ব্যবস্থা হইতেছে।

দীঘা সমুদ্র সৈকতের অবক্ষয় প্রতিরোধের জন্য প্রকল্প প্রস্তুত করা হইতেছে।

Industries in West Bengal

***1016.** (Admitted question No. *1635.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that West Bengal is steadily losing grounds as a favoured location of industry for the last few decades; and

(b) if the answer to (a) be in the affirmative,—

(i) the reasons thereof, and

(ii) the steps the Government is contemplating to take in this regard?

The Minister for Commerce and Industries Department: (a) No. But during the period from 1967 to 1972 the West Bengal lost some grounds.

(b) (i) Break down of law and order, labour troubles and political unrest were the main reasons for losing grounds.

(ii) Since General Election, 1972, the position has changed.

গোপালন ও পশুপালনের জন্য দাদন

*১০১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৮।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বাঁকুড়া জেলায় সমবায় বিভাগ হইতে ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারী পর্যন্ত) গোপালন, পশুপালন (শূকর, ছাগল, মোরগ) ইত্যাদির জন্য কত টাকা দাদন দেওয়া হইয়াছে?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ বাঁকুড়া জেলায় সমবায় বিভাগ হইতে ১৯৭২-৭৩ সালে গোপালন, পশুপালন ইত্যাদির জন্য কোন দাদন দেওয়া হয় নাই।

ফ্যাক্টরীতে কাঁচামাল সরবরাহ

*১০১৯। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯২।) **ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ** কুটির এবং ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন ফ্যাক্টরীকে র মেটিরিয়াল এ্যালট করার পূর্বে সেই ফ্যাক্টরী আদৌ আছে কি না তা ভেরিফাই করা হয় কি না;

(খ) (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে,—

(১) কে ভেরিফাই করে দেখেন, ও

(২) এ্যালটেড মেটিরিয়াল প্রপারলি ইউটিলাজড হচ্ছে কিনা সেটা কে ভেরিফাই করে দেখেন; এবং

(গ) র মেটিরিয়াল এ্যালট করার জন্য কোন কমিটি আছে কি?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) সাধারণতঃ এক্সটেনসান অফিসার (ইন্ডাস্ট্রিজ)/ইনভেস্টিগেটর/ইন্সপেক্টর্সরাই ভেরিফাই ক'রে থাকেন। বিশেষ বিশেষ ক্ষেত্রে সংশ্লিষ্ট সহশিল্প অধিকর্তারা ইন্সপেকসান করে থাকেন।

(২) উপরিউক্ত কর্মচারীরাই সাধারণতঃ ভেরিফাই করেন।

(গ) হ্যাঁ। এই কমিটির নাম র মেটেরিয়াল অ্যালোকেশান কমিটি।

নিম্ন দামোদর সংস্কারের কাজে অর্থ মঞ্জুর

*১০২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২৫।) **শ্রীশিশিরকুমার সেনঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্ন দামোদর সংস্কারের কাজে ১৯৭২-৭৩ সালে কত টাকা মঞ্জুর করা হইয়াছে;

(খ) এই প্রকল্প রূপায়ণের জন্য যেসমস্ত কৃষকগণের জমি দখল করা হইয়াছে তাহাদের ক্ষতিপূরণ দেওয়া হইবে কিনা ও হইলে, কতদিনের মধ্যে দেওয়া হইবে; এবং

(গ) দামোদরের সর্ব নিম্নে গড়চম্বুক ও চণ্ডীপুরের কাছে যে স্লুইস নির্মিত হইবে তাহার জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে ও এই কাজ কত দিনে শেষ হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) দুই কোটি টাকা।

(খ) হ্যাঁ।

ভূমি অধিগ্রহণ আইন অনুযায়ী সমস্ত পর্যায় শেষ হইবামাত্র ক্ষতিপূরণ দেওয়া হইবে। আশা করা যায় আগামী চার মাসের মধ্যে ক্ষতিপূরণের টাকা দেওয়া শুরু করা সম্ভব হইবে।

(গ) পৃথকভাবে কোন টাকা মঞ্জুর করা হয় নাই। ইহার জন্য আনুমানিক এক কোটি পঞ্চাশ লক্ষ টাকা খরচ হইবে। আশা করা যায় স্লুইসের কাজ ১৯৭৫ সালের জুন মাসের মধ্যে শেষ হইবে।

মুর্শিদাবাদ জেলাকে শিল্পনগরীতে পরিণত করার পরিকল্পনা

*১০২১। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫৪।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলাকে শিল্পনগরীতে পরিণত করার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, কিভাবে ও কবে নাগাদ উক্ত পরিকল্পনা রূপায়িত হবে বলে আশা করা যায়?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) মুর্শিদাবাদ জেলার ফরাক্কা অঞ্চলকে শিল্প উপনগরীতে পরিণত করার সিদ্ধান্ত সরকার লইয়াছেন।

(খ) এখনই বলা সম্ভবপর নয়।

পাইলচ্ছনপুর মৎস্যজীবি সমবায় সমিতি

*১০২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯৫।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** সমবায় বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানার অন্তর্গত পাইলচ্ছনপুর মৎস্যজীবি সমবায় সমিতি লিমিটেড কবে প্রতিষ্ঠিত হইয়াছে;

(খ) ঐ সমিতিকে কত টাকা অংশ ক্রয় বাবদ ও ঋণ বা অনুদান বাবদ দেওয়া হইয়াছে;

(গ) ঐ সমিতির বিরুদ্ধে টাকা তছরূপের কোন অভিযোগ সরকার পাইয়াছেন কি; এবং

(ঘ) পাইয়া থাকিলে,—

(১) কবে পাইয়াছেন, ও

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৬৪ সালের ২৮শে আগস্ট তারিখে।

(খ) ঐ সমিতিকে সরকার নিম্নলিখিত আর্থিক সাহায্য দিয়াছেন:—

(১) অংশ ক্রয় বাবত	...	৫,০০০ টাকা।
(২) ঋণ বাবত	...	১৮,৭৫০ টাকা।
(৩) অনুদান বাবত	...	৬,২৫০ টাকা।

(গ) হ্যাঁ।

(ঘ) (১) ১৯৭২ সালের ১২ই নভেম্বর।

(২) তছরূপকারী সভাপতি ও সম্পাদকের নামে কাঁথি থানায় এফ্ আই আর দায়ের করা হইয়াছে।

ফরাক্কা ব্যারেজের উপরদিকে গঙ্গার উভয় পাড়ে স্পার নির্মাণ

*১০২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০৩।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ফরাক্কা ব্যারেজের উপরদিকে গঙ্গার উভয় পারে ব্যারেজ কর্তৃপক্ষ যে "স্পার" নির্মাণ করিতেছেন তাহা ব্যারেজের প্রাথমিক নক্সার অন্তর্ভুক্ত ছিল না ও পরে গঙ্গার বিপজ্জনক ভাঙ্গন দেখা দেওয়ায় তাহার প্রতিরোধকল্পে ঐগুলির ব্যবস্থা করিতে হইতেছে;

(খ) সত্য হইলে, ফরাক্কা ব্যারেজের উপরে গঙ্গার উভয় পার্শ্বে পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ ও মালদহ জেলার যে অংশ ভাঙ্গনের মুখে পড়িয়াছে তাহাদের রক্ষার সকল দায়িত্ব ফরাক্কা কর্তৃপক্ষকে গ্রহণ করার জন্য পশ্চিমবঙ্গ সরকার কোন আবেদন করিয়াছেন কি না; এবং

(গ) করিয়া থাকিলে, এ বিষয়ে কি মতামত পাওয়া গিয়াছে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না। ফরাক্কা ব্যারাজ কর্তৃপক্ষ কোন স্পার নির্মাণ করেন নাই। তবে রাজ্যসরকার ভাঙ্গন প্রতিরোধের জন্য কয়েক জায়গায় স্পার নির্মাণ করিয়াছেন।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

পশ্চিমবঙ্গ ওজন ও পরিমাপ বিভাগের কর্মীদের স্থায়ীকরণ

*১০২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০১৯।) **শ্রীশিশিরকুমার ঘোষঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ ওজন ও পরিমাপ বিভাগের বিভিন্ন স্তরের কর্মীদের স্থায়ীকরণের কোন ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন কিনা; এবং

(খ) "(ক)" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, ২২শে মার্চ ১৯৭৩ পর্যন্ত সমগ্র পশ্চিমবঙ্গে বিভিন্ন পদে কতজনের মধ্যে কতজনকে এই সংস্থার স্থায়ী কর্মচারী হিসাবে ঘোষণা করা হইয়াছে?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(ঘ) এ সম্পর্কে একটি বিস্তারিত তালিকা টেবিলে রক্ষিত হইল।

Statement referred to in reply to clause (Kha) of starred question No. 1024

পদের নাম	পদের সংখ্যা	স্থায়ী পদের সংখ্যা	অস্থায়ী পদের সংখ্যা
১। কন্ট্রোলার অব ওয়েট্স্ অ্যান্ড মেজার্স	১	×	১
২। ডেপুটী কন্ট্রোলার অব ওয়েট্স্ অ্যান্ড মেজার্স	১	১	×
৩। অ্যাসিস্ট্যান্ট কন্ট্রোলার অব ওয়েট্স্ অ্যান্ড মেজার্স	১৩	৮	৫
৪। ইন্সপেক্টর অব ওয়েট্স্ অ্যান্ড মেজার্স	৭৮	৫৩	২৫

পদের নাম	পদের সংখ্যা	স্থায়ী পদের সংখ্যা	অস্থায়ী পদের সংখ্যা
৫। হেড ক্লার্ক	১	১	×
৬। অ্যাকাউন্ট্যান্ট	১	১	×
৭। ইউ ডি ক্লার্ক	২	২	×
৮। এল ডি ক্লার্ক	২৩	১৩	১০
৯। টাইপিস্ট	১৪	১১	১৩
১০। স্টেনোগ্রাফার	১	×	১
১১। ক্যাশিয়ার-কাম-স্টোরকীপার	১	১	×
১২। ড্রাইভার	১	১	×
১৩। রেকর্ড সাপ্লায়ার-দপ্তরী	১	১	×
১৪। লেবরেটরী অ্যাসিস্ট্যান্ট	১	×	১
১৫। লেবরেটরী অ্যাটেন্ড্যান্ট	২	×	২
১৬। আর্দালী পিওন	৬৬	২৩	৪৩
১৭। অফিস পিওন	১৪	১১	৩
১৮। মেসেঞ্জার পিওন	১	×	১
১৯। নাইট গার্ড	৪৬	×	৪৬
২০। ম্যানুয়েল অ্যাসিস্ট্যান্ট	২৪	×	২৪
২১। দারোয়ান	১	×	১
২২। সুইপার-কাম- ক্লীনার	১	×	১

সেচ দপ্তরের জনৈক এক্জিকিউটিভ ইঞ্জিনীয়ারের দুর্নীতি সম্পর্কে তদন্ত

***১০২৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮৫।) **শ্রীমৃগেন্দ্র মুখার্জী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সেচ দপ্তরের জনৈক এক্জিকিউটিভ ইঞ্জিনীয়ার শ্রী টি সি চ্যাটার্জীর কার্যকলাপ সম্পর্কে ভিজিলেন্স কমিশন তদন্ত করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, ঐ কমিশন এ বিষয়ে কোন রিপোর্ট দিয়াছেন কিনা ও দিলে, তাহা কি?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) কমিশনের তদন্তের ভিত্তিতে শ্রী টি সি চ্যাটার্জীর বিরুদ্ধে ডিপার্টমেন্টাল প্রসিডিংস্ করা হইয়াছে। জনস্বার্থের খাতিরে বিস্তারিত বলা ঠিক হইবে না।

অজয় নদের ভাঙ্গনে অবলুপ্তপ্রায় কেন্দুবিল্ব গ্রাম

*১০২৬। (অনুমোদিত প্রশ্ন নং *২০২৫।) **শ্রীহরশঙ্কর ভট্টাচার্য:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দ্বাদশ শতাব্দীর ঐতিহ্যমণ্ডিত বীরভূমের জয়দেব কেন্দুবিল্ব গ্রাম অজয় নদের ভাঙ্গণে অবলুপ্তির পথে; এবং

(খ) সত্য হইলে, এই ভাঙ্গন রোধ করিয়া গ্রামটিকে রক্ষা করিবার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয়ঃ (ক) না। গ্রামের পাশে অজয় নদীর তীর জলপ্রবাহে স্থানে স্থানে ক্ষয়প্রাপ্ত হইতেছে বটে, তবে আশংকার কারণ নাই।

(খ) স্থানে স্থানে প্রতিরোধমূলক কার্য করা হইয়াছে। গ্রামটিকে স্থায়িভাবে রক্ষা করিবার জন্য একটি প্রকল্প প্রস্তুতকল্পে অনুসন্ধান কার্য গ্রহণ করা হইয়াছে।

কাটোয়ায় অজয় নদীর দক্ষিণ দিকে বন্যা নিয়ন্ত্রণের জন্য বাঁধ নির্মাণ

*১০২৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১৮৫।) **শ্রীসুব্রত মুখার্জী** (কাটোয়া)ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাটোয়ায় অজয় নদীর দক্ষিণ দিকে স্থায়ীভাবে বন্যা নিয়ন্ত্রণের জন্য বাঁধ নির্মাণের কোন পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কি;

(খ) পরিকল্পনা গ্রহণ করে থাকলে, বর্তমানে ঐ পরিকল্পনা কি অবস্থায় আছে; এবং

(গ) ঐ বাঁধের সার্ভের কাজ শুরু হয়েছে কি?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয়ঃ (ক) হ্যাঁ।

(খ) চূড়ান্তভাবে বিশদ প্রাক্কলন ডিটেল্ড এস্টিমেট সহ প্রকল্পটি প্রস্তুত করিবার জন্য অনুসন্ধান কার্য চলিতেছে।

(গ) না।

Progress in rural electrification in Midnapore district

***1028.** (Admitted question No. *1636.) **Shri Rajani Kanta Doloi:** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) if it is a fact that Midnapore district has the lowest percentage of electrified mouzas; and

(b) if the answer to (a) be in the affirmative—

(i) the causes for such slow progress of rural electrification in the district, and

(ii) the steps the Government is contemplating to bring Midnapore district at par with the other districts in the matter of rural electrification?

The Minister for Power Department: (a) No.

(b) (i) and (ii) Does not arise.

বাঁকুড়া জেলায় ক্ষুদ্র চাষী এবং প্রান্তিক চাষী প্রকল্প

***১০২৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৯।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ক্ষুদ্র চাষী ও প্রান্তিক চাষী (মারজিন্যাল ফারমার স্কীম) প্রকল্প মাধ্যমে যে কাজ চালু হইয়াছে তাহা বাঁকুড়া জেলার সমস্ত ব্লকে চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকিলে, তাহা কি কি ও এ বিষয়ে কতদূর অগ্রসর হইয়াছেন; এবং

(গ) বাঁকুড়া জেলায় যে চারটি ব্লকে প্রান্তিক চাষী প্রকল্পের কাজ বর্তমানে চলিতেছে সেই সব ব্লকে সমবায় বিভাগ হইতে ১৯৭২-৭৩ সালে কত টাকা দাদন দেওয়া হইয়াছে?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এবং (খ) বর্তমানে এই প্রকল্প বাঁকুড়া জেলার মাঝিয়া, শালতোড়া, ছাতনা এবং গঙ্গাজলঘাটী ব্লকে চালু আছে। ইহা ছাড়া বাঁকুড়া থানা (পৌর এলাকা বাদে) এবং বড়জোড়া থানা এলাকায় উক্ত প্রকল্প চালু করার একটি প্রস্তাব ভারত সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

(গ) ১৯৭২-৭৩ সালে বাঁকুড়া জেলার মাঝিয়া, শালতোড়া, ছাতনা এবং গঙ্গাজলঘাটী ব্লকে এই প্রকল্পে নিম্নলিখিতরূপ ঋণ দান করা হইয়াছে—

(১) কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক—

	টাকা
স্বল্পমেয়াদী ঋণ	৪,৩০,২০৩
মধ্যমেয়াদী ঋণ	৬,২০০
	৪,৩৬,৪০৩

(২) জমি বন্ধকী ব্যাঙ্ক—

দীর্ঘমেয়াদী ঋণ	১৬,৬৬৬
মোট	৪,৫৩,০৬৯

দুর্গাপুর প্রকল্পের মূল্যবান যন্ত্রপাতি

***১০৩০।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৭৩।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দুর্গাপুর প্রকল্পের বহু মূল্যবান যন্ত্রপাতি নষ্ট হইয়া গিয়াছে; এবং

(খ) সত্য হইলে, ১৯৭১ ও ১৯৭২ সালে উক্ত প্রকল্পের কত টাকার যন্ত্রপাতি নষ্ট হইয়াছে?

সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না, তবে দুর্গাপুর প্রকল্পের কতিপয় যন্ত্রপাতি নষ্ট হইয়াছে।

(খ) নষ্ট যন্ত্রপাতির নাম ও মেরামতি মূল্য নিম্নে দেওয়া হইলঃ—

নাম	মেরামতি মূল্য
(১) গ্যাস সিলিন্ডার ও সংযুক্ত রড	২,০০০ টাকা প্রায়)
(২) সিলিন্ডার হেড, পিস্টন, রিং, রাষ্টন লোকো বিয়ারিং ও একসেসরিস	১,৫০০ টাকা (প্রায়)
(৩) রেড কনসার ও একসেসরিস	২,৫০০ টাকা (প্রায়)
(৪) ৬টি পিঃ এফ মোটরস ও ৩টি সিঃ ডবলু পাম্প মোটরস	৩,১৫,০০০ টাকা (প্রায়)
(৫) অ.ই. ডি, ফ্যানস	১,০২,০০০ টাকা (প্রায়)
(৬) ৩টি এ্যাস স্লুইস পাম্প	২৮,৫০০ টাকা (প্রায়)
(৭) ড্রাই এ্যাস সিস্টেম ব্লোয়ারস্	৪০,০০০ টাকা (প্রায়)
(৮) ১টি থ্রি উইন্ডিং ট্রান্সফরমার	৩,৫০,০০০ টাকা (প্রায়)
(৯) ৪টি পি. এফ. মিল স্যাফটস্	১,০৮,০০০ টাকা (প্রায়)
(১০) ১টি ১১কেঃ ভি সিয়েমেন্সের তৈরী সার্কিট ব্রেকার	২৫,০০০ টাকা (প্রায়)

মুর্শিদাবাদ জেলায় টুরিস্ট লজ

*১০৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮৬।) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় একটি টুরিস্ট লজ খোলার ব্যাপারে সরকার কতদূর অগ্রসর হয়েছেন; এবং

(খ) কবে নাগাদ উহার কাজ শুরু ও শেষ হবে এবং কত টাকা খরচ হবে?

স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমানে চালু বহরমপুর টুরিস্ট লজ ছাড়া মুর্শিদাবাদ জেলায় নূতন কোন টুরিস্ট লজ স্থাপনের পরিকল্পনা আপাততঃ নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

বাঁকুড়া জেলায় পাওয়ারলুম ফ্যাক্টরী

*১০৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯৬।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া জেলায় পাওয়ারলুম ফ্যাক্টরী স্থাপন করার জন্য লাইসেন্স দেওয়া হয়েছে;

(খ) সত্য হইলে, কতজনকে ও কবে ঐ লাইসেন্স দেওয়া হয়েছে;

(গ) কবে নাগাত ও কোথায় কোথায় উহার কাজ আরম্ভ হওয়ার সম্ভাবনা; এবং

(ঘ) উক্ত সংস্থায় কতজন তন্তুবায়-এর কর্মসংস্থান হবে বলে আশা করা যায়?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, ইহা সত্য যে বাঁকুড়া জেলায় পাওয়ারলুম সংস্থাপনের জন্য অনুমতি দেওয়া হইয়াছে।

(খ) পাওয়ারলুম সংস্থাপনের জন্য নিম্নলিখিতভাবে অনুমতি দেওয়া হইয়াছে ঃ ১৯৭১-৭২ সালে ৫ জন ব্যক্তিকে ও একটি সমবায় সমিতিকে এবং ১৯৭২-৭৩ সালে ৫ জন ব্যক্তিকে।

(গ) আবেদনপত্রে উল্লেখ অনুযায়ী বাঁকুড়া শহরের নিকটবর্তী স্থানেই পাওয়ারলুম সংস্থাপনের সম্ভাবনা রহিয়াছে। বিদ্যুৎশক্তি ও অর্ডার অনুযায়ী পাওয়ারলুম মেসিন সরবরাহ না হওয়া পর্যন্ত কাজ আরম্ভ করা যাইবে না।

(ঘ) প্রায় ২৫০ জনের কর্মসংস্থান হবে বলে আশা করা যায়।

আহমদপুর সুগার মিল

*১০৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০৩০।) **শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলায় জেলায় মন্ত্রিসভার বৈঠকের সময় বীরভূম জেলায় বৈঠক উপলক্ষে ঐ জেলায় আহমদপুর সুগার মিল পুনরায় খোলা হইবে বলিয়া মুখ্যমন্ত্রী মহাশয় কোন আশ্বাস দিয়াছিলেন কিনা; এবং

(খ) দিয়া থাকিলে, এবিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) সরকার অনেক দূর অগ্রসর হইয়াছেন এবং মিলটি হাতে লইবার বন্দোবস্ত হইতেছে।

ক্ষুদ্রায়তন শিল্পের তত্ত্বাবধানে "হার্ড কোক ডাম্পিং"

*১০৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯৩।) **ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ-এর তত্ত্বাবধানে হার্ড কোক ডাম্পিং-এর কোন প্রস্তাব নেওয়া হয়েছিল কি;

(খ) (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে,—

(১) এর প্রস্তুতি হিসাবে কি ব্যবস্থা নেওয়া হয়েছিল, ও

(২) এটা কি বর্তমানে বাতিল করা হয়েছে ও হয়ে থাকলে কি কারণে বাতিল করা হল; এবং

(গ) হার্ড কোক ডাম্পিং-এর জন্য কি ব্যবস্থা করা হয়েছে?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ও (২) ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড বি পি হার্ড কোক জমা করিবার জন্য ডবলিউ বি এস ডবলিউ সি-এর পাহাড়পুরস্থিত ওয়ার হাউসে একটি ডাম্প ঠিক করিয়াছিল। ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড কিছু বি পি হার্ড কোক-এর দাম দিয়া ডি পি এল-কে উপরিউক্ত ডাম্প-এ উহা পাঠাইবার পরামর্শ দেয়। কিন্তু ডি পি এল-এর মতে ঐ ডাম্প (সাইডিং সহ) রেক মুভমেন্ট-এর পক্ষে উপযুক্ত না হওয়ায় ঐ হার্ড কোক গন্তব্যস্থলে পোঁছায় নাই।

(গ) ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড তখন হইতেই একটি ডাম্প-এর অন্বেষণে আছে যাহা রেলওয়েজ এবং ডি পি এল উভয়ের কাছেই গ্রহণযোগ্য। সম্প্রতি ক্যালকাটা পোর্ট কমিশনার্স-এর সহিত একটি সাইডিং-এর জন্য কথাবার্তা চলিতেছে যেখানে বি পি হার্ড কোক খালাস ও জমা করা যাইতে পারে।

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

গড়বেতা সরকারী হিমঘর

৫০৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০০০।) **শ্রীকৃষ্ণপ্রসাদ দুলেঃ** কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গড়বেতায় (মেদিনীপুর) সরকারী হিমঘরটি খোলা হইবে কি;

(খ) এ হিমঘরটি কোন্ বৎসরে তৈয়ারি হইয়াছে; এবং

(গ) এ হিমঘরটি এখনও চালু না করার কারণ কি?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ। আনুষঙ্গিক কাজ সম্পূর্ণ করিয়া হিমঘরটি চালু করিবার জন্য ওয়েস্ট বেঙ্গল অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিঃ-কে দেওয়ার প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

(খ) ১৯৬৭-৬৮ সালে।

(গ) এই হিমঘরটি এখনও চালু করা যায় নাই, কারণ কিছু কিছু আনুষঙ্গিক কাজ যেমন স্ট্যান্ডবাই জেনারেটর স্থাপন, স্টাফ্ কোয়ার্টার নির্মাণ ইত্যাদি এখনও সম্পূর্ণ হয় নাই।

বহরমপুর বেলডাঙ্গা থানা এলাকায় সরকারী খাস বিল

৫০৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২২।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বহরমপুর, বেলডাঙ্গা থানায় ডুমালিদহ, সুজাপুর বাঁয়োর, বাখবন্‌হি ও দাদপুর বাঁয়োর বিল কি সরকারী খাস হইয়াছে;

(খ) খাস হইয়া থাকিলে, কোন্ বিল বাবত কত টাকা ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত সরকারী দপ্তরে জমা হইয়াছে;

(গ) উক্ত বিলের উপর কোন মামলা দায়ের করা হইয়াছে কিনা এবং হইলে, কয়টি ক্ষেত্রে; এবং

(ঘ) যাঁহারা মামলা করিয়াছেন তাঁহাদের ক্ষতিপূরণের কোন টাকা দেওয়া হইয়াছে কি?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) দাদপুর বাঁয়োর সরকারের খাসে আসিয়াছে। ডুমালিদহ বিল পূর্বতন মালিকের নামে রেকর্ড হওয়ায় এবং সুজাপুর বাঁয়োর ও বাখবন্‌হি বিলের ব্যাপারে কলিকাতা হাইকোর্টে আপীল বিচারাধীন থাকায় সরকারের খাসে আসে নাই।

(খ) দাদপুর বাঁয়োর বাবত ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত মোট ২,৩০,৮৯৫ টাকা সরকারী দপ্তরে জমা হইয়াছে। সুজাপুর বাঁয়োর ও বাখবন্‌হি বিল বাবত মহামান্য হাইকোর্টের নির্দেশমত আপীলকারী প্রতি বৎসর ১,৮০০ টাকা হিসাবে হাইকোর্টে জমা দিতেছেন।

(গ) হ্যাঁ, দুইটি ক্ষেত্রে।

(ঘ) না।

হোমগার্ড

৫০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫৬।) **শ্রীঅজিতকুমার বসু (মেদিনীপুর)ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হোমগার্ডকে চতুর্থ শ্রেণীর কর্মচারী হিসাবে গণ্য করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) পশ্চিমবঙ্গে মোট কতগুলি হোমগার্ড প্রশিক্ষণ কেন্দ্র বর্তমানে আছে;

(গ) আরও অধিকসংখ্যক হোমগার্ড প্রশিক্ষণ কেন্দ্র খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(ঘ) থাকিলে, কোথায় এবং কবে নাগাত খোলা হইবে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) কলিকাতা পুলিস অঞ্চলে হোমগার্ডদের জন্য কোন প্রশিক্ষণ কেন্দ্র নাই। প্যারেড্ গ্রাউন্ডে হোমগার্ডদের ট্রেনিং দেওয়া হয়। পশ্চিমবঙ্গ পুলিস অঞ্চলে হোমগার্ডদের জন্য কোন প্রশিক্ষণ কেন্দ্র নাই। তাহাদিগকে নির্দেশমত নির্দিষ্ট ক্যাম্পে আলাদা আলাদা ভাবে ট্রেনিং দেওয়া হয়।

(গ) ও (ঘ) প্রশ্ন উঠে না।

পশ্চিমবাংলায় জেলাওয়ারী ডীপ টিউবওয়েল, রিভার পাম্প ও শ্যালো টিউবওয়েল

৫১০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৯।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ২রা এপ্রিল, ১৯৭২ তারিখ হইতে ৩১এ জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত পশ্চিমবাংলায় মোট কতগুলি ডীপ টিউবওয়েল, রিভার পাম্প ও শ্যালো টিউবওয়েল বসান হইয়াছে; এবং

(খ) এইগুলির জেলাওয়ারী হিসাব কি?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ডীপ টিউবওয়েল- ৫৭টি, রিভার পাম্প—৩৮০টি; এবং শ্যালো প্রিউবওয়েল—৯,৫৩২টি।

(খ) জেলাওয়ারী হিসাবঃ

জেলার নাম	ডীপ টিউবওয়েল	রিভার পাম্প	শ্যালো টিউবওয়েল
মুর্শিদাবাদ	..	৪৩	১,৯১৮
নদিয়া	১৫	৪৮	১,১৭০
চব্বিশ-পরগণা	৭	২০	১,৩৩৬
হাওড়া	৫	৫	১০৯
হুগলী	..	১৭	৭২০
বর্ধমান	১৩	৪০	১,১৫৭
বীরভূম	..	২০	৪৯৫
বাঁকুড়া	..	১৩	৪৬
পুরুলিয়া	..	৩	..
মেদিনীপুর	১৭	৬৩	৫১৬
মালদহ	..	৪৯	৭৯২
পশ্চিম দিনাজপুর	..	৫৯	১,২৭৩
মোট	৫৭	৩৮০	৯,৫৩২

পশ্চিমবঙ্গের বিভিন্ন গ্রামে বৈদ্যুতীকরণ

৫১১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০৯।) **শ্রীসামসুদ্দীন আহমেদঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমগ্র পশ্চিমবঙ্গে মোট কতগুলি গ্রামে গত ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত বৈদ্যুতীকরণ করা হইয়াছে; এবং

(খ) মালদহ জেলায় মোট কত গ্রাম থানাওয়ারী বৈদ্যুতীকরণ করা হইয়াছে এবং ১৯৭৩ সালের ডিসেম্বরের মধ্যে কত গ্রামে বৈদ্যুতীকরণ করা হইবে (থানাওয়ারী)?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৫,৪৭২।

(খ) থানাওয়ারী যেসমস্ত গ্রাম বৈদ্যুতীকরণ করা হইয়াছে এবং যেসমস্ত গ্রাম বৈদ্যুতী-করণের প্রস্তাব রহিয়াছে তাহার সংখ্যা নিম্নরূপ—

থানা	ফেব্রুয়ারী ১৯৭৩ পর্যন্ত যেসমস্ত গ্রাম বৈদ্যুতী-করণ করা হইয়াছে	ডিসেম্বর ১৯৭৩ পর্যন্ত যেসমস্ত গ্রাম বৈদ্যুতী-করণের প্রস্তাব আছে
ইংলিশ-বাজার	২১	৭৭
গাজোল	৫	২৭৫
হরিশ্চন্দ্রপুর	৬৫	১১৩
কালিয়াচক	৩১	১৩৭
খরবা	১০	১৬৯
মানিকচক	১৬	৫৪
মালদা	৩১	৭৭
রতুয়া	৩৯	৯৭
হাবিবপুর	৪	২২৯
বামনগোলা	..	১৪২
মোট	২৩২	১,৩৭০

মুর্শিদাবাদ জেলায় গ্রামীণ কর্মসংস্থানের জন্য বরাদ্দকৃত অর্থ

৫১২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৫৬।) **শ্রীআদ্যচরণ দত্তঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামীণ কর্মসংস্থানের (ক্র্যাশ্‌ প্রোগ্রাম) জন্য ১৯৭২-৭৩ সালে মুর্শিদাবাদ জেলায় কত টাকা বরাদ্দ করা হইয়াছিল; এবং

(খ) উক্ত স্কীমে এ জেলার কোন্‌ কোন্‌ বিধানসভা কেন্দ্রে কত টাকা বরাদ্দ করা হইয়াছে?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ মোট একুশ লক্ষ পঁচিশ হাজার চারিশত টাকা।

(খ) বিধানসভা-কেন্দ্রওয়ারী **মঞ্জুরীকৃত** টাকার পরিমাণ সংশ্লিষ্ট বিবরণী নিম্নে প্রদত্ত হইল।

ইহা ছাড়া, বনবিভাগের একটি বন-উন্নয়ন এবং বন-সংরক্ষণ প্রকল্পের জন্য ১৯৭২-৭৩ সালে ডোমকল থানায় (বিধানসভা কেন্দ্র নং ৫৫) দশ হাজার টাকা বরাদ্দ করা হইয়াছিল।

(Statement referred to in reply to Clause (Kha) of unstarred question No. 512.)

বিধানসভা কেন্দ্রের নাম এবং ক্রমিকসংখ্যা	১৯৭২-৭৩ সালে মঞ্জুরীকৃত টাকার পরিমাণ
	টাকা
(ক) জঙ্গিপুর--(৪৮)	৬২,১০০
(খ) সাগরদীঘি--(৪৯)	২,৪১,৮০০
(গ) লালগোলা--(৫০)	১,৭০,০০০
(ঘ) ভগবানগোলা--(৫১)	৫০,০০০
(ঙ) নবগ্রাম--(৫২)	৩,০০,৩০০
(চ) মুর্শিদাবাদ (৫৩) এবং জলঙ্গী (৫৪) সামান্য অংশ	৫,২৪,১০৬
(ছ) নোয়দা--(৫৬) এবং ডোমকল (৫৫) সামান্য অংশ	৬০,০০০
(জ) হরিহরপাড়া--(৫৭)	৫১,০০০
(ঝ) বহরমপুর--(৫৮)	২১,৪০০
(ঞ) বেলডাঙ্গা--(৫৯)	১০,০০০
(ট) কান্দি--(৬০)	১,৩৬,৯৯৩
(ঠ) খরগ্রাম--(৬১)	২,০৩,০০০
(ড) বারওয়ান--(৬২)	২,৩৭,৫১৬
(ঢ) ভরতপুর--৬৩	৯৬,৮৫৫
মোট	২১,২৫,৪০০

জেলাওয়ারী পুলিস কেসের সংখ্যা

৫১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮০।) **শ্রীকানাই ভৌমিকঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ১৯৭১-৭২ সালে পশ্চিমবাংলায় জেলাওয়ারী পুলিস কেসের সংখ্যা কত ছিল;

(খ) ১৯৭২-৭৩ সালের ৩১এ জানুয়ারি পর্যন্ত জেলাওয়ারী পুলিস কেসের সংখ্যা কত;

(গ) ১৯৭১-৭২ সালে ও ১৯৭২-৭৩ সালে তুলনামূলকভাবে জেলাওয়ারী নিম্নলিখিত বিষয়ে পুলিস কেসের সংখ্যা কত--

(১) শ্রমিক-মালিক বিরোধ সংক্রান্ত পুলিস কেস,

(২) শ্রমিকে-শ্রমিকে বিরোধ সংক্রান্ত পুলিস কেস,

(৩) কৃষক আন্দোলন সংক্রান্ত পুলিস কেস, ও

(৪) জমির দখল সংক্রান্ত পুলিস কেস; এবং

(ঘ) ৩১এ জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত সারা পশ্চিমবাংলায় মোট কত পুলিস কেস বিচারাধীন রয়েছে তার জেলাওয়ারী হিসাব কি?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক), (খ) ও (ঘ) একটি বিবরণী লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) একটি বিবরণী লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঘ) ৮৪,৩৪৮টি।

চেকপোস্টে চোরাকারবারীদের নিকট হইতে জিনিসপত্র উদ্ধার

৫১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৮৬।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ হইতে ১৯৭৩ সালের ২৮এ ফেব্রুয়ারি পর্যন্ত পুলিস বিভিন্ন জেলার চেকপোস্ট হইতে এবং জেলার অভ্যন্তর হইতে কি কি জিনিসপত্র ও দ্রব্য-সামগ্রী চোরাকারবারীদের নিকট হইতে উদ্ধার করিয়াছে;

(খ) জেলাওয়ারী ও কলকাতা শহরাঞ্চলে উক্ত উদ্ধার করা জিনিসপত্রগুলির নাম ও পরিমাণ কত;

(গ) এই সম্পর্কে চোরাই সন্দেহে ধৃত ট্রাক, জীপ প্রভৃতি যানবাহনের সংখ্যা জেলাওয়ারী কত; এবং

(ঘ) কতজন লোক এ সম্পর্কে ধৃত হইয়াছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক), (খ) ও (গ) একটি অনুলিপি লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঘ) ১১,১৯২ জন (কলিকাতা সহ)

মুর্শিদাবাদ জেলার প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ঔষধ সরবরাহ

৫১৫। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭৬) **শ্রীআদ্যচরণ দত্তঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার বিভিন্ন প্রাথমিক ও উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলিতে প্রয়োজনীয় ঔষধ প্রায়ই থাকে না; এবং

(খ) সত্য হইলে ইহার কারণ কি এবং এবিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) এবিষয়ে নির্দিষ্ট অভিযোগ পাওয়া গেলে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে রোগীদের জন্য মশারি

৫১৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭০।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, কলিকাতা এবং পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার হাসপাতাল ও স্বাস্থ্য-কেন্দ্রগুলিতে রোগীদের জন্য মশারি দেওয়া হয়; এবং

(খ) সত্য হইলে, উক্ত হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলির জন্য কতগুলি মশারি ১৯৭২ সালের মার্চ হইতে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত কেনা হইয়াছে এবং এ বাবতে কত টাকা ব্যয় হইয়াছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) গত ১লা এপ্রিল, ১৯৭২ থেকে ৩১এ মার্চ, ১৯৭৩ পর্যন্ত প্রয়োজনীয় কাপড় কিনে ১০,৪৭৯টি মশারি তৈরি করা হয়েছে। এ বাবত ব্যয় হয়েছে ১ লক্ষ ৯৩ হাজার ২৩ টাকা ১৮ পয়সা।

পশ্চিমবঙ্গে বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকা

৫১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬০২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলা ১৯৭২ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত হইয়াছিল;

(খ) জেলাওয়ারি ক্ষতির পরিমাণ;

(গ) পশ্চিমবঙ্গ সরকার ক্ষতিগ্রস্ত এলাকার জন্য কত টাকা বরাদ্দ করিয়াছিলেন;

(ঘ) উক্ত টাকা কোন্ কোন্ খাতে ব্যয় হইয়াছে;

(ঙ) উক্ত বন্যায় কত একর জমির ফসল নষ্ট হইয়াছে; এবং

(চ) এজন্য সরকার কোন প্রকল্প গ্রহণ করিয়াছেন কিনা এবং করিলে তাহা কবে নাগাত কার্যকর হইবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কুচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি এবং মালদা।

(খ) এসম্পর্কে একটি বিবরণী লাইব্রেরির টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) ১৯৭২ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার জন্য কৃষি বিভাগ হইতে কোন টাকা বরাদ্দ করা হয় নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

(ঙ) (খ) প্রশ্নের উত্তরে বর্ণিত বিবরণী হইতে এবিষয়ে জানা যাইবে।

(চ) এসম্পর্কে বিশেষ কোনরূপ প্রকল্প কৃষি বিভাগ কর্তৃক গ্রহণ করা হয় নাই।

Pump sets recognised by Government

518. (Admitted question No. 1287.) **Shri Ajit Kumar Basu** (Midnapore): Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) the varieties of standard pump sets recognised by the Government;

(b) the actual cost of production of those pump sets; and

(c) the distribution process?

The Minister for Agriculture: (a) A list of pump sets is placed on Library Table.

(b) Pump sets are manufactured by private organisations; so it is not possible for Government to state the actual cost of production of those pump sets. A list containing price of pump sets accepted by Government is placed on the Library Table.

(c) Pump sets are distributed through the West Bengal Agro-Industries Corporation Ltd. in the following manner:

In individual loan cases cultivators make their own choice out of the brands of pumping sets selected by the District Advisory Committee from the list of 62 brands circulated by this Department in the case of diesel sets, and from the list of sets circulated by this Department in the case of electric sets, and those cultivators, to whom allotment of pumping sets is sanctioned by the Principal Agricultural Officers/ District Agricultural Officers, deposit 5 per cent. of the price of the selected set in the treasury and execute a loan bond agreeing to pay the balance 95 per cent. price to Government in five equal annual instalments with interest. The Principal Agricultural Officer/ District Agricultural Officer thereafter issues a delivery instruction on the West Bengal Agro-Industries Corporation Ltd. upon which the latter issues a delivery order on the supplier of pump set, with a copy to the allottee cultivator. The supplier then delivers a set to the cultivator and realises price from the West Bengal Agro-Industries Corporation Ltd., who in turn, gets payment from the Principal Agricultural Officer/District Agricultural Officer.

Similar procedure is followed in group loan cases with the only difference that a group of cultivators get 100 per cent. of the price of a set as loan without being required to deposit any portion of the price of the set with the treasury from their own resources.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received 11 notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Cease work by 7,500 college teachers from 18th April, 1973—from Shri Kashinath Misra, Shri Sarat Chandra Das, Shri Sukumar Bandyopadhyay and Shri Md. Dedar Baksh.

(2) Reported demand for judicial inquiry by Shri A. Das Gupta with other five dismissed officers of Durgapur Chemicals Ltd.—from Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra.

(3) Reported decision of Central Government for reduction of wheat allotment to West Bengal—from Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra.

(4) Torture on the villagers of Kashipore by the Police on 12th April, 1973 from Shri Naresh Chandra Chaki.

(5) Naxalites clash with police on 12th April, 1973 at Naihati—from Shri Sisir Kumar Ghosh, Shri Shibapada Bhattacharyya, Shri Aswini Roy and Shri Harasankar Bhattacharyya.

(6) Proposed Mass deputation of the Primary Teachers to the Assembly on 18th April, 1973—from Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

(7) Acute scarcity of drinking water in West Bengal—from Shri Abdul Bari Biswas, Shri Kashinath Misra and Shri Sukumar Bandyopadhyay.

(8) Non-availability of Cotton thread to the weavers of Bankura district causing their great economic distress—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay and Shri Sarat Chandra Das.

(9) Scarcity of drinking water in Calcutta—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay and Shri Sarat Chandra Das.

(10) Hunger strike by the Members of glass factory Mazdur Union at Asansol—from Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Ch. Das, Shri Abdul Bari Biswas and Shri Kashinath Misra.

(11) T.R. and G.R. for Purulia district—from Shri Sarat Chandra Das, Shri Kashinath Misra and Shri Sukumar Bandyopadhyay.

I have selected the notice of Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Chandra Das and Shri Abdul Bari Biswas on the subject of scarcity of drinking water in Calcutta and other parts of West Bengal. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject, if possible, or give a date for the same.

Shri Ajit Kumar Panja: On the 23rd, Sir.

Mention Cases

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত খুসী ও কৃতজ্ঞ যে আমাকে বলবার সময় দিচ্ছেন। বেলা তখন ১-৫৩ মিনিট নাগাৎ আপনার চেম্বারের পাশে সেক্রেটারিয়েটে বসে একটা ট্রাংক কল পেয়েছিলাম এক্স-এম-এল-এ একজন সুতী কেন্দ্রের শ্রীমহম্মদ হাবিব সাহেবের কাছ থেকে। তিনি ট্রাংক কল করেছিলেন। অত্যন্ত দুঃখজনক ব্যাপার, ফরাক্কার বিধ্বংসী ভাঙ্গনের ফলে হাজার হাজার গ্রাম ভেঙ্গে উঠে যাচ্ছে, সেখানে লক্ষাধিক লোক গৃহচ্যুত হয়েছেন—যাকে বলা যায়--নিজের দেশে নিজে বাস্তুচ্যুত, সেই বিধ্বংসী ভাঙ্গন রোধের জন্য ও গৃহহারা বাস্তুচ্যুতদের পুনর্বাসনের দাবিতে আজকে জঙ্গীপুর মহকুমা বন্ধ বলে ডাক দেওয়া হয়েছে। সত্যাগ্রহীরা এস ডি ও-র অফিসের সামনে পিকেটিং করছিলেন তাদের ডিমান্ড আদায় করবার জন্য। খুব সুখের কথা আমাদের বিধানসভার সদস্য জঙ্গীপুর মহকুমার শ্রীহবিবুর রহমান সাহেব সহ আরো ২৩ জন সত্যাগ্রহী সেই আন্দোলনে যোগদান করেন। শ্রীহবিবুর রহমান, এম এল এ, তিনি ও যুব কংগ্রেসের রবীন পন্ডিত সহ আরো ২২ জনকে পুলিস জঙ্গীপুরের এস ডি ও-র আদেশে ধরে নিয়ে গিয়ে হাজতে আটকে রেখেছে। ওখান থেকে টেলিগ্রামও পেয়েছি। সত্যাগ্রহ মোটামুটি সন্ধ্যা পর্যন্ত চালিয়ে যাবার কথা তার দু' ঘন্টা আগে উইথড্র করে নেবেন। এই অবস্থায় বিধানসভার সদস্যকে কেন অ্যারেস্ট করা হল? কেন একজন বিধানসভার সদস্য সহ ২৫ জন সত্যাগ্রহীকে অ্যারেস্ট করা হল? এ জবাব এখন থেকে আমি জানতে চাই। তাদের ন্যায্য দাবি আদায়ের ভিত্তিতে আজ স্বেচ্ছাসেবকরা আন্দোলন চালিয়ে আছেন, কেন অধিকারে এস ডি ও তাদের হাজতে পুরে রাখেন? মুখ্যমন্ত্রী মহাশয় যখন ফরাক্কা ব্যারেজ পরিদর্শনে গিয়েছিলেন, ভাঙ্গনের ব্যাপারটা সরেজমিনে দেখবার জন্য, তখন এই এস ডি ও যে স্টেটমেন্ট দিয়েছিলেন, যে-ড্যাটা তিনি তখন দিয়েছিলেন। তা তিনি আজকে নস্যাৎ করে দিচ্ছেন। এর জন্য দেড় কোটি মঞ্জুর হয়েছে, আজকে মন্ত্রী আবদুল সাত্তার সাহেব এখানে আছেন। আমরা জানি এই ধরনের ন্যায্য দাবি আদায়ের জন্য যে শান্তি-পূর্ণ আন্দোলন ও পিকেটিং চলছিল, আজ কোন্ সাহসে জঙ্গীপুরের এস ডি ও তাঁদের হাজতে

পুরে দিলেন? আমি ইমিডিয়েটলি সেই সমস্ত সত্যাগ্রহীদের রিলিজ অর্ডার চাই। তাঁদের হাজতে রাখা হয়েছে, এক্ষুনি ছেড়ে দেবার ব্যবস্থা করা হোক্ আমাদের ডিমান্ড পশ্চিমবঙ্গ সরকার আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী যে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন যেখানে তাঁদের আন্তরিকতার কোন অভাব নাই। যেখানে পশ্চিমবঙ্গ সরকার এই জন্য ৬৩ কোটি ডিমান্ড করেছেন, সেখানে দেড় কোটি টাকা মঞ্জুর হয়েছে। যখন সত্যাগ্রহীরা সিদ্ধান্ত করেছিলেন, দু ঘণ্টা আগেই উইথড্র করে নেবেন তাঁদের আন্দোলন, এস ডি ও অফিসের সামনে বসে যখন সত্যাগ্রহীরা ডিমান্ডিং দি রিহ্যাবিলিটেশন অব দোজ ডিস্‌প্লেসড্ পারসন্স হবিবুর রহমান আমাদের বন্ধু সহ আরো ২৩ জন সত্যগ্রহীদের কেন অ্যারেস্ট করা হ'ল সেটা জানতে চাই? এর আমি তীব্র প্রতিবাদ করছি। আমি ডিমান্ড করছি ইমিডিয়েটলি তাঁদের রিলিজ করা হোক। এই রকম অবস্থা আর চলতে দেওয়া যায় না।

[2-10—2-20 p.m.]

আজকে আমরা মেনশন দিয়েছিলাম। কিছুক্ষণ আগে আমি এবং বন্ধু সদস্য শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত মহাশয় আমরা অপেক্ষা করছিলাম, মেনশানের সময় আমাদের বক্তব্য পেশ করবো। কিন্তু এই রকম কেন হ'ল? এই ধরনের ধৃষ্টতা কেন হ'ল? তারা কি ভায়োলেশান করেছিল? তারা কারো গায়ে হাত দেয় নি। সেখানে তারা সত্যাগ্রহ করছিল। এস ডি ও অফিসের যারা কর্মচারী ঢুকতে যাচ্ছে তাদের বলছে, আমাদের দাবির কথা আগে স্বীকার করা হক, তারপর আপনারা যাবেন। কোথাও কোন রকম ভায়োলেশান হয় নি। এম এল এ এবং তাদের সঙ্গীদের কেন ধরা হ'ল, আমরা জানতে চাই। আজকে আমরা যদি এর প্রতিবিধান না পাই, তা হ'লে আমরা কোথায় দাঁড়িয়ে আছি? এস ডি ও কি ভেবেছেন? মগের মুলুক ভেবেছেন? যা ইচ্ছে তাই করবেন? উত্তর দিন, এর ব্যবস্থা করা যাবে কিনা এই সম্বন্ধে।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্তঃ মিঃ স্পীকার স্যার, মুর্শিদাবাদে ফারাক্কা অঞ্চলে পদ্মার ভাঙ্গন নুতন নয়। কিন্তু আজকে নুতন জিনিস দেখতে পাচ্ছি। জনপ্রিয় সরকারের একজন এম এল এ এবং এই মন্ত্রিসভার মাননীয় মন্ত্রী আবদুস সাত্তার এবং বরকত সাহেব যে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন সেই প্রচেষ্টা জোরদার করবার জন্য এবং তাঁদের হাত শক্তিশালী করার জন্য তারা সেখানে শান্তিপূর্ণভাবে যে আন্দোলন করছিল সেই আন্দোলনের উপর আজকে হিটলারীসুলভ আক্রমণ শুরু হয়ে গিয়েছে এবং এর প্রতিবিধান কি ক'রে করতে হয় আমাদের পশ্চিমবঙ্গের মানুষ মুর্শিদাবাদের মানুষ যারা বহু মায়ের চোখের জলের মধ্য দিয়ে বহু স্ত্রীর সিঁথির সিঁদুর মুছিয়ে দিয়ে আজকে এখানে এসেছেন তারা জানে এস ডি ও সাহেব একটা প্রতিপক্ষ নয়। আজকের সমস্যা একজন এম এল-এর অ্যারেস্ট নয়, ২২ জন লোকের অ্যারেস্ট নয়, আজকের সমস্যা হচ্ছে ভাঙ্গনের সমস্যা। আপনি অবাক হয়ে যাবেন এই যে, ফারাক্কা প্রকল্প শুরু হয়েছে, এটা মুর্শিদাবাদের মানুষের কাছে আশীর্বাদস্বরূপ আসে নি, এসেছে অভিশাপস্বরূপ। আজকে ৫০ মাইল লম্বা এবং প্রস্থে ৮/১০ মাইল জায়গায় পর্যন্ত ভাঙ্গন। ২৫০ কোটি টাকার মতো সাধারণ মানুষের সম্পত্তি নষ্ট হয়ে গিয়েছে। এক লক্ষ মানুষ গৃহহারা, বাস্তুহারা। তাদের জন্য আজকে এম এল এ যদি শান্তিপূর্ণ ব্যবস্থা করেন, আমার মনে হয় পৃথিবীতে কোন সরকার নয়, এই জনপ্রিয় সরকার তো নয়ই তার বিরুদ্ধে এই রকম একটা হামলা, এই রকম একটা আক্রমণ কেউ কল্পনা করতে পারে। আজকে ফারাক্কার অবস্থা কি? স্যার, গিরিয়া এবং বিশ্বনাথপুরে একটা মিনি ব্যারেজ হয়েছে। এবং সেই মিনি ব্যারেজ থেকে গঙ্গা আধমাইল দুরে। যদি গঙ্গা এই আধমাইল স'রে আসে, তা হ'লে কলকাতা পোর্ট কোনদিনই বাঁচবে না, গোটা ফারাক্কা পরিকল্পনা ব্যর্থ হয়ে যাবে। ১৭৫ কোটি টাকা যেটা আমরা আমাদের চোখের জলের মধ্য দিয়ে দিয়েছি পরিকল্পনা রূপায়িত করতে সেটা নষ্ট হয়ে যাবে, আর ২৫০ কোটি টাকার সাধারণ মানুষের সম্পত্তি বিনষ্ট হবে যাবে। সেই সমস্ত ইঞ্জিনীয়ার যারা আমাদের সর্বনাশ করেছে তাদের আমরা মডার্ণ ভগীরথ বলছি। এই মডার্ণ ভগীরথরাই কলকাতা পোর্টকে বাঁচাবার জন্য মা গঙ্গাকে কলকাতা পর্যন্ত পেঁাছে দিতে পারলো না, অথচ সেখানে এম এল এ-দের অ্যারেস্ট করতে পারলো। আজকের দিনে মন্ত্রী সাত্তার সাহেব এবং বরকত সাহেব তাঁরা অক্লান্ত পরিশ্রম

করেছেন। আজকে এক কোটি টাকা পশ্চিমবংগ সরকার দিয়েছেন, কিন্তু আমলাতন্ত্র আজকে আমাদের উপর আঘাত হেনেছে। সেই আমলাতন্ত্র এই এক কোটি টাকার অ্যাড হক গ্রান্টের এক পয়সাও খরচ করতে পারলো না। এর চেয়ে দুঃখের কথা লজ্জার কথা আর কি হতে পারে? সেন্ট্রল গভর্নমেন্ট থেকে এই মন্ত্রিদ্বয়ের চেষ্টায় এবং জনগণের নেতা মাননীয় সিদ্ধার্থ রায়ের চেষ্টায় পাঁচ কোটি টাকা অ্যাড হক গ্রান্ট দেওয়া হয়েছে। যখনই জেনারেল ম্যানেজারের কাছে যাওয়া হচ্ছে তখনই তিনি চিবিয়ে চিবিয়ে ইংরাজী বলছেন, will be taken up immediately. এই ইমিডিয়েটলির আভিধানিক অর্থ এবং এদের অর্থে অনেক ফারাক। যেভাবে তিনি চলছেন তাতে এই পরিকল্পনা রূপায়িত করা সম্ভব নয়। আজকে জঙ্গীপুর মহকুমাতে যাঁরা নেতৃত্ব দিচ্ছেন তাঁদের একজন হলেন লুতফল হক সাহেব, এম পি, তিনি কংগ্রেস এম পি মুর্শিদাবাদ জেলা কংগ্রেসের সভাপতি আজিজুর রহমান সাহেব তিনিও সেখানে উপস্থিত আছেন। আজকে একথা সত্যি কলের চাকা ঘুরবে না, রেলের চাকা ঘুরবে না, ট্রেন চলবে না, বাস চলবে না। যেখানে সরকার থেকে ৬ কোটি টাকা দেওয়া হয়েছে সেখানে যে আমলাতন্ত্র ছ' পয়সাও খরচ করতে পারে নি সেখানে পশ্চিমবঙ্গের মানুষ এই অবস্থা বরদাস্ত করতে পারে না। আজকে আমাদের সরকারের হাতকে জোরদার করার জন্য ২২ জন অ্যারেস্ট হচ্ছেন, কালকে স্যার জেনে রাখুন আমরা যতগুলো এম এল এ আছি সবাই কারাগারে ঢুকে যাবো এবং এক দুর্বার আন্দোলন হবে। আজকে পশ্চিমবঙ্গের এই জনপ্রিয় সরকারকে লোকচক্ষে হেয় করার জন্য এবং পশ্চিমবংগ সরকারের যে ইমেজ হয়েছে জনগণের সরকার হিসাবে সেটা নষ্ট করার জন্য একটা গভীর চক্রান্ত এই সরকারী কর্মচারীরা চালিয়ে যাচ্ছে। আমি আজকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় মন্ত্রী শ্রী সত্তার সাহেবের কাছে এই আশ্বাস চাই যে, অবিলম্বে সেই এম এল এ-কে ছেড়ে দেওয়া হোক। তা না হ'লে যে আন্দোলন শুরু হবে তাতে কংগ্রেসের মর্যাদা বাড়বে না, প্রোগ্রেসিভ ডেমোক্রাটিক অ্যালায়েন্সের মর্যাদা বাড়বে না।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে ২২ জনের কথা বল্লেন সেটা ২২ জন নয়, ২৪ জন। স্যার, এই হাউস চলাকালীন কোন এম এল এ-কে কি কেউ ধরে রাখতে পারেন? এটা আমি জানতে চাই।

শ্রী এ বি এ গণি খাঁন চৌধুরীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ইরোসনের একটা কারণ আমি হাউসে বলেছিলাম যে, এটা একটা ডিভ্যাস্টেটিং অ্যাফেয়ার্স যে উই উইল এগ্রি বাট দিস্ গভর্নমেন্ট অ্যাক্সেপ্ট দি চ্যালেঞ্জ। কিন্তু হোয়াটএভার মে হ্যাপেন আমরা এই ইরোসন বন্ধ করবোই। এবং আমি অন এ পয়েন্ট অব উইনিং দি ব্যাটল গভর্নমেন্ট অব ইন্ডিয়া কিছু দিন আগে জিজ্ঞাসা করেছিল মনসুনের আগে কত টাকার কাজ আমরা করতে পারবো। আমরা বলেছিলাম যে, ১ কোটি টাকার কাজ করতে পারবো এবং আমি আমার অফিসারদের নিয়ে মিটিং করেছিলাম এবং তাতে ডিসিসন নিয়েছি যে, মনসুনের আগে পর্যন্ত আমরা দেড় কোটি টাকার কাজ করতে পারবো—সে ভার আমরা নিয়েছিলাম এই ভেবে যে, ফরাক্কা অথরিটিজ কাজ করবে। কিন্তু শুনতে পাচ্ছি যে, তারা কাজ আরম্ভ করতে পারে নি। যা হোক আমি, চীফ মিনিস্টার ও এগ্রিকালচার মিনিস্টার যাচ্ছি ২৩ তারিখে দেখতে যে কতদূর কাজ আরম্ভ হয়েছে বা কি ব্যাপার ফরাক্কা অথরিটিজ ফাজ আরম্ভ করেছে কিনা। আমি সদস্যদের অ্যাসিওরেন্স দিচ্ছি যে, যদি ফরাক্কা অথরিটিজ কাজ আরম্ভ না করে, তা হ'লে আমরা কাজ আরম্ভ করবো। আমরা ফরাক্কা এরোসন বন্ধ করবো এবং এই গভর্নমেন্ট সেই ব্যাপারে প্রতিজ্ঞাবদ্ধ। আর যে ইনসি-ডেন্টের কথা বল্লেন, আমি জানি না কি ঘটনা। আমি বা চীফ মিনিস্টার, বা এগ্রিকালচার মিনিস্টার খোঁজ নিচ্ছি এবং খোঁজ নিয়ে দু' ঘন্টা পরে আমি এই হাউসকে জানিয়ে দিচ্ছি।

শ্রীতপন চ্যাটার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউস অবহিত আছেন যে, বিদ্যুৎ সংকট নিয়ে আজ কলকাতায় এবং তার পার্শ্ববর্তী এলাকায় কি অবস্থার সৃষ্টি হয়েছে। এই বিদ্যুৎ সংকটের ফলে অর্থনৈতিক এবং রাজনৈতিক সংকট শুরু হয়েছে। সি পি এম নেতা জ্যোতি

বসু নাকি বলেছেন যে, বিদ্যুৎমন্ত্রীর পদত্যাগ করা উচিত। আজকে বিদ্যুৎমন্ত্রীর এই বিষয়ে সচেতন হওয়া উচিত। আজকে বিদ্যুতের অভাবে অন্তর্ঘাতমূলক কার্যকলাপ শুরু হয়েছে। যুবক ইঞ্জিনীয়ারদের নিয়ে অধিক সাফল্যের সংগে আজকে পশ্চিমবাংলার মানুষকে ত্রাণ করা উচিত। আমার নির্বাচনী ক্ষেত্র পানিহাটি। কয়েক দিন আগে টেক্সমেকো ফ্যাক্টরির ৪ হাজার শ্রমিককে বিদ্যুৎ সংকটের ফলে লে-অফ করা হয়েছে। কিছু দিন আগে বঙ্গোদয় কারখানায় নাইট সীফ্‌ট বন্ধ হয়ে গেছে। দীর্ঘ দিন বিদ্যুতের অভাবে পুনরায় তা চালু করা যাচ্ছে না। এছাড়া বিদ্যুৎ সংকটের ফলে বঙ্গশ্রী মিল প্রায় বন্ধ হতে চলেছে। এবং এই বিদ্যুৎ সংকট নিয়ে সমাজ বিরোধীরা পথেঘাটে ছিনতাই শুরু করেছে। এই যদি অবস্থা হয়, তা হ'লে পশ্চিমবঙ্গের বেকার যুবকদের কি ক'রে চাকুরি হবে? তাদের হতাশাকে কি ক'রে ভঙ্গ করা যাবে? বিদ্যুৎ সংকটের ফলে যদি কারখানা না চলতে পারে, তা হ'লে কি ক'রে বেকার যুবকদের চাকরি দেওয়া যাবে? আজকে বিদ্যুৎ সংকটের জন্য গ্রামে যে সমস্ত টিউবওয়েল বসানো হয়েছে সেগুলি চালু করা যাচ্ছে না, জল সরবরাহ ব্যাহত হয়ে প'ড়ে আছে। বিদ্যুৎ সংকটের জন্য হাসপাতালের পাখা চলছে না, রেলের চাকা চলছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করবো যে, তিনি বিদ্যুৎ সংকট দূরীভূত করার জন্য এই পরিস্থিতিকে অত্যন্ত যোগ্যতার সঙ্গে মোকাবিলা করবেন। এই বিদ্যুৎ সংকটের ফলে যে অন্তর্ঘাতমূলক কার্যকলাপ আরম্ভ হয়েছে, তার জন্য ঐ মূলাজোড় পাওয়ার স্টেশনের ট্রেড ইউনিয়ন নেতাদের সঙ্গে অবিলম্বে আলোচনা আরম্ভ করুন। কারণ সেখানে প্রতি দিন যে ৮৪ লরী ছাই কারখানার বাইরে থেকে আনা হত, এখন সেখানে ৩০ থেকে ২৫ লরী ছাই বাইরের থেকে আনা হচ্ছে। তার ফলে সেখানে যে বিদ্যুৎ উৎপাদন করার কথা ছিল এখন সেই বিদ্যুৎ উৎপাদিত হচ্ছে না।

[2-20—2-30 p.m.]

এই বিদ্যুতের সংকট আজ জাতীয় সংকট। এই বিদ্যুৎ সংকট আমাদের বেকারী দূরীকরণের অন্তরায়। বিদ্যুৎ সংকটের ফলে আমাদের জাতীয় আয় দিন দিন কমে যাচ্ছে এবং বিদ্যুৎ সংকটের ফলে আমাদের রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক ইত্যাদি সমস্ত দিকেই খুব ক্ষতি হচ্ছে। পশ্চিমবাংলার বিদ্যুৎ সংকট মানেই হচ্ছে আমাদের অর্থনৈতিক সংকট। এই বিদ্যুৎ সংকটের হাত থেকে আমাদের অবিলম্বে তিনি মুক্তিদান করুন। আপনি এ সম্বন্ধে হাউসে একটি বক্তব্য রাখুন।

শ্রীমধুসূদন রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ জরুরী বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন সরকারী ডিপার্টমেন্টে যে চাকুরি দেওয়া হয় সেখানে ১৫ পারসেন্ট রিজার্ভেসন অব শিডিউল্ড কাস্ট আর ৫ পারসেন্ট রিজার্ভেসন ফর শিডিউল্ড ট্রাইবস্‌ আছে। কিন্তু দীর্ঘদিন ধ'রে এই রিজার্ভেসন মেন্টেন করা হচ্ছে না ব'লে গত বছর বর্তমান সরকার এই বিধানসভায় বার বার প্রতিশ্রুতি দেন যে, এই রিজার্ভেসনের কোটা যেগুলি আছে সেগুলি যেভাবেই হোক মেনটেন করা হবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনার নিশ্চয় স্মরণে আছে যে, গত বছর এর উপর একটা পার্লামেন্টারী কমিটি করার জন্য মোসান আসে তখন আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রীসন্তোষ রায় মহাশয় এই বিধানসভায় প্রতিশ্রুতি দিয়েছিলেন যেভাবেই হোক সরকারী ক্ষেত্রে এবং আধা-সরকারী ক্ষেত্রে এই রিজার্ভেসনগুলি যাতে মেনটেন করা হয় তার নির্দেশ চ'লে গেছে। কিন্তু সব চেয়ে আশ্চর্যের বিষয় এই বিষয়ে গতকাল আমার একটি প্রশ্ন ছিল, ট্রেন লেটে আসার জন্য বিধানসভায় সেটি আমার পক্ষে উত্থাপন করা সম্ভব হয় নি। সেখানে আমাদের মাননীয় স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রী আমার একটি প্রশ্নের উত্তরে বলেছেন—আমার প্রশ্নটি ছিল যে, স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার বিভিন্ন বিভাগে বর্তমানে কতজন কর্মী কাজ করেন এবং তন্মধ্যে তফসিলী সম্প্রদায়-ভুক্ত ও উপজাতি সম্প্রদায়ভুক্ত কর্মীর সংখ্যা কত? বিধানসভায় সেটা আলোচনা হয় নি, সেটা টেবলে লে করা হয়েছে। তাতে দেখা যাচ্ছে, ঐ সংস্থায় অফিস পর্যায়ে ৫৭৭ জন, ট্রাফিক

বিভাগে ১,৭৬৮ জন আর ওয়ার্কসপে ৫৫৪ জন লোক কাজ করে। কিন্তু আমার প্রশ্ন যেটা ছিল সেটা হচ্ছে তন্মধ্যে তফসিলী ও উপজাতি সম্প্রদায়ের কর্মীর সংখ্যা কত? তার উত্তরে মাননীয় মন্ত্রিমহাশয় জানিয়েছেন যে, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ করর্পোরেশনে তফসিলী সম্প্রদায়ভুক্ত জাতি ও উপজাতির কর্মীর কোন আলাদা হিসাব না রাখার দরুণ প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা সম্ভব হয় নি। স্যার, আপনি নিশ্চয় বুঝতে পারছেন যে, রিজার্ভেসন কোটা সম্বন্ধে যেখানে গভর্নমেন্ট থেকে ইন্সট্রাকসন দেওয়া হয়েছে সেখানে সেটা মেনটেন করা হয় নি অথবা সেখানে উপযুক্ত সংখ্যক তফসিলী সম্প্রদায়ভুক্ত কর্মচারী ও উপজাতি সম্প্রদায়ভুক্ত কর্মচারী না থাকার জন্য একটা ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য ডিপার্টমেন্টের আমলারা দিয়েছেন এটাই আমার বিশ্বাস। সরকারের যেখানে নির্দেশ আছে যে, রিজার্ভেসন মেনটেন করতে হবে সেখানে রিজার্ভেসন কোটা মেনটেন করা হচ্ছে না এবং সেখানে আলাদা কোন হিসাব না রাখার জন্য কোন প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা সম্ভব হচ্ছে না। এটা কিভাবে সম্ভব? আমি নিজে ব্যক্তিগতভাবে জানি যে—15 per cent. and 5 per cent for scheduled castes and scheduled tribes সেটা রাখা হয় নি। আমি নিজে বহুবার চেষ্টা করেছি, কিন্তু কোন তথ্য সেখান থেকে না পাবার দরুন আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী এবং সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবস্ ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের মন্ত্রীর এই বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসুনীল কর: মাননীয় স্পীকার মহাশয়, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এই উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা সরকারী সংস্থা এবং এই সংস্থায় এর আগে হাজার হাজার লোক নিয়োগ করা হয়েছে। তফসিলী জাতি এবং উপজাতিদের যে সংবিধানগত অধিকার আছে তার কোন হিসাব রাখা হচ্ছে না। এই বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সেই জন্য আমি এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেবার জন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী ও হাউসের মাননীয় সদস্যদের দৃষ্টি আকৃষ্ট করছি।

শ্রীহেমন্ত দত্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, তুষারমৌলি হিমালয় এবং উত্তালতরঙ্গবিক্ষুব্ধ সমুদ্র এটা মানুষের মনের মধ্যে পুলকের সঞ্চার করে। তাই আমরা হিমালয়ের বুকে দার্জিলিংয়ে ফিরে যাই। আর ফিরে যাই মেদিনীপুরের সমুদ্রতীরে দীঘা সমুদ্র সৈকতে। দীঘার সমুদ্র সৈকতে যে পর্যটন কেন্দ্র গড়ে উঠেছে এই পর্যটন কেন্দ্রের খ্যাতি দিকে দিকে ছড়িয়ে যাচ্ছে। এখানে শুধু বাঙ্গালী নয়, বাংলার বাইরের লোক এমন কি ভারতবর্ষের বাইরের লোক এসে থাকেন। এই যে পর্যটকদের থাকবার ব্যবস্থা করা হয়েছে এটা যথেষ্ট নয়। এই জন্য আমরা দেখতে পাই যে, ছুটির দিনগুলিতে যখন ২/৩ দিন ছুটি থাকে তখন দেখা যায় স্থান না হবার ফলে ঝাউবনের মধ্যে অথবা রাস্তাঘাটে পড়ে থাকতে। অনেক ক্ষেত্রে যারা বাসে যান, যারা লরীতে যান, তারা বাসে বা লরীতে প'ড়ে থাকেন। সে জন্য বলছি এই যে পর্যটন কেন্দ্র হিসাবে গ'ড়ে তোলা হয়েছে অথচ থাকবার সেই রকম ব্যবস্থা করা হয় নি। এখানে দেখা যাচ্ছে দীঘা ডেভেলপমেন্ট অফিসে প্রথমে যে ভাবে সরকারের আয় বাড়ছিল এখন সরকারের আয় ক্রমবর্ধমান এবং পর্যটন হিসাবে খ্যাতি অর্জন করেছে কিন্তু যাতায়াতের পথ হিসাবে আমরা দেখতে পাই—রূপনারায়ণ নদীর উপর ব্রীজ হয় নি। তখন যে সংখ্যা ছিল এখন সেই সংখ্যা অনেক বেড়েছে। এখন ৫ ঘন্টার মধ্যে দীঘায় যাওয়া যায় এবং এখন দীঘার সঙ্গে আসানসোল, বর্ধমান, ঝাড়গ্রাম বিভিন্ন জায়গার সঙ্গে সংযোগ স্থাপন করা হয়েছে। এর ফলে ভ্রমণার্থীদের অনেক সুবিধা হয়েছে। কিন্তু দুঃখের বিষয় দেখা যাচ্ছে সে দীঘা এখন ভাংগনের সম্মুখীন হয়েছে। এখানে যে মার্কেট আছে সেই মার্কেটের গায়ে সমুদ্রের জল এসে ধাক্কা মারছে এবং যে সমুদ্র সৈকতাবাস আছে তার গায়ে গিয়ে জল ধাক্কা মারছে। আপনি এবং মন্ত্রি-মহাশয় জানেন, কারণ আপনারা অনেকবার সেখানে গিয়েছেন সেখানে সরকারের যে সমস্ত সম্পত্তি

আছে সেটা এখন জলের তলায় তলিয়ে যাবে যদি খুব শীঘ্র এর ব্যবস্থা না করা হয়। আমি সে জন্য আমাদের উন্নয়ন মন্ত্রী এবং পর্যটন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম, কিন্তু আজ পর্যন্ত কোন ফল হয় নি। তবে গত বছর ডিসেম্বর মাসে সেন্ট্রাল গভর্নমেন্টের যে টিম গিয়েছিলেন সেই টিমে অনেক বিশেষজ্ঞ ছিলেন এবং তারা ভাঙ্গনের গতিবিধি সম্পর্কে জ্ঞান অর্জন করার জন্য বা তার কর্মধারা কি অবলম্বন করা যায় এটা সুপারিশ করবার জন্য তারা গিয়েছিলেন। আমি জানি না, তারা রিপোর্ট পেশ করেছেন কিনা এবং সেই রিপোর্ট কতখানি কার্যকর হবে, সেটাও আমার জানা নেই। তবে বিধানসভায় প্রশ্নোত্তরকালে আমি উন্নয়নমন্ত্রীর কাছে জেনেছি যে, এই পশ্চিমবাংলার তহবিল থেকে ৩০ লক্ষ টাকা ব্যয় করা হবে। তবে এক কোটি ২০ লক্ষ টাকার মত ব্যয় হবে এবং বাকী টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে দাবি করা হয়েছে। আমি আশা করি, এই সম্পর্কে আমাদের সরকার বাহাদুর ত্বরান্বিত হবেন। কারণ যে মনসুন আসছে, যে বর্ষাকাল আসছে, এই বর্ষাকালের পূর্বে যদি ব্যবস্থা না করা হয় বা বর্ষার অব্যবহিত পরেই যদি না করা হয়, তা হলে এগুলি ধুয়ে যাবে বলে মনে করি। কাজেই এই বক্তব্য মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুতর বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কারণ বিষয়টি অবহেলা করা যায় না। বর্ধমানে ছোট ছোট ৮/১০টি তেলকল আছে। এখানে প্রায় ১০০ থেকে ১৫০ জন লোক কাজ করেন। এই তেলকলগুলি বন্ধ হয়ে যাচ্ছে, কারণ তারা সরিষা পাচ্ছে না। এখন পশ্চিমবাংলায় ভারতবর্ষের বাইরে থেকে ক্যানাডিয়ান রেপ সিড আসছে। এই রেপ সিডস্ অন্যান্য তেলকলগুলিকে কোটা দেওয়া হয়েছে, যেমন রাণীগঞ্জ-এর একটা তেলকলকে কোটা দেওয়া হয়েছে। এখন সরিষা যেখানে পাওয়া যাচ্ছে না, মাস্টার সিডস্ যেখানে পাওয়া যাচ্ছে না সেজন্য খাদ্য এবং সরবরাহ বিভাগীয় মন্ত্রি-মহাশয় যদি এই তেলকলগুলিকে চালু রাখতে চান এবং এই ১৫০ শত লোককে বেকারীর হাত থেকে বাঁচাতে চান, তা হলে তিনি এটা একটু ভেবে দেখবেন যে, এই ক্যানাডিয়ান রেপ সিডস্-এর কিছু অংশ যদি বর্ধমানে যে তেলকলগুলি আছে সেগুলিকে দিলে এই তেলকলগুলি কিছুদিন চলতে পারে। সেজন্য আপনার মাধ্যমে খাদ্য এবং সরবরাহ দপ্তরের মন্ত্রিমহাশয়ের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি এবং তিনি এটা অনুসন্ধান করে তাড়াতাড়ি ঐ শহরের তেলকলগুলি চালু রাখার জন্য ক্যানাডিয়ান রেপ সিডস্ যেটা আসছে তার একটা অংশ বর্ধমান শহরের তেল-কলগুলিকে দিতে পারেন কিনা সেটা বিবেচনা করবেন।

[2-30—2-40 p.m.]

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিশেষ প্রতিদিনের যে সমস্যা, সেই সমস্যা কেবল আমার এলাকাতেই নয় বিভিন্ন এলাকায় দেখা দিয়েছে, আমি শুধু আমার এলাকা সম্বন্ধে বলতে চাচ্ছি এবং গ্রামীণ জলসরবরাহ মন্ত্রিমহাশয়ের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। মুর্শিদাবাদ জেলার সামসেরগঞ্জ এবং সুতী থানায় এবং বিশেষ করে পদ্মার তীরবর্তী জায়গায় জলের লেয়ার নেবে গেছে। ফলে ইঁদারা, কুঁয়া, টিউবওয়েলে জল পাওয়া যাচ্ছে না, কাজেই সেখানে এমন জলকষ্ট দেখা দিয়েছে যে, সেখানকার মানুষ জলের জন্য হাহাকার করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি যে, পশ্চিমবঙ্গের মন্ত্রিগণ বিভিন্ন এলাকা ঘুরে ঘুরে টিউবওয়েল সরবরাহ করেছেন। কিন্তু চিরাচরিত প্রথা অনুযায়ী কোম্পানীর সঙ্গে কন্ট্রাক্ট করা হয় যাতে কিছু চিফ রেটে পাইপ, টিউবওয়েলের সরঞ্জাম যা সাপ্লাই করা হয় তা অত্যন্ত নিম্ন মানের এবং কয়েকদিনের মধ্যে ফিলটার, পাইপ প্রভৃতি নষ্ট হয়ে যায় এবং সেইগুলো মেরামত করবার আর কোন ব্যবস্থা থাকে না। এর ফলে জলকষ্ট অত্যন্ত ভীষণাকার ধারণ করে। এবং যতগুলো টিউবওয়েল আছে তাতেও আমরা দেখতে পাচ্ছি যে, আমলাতান্ত্রিক সেই নজর এসে পড়েছে। বি ডি ও অফিসে যে সমস্ত কর্মচারী রয়েছে এই সব কাজের জন্য তাদের পাত্তা পাওয়া যায় না। যে সব জিনিস টিউবওয়েলের নষ্ট হয়ে গেছে তার জন্য দরখাস্ত করলেও তার কোন উত্তর পাওয়া যায় না। কোন রেসপন্সিবিলিটি তাদের মধ্যে নেই। কাজেই অবিলম্বে আমি মনে করি পদ্মার তীরবর্তী এলাকায় যে পানীয় জলের অভাব দেখা দিয়েছে সেই অভাব

পূরণের জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করবেন। মন্ত্রিমহাশয়ের নিশ্চয়ই এই বিষয়ে অভিজ্ঞতা রয়েছে, কারণ তাঁর বাড়ি পদ্মার তীরবর্তী এলাকায়। সেখানকার বৈশিষ্ট্য হচ্ছে জলের লেয়ার অত্যন্ত নীচে নেবে যায়, যার ফলে কুঁয়া, ইঁদারা, টিউবওয়েলে জল পাওয়া যায় না। সেই জন্য অবিলম্বে সামসেরগঞ্জ, সূতী এবং রঘুনাথপুরে এই তিনটি থানা এলাকায় জলের ব্যবস্থা করবেন, এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে।

শ্রীআবদুস সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পানীয় জলের অভাব কেবল সামসেরগঞ্জেই নয়, গোটা পশ্চিমবাংলায় পানীয় জলের অভাব দেখা দিয়েছে। আপনি জানেন যে, গতবার আমরা আসার পর প্রতিটি ব্লকে যাতে ৩৫টি টিউবওয়েল সিংকিং অর রিসিংকিং হয়, এই হিসাব ক'রে ৩৩৫টি ব্লকে ১১ হাজার ৪৪৫টি টিউবওয়েল সিকিং অর রিসিংকিং করার জন্য প্রোগ্রাম নিয়েছিলাম। মোটামুটি যে টাকা অ্যালটমেন্ট বিভিন্ন জেলাতে করা হয়েছিল, সেখানে ১১ হাজার ৪৪৫টি টিউবওয়েলের জায়গায় ১৮ হাজার টিউবওয়েল সিংকিং অর রিসিংকিং করেছি। এ ছাড়া ২৬ লক্ষ টাকা পেটি রিপেয়ার্সের জন্য খরচ হয়েছে। এই বছর যে টিউবওয়েল সিংক করা হয়েছে, তার মধ্যে নিশ্চয়ই দু'-একটা খারাপ হতে পারে। জলের অভাব দেখা দিয়েছে এই নিয়ে গত তিন দিন থেকে কত টিউবওয়েল দিতে পারবো, এই নিয়ে আলোচনা করেছি আমার দপ্তরে এবং আজকেও বসেছিলাম আমার দপ্তরে। দুটো স্কীম আছে, একটা হচ্ছে নর্মাল স্কীম এবং আর একটা হচ্ছে অ্যাকসিলারেটেড ওয়াটার সাপ্লাই স্কীম। নর্মাল স্কীমে ৮০ লক্ষ টাকা আছে এবং অ্যাক্সিলারেটেড ওয়াটার সাপ্লাই স্কীমে ১ কোটি ৫০ লক্ষ টাকার মত আছে। অ্যাক্সিলারেটেড ওয়াটার সাপ্লাই স্কীম কিন্তু ইন্ডিয়া গভর্নমেন্ট বেঁধে দিয়েছেন, ২৬৮টি ব্লকে দিতে পারবো নর্মাল স্কীম ধ'রে আমরা যে ব্লকে যাবো, সেই বিষয়ে আগামী কাল কেবিনেটে সেটা মেনশন করবো যে, ৩১টি টিউবওয়েল প্রতিটি ব্লকে সিংকিং অর রিসিংকিং করার জন্য। আগামী কাল এই বিষয়ে কেবিনেটে রাখতে চাচ্ছি।

সেই হিসাবে আমি বলছি যে, ৩১টি টিউবওয়েল বা ৩৫টি সিংক অথবা রি-সিংক করার বদলে কোন জায়গায় বা ব্লকে ১০০/১৫০/২০০টি পর্যন্ত করা হয়েছে। সিমিলিয়ারলি এই বছরও ৩১টি জায়গায় ডাবল হতে পারে তিন গুণও হতে পারে। আবার কতগুলি জায়গা আছে যেগুলি অত্যন্ত খারাপ এলাকা, যেমন পাথরপ্রতিমা, গোসাবা ইত্যাদি সুন্দরবন এলাকায়, সেসব জায়গায় কন্ট্রাক্টররা অনেক চেষ্টা করছেন, কিন্তু ৩৫টিই ফুলফিল করতে পারেন নি, এটা স্বীকার করছি। ১৮ হাজার করছি ১১,৪৪৫টি জায়গায়, আপনি জানেন মুর্শিদাবাদ জেলায় প্রায় ব্লকেই ৩৫টির জায়গায় ১০০/১৫০/২০০টি ক'রে হয়েছে, এইভাবে আমরা চেষ্টা করছি এবং স্কীমের কাজও আরম্ভ করেছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এশিয়ার অন্যতম বিখ্যাত কাঁচের কারখানা হিন্দুস্থান পিলকিংটন গ্লাস ওয়ার্কস, এই গ্লাস ওয়ার্কসের মূল মালিকরা ইংলন্ডের কোন কারখানায় রয়েছেন, আসানসোলের কাছে এই কারখানার কর্তৃপক্ষ দীর্ঘ দিন ধ'রে নানান দুর্নীতি এবং নানান রূপ ছলচাতুরী দ্বারা আন্ডার-ইনভয়েসিং ক'রে তারা বৈদেশিক ব্যাংকে কোটি কোটি টাকা জমা করেছে এবং এই আন্ডার-ইনভয়েসিং-এর জন্য এক দিকে জাতীয় সরকার তার ন্যায্য পাওনা অর্থ থেকে বঞ্চিত হচ্ছে, অপর দিকে শ্রমিকরা তাদের পাওনা থেকে বঞ্চিত হচ্ছে। প্রতি বছর আন্ডার-ইনভয়েসিং ক'রে উক্ত হিন্দুস্থান পিলকিংটন গ্লাস ওয়ার্কস্ কর্তৃপক্ষ কোটি টাকার বেশী টাকা বৈদেশিক ব্যাংকে সঞ্চয় করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ কারখানা মিথ্যা লেন-দেনের নামে এবং ভৌতিক ঋণের নামে নানা রকম ভাবে কোটি কোটি টাকা অপচয় করছে। ১৯৬৭ সালে ক্ষতির পরিমাণ দেখানো হয়েছে ২ কোটি ৫ লক্ষ টাকা, অথচ ভৌতিক লেনদেন এবং মিথ্যা ঋণ যারা নিয়েছেন সেই সমস্ত পার্টি টাকা দেন নি এবং তাদের হদিশও পাওয়া যায় নি, বোর্ড অফ ডিরেকটররা এই সমস্ত টাকা মকুব ক'রে দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, ঐ কারখানায় শ্রমিকদের বেতন ৩৫ লক্ষ টাকা, সেখানে ওভারটাইম বাবত পেমেন্ট করা হয় ১৫ লক্ষ টাকা। ওভারটাইম বাবত এই টাকাটা পেমেন্ট না করলে সেখানে আরো বেশী শ্রমিককে কাজে নেওয়া সম্ভব হতো। ঐ কারখানায় ঠিকাদাররা বছরে প্রায় ১০

লক্ষ টাকা পান, অধিকাংশ ঠিকাদার-এর কোন লাইসেন্স নেই, তারা ইনকাম ট্যাক্স দেন না এবং ঠিকাদাররা যে সমস্ত শ্রমিকদের নিয়োগ করেন তারা ২/৩ টাকার বেশী পান না, বাকি টাকাটা ঠিকাদাররা এবং মালিক পক্ষের লোকেরা নিজেদের মধ্যে ভাগ-বাটোয়ারা ক'রে নেন। আজকে আমাদের পশ্চিমবঙ্গ সরকার যখন সব দিক থেকে শ্রমিকদের স্বার্থ সংরক্ষণের কথা বলছেন, তখন আমি বুঝতে পারছি না, এই রকম কেন হবে? ফোর্থ ইন্ডাস্ট্রিয়াল টাইবুনাল ১৯৬৭ সালে নির্দেশ দিয়েছিলেন ৮৭ জন ঐ কারখানার শ্রমিকের পুনর্বহালের, কিন্তু আজকে ১৯৭৩ সালেও চতুর্থ শিল্প আদালতের সেই নির্দেশ বা রায় ঐ কারখানার কর্তৃপক্ষ মানে নি। ঐ শ্রমিকদের মধ্যে ৪ জন অনাহারে মারা গিয়েছেন, আর পাগলা হয়ে গিয়েছেন ৫ জন। পশ্চিমবঙ্গ সরকার যখন শ্রমিকদের স্বার্থ রক্ষার জন্য অনেক কথা বলছেন, তখন সেই রাজ্যে দুঃখের কথা যে, একটি কারখানার কর্তৃপক্ষ চতুর্থ শিল্প আদালতের রায়কে মানছেন না এবং সরকার তাদের উপর চাপ সৃষ্টি করতে পারেন না। গত ১৬ তারিখ থেকে ঐ কারখানার শ্রমিকরা ইউনিয়নের তরফ থেকে ১১৬ ফারেনহাইট হিটের মধ্যে আসানসোলে তাদের দাবির পক্ষে অনশন করছেন। তাদের দাবি হচ্ছে চতুর্থ ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুনালের রায় কম্পানিকে মানতে বাধ্য হতে হবে। আমি পশ্চিমবঙ্গের মন্ত্রিসভার কাছে এই দাবি করছি যে, এই কম্পানির বিরুদ্ধে নানা রকম অভিযোগ রয়েছে এবং সুস্পষ্ট অভিযোগ রয়েছে। সুতরাং তাদের বিরুদ্ধে সি বি আই-কে দিয়ে তদন্ত করা হোক এবং অভিযোগ প্রমাণ হ'লে তাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করা হোক। যাতে তারা ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুনালের রায় মানে তার জন্য তাদের বাধ্য করা হোক, কারণ এই গরমের মধ্যে শ্রমিকরা অনির্দিষ্টকালের জন্য অনশন করতে বাধ্য হয়েছেন। এই ক'টি কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-40—2-50 p.m.]

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি: স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিসভা বিশেষ ক'রে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় রাখতে চাই। সেটা হচ্ছে সরকারী কর্মচারীরা বিধানসভার মধ্যে এবং বাহিরে জনপ্রতিনিধিদের সঙ্গে যেরকম ব্যবহার করা উচিত সেরকম ব্যবহার অনেক ক্ষেত্রে তাঁরা করছেন না। আমি কয়েক দিন আগে খবরের কাগজে চিঠিপত্রের স্তম্ভে শ্রীমতী চক্রবর্তী একটা চিঠি লিখেছেন তা থেকে জানলাম ১৯৬৭ সালে ভারত সরকারের স্বরাষ্ট্র বিভাগ অফিসিয়েল কোড অব কনডাক্ট একটা তৈরি করেছিলেন এবং তার কতকগুলি সুপারিশ হিন্দুস্থান স্ট্যান্ডার্ডে ১৯৬৭ সালের এপ্রিল মাসে বের হয়েছিল। তাতে জনপ্রতিনিধিদের সঙ্গে সরকারী কর্মচারীদের সম্বন্ধ কি হওয়া উচিত। কিরকম তাঁদের প্রতি ব্যবহার করা উচিত, জনসংশ্লিষ্ট ব্যাপার নিয়ে জনপ্রতিনিধিরা যখন যান তখন তাঁদের সঙ্গে কিরকম ব্যবহার করা উচিত ইত্যাদি বিষয়ে ভারত সরকার কতকগুলি সুপারিশ করেছিলেন। পশ্চিমবাংলার উপর দিয়ে গত ক বছরে বিভিন্ন ঝঞ্ঝা বয়ে গেয়ে। সরকারী কর্মচারীদের এমন অনেক ক্ষেত্র আছে যেখানে তাঁরা ইচ্ছা ক'রে ব্যবহার করেন না, এমন অনেক ক্ষেত্রে আছে যেখানে জনসংশ্লিষ্ট ব্যাপারে নিয়ে গেলে তার সদুত্তর পাওয়া যায় না। অতএব আমি অনুরোধ করছি, বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতে জনপ্রতিনিধিদের সম্মান, মর্যাদা এবং জনপ্রতিনিধিরা জনস্বার্থ সংশ্লিষ্ট কাজ যাতে তাঁরা করতে পারেন তার জন্য সরকারী কর্মচারীরা তাঁদের কথাবার্তা যেন ঠিকভাবে শোনেন, প্রশ্নের যথাযথ ভাবে যেন তাঁরা উত্তর দেন এবং সংবাদ যেন ভালভাবে দেন। সেজন্য পশ্চিমবঙ্গ সরকারের নির্দেশে একটা অফিসিয়াল কোড অফ কন্ডাক্ট তৈরি ক'রে সরকারী কর্মচারীদের কাছে রাখা হোক, এই অনুরোধ আমি করছি।

শ্রীনরেশচন্দ্র চাকী: স্যার, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা এতদিন শুনতাম যদি খুব সস্তায় কোন জিনিস বিক্রি হত, তা হ'লে বলা হ'ত জলের দামে বিক্রি হচ্ছে। অর্থাৎ জল ছিল সবচেয়ে সস্তা জিনিস। কিন্তু আজ আর সেকথা বলা যাবে না। কারণ জলের দাম ভীষণভাবে বেড়ে গেছে। সম্প্রতি পশ্চিমবঙ্গ সরকার একটা সার্কুলার দিয়ে জলের দাম ২ গুণ, কোথাও ৩ গুণ বাড়িয়ে দিয়েছেন। আমাদের

দেশে সেচ ব্যবস্থার জন্য ডীপ টিউবওয়েল রিভার পাম্প এবং শ্যালো টিউবওয়েল সরকার থেকে বসানো হচ্ছে এবং তার মাধ্যমে চাষীদের জলসেচের ব্যবস্থা করা যাবে। এতদিন যে রেটে জল সরবরাহ করা হ'ত সেই রেট ভীষণভাবে বাড়িয়ে দেওয়া হয়েছে। আমি আপনার মাধ্যমে এই রেটগুলি কিছু কিছু বলছি। গম ও আটার ক্ষেত্রে এতদিন ঘন্টায় জলের দাম ছিল ১১ টাকা, সেটা করা হয়েছে ১৯ টাকা ২০ পয়সা। গম ফলানোর জন্য প্রতি ঘণ্টায় জলের দাম ছিল ১১ টাকা, সেটা করা হয়েছে ২৫ টাকা। আউস ও আউস ধানের ক্ষেত্রে প্রতি ঘন্টায় ছিল ১৫ টাকা, সেটা করা হয়েছে ৪০ টাকা। আই আর ৮ এবং বোরোর জন্য প্রতি ঘণ্টায় জলের দাম ছিল ১৫ টাকা, সেটা করা হয়েছে ৯৬ টাকা। অর্থাৎ কোথায় ১৫ টাকা এবং কোথায় ৯৬ টাকা। এই-ভাবে এই সারকুলার দেবার ফলে পশ্চিমবাংলায় কৃষকদের মধ্যে দারুণ বিরূপ একটা প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় কৃষক সার, জল, বীজ পায় না, ঠিকমত ব্যাংক থেকে টাকা পায় না। অথচ অন্যান্য প্রদেশে, বিশেষ ক'রে হরিয়ানা ও পাঞ্জাবে কৃষকরা এই সব সুযোগ-সুবিধা ঠিকমত পায়।

আজকে তাই আমার প্রশ্ন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর কাছে যে, পশ্চিমবঙ্গে কৃষক হয়ে জন্মান কি অপরাধ? আজকে পশ্চিমবঙ্গের কৃষকরা কি ভগবানের কাছে এই প্রার্থনা করবে যে, আমি যদি মারা যাই পরজন্মে আমি যেন হরিয়ানা বা পাঞ্জাবে জন্মাই, তা হ'লে কৃষক হয়ে আমি সমস্ত সুযোগ-সুবিধা পাব? এই বিষয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বিষয়ে তাঁর বক্তব্য আমরা জানতে চাই।

শ্রীআবদুস সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সভ্য শ্রীনরেশ চাকী মহাশয় যে দৃষ্টি আকর্ষণ করেছেন সে সম্বন্ধে আমি হাউসে মাননীয় সভ্যদের অবগতির জন্য জানাচ্ছি, আমরা যে ডিপ টিউবওয়েল এবং রিভার লিফ্‌ট দিচ্ছি সেটা মোটামুটি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা ধার নিয়ে রিভার লিফ্‌ট এবং ডিপ টিউবওয়েল বসিয়ে ইরিগেশানের জন্য জল সাপ্লাই দিয়ে এসেছি। এবারে আমরা আর একটা স্কীম হাতে নিয়েছি সেটা হচ্ছে স্টেট ওন্ড শ্যালো টিউব-ওয়েল। তার কারণ হচ্ছে আগে শ্যালো টিউবওয়েল কিংবা পাম্প সেটের জন্য যে টাকা লোন দেওয়া হত বড় চাষীরা সেই লোনটা নিত, ছোট চাষীরা বঞ্চিত হত এবং ছোট চাষীদের কাছে বড় চাষীরা অনেক সময় বেশী দরে জল বিক্রী করিত। সেজন্য প্রথমে যখন গ্রুপ সিস্টেম আরম্ভ করেছিলাম, গ্রুপ ক'রে দেখা গেল যে, বড় বড় চাষীরা গ্রুপ করছে ছোট চাষীদের বাদ দিয়ে। তাই ছোট চাষীদের যদি উপকার করতে হয়, তা হ'লে আমরা নিজেরা বসিয়ে তাদের জল দিয়ে জলের ট্যাক্স আদায় করার প্রয়োজন আছে। এতদিন যে ট্যাক্স বলা হচ্ছে সেটা সত্যিকারের ট্যাক্স নয়। আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যেটা ১১ টাকা কিংবা ১৫ টাকা ছিল সেটা একটা নমিন্যাল ছিল। কিন্তু সত্যিকারে এই স্কীম যদি চালু রাখতে হয় সেন্টারের টাকা নিয়ে, সেই টাকার উপর ৫ পারসেন্ট সুদ আছে, সেই টাকা যদি ঠিক সময়ে আদায় করতে না পারি, তা হ'লে সাড়ে সাত পার্সেন্ট সুদ আছে, একটা ডিপ টিউবওয়েল, রিভার লিফ্‌টে ১ লক্ষ টাকার উপর খরচ হয়, এটা হ'ল ক্যাপিট্যাল কস্ট, এ ছাড়া ডেপ্রিসিয়েসান কস্ট আছে, আমরা হিসাব ক'রে দেখেছি খরিফের জন্য মোটামুটি ১২ ইঞ্চি সেচের জল লাগে, তার ডিপ টিউবওয়েলের কস্ট হচ্ছে ৪৮ টাকা ৪০ পয়সা এবং রিভার লিফ্‌টে ৯৫ টাকা ৯২ পয়সা, সেখানে আমরা ধার্য করেছি সাবসিডি দিয়ে ১৯ টাকা ২০ পয়সা। যে কোন চাষী যদি জল কিনে কিংবা নিজের পাম্প সেট যদি ডিজেল দিয়ে চালায় তা হ'লে আরো বেশী খরচ হবে। তারপর গমের জন্য ১৫ ইঞ্চি জল লাগে, এর জন্য খরচ হচ্ছে ডিপ টিউবওয়েলে ৪৮ টাকা, আর রিভার লিফ্‌টে যদি জল নেওয়া হয়, তা হ'লে খরচ হবে ৬১ টাকা ৯০ পয়সা, সেখানে আমরা ধার্য করেছি হাইটে ২৪ টাকা, বাকি টাকাটা সাবসিডি দিচ্ছি। তারপর মাস্টার্ডের জন্য ৬ ইঞ্চি জল লাগে, তার ডিপ টিউবওয়েলে খরচ হচ্ছে, আমাদের কস্ট ২ বছর আগে ছিল, এখন অনেক বেড়ে গিয়েছে, ১৯ টাকা, রিভার লিফ্‌টে ২৭ টাকা ৯৬ পয়সা, সেখানে মাস্টার্ডে আমরা নিচ্ছি ৯ টাকা ৫০ পয়সা। পোটাটো অ্যান্ড ভেজিটেবলস্‌ এতে ২৫ ইঞ্চি জল লাগে, তার খরচ হচ্ছে ডিপ টিউবওয়েলে ৮০ টাকা,

[2-50—3-00 p m.]

রিভার লিফ্টে খরচ হচ্ছে ১১৬ টাকা, সেখানে আমরা নিচ্ছি ৪০ টাকা পার একর। গ্রাউন্ড নাট-এ ২৫ ইঞ্চি জল লাগে। সেখানে ডিপ টিউবওয়েলে খরচ পড়ছে ৮০ টাকা এবং রিভার লিফ্টে ১১৬ টাকা। আউস ২৫ ইঞ্চি জল লাগে এবং তার জন্য খরচ হচ্ছে ডিপ টিউবওয়েলে ৮০ টাকা এবং রিফার লিফ্টে ১১৬ টাকা। সেখানে আমরা গ্রাউন্ডনাটে ৪০ টাকা করেছি পার একর এবং আউস ৪০ টাকা পার একর। মেজ ২০ ইঞ্চি জল লাগে এবং যেখানে ৬৪ টাকা ডীপ টিউবওয়েলে এবং ৯২ টাকা রিভার লিফ্টে সেখানে আমরা ধার্য করেছি ৩২ টাকা পার একর। খারিপ যেটা ভেজিটেবেলস্ সেখানে ২০ ইঞ্চি জল লাগে এবং তার জন্য খরচ হচ্ছে ডিপ টিউবওয়েলে ৬৪ টাকা এবং রিভার লিফ্টে ৫৩ টাকা ২০ পয়সা। সেখানে আমরা ধার্য করেছি ৩২ টাকা। সামার মেজ, সেখানে একই অর্থাৎ ৩২ টাকা ধার্য করেছি সাবসিডি দিয়ে। বোরো প্যাডির জন্য খরচ হচ্ছে ডিপ টিউবওয়েলে ১৯৬ টাকা পার একর এবং রিভার লিফ্টে ২৭৯ টাকা। আমরা সেখানে সাবসিডি দিয়ে ধার্য করেছি ৯৬ টাকা ৫০ পয়সা। প্রাইভেট পার্সন যদি ডিজেল চালিয়ে জল দেয়, তা হ'লে ২৭৯ টাকা থেকে ৩০০ টাকা খরচ হয় একর প্রতি। মেদিনীপুরের একজন বলছিলেন ৩৫০ টাকা অলরেডি খরচ হয়েছে, এক একরে, আরও লাগবে। সেখানে আমরা সার্বসিডি দিয়ে ৯৬ টাকা ৫০ পয়সা ধার্য করেছি। প্রি-খারিপ জুট-এর ক্ষেত্রে একই লাগবে যেটা বোরো ধানে লাগে অর্থাৎ ৯৬ টাকা ৫০ পয়সা। আপনারা লক্ষ্য করবেন যেখানে প্রাইভেট পার্সনের কাছে ২৭৯ টাকা খরচ হয় সেখানে আমরা ৯৬ টাকা করেছি সাবসিডি দিয়ে। অর্থাৎ প্রায় ওয়ান থার্ড লাগছে। আমরা যে ইরিগেসন স্কীম চালিয়ে যাচ্ছি তার জন্য টাকা আমাদের কেন্দ্রীয় সরকার দিচ্ছেন লোন হিসেবে এবং সেটা আমাদের শোধ করতে হবে। তবুও আমরা ক্ষতি স্বীকার ক'রে সাবসিডি দিয়ে এটা ধার্য করেছি এবং আমার মনে হয় এটা আন্‌রিজনেব্‌ল্ নয়। আমি আপনাদের অনুরোধ করব, আপনারা ইরিগেসনের কথা ভুলে গিয়ে একজন প্রাইভেট পার্সনকে যদি জিজ্ঞাসা করেন ডিজেল চালিয়ে যে জল দিচ্ছে তার জন্য পার একরে কত খরচ হয়, তা হ'লে দেখবেন এই ৯৬ টাকায় কত সস্তায় একজন লোক জল পাচ্ছে।

শ্রীশরৎচন্দ্র দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন গ্রামের সম্পন্ন ঘরের ছেলেরা ক্ষুধার জ্বালায় কাঁদে তখন অনুমান হয় ডেইলি লেবারার বা অত্যন্ত গরিব যারা তাদের অবস্থা কি। আমাদের পুরুলিয়া জেলা খরাকবলিত জেলা। আমরা যখন সারা পশ্চিমবাংলার খরা এবং জলাভাবের কথা বলছি তাতে পুরুলিয়া জেলার কি অবস্থা সেটা সহজেই বুঝতে পারেন। সেখানে বৃষ্টিপাত নেই এবং পুকুরও কম। সেখানে প্রতি বছর খরা লেগেই রয়েছে। গত ৫ তারিখ থেকে ১৬ তারিখ পর্যন্ত ফরেস্ট মিনিস্টারের সংগে আমি ২০টি ব্লকে ছিলাম এবং দেখলাম সমস্ত কুয়োর জল শুকিয়ে গেছে এবং কোন পুকুরে জল নেই। এবারে পুরুলিয়া জেলায় সরকারী রিপোর্ট অনুযায়ী ৪০ ভাগ ফসল হয়েছে এবং ৬০ ভাগ ফসল নষ্ট হয়েছে। সেখানে মোট জমির পরিমাণ ৭ লক্ষ ৪২ হাজার একর। এর মধ্যে যদি ৪০ ভাগে ফসল হয়ে থাকে, তা হ'লে সরকারী খামারের হিসেব দিয়ে আমি দেখব কি অবস্থা। সরকারী খামার যেখানে আধুনিক যন্ত্রপাতি রয়েছে, সেখানে সার প্রভৃতি দিয়ে ৩০ একর জমি চাষ ক'রে ৬৬ কুইন্টাল ধান হয়েছে।

এখন তার ভিতরে আট কি নয় একর মাইনাস করি, তা হ'লে একর প্রতি দুই কুইন্টাল ক'রে ধান এখানে হয়েছে। সেই হিসাবে দেখা যাচ্ছে পুরুলিয়া জেলায় ১০ লক্ষ ২৬ হাজার কুইন্টাল ধান যার চাল হচ্ছে ৫ লক্ষ ১৩ হাজার কুইন্টাল, পুরুলিয়া জেলায় হয়েছে। যদি সেটা ১৬ লক্ষ লোককে ভাগ করি, তা হ'লে পার হেড ৩৩ কেজি ক'রে আমাদের চাল হয় এবং পুরুলিয়া জেলায় মাত্র একটা ফসল হয় এবং এই বছর উৎপন্ন ফসলের অংশ যদি আমরা ভাগ ক'রে দিই, তা হ'লে ৩৩ কেজি ক'রে আমাদের ভাগে পড়বে। আমাদের পুরুলিয়া জেলায় বর্তমানে যেমন চালের অভাব দেখা দিয়েছে, তেমনি খাদ্যাভাব তেমনি কর্মের অভাব দেখা দিয়েছে। কিছুদিন পূর্বে এখানকার মাননীয় সদস্যরা মাননীয় ত্রাণমন্ত্রীকে বলেছিলেন যে, দেশে এই

অবস্থা, এই বছর ফসল উৎপন্ন না হওয়ার ফলে দেশের লোক অভাবগ্রস্ত কৃষকদের এবং শ্রমিকদের আপনি ত্রাণের ব্যবস্থা কি করবেন। তিনি বললেন যে, আমি জেলা ম্যাজিস্ট্রেটকে খবর দিয়েছি, যেখানেই প্রয়োজন সেখানেই ত্রাণের ব্যবস্থা চালু করবেন। কিন্তু আমি দেখছি, জেলার অফিসাররা উদাসীন এবং নিষ্ক্রিয় রয়েছেন এবং কোনখানে কোন ত্রাণের ব্যবস্থা চালু হয় নি। তারপর মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি জানাতে চাই, আমাদের ওখানে যারা ত্রাণের আওতায় আসবে তাদের নাম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিস্ট্রি করতে হবে। যারা মাটি খুঁড়ে দেড় কেজি গম পায় তাদের নাম রেজিস্ট্রি করতে হবে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে, তারপর একটা তালিকা হবে সেই তালিকা দিয়ে দরখাস্ত করলে তারপর সেখানে টেস্ট রিলিফের ব্যবস্থা হবে। স্যার, এটা একটা সিরিয়াস ব্যাপার, এটা মানুষের বাঁচাবার কাজে মানুষ মারবার ব্যবস্থা হচ্ছে স্যার। যারা ডেইলী লেবারার মাটি খুঁড়ে দুই কেজি যারা গম পাবে, তাদের নাম রেজিস্ট্রি করতে হবে। সেই তালিকা বি ডি ও-এর কাছে যাবে, তারপর সেই জায়গায় টেস্ট রিলিফের কাজ চালু হবে। আমি জিজ্ঞাসা করি, ত্রাণের ব্যাপারে এবং আকস্মিক ব্যাপারে কিভাবে লোকের উপর ব্যবস্থা নিবেন এটা একটু গভীরভাবে অনুধাবন করা উচিত। ত্রাণমন্ত্রী আকস্মিক বিপর্যস্ত লোককে বাঁচাবার প্রচেষ্টা নেওয়া উচিত। সেখানে এই রকম দরিদ্র দুঃখী খরাপীড়িত লোকদের জন্য কি ধরনের ব্যবস্থা নিচ্ছেন। অতএব আমি বলব যে, পুরুলিয়ার অবস্থা খুব দুরবস্থা। এই দুরবস্থার প্রতিকারকল্পে অবিলম্বে ত্রাণ ব্যবস্থা চালু করতে হবে, টেস্ট রিলিফ করতে হবে, কুয়া করতে হবে যে কুয়া নষ্ট হয়ে গিয়েছে তার পঙ্কোদ্ধার করতে হবে এবং গরু বাছুর পশু মানুষ সকলকে বাঁচাবার জন্য জলের ব্যবস্থা অবিলম্বে করতে হবে, এবং খাদ্যের সরবরাহের ব্যবস্থা সেখানে বাড়াতে হবে। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ত্রাণের ব্যাপার নিয়ে মাননীয় সসস্য শরৎবাবু যে কথা বলেছেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আমরা সকলে তা সমর্থন করি। এখানে দিনের পর দিন অ্যাসেমব্লীতে এই কথা বলা হয়েছে যে, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে নির্দেশ দেওয়া হয়েছে যে, যেখানে দরকার কাজ অরম্ভ করতে পারে। কিন্তু আমাদের সকলের অভিজ্ঞতা হচ্ছে যে, টেস্ট রিলিফের কাজ কোন জায়গায় বারংবার বলা সত্ত্বেও ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট আরম্ভ করতে পারছেন না। এবং তাঁরা বলছেন—আমাদের কোন উপায় নাই। উনি যে কথা বলছেন যে, গ্রামবাংলায় ইতিমধ্যে যে অবস্থা দেখা দিয়েছে যে টেস্ট রিলিফের ব্যাপারে ভাসা ভাসা বিবৃতি বাদ দিয়ে যদি অতিসত্বর ব্যবস্থা না নেওয়া হয়, তা হ'লে অতি দুরবস্থা নেমে আসবে।

শ্রীশংকরদাস পাল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন আগে একটা ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং আজকে একটা অতি গুরুত্বপূর্ণ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বঙ্গীয় সাহিত্য একাডেমী বর্ষবরণ ও কবি প্রণাম উৎসবে আমাদের রাজ্যের প্রধান বিচারপতি মাননীয় শংকর মিত্র মহাশয় অভিযোগ করেছেন যে, প্রতিবেশী কোন কোন রাজ্য থেকে বঙ্গভাষিগণকে নানাভাবে তাড়াবার ব্যবস্থা চলেছে। ইতিমধ্যে ঐ সমস্ত রাজ্য থেকে বহু ব্যক্তি উদ্বাস্তু হয়ে এই রাজ্যে চলে এসেছেন। এবং মাননীয় শংকরপ্রসাদ মিত্র মহাশয় আরও বলেছেন যে, এই অবস্থা দূর করবার জন্য কোন সক্রিয় চেষ্টা হচ্ছে না। মাননীয় শংকরপ্রসাদ মিত্র মহাশয় এই রাজ্যের সর্বোচ্চ বিচারপদে আসীন এবং সম্পূর্ণরূপে দায়িত্বশীল, তাঁর মুখে এই উক্তি নিঃসন্দেহে অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আমাদের রাজ্যের প্রত্যেকটি লোকের এই ব্যাপারে দৃষ্টি দেওয়া প্রয়োজন।

[3-00—3-10 p.m.]

যে সভাতে এইরূপ উক্তি হয়েছে, সেখানে আমাদের হাউসে মাননীয় সদস্য শ্রদ্ধেয় অজয়দা, প্রখ্যাত অনেক সাংবাদিক ও আরো অনেক লব্ধপ্রতিষ্ঠ সাহিত্যিক ও কবি উপস্থিত ছিলেন। অতএব এই জ্ঞানী গুণিজনের সভায় এই অভিযোগ সুদূরপ্রসারী হতে বাধ্য। আমাদের রাজ্য ঘনবসতিপূর্ণ, জনসংখ্যার চাপ অত্যাধিক, আর্থিক সংকট ও বেকার সমস্যায় জর্জরিত। এছাড়া

বহুরকম প্রাকৃতিক সমস্যাতো আছেই। আমাদের জনদরদী রাজ্যসরকার এই সমস্ত সমস্যা মোকাবিলা করার জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছেন, কিন্তু বোঝার উপর শাকের আঁটির মত যদি আরো নিত্যনূতন সমস্যা চাপে, তা হ'লে আমাদের আশংকা হচ্ছে জনজীবন ও বৈষয়িক ক্ষেত্রে বিশৃংখলা দেখা দেবে। এই অবস্থা চলতে দিলে ভবিষ্যতে জাতীয় সংহতির ক্ষেত্রে বড় বিপজ্জনক হয়ে দাঁড়াতে পারে। অতএব আমার অনুরোধ, রাজ্যসরকারের কাছে যে মহামান্য প্রধান বিচারপতি, উনি যে অভিযোগ এনেছেন, সে সম্পর্কে তদন্ত করা হোক এবং যে যে প্রতিবেশী রাষ্ট্র থেকে বঙ্গভাষীরা উদ্বাস্তু হয়ে আসছেন সেই সমস্ত রাজ্য সরকারগুলির সাথে আলোচনা ক'রে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হোক—এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতুহিনকুমার সামন্ত: স্যার, ভগবানকে ধন্যবাদ। খবরের কাগজে একটা অক্ষর ললিত গায়েন আক্রান্ত। লেখা নেই ঐ ললিত গায়েন নিহত। ধন্যবাদ এই কারণে আজকে মেনশন কেসে এই ঘটনা যদি ঘটতো, তা হ'লে আজকে বিধানসভা বন্ধ হয়ে যেতো. আর স্বরাষ্ট্রমন্ত্রীকেও মালা নিয়ে যেতে হ'ত না। অত্যন্ত দুঃখের কথা সোনারপুর থানার কামালগাছি স্বরাষ্ট্র দপ্তরের কাছে একটা নাম, এর আগে অনেক ঘটনা ঘটেছে, আমরা দেখেছি গোবিন্দ নস্কর ঐ কামালগাছিতে আক্রান্ত হয়েছিলেন। গতকালের ঘটনাও কিন্তু ঠিক তাই। ললিত গায়েন তখন ১টা ৪০এ কলকাতা থেকে একটা সভা ক'রে যাচ্ছিলেন সেই সময় একটা লরীতে সেই কামালগাছির কয়েকজন যুবক ছিল।। তাদের উদ্দেশ্য ছিল ললিত গায়েনকে কেমনভাবে ঘায়েল করা যায়। ঠিক কামালগাছির কাছে তারা ললিত গায়েনের পথকে রুদ্ধ করে এবং রুদ্ধ করার পর ললিত গায়েনকে খুন করার চেষ্টা করে। আমি জানতে চাই, পশ্চিমবঙ্গের মধ্যে কামালগাছি, না কামালগাছি অন্য সাম্রাজ্যে? নাকি কামালগাছি একটা অন্য গণ্ডী, সেই গণ্ডীর মধ্যে পুলিসের কোন হস্তক্ষেপ চলে না, যে গণ্ডীর মধ্যে স্বরাষ্ট্র সপ্তরের কোন হস্তক্ষেপ চলে না। স্বরাষ্ট্র দপ্তর বার বার জানা সত্বেও, বার বার পুলিসের কাছে নাম দেওয়া সত্ত্বেও কেন আজ পর্যন্ত সেই সমাজবিরোধীরা অবাধে বিচরণ করে তা আমি জানতে পারি কি? বিধানসভার সভ্য হিসাবে আজকে আমরা এই সভায় জানতে পারি কি যদি একজন বিধানসভার সভ্য আক্রান্ত হয়, যিনি লক্ষ লক্ষ জনগণের প্রতিনিধি, তা হ'লে সাধারণ মানুষ কেমন ক'রে পুলিসের উপর আস্থা রাখতে পারবে? আজকে তা আমাদের কাছে সন্দেহের কারণ হয়ে দাঁড়িয়েছে। আমি জানতে চাই স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে গোবিন্দ নস্কর আক্রান্ত হলেন, ললিত গায়েন আক্রান্ত হলেন, বার বার পুলিসকে থানায় জানান হয়েছে, বার বার সমাজবিরোধীদের নাম বলা হয়েছে. কারণটা কি? পুলিসের কি ভাগনে, মামা, কাকা, শলা আছে কিনা খুঁজে ক'রে দেখেছেন কি? আশা করি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় এই সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন। একটার পর একটা ঘটনা দেখছি আমরা খবরের কাগজে বিধানসভার সভ্য আক্রান্ত। দুর্ভাগ্য যে একই জায়গায় পর পর কয়েকজন বিধানসভার সভ্য আক্রান্ত হলেন এবং একজন মন্ত্রীও সেখানে আক্রান্ত হন। স্বরাষ্ট্র দপ্তর থেকে কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি। আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করতে চাই, আর কতদিন এই প্রশাসনকে টেনে নিয়ে যাবেন এইভাবে? সেখানকার এম এল এ আক্রান্ত হবে, নিহত হবে, আর আমরা বিধানসভায় তার জন্য কোরাম মেনটেন করবো? আমরা জানতে চাই আপনি বলুন যে, আজকে এই ব্যবস্থার জন্য এবং ললিত গায়েনের আক্রমণের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করছেন? একটিকে অ্যারেস্ট করা হয়েছে. ললিত গায়েন বলেছেন, এটা হবে। কিন্তু যে সমস্ত কালপ্রিট দিনের পর দিন এই কামালগাছিতে সন্ত্রাস চালিয়ে যাচ্ছে, আমরা জানতে চাই স্বরাষ্ট্র দপ্তর, পশ্চিমবঙ্গের প্রশাসন দপ্তর, তাদের কেশাগ্র স্পর্শ করতে পারছেন না কেন? আজকে এই দাবি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা ঘটনার কথা জানাচ্ছি। গত সোমবার বিধানসভার মাননীয় সভ্য আবতাবউদ্দিন মন্ডল সাহেব তাঁকে আমতায় আক্রমণ করা হয়েছিল এবং তাঁকে হত্যা করার ব্যবস্থা করা হয়েছিল। তিনজন অপরাধীকে আবতাবউদ্দিন সাহেবের যিনি দেহরক্ষী ছিলেন তাদের গ্রেপ্তার করেন। কিন্তু ঐ আমতাতেই আবতাবউদ্দিন সাহেবকে বারংবার হুমকি দেওয়া হচ্ছে, ভয় দেখান হচ্ছে এবং মুখ্যমন্ত্রী সভা ক'রে যাওয়ার

পরেই অর্থাৎ গত সোমবার আবতাবউদ্দিন মণ্ডলকে একজন সমাজবিরোধী ব্যক্তি হত্যা করার চেষ্টা করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ললিত গায়েনের উপর গতকাল আক্রমণ হয়েছে, সোমবারে বিধানসভার সদস্য মাননীয় আবতাবউদ্দিনের উপর আক্রমণ করা হয়েছে।

ইতিপূর্বে আরও ঘটনা ঘটে গেছে যাতে বিধানসভার সদস্যদের প্রাণনাশের চেষ্টা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যদি বিধানসভার সদস্যদের এই রূপ অবস্থা হয়, তা হ'লে কিন্তু নিশ্চিন্ত হতে পারি না যে, আইনশৃংখলা ঠিক আছে। সব ঠিক হ্যায় ব'লে পশ্চিমবঙ্গ শাসন করতে পারি না। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার পক্ষ থেকে আমি এই দাবি সোচ্চার ক'রে তুলতে চাই যে, বারংবার এই যে ঘটনা ঘটছে, এটা ছেলেখেলার বিষয় নয়, কিংবা কোন হাসি বা তামাসার ব্যাপার নয়। সুপরিকল্পিত উপায় অনুসরণ করা হচ্ছে এবং সুযোগের অপেক্ষা করা হচ্ছে, তাদের লক্ষ্য করা হচ্ছে। গতকাল মহাকরণে আমি শ্রীপ্রদীপ পালিতের মুখে শুনছিলাম যে, তাঁকে হত্যা করার উদ্দেশ্যে গুলি ছোঁড়া হয়েছিল, কিন্তু সেই গুলি অন্য আর একজন যুবকের গায়ে গিয়ে লাগে. সেই যুবক তাতে আহত হন,—এই যে ঘটনা ঘটছে, এই ব্যাপারে দোষী কারা, এর পেছনে কোন রাজনৈতিক চক্রান্ত আছে কিনা, কোন সংঘবদ্ধ সন্ত্রাস-বাদীরা আছে কিনা তা কিন্তু সরকারের খুঁজে বার করা প্রয়োজন জনস্বার্থের খাতিরে। বিধান-সভার সদস্যদের প্রাণ মূল্যবান—বিধানসভার সদস্যদের প্রাণই একমাত্র মূল্যবান একথা বলছি না, কিন্তু বিধানসভার সদস্যদেরই যদি এই হাল হয়ে থাকে, তা হ'লে প্রশাসনিক কাঠামোয় সাধারণ মানুষের কি হাল হচ্ছে, তা অনুসন্ধান করবার জন্য অনুরোধ করছি। আমি আপনার মাধ্যমে, স্বরাষ্ট্রমন্ত্রী এখানে রয়েছেন, তাঁর বিবৃতি এই ব্যাপারে আমি দাবি করছি. তিনি কি কর্মপন্থা গ্রহণ করছেন. সভার সামনে সুস্পষ্টভাবে বলুন, তা না হ'লে কিন্তু আমরা কোন অবস্থাতেই শান্ত হতে পারব না।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কিছু কিছু বিক্ষিপ্ত অবস্থায় যেভাবে ঘটনা ঘটে যাচ্ছে, তাতে আজকে সমাজবিরোধীদের দৌরাত্ম্য বেড়ে যাচ্ছে এবং আমাদের সরকারকে হেয় প্রতিপন্ন করার চেষ্টা হচ্ছে। পুলিসের মধ্যে এক শ্রেণীর লোক আছে, যারা সরকারকে নিয়ে খেলা করবার চেষ্টা করছে। বিগত কিছুদিন আগে পশ্চিম দিনাজপুরের সদস্য যিনি আমার পাশে বসে আছেন শ্রীরমেন্দ্র দত্ত, এম এল এ, তার দোকান লুটপাট হয়ে গেছে, আপত্তি দিতে গেলে বাড়ি আক্রান্ত হচ্ছে। ২০ হাজার সম্পত্তি লুটপাট হয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি—আজকে আফতাবুদ্দিন সাহেব আক্রান্ত হয়েছেন, শ্রীললিত গায়েনকে হত্যার মুখে নিয়ে গিয়ে ছেড়ে দিয়েছে, গোবিন্দ নস্কর রাস্তায় আক্রান্ত হয়েছেন এবং কিছুদিন আগে আমাদের সদস্য শ্রীহারাণ হালদারকে ট্রেনে আক্রমণ করা হয়েছে—আজকে এই যে চক্রান্ত গ'ড়ে উঠছে. এর পেছনে, আমি দৃঢ়নিশ্চিত, এটা আমার দৃঢ় প্রত্যয় যে. এর পেছনে চক্রান্ত আছে। আমি তাই মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, অনুসন্ধান ক'রে দেখুন। সমাজ-বিরোধীদের শায়েস্তা করবার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে দৃপ্তকণ্ঠে ঘোষণা করেছেন, বিধানসভায় আশ্বাস দিয়েছেন যে. কোথাও কোন রকমেই আইনশৃংখলা বিঘ্নিত হবে না। কিন্তু আজকে যদি বিধানসভার সদস্যদের উপর একের পর এক আক্রমণ হতে থাকে এবং অপর পক্ষে পুলিসী চক্রান্ত চলে, তা হ'লে এখানে আমাদের নিরাপত্তা কোথায়? কাজেই আজকে রাষ্ট্রের আইন ও শৃংখলার যারা ধারক ও বাহক, তাদের ভেবে-চিন্তে দেখতে হবে তাঁরা কোথায় দেশের সাধারণ মানুষকে নিয়ে যাচ্ছেন। আজকে সেই ষড়যন্ত্রকে বানচাল করবার জন্য যে যে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা দরকার তা মুখ্যমন্ত্রীকে করতে হবে। আমি এই মুহূর্তে স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের বিবৃতি দাবি করছি। আজকে এখনই তিনি উঠে বলুন, কি ব্যবস্থা অবলম্বন করছেন। যদি তা না হয় তবে বিধানসভায় আমরা নিশ্চিন্ত হয়ে বসে থাকতে পারি না। আজকে কথা উঠেছে শান্তিশৃংখলা ভেঙে যাচ্ছে. ভেঙেছে একথা বলছি না, আমি বলছি ভেঙে যাবার চক্রান্ত চলেছে, আজকে এই চক্রান্তকে বানচাল করতে হবে। একথা উঠেছে যে, আইনশৃংখলা ভেঙে গিয়েছে, ভেঙে যায় নি, চক্রান্ত চলেছে। এই চক্রান্তকে বন্ধ করতেই হবে।

[3-10—3-50 p.m.]

ডঃ ফজলে হক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা যে উদ্বেগ প্রকাশ করেছেন, তাঁদের সঙ্গে আমি সম্পূর্ণ একমত। আমরা দেখছি কিছু কিছু এই রকম ঘটনা ঘটছে। তার সঙ্গে বিধানসভার মাননীয় সদস্যরাও জড়িত, তার সঙ্গে যুব-সমাজও জড়িত, শুনলাম গতকাল ললিত গায়েনের উপর আক্রমণ করা হয়েছে। এটা সত্যিই খুবই দুঃখজনক ঘটনা। আমরা বার বার ক'রে বলেছি, এই সরকার কোন রকম গুণ্ডাবাজি বরদাস্ত করবেন না, এই সরকার কোন রকম দলবাজি বরদাস্ত করবেন না। আমরা এজন্য তাদের উপযুক্ত শাস্তিবিধান করবো। তবুও কিছু কিছু ঘটছে। এটা অত্যন্ত দুঃখজনক। আমি এই ব্যাপারে মাননীয় সদস্যদের সঙ্গে একমত। আমি আপনাদের এই আশ্বাস দিতে পারি, আমরা এর সমুচিত ব্যবস্থা করবো। ললিত গায়েনের উপর যে আক্রমণ হয়েছে, তার জন্য আমরা যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবো। এই আশ্বাস আমি দিতে পারি, ভবিষ্যতে যাতে এই রকম ঘটনা আর না ঘটে সেদিকে আমরা সজাগ ও সতর্ক দৃষ্টি রাখবো।

Mr. Speaker: In accordance with the provisions of rule 307(B), sub-rule (I) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate Shri Somnath Lahiri to be a Member of the Committee on Government Assurances in addition to the eight Members whose names were announced yesterday.

(Mr. Speaker's Ruling on Question Hour)

Mr. Speaker: Hon'ble members, a very important point of order was raised in this House by Hon'ble Shri Gyan Singh Sohanpal, Minister-in-charge of Parliamentary Affairs, on the 13th of March last, on the subject of taking up of the Held over questions. The precise point made out by the Hon'ble Member is that according to rule 34 of the Assembly Procedure Rules, only the first hour of every sitting shall be available for the asking and answering of questions and there is no rule which empowers the Speaker to extend the said time. In other words, what the Hon'ble Member means to say is that within the time provided for in rule 34, for answering questions, both the held over questions as well as questions fixed for that day for the first time must be taken up. To quote the exact words of the Hon'ble Member—"it has been the convention of this House to take up held over questions first followed by other questions on the list but in no case the one hour was extended." But since the Hon'ble Member has found that of late, after the expiry of this one hour the Speaker takes up held over questions and sometimes these held over questions take half an hour, sometimes one hour and sometimes more, depending on the number of questions, the Hon'ble Member is forced to ask me "under what authority, under what rule and under which convention this is being done". In the opinion of the Hon'ble Member the present procedure dislocates the entire business of the House and sometimes he has a lot of inconvenience.

Before I deal with other aspects of the matter, let me draw the attention of the Hon'ble Member to the exact provisions of rule 34 which read in the following language:—

> "Unless the Speaker otherwise directs, the first hour of every sitting shall be available for the asking and answering of questions."

Thus it is quite clear that the Speaker is empowered to extend or vary the time for asking and answering of questions in the exigencies of circumstances although the time for the same is generally limited to the first hour of every sitting.

[Let me now trace the circumstances which necessitated the taking up of the held over questions immediately after the regular question hour during all these days. Members are called in good many cases only to be told that answers have not yet come or that the Minister concerned has asked for time. These are not the only cases in which adjournments have to be granted on the due day for answering the questions; because Ministers also asked for time even before the questions are published in the Bulletin and such questions do not even appear in the day's list.]

Now a Member has a right to oral answer to a starred question once the question has been admitted in accordance with the rules. It is needless to emphasize how valuable this right is. It is sufficient to say that the right to obtain an oral answer to a question with the corresponding right to ask supplementaries is one of the most important weapons in the arsenal of a Legislator in the realm of Parliamentary Practice and Procedure. There is no provision in our Rules of Procedure to extinguish this right except when any of the following contingencies takes places:—

(a) the number of starred questions asked by a Member exceeding three, as per rule 39;

(b) notice for a particular question falling short of the requisite period as laid down in rules 35 and 37;

(c) question not being reached within the time available as per rule 41;

(d) Member withdrawing a question as per rule 50;

(e) question not being asked when called upon or the Member concerned being found absent as per rule 51.

So unless any of the contingencies as detailed above does take place, the right of a Member to an oral answer of a starred question remains and it is the duty of the Speaker as the custodian of the privileges of the House, zealously to guard it. Now how can the Speaker accommodate this right within the limited question hour? [Again, rule 48 of the Rules of Procedure prescribes how the lists of questions for the question hour of a particular day should be prepared. The said rule does not contemplate the inclusion within the list of questions to be prepared for the day, of the questions held over on account of Ministers' inability to answer them on the previous scheduled date. It is the compulsion of such circumstances that has required the Speaker in exercise of his power under rule 34 of the Rules of Procedure to take up the held over questions immediately after the conclusion of the regular question hour during all these days. And the time allotted for the held over questions necessarily varies every day with the number of questions on which the Ministers failed to supply answers on the previous days. If there has been any liberalism in the matter of extension of the period during which held over questions are taken up, this is only by way of counterbalancing the liberalism with which the Ministers' requests for time for giving replies to questions are acceded to.

Such a practice is also nothing new. The Speaker had to find ways and means to accommodate the held over questions in the past too. Sometimes these held over questions were taken up within the first hour before taking up the list of questions for the day and sometimes after the regular question hour is over.] A random survey of the proceedings of the House from 1963 shows that on the 9th August, 1963, further information on question No. 158, dated the 5th August, 1963, was supplied after starred question No. 209 fixed for that day was answered (vide W.B.L.A. Proceedings, 36th session July-September, 1963, pages 410-11). Similarly, on that day question No. 195 of 8th August, 1963, was answered after answering starred question No. 158. Then further information on question No. 176, fixed on the 7th August, 1963, was

given on 21st August, 1963, after answering the starred question on the ground that the Minister could not give answer to the supplementaries on the due date and the Speaker held it over to the latter dae i.e. 21st August, 1963. Record also shows that a procedure was prescribed on the suggestion of the Rules Committee on the 6th March, 1970 that the questions to be held over are to come up after the regular question hour but only fifteen minutes time is to be allowed for discussing held over questions. It would thus appear that there was no uniform practice regarding the stage at which or the duration for which the held over questions are to be taken up. But it is sufficiently established that the held over questions have to be accommodated even if it takes the House beyond the normal question hour and the Speaker has to exercise his discretion in this regard. The elasticity of the question hour is also not uncommon in the House of Commons. To quote from May's Parliamentary Practice (18th Edition), page 320, "questions which have not been answered in consequence of the absence of the Minister to whom they are addressed may be answered after half past three if the Minister be then present". On this analogy, there is also nothing irregular to go beyond the time of the prescribed question hour for taking up questions which were held over on account of the Ministers' inability to supply answers on the day previously fixed.

But I am also mindful of the volume of other business that claims the time of the House and often compete with the hours given for held over questions. There is also no harm if certain specific rules are incorporated in the matter of taking up held over questions. I, therefore, propose to put the entire matter before the Rules Committee. The Rules Committee will decide how far and to what extent provision should be incorporated in the relevant rules to authorise the Ministers to ask for time in answering questions and in what manner questions which are thus held over should come up for discussion before the House next time. Pending decision of the Rules Committee the present practice will continue.

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সদস্যদের অধিকার রক্ষার জন্য অর্থাৎ কোশ্চেন আওয়ার বাড়ানোর যে সম্ভাবনা আছে এবং তাকে যে আপনি রক্ষা করার চেষ্টা করেছেন সেজন্য আমি আমাদের পার্টির তরফ থেকে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

(At this stage the House was adjourned for 30 minutes.)

(After adjournment)

GOVERNMENT BILL

LEGISLATION

The Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1973

[3-50—4-00 p.m.]

Shri Gurupada Khan: Sir, I beg to introduce the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1973.

(Secretary then read the title of the Bill.)

Shri Gurupada Khan: Sir, I beg to move that the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1973, be taken into consideration.

শ্রীগুরুপদ খাঁ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যয়সাধ্য এবং সময়সাপেক্ষ দেওয়ানী মামলার পথ ছাড়া সরকারী প্রাপ্য আদায়ের জন্য একটি অধিকতর সহজ ও ফলপ্রসূ ব্যবস্থা আছে এবং তা হ'ল দি বেঙ্গল পাবলিক ডিমান্ডস্ রিকভারি অ্যাক্টস্-এর বিধান বলে উক্ত প্রাপ্যসমূহ আদায়

ক্ষমা। কোন্ কোন্ শ্রেণীর সরকারী প্রাপ্য টাকা উক্ত আইনে আদায়যোগ্য তা আইনটির ১নং তফসিলে উল্লিখিত আছে। কোন সরকারী কোম্পানীর প্রাপ্য টাকা কিন্তু উক্ত তফসিলের অন্তর্ভুক্ত নয়। কল্যাণ রাষ্ট্রের উপযোগী ভূমিকা যথাযথভাবে পালনের উদ্দেশ্যে কেন্দ্রীয় ও রাজ্যসরকারের মালিকানায় বেশ কিছু কোম্পানী প্রতিষ্ঠিত হয়েছে এবং ভবিষ্যতে এইরূপ আরো অনেক কোম্পানী প্রতিষ্ঠিত হতে পারে। এই সকল কোম্পানীতে যে লগ্নী করা হয় তা জনগণের অর্থ এবং তার যা কিছু আয় তা জনগণের সম্পত্তি। তাই এই সকল কোম্পানীর প্রাপ্য টাকা যদি সহজ ও স্বল্প ব্যয়ে আদায় করা না যায়, তবে তাতে জনসাধারণেরই ক্ষতি। দেওয়ানী আদালতে মামলা ক'রে কোম্পানীর প্রাপ্য টাকা আদায় করতে তার অনেকটা মামলার ব্যয় বাবত খরচ হয়ে যায় এবং তা ছাড়া দেওয়ানী মামলার নিষ্পত্তি সময়সাপেক্ষ। সরকারী মালিকানাধীন কোম্পানীগুলির প্রাপ্য টাকা আদায়ের জন্য যাতে বেঙ্গল পাবলিক ডিমান্ডস্ রিকভারি অ্যাক্টস-এর সুযোগ গ্রহণ করা সম্ভব হয়, তার জন্য বর্তমান সংশোধনী বিধেয়কটি এই সভার সম্মুখে উপস্থাপিত করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি, মাননীয় সদস্যগণ এই ছোট্ট বিধেয়কটি সমর্থন করবেন।

Mr. Speaker: There is motion for circulation of the Bill by Shri Timir Baran Bhaduri. The amendment is in order. I call upon Shri Shish Mohammad to move the amendment if he so likes.

শ্রীশীশ মহম্মদ: মাননীয় স্পীকার, স্যার, দি বেঙ্গল পাবলিক ডিমান্ডস্ রিকভারী (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৩, মাননীয় ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী হাউসে উপস্থাপিত করেছেন। তিনি তাঁর ভাষণে যে কথা বললেন, আমি সেটা মোটামুটি শুনলাম এবং বিলের মধ্যে যে উদ্দেশ্য, হেতুর মধ্যে যে বর্ণনা রেখেছেন তা আমি মোটামুটি প'ড়ে দেখেছি এবং উদ্দেশ্য যে সত্যিকার প্রশংসনীয় সে বিষয়ে কোন সন্দেহ নেই এবং এই বিলকে আমরা যে অবশ্যই সমর্থন করবো সে বিষয়ে কোন সন্দেহ নেই। কারণ, তিনি নিজে বলেছেন যে, সরকারী ম্যানেজমেন্টের অধীনে কতকগুলি কোম্পানী—সেই কোম্পানী জনসাধারণের কাছ থেকে যে লোন নেয় সেই টাকাগুলি অন্যান্য বেসরকারী প্রতিষ্ঠান বা কোম্পানীকে আবার লোন হিসাবে দেয়। কিন্তু অনেক ক্ষেত্রে

[4-00—4-10 p.m.]

দেখা যায় কি যে সেই টাকার আবার যখন প্রয়োজন হয় নেবার তখন নানা রকম টালবাহনা ক'রে টাকা না দেবার একটা চক্রান্ত সৃষ্টি করে এবং যার ফলে সরকারকে বাধ্য হয়ে—সেটা কেন্দ্রীয় সরকারই হোক বা রাজ্যসরকারই হোক বা যৌথ উদ্যোগই হোক দেওয়ানী আদালতের আশ্রয় নিতে হয়। এটা সত্য কথা তাতে প্রমাণ সাপেক্ষে অনেক সময় অনেক কিছু ঘটে যায়। একেইতো জনসাধারণের টাকা লগ্নী নিয়ে সমস্ত কম্পানীর কাছে দেওয়া হয়, তার উপর তাদের কাছ থেকে টাকা আদায় করতে গিয়ে সরকারকে আরো বহু টাকা ব্যয় করতে হয়। এটা অত্যন্ত ক্ষোভের সঙ্গে বলতে হয় যে, আমাদের এই সরকারকে বহন করতে হয় তথা জনসাধারণকে বহন করতে হয়। জনসাধারণের কল্যাণের জন্য বিশেষ ক'রে জাতীয় কল্যাণের জন্য আমাদের অনেক সময় জরুরী ব্যবস্থা অবলম্বন করতে হয়, তখন আমাদের টাকার প্রয়োজন হয়, কিন্তু সে ক্ষেত্রে আমরা দেখতে পাই যে, মামলামোকদ্দমা করতে গেলে ২ ৩, ৪ বছর এমনকি হাইকোর্ট হলে ১০ বছরও হতে পারে বলা যায় না। সে ক্ষেত্রে আইন সংশোধন ক'রে নিচ্ছেন যাতে সার্টিফিকেট জারী ক'রে অবিলম্বে টাকা আদায় করা যায়, এটা ভাল কথা। কিন্তু স্যার, এই ক্ষেত্রে আমার একটু বলার আছে সেটা হচ্ছে আপনার আইনের উদ্দেশ্য এবং হেতু খুব ভাল, কিন্তু আমার অনুরোধ থাকবে আপনার কাছে যে, আইন যেন যথাযথ প্রয়োগ হয়। কারণ আমরা দেখেছি, আমি উদাহরণ দিয়ে বলছি আমাদের ক্যাবিনেট ডিসিশান অনুসারে একটা সার্কুলার গেছে কো-অপারেটিভ বেসিসে এগ্রিকালচারাল লোন যে সমস্ত লোক নিয়েছে ১০ হাজার, ১৫ হাজার, ১০ হাজার টাকা করে এবং সেই লোন আদায় করার জন্য আইন আছে কিন্তু দেখা গেছে সেই লোন আজ পর্যন্ত আদায় হল না। আমার কাছে লিস্ট আছে, আমাদের সুতি থানায় বড় বড় হাংগররা লোন নিয়েছে। কৃষিকার্যের উন্নয়নের জন্য যেখানে লোনের প্রয়োজন হয় সেখানে

আমরা দেখেছি এই সমস্ত হাংগরদের, যাদের প্রচুর অর্থ আছে, তারা কি উদ্দেশ্যে লোন নিয়েছে আমি জানি না। তবে আমার মনে হয় সরকারের উন্নয়নমূলক কাজকে ব্যাহত করার জন্য টাকাকে চেপে রেখেছেন এবং নানা রকম চক্রান্ত করছেন। কো-অপারেটিভ ইন্সপেক্টর সেকথা তাদের জানিয়েছিলেন যে, এই টাকাগুলি আপনারা দিয়ে দেন, তা হ'লে অন্যান্য যে সমস্ত কো-অপারেটিভ সোসাইটি আছে তাদের আমরা টাকা দিতে পারি, তাদের টাকা দিতে হবে। তারপর এই টাকাগুলি এমনভাবে নিয়েছে—এর জমি, ওর জমি, ফসল জমি দিয়ে নিয়েছে এবং তার কোন ইনকোয়ারীর ব্যবস্থা হয় নি। বিনা ইন্সপেকসানে সেই সমস্ত টাকা দেওয়া হয়েছে। কাজেই আইন পাশ করিয়া নিচ্ছেন এবং আমরা সমর্থন করছি, কিন্তু কথা হচ্ছে যথাযথভাবে এর প্রয়োগ করুন। আবার অনেক জায়গায় দেখা যায় অনেক বন্ধুবান্ধবের অতীত থেকে বড় বড় কোম্পানীর সংগে যোগাযোগ থাকে, কাজেই তারা যেন প্রভাবিত করে, কাজেই অহেতুক ব্যাঘাত সৃষ্টি না করে। যে আইন আপনি এনেছেন সেই আইনের উদ্দেশ্য এবং হেতু অত্যন্ত ভাল থাকলেও যারা বড় বড় কম্পানী তাদের কি জব্দ করতে পারবেন? আমি কিছুদিন আগে দেখেছি বিড়ি শ্রমিকদের ব্যাপার নিয়ে আমাদের তদানীন্তন মন্ত্রী গিয়েছিলেন লেবার ডিসপিউটস্-এর মীমাংসা করার জন্য, কিন্তু তিনি বার হবার সংগে সংগে—ওখানে গিয়ে কি যে করলেন জানি না, তারপর যখন মন্ত্রিমহাশয়ের সংগে দেখা করতে এলাম, তখন তিনি অন্য মানুষ। তাকে দেখে মনে হ'ল, তিনি শ্রমিকের লোক নন, তিনি কোম্পানীর লোক। কাজেই যে কোম্পানীর বিরুদ্ধে অর্থাৎ বেকারকারী যে সমস্ত কম্পানী, গভর্নমেন্ট ম্যানেজমেন্টে যে সমস্ত কম্পানী চলে তাদের কাছ থেকে টাকা আদায় করার জন্য যে আইন করতে যাচ্ছেন, আপনার কাছে বিশেষভাবে অনুরোধ রাখবো, যাতে আইনটা যথাযথভাবে প্রয়োগ করা হয় এবং সেই বিষয়ে যেন সজাগ থাকেন। স্যার, আমি একটা কথা বলতে চাই সেটা হচ্ছে, এই টাকা বড় গোল জিনিস। এটা নিতে গোল, দিতেও গোল এবং দেখতেও গোল। কিন্তু ও আবার গোঁজা যায়, কারণ অল্প টাকা, অনেক টাকা কিন্তু দেখা যায়। কিন্তু এই গোল জিনিস যেন গোল না হয়, সেকথা আপনার মাধ্যমে জানাচ্ছি এবং সাবধান ক'রে দিচ্ছি যে, ঐ কোম্পানীর চক্রান্ত যেন ব্যর্থ হয় এবং আপনি যাতে আইন যথাযথ প্রয়োগ করতে পারেন,—এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ পশ্চিমবংগ প্রাথমিক শিক্ষক সমিতির উদ্যোগে প্রায় ৫ হাজার প্রাথমিক শিক্ষক বিধানসভা অভিমুখে তাঁদের বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে এসেছেন এবং তাঁদের রাজভবনের সামনে আটক করা হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী, এখানে নেই, উপমন্ত্রী এখানে আছেন তাঁকে অনুরোধ করবো তিনি কিংবা মাননীয় শিক্ষামন্ত্রী তাঁদের কাছে গিয়ে তাঁদের বক্তব্য শুনে তাঁর বক্তব্য যেন রেখে আসেন, এই অনুরোধ জানাচ্ছি।

শ্রীমতী গীতা মুখার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মুখ্যমন্ত্রীর কাছে জয় ইঞ্জিনীয়ারিং ওয়ার্কসের তরফ থেকে এ আই টি ইউ সি এবং আই এন টি ইউ সি উভয় ইউনিয়নের সমবেত কমিটির নেতৃত্বে আড়াই হাজারের উপর শ্রমিক এখানে মিছিল ক'রে এসেছেন। জয়ার যারা মালিক তারা আসলে কারখানা বন্ধ ক'রে দিতে চান এই উদ্দেশ্য নিয়ে, শ্রমিকদের কোন দাবিদাওয়া নয়, তারা নিজেরা গায়ের জোরে ক্লোজার করেছেন এবং আমাদের পশ্চিমবঙ্গ শ্রম দপ্তর থেকে যতগুলো প্রস্তাব দেওয়া হয়েছে এই জয়া কোম্পানীর সংগে দ্বিপাক্ষিক আলোচনা করার জন্য তার কোনটাই এই মালিক মানেন নি এবং তারা ইতিমধ্যেই একটা কারখানা ক্লোজার ক'রে দিয়েছেন। এবং তার প্রতিবাদে আর একটা কারখানায় ধর্মঘট হচ্ছে। ৪/৫ হাজার শ্রমিক এর সংগে জড়িত। এবং এরা চেষ্টা করছে এইভাবে গোটা জয়ার যে প্রোডাকসনের স্যাম পার্ট পশ্চিমবাংলা থেকে উঠিয়ে নিয়ে যেতে। যদি এই চক্রান্ত তারা সফল হন, তা হ'লে বহু লোক ওখানে কর্মচ্যুত হবেন। সুতরাং জয়া শ্রমিকদের এই কারখানা খোলার দাবিতে এবং মালিকদের ঔদ্ধত্যের প্রতিবাদে আমাদের মুখ্যমন্ত্রীর কাছে তারা এই মিছিল নিয়ে এসেছে। তার প্রতি আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি এবং বিশ্বাস করি এই হাউসের সমবেত সমর্থন এই শ্রমিকদের পেছনে আছে।

শ্রীবিমল পাইকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেংগল পাবলিক ডিমান্ডস্ রিকভারী অ্যাক্টের যে অ্যামেন্ডমেন্ট এসেছে আমি সেই অ্যামেন্ডমেন্ট পরিপূর্ণভাবে সমর্থন করছি। যে সময় কম্পানীকে গভর্নমেন্ট টাকা দেন সেই কম্পানীর টাকায় আদায় করবার জন্য পাবলিক ডিমান্ডস্ রিকভারী অ্যাক্ট অনুসারে এটা আদায় হওয়া উচিত। কারণ যে সমস্ত কম্পানীকে টাকা দেওয়া হচ্ছে, মাননীয় স্পীকার মহাশয়, এটা চিন্তা ক'রে দেখুন যে, তার জন্য কম্পানীকে একটা সেপারেট সিভিল স্যুট করতে হচ্ছে। সেই একটা সিভিল স্যুট চললো তিন চার বছর ধ'রে। তারপর আবার আপিল হবে, হাইকোর্টে যাবে। হাইকোর্ট হবার পরে সেই ডিক্রিটাকে পপারলি এক্সিকিউট করতে হ'লে সেখানে ডিক্রি পাবার পর ডিক্রি এক্সিকিউসান করতে হবে। এই এক্সিকিউসান করতে গিয়ে আবার যদি পিটিসান পড়ে, তা হ'লে আবার চললো তিন বছর ধ'রে। এমনি ক'রে গভর্নমেন্টকে সেই টাকা আদায় করবার জন্য অন্ততঃ ১০/১২ বছর যেখানে চেষ্টা করতে হয়। সেখানে আমি মনে করি এটা গভর্নমেন্টের পক্ষে একটা উপকার হবে। যেখানে গভর্নমেন্টের কাছ থেকে টাকা ধার নিয়েছে সেখানে যেন কোন স্যুটের প্রভিসান না থাকে। সেখানে যদি সার্টিফিকেট প্রসিডিংসের দ্বারা টাকা আদায় হয়, তা হ'লে দু'পক্ষেরই সুবিধা হবে। গভর্নমেন্টের পক্ষ থেকে যে টাকা নিয়ে তারা এই রকম একটা প্রতিষ্ঠান করলো সেই টাকার জন্য গভর্নমেন্টের কোন ক্ষতি হ'ল না এবং পাবলিককেও কোর্টে যেতে হ'ল না। তাই আমি মনে করি পাবলিক ডিমান্ডস্ রিকভারী অ্যাক্টের অ্যামেন্ডমেন্ট এই জন্য গ্রহণযোগ্য যে, গভর্নমেন্টের কাছ থেকে সেখানে টাকা পাওয়ার জন্য সেপারেট কস্ট দিতে হচ্ছে না। একটা জিনিস আমি বলব, এটা খুব ভাল ভাবেই সকলে জানেন যে, পাবলিক ডিমান্ডস রিকভারী অ্যাক্টে সার্টিফিকেট প্রসিডিংস হয় এবং সেই সার্টিফিকেট প্রসিডিংসটা সিভিল প্রসিডিওর কোডের ঠিক এক্সিকিউসানের কেসের মতন। এই প্রসঙ্গে বলি, সিভিল স্যুট সেকসান ৪৭, পিটিসান ক'রে দেবার পরে যদি কোন টাকা -হয়ত লোন নিয়েছে, টাকা হয়ত পরিশোধ করেছে,

[4-10—4-20 p.m.]

কিন্তু সেই টাকাটা অ্যাডজাস্ট হয় নি, সেখানে সার্টিফিকেট বেরিয়ে চললো। সেই জন্য মাননীয় স্পীকারের মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে বলছি সেকসন যে ৭-এ সার্টিফিকেট প্রসিডিংসের সুন্দরভাবে যেন নোটিস জারি হয়, যেমন সেকসন ৪৭ আছে, ঠিক তেমন সার্টিফিকেট প্রসিডিংসে সেই ব্যবস্থা থাকা দরকার। আমি আমার বক্তব্য দ্বারা এই বিলকে সমর্থন করছি যে, এই বিলের দ্বারা পাবলিক-এর পক্ষে এবং গভর্নমেন্টের পক্ষে অর্থাৎ উভয় পক্ষের সুবিধা হবে, এই বলে আমি আমার বক্তব্যর ইতি করছি।

শ্রীঅজিতকুমার বসুঃ মিঃ স্পীকার স্যার, ১৯৬৯ সালে তখনকার দিনের সরকার এবং তখনকার দিনের মন্ত্রীর কাছ থেকে আমরা শুনেছিলাম যে, সরকারের যেসমস্ত হাউসিং এস্টেট আছে—কেউ কেউ সেই হাউসিং এস্টেটের ঘর ভাড়া নিয়েছেন, কিন্তু ভাড়া ঠিক মত সকলে দিচ্ছেন না. তাদের কাছ থেকে সার্টিফিকেট ক'রে পাবলিক ডিমান্ডস রিকভারি অ্যাক্ট ক'রে তাদের কাছ থেকে ভাড়া আদায় করা হবে, এই রকম একটা কথা রাইটার্স বিল্ডিংস্-এ বসে তখনকার আমলারা আনেন। আমরা তখন হাউসের বাইরে ছিলাম, এক্সিডেন্টালি কথাটা আমাদের কাছে যায়, তখন আমরা আপত্তি করি। আপত্তি করি এই জন্য যে, এই সমস্ত ব্যাপারে আমাদের দেশে যে চালু আইন আছে সেই আইনের সাহায্য নিয়ে সরকারী ক্ষেত্রে চলা দরকার। মাননীয় মন্ত্রিমহাশয় যে কথা বলেছেন সেটা ঠিক যে, আজকে আমাদের ভূমিকাটা অনেক বড় হচ্ছে এবং অনেক সরকারী সংস্থাকে ঐদিক দিয়ে লঙ্ঘন করতে হচ্ছে। সেগুলি আদায়ের একটা সুস্থ ব্যবস্থা না হ'লে সরকারী কাজে অসুবিধা হবে এবং টাকার ক্ষেত্রেও অসুবিধা হবে, এইগুলি আমরা বুঝি। কিন্তু আমার একটা কথা আছে সেটা হ'ল মাননীয় মন্ত্রিমহাশয় এটাকে ভালভাবে এক্সপ্লেন করলেন না। আমরা ভাল ভাবে আলোচনা চেয়েছিলাম, তিনি দু'-একটি কথায় ছেড়ে দিলেন. সরকারী টাকা, বড় বড় টাকা ইত্যাদি ব'লে। বড় বড় টাকা যেখানে নেওয়া হচ্ছে সেখানে কি আজকে ঠিক ভাবে আদায় হচ্ছে মাননীয় মন্ত্রিমহাশয়? কথা শুধু বড় বড় ক্ষেত্রেই নয়, এর মধ্যে কিছু কিছু ছোট ছোট ক্ষেত্রও থেকে যাচ্ছে. থাকবেই। কাজেই যেভাবে রেখেছেন এই ভাবে যদি কার্যকর হয়, তা হ'লে আমাদের কিছু আপত্তি করবার নেই, বরং ঠিকই আছে। কিন্তু এর

মধ্যে ছোট ছোট ক্ষেত্রে কিছু থেকে যাচ্ছে এবং সেই ছোট ছোট ক্ষেত্রগুলি সম্বন্ধে কোন কন্‌সিডারেশন থাকবে না, এক সঙ্গে সকলকে দিতে হবে, এটা নিশ্চয়ই ঠিক নয়। আইন করতে গেলে সকলের সম্পর্কে এক আইন করতে হয় এটা ঠিক কথা, কিন্তু আপনাকে ছোটদের কথা একটু বিবেচনা করতে হবে এবং বিবেচনা করা হবে, এই রকম একটা কথা থাকলে ভাল হয়। সেই জন্য বিবেচনার জন্য এটা আপনাকে অনুরোধ করছি। একথা ঠিক যে, এই বিলে সরকারী রিয়েলাইজেশনের যে কথা বলা হয়েছে যে গভর্নমেন্ট কম্পানী—যার ধার হচ্ছে মূলত বড় বড় উচ্চতলার সংস্থা বা উচ্চতলার লোকেদের কাছ থেকে, গরিব মানুষদের বেশী নেই। কিন্তু হাউসিং এস্টেট ইত্যাদিকে আমার মনে হয় গভর্নমেন্ট কম্পানীর মধ্যে আনা হচ্ছে, কাজেই এই রকম একটা কন্‌সিডারেশন হবে এইগুলি সম্বন্ধে, এই রকম একটা ভরসা দিন। নিশ্চয়ই এই বিলকে আমরা সমর্থন করছি। সুতরাং এর মধ্যে বিশেষ বিশেষ ক্ষেত্রে বিশেষ বিশেষ কন্‌সিডারেশন থাকুক, এই কথাই বলছি।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভিনিউ বিভাগের মন্ত্রিমহাশয় যে ওয়েস্ট বেঙ্গল পাবলিক ডিমান্ড রিকভারি অ্যামেন্ডমেন্ট বিল ১৯৭৩ এনেছেন আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি, এই কারণে যে, আজকের দিনে দেখতে পাচ্ছি বিভিন্ন স্থানে সরকারের যেসমস্ত ফার্ম, কোম্পানি রয়েছে সেই সরকারী কোম্পানীগুলি থেকে লাভের অঙ্ক পাওয়া দূরের কথা, লোকসানের মাত্রা দিনের পর দিন বেড়ে চলেছে। সরকারী কোম্পানীগুলি যদি ঠিকমতভাবে পরিচালনা করতে পারি, তা হ'লে তার থেকে যে আয় হবে সেই আয়ে সরকারের লাভের অঙ্ক বাড়বে এবং বাজেটেও অনেক পরিমাণে অর্থ নিয়োগ করতে পারব? এর জন্য সরকারী কোম্পানী প্রাপ্য থেকে যাতে কেউ সরকারকে বঞ্চিত না করতে পারে তার ব্যবস্থা করা প্রয়োজন। সরকারের সুবিধার্থে বহু আগে এই বিল আনা উচিত ছিল ব'লে আমি মনে করি। সরকারের যে প্রাপ্য সেটা যদি আদায় করতে পারি এবং তার ফলে একটা জিনিস যেটা প্রাইভেট সেক্টার পাবলিক সেকটার দুইটা ক্ষেত্রে যদি তুলনামূলকভাবে বিচার করি, তা হ'লে অনেক সময় দেখতে পাব ঐ সমস্ত প্রাইভেট সেকটর-এর মালিকরা একটা চক্রান্তের মাধ্যমে পাবলিক সেকটরকে ক্ষতিগ্রস্ত করে উক্ত সরকারের ক্ষতি করে। সেই সঙ্গে সঙ্গে সরকারের যেসমস্ত ক্ষেত্রে লোকসান হয় তার জন্য আমাদের একটা ব্যবস্থা করা একান্ত প্রয়োজন এবং যেসমস্ত পুঁজিপতি যারা এরকমভাবে চক্রান্ত করে সরকারের আয়কে নষ্ট করে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা দরকার। এর উদ্দেশ্য এবং হেতু বিবরণের মধ্যে তিনি বলেছেন সহজতর প্রক্রিয়ায় কম ব্যয়সাধ্য দ্রুততর—খুব সত্য কথা সহজতর ব্যাপার থাকা দরকার। কিন্তু আরও কিছু এগিয়ে যাওয়ার প্রয়োজন আছে ব'লে আমি মনে করি। কারণ আজ এই গণতান্ত্রিক সাধারণ মানুষের সরকারের প্রাপ্য যদি কেউ বঞ্চিত করে, তা হ'লে তার বিরুদ্ধে শুধু আইন অনুসারে ব্যবস্থা নিলেই হবে না, আরও কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ভারতের সংবিধানে স্বীকার করা আছে যে প্রত্যেকটি মানুষের সম্পত্তি ভোগ করার নিশ্চয় অধিকার আছে। ঠিক সেরকমভাবে সরকারের ন্যায্য প্রাপ্য ভোগ করারও অধিকার আছে। সেজন্য এই বিল যুগোপযোগী এবং পাবলিক আন্ডারটেকিং-এর ক্ষেত্রে এর উদ্দেশ্য এবং ঠিকমতভাবে ব্যবহার করতে পারি, তা হ'লে সরকারের আয় বাড়তে পারে এবং সেই সঙ্গে সঙ্গে বাজেটের টাকাও বাড়বে এবং সঙ্গে সঙ্গে বাজেটকেও সমৃদ্ধ করতে পারব। পৃথিবীর অন্য দেশের কথা যদি দেখি পাবলিক আন্ডারটেকিং-এর ক্ষেত্রে জাপানে সেখানে দেখতে পাচ্ছি একটা নির্দিষ্ট আইন আছে যে আইনের দ্বারা সাধারণ মানুষ যদি ভুল ক'রেও সরকারী সম্পত্তি দখল করে, তা হ'লে তার শাস্তির ব্যবস্থা আছে। তাই বলছি এই আইনকে শুধুমাত্র ফার্ম-এর ক্ষেত্রে সীমাবদ্ধ রাখলে চলবে না। আমি বলব অনেক ক্ষেত্রে সরকারের খাস জমি যেগুলি অনেকে দখল ক'রে আছে—তারা কোন কর দেয় না। এবং

[4-20—4-30 p.m.]

তার কোন ব্যবস্থা হয় না। তাই আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব সেই কর আদায়ের ব্যবস্থা গ্রহণ করা দরকার। কারণ, সরকারের সম্পত্তি হচ্ছে জাতীয় সম্পত্তি, সেই

সম্পত্তি রক্ষণাবেক্ষণের দায়িত্ব সরকারের এবং সেটা সরকারের পবিত্র কর্তব্য, যার জন্য সরকারের উপর সাধারণ মানুষ নির্ভর করে। পরিশেষে এই বিলকে আন্তরিক সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমধুসূদন রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে বেঙ্গল পাবলিক ডিমান্ডস্ রিকভারী (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৩ এনেছেন সেটা আমি আন্তরিকভাবে সমর্থন করছি। সমর্থন করছি এইজন্য যে, এটা সুবিবেচনাপ্রসূত এবং বিজ্ঞজনোচিত কাজ হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে, সরকারী টাকার কোন মা-বাপ নেই, সরকারী টাকা খরচ করতে কেউ কার্পণ্য করেন না। সরকারী টাকা আদায় করার ব্যাপারে এতদিন ধ'রে যে যে প্রোসিডিওরগুলি ছিল সেগুলি অত্যন্ত লেন্‌দি প্রোসিডিওর, কস্টলি প্রোসিডিওর, ডিলেড প্রোসিডিওর ছিল। কারণে, এর জন্য যে সিভিল সুট করতে হয় সেই সিভিল সুট অনেক দিন ধ'রে চলে এবং দীর্ঘদিন ধ'রে সিভিল সুট করতে আনুষঙ্গিক খরচ হয়। প্রাইভেট যেসমস্ত কেস হয় সেই সমস্ত কেসের চেয়ে সরকারী কেসে তদবির তদারক কম হয়। মামলা প্রমাণ করতে যে সমস্ত ডকুমেন্ট, দলিল, দস্তাবেজ দরকার সেগুলি পেতে অত্যন্ত দেরি হয়, ফলে সরকার সেই দেওয়ানী মামলা পরিচালনা করতে অত্যন্ত অসুবিধার সম্মুখীন হন। আজকে এই অ্যামেন্ডমেন্ট বিল গ্রহণ করলে দীর্ঘদিনের যে খারাপ অভিজ্ঞতা সেই অভিজ্ঞতার হাত থেকে মুক্তি পাওয়া সম্ভব হবে এবং সরকারী প্রাপ্য আদায় করার ব্যাপারে সুবিধা হবে। ডিক্রি হ'লে পর মানি এক্‌জিকিউসান সুট করতে হয়, সেটাও অনেক দিন ধ'রে চলে। বেঙ্গল পাবলিক ডিমান্ডস্ রিকভারী অ্যাক্ট চালু হ'লে সেই সমস্ত করার আর বালাই থাকবে না, অত্যন্ত অল্প সময়ের মধ্যে সরকারের যা প্রাপ্য সেটা আদায় করা সম্ভব হবে এই আইনের দ্বারা। শুধু একটা কথা হচ্ছে যে বেঙ্গল পাবলিক ডিমান্ডস্ রিকভারী অ্যাক্টের সেকসান ৭ এতে একটা নোটিস দিতে হয়। সবসময় দেখা যায় সার্টিফিকেট অফিসারের সেকসান ৭ এর নোটিস ডিফেক্টিভ নোটিস হয়ে যায়। এক মাসের নোটিস দেওয়া দরকার, সেটা সময়ে নোটিস না দিলে ডিফেক্টিভ হয়ে যায় এবং সার্টিফিকেট কেসগুলিতে সরকার হেরে যান। সেজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তাঁর বিভাগ যেন এই বিষয়ে সজাগ থাকেন, সেকসান ৭ এর নোটিস যেন ঠিকমত জারি করা হয়। এই আইনের বলে সরকারের যা পাওনা আছে সেটা আদায় করা সুবিধা হবে। এই কথা ব'লে মাননীয় মন্ত্রিমহাশয় যে অ্যামেন্ডমেন্ট বিল উত্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগুরুপদ খাঁনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা সকলেই আনন্দের সঙ্গে লক্ষ্য করেছি যে, শীশ মহম্মদ সাহেব পরিষ্কার ক'রে আমাদের এই বিলের উদ্দেশ্যের প্রশংসা করেছেন এবং তাঁরা যে সমর্থন জানাবেন এটাও ব'লে দিয়েছেন। শীশ মহম্মদ সাহেব যখন বক্তৃতা করছিলেন তখন আমি খুব মনোযোগসহকারে শুনছিলাম, দেখলাম তিনি এই বিলের উদ্দেশ্য ঠিকমত উপলব্ধি করতে পেরেছেন। তবে একটা কিন্তু রেখেছেন, সেই কিন্তুর সঙ্গে আমাদের কিন্তু কিন্তু নেই। তিনি এই আইনটা যাতে যথাযোগ্যভাবে প্রয়োগ হয় তার জন্য আমাদের কাছে অনুরোধ রেখেছেন। আমি তাকে বলতে চাই আমাদের এই আইন যথাযোগ্যভাবে নিশ্চয়ই প্রয়োগ করা হবে।

আরও অনেক মাননীয় সদস্যরা রয়েছেন যাঁরা সকলেই এই সংশোধনী বিলকে সমর্থন করেছেন। মাননীয় সদস্য অজিত বসু মহাশয় এই বিল সমর্থন করেও দু'-একটি প্রশ্ন যা তুলেছেন সে সম্বন্ধে আমি আলোচনা করতে চাই। ছোট ছোট ক্ষেত্রে তিনি বলেছেন যাতে সুবিধা হয় সেটা করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যখন একজন আইনজ্ঞ তখন আপনি নিশ্চয়ই জানেন একটা মামলা চালাতে গেলে ছোট ছোট চাষীর পক্ষে কত অসুবিধা হয়। এখানে আমি আপনার কাছে কয়েকটি সংখ্যা তুলে ধরছি তাতে আপনি বুঝতে পারবেন সরকারের যত কোম্পানি আছে তার মধ্যে অ্যাগ্রো-ইনডাস্ট্রিস কোম্পানি যেটা আমাদের রয়েছে সেই কোম্পানির ৩৬৫টি মামলা এখনও চলছে। এই ৩৬৫টি মোকদ্দমায় আমরা দেখছি মোটামুটি

৬০ হাজার টাকা সরকারের খরচ হয়েছে। চাষীদেরও একটা নিশ্চয়ই খরচ আছে, কারণ তাদের আসতে হয়, উকিল, মোক্তার দিতে হয় এবং এ ছাড়াও অনেক খরচ তাদের আছে। এই যে সংশোধনী আমরা করছি এতে সরকার যেমন মামলার খরচের দায় থেকে বাঁচবেন ঠিক তেমনি ছোট ছোট চাষী যারা রয়েছে তারাও মামলা চালানোর যে খরচ সেটা থেকে বেঁচে যাবে। এটা—Wholly owned either by the State Government or by the Central Government or jointly by the State Government and the Central Government. -এর পক্ষে প্রযোজ্য হবে। আমাদের পশ্চিমবাংলায় পশ্চিমবঙ্গ সরকারের পূর্ণ অধিকারে যেগুলি রয়েছে আমি তার কয়েকটির নাম এখানে করছি। এই সমস্ত কোম্পানিকে বাঁচিয়ে রাখতে হ'লে তাদের যারা খাতক তাদের কাছ থেকে টাকা আদায় করা দরকার। যে কয়টি কোম্পানি রয়েছে আমি তার সবগুলোর নাম বলছি না, কয়েকটির নাম এখানে করছি। দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেড সরকারের একটা বড় কোম্পানি। দুর্গাপুর কেমিকেলস্ লিমিটেড, ওয়েস্ট বেঙ্গল অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিস লিমিটেড, ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়্যারহাউস কর্পোরেশন, কল্যাণী স্পিনিং মিলস্ লিমিটেড, ওয়েস্টবেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিস কর্পোরেশন লিমিটেড, ওয়েস্টবেঙ্গল ডেয়ারী অ্যান্ড পল্ট্রি কর্পোরেশন লিমিটেড, ইলেকট্রো-মেডিকেল অ্যান্ড অ্যালাইড ইন্ডাস্ট্রিস্ অব ওয়েস্টবেঙ্গল, ওয়েস্টিং হাউস অ্যান্ড স্যাক্সবিফার্মার্স লিমিটেড, ওয়েস্টবেঙ্গল ইন্ডাস্ট্রিস্ ডেভলপমেন্ট কর্পোরেশন, ওয়েস্টবেঙ্গল মিনারেল ডেভলপমেন্ট কর্পোরেশন, ওরিয়েন্টাল গ্যাস কোম্পানি আন্ডারটেকিং, স্টেট ফিসারিস্ ডেভলপমেন্ট কর্পোরেশন লিমিটেড। এই সবগুলির আমরা অধিকারী। এতগুলি কোম্পানির মধ্যে মাত্র অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিস্ কোম্পানির ক্ষেত্রে দেখছি ২ কোটি ৩ লক্ষ ৮০ হাজার টাকা আমাদের বাকী ছিল এবং তার মধ্যে ৩১শে মার্চ, ১৯৭৩ পর্যন্ত আমরা আদায় করেছি ৪৬ লক্ষ ৪২ হাজার টাকা। বাকী যেটা রয়েছে তার পরিমাণ হ'ল ১ কোটি ৫৭ লক্ষ টাকা। আমি মামলার সংখ্যা আগেই বলেছি ৩৬৫টি। আমরা ৭ হাজার ৩৫০টি পাম্প-সেট চাষীকে দিয়েছি। এ'দের কাছ থেকে টাকা আদায় করতে না পারলে এই যে আমাদের অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিস্ কোম্পানি রয়েছে তাদের পক্ষে কাজ চালান অসুবিধা হচ্ছে। এই টাকা যদি আদায় করতে না পারি, তা হ'লে ভবিষ্যতে যাঁদের পাম্প-সেট দিতে হবে এবং ঋণ দিতে হবে সেটা শোধ দেওয়া অসুবিধা হবে। দীর্ঘদিন যদি এই ঋণ প'ড়ে থাকে, তা হ'লে চাষীদের অসুবিধা হবে এবং তাদের সুদের বোঝাও বাড়তে থাকবে। আপনারা নিশ্চয়ই স্বীকার করবেন পাবলিক ডিমান্ডস রিকভারী অ্যাক্ট অনুযায়ী আমরা জোর-জবরদস্তি করি না, আমরা সহজ কিস্তিতে আদায় করি।

[4-30—4-37 p.m.]

এটা জনসাধারণেরই টাকা, জনসাধারণই ধার দিয়েছেন, জনসাধারণই যাতে শোধ করতে পারেন সেই রকম ব্যবস্থা আপনারা নিশ্চয় করবেন এবং সেটাই সকলের সমর্থনযোগ্য সে বিষয়ে কোন সন্দেহ নেই। আরো যারা বলেছেন তারা সকলেই সমর্থন করেছেন ব'লে আমি তাদেরকে ধন্যবাদ জানাছি।

The motion of Shri Gurupada Khan that the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2 and Preamble

The question that Clauses 1, 2 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

শ্রীগুরুপদ খাঁন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারের বিধানসভা আমাদের কোন মাননীয় সদস্য এই বিলের বিরোধিতা করেন নি, সেই জন্য সকলের কাছে আপনার মাধ্যমে তাদেরকে একবার ধন্যবাদ জানাচ্ছি।

Sir, I beg to move that the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Statement under rule 346

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, yesterday I promised to make a statement on the subject of printing of proceedings of this House, which I hereby do. Sir, in recent times, many honourable Members have expressed their concern and resentment over the fact that proceedings of the House have not been printed for a long time. It is really unfortunate that these proceedings have not been printed since 1964 and that previous Governments did not take suitable steps in the matter. However, as soon as this was brought to the notice of our Government we set about finding ways and means to tackle this situation. Recently, Hon'ble Finance Minister, Hon'ble Commerce and Industries Minister and myself met together and discussed the matter threadbare. On the basis of that discussion I beg to assure the House through you Sir, that all arrears proceedings of the Assembly will be printed and distributed amongst the honourable Members by the end of the current financial year.

Regarding the printing of current proceedings and other day to day works, we are examining the matter closely. We shall get this work done by augmenting the resources of the existing presses and by other appropriate measures. But in any event, printing of current proceedings will under no circumstances be allowed to fall in arrears. In this regard we seek co-operation of everyone.

শ্রীঅ.বদ্‌ুল বারি বিশ্বাস: স্যার, আমাদের মাননীয় মন্ত্রী শ্রীজ্ঞানসিং সোহনপাল যে কথা বললেন তা শ্‌ুনলাম। কিন্তু আমাদের যে দাবিটা ছিল—দাবিটা ছিল যে, অ্যাসেম্বলী প্রসিডিংসের জন্য স্বতন্ত্র, তার নিজস্ব প্রেসের কথা এবং আমি মনে করি আমাদের স্বতন্ত্র প্রেসের যে দাবি সেই দাবি তাঁর বক্তব্যের মধ্যে, পক্ষে না বিপক্ষে, কি ব্যাপার ছিল না ছিল, একটাও কথা বলা হ'ল না। কাজেই আমরা অ্যাসেম্বলীর জন্য যে স্বতন্ত্র প্রেসের দাবি করেছিলাম, অ্যাসেম্বলী প্রসিডিংস আমরা ছাপিয়ে প'ব, অ মাদের কারেন্ট প্রসিডিংস কখনও এরিয়ার হবে না, that is a good news for the Legislators as well as the Secretariat of the Assembly.

কিন্তু স্যার, আজকে যে অ্যাসেম্বলীর স্বতন্ত্র প্রেসের দাবিটা ছিল বা আমাদের হাউসে যে অ্যাসিওরেন্স ছিল সেটা যেন ডিউলি কন্‌সিডার করা হয় এবং আমরা আশা করবো যেন এই ফিন্যান্সিয়াল ইয়ারের মধ্যে একটা ডিসিসন নিয়ে তার প্র'রম্ভিক ক.জ হবে।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয়, যেটা বললেন আমি এই প্রস্তাবটা দিয়েছিলাম যে, আমাদের প্রেস চাই এবং আমি একটা প্রশ্নও এই হাউসে করেছিলাম, কিন্তু আমরা সংসদীয় মন্ত্রিমহাশয়ের কাছে সেই উত্তরটা পেলাম না। কিন্তু যে কথাটা শ্রীআবদ্‌ুল বারি বিশ্বাস বললেন এবং আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় যেটা বললেন যে, আমরা এর পরে আমাদের প্রসিডিংস্‌গ্‌ুলি ঠিকমত পাবো এবং এই কারেন্ট ফিন্যান্সিয়্যাল ইয়ারের মধ্যেই পাবো। কিন্তু আজকে যেটা আমাদের সবচেয়ে প্রয়োজন আমরা এই হাউসে সকলে একমত হয়ে বলেছিলাম যে, আমাদের প্রেসটার কি হবে এবং সেই প্রেসটা কোথায় আটকে আছে, সেই আটকানোর খবরটা আমরা পেলাম না, স্যার, আমরা এই বিষয়ে জানতে চাই মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আপনার মারফত।

Statement under rule 346

Mr. Speaker: I now call upon the Hon'ble A. B. A. Ghani Khan Chowdhury to make a statement under rule 346.

শ্রী এ বি এ গনি খাঁন চৌধুরী: মিঃ স্পীকার, স্যার, আবদুল বারি বিশ্বাস, মাননীয় সদস্য, ফরাক্কার ইরোসন সম্বন্ধে এখানে কতকগুলি বক্তব্য রেখেছিলেন, সেই সম্বন্ধে আমি এর আগে বক্তব্য রেখেছি। আমি তাকে বলছি আবার যে, আমরা ইরোসন প্রতিরোধ করবোই, ইরোসন আমরা হ'তে দেব না। এবং আর একটা কথা আমি বলছিলাম তাকে, সত্যাগ্রহীদের যে অ্যারেস্ট করা হয়েছে উনি বলেছিলেন তার মধ্যে হাবিবুর রহমান, এম এল এ ছিলেন এবং আরো ২৩ জন ছিলেন, এ ব্যাপারটা আমাদের মুখ্যমন্ত্রী দেখছেন এবং আমি ওকে বলতে পারি নিশ্চয় এর সুরাহা হবে, এর জন্য চিন্তার কোন কারণ নাই। এই ব'লে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 4-37 p.m. till 1 p.m. on Thursday, the 19th April, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 19th April, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 10 Ministers, 7 Ministers of State, 2 Deputy Ministers and 148 Members.

Oath or Affirmation of Allegiance

[1-00—1-10 p.m.]

Mr. Speaker: If any honourable Member has not made an Oath or Affirmation of Allegiance he may kindly do so.

(There was none to take Oath)

QUESTIONS

(for which oral answers were given)

মুর্শিদাবাদ জেলায় মাদকদ্রব্য বিক্রয়ের লাইসেন্স

*১০৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮৩।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থানা এলাকায় ১৯৭২ সালের এপ্রিল মাস হইতে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত দেশী ও বিদেশী মদ, গাঁজা ও তাড়ির দোকানের কোন লাইসেন্স দেওয়া হইয়াছে কিনা এবং হইলে, কোন্ শ্রেণীর কয়টি; এবং

(খ) উক্ত থানায় ঐরূপ দোকানের লাইসেন্সের জন্য সম্প্রতি সরকারের নিকট কোন আবেদন-পত্র আসিয়াছে কিনা এবং আসিলে, কয়টি আবেদনপত্র ও আবেদনকারীর নাম?

শ্রীসীতারাম মাহাতো: (ক) না। উক্ত সময়ের মধ্যে মদ, গাঁজা বা তাড়ির কোন নতুন বিক্রয় লাইসেন্স দেওয়া হয় নাই।

(খ) না। এখন পর্যন্ত এরূপ কোন আবেদন আসে নাই।

শ্রীমহম্মদ দেদার বক্স: ভগবানগোলায় মদ, গাঁজা, তাড়ি এগুলির কোন্‌টির কতটা লাইসেন্স আছে এখন পর্যন্ত বলতে পারেন কি?

শ্রীসীতারাম মাহাতো: এখন বলা সম্ভব নয়, আমি পরে পাইলে জানিয়ে দেব।

শ্রীমহম্মদ দেদার বক্স: এই যে মদ বা গাঁজার লাইসেন্স দেওয়া হয় সঙ্গে সঙ্গে স্থান নির্ধারণ করা হয় না, লাইসেন্স দেওয়ার ব্যপারে অনেক সময় জায়গা মঞ্জুর করা হয় না, ফলে লাইসেন্স বাতিল হয়ে যায়। এই ব্যাপরে কি ভাবছেন, লাইসেন্স এবং জায়গা এক সঙ্গে মঞ্জুর করার কথা চিন্তা করছেন কি?

শ্রীসীতারাম মাহাতো: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে লাইসেন্স দেওয়ার ব্যাপারে সমস্ত ক্ষমতা ডিস্ট্রিক্ট ল্যাইসেন্সিং বোর্ডের উপর অর্পিত আছে, লাইসেন্স এবং সাইট সিলেকশন উভয় কাজই তাঁরা করবেন, এক সঙ্গে যদি করেন তা হলে সুবিধা হয়। অতএব জেলায় যে সমস্ত লাইসেন্সিং বোর্ড আছে, তাঁরা যদি সমস্ত ঠিক করেন, তা হলে ভাল হয়।

শ্রীমহম্মদ দেদার বক্স: আমি জানি একটা ক্ষেত্রে ভগবানগোলায় মনীন্দ্রনাথ সাহ লাইসেন্স পাওয়ার পর জায়গা নিয়ে গোলমাল চলছে, এটা মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি?

শ্রীসীতারাম মাহাতো: না, এটা আমার জানা নাই।

বিভিন্ন সরকারী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের শিক্ষকদের প্রমোশন

*১০৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭০৯।) **শ্রীকাশীনাথ মিশ্র:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিভিন্ন সরকারী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের শিক্ষকদের প্রমোশন সম্পর্কে অ্যাকাডেমিক স্টেটাস কমিটি কর্তৃক যে ঘোষণার কথা ছিল তাহা আজ পর্যন্ত ঘোষণা করা হয় নাই; এবং

(খ) সত্য হইলে, (১) ঘোষণা না হওয়ার কারণ কি, ও (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা লইয়াছেন?

শ্রীঅজিতকুমার পাঁজা: (ক) হ্যাঁ; শিক্ষকদের প্রমোশন সংক্রান্ত ফাইনাল প্যানেল এখনো প্রকাশিত হয় নাই।

(খ) (১) অনেক ডাক্তারই আমাদের শিক্ষণ ও গবেষণা সংক্রান্ত কাগজপত্র যথাযথভাবে এবং যথাসময়ে দাখিল করেন নাই। ফলে চূড়ান্ত প্যানেল প্রকাশের ব্যাপারে বিলম্ব ঘটছে।

(২) ডাক্তাররা যাহাতে অবিলম্বে তাঁহাদের প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করেন, তাহার জন্য সম্ভাব্য সকল ব্যবস্থাই গ্রহণ করা হচ্ছে।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, প্রমোশন সম্পর্কে বর্তমান সরকারের নীতি কি এবং কিভাবে করা হবে?

শ্রীঅজিতকুমার পাঁজা: নীতি যেগুলি করা হয়েছে, সেটা খুব বিস্তারিতভাবে এখন বলতে গেলে সময় লাগবে, তবে যেটা টিচিং স্ট্যাটাস আমরা ঠিক করছি, তিন জন অভিজ্ঞ ডাক্তার নিয়ে একটা কমিটি করা হয়েছে, সেই কমিটি গভর্নমেন্টের কাছে রেকমেন্ডেশন কিছুদিন আগে স্যবমিট করেছিল, কোন কোন কুইরীর জন্য আবার কমিটির কাছে দেওয়া হয় এবং কমিটি সেই কুইরীর উত্তর দিয়ে আমাদের কাছে দিয়েছে, দেওয়ার ফলে আমরা চূড়ান্ত প্যানেল তৈরি করতে যাচ্ছি, যাঁরা এখন অবধি নিজ নিজ ফর্ম ফিল আপ করে পাঠান নি, তাঁদের কেস বাদ দিয়ে, পেন্ডিং রেখে, প্যানেল করব ঠিক করেছি।

শ্রীকাশীনাথ মিশ্র: এই যে মন্ত্রিমহাশয় বললেন যে, প্যানেলের কাগজপত্র ডাক্তারদের কাছ থেকে পান নি, যাতে দেরী হচ্ছে, কতদিন সময় লাগবে যাতে প্রয়োজনীয় কাগজপত্র পেতে পারেন ও প্যানেল প্রকাশ করবেন?

শ্রীঅজিতকুমার পাঁজা: প্যানেল যাতে সত্বর প্রকাশিত হয়—আমরা চেয়েছিলাম সমস্ত ডাক্তার-বাবুরা তাঁদের বায়োডেটা সাবমিট করবার পরে, লাইফ হিস্ট্রি ও অন্যান্য কোয়ালিফিকেশন জানালে পরে, আমরা সম্পূর্ণ প্যানেল প্রকাশিত করতে পারবো, প্রায় ৫০-৬০ জন এখনো দেন নাই, রিমাইন্ডার দেওয়া হয়েছে, তা সত্ত্বেও যাঁরা এখনো পাঠান নাই, তাঁদের কেসটা পেন্ডিং রেখে দিয়ে যাঁদেরটা পেয়েছি—তাঁদেরটা পাবলিশ করবো।

শ্রীকাশীকান্ত মৈত্র: এটা ডাক্তারবাবুরা কীভাবে পাঠান, ইন্ডিভিজুয়্যালি পাঠান না, প্রিন্সিপ্যাল যাঁরা হাসপাতালের চার্জে থাকেন তাঁরা পাঠান?

শ্রীঅজিতকুমার পাঁজা: কোন কোন জায়গায় ইন্ডিভিজুয়ালি সরাসরি পাঠিয়েছেন, আবার কোন জায়গায় যিনি চার্জে আছেন তিনি সব একসঙ্গে পাঠিয়েছেন।

শ্রীতিমিরবরণ ভাদ্‌ড়ী: মফঃস্বলে যেসমস্ত ডাক্তারবাব্‌রা আছেন, তাঁদের নাম কি এই প্যানেলের মধ্যে ইনক্লুডেড হবে?

শ্রীঅজিতকুমার পাঁজা: হ্যাঁ হবে।

শ্রীতিমিরবরণ ভাদ্‌ড়ী: মন্ত্রিমহাশয় কি বলতে পারবেন মফঃস্বলের ডাক্তারদের ক্ষেত্রেও এই-রকম প্যানেল তৈরি হয়েছে?

শ্রীঅজিতকুমার পাঁজা: শ্‌ধ্‌ মফঃস্বলের ডাক্তারদের প্যানেল নয়, টিচিং স্ট্যাটাস নয়, লেক-চারার নয়, সবাই লেকচারারও হতে পারেন। যিনি লেকচারার তাঁকে রিডার করতে হবে। আমরা দেখেছি যাঁরা মফঃস্বলে কাজ করেছেন অথচ কলকাতায় কাজ পান নাই, গভর্নমেন্ট অর্ডারে আগেই মফঃস্বলে চলে গেছেন, আর যাঁরা কলকাতায় রয়ে গেছেন গভর্মেন্ট অর্ডার না মেনে, কলকাতার ভেতরে প্রথম থেকে আছেন—এ'রা সবাই যাতে সমান স্ট্যাট্যাসে আসতে পারেন তার জন্য বর্তমান প্যানেলে আমরা তাঁদের নাম রেখেছি।

শ্রীআবদ্‌ল বারি বিশ্বাস: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এইসমস্ত ডাক্তার যাঁরা শিক্ষক হিসেবে আসতে চান, অ্যাকাডেমিক স্ট্যাটাস কমিটির ঘোষণা নাই—এই ধরনের ডাক্তারদের কোন প্রভিশনাল লিস্ট তৈরি হয়েছিল?

শ্রীঅজিতকুমার পাঁজা: হ্যাঁ, হয়েছিল।

শ্রীআবদ্‌ল বারি বিশ্বাস: তা হলে এই প্রভিশনাল লিস্ট কতদিন আগে তৈরি হয়েছে, কতবার পরিবর্তন হয়েছে এবং শেষ কবে প্রভিসন্যাল লিস্ট তৈরি হয়েছে এবং ফাইন্যাল লিস্ট এ বিষয় তৈরি করতে বিলম্ব কেন হচ্ছে?

শ্রীঅজিতকুমার পাঁজা: আপনার এই প্রশ্নের মধ্যে অনেক প্রশ্ন জড়িত। প্রভিশন্যাল লিস্ট যাঁদের যাঁদের রেকর্ড আমাদের কাছে আছে সেই অন্‌যায়ী তৈরি হয়েছে এবং যাদের যাদের আমাদের মনে হয়েছে লেকচারার ও রিডার বা অ্যাসিস্ট্যান্ট প্রফেসার বা অ্যাসোসিয়েট প্রফেসার, করা উচিত, তাঁদের নাম আমরা প্রভিশন্যাল লিস্টে টানিয়েছিলাম। টানাবার উদ্দেশ্য ছিল আমরা ডাক্তারবাব্‌দের কাছ থেকে রিপ্রেজেনটেশান চেয়েছিলাম এ বিষয়ে লিখিতভাবে তাঁরা আমাদের জানাবেন। এর সময়সীমা ছিল গত নভেম্বর মাস পর্যন্ত। কোন ভুলত্র্‌টি থাকলে সেটা সংশোধন করা সম্ভব হবে, ন্যাচারাল জাস্টিস হতে পারে। তাতে কিছ্‌ কিছ্‌ উত্তর কেউ কেউ দিলেন, কেউ কেউ কিছ্‌ই বলেন নি। অর্থাৎ প্রভিশন্যাল লিস্টে লেকচারার বা অ্যাসোসিয়েট প্রফেসার যা রাখা হয়েছে, তাই পাবলিশড হয়েছে। এর মধ্যে আমরা ডিটেলস চেয়েছিলাম—তিনি কবে পাস করেছেন, তাঁর কি কি ডিগ্রী আছে, অন্য কি রেকর্ড আছে—যাঁরা জানিয়েছেন তাঁদের ফাইন্যাল প্যানেল পাবলিশ করবো। যারা দেন নাই তাদের জন্য সমস্ত প্যানেল আটক আছে। আরো হবার কারণ যে সমস্ত মামলা কলকাতা হাইকোর্টে পেন্ডিং আছে, একজন ডাক্তার তো ইনজাংসান নিয়েছিলেন। আমরা ল'ইয়ার দিয়ে তার বির্‌দ্ধে জজসাহেবের কাছে বক্তব্য রেখেছি। তারপর অর্ডার মডিফাই করা হয়েছে। শ্‌ধ্‌ সেখানে মামলায় যেরকম নিষ্পত্তি হবে, সেইরকম তাঁর স্ট্যাটাস হবে ও প্যানেল পাবলিশড হবে।

[1-10—1-20 p.m.]

শ্রীমতী ইলা মিত্র: ১৯৭০ সালে সিলেকসান গ্রেডের নাম ঘোষণার কথা ছিল, তারপর প্রমোশন লিস্ট ঘোষণা করার কথা ছিল। কিন্তু ১৯৭৩ সালের এপ্রিল মাস পর্যন্ত কেন ঘোষণা করা হয় নি। আর একটা কথা ইনজাংসানের কথা বলছেন ইনজাংসানের জন্য এটা আটকে যায় তো গভর্নমেন্টের পক্ষের যে উকিল আছেন তাঁরা কি করেন?

শ্রীঅজিতকুমার পাঁজা: প্রথমটা সম্বন্ধে বলতে পারি ১৯৭০-৭১ সাল থেকে কেন দেরি হয়েছে। ১৯৬৭ সালে যুক্তফ্রন্টের সময় যাকে ইচ্ছে, যেখানে ইচ্ছে তাদের ধরাধরি করতে পেরেছেন, তাদের একাডেমিক স্ট্যাটাস, প্রফেসার, অ্যাসোসিয়েটেড প্রফেসার করে দেওয়া হয়েছে। এর ফলে অবিচার হয়েছে। তাই সব ভেবে দেখে করতে হবে। আর গভর্নমেন্ট অ্যাডভোকেট নিশ্চয়ই আছে এবং গভর্নমেন্ট অ্যাডভোকেটকে কাজে লাগাবার ফলে অর্ডার মডি-ফাই করা গিয়েছে।

শ্রীমতী ইলা মিত্র: প্রত্যেক কথায়ই যুক্তফ্রন্টের কথা আসে। যেটা ১৯৭০ সালে করার কথা ঘোষণা করা হয়েছিল সেটা কেন ১৯৭৩ সালের এখনও পর্যন্ত করেন নি। এক একজন একশো দুশো টাকা করে মাইনে কম করে পাচ্ছেন। পশ্চিমবাংলার এইসব ডাক্তাররা এইসব মুখ বুজে সহ্য করছেন, অথচ বারবার ঘোষণা করা হচ্ছে অমুক তারিখে হবে কি তমুক তারিখে হবে। একটা পরিষ্কার ঘোষণা করুন যে, কবে সিলেকস্যন গ্রেড বা প্রমোশনের ব্যাপার ঠিক হবে। আর ইনজাংসান সম্বন্ধে আপনাদের উকিল কি করেন সেটা বলুন।

শ্রীঅজিতকুমার পাঁজা: পরিষ্কারভাবে ঘোষণা করেছি। যদি ডাক্তাররা ঠিক সময়ে পাঠিয়ে দিতেন, তা হলে অনেক আগে হতে পারতো। এবং পাবলিশ করতে পারতাম। তারা ঠিক সময়ে উত্তর না দেওয়ায় আমরা করতে পারি নি। তাদের আবারও চান্স দিয়েছি। তাদের মধ্যে কিছু কিছু পেয়েছি, কিছু কিছু পাই নি। এখন ঠিক করেছি আর অপেক্ষা করবো না। যাদের পাই নি, তাদের বিষয়ে ডিসিসান পেন্ডিং রেখে পাবলিশ করে দেবো।

শ্রীমতী ইলা মিত্র: আমরা মনে করি এটা ঠিক নয়। ডাক্তাররা সবাই পাঠিয়েছেন।

শ্রীঅজিতকুমার পাঁজা: একথা বাস্তবিক সত্য।

শালবনীতে খাদ্য কর্পোরেশনের গুদামে অগ্নিকাণ্ডের ফলে ক্ষয়ক্ষতি

*১০৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬২।) **শ্রীরজনীকান্ত দলুই:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার শালবনীতে খাদ্য কর্পোরেশনের গুদামটি পুড়িয়া গিয়াছে; এবং

(খ) সত্য হইলে,—

(১) ক্ষতির পরিমাণ কিরূপ,

(২) গম, চাউল ও চিনি কি পরিমাণ নষ্ট হইয়াছে, ও

(৩) আগুন লাগার কারণ সম্বন্ধে কোন অনুসন্ধান হইলে, তাহার রিপোর্ট কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: (ক) হ্যাঁ, গত ২৮এ ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখ রাত্রে মেদিনীপুর জেলার খাদ্য কর্পোরেশনের শালবনীর গুদামটি আগুন লাগিয়া পুড়িয়া গিয়াছে।

(খ) (১) মোট ক্ষতির পরিমাণ প্রায় ৩,৭৭,০০০ টাকা। ইহার মধ্যে যেসকল খাদ্যসামগ্রী পুড়িয়া গিয়াছে তাহার মূল্য আনুমানিক ৩,৫১,০০০ টাকা।

(২) টাকা ৮,৩৭৫·২৬ মূল্যের গম, টাকা ৮১,৬৫৫·০৯ মূল্যের চাউল, টাকা ৩,৮২৫·০০ মূল্যের চিনি, টাকা ২,৪১,৫৯২·৮২ মূল্যের ছোলার ডাল।

(৩) আগুন লাগার কারণ সম্বন্ধে এখনও পুলিসের তদন্ত চলিতেছে।

শ্রীরজনীকান্ত দলুই: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে এত বড় একটা অগ্নিকাণ্ড ঘটে গেছে, এর সঙ্গে কোন অফিসার জড়িত আছেন কিনা বা কোন অফিসারকে কোরাপসানের দায়ে গ্রেপ্তার করা হয়েছে কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেহেতু গুদামটি খাদ্য কর্পোরেশনের এক্তিয়ার-ভুক্ত, সেইহেতু সেখানে খাদ্য কর্পোরেশনের অফিস্যর এবং কর্মচারী ডেপুটেসনে নিযুক্ত আছে এবং এটা একটা বরোইং ডিপার্টমেন্ট। ডিসিপ্লিনারী প্রসিডিংস বা সমস্ত কিছুই খাদ্য কর্পোরেশনের এক্তিয়ারভুক্ত, রাজ্যসরকারের এক্তিয়ারে নয়। তবে আমি ব্যক্তিগতভাবে মাননীয় সদস্যকে জানাচ্ছি যে, আমারও কাছে মনে হয়েছে যে, এই আগুন লাগাটা একটা অস্বাভাবিক ব্যাপার। এ ব্যাপারে তদন্ত চলছে। কেন্দ্রীয় সরকারের জুরিসডিকসনে এই খাদ্য কর্পোরেসন। যেহেতু এটা একটা আন-ইউজুয়াল ব্যাপার, তাই আমি তাদের জানিয়েছি যে, পুলিস এটা তদন্ত করলেও এখানে যদি কোন করাপসন থাকে, তা হলে সেটা সি বি আই-কে দিয়ে উচ্চ পর্যায়ে তদন্ত হোক। গত ২৮ তারিখে ঘটনা ঘটেছে। এবং ১লা মার্চে এটা কলকাতার ফরেনসিক ল্যাবরেটারীর বিশেষজ্ঞদের কাছে গেছে। তাঁরা এটা পরীক্ষা করছেন। কেমিক্যাল অ্যানালেসিসের রিপোর্ট এখনও পাই নি—পেলে সবকিছু জানা যাবে। এখনও কোন অফিসারকে গ্রেপ্তার করা হয় নি। অবশ্য সেখানে একজন ইন্সপেক্টার ও একজন ওয়াচম্যান নিযুক্ত ছিলেন এবং দুজনই ঐ জেলার অধিবাসী। ঐ ওয়াচম্যানের বিরুদ্ধে খাদ্য কর্পোরেসন থেকে প্রসিডিংস ড্র করা হয় এবং ইন্সপেক্টরকে জেলা ম্যাজিস্ট্রেটের পরামর্শক্রমে তাঁর সাজেসন অনুযায়ী তদন্ত যাতে ব্যাহত না হয় তার জন্য তাকে অন্য জায়গায় রাখা হয়েছে। এই আগুন লাগাটা অস্বাভাবিক ব্যাপার এটা আমারও মনে হয়েছে এবং এ ধরনের ঘটনা অতীতে ঘটে নি।

শ্রীসরোজ রায়: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, ঐ আগুন লাগানো হয়েছে, কোন সরকারী ব্যবস্থাপনায় অডিটের ব্যবস্থা করা হয়েছিল এবং সেই হিসাবে পরীক্ষা করা হচ্ছিল বলে এইরকম রিপোর্ট মেদিনীপুর ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা কোন উর্ধ্বতন অফিসার দিয়েছিল কিনা—এবং এই জিনিস অস্বাভাবিক বলে মনে হয়েছে কিনা? এবং এই জিনিসটি স্যাবটেজ করার জন্য ঐ আগুন ল্যগানো হয়েছে, এইরকম কোন এনকোয়ারী রিপোর্ট আছে কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্র: অস্বাভাবিক ব্যাপার বলে আমারও মনে হয়েছে এবং আমার নিজের ধারণা যে, আমরা নূতন এই সরকার আসার পর বিভিন্ন সরকারী গুদামে যে সমস্ত খাদ্যশস্য আছে তাতে কি পরিমাণ স্টক ঐ স্টোরিং এজেন্টদের আছে সেই স্টক ভেরিফিকেসনের জন্য আমি নির্দেশ দিয়েছিলাম। সেই নির্দেশ অনুযায়ী বিভিন্ন গুদামে তদন্ত হচ্ছিল। আমার নিজের থেকে একথা বলতে পারি যে, এই ব্যাপারটি আন-ইউজুয়াল বলে আমার মনে হয়েছে। ইন্টেন-সন্যাল কি অ্যাকসিডেন্টাল এটা ফরেনসিক এক্সপার্টদের উপর নির্ভর করছে। খাদ্য কর্পোরেশনের অভিজ্ঞতায় এটা অস্বাভাবিক বলে মনে হয়েছে এবং অতীতে এইরকম ঘটে নি। কোন অফিসারের বিরুদ্ধে কোন প্রাইমাফেসি রিপোর্ট পেলে সঙ্গে সঙ্গে সেই ভিত্তিতে আমাদের ডিরেক্ট অ্যাকসন নিতে হবে।

শ্রীসরোজ রায়: এই যে দেরি হয়ে যাচ্ছে, এ সম্বন্ধে কি করছেন। মন্ত্রিমহাশয় অনেক ভাল কথা বলেছেন - নিশ্চয় ডিরেক্ট অ্যাকসন নিতে হবে। কিন্তু এই অস্বাভাবিক ব্যাপারে মনে হচ্ছে কোথায় যেন কি স্যাবটেজ হচ্ছে। এতে কেস ডিলে হয়ে যাচ্ছে এবং দেরি করে যে দিচ্ছে সেটার পিছনে কোন স্যাবটেজ আছে কিনা সেটা তিনি দেখবেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: এই যে ফরেনসিক এক্সপার্টের রিপোর্ট এটা একটা সাইন্টিফিক রিপোর্ট হবে। তারা যেগুলি ছাই হয়ে পুড়ে গেছে সেই ছাই কেমিক্যালি বিশ্লেষণ করলেই বুঝতে পারবেন যে, সেটা অ্যাকসিডেন্টাল ফায়ার, না, ইন্টেনসন্যাল ফায়ার। সুতরাং দু-চার দিন দেরি হলেও যতক্ষণ না ঐ রিপোর্ট পোঁচাচ্ছে আমরা কিছু করতে পারছি না। আমরা ফৌজদারী মামলা দায়ের করেছি। স্যাবটেজ করা হচ্ছে কিনা উনি একজন প্রবীণ সদস্য, উনি নিশ্চয় বুঝতে পারছেন যে, মিনিস্টার হিসাবে কিছু করবার নেই। কারণ কোর্টে হয়তো তারা বলবেন যে, গভর্নমেন্ট আগের থেকেই স্টেটমেন্ট দিচ্ছে যে, স্যাবটেজ করা হয়েছে। কেমিক্যাল অ্যানালেসিসের রিপোর্ট পেলেই আমরা নিশ্চয় ব্যবস্থা নিচ্ছি। আমি মাননীয় সদস্যদের আশ্বাস দিতে পারি যে, যদিও এটা খাদ্য কর্পোরেশনের এক্তিয়ারভুক্ত, আমাদের এক্তিয়ারে নয়, তবুও আমি এ ব্যাপারে

খাদ্য কর্পোরেশনের উচ্চপদস্থ অফিসারদের জানিয়েছি যে, যেহেতু এটা তাদের ডিসিপ্লিনারী জুরিসডিকসনের মধ্যে তবুও যারা তদন্ত করছেন তারা যদি কোন করাপসনের রিপোর্ট পান বা কোন প্রাইমাফেসি কেস পেলে—

the officer involved ought to be placed under suspension.

চাকরির ক্ষেত্রে এটা যেন করা হয়—

pending criminal investigation the officer or the member of the staff concerned may be placed under suspension.

[1-20—1-30 p.m.]

শ্রীকানাই ভৌমিক: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই বিষয়ে প্রাথমিক কোন রিপোর্ট এস পি কিংবা ডি এম-এর তরফ থেকে আপনার কাছে পাঠানো হয়েছে কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্র: না, এইরকম কোন রিপোর্ট আমার কাছে নেই। জেলাশাসক নিজেই সন্দেহ করেছিলেন যে, ইনভেস্টিগেসন যদি হয়, তারপরে যদি ইন্সপেকটরকে ঘটনাটি লিখতে হয়, তা হলে ইনভেস্টিগেসন হয়ত প্রেজুডিসড হতে পারে। তাই ইনভেস্টিগেসন যাতে প্রেজুডিসড না হয়, সেই জন্য তার সাজেসান অনুযায়ী তাকে সঙ্গে সঙ্গে ওখান থেকে বদলি করা হয়েছে।

শ্রীকানাই ভৌমিক: আপনি জানেন, যেকোন ঘটনাই ঘটুক—এই ধরনের গুরুত্বপূর্ণ ঘটনা সম্পর্কে স্থানীয় অফিসাররা জানেন এবং এখান থেকে জানতে চাওয়া হয় যে, প্রাথমিক রিপোর্ট কি—সেন্ট্রাল গভর্নমেন্টেরই হোক বা প্রাদেশিক গভর্নমেন্টেরই হোক, যেকোন ঘটনা সম্পর্কে প্রাথমিকভাবে তারা জানান এবং এখান থেকে জানতে চাওয়া হয়। কাজেই এই ঘটনা সম্পর্কে এখান থেকে জানতে চাওয়া হয়েছিল কিনা মন্ত্রিমহাশয় সেটা জানাবেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় সদস্য একই প্রশ্ন বারে বারে করছেন। দু'টি মাত্র কর্মচারী এর সঙ্গে জড়িত, খাদ্য কর্পোরেশনের গুদামের একজন ইন্সপেকটর এবং আর একজন ওয়াচম্যান। এছাড়া অন্য কোন অফিস্যর বা কর্মচারী নেই। যেদিন ঘটনাটি ঘটেছে তারপর সঙ্গে সঙ্গে ফরেনসিক ল্যাবরেটরি এক্সপার্টদের সেখানে পাঠানো হয়েছে এবং ২রা মার্চ তারিখে আমাদের যিনি অ্যাডিশন্যাল রিজিওনাল ম্যানেজার, এফ সি আই, তিনি শুনেই সেখানে গিয়ে নিজে সরেজমিনে তদন্ত করেছেন এবং পুলিস ইনভেস্টিগেসন শুরু করেছে, ফৌজদারী মামলা রুজু হয়ে গেছে। এছাড়া প্রাথমিক রিপোর্ট নেই। প্রাথমিক রিপোর্ট আসবে এবং পুলিস ইনভেস্টিগেশনের রিপোর্টই হবে প্রাথমিক রিপোর্ট।

শ্রীকানাই ভৌমিক: সাধারণভাবে এইরকম কোন ক্রিমিন্যাল অ্যাকসান হলে, এই ধরনের কোন ঘটনা ঘটলে প্রাথমিক রিপোর্ট নেওয়া হয় এবং তাকে অ্যারেস্ট করা হয়। তারপরে প্রমাণিত না হলে ছাড়া পায়, সাধারণ মানুষের ক্ষেত্রে তাই হয়ে থাকে। অনেক সময় আবার আন্ডারট্রায়াল হিসাবে রাখা হয়, অনেক সময় আবার খালাস পায়। এই ঘটনার সঙ্গে যখন দুজন ইনভলভড এবং তারা ইচ্ছাকৃতভাবে করেছে, না কিভাবে করেছে সে বিষয়ে যখন সন্দেহ আছে এবং মন্ত্রিমহাশয় নিজেই যখন এটাকে অস্বাভাবিক মনে করছেন, তখন কি অজ্ঞাত কারণে সন্দেহ হওয়া সত্ত্বেও তাদের গ্রেপ্তার করা হচ্ছে না, অফিসার এবং ওয়াচম্যানকে, সেটা মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি বুঝতে পারছি না মাননীয় সদস্য একই কথা বার বার বলছেন।

The State Government's Food Department has no disciplinary jurisdiction in regard to the conduct of the employees employed on deputation by the Food Corporation of India. The disciplinary jurisdiction vests in the Food Corporation of India which is a Central organisation and a statutory body. The State Government cannot direct the Food Corporation of India to do this or not to do this. Therefore, the whole matter being entirely in the realm of disciplinary jurisdiction of the Food Corporation of India the State Government has nothing

to do in the matter except suggesting the Food Corporation of India to take appropriate steps as expeditiously as possible. So far as that aspect is concerned I may say confidently that the State Government is not lagging behind. All possible steps, as conceivably to be taken, have been taken by the State Government.

শ্রীঠাকুরদাস মাহাতো: ঐ গুদামের হিসাব সংক্রান্ত ব্যাপারে বেশ কয়েকবার গোয়েন্দা দপ্তরের তরফ থেকে কোন অভিযোগ ছিল কিনা, মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: না, আমার কাছে এইরকম কোন খবর আসে নি, এ প্রশ্ন থেকে ওটা আসে না। তবে আমি এটুকু বলতে পারি যে, আমরা সরকারে আসার পর প্রত্যেক গুদামে কি পরিমাণ মাল আছে তার ভেরিফিকেসানের হিসাব নেবার জন্য নির্দেশ দিয়েছি, যেকথা মাননীয় শ্রীরায়ের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলেছি। সেই জন্য আমি বলছি, স্টক ভেরিফিকেসন শুরু হবার আগেই এই ঘটনা ঘটেছে এবং ওয়াচম্যান হ্যাজ বিন প্লেসড অ্যান্ডার সাসপেনসন, ইন্সপেকটরকে সেখান থেকে সরিয়ে দেওয়া হয়েছে এবং খাদ্য করপোরেশনের অফিসারকে আমি জানিয়েছি যে, আমাদের এটা এক্তিয়ারভুক্ত নয়। আমি জানি অস্বাভাবিক ঘটনা ঘটেছে, খাদ্য কর্পোরেশনের দায়িত্ব আছে। এই রকম গুরুত্বপূর্ণ ঘটনা ঘটার পরে প্রম্পট অ্যাকসান নেওয়া উচিত এবং যেহেতু ফৌজদারী মামলা রুজু হয়েছে সেই জন্য দুজনের মধ্যে একজনকে সাসপেন্ড করা হয়েছে।

শ্রীঠাকুরদাস মাহাতো: ২৭এ ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখে হিসাব সংক্রান্ত অভিযোগের ব্যাপার নিয়ে কেন্দ্রীয় গোয়েন্দা বিভাগ থেকে তদন্ত করার পরে এটা ঘটলো—এটা মন্ত্রিমহাশয় জানেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: না, এটা আমার জানা নেই।

শ্রীরজনীকান্ত দলুই: অনুসন্ধান করে যে রিপোর্ট পাবেন, সেটা কি তিনি আমাদের সামনে রাখবেন?

শ্রীকাশীকাত মৈত্র: বিধানসভার অধিবেশনের ৭ দিনের মধ্যেই যদি প্রিলিমিনারি রিপোর্ট আসে এবং সেটা যদি অ্যাবসোলিউটলি কনফিডেনসিয়াল রিপোর্ট না হয়, তা হলে নিশ্চয় মাননীয় বিধানসভার সদস্যদের ডেকে দেখিয়ে দেব।

পুরুলিয়া জেলায় বিড়ি কারখানা

*১০৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫৮।) **শ্রীকিংকর মাহাতো:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কত বিড়ির কারখানা আছে ও উক্ত কারখানার মালিক কয়জন;

(খ) ঐসব কারখানাতে কত শ্রমিক দৈনিক কাজ পায়; এবং

(গ) বিড়ি শ্রমিকদের উন্নতির জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: (ক) কারখানা আইনে রেজিস্ট্রীকৃত বিড়ি মালিকের সংখ্যা বর্তমানে—উহাদের মধ্যে ৫টি কারখানা একজন করিয়া মালিকের অধীনে, ৩০টি একাধিক মালিকের অধীনে।

(খ) ১৯৭১ সালে পরিসংখ্যা অনুযায়ী ৩১৯ জন।

(গ) সম্প্রতি সর্বভারতীয়ভাবে বিড়ি শিল্পে নিযুক্ত শ্রমিকদের মজুরী নির্ধারিত করিয়া উক্ত সিদ্ধান্তের ফলে পুরুলিয়া জেলার বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরী হাজার প্রতি ৬ টাকা করিয়া ধার্য করার ব্যবস্থা অবলম্বন করিতে নির্দেশ দেওয়া হইয়াছে।

শ্রীকিংকর মাহাতো: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কোন্ কারখানায় সবচেয়ে বেশী বিড়ি প্রস্তুত হয় এবং কোন্ মালিকের কাছ থেকে সবচেয়ে বেশী রেভিনিউ আদায় হয়?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: পরিসংখ্যান নিয়ে জানাতে হবে, কাজেই নোটিস চাই।

শ্রীকিংকর মাহাতো: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বিড়ি শ্রমিক এবং অন্যান্য কারখানার শ্রমিকদের বেতনহার কি সমান? যদি না হয়, তা হলে সরকার সে বিষয়ে কিছু চিন্তা করছেন কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: এ প্রশ্ন ওঠে না। বিড়ি শ্রমিকদের একটা মিনিমাম ওয়েজেস সারা ভারতবর্ষ ব্যাপী ঠিক হয়েছে--৩ টাকা ২৫ পয়সা। সুতরাং অন্যান্য ইন্ডাস্ট্রিজ-এর সংগে এর কোন কানেকসান নেই। অন্যান্য ইন্ডাস্ট্রিজে মিনিমাম ওয়েজেস অ্যাক্টে- বিভিন্ন শিল্পের সংগে যাঁরা জড়িত আছেন তাঁদের একটা মিনিমাম ওয়েজেস ঠিক করা হয়েছে। সেই মিনিমাম ওয়েজেসের সংগে বিড়ি শ্রমিকদের মিনিমাম ওয়েজেসের কোন সম্পর্ক নেই।

শ্রীকিংকর মাহাতো: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বিড়ি শিল্পকে রাষ্ট্রীয়করণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: না, এই ধরনের কোন পরিকল্পনা সরকারের নেই।

শ্রীশাশ মহম্মদ: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বিড়ি শ্রমিকদের জন্য প্রভিডেন্ট ফান্ডের কথা চিন্তা করছেন কিনা?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: না, এখনও পর্যন্ত করি নি।

জুনিয়ার ও সিনিয়ার নার্সিং-এ ট্রেনিং

*১০৪১। (অনুমোদিত প্রশ্ন নং *১৮২০।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭২-৭৩ আর্থিক বৎসরে জুনিয়ার নার্সিং ও সিনিয়ার নার্সিং-এ ট্রেনিং প্রাপ্তির জন্য মেয়েদের ইন্টারভিউ লওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, জেলাওয়ারী জুনিয়ার নার্সিং-এর জন্য কতজন এবং সিনিয়ার নার্সিং-এর জন্য কতজনকে ইন্টারভিউ করা হইয়াছিল এবং তাহাদের মধ্যে কতজন সিলেকটেড হইয়াছেন; এবং

(গ) এই ট্রেনিং-এ ভর্তির জন্য যাঁহারা আবেদন করেন তাঁহাদের নির্বাচনের ভিত্তি কি?

শ্রী ... পাঁজা: (ক) হ্যাঁ।

(খ)

জুনিয়ার নার্সিং

হাসপাতাল বা জেলার নাম	যাহাদের ইন্টারভিউ ডাকা হইয়াছিল তাহাদের সংখ্যা	নির্বাচিতদের সংখ্যা
বাঁকুড়া	১৫৪	৯২
বীরভূম	২৩৩	৬৫
কুচবিহার	১২১	৪১
দার্জিলিং	৩০০	৮৫
হুগলী	২১৫	৪০
জলপাইগুড়ি	১১৮	২৬
মালদা	৪৭	১১
মেদিনীপুর	২৫৪	৮৮
মুর্শিদাবাদ	১৭০	৩২
নদীয়া	৫০৪	১২৬
পশ্চিম দিনাজপুর	২৯২	৭৬
বর্ধমান	এখনও হয় নি।	
মোট	২,৪০৮	৬৮২

সিনিয়র নার্সিং

মেডিক্যাল কলেজ হাসপাতাল	৩২৩	১১৮
নীলরতন সরকার হাসপাতাল	৫৩৬	১৭৯
আর জি কর হাসপাতাল	৩৬০	১০২
শেঠ সুখলাল কারনানি হাসপাতাল	২৭০	১৭৩
লেডী ডাফরিন হাসপাতাল	১৩২	৯৭
মোট	১,৬২১	৬৬৯

(অন্যান্য জেলা বা হাসপাতালে কোন শিক্ষাকেন্দ্র নাই।)

(গ) লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচন হয়।

[1-30—1-40 p.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে নার্সিং ট্রেনিংয়ের জন্য যে সিলেকশান হয় এবং এর জন্য যে বোর্ড বসে সেই বোর্ডের মোটামুটি সদস্য কারা আছেন?

শ্রীঅজিতকুমার পাঁজা: এটা কোন একটা বোর্ড নেই। বিভিন্ন ডিস্ট্রিক্টে বিভিন্ন বোর্ড আছে। এর আগে একটা বোর্ডের মাধ্যমে কোন কোন সময় হওয়ার ফলে অনেক সময় লেগেছিল। বিভিন্ন ডিস্ট্রিক্টে বিভিন্ন বোর্ড থাকে, এগুলি আমরা ঠিক করেছিলাম। আমরা কয়েকজন বসে আমি এবং স্টেট মিনিস্টার শ্রীগোবিন্দ নস্কর অ্যাডিশনাল হেলথ ডাইরেকটার (নার্সিং) এরা মিলে। প্রতি ডিস্ট্রিক্টে যাঁরা ঠিক করবেন সেই বোর্ডগুলি আমরা ঠিক করে দিয়েছি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যেসমস্ত লিখিত প্রশ্ন দেওয়া হয় মোটামুটি তার স্ট্যান্ডার্ডটা জুনিয়র নার্সিং-এ কি ধরনের এবং সিনিয়র নার্সিং-এ কি ধরনের?

শ্রীঅজিতকুমার পাঁজা: লিখিত প্রশ্ন কি ধরনের আমার কাছে এখানে আছে, আপনারা যদি চান দেখতে পারেন। তবে যেটা শিক্ষামূলক যোগ্যতা জি এন এম, যার জন্য ধরি স্কুল ফাইনাল অথবা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ আর এ এন এম ক্লাশ নাইন থেকে ক্লাশ টেন-এ বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়া চাই এবং রেকগনাইজড স্কুলের সার্টিফিকেট আবশ্যক। আর বয়স জি এন এম এবং এ এন এম যে বছর ভর্তি হবে সেই বছরে ১লা জানুয়ারীতে আবেদনকারিনীর বয়স সাড়ে ষোল বছরের উপরে বা ৩২ বছরের নিচে হওয়া চাই। আবেদনকারিনী অবিবাহিত হওয়া চাই।

শ্রীশরৎচন্দ্র দাস: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, এই এই জেলা এতগুলি ইন্টারভিউ দিয়েছে। কিন্তু প্রশ্ন ছিল জেলাওয়ারী জুনিয়র এবং সিনিয়র নার্সিং-এ কিভাবে ইন্টারভিউ নেওয়া হচ্ছে এবং তাদের সুযোগ দেওয়া হচ্ছে এবং সেই ব্যাপারে কয়েকটা জেলার নাম আপনি বললেন না। আমার প্রশ্ন হচ্ছে এই জেলাগুলি কি বাদ দেওয়া হয়েছে না অ্যাপ্লিকেশান ছিল না?

শ্রীঅজিতকুমার পাঁজা: আপনি কোন্ জেলার কথা বলছেন?

শ্রীশরৎচন্দ্র দাস: আপনি পুরুলিয়া জেলার কথাতো বললেন না যে, কতজনের ইন্টারভিউ নেওয়া হয়েছে, সেটা আপনি বাদ দিয়েছেন।

শ্রীঅজিতকুমার পাঁজা: যেখানে যেখানে জেলাতে আমাদের পরীক্ষা নেবার ব্যবস্থা আছে, সেই সেই জেলার নাম দেওয়া হয়েছে। কতকগুলি জেলাতে সেখানে পরীক্ষা নেবার ব্যবস্থা নাই। সেখানকার যদি কেউ অ্যাপ্লিকেশান করে থাকেন তাঁদের জন্য ডিস্ট্রিক্টে যেখানে আমাদের ব্যবস্থা আছে সেখানে গিয়ে পরীক্ষা এবং ইন্টারভিউ নেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

শ্রীশরৎচন্দ্র দাস: মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি যেভাবে জবাব দিলেন তাতে বুঝলাম না, মনে হল কয়েকটি জেলা বাদ গেছে?

শ্রীঅজিতকুমার পাঁজা: তা নয়। আপনি যদি পুরুলিয়া জেলার কয়জন মেয়ে এই পরীক্ষার জন্য দরখাস্ত করেছিলেন, পরীক্ষায় এপিয়ার হয়েছেন এবং নির্বাচিত কতজন হয়েছেন সেটা জানতে চান, তা হলে সেগুলি অর্থাৎ সেই মেয়েদের সেখানে যে ডিস্ট্রিক্ট থেকে পরীক্ষা দিয়েছিলেন সেখান থেকে ভাগ করে নিয়ে জানাতে পারি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই সমস্ত নার্সেস সিলেকশান হয় তাদের সুন্দরী হওয়ার একটা যোগ্যতা দরকার এবং সেটা যদি সত্যি হয়, তা হলে সুন্দরী হওয়ার কি কি গ্রাউন্ডে সুন্দরী হতে হবে এটা জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: এটা নিশ্চয়ই জানাবো। তবে এটায় আমাদের যা আছে সেটা হচ্ছে পার্সোনাল অ্যাপিয়ারেন্স। সুন্দরী হওয়া বলে কোন যোগ্যতা এর মধ্যে লেখা নেই। তবে যাদের যাদের নেওয়া হয়েছে তাদের ঠিক মত সিলেকটেড হয়েছে কিনা সেটা যদি জানতে চান, তা হলে আমার কাছে ছবি আছে আমি দেখাতে পারি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বলেছেন যে, পার্সোনাল অ্যাপিয়ারেন্স। এই পার্সোনাল অ্যাপিয়ারেন্সের জন্য ফটো দেওয়া হয় এবং তাকে সরাসরি হাজির করা হয়। কাজেই পার্সোনাল অ্যাপিয়ারেন্স কি

only on the satisfaction of the members of the selection Board,

না তার স্মার্টনেস বা তার স্বাস্থ্য ভাল, সে সুন্দর দেখতে এইরকম মেয়েওতো আছে, কিন্তু বাদ যায় দেখছি। তা হলে স্মার্টনেস দেখতে হল না, সুন্দর দেখতে হল না। তা হলে তাদের পার্সোনাল অ্যাপিয়ারেন্স কি

only on the satisfaction of the members of the Board,

এটাই কি আসল মানে হবে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ মেম্বারস অব দি বোর্ডে যারা আছেন, তাঁরা সৌন্দর্য, অর্থাৎ প্যার্সন্যাল অ্যাপিয়ারেন্সের যে সংজ্ঞা দেন, সেই সংজ্ঞা অনুযায়ী যদি সিলেকটেড হয়, তা হলে নেওয় হয়। তাদের শুধু পার্সনাল অ্যাপিয়ারেন্সের জন্য নেওয়া হয় না। পার্সনাল অ্যাপিয়ারেন্সের জন্য মাত্র পাঁচ নম্বর আছে, তাছাড়া অন্যান্য বিষয়ের পরীক্ষা আছে, মৌখিক পরীক্ষা আছে, লিখিত পরীক্ষা আছে, এই সব মিলিয়ে যদি পাশ করে, তা হলে নেওয়া হয়।

শ্রীকুমারদীপ্ত সেনগুপ্তঃ মন্ত্রিমহাশয় প্রশ্নের উত্তরে জানিয়েছেন যে, দার্জিলিং জেলায় ৫৮৮ জন ন্যর্স, মুর্শিদাবাদে ৩২ জন নেওয়া হয়েছে--আমি তা বলছি না, আজকে বেকার সমস্যা যেরকমভাবে তীব্র আকার ধারণ করেছে, সেই হিসাবে জেলাভিত্তিক একটা নার্সেস রিক্রুটমেন্ট কোটা করে দেওয়া বাঞ্ছনীয়, এটা কি মন্ত্রিমহাশয় মনে করছেন?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ আপনি এটা হয়তো শোনেন নি, দার্জিলিং-এর ৩০০ জন দরখাস্ত করেছিলেন তার মধ্যে থেকে ৮৫ জনকে নেওয়া হয়েছে। মুর্শিদাবাদ জেলাতে ১৭০ জন ইন্টারভউ দিয়েছিলেন, তার মধ্যে ৩২ জনকে নেওয়া হয়েছে।

শ্রীকুমারদীপ্ত সেনগুপ্তঃ হয়তো দেখা যাবে কোন জেলা থেকে নেওয়াই হয় নি। আমি যেটা বলতে চাচ্ছি এটা জেলাভিত্তিক করতে অসুবিধা কি? জেলাভিত্তিক কোটা করে দিলে কারোর কিছু বলার থাকে না, যাদের মিনিমাম কোয়ালিফিকেশন ফুলফিল করবে।

শ্রীঅজিতকুমার পাঁজাঃ অসুবিধা আছে এই কথা বলি নি। যেমন জেলাভিত্তিক ডাক্তারীতে নেওয়া হচ্ছে। সেট্য সুপ্রিম কোর্টের জাজমেন্ট অনুযায়ী আমরা আট জন করে জেলাভিত্তিক নেবার ব্যবস্থা করেছি। সুপ্রিম কোর্ট যে মান বলে দিয়েছে, সেই মান ফুলফিল করলে আমরা ডাক্তারীতে নিতে পারি। সেই অনুযায়ী আইন তৈরি করা যায় কিন্ত আমরা অ্যাডভোকেট-জেনারেলের ওপিনিয়ন নেব এবং সেই অনুযায়ী জেলাভিত্তিক নার্সিং করা যায় কিনা সেটা ভেবে দেখব্যে। তবে এই বছর অপেক্ষা করা গেল না, নার্সিং স্টাফের অভাবের জন্য, সেই জন্য আমরা এদের তাড়াতাড়ি নিতে বাধ্য হয়েছি।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি, যেকোন ক্রাইটেরিয়ান হোক না কেন, পাঁচ নম্বর থাকুক কি দু নম্বর থাকুক পার্সনাল অ্যাপিয়ারেন্স এই যে নার্সদের ব্যাপারে ক্রাইটেরিয়ান ধরা হয়েছে, সুন্দরী হোক বা স্বাস্থ্যবতী হোক না কেন, মহিলাদের নির্বাচনের ক্ষেত্রে পার্সনাল অ্যাপিয়ারেন্সের জন্য আলাদা করে যে নম্বর দেওয়া হয়েছে, অন প্রিন্সিপল সেটা পরিবর্তনের জন্য বলবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ না, করবো না। এটা করবো না, কারণ আমি মনে করি সেবার সঙ্গে সৌন্দর্যের একটা যোগাযোগ আছে।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ *বহু অসুন্দর মেয়ে বহু সুন্দর মেয়ের চেয়ে অনেক বেশী ভাল করে সেবা করতে পারেন, এই জিনিস কি জানেন না?*

শ্রীঅজিতকুমার পাঁজাঃ জানি, তাঁরা সেবার জন্য সুন্দর।

[1-40—1-50 p.m.]

শ্রীমহম্মদ দেদার বক্সঃ জুনিয়ার এবং সিনিয়ার নার্সিং-এ কত ট্রেনী নেওয়া হয়েছে পশ্চিমবঙ্গে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এটা আমি আগেই পড়ে দিয়েছি।

শ্রীকুমারদীপ্ত সেনগুপ্তঃ বেসরকারী প্রতিনিধি বা এম এল এ-দের ঐ কমিটিতে নিয়োগের বিষয়ে কি আপনি কিছু চিন্তা করছেন?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ হ্যাঁ, চিন্তা করছি। যেখানে যেখানে আমাদের মাননীয় এম এল এ-রা যে যে জেলায় আমার কাছে নাম দিয়েছিলেন আমি সেখানে সেখানে তাঁদের নাম সেই কমিটিতে দিয়েছিলাম। আমি এবং রাষ্ট্রমন্ত্রী ঠিক করেছি যে, প্রতি জেলায় এক জন করে জনপ্রতিনিধি হিসাবে এম এল এ-দের এই কমিটিতে রাখব। কিন্তু এই বারে এত তাড়াহুড়ার মধ্যে কাজ করতে হয়েছে যে, নার্সের কয়েকটি পদ শূন্য থাকার ফলে এটা করতে হয়েছে। যেখানে যেখানে এম এল এ-রা এগিয়ে এসেছেন সেখানে সেখানে আমরা তাঁদের নিয়েছি।

শ্রীবলাইলাল শেঠঃ যেখানে এম এল এ-রা জানিয়েছেন সেখানে তাদের দেওয়া হয়েছে, এই কথা আপনি বলছেন। আপনার দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মহাশয় জনসাধারণের সামনে ঘোষণা করে এসেছিলেন যে, পল্লী অঞ্চলের মেয়েদের নার্সিং-এর সুযোগ দেওয়া হবে। সেই মত আমি নাম দিয়েছিলাম, হুগলী জেলার পল্লী অঞ্চলের কিছু মেয়ের, কিন্তু তাঁরা নার্সিং-এর সুযোগ পান নি। আপনার দপ্তরের রাষ্ট্রমন্ত্রী জনসাধারণের সম্মুখে ঘোষণা করেছিলেন জনস্বার্থের জন্য পল্লী অঞ্চলের মেয়েদের নেওয়া হবে, আমি নিজে সেই মত নাম দিয়ে এসেছি এবং যেসমস্ত রেকমেন্ডেশনের প্রয়োজন সেই সমস্ত করেছি, তা সত্ত্বেও তাঁদের নেওয়া হয় নি। আমি অভিযোগ করছি যে, হুগলী জেলার কোন মেয়ে, বিশেষ করে পল্লী অঞ্চলের মেয়ে, সুযোগ পান নি। অথচ ইমামবাড়া হাসপাতালে বাইরে থেকে মেয়েরা এসে সুযোগ পেয়েছেন এবং তাঁদের সুযোগ দেওয়া হয়েছে।

শ্রীঅজিতকুমার পাঁজাঃ নার্সিং ক্যাডারে এইগুলি পল্লী অঞ্চলের মেয়েদের জন্য বা শুধু শহর অঞ্চলের মেয়েদের জন্য রিজার্ভ করে রাখতে পারি না, তবে ডিস্ট্রিক্ট রিজার্ভেশনের প্রশ্ন উঠতে পারে। কারণ এতে শিক্ষিত মেয়েদের দরকার হয় এবং তাদের দায়িত্ব হচ্ছে রোগীদের প্রাণ বাঁচানো। তবে পল্লী অঞ্চলের কোন বোন যদি ঠিকভাবে পরীক্ষায় নির্দিষ্ট মান অর্জন করতে পারেন, তা হলে তাঁকে নেওয়া হবে, পরীক্ষার মাধ্যমেই নেওয়া হয়, অন্য কোন ভাবে নেওয়া হয় না। আপনি যেসমস্ত বোনেদের কথা বললেন তাঁরা যদি পরীক্ষায় ভাল ফল করতে পারেন নিশ্চয়ই তাঁদের নেওয়া হবে। এবং এই বিষয়ে এতটুকু যদি সন্দেহ থাকে, তা হলে আপনি যে ডাক্তারবাবুকে বলবেন, তাঁকে দিয়েই খাতা পরীক্ষা করানো হবে এবং তিনি বিচার করবেন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়, একটা বিষয়ে জানিয়েছেন, যে সেবিকাদের নিয়োগ করা হয়, তাদের সৌন্দর্য তাদের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার পায়। ভারতের সংবিধানে যে মৌলিক অধিকার আছে, সেই অধিকারে পরিষ্কার ভাবে বলা আছে যে, যারা ভারতের নাগরিক তাদের চাকরি দেওয়ার ক্ষেত্রে সকলেই সমান সুযোগ পাবেন, সমান অধিকার আছে, গুণগত যোগ্যতা বাদে রূপজ আকর্ষণের প্রতি যদি মন্ত্রিমহাশয় বেশী গুরুত্ব দেন, তা হলে তিনি বলবেন কি যে তিনি ভারতীয় সংবিধানের প্রতি অবিচার করছেন কিনা?

শ্রীঅজিতকুমার পাঁজা: আমার মনে হয় মাননীয় সদস্য আমার উত্তরগুলি শোনেন নি। আমি বলেছি গুরুত্ব দেওয়া নয় বা অগ্রাধিকারের কোন প্রশ্ন নয়, আমি বলেছি পার্সোনাল অ্যাপিয়ারেন্সের জন্য টোটাল মার্কসের মাত্র ৫ নম্বর ধরা থাকে এবং এই ৫ নম্বর ছাড়া তাঁদেরকে রিটিনে পাস করতে হবে, ইন্টারভিউতে ওরাল কোশ্চেনে পাস করতে হবে, তারপর স্বাস্থ্য পরীক্ষায় পাস করা চাই এবং এইগুলি বাদে পার্সোনাল অ্যাপিয়ারেন্সে ৫ নম্বর ধরা আছে।

Mr. Speaker: Please take your seat. I am on my legs. I have given 15 minutes' time. I will allow only one supplementary.

শ্রীআবদুল বারি বিশ্বাস: আপনি যেসমস্ত গুণাবলির কথা বললেন, এছাড়া পার্সন্যাল অ্যাপিয়ারেন্স, রিটিন টেস্ট ব্যতিরেকে প্রার্থীদের গলার টিউন টেস্ট করা হয় এবং টিউন করা হলে যোগ্য হবে কি হবে না তা ঠিক করা হয়। এটা কেন-- দয়া করে জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: আমার জানা নেই, তবে কারুর গলা যদি খারাপ হয়, তা হলে নিশ্চয় ই এন টি স্পেশালিস্ট দিয়ে দেখান দরকার।

শ্রীআবদুল বারি বিশ্বাস: একটি ভাল সুন্দর মেয়ে, সে টেস্ট-এর সামনে হাজির হয়ে তার গলার শব্দ মোটা বলে তাকে বাদ দেওয়া হয়- এর কারণ কি?

(উত্তর নাই।)

শ্রীকিঙ্কর মাহাতো: আমাদের পুরুলিয়া বাদ?

Mr. Speaker: I take strong exception to this remark. I think I should not give any more permission for raising supplementaries. The question has been amply answered. You have taken 20 minutes' time. In future the honourable members should take note of it. We are here to see that the rules are enforced. This is the general rule that I will give only 5 minutes' time. That is the decision of the Business Advisory Committee. Even then using my discretion I am giving some time in an important question like this. In this question I have given 20 minutes' time. You are putting supplementaries after supplementaries. There are other important questions. So I have no alternative than to pass over to the next question. I expect co-operation from the members.

শ্রীকিঙ্কর মাহাতো: আমি এটা উইথড্র করলাম।

মুর্শিদাবাদ জেলায় বন বিভাগকে দেয় অর্থের পরিমাণ

*১০৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭৩।) **শ্রীআদ্যচরণ দত্ত:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে মুর্শিদাবাদ জেলায় বন বিভাগকে কত টাকা দেওয়া হইয়াছে; এবং

(খ) ঐ টাকা কি কি কাজে ১৫ই মার্চ, ১৯৭৩ তারিখ পর্যন্ত ব্যয়িত হইয়াছে?

শ্রীসীতারাম মাহাতো: (ক) ১৯৭২-৭৩ সালে (২০এ মার্চ, ১৯৭৩ পর্যন্ত) মুর্শিদাবাদ জেলায় ৭৪,০৩৮ টাকা খরচ করা হয়েছে।

(খ) উপরি-উক্ত টাকা নিম্নলিখিত কাজে ব্যয়িত হইয়াছে:—

নতুন প্ল্যানটেশন—৩·২০ হেক্টর

অ্যাডভান্স সয়েল ওয়ার্ক- ৭·৫৮ হেক্টর

রোডসাইড প্ল্যান্টেশন -৬ কিলোমিটার

পুরাতন প্ল্যান্টেশনের রক্ষণাবেক্ষণ

বনমহোৎসব।

[1-50—2-00 p.m.]

শ্রীএক্রামুল হক বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন, ডোমকল ব্লকে যে বন বিভাগ আছে সেখানে কিছু টাকার মাটির কাজ করা হচ্ছে?

শ্রীসীতারাম মাহাতো: এ খবর আমার জানা নেই।

শ্রীএক্রামুল হক বিশ্বাস: সেখানকার কাজ তদারক করবার জন্য কোন কমিটি গঠিত হয়েছে কি?

শ্রীসীতারাম মাহাতো: প্রত্যেক জেলাতে ডিভিসনাল ফরেস্ট অ্যাডভাইসরি কমিটি করা আছে।

শ্রীএক্রামুল হক বিশ্বাস: ডোমকল ব্লকে যে বন বিভাগ আছে সেখানে যে কাজ বর্তমানে চলছে সেখানকার যিনি স্থানীয় এম এল এ আছেন তাঁকে কি এই সম্পর্কে জানান হয়েছে?

শ্রীসীতারাম মাহাতো: সেখানকার এম এল এ বলতে পারেন তিনি জানেন কিনা।

শ্রীএক্রামুল হক বিশ্বাস: এইরকম কোন সংবাদ লোকাল এম এল এ-কে ডিপার্টমেন্ট থেকে জানান হয় নি, এটা কি তদন্ত করে দেখবেন?

শ্রীসীতারাম মাহাতো: সেখানকার এম এল এ যদি না জেনে থাকেন তিনি আমার কাছে এলে এই সম্পর্কে তাঁকে অবহিত করব।

শ্রীএক্রামুল হক বিশ্বাস: মুর্শিদাবাদ জেলার আর কোন এলাকায় বন বিভাগের নতুন কাজ করবার কোন পরিকল্পনা আছে কি?

শ্রীসীতারাম মাহাতো: আপাতত নতুন কোন পরিকল্পনা নেই।

শ্রীসরোজ রায়: ১৯৭২-৭৩ সালে যে টাকাটা দেওয়া হয়েছিল সমস্ত টাকাটাই কি ১৯৭৩ সালের ১৫ই মার্চ পর্যন্ত খরচ করা হয়েছে?

শ্রীসীতারাম মাহাতো: এখানে যে টাকাটা দেওয়া হয়েছে ৭৪ হাজার ৩৪৮ টাকা, এটা খরচ হয়েছে।

শ্রীমহম্মদ ইদ্রিস আলি: বিভিন্ন ডিপার্টমেন্টের একটা লোক্যাল কমিটি আছে, আপনার বন বিভাগে এইরকম ধরনের জেলাওয়ারী কমিটি করার কথা চিন্তা করছেন কিনা?

শ্রীসীতারাম মাহাতো: আমাদের জেলাওয়ারী কমিটি নেই, ডিভিসান-ওয়াইজ কমিটি এবং রেঞ্জ লেভেল কমিটি আছে।

খরাপীড়িত এলাকায় লেভীর ধান

*১০৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০৩৯।) **শ্রীমানিকলাল বেসরা:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কোন সাতটি থানাকে খরাপীড়িত বলিয়া ঘোষণা করা হইয়াছে; এবং

(খ) এই খরাপীড়িত এলাকায় লেভীর ধান আদায় করা হইতেছে কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্র: (ক) কোন জেলা বা অঞ্চলকে খরাপীড়িত বলে ঘোষণা করার এক্তিয়ার খাদ্য সরবরাহ দপ্তরের নেই। এ দায়িত্ব ত্রাণ দপ্তরের।

বাঁকুড়া জেলার কোন থানাকেই খরাপীড়িত বলিয়া ঘোষণা করা হয় নাই।

(খ) সব থানাতেই লেভীর ধান আদায় আইন অনুযায়ী চলিতেছে।

শ্রীমানিকলাল বেসরা: আমি শুনে আশ্চর্য হলাম। রায়পুর থানার ৬টি অঞ্চলে কেবলমাত্র জলের সোর্স আছে, অন্য ৮টি অঞ্চলে জলের স্যোর্স নেই, এটা আমি মাননীয় মন্ত্রী সীতারাম মাহাতোকে নিয়ে সফর করে দেখেছি। তিনি ওখানকার জলের উৎস সম্বন্ধে অবগত আছেন। তা সত্ত্বেও এটাকে খরা অঞ্চল বলে কেন ঘোষণা করা হয় নি?

শ্রীকাশীকান্ত মৈত্র: কোন এলাকাকে খরা এলাকা বলে ঘোষণা করা হবে কিনা এই সম্পর্কে খাদ্য এবং সরবরাহ দপ্তরের ক্ষমতা নেই।

শ্রীসরোজ রায়: যদি কোন অঞ্চল খরাপীড়িত হয়, তা হলে ক্যাবিনেটে খাদ্য দপ্তর এটা রাখবেন কিনা যে এটাকে খর্যাপীড়িত বলে ডিক্লেয়ার করা উচিত?

শ্রীকাশীকান্ত মৈত্র: ক্যাবিনেটে একটা কেস নিতে গেলে মেমোরেন্ডাম তৈরি করতে হয়। এটা ত্রাণ দপ্তরের এক্তিয়ার অর্থাৎ যদি কোন এলাক্যকে খরা বলে বলতে হয়, তা হলে ত্রাণ দপ্তর সেটা করতে পারে। খাদ্য দপ্তর শুধু এটুকু বলতে পারে যে, এটাকে লেভির আওতা থেকে বাদ দেওয়া হোক। যেখানে ত্রাণের প্রশ্ন জড়িত আছে, সেখানে খাদ্য দপ্তর ক্যাবিনেটে মেমোরেন্ডাম নিতে পারে না।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী: খরা বলে ঘোষণা করতে পারে না এটা বড় প্রশ্ন নয়। আমি খাদ্যমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করছি, এই অঞ্চলে যে গুরুতর খাদ্যাভাব সেই খবর তাঁর কাছে আছে কিনা এবং যদি থেকে থাকে, তা হলে সেখানে খাদ্য সরবরাহ করবার জন্য তিনি চিন্তা করছেন কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্র: যে প্রশ্ন করেছিলেন তার সংগে এর কোন সম্পর্ক নেই। খরাজনিত কষ্ট বাঁকুড়ার সর্বজনবিদিত, তাদের দারিদ্র্য সর্বজনবিদিত এবং আমরা জানি বাঁকুড়ায় উৎপাদন কম হয়েছে। সেখানে খাদ্য সরবরাহের ব্যাপারে রেশনে যেটা বরাদ্দ রেখেছি সেটা অব্যাহত আছে। রেশন পাওয়া যাচ্ছে না এরকম কোন অভিযোগ নেই। যদি এরকম কোন অভিযোগ আসে, তা হলে নিশ্চয়ই তার প্রতিক্যর করব।

শ্রীসরোজ রায়: মাননীয় স্পীকার মহাশয়, এটা ভয়ানক টেকনিক্যাল ব্যাপার। প্রশ্ন ছিল, বাঁকুড়া জেলার ৭টি থানাকে খর্যাপীড়িত বলিয়া ঘোষণা করা হইয়াছে কিনা? খাদ্যমন্ত্রী বললেন কোন জায়গাকে খরাপীড়িত বলে ঘোষণা করবেন কিনা সেটা খাদ্য দপ্তরের ব্যাপার নয়, এট্য ত্রাণ দপ্তরের ব্যাপার। কিন্তু যদি কোন মাননীয় সদস্য এই প্রশ্ন দিয়ে থ্যকে খাদ্য দপ্তরের কাছে, তা হলে আমার প্রশ্ন হল, হোয়াই দ্যাট কোশ্চেন ওয়াজ নট ট্রান্সফার্ড টু দি রিলিফ ডিপার্টমেন্ট? আমার প্রশ্ন হল বাঁকুড়া জেলার কোন ৭টি থানা খরাপীড়িত সেটা রিলিফ ডিপার্টমেন্টে কেন ট্রান্সফার করা হল না?

শ্রীকাশীকান্ত মৈত্র: এই জিনিস করলে আমিই সেই অভিযোগে অভিযুক্ত হতাম যেটা মাননীয় সদস্যেরা প্রায়ই অভিযোগ করে থাকেন যে, কোশ্চেন হেলড ওভার হচ্ছে। আমি যদি এটা ত্রাণ দপ্তরে পাঠাতাম, তা হলে আজকে আমি এর উত্তর দিতে পারতাম না। কোন এলাক্যকে খরা-পীড়িত এলাকা বলে ঘোষণা করার এক্তিয়ার আমাদের নেই, কিন্তু তৎসত্ত্বেও রেশন ব্যবস্থা অব্যাহত রাখা হয়েছে।

Mr. Speaker: In regard to the point that has been raised by Shri Saroj Roy I draw his attention that

এখানে প্রশ্ন ছিল, বাঁকুড়া জেলার কোন ৭টি থানাকে খরাপীড়ির বলিয়া ঘোষণা করা হইয়াছে।

The definite answer of the Hon'ble Minister is that no police-station has been declared as drought affected area. The answer is full.

তারপরের প্রশ্ন ছিল, এই খরাপীডিত এলাকায় লেভির ধান আদায় করা হইয়াছে কিনা?

That definitely relates to the Food Department. So far as the first part of the question, it may not be the Food Department which have to decide that a

particular P.S. will be declared or should be declared as drought-affected area. His answer to this question is complete that no area has been declared as drought affected area. But the second part of the question falls under the Food Department and so it has been rightly forwarded to the Food Department.

শ্রীভুপালচন্দ্র পাণ্ডাঃ খরাপীড়িত অঞ্চলের অবস্থা আপনি জানেন এবং এখানে প্রশ্ন করা হয়েছে, খরাপীড়িত এলাকায় লেভির ধান আদায় করা হইয়াছে কিনা। আমার প্রশ্ন হল যদি লেভির ধান আদায় করে থাকেন, তা হলে সেটাকে লোক্যাল স্টক রেখে ওখানকার যারা দুঃস্থ লোক আছে তাদের জন্য ব্যবস্থা করবেন কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আমাদের বিভিন্ন জেলায় যে স্টক আছে তাতে আমি মাননীয় সদস্যদের আশ্বাস দিচ্ছি আপনারা নিশ্চিন্ত থাকুন। বাঁকুড়া জেলায় যে স্টক রেখেছি তাতে বাঁকুড়া জেলার চাহিদা আমরা নিশ্চয়ই মেনে নেব।

STARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

উত্তরবঙ্গের বনসম্পদ

***১০৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৬।) **শ্রীনারায়ণ ভট্টাচার্যঃ** বন বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উত্তরবঙ্গের বনসম্পদ হইতে প্রায় প্রতি বৎসর লক্ষ লক্ষ টাকার কাঠ ও গাছ চুরি যায়;

(খ) সত্য হইলে, চুরি বন্ধ ও ঐ কাঠ ইত্যাদি বিক্রয় করিয়া আয় বৃদ্ধির জন্য সরকার কি কি ব্যবস্থা লইয়াছেন;

(গ) বন বিভাগের বিভিন্ন পর্যায়, ডিভিসন, রেঞ্জ ও বিটে স্থানীয় জনপ্রতিনিধিদের লইয়া কমিটি গঠনের কোন নির্দেশ দেওয়া হয়েছিল কিনা এবং হইলে, কখন দেওয়া হইয়াছিল; এবং

(ঘ) উত্তরবঙ্গে এ পর্যন্ত ঐরূপ কোন কমিটি গঠন করা হইয়াছে কিনা?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) হ্যাঁ। ১৯৭২ সালের জুন মাসে।

(ঘ) হ্যাঁ।

Sick Industries

***1038.** (Admitted question No. *1886.) **Shri LAL BAHADUR SINGH:** Will the Minister-in-charge of the Closed and Sick Industries Department be pleased to state—

(a) the number of Industries declared Sick Industries by the Government in 1972; and

(b) how many of them were given Government help?

The Minister for Closed and Sick Industries Department: (a) There is no practice or procedure for declaration by Government of industrial units as sick, nor any census thereof is possible.

(b) There is no scheme of giving any financial help by Government to sick units as such.

রামনগর সুগার মিল

*১০৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২১৪।) **শ্রীশিবশংকর বন্দ্যোপাধ্যায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়ার রামনগর সুগার মিলের কর্মীদের ১৯৭১ সালে কি হারে বোনাস দেওয়া হইয়াছে;

(খ) ঐ বৎসর ফ্যাক্টরী কর্মীদের এবং হেড অফিসের কর্মীদের কি একই হারে বোনাস দেওয়া হইয়াছিল;

(গ) দেওয়া না হইয়া থাকিলে, তাহার কারণ কি;

(ঘ) ইহা কি সত্য যে, ঐ মিলে দেড় হাজার টাকার বেশী মাহিনাভোগী স্টাফদেরও বোনাস দেওয়া হইয়াছে; এবং

(ঙ) সত্য হইলে, তাঁহাদের কি হারে বোনাস দেওয়া হইয়াছে?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭০-৭১ সালে নদীয়ার রামনগর সুগার মিলের কর্মীদের চার শতাংশ হারে বোনাস দেওয়া হইয়াছিল।

(খ) না।

১৯৭১-৭২ সালে উক্ত মিলের এবং হেড অফিসের কর্মীদের ৮·৩৩ শতাংশ হারে বোনাস দেওয়া হইয়াছিল।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) ১৯৬৫ সালের বোনাস আইনানুযায়ী মাসিক ১,৬০০ টাকা পর্যন্ত বেতনভোগী কর্মীরা বোনাসের অধিকারী। ১,৬০০ টাকার ঊর্ধে যাঁহারা বেতন পান, তাঁহাদের কোন বোনাস দেওয়া হইয়াছে কিনা, জানা নাই।

(ঙ) তথ্য জানা নাই।

বাঁকুড়া মেডিকেল কলেজে টি বি রোগীর চিকিৎসা

*১০৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৯২৪।) **শ্রীফণীভূষণ সিংহবাবুঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া মেডিক্যাল কলেজে টি বি রোগীদের চিকিৎসার ব্যবস্থা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ তাহার কাজ শুরু হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতালে টি বি রোগীদের চিকিৎসার ব্যবস্থা আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

উত্তরবঙ্গের বনবাসী

***১০৪৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩৫০।) **শ্রীরবীন্দ্র ঘোষঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, উত্তরবঙ্গের বনবাসীদের (ফরেস্ট ভিলেজ্যর্স) বিনামূল্যে বাঁশ, খড় ইত্যাদি বন বিভাগ হইতে সরবরাহ করা হইত;

(খ) সত্য হইলে, বর্তমানে ঐ সুযোগসুবিধা উক্ত বনবাসীদের দেওয়া হইতেছে কিনা; এবং

(গ) না হইলে, ইহার কারণ কি?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৬৯ সালে পূর্বে উত্তরবঙ্গের বনবাসীদের (ফরেস্ট ভিলেজার্স) জাগীর চুক্তি অনুযায়ী নিজেদের ঘর তৈয়ারি করার জন্য জঙ্গল হইতে বিন্যমূল্যে বাঁশ, খড় ইত্যাদি সংগ্রহ করিবার অনুমতি দেওয়া হইত। বন বিভাগ হইতে এইসব দ্রব্য সংগ্রহ করিয়া সরবরাহের কোন ব্যবস্থা ছিল না।

(খ) হ্যাঁ।

(গ) প্রশ্ন ওঠে না।

নদিয়া জেলার ধোঁড়াদহ গ্রামে সার্বসিডিয়ারী হেল্থ সেন্টার

***১০৪৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭৮।) **শ্রীঅরবিন্দ মণ্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) নদিয়া জেলায় করিমপুর ব্লকের ধোঁড়াদহ অঞ্চলের ধোঁড়াদহ গ্রামে কোন সার্বসিডিয়ারী হেল্থ সেন্টার মঞ্জুর হইয়াছিল কিনা, এবং হইলে, কোন্ সময়ে;

(খ) ইহা কি সত্য যে, উক্ত হেল্থ সেন্টারের গৃহনির্মাণকার্য কিয়দংশ হইয়া অসমাপ্ত অবস্থায় পড়িয়া আছে; এবং

(গ) সত্য হইলে, ইহার কারণ কি এবং কবে নাগাত ঐ সেন্টারটি চালু হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

নানুর ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

***১০৪৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২০০৯।) **শ্রীশচীনন্দন সাউঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) সরকার কি অবগত আছেন যে, বীরভূম জেলায় ন্যনুর ব্লকে কোন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নাই; এবং

(খ) অবগত থাকিলে, নানুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটির কাজ কবে নাগাত শুরু হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নানুর ব্লকের কীর্নাহারে অস্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালু আছে।

(খ) উপযুক্ত জমি সংগৃহীত হলে স্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হবে।

মুর্শিদাবাদ জেলার স্বরুপপুর-ধরমপুর অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র

***১০৪৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২২১১।) **শ্রীশংকরদাস পাল:** স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় হরিহরপাড়া থানার অন্তর্গত স্বরুপপুর-ধরমপুর অঞ্চলে কোন স্বাস্থ্যকেন্দ্র নাই;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) ঐ অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র খুলিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং থাকিলে, কবে নাগাত খোলা হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) সরকারের বর্তমান নীতি অনুযায়ী প্রতি ব্লকে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও দুইটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হচ্ছে। হরিহরপাড়া ব্লকে (যে ব্লকে ঐ অঞ্চল অবস্থিত) একটি দশ-শয্যাবিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং দুটি দশ-শয্যাবিশিষ্ট উপ-স্বাস্থ্যকেন্দ্র এবং একটি দুই-শয্যাবিশিষ্ট উপ-স্বাস্থ্যকেন্দ্র চালু আছে। সুতরাং ঐ ব্লকে আর কোনও স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা নেই।

(গ) না।

হাওড়া জেলার উদং অঞ্চলে সার্বসিডিয়ারী হেল্থ সেন্টার

***১০৫০।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৪৩।) **শ্রীআফতাবুদ্দিন মণ্ডল:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার অন্তর্গত আমতা থানার উদং অঞ্চলে সার্বসিডিয়ারী হেল্থ সেন্টার তৈরি করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাত ঐ পরিকল্পনার কাজ আরম্ভ হবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এবং (খ) প্রস্তাবটি বিবেচনা করা হচ্ছে।

নবগ্রাম সার্বসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রের উন্নয়ন পরিকল্পনা

***১০৫১।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৭৭।) **শ্রীনৃসিংহকুমার মণ্ডল:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সাগরদীঘি থানার অন্তর্গত নবগ্রাম সার্বসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রের উন্নতিকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, তাহা কি কি; এবং

(গ) কবে নাগাত ইহার কাজ আরম্ভ হবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) সাগরদীঘি থানা বা ব্লকে নবগ্রাম উপস্বাস্থ্যকেন্দ্র নামে কোন স্বাস্থ্যকেন্দ্র নেই।

(খ) এবং (গ) প্রশ্ন ওঠে না।

ভগবানগোলা ২নং ব্লকে কোলানে উপ-স্বাস্থ্যকেন্দ্র

*১০৫২। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮৬।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ২নং ব্লকে কোলানে উপস্বাস্থ্যকেন্দ্র নির্মাণের নিমিত্ত স্থান নির্বাচন করা হইয়াছে কি;

(খ) হইয়া থাকিলে, কবে নাগাত উহার নির্মাণকার্য শুরু হইবে; এবং

(গ) উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য মোট কত টাকা ব্যয় হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) এবং (গ) প্রশ্ন ওঠে না।

Labour disputes

***1053.** (Admitted question No. *1887.) **Shri LAL BAHADUR SINGH:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) the number of labour disputes settled in 1972 through the Labour Direcotrate; and

(b) the number of such disputes still pending?

The Minister for Labour Department: (a) 1,752.

(b) 3,859.

উত্তরবঙ্গে বন্য হস্তিযূথ কর্তৃক শস্যবিনাশ

*১০৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১২৮।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে প্রতি বৎসর শস্যের মরশুমে উত্তরবঙ্গে জলপাইগুড়ি, দার্জিলিং ও কুচবিহার জেলার বনভূমি সংলগ্ন গ্রামসমূহে লক্ষ লক্ষ টাকার শস্য, ভুট্টা ইত্যাদি বন্য হস্তিযূথ কর্তৃক নষ্ট হয়;

(খ) সত্য হইলে, হস্তিদলের অত্যাচার হইতে শস্য ও গ্রামের মানুষদের রক্ষার কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(গ) ইহা কি সত্য যে ভুটান রাজ্যের পার্বত্য অঞ্চল হইতেও প্রতি বৎসর প্রচুর দলবদ্ধ বন্য হস্তি ভারতীয় লোকালয়ে হানা দিয়া শস্যহানি করে; এবং

(ঘ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

বন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) উত্তরবঙ্গের কোন কোন অঞ্চলের বনভূমি সংলগ্ন গ্রামসমূহে বন্য হস্তী স্বাভাবিক কারণে শস্য, ভুট্টা ইত্যাদি ফসল খাইতে যায়। তবে লক্ষ লক্ষ টাকার ফসল নষ্ট হওয়া সম্পর্কে কোন তথ্য আমাদের জানা নেই।

(খ) হ্যাঁ।

(গ) ভুটান পশ্চিমবঙ্গের সংলগ্ন অঞ্চল হওয়ায় বন্য হস্তীর দল ভুটান জঙ্গল হইতে পশ্চিমবঙ্গের জঙ্গলে যাতায়াত করে এবং তাহারা গ্রামাঞ্চলে প্রবেশ করিলে কিছু শস্যহানি করিতে পারে।

(ঘ) জঙ্গলে বন্য হস্তীর সংখ্যা বৃদ্ধি পাইলে উহা ধরার ব্যবস্থা করা হয়।

কলিকাতা ন্যাশনাল মেডিক্যাল কলেজ ও হাসপাতালে রামমোহন ব্লকের উম্বোধন

***১০৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৬৩।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক ইহা কি সত্য, কলিকাতা ন্যাশনাল মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ১৫ই আগস্ট, ১৯৭২ সালে রামমোহন ব্লকের উম্বোধন করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে,—

(১) উক্ত ব্লকটি বর্তমানে কি উদ্দেশ্যে ব্যবহৃত হইতেছে,

(২) কত টাকা ব্যয় করিয়া এই ব্লকটি তৈয়ারি করা হইয়াছে,

(৩) উক্ত ব্লকের জন্য কতজন ও কোন্ কোন্ রোগের জন্য ডাক্তার নিযুক্ত আছেন, ও

(৪) উক্ত ব্লকে গ্যাস এবং টেলিফোন না থাকার কারণ কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) বর্তমানে এই ব্লকটির একতলা মেডিকেল, স্কিন, সাইকিয়াট্রিক ও কার্ডিওলজি আউটডোর এবং দ্বিতলটি মেডিকেল ওয়ার্ড হিসাবে ব্যবহৃত হচ্ছে।

(২) এই ব্লকটির নির্মাণ কাজ এখনও চলছে। সরকারী পরিচালনাধীনে আসার পর নতুন ব্লকটির নির্মাণকার্যের জন্য মোট ২৩,১৬,২০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

(৩) ওখানে বর্তমানে মোট ২৬০টি শয্যা খোলার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। এর জন্য উপযুক্ত সংখ্যক মেডিকেল অফিসারের পদ সৃষ্টির কথা বিবেচিত হচ্ছে।

(৪) গ্যাস সংযোগ নেই, কিন্তু টেলিফোন আছে। গ্যাস সরবরাহ সংযোগের কাজ ত্বরান্বিত করতে হাসপাতাল কর্তৃপক্ষ ব্যবস্থা নিচ্ছেন।

নবগ্রাম থানায় বৃক্ষরোপণ ও 'ফরেস্ট' রক্ষণাবেক্ষণের ব্যবস্থা

***১০৫৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৭৪।) **শ্রীআদ্যচরণ দত্তঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানায় বৃক্ষরোপণ করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কবে নাগাত উহার কাজ আরম্ভ হইবে;

(গ) ঐ থানায় যেসমস্ত 'ফরেস্ট' আছে, সেগুলি রক্ষণাবেক্ষণের ব্যবস্থা সরকার কিভাবে করিয়া থাকেন; এবং

(ঘ) ঐ 'ফরেস্ট'গুলি পর্যটকদের আকর্ষণীয় বস্তু হিসাবে পরিগণিত করার জন্য সরকার কোন পরিকল্পনা করিয়াছেন কি?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ১৯৭২-৭৩ সালে কাজ আরম্ভ হইয়াছে।

(গ) নবগ্রাম থানার বনাঞ্চলের রক্ষণাবেক্ষণের জন্য একজন ডেপুটি রেঞ্জার ফরেস্টার এবং একজন ফরেস্ট গার্ড আছে।

(ঘ) না।

বাঁকুড়া মেডিকেল কলেজ হইতে মুর্শিদাবাদের বন্যাবিধ্বস্ত এলাকায় চিকিৎসক প্রেরণ

***১০৫৭।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৬৯।) **শ্রীফণিভূষণ সিংহবাবু:** স্বাস্থ্য বিভাগের **মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালে মুর্শিদাবাদ জেলায় বাঁকুড়া মেডিকেল কলেজ হইতে কতজন ডাক্তারকে বন্যাবিধ্বস্ত এলাকার অধিবাসীদের চিকিৎসার জন্য পাঠানো হইয়াছিল এবং চিকিৎসকগণ কত দিন ঐ স্থানে কার্য করিয়াছিলেন; এবং

(খ) উক্ত চিকিৎসকদের কোন বেতন বা ভাতা দেওয়ার প্রস্তাব ছিল কিনা এবং থাকিলে, ঐ ভাতা বা বেতন দেওয়া হইয়াছে কিনা?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: পাঁচজন ডাক্তারকে পাঠানো হয়েছিল এবং তাঁরা মাসাধিক-কাল ঐ স্থানে কাজ করেছিলেন।

(খ) প্রাত্যহিক ভাতা ও যাতায়াত খরচ দেবার ব্যবস্থা ছিল এবং এ বাবত সকলেই অগ্রিম টাকা নিয়েছিলেন।

উত্তরবঙ্গের বনবাসীদের অধিকারগত চুক্তিপত্র সংশোধন

***১০৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩৫১।) **শ্রীরবীন্দ্র ঘোষ:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উত্তরবঙ্গের বনবাসীদের অধিকার ইত্যাদি বিষয়ে চুক্তিপত্র সংশোধন করার সিদ্ধান্ত হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে, (১) কোন্ সময়ে ঐ সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছিল, ও (২) ঐ চুক্তিপত্র সংশোধন করা হইয়াছে কি?

বন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) টাঙিগয়া প্রথার সাম্প্রতিক অবলুপ্তির ফলে উক্ত প্রথা অনুযায়ী চুক্তিপত্র সম্পাদনের অবকাশ আর নাই।

(খ) এই প্রশ্ন ওঠে না।

আমতা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

***১০৫৯।** (অনুমোদিত প্রশ্নং নং *২৩২৬।) **শ্রীআফতাবুদ্দীন মণ্ডল:** স্বাস্থ্য বিভাগের **মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) আমতা (হাওড়া) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সম্প্রসারণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, (১) সম্প্রসারণে কার্যসূচী কি কি, ও (২) সম্প্রসারণের কাজ কবে নাগাত আরম্ভ করা হবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) (১) মেডিসিন, শল্যচিকিৎসা, এক্সরে, স্ত্রীরোগ বিষয়ে বিশেষজ্ঞ দ্বারা চিকিৎসার সুযোগ সহ ১৫।২০টি অতিরিক্ত শয্যার ব্যবস্থা।

(২) কেন্দ্রীয় সাহায্য পেলে যত শীঘ্র সম্ভব আরম্ভ করা হবে।

নশিপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

*১০৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭১।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থানায় একমাত্র নশিপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে রোগীর অত্যন্ত ভিড়ের জন্য প্রায় প্রতিদিনই অনেক রোগী বিনা চিকিৎসায় ও ঔষধ না পাইয়া বাড়ি ফিরিয়া যায়;

(খ) অবগত থাকিলে, সেখানে অতিরিক্ত একজন মেডিক্যাল অফিসার না দেওয়ার কারণ কি;

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রের পরিচালনার জন্য কোন কমিটি আছে কিনা; এবং

(ঘ) কমিটি থাকিলে সদস্যসংখ্যা কত ও কে কে সদস্য আছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এরূপ কোন অভিযোগ পাওয়া যায় নি।

(খ) মেডিক্যাল অফিসারের অভাবের জন্য এই স্বাস্থ্যকেন্দ্রে দুই জন মেডিক্যাল অফিসারের স্থলে একজন কাজ চালিয়ে যাচ্ছেন।

(গ) এখন পর্যন্ত কোন পরামর্শদাতা কমিটি গঠিত হয় নি।

(ঘ) প্রশ্ন উঠে না।

উত্তরবঙ্গের বনাঞ্চলে ধৃত বন্য হস্তী

*১০৬১। (অনুমোদিত প্রশ্ন নং *২১২৯।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গে বন্যাঞ্চলে ১৯৭২ সনে মোট কয়টি বন্য হস্তী ধরা হইয়াছে; এবং

(খ) বন্য হস্তী কিভাবে ধরা হয় এবং বন্য হস্তী হইতে কি হারে রাজস্ব পাওয়া যায়?

বন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৭১-৭২ এবং ১৯৭২-৭৩ সালে মেলা শিকারে ২৮টি বন্য হস্তী ধরা হইয়াছে।

(খ) খেদা ও মেলা শিকারে হাতী ধরা হয়।

রাজস্ব আদায়ের হার নিম্নে দেওয়া হইল:—

	টাকা
প্রতিটি গণেশ (কেবল ডান দিকের একটি দাঁত সহ) ..	১,৫০০
প্রতিটি টাস্কার (বাম দিকের দাঁত সহ) ...	৩০০
প্রতিটি মাকনা	২০০
প্রতিটি সারিন	৩৫০
প্রতিটি ধুই	২৫০

বাঁকুড়া জেলায় ময়দাকল

*১০৬২। (অনুমোদিত প্রশ্ন নং *২২২১।) **শ্রীফণিভূষণ সিংহবাবু:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার প্রস্তাবিত ময়দাকলটি কোন্ জায়গায় এবং কবে নাগাত স্থাপন করিবার পরিকল্পনা আছে;

(খ) উক্ত ময়দাকলটি সরকারী না বে-সরকারী পরিচালনায় স্থাপিত হইবে; এবং

(গ) এ বিষয়ে সরকার কোন আবেদন পাইয়াছেন কিনা এবং পাইলে, কয়টি ক্ষেত্রে ও কাহার নিকট হইতে?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ক্ষুদ্রশিল্প হিসাবে একটি ময়দাকল বাঁকুড়া জেলার আদ্দল গ্রামে ১৯৭৩ সালের এপ্রিল মাসের মধ্যে স্থাপন করিবার জন্য অনুমতি দেওয়া হইয়াছে।

(খ) ময়দাকলটি অংশীদারী বে-সরকারী প্রতিষ্ঠান হিসাবে স্থাপিত হইবে।

(গ) হ্যাঁ, বাঁকুড়া জেলায় ক্ষুদ্রশিল্প হিস্যবে ময়দাকল স্থাপনের জন্য মোট ছয়টি আবেদনপত্র সরকার পাইয়াছেন। যাঁহাদের নিকট হইতে ঐ ছয়টি আবেদনপত্র পাওয়া গিয়াছে তাহারা হইলেন---

(১) শ্রীরমেশচন্দ্র দারুকা, কেন্দ্রয়াদি, বাঁকুড়া।

(২) শ্রীজগদীশপ্রসাদ ডালমিয়া, সারমাই, বাঁকুড়া।

(৩) শ্রীচুনীলাল নাৎজী, নূতনগঞ্জ, বাঁকুড়া।

(৪) মেসার্স নেতাজী ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কস, বেলিয়াটোর, বাঁকুড়া।

(৫) শ্রী আগরওয়ালা অ্যান্ড কোং, দেমুরারী, গোপীনাথপুর, বাঁকুড়া।

(৬) দত্ত, সেন অ্যান্ড কোং, ভাদুল, বাঁকুড়া।

বাঁকুড়া পৌর এলাকায় পানীয় জল সরবরাহের স্কীম

*১০৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০১৯।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া পৌরসভা দীর্ঘদিন পূর্বে বাঁকুড়া পৌর এলাকায় পানীয় জল সরবরাহ করিবার জন্য অগমেন্টেশন স্কীম সরকারের কাছে প্রেরণ করিয়াছেন, এবং

(খ) সত্য হইলে,---

(১) কবে নাগাত উক্ত স্কীম সরকারের কাছে প্রেরিত হইয়াছে:

(২) বাঁকুড়া শহরে জলকষ্ট দূরীকরণের জন্য কবে নাগাত উক্ত স্কীমগুলি চালু হইবে,

(৩) উক্ত স্কীম চালু হইলে কত গ্যালন জল পৌর এলাকায় সরবরাহ করা সম্ভব হইবে, ও

(৪) কি কি স্কীম সরকারের কাছে প্রেরিত হইয়াছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৭৩ সালের ৩রা ফেব্রুয়ারি তারিখে।

(২) প্রশ্ন ওঠে না, কারণ স্কীমগুলি এখনও অনুমোদিত হয় নাই।

(৩) দৈনিক মোট ১·৮২ মিলিয়ন গ্যালন জল সরবরাহ করা সম্ভব হইবে।

(৪) দুইটি স্কীম, যথাঃ—

(১) বাঁকুড়া ওয়াটার সাপ্লাই অগমেন্টেশন স্কীম, এবং

(২) পাত্তাকোলাঘাট ওয়াটার সোর্স রিনোভেশন স্কীম।

জিয়াগঞ্জ-আজিমগঞ্জ মিউনিসিপ্যালিটিতে জলসরবরাহ প্রকল্প

*১০৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭৫।) **শ্রীআদ্যচরণ দত্তঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় জিয়াগঞ্জ-আজিমগঞ্জ মিউনিসিপ্যালিটিতে জলসরবরাহের কোন প্রকল্প সরকারের কাছে কি; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, কবে নাগাত উহার কাজ আরম্ভ হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

কান্ট্রি স্পিরিট ওয়ারহাউসের জন্য লাইসেন্স

*৯৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২২১৩।) **শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে হাওড়ায় কান্ট্রি স্পিরিট "ওয়ারহাউস"-এর লাইসেন্সের জন্য কোন্ কোন্ সংস্থা ও ব্যক্তি আবেদন করিয়াছেন;

(খ) একই ব্যক্তি বা সংস্থাকে ঐরূপ একাধিক লাইসেন্স দেওয়া হয় কিনা; এবং

(গ) হইলে, এ বিষয়ে সরকারের নির্ধারিত নীতি কি?

আবগারী বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) বাজাজ ইন্টারন্যাশনাল প্রাইভেট লিমিটেড, ১০৫ পার্ক স্ট্রীট, কলিকাতা-১৬ এবং (২) শ্রীকৃষ্ণ জ্ঞানোদয় সুগার লিমিটেড, ১১ ক্লাইভ রো, কলিকাতা-১।

(খ) এবং (গ) ১৯৬৫ সালের পূর্বে পর্যন্ত সরকার কর্তৃক একই ব্যক্তিকে একাধিক লাইসেন্স মঞ্জুর করার নীতি চালু ছিল। কিন্তু এই নীতির ফলে একই ব্যক্তির হস্তে সম্পদ কেন্দ্রীভূত হওয়া এবং তজ্জনিত সমাজে বৈষম্য বিরাজ করার ফলে সরকার পরবর্তীকালে উক্ত নীতি সংশোধন করেন। ১৯৭১ সালে সরকারী নীতি হিসাবে স্থির হয় যে, সাধারণত একই ব্যক্তিকে কেবলমাত্র একটি লাইসেন্স মঞ্জুর করা হইবে। তবে জনস্বার্থ এবং আবেদনকারীর আর্থিক সংগতি ও সততা বিবেচনা করিয়া বিশেষ ক্ষেত্রে সরকারের অনুমতিতে একই ব্যক্তিকে একাধিক লাইসেন্স দেওয়া যাইতে পারে।

Employment in Haldia Dock Project and other concerns

***948.** (Admitted question No. *1961.) **Shri SARADINDU SAMANTA:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state the number of persons employed in Haldia Dock Project, C.P.C., I.O.C. and F.C.I. at Haldia up till now through (i) the local employment exchange at Sutahata, and (ii) outside the said employment exchange?

The Minister for Labour Department:

	No. of persons employed up to 31st March, 1973	In Haldia Dock Project, C.P.C.	In I. O. C., Haldia	In F. C. I., Haldia
(i)	Through local Employment Exchange at Sutahata.	711	66	34
(ii)	Outside the Haldia Employment Exchange.	789	191	92

UNSTARRED QUESTIONS

(to which written answers laid on the table)

সুইমিং পুল

৫১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪৮।) **শ্রীশঙ্করদাস পাল:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলাতে কয়টি সরকারী এবং বে-সরকারী 'সুইমিং পুল' আছে;

(খ) যেসব জেলায় অদ্যাবধি কোন সুইমিং পুল হয় নাই সেখানে সরকারী তত্ত্বাবধানে ও খরচে সুইমিং পুল তৈয়ারি করিবার কোন পরিকল্পনা আছে কি; এবং

(গ) বে-সরকারী উদ্যোগে নির্মিত সুইমিং পুলকে সরকার হইতে কোন সাহায্য দেওয়া হয় কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) পশ্চিমবঙ্গে কলিকাতা ভিন্ন অন্য কোন জেলাতে সরকারী বা বে-সরকারী কোন সুইমিং পুল নাই। মেদিনীপুরে একটি বে-সরকারী সুইমিং পুল তৈয়ারির কাজে সরকার ১,৬৫,০০০ টাকা অনুদান মঞ্জুর করিয়াছেন। প্রকল্পটি এখনও শুরু করা যায় নাই। উহা বিশেষজ্ঞদের মতামতের অপেক্ষায় আছে।

(খ) স্থানীয় উদ্যোক্তাগণ প্রকল্প পেশ করিলে সরকার বিবেচনা করিয়া থাকেন।

(গ) পুরাপুরি সরকারী উদ্যোগে সুইমিং পুল তৈয়ারিই সরকারের নীতি নয়। উপযুক্ত প্রস্তাব পাইলে বে-সরকারী প্রস্তাবও বিবেচিত হয়।

রেলওয়ে ডেমারেজ চার্জ বাবত রাজ্যসরকারের ব্যয়

৫২০। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৪।) **শ্রীকাশীনাথ মিশ্র:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের ডেম্যারেজ চার্জ বাবত রেলওয়েকে বৎসরে কত টাকা দিতে হয়; এবং

(খ) ১৯৭২ সালের মার্চ হইতে ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত কোন্ কোন্ বিভাগের জন্য কত টাকা রেলওয়েকে চার্জ বাবত ব্যয় করিতে হইয়াছে?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ডেমারেজ চার্জ বাবত রেলওয়েকে দেয় টাকার কোনও পরিমাণ নির্দিষ্ট নাই—ইহা বিভিন্ন বৎসরে বিভিন্ন পরিমাণের হইয়া থাকে। এ পর্যন্ত প্রাপ্ত সংবাদে জানা যায়, গত এক বৎসরে (১৯৭২ সালের মার্চ হইতে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত) মোট ২,৭৭১ টাকা ৭৫ পয়সা ডেমারেজ চার্জ বাবত দিতে হইয়াছে।

(খ) এ পর্যন্ত সংবাদ অনুসারে নিম্নলিখিত অফিসগুলি গত এক বৎসরে ডেমারেজ চার্জ বাবত রেলওয়েকে নিম্নে প্রদত্ত টাকা দিয়াছে—

বিভাগ, অফিসের নাম				ব্যয়িত টাকা
হাওড়া কালেকটরেট	...	...	...	৫১·৫০
স্টেশনারী অফিস	...	...	...	৫৯৩·০৫
হোম (পাশপোর্ট) ডিপার্টমেন্ট		...	...	২৭·০০
ওয়েস্টবেঙ্গল গভর্নমেন্ট প্রেস		...	...	৪৭২·০০
ডেপুটি কমিশনার, পুরুলিয়া		...	...	৭৩·৪০
হোম (সিভিল ডিফেন্স) ডিপার্টমেন্ট		...	...	১৩·৮০
তথ্য ও জনসংযোগ বিভাগ	...	...	...	৩৮·০০
অর্থ (করাধান) বিভাগ	...	...	...	৩৩৫·৫০
সিংকোনা ডাইরেকটরেট	...	...	...	১,১৩২·০০
ডি এম, ওয়েস্ট দিনাজপুর		...	...	১৫·৭০
ডিস্ট্রিক্ট জজ, দার্জিলিং	...	...	...	১৯·৮০
		মোট	...	২,৭৭১·৭৫

এই প্রসঙ্গে উল্লেখ করা যাইতে পারে যে, খাদ্যশস্য (চাল, গম) ও চিনির জন্য ডেমারেজ চার্জ ফুড করপোরেশন দিয়া থাকেন—এই সরকার দেন না।

মুর্শিদাবাদ জেলায় সেচ ও জলনিষ্কাশনের পরিকল্পনা

৫২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১৪।) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৭২-৭৩ সালে (৭ই মার্চ পর্যন্ত) সেচ ও জলনিষ্কাশনের জন্য মোট কতগুলি পরিকল্পনা মঞ্জুর হইয়াছে এবং সেজন্য ঐ সময় পর্যন্ত মোট কত টাকা বরাদ্দ ও ব্যয় হইয়াছে;

(খ) উক্ত জেলার জন্য নূতন কতগুলি সেচ ও জলনিষ্কাশনের পরিকল্পনা সরকার বিবেচনা করিয়াছেন; এবং

(গ) তন্মধ্যে ভগবানগোলা থানার কয়টি, এবং সেজন্য মোট কত টাকা ব্যয় হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৭২-৭৩ সালে (৭ই মার্চ পর্যন্ত) সেচের জন্য একটি পরিকল্পনা মঞ্জুর হয়েছে এবং এ জন্য ঐ সময় পর্যন্ত মোট ৫০,০০০ টাকা বরাদ্দ হইয়াছে। পরিকল্পনাটির কাজ সবেমাত্র শুরু হইয়াছে। এই জেলায় উক্ত সময় পর্যন্ত জলনিষ্কাশনের জন্য কোন পরিকল্পনা মঞ্জুর হয় নাই।

(খ) উক্ত জেলার জন্য নূতন ৩১টি সেচ ও জলনিষ্কাশনের পরিকল্পনা সরকার বিবেচনা করিয়াছেন।

(গ) তন্মধ্যে ভগবানগোলা থানার তিনটি এবং তজ্জন্য মোট ৬,৭২,০০০ টাকা ব্যয় হইবে।

বিধানসভা অভিমুখে শিক্ষাক্ষেত্রে নিযুক্ত কর্মীদের মিছিল

৫২২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩২।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকার প্রতিষ্ঠিত হইবার পর জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত শিক্ষাক্ষেত্রে নিযুক্ত কর্মীদের কতগুলি মিছিল বিধানসভা অভিমুখে আসিয়াছে ও সরকারের নিকট স্মারকলিপি দিয়াছে;

(খ) মিছিলগুলি কোন্ কোন্ শিক্ষাকর্মীদের লইয়া আসে; এবং

(গ) সরকার তাঁদের দাবিদাওয়া সম্বন্ধে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সাতটি। বিভিন্ন সূত্রে সরকার কয়েকটি স্মারকলিপি পাইয়াছেন।

(খ) মিছিলগুলি নিম্নোক্ত শিক্ষাকর্মীদের লইয়া আসেঃ

(১) ২৯এ এপ্রিল, ১৯৭২ তারিখে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতি (শাসক কংগ্রেস)-এর নেতৃত্বে প্রাথমিক শিক্ষকগণ।

(২) ৫ই জুলাই, ১৯৭২ তারিখে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতি (সংগঠক কংগ্রেস)-এর নেতৃত্বে প্রাথমিক শিক্ষকগণ।

(৩) ১৩ই জুলাই, ১৯৭২ তারিখে ওয়েস্টবেঙ্গল পলিটেকনিক স্টাফ অ্যাসোসিয়েশন (সি পি এম)-এর নেতৃত্বে পলিটেকনিক্স-এর কর্মিবৃন্দ।

(৪) ১৩ই জুলাই, ১৯৭২ তারিখে অল বেঙ্গল টিচার্স অ্যান্ড এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন (সি পি আই)-এর নেতৃত্বে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অন্যান্য কর্মিগণ।

(৫) ২৫এ জুলাই, ১৯৭২ তারিখে অল বেঙ্গল টিচার্স অ্যাসোসিয়েশন (সি পি এম)-এর নেতৃত্ব মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও অন্যান্য কর্মিবৃন্দ।

(৬) ২৬এ জুলাই, ১৯৭২ তারিখে অল বেঙ্গল প্রাইমারী টিচার্স অ্যাসোসিয়েশন (সি পি এম)-এর নেতৃত্বে প্রাথমিক শিক্ষকগণ।

(৭) ১০ অগাস্ট, ১৯৭২ তারিখে ওয়েস্ট বেঙ্গল কলেজ এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন (এইচ এম এস)-এর নেতৃত্বে বে-সরকারী কলেজের অ-শিক্ষক কর্মচারিবৃন্দ।

(গ) সরকার তাঁহাদের কিছু কিছু দাবিদাওয়া বিবেচনা করিয়াছেন।

পানীয়জল সরবরাহের জন্য কাঁথি মিউনিসিপ্যালিটির অর্থ ব্যয়

৫২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯২।) **শ্রীসুধীরচন্দ্র দাশঃ** গত ২রা মার্চ, ১৯৭৩ তারিখে প্রদত্ত তারকায়িত *৩১০নং (অনুমোদিত প্রশ্ন নং *১১) প্রশ্নের উত্তর উল্লেখে, পৌরকার্যবিষয়ক দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মিউনিসিপ্যালিটি পানীয় জল সরবরাহের জন্য যে ২৯,৭৫০ টাকা খরচ করিয়াছে তাহা কোন্ কোন্ বাবত কত টাকা খরচ হইয়াছে; এবং

(খ) অবশিষ্ট ২৩,২৫০ টাকা বর্তমানে কোথায় ও কিভাবে আছে?

পৌরকার্যবিষয়ক দপ্তরের মন্ত্রিমহাশয়ঃ (ক) ২৯,৭৫০ টাকা নিম্নলিখিত বাবতে ১৩ই ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখ পর্যন্ত খরচ হইয়াছেঃ—

(১) টিউবওয়েলের অংশসকল ক্রয় করার জন্য—১৬,৩০৭ টাকা;

(২) টিউবওয়েলগুলি ও পাম্প বসাবার জন্য এবং টিউবওয়েলগুলির রক্ষণাবেক্ষণের জন্য (মেন্টেন্যান্স)—২,৭৮৪ টাকা;

(৩) জ্বালানি ও তৈল ক্রয় করার জন্য—১,৪৭০ টাকা;

(৪) লরি মেরামতের জন্য—১,৩৮৯ টাকা; এবং

(৫) মিউনিসিপ্যাল এলাকায় যেসব জায়গায় টিউবওয়েল বসানো সম্ভব হয় নাই, খরার দরুন, সেইসব এলাকায় অধিবাসীদের মানবিকতার খাতিরে লরির সাহায্যে জল বিতরণ করার জন্য লরি ভাড়া বাবত—৭,৮০০ টাকা।

(খ) অবশিষ্ট ২৩,২৫০ টাকার মধ্যে নিম্নলিখিত বাবত ৭,৫৮৭ টাকা খরচ করা হইয়াছেঃ

(১) জিনিসপত্র ক্রয়ের জন্য—৬,৯৭৫ টাকা;

(২) টিউবওয়েলগুলি বসানো ও পুনর্বাসনের জন্য ২১২ টাকা; এবং

(৩) টিউবওয়েল বসাবার পর চাতাল বা পাটাতন তৈরির জন্য—৪০০ টাকা।

অবশিষ্ট ১৫,৬৬৩ টাকা মিউনিসিপ্যাল ফান্ডে জমা আছে। ইহা টিউবওয়েল বসাবার জন্য খরচ করা হইবে।

বাঁকুড়া জেলায় তিলুড়ি গ্রামে বিদ্যালয়গৃহ নির্মাণ

৫২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩০।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে,—

(১) ১৯৬৩-৬৪ সালে বাঁকুড়া জেলার তিলুড়ি গ্রামে শিক্ষা বিভাগ হইতে ৫২,০০০ টাকা খরচ করিয়া একটি বিদ্যালয়গৃহ তৈয়ারি করা হইয়াছিল;

(২) উক্ত নির্মিত গৃহটিতে তিলুড়ি কৃপাময়ী বিদ্যালয়টি স্থানান্তরিত হইবার কথা ছিল;

(খ) সত্য হইলে, তিলুড়ি কৃপাময়ী বিদ্যালয়টি নবনির্মিত বিদ্যালয়ে এখনো স্থানান্তরিত না হওয়ার কারণ কি; এবং

(গ) কত একর জমিতে এই বিদ্যালয়গৃহটি নির্মিত হইয়াছে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) এই বিদ্যালয়গৃহ তৈয়ারি করিবার খরচ বাবত শিক্ষা বিভাগ হইতে ৩৭,৫০০ টাকা বরাদ্দ হইয়াছিল। তন্মধ্যে এই পর্যন্ত মোট ৩৩,৭৫০ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(২) হ্যাঁ।

(খ) শ্রেণী এবং ছাত্রসংখ্যা অনুপাতে নবনির্মিত গৃহে স্থানাভাব বলিয়া এখনো বিদ্যালয়-টিকে স্থানান্তরিত করা হয় নাই।

(গ) নিরানব্বই ডেসিমেল জমিতে এই বিদ্যালয়ের নূতন গৃহটি নির্মিত হইয়াছে।

ধুলিয়ান এস ডি ও (পি ডবলিউ ডি)-এর অধীনে সরকারী স্টীল বোট

৫২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬৭।) **শ্রীহবিবুর রহমানঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার ধুলিয়ান এস ডি ও (পি ডবলিউ ডি) মহাশয়ের অধীনে একটি সরকারী স্টিল বোট আছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত স্টিল বোটটি বর্তমানে কোথায় এবং কি অবস্থায় আছে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এস ডি ও (পি ডবলিউ রোডস ডাইরেক্টর)-এর অধীনে একটি সরকারী স্টিল বোট আছে।

(খ) উক্ত স্টীল বোটটি বর্তমানে ডোমপাড়া-এনায়েতপুর ফেরিঘাট রঘুনাথগঞ্জে আছে। উহা ফেরিঘাট ইজারাদার শ্রীগোবিন্দকুমার চক্রবর্তীর কাছে জঙ্গীপুর পৌরসভার চেয়ারম্যানের অনুমোদনক্রমে ভাড়া দেওয়া আছে।

Railway Sub-way Link

526. (Admitted question No. 1378.) **Shri GOBINDA CHATTERJEE:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the Government is aware that Railway Sub-way linking Konnagore Municipal Area and the Bahara-Krishnarampur Road of the contiguous rural area is so narrow that even a couple of cycle-rickshaw cannot simultaneously pass side by side and the area being also an industrial area frequent traffic jams are caused: and

(b) if so. what action has been taken by the Government in this regard?

The Minister for Home (Transport): (a) Yes. This is a fact.

(b) This has been taken up with the local Railway Authority with a view to removing the difficulty.

পশ্চিমবঙ্গের চা ও পাট শিল্প হইতে কেন্দ্রীয় সরকারের আয়

৫২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৯।) **শ্রীহরেন্দ্রনাথ হালদারঃ** অর্থ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের চা ও পাট শিল্প হইতে কত টাকা আয় করিয়াছেন; এবং

(খ) পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের কাছ হইতে ঐ বাবত কত টাকা পাইয়াছেন?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ থেকে বিভিন্ন খাতে কি কি পরিমাণ কর, শুল্ক ইত্যাদি আদায় করিয়া থাকেন তার সঠিক হিসাব কেন্দ্রীয় সরকারই দিতে পারেন। ১৯৭২-৭৩ সালে কেন্দ্রীয় সরকার এইসমস্ত খাতে কত টাকা আদায় করিয়াছেন তার হিসাব আমাদের নাই; তবে আমরা কেন্দ্রীয় সরকার হইতে এইসমস্ত কর, শুল্ক ইত্যাদি বাবত ১৯৭২-৭৩ সালে কত টাকা পাইব বলিয়া আমাদের সংশোধিত বাজেটবরাদ্দে ধরা হইয়াছে তার হিসাব আমাদের আছে। এই হিসাব নিম্নে দেওয়া হইতেছেঃ

	কোটি টাকার হিসাব
আয়কর	৪৬·১২
ইউনিয়ন একসাইজ ডিউটিজ	৪০·৬৩
এস্টেট ডিউটিজ	০·৭২
রেলওয়ে প্যাসেঞ্জার ফেয়ারের পরিবর্তে অনুদান ...	০·৯০
সংবিধানের ২৭৫ ধারা অনুযায়ী গ্র্যান্টস-ইন-এড	১০·৬৪
মোট ...	৯৯·০১

(খ) রাজ্যসরকারের হাতে যে তথ্যাদি রহিয়াছে তার ভিত্তিতে ১৯৭২-৭৩ সালে কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার জন্য বিভিন্ন খাতে কত টাকা দিয়াছেন এবং দিবেন তার একটা হিসাব দেওয়া হইল।

এইস্থলে উল্লেখ করা যাইতে পারে যে সংবিধানের নির্দেশ ও বিত্ত আয়োগ (ফিনান্স কমিশন)-এর সুপারিশ অনুযায়ী যে যে খাতে আমরা কেন্দ্রীয় সরকারের নিকট হইতে টাকা পাই তাহার বিবরণ (ক) প্রশ্নের উত্তরে দেওয়া হইয়াছে। চা ও পাট শিল্প হইতে যে টাকা কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ হইতে আয় করেন তাহার কোনও নির্দিষ্ট অংশ এই সরকারকে দেওয়া সম্বন্ধে সংবিধানে কোনও নির্দেশ নাই।

	কোটি টাকার হিস্যাব
কেন্দ্রীয় করের অংশ বাবত অনুদান	৯৯·০১
রাজ্য পরিকল্পনা বাবত—	
অনুদান	১২·৮৬
ঋণ	৩৩·৪৮
কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্প বাবত—	
অনুদান	৮·০২
ঋণ	২·৫৫
বাংলাদেশ শরণার্থী বাবত—	
অনুদান	১৭·০০
ঋণ	১·৫৬
অন্যান্য প্রকল্প বাবত—	
অনুদান	১৮·৬৩
ঋণ	১৩২·৬৩
মোট ...	৩২৫·৭৪

কেন্দ্রীয় সরকার থেকে যে ঋণ পাওয়া যায় তাহা সুদ সমেত শর্ত অনুযায়ী বিভিন্ন মেয়াদে শোধ দিতে হয়। ১৯৭২-৭৩ সালে এইজন্য পশ্চিমবঙ্গ সরকারের কেন্দ্রীয় সরকারকে দেয়ঃ

	কোটি টাকা
ঋণশোধ বাবত	৫৯·৭৯
সুদ বাবত	৩১·৬১
মোট ...	৯১·৪০

ঐ বৎসরের মধ্যে এই টাকা শোধ করার জন্য সংশোধিত বরাদ্দে ব্যবস্থা করা হইয়াছে।

ইহা ছাড়া পশ্চিমবঙ্গে অবস্থিত কতকগুলি সংস্থা ও প্রকল্পের সম্পূর্ণ ব্যয় কেন্দ্রীয় সরকার সরাসরি নির্বাহ করেন, এগুলির মধ্যে উল্লেখযোগ্য হইল হলদিয়া তৈল শোধনাগার, হলদিয়া সার প্রকল্প, হলদিয়া ডক, ফরাক্কা প্রকল্প, দুর্গাপুর স্টীল প্ল্যান্ট, দুর্গাপুর অ্যালয় প্ল্যান্ট, ন্যাশনাল ইনস্ট্রুমেন্টস প্রোজেক্টের অধীনে অপ্থ্যালমিক গ্লাস প্রোজেক্ট, দুর্গাপুর হিন্দুস্থান কেবলস, এম এ এম সি, দুর্গাপুর সার প্রকল্প ইত্যাদি। কিন্তু ঐগুলির কোন নির্ভরযোগ্য হিসাব রাজ্যসরকারের হাতে নাই, সেজন্য এ সম্পর্কে কোন বিবরণ দেওয়া গেল না।

মগরাহাট থানার অন্তর্গত বিভিন্ন গ্রামে বিদ্যুৎ সরবরাহ

৫২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪৬।) **শ্রীমনোরঞ্জন হালদারঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলায় মগরাহাট থানার অন্তর্গত কোন্ কোন্ গ্রামে ১২ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে; এবং

(খ) ১৯৭৩-৭৪ সালে কোন্ কোন্ গ্রামে বিদ্যুৎ সরবরাহ করিবার পরিকল্পনা আছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নিম্নলিখিত মৌজাগুলিতে জে এল নম্বর অনুযায়ী ১২ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছেঃ

ক্রমিক সংখ্যা	মৌজার নাম	জে এল নম্বর
১।	মগরাহাট	১২৪
২।	মোমুদপুর	১২৭
৩।	বিলান্দাপুর	১২৬
৪।	হরিশঙ্করপুর	১২৩
৫।	উস্থি	৯৫
৬।	সিরাকুল	৪
৭।	হায়াৎনগর-রাজারহাটি	১
৮।	অযোধ্যানগর	২
৯।	নজরা	৯৭
১০।	দক্ষিণকারি	১৩০
১১।	দেখলা	৯৯
১২।	নোয়াপাড়া	১৪
১৩।	পূর্ব-বিষ্ণুপুর	২০৯
১৪।	হাটুগঞ্জ	১৪৪
১৫।	দক্ষিণ বিষ্ণুপুর	১৪৬
১৬।	জগদিয়া	১৯৮
১৭।	বেণীপুর	১৯৯

(খ) নিম্নলিখিত মৌজাগুলিতে জে এল নম্বর অনুযায়ী ১৯৭৩-৭৪ সালে বিদ্যুৎ সরবরাহ করিবার পরিকল্পনা আছেঃ

ক্রমিক সংখ্যা	মৌজার নাম	জে এল নম্বর
১।	জগদিয়া	১৯৮
২।	বেণীপুর	১৯৯
৩।	রামচন্দ্রনগর	১২৭
৪।	বইচবেরিয়া	৬৫
৫।	বাগরিয়া করগাছি	৫
৬।	সেরপুর	১৫
৭।	উত্তর আমড়াতলা	১৮
৮।	ঘোলা নোয়াপাড়া	১০৪
৯।	চাকদহ	৮৩
১০।	দুহিকলস	১১২
১১।	ম্যেকারচক ও ঈশ্বরীপুর	১২৮
১২।	কুলদিয়া	৪৯
১৩।	নাইনান	৪৭
১৪।	ধামুয়া	৪২
১৫।	মুলতি	১৯২
১৬।	বাসুন্দরিয়া	১৯৩
১৭।	হাঁসুরি	১১৪
১৮।	এনায়েৎপুর	১১৩
১৯।	খেনপুর	১১০
২০।	কালিকাপোতা	১০৯
২১।	তুলিয়ান	১০৮
২২।	সমাসৎ	১০৭
২৩।	ব্যমনা	১০৬
২৪।	বাঁশপালা	১০৩
২৫।	লক্ষ্মীকান্তপুর	১৮০
২৬।	হরিপুর	১৮১
২৭।	গোপালনগর	১৫২
২৮।	শংকরপুর	১৫১

Calling Attention to Matters of Urgent Public Importance

[2-00—2-10 p.m.]

Shri Santosh Kumar Roy: Sir, with reference to calling attention notice, dated 17th April 1973, from Shri Aswini Roy and Shri Harasankar Bhattacharyya regarding water crisis in Asansol Municipal area, I make the following statement:

It is understood that the Communist Party of India has started relay hunger strike from the 25th March, 1973 at Municipal premises demanding adequate water supply within Asansol Municipal area.

Asansol Municipal Water works is supplying 1.2 M.G.D. water through their existing piped water supply system. Asansol Satellite Township area headworks located at Surjyanagar is now in a position to supply .6 millions gallons of water in addition to 1.2 M.G.D. mentioned above. But the Municipality is not in a position to utilise the full quantity of .6 million gallons of water per day; only a part of that quantity can be taken in their existing distribution system.

The real problem is that the fringe areas of Asansol Municipality, namely, Mahisila Colony, Ushagram, Dhadka, Gopalnagar, Ramgolam Singh Road, Tarun Palli Road, South Dhadka, Rabindranagar, Kumarpur, etc. have no piped water distribution system. Only laying of distribution mains in Mahisila Colony is being undertaken under Asansol Interim Water Supply Augmentation Scheme. The work is nearing completion. In these areas there is no other alternative but to supply water to their rate payers through tanks mounted on trucks. The financial condition of the Municipality is precarious and without Government assistance they are not in a position to pay for such supply through trucks. Government have already sanctioned a sum of Rs. 50,000 as loan for the purpose. A further assistance of rupees one lakh is being considered. It may be mentioned that under similar circumstances a sum of only Rs. 50,000 was advanced to this Municipality for the purpose during last year.

Mr. Speaker: I have received 13 notices of calling attention on the following subjects, namely:—

(1) Rise in price of kerosin oil and coal in Nadia district—from Shri Nitaipada Sarkar.

(2) Misuse of the X-ray machine belonging to the Bharat Sevak Samaj of Asansol by doctor for private purposes—from Shri Triptimoy Aich, Shri Puranjoy Pramanick and Shri Ramdas Banerjee.

(3) Acute scarcity of water at Kalyani—from Shri Sambhu Narayan Goswami and Shri Sanatan Santra.

(4) Detection of a factory for adulteration at Manicktola and Chetla on 18th April 1973—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Sarat Chandra Das.

(5) Reported contradictory statements in connection with the cultivation of cotton in Sundarban area—from Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra.

(6) Durgapur plants hit by reported power disruption—from Shri Sarat Chandra Das, Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra.

(7) Acute scarcity of electricity in West Bengal—from Shri Abdul Bari Biswas, Shri Sarat Chandra Das, Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra and Dr. Ekramul Haque Biswas.

(8) Reported non-co-operation movement of primary teachers—from Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas, Shri Sarat Chandra Das and Shri Kashinath Misra.

(9) Damages to foodgrains and spread of epidemic by rats—from Dr. Ekramul Haque Biswas and Shri Md. Dedar Baksh.

(10) Reported cease work by 7,500 college teachers—from Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra and Shri Sarat Chandra Das.

(11) Uncertain conditions prevailing at the power station at Santaldihi—from Shri Sarat Chandra Das, Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas.

(12) Inadequacy of rice and wheat ration in rural areas of West Bengal—from Shri Md. Dedar Baksh.

(13) Murder of three Youth Congress workers by C.P.I. (M) supporters at Bishnupur in Burdwan—from Shrimati Nurunnessa Sattar.

I have selected the notice of Shri Abdul Bari Biswas, Shri Sarat Chandra Das, Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra and Dr. Md. Ekramul Haque Biswas on the subject of acute scarcity of electricity in West Bengal. Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal: On the 24th, Sir.

Mention Cases

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করে হাউসের কাছে রাখতে চাই। আপনি জানেন বাঁকুড়া খরা-কবলিত এবং মধ্যে মধ্যে দুর্ভিক্ষের কবলে পড়ে। গত বছর বাঁকুড়ায় খরা দেখা দিয়েছিল, এ বছরও যে অবস্থা দেখা দিয়েছে, এখন সেখানে সূর্যের তাপ যে প্রচণ্ডভাবে বইছে, তাতে বাঁকুড়ার পুকুর, নদী, নালা, খাল এবং ডোবা ইত্যাদি প্রায় শুকিয়ে গেছে। বর্তমানে যে অবস্থা দেখা দিয়েছে সেখানে তাতে পানীয় জলের খুবই অভাব। ফলে সেখানে মানুষ, গবাদি পশু ইত্যাদির প্রাণ-হানির আশংকা দেখা দিয়েছে। তা ছাড়া সেখানে যে অবস্থা—সেখানে কোনরকম কাজ নাই, সেখানে দরিদ্র দিনমজুর শ্রমিকরা আগে যেখানে টি আর-এর কাজ পেত, সেই টি আর-এর কাজ এখন পর্যন্ত সেখানে আরম্ভ হয় নি। ফলে সেখানে মানুষ, হাজার হাজার শ্রমিক, হাজার হাজার দিনমজুর কাজ পায় না। আজকে বাঁকুড়ার বিভিন্ন ব্লকে দেখা দিয়েছে অনাহারের ছাপ। আমি জানি, আমি কয়েকদিন আগে ব্লক-২, কাঞ্চনপুর-এর ২০টি ঘরে অর্ধাহার, অনাহার চলছে। জেলাশাসককে যখন বললোম, তিনি এস ডি ও মহাশয়কে বললেন, ২০টি ফ্যামিলির জন্য ৪০ টাকা দেওয়া হয়েছে, এই ৪০ টাকায় কদিন যেতে পারে তাদের? মানুষকে আজকে সেখানে বাঁচাতে গেলে অনাহারের হাত থেকে বাঁচাতে গেলে অবিলম্বে কাজের প্রয়োজন, সেখানে রেশনে চালের কোটা এবং গমের কোটা যেখানে ২০০ গ্রাম ও ৪০০ গ্রাম আছে, সেই রেশনের পরিমাণ অবিলম্বে বাড়িয়ে দেওয়া প্রয়োজন বলে মনে করি।

[2-10—2-20 p.m.]

আজকে স্যার, বাঁকুড়ার দুর্দশা সম্পর্কে কাউকে নতুন করে কিছু বলতে হবে না। আমরা বাঁকুড়াবাসীরা চিরকাল অবহেলিত, চিরকাল লাঞ্ছিত। তাই আপনার মাধ্যমে বলতে চাই—বাঁকুড়ায় অবিলম্বে দুঃস্থ মানুষকে কাজ দেবার ব্যবস্থা করা হোক, কাজ খোলা হোক—দিন-মজুররা যাতে বাঁচতে পারে তার ব্যবস্থা করা হোক। পানীয় জলের ব্যবস্থা শহরাঞ্চলে ও

গ্রামাঞ্চলে কর্য হোক, রেশনে চালের বরাদ্দ বাড়িয়ে দেওয়া হোক। অবিলম্বে এ সম্বন্ধে ব্যবস্থা করবার জন্য আপনার মাধ্যমে এই হাউসের ও সমগ্র মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। বন্দে মাতরম্, জয় হিন্দ।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সমগ্র পশ্চিমবঙ্গ এক গভীর সংকটের মধ্যে দিয়ে চলেছে—বিদ্যুতের ক্ষেত্রে আলো জ্বলার ক্ষেত্রে বিরাট সংকট দেখা দিয়েছে, ফলে কল-কারখানার হাজার হাজার, লক্ষ লক্ষ শ্রমিক আজ ছাটাই-এর সম্মুখীন। এই বিদ্যুৎ সঙ্কটের কারণটা একটু অনুধাবন করে দেখলে দেখা যাবে যে, ডি ভি সি থেকে যে পরিমাণ বিদ্যুৎ পাব বলে কথা ছিল, সেই পরিমাণ বিদ্যুৎ আজ আমরা পাচ্ছি না। তেনুঘাট থেকে জল আসছে না। দুর্গাপুর প্রজেক্ট লিমিটেড থেকে যে পরিমাণ বিদ্যুৎ দেবার কথা ছিল, তা তারা দিচ্ছে না, ব্যান্ডেল থার্ম্যাল পাওয়ার স্টেশন থেকে যে পরিমাণ বিদ্যুৎ পাওয়া উচিত ছিল, সেই পরিমাণ বিদ্যুৎ আমরা পাচ্ছি না। আজ এই বিদ্যুৎ ঘাটতির জন্য যে অবস্থার সৃষ্টি হয়েছে—টেক্সম্যাকো কারখানার প্রায় ৪ হাজার শ্রমিককে লে-অফ করা হয়েছে, আসানসোলের শিল্পাঞ্চলে ৬ ঘণ্টা বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকার ফলে সেন-র‍্যালে, ইন্ডিয়ান বিফ্র্যাক্টরিস, কুলটি, চিত্তরঞ্জন, হিন্দুস্থান কেবলস, কয়লা খনি প্রভৃতির বিরাট ক্ষতি হয়েছে, উৎপাদন ব্যাহত হয়েছে, লক্ষ লক্ষ টাকার মেসিন সব নষ্ট হয়ে গেছে, হাজার হাজার শ্রমিকের মধ্যে লে অফের আশঙ্কা দেখা দিয়েছে। পাঞ্চেৎ, ডি ভি সি শুকিয়ে উঠেছে। আজকে পৃথিবীর কোন দেশই বিদ্যুতের জন্য একমাত্র জল বিদ্যুতের উপর নির্ভর করে না। আজ ডি ভি সি-র উপর একমাত্র নির্ভর করাই এই বিপর্যয়ের কারণ বললে অত্যুক্তি হয় না। এই বিদ্যুৎ সঙ্কটের হাত থেকে পরিত্রাণ পেতে গেলে আসানসোলের জাল্যলপুর এলাকায় অবিলম্বে একটা তাপবিদ্যুৎ স্টেশন স্থাপন করা প্রয়োজন। এখানে কোটি কোটি টন কয়লা ভূগর্ভে মজুত আছে। সেই কয়লা ব্যবহার করে আমরা সহজে অল্প খরচে তাপবিদ্যুৎ উৎপাদন করতে পারি এবং তা হলেই আমাদের বর্তমান বিদ্যুৎ সঙ্কট দূর হতে পারে। অন্যথায় কপাল চাপড়ানো ছাড়া আর কোন বিকল্প থাকবে না। তাই সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি।

শ্রীসরোজ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে একজন মাননীয় সদস্য বললেন, গরিব মানুষের অবস্থা আজকাল একটা ন্যাশন্যাল প্রবলেম হয়ে দাঁড়িয়েছে। ইতিমধ্যে বড়গাছিয়া অঞ্চলে সাপের কামড় শুরু হয়ে গেছে। সেখানে ইতিমধ্যে ৬-৭ জন লোক মারা গেছে। হাস-পাতাল যেগুলি হয়েছে. সেখানে এন্টি-ভেমন সিরাম রাখার কথা, কিন্তু সেখানে সে ওষুধ নাই। গরিব মানুষের পক্ষে ৪০ মাইল দূরে মেদিনীপুর যাওয়া সঙ্গে সঙ্গে সম্ভব নয়। বড় লোকেরা ট্যাক্সি ভাড়ায় সহজে যেতে পারেন—গরিব মানুষকে সেইভাবে নিয়ে যেতে পারলে হয়ত তাকে বাঁচান সম্ভব হত, কিন্তু গরিব মানুষটাকে অ্যান্টি-ভেমন সিরাম দেওয়া সম্ভব হল না, সে মারা গেল। এরপর হৈ-চৈ করার ফলে যে অ্যান্টি-ভেমন সিরাম সেখানে এলো। এমনই পিকুলিয়র ব্যাপার—তার গায়ে যে লেবেল দেওয়া আছে তাতে টাইম পার হয় নাই, কিন্তু ডাক্তারবাবু বললেন, ওর নীচে সেডিমেন্ট জমে আছে। কাজেই এই সিরাম চলবে না। চোখের সামনে রোগী মারা গেল। অনায়াসে এই প্রবলেম সলভ করা যায়, যদি লক্ষ্য করা যায় কেন এইরকম হচ্ছে, একথা জিজ্ঞাসা করায় তিনি বললেন, জেলায় যিনি আছেন তাঁর উপর এর দায়িত্ব দেওয়া হয়েছে। তাঁকে বললেও কিছু তিনি করেন না। আপনি জানেন, স্যার, আমরা গরিব মানুষকে বাঁচাবার জন্য কত কি বলছি. গরিবকে বাঁচাও। তারা খাটতে যায় বনেজঙ্গলে, সেখানে গিয়ে তারা সাপের কামড় খাচ্ছে। অথচ সামান্য একটু ওষুধের অভাবে তারা মারা যাচ্ছে। আমি মনে করি, এটা একটা জরুরী সমস্যা। শুধু হেলথ বিভাগের দায়িত্ব নয়, আমাদের সকলের এটা দেখা দরকার। সরকারের হাতে ওষুধ আছে, কিন্তু এক জায়গায় তা জমা হয়ে আছে। গরিবদের সাপে খায় সেদিকে আমাদের কারো কি লক্ষ্য করবার দরকার নাই? ওষুধ থাকবে, অথচ ওষুধের অভাবে মানুষ মরবে, ওষুধ পচে যাচ্ছে. ব্যবহার হচ্ছে না। সবাই যেন ক্যালাস। তাই আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আবেদন রাখছি। আশা করি সত্ত্বর তিনি এই সমস্যার সমাধান করবেন।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্তঃ মিঃ স্পীকার স্যার, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি জনপ্রিয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার আশুতোষ মুখার্জীর প্রচেষ্টায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষাক্ষেত্রে একটা বিশিষ্ট নাম, জগৎসভায় একটা উজ্জ্বল স্থান ছিল। আজকে আমাদের সেই বিশ্ববিদ্যালয়ে একজামিনেসান ঠিকমত হয় না, হলে রেজাল্ট বেরোয় না, আবার রেজাল্ট যখন বেরোয় তখন দেখা যায় এক একজন ছেলের এক থেকে দেড় বছর দেরি হয়ে যায়, অন্য জায়গায় ভর্তি হতে পারে না, একাডেমিক ইয়ার নষ্ট হয়ে যায়। বিশ্ববিদ্যালয়ের আগে পরীক্ষায় দেখতাম তাতে মোটামুটি ৭০ থেকে ৭৫ পার্সেন্ট পাশ করতো। কিন্তু এখন যত-গুলো পরীক্ষার ফল দেখা যাচ্ছে তাতে দেখা যায় পাশের হার অত্যন্ত কম। সেই বি কম থেকে আরম্ভ হয়েছে, ২০ থেকে ২৫ পার্সেন্ট পাশ। শুনলে অবাক হবেন ল-এর পাশের হার ২.৬ অর্থাৎ ৯৭.৪ ভাগ হচ্ছে আন-সাকসেসফুল। এইরকম কল্পনা করা যায় না। শোনা যাচ্ছে যিনি চেয়ারম্যান ছিলেন তার একটা হাত নেই, তিনি নাকি বলেছেন, আমি একটা হাত নিয়েই বহু লোককে ফাঁসি দিয়ে এসেছি, এই এক হাতেই বহু ছেলেকে টাইট করে দেবো। আমি মনে করি না এই ৯৭;৪ পার্সেন্ট ছেলে সবাই অসাধুতা অবলম্বন করেছে এবং সেটা অকল্পনীয়। এটা আমি মানতে রাজী নই। আমি একথা মানতে রাজী আছি নিশ্চয়ই কিছু অসাধু ছেলে ছিল। কিন্তু এত ছেলে তা কি করতে পারে? যে পরীক্ষা ৬ মাস আগে হয়ে গেলো, বসে ঠিক করলো তার ৯৭.৪ পার্সেন্ট ছেলে টুকেছে—এটা কল্পনা করা যায় না। এর ফল খুব খারাপ হয়েছে এবং যারা অসাধু উপায় অবলম্বন না করে ভালভাবে পরীক্ষা দিয়েছে তাদের ক্ষেত্রে এর ফল খুব খারাপ হয়েছে। এই অবস্থার জন্য শুধু ছাত্রসমাজ বিপদগ্রস্ত নয়, মধ্যবিত্ত সমাজের যে সমস্ত পিতামাতা আছেন, যাদের ছেলেরা চাকরি পায় না, মেয়েদের বিয়ে দিতে পারেন না, তাদের মধ্যে যাদের ছেলেমেয়ে এর আওতার মধ্যে পড়ে যায়, তারাও বিপদগ্রস্ত। আমি চাইছি এর জন্য একটা তদন্ত কমিশন গঠন করা হোক। এই বিষয়ে সরকারের থেকে একটা কমিটির ব্যবস্থা করতে হবে।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ মিঃ স্পীকার স্যার, এই প্রশ্ন হচ্ছে গুরুত্বপূর্ণ প্রশ্ন। আজকে পরীক্ষা নিয়ে পশ্চিমবঙ্গের ছাত্রসমাজের ভবিষ্যৎ অন্ধকারময়। এই বিষয়ে তদন্তের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হোক। ২.৬ পার্সেন্ট ল-তে পাশ করেছেন এটা ভাবতে পারি না। আমি মনে করি না পশ্চিমবঙ্গের ছাত্রসমাজের এমন দুরবস্থা হয়েছে মাত্র ২.৬ পার্সেন্ট পাশ করেছে। আমরা মনে করি এর পিছনে চক্রান্ত রয়েছে, দুর্নীতি আছে। আমি মনে করি শুধু কলকাতা বিশ্ব-বিদ্যালয়ে নয়, বোর্ড অফ সেকেন্ডারী এডুকেসানেও দুর্নীতি। তাই পরীক্ষা সংক্রান্ত ব্যাপারে তদন্ত কমিশন দাবি করছি। এটা গুরুত্বপূর্ণ বিষয় এবং এটা পশ্চিমবঙ্গের পক্ষে একটা অভিশাপ বলে মনে করি।

শ্রীগৌতম চক্রবর্তীঃ মিঃ স্পীকার স্যার, কুমারদীপ্তি সেনগুপ্ত যেকথা বললেন ইউনি-ভার্সিটি ল-এর পরীক্ষার ব্যাপারে আমি বলতে চাই যে, ১৯৭১ সালের নভেম্বর মাসে ফাইন্যাল ল পরীক্ষা হল। শুনলাম আগামী দিনে রেজাল্ট বেরুবে—তারপর যেদিন বেরুবে সেদিন

[2-20—2-30 p.m.]

বেরুবে সেদিন শুনলাম যে, সেই রেজাল্ট ক্যানসেল হয়ে গেছে। এইভাবে বিভিন্ন প্রকারে ক্যালকাটা ইউনিভার্সিটি অথরিটি যে সমস্ত ল-এর ছাত্ররা আছে তাদের বিরুদ্ধে এইরকম অন্যায়ভাবে অপচেষ্টা করে যাচ্ছে। তাই আমি বলছি স্যার, শুধুমাত্র তদন্ত কমিশন নয়, ঐ তদন্ত কমিশনের সাথে সাথে যেসব শিক্ষাবিদ এইসব ছাত্রদের রুজি-রোজগারের অবলম্বন নস্যাৎ করে দিচ্ছে শিক্ষা জগতে এইরকম অবস্থার সৃষ্টি করে ইউনিভার্সিটির অথরিটির মধ্যে থেকে তাদের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হোক। এই অন্যায়ের বিরুদ্ধে পশ্চিমবাংলার ছাত্রসমাজ বহু দিন থেকে লড়াই করে চলেছে। এইভাবে যদি দিনের পর দিন কলিকাতা বিশ্ব-বিদ্যালয় ছাত্রসমাজের প্রতি এইরকম অন্যায় আচরণ করে, তা হলে আগামী দিনে এই ছাত্রসমাজ যে সংগ্রামে নামবে এবং সেটা যে কি রূপ নেবে সেটা বলা খুবই শক্ত। তাই আমি অনুরোধ করছি যে, অবিলম্বে ঐ শিক্ষাবিদদের প্রতি ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভায় রাখছি এবং এর প্রতি প্রগতিশীল সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে, আজকাল গ্রামাঞ্চলে প্রত্যেক দিন অগ্নিকান্ড ঘটছে। এবং সেই অগ্নিকান্ডের যারা শিকার হচ্ছেন তাঁরা হলেন ঐ দুঃস্থ শ্রমিক এবং বেকার গরিব লোক। এই সমস্ত অগ্নি-কান্ডে তাদের যা কিছু থাকে তা নিঃশেষিত হচ্ছে। এবং তাদের সাহায্যের কোন ব্যবস্থা নাই বললেই হয়। দেখা গেছে ব্লকে বি ডি ও-র কাছে অবস্থার মোকাবিলা করার জন্য যে কাপড়, টাকা ও সম্পদ থাকে তা অতি সামান্য। আমি বলতে পারি দায়িত্ব দিয়ে যে, আমার কেন্দ্রে বিশেষ করে আমার গ্রামে যে অগ্নিকান্ড ঘটে গেছে সেখানে আমি বি ডি ও-র কাছে রেকমেন্ড করে দিয়েছিলাম--এমন কেস দেখা গেছে যে, তাদের বেরোবার কাপড় চোপড় পর্যন্ত ছিল না। পরে শুনেছি যে, তাদের ৩ টাকা ৭৫ পয়সা করে দেওয়া হয়েছে। আর কোন ব্যবস্থা করা হয় নি। খবরের কাগজ খুললেই দেখতে পাচ্ছি যে, এখানে সেখানে অগ্নিকান্ড ঘটছে। এইরকম অগ্নিকান্ড ঘটলে বাঁচবার উপায় থাকে না, এবং লোকজন ঐ আগুনের কাছে যেতে পারে না। এইরকম বিভিন্ন জায়গায় ঘটছে, কোন কোন জায়গায় মানুষ পুড়ে মরছে। সেইজন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই অবস্থার মোকাবিলা করার জন্য ব্লকে ব্লকে উপযুক্ত ব্যবস্থা থাকে--কাপড়-চোপড়, খাদ্যদ্রব্য ইত্যাদির ব্যবস্থা থাকে যাতে সত্যিকারের তারা সাহায্য পায়।

শ্রীতপন চ্যাটার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে পশ্চিমবঙ্গে শিল্পপতিদের মধ্যে একটা বিশেষ প্রবণতা দেখা দিয়েছে। তারা শিল্পকে জোর করে রুগ্ন দেখিয়ে সরকারের কাছ থেকে সাহায্য বাবত অর্থ আদায় করা হচ্ছে। শিল্পপতিরা তাদের কারখানাগুলিকে তাদের পৈতৃক জমিদারী হিসাবে গণ্য করছে। যার ফলে শিল্প সম্প্রসারণে অনর্থের সৃষ্টি হচ্ছে। ইঞ্জিনীয়ারিং শিল্পে, চা-বাগানে প্রভৃতি ক্ষেত্রে ব্যাপকভাবে জোর করে শিল্পকে রুগ্ন দেখিয়ে তারা সরকারী অর্থের অপচয় করছে। এবং এই অর্থ আই আর সি আই থেকে আসছে এবং এই আই আর সি আই-কে কোটি কোটি টাকা তারা দিতে বাধ্য করছে। রুগ্ন শিল্প দেখিয়ে তারাই আবার সেখানে খবরদারী করছে--সেই পুরানো ডিরেকটর মোটা টাকা কমিশন আদায় করছে। এবং এর ফলে আই আর সি আই-এর বহু টাকা তছরূপ হচ্ছে। এইভাবে রুগ্ন দেখিয়ে বেঙ্গল কেমিক্যাল, বঙ্গলক্ষ্মী কটন মিল, বঙ্গোদয় প্রভৃতি শিল্পে লক্ষ লক্ষ টাকা আই আর সি আই থেকে নিচ্ছে। কিন্তু সেখানে সেই পুরানো ডিরেকটারই বসে আছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার যদি এত অর্থ বিনিয়োগ করে থাকেন, তা হলে ঐসব শিল্প-গুলিকে কেন জাতীয়করণ করা হচ্ছে না আমি বুঝতে পারছি না। তাই আমি এই অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে সরকার এই বিষয়ে হস্তক্ষেপ করুন, এই দাবি আমি হাউসের কাছে রাখছি।

শ্রীমতী ইলা রায়: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী ঘোষণা এই হাউসে করতে চাই। কেন না, আপনি জানেন যে, এই গ্রীষ্মকালে চারিদিকে জলকষ্ট আমরা বরাবর দেখে এসেছি, কিন্তু এই বছর যেভাবে জলকষ্ট দেখা দিয়েছে আমার মনে হয় আর কোন বছর এত জলকষ্ট হয় নি। প্রত্যেকটি কেন্দ্রে টিউবওয়েল স্থাপিত হয়েছে, কিন্তু সেই টিউব-ওয়েলগুলি সব অকেজো হয়ে গেছে। আমার কেন্দ্রের টিউবওয়েলে এখন পর্যন্ত জল পড়ছে না, প্রতিটি টিউবওয়েল অকেজো হয়ে গেছে। বিভিন্ন কেন্দ্র থেকে আমার কাছে লোকেরা আসছে এবং তারা বলছে, এই বিরাট অগ্নির মত গরমে আমরা জল ছাড়া কি করে বাঁচতে পারি? আজকে জল ছাড়া মানুষ বাঁচতে পারে না। মাননীয় স্পীকার মহাশয়, বালি থানার অন্তর্গত পশ্চিম দুর্গাপুর থেকে ১০ হাজার লোকের একটি স্মারকলিপি আমার কাছে এসেছে এবং তারা বলছে ১০ হাজার লোকের মধ্যে একটি মাত্র টিউবওয়েল কাজ করছে, প্রত্যেকটি টিউবওয়েল নষ্ট হয়ে গেছে। আমি সরকারের কাছে আবেদন করছি, ঐ ১০ হাজার লোকের জলকষ্ট যাতে নিবারণ হয়

তার ব্যবস্থা করতে হবে। সেখানে ৪ বিঘা জমির উপর একটি পুষ্করিণী আছে, সেই পুষ্করিণী পরিষ্কার নেই, সেটা পরিষ্কার পরিচ্ছন্ন হলে ১০ হাজার লোকের জলকষ্ট নিবারণ হতে পারে, সেই ব্যবস্থা সরকারকে করতে হবে। কেননা ওখানে সাধারণ মধ্যবিত্ত লোকের বাস। তাদের এমন টাকা পয়সা নেই যাতে তারা ঐ পুষ্করিণীটিকে পরিষ্কার করে জল পান করার উপযোগী করে তুলতে পারে। এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলতে চাই। বালী থানার অন্তর্গত ঐ পশ্চিম দুর্গাপুর অঞ্চলে সংক্রামক রোগ, বসন্ত এবং কলেরা ব্যাপকভাবে দেখা দিয়েছে। এখানে আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আছেন, আজকালের মধ্যেই যাতে ওটাকে নিবারণ করতে পারেন তার চেষ্টা করবেন। আমি তাঁর কাছে এই স্মারকলিপিটি দিয়ে দিচ্ছি যাতে এখুনি একটা ব্যবস্থা করতে পারেন তার চেষ্টা করুন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশঙ্করদাস পালঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৪ তারিখে যেদিন আমাদের শুভ নববর্ষ হল সেদিন রাত্রি প্রায় ১২টার সময় আমি একটি ফোন পেয়েছিলাম। আমার এক বন্ধু আমাকে ফোন করেছিলেন। তিনি বললেন এখুনি আমাকে তার বাড়িতে যেতে হবে, কয়েকজন দুর্বৃত্ত ছোরা নিয়ে অ্যাটাক করেছে। আমি বললাম তোমার বাড়িতে আমি গিয়ে কি করবো? তুমি থানায় ফোন কর, থানা নিশ্চয় এর একটা ব্যবস্থা করবে। সে বলল, আমি থানায় ফোন করেছিলাম, তারা বলল, আমাদের লোকজন নেই। আমি তখন বললাম, তুমি ফোন রেখে দাও, আমি ফোনে কথা বলছি। আমি তাদের সঙ্গে কথা বললাম। তারা বলল, এত রাত্রে আমরা ৬-৭ জন ছাড়া অ্যাকসান নিতে বেরতে পারব না। আমি বললাম লোকের ফোন এলে কি ব্যবস্থা করছেন? তারা উত্তরে বলল, আমাদের এই অসুবিধা আছে, তবে আপনি যখন বলছেন তখন যেতে পারি—থানা অফিসার এই কথা বললেন। রিসেন্টলি গভর্নমেন্ট অর্ডার নাকি এসেছে ৬ জন ছাড়া রাত্রে বেরতে পারবে না, ফোনে এইরকম একটা জানাল। গভর্নমেন্ট অর্ডারটা নিশ্চয় মানবেন। তারা বলল, গভর্নমেন্ট অর্ডার তো ভায়োলেট করতে পারব না। তখন জেলা সুপার ছিলেন না, ডেপুটি সুপারিনটেনডেন্ট অব পুলিসের সঙ্গে যোগাযোগ করি। তিনি সব রকম ব্যবস্থা করেন, সি আর পি, পুলিস আনার ব্যবস্থা করেন। আমি পরিষ্কার প্রশ্ন আপনার মাধ্যমে রাখতে চাই যে, পুলিসের লাইফের যেমন দাম আছে তেমনি জনসাধারণের লাইফেরও দাম আছে। বর্তমানে যে সন্ত্রাস দেখা দিয়েছে সেই সন্ত্রাসের হাত থেকে জনসাধারণের নিরাপত্তার ব্যবস্থা করতে হবে এই দাবি আমি পুলিস মন্ত্রীর কাছে পরিষ্কারভাবে রাখতে চাই। পুলিসের যেমন জীবন রক্ষা করতে হবে তেমনি আমরা যাদের দয়ায় এখানে এসেছি তাদের জীবনের নিরাপত্তার ব্যবস্থা করতে হবে। সেই জন্য আমি অনুরোধ করছি, প্রত্যেক থানায় যাতে বেশী সংখ্যক পুলিস থাকে তার ব্যবস্থা আপনি করুন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-30—2-40 p.m.]

শ্রীশরৎচন্দ্র দাসঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে সারা পশ্চিমবঙ্গ তাকিয়ে রয়েছে আমাদের সাঁওতালদি থারমল পাওয়ারের দিকে। সাঁওতালদি থারমল পাওয়ার পশ্চিমবঙ্গের প্রগতি এবং সমৃদ্ধির একটা বিশেষ সম্পদ। কিন্তু যে সাঁওতালদি থারমল পাওয়ার তিন বছরের মধ্যে শেষ হবার কথা ছিল আজ ৬ বছর হয়ে গেল সেটা যে কবে শেষ হবে তার কোন নিশ্চয়তা নেই। স্যার, সাঁওতালদিকে ভিত্তি করে পশ্চিমবঙ্গে বিভিন্ন কলকারখানা ইত্যাদি গড়বার জন্য বর্তমান মন্ত্রিসভার পাওয়ার মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রী সেখানে এক বার দু বার নয়, তিন তিন বার ছুটে গিয়েছেন এবং সেখানকার অফিসার ও কর্মচারীদের অনুপ্রেরণা ও উৎসাহ দিয়ে যাতে ১১ই জুনের মধ্যে এই সাঁওতালদি থারমল পাওয়ার চালু হয় তার জন্য সকলকে অনুরোধ করেছেন। কিন্তু স্যার, এর আভ্যন্তরিণ ব্যাপারে কি কি ত্রুটিবিচ্যুতি আছে সেটা মাননীয় মন্ত্রী ও মাননীয় মুখ্যমন্ত্রী জানেন না। স্যার, এটা আমার কনস্টিটিউয়েন্সীতে, এখানে এমন কতকগুলি গেঁড়াকল রয়েছে যার জন্য কাজ হচ্ছে না। আপনারা শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে, সাঁওতালদি থারমল পাওয়ার যেখানে চলছে সেখানে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের দুজন বড়

আমলা বেনামে কনট্রাকটর বা ঠিকাদারীর কাজ চালাচ্ছেন। একজন হচ্ছেন শ্রী এ বসু প্রজেক্ট কো-অর্ডিনেটার, উনি এন বি কনস্ট্রাকসান বলে একটা বড় রকমের ঠিকা নিজে বাগিয়েছেন। এ ছাড়া শ্রী বি এন দত্ত অ্যাডিশনাল চিফ ইঞ্জিনীয়ার, উনি কৌশল্যা ইঞ্জিনীয়ারিং বলে নিজেই বেনামে ঠিকাদার হয়েছেন। স্যার, আমলারা কেবল চাকরিই করছেন না, স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের এই দুজন আমলা সেখানে বেনামে ঠিকাদারও হয়েছেন। এ'দের যে কাজ সম্পূর্ণ হবার কথা ছিল ডিসেম্বর মাসে সেটা ৩১এ মার্চের ভেতরেও এ'রা শেষ করেন নি। ওখানে যে ডেপুটি চেয়ারম্যান রয়েছেন তিনি বার বার এ'দের বলা সত্ত্বেও যে সমস্ত সামগ্রী বা সাজসরঞ্জাম সরবরাহ করবার কথা এই দুই ইঞ্জিনীয়ার তা করেন নি, ফলে ১১ই জুনের মধ্যে ওখানে হবার কোন সম্ভাবনাই নেই। স্যার, এ'রা কোন রকম সহযোগিতা করছেন না এবং এইভাবে বাধা দিয়ে প্রজেক্টের কাজ যাতে ১১ই জুনের ভেতরে না হয় সে ষড়যন্ত্রে তাঁরা লিপ্ত আছেন এবং যথেষ্ট সর্বনাশ করছেন। যে সময়ের ভেতরে ৯০ শতাংশ কাজ করার প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই সময়ে মাত্র ৪০ শতাংশ কাজ করেছেন। অতএব স্যার, এই দুই অফিসারের বিরুদ্ধে তদন্ত হওয়া উচিত বলেই আমি মনে করি।

শ্রীবলাইলাল শেঠঃ মাননীয় স্পীকার মহাশয়, একটি জরুরি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, পশ্চিমবাংলায় আজকে পরিবার পরিকল্পনার কার্যসূচি ব্যাপকভাবে রূপ নিয়েছে। কিন্তু কয়েকজন চক্রান্তকারী ধর্মের নাম করে পরিবার পরিকল্পনাকে ব্যাহত করছে। ইসলামী নৈতিক দৃষ্টিভঙ্গিতে পরিবার পরিকল্পনা—কাজী মহম্মদ মুস্তাফা লিখিত একটি পুস্তক আছে, এই পুস্তকেতে ভারত সরকারের পরিবার পরিকল্পনার বিরুদ্ধে কিভাবে সাধারণ মানুষকে বোঝান হচ্ছে সেটা এই বইটি দেখলেই বুঝতে পারবেন। অথচ স্যার, আমরা দেখেছি ঐ ইসলাম ধর্ম সম্প্রদায়ের একজন নাম করা ধর্মগুরু যিনি আসাম, বাংলা এবং ত্রিপুরাতে বিরাট প্রভাব রাখেন ফুরফুরার মহম্মদ সিদ্দিক, তিনি নিজে আজকে পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে সহযোগিতা করতে এগিয়ে এসেছেন। মুসলমান সম্প্রদায়ের মধ্যে পরিবার পরিকল্পনা আরো ব্যাপকভাবে প্রচার করা হোক। মুসলমান সম্প্রদায়কে তাদের মধ্যে থেকে এই পরিবার পরিকল্পনা সাব-কমিটি করে তার বিনা পারিশ্রমিকে মুসলমান সম্প্রদায়কে সংগঠিত করে পরিবার পরিকল্পনাকে আরো জোরদার করতে চাই এবং ঐ পীরজাদা সাহেব এইটুকু চাইছেন পশ্চিমবাংলায় এই যে অপপ্রচারমূলক পুস্তিকা বেরিয়েছে এই পুস্তিকা সম্পর্কে যেন কঠোর ব্যবস্থা করা হয়। তাই আমি আপনার কাছে এই অনুরোধ করছি, আজকে যারা ধর্মের নাম করে ভাওতা দিয়ে আমাদের মুসলমান ভাইয়েদের অন্ধকারের মধ্যে ফেলে রেখেছেন। তাদের মধ্যে যারা ধর্মপ্রাণ, যারা ইসলাম ধর্মে বিশ্বাস করে তাদের যুক্তি তর্ক আছে, সেই ব্যাপারে আজকে মুসলমান সম্প্রদায়ের মধ্যে তারা পরিবার পরিকল্পনাকে জনপ্রিয় করে তুলবার জন্য এগিয়ে আসতে চাইছেন, সে জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যাতে এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা অবলম্বন করেন। আমাদের জেলার এম এল এ মহম্মদ সফিউল্লা সাহেব আছেন, তিনি এই ব্যাপারে সক্রিয় সহযোগিতা করবেন।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মাননীয় স্পীকার স্যার, এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। এই অপ-প্রচারের বইটা আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমণ্ডলীর কাছে দিতে চাইছি। কারণ ফ্যামিলি প্ল্যানিং-এর প্রচার করতে গিয়ে আমি নিজে দেখেছি এই ধরনের অপপ্রচার হলে প্রচণ্ড ক্ষতি হয়। কাজেই আমি অনুরোধ করছি, আপনি যদি এলাউ করেন, এই বইটা মাননীয় মন্ত্রিমহাশয়কে দেবার জন্য এবং এর বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করতে হবে। আজকে যখন ফ্যামিলি প্ল্যানিংয়ের প্রচার হচ্ছে, হুগলি জেলার গ্রামে গ্রামে এই ধরনের পুস্তিকা প্রচারে গ্রামের অজ্ঞ মুসলমানরা বলছে যে, বাবু করা যাবে না, এই ধরনের পুস্তক গোলাম মুস্তাফী সাহেব লিখেছেন, কাজেই এ করা যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত জরুরী, আজকে যখন দেশ এগিয়ে যাচ্ছে, তখন এই ধরনের ভ্রান্ত পথে নিয়ে যায় এটাকে রোধ করতে হবে। সে জন্য আমি অনুরোধ করছি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে, তিনি অবিলম্বে এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করুন।

ডাঃ এ এম ও গনি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে কথাটা রেইজ করেছেন তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করি এবং সমর্থন করে মন্ত্রিসভাকে বলবো, মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে এই সম্পর্কে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন। এটা অবশ্য ঠিক নয় যে, মুসলমান সম্প্রদায় ফ্যামিলি প্ল্যানিংয়ের বিরোধিতা করছে। তবে কিছু কিছু মুসলমান আছেন যারা বেগোটেড এবং নানারকম তাদের স্বার্থ আছে। তারা চেষ্টা করছে এর বিরুদ্ধে ক্যাম্পেন করার জন্য। কালকে আমরা কয়েকজন মুসলমান ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে রেডিওতে একটা রেকর্ড করিয়েছি। ২১ তারিখে ৬টার সময় মজদুরমন্ডলীতে প্রচারিত হবে। কিন্তু এই যে অপ-প্রচার হচ্ছে, এটা বন্ধ করার জন্য অনুরোধ করছি।

শ্রীঅজিতকুমার পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেখানে যেখানে কিছু কিছু লোক অপপ্রচার করবার চেষ্টা করেছেন, যেগুলি আমাদের নজরে আসছে আমরা সেখানে খুব তড়িদ্ গতিতে ব্যবস্থা অবলম্বন করছি। যেমন মুর্শিদাবাদ জেলার কিছু কিছু ঘটনা ঘটেছিল এবং সেখানকার স্থানীয় এম এল এ-দের সহায়তায় সেটার ব্যবস্থা নিতে পেরেছি। এইরকম বই আমাদের নজরে এখনও আসে নি। তবে এইরকম বই পেলে নিশ্চয়ই আমরা আস্তে আস্তে এর বিরুদ্ধে ব্যবস্থা নেবো।

শ্রীরজনীকান্ত দলুই : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত এক মাস যাবত কেরোসিন তেল না পাওয়ায় কেরোসিন তেলের অভাবে পশ্চিমবাংলার জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। কেরোসিন তেলের ফাটকাবাজী দেখা দিয়েছে। যেটুকু কেরোসিন তেল বাজারে পাওয়া যাচ্ছে কোথাও কোথাও এক টাকা থেকে দেড় টাকা লিটার বিক্রয় হচ্ছে এবং অগভীর নলকূপগুলি যেগুলি কেরোসিন তেলের অভাবে বন্ধ হয়ে আছে। তার ফলে যে সমস্ত উচ্চফলনশীল পাট, ধানের ফলন প্রভৃত ক্ষতি হওয়ার আশংকা দেখা যাচ্ছে এবং যে সমস্ত চাষীর নিজস্ব পাম্প সেট রয়েছে তা কেরোসিন তেলের অভাবে চলছে না। এবং এই পাম্প সেটগুলি না চলার জন্য সবরকম চায নষ্ট হতে চলেছে। গ্রামে গ্রামে গৃহস্থ বাড়িতে কেরোসিন তেলের অভাবে রাত্রে ছেলে-মেয়েরা পড়াশুনা করতে পারছে না, অসুখবিসুখ থাকলে বাড়িতে অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। সারা রাত বাড়িতে অন্ধকারের মধ্যে থাকতে হচ্ছে। এইরকম অবস্থা হওয়ায় আমি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই কেরোসিন তেলের সংকট দূর হয় এবং এর ফাটকাবাজী বন্ধ হয়, তার জন্য ব্যবস্থা অবলম্বন করুন।

[2-40—2-50 p.m.]

শ্রীঅসমঞ্জ দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত সেই শান্তিপুর থেকে এক্ষুনি আসছি। আপনি জানেন যে, শান্তিপুর তন্তুজীবী অধ্যুসিত এলাকা। আমি দেখলাম এই কদিনে আমাদের প্রায় ৪০ হাজার তন্তুজীবী সম্প্রদায়ের মধ্যে চরম হাহাকার রব উঠেছে। বারবার এই বিধানসভায় বলেছি এই বিষয়ে, কিন্তু পশ্চিমবঙ্গের সরকারের পক্ষ থেকে কোন সমস্যার সমাধান করাতো দূরের কথা, এমন কতকগুলো নির্দেশ জারী করা হয়েছে, তার ফলে সমস্যার আরও প্রকট থেকে প্রকটতর রূপ ধারণ করছে। পশ্চিমবঙ্গ সরকার বর্তমানে তন্তুজীবীদের মধ্যে ন্যায্যমূল্যে সুষ্ঠুভাবে সুতা বণ্টনের উদ্দেশ্যে রেশন কার্ড বিলি করছেন এবং ডিলারশিপ দিয়ে সুতা বিলি-বণ্টনের কথা ঘোষণা করেছেন। কিন্তু এই পরিকল্পনাকে কার্যকর করতে গিয়ে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে প্রত্যেকটি জেলায় লক্ষ্য করছি যে, জেলাশাসকরা যে সমস্ত মহাজনদের কাছে সুতা স্টক আছে, স্টক ভেরিফিকেশনের নাম করে তার সুতা সিজ করে নিচ্ছেন এবং জেলাশাসকের মারফত পশ্চিমবঙ্গ সরকার প্রত্যেকটি ব্যবসায়ীর কাছে খোলাবাজারে সুতা বিক্রি বন্ধের নির্দেশ জারী করে দিয়েছেন। শুধু তাই নয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হ্যান্ডলুম ডিপার্টমেন্ট থেকে কলকাতার বড়বাজারে যত সুতা ব্যবসায়ী আছে, খোলাবাজারে সুতা বিক্রি বন্ধের নির্দেশ দিয়েছেন এবং তাই বড়বাজারে লক্ষ লক্ষ বেল সুতা থাকা সত্ত্বেও দেখতে পাচ্ছি শান্তিপুর, রানাঘাট, নবদ্বীপ, ধনেখালি, বেগমপুর এবং পশ্চিমবাংলার আরও

যে সমস্ত তন্তুজীবী অধ্যুষিত এলাকা আছে সেই সমস্ত এলাকার ছোট ছোট ব্যবসাদাররা কোন রকম সুতো পাচ্ছে না এবং তা না পেয়ে কাজের অভাবে দিনের পর দিন হাহাকার করছে লক্ষ লক্ষ লোক। সরকারের এই যে নেগেটিভ দৃষ্টিভঙ্গি, এই যে নেগেটিভ অ্যাপ্রোচ—পজিটিভ অ্যাপ্রোচ কোথাও নেই তন্তুজীবীদের জন্য, এতদিন কিছু না করতে পেরে বর্তমানে এই যে নেতিবাচক দৃষ্টিভঙ্গি, এই যে নেগেটিভ অ্যাপ্রোচ, অর্থাৎ যেটুকু সুতো তারা পাচ্ছিল, এই খোলাবাজারে সুতা বিক্রি বন্ধের নির্দেশ জারী করে, এই নেতিবাচক দৃষ্টিভঙ্গির মাধ্যমে যেটুকু রোজগারের সম্ভাবনা তাদের ছিল, সেটাকে পর্যন্ত তারা বন্ধ করে দিয়েছেন। তাই আমি দাবি করছি, যতদিন পর্যন্ত সুতা সুষ্ঠুভাবে বিলি-বণ্টন করবার ক্ষমতা অর্জন করতে পশ্চিমবঙ্গ সরকার না পারছেন ততদিন পর্যন্ত অবিলম্বে এই হ্যান্ডলুম ডিপার্টমেন্ট থেকে কলকাতায় এবং পশ্চিমবাংলার প্রত্যেকটি জেলায় জেলাশাসকের মাধ্যমে যে খোলাবাজারে সুতা বিক্রি বন্ধের নির্দেশ দিয়েছেন, অবিলম্বে সেই নির্দেশ প্রত্যাহার করা হোক। যদি সেই নির্দেশ প্রত্যাহার না করেন তা হলে বাধ্য হয়ে আমি বলছি, আমার জেলার যে হাজার হাজার মানুষ তারা হাহাকারের সম্মুখীন হয়েছে, তারা মৃত্যুর মুখে এগিয়ে চলেছে, আমরা বাধ্য হবো যে, আগামী ৭ দিনের মধ্যে যদি পশ্চিমবঙ্গ সরকার এই নির্দেশ প্রত্যাহার না করেন এবং সুষ্ঠু বিলি-বণ্টনের ব্যবস্থা না করেন, তা হলে আমার শান্তিপুরের জনসাধারণকে বিধানসভার সামনে নিয়ে এসে অনশন, সত্যাগ্রহ করতে বাধ্য হব। আমি আশা করবো অবিলম্বে পশ্চিমবঙ্গ সরকার এই বৃহত্তর আন্দোলনের পথে আমাদের ঠেলে দেবেন না। আমি আশা করবো আগামী ৭ দিনের মধ্যে এই নির্দেশ প্রত্যাহার করবেন।

শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অসমঞ্জবাবু যে কথা বললেন আমি সে সম্বন্ধে একটা মেনশান দিয়েছিলাম এবং আপনি আমাকে পারমিসান দিয়েছেন। আমি বলতে চাই, আজকে এমনভাবে সরকার সুতো কন্ট্রোল করছেন বলছেন, আমি মনে করি এই বিষয়ে ব্যবসায়ীরা সরকারকে কন্ট্রোল করছে, সরকার সুতা কন্ট্রোল করেন নি, ব্যবসায়ীরা সুতা কন্ট্রোল করছে। ফলে ৪ লক্ষ তন্তুজীবী যারা পশ্চিমবাংলায় আছেন এবং ১৬ লক্ষ লোক যাদের উপর নির্ভরশীল তারা আজকে না খেয়ে মারা যাচ্ছে। কিছুদিন আগে এই নিয়ে পশ্চিমবাংলায় খুব হৈ চৈ হয়েছে, আমি ৪ দিন অনশন করেছিলাম এবং মন্ত্রিমহাশয় প্রতিশ্রুতি দেবার পর আমি অনশন প্রত্যাহার করেছিলাম। কিন্তু দেখছি পশ্চিমবঙ্গে সুতা নিয়ে এখনও দুর্নীতি চলছে, ক্রাইসিস চলছে, রং নিয়ে ক্রাইসিস চলছে এবং পশ্চিমবাংলার ১৬ লক্ষ মানুষের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। আমি মনে করি এই জনপ্রিয় সরকারের পক্ষে এটা খুব দুর্ভাগ্যজনক পরিস্থিতি। এতে পশ্চিমবাংলার মানুষের আস্থা হারিয়ে যাচ্ছে। আমি সেইজন্য মনে করি পশ্চিমবাংলার যে লক্ষ লক্ষ তন্তুজীবী আজকে বেকার হতে চলেছে -আমরা বেকার সমস্যার সমাধান করার কথা বলছি অথচ আজকে লক্ষ লক্ষ লোক এইভাবে না খেতে পেয়ে মারা যাচ্ছে। আমরা দেখেছি আমরা যখন মিটিং করছিলাম আমাদের চোখের সামনে অনেক লোক অজ্ঞান হয়ে গেছে ক্ষুধার তাড়নায় এবং আমার কাছে খবর আছে কয়েকজন মারা গেছে না খেয়ে। কাজেই আপনার মাধ্যমে স্যার, পশ্চিমবঙ্গ সরকারের যিনি দায়িত্বপূর্ণ পদে বসে আছেন, মন্ত্রিমহাশয় এবং রাষ্ট্র মন্ত্রিমহাশয়, এঁরা বার বার বলেছেন যে, আমরা ব্যবস্থা করছি, কিন্ত কি ব্যবস্থা করছেন জানি না, আমরা দেখছি জেলাশাসক মহাশয়ের কাছে এক রকমের নির্দেশ আর হ্যান্ডলুম ডিপার্টমেন্টের কাছে আর এক রকম নির্দেশ। আমরা জানি এঁরা বার বার সভা করছেন, কিন্তু যারা কালোবাজারী করছে সুতা নিয়ে, চোরাকারবারী করছে সুতা নিয়ে, তাদের কাছে এঁদের কোন কথা খাটছে না। এঁদের কোন কর্তৃত্ব তাদের কাছে খাটছে না। যার ফলে তাঁত বন্ধ হয়ে গেছে এবং তারা না খেয়ে মরতে বসেছে। আমি এই কথাই বলব মন্ত্রিমহাশয় সুস্পষ্ট প্রতিশ্রুতি দিন যে, আপনারা কি করছেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সদস্য শ্রীপরেশচন্দ্র গোস্বামী মহাশয় যে কথা বলেছেন সেটা অত্যন্ত খাঁটি এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা। আমরা সারা পশ্চিমবাংলায় দেখছি অত্যন্ত সুতার অভাব এবং সমস্ত সদস্যরাই এটা অনুভব করছেন। তাঁতীদের যে কি অবস্থা হচ্ছে সেটা আর বলবার নয়। ৭-৮-১০ দিন কাজকর্ম বন্ধ, কারণ সুতো

পাচ্ছে না। তাদের বেশীর ভাগের জমি-টমি নেই এবং তাদের টাক্য পয়সাও নেই যার ফলে কাজ না থাকার জন্য তারা অনাহারের সম্মুখীন হচ্ছে। উনি একটা ঘটনার কথা এখানে বললেন. নিশ্চয়ই সেটা সত্য ঘটনা এবং আমরাও এইরকম অনেক ঘটনার কথা জানি। তাই আমরা চাই যে এই সূতা যাতে পাওয়া যায় এবং তার জন্য উপযুক্ত কার্যকর ব্যবস্থা করা হবে এইরকম একটা কথা আজকে এই বিষয়ের মাননীয় মন্ত্রী অথবা মুখ্যমন্ত্রী আমাদের আশ্বাস দিন। এইটুকুই আমার বক্তব্য।

শ্রীবলাইলাল শেঠঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার সদস্য শ্রীগণেশচন্দ্র হাটুই মহাশয়কে তাঁতীরা ১২ ঘণ্টা আটক করে রাখে সূতার দাবিতে এবং যার ফলে শ্রীগণেশচন্দ্র হাটুই মহাশয় অসহায় অবস্থা ফিল করেন। গতকাল এই বিষয়ে একটা প্রশ্ন ছিল, কিন্তু সেই সময় মাননীয় মন্ত্রী পাশ কাটিয়ে চলে গিয়েছিলেন। আজকে আমি আপনার মাধ্যমে তাঁর কাছে জানাচ্ছি যে, এই তাঁত শিল্পীরা, যারা স্বাধীনতা আন্দোলনের সময় নিজেদের বুড়ো আঙুল দিয়েছিলেন, তাঁদের আজকে এই জনপ্রিয় সরকার বুড়ো আঙুল দেখাচ্ছেন। তাই আমি বলছি, এই সূতার অভাবে তারা অত্যন্ত অসুবিধায় পড়েছেন, সেই জন্য এই বিষয়ে অত্যন্ত তাড়াতাড়ি সরকার কার্যকর ব্যবস্থা অবলম্বন করুন।

(At this stage some honourable Members rose in their seats.)

Mr. Speaker: I am on my legs. Please take your seats. You have drawn the attention of the Hon'ble Ministers; you have also drawn the attention of the House. Hon'ble Minister-in-charge of the Department is not here. He has gone out for two days and he has sought my permission for that. But I will convey the sentiments expressed by so many honourable Members.

Shri Biswanath Mukherjee: But officers are there and they can be called by the Chef Minister.

(At this stage some honourable Members again rose in their seats.)

Mr. Speaker: Please take your seats. As far as I remember this was brought to the notice of the House on the 17th last and Hon'ble Minister Dr. Zainal Abedin made a statement on that day. But if the Hon'ble Minister of State is posted with some information in this regard, certainly this will be welcome in view of the gravity of the situation as expressed by the honourable Members.

[2-50—3-00 p.m.]

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ স্যার, সূতা সম্বন্ধে আমরা জানি যে, অত্যন্ত গুরুত্বপূর্ণ অবস্থা চলছে। এর আগের দিনে প্রশ্নোত্তরের সময় বলেছিলাম যে, আমরা কি ধরনের চেষ্টা করছি। বহুকাল থেকে যে চ্যানেলে সূতার ডিস্ট্রিবিউশন হচ্ছিল, আজকে ইয়ার্ন কন্ট্রোলের পর সেই চ্যানেলের সম্পূর্ণ পরিবর্তন হয়েছে এবং পরিবর্তনকে সহজ করতে ২-১ দিন হয় না। আপনারা জানেন যে, সমস্ত জিনিসটা দাদন পদ্ধতির মধ্য দিয়ে, মহাজন পদ্ধতির মধ্য দিয়ে এতদিন ধরে চলে আসছে। আজকে সেই সিস্টেম সম্বন্ধে কেন্দ্রীয় সরকার বলেছেন যে, রাজ্যসরকার সেই সূতা বণ্টনের দায়িত্ব নিন এবং সেই হিসাবে এর দায়িত্ব রাজ্যসরকারের উপর বর্তেছে। প্রথমে আমাদের যে অসুবিধা হচ্ছে সেটা হচ্ছে সারা ভারতবর্ষে সূতোর প্রোডাকসন কমে গেছে। তামিলন্যাড়ু ইত্যাদি রাজ্যে পাওয়ার কাট হয়েছিল এবং অন্যান্য রাজ্যে রাজনৈতিক অস্থিরতার জন্য সারা ভারতে সূতোর উৎপাদন কমে গেছে। এর ফলে সমস্ত ভারতবর্ষের ক্ষেত্রে সমস্ত রাজ্যে টেক্সটাইল কমিশনার যে অ্যালটমেন্ট দিয়েছেন সেই অ্যালটমেন্ট অনুযায়ী আমাদের চলতে হচ্ছে। আমাদের এখানে ১ লক্ষ ৬০ হাজার তাঁতী আছে এবং ১ হাজার পাওয়ারলুম আছে। তাদের যা প্রয়োজন তার শতকরা ২৫ ভাগ সূতা আমরা পাচ্ছি। আমাদের এই কোটা যাতে আরও বাড়ে তার জন্য মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারকে বলেছেন, মন্ত্রী শ্রীজয়নাল আবেদীন সাহেব

বলেছেন, আমি নিজে গিয়ে কেন্দ্রীয় মন্ত্রীর কাছে সব বলেছি। তাঁরা বলেছেন যে, তাঁরা নিশ্চয় চেষ্টা করছেন। সারা ভারতে প্রায় ৭০০ মিল আছে। এই সমস্ত মিল থেকে তথ্য সংগ্রহ করা হচ্ছে যে, সেই মিলগুলি কতটা প্রোডাকসান করছে, কত সুতো তারা দিতে পারবে। এইভাবে আজ আমরা চেষ্টা করছি কি ভাবে বেশী সুতো তাঁতীদের কাছে পৌঁছে দিতে পারি। এর জন্য পাওয়ারলুম কমিটি রাজ্য স্তরে একটি কমিটি করেছে এবং জেলাস্তরে একটা কমিটি হয়েছে যে কমিটির চেয়ারম্যান হবেন জেলাশাসক এবং তাঁরাই ঠিক করবেন কে ডিলার হবেন, কে সাব-ডিলার হবেন। এর জন্য অনেক অফিস আমরা প্লেস করেছি হ্যান্ডলুম ডেভেলপমেন্ট অফিসার-এর আন্ডারে। যেসমস্ত তাঁতী আছে তাদের প্রত্যেককে র‍্যাশন কার্ডের মত কার্ড করতে হবে। তার কতটা সুতো দরকার, তার কটা তাঁত আছে সেসব সেখানে লিপিবদ্ধ করা হবে। সেই কার্ডের এগেনস্টে এই সাব-ডিলার-এর থ্রু দিয়ে সেই কমিটির সুপারিশ অনুযায়ী সুতো বণ্টন করা হবে। এটা হতে দেরি হচ্ছে। এর কারণ যে চ্যানেলে এতদিন ধরে সুতো ডিস্ট্রিবিউশান হচ্ছিল সেই চ্যানেল আজকে সম্পূর্ণভাবে পরিবর্তিত করতে হচ্ছে। সেজন্য আজ নানারকম অসুবিধা হচ্ছে। আমরা যেমন কোলকাতাতে রাজ্যস্তরে ৯২ জন ডিলার ঠিক করেছি। এই রকম সরকারী লেভেল স্টেট হ্যান্ডলুম অ্যাপেক্স কো-অপারেটিভ সোসাইটি বা অন্যান্য যেসমস্ত আধা-সরকারী সংস্থা আছে সেগুলি যাতে আরও বেশী সুতো দিতে পারে সেজন্য কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে তারা লোন পাচ্ছে। কিন্তু এই স্টেট হ্যান্ডলুম অ্যাপেক্স কো অপারেটিভ সোসাইটির একটা উদাহরণ দিতে পারি যে, আগে মাত্র সারা বছরে এরা ৪-৫ লক্ষ টাকার ব্যবসা করত। এদের ইনফ্রা স্ট্রাকচার নেই, গোডাউন নেই, তেমন লোকজনও নেই। এই ইনফ্রা স্ট্রাকচার করতে সময় লাগবে। তবে আপনারা শুনলে খুশী হবেন যে, আমরা ১ কোটি টাকার স্টেট গ্যারান্টি পেয়েছি। আমরা কোলকাতায় ডিলারদের উপর নির্ভর করছি না। কারণ আমরা জানি যেসমস্ত ব্যবসায়ী এরা যেভাবে আমরা চাচ্ছি যে, ন্যায্য ভাবে ন্যায্য দামে সুতো সরবরাহ করবেন। কাজেই আমরা জানি এই সিস্টেমকে সরকারী ভাবে যতটা কন্ট্রোল করা যায় সেটাই ভাল এবং আমরা সেইভাবে চেষ্টা করছি। এই জিনিস করতে সময় লাগবে। আমরা জানি যত তাড়াতাড়ি করতে পারা যায় তাই আমরা করছি। ৯২ জনের জন্য অল্প সুতো আমাদের এই রাজ্যে অ্যালটমেন্ট হয়েছে। এটা যদি ৯২ জনের মধ্যে ভাগ করা যায়, তা হলে দেখব প্রত্যেকের ভাগে খুব অল্পই অ্যালটেড হচ্ছে। তারা বলেন যে এত কম হলে তারা কি করে কি করবে। এখন প্রশ্ন হচ্ছে নাম্বার অব ডিলার্স কমাতে হবে। এখনই একটা ডিসক্রিমিনেসানের প্রশ্ন আসবে, আমরা এই ৯২ জনের মধ্যে বাদ দিয়ে কাকে রাখব। এইরকম নানান অসুবিধার মধ্য দিয়ে চলতে হচ্ছে। কারণ যে সিস্টেমে ডিস্ট্রিবিউশান হচ্ছিল সেটা বহুদিন থেকে চালু ছিল সেই সিস্টেমকে পরিবর্তন করে একটা নতুন ব্যবস্থা নতুনভাবে করতে হচ্ছে যার জন্য দেরী হচ্ছে।

আশা করি আমরা শীঘ্রই এই সিস্টেম চালু করতে পারব। কিছু কিছু জায়গায় যে সুতা যাচ্ছে না তা নয়, কিছু কিছু জায়গায় সুতা যাচ্ছে। হুগলি জেলায় টেক্সটাইল কতকগুলি মিল আছে, তারা সেখান থেকে সুতা দিচ্ছে। আমাদের কল্যাণী স্পিনিং মিল সুতা দিচ্ছে। স্টেট হ্যান্ডলুম অ্যাপেক্স কো-অপারেটিভ সোসাইটি পশ্চিমবাংলায় যে গোডাউন আছে সেখান থেকে তারা সুতা নিয়ে গিয়ে ডিস্ট্রিবিউশান আরম্ভ করে দিয়েছে। আমাদের বর্তমানে এত ইনফ্রা-স্ট্রাকচার নেই যে ৫ লক্ষের মত তাঁতীর র‍্যাশন কার্ড অনুযায়ী এক মাসের জন্য কত চাহিদা হতে পারে সেটা জানাতে পারবে। সেজন্য আমাদের হ্যান্ডলুম ডেভেলপমেন্ট অফিসারকে বলে দিয়েছি প্রোজেক্ট অফিসার হোক, ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রিয়াল অফিসার হোক, বি ডি ও হোক তাঁদের যদি সার্টিফিকেট থাকে তা হলে নিশ্চয়ই সেই সার্টিফিকেট দেখিয়ে প্রো রেটা হিসাবে তাঁতীরা সুতো নিয়ে যেতে পারে। কাজেই এই ব্যাপারে আমরা চেষ্টিত আছি, একটা চ্যানেল তৈরি করতে দেরি লাগবে, কাজেই একটু ধৈর্য ধরতে হবে।

শ্রীবিশ্বনাথ মুখার্জী: পুরান ব্যবস্থা বন্ধ করে দিয়ে নতন সিস্টেম চালু করতে দেরি হবে বলছেন এদিকে তাঁতীরা সুতার অভাবে যে মারা যাচ্ছে সে খবর কি রাখেন?

Mr. Speaker: Mr. Mukherjee, there is no scope of any discussion. Please take your seat. I now call upon Shri Lalchand Phulmali.

শ্রীলালচাঁদ ফুলমালিঃ মিঃ স্পীকার, স্যার, বীরভূম জেলায় ময়ূরেশ্বর থানায় প্রচণ্ডভাবে খরা দেখা দেওয়ায় বিরাটভাবে জলকষ্ট দেখা দিয়েছে। গ্রামে গ্রামে যে সমস্ত পুকুর ছিল সেগুলি মজে যাওয়ায় জল নেই এবং যে টিউবওয়েলগুলি গ্রামে এবং বস্তিতে বসান হয়েছিল গতবারে খরার সময় তার মধ্যে শতকরা ৬০ ভাগ অকেজো অবস্থায় পড়ে আছে। বি ডি ও অফিসে বার বার মানুষ জলের কল মেরামতের জন্য গেলে বি ডি ও সাহেব তাদের কল মেরামত করে দেওয়ার কোন ব্যবস্থা করতে পারছেন না। তিনি বলছেন যে, আমার কাছে কোন মেটিরিয়াল এবং টাকা-পয়সা নেই, আপনারা বিধানসভায় গিয়ে বলুন যাতে করে টিউবওয়েল এবং টিউবওয়েল মেরামতের জন্য টাকা আসে এবং মেটিরিয়াল আসে। স্যার, আমি আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি, এই প্রচণ্ড খরাতে মানুষ যাতে জলের সুবিধা পায় তার ব্যবস্থা তিনি যেন করেন। এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকানাই ভৌমিকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকার আমাদের পশ্চিমবঙ্গের প্রতি কিভাবে অবিচার করছেন তার একটা ঘটনা উত্থাপন করব এবং সঙ্গে সঙ্গে এই অবিচারের বিরুদ্ধে শ্রমিকরা যে আন্দোলন করছে সেই আন্দোলনকে দমানোর জন্য পশ্চিমবঙ্গ সরকারের পুলিস কিভাবে অত্যাচার করছে তারও ঘটনা বলব।

[3-00 - 3-10 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন হাওড়া জেলার সাঁতরাগাছিতে কেন্দ্রীয় সরকার তৃতীয় পরিকল্পনায় একটি বড় প্রেস তৈরি করবার সিদ্ধান্ত করেছিলেন এবং তার জন্য কাজ আরম্ভ হয়েছিল, ঘরবাড়ি তৈরি হয়েছিল, জায়গা দখল হয়েছিল, ১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল এবং খরচও আরম্ভ হয়েছিল। হঠাৎ দেখা গেল সেখান থেকে সেই পরিকল্পনা বাতিল হয়ে গেল এবং তার যে কাগজপত্র ছিল সেই কাগজপত্র একদিন পুড়ে ছাই হয়ে গেল। এই ব্যাপারে শ্রমিকরা তাদের ইউনিয়নের পক্ষ থেকে খোঁজখবর করলেন এবং প্রতিবাদ করলেন। এই সমস্ত ঘটনা যখন হচ্ছে তখন এঁরা ৮নং কে এস রায় রোডে ইন্ডিয়া গভর্নমেন্টের যে প্রেস আছে সেটাকে ওখানে স্থানান্তরিত করবার চেষ্টা করলেন এবং এইভাবে ওখানকার বিক্ষোভকে দমন করবার চেষ্টা করলেন। তখন আমাদের মুখ্যমন্ত্রীর কাছে ইউনিয়নের তরফ থেকে জানান হল, আপনি এই ব্যাপারে হস্তক্ষেপ করুন। টাকা আছে, জমি আছে, ঘর আছে অথচ প্রেস হচ্ছে না এই অবস্থা চলছে। তাঁকে আরও বলা হল, এখানে কয়েক হাজার লোকের চাকুরি হতে পারে, কাজেই আপনি দেখুন। শ্রমিকরা যখন আন্দোলন করছে তখন জোর করে ৮নং কে এস রায় রোডে যে প্রেস আছে তাকে স্থানান্তরিত করবার চেষ্টা করছে। স্যার, আপনি অবাক হবেন শ্রমিকরা যখন আন্দোলন করছেন, বাধা দিচ্ছে, তখন তাদের পাশে গিয়ে দাঁড়ান দূরের কথা, পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের উপর চাপ দেওয়া দূরের কথা, সশস্ত্র পুলিস পাঠিয়ে সেই আন্দোলনকে দমন করবার চেষ্টা করছে। ইতিমধ্যে ৩৮ জনকে অ্যারেস্ট করা হয়েছে এবং মারধোর করা হয়েছে। যেখানে শ্রমিকদের পাশে গিয়ে সরকারের দাঁড়াবার কথা সেখানে এই জিনিস হচ্ছে। যেখানে কেন্দ্রীয় সরকার তৃতীয় পরিকল্পনাতে একটা পরিকল্পনা করলেন, টাকা বরাদ্দ করলেন, কাজ আরম্ভ হল, সেখানে দেখছি সেটা এখন চলে যাচ্ছে এবং তা নিয়ে কোন লড়াই করা হচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে দাবি করব, তিনি অবিলম্বে এই ব্যাপারে হস্তক্ষেপ করুন এবং এই সমস্ত শ্রমিকদের অবিলম্বে মুক্তি দিন এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে এই প্রেস যাতে সাঁতরাগাছিতে চালু হয় তার জন্য ব্যবস্থা নিন।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি স্থানীয় গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বলছি না, আমি জাতীয় গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বলছি এবং আপনিও এর সঙ্গে জড়িত। সারা বনগাঁ মহকুমার মানুষ রেশনের জন্য পাগল হয়ে উঠেছে। প্রশ্ন হল, আমাদের এখানে কিছু কর্মচারী আছেন যাঁরা ওই লাল বাড়ির বাইরে কখনও পদক্ষেপ করেন না এবং যাঁদের আমরা আমলাতন্ত্র বলি। তাঁরা মন্ত্রীকে উপদেশ দেন, মানুষ পাগল হোক, তখন ব্যবস্থা করব। তা

হলে ভেবে দেখুন, এ'রা কোন অবস্থায় নিতে চাচ্ছেন। কিছু কিছু ভাল অবস্থার লোক ছিল যারা কিছু ধারধ্যের দিত, লোকেরা তাদের ঘটিবাটি বিক্রি করত। এখন রিলিফের জন্য লোকেরা রাস্তায় এসে দাঁড়িয়েছে—এই হচ্ছে কন্ডিসন। বি ডি ও এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বলছেন, অফিসাররা বললেন আমরা সাহায্য করব। সন্তোষবাবু থাকলে হয়ত বলতেন, চাইলেই আমরা সাহায্য দেব। আমার বক্তব্য হচ্ছে, অফিসাররা যা বলবেন তাই কি আমাদের মানতে হবে? আমি আপনাদের বলছি, জনপ্রিয় সরকারের অস্তিত্ব যদি রাখতে হয়, তা হলে অবিলম্বে জি আর-এর কোয়ানটিটি বাড়িয়ে দিন। এ'রা যদি নেমে পড়ে, তা হলে অ্যাসেম্বলীতে এই যে ২২-২৩ কোটি টাকা পাশ করেছেন সেটা খরচ করে কিছু হবে না। আমি সেইজন্য আপনার মাধ্যমে রিলিফ মিনিস্টারকে বলছি, অবিলম্বে রিলিফ দুভাবে দিন—জেনারেল রিলিফ দিন এবং গ্র্যাটুইসাস রিলিফকে বাড়িয়ে দিয়ে রিলিফের কাজ শুরু করে দিন। এই জিনিস যদি অবিলম্বে আপনারা না করেন, তা হলে একে ঠেকাতে পারবেন না।

শ্রীতুহিনকুমার সামন্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুটো জিনিসের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। চতুর্দিকে দারুন গরম, কলকাতা শহরে রাস্তাতে প্রচণ্ড গরম, সুদূর বর্ধমান থেকে এখানে আসার পর প্রত্যেক দিন আমরা যে জল পাই বিধানসভায় তা অত্যন্ত গরম। আমরা একটু ঠাণ্ডা জল চাই, স্যার। আমাদের যে জল গ্লাসে করে দেওয়া হয় তা অত্যন্ত গরম, সেই জল খেলে পেটে যন্ত্রণা হয়। আমরা জানি বিধানসভার কক্ষে হয়ত ঠাণ্ডা জল দেওয়া হয়, কিন্তু সাধারণ যাঁরা সদস্য আছেন বা জনসাধারণ এখানে আসেন তাঁদের বড় জলকষ্ট। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দয়া করে আপনি এদিকে একটু নজর দেবেন এবং যাতে জলকষ্ট দূর হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করবেন। এর জন্য হয়ত কোন বিল আনবার প্রয়োজন হবে না, আপনার একটা নির্দেশেই এটা কার্যকর হবে। সেইজন্যই বলছি দয়া ক'রে আমাদের জন্য একটু ঠাণ্ডা জলের ব্যবস্থা করবেন।

শ্রীঠাকুরদাস মাহাতোঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে গ্রামাঞ্চলের স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের ব্যাপারে সরকারে দীর্ঘসূত্রতা এবং স্থান নির্বাচনের ব্যাপারে আমলাতান্ত্রিক খাম-খেয়ালি এবং দুর্নীতির বিরুদ্ধে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এযাবৎকাল গ্রামাঞ্চলের স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের ব্যাপারে নীতিহীন নীতি অনুসরণ করে আসা হয়েছে। তার ফলে গ্রামাঞ্চলের গরিব মানুষরা অত্যন্ত দুঃখদুর্দশার মধ্যে পড়েছে। খুব আনন্দের কথা, মাননীয় মন্ত্রিমহাশয় যে প্রগতিশীল নীতি গ্রহণ করেছেন যে, প্রতি ব্লকে একটা করে প্রাইমারি এবং সাবসিডিয়ারি হেলথ সেন্টার স্থাপন করা হবে—এটা খুব ভাল কথা। কিন্তু একটি কথা এই ব্যাপারে বলতে চাই যে, কেবল নীতি ঘোষণা করলেই কাজ হবে না। আমরা দেখছি সরকারী আমলাতন্ত্ররা এই ব্যাপারে এত দীর্ঘসূত্রতা এবং এমন দুর্নীতি চালিয়ে যাচ্ছেন যার ফলে ৩-৪ মাস আগে যে সমস্ত অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপ্রুভ্যাল পাওয়া গিয়েছে আজ পর্যন্ত তা রূপায়নের কাজে এগোয় নি। আজকে শালবনী এল্যাকায় প্রাইমারি হেলথ সেন্টার হয়েছে ব্লকের একেবারে কর্নারে। এটা একটা বিরাট এলাকা, এক লক্ষ লোক বসবাস করে তার মধ্যে অধিকাংশই শিডিউল্ড কাস্ট। একটা হয়েছে, আর দুটো তিন বছরের মধ্যে রূপায়ণ হয় নি। আর একটা কথা আমি বলতে চাই যে, তিন-চার বছর হয়ে গেল, বিনপুরে হবে বলে শুনেছি, কিন্তু আমি একটা কথা জানাতে চাই যে, হেলথ সেন্টারের স্থান নির্বাচনের ব্যাপারে কি মানদণ্ড গ্রহণ করবেন তার কিছুই ঠিক করা হয় নি। এলাকার যিনি নির্বাচিত প্রতিনিধি তাঁকে না জানিয়ে গোপনে গোপনে স্থান নির্বাচন করা হচ্ছে, তারা বলছে যে, আমাদের তিনটে করতে হবে, যেখানে ইচ্ছে করতে পারি। সেখানে সাধারণ মানুষের স্বার্থে স্থান নির্বাচিত করা হচ্ছে না, অফিসারদের নিজেদের স্বার্থে স্থান নির্বাচন করা হচ্ছে। সুতরাং মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অনুরোধ যে, ঐ এলাকার যে সমস্ত গণ-দরখাস্ত এসেছে, অফিসারদের উচিত তা যথাযথ তদন্ত করে দেখে স্থান নির্বাচন করা। আমি এই ব্যাপারে স্বাস্থ্যমন্ত্রীর হস্তক্ষেপ করা দরকার এবং যাতে যে স্থান নির্বাচন করা হবে তাতে সাধারণ মানুষের উপকার হয় সেই দিকে তিনি দৃষ্টি দেবেন।

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মুর্শিদাবাদ জেলার তথা পশ্চিমবাংলার একটা বিরাট সমস্যার কথা আপনার মাধ্যমে এই হাউসে তুলে ধরতে চাই এবং সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং তার পূর্বে একটা কথা বলে দিতে চাই যে, গতকাল মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে, আজকে পেপারে দেখলাম যে, কোন দলের কোন লিডারকে পুলিসে সাহায্য দিচ্ছেন, আমাদের আর এস পি-র সভ্যদের পিছনে পুলিসে সাহায্য দিচ্ছেন এই কথা বলেছেন। আমি বলতে চাই স্যার, আমরা কোনদিন পুলিস সাহায্য চাই নি, তবে আই বি-র লোক সাদা পোশাকে যদি আমাদের গোপন তত্ত্ব জানবার জন্য পিছনে পিছনে থাকে, তা হলে সেবিষয়ে আমরা কিছু জানি না। তবে পুলিসের সাহায্য আমরা কোনদিনই চাই নি, ভবিষ্যতে চাইব কিনা জানি না এবং আমরা সে বিষয়ে কখনো চিন্তাও করি নি। সুতরাং মাননীয় মুখ্যমন্ত্রীর এইরূপ মন্তব্য করা উচিত বলে আমি মনে করি না।

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মুর্শিদাবাদের ফরাক্কা থানার বেনিয়াগ্রাম থেকে নবগ্রাম থানার ফলসন্ধ্যা পর্যন্ত বিস্তৃত রাস্তা, জাতীয় সড়ক। এই রাস্তা দিয়ে রাত্রিবেলায় কলকাতা-গামী এবং নর্থবেঙ্গলগামী বাস চলাচল করে, বহু মালবাহী ট্রাক চলাচল করে। কিন্তু দেখা গেছে বার বার, বেনিয়াগ্রাম থেকে ফলসন্ধ্যা পর্যন্ত বিস্তৃত এলাকার উপর রাস্তায় ইট দিয়ে ব্যারিকেড করে ট্রাক থামিয়ে ট্রাক থেকে মালপত্র নিয়ে উধাও হয়ে যায়, সমাজবিরোধীরা এই কাজ করে, অনেক সময় আবার বাস থামিয়ে বাসের যাত্রীদের নিকট থেকে ঘড়ি, টাকা পয়সা ইত্যাদি কেড়ে নিয়ে যায়। আমরা পুলিসের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, তারা বলে যে, আসামীকে ধরতে পারে না। মাননীয় স্পীকার মহাশয়, আই বি ডিপার্টমেন্ট আছে, পুলিস ডিপার্টমেন্ট আছে, কার বাড়িতে কি রান্না হয়েছে, এই সমস্ত হাঁড়ির খবর যেখানে জানতে পারে সেখানে মাননীয় মন্ত্রিমহাশয় দেখুন কেন এই দুর্বৃত্তদের ধরতে পারছেন না। দুর্বৃত্তরা দীর্ঘদিন ধরে, দু আড়াই বছর ধরে এই এলেকায় ক্রমান্বয়ে ছিনতাই চালিয়ে যাচ্ছে, কেন সেগুলির ব্যবস্থা হচ্ছে না? আমি এ ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে যেন এই এলেকার প্রতি দৃষ্টি দেওয়া হয় এবং দুর্বৃত্তদের ধরবার ব্যবস্থা করা হয়।

[3-10--3-20 p.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবাংলার সামগ্রিক স্বার্থের জন্য একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল আমাদের রাজ্য থেকে প্রকাশিত বিভিন্ন সংবাদপত্রে এটা প্রকাশিত হয়েছে যে, কেন্দ্রীয় সরকার আমাদের রাজ্যের জন্য বরাদ্দকৃত গমের অংক কমিয়ে দিয়েছেন। ১৯৭২ সালের ডিসেম্বর পর্যন্ত ১ লক্ষ ২৫ হাজার মেট্রিক টন গম ছিল, এটা আমাদের রাজ্যের ৪ কোটি ৪৪ লক্ষ লোকের জন্য, আভ্যন্তরীণ সংগ্রহ ছাড়া, প্রয়োজন। আর র‍াইস কেন্দ্রীয় সরকার থেকে দিতেন আমাদের ৬৫ হাজার মেট্রিক টন। ১৯৭২ সালের ডিসেম্বর পর্যন্ত আমাদের কেন্দ্রীয় সরকারের দেয় ছিল ১ লক্ষ ২৫ হাজার মেট্রিক টন। কিন্তু ১৯৭৩ সালের মার্চ মাসে সেটা কমিয়ে গমের পরিমাণ করলেন ৮০ হাজার মেট্রিক টন, আর চাল ৬৫ হাজার মেট্রিক টন থেকে করা হল ৪০ হাজার মেট্রিক টন। পার্লামেন্টে পশ্চিমবঙ্গের সদস্যরা এবং এখান থেকে খাদ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয়ের হৈ-চৈ-এর ফলে মার্চ মাস থেকে ৫ হাজার মেট্রিক টন গম বাড়ালেন অর্থাৎ ৮৫ হাজার মেট্রিক টন গম করলেন, কিন্তু এক মাস পরেই আবার কমিয়ে ৮০ হাজার মেট্রিক টন গম করে দিলেন। আমাদের বিধিবদ্ধ রেশনিং এবং ময়দার কলগুলিতে ৭০ হাজার মেট্রিক টন গমের দরকার হয়, তা হলে আর সারা বাংলাদেশের বাকি এলেকাগুলির জন্য ১০ হাজার মেট্রিক টন থাকে। এই যে অস্বাভাবিক অবস্থা বিরাজ করছে, এক দিকে আমাদের পশ্চিমবাংলার উপর দিয়ে প্রবল ঘূর্ণি চলে গেল, খরা চলে গেল, সেই খরার পরে এবারও আবার খরা এই অবস্থায় আমাদের দেশে যে সমস্ত এলেকায় গম উৎপন্ন হয়, সেই এলেকার মধ্যে একটা এলেকা পড়ে, সেখানে বর্তমান অবস্থায় গমের ফলন অস্বাভাবিকভাবে কমে গেছে প্রাকৃতিক দুর্যোগে, শিলাবৃষ্টি ইত্যাদির ফলে গমের ফলনে সামগ্রিকভাবে ক্ষতি হয়েছে। এই অবস্থায় পশ্চিমবঙ্গবাসী ৪ কোটি ৪৪ লক্ষ লোক এখানে বসে আছি, চার দিকে একটার পর

একটা খরা, খাদ্যাভাব, র‍্যাশন ব্যবস্থা ভেঙে পড়ছে, যদি মডিফায়েড র‍্যাশন এলেকার দিকে তাকান যায়, সেখানে দেখা যাবে—অস্বাভাবিকভাবে কমতে কমতে এমন একটা জায়গায় মানুষ পেঁৗছেছে যে, মানুষের ক্রয়ক্ষমতা কমে গেছে এবং যেটুকুও বা আছে, তাতে তার বিনিময়ে আজকে গম পাচ্ছে না।

এই যে অস্বাভাবিক অবস্থা চলছে, এর হাত থেকে আমরা আজকে কি করে বেঁচে থাকতে পারি, সেদিকে অবিলম্বে সরকারকে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করতে হবে। কি করে আমাদের সামনের দিনগুলি কাটবে, সে কথা আমরা চিন্তা করে পাচ্ছি না। আজকে পশ্চিম-বংগের বিধানসভা থেকে যদি এই দাবি আমরা সোচ্চার করে না তুলতে পারি কেন্দ্রীয় সরকারের কাছে, তা হলে কাজের কাজ কিছু হবে না। আমরা জানি একথা পশ্চিমবংগ সরকারের মুখ্য-মন্ত্রী এবং খাদ্যমন্ত্রী বার বার করে দিল্লী যাচ্ছেন ও আমাদের রাজ্যের দূরবস্থার কথা, চাহিদার কথা, প্রয়োজনের কথা কেন্দ্রকে বুঝিয়ে বলছেন। তৎসত্ত্বেও এই খরা পরিস্থিতির মোকাবেলা করবার জন্য আমাদের চাহিদা পূরণ হচ্ছে না, অস্বাভাবিক অবস্থা চলছে। সেখানে কেন আজকে কেন্দ্রীয় খাদ্য ও কৃষি মন্ত্রীর কাছে বার বার অনুরোধ করা সত্ত্বেও আমাদের গমের কোটা কমে গেল? কি উদ্দেশ্য আছে এর পেছনে? এর সম্বন্ধে আমরা জানতে চাই। আমাদের খাদ্যমন্ত্রীর কাছে জানতে চাই, তিনি আমাদের তরফ থেকে এই সভার বক্তব্য ও দাবি কেন্দ্রের কাছে বহন করে নিয়ে যান। আমরা আর এই দুঃসহ অবস্থার মধ্যে বাস করতে পারি না। আমরা যে আগামী ভয়ংকর দিনগুলির সম্মুখীন হতে চলেছি সেকথা কেন্দ্রকে অবহিত করান দরকার।

আমরা গ্রামাঞ্চলের প্রতিনিধি আপনার এলাকায় আমাদের এলাকায় এই গমের জোগান ভেংগে পড়েছে। এই অস্বাভাবিক অবস্থা দূর করবার জন্য এই বিধানসভা থেকে এই প্রস্তাব ও এই সিন্ধান্ত আমরা নিতে চাই, এই মনোভাব আমরা ব্যক্ত করতে চাই কেন্দ্রীয় সরকার একথা বুঝে নিক- পশ্চিমবংগ সরকারের তাঁদের জনসাধারণের জন্য যে গমের প্রয়োজন, সেই গম তাঁকে দিতে হবে। এটা আমাদের ন্যায্য দাবি। আমাদের পার্লামেন্ট যাঁরা আছেন এখান থেকে প্রধানমন্ত্রীর কাছে তাঁদের দাবি সোচ্চার হয়ে উঠুক। আমরা যদি আজ প্রয়োজনমত গম না পাই, তা হলে পশ্চিমবংগবাসীকে বঁাচান কঠিন হয়ে উঠবে। এখানে র‍্যাশন ব্যবস্থা ভেংগে পড়েছে। কি করে এই দূরবস্থা থেকে আমরা রক্ষা পেতে পারি সেদিকে সরকারকে অবিলম্বে দৃষ্টি দিতে অনুরোধ জানাচ্ছি।

শ্রীবিশ্বনাথ মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় বারি সাহেব যে বক্তব্য রাখলেন, তাঁর বক্তব্যকে আমি সমর্থন করছি। গ্রামাঞ্চলের অবস্থা খুবই ভয়াবহ।

শ্রীআনন্দগোপাল মুখার্জী: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি পশ্চিমবঙ্গের মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। বোধ হয় এই দৃষ্টি আকর্ষণ করার প্রয়োজন নাই, কারণ আমরা সকলে হাড়ে হাড়ে এটা উপলব্ধি করছি আমরা যেটাকে বলছি বিদ্যুৎ ঘাটতি। মাননীয় স্পীকার মহোদয়, আমাদের পশ্চিমবঙ্গের এই বিদ্যুৎ ঘাটতি মেটাবার জন্য পশ্চিমবঙ্গ সরকার আপ্রাণ চেষ্টা করছেন এবং উৎপাদন বৃদ্ধি করে এবং যে উৎপাদন হচ্ছে তাকে চালু রেখে, এবং সেই উৎপাদন যাতে ব্যাহত না হয় সেটা ঠিক রেখে সব ব্যবস্থা আমরা করতে চাইছি বিরাট একটা জায়গায় এই বটলনেক হয়েছে তা দেখতে পাচ্ছি। আমরা সরকার থেকে জানতে চাইতে পারি- এই তথ্য হাউসের কাছে রাখা হোক। বিগত তৃতীয় পরিকল্পনা আমরা গ্রহণ করেছি, বিদ্যুৎ উৎপাদনের জন্য সাঁওতালডিতে প্রথম ইউনিট ১৯৭২ সালের মার্চে চালু হয়েছে। দু নম্বর ইউনিট এখনো চালু হয় নাই। কখন হবে জানি না। তিন নম্বর, চার নম্বর ইউনিট ১৯৭৩ সালের মে মাসে চালু হবার কথা কনট্রাক্ট অনুযায়ী। সে সম্বন্ধে কি সেখানে হচ্ছে তাও আমরা জানি না। আমি যে তথ্য জানতে পেরেছি যে বয়লার ম্যানুফ্যাকচার তারা করছে, সেই বয়লার ম্যানুফ্যাকচারের স্পেসিফিকেশন ইন্ডিয়ান পাওয়ার অ্যাক্ট অনুযায়ী হবে, না, ইন্টারন্যাশনাল বয়লার অ্যাক্ট অনুযায়ী হবে এই নিয়ে ঝগড়া চলছে সেখানে। থার্ড ইউনিট ও ফোর্থ ইউনিট এবং সেকেন্ড ইউনিট-এর ইনস্টলেসান অ্যান্ড

কমিশনিং ডিলেড হচ্ছে কিনা তা আমি সরকারের কাছে জানতে চাই। আরো জানতে চাই, কত-দিন এই সরকারের কাছে এই সিদ্ধান্ত পড়ে আছে? তা যদি পড়ে থাকে, তা হলে তা কেন পড়ে আছে? কোন্ পর্যায়ে পড়ে আছে? এই পড়ে থাকার কারণই বা কি? আাট অল বিদ্যুৎ উৎপাদনের যে সমস্যা দেখা দিয়েছে, এটা তার কারণ কিনা?

[3-20—4-00 p.m.]

আমি মনে করি যে তথ্য আমরা সংগ্রহ করেছি এইটা একটা মূলগত কারণ এবং সেই মূলগত কারণের জন্য আজকে সাঁওতালদিহিতে যে দুটো থার্মাল পাওয়ার প্ল্যান্ট ইউনিট চালু হওয়া উচিত ছিল তা হতে পারে নি এবং দেরি হচ্ছে এবং বয়লারের স্পেসিফিকেসান অনুযায়ী ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যান সময়ে কাজ শুরু হওয়ার কথা ছিল, এখনও তার ম্যানুফাকচারই শুরু হয় নি। এই স্পেসিফিকেসান যদি ঠিক না হয়ে থাকে, তার জন্য দায়ী কে? বিদ্যুৎ ঘাটতির জন্য আমাদের চিন্তা যদি না হয়ে থাকে, তা হলে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনার মাধ্যমে এই সমস্যার সমাধানের জন্য কেন ব্যবস্থা নেওয়া হয় নি? কেন একে অগ্রাধিকার দেওয়া হয় নি? আজকে হাজার গ্রামে বিদ্যুৎ সরবরাহ করবো বলছি, এই সমস্যার কথা চিন্তা যদি না করি, তা হলে যে আমলাতন্ত্রের উপর নির্ভর ক'রে সাধারণ মানুষের কাছে কমিটমেন্টস দিচ্ছি তার কোন ভিত্তি নেই। তাই সমস্ত তথ্য হাউসের সামনে রাখবার দাবি রাখছি।

Mr. Speaker: Shri Birendra Bijoy Malladeb may now speak.

(Shri Birendra Bijoy Malladeb rose to speak.)

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সর্বনাশের সিংহদ্বারে দাঁড়িয়ে আছি। বিষয়টা অত্যন্ত জরুরী। সমগ্র পশ্চিমবঙ্গ অত্যন্ত সংকটের মধ্যে রয়েছে। মন্ত্রিসভা এই সংকট নিরসনের জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন আজকে সেটা পরিষ্কারভাবে জানতে চাই বিদ্যুৎমন্ত্রীর কাছ থেকে এবং..........

Mr. Speaker: I have not permitted you to make a speech. Even then if you go on making a speech you will be creating a bad precedent. You know a calling attention motion on the subject has been admitted and the Hon'ble Minister concerned has fixed a date for making a statement.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ কিন্তু কিছুই হচ্ছে না। কিছু না হলে আমরা দাঁড়াবো কোথায়? কল-কারখানা বন্ধ হয়ে যাচ্ছে।

Mr. Speaker: For that rules will be infringed. I have called Shri Birendra Bijoy Malladeb to make a speech but without taking my permission you have made a speech and by doing so you have encroached upon the time of other honourable Members. I think Shri Ananda Gopal Mukherjee has been able to draw the attention of the House more purposefully. He knows all the details and he has given a detailed account on the subject. He has drawn the attention of the House and he has made the point perfectly clear, and I think honourable Members have appreciated that.

I now call upon Shri Birendra Bijoy Malladev to make a speech.

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেবঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের এখানে পশ্চিমবঙ্গ সরকার আগামী বছরের জন্য..............

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ আজকে খাদ্যমন্ত্রী আছেন। যেকথা বললাম খাদ্য ঘাটতির কথা, কেন্দ্রীয় সরকার গম দিচ্ছে না। অ্যাকচুয়াল স্টেট অ্যাফেয়ারসটা কি?

Mr. Speaker: Shri Biswas, you know the limitation of the Chair. I am bound by the rules of procedure of the House. I am a servant of the House. I cannot insist an Hon'ble Minister on making a statement, I cannot compel him to do so. I cannot go beyond the rules.

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেবঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্ব-পূর্ণ ব্যাপারে এই সভার সকলের এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে, কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় পশ্চিমবঙ্গ সরকার আগামী বছরে পশ্চিমবঙ্গের জন্য একটি গুরুত্বপূর্ণ কৃষি পরিকল্পনা নিয়েছেন। এ পরিকল্পনায় প্রায় ৩৫ কোটি টাকা খরচ হবে এবং পরি-কল্পনা কতকগুলি জেলার জন্য করা হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের কথা যে, আমাদের মেদিনীপুর একটি কৃষিভিত্তিক জেলা যেখানে জমির পরিমাণ সবচেয়ে বেশী, এগ্রিকালচারাল লেবার সবচেয়ে বেশী, সার্ভে করে দেখা গেছে যে, গ্রাউন্ড ওয়াটারও সবচেয়ে বেশী। এই কৃষির সুযোগসুবিধা যেখানে সবচেয়ে বেশী সেই মেদিনীপুরকে কেন বাদ দেওয়া হল তা জানি না। এর জন্য আমি অত্যন্ত দুঃখিত। তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি যে, মেদিনীপুরকে এই পরি-কল্পনার মধ্যে আনা হোক এবং এটা হচ্ছে আমাদের দাবি।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি ছোট টেলিগ্রাম পড়ে দিচ্ছি, আমি বেশী সময় নেবো না। এই টেলিগ্রামটি পাঠিয়েছেন শ্রীতাহের হোসেন, বার্নপুর, ইন্ডিয়ান আয়রন স্টীল ওয়ার্কার্স ইউনিয়নের জেনারেল সেক্রেটারী।

> "Persistent refusal by local management Burnpur Steel Factory to give trial to workers' proposal for fulfilling production target in Department as per Steel Minister's public commitment threatens complete deadlock in steel production Stop Apprehended conspiracy by a section of top officials sabotage production discredit public sector management. Shifting blame on workers Stop Demand immediate removal Manager Brick Department to ensure implementation Steel Minister's commitment stop Union guarantees full production stop Intervene treating this as SOS".

শ্রীতৃপ্তিময় আইচঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য যে বিষয়টি আপনার সম্মুখে রাখলেন আমি ঐ এলাকার জনপ্রতিনিধি। এই জিনিস বহুদিন হয়েছে। এবং এ নিয়ে অনেক গোলমাল চলেছে এবং বর্তমানে অসন্তোষ ক্রমশ বেড়েই চলেছে। রাজ্যসরকারের উচিত এখনই হস্তক্ষেপ করে যাতে উৎপাদন ব্যাহত না হয় তার ব্যবস্থা করা। তা না হলে যেভাবে দিনের পর দিন বিক্ষোভ বেড়ে চলছে তাতে উৎপাদন ব্যাহত হবেই। তবে আনন্দের কথা কলকাতায় শুনলাম এগ্রিমেন্ট নাকি কাল সন্ধ্যাবেলায় হয়েছে। তাতে যদি অবস্থা স্বাভাবিক হয়, তা হলে আমরা সবাই খুশী হবো তাতে কোন সন্দেহ নেই।

(At this stage the House adjourns for half an hour.)

(After adjournment)

GOVERNMENT BILL

LEGISLATION

The West Bengal Housing Board (Amendment) Bill, 1973

[4-00—4-10 p.m.]

Shri Bholanath Sen: Sir, I beg to introduce the West Bengal Housing Board (Amendment) Bill, 1973.

(Secretary then read the title of the Bill)

Shri Bholanath Sen: Sir, I beg to move that the West Bengal Housing Board (Amendment) Bill, 1973, be taken into consideration. Sir, with your permission I address in English.

It is considered necessary and expedient to amend the West Bengal Housing Board Act, 1972 for making certain essential provisions for the efficient functioning of the Housing Board set up under the Act. The provisions mainly relate to the following :—

(i) enabling the Chairman of the Board constituted under the Act to exercise all the powers vested in the Board under the Act;

(ii) delegation of powers by the Board to the Housing Commissioner and to other officers;

(iii) enlarging the scope of activities of the Board particularly to enable it to undertake the development of any urban or rural area ancillary or incidental to any of the housing scheme of the Board and to construct houses for the members of the Co-operative Societies; and

(iv) ensuring that the debts incurred by the Housing Board from the State Government, banks, etc. may have priority in the matter of repayment over all other debts of the Board.

Sir, with regard to the first point that the Chairman should exercise all the powers, it is necessary because the Board has been constituted mainly by people who are not representatives of the Houses. Apart from that rest of them are officials and sometimes they are not available so easily and after all the Minister of the Housing Department is ex officio Chairman who is responsible for the activities of the Chairman of the Housing Board, to this House and it is necessary for efficient management that the Chairman of the Housnig Board who is answerable to this House, should have powers so that he can manage it to the satisfaction of the House unlike other statutory boards. In other statutory boards what happens—the Chairman is not normally the Minister who is answerable to the House. But the Minister or his Department only manages or governs departmentally that statutory Board. Here the Minister himself being the Chairman and being responsible to the House should have not only the liability and obligation before the House to answer all the questions and work to the entire satisfaction of the House but also should manage the Board in such a manner as the wishes of the Legislature may be translated into action through the Board.

The second point is delegation of powers by the Board to the Housing Commissioner and other officers. This was really a lacuna, which, I think, needs clarification because some of the legal experts were of the view that the Act already contained that power and some were of the view that it did not contain that power. Naturally, to make it abundant caution—what we call it in Latin words is Abundantia Cautilla—we have included the specific power of delegation. Otherwise what happens is, that on the question as to who will purchase a pension or who will purchase a paper, the Housing Board will have to sit every time. This is an impossible thing. This has of necessity to go into the body of the Act. The other thing is that we had noticed that in the Act the whole idea is really housing. But in the very first meeting of the Housing Board it was noticed that the housing activities by itself may be construed to mean only constructing certain houses and nothing else. In modern life in any locality where poor people will live or middle income group people will live—there they naturally will have smaller space which they can afford and necessarily they will have to have parks or places of entertainment for their children so that though they live within a small compact area they

can also have the space to play and their mothers can look after their children sitting in their own houses and also do the home work. These do not directly come within the expression of housing but come within the expression of the development work and activities concerning housing. That is, for giving better amenities it may also be necessary for the Housing Board making houses for the poorer section of the people to give them scope for their business activities like work-cum-living centre and I can see myself as a citizen of this State that a day is coming when women will take more and more part in public life in the sense that they will have business, they will go in the jobs at least to help augment the source of income of their husband, and also they will have to look after their children and their family. Today, it is becoming more and more necessary for many people, in many families both for the husband and the wife to work together. So if a work centre or a shop or some kind of a stall is opened on the ground-floor and living space is given on the first floor or the second floor then the women or the lady of the House can work downstairs and also go upstairs to look after the family. So that is also necessary. It is partly ancillary for the purpose of housing which activity was not warranted or allowed within the scope of the Act as it originally stood. Now, the vision has enlarged and so according to the necessity of the people, as we felt while discussing in the Housing Board, that this sort of an amendment is necessary to give the people better amenities for living as well as for earning as well as for entertainment.

The last thing is with regard to the debts incurred by the Housing Board from the State Government, Banks, etc., having priority. It is necessary because you will appreciate that normally debts will be mainly from the LIC or the Government of India or Banks or the HUDCO or some such financial institutions.

[4-10—4-20 p.m.]

And these financial institutions would be very chary if their debts are not given priority. There are many Acts, I am told, which have made this provision so that the State's money has the priority. The State always has the priority and this is being given here and in most of the cases, if not hundred per cent. cases, the loans will be from the Government and the financial institutions, and you will see that if there is ever any shortage—there is no likelihood of any shortage but if there is ever any shortage—they will abate equally standing pari passu with regard to the other similar institutions like Government or the Government undertakings or financial institutions from which we shall be borrowing money. These few amendments have been found very necessary while we actually came to work out the Act. Originally, the idea was very big. Then it was cut short and it was made limited to housing activities. We do not want to plunge ourselves into very many projects, and while cutting it short we limited our activities to housing only. But while we started working—it is actually functioning now—we found that these powers were very necessary to make it democratic, to make it answerable proprely to the legislature. The Minister himself being the Chairman is always answerable and whoever will be the Minister in future for Housing, will have to answer for all activities. He will not be able to say that this is an autonomous body, I have to take information from this autonomous body; they are making enquiries from this autonomous body and so I will have to look into the rules and regulations; my power is limited. The limitations of powers of the Minister with regard to activities of the Department is, I think, the limitation of powers to the legislature because then the legislature cannot get all answers or the information. He cannot give all the directions at once even when it is felt very urgent. That is why the Housing Minister has been made the Chairman and answerable here

and unless he is given the supreme power to translate the wishes of the legislature it will not work in a democratic fashion and that is the reason why these amendments are being brought. Sir, with these few words I request the House to consider this Bill and give its approval thereto.

Mr. Speaker: There is a motion for circulation of the Bill by Shri Shish Mohammad. The amendment is in order. But before Shri Shish Mohammad moves his amendment I call upon the Hon'ble Education Minister, Shri Mrityunjoy Banerjee, to make a statement under rule 346.

Statement under rule 346

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতিক্রমে আমি এই বিবৃতিটা মাননীয় সদস্যদের সামনে রাখছি। এটা খুবই দুঃখের বিষয় যে, পশ্চিমবঙ্গের কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকমণ্ডলী গতকাল থেকে লাগাতার ধর্মঘট করে চলছেন। তাদের পারিশ্রমিক ও চাকুরির অন্যান্য অবস্থা সংক্রান্ত কতকগুলি অসুবিধা ও অভিযোগ গত কয়েক বছর ধরে জমাট হয়ে আছে। এই নিয়ে গত বৎসর আমার তাদের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা হয়েছিল। সম্প্রতি মার্চ মাসে মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী এবং আমার সঙ্গে আবার আলোচনা হয়। তাদের দাবিগুলি অনেকদিনের এবং কতকগুলি জটিল ধরনের। কোন কোন দাবির ক্ষেত্রে কিছু প্রসিডিওর বা পদ্ধতিগত বাধা ছিল। আবার কোন কোন ক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষর যথাযথ হিসাব ও তথ্য না পাওয়ায় কোন ব্যবস্থা অবলম্বন করা সম্ভব হয় নি। তবুও গত কয়েকদিন ধরে আলাপ-আলোচনা করে সরকারের সীমিত ক্ষমতা অনুযায়ী প্রায় সমস্ত প্রধান প্রধান দাবিগুলি আমরা মেনে নিয়েছি। তার মধ্যে উল্লেখযোগ্য হল -(১) ফুল পে প্যাকেট স্কীম বা মাসে মাসে পুরো মাইনে দেবার জন্য সরকারী সহায়তা, (২) ফিক্সেশন অব পে ইন দি ইন্টিগ্রেটেড স্কেল বা সংযুক্তি হারে বেতন নির্ধারণ, (৩) প্রভিডেন্ট তহবিলে সরকারী দেয় বকেয়া অংশ দান, (৪) বি এস-সি পাশ ডিমনোস্ট্রেটরদের উন্নত হারে বেতন নির্ধারণ, (৫) বিভিন্ন কলেজে অধ্যাপক নিয়োগ এবং সেই ভিত্তিতে পদগুলির অনুমোদন, (৬) ৬০-৬৫ বৎসর বয়সের ক্ষেত্রে সংশোধিত বেতন হারের সুবিধা দান।

(১) সরকার মনে করেন যে, অধ্যাপকদের মাহিনা মাসে মাসে নিয়মিত ভাবে পাওয়া উচিত, যদিও এই ব্যাপারে বিভিন্ন কলেজ কর্তৃপক্ষ তাঁদের ছাত্রছাত্রীদের কাছ থেকে যে ফি আদায় করেন তা থেকে খানিকটা অংশ মেটানো হয়। স্থির হয়েছে যে, আর্থিক বৎসরের প্রথম তিন মাস শেষ হবার পূর্বে, সম্ভবত এপ্রিলের শেষ থেকে মে মাসের মাঝামাঝির মধ্যে সরকার পূর্ব বৎসরের দেওয়া অনুদানের ভিত্তিতে এই প্রথম তিন মাসের জন্য অনুদান কলেজ কর্তৃপক্ষকে অগ্রিম দিয়ে দেবেন। এর পরে পরের ত্রৈমাসিক কালের জন্য পূর্ব পূর্ব অনুদানের ইউটিলাইজেশন সার্টিফিকেট বা ব্যবহার সংক্রান্ত হিসাব পেলে অগ্রিম দেওয়া হবে। সাধারণত আগে বিল করলে বা পূর্বেকার হিসাব দিলে তবে সরকারী সাহায্য পাওয়া যেতো। এই ক্ষেত্রে তার ব্যতিক্রম করে অগ্রিম টাকা দেওয়ার সিদ্ধান্ত করা হয়েছে। প্রসঙ্গত বলা যেতে পারে, এ ব্যবস্থা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে চালু নেই।

(২) স্পনসর্ড কলেজের প্রায় অধিকাংশ এবং বেসরকারী কলেজের প্রায় অর্ধেক সংখ্যক শিক্ষকের সংযুক্তি হারে বেতন নির্ধারণ হয়ে গেছে। অবশিষ্ট ক্ষেত্রে আগামী ছয় মাসের মধ্যে এই কাজটি সম্পন্ন করা হবে বলে আশা করা যাচ্ছে। তবে এই ব্যাপারে কলেজগুলোকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে আমাদের সাহায্য করতে হবে। এই কাজের জন্য কর্মচারীর সংখ্যা বাড়ানোর চেষ্টা করা হচ্ছে। তা ছাড়া যতদিন পর্যন্ত পে ফিক্সেশন বা বেতন নির্ধারণ করা না হচ্ছে ততদিন পর্যন্ত অধ্যাপকগণ যাতে নির্দিষ্ট হারে ন্যূনতম বেতন পান অর্থাৎ মাসিক তিনশত টাকা, সেই উদ্দেশ্যে সরকার দেয় অ্যাডহক অনুদান প্রয়োজনমত বাড়ানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তবে ইহা বলে রাখা দরকার যে, অনুমোদিত পদে নিযুক্ত শিক্ষকদের ক্ষেত্রেই বেতন নির্ধারণের কথা উঠে।

(৩) প্রভিডেন্ট তহবিলে ইউ জি সি বেতনের উপর নির্দিষ্ট হারে সরকারের দেয় অংশ বিভিন্ন কলেজগুলির নিকট প্রয়োজনীয় তথ্য পেলে দিয়ে দেওয়া হবে। সংশোধিত ও সংযুক্তি হারে বেতনের উপর দেয় অংশ ইতিমধ্যে নীতিগতভাবে মেনে নেওয়া হয়েছে। এই বিষয়ে সরকারী আদেশ শীঘ্রই জারী করা হবে।

(৪) বি এস-সি পাশ ডিমনেস্ট্রেটরদের উন্নত হারে বেতন দেওয়ার নীতি সরকার মেনে নিয়েছেন। এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে পরামর্শ করে ইতিমধ্যে প্রয়োজনীয় আদেশ জারী করা হয়েছে। তবে এই ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের অনুমোদন লাগিবে।

(৫) বিভিন্ন কলেজ কর্তৃপক্ষ সময় সময় তাঁদের নিজ বিবেচনামত অধ্যাপক নিয়োগ করে থাকেন। এই বিষয়ে আমাদের বক্তব্য যে, যদি সরকারকে সাহায্য দিতে হয়, তা হলে তা কোন ব্ল্যাংকেট কনট্রিবিউশন বা নিঃশর্ত অনুদান হিসাবে দেওয়া সম্ভব নয়। সরকার এই ব্যাপারে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের স্ট্যাটুট মেনে নেবেন। যথা—প্রতি অধ্যাপকের সর্বোচ্চ অধ্যাপনার সীমা সপ্তাহে মোট ১৮ ঘণ্টা, পাশ পড়াতে দুজন এবং অনার্স পড়াতে চার জন অধ্যাপক। এইসব নিয়মগুলি পালন করা হবে। তবে বিক্ষিপ্ত ভাবে কলেজ স্থাপন এবং আমাদের বিনা পরামর্শে যথা তথা অনার্স খোলার ফলে অনেক ক্ষেত্রে সরকারী অর্থের অপচয় হচ্ছে।

[4-20—4-30 p.m.]

যেমন অনেক অনার্স ক্লাস-এ মাত্র ২।৩ জন ছাত্র আছে অথবা অনেক কলেজ আছে যেখানে ছাত্র-সংখ্যা ১৫০ জনের বেশী নয়। এসব ব্যাপারে আমরা চাই সরকারী অর্থের অপচয় বন্ধ করা। এই উদ্দেশ্যে ভবিষ্যতে রেশনালাইজেশনের ব্যবস্থা অবলম্বন করা প্রয়োজন হবে। এইসব ক্ষেত্রে আমরা অধ্যাপকমণ্ডলীর সহযোগিতা কামনা করে।

(৬) কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ-আলোচনার পর সরকার ৬০-৬৫ বৎসর বয়সের অধ্যাপকগণকে সংশোধিত হারে বেতনের সুবিধা দানের আদেশ জারি করেছেন। এই আদেশের নং ৬১৫-ই ডি (সি-এস), তাং ৩০এ মার্চ, ১৯৭৩।

যে দুটো প্রধান ব্যাপারে সরকার অধ্যাপকমণ্ডলীর দাবি মেনে নিতে পারেন নি, তা হল (১) পূর্বপ্রচলিত হারে সকলের ক্ষেত্রেই মহার্ঘ ভাতা, এবং (২) ট্রিপিল বেনিফিট স্কীমে বা অবসর গ্রহণের পরে ত্রিমুখী সুবিধা দান।

(১) সরকার এই মত পোষণ করেন যে, কলেজগুলিতে যখন নির্দিষ্ট বেতনক্রম চালু হয়েছে তখন অধ্যাপকগণের মহার্ঘ ভাতাও সমান হওয়া উচিত। এই জন্য সরকার আদেশ জারী করেন যে, একটি নির্দিষ্ট তারিখ থেকে নূতন অধ্যাপকগণ মোট ১৫৮ টাকা মহার্ঘ ভাতা হিসাবে পাবেন। তন্মধ্যে সরকারের দেয় অংশ হল ১১৮ টাকা। কিন্তু সরকার এই কথাও বলেছেন যে, এই আদেশ জারীর পূর্বে যাঁরা বাড়তি হারে মহার্ঘ ভাতা পেতেন তাঁদের বাড়তি হারেই মহার্ঘ ভাতা দেওয়া চলবে।

(২) ত্রিমুখী সুবিধা সরকারের পক্ষে বর্তমান আর্থিক অবস্থা বিবেচনা করে দেওয়া সম্ভব নয়। তবে ইহা উল্লেখযোগ্য যে, কি প্রাথমিক কি মাধ্যমিক শিক্ষক কেহই একই সময়ে ত্রিমুখী সুবিধা পান না।

পরিশেষে আমি এইটুকু বলতে চাই যে, গত কয়েক বৎসরে নৈরাজ্যের ফলে ইতিমধ্যে শিক্ষা-জগত যথেষ্ট ক্ষতিগ্রস্ত হয়েছে। অনেক ছাত্রছাত্রী, যারা আমাদের দেশের ভবিষ্যত তারা পড়া-শুনার সুযোগ থেকে বঞ্চিত হয়েছেন। ফলে তাদের কেরিয়ার একেবারে ধূলিসাৎ হয়ে গেছে। বর্তমানে শিক্ষাক্ষেত্রে নিয়মিত শান্তি ফিরে আসার ফলে ছাত্রছাত্রীরা যখন পড়াশুনার সুযোগ ফিরে পেয়েছেন, ঠিক সেই সময়ে অধ্যাপকগণের ধর্মঘটের দরুন আবার নৈরাজ্য ও অনিশ্চয়তা দেখা দিবে। তাই আমার অনুরোধ যে, অধ্যাপকমণ্ডলী যেন অবিলম্বে ধর্মঘট প্রত্যাহার করে তাঁদের পক্ষে যে বাকি দাবিদাওয়া আছে সেগুলি সম্পর্কে আপোস-আলোচনায় বসেন। আমার বিশ্বাস তাঁদের ন্যায্য দাবিগুলি সরকার রীতিমত সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন।

শ্রীমতী ইলা মিত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে কথাগুলি এখানে এক নিঃশ্বাসে পড়ে গেলেন, সেগুলি আমরা ঠিকমত বুঝতে পারলাম না। কাজেই তিনি যে বিবৃতি দিলেন সেই বিবৃতি আমাদের কাছে পরিষ্কার হল না। শুধু আমাদের কাছেই নয়, আমরা সেই বিবৃতি আমাদের শিক্ষকদের কাছে বলব, সুতরাং তাঁদের কাছেও এটা পরিষ্কার হল না।

(গণ্ডগোল)

বিবৃতিটা আমাদের কাছে সার্কুলেট করা হোক। তিনি যে বক্তব্য দিলেন তার মধ্যে কিছু কিছু ভাল কথা আছে। কিন্তু আমার মনে হচ্ছে যে, এগুলি শিক্ষকদের কাছে সন্তোষজনক হবে বলে মনে হয় না। কেন না কতকগুলি যে কথা ভাল বললেন তার সঙ্গে ভেগনেস রয়েছে। তিনি বলছেন গত মার্চ মাসে এবং তার পরবর্তীকালে বহু আলোচনা শিক্ষক প্রতিনিধিদের সঙ্গে হয়েছে। এ বিষয়ে পরশু একটা চিঠি শিক্ষক সমিতির অফিসে পাঠিয়েছিলেন এবং শিক্ষক সমিতির সম্পাদক অধ্যাপক দিলীপ চক্রবর্তী তার জবাবও শিক্ষামন্ত্রীর কাছে পাঠিয়েছেন। কাজেই এখানে যেসব কথা তিনি বললেন, তাতে একমাত্র টাইমলি পে পাওয়া যাবে ছাড়া আর বিশেষ কিছু তিনি পরিষ্কারভাবে বলেন নি। ফিক্সেশান অব পে সম্বন্ধে তিনি বললেন, ফিক্সেশান অব পে এবার থেকে হবে। কিন্তু কবে থেকে হবে সে টাইম বলা হয় নি। প্রভিডেন্ট ফান্ড কবে থেকে নেওয়া হবে সে সম্পর্কে বলা হয় নি। অধ্যাপক সম্বন্ধে বলেছেন স্ট্যাটিউট অনুযায়ী হবে। কিন্তু সঙ্গে সঙ্গে যে ভেগনেস রয়েছে, তা যদি পরিষ্কার না করা যায় তা হলে কি হবে?

Mr. Speaker: I will not allow any discussion. There is no scope of any discussion on the statement of the Hon'ble Minister.

শ্রীমতী ইলা মিত্রঃ পশ্চিমবঙ্গে এর আগে কোনদিন কন্টিনিউয়াস সিজ ওয়ার্ক হয় নি। এটা একটা অভূতপূর্ব ঘটনা। সেজন্য এসব জিনিস যদি পরিষ্কারভাবে আমরা না জানাতে পারি, তা হলে কি হবে? আমরা এখানে আছি কিসের জন্য? আমরা চাই এটা উইথড্র হোক। কিন্তু এটা হবার আগে সমস্ত বিষয়ে পরিষ্কার হওয়া দরকার। এইরকম কন্টিনিউয়াস সিজ ওয়ার্ক কখনও হয় নি। তাঁরা অনশন ধর্মঘট করারও সিদ্ধান্ত নিয়েছেন। প্রত্যেকটা জিনিস তিনি যা বলেছেন তাতে মনে হচ্ছে ভাল ভাল কথা, কিন্তু আদতে সমস্তই অস্পষ্ট রয়েছে। কোন টাইম বাউন্ড বলা হয় নি।

Mr. Speaker: I do not allow any dsicussion on the statement made by the Hon'ble Minister. Points may be raised seeking information or clarification only. It is not the proper way of putting things.

শ্রীমতী ইলা মিত্রঃ যেকথা বলেছেন তা মোটেই সন্তোষজনক নয় বলে আমরা মনে করি। এসব যদি ক্ল্যারিফাই করে বলেন, তা হলে আমাদের ভাবার অবকাশ আছে, না হ'লে এখানে যে বিবৃতি করা হল তা মোটেই সন্তোষজনক নয়। সেজন্য ক্ল্যারিফাই করে বলুন, নির্দিষ্ট সময় বলুন এবং অ্যাপ্রুভাল অব দি টিচার সম্পর্কে বলুন। অধ্যাপক সমিতির সঙ্গে কথা বলুন। তাঁরাও চান না পরীক্ষা বন্ধ হোক। ক্লাস ক্ষতিগ্রস্ত হোক। আমার কলেজে টেস্ট পরীক্ষা ২৬ তারিখ থেকে আরম্ভ হবে। আমরা চাই সিজ ওয়ার্ক উইথড্র হোক এবং এর একটা সন্তোষজনক মীমাংসা হোক।

Mr. Speaker: You may say that you are not satisfied with a statement of this nature, but there is no scope for any discussion. Rules do not provide for it.

[4-30—4-40 p.m.]

শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ স্যার, সার্টেন ইনিউসিডেসানস আর নেসেসারি। যখন ৭ হাজার অধ্যাপক-অধ্যাপিকা ধর্মঘট করছেন, তখন আজকে মাননীয় স্পীকার মহাশয়, রুলের ক্ষতিই হচ্ছে, ত্রুটি হচ্ছে—আমি বলতে চাই আমরা কোন ডিসকাসানে যাচ্ছি না, কিন্তু ও'র স্টেটমেন্টটা

স্যাফিসিয়েন্ট হল না এই সিচুয়েস্যান ডিল করার পক্ষে। তার কারণ হচ্ছে কতকগুলি ইলিউসিডেসান নেই ও'নার এন্টায়ার স্টেটমেন্টে। ছয় মাসের মধ্যে পে ফিক্সেসান করবেন, কিন্তু সকলেই জানেন সেন্ট্রাল গভর্নমেন্ট পে ফিক্সেসান করেছিলেন তিন সপ্তাহে, ইট টুক থ্রি উইকস। উই ডু রিমেমবার। উনি সাত বছর পরে এখন বলছেন আরো ছয় মাস লাগবে।

This will not satisfy the teachers, this will not serve the problem which he must understand.

সেকেন্ডলি, ও'কে বুঝতে হবে স্পনসর্ড কলেজের টেম্পরারি লেকচারার তাঁদের কোন ইনক্রিমেন্ট নেই, তাঁরা বছরের পর বছর ধরে কোন ইনক্রিমেন্ট পান না। উনি অ্যাপ্রুভাল দেবেন না, টেম্পরারি রাখবেন, তাঁরা ইনক্রিমেন্ট পাবেন না, এতে ধর্মঘট উঠবে না। আমরা ধর্মঘট যাতে উঠে যায় এটা চাচ্ছি। এগুলি ও'কে জানান দরকার। আমরা উইদিন ইওর রুলস বলতে চাই ও'র স্টেটমেন্টটা অসম্পূর্ণ। উনি পরিশ্রম করেন ঠিকই, হি ডিসকাসেস দি প্রবলেমস ঠিকই

But always with the officers, never with the leaders of West Bengal College and University Teachers' Association. If he talks with the officers he will be misled but if he talks with the teachers the problem will be properly dealt with. That is the problem to-day.

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় স্পীকার মহাশয়, আমরা যাতে সন্তুষ্ট হই, অধ্যাপকরা যাতে সন্তুষ্ট হন সেজন্য উনি কতকগুলি ক্ল্যারিফিকেসান করে দিন। সিজ ওয়ার্ক উঠে যাক এটা আমরা চাই।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: আপনি ৬ মাসের নয়, ১ মাসের ৩০ ডেজের বেতন দেবেন কিনা বলুন তা হলে আজ স্ট্রাইক উঠে যাবে। আপনি পে ফিক্সেসানের টাইম বাউন্ড করে দিন, তা হলে স্ট্রাইক উঠে যাবে।

Shri Gyan Singh Sohanpal: On a point of order, Sir. The Hon'ble Minister-in-charge of Education has made a statement. I do not know under what rule a discussion is being allowed in the House. If the honourable Members need any clarification on the subject, well, they can very well meet him at his chamber, discuss the problem with him and find out the solution. Let them not obstruct the business of the House.

Mr. Speaker: Honourable Member, I have not allowed any discussion on the statement made by the Hon'ble Minister. That is not possible under the rules. So, no question of discussion arises. I have expressed my opinion very firmly and clearly whether a discussion can be allowed just after a statement is made by the Hon'ble Minister. They wanted to raise a matter on a point of clarification and I have allowed that but I have not allowed any discussion on the statement and I do not allow any discussion just after any statement made by the Hon'ble Ministers.

Now, as regards the circulation of the copies of the statement made by the Hon'ble Education Minister to the honourable Members, if copies are available I can circulate the same to the honourable Members. They are trying their level best to see that copies of the statement are circulated to the honourable Members.

The West Bengal Housing Board (Amendment) Bill, 1973

Shri Shish Mohammad: I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1973.

স্যার, দি ওয়েস্টবেঙ্গল হাউসিং বোর্ড অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৭৩, সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রিমহাশয় আজকে হাউসে উপস্থাপিত করেছেন। আমরা বারবার এই হাউসে চিৎকার করেছি এই বিলগুলি যদি আমরা অন্তত কমপক্ষে রুল অনুযায়ী ৫ দিন আগে পাই, তা হলে বিলগুলি পুঙ্খানুপুঙ্খরূপে পড়ে দেখতে পারি এবং ভালভাবে আলোচনায় অংশগ্রহণ করতে পারি। স্যার এই বিলগুলি আলোচনায় অংশগ্রহণ করতে না দেওয়ার উদ্দেশ্য নিয়ে একদিন আগে যে বিলগুলি সার্কুলেট করা হচ্ছে এটা বোধ হয় মাননীয় মন্ত্রিমহাশয়গণের উদ্দেশ্য।

সে যা হোক, এটা আমরা জানি যে, এই হাউসিং বোর্ড আমাদের ভারতবর্ষের বাইরে পাশ্চাত্য দেশে সুদীর্ঘকাল যাবৎ চালু আছে। আমাদের ভারতবর্ষে বোম্বেতে এটা অনেক দিন ধরে চালু আছে। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের নাকি সুবুদ্ধি হয়েছিল তাই ১৯৭২ সালে তাঁরা এই বিল নিয়ে এসেছিলেন। কিন্তু তারপর বিলের মধ্যে নাকি গলদ ঢুকেছে এবং সেই গলদ সারাতে গিয়ে আবার তাঁরা ভিন্ন গলদ নিয়ে এসেছেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে ২-১টি ক্লজের ক্ষেত্রে আলোচনায় অংশগ্রহণ করতে চাই। বিলের ৫নং ক্লজে বলা হয়েছে, উক্ত আইনের ১৪ ধারায় (গ) প্রকরণের সহিত নিম্নলিখিত অনুবিধিটি যোগ করিতে হইবে, যথা: পরন্তু কোরামের অভাবে কোন অধিবেশন অন্য কোন তারিখ অবধি মুলতুবী রাখা হইয়া থাকিলে ওই মুলতুবী অধিবেশনের বেলায় কোন ক্যেরামের প্রয়োজন হইবে না। সুন্দর কথা। আমরা বর্তমানকালে যে গণতন্ত্র দেখছি, বর্তমান শাসনকালে যে গণতন্ত্র দেখছি সেই গণতন্ত্রের আর একটি প্রতিচ্ছবি এই হাউসে উপস্থাপিত করেছেন। যে গণতন্ত্রের কথা বলা হচ্ছে সেই গণতন্ত্রের প্রকৃত রূপ কি, প্রকৃত কাঠামো কি সেটা আমরা বললে অপরাধ হত। কিন্তু আমরা দেখছি সরকার পক্ষের সদস্যেরা প্রত্যেকদিন চিৎকার করছেন, রাস্তায়, গ্রামে, বাড়িতে শান্তি নেই, গণতন্ত্র নেই। আমরা বললে অপরাধ হয়, কিন্তু আমরা দেখছি স্লটারিং, বুচারি, মার্ডারিং সব চলছে এবং পশ্চিমবাংলায় আবার একটা মার্ডার করা হচ্ছে। এই আলোচনাকালে আমি পশ্চিমবঙ্গ বিধানসভার সঙ্গে তুলনা করছি। ৫নং ক্লজে আছে, "কোরামের অভাবে কোন অধিবেশন অন্য কোন তারিখ অবধি মুলতুবী রাখা হইলে ওই মুলতুবী অধিবেশনের বেলায় কোন কোরামের প্রয়োজন হইবে না।" গভর্নমেন্ট এই হাউসিং বোর্ড গঠন করেছেন, কিছুসংখ্যক সদস্য নিয়ে যাতে হয়ত বেসরকারী সদস্য আছে বা কতগুলি হয়ত সরকারী পদস্থ কর্মচারী রয়েছে, এক্সপার্টেরা রয়েছে। সরকার প্রথম থেকেই ধরে নিয়েছেন যে, কোরাম হবে না, অতএব কোরাম না হবে এটা পাশ করে নেওয়া যেতে পারে এবং তার জন্য বিল নিয়ে এসেছেন। তার মানে আমরা ধরে নিতে পারি ১০ জন সদস্য হয়ত আছেন, কয়জন আছেন আমি জানি না - উদাহরণস্বরূপ বলছি হয়ত ১০ জন আছেন এবং একটি সিদ্ধান্ত নিতে হবে। ৫ মিনিট আগে কাজ আরম্ভ হল এবং তারপর দেখা গেল কোরাম হল না, কাজেই মুলতুবী রাখলেন। তারপর আবার সভা ডেকে চেয়ারম্যান তাঁর অনুগ্রহভাজন ২-১ জন ব্যক্তিকে ডেকে বিল পাশ করলেন এবং সেক্ষেত্রে কোরামের কোন প্রয়োজন হবে না। যে সমস্ত সদস্যরা থাকবেন তাঁরা হয়ত চেয়ারম্যান যে ভাব নিয়ে আলোচনা করতে চান তার সঙ্গে একমত হবেন না, এটা হয়ত বুঝেছেন তাই এইভাবে করলেন।

[4-40 - 4-50 p.m.]

এটা কেন তিনি চিন্তা করেন নি। আমি তো আগেই বলেছি সবই আমলাতান্ত্রিক ব্যাপার। সবই আমলাদের হাতে তৈরি কেবল স্বাক্ষর করছেন আমাদের মন্ত্রিমহাশয়রা। কাজেই এই সেই আমলাতান্ত্রিক জবরদস্তি ভাব। ভারতবর্ষ যেহেতু গণতান্ত্রিক রাষ্ট্র, এখানে গণতন্ত্রের প্রকৃত কাঠামো যাতে বজায় থাকে সেদিকে চেষ্টা করে ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করতে হবে। কিন্তু সেটা না করে আপনারা করতে যাচ্ছেন ক্ষমতাকে কেন্দ্রীভূত। অর্থাৎ একনায়কতন্ত্রের প্রকৃত রূপটা তিনি এই ক্লজের মধ্যে তুলে ধরছেন। আমরা এই বিধানসভায় দেখতে পাচ্ছি টিফিনের পরে মাত্র ১০ জন সদস্য এই হাউসে উপস্থিত আছেন এবং অনবরত কোরাম ফেল করছে। তা হলেও আমাদের নিয়ম হয়ে গেছে এখানে যে কোরাম ফেল করলেও অধিবেশন চলে যাচ্ছে। আমরা দেখছি সরকার ঠিক করে নিয়েছেন যে, যেহেতু মন্ত্রীর সংখ্যা ২৭ জন আরেক

জন সদস্য হলে ২৮ জন হয়,তা হলেই কোরাম হয়ে যাবে, তা হলে যে-কোন বিল পাশ করিয়ে নিতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলে দেখছি কতকগুলি ভাল জিনিস আছে, কিন্তু এই ভাল জিনিসের মধ্যে এমন কতকগুলি জিনিস আমদানী করেছেন যাতে সমস্ত বিলটা একেবারে নাজেহাল করে তুলেছেন। সেজন্য আমরা এই বিলকে সহ্য করতে পারছি না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ৬ নম্বর ক্লজে বলা হয়েছে যে, বোর্ড থাকবে, বোর্ড সিদ্ধান্ত নেবে, কিন্তু দেখতে পাচ্ছি কি স্টেট গভর্নমেন্ট অনেক সময় ইচ্ছা করলে বোর্ডকে কোনরূপ ইনফরমেশান দেবার প্রয়োজনীয়তা নাই নিজে যেটা মনে করবে কমিশনারদের কাছে তার ক্ষমতা প্রয়োগ করবেন। তা হলে বোর্ড গঠন করার ইউটিলিটি কি আছে? যে ক্ষেত্রে গভর্নমেন্ট নিজে বোর্ড গঠন করছেন কতকগুলি সদস্য দিয়ে তাদেরই মনোনীত কতকগুলি এক্সপার্ট থাকবে এবং কমিশনার তাদেরই অধীনস্থ ব্যক্তি, সেই অধীনস্থ ব্যক্তির কাছে গভর্নমেন্ট তার ক্ষমতা প্রয়োগ করবেন। শুধু যদি এটা করতেন যে বোর্ড-এর হাতে যে ক্ষমতা আছে প্রয়োজন ক্ষেত্রে বোর্ড সেই ক্ষমতাগুলি কিছু কিছু হয়ত কমিশনারের হাতে দিতে পারেন প্রয়োগের ক্ষেত্রে, কিন্তু তা না করে একেবারে সরাসরি বলে দিলেন যে বোর্ডের কোন এক্তিয়ার নাই, স্টেট গভর্নমেন্ট কতকগুলি ক্ষমতা দিয়ে দেবেন কমিশনারকে, কমিশনার সেই ক্ষমতা প্রয়োগ করবেন। তা হলে বোর্ড থাকার অর্থ কি এবং বোর্ডের সদস্য হবার জন্য কার আগ্রহ থাকবে। সদস্যরা শুধু বসে থাকবেন আর এক দিক দিয়ে ক্ষমতা চলে যাবে প্রয়োগ করবার জন্য কমিশনারদের হাতে। এটা আমি মনে করি আমলাতান্ত্রিক ব্যবস্থাকে চালু করবার জন্য এটা করা হচ্ছে। এক্সিকিউটিভ যে পাওয়ার সেই এক্সিকিউটিভ পাওয়ার গভর্নমেন্টের প্রয়োগ করছেন কমিশনারদের হাত দিয়ে, বোর্ড যে আছে গণতান্ত্রিক পদ্ধতি অনুসারে প্রত্যেক জায়গায় আছে, যে গণতান্ত্রিক পদ্ধতি অনুসারে নিয়মমাফিক কাজ হবে, কিন্তু এ ক্ষেত্রে দেখা গেল তার কোন সুযোগ সুবিধা নাই। তাই আমার মনে হচ্ছে এই ধারার মধ্যে এটা রাষ্ট্রপতির শাসন প্রয়োগ করা হচ্ছে। এখানে স্টেট গভর্নমেন্ট হচ্ছে একজন রাষ্ট্রপতি তিনি ক্ষমতা প্রয়োগ করবেন কমিশনারের মাধ্যমে আর বোর্ডের সদস্যরা কেবল চেয়ার আগলে বসে থাকবেন।

কাজেই আমি মনে করি এটা গণতান্ত্রিক পদ্ধতি অনুসারে করা হয় নি। এটা অত্যন্ত দুঃখের সঙ্গে এটা আমাকে বলতে হচ্ছে। আজকে যখন মানুষ নিজেরা চিন্তা করার সুযোগ পাচ্ছে, নিজেদের আত্মবিকাশের জন্য যখন অভ্যস্ত হয়ে উঠছে, তখন সরকারকে দেখতে পাচ্ছি বিগত দু মাসের অধিবেশনে একটার পর একটা বিল আনছেন এবং আমলাতান্ত্রিক শাসন-ব্যবস্থাকে কায়েম করবার জন্য সর্বপ্রকারে প্রচেষ্টা চালাচ্ছেন। তাই আমি মনে করছি, এই যে কমিশনারের উপর বোর্ডের সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা দেওয়া হচ্ছে, এটাতে এই হবে যে কাউকে বাড়ি তৈরি করার জন্য টাকা দেবার ব্যাপারে এই হবে যে, স্টেট গভর্নমেন্টের কোন উচ্চপদস্থ কর্মচারী হয়ত মনে করছেন যে, তাঁর অনুগ্রহভাজন ব্যক্তি সুযোগসুবিধা পান না, কারণ বোর্ডে বুদ্ধি বিবেচনা সম্পন্ন ব্যক্তি থাকবেন এবং আইনের প্রয়োগ ঠিকভাবে করবেন, কিন্তু যেহেতু তা চান না, অর্থাৎ আইনের ঠিকভাবে প্রয়োগ হোক এটা চান না, অনুগ্রহভজান ব্যক্তিকে ঠিকমত সুযোগসুবিধা দেবার জন্য কমিশনারকে ক্ষমতা প্রদানে এই ফাঁকড়াটা ঢুকিয়ে দিচ্ছেন। আমি মনে করেছিলাম যে, এই বিলটাকে সমর্থন করব, কিন্তু এই সমস্ত বিবেচনা করে--দুটি ধারা থাকার জন্য আমি সমর্থন করতে পারছি না। এই কথা বলে আমি আমার সার্কুলেশন মোশন মুভ করে, আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্তঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীশীশ মহম্মদ সাহেব যে বক্তৃতা এই হাউসে এখন রাখলেন, তাতে বক্তৃতার শেষকালে তিনি বললেন যে, তিনি এই বিলটাকে সমর্থন করতে পারছেন না। কিন্তু যখন বক্তৃতা শুরু করেছিলেন, তিনি বলেছিলেন এতে অনেকগুলি ভাল জিনিস আছে, এটা সমর্থনযোগ্য। এই বিল কোন্‌খানে সমর্থনযোগ্য আর কোন্‌খানে সমর্থনযোগ্য নয়, এটা যদি বিশ্লেষণ করা যায় তা হলে এই বিলের উদ্দেশ্য যে মহৎ এ বিষয়ে কোন সন্দেহের অবকাশ নাই। গৃহহীন লোকদের গৃহের ব্যবস্থা করাই এই বিলের মুখ্য উদ্দেশ্য। আজকের দিনে যে জিনিসপত্রের গগনচুম্বী মূল্য প্রতিদিন আমরা দেখতে পাচ্ছি

তাতে সাধারণ মানুষের, সাধারণ নাগরিকের বঞ্চিত মানুষের দুঃস্থ মানুষের পক্ষে গৃহনির্মাণ একটা দুঃসহ কল্পনা মাত্র। আজকে মাননীয় মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাই এইজন্য যে, এই বিলে যে সমস্ত ত্রুটিগুলি ছিল সেটা তিনি সংশোধন করে নিয়েছেন, সেই জনগণের জন্য যে জনগণ কলকাতার গগনের দিকে তাকিয়ে, আকাশছোঁয়া বাড়িগুলির দিকে তাকিয়ে দীর্ঘ নিঃশ্বাস ফেলেছে কিন্তু আজও তারা গৃহনির্মাণ করতে পারে নি এবং গৃহের জন্য হাহাকার করছে এবং আজও তারা গৃহ পেয়ে ধন্য হতে পারে নি। আজকের দিনে, মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, এই বিলের উদ্দেশ্য হচ্ছে গ্রামবাংলায় এবং শহরবাংলায় এবং অন্যান্য জায়গায় প্রধানত কলকাতায়, যাতে সাধারণ মানুষ বাড়ি তৈরি করতে পারে তার সুযোগ করে দেওয়া। যারা টাটা বিড়লার সম্পত্তির কথা দু' দিনের মধ্যে কি কিছুদিনের মধ্যে নিয়ে নেব, তাদের সম্পত্তি থাকতে দেব না বলেন, আমি তাদের কথা বলি না, কিন্তু সাধারণ মানুষ যাদের সম্পত্তি বলতে এক খণ্ড জমি যার নাই, সে যদি এক খণ্ড জমি যোগাড় করে নিতে পারে বাড়ি নির্মাণের প্রয়োজনে, আজকে আমি বলব গ্রামবাংলার ক্ষেত্রে এই পরিকল্পনা রূপায়িত করতে ব্যর্থ হয়েছি।

[4-50—5-00 p.m.]

আজকের দিনে আমি জানি না শহরবাংলার সম্বন্ধে ও মফঃস্বল শহরের দিকে কোন দৃষ্টিপাত করা হয়েছে কিনা। আমরা পশ্চিমবঙ্গে দুটো জায়গা দেখি, একটা কলকাতা, সেই ভাগ্যবান কলকাতা, যেখানে পশ্চিমবঙ্গের যা কিছু ভাল সমস্ত সেখানে করার জন্য এই কলকাতামুখী অভিযান। গ্রামবাংলার কথা ওঠে সেই ইলেকসনের সময়, ভোট নেবার সময়, তারপর সব আমরা ভুলে যাই। আমি মন্ত্রিমহাশয়কে ক্রিটিসাইজ করছি না, আজ গ্রামবাংলার দুঃস্থ দুর্দশাগ্রস্ত মানুষ চাচ্ছে এই আইনের সার্থক রূপায়ণ। আপনি শ্রীভোলানাথ সেন—আপনি মহাদেব—আজ আপনার কাছে বর চাইছে গ্রামের মানুষ, প্রার্থনা করছে, তারা ঘরবাড়ি করতে চাচ্ছে। আপনি তাদের কাছে মহাদেব—যুগ যুগ জিও—চিরকাল তাদের মস্তকোপরি বিরাজ করুন।

আজকের দিনে যে সংশোধনী আনা হয়েছে, প্রথম আইনে এটাকে অটোনমাস বোর্ড করা হয়েছে। আজকে এই যে সীমাবদ্ধ চেয়ারম্যানের হাতে ক্ষমতা আনা হচ্ছে, তাতে আমার আপত্তি অন্য কোথাও নয়, তবে ক্ষমতা যেখানে আমাদের একটা অটোনমাস বোর্ড করা হয়েছে, একটা ইউনিট করা হয়েছে এই যে দুর্গাপুর প্রজেক্ট করা হয়েছে, এই স্টেট ট্রেডিং করছেন, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট করছেন—এগুলি সবই এক একটা অটোনমাস ইউনিট, এগুলি বাংলাদেশে চলছে ও চলবে। কেন না আমরা পাবলিক সেকটরের পক্ষপাতি। আমরা চাই না অন্য কোন সেকটরে এই কাজগুলি হোক, যখনই কোন অটোনমাস ইউনিট আমরা তৈরি করি, তখন তার বোর্ডের উপর আমরা আস্থা রাখি। সেই বোর্ডে যারা আমরা সমাজবাদে বিশ্বাস করি, যে বোর্ডে দুজন গ্রামের লোক থাকবে, দুজন শিক্ষক থাকবে, দুজন মধ্যবিত্ত লোক থাকবে, তারা যাতে তাদের সমস্যাটা ভাল করে বুঝবে। কিন্তু এবার এই বোর্ডের চেয়ারম্যান হবেন শ্রীভোলানাথ সেন। তাঁর উপর আস্থা আমাদের আছে, সন্দেহের কোন অবকাশ নাই—ঠিকই। তিনি অক্লান্ত পরিশ্রম করছেন, কিন্তু সব জিনিসের একটা সীমা থাকা দরকার, সব জিনিসের একটা শেষ আছে। কোন কাজের সঠিক রূপায়ণ করতে গেলে যা যা প্রয়োজন সবই তার আছে, যেভাবে তিনি রাস্তাঘাটের প্রতি মনোনিবেশ করেছেন, তাতে ১৫এ যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, চেয়ারম্যান একাই বোর্ডের কাজের সুরাহা করতে পারবে। গ্রামের মানুষের যে দুঃখ, বেদনা, যে দুঃস্থ অবস্থা, তা এখানে কার্পেটের উপর বসে তিনি কতখানি বুঝতে পারবেন, সেই সম্পর্কে আমাদের সন্দেহ আছে। ১৫এ-র মানে হচ্ছে—

It is practically the abolition of the board, it is practically the liquidation of the board to give the power, full power, complete power to the Chairman.

আজকে এই যে ভোলাবাবু আছেন সেটা গ্রহণ করছি। তার মধ্যে একটা কথার উল্লেখ থাকা দরকার—

That a Chairman may exercise that. It will be exercised for all time, but it may be exercised at times of need.

তার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, আপনি অনুগ্রহ করে যে বোর্ড তৈরি করেছিলেন, আপনার সেই বোর্ডের সদস্যসংখ্যা ৯ জন। তার মধ্যে একজন মাত্র নন-অফিসিয়াল ছিলেন এবং এই নয়জনের ইতিহাস একটা ব্যর্থতার ইতিহাস। কারণ ৩-৪ মাসের মধ্যে এর অ্যামেন্ডমেন্ট আপনাকে করতে হচ্ছে। কোরাম করতে পারেন নি। এত বড় একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। যেখানে সাধারণ মানুষ সরকারের দিকে তাকিয়ে আছে, আমাদের সমস্যা সমাধানের জন্য। এই সরকার সমাজবাদে বিশ্বাস করেন; যারা সাধারণ মানুষের জন্য সর্বদা সচেষ্ট সেখানে এমন লোক দেওয়া হল যারা মিটিং-এ আসে না, কোরাম হয় না। এই আমলাতন্ত্র দিয়ে কিছু হবে না। এরা আমাদের সমস্ত কাজে বাধা দিচ্ছে, গাফিলতি দেখাচ্ছে, কেন কাজ আমাদের করতে দিচ্ছে না। এরা আমাদের বিভূতি দেখাচ্ছে, কাজ কিছুই করতে পারছে না। সেদিন আমরা বলেছিলাম যেদিন ভোলানাথবাবু বিলটা উত্থাপন করেছিলেন এমন লোক দিন যারা ত্যাগ স্বীকার করতে রাজী আছেন, যারা মাসের পর মাস রেভিনিউ স্ট্যাম্পের উপর সই করে মাইনে নেয় না। আজকে এই অ্যামেন্ডমেন্ট করতে হল একটা ভুল করেছিলেন বলে। তাই ভোলানাথ-বাবুকে বলি আর যেন ভুল না হয়। সেইজন্য আপনার বিশ্বাসভাজন লোক নিয়ে করুন, অভিজ্ঞতাসম্পন্ন লোক নিয়ে করুন। তাতে ভালভাবে কাজ হবে। আজকে যে ৩৪ (এ) অ্যামেন্ডমেন্ট বলা হচ্ছে,

"shall be a preferential debt within the meaning of section 530 of the Companies Act, 1956 and such debts shall rank equally amongst themselves and be paid in full out of the assets of the Board."

অর্থাৎ এই বোর্ডের কিছু খরচ আছে, কিন্তু অফিসার মেন্টেন করতে হবে। প্রাইভেট সেক্টরের অভিজ্ঞতা আমাদের খুব সুখের নয়, বহু তিক্ত অভিজ্ঞতা হয়েছে। আজকে যদি কোন কারণে বোর্ডের লস হয় যে সাধারণ মধ্যবিত্ত এই সংস্থা থেকে ইনস্টলমেন্টের বাড়ি কিনবে তাদের কি হবে? আজকে ধরুন যে লোকটা এই সংস্থা থেকে ইনস্টলমেন্টে বাড়ি কিনলো তার টাকা সে দিতে বাধ্য নিশ্চয়ই দেবে, তা না দিলে যা করার করতে পারেন আমরা কিছু বলবো না। কিন্তু যদি বোর্ডের দেনা হয়ে যায় সে টাকা কি তার উপর বর্তাবে যতক্ষণ ইনস্টলমেন্ট শোধ হচ্ছে, This is an asset of the Board and not of the man.

এই যে ৩৪ (এ) এখানে স্টেট আন্ডারটেকিং দেওয়া উচিত। আমাদের কো-অপারেটিভে আন্ডারটেকিং দিচ্ছেন সরকার এবং সেখানে লোকসান হলে স্টেট গভর্নমেন্ট অনেক কিছু করে থাকেন। সাধারণ মানুষ যদি মনে করেন বোর্ডের অপদার্থতার জন্য বা অকর্মণ্যতার জন্য বা অন্য কোন কারণে বা সৎ চেষ্টা করলেও লোকসান হয়ে গেলো এই যে ৩৪ (এ) আসছে এটা সাধারণ মানুষের ঘাড়ে গিয়ে পড়ছে। শ্রীশীশ মহম্মদ সাহেব অনেক কথা বলেছেন, তাঁকে বলি যুক্তফ্রন্টের সময়ে এই আইন করার প্রয়োজন হয় নি তার কারণ আপনারা ১৪ দলের সরকার একটা ঘরবাড়িও করতে পারেন নি। শান্তির কথা বলেছেন, যে অপরাধ করেছেন আপনাদের মুখে শান্তির কথা শুনলে মনে হয় ভূতের মুখে রাম নাম শুনছি। তবে শ্রীশীশ মহম্মদ সাহেবের সঙ্গে আমার বহু জায়গায় মিল রয়েছে। আজকে মন্ত্রিমহাশয় একটা সুন্দর ব্যবস্থা করতে চলেছেন। সরকারী কর্মচারী কিছু আছেন যারা পশ্চিমবঙ্গে অত্যন্ত কম মাইনে পায়, কিন্তু রেন্টাল হাউসিং স্কীমের মধ্য দিয়ে ভাড়া দিয়ে যাচ্ছে, মালিক হতে পারবে না। আজকে আমরা যে আইন করছি তার উদ্দেশ্য হচ্ছে সেই মানুষগুলোর বাড়িটাকে ওনারশিপ হিসাবে দিয়ে দিই। আমি মনে করতে পারছি না বর্তমান আইনের আওতার মধ্যে এইটা করা সম্ভব। কিন্তু এই-টুকু বলবো এই সমস্ত কর্মচারী যারা উচ্চমূল্যে জিনিস কিনতে পারে না, এই দুর্মূল্যের বাজারে, তারা অন্নের সংস্থান করতে পারে না, যারা নিজেদের ছেলেদের সুযোগ-সুবিধা দিতে পারে না সেই সমস্ত সাধারণ কর্মচারীদের এই ধরনের আইনের মধ্যে এনে বা আর একটা আইন ওনারশিপ অফ দি ফ্ল্যাটস আনার কথা আপনি যদি অনুগ্রহ করে বিবেচনা করে দেখেন, বিচার করেন এবং কোনরকমভাবে তাদের মুখে একটু হাসি ফোটাতে পারেন তো ভাল হয়। সেই ক্ষমতা সেই যোগ্যতা সবই আপনার রয়েছে, আপনি নিশ্চয় এটা বিবেচনা করবেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-00—5-10 p.m.]

শ্রী এ এম ও গনিঃ মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন তাতে আগেকার বক্তাদের মত আমি অনেক কিছু সুন্দর জিনিসও পাই নি আবার অনেক কিছু মন্দ জিনিসও পাই নি। বিলটি এনে উনি নিজেই বলেছেন যে, যাতে হাউসিং বোর্ড দ্রুতভাবে ফাংসান করতে পারে তার ব্যবস্থা তিনি করবেন। খুব ভাল কথা। মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। উনি নিজেই স্বীকার করেছেন যে, হাউসিং বোর্ড যা আছে তাতে একটা বড় ডেমোক্র্যাটিক কিছু নাই। এর মধ্যে শুধু হাই অফিসিয়ালসরা আছেন ফার্স্ট ক্লাস অফিসাররা আছেন যারা সুন্দর সুন্দর বাড়িতে থাকেন, সুন্দর সুন্দর গাড়িতে ঘুরে বেড়ান। কিন্তু যাদের জন্য এই হাউসিং স্কীম করছেন ঐ নিম্ন মধ্যবিত্ত পরিবার, তাদের অবস্থার বিশেষ কিছু হচ্ছে না। এই বোর্ডে আমাদের কোন প্রতিনিধি নাই। মাননীয় মন্ত্রিমহাশয় বলছেন যে, আমিই তোমাদের প্রতীক। কিন্তু উনি ভুলে যাচ্ছেন যে, উনি চেয়ারম্যান, অ্যাজ চেয়ারম্যান হি ইজ নোবডিজ রিপ্রেজেনটেটিভ। উনি ইমপারসিয়াল, উনি চেয়ারম্যান অব দি বোর্ড। তিনি কাউকেই রিপ্রেজেন্ট করছেন না। সেইজন্য জনসাধারণের রিপ্রেজেনটেসন সেখানে বাদ পড়ে যাচ্ছে। একজন এম পি আছেন, তিনি ওয়েস্টবেঙ্গল হাউসিং বোর্ড-এ আছেন পশ্চিমবাংলার রিপ্রেজেনটেটিভ হিসাবে নয়, নিশ্চয়, তিনি এম পি হিসাবে আছেন। মোস্টলি হাউসিং বোর্ডে হাই অফিসিয়ালরা আছেন, যাতে দ্রুতভাবে কাজ হয় তার জন্য বোর্ডকে ক্ষমতা দেওয়া হয়েছে। বোর্ড কমিশনারের পাওয়ার ডেলিগেট করতে পারে। আর একটা জিনিস অবজেকটিভের মধ্যে নাই, অ্যামেন্ডমেন্টে উল্লেখ আছে, সেটা আমি ঠিক বুঝতে পারছি না। ৫নং ক্লজে আপনি বলছেন কোরাম হবার দরকার হবে না, নেক্সট অ্যাডজোর্নড মিটিংয়ে কোরাম হবার দরকার হবে না। অরিজিন্যাল অ্যাক্টে এই ব্যবস্থা ছিল না। কেন ছিল না তা বুঝতে পারছি না—ড্রাফটের কোথায়ও নাই, অবশ্য কনভেনসনই আছে যেখানে একটা পাবলিক বডি একটা স্ট্যাটুটারী বডি-এর মিটিংয়ে কোরাম না হয়, তা হলে নেক্সট অ্যাডজার্নড মিটিংয়ে কোরামের দরকার লাগে না। বোধ হয় সেইজন্য আইনে দেওয়া ছিল না। আজকে মন্ত্রিমহাশয় মনে করছেন, সেটা দেওয়া দরকার। কিন্তু অফিসার যারা আছেন তারা তো আপনাদের ঐ বোর্ডে যেসব হাই অফিসিয়ালস আছেন তারা তো আপনাদেরই অফিসার—তা হলে কেন কোরাম হবে না? অন্য পাবলিক বডিতে কোন মেম্বার কনজিকিউটিভ তিনটি মিটিংয়ে অ্যাটেন্ড না করলে তার মেম্বারসিপ খারিজ করে দেওয়া হয়, রুলে সেই কনভেনসন আছে। মিটিংয়ে কোরাম দরকার, তা না হলে অ্যাডজর্নড হয়ে যাবে। কোরাম হল না, অফিসাররা মিটিং অ্যাটেন্ড করলো না আপনাদেরই তো অফিসার—একটা তো অফিসিয়াল ডিসিপ্লিন-এর মধ্যে তারা রয়েছে আর মিটিং তো রোজ হচ্ছে না—মিটিং হয় ২।৩।৪ মাসে একটা। তাতে অফিসাররা ঐ হাউসিং বোর্ডের মিটিং অ্যাটেন্ড করতে পারলো না কেন করতে পারলো না হি মাস্ট এক্সপ্লেন। তা নয়, একটার পর একটা তারা মিটিং অ্যাটেন্ড করছেন না—তা হলে কি তারা স্ট্রাইক করেছেন যে কোরাম করা অসম্ভব হয়ে পড়লো? কোরাম হবে না কেন যেখানে অফিসাররা মেম্বার রয়েছেন তা হলে কি তারা কনসপিরেসি করছে। এ প্রশ্নই উঠে না, কারণ যেখানে হাই অফিসিয়ালসরা হচ্ছেন মেম্বার অব দি হাউসিং বোর্ড। অফিসাররা যখন রয়েছেন নিশ্চয় কোরাম মিটিংয়ে ফেল করবে কেন? আজকে প্রভিসন করছেন, অ্যাডজর্নড মিটিংয়ে কোরমের প্রয়োজন হবে না। তা হলে আর একটা প্রভিসন করা উচিত যে, যে অফিসার অ্যাটেন্ড না করার জন্য কোরাম হবে না তার বিরুদ্ধে যাতে ব্যবস্থা গ্রহণ করা যায়। এই বোর্ড সম্বন্ধে আর একটা অ্যামেন্ডমেন্ট আনতে পারলে ভাল হত, সেটা হচ্ছে রিপ্রেজেনটেটিভ ব্যাপারে। একটা ক্লজ এতে জুড়ে দেওয়া উচিত যে, যাদের জন্য এই হাউসিং বোর্ড স্কীম করা হচ্ছে তাদের রিপ্রেজেনটেটিভ নেওয়া হল না কেন? আমি এটা বলছি না যে শুধু অ্যাসেম্বলী থেকেই নেবেন, করপোরেশন আছে, মিউনিসিপ্যালিটি আছে, যেখান থেকেই হোক এদের ২-৩ জন রিপ্রেজেনটেটিভস থাকলে ভাল হয়। তাতে কোরামের প্রশ্ন সহজেই আসে। কিন্তু শুধু অফিসিয়ালসদের নিয়ে কোরাম করবেন না, এতে ব্যর্থতা আছে, এর জবাব আপনাকে দিতে হবে। ৬ নম্বরে আর একটি প্রভিসন আছে। আপনি জানেন এমস অ্যান্ড অবজেক্টসে এর কোন উল্লেখ নেই। ৬ নম্বর প্রভিসনে একটি

গুরুত্বপূর্ণ জিনিস করছেন। এটা প্রাকটিক্যালি সুপারসেসান অব দি বোর্ড—ভাষাটা দেখুন—

State Government may, by a notification published in the Official Gazette, direct that the Chairman may exercise all or any of powers exerciseable by the Board under this act as may be specified in the notification.

তার মানে প্রাকটিক্যালি বোর্ডকে আপনি সুপারসিড করতে যাচ্ছেন, অফিসিয়ালদের হাতে বোর্ডের ক্ষমতা তুলে দিচ্ছেন। এর সঙ্গে আর একটি প্রভিসন থাকা উচিত ছিল। এটা করতে পারেন আন্ডার ভেরি ইমার্জেন্ট সারকামসট্যানসেস এই রকম অবস্থা হলে কর্পোরেশন কিংবা মিউনিসিপ্যালিটি সুপারসিড করে আপনি অ্যাডমিনিস্ট্রেটর বসান কিংবা কমিশনারের হাতে তুলে দেন, যে অবস্থার মধ্যে স্টেট অ্যাসেম্বলীকে বাতিল করা হয় এবং প্রেসিডেন্ট'স রুল করা হয়, সেইরকম একটা কিছু এমারজেন্সী যদি আসে, তা হলে এটা হতে পারে। আপনি বোর্ডের সুপারসিড করে সমস্ত ক্ষমতা কমিশনারের হাতে তুলে দিলেন—বোর্ডের ক্ষমতা কেড়ে নিচ্ছেন, সুপারসিড করছেন। এটা একটা সিরিয়াস ব্যাপার, এ সম্বন্ধে এমস অ্যান্ড অবজেক্টসে কোন উল্লেখ নেই। এমস অ্যান্ড অবজেক্টসে ৩-৪টি জিনিস যেটা বলেছেন আমি মনে করি এটার খুব প্রয়োজনীয়তা আছে এবং স্কোপ অব দি অ্যাকটিভিটিজ অব দি বোর্ড এক্সপান্ড করছেন, সেটা ভালভাবে এক্সপ্লেন করেছেন। শুধু থাকবার প্রশ্ন নয়, ওখানে বসবাস করবার সঙ্গে সঙ্গে অনেক কিছু প্রশ্ন আসে, সপিং-এর প্রশ্ন, স্কুলের প্রশ্ন, ইত্যাদি নানারকম জিনিস আছে। আপনি যে স্কোপ বাড়াতে চান তার জন্য আমি আপনাকে অভিনন্দন জানাচ্ছি। ডেবটস-এর ব্যাপার আছে, ডেবটস বেড়ে যায় যার, যার জন্য হাউসিং বোর্ডকে খুব অসুবিধায় পড়তে হয়। আর একটি জিনিস আছে যেটার কিন্তু অ্যামেন্ডমেন্টে আসতে পারে না এবং আইনে আসতে পারে কিনা, কিন্তু ইমপ্লিমেন্টেসনে আসতে পারে। এদিকে আমি মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অনেক হাউসিং এস্টেটস রয়েছে কলকাতা এবং তার আশেপাশে, কিন্তু একটি জিনিস আপনি লক্ষ্য করে'ছন যাদের অ্যাপার্টমেন্টস আছে, যারা টেন্যান্টস আছে, তাদের মধ্যে মাইনরিটির লোক কত আছে এটা যদি খোঁজ নেন, সার্ভে করেন, তা হলে আপনি একটি মাইক্রোসকোপিক মাইনরিটি দেখতে পারেন, স্পেশাল মুসলিম—এরা অ্যাভেল করতে পারে না, মুসলিম মাইনরিটি মাইক্রোসকোপিক্যাল এরা সুযোগ নিতে পারেন না, বাড়ি পাওয়া যায়, কিন্তু সুযোগ নিতে পারে না। তার কারণ খুব সহজ। এই মুসলিমরা এমন সব জায়গায় রয়েছে যেখানে এখন সেই মনোভাব আসে নি, সেখানে তাদের এমন মানসিক সাহস আসে নি যে, ঐসব বাড়িতে গিয়ে বাস করে। ট্যাংরায় আছে, অন্যান্য জায়গায় আছে, সেখানে গিয়ে বসবাস করবার ক্ষমতা খুব কমই আছে। একেবারে নেই বলছি না, কিছু কিছু আছে, যারা অত্যন্ত মডার্নাইজড হয়ে গেছে, ন্যাশনালাইজড হয়ে গেছে তাদের আছে। কিন্তু যারা আগেকার মত জীবনযাত্রা নির্বাহ করছে তাদের সাহস হয় নি। বিশেষ করে কয়েকটি রায়টের ঘটনা যে ঘটে গেছে তার থেকে তারা আরো ভয় পেয়ে গেছে। সেই জন্য আমি যেটা বলতে চাচ্ছি, হাউসিং এস্টেটের মধ্যে এমন সব ফ্ল্যাট আছে যেটা হচ্ছে মিক্সড বাড়ি যেখানে হিন্দু মুসলমান সকলেই বাস করেন। যেমন আমার পাড়ায় কড়েয়া হাউসিং এস্টেটস আছে সেখানে এই প্রভিসন যদি হয় যে, মাইনরিটি অ্যাপ্লিক্যান্টদের প্রেফারেন্স দেওয়া হবে, তাহলে ভাল হয়। আপনি বলবেন যে, মাইনরিটি ক্যান্ডিডেটস পাওয়া যায় না, সত্যি কথা, কারণ ওরা জানে না যে, মাইনরিটি ফ্যামিলি অ্যাপ্লাই করেছিল। আপনি এমন জায়গায় ফেলে দিলেন যেখানে সে অ্যাপ্লাই করে নি। আমি জানি আমার সি আই টি এরিয়ায় কড়েয়া হাউসিং এস্টেটস-এ যেতে চাইবে ট্যাংরা, শ্যামবাজার ইত্যাদি অন্যান্য জায়গায় ভয়ে যান না। এই জন্য ইমপ্লিমেন্টেসনের সময় যদি ব্যবস্থা রাখেন, রুলসের মধ্যে রাখেন যে, মিক্সড বাড়ি যেখানে আসবে সেখানে বিশেষ করে অ্যাডভার্টাইজমেন্ট করে যদি জানানো হয় যে, এই এস্টেটস সুটেবল ফর মাইনরিটিস এবং তারা যদি অ্যাপ্লাই করেন, তা হলে পাবেন, এটা হলে ভাল হয়। সেই জন্য আমি ইমপ্লিমেন্টে-সনের কথা বলছি। তাছাড়া বাকি বিলের বিরুদ্ধে বলার কিছু নেই। আমি সম্পূর্ণভাবে একমত যে, এটার প্রয়োজনীয়তা আছে এবং এটা এনে ভাল কাজ করেছেন যাতে এই হাউসিং এস্টেটস সুষ্ঠু এবং ঠিকমতভাবে চলতে পারে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-10—5-20 p.m.]

শ্রীঅশ্বিনী রায়ঃ স্যার, আমি একটি টেলিগ্রাম পেয়েছি, এটা নিরঞ্জন ডিহিদার, এম এল এ, পাঠিয়েছেন, আমি সেটা পড়ে দিচ্ছি।

It has become a pattern for some men in the name of INTUC to create disturbance by the outsiders with the passive help of local police in the atrocities where the AITUC-led unions enjoy confidence of the overwhelming majority of workers. Hindusthan-Pilkington Glass Works, Rackeitt & Coalmen and Indian Oxygen are under attack. Glass factory is the worst victim. Almost every day they bring hundreds of anti-social and rowdy elements and a section of CPI(M) supporters from the villages and collieries and jam the factory gate preventing the permanent and contract workers from joining their duties even in open defiance of the recently concluded agreement of 16th April in presence of the Additional District Magistrate and Additional Superintendent of Police. Shri Joygopal Sharma is behind the scene. He is creating all sorts of trouble. He is beyond any regulation. Utter chauvinism is prevailing just like the days of CPI(M) rule. Immediate intervention demanded.

স্যার, এটা আপনার কাছে দিচ্ছি এবং বলছি, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে এর প্রতিকার হওয়া উচিত।

Mr. Speaker: Shri Bhabani Sankar Mukherjee may now speak.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আই এন টি ইউ সি-র নামে যা বলা হল যে সম্বন্ধে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, ১৯৬৭ সালের ২রা জানুয়ারি একটা কমপ্রোমাইস অ্যায়োয়ার্ড হয় ফোর্থ ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুনালে। ২৭ জন শ্রমিককে রিট্রেঞ্চ করা হয়েছিল এবং সেই ট্রাইবুনালের অ্যায়োয়ার্ড ১৯৬৭ সাল থেকে আজ পর্যন্ত ঐ হিন্দুস্থান পিলকিংটন প্লাসের ম্যানেজমেন্ট—যেটা এশিয়ার মধ্যে সবচেয়ে বড়, আসানসোলে অবস্থিত, তারা বলবত করেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৪ জন শ্রমিক মারা গিয়েছেন, ৫ জন পাগল হয়ে গিয়েছেন। আজকে যেখানে আই এন টি ইউ সি ইউনিয়ান সেই ১৯৬৭ সালের কম্প্রোমাইজ অ্যায়ার্ড বলবত করানোর জন্য সংগ্রাম করছেন তখন সেখানে যদি এটাকে গুন্ডাদের হামলা, বাইরের লোকের হামলা ইত্যাদি বলা হয়, তা হলে স্যার, আমরা অত্যন্ত দুঃখিত। আজকে যেখানে শ্রমিকরা এই ১১৬ ডিগ্রি উত্তাপের মধ্যে ফ্যাক্টরীর গেটের সামনে অনশন ধর্মঘট করছেন সেখানে অশ্বিনীবাবু আই এন টি ইউ সি-র নাম করে একটি টেলিগ্রাম থেকে যা পড়লেন আমি মনে করি সেটা ঠিক নয়। স্যার, এটা পূর্বেও করা হয়েছে, আমি এর তীব্র প্রতিবাদ করছি।

Mr. Speaker: Please take your seat. I have not allowed you to speak. Even then you are going on making a long speech. When I request the Honourable Members to take their seats they do not do so. If this practice is allowed I am sorry I have to curtail some of the discretions that I am using now. I will have to be more strict in observing the rules. I will request the honourable Members that in future unless and until I call them by names they should not do this except on a point of privilege and on a point of order.

Now, I call upon Shri Bhabani Sankar Mukherjee to speak.

শ্রীভবানীশংকর মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি প্রথমেই আমাদের মাননীয় মন্ত্রী শ্রীভোলানাথ সেন মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। ওয়েস্টবেঙ্গল হাউসিং বোর্ড বিল আগে যেটা ছিল সেটার অ্যামেন্ডমেন্ট উনি অনেকগুলি কারণে করেছেন। এতে ও'র যে বক্তব্য আমরা শুনলাম তাতে আমরা দেখলাম যে মিডল ক্লাস পিপলদের জন্য অনেক রকম চিন্তা উনি করেছেন যাতে করে তাদের কিছু উপকার করতে পারা যায়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন আগে আমি একটা ব্যাপার জেনেছিলাম ঐ ডিপার্টমেন্ট থেকে, সেটা হচ্ছে চক্রবর্তী কমিশনের যে রিপোর্ট তাতে আমি শুনলাম যে, হাউসিং এস্টেট তৈরি হলে সেটা গ্র্যাজুয়ালি আস্তে আস্তে হস্তান্তর হবে। এটা আমাদের বিশেষ করে সাধারণত মিডলক্লাস পিপলদের পক্ষে একটা মস্ত বড় কাজ। শুধু কাজ বললেই হবে না, এটা একটা আশীর্বাদ এবং পশ্চিমবাংলার এই মন্ত্রিসভা এটা প্রথম করবার চেষ্টা করছে এবং করবে বলে ঠিক করেছে এবং কিছু কিছু কাজ ইতিমধ্যে আরম্ভ হয়েছে। এই যে অ্যামেন্ডমেন্ট এনেছেন এটা দরকার ছিল। মানুষের কাজ করতে গেলে দেখা যায় অনেক সময় অনেক কাজে ভুলত্রুটি থাকে, সেটা সংশোধন করার সময় আসে এবং সেই সময়ে ভোলানাথ সেন মহাশয়, আমাদের মন্ত্রিমহোদয় সেই ত্রুটিটাকে সংশোধন করে নিচ্ছেন। আমাদের পশ্চিমবাংলায় এটা একটা বড় কথা বলা হচ্ছে, কিন্তু না বললে উপায় নেই। কারণ আমরাতো যাযাবর জাতি নই। সুতরাং আমাদের নিজস্ব একটা ঘরবাড়ি থাকা দরকার। সেটা কুঁড়েঘর থাকুক বা অট্টালিকা থাকুক বা হাউসিং এস্টেট-এর ফ্ল্যাট থাকুক--টু-রুমড ফ্ল্যাট বা থ্রি-রুমড ফ্ল্যাট যাই থাকুক, যাই হোক, এটাতে দেশের উপর দরদ বাড়ে। এটা নিশ্চয়ই কাউকে বলে দিতে হবে না যে, আমাদের পশ্চিমবাংলায় যদি কোন বাড়ি থাকে, তা হলে পশ্চিমবাংলার মানুষ হিসাবে আমাদের দেশের উপর অটো-মেটিক্যালি দরদ এসে যায়, এই যে হাউসিং বোর্ড অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন, এতে কতকগুলি সাবজেক্ট উনি যা বললেন, ওনার থার্ড পার্টে, সবগুলি আমার মনে নেই, তা হলেও যা শুনেছি, উনি অনেকগুলি এভিনিউ করেছেন, যেমন হাউসিং এস্টেট-এর সংলগ্ন দোকানঘর বা বাজার বা তার সঙ্গে স্কুল--এইগুলি হাউসিং এস্টেট-এ ঠিকমত কার্যকর ছিল না। আরো এক্সটেনশান হচ্ছে যেমন ইন্ডাস্ট্রিয়াল হাউসিং এস্টেট, তারপরে মিডলক্লাস হাউসিং এস্টেট এবং তারপর এই বোর্ড-এর মাধ্যমে যেখানে এই অ্যামেন্ডমেন্ট হল, হাত শক্ত হল। সুতরাং আমি আশা করবো বেশী কিছু বলতে চাই না, আমি শুধু বিলকে সমর্থন করছি না আন্তরিক ভাবে অভিনন্দনও করছি। পশ্চিমবাংলায় মিডলক্লাস পিপল-এর জন্য সত্যিই আজকে বিশেষভাবে দৃষ্টি দিয়েছেন আমাদের এই সরকার। এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতপন চ্যাটার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় হাউসিং বোর্ড নিয়ে বেশ কিছুদিন যাবৎ বিব্রত বোধ করছিলেন। তিনি নীলকণ্ঠের বিষ ধারণ করেছিলেন, তারপর বাধ্য হয়ে তিনি ওয়েস্ট বেঙ্গল হাউসিং বোর্ড অ্যামেন্ডমেন্ট বিল আনতে বাধ্য হলেন। আমি এই বিলকে স্বাগত জানাচ্ছি। মাননীয় মন্ত্রিমহাশয় হাউসিং বোর্ড-এর চেয়ারম্যান, তিনি ১৫ক ধারা সংশোধন করে এটা প্রমাণ করতে চেয়েছেন যে, তিনি হাউসিং বোর্ড-এর উপরে তাঁর তত্ত্বাবধান বাড়াবেন। কিন্তু এটা মাননীয় মন্ত্রিমহাশয়কে লক্ষ্য রাখতে হবে যে, আমলাতন্ত্রের হাত যেন শক্ত না হয় এবং গণতন্ত্র যেন আমলাতন্ত্রের কাছে নতিস্বীকার না করে। আর মাননীয় মন্ত্রি-মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন এই হাউসিং বোর্ড-এ জনপ্রতিনিধিদের গ্রহণ করেন এবং বর্তমানে ফ্ল্যাট নিতে যে ঘুষ দিতে হয় সেই ঘুষ প্রথার তিনি যেন শক্ত হাতে বন্ধ করেন, তা হলে তিনি যে বিল এনেছেন সেই বিল সকলের অভিনন্দনযোগ্য হবে বলে মনে করি। আর ১৪ নম্বর ধারা সংশোধন করে মাননীয় মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন এই ধারার উদ্দেশ্য অত্যন্ত যুক্তিসংগত, অত্যন্ত বাস্তব দৃষ্টিসংগত ও ন্যায়সংগত। কারণ কোরাম-এর অভাবে সভা হচ্ছে না বা যে কোন কারণেই কোরাম না হোক না কেন বোর্ড-এর মিটিং যদি না হয়, তা হলে কাজ করা সম্ভব নয়।

[5-20—5-30 p.m.]

অনেকে বক্তৃতায় বলেছেন যে, সরকারী কর্মচারীরা তো মেম্বার, তা হলে তাদের কোরাম হয় না কেন? সেই প্রশ্নে আমি যেতে চাই না। আমার মূল প্রশ্ন কোরাম হয় না এবং কোরাম না হবার ফলে কাজে অন্তরায় সৃষ্টি হচ্ছে। যার জন্য অন্তরায় সৃষ্টি হচ্ছে তাকে অবিলম্বে দূর করা দরকার, তার জন্য মন্ত্রিমহাশয় যে ১৪নং ধারা সংশোধন করার জন্য বিল এনেছেন তাকে স্বাগত জানাচ্ছি। আর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় অতীতে রাজ্যসরকার কিংবা ব্যাঙ্কের কাছ থেকে এই হাউসিং বোর্ড যেসমস্ত ঋণ গ্রহণ করতেন সেই সমস্ত ঋণ কোনদিন পরিশোধ

হত না। কিন্তু এই বিল যা এসেছে এতে হাউসিং বোর্ড ভবিষ্যতে যে ঋণ গ্রহণ করবেন সেই ঋণ ব্যাংক বা রাজ্যসরকারকে যথাযথভাবে পরিশোধ করতে পারবে না তাই এই আইন অত্যন্ত যুক্তি-সঙ্গত হয়েছে এবং হাউসিং বোর্ড সরকারের একটা শাখা। সেই সরকারের শাখা হয়ে তারা যে ব্যাংক বা রাজ্যসরকারের বিভিন্ন জায়গা থেকে ঋণ নিয়ে বসে থাকেন এবং দীর্ঘদিন চলে যাবার পরেও সেই ঋণ যখন পরিশোধ করতে পারেন না বা করেন না, তখন এটা একটা বোঝার স্যামিল হয়ে দাঁড়ায় এবং জনমানসে সরকারের উপর একটা খারাপ ধারনার সৃষ্টি হয়। এই পরিপ্রেক্ষিতে মন্ত্রিমহাশয় আজকে এই যে বিল এনেছেন যাতে হাউসিং বোর্ড ব্যাংক এবং রাজ্যসরকারকে অবিলম্বে তার ঋণ পরিশোধ করবে, এর জন্য আমি এই বিলকে স্বাগত জানাই, অভিনন্দন জানাই। মন্ত্রিমহাশয়কে আবার আমি অনুরোধ করবো বর্তমানের ফ্লাট গ্রহণে যে সমস্ত দুর্নীতি আছে সেই দুর্নীতি বলিষ্ঠ হাতে তিনি যেন দূর করেন এবং ইন্টারমিডিয়েট যে সমস্ত ঘুষ প্রদান করা হয় এবং একজনের ফ্লাট অপর জন নিয়ে জোর করে বসে আছেন এইগুলি তিনি যেন অনুসন্ধান করে দেখেন যে, যাদের নামে ফ্লাট অ্যালটমেন্ট আছে তারা যেন সেই ফ্লাটের স্বত্ব ভোগ করতে পারেন। অন্য লোক যদি স্বত্ব ভোগ করেন, তা হলে অবিলম্বে তাদের উচ্ছেদ করে দিন এবং তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করুন। অনেক ক্ষেত্রে যারা মোটা মাহিনা পান তারা মিথ্যা নাম দিয়ে অন্য লোকের নাম করেন ফ্লাট দখল করে বসে আছেন। এই দুর্নীতি যেন অবিলম্বে বন্ধ করা হয়। হাউসিং স্টেটে যে সমস্ত অসুবিধা আছে যেমন জলের অভাব, বিদ্যুতের অভাব, সেই সমস্ত অভাব যেন দূরীকরণ করা হয়। কারণ হাউসিং স্টেট যাদের দেওয়া হয়েছিল তারা হচ্ছে মধ্যবিত্ত মানুষ, স্বল্প বেতনের কর্মচারী। তাদের জন্য যখন আমরা হাউসিং স্টেট করেছি তারা যাতে সুখে স্বচ্ছন্দে বাস করতে পারে, তাদের যাতে দুর্নীতির কবলে না পড়তে হয় তার জন্য সরকারের কঠোর দৃষ্টিভঙ্গি নিয়ে এই সমস্ত ব্যাপারের মোকাবিলা করা উচিত। যদিও অ্যামেন্ডমেন্ট বিলে এই সমস্ত কথার উল্লেখ নেই, কিন্তু আজকে যে সমস্ত অসুবিধা বাস্তব ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি, বিভিন্ন জায়গা থেকে আমরা খবর পাই এবং মাননীয় বিধানসভার সদস্য যাঁরা আছেন তাঁদের কাছে বিভিন্ন লোক যারা যায়, যারা হাউসিং স্টেটে বাস করে থাকেন, তারা আমাদের কাছে আসেন, অভিযোগ করেন এবং সেই বাস্তব অভিজ্ঞতার মাধ্যমে আমি মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, হাউসিং স্টেটে যে সমস্ত দুর্নীতি এবং যে সমস্ত বাস্তুঘুঘুর বাসা জন্মেছে সেইগুলির যেন অবিলম্বে মূলচ্ছেদ করা হয় এবং সুষ্ঠু সরল জীবন-যাপন করার ব্যবস্থা যেন করা হয়। হাউসিং স্টেট যারা দীর্ঘদিন ধরে বাস করবেন তারা যাতে সেই বাড়ির স্বত্ব ভোগ করতে পারেন তার দিকে যেন দৃষ্টি রাখা হয় এবং হাউসিং স্টেটকে যেন কলোনীতে পরিণত করা না হয়। হাউসিং স্টেটে বিভিন্ন এলাকার বিভিন্ন মানুষ, বিভিন্ন সম্প্রদায়ের মানুষ যাতে ঐক্যবদ্ধ ভাবে বাস করতে পারেন এবং তাদের মধ্যে যাতে কখন প্রতিহিংসা বা জিঘাংসার সৃষ্টি না হয়, সম্পূর্ণ ঐক্যবদ্ধভাবে এক ভারতবর্ষের নাগরিক হিসাবে স্থায়ীভাবে যাতে সেখানে বাস করে আমাদের দেশের সমৃদ্ধির হাতকে জোরদার করতে পারেন সে দিকে মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দেবার জন্য আপনার মাধ্যমে স্যার, অনুরোধ করছি এবং সেই সঙ্গে সঙ্গে ওয়েস্টবেঙ্গল হাউসিং বোর্ড অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৭৩-কে আমি স্বাগত জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি এবং সমর্থন করছি।

শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ মিঃ স্পীকার স্যার, 'দি ওয়েস্টবেঙ্গল হাউসিং বোর্ড অ্যামেন্ডমেন্ট বিল'-কে স্বাগত জানাচ্ছি। এই বিলের বিবরণের মধ্যে ২নং ধারার ক্ষমতা অর্পণের কথা বলা হয়েছে, সেটার স্বার্থকতা আছে। কারণ অনেক সময় আমরা দেখতে পাই যে, পর্ষদ যেসমস্ত সিদ্ধান্ত গ্রহণ করেন, সেই সিদ্ধান্তগুলি বাস্তবরূপ লাভ করে না। তাই পর্ষদের সিদ্ধান্ত-গুলিকে বাস্তবে ঠিকমত রূপ দিতে হবে এবং কার্যক্ষেত্রে যাতে প্রয়োগ করা যায় তার জন্য এই ক্ষমতা অর্পণের প্রয়োজন আছে। তবে একটা প্রস্তাব এই সম্পর্কে রাখছি, সেটা হচ্ছে ক্ষমতা সমস্ত অফিসারদের মধ্যে সীমাবদ্ধ না রেখে, যদি সেই হাউসিং-এ যারা বাস করেন তাদের যে কমিটি আছে সেই কমিটিকে কিছু ক্ষমতা দেওয়া যায়, তা হলে পরে আমার মনে হয়, সেটা অনেক গণতান্ত্রিক হবে। এই উদ্দেশ্যে বিবরণের ৩নং ধারায় বলা হয়েছে সুযোগ বাড়ানোর কথা। সেখানে পৌর ও জনপথ অঞ্চলের কথাও বলা হয়েছে, এটা অত্যন্ত আনন্দের কথা,

অত্যন্ত সুখের কথা যে, সুযোগ বাড়ানো হবে। কিন্তু এই সুযোগ বাড়ানোর ক্ষেত্রে যদি পৌর এবং জনপথ অঞ্চলের স্থলে গ্রামাঞ্চলের কথা লেখা থাকত বা গ্রামাঞ্চলে হাউসিং স্থাপনের কথা লেখা থাকত, তা হলে আমরা আরো সুখী হতাম, আরো আনন্দিত হতে পারতাম। এই সুযোগ এমনভাবে বাড়ানো দরকার, যাতে প্রতি জেলায় হাউসিং বোর্ড স্থাপন করা যায় এবং প্রতি ব্লকে স্থাপন করা যায় কিনা সেটা আপনাকে বিবেচনা করবার জন্য আমি অনুরোধ করছি। সমবায় সমিতির কথা ৩নং ধারায় বলা হয়েছে। এই সমবায় সমিতিকে যদি জোরদার করা যায় এবং তার দ্বারা আবাস নির্মাণ করে বসবাসের সুযোগ দেওয়া যায়, তা হলে আমার মনে হয়, লো ইনকাম গ্রুপ বা কম আয়ের লোকেদের সুযোগ দেওয়া যেতে পারে এবং তাদের এই হাউসিং স্টেটে বসবাসের সুযোগ দান করা যেতে পারে। আর একটা কথা, সরকার এই বিলের মাধ্যমে যারা হাউসিং ভাড়া নিয়ে বসবাস করতে পারেন তাদের কথা চিন্তা করছেন, তাদের সুবিধার কথা চিন্তা করছেন। কিন্তু যেসব মানুষগুলি দীর্ঘদিন ধরে ঐ ফুটপাতে বাস করছে, ঐ ফুটপাতে বর্ষার জলে এবং শীতের ঠান্ডার মধ্যে বাস করছেন তাদের কথা চিন্তা করবার জন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি। আর একটা কথা যেটা অনেক দিন আগে মাননীয় পূর্তমন্ত্রী এই সভায় বলেছিলেন যে, যারা সরকারী ফ্ল্যাটে বাস করছেন তাদের ওনারশিপ দেওয়ার কথা সরকার চিন্তা করছেন। দীর্ঘদিন হয়ে গেল, এখনো সেই সম্বন্ধে কোন একটা চিন্তা বা সিদ্ধান্ত এই সভায় ঘোষণা করা হয় নি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি যে, সরকারী ফ্ল্যাটে যারা বসবাস করছেন তাদের যাতে ঐ ফ্ল্যাটের মালিকানা দেওয়া যায় তার জন্য চিন্তা করে একটা সিদ্ধান্ত গ্রহণ করুন। কয়েকটি হাউসিং স্টেট আছে যেমন বেলগাছিয়া, দত্তপুকুর এবং মানিকতলা হাউসিং স্টেটের যেসব অসুবিধা চলছে, পরিচালনায় যেসব ত্রুটিবিচ্যুতি আছে, সেই-গুলি দ্রুত দূর করে যাতে আরো সুন্দর এবং আরো ভাল করা যায় তার জন্য চেষ্টা করার প্রয়োজন আছে।

পরিশেষে আমি বলছি যে, পর্ষদ যে সিদ্ধান্ত গ্রহণ করছে সেই সিদ্ধান্তকে বাস্তবরূপ দেবার জন্য পর্ষদের চেয়ারম্যান বা বিভিন্ন সরকারী অফিসারদের উপর যে ক্ষমতা আরোপ করা হবে সেটা সম্বন্ধে কয়েকটি বিষয়ে লক্ষ্য রাখতে হ'বে, যাতে ঐ সমস্ত অফিসার তাঁদের ক্ষমতা ঠিক মত প্রয়োগ করতে পারেন বা ঐ সমস্ত ক্ষমতাগুলি যেন বাস্তবরূপ লাভ করতে পারে তার দিকে যাতে আমলারা সুনজর দেন সেই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

[5-30—5-40 p.m.]

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্তমন্ত্রী ওয়েস্টবেঙ্গল হাউসিং বোর্ড (অ্যামেন্ডমেন্ট) বিল যেটা এনেছেন তাকে সমর্থন করতে গিয়ে ২-১টি কথা বলতে চাই। পশ্চিমবঙ্গবাসীর জীবনে যে সমস্যা অত্যন্ত প্রকট তা হচ্ছে অন্নসমস্যা এবং আর একটা হচ্ছে বাসস্থান সমস্যা। একথা সকলেই জানেন যে, পশ্চিমবঙ্গ সরকার যেভাবে বাসস্থানের ব্যাপারে কাজ করছেন তা অন্যান্য প্রদেশের তুলনায় উল্লেখযোগ্য নয়। একথা সত্য যে, পূর্তমন্ত্রী বাসস্থান নির্মাণের ব্যাপারে সাধারণ ও নিম্ন আয় ব্যক্তিদের বাসগৃহ সংস্থানের ব্যাপারে যে চেষ্টা করছেন তা অভিনন্দন পাবার যোগ্য। প্রশ্ন হচ্ছে, চেষ্টা ও সদিচ্ছা ভাল জিনিস, কিন্তু এ নিয়ে কোন কাজ হয় না যদি না তাকে বাস্তবে রূপ দেওয়া যায়। আমরা দেখছি যে, পশ্চিমবঙ্গে বর্তমান মন্ত্রীসভা আসার সংগে সংগে তাঁরা অনেক বিষয়ে যথেষ্ট সদিচ্ছার, সহানুভূতির পরিচয় দিয়েছেন, অনেক প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু এগুলিকে বাস্তবে রূপ দেবার জন্য কর্মতৎপরতা বিশেষ-ভাবে পরিলক্ষিত হয় নি। এর ফলে অনেক প্রতিশ্রুতি কেবলমাত্র প্রতিশ্রুতিতেই থেকে যাচ্ছে। এই যে সংশোধনী করেছেন তাতে তিনি চেয়ারম্যান-এর হাতে ক্ষমতা অর্পণের জন্য যে বক্তব্য রেখেছেন সে সম্পর্কে আমি একটা কথা বলতে চাই। এই যে বক্তব্য তিনি রেখেছেন এটা গণ-তান্ত্রিক বলে মনে হচ্ছে না। যদিও জানি, তাঁর হাতে পশ্চিমবাংলার সাধারণ মানুষ নিরাপদ, কিন্ত তবুও বলছি, এই বোর্ড গণতান্ত্রিকভাবে তৈরি হোক এবং পরিচালিত হোক। আজকে শুনলাম, কোরামের অভাবে বোর্ডের মিটিং হয় না। এটা কর্মতৎপরতার সুলক্ষণ নয়। আমরা

একথা বলতে চাই, বাসস্থানের ব্যাপারে যদি কর্মতৎপরতা না থাকে, তা হলে সাধারণ মানুষের কাছে আমাদের মুখ দেখাবার উপায় থাকবে না। আজ বাসস্থানের ব্যাপারে কোলকাতা শহরে কিছু কিছু করা হয়েছে। নিম্ন ও মধ্যবিত্ত আয়ের লোকেরা কিছু কিছু বাসস্থান তারা পেয়েছেন এটা সত্য কথা। কিন্তু কোলকাতার চারপাশ নিয়ে যেমন বিচার করা উচিত নয়, তেমনি সংগে সংগে একথাও চিন্তা করা উচিত যে, হাউসিং বোর্ড-এর যে কর্মতৎপরতা, তা যদি কোলকাতা বা পার্শ্ববর্তী অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ করে পরিচালিত করা হয়, তা হলে আমরা এটা সানন্দে গ্রহণ করতে পারব না। তাই তাঁর কাছে নিবেদন করব যে, বিগত কয়েক মাস এই যে সরকার চলছে এর মধ্যে হাউসিং বোর্ড-এর কর্মতৎপরতা খুব বেশী করে তাঁরা দেখাতে পারেন নি। আগামী দিনে তাঁরা যাতে এটা দেখাতে পারেন তার জন্য তাঁকে অনুরোধ করব। আজ সারা ভারতবর্ষ জুড়ে নিম্ন, মধ্যবিত্ত, ও হরিজনদের জন্য বিভিন্ন রাজ্যসরকার প্রকল্প শুরু করেছেন। কেরালা সরকার হরিজন প্রভৃতির জন্য ২৮ কোটি টাকা খরচ করে একটা প্রকল্প গ্রহণ করেছেন। অথচ এ বিষয় আমরা পশ্চিমবাংলা কি করতে পেরেছি? আমরা কি পশ্চিম-বাংলা গর্বের সংগে একথা বলতে পারি যে, নিম্ন, মধ্যবিত্ত ও হরিজনদের জন্য আমরা বাসস্থানের ব্যবস্থা করতে পেরেছি। আমরা কি একথা বলতে পারি কোলকাতা, প্রতি জেলা এবং প্রতি মহকুমা শহরে এই হাউসিং বোর্ড তাদের কর্মতৎপরতা বাড়াতে পেরেছে? তারা তাদের কর্ম-তৎপরতা বাড়াতে পারে নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিল পাশ করে একমাত্র সর্ববিধ ক্ষমতা গ্রহণ করে যদি তাঁদের দায়িত্ব শেষ হয়ে যায়, তা হলে অত্যন্ত দুর্ভাগ্যের কারণ হবে, আমাদের তা সন্তুষ্ট করতে পারবে না। মাননীয় মন্ত্রিমহাশয়ের যে সদিচ্ছা আছে, যে অনুপ্রেরণা নিয়ে তিনি কাজ করছেন, সেই অনুপ্রেরণা নিশ্চয়ই মহৎ, কিন্তু সেই সংগে সংগে লক্ষ্য রাখতে হবে এই কর্ম সম্পাদনের পথে যে বাধা আসবে সেই বাধা যাতে দূর হয়। পশ্চিমবংগে নিম্ন আয়ের, মধ্য আয়ের, অনেক ভাই রয়েছেন, হরিজন ভাই রয়েছেন, গ্রামাঞ্চলে যেসব মানুষ আছে তাদের জন্য আজকে সরকারের যে হাউসিং বোর্ড আছে সেই হাউসিং বোর্ডকে ভাবতে হবে। গ্রামে লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ বাস করে, বহু মানুষ গাছের নিচে রাত্রি বাস করে, তাদের বাস-গৃহ নির্মাণের জন্য কোন ব্যবস্থা করা হয় না। আজকের যে সরকার সেই সরকারের প্রতি মানুষের সদিচ্ছা, আস্থা, বিশ্বাস আছে, তাঁরা কেবল কাগজের স্তূপ তৈরি করবেন না, তাঁরা যে আইন তৈরি করবেন সেটাকে বাস্তব রূপ দেওয়ার চেষ্টা করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মানুষের জন্য আইন, আইনের জন্য মানুষ নয়। কিন্তু আজকে আমরা লক্ষ্য করে দেখছি যে, সরকারী কর্মপন্থার মধ্যে একটা জট পাকিয়ে যাচ্ছে। এক শ্রেণীর আমলা, এক শ্রেণীর উচ্চ-পদস্থ কর্মচারী, তারা চক্রান্ত করে সেই কাজের পথে বাধা সৃষ্টি করছে। যে-কোন কাজে আমরা লক্ষ্য করেছি সেই কাজ সম্পূর্ণভাবে সম্পন্ন হতে পারছে না, সেই কাজে বাধা আসছে। আজকে সরকারের যে হাউসিং বোর্ড সেই বোর্ডের ব্যাপারে একই রকম বাধা সৃষ্টি হয়েছে এবং এর আগে বিধানসভার মাননীয় সদস্যরা তার সমালোচনা করেছেন। আমি আজকে মাননীয় মন্ত্রিমহাশয়কে এই কথা বলতে চাই যে, আপনি কেবল আমলাদের হাতে তামাক না খেয়ে বাস্তব অবস্থা বিচার করবার চেষ্টা করবেন। কলকাতায় বসে মিটিং ডেকে পশ্চিমবাংলার লক্ষ লক্ষ মানুষের যে গৃহসমস্যা আছে সেগুলি সমাধান করার চেষ্টা না করে আপনি জেলা, মহকুমা শহরগুলিতে যাবেন এবং প্রয়োজন হলে গ্রামগুলিতেও যাবেন। আজকে কেরালা হরিজনদের জন্য যদি ২৮ কোটি টাকার প্রকল্প গ্রহণ করতে পারে, তা হলে কেন পশ্চিমবংগ আরো বেশী অর্থ সংগ্রহ করে পশ্চিমবংগে যে সমস্ত নিম্ন আয়ের, মধ্য আয়ের মানষ আছে তাদের জন্য বাসস্থানের ব্যবস্থা করতে পারবে না? প্রসংগক্রমে আর একটি বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হচ্ছে সরকার যেসমস্ত ফ্লাট, বাড়ি তৈরি করেন সেই সমস্ত ফ্লাট, বাড়ি তৈরির ব্যাপারে অনেক কিছু দুর্নীতি, কারচুপির খবর আছে। জনগণের বহু টাকা এই সমস্ত চোরা-পথে নষ্ট হয়ে যায়। এই সম্পর্কে অনেক অভিযোগ আমরা ইতিমধ্যে করেছি, কিন্তু আজ পর্যন্ত সেই বিষয় সঠিক কোন কর্মপন্থা গ্রহণ করা হয় নি। সরকারী উদ্যোগে যেসমস্ত ফ্লাট, বাড়ি তৈরি হয় সেগুলি পাওয়ার ব্যাপারে সত্যিকারের যাদের প্রয়োজন আছে, সত্যিকারের যারা পাওয়ার যোগ্য, তারা কিন্ত অনেক কাঠখড় পুড়িয়েও সেই সমস্ত ফ্লাট, বাড়ি যোগাড় করতে পারে না. উপরন্তু যারা আমলাদের সংগে তাল মিলিয়ে চলতে পারে, উচ্চপদস্থ কর্মচারীদের সংগে

যাদের ভাব-ভালবাসা আছে, যাদের মুরুব্বীর জোর আছে, তারা এই সমস্ত ফ্লাট, বাড়ি যোগাড় করেন। আমি তাই মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, আজকে আমাদের কাছ থেকে ক্ষমতা নেওয়ার সঙ্গে সঙ্গে এই দিকগুলি ভাববার চেষ্টা করবেন। পাঁচ বছর এই সরকার ক্ষমতায় আসীন থাকবেন, এই পাঁচ বছরের মধ্যে এক বছর অতিক্রম হয়ে গেল, হাতে আছে মাত্র চার বছর। এর প্রতি বছর বিধানসভায় বিল এনে কিছু কিছু সংশোধন করা হয়, কিছু কিছু ক্ষমতা নেওয়া হয় এবং তারপর যদি বলা হয় যে, সম্ভবপর হচ্ছে না, তা হলে মন্ত্রিমহাশয়কে জানিয়ে দিতে চাই স্পষ্ট ভাষায় মানুষ কিন্তু দীর্ঘদিন এই অবস্থা সহ্য করবে না, সহ্য করতে পারে না।

[5-40—5-50 p.m.]

আমাদের সমস্ত ক্ষমতার উৎস জনগণ। আমরা যে পশ্চিমবাংলার বিধানসভার সদস্য সেটা জনগণ আমাদের পাঠিয়েছেন বলে, মন্ত্রিমহাশয়দের নাম যে উচ্চারিত হয় সেটাও জনগণ তাঁদের পাঠিয়েছেন বলে। জনগণ যদি আমাদের প্রতি অনাস্থা প্রকাশ করেন, অবিশ্বাস প্রকাশ করেন সেদিন কিন্তু বিধানসভার সদস্য হয়ে এই ঘরে আর আসা যাবে না এবং মন্ত্রিদেরও মন্ত্রী হয়ে রাজ্যপালের কাছে শপথ গ্রহণ করা যাবে না। আমরা এক বছর অতিক্রম করেছি, তাই বলছি আমলাতন্ত্রের উপর নির্ভর না করে, উচ্চপদস্থ কর্মচারীদের রিপোর্টের উপর নির্ভর না করে, বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে আইন বলবত করুন। বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে পশ্চিমবাংলার এই হাউসিং বোর্ডকে পশ্চিমবাংলার গরিব জনগণের আশা-আকাঙ্ক্ষার এবং গর্বের বস্তু করে তুলুন, বাস্তব কর্মপন্থা নিয়ে জেলায় জেলায়, মহকুমায় মহকুমায় যান, গ্রামে গ্রামে যান, হরিজন পল্লী, আদিবাসী পল্লী এবং তফসিল অধ্যুষিত এলাকায় যান এবং তাদের গৃহসমস্যা দেখুন তার সমাধান করুন। মানুষ চায় আহার এবং বাসস্থান এবং সেই ব্যবস্থা করবার জন্য সংসদীয় গণতন্ত্রে সরকারের উদ্ভব হয়। সংসদীয় গণতন্ত্রে সরকারকে নির্বাচিত করতে হয় এবং সেই দায়িত্ব পালন করবেন বলে সরকার ক্ষমতায় আসীন হন। কিন্তু বিগত ২৫ বছর ধরে দেখছি, মানুষের আশা-আকাঙ্ক্ষাকে বাস্তবরূপ দেবার জন্য যেভাবে কর্মপন্থা গ্রহণ করা উচিত ছিল সেইভাবে গ্রহণ করা হয় নি। পশ্চিমবাংলায় অনেক রাজনৈতিক পালাবদল হয়েছে, অনেক পরিবর্তন হয়েছে, মানুষ হিংসা এবং সন্ত্রাসের পথে নেমেছিল, বিক্ষোভে ফেটে পড়েছিল। তাই পুনরায় দেশের মানুষ আমাদের উপর আস্থা রেখে আমাদের এখানে পাঠিয়েছে এবং নির্বাচিত করেছে এই সরকারকে। তাই মন্ত্রিমহাশয়কে বলব, অতীতে আপনি আমাদের সর্ববিধ সমর্থন পেয়েছেন এবং আপনিও আমাদের সর্ববিধ প্রতিশ্রুতি এবং আশ্বাস দিয়েছেন। আপনি যেটা আমাদের কাছে চেয়েছেন সেটা আপনি পেয়েছেন। আমরা সমালোচনা করেছি, কিন্তু সাহায্যও করেছি। কোরামের অভাবে যখন এখানে মিটিং হয় না, তখন আপনার মাথা যেমন লজ্জায় হেঁট হয়, আমাদেরও মাথাও তেমনি লজ্জায় হেঁট হয়। কাজ যেভাবে এগুনো উচিত ছিল সেইভাবে এগোয় নি বলে আপনার যেমন লজ্জা আছে, সংকোচ আছে, আমাদেরও তেমনি লজ্জা এবং সংকোচ আছে। এই যে হাউসিং বোর্ড এটা নিয়ে অনেক বিক্ষোভ হয়েছে, এটা নিয়ে অনেক সমালোচনা হয়েছে, এর শম্বুক গতি নিয়ে অনেক সমালোচনা হয়েছে। গণতন্ত্রের তীর্থক্ষেত্র এই বিধানসভায় আমরা যখন এটা নিয়ে বারংবার সমালোচনা করলাম তখন আমরা আশা করে-ছিলাম, বিশ্বাস করেছিলাম, পরবর্তী সময়ে এই জিনিসের পরিবর্তন হবে, এই জিনিসের পুনরাবৃত্তি আর হবে না। আমি মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই, আপনি যেটা করতে চাচ্ছেন আপনি যেটা করবেন ভাবছেন সেটাকে কিন্তু বাস্তবে রূপ দিতে পারছেন না এবং সে সম্বন্ধে অনেক কথা আমাদের কাছ থেকে আপনি শুনতে পেলেন। আমি এই বিল সমর্থন করছি, কিন্তু যে সমস্ত ত্রুটিবিচ্যুতির কথা মাননীয় সদস্যরা বললেন এবং আমিও আলোচনা করলাম সেগুলি আপনি লিখিতভাবে নিজের পার্সোনাল রেফারেন্সে-এর জন্য রাখবেন এবং আশা করি একে বাস্তবে রূপ দেবার চেষ্টা করবেন। এটা যদি করতে পারেন তবেই স্বার্থক হবে এই বিল আনা, তবেই স্বার্থক হবে বারংবার সমাজবাদের কথা বলা। একথা বলে আমি এই বিল সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। বন্দে মাতরম্।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী আজ পশ্চিমবঙ্গ আবাসন পর্যদ সংশোধন, ১৯৭৩ সন, যে বিল পেশ করেছেন তাকে আমি স্বাগত জানাই এবং তিনি যে বিলটা এনেছেন সময়োচিত বলে আমরা তাঁকে অভিনন্দন জানাচ্ছি এবং এই সঙ্গে সঙ্গে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। এই বিল ১৯৭২ সালের বিল অনুযায়ী হাউস বোর্ড বা আবাসন পর্ষদ গঠিত হয় এবং এর উদ্দেশ্য ছিল যারা নিম্নমধ্যবিত্ত বা যাদের আয় কম সেই সমস্ত পরিবার যাতে গৃহনির্মাণ করে বসবাস করতে পারে। যারা এই গৃহনির্মাণের আশা করতে পারত না, যেটাকে তাদের দুঃস্বপ্ন বলে মনে হত, তাদের সেই আশাকে বাস্তবায়িত করবার জন্য এই উদ্দেশ্যে ১৯৭২ সালে আবাসন পর্ষত গঠিত হয়। কিন্তু এটা গঠিত হলেও কতকগুলি ত্রুটি অভিজ্ঞতার ফলে ধরা পড়ে। সেগুলি দূরীভূত করবার জন্য আজকে এই সংশোধনী বিল এসেছে। তাই আমি না বলে পারছি না। আমাদের এখানে একজন সদস্য বলেছেন যে, শুভ বুদ্ধির উদয় হয়েছিল যখন বিল আনা হয়েছিল, কিন্তু এতো এমন কি গলদ থাকল যা আবার তাড়াতাড়ি সংশোধন করতে হল, মাননীয় সদস্যকে স্মরণ করিয়ে দিতে চাই, তিনি নিশ্চয়ই জানেন ফিলজফিতে একটা টার্ম আছে নাথিং ইজ পার্ফেক্ট, কোন জিনিসই স্বয়ংসম্পূর্ণ হতে পারে না। দর্শন শাস্ত্রের যুগ থেকে এটা মেনে নেওয়া হয়, সুতরাং আমরা সব সময় ট্রায়াল অ্যান্ড এররের মেথডে চলেছি এবং এটা যখন হয়েছিল, ভালভাবেই করা হয়েছিল এবং এখন দেখা যাচ্ছে যে, এটার ভেতর কতকগুলি ত্রুটিবিচ্যুতি আছে, সেগুলি সংশোধন করা এমন কোন গর্হিত কাজ নয় বলে আমি মনে করি। সেজন্য আমি বলি মাননীয় সদস্য যে স্বীকার করেছিলেন তার অন্তর দিয়ে শুভ বুদ্ধির উদয় হয়েছিল এবং এই বিলের উদ্দেশ্য ভাল এবং যে সংশোধনী হয়েছে তাও ভাল--যাই হোক আমি বলতে চাই এই বিলের ১৪ ধারায় যা করা হয়েছে যে, কোরামের অভাবে অর্থাৎ মিটিং-এ যদি কোরাম না হয়, তা হলে তার পরবর্তী মিটিং-এ আর কোরামের দরকার হবে না। এখানে এই নিয়ে প্রশ্ন উঠেছে। এটা আমি মনে করি ভাল কথা। কারণ অনেক জায়গায় কোরামের অভাবে ভাল উদ্দেশ্য নষ্ট হয়ে যায়, মিটিং-এর পর মিটিং হয়ে যাচ্ছে, কোরাম হচ্ছে না।। কারণ, আমরা জানি এমন অনেক জরুরীভিত্তিক কাজ করতে হয় যা কোরামের অভাবে বানচাল হয়ে যায়। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, এই বোর্ডটাকে আমলাতান্ত্রিক না করে গণতান্ত্রিক পদ্ধতিতে জনপ্রতিনিধিদের নিয়ে যেন করা হয়, তা হলে জনপ্রতিনিধিরা জনস্বার্থে মিটিং-এ যোগদান করবেন। যাই হোক, এই বিলে কোরামের যে বাধানিষেধ ছিল তা দূর করা হয়েছে, এটা ভাল কথা। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, তিনি যেন এই বিষয়ে বিশেষভাবে চিন্তা করেন যাতে পর্ষদকে জনপ্রতিনিধিমূলকভাবে তৈরি করা হয়। তারপর এই বিলের ১৫ ধারাতে বলা হয়েছে যে, ১৯৭২ সালে এই যে আবাসন পর্ষদ গঠিত হয়, তার ত্রুটিগুলি দূর করবার জন্য পর্ষদের কতকগুলি বিধি নিয়ম প্রণয়নের জন্য সংশোধন করা হয় এবং যেসমস্ত বিষয়ের সঙ্গে এগুলি সংযুক্ত তা এক এক করে বলতে চাই। প্রথম হচ্ছে, এই যে সংশ্লিষ্ট আইনে অর্থাৎ ১৯৭২ সালের আইনের দ্বারা গঠিত পর্ষদের ক্ষমতা সেই ক্ষমতা চেয়ারম্যান বা সভাপতির উপর প্রয়োগ করার ক্ষমতা ছিল না। বর্তমানে যে সংশোধনী বিল এসেছে সেটাতে প্রয়োজনভিত্তিক, অবশ্য অনেক সদস্য আশংকা প্রকাশ করেছেন, কিন্তু আমি বিলটি পড়ে দেখেছি এতে আশংকার কোন কারণ নেই, কারণ চেয়ারম্যান প্রয়োজন বোধে তিনি ক্ষমতা প্রয়োগ করবেন। দ্বিতীয়তঃ, পর্ষদ আবাসন কমিশনারকে অন্যান্য আধিকারিককে ক্ষমতা দেওয়ার জন্য এই সংশোধনী বিলে বলা হয়েছে। আমি বলব যেখানে বিলটায় রয়েছে আবাসন পর্ষদ মানে হাউসিং বোর্ড যে পর্যন্ত ক্ষমতা দেওয়া প্রয়োজন অর্থাৎ বিধি নিষেধ কতদূর মেনে চলা দরকার, সেই বিধিনিষেধ আরোপ করে এই সরকারী কর্মচারী অর্থাৎ আবাসন কমিশনারকে এবং অন্যান্য আধিকারিককে ক্ষমতা দেওয়া হয়েছে। আমি বলব, মাননীয় সদস্যদের যে এতে কোন আতঙ্কিত হওয়ার কারণ নেই যে, এখানে আমলাতন্ত্রের হাত শক্ত করে বসবে। তৃতীয়তঃ, এই যে পর্ষদের এই বিলের দ্বারা যে কাজকর্ম করার সুযোগ বৃদ্ধি অর্থাৎ আগে যে ক্ষমতা সীমাবদ্ধ ছিল তাকে এই পৌর অঞ্চলে বা অন্যান্য গ্রামীণ অঞ্চলের উন্নতি সাধনের জন্য এই বিলে ব্যবস্থা করা হয়েছে। যাতে গৃহনির্মাণ পরিকল্পনা বা আবাসন পরিকল্পনা বিষয়ে যাতে

[5-50—6-00 p.m.]

সংশ্লিষ্ট যে কোন ব্যাপারে সহায়তা করতে পারে, এইরকম সুযোগসুবিধা এই সংশোধনী বিলের দ্বারা করা হয়েছে।

চতুর্থতঃ, এই বিলের দ্বারা একটা ভাল জিনিস করা হয়েছে। গত আবাসন পর্ষদ রাজ্য-সরকার বা ব্যাঙ্ক থেকে যে ঋণ গ্রহণ করত সেগুলি পরিশোধের কোন ব্যবস্থা ছিল না। কিন্তু এই ব্যবস্থা করা হয়েছে। বর্তমানে ব্যাঙ্ক থেকে, রাজ্যসরকার থেকে যে ঋণ নেবে, যে সমস্ত ঋণই থাকুক না কেন—সেই ঋণ পরিশোধ করার সুনিশ্চিত ব্যবস্থার জন্য একটা প্রভিশন ১৯৭৩ সালের সংশোধনী আবাসন বিধেয়ক পর্ষদে ব্যবস্থা করা হয়েছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল এনেছেন বলে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় সত্যই আশীর্বাদ পাবার যোগ্য। তবে কথা হচ্ছে, যেভাবে বিলটা সংশোধন করা হয়েছে, আমি পূর্তমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, তিনি যেন এটার দিকে দৃষ্টি রাখেন, তিনি হয়ত এখন সভাপতি রয়েছেন, ভবিষ্যতে অন্য কেউ হতে পারেন, তখন অন্য রকম যাতে না হয়, তার জন্য এই পর্ষদ যাতে জনপ্রতিনিধি-মূলক হয় সেদিকে যেন তিনি সংশোধনের মধ্যমে ব্যবস্থা করেন। কোরাম এবং অন্যান্য প্রশ্ন যা এসেছে, তা হলে সে প্রশ্নগুলি হয়ত উঠত না। তাই আমি অনুরোধ করব যে, এই বিলের যা আসল উদ্দেশ্য—আমাদের আবাসন পর্ষদকে জনপ্রতিনিধিমূলক করতে হবে। আমি একথা বলছি না, সমস্ত সদস্যই জনপ্রতিনিধি সদস্য হবেন, তার মধ্যে নিশ্চয়ই সরকারী এক্সপার্ট দরকার আছে, গৃহনির্মাণ বা অন্যান্য বিষয়ে যারা অভিজ্ঞ তাদের পদাধিকারবলে রাখা দরকার। তার মানে আমি যেকথা বলতে চাই সেটা হচ্ছে যেভাবে পর্ষদ গঠন করা হয়েছে সেভাবে না হয়ে জন-প্রতিনিধিমূলক হওয়া চাই। আমি আশা করব যে, আমাদের মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন সেটা যাতে আরও বিস্তার লাভ হয়, মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত এবং যে সমস্ত নিম্ন আয়ের লোক আছে, তারা যাতে গৃহনির্মাণ করতে পারে। কিন্তু আমার মনে হয়, এই সভার অনেকেই আমার সংগে একমত হবেন, আগে যে হাউসিং বোর্ড গঠিত হয়েছিল, তার যে উদ্দেশ্য ছিল তা সফল হয় নি, বিশেষ অগ্রগতি হয় নি। যাই হোক, এখন থেকে সেই সমস্ত দোষত্রুটি দূরীভূত হয়ে এই সংশোধনীর মাধ্যমে প্রগতিশীল সরকারের পরিচালনায় অগ্রগতি হতে পারে এবং এর সংগে খাপ খাইয়ে চললে পর সম্ভাব্য ক্ষেত্রে যে সমস্ত দরিদ্র মধ্যবিত্ত যারা কোনদিন গৃহনির্মাণের আশা করে নি, তারা গৃহনির্মাণ করে সুখে স্বচ্ছন্দে বাস করতে পারবে। এই কথা বলে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে এই বিলকে পূর্ণ সমর্থন করে— বিভিন্ন সদস্যরা যে আশংকা প্রকাশ করলেন, আমি মনে করি চিন্তা করে দেখলেই তাঁদের সেই আশংকা দূরীভূত হবে, এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়কে আমাকে সুযোগ দেওয়ার জন্য ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পূর্তমন্ত্রী এই যে ওয়েস্ট-বেঙ্গল হাউসিং বোর্ড (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৩, এনেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে, দেখতে পাই—এই পূর্ত বিভাগের যিনি ভারপ্রাপ্ত মন্ত্রী—আজকে তার একটা দূরদৃষ্টি, তাঁর যে প্রগতিশীল দৃষ্টিভঙ্গি এবং তাঁর যে গতিশীল মনোভাব, তার একটা প্রকাশ এখানে দেখতে পাচ্ছি—এইরকম একটা ছোট সমস্যার ব্যাপারে তিনি হাত দিয়েছেন। তিনি বুঝতে পেরেছেন, আমাদের এই কাজে অগ্রগতি হচ্ছে না, অগ্রগতি ব্যাহত হচ্ছে, এর সংশোধন প্রয়োজন। যেখানে কোরাম হয় না, কোরামের অভাবে একটা বৃহৎ জিনিস যেটা জন-সাধারণের জিনিস সেটা ব্যাহত হয়, সেটা রক্ষার জন্য এই যে মন্ত্রীর চেষ্টা ও প্রয়াস, এটা বাস্তবিকই অভিনন্দন যোগ্য, ধন্যবাদের যোগ্য। কিন্তু দুঃখের বিষয়, আমার একটা আশংকা ও ভয় হচ্ছে আমলাদের হাতে বেশী করে ক্ষমতা দিতে যাচ্ছি এর দ্বারা। সাধারণ মানুষের কাজে তারা প্রতিবন্ধকতা সৃষ্টি না করে, বিকৃত না করে, এই ভয় আমার হচ্ছে। দেখতে পাচ্ছি সভাপতি যিনি হবেন তাঁর হাতে ক্ষমতা দেওয়া হচ্ছে। এখানে অন্যান্য আধিকারিকগণের হাতে ক্ষমতা দেওয়া হবে। হাউসিং কমিশনারের হাতে ক্ষমতা দেওয়ায় মাননীয় মন্ত্রিমহাশয়ের সদিচ্ছা থাকলেও আমাদের চিন্তা আসছে, সেই ক্ষমতা অপপ্রয়োগ না হয়, সেদিকে দৃষ্টি দেওয়ার

প্রয়োজন আছে। যাতে আমাদের হাউসিং ডিপার্টমেন্ট, এই হাউসিং বোর্ডের উন্নতির জন্য, সাধারণ মানুষের উন্নতির জন্য, আজ মধ্যবিত্ত মানুষের উন্নতির জন্য তাদের যদি এই হাউসিং বোর্ড কাজে লাগে। আজকে যাদের কোন ঠিকানা নাই, বাড়িঘর নাই, আজকে সরকারি হাউসিং বোর্ড থেকে তারা ব্যবস্থা করছেন, তা থেকে তারা সুযোগসুবিধা যাতে পেতে পারে। এই যে চিন্তাধারা তাদের যে নতুন দৃষ্টিভঙ্গি, সেটাতে আপনি অনুপ্রেরণা জোগাচ্ছেন। যেটা ভয় লাগছে তা আমাদের মনের মধ্যে যেন স্থান না পায়। এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আপনি এদিকে একটু দেখবেন। সরকারের কর্তব্য জনসাধারণের ইচ্ছা পূরণ করা। যে ভাবে এই সরকার অগ্রহী হয়েছেন, ছোটখাট ব্যাপারে নজর দিয়েছেন, তাতে সেই ব্যপারে মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দিচ্ছি এই ব্যাপারে আমলাতন্ত্র যেন সর্বেসর্বা না হয়, কারণ আজকে আমলাতন্ত্রের উপর সাধারণ মানুষের আস্থা নাই, বীতশ্রদ্ধ্য তাদের উপর, সেখানে যাতে পুরা দায়িত্ব ছেড়ে দেওয়া না হয়, জনপ্রতিনিধির মাধ্যমে সেই কাজকর্ম হতে পারে তার জন্য দাবি করছি। সরকার যে আজকে জনসাধরণের দিকে তাকিয়েছেন, তার জন্য মন্ত্রিমহাশয়কে আবার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। যে কাজের জন্য তিনি নেমেছেন, তা সফল হোক—এই কামনা করি। এই বলে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ, বন্দে মাতরম্।

Mr. Speaker: Honourable Members, the time for discussion of this Bill is to expire at 6-02 p.m. The Hon'ble Minister has to give his reply to the debate. It is, therefore, necessary that some more time should be allowed for discussion of the Bill. I accordingly propose, subject to your approval, that under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly the time for discussion of the Bill may be extended by half an hour, i.e., up to 6-32 p.m.

(Voices : Yes, Sir.)

So, time is extended by half an hour.

Now I call upon the Hon'ble Minister-in-charge of the Bill to reply.

[6-00—6-10 p.m.]

শ্রীভোলানাথ সেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের ব্যাপারে অন্য দু-একটা কথা উঠেছে সেগুলো সম্বন্ধে আগে বলে নিই, এই এল আই জি, এম আই জি ফ্লাট যেগুলো বিলি করা হয় তাতে এম এল এ-রাই মেম্বার, কলকাতার এল আই জি এবং এম আই জিতে এম এল এ-রা মেম্বার এবং স্টেট মিনিস্টার সারোগী মহাশয় চেয়ারম্যান। ইন্ডাস্ট্রিয়াল হাউসিং স্টেট, অর্থাৎ কিনা সাবসিডাইজড হাউসিং ফর ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কার্স তাতে যে কমিটি আছে তার চেয়ারম্যান লেবার স্টেট মিনিস্টার শ্রীপ্রদীপ ভট্টাচার্য। সুতরাং আমলাতন্ত্রের ব্যাপার কিছু নেই। লোন যে কমিটির মাধ্যমে দেওয়া হয় সেই কমিটি এম এল এ-দের নিয়ে করা হয়—তার চেয়ারম্যান ডাঃ কানাইলাল সরকার। তাতেও আমলাতন্ত্রের ব্যাপার নেই। সুতরাং ফ্লাট বিলির ব্যাপারে আমলাতন্ত্রের কথা উঠতে পারে না। দ্বিতীয়ত, বিল সম্বন্ধে যা বলা হয়েছে—প্রথমেই বলবো, কোরাম সম্বন্ধে সদস্যরা কেন ধরে নিয়েছেন জানি না, কোরাম হয় নি। কোরম তো হয়েছেই প্রত্যেকটি কমিটিতে এবং আমার যতদূর মনে পড়ে তিনটে মিটিং-এর দুটো মিটিং-এ শতকরা একশত জন উপস্থিত ছিলেন। একটা মিটিং-এ একজন আসতে পারেন নি—তিনি এম পি, সেসান ছিল, আসতে পারেন নি। অ্যাবসেন্ট হওয়ার কারণ নেই। তা ছাড়া কোম্পানি অ্যাক্টের রুল আছে, অ্যাডজর্নড মিটিং মানে দি মিটিং হুইচ কন্টিনিউজ। কোম্পানিজ অ্যাক্টে বলা হয়, ইট ইজ দি সেম মিটিং। এটা কোম্প্যানিজ অ্যাক্টে কোরাম না থাকলেও সেই মিটিং চলতে পারে। এই স্ট্যাটিউট-এ সেটা ছিল না। এমন ঘটনা ঘটতে পারে ভবিষ্যতে যে, হয় তো ১০ জন সদস্য আছেন তারা একটা কমিটিকে ভার দিলেন, কমিটি একটা রিপোর্ট দেবে, সেই রিপোর্ট দিল, শুধু হয়তো সেটা অ্যাকসেপ্ট করতে হবে, এক মিনিটের কাজ সেই এক মিনিটের

জন্য বাইরে থেকে যারা আসেন এর মধ্যে অ্যছেন যাঁরা আমলাতন্ত্রের লোক নন, তাঁরা মনে করলেন না এক মিনিটের জন্য আসার প্রয়োজন আছে। সুতরাং তার জন্য আবার একটা মিটিং ড্যকা, এবং ওয়েস্ট করা করা, তাতে কাজ করার অসুবিধা হয়। আমাদের এই কমিটিতে অফিসার আছেন—তা নয় শিবপুর কলেজের প্রফেসর আছেন; আমি জানি রিটায়ার্ড চীফ ইঞ্জিনীয়ার (হাউসিং) আছেন এবং চেয়ারম্যান (জেসপ) আছেন, এম পি আছেন এবং আমরা দুজন আছি—আমি এবং স্টেট মিনিস্টার এবং আরও কিছু অফিসার আছেন। এখন অফিসারদের হঠাৎ বাইরে যেতে হয়, ডিফারেন্ট ডিপার্টমেন্টের অফিসার আছেন তাঁদের বাইরে যেতে হয়। সেইজন্য মাঝে মধ্যে, ভবিষ্যতে একটা ঘটনা ঘটলেও ঘটতে পারে যে, খুব একটা ইমার্জেন্সি দরকার এবং এই ইমার্জেন্সি রেজলিউসান পাশ করা গেল না কোরাম-এর অভাবে, কারণ আমরা খুব দ্রুত তালে যেতে চাইছি—এই ঘটনা যাতে না ঘটে, সেইজন্য এই প্রভিসন দরকার

দ্বিতীয়ত কথা উঠেছে, চেয়ারম্যানকে পাওয়ার দেওয়া অ-গণতান্ত্রিক। এটা আমি মনে করি গণতান্ত্রিক। আপনারা সব জায়গায় দেখুন স্টেট ইলেকট্রিসিটি বোর্ড বা সেকেন্ডারি বোর্ড বলুন, বেশীর ভাগ জায়গায় দেখবেন আমলাতন্ত্র। সেখানে কোন মন্ত্রী থাকেন না—এখন যিনি মন্ত্রী থাকুন, আমি থাকি বা ভবিষ্যতে যিনি থাকুন এটা যদি না থাকত, তা হলে কি দাঁড়াতো? দাঁড়াতো এই যে, হাউস বলছে গ্রামে এটা করা উচিত; যেটা আমি জেনে গেলাম বা নানান জায়গায় করা উচিত বা জনৈক সদস্য যেমন বললেন যে, মাইনরিটি কমিউনিটিস, যেখানে থাকে সেখানে করা উচিত এটা আমি মনে করি। আমি জানি এই হাউস-এর এই অভিমত, যে জায়গায় বেশী দরিদ্র তাদের জন্য করা উচিত। আমি যদি সেখানে করতে গেলাম—যেয়ে দেখলাম, আমলাতন্ত্রের সংখ্যা বেশী, আমলাতন্ত্র যদি বলে না, তা হলে আমার ক্ষমতা নেই। অথচ অ্যাডমিনিস্ট্রেটিং ডিপার্টমেন্ট হিসাবে আমি কিন্তু দায়ী থাকবো হাউসের কাছে। এই হাউসের অভিমত ঐখানে প্রকাশ করার দায়িত্ব আমার এবং আগে যে কাজ করেছিল তারপর যখন মিনিস্ট্রি হল, সেই ঐ হাউসিং মিনিস্টার করেছে, তারই ডিরেক্ট রেসপন্সিবিলিটি। এবং এই ডাইরেক্ট রেস-পন্সিবিলিটি যেটা সেটা সুপারসিড করে দেবে আমলাতন্ত্র, এটা হতে পারে না, এটা গণতান্ত্রিক নয়। গণতন্ত্র হল সেইটাই, যেখানে জনতার মনোভাব, তারা যা চিন্তা করে সেটা যাতে সেখানে প্রকাশ হয় বিধানসভার মাধ্যমে সেই মনোভাব রূপায়ণ করাই হল গণতন্ত্র। গণতন্ত্র এই নয়, যে আমলারা গণতান্ত্রিক প্রতিনিধি বা দেশের প্রতিনিধিদের মতামত উল্টে দেবে। এটা হতে পারে না। এটা সম্ভবত এই রেস্ট্রিকসন যদি থাকে, তা হলে সেটা সেখানে প্রতিফলিত হতে পারবে। আগে চেয়ারম্যানের মতামতকেও উলটে দেওয়া হত। তাই এখানে রেসট্রিকসন রাখা, সেটা হল অটোনমাস বডি। কারণ মিনিস্টার অ্যাসেম্বলীতে আইন করে কতকগুলি অফিসারকে ভার দেয়, তারা বোর্ড করে সেখানে মিনিস্টার থাকে না। সেখানে কোন অফিসারকে সমস্ত পাওয়ার দেওয়া হয় না। সেখানে কোন বোর্ড বা কোন দলকে ক্ষমতা দেওয়া হয়। কিন্তু এখানে জনপ্রতিনিধি মন্ত্রী বা তার প্রতিনিধি, বা জনপ্রতিনিধি বা তাদের মনোনীত প্রতিনিধি যাঁরা থাকেন তাঁদের যদি একটুই ভোট থাকে সেটা হল গণতান্ত্রিক। কিন্তু তাঁদের যদি কোন ক্ষমতা না থাকে ঐ স্ট্যাটুটারী অফিসার যে কতকগুলি আছেন তাঁরা ইচ্ছা করলে উল্টে দিতে পারবেন, সেই জিনিস অগণতান্ত্রিক এবং সেটাই হচ্ছে আমলাতন্ত্র। সুতরাং সেটাকে বদলানো দরকার। এটা ঠিক যে, এই জাতীয় ক্ষমতা যদি নেওয়া হয় বা ব্যবহার করা হয়, তা হলে সেটা বোধ হয় ঠিক হবে না। কারণ আমলাতন্ত্র বা যা হোক যাদের নেওয়া হয়েছে তাদের এইজন্যই নেওয়া হয়েছে যে তাদের যে বিচার বিবেচনা ক্ষমতা সেটা যাতে ব্যবহার করা যায়। কিন্ত আমি যে ক্ষমতা প্রয়োগ করবো বা হাউসিং মিনিস্টার ভবিষ্যতে যে ক্ষমতা প্রয়োগ করবেন সেই ক্ষমতা তিনি তখনই প্রয়োগ করবেন যখন জনস্বার্থে তার প্রয়োজন হবে। তা ছাড়া কিন্তু প্রয়োগ করার কোন ক্ষমতা নাই। স্টেট গভর্নমেন্ট যখন বলবে অর্থাৎ কিনা ডিপার্টমেন্টাল মিনিস্টার যখন বলবে যে, এই কাজ তুমি কর, ক্ষমতা প্রয়োগ কর, তখন স্টেট গভর্নমেন্টের পক্ষে, ক্যাবিনেটের পক্ষে এখন যদি আমরা এটা মনে করি সুপারসেসন দরকার তখন সে তা করতে পারবে, তা না হলে সুপারসেসন দরকার হয় না। আমি অবশ্য ঠিক করে বলতে পারছি না, একটা স্টেট-এ বোর্ড সুপারসেসন হয়েছে—মনে হয় মহারাষ্ট্র, কিন্ত সেই বোর্ড হাউসিং মিনিস্টার ছিল না। কিন্তু মিনিস্টার যদি থাকে, তা হলে সুপারসেসন হয় না। ইন্ডিয়ান

আয়রণ স্টীল কোম্পানী সুপারসিডেড হয় নি, ইন্ডিয়ান আয়রণ অ্যান্ড স্টীল কোম্পানীর অ্যাডমিনিস্ট্রেসনটা নেওয়া হয়েছিল। বোর্ড করা হয়েছে যাতে ইনাস্টিটিউসন্যাল ফাইন্যান্স পাওয়া যায়। কিসের জন্য বোর্ড করা হয়েছে? গভর্নমেন্ট যে ফাইন্যান্স পাচ্ছিল না, গভর্নমেন্ট এল আই সি-র যে লোন পাচ্ছিল না, তার জন্য। এল আই সি যে লোন দেবে, হাডকো লোন যে দেবে, ব্যাঙ্ক যে লোন দেবে তাতে অনেক অসুবিধা হয় এবং প্রত্যেকে মিলে একটা চাপ সৃষ্টি করেছিল যে হাউসিং বোর্ড না করলে তারা ঠিকমতভাবে কাজ করতে পারছে না, সেইজন্য এই হাউসিং বোর্ড করা হয়েছে। এই হাউসিং বোর্ডের অন্য কোন পলিসি থাকতে পারে তারা অন্য কোন পলিসি ইমপ্লিমেন্ট করতে পারেন বা সেখানে অন্য কোন কমিটি থাকতে পারে না। হাউসিং বোর্ডের পলিসি সরকারের পলিসি হতে বাধ্য। এবং সেই পলিসি ইমপ্লিমেন্ট করার জন্য মোর এফিসিয়েন্টলি করার জন্য এই হাউসিং বোর্ড করা হয়েছে। সুতরাং সেখানে যে কোন জায়গায় আমলাতন্ত্রের জন্য বা যে-কোন কারণেই হোক যদি কোন সিচুয়েসনের সৃষ্টি হয় যে মিনিস্ট্রির যে চিন্তাধারা তা রূপায়িত হচ্ছে না বা এই বিধানসভার চিন্তাধারা রূপায়িত করা যাচ্ছে না, তা হলেই ক্ষমতা প্রয়োগের কথা উঠবে। তা না হলে সাধারণ ক্ষেত্রে ক্ষমতা প্রয়োগের কথা উঠতে পারে না। আর ডেলিগেসন অব পাওয়ার- ডেলিগেসন অব পাওয়ার সমস্ত জায়গাতেই থাকে। কারণ ডেলিগেসন অব পাওয়ার যদি না থাকে, তা হলে হাউসিং বোর্ড কমিশনার কি করবে, চীফ ইঞ্জিনীয়ার কি করবে, চীফ আরকিটেক্ট কি করবে, চীফ টাউন প্ল্যানার কি করবে? সেখানে যদি নিয়ম না থাকে ক্ষমতা দেওয়া না থাকে, তা হলে তারা কিছু করতে পারে না।

[6-10—6-20 p.m.]

বোর্ডকে প্রত্যেকদিন বসতে হবে, প্রতিদিন বসতে হবে, যেটা একটা অসম্ভব ব্যাপার। বোর্ড হলে ম্যানেজিং কমিটির একটি কোম্পানী হয় কিংবা একটি সোসাইটির যেমন ওয়ার্কিং কমিটি হয় ঠিক তেমনি হচ্ছে। খালি এটুকু অসুবিধা যে আইনে যদি ক্ষমতা না থাকে ডেলিগেট করবার যদি ৫০০/১,০০০/২,০০০ টাকা অবধি জিনিস কিনবার ক্ষমতা না থাক, তা হলে কাজ করা যায় না। আমরা চেষ্টা করছি বোর্ড থেকে ইন্ডাস্ট্রি তৈরি করবার জন্য, বিল্ডিং ইন্ডাস্ট্রি করবার চেষ্টা করছি এবং বিল্ডিং-এর জন্য যেসমস্ত জিনিস লাগে তার ইন্ডাস্ট্রি করবার চেষ্টা করছি। যেমন ধরুন কাঠের ইন্ডাস্ট্রি করি, কিংবা সিমেন্টের ইন্ডাস্ট্রি করি, স্টীলের ইন্ডাস্ট্রি করি—এই সমস্ত জিনিসের জন্য আমাদের একটা কমিটি করতে হবে, এগুলির জন্য পাওয়ার দিতে হবে, যদিও আমরা ইন অ্যান্টিসিপেসন কাজ করছি এই আইন প্যাশ হবে বলে, কিন্তু রেগুলারাইজ করা যায় নি। এখন পর্যন্ত যদিও কাজ বন্ধ থাকে নি, এখন এটাকে কিন্তু রেগুলারাইজ করা হবে। এই যে কমিটিগুলি, ফর্মাল লেভেলে তাদের পাওয়ার থাকবে যে, তারা যাতে কাজ করতে পারে যেটা বোর্ড পরে একসঙ্গে বসে করতে পারে নি যিনি আর্কিটেক্ট, যিনি অ্যাকাউনট্যান্ট তিনি খুব ওয়েলনোন অ্যাকাউন্ট্যান্ট আছেন চেয়ারম্যান অব জেসব, তার পক্ষে বিল্ডিং মেটিরিয়াল কেনাটা সুবিধা কিনা, সেখানে কমিটি কোন কিছু হয় নি, সেখানে আর্কিটেক্ট অ্যাপয়েন্ট করা হবে, অ্যাকাউন্ট্যান্ট থাকলে কিছু হয় না, এমন কতকগুলি অসুবিধা আছে। এই আইনে সেই সমস্ত পরিবর্তন করা হচ্ছে এবং একমাত্র গণতান্ত্রিক পদ্ধতিতে কাজ-গুলি চালাবার জন্য পরিবর্তন করার চেষ্টা করা হচ্ছে এবং স্মুথলি যাতে কাজ হয় তার চেষ্টা করা হচ্ছে। আপনারা ভাববেন না যে, কোনদিন আমাদের কোরাম ফেল করেছে—কোনদিনইও করে নি শতকরা ১০০ হয়েছে একদিন দুদিন ছাড়া। কিন্তু যখন কোন আইন হয়, তখন ভবিষ্যতের কথা চিন্তা করতে হয় এবং বারে বারে আইন এনে আপনাদের সময় নষ্ট করা উচিত নয়, যে জন্য সব এক সঙ্গে আনা হয়েছে। এখানে একজন বললেন যে, স্টেট বা ব্যাংককে প্রায়রিটি দেওয়া হচ্ছে। যিনি ফ্লাট কিনবেন তার কি হবে? তার টাকা উড়ে যাবে? কথা হল যখন কোন জমি কেনা হয় আমাদের সেখানে এস্টেট আছে বা আমরা যে এস্টেটগুলি করবো সেই এস্টেটের এগেনস্টে ব্যাঙ্ক বা ফিনানসিয়াল ইনস্টিটিউশন টাকা দেবে এবং যখন কোন এন্টারপ্রেনারস কোন ফ্লাট তৈরি করেন মাল্টিস্টোরিড বিল্ডিং তৈরি করেন তিনি যদি ধার নেন, তা হলে পরে সেখানে ও'নাদার'দের রাইট থাকে সমস্ত বাড়িটিকে নিলামে তলবার এবং আইন অনুসারে সেই রাইট চিরকাল থাকার যে লোন দেবে তার। কিন্ত যেসব হাউসিং বোর্ড হচ্ছে সেটা ফিনানসিয়াল

কনসিডারেসনে অটোনোমাস করা হয়েছে, সেখানে চেয়ারম্যান থাকছেন হাউসিং মিনিস্টার। সেখানে এমনভাবে চেষ্টা করা হবে এম আই জি, এল আই জি টাইপের যে বাড়ি আছে সাধারণ মানুষ টাকা দিয়ে কিনবে, তাদের সমস্ত টাকা চলে গেল এই ঘটনা ঘটবে বলে আমি কখন ভাবতে পারি না, এটা সম্ভবও নয়। এটা অ্যাকাউন্টের দিক থেকে সম্ভব নয়, তা ছাড়া এই ঘটনা ঘটতে পারে না। ফ্লাট তৈরি হবার পরে বিক্রি হবে। সেখানে মর্টগেজ দিয়ে ইনস্টলমেন্টে কিনতে হয়। কিনে মর্টগেজ দেবে এবং মর্টগেজের রাইট যেটা থাকবে সেটার সিকিউরিটি আছে ফিন্যান্সিয়াল ইনস্টিটিউসনের কাছে, তাতে আইনত কোন অসুবিধা দেখছি না। যেখানে যেখানে হাউসিং বোর্ড কাজ করবে সেখানে একটি লোক ফ্লাট কিনতে গিয়ে তার টাকা চলে গেল, বাড়ি চলে গেল, সব কিছু চলে গেল, হাউসিং বোর্ড দেউলিয়া হয়ে গেছে, এ চিন্তা আমি করতে পারছি না। কারণ, সমস্ত অ্যাকাউন্ট এবং অন্যান্য জিনিসের স্ট্যাটুটরি বডি থাকে ডিফারেন্ট ক্ষেত্রে। আমাদের যে বাজেট সেই বাজেট যাবে ডিপার্টমেন্টে অর্থাৎ কিনা ফাইন্যান্স ডিপার্টমেন্ট এবং ফাইন্যান্স ডিপার্টমেন্ট থেকে অ্যাকসেপটেড হয়ে তারপরে সেই বাজেট আমাদের চালু হবে। আমাদের এখানে অডিট রেস্ট্রিকসান রাখা হয়েছে। প্র্যাকটিক্যালি গভর্নমেন্টের যে রেসট্রিকসন আছে তাও আছে, আবার বিজনেস হাউসের যে ফেসিলিটিজ আছে তাও আছে। এটা একটা অদ্ভুত সমন্বয়, এইরকম ভাবে প্যারালাল ইনস্টিটিউসন, প্যারালাল ফ্রেমওয়ার্ক বোধ হয় আমাদের দেশে নেই।

যেখানে মিনিস্টার ইন-চার্জ ইজ দি চেয়ারম্যান হ্যাভিং পাওয়ার, বাট অ্যাট দি সেম টাইম। ওখানে একটা লিমিটেড কোম্পানীর মতন হল, লিমিটেড কোম্পানীর মতন, ফিক্সড ক্যাপিটাল হবে, প্রফিট হবে—ঠিক প্রফিট হবে না, কারণ সেটা আবার এল আই জি, এম আই জি-তে যাবে। আবার তেমনি রেসট্রিকসান থাকলো অ্যাকাউন্ট অডিটে যেটা আপনাদের থ্রু দিয়ে পাশ হবে যাতে চুরি না হয়, আবার যাতে কাজ আটকে না যায় এই দুটি চিন্তাধারার মিশ্রণে বা এই দুটি প্রবলেম সলভ করার জন্য এই আইন বা অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। এই জিনিসটি যাতে স্মুথলি রান করতে পারে তার জন্যই এটা তাড়াতাড়ি করে আনা হয়েছে। দুটি মিটিং করার পরেই এই জিনিসগুলি আমাদের মনে স্ট্রাইক করেছে। যে মুহূর্তে আমরা ডিসাইড করলাম যে, আমরা নানান রকম কাজ করবো যাতে বাড়ি তৈরির খরচ কম পড়ে, যেমন রোলিং মিল, সিমেন্ট ফ্যাক্টরি, ব্রিক ফিল্ড, উডেন ফ্যাক্টরি ইত্যাদি, তখন এইজাতীয় জিনিস করার কথা আমাদের মনে এসেছে। লিমিটেড কোম্পানীর ব্যাপারে আমার নিজের অভিজ্ঞতায় বলতে পারি দিস ইজ দি বেস্ট ওয়ে টু ডু ইট। কাজেই এই অ্যামেন্ডমেন্টের বিরুদ্ধে যেটা এনেছেন আমি আশা করি সেটা আপনারা রিজেক্ট করবেন এবং এই বিলকে সাপোর্ট করবেন। এই বলে এটা আমি মুভ করলাম।

ডাঃ এ এম ও গনিঃ মাননীয় মন্ত্রিমহাশয় যা বললেন সেটা ফুললি করোবোরেটেড হয় যদি ক্লজ ৬-এর শেষে কিছু মেনসান করে দেন—

In certain special circumstances as considered by the State Government.

[6-20—6-29 p.m.]

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result:

Noes

Ali Ansar, Shri.
Banerjee, Shri Mrityunjoy.
Basu, Shri Supriyo.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Tapan.
De, Shri Asamania.

Ghosh, Shri Prafulla Kanti.
Gyan Singh, Shri Sohanpal.
Hemram, Shri Kamala Kanta.
Kolay, Shri Akshay Kumar.
Mr. Shaukat Ali, Shri.
Mahapatra, Shri Harish Chandra.
Md. Safiullah, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Subrata.
Mukhopadhyay, Shri Ajoy.
Murmu, Shri Rabindra Nath.
Naskar, Shri Ardhendu Sekhar.
Panda, Shri Bhupal Chandra.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Saha, Shri Radha Raman.
Saraogi, Shri Ramkrishna.
Sarkar, Shri Netaipada.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Shri Bholanath.
Singha, Shri Satyanarayan.
Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Bhaduri, Shri Timir Baran.
Mukhopadhyay, Shri Girija Bhusan.
Shish Mohammad, Shri.

The Ayes being 3 and the Noes 34, the motion was lost.

The motion of Shri Bholanath Sen that the West Bengal Housing Board (Amendment) Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 *to* 4

The question that Clauses 1 to 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Mr. Speaker: There is an amendment of Shri Shish Mohammad. The amendment is out of order.

The question that Clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Mr. Speaker: There is an amendment of Shri Shish Mohammad. The amendment is out of order.

The question that Clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 7 to 13 and Preamble

The question that Clauses 7 to 13 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Bholanath Sen: Sir, I beg to move that the West Bengal Housing Board (Amendment) Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Motion under rule 185

Mr. Speaker: Shri Sukumar Bandyopadhyay may please move his motion.

(Pause)

Mr. Speaker: The motion stands in the name of Shri Sukumar Bandyopadhyay. I find that the honourable Member is not in the House. According to rules, a motion of which notice has been given by one Member may not be moved by the Member giving notice either because he is unwilling to move the motion, or because he is absent. If a Member is unwilling to move his own motion, no other Member can move the motion. I find this in the book of Shri A. R. Mukherjee. I also find, in the Lok Sabha, similar procedure is being followed. I also find that in the House of Commons, in 1945 and 1946, same procedure has been followed, no motion can be moved save by the Member in whose name the notice stands. That was decided in the House of Commons in 1945 and in 1946. The motion stands in the name of Shri Sukumar Bandyopadhyay. His name has been called repeatedly. He is not present in the House. Under the circumstances, I have no other alternative than to adjourn the House.

The House stands adjourned till 1 p.m. on Monday, the 23rd April, 1973.

Adjournment

The House was accordingly adjourned at 6-29 p.m. till 1 p.m. on Monday, the 23rd April, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 23rd April, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 8 Ministers, 7 Ministers of State, 2 Deputy Ministers and 125 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance, may kindly do so.

(There was none to take Oath.)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

রায়না ২নং ব্লকে 'স্পেশাল এমপ্লয়মেন্ট স্কীম'

*১০৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২৩।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** উন্নয়ন এবং পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্ধমান জেলার রায়না ২নং ব্লকে 'স্পেশাল এমপ্লয়মেন্ট স্কীম'-এ বর্তমানে কি কি কাজ হচ্ছে?

উন্নয়ন এবং পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়: বর্ধমান জেলার রায়না ২নং ব্লকে স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে বর্তমানে নিম্নোক্ত কাজ হইতেছে:—

(১) মাধবডিহির অন্তর্গত বাদশাহী রোড জংশন হইতে বড় বইনান গ্রাম্য রাস্তা উন্নয়ন প্রকল্প;

(২) উচালন বকুলতলা হইতে ছোট বইনান বাদশাহী রোড (কাইতি হইয়া) গ্রাম্য রাস্তা উন্নয়ন প্রকল্প; এবং

(৩) বুলচাঁদপুর মোহনপুর রোড (পাঁইতা হইতে মোহনপুর) গ্রাম্য রাস্তা উন্নয়ন প্রকল্প।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, মাধবডিহির অন্তর্ভুক্ত যে রাস্তাটা রয়েছে, সেটার কাজ বন্ধ আছে?

শ্রীশঙ্কর ঘোষ: মাননীয় সদস্যের প্রশ্নটা যদি রাস্তার কাজ বন্ধ হয়ে গিয়েছে হয়, তা হলে আমার কাছে যে সংবাদ আছে তাতে এই তিনটি রাস্তার জন্য কাজ হচ্ছে। এই তিনটি রাস্তার জন্য আমরা ২ লক্ষ ১৮ হাজার টাকা মঞ্জুর করেছি এবং সেই হিসাবে কাজ হচ্ছে।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: কাজ সামান্য আরম্ভ হয়ে বন্ধ হয়ে পড়ে আছে।

শ্রীশঙ্কর ঘোষ: আমাদের কাছে এইরকম কোন সংবাদ নেই।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: রুর‍্যাল এমপ্লয়মেন্ট স্কীমের মধ্যে গ্রামে গ্রামে টিউটোরিয়াল সেন্টার বা ওয়ান-টিচার পাঠশালার মাধ্যমে যে কর্মসংস্থানের ব্যবস্থা আছে, সেটা কি এর মধ্যে পড়ছে?

শ্রীশঙ্কর ঘোষ: ওয়ান-টিচার পাঠশালার বন্দোবস্ত আছে, যদিও এটা এই প্রশ্নের মধ্যে পড়ে না।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: টিউটোরিয়াল সেন্টার বা ওয়ান-টিচার পাঠশালা যেগুলি হচ্ছে, এইগুলি কতদিন চলবে?

শ্রীশঙ্কর ঘোষ: এটা এই প্রশ্নের সঙ্গে আসে না, আমাদের প্রশ্ন হচ্ছে রাস্তা নির্মাণের ব্যাপারে। তবে স্পেশাল এমপ্লয়মেন্ট-এর যা কিছু কাজ সেটা প্রথম বছর যেরকম হবে সেইভাবে তার পরের বছর বিভিন্ন পরিকল্পনা বিচার করে ঠিক করা হবে এটা এক্সটেন্ড করা হবে কিনা।

শ্রীশরৎচন্দ্র দাস: স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামের জন্য যে টাকা দেওয়া হয়েছিল ৩১এ মার্চ, ১৯৭৩-এর মধ্যে খরচ করতে, সেই টাকা সমস্ত খরচ হয়েছে কি?

শ্রীশঙ্কর ঘোষ: হ্যাঁ, সেটা খরচ হয়েছে।

শ্রীশরৎচন্দ্র দাস: হুড়া ব্লক-এ যে টাকা রাস্তার জন্য খরচ করা হয়েছিল তার ম্যাক্সিমাম টাকা কি ল্যাপস হয়েছে?

শ্রীশঙ্কর ঘোষ: এখানে মূল প্রশ্ন ছিল বর্ধমান জেলার রায়না ব্লক-২ সম্বন্ধে। যদি স্পেশাল এমপ্লয়মেন্ট সম্বন্ধে কোন জেনারেল প্রশ্ন করেন, তা হলে তার উত্তর দেব।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: স্পেশাল এমপ্লয়মেন্ট স্কীম-এর টাকা কি কেন্দ্রীয় সরকারের মাধ্যমে আসে?

শ্রীশঙ্কর ঘোষ: এই টাকা সম্পূর্ণ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আসে। গত বছরের আগের বছরে বাংলাদেশের উদ্বাস্তুদের জন্য সেই টাকা খরচ করতে পারি নি। তবে তারপর যে টাকা পেয়েছি তা সমস্ত খরচ করেছি।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: যাঁরা এই ওয়ান-টিচার পাঠশালায় রয়েছেন তারা কি আগামী বছরেও এই কর্মে নিযুক্ত থাকবেন?

শ্রীশঙ্কর ঘোষ: এটা মূল প্রশ্নের সঙ্গে কোন সম্পর্ক নেই।

পশ্চিমবঙ্গ হইতে বিভিন্ন খাতে কেন্দ্রীয় সরকারের আয়

*১০৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৭।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** অর্থ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ হইতে কেন্দ্রীয় সরকার ১৯৭১-৭২ সালে বিভিন্ন খাতে মোট কত আয় করিয়াছেন; এবং

(খ) ঐ আয়ের কত অংশ পশ্চিমবঙ্গ সরকার পাইয়াছেন?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়: এর পর পার্লিয়ামেন্ট-এ কেন্দ্রীয় মন্ত্রী শ্রী কে আর গণেশ একটা উত্তর দিয়েছেন তার কপি পেয়েছি, কিন্তু সেটা আমার লিখিত উত্তরের মধ্যে নেই।

(ক) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ থেকে বিভিন্ন খাতে কি কি পরিমাণ কর, শুল্ক ইত্যাদি আদায় করে থাকেন তার সঠিক হিসাব কেন্দ্রীয় সরকারই দিতে পারেন। ১৯৭১-৭২ সালে কেন্দ্রীয় সরকার এই সমস্ত খাতে কত টাকা আদায় করিয়াছেন তার হিসাব আমাদের নাই; তবে আমরা কেন্দ্রীয় সরকার হইতে এই সমস্ত কর শুল্ক ইত্যাদি বাবত ১৯৭১-৭২ সালে কত টাকা পাইয়াছি তার হিসাব আমাদের আছে। এই হিসাব নিম্নে দেওয়া হইতেছে।

	কোটি টাকার হিসাব
আয় কর	৪০·৫৬
ইউনিয়ন এক্সাইজ ডিউটিজ	৩৪·২৩
এস্টেট ডিউটিজ	০·৫৭
রেলওয়ে প্যাসেঞ্জার ফেয়ারের পরিবর্তে অনুদান	০·৯০
সংবিধানের ২৭৫ ধারা অনুযায়ী গ্র্যান্টস-ইন-এড	১৪·৮৬
মোট ...	৯৪·১২

(খ) কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের জন্য কোন্ কোন্ খাতে কত ব্যয় করেন তারও সঠিক ও সম্পূর্ণ হিসাব এক কেন্দ্রীয় সরকারই দিতে পারেন। তবে, রাজ্যসরকারের হাতে যে তথ্যাদি রয়েছে তার ভিত্তিতে ১৯৭১-৭২ সালে কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার জন্য বিভিন্ন খাতে কত খরচ করিয়াছেন তার একটা হিসব দেওয়া হলঃ

	কোটি টাকার হিসাব
কেন্দ্রীয় করের অংশ বাবত	
অনুদান	৯৪·১২
রাজ্য পরিকল্পনা বাবত	
অনুদান	১০·১৬
ঋণ	৩০·৭২
কেন্দ্রীয় সাহায্যপুষ্ট প্রকল্প বাবত	
অনুদান	৪·২৯
ঋণ	০·৮৩
সমবায় প্রকল্প বাবত	
অনুদান	০·০৯
ঋণ	০·২১
বাংলাদেশ শরণার্থী সাহায্য বাবত	
অনুদান	১২৪·৬৫
ঋণ	০·১৫
অন্যান্য প্রকল্পে বাবত	
অনুদান	১২·৬২
ঋণ	৪৪·৭০
মোট ...	৩২৫·৩৪

কেন্দ্রীয় সরকার থেকে যে ঋণ পাওয়া যায় তা সুদ সমেত শর্ত অনুযায়ী বিভিন্ন মেয়াদে শোধ দিতে হয়। ১৯৭১-৭২ সালে এজন্য পশ্চিমবঙ্গ সরকারের কেন্দ্রীয় সরকারকে দেয় **ছিলঃ**

				কোটি টাকা
ঋণ শোধ বাবত	...	...	...	৫৭·১৩
সুদ বাবত	...	...	...	৩৪·৮৬
		মোট	...	৯১·৯৯

ইহার মধ্যে আসল বাবত ৫০·৪৯ কোটি এবং সুদ বাবত ২৭·৩৪ কোটি মোট ৭৭·৮৩ কোটি টাকা ১৯৭১-৭২ সালের মধ্যে শোধ করা হইয়াছে। বাকি টাকা এই বৎসরে শোধ হইয়াছে।

ইহা ছাড়া পশ্চিমবঙ্গে অবস্থিত কতকগুলি সংস্থা ও প্রকল্পের সম্পূর্ণ ব্যয় কেন্দ্রীয় সরকার সরাসরি নির্বাহ করেন, এগুলির মধ্যে উল্লেখযোগ্য হইল হলদিয়া তৈল শোধনাগার, হলদিয়া সার প্রকল্প, হলদিয়া ডক, ফরাক্কা প্রকল্প, দুর্গাপুর স্টীল প্ল্যান্ট, দুর্গাপুর অ্যালয় প্ল্যান্ট, ন্যাশনাল ইনস্ট্রুমেন্টস প্রজেক্ট-এর অধীনে অপ্থ্যালমিক গ্লাস প্রজেক্ট, দুর্গাপুর হিন্দুস্থান কেবলস্, এম এ এম সি, দুর্গাপুর সার প্রকল্প ইত্যাদি, কিন্তু ঐগুলির কোন নির্ভরযোগ্য হিসাব রাজ্য-সরকারের হাতে নাই, সেজন্য এ সম্পর্কে কোন বিবরণ দেওয়া গেল না।

[1-10—1-20 p.m.]

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, পশ্চিমবঙ্গের অংশ বাবত যে পরিমাণ অর্থ পেতে পারে আমরা কি ঠিক সেই পরিমাণ অর্থ পাই, না তার কম অংশ পাই?

শ্রীশঙ্কর ঘোষঃ কর এবং শুল্ক বাবত অর্থ আমরা পাই ফাইনান্স কমিশনের সুপারিশ অনুযায়ী। ফাইনান্স কমিশান কনস্টিটিউসানে বলা আছে একটা কনস্টিটিউসনাল বডি। পঞ্চম অর্থ কমিশান যে সুপারিশ করেছিলেন তার ভিত্তিতে আমরা পেয়েছি এবং আমরা যা দিচ্ছে তার চেয়ে অনেক বেশী চাচ্ছি। ষষ্ঠ অর্থ কমিশানের কাছে আমাদের বক্তব্য রেখেছি, এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী যে বক্তব্য রেখেছেন কিভাবে দেওয়া উচিত তার একটা বই নিশ্চয়ই মাননীয় সদস্যরা পেয়েছেন, তার মধ্যে আমাদের বক্তব্য বিশদভাবে, খুব জোরের সঙ্গে তুলে ধরা হয়েছে।

শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ স্বর্গত ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে প্রথম এবং দ্বিতীয় অর্থ কমিশান ছাড়া বাকি প্রত্যেক অর্থ কমিশান পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কি সুবিচার করেছেন বলে আপনি মনে করেন?

Mr. Speaker : It is matter of opinion.

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলতে পারেন অন্যান্য প্রদেশের তুলনায় এইসব খাতে আমাদের যে প্রাপ্য সেই প্রাপ্য সম্বন্ধে ফিফ্থ ফাইনান্স কমিশান কি সঠিক মতামত দিতে পেরেছিলেন?

শ্রীশঙ্কর ঘোষঃ এই বিষয়ে ফাইনান্স কমিশান সাধারণতঃ কতকগুলি মূল নীতি গ্রহণ ক'রে সেগুলি ইউনিফর্মলি অ্যাপ্লাই করে। আমরা বলে আসছি যে, আয়কর, এক্সাইজ ডিউটি, এগুলি কালেকসানের উপর জোর দিতে হবে এবং আয়কর বাবত ৫টি ফাইনান্স কমিশান হয়েছে, ৫টি ফাইনান্স কমিশানের ভেতর ৩টি ফাইনান্স কমিশান বলেছিলেন, কালেকসানের উপর ২০ পার্সেন্ট ওয়েটেজ দিতে হবে। কিন্তু পঞ্চম ফাইনান্স কমিশান এটাকে ১০ ভাগ কমিয়ে দিলেন, এটা আমাদের মতে যুক্তিযুক্ত নয়। আমরা অন্যান্য এক্সাইজ ডিউটির ক্ষেত্রে আরো বেশী চেয়েছি। ফাইনান্স কমিশান যে নীতি গ্রহণ করেছেন তাতে সমস্ত রাজ্যকে একটা ইউনিট ধরেছেন এবং যে সমস্ত অনগ্রসর প্রদেশ আছে তাদের যে রিজিওন্যাল ইমব্যালেন্স আছে তা যাতে দূর হয় তার

জন্য তাদের টাকা পাওয়া উচিত। আমরা ষষ্ঠ অর্থ কমিশানের কাছে বলেছি যে, পশ্চিমবঙ্গকে একটা অগ্রসর রাজ্য হিসাবে বিবেচনা করলে ঠিক হবে না। কিছুদিন আগে প্ল্যানিং কমিশান ঘোষণা করেছেন যে, পশ্চিমবঙ্গের ৩টি জেলা ছাড়া সমস্ত জেলা অনুন্নত। সুতরাং রাজ্যকে ইউনিট ধরলে চলবে না, জেলাকে ইউনিট ধরতে হবে। জেলাকে যদি ধরা যায়, তা হলে পশ্চিমবঙ্গ অন্যান্য প্রদেশের তুলনায় খুব অনুন্নত। ৩টি জেলাতে ইন্ডাস্ট্রি আছে, অন্যখানে ইন্ডাস্ট্রি নেই। আমরা এই সমস্ত বক্তব্য ষষ্ঠ অর্থ কমিশানের কাছে তুলে ধরেছি।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে বক্তব্য, যুক্তি ষষ্ঠ অর্থ কমিশানের কাছে তুলে ধরেছেন আপনি কি অর্থমন্ত্রী হিসাবে আশান্বিত যে ষষ্ঠ অর্থ কমিশানের কাছ থেকে আমরা সুবিচার পাব?

Mr. Speaker: It is hypothetical.

শ্রীশরৎচন্দ্র দাস: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, ফাইনান্স কমিশান কতকগুলি জিনিসের পরিপ্রেক্ষিতে অর্থ বরাদ্দ করেন, সেটা জনসংখ্যার ভিত্তিতে করেন প্রত্যেক প্রদেশে না, প্রয়োজনের ভিত্তিতে তাঁরা অর্থ বরাদ্দ করেন?

শ্রীশঙ্কর ঘোষ: ফাইনান্স কমিশান যেটা বণ্টন করেন সেটা এক একটা ক্ষেত্রে এক এক রকম করেন। যেমন আয়করের ক্ষেত্রে গত পঞ্চম ফাইনান্স কমিশান করেছিলেন যে ৯০ ভাগ.........

Mr. Speaker: Mr. Ghose, all these informations can be had from the report of the Finance Commission and I think, no answer is necessary because the honourable Member can have easy access to that document where all these informations have been clarified by the Finance Commission in their respective reports.

শ্রীশরৎচন্দ্র দাস: আমরা যে দাবি করেছিলাম সেই হিসাবে অ্যালটমেন্ট হয় নি, তা হলে ফিনান্স কমিশন কিসের ভিত্তিতে বরাদ্দ করেন, জনসংখ্যার ভিত্তিতে না প্রয়োজন ভিত্তিতে করেন?

মিঃ স্পীকার: আমি বলছি মিস্টার দাস, কি ভিত্তিতে করেন পর পর পাঁচটা রিপোর্টই আমাদের আছে সেটা লাইব্রেরীতে গেলে পাওয়া যাবে, যার মধ্যে বিস্তারিতভাবে কি ভিত্তিতে করেছেন পাঁচটি রিপোর্টেই তার উল্লেখ আছে। সুতরাং এই নিয়ে এখানে প্রশ্ন উঠে না।

দুর্গাপুর উন্নয়ন সংস্থার জন্য অর্থ ব্যয়

*১০৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৭২।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** উন্নয়ন ও পরিকল্পনা (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর উন্নয়ন সংস্থার জন্য ১৯৭১ ও ১৯৭২ সালে সরকার কি পরিমাণ অর্থ বরাদ্দ করিয়াছিলেন, এবং ঐ সংস্থা উক্ত অর্থের কত টাকা ব্যয় করিয়াছেন; এবং

(খ) উক্ত উন্নয়ন সংস্থা মারফত সংশিলষ্ট এলাকার কি কি উন্নতি সাধিত হইয়াছে?

শ্রীশঙ্কর ঘোষ: (ক) ১৯৭১-৭২ সালে দুর্গাপুর উন্নয়ন সংস্থাকে সরাসরি দেয় কোন অর্থ সরকার বরাদ্দ করেন নাই। সুতরাং এ বছরগুলিতে উক্ত সংস্থা কর্তৃক এইরূপ অর্থ ব্যয়ের কোন প্রশ্ন উঠে না।

(খ) দুর্গাপুর উন্নয়ন সংস্থার উন্নয়নমূলক কাজ মোটামুটি তিনটি ভাগে বিভক্ত যথা, ১) বিধাননগর উন্নয়ন প্রকল্প, (২) শিল্পকেন্দ্রের প্রসার প্রকল্প, (৩) শহরকেন্দ্র উন্নয়ন প্রকল্প।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: আপনি বললেন যে, দুর্গাপুর উন্নয়ন পরিকল্পনার জন্য সরাসরি কোন অর্থ ব্যয় করা হয় নি। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, দুর্গাপুর ডেভালপমেন্ট অথরিটি আছে সেই অথরিটির কাজকর্ম পরিচালনার জন্য সরকার পরোক্ষভাবে কি কোন অর্থ ব্যয় করেছেন?

শ্রীশঙ্কর ঘোষঃ আমি প্রশ্নতেই বলেছিলাম যে, সরাসরি অর্থ ছাড়া ওদের অর্থের সংস্থান আরেকটা আছে। একটা আছে যে এই কাজ করবার জন্য কিছু কিছু জমি একোয়ার করতে হয়। সেই জমি একোয়ার করবার জন্য ১৯৭২-৭৩ সালে ৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল, এটা বর্ধমান কালেকটারকে দেওয়া হয়েছিল, দুর্গাপুর সংস্থাকে সরাসরি দেওয়া হয় নি। এবং এই পাঁচ লক্ষ টাকায় জমি যতগুলি পাওয়া গেছে একোয়ার করা হয়েছে এই উন্নয়ন কাজের জন্য তার ভিতরে ৪ লক্ষ ৫৯ হাজার ৮০৩ টাকা ব্যয় করা হয়েছে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি যে, দুর্গাপুর ডেভালপমেন্ট অথরিটির যিনি মুখ্য প্রশাসক আছেন তাঁর অফিস ঘর সাজানোর জন্য প্রচুর টাকা খরচ করা হয়েছে এবং সেই অপব্যয় সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের কাছে সুনির্দিষ্ট অভিযোগ করা হয়েছে, কিন্তু এখন পর্যন্ত মুখ্য প্রশাসকের বিরুদ্ধে কোন কর্মপন্থা গ্রহণ করা হয় নি। এটা কি জানেন?

শ্রীশঙ্কর ঘোষঃ এটা অবশ্য মূল প্রশ্নের সাথে যোগ নাই, তবে অফিস সাজাবার জন্য যে অর্থ ব্যয় হয়েছিল সেটা এই সরকার আসার আগে। যেটা ব্যয় হয়ে গিয়েছে এবং অফিস সাজানো হয়ে গিয়েছে সেটা আমরা আসার আগেই হয়ে গেছে, সুতরাং এই বিষয়ে বিশেষ কিছু করার নাই।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ দুর্গাপুর ডেভালপমেন্ট অথরিটিকে যে অর্থ দেওয়া হয় সেই অর্থ সুষ্ঠুভাবে খরচ করা হচ্ছে কিনা তা দেখার জন্য সরকার কি পারফরমেন্স অডিট-এর কোন ব্যবস্থা গ্রহণ করবেন কি?

[1-20—1-30 p.m.]

শ্রীশঙ্কর ঘোষঃ পারফরমেন্স অডিটের অনেকরকম মানে হয়। পারফরমেন্স অডিট যদি এই অর্থে মাননীয় সদস্য ব্যবহার করেন যে, এই যে অর্থ ব্যয় হচ্ছে এটা ঠিকমত ব্যয় হচ্ছে কিনা, পারফরমেন্স ঠিকমত হচ্ছে কিনা, সেটা দেখবার জন্য সরকারের সমস্ত রকম ব্যবস্থা আছে।

শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ ডেভালপমেন্ট অথরিটির অফিস সাজাবার জন্য যে টাকা খরচ হয়েছে, যদিও এটা আগের সরকারের আমলে হয়েছে, তবুও সেই টাকা অপচয় হয়েছে যুক্তফ্রন্ট সরকারের আমলে কিনা?

শ্রীশঙ্কর ঘোষঃ আমাকে যদি সাজাবার ভার দেওয়া হত, তা হলে আমি অন্যভাবে কম খরচে করতাম।

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ এই অফিস সাজাতে কত টাকা খরচ হয়েছিল?

শ্রীশঙ্কর ঘোষঃ এটা মূল প্রশ্নে নেই, নোটিশ দিলে জানাতে পারি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ দুর্গাপুর ডেভালপমেন্ট অথরিটির সুষ্ঠু পরিচালনার জন্য, কাজকর্ম ত্বরান্বিত করবার জন্য কোন পরামর্শ কমিটির কথা ভাবছেন কিনা?

শ্রীশঙ্কর ঘোষঃ এটা মূল প্রশ্নের সঙ্গে আসে না।

উদ্বাস্তু কলোনী উন্নয়ন ডাইরেক্টরেট গঠন পরিকল্পনা

*১০৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *২১০৪।) **শ্রীতপন চ্যাটার্জীঃ** উন্নয়ন ও পরিকল্পনা (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সি এম ডি এ এলাকাভুক্ত উদ্বাস্তু কলোনীগুলি উন্নয়নের জন্য সরকার কি বস্তি উন্নয়ন ডাইরেক্টরেটের ন্যায় সি এম ডি এ-র মধ্যে একটি 'উদ্বাস্তু কলোনী উন্নয়ন ডাইরেক্টরেট' গঠনের পরিকল্পনা করিয়াছেন; এবং

(খ) করিয়া থাকিলে, তাহা কি এবং কবে নাগাত উহা কার্যকর হইবে?

শ্রীশঙ্কর ঘোষঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রীতপন চ্যাটার্জীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে প্রতি বৎসর প্রায় ১২ কোটি টাকা কলোনী উন্নয়ন বাবত অর্থ কেন্দ্রের কাছে ফিরে যাচ্ছে?

শ্রীশংকর ঘোষঃ এইরকম কোন সংবাদ আমার নেই। বস্তি উন্নয়নের সম্পূর্ণ টাকাই খরচ করা হয়েছে।

শ্রীতপন চ্যাটার্জীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, কিছুদিন আগে কেন্দ্রীয় সরকার ১,৬০০ টাকা থেকে ২,২৫০ টাকা পর্যন্ত যে পরিকল্পনা অনুমোদন করেছেন, সরকারের পরিচালনায় কবে থেকে এই টাকা খরচ করা হবে?

শ্রীশংকর ঘোষঃ মূল প্রশ্নের সংগে এর কোন সম্পর্ক নেই। এ প্রশ্ন হচ্ছে বস্তির জন্য।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ স্পীকার মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করছি এই যে, এতগুলি প্রশ্ন হেলড ওভার করা হচ্ছে, এই প্রশ্নোত্তরের ব্যাপারে এর আগেও আপনার দৃষ্টি আমরা আকর্ষণ করেছি, এই যদি অবস্থা হয়, তা হলে কি করে হবে, আমি এই ব্যাপারে আপনার প্রটেকশন চাইছি।

Mr. Speaker: You know that Hon'ble Shri Sattar is away from Calcutta. He has gone to Farakka today in connection with a meeting—and our Hon'ble Chief Minister is also there to discuss about how to stop erosion. Unfortunately the Minister of State Shri Ananda Mohan Biswas is also not present. As it has been reported, he has been suffering from Chicken Pox.

রানাঘাট পোলট্রি ফার্ম

*১০৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৪৭।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার রানাঘাটের পোলট্রি ফার্মে বর্তমানে মোট কয়টি কি ধরনের মুরগী/মোরগ আছে;

(খ) এই ফার্ম হইতে মাংস বিক্রয়ের ব্যবস্থা তুলিয়া দিবার কারণ কি;

(গ) এই ফার্মে বর্তমানে কোন্ শ্রেণীর কতজন কর্মচারী নিযুক্ত আছেন;

(ঘ) এই ফার্মে গত তিন বৎসরের কোন্ বৎসর কত লাভ বা লোকসান হইয়াছে; এবং

(ঙ) এই ফার্মটির সম্প্রসারণ এবং আধুনিকীকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীসীতারাম মাহাতোঃ (ক) হোয়াইট লেগহর্ন, রোড আইল্যান্ড রেড এবং অস্ট্রালরগ জাতের মোট ২২,৯৫৪টি মোরগ এবং মুরগি ১লা মার্চ ১৯৭৩ তারিখে ছিল। যথাঃ—

নাম	মোরগ	মুরগী	মোট
হোয়াইট লেগহর্ন	৪,৮৯২	৯,৩২০	১৪,২১২
রোড আইল্যান্ড রেড	২,৯৯৯	৪,৫৮২	৭,৫৮১
অস্ট্রালরগ	৪৭৯	৬৮২	১,১৬১
	৮,৩৭০	১৪,৫৮৪	২২,৯৫৪

(খ) মাংস বিক্রয়ের ব্যবস্থা তুলিয়া দেওয়া হয় নাই।

(গ) সুপারিনটেনডেন্ট—১, ফিল্ড অ্যাসিস্ট্যান্ট—১, লাইভস্টক অফিসার—১, ওয়ার্কার (গ্রেড-৩)—৫, পোল্ট্রি ওভারসিয়ার—১, কন্টিজেন্ট মিনিয়াল—১১, ক্লার্ক—৪, পোল্ট্রি অ্যাটেন্ডান্ট—৩, পোল্ট্রি কিপার—৪, দারওয়ান—১, পিওন—৪, মাস্টাররোল ওয়ার্কার—৬ এবং ওয়াচম্যান—১।

(ঘ) ব্যবসায়িক দৃষ্টিভঙ্গি লইয়া সরকারী খামার প্রতিষ্ঠিত হয় নাই, সুতরাং এই প্রশ্ন উঠে না।

(ঙ) আছে।

আমি আর একটু পড়ে দিচ্ছি। ১৯৬৯-৭০ সালে খরচ হয়েছিল ১০৮,৪৭৬·৩৮ টাকা, আয় হয়েছিল ৯২,৬৪৫·৪৪ টাকা, ডেফিসিট হয়েছে ১৫,৮৩০·৯৪ টাকা। ১৯৭০-৭১ সালে খরচ হয়েছিল ১,২৩,৩১২·৯৩ টাকা, আয় হয়েছিল ৭৫,৯৬৮·৮৫ টাকা, ডেফিসিট হয়েছে ৪৭,৩৪৪·১১ টাকা। ১৯৭১-৭২ সালে খরচ হয়েছিল ১,১৬,২০৪·০৭ টাকা, আয় ৪২,৬৮০·২৯ টাকা, ডেফিসিট হয়েছিল ৭৩,৫২৩·৭৮ টাকা।

[1-30—1-40 p.m.]

শ্রীনরেশচন্দ্র চাকী: গৌরী সেনের টাকা কিভাবে ওড়ে—তার একটা হিসেব আমরা মন্ত্রি-মহাশয়ের কাছ থেকে জানতে পেলাম, আমরা একটা গভর্নমেন্টের ফার্মের লোকসানের বহর দেখে স্তম্ভিত। যা হোক, মন্ত্রিমহাশয় কি জানাবেন এত প্রচুর অর্থ লোকসানের কারণ কি?

শ্রীসীতারাম মাহাতো: প্রথমত পোল্ট্রী ফার্ম সরকারী খামার, দেশে মুরগি চাষের উন্নতির জন্য প্রতিষ্ঠিত, লাভ বা লোকসানের হিসেব বিচার করে একটা ব্যবসায়িক ভিত্তিতে এই ফার্ম গঠিত হয় নাই।

শ্রীনরেশচন্দ্র চাকী: এই ফার্মগুলি কোন্ ভিত্তিতে রান করান হচ্ছে?

শ্রীসীতারাম মাহাতো: দেশে যাতে এই পোল্ট্রি ফার্মের আরো প্রসার লাভ ঘটতে পারে, অথচ ক্ষতির পরিমাণও কম হয়, সেই দিকে লক্ষ্য রাখা হয়েছে। সামান্য ক্ষতি হলেও দেশে যাতে আরো ফার্ম গড়ে ওঠে এবং লোকেও উৎসাহিত হয়, এটা হল আসল উদ্দেশ্য।

শ্রীগৌতম চক্রবর্তী: মন্ত্রিমহাশয় মুরগির যে পরিসংখ্যান দিলেন, এটা কি সত্য এবং কি ভাবে এই মুরগি গণনা করা হয়?

শ্রীসীতারাম মাহাতো: ফার্মের খাতাপত্রে এর পরিসংখ্যান বা হিসেব রাখবার ব্যবস্থা আছে।

শ্রীনরেশচন্দ্র চাকী: এই প্রচুর পরিমাণ অর্থ যাতে আর লোকসান না হয়, তার জন্য আপনি কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

শ্রীসীতারাম মাহাতো: এই সরকার ক্ষমতাশীল হবার পর থেকে আমরা দেখছি প্রত্যেক ফার্মে যেভাবে লোকসান হচ্ছে, তাতে সরকার স্থির করেছেন, প্রত্যেকটা ফার্মে একটা করে স্থানীয় কমিটি আমরা করবো, স্থানীয় এম এল এ ও পোল্ট্রি গ্রোয়ারস ও এই সম্পর্কে বিশেষজ্ঞদের নিয়ে। এইরকম একটা প্রস্তাব আমাদের আছে। ইতিমধ্যে আমরা একটি এনকোয়ারি কমিটি গঠন করেছি। তাঁরা প্রত্যেকটি পোল্ট্রি ফার্মে গিয়ে দেখবেন কেন লস হচ্ছে এবং কিভাবে চালালে লস কম হতে পারে এবং দেশের লোকের কাছে তা গ্রহণযোগ্য হতে পারে।

শ্রীনরেশচন্দ্র চাকী: যাঁদের দিয়ে এই এনকোয়ারি কমিটি করা হয়েছে, যাদের মাধ্যমে অর্থাৎ যে অফিসারদের মাধ্যমে আগে কেনাবেচা হত, ফলে এত লোকসান হয়েছে, সেই সব অফিসার দিয়ে এই কমিটি করা হয়েছে কি?

শ্রীসীতারাম মাহাতো: না, তাদের দিয়ে হয় নাই।

শ্রীনরেশচন্দ্র চাকী: এই ফার্মের কি ধরনের সম্প্রসারণের ব্যবস্থার কথা আপনি ভাবছেন?

শ্রীসীতারাম মাহাতো: এই সম্প্রসারণ সম্পর্কে ডিটেলস এখন বলা সম্ভব নয়। পরে সব জানাতে পারবো।

Mr. Speaker: I call the questions again—

*1065 (Not called), *1066 Held over, *1068 (Not called), *1069 Held over, *1071 Held over, *1072 (Not called), *1074 Held over, *1075 Held over, *1076 (Not called), *1077 (Not called), *1078 (Not called), *1079 Held over, *1080 (Not called), *1081 (Not called), *1082 (Not called), *1083 Held over, *1084 (Not called), *1085 (Not called), *1086 Held over, *1088 Held over.

*1089, *1090, *1092, *1093, *1094, *1095—All these questions are held over.

*1096 (Not called), *1098 (Not called), *1099 Held over.

*1100 (Not called), *1101 (Not called), *1102 Held over.

*1103, *1104, *1105—All these questions are held over.

Held over questions

Mr. Speaker: All the held over questions are again held over.

শ্রীশীশ মহম্মদ: এটা রেকর্ড সৃষ্টি হল।

STARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

বিভিন্ন সরকারী দপ্তরে কর্মী নিয়োগ

***১০৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৮২।) **শ্রীকানাই ভৌমিক:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ পর্যন্ত পশ্চিমবাংলার সরকারী দপ্তরগুলিতে মোট কত চাকুরীর পদ শূন্য আছে;

(১) কোন্ বিভাগে কত সংখ্যায় শূন্য আছে; (২) জেলাওয়ারী সংখ্যা কত;

(খ) এ পর্যন্ত ঐ শূন্য পদগুলিতে কতজনকে নিয়োগ করা হয়েছে, মোট কতজন আবেদনকারী ছিল; বিভিন্ন বিভাগওয়ারী শূন্য পদগুলিতে আবেদনকারীর সংখ্যা কত; এবং

(গ) কি কি নিয়ম ও পদ্ধতি অনুযায়ী এই শূন্য পদগুলিতে নিয়োগ করা হয়েছে?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) পশ্চিমবঙ্গ সরকারের অনেক অফিস হইতে এই সম্বন্ধে সংবাদ পাওয়া গিয়াছে; কিছুসংখ্যক অফিস হইতে এখন পর্যন্ত সংবাদ আসে নাই। এ পর্যন্ত প্রাপ্ত সংবাদের ভিত্তিতে নিম্নলিখিত উত্তর দেওয়া হইল। ১৯৭২ সালের ৩১এ ডিসেম্বর মোট ১৩,৮৮৪টি পদ খালি ছিল।

(১) কোন্ বিভাগে, কোন্ অফিসে কত সংখ্যায় শূন্য পদ ছিল তাহার একটা তালিকা পেশ করা হইল।

(২) এই ১৩,৮৮৪টি শূন্য পদের মধ্যে গেজেটেড অফিসার, কারিগরী দক্ষতা সম্পন্ন কর্মচারী ও পি এস সি কর্তৃক নির্বাচনযোগ্য কর্মচারী আছেন। ইহা ছাড়া অ-কারিগরী পি এস সি-এর এলাকা বহির্ভূত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীও আছেন। এই শেষোক্ত কর্মচারীদের সংখ্যা ৭,৮১৯। ইহাদের জেলাওয়ারী হিসাব দেওয়া হইল। বাকি কর্মচারীদের শূন্য পদের জেলাওয়ারী হিসাব পাওয়া যায় নাই।

কলিকাতা	১,০৮৬
পুরুলিয়া	৫৬৩
চব্বিশপরগনা	৭১০
হাওড়া	৩১৪
হুগলী	৩১৬
নদীয়া	৪১৭
মুর্শিদাবাদ	৪৬১
মেদিনীপুর	৯৪৪
পশ্চিম দিনাজপুর	২৬২
মালদহ	২৮৪
কুচবিহার	২৭৩
জলপাইগুড়ি	৪৪১
দার্জিলিং	৩৮৯
বীরভূম	৩৮০
বাঁকুড়া	৪২৮
বর্ধমান	৫৫১
মোট ...	৭,৮১৯

(খ) ১৯৭৩ সালের ৩১এ জানুয়ারী পর্যন্ত এইসব শূন্য পদে ৫,৪৬১ জনকে নিয়োগ করা হইয়াছে।

পি এস সি-এর এলাকা বহির্ভূত অ-কারিগরি তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের শূন্য পদ পূরণের জন্য ১৯৭২ সালের অক্টোবর মাসে দরখাস্ত আহবান করা হইয়াছিল। বিভাগ ওয়ারী শূন্য পদ পূরণের জন্য দরখাস্ত আহবান করা হয় নাই, সমস্ত শূন্য পদ পূরণের জন্যই বিজ্ঞপ্তি দেওয়া হইয়াছিল। সুতরাং বিভাগওয়ারী দরখাস্ত পাওয়া যায় নাই এবং বিভাগওয়ারী দরখাস্তকারীদের সংখ্যা বলা সম্ভবপর নহে।

(খ) সরকারী চাকুরির সমস্ত পদই নিয়োগবিধি অনুযায়ী পূরণ করা হয়। প্রত্যেক রকম পদের জন্যই নিয়োগবিধি আছে। নিয়োগবিধিতে ঐসব পদের জন্য কি কি যোগ্যতা থাকিবে তাহা বলা থাকে। এই নিয়োগবিধি অনুযায়ী বাহির হইতে নূতন লোক নিয়োগ করার অথবা যোগ্য নিম্ন কর্মচারীর পদোন্নতির দ্বারা পদ পূরণ করার ব্যবস্থা আছে।

কিছুসংখ্যক পদে পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশ অনুযায়ী নূতন লোক নিয়োগ করা হয়। গেজেটেড কর্মচারী, সেক্রেটারিয়েট, ডাইরেকটরেট, এবং কলিকাতাস্থ কয়েকটি অফিসের (যেমন সরকারী মুদ্রণালয়, বিধানসভা সচিবালয়, কারখানাসমূহের মুখ্য পরিদর্শকের অফিস ইত্যাদি) করণিক (এল ডি অ্যান্ড ইউ ডি অ্যাসিস্ট্যান্ট), মুদ্রলেখক (টাইপিস্ট) ও লঘু লিপিকার

(স্টেনোগ্রাফার) এইসব পদের জন্য পি এস সি পরীক্ষার ফলের উপর যাহাদের নাম সুপারিশ করেন পুলিস ভেরিফিকেশন এবং মেডিক্যাল একজামিনেসন-এ তাহাদের সম্বন্ধে আপত্তিকর কিছু না পাইলে তাহাদিগকে নিয়োগ করা হয়।

পি এস সি এলাকা বহির্ভূত পদগুলিতে নিয়োগকর্তৃগণ (অ্যাপয়েন্টিং অথরিটিজ) নির্দিষ্ট নিয়োগবিধি অনুযায়ী তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদে কর্মচারী নিয়োগ করেন। এ স্থলেও কিছুসংখ্যক পদ পদোন্নতির দ্বারা এবং কিছুসংখ্যক পদ নূতন লোক দ্বারা পূরণ করা হয়। পি এস সি-র এলাকা বহির্ভূত সমস্ত তৃতীয় শ্রেণীর অ-কারিগরী পদ এবং চতুর্থ শ্রেণীর পদ (যাহা পদোন্নতির দ্বারা পূরণ করা হয় না) বর্তমানে এক বৎসরের জন্য ওয়েস্টবেঙ্গল সার্ভিসেস (স্পেশাল রিক্রুটমেন্ট টু নন-টেকনিক্যাল ক্লাস থ্রি অ্যান্ড ক্লাস ফোর সার্ভিসেস অ্যান্ড পোস্টস) রুলস, ১৯৭২ অনুযায়ী পূরণ করা হইতেছে। সাধারণত কোনও পদ পূরণ করার পূর্বে দরখাস্ত আহ্বান করা হয়। দরখাস্ত আসিলে দরখাস্তকারীর যোগ্যতা যাচাই করিয়া উপযুক্ত মনে হইলে তাহাকে নির্বাচন করা হয়। নির্বাচিত প্রার্থীর পুলিস ভেরিফিকেশন এবং মেডিক্যাল একজামিনেসন-এ আপত্তিকর কিছু না পাইলে তাহাকে নিয়োগপত্র দেওয়া হয়।

Statement referred to in reply to K a(1) of starred question No. 1065

Statement of Vacant Posts

Serial No.	Name of the Department/Office	Number of vacant posts in 1972	Number of persons appointed up to 31st January 1973
1.	Deputy Commissioner, Purulia	226	Nil
2.	Financial Adviser, Food & Supplies	4	Nil
3.	Finance Accounts	41	Nil
4.	Financial Adviser, Development & Planning	3	1
5.	Fisheries Department	8	Nil
6.	Legislative Department	39	5
7.	Municipal Services Department	14	2
8.	Home (Civil Defence) Department	57	Nil
9.	District Magistrate, 24-Parganas	172	137
10.	Collector of Calcutta	4	Nil
11.	Director of Industries	26	5
12.	Co-operation Department	368	20
13.	Home (Defence) Department	2	1
		N.V.F. 32	1
14.	Refugee, Relief and Rehabilitation Department	26	10
15.	Directorate of West Bengal Fire Services	256	8
16.	Deputy Commissioner, Jalpaiguri	63	10
17.	Deputy Commissioner, Darjeeling	48	6
18.	Commissioner, Burdwan Division	6	Nil
19.	District Magistrate, Hooghly	128	Nil
20.	District Magistrate, Nadia	86	48
21.	Public Service Commission, West Bengal	43	Fil
22.	Collectorate, Murshidabad	67	38
23.	Collectorate of Bankura	112	45
24.	Deputy Commissioner, Cooch Behar	40	Nil

Serial No.	Name of the Department/Office	Number of Vacant posts in 1972	Number of persons appointed up to 31st January, 1973
25.	Relief & Social Welfare Department	148	5
26.	District Magistrate, Birbhum	177	74
27.	Collectorate of Burdwan	156	Nil
28.	Judicial Department	115	Nil
29.	Board of Revenue	506	469
30.	Finance Taxation	516	20
31.	Irrigation and Water Supply Department	558	[illegible]
32.	Directorate of Fisheries	105	[illegible]
33.	Labour Department	670	98
34.	Scheduled Castes & Tribal Welfare Department	53	2
35.	Directorate of Electricity, West Bengal	9	Nil
36.	P.O.W.E.R.	3	Nil
37.	Food & Supplies Department	910	401
38.	Public Works Department	695	145
39.	Panchayat Department	42	2
40.	Excise Department	137	8
41.	Education (State Archives) Department	11	Nil
42.	Agriculture & Community Development Department (C. D. Branch).	283	24
43.	Directorate of Forensic Science Laboratory	27	13
44.	Cottage and Small Scale Industries	295	42
45.	Housing Department	66	24
46.	Home (Jails) Department	370	57
47.	Forests Department	163	2
48.	Land & Land Revenue Department	20	1
49.	Vigilance Commissioner	19	10
50.	Home (Poll.) Department	120	56
51.	Collectorate, West Dinajpur	159	55
52.	Animal Husbandry & Veterinary Services	995	466
53.	Collectorate, Malda	100	40
54.	Agriculture & Community Development (PLB Branch).	1,525	1,446
55.	District Magistrate, Midnapore	204	Nil
56.	Office of Special Officer, Home (C. & E.)	Nil	Nil
57.	Land Acquisition Collectorate, Howrah	..	..
58.	Collectorate, Howrah	43	37
59.	Directorate of Census Operation, West Bengal	14	8
60.	I. & P. R. Department	77	8
61.	Commissioner of Police, Calcutta	1,182	999
62.	Inspector-General of Police, West Bengal	562	489
63.	Public Works Department (Roads) including Chief Engineer's Office, Public Works Directorate.	126	1
64.	Finance Department	148	25
65.	Commerce & Industries Department	716	66
	Total	13,884	5,461

প্রান্তিক চাষী প্রকল্পের মাধ্যমে গাভী ক্রয়

*১০৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৭।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রান্তিক চাষী প্রকল্পের মাধ্যমে যেসকল গাভী ক্রয় করা হইতেছে তাহাদের প্রতিটির মূল্য কত এবং সাধারণত কত দুধ দেয়;

(খ) ঐসকল গাভী প্রান্তিক চাষীদের সরাসরি টাকা দিয়া ক্রয় করিতে বলা হয়, না বিভাগীয় কর্মচারীদের মাধ্যমে ক্রয় করা হয়; এবং

(গ) ঐসকল গাভী ক্রয় করার পূর্বে গাভী সম্বন্ধে কোন খোঁজখবর করা হয় কিনা এবং হইলে, কে ও কিভাবে করেন?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) দুগ্ধ উৎপাদনের হেরফের অনুযায়ী দুগ্ধবতী গাভীর মূল্য নির্ধারিত হয়। সাধারণত একটি দুগ্ধবতী শংকর জাতের গাভীর মূল্য ১,২০০ টাকা হইতে ১,৬০০ টাকা। এই গাভী গড়ে বৎসরে ২,০০০ লিটার দুধ দেয়।

(খ) ঐসকল গাভীগুলি প্রান্তিক চাষীরা সরাসরি ক্রয় করিয়া থাকেন।

(গ) হরিণঘাটা ও কল্যাণীর সরকারী খামারের নথিপত্র থেকে গাভীর জন্মতারিখ, দুগ্ধ উৎপাদনের পরিমাণ, রোগ প্রতিষেধক টিকা দেওয়ার তারিখ ইত্যাদি সম্বন্ধে খোঁজখবর নেওয়া হয়। বিক্রয়ের পূর্বে গাভীগুলি ব্রাসেলোসিস ও টিউবারকুলসিস রোগ মুক্ত কিনা তাহা পরীক্ষা করে দেখার ব্যবস্থা আছে।

মুর্শিদাবাদ জেলার বিভিন্ন ব্লকে পশুচিকিৎসকের অভাব

*১০৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫৬।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** পশুপালন এবং পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার ২৬টি ব্লকের সবগুলিতে পশুচিকিৎসক নেই;

(খ) অবগত থাকলে, এর কারণ কি;

(গ) ইহা কি সত্য যে, প্রতি ব্লকে দুইজন করে পশুচিকিৎসক রাখার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে; এবং

(ঘ) সত্য হলে, কবে নাগাত প্রতি ব্লকে দুইজন করে পশুচিকিৎসক দেওয়া হবে?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) বর্তমানে মুর্শিদাবাদ জেলায় ৩টি ব্লকে পশুচিকিৎসক নাই।

(খ) নিয়মানুগ নূতন পশুচিকিৎসক নিয়োগ ব্যবস্থা সম্পাদন সাপেক্ষে ৩টি পদ শূন্য রহিয়াছে।

(গ) হ্যাঁ।

(ঘ) ব্লকগুলিতে পর্যায়ক্রমে একজন করিয়া অতিরিক্ত পশুচিকিৎসক নিয়োগ করা হইবে। এই বৎসরে ৫০টি ব্লকের প্রতিটিতে একজন করিয়া অতিরিক্ত পশুচিকিসক নিয়োগের ব্যবস্থা গৃহীত হইয়াছে।

মহাকরণে বাংলা ও ইংরাজী স্টেনোগ্রাফার

*১০৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১০।) **শ্রীকাশীনাথ মিশ্র:** অর্থ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাংলা স্টেনোগ্রাফারের জন্য মহাকরণে ট্রেনিং-এর যে ব্যবস্থা ছিল তাহা বর্তমানে বন্ধ হইয়া গিয়াছে;

(খ) সত্য হইলে, বন্ধ হইবার কারণ কি;

(গ) বর্তমানে মহাকরণে কোন্ দপ্তরে কতজন (১) বংলা স্টেনোগ্রাফার এবং (২) ইংরাজী স্টেনোগ্রাফার আছেন;

(ঘ) বর্তমানে ঐ মহাকরণে ইংরাজী ও বাংলা স্টেনোগ্রাফারের কতগুলি পদ খালি আছে; এবং

(ঙ) মহাকরণে স্টেনোগ্রাফার নিয়োগের পদ্ধতি কি?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ, সাময়িকভাবে বন্ধ হইয়া গিয়াছে।

(খ) গত ১৯৬১ সাল হইতে ইংরাজি স্টেনোগ্রাফার ও ইংরাজি টাইপিস্টদের বাংলা স্টেনোগ্রাফীতে ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করা হয়। ট্রেনিংপ্রাপ্ত স্টেনোগ্রাফার ও টাইপিস্টগণকে প্রতি বৎসর পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক গৃহীত পরীক্ষায় কৃতকার্য হইলে পুরস্কার দেওয়ার ব্যবস্থা করা হয়। ইহা ছাড়া স্টেনোগ্রাফারের ক্ষেত্রে কৃতকার্য হইলে মাসিক বোনাস দেওয়ার ব্যবস্থা করা হয়। ফলে প্রায় অধিকাংশ স্টেনোগ্রাফার এবং বহুসংখ্যক টাইপিস্ট বাংলা স্টেনোগ্রাফীতে ট্রেনিংপ্রাপ্ত হওয়ায় এবং বাংলাভাষায় কাজে অসুবিধা না হওয়ায় ট্রেনিং ব্যবস্থা সাময়িকভাবে বন্ধ রাখা হইয়াছে। ভবিষ্যতে প্রয়োজন হইলে উহা আবার চালু করা হইবে। ট্রেনিংপ্রাপ্ত ব্যক্তিদের পারদর্শিতা বজায় রাখার জন্য প্রতি বৎসর বোনাস ও পুরস্কার দেওয়ার ব্যবস্থা আছে। এই নিমিত্ত পি এস সি কর্তৃক বার্ষিক পরীক্ষার বন্দোবস্ত বজায় রাখা হইয়াছে।

(গ) বর্তমানে মহাকরণের বিভিন্ন দপ্তরের মন্ত্রী ও অফিসারদের কাছে কাজ করার জন্য অর্থ দপ্তর নিয়ন্ত্রিত স্টেনোগ্রাফার পুল হইতে ইংরাজী ও বাংলা স্টেনোগ্রাফার দেওয়া হয়। পুলের বর্তমান স্টেনোগ্রাফারের সংখ্যা নিম্নরূপঃ—

(১) ইংরাজী স্টেনোগ্রাফার—১৪০।

(২) বাংলা স্টেনোগ্রাফার—২১।

(ঘ) খালি পদের সংখ্যা—

(১) ইংরাজী স্টেনোগ্রাফার—৩২।

(২) বাংলা স্টেনোগ্রাফার—১৮।

পাবলিক সার্ভিস কমিশনে ইংরাজী স্টেনোগ্রাফারের ৩৫টি ও বাংলা স্টেনোগ্রাফারের ২০টি শূন্য পদ রিপোর্ট করা হয়। পাবলিক সার্ভিস কমিশন তন্মধ্যে ১২ জন ইংরাজী স্টেনোগ্রাফার ও ২ জন বাংলা স্টেনোগ্রাফারের নাম মনোনয়ন করিয়া পাঠান। তাহার মধ্যে ৩ জন ইংরাজী ও ২ জন বাংলা স্টেনোগ্রাফার ইতিমধ্যে কার্যে যোগদান করিয়াছেন।

(ঙ) পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক পরিচালিত নিয়োগ আইন অনুযায়ী প্রতিযোগিতামূলক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিয়োগ করা হয়।

হলদিয়া উন্নয়ন সেল কর্তৃক হলদিয়া উন্নয়ন পরিকল্পনা

*১০৭৭। (অনুমোদিত প্রশ্ন নং * ১৭৭৯।) **শ্রীমৃগেন্দ্র মুখার্জী**: উন্নয়ন ও পরিকল্পনা (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হলদিয়া অঞ্চলের সামগ্রিক উন্নয়নের জন্য একটি পরিকল্পনা সি এম পি ও-র হলদিয়া উন্নয়ন সেল প্রস্তুত করিয়াছিলেন এবং কলিকাতা পোর্ট কমিশনার্স-এর নিকট ঐ পরিকল্পনা পেশ করিয়াছিলেন; এবং

(খ) সত্য হইলে,—

(১) এ বিষয়ে পোর্ট কমিশনার্স কোন মতামত দিয়াছেন কিনা এবং দিলে, তাহা কি,

(২) ঐ পরিকল্পনার রচয়িতার নাম ও শিক্ষাগত যোগ্যতা কি, ও

(৩) ঐ পরিকল্পনা বর্তমানে কি অবস্থায় আছে?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ, প্রকল্পটির জন্য একটি খসড়া রচনা করা হয়, এবং তাহা পোর্ট কমিশনার্সের নিকট পেশ করা হইয়াছিল।

(খ) (১) বন্দর কর্তৃপক্ষ খসড়া প্রকল্পটি সম্বন্ধে কিছু কিছু সমালোচনা করিয়াছেন।

(২) পরিকল্পনা রচয়িতার নাম শ্রীতরুণবিকাশ লাহিড়ী ও তাঁহার শিক্ষাগত যোগ্যতা এম এস-সি (ভূগোল) (১ম শ্রেণী), ডি ফিল (বিজ্ঞান)।

(৩) সরকারের বিবেচনাধীন আছে।

কলিকাতাস্থ পশুচিকিৎসা কলেজের কল্যাণীতে স্থানান্তরণ

*১০৭৮। (অনুমোদিত প্রশ্ন নং * ১৯০৫।) **শ্রীঅশ্বিনী রায়**: পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, বহু বৎসর পূর্বে কলিকাতাস্থিত পশুচিকিৎসা বিদ্যাশিক্ষার কলেজটিকে কল্যাণীতে স্থানান্তরের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছিল;

(খ) সত্য হইলে,—

(১) কোন্ সময় ঐরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছিল, ও

(২) উক্ত সিদ্ধান্ত কার্যকরী করার জন্য কি কি কাজ এবং মোট কত ব্যয় হইয়াছে; এবং

(গ) উক্ত সিদ্ধান্ত বর্তমানে কি পর্যায়ে আছে?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৬৭ সালের জুন মাসে।

(২) কলেজের বাড়ি, ছাত্রাবাস তৈয়ারি এবং আসবাবপত্র ইত্যাদি ক্রয় করা হয়, এবং ঐসব বাবত মোট প্রায় ৪৮,৯৩,০০০ টাকা ব্যয় করা হয়।

(গ) ১৯৭০ সালের শেষে কলেজটি কল্যাণী থেকে বেলগাছিয়াতে আবার স্থানান্তরিত করা হয়।

General Hospital, Polio Clinic and Health Centre in Dum Dum.

***1080.** (Admitted question No. *1888.) **Shri LAL BAHADUR SINGH:** Will the Minister-in-charge of the Development and Planning (Town and Country Planning) Department be pleased to state—

(a) if the Government has any plan to open a General Hospital, a Polio Clinic, a Health Centre and some parks in Dum Dum under the C.M.D.A. Scheme; and

(b) if so, when the said plan will materialise?

Minister for Development and Planning (T.&C.P.) Department: (a) (i) A proposal for establishment of a General Hospital in South Dum Dum area under the CMDA Scheme is under consideration of the Department of Health.

(ii) There is no proposal, however, for establishment of any Polio Clinic/ Health Centre at Dum Dum. But three outdoor dispensaries are already functioning in Dum Dum area and opening of one more such dispensary is under contemplation.

(iii) Schemes for four Parks/ Parks-cum-Play grounds have been sanctioned for execution by the South Dum Dum Municipality Authorities.

(b) The proposal for construction of a General Hospital in South Dum Dum area during the Fifth Plan period would be considered if funds permit.

One more outdoor dispensary is likely to start by next year. The four Parks as sanctioned by the CMDA will start as and when the said Municipality will place work order to the Contractors.

বিভিন্ন দপ্তরে শিবির কর্মচারী নিয়োগ

*১০৮১। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪৭।) **শ্রীআদ্যচরণ দত্তঃ** অর্থ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১ সালে গণতান্ত্রিক কোয়ালিশন সরকারের আমলে মুর্শিদাবাদ জেলায় কতজন যুবক শিবির কর্মচারীরূপে নিযুক্ত হয়েছিলেন;

(খ) বর্তমানে উক্ত শিবির কর্মচারীদের মধ্যে কতজন বিভিন্ন সরকারী দপ্তরে নিযুক্ত হয়েছেন; এবং

(গ) বাকীদের নিয়োগ সম্বন্ধে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মুর্শিদাবাদ জেলায় ৮২৫ জন যুবক শিবির কর্মচারী রূপে নিযুক্ত হয়েছিলেন।

(খ) ইহাদের মধ্যে এখন পর্যন্ত ১১৮ জনকে বিভিন্ন সরকারী দপ্তরে নিযুক্ত করা হয়েছে।

(গ) শিবির কর্মচারীদের মধ্যে যাহারা দরখাস্ত করিয়াছেন তাহাদের সম্বন্ধে পশ্চিমবঙ্গ কৃত্যক (বিশেষ নিয়োগ) বিধি, ১৯৭২ অনুযায়ী বিবেচনা করা হইবে।

এই প্রসঙ্গে উল্লেখ করা যাইতে পারে যে, বিগত অক্টোবর মাসে তৃতীয় শ্রেণীর (অ-কারিগরী) খালি পদ ও চতুর্থ শ্রেণীর খালি পদ পূরণ করিবার জন্য দরখাস্ত আহ্বান করিয়া যে বিজ্ঞপ্তি প্রকাশ করা হইয়াছিল তাহাতে এই খালি পদের কিছুসংখ্যক পদ ভূতপূর্ব শিবির কর্মচারীদের দ্বারা পূরণ করা হইবে বলিয়া উল্লেখ করা হইয়াছিল। সরকার যথাসাধ্য এই কথামত কাজ করিয়া যাইতেছেন।

অক্ষয়নগর গ্রামে পোলট্রি ফার্ম

*১০৮২। (অনুমোদিত প্রশ্ন নং *২১১৬।) **শ্রীবাসুদেব সাউট্যাঃ** পশুপালন ও পশু-চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবনের কাকদ্বীপ থানার অন্তর্গত অক্ষয়নগর গ্রামে পাঁচ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত পোলট্রি ফার্মটি কবে নাগাত চালু করা হবে;

(খ) ইহা কি সত্য যে, উক্ত ফার্ম-এর কাজ চালু না হওয়া সত্ত্বেও কয়েকজন অফিসার নিযুক্ত হয়েছেন এবং তাঁরা যথারীতি বেতন পাচ্ছেন;

(গ) উক্ত পোলট্রি ফার্ম-এর জন্য তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী কতজন করে নিযুক্ত হবেন; এবং

(ঘ) ঐ কর্মচারীদের শিক্ষাগত যোগ্যতা কি হবে এবং স্থানীয় বেকারদের অগ্রাধিকার দেওয়া হবে কিনা?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই পোলট্রি ফার্মটি এই বৎসরের (১৯৭৩) ডিসেম্বর মাসের মধ্যে চালু হইবার সম্ভাবনা আছে।

(খ) উপরি-উক্ত ফার্ম এবং সুন্দরবন এলাকার আরও দুইটি পোলট্রি ফার্মের [illegible] প্রাথমিক কার্যাবলী তদারক করা ও হিসাবপত্র দেখাশুনা করার জন্য একজন সুপারিনটেন্ডেন্ট একজন আপার ডিভিসন ক্লার্ক-কাম-অ্যাকাউন্টান্ট এবং অর্ডারলি পিওন [illegible] হইয়াছে।

(গ) কতজন তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী কাকদ্বীপ ফার্মে নিয়োগ করা হইবে, তাহা এখনও স্থির করা হয় নাই।

(ঘ) উক্ত পোলট্রি ফার্মের জন্য যে সমুদয় তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী নিযুক্ত হইবেন তাহাদের শিক্ষাগত যোগ্যতা কি হইবে সে সম্বন্ধে এখনও কোন সিদ্ধান্ত নেওয়া হয় নাই। পদগুলি পূরণের সময় স্থানীয় বেকারদের অগ্রাধিকার দেওয়া হইবে।

বেহালায় পানীয় জলের সঙ্কট

*১০৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১০০।) **শ্রীইন্দ্রজিৎ মজুমদারঃ** উন্নয়ন ও পরিকল্পনা (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেহালায় পানীয় জলের দুরবস্থার বিষয় সরকার অবগত আছেন কি;

(খ) থাকিলে, এর সুব্যবস্থা করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে, কবে নাগাত ইহার কাজ শুরু হইবে?

উন্নয়ন পরিকল্পনা (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ, আছে।

(গ) সাউথ সুবার্বন মিউনিসিপ্যালিটি অঞ্চলে জরুরী ত্রাণ ব্যবস্থা হিসাবে আনুমানিক ১২·৮৬ লক্ষ টাকার একটি জল সরবরাহ প্রকল্প ১৯৭১-এর নভেম্বর মাসে সি এম ডি এ অনুমোদন দিয়াছে, এই প্রকল্পটি কার্যকর করিবার দায়িত্ব ন্যস্ত হইয়াছে রাজ্যসরকারের জন-স্বাস্থ্য অধিকারের উপর। রাজ্য জনস্বাস্থ্য অধিকার ইতিমধ্যেই ঐ কাজ আরম্ভ করিয়া দিয়াছে।

পশুপালন শিক্ষায় নিযুক্ত যুবকদের চাকুরি

***১০৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৯৫।) **শ্রীসরোজরঞ্জন কাঁড়ার:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে যে ১,১০০ যুবক পশুপালন শিক্ষায় নিযুক্ত আছেন, শিক্ষা শেষে তাঁদের সরকারী চাকুরি দেওয়া হবে কিনা; এবং

(খ) "(ক)" প্রশ্নের উত্তর "না" হলে, এইসব যুবকদের জন্য অন্য কি পরিকল্পনা সরকারের আছে?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) শিক্ষান্তে এইসব যুবকগণ গ্রামাঞ্চলে গো-প্রজননের কাজে স্বনির্ভর কর্মোদ্যোগে ব্যাপৃত হতে পারবেন।

সি এম ডি এ-র খাতে অর্থব্যয় যাচাই-এর জন্য পারফরমেন্স অডিট প্রবর্তন

***১০৯৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮৪।) **শ্রীমৃগেন্দ্র মুখার্জী:** উন্নয়ন এবং পরিকল্পনা (শহর এবং নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সি এম ডি এ-র খাতে অর্থব্যয় সুষ্ঠুভাবে হইতেছে কিনা যাচাই করিবার জন্য উক্ত সংস্থার পক্ষ হইতে পারফরমেন্স অডিট প্রবর্তনের সুপারিশ করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, ঐ সুপারিশ কার্যকর করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

উন্নয়ন ও পরিকল্পনা (শহর এবং নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

বিধানসভার প্রশ্নোত্তরের জন্য সরকারের অতিরিক্ত ব্যয়

***১০৯৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৬৮।) **শ্রীকাশীনাথ মিশ্র:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালে বিধানসভা চলাকালীন বিধানসভার প্রশ্নোত্তরের জন্য সরকারের কোন্ বিভাগে কত পরিমাণ অতিরিক্ত টাকা ব্যয় হইয়াছে; এবং

(খ) কোন্ খাত হইতে এই টাকা ব্যয় করা হইয়াছে?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ও (খ) বিধানসভার প্রশ্নের উত্তর দেওয়ার জন্য সংবাদ-সংগ্রহ এবং অন্যান্য কাজ বিভাগীয় কর্মচারিগণই করিয়া থাকেন—এ জন্য কোনও অতিরিক্ত কর্মচারী নিয়োগ করা হয় না। সংবাদ সংগ্রহের জন্য ডাকটিকিট, টেলিফোন এবং সংবাদবাহক প্রেরণ প্রভৃতির জন্য কিছু ব্যয় হইয়া থাকে। এই ব্যয় যে বিভাগ সংবাদ সংগ্রহ করে সেই বিভাগই করিয়া থাকে। এই বাবত যে খরচ হয় তাহার জন্য কোন পৃথক হিসাব রাখা হয় না। সুতরাং বিধানসভার প্রশ্নের উত্তর দিতে কত ব্যয় হয় তাহার সঠিক পরিমাপ বলা সম্ভবপর নয়।

সরকারী কর্মচারীদের ৫৫ বৎসরে অবসরগ্রহণ

*১১০০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮১।) শ্রীরজনীকান্ত দলুইঃ অর্থ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের বেকারত্ব দূর করার পরিপ্রেক্ষিতে সরকার প্রতিটি সরকারী কর্মচারীর অবসরগ্রহণের বয়ঃসীমা ৫৫ (পঞ্চান্ন) বৎসর করার বিষয় বিবেচনা করছেন; এবং

(খ) সত্য হইলে,—

(১) অবসরগ্রহণের বয়ঃসীমা ৫৫ বৎসর হলে প্রতি বছর কতজন বেকার চাকুরি পাবেন; এবং

(২) উক্ত বেকারত্বের পরিপ্রেক্ষিতে কোন সরকারী কর্মচারী এক্সটেনশন অব সার্ভিস-এর সুযোগ পাবেন না— এই রূপ কোন পরিকল্পনা আছে কি?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সরকারী কর্মচারীদের অবসরগ্রহণের বয়ঃসীমা কমাইবার প্রস্তাব সরকার পাইয়াছেন। সরকারী চাকুরির বয়সের ঊর্ধ্বসীমা কমাইলে কিছু অসুবিধার সৃষ্টি হইতে পারে। তবে সরকার প্রস্তাবটি বিবেচনা করিয়া দেখিতেছেন।

(খ) (১) বর্তমানে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর কর্মচারিগণ ৫৮ বৎসর বয়সে অবসর-গ্রহণ করেন। তাঁহাদের অবসরগ্রহণের বয়স ৫৮ হইতে ৫৫ করিলে এককালীন প্রায় ১৫,০০০ সরকারী কর্মচারী অবসরগ্রহণ করিবেন, এবং তাহাদের স্থলে নূতন লোক নেওয়া সম্ভবপর হইবে। তাহার পর অবশ্য পূর্বের মতই অবস্থা হইবে, অর্থাৎ তাহার পর বর্তমানে যতসংখ্যক পদ প্রতি বৎসর খালি হয় প্রায় তৎসংখ্যক পদই প্রতি বৎসর খালি হইতে থাকিবে। চতুর্থ শ্রেণীর কর্মচারিগণের অবসরগ্রহণের বয়স ৫৮ বৎসর নহে, ৬০ বৎসর। বর্তমান বিধি অনুসারে সরকারের অনুমোদনক্রমে বিশেষ ক্ষেত্রে তাহাদিগকে ৬৫ বৎসর বয়স পর্যন্ত সরকারী চাকুরিতে রাখা যায়। চতুর্থ শ্রেণীর কর্মচারীদের অবসরগ্রহণের বয়স কমাইয়া ৫৫ বৎসর করিলে আরও প্রায় ১২,৫০০ (চতুর্থ শ্রেণীর) সরকারী কর্মচারী অবসরগ্রহণ করিবেন, এবং তাহাদের স্থলে নূতন লোক নেওয়া সম্ভবপর হইবে। তবে এইসব পদ এককালীন খালি হইবে, এবং ভবিষ্যতে অবসর-গ্রহণের বয়ঃসীমা কমাইবার জন্য কোন বিশেষ সুবিধা পাওয়া যাইবে না, অর্থাৎ বর্তমানে যত সংখ্যক পদ খালি হয় তাহার বেশী পদ খালি হইবে না।

(২) সরকারী চাকুরিতে এক্সটেনসন অব সার্ভিস কেবলমাত্র ভূতপূর্ব স্বাধীনতা সংগ্রামীদেরই দেওয়া হয়। যেসমস্ত স্বাধীনতা সংগ্রামী স্বাধীনতার পূর্বে অন্যূন দুই বৎসর জেলে আটক বা অন্তরীণ ছিলেন, এবং ৩০ বৎসর বয়সের পরে সরকারী চাকুরিতে নিযুক্ত হইয়াছেন তাহারা শারীরিক ও মানসিক কর্মক্ষম থাকিলে তাহাদের ক্ষেত্রে সরকারী চাকুরি হইতে অবসরগ্রহণের ঊর্ধ্বতন বয়ঃসীমা শিথিল করা হইয়াছে তাঁহারা ৬৫ বৎসর বয়স পর্যন্ত অথবা মোট ৩০ বৎসর সরকারী চাকুরি করিয়া (যাহা আগে হইবে) অবসরগ্রহণ করিতে পারেন।

বিশেষ ক্ষেত্রে কোনও কোনও অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীকে অল্প সময়ের জন্য পুনর্নিয়োগ করা হয়। যেসমস্ত সরকারী কর্মচারীর অভিজ্ঞতা ও যোগ্যতাসম্পন্ন অন্য কোনও কর্মচারী সঙ্গে সঙ্গে পাওয়া যায় না, এবং যাহাদের সার্ভিস জনস্বার্থের কল্যাণে সরকার অপরিহার্য মনে করেন তাহাদের শারীরিক ও মানসিক কর্মদক্ষতা থাকিলে তাঁহাদিগকে অল্পকালের জন্য পুনর্নিয়োগ করা হয়।

কম্পাউন্ডারের অভাবে পশুচিকিৎসার অসুবিধা

***১১০১।** (অনুমোদিত প্রশ্ন নং *২২২৫।) **শ্রীসুধীরচন্দ্র দাসঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, প্রতি ব্লকে যে পশুচিকিৎসক আছেন তাহার সহিত কম্পাউন্ডার না থাকায় পশুচিকিৎসার অত্যন্ত অসুবিধা হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, ইহার প্রতিকারকল্পে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ব্লকগুলিতে পশুচিকিৎসকের সহিত কম্পাউন্ডার না থাকায় পশুচিকিৎসায় অসুবিধা হইতেছে এইরূপ তথ্য সরকারের জানা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Unstarred Questions (To which written answers were laid on the Table)

পাথরপ্রতিমা ব্লকে খাস জমি

৫২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩৮।) **শ্রীবাসুদেব সাউট্যাঃ** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাবে সুন্দরবনের পাথরপ্রতিমা ব্লকে মোট খাস জমির পরিমাণ কত;

(খ) এ পর্যন্ত কত পরিমাণ খাস জমি ভূমিহীনদের বিলি করা হয়েছে;

(গ) বিলি করা না হয়ে থাকলে, তার কারণ কি; এবং

(ঘ) ঐ জমি বিলিব্যবস্থা করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মোট খাস কৃষি জমির পরিমাণ ৮,২০৮ একর।

(খ) ৪,১৯৯ একর।

(গ) ও (ঘ) ৩,৫১৩ একর জমি আদালতের ইনজাংশনে আবদ্ধ থাকায় বিলি করা সম্ভব হয় নাই। ভূমিসংস্কার কমিটির মাধ্যমে অবশিষ্ট ৪৯৬ একর জমি যথাসত্বর বিলি করার জন্য ব্যবস্থা লওয়া হইয়াছে।

বারাবনী ব্লকে সরিষাতলীর জঙ্গলে দুর্ভেদ্য দুর্গ

৫৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১০।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল মহকুমার বারাবনী ব্লকে সরিষাতলীর জঙ্গলে—

(১) একটি দুর্ভেদ্য দুর্গ আছে এবং সেখানে দীর্ঘ সুড়ঙ্গ আছে, ও

(২) ঐ দুর্ভেদ্য দুর্গে এবং দীর্ঘ সুড়ঙ্গে মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত পলাতক ডাকাত ও আত্মগোপনকারী নকশালরা লুকিয়ে থাকেন; এবং

(খ) সত্য হলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করেছেন?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) আসানসোল মহকুমার বারাবনী ব্লকে সরিষাতলীতে একটি জঙ্গল আছে এবং সেই জঙ্গলে একটি দীর্ঘ সুড়ঙ্গ আছে। কিন্তু তাহাকে একটি দুর্ভেদ্য দুর্গ বলে বিবেচনা করা যায় না।

(২) সেই জঙ্গলে এবং দীর্ঘ সুড়ঙ্গে নকশালরা লুকিয়ে থাকে এরূপ কোন সংবাদ সরকারের গোচরে নাই। কিন্তু কেন কোন সময় কিছু দুষ্কৃতকারী সেখানে লুকিয়ে থাকে।

(খ) পুলিস মাঝে মাঝে সেখানে হানা দেয়। দুইজন কুখ্যাত ডাকাত এই হানার ফলে ধৃত হইয়াছিল।

উদয়নারায়ণপুর ব্লক অফিস

৫৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২২০১।) **শ্রীসরোজরঞ্জন কাঁড়ারঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় উদয়নারায়ণপুর ব্লকের স্থায়ী অফিস নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে (১) উহার স্থান নির্বাচন হয়েছে কিনা; ও (২) কবে নাগাত উহার কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ও (২) স্থান নির্বাচন হইয়াছে। কিন্তু কলিকাতা হাইকোর্ট কর্তৃক একটি সিভিল রুল জারী হওয়ার জন্য লিগাল রিমেমব্রান্সারের অভিমত লওয়া হইতেছে। জমি অধিগ্রহণের কাজটি বিভিন্ন সংবিধিবদ্ধ দায়িত্ব পালনের মাধ্যমে কার্যকরী হয় বলিয়া স্বাভাবিকভাবেই কখনও কখনও দীর্ঘ সময়সাপেক্ষ হয় এবং ঐ কারণে গৃহনির্মাণকার্য শুরু হওয়ার সম্ভাব্য সময় সম্বন্ধে এখনই বলা সম্ভব নয়।

মুর্শিদাবাদ জেলায় কৃষিভিত্তিক ব্লক গঠনের পরিকল্পনা

৫৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫৬।) **শ্রীআদ্যাচরণ দত্তঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মুর্শিদাবাদ জেলায় কৃষিভিত্তিক ব্লক গঠন করিবার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি;

(খ) থাকিলে, কতগুলি ঐরূপ ব্লক গঠন করিবার প্রস্তাব বিবেচনাধীন আছে; এবং

(গ) নবগ্রাম ও মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ ব্লক কৃষিভিত্তিক ব্লক গঠন করিবার কোন পরিকল্পনা আছে কি?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কৃষিভিত্তিক কোন ব্লক গঠনের প্রস্তাব সরকারের নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

আলিপুর থানায় সাংবাদিক গ্রেপ্তার

৫৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২২৯১।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** গত ২রা মার্চ, ১৯৭৩ তারিখে প্রদত্ত তারকাচিহ্নিত *৩১৮নং (অনুমোদিত প্রশ্ন নং *৫২১) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৭ই আগস্ট, ১৯৭২ তারিখে আলিপুর থানায় যে সাংবাদিকটিকে গ্রেপ্তার করা হইয়াছে, তাহার নাম ও ঠিকানা কি; এবং

(খ) এই সাংবাদিকটি কোন্ পত্রিকার সাংবাদিক?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) শ্রীদেবাশীস মুখার্জি (পিতা কৃষ্ণধন মুখার্জি) ৩৯নং মহেন্দ্র গোস্বামী লেন, কলিকাতা।

(খ) বাংলা সাময়িকী "তর্পণ"।

হুগলি জেলায় ডি ভি সি-র জলে বোরো চাষ

৫৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২২৮২।) **শ্রীবলাইলাল শেঠ ও শ্রীকাশীনাথ পাত্রঃ** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে হুগলি জেলায় ডি ভি সি কর্তৃক সরবরাহকৃত জলের সাহায্যে কত একর বোরো চাষ হইয়াছে; এবং

(খ) কতদিন অবধি বোরো চাষের জল দেওয়া হইবে এবং কোন্ কোন্ ক্যানেলে?

সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) ডি ভি সি-র জলাধারগুলিকে জলের পরিমাণ খুবই কম ছিল বলিয়া সেচ বিভাগ ও জেলা কর্তৃপক্ষ বোরো চাষ করিতে নিষেধ করিয়াছিলেন। তৎসত্ত্বেও হুগলি জেলাতে প্রায় ৪০,০০০ একরে বোরো চাষ হইয়াছে।

হুগলি জেলায় কেবলমাত্র রবিশস্যের জন্য ৯০,০০০ একর-ফুট জলের ব্যবস্থা করা হইয়াছিল। রবি ফসলের জন্য যত পরিমাণ জল প্রয়োজন ছিল তাহা সরবরাহ করা হইয়াছে। বোরো ধানের রক্ষার জন্য অতিরিক্ত ২০,০০০ একর-ফুট জলের ব্যবস্থা করা হইয়াছিল এবং তাহাও সরবরাহ করা হইয়া গিয়াছে। বর্তমানে অতিরিক্ত জল পাওয়ার প্রচেষ্টা চলিতেছে। অতিরিক্ত জল পাওয়া গেলে, আরও কিছু জমিতে জল দেওয়া সম্ভব হইতে পারে। কোন্ কোন্ ক্যানেলে জল দেওয়া যাইবে তাহা এখনও বলা সম্ভব নহে।

পশ্চিমবঙ্গে টেস্ট রিলিফের কাজ

৫৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮০।) **শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন্ কোন্ জেলায় বর্তমানে টেস্ট রিলিফের কাজ চলিতেছে; এবং

(খ) ১৯৭২-৭৩ সালে (১২ই মার্চ ১৯৭৩ পর্যন্ত) জেলাভিত্তিক টেস্ট রিলিফ খাতে খরচের পরিমাণ কত?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নদিয়া, চব্বিশপরগনা, বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ, কোচবিহার, পশ্চিম দিনাজপুর এবং দার্জিলিং জেলা।

(খ) একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 535.

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ১৯৭২-৭৩ সালের ১২-৩-৭৩ পর্যন্ত

টেস্ট রিলিফ খাতে খরচের পরিমাণ (জেলাভিত্তিক)

জেলা		নগদে (টাকায়)	খাদ্যশস্য (মেট্রিক টন)
১। চব্বিশপরগনা	...	৩৪,১৩,৮৫৩·৫০	৩,৯২৫·৯ গম।
২। নদিয়া	...	৩৮,০৭,৮৭৮·০০	২,৫৯৭·৫ গম। ৯৬·৯ রুশ চাল।
৩। হাওড়া	...	৯,১৩,৭১১·০০	১,০০৮·৮ গম। ৫১·১ রুশ চাল।
৪। হুগলি	...	৭,৭৩,৩৫২·০০	৯০৪·৮ গম।
৫। বর্ধমান	...	২২,৯০,৭৯৮·০০	২,৮৭৫·৩ গম।
৬। বীরভূম	...	১৭,৮৪,৫২২·০০	১,৯৬৯ গম।
৭। মেদিনীপুর	...	৪৬,৯২,৮৬৪·০০	৫,৮৬৮ গম। ৪৬৫ রুশ চাল।
৮। বাঁকুড়া	...	৫১,৫৫,৩৮৬·০০	৭,৬৭৯ গম।
৯। পুরুলিয়া	...	৪১,৬৩,১৪৯·৫২	৪,৯৯৪ গম। ৫৩২ রুশ চাল।
১০। মুর্শিদাবাদ	...	৪৪,৪৯,২১২·০০	৪,৬০১·৩ গম।
১১। মালদহ	...	... ...	১১,২০৬·২ গম।
১২। পশ্চিম দিনাজপুর	...	৩৫,২৮,৭০৫·০০	৪,১০৩·৩ গম। ৯০·৮ রুশ চাল।
১৩। জলপাইগুড়ি	...	... ...	৭৩৫·২ গম।
১৪। কোচবিহার	...	৫,৬৫,২৮১·৫০	৭০৬·২ গম। ৯৭·৫ রুশ চাল।
১৫। দার্জিলিং	...	১,৯৪,০৫৫·০০	৫৮·৮ গম।

কিস্তিপুর অঞ্চলে হাইকোর্টের ভেকেট-কৃত জমি

৫৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৭।) **শ্রীহরেন্দ্রনাথ হালদারঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৭২ সালে কিস্তিপুর অঞ্চলের (খড়গ্রাম থানা) হাইকোর্টের ভেকেট-কৃত জমি কোন্ কোন্ প্রজার নামে বন্দোবস্ত দেওয়া হইয়াছে;

(খ) এসমস্ত চাষী তাদের সমস্ত জমির ধান কাটতে পেরেছে কিনা; এবং

(গ) জে এল আর ও, খড়গ্রাম এ ব্যাপারে চাষীদের সাহায্য করেছেন কিনা এবং করে থাকলে, কিভাবে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) যাঁহাদের জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে তাঁহাদের নামের তালিকা এই সঙ্গে নিম্নে দেওয়া হইল। এখানে উল্লেখ করা যাইতে পারে যে, ঐ জমি বিলিবন্দোবস্তর ব্যাপারে পুনরায় গত ২৮এ জুলাই ১৯৭২ তারিখে কলিকাতা হাইকোর্টে মামলা হইয়াছে।

(খ) একজনের ধান পুলিসের হেফাজতে আছে। অন্যরা সকলেই ধান কাটিতে পারিয়াছেন বলিয়া জানা গিয়াছে।

(গ) হ্যাঁ। সম্ভাব্য গোলমালের সংবাদ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের গোচরে আনিয়া।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 536.

যাহাদিগকে জমি বিলি করা হইয়াছে তাহাদের নাম

১। জাকের আলি
২। সায়েব মল্লিক
৩। তদাধর সেখ
৪। গোলাম সোভানি
৫। হাকিম সেখ
৬। হানিফ সেখ
৭। মদনমোহন প্রধান
৮। ধনকৃষ্ণ প্রধান
৯। আলম সেখ
১০। এ রকিব
১১। জীতেন্দ্র বায়েম
১২। কাসেম সেখ
১৩। কাইসার সেখ
১৪। আফাজ সেখ
১৫। রওসন সেখ
১৬। মুসা সেখ
১৭। আলম সেখ
১৮। দাউদ সেখ
১৯। ভক্তিভূষণ সাহা
২০। আবদুল বারি
২১। মনিরুদ্দিন সেখ
২২। নিয়ামত সেখ
২৩। আবদুল রউফ
২৪। সানাউল্লা সেখ
২৫। এ, জববার
২৬। রওসন সেখ
২৭। আনসার সেখ
২৮। জিল্লার রহমান
২৯। ইসাদ আলি সেখ
৩০। মোক্তার সেখ
৩১। আনোয়ার সেখ
৩২। নজরুল ইসলাম
৩৩। খলিল সেখ
৩৪। রাজেব আলি
৩৫। অশোক মণ্ডল
৩৬। এ, রউফ
৩৭। চাঁদ চ্যাটার্জী
৩৮। অবনী মাল
৩৯। মনিমোহন হালদার
৪০। সামেদ সেখ

৪১। জব্বার সেখ
৪২। সাত্তার সেখ
৪৩। লচু প্রধান
৪৪। মহাদেব হালদার
৪৫। বাকের আলি
৪৬। ফয়েজ সেখ
৪৭। বাসের সেখ
৪৮। নাসের সেখ
৪৯। হামিদ সেখ
৫০। শ্যামাপদ হালদার
৫১। নুর ইসলাম
৫২। আবদুল হাই
৫৩। হালিম সেখ
৫৪। ফজিয়া পাইন
৫৫। মফিরুল সেখ
৫৬। লায়েব সেখ
৫৭। ধরনী মহড়া
৫৮। এন জি বিশ্বাস
৫৯। কাওসার সেখ
৬০। বাকিম সেখ
৬১। নাসের সেখ
৬২। জেসারত সেখ
৬৩। বলাই দত্ত
৬৪। কালু মহড়া
৬৫। আলতাফ সেখ
৬৬। এ কুদ্দুস
৬৭। মোয়ারম সেখ
৬৮। হানিফ সেখ
৬৯। আজিজ সেখ
৭০। আনোয়ার আলি
৭১। কিরিটি মহড়া
৭২। গাজলু মাল
৭৩। গোবিন্দ মাল
৭৪। শের আলি
৭৫। বাদল মহড়া
৭৬। খোদা বক্স
৭৭। জামার সেখ
৭৮। আবদুল ওদুদ
৭৯। আতাহার খান
৮০। বীণাপানি মহড়া
৮১। মানিক মণ্ডল
৮২। রাধাকৃষ্ণ প্রধান
৮৩। গয়ানাথ মহড়া
৮৪। আবদুল সামাদ
৮৫। সনাতন ঘোষ
৮৬। প্রভাত মহড়া
৮৭। মনসারাম হালদার

পশ্চিমবঙ্গে ব্লক ডেভেলপমেণ্ট অফিসের সংখ্যা

৫৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪৮।) **শ্রীগিরিজাভূষণ মুখোপাধ্যায়ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট কতগুলি ব্লক ডেভেলপমেণ্ট অফিস আছে;

(খ) বর্তমানে (১৯৭২-৭৩) সালে এসকল অফিসে কতজন কর্মচারী আছেন; এবং

(গ) কোন্ কোন্ ব্লকে কর্মচারীদের থাকার জন্য কোয়াটার্স দেওয়া হইয়াছে?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৩৩৫টি।

(খ) ১২,৬০৫ জন।

(গ) যেসমস্ত ব্লকে অফিসগৃহ এবং কর্মচারীদের কোয়ার্টার্স তৈয়ারি হইয়াছে, তাহার একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 537

List of the Blocks where administrative building and staff quarters have been constructed

Name of Blocks.

Burdwan

1. Burdwan
2. Ausgram-I
3. Ausgram-II
4. Bhatar
5. Memari-I
6. Memari-II
7. Jamalpur
8. Purbasthali-I
9. Kalna-I
10. Kalna-II
11. Purbasthali-II
12. Manteswar
13. Mangalkote
14. Ketugram-I
15. Ketugram-II
16. Katwa-I
17. Faridpur-Durgapur

Birbhum

18. Nalhati-I
19. Murarai-I
20. Murarai-II
21. Md. Bazar
22. Sainthia
23. Bolepur-Sriniketan
24. Labpur
25. Nanoor
26. Dubrajpur
27. Rajnagar

Bankura

28. Sonamrkhi
29. Patrasayer
30. Kotulpur
31. Indus
32. Ranibundh
33. Gangajalghati
34. Barjora
35. Saltora
36. Onda
37. Taldangra
38. Khatra-II

Name of Blocks.

Midnapore

39. Jhargram
40. Binpur-I
41. Binpur-II
42. Potashpur
43. Khejuri
44. Bhagwanpur-I
45. Tamluk-I
46. Panskura-I
47. Panskura-II
48. Debra
49. Keshiary
50. Salboni
51. Garbeta-I
52. Chandrakona-I
53. Chandrakona-II

Hooghly

54. Arambagh
55. Khanakul-I
56. Pursurah
57. Goghat
58. Jangipara
59. Polba
60. Dhaniakhali
61. Balagarh
62. Singur

Howrah

63. Shyampur-I
64. Shyampur-II
65. Bagnan-I
66. Uluberia-I
67. Domjur

24-Parganas

68. Baruipur
69. Sonarpur
70. Jaynagar-II
71. Habra-I
72. Barasat-I
73. Barasat-II
74. Amdanga
75. Deganga
76. Bagdah
77. Bongaon
78. Gaighata

Name of Blocks.

24-Parganas—Concld.

79. Sagar
80. Falta
81. Kakdwip
82. Baduria
83. Swarupnagar
84. Basirhat-II

Nadia

85. Santipur
86. Chakdah
87. Hanskhali
88. Ranaghat-I
89. Ranaghat-II
90. Kaliganj
91. Krishnaganj
92. Karimpur
93. Nakashipara
94. Tehatta-I

Murshidabad

95. Kandi
96. Bharatpur-I
97. Burwan
98. Khargram
99. Beldanga-I
100. Beldanga-II
101. Noada
102. Murshidabad-Jiaganj
103. Nabagram
104. Lalgola
105. Sagardighi
106. Samserganj
107. Suti-I

Malda

108. Ratua-I
109. Harischandrapur-I
110. Kharba-I
111. Manikchak
112. Gazole
113. Habibpur

West Dinajpur

114. Raiganj
115. Kaliganj
116. Hemtabad
117. Itahar
118. Kushmandi
119. Islampur

Name of Blocks.

West Dinajpur—Concld.

120. Karandighi
121. Gangarampur
122. Kumarganj
123. Tapan
124. Balurghat

Jalpaiguri

125. Jalpaiguri
126. Maynaguri
127. Dhupguri
128. Rajganj
129. Kumargram
130. Falakata

Darjeeling

131. Darjeeling-Pulbazar
132. Rangli-Rangliot
133. Jorebunglow-Sukiapokri
134. Kalimpong-I
135. Kalimpong-II
136. Siliguri-Naxalbari
137. Kurseong

Cooch Behar

138. Dinhata-I
139. Dinhata-II
140. Sitai
141. Tufanganj
142. Mekliganj
143. Cooch Behar-I
144. Sitalkuchi

Purulia

145. Hura
146. Puncha
147. Manbazar-I
148. Manbazar-II
149. Raghunathpur-I
150. Raghunathpur-II
151. Bagmundi
152. Arsha
153. Bundwan
154. Jhalda-I
155. Jhalda-II
156. Neturia
157. Kashipur
158. Santuri
159. Purulia-II
160. Barabazar

জেলাওয়ারী সি এ এস এ সংস্থা কর্তৃক কম্বল বিতরণ

৫৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪৭।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭২-৭৩ সালে এই রাজ্যের বিভিন্ন জেলায় সি এ এস এ সংস্থা কিছুসংখ্যক কম্বল গরীবদের মধ্যে বিতরণের জন্য পাঠাইয়াছিলেন;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কোন্ জেলায় ব্লকওয়ারী কতখানা কম্বল দেওয়া হইয়াছিল;

(গ) এইসমস্ত কম্বল যথাযথভাবে বিলি করা হইয়াছিল কি; এবং

(ঘ) হইয়া থাকিলে, কাহার মাধ্যমে উহা বিলি করিয়াছিলেন?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, কয়েকটি জেলায় সি এ এস এ সংস্থা কর্তৃক প্রদত্ত কম্বল গরীবদের মধ্যে বিতরণের জন্য পাঠানো হইয়াছিল।

(খ) এতৎসম্বন্ধে একটি বিবরণী (১নং) নিম্নে দেওয়া হইল।

(গ) হ্যাঁ।

(ঘ) এতৎসম্বন্ধে ১নং বিবরণীর (৩) নং স্তম্ভ দ্রষ্টব্য।

Statement referred to in reply to clause (Kha) and (Ga) of unstarred question No. 538.

জেলার নাম	ব্লকের নাম এবং বিতরিত কম্বলের সংখ্যা		কাহার মারফত বিলি করা হইয়াছে
১	২		৩
১। জলপাইগুড়ি	... ৯৪৬টি কম্বল, লেপ, জামা, কোট, প্যান্ট, গেঞ্জী প্রভৃতি পাঠানো হইয়াছে, এখনও বিতরণ করা হয় নাই।		
২। দার্জিলিং	... ২০২ বাণ্ডিল সি এ এস এ কম্বল সহ অন্যান্য কাপড়চোপড় পাঠানো হইয়াছে। এখনও বিলি করা হয় নাই।		
৩। ২৪-পরগনা	... আলিপুর সদর মহকুমা ...	১৬৭	ব্লক রিলিফ কমিটি এবং জেলা কর্তৃপক্ষের মারফত
	বসিরহাট	৫০	
	ব্যারাকপুর	৪০	
	ডায়মন্ডহারবার ...	৫০	
	বনগাঁ	৫০	
	বারাসাত	৫০	
	মোট ...	৪০৭	

জেলার নাম	ব্লকের নাম এবং বিতরিত কম্বলের সংখ্যা		কাহার মারফত বিলি করা হইয়াছে
১	২		৩
৪। মেদিনীপুর ...	খড়্গপুর ১নং ব্লক ...	২৫০	বিধানসভার সদস্যদের প্রতিনিধির সহিত খড়্গপুরের বি ডি ও মারফত।
৫। পশ্চিম দিনাজপুর ...	হিলি	১৫	বি ডি ও মারফত।
	বালুরঘাট	১৮	
	কুমারগঞ্জ	১৭	
	গঙ্গারামপুর	১৭	
	তপন	১৮	
	রায়গঞ্জ	২০	
	ইটাহার	১৮	
	হেমতাবাদ	১৪	
	কালিয়াগঞ্জ	১৭	
	কুশমন্ডি	১৪	
	বংশীহারী	১৮	
	করণদিঘী	১৭	
	গোয়ালপুখুর ১নং ...	১৭	
	গোয়ালপুখুর ২নং ...	১৭	
	ইসলামপুর	১৮	
	চোপড়া	১৭	
	মোট ...	২৭৫	
৬। কুচবিহার ...	মেখলিগঞ্জ	১০০	বি ডি ও এবং বিধানসভার সদস্যের মারফত।
	মাথাভাঙ্গা	১০০	
	তুফানগঞ্জ	১০০	
	দিনহাটা ১নং ...	২৫	
	দিনহাটা ২নং ...	২৫	
	সিতাই	১৯	
	দিনহাটা মহকুমা অফিস ...	৮১	
	মোট ...	৪৫০	

জেলার নাম	ব্লকের নাম এবং বিতরিত কম্বলের সংখ্যা		কাহার মারফত বিলি করা হইয়াছে
১	২		৩
৭। হুগলি ...	চুঁচুড়া-মগরা	১	বিধান সভার সদস্যগণের সুপারিশক্রমে, ত্রাণ কমিটি অঞ্চল পঞ্চায়েৎ অথবা বি ডি ও মারফত।
	পোলবা-দাদপুর ...	২	
	পাণ্ডুয়া	১	
	বলাগড়	১	
	ধনিয়াখালি	২	
	আরামবাগ	৩	
	পুরসুরা	১	
	গোঘাট	২	
	খানাকুল ১নং ...	১	
	খানাকুল ২নং ...	১	
	শ্রীরামপুর-উত্তরপাড়া ...	১	
	চণ্ডীতলা	১	
	জঙ্গীপাড়া	৩	
	চন্দননগর মহকুমা ...	৫	
	মোট ...	২৫	
৮। বাঁকুড়া ...	বাঁকুড়া ১নং	২০	বি ডি ও মারফত।
	বাঁকুড়া ২নং	২৫	
	ওন্দা	২৫	
	শালতোড়া ...	২০	
	মেজিয়া	২০	
	বড়জোড়া	২০	
	ইন্দপুর	২০	
	খাতড়া	২০	
	রাইপুর	২০	
	মোট ...	১৯০	

জেলার নাম	ব্লকের নাম এবং বিতরিত কম্বলের সংখ্যা		কাহার মারফত বিলি করা হইয়াছে
১	২		৩
৯। বীরভূম ...	সিউড়ি ১নং ব্লক ...	১০৫	জেলা কর্তৃপক্ষ মারফত।
	সিউড়ি ২নং ব্লক ...	৭৪	
	মহম্মদবাজার ...	২০	
	রাজনগর	৩০	
	খয়রাসোল	৩৫	
	ইলামবাজার	১৮	
	দুবরাজপুর	২৩	
	বোলপুর	৩৮	
	নানুর	২২	
	লাভপুর	২৬	
	সাঁইথিয়া	৫৫	
	রামপুরহাট ১নং ব্লক ...	২১	
	রামপুরহাট ২নং ব্লক ...	২১	
	ময়ূরেশ্বর ১নং ব্লক ...	২১	
	ময়ূরেশ্বর ২নং ব্লক ...	২১	
	নলহাটি ১নং ব্লক ...	৩৯	
	নলহাটি ২নং ব্লক ...	২১	
	মুরারই ১নং ব্লক ...	৩১	
	মুরারই ২নং ব্লক ...	২৩	
	মহকুমা অফিস সদর ...	২৩	
	জেলা সমাহর্তা ...	১৬০	
	মোট ...	৮২৭	

Calling Attention to matters of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-charge of the Health Department will please make a statement on the subject of scarcity of drinking water in Calcutta and other places in West Bengal—attention called by Shri Kashinath Misra. Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Chandra Das and Shri Abdul Bari Biswas on the 18th April, 1973.

Shri Ajit Kumar Panja: Sir, in recent years drought has become more or less a permanent feature of West Bengal. Of all the natural calamities, this is one that cannot be prevented by weapons of scientific and technical knowledge at our disposal. West Bengal is a river-irrigated State and heavy showers keep her cool, smooth and green. Rain is, therefore, the life of the State.

So, if the blessings of rain fail to pour on, rivers, lakes, ponds masonry and ringwells go dry, underground reserves of water also fall short due to non-recharge, symptom of drought starts showing. If this state of affairs continue, drought problem becomes acute and immediate measures to alleviate the situation become necessary.

Proper water supply during such drought period is somewhat difficult for various obvious reasons.

Most of the areas particularly rural areas are still uncovered by piped water supply system. West Bengal can be divided in three distinct zones from public water supply point of view, viz.,

(1) Alluvium Zone.—Comprising most of plane areas.

(2) Rocky Zone.—In West part of the State—Purulia, Bankura, part of Birbhum, Midnapore, Burdwan and about entire Siliguri subdivision.

(3) Hilly Zone.—Of Darjeeling district.

Different zone has its individual characteristics and requires adoption of different system for water supply.

Alluvium zone depends primarily on ponds, tanks, lakes, streams, etc. for uses other than drinking purpose. Normally, drinking water problem is not very acute there. In dry years most of these tanks and other surface sources dry up compelling people to depend solely on the tubewells for all purposes.

As the number of tubewells are just sufficient to meet the demand for drinking purpose only, sinking of additional tubewells become indispensable to tide over the crisis on emergency basis. But this is not a permanent solution. Piped water supply is to be resorted to for long term solution.

[1-40—1-50 p.m.]

In some part of rocky areas tubewells may be sunk by hard rock drilling rigs, which are not available at present. Sporadic installation of spot tubewells by this method is very costly and difficult too. In previous years during drought, water supply was maintained to remote villages by water tankers. This year also, the same system will have to be followed, and repeated in years to come, until and unless we solve the problem by piped water supply system.

In hilly areas, water supply is very difficult and very costly. Water is carried from distant perennial springs, by pipe line. Main trouble is the availability of suitable source and its dependability. Sources, yielding sufficient water for consecutive years also have been found to go dry after few years, necessitating finding out other sources even at a remote place.

In Calcutta, Sir, water supply is maintained by Calcutta Corporation. Various attempts are being made to increase the present supply which is in no way insignificant. In different parts of Calcutta water supply has been ensured by installing large diameter tubewells and pumping into mains.

Water level in Calcutta is gradually sinking and indiscriminate sinking of tubewells would, perhaps, further deteriorate the situation. Despite all such apprehensions Government sunk about 700 tubewells in Calcutta Corporation area during the last two drought spells to alleviate the acute shortage of water.

The main incoming Corporation switch-gear was observed to be slightly heated. As part of preventive maintenance it was proposed to check the switch on 18th April, 1973 between 6 p.m. to 8 p.m. Unfortunately, all the telephone line between Tallah Pumping Station and Palta Pumping Station was out of order from 17th April, 1973 afternoon due to fault in the P. & T. Department overhead telephone line at Barrackpore. The programme of 18th April, 1973 was suspended due to lack of communication facility between Tallah and Palta. Revised programme is being drawn up to undertake the routine maintenance work next week. Normal supply of filtered water (110/115 million gallon per day) is being maintained throughout from Tallah Pumping Station.

Corporation took up programme of sinking 400 small diameter tubewells in different parts of the city and for which necessary funds were provided.

Every attempts were made to procure materials well before the onset of summer. But due to scarcity of G.I. pipes in the market no pipes could be procured by the Corporation.

Public Health Engineering Department of the State Government was also approached for such pipes but no pipes could be supplied by the said department, as they were meant for supply to the rural areas.

Attempts are still being made by the Corporation Authorities for procurement of materials in question. Work of sinking 400 tubewells will be completed within two months on phased programme as soon as materials are made available. Sir, in the districts there are 91 Municipalities including two Corporations, in West Bengal Piped Water Supply Schemes are either in operation or under execution in 1970 has been taken up. Augmentation schemes also have either been taken up or being prepared for municipalities having existing but insufficient water supply.

In rural areas, we have Rural Water Supply Schemes, which appear quite sufficient in normal times. But in exceptional situations like flood, drought, etc. additional tubewells/wells are sunk to meet the exegencies. During the last drought of 1972 more than 18,000 spot tubewells or wells were sunk, in record time. Total number of such water sources in rural areas is about one lakh.

Hilly municipalities like Darjeeling, Kurseong and Kalimpong, have piped water supply. Augmentation Schemes are in process of implementation.

Hitherto scanty action was taken for rural hilly areas. At present about 110 piped water supply schemes are in operation. Of late six new schemes have been taken up last year and are nearing completion.

Sir, the Government are quite aware of the situation and extending all out effort to meet the challenge. In the current year the Government have just sanctioned a programme of 31 sources tubewells/wells per block for 327 blocks leaving aside 8 blocks of hilly areas of Darjeeling where tubewells/wells are not feasible. Under this programme a total number of 10,137 sources will be provided at an estimated cost of Rs. 1 crore 97 lakhs. The District Officers will be in charge of operations and the scheme will be at a war footing in view of the prevailing water scarcity.

Water scarcity is prevailing in most part of the State. Main source of water supply provided by Government is tubewell. But where tubewell cannot be sunk masonary wells or ring wells are provided. In the districts of Purulia, Bankura (except portion of Bishnupur subdivision) and in Asansol subdivision tubewells cannot be sunk. In such areas masonary wells and ring wells will be constructed. In Jalangi constituency as well as in other parts of Murshidabad district tubewells will be provided.

In the current year the progress of water sources for these areas are as below:—

District	Sources
Purulia	620
Bankura (including Bishnupur)	682
Murshidabad (of these 31 sources are for Jalangi Block)	806
Asansol and Durgapur subdivisions	372

Last year's achievement in the said areas has been as follows:

District	Sources
Purulia	201
Bankura	597
Murshidabad	2,151 (Jalangi 114)
Asansol and Durgapur subdivision ...	458

Mr. Speaker: I have received four notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Breakdown of the sanitation system and other municipal services in Uttarpara-Kotrung Municipal area—from Shri Gobinda Chatterjee

(2) Acute scarcity of drinking water at Asansol subdivision, Purulia district and Bankura Sadar subdivision—from Shri Sukumar Bandyopadhyay and Shri Sarat Chandra Das;

(3) Cease work by 900 workers of oil mills in Bankura from 11th April, 1973—from Dr. Ramendranath Dutt, Shri Sarat Chandra Das and Shri Sukumar Bandyopadhyay; and

(4) Cancellation of licence of the cinema hall near Santimoyee Multipurpose Girls' School at Purulia—from Shri Sarat Chandra Das and Shri Sukumar Bandyopadhyay.

I have selected the notice of Dr. Ramendra Nath Dutt, Shri Sarat Chandra Das and Shri Sukumar Bandyopadhyay on the subject of cease work by 900 workers of oil mills in Bankura from 11th April, 1973.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

[1-50—2-00 p.m.]

Shri Gyan Singh Sohanpal: On the 25th, Sir.

Mention Cases

শ্রীগোবিন্দ চ্যাটার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রিসভার দৃষ্টি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকৃষ্ট করছি। স্যার, প্রায় এক সপ্তাহ হল উত্তরপাড়া-কোতরং পৌর সভার কনজারভেন্সী ওয়ার্কারদের এক অংশ ধর্মঘট করে আছেন। এর ফলে শহরের স্বাস্থ্য ব্যবস্থা সম্পূর্ণ বিপর্যস্ত হয়ে গিয়েছে। রাস্তায় ময়লার পাহাড় জমে গিয়েছে, খাটা পায়খানা পরিষ্কার হচ্ছে না। প্রাসঙ্গিক ভাবে বলতে চাই যে, উত্তরপাড়া-কোতরং মিউনিসিপ্যাল এরিয়াতে এখনও পর্যন্ত এই আধুনিক যুগে কেন্দ্রীয় পরিকল্পনা সত্ত্বেও আড়াই হাজারের উপর খাটা পায়খানা রয়েছে। শহরে কলেরা দেখা দিয়েছে এবং বসন্ত রোগ এত বেশী বেড়ে গিয়েছে যে, অনেক মানুষ এতে মারা যাচ্ছেন। তা ছাড়া স্যার, কলেরা রোগীদের আর উত্তরপাড়া হাসপাতালে গ্রহণ করার মত স্থান সঙ্কুলান হচ্ছে না, এই হচ্ছে অবস্থা। এর একটা ভূমিকা আছে। বছর খানেক আগে যখন প্রাক্তন অ্যাডমিনিস্ট্রেটার ছিলেন, তখন তিনি একটা ইউনিয়নের সঙ্গে চুক্তি করে যান এইভাবে যে, ইউনিয়ানের রেকমেণ্ডেসান—অনুমোদন এবং তাদের সঙ্গে পরামর্শ করে লোক নিয়োগ করা হবে—৫-৬ জন লোককে নিয়োগ করা হবে। বর্তমানে যিনি নতুন অ্যাডমিনিস্ট্রেটার এসেছেন তিনি সেটা মানছেন না। এখন এর মধ্যে কার পক্ষে যুক্তি কি আছে না আছে সেটা সরকারেরই বিচার্য বিষয়। তবে সাধারণভাবে এটা আমরা জানি যে, মিউনিসিপ্যালিটিগুলিকে অতিরিক্ত লোক নিয়োগের জন্য সরকার অনুদান দেন না—সাবভেনসান গ্র্যান্ট দেন না। সেই ১৯৭০ সালের স্ট্রেংথের উপর যা দেওয়া হয়েছিল তারপর একজন লোক নিয়োগ করলেও কোন অনুদান দেওয়া হয় না। এই ক্ষেত্রে ৫-৬ জন লোক যদি নিয়োগ করা হয়—নিয়োগের প্রয়োজনীয়তা থাকতেও পারে, নাও পারে, কিন্তু যদি নিয়োগ করা হয়, তার জন্য সরকার কি অনুদান দেবেন? অথচ সরকারের নিযুক্ত অ্যাডমিনিস্ট্রেটার লেবার ডিপার্টমেন্টের কয়েকজন অফিসার মারফত তাদের সঙ্গে বন্দোবস্ত করে এইরকম ধরনের একটা চুক্তি করে গিয়েছেন। সবচেয়ে দুঃখের ব্যাপার হল, এই যে, যে ইউনিয়নের পরিচালনাধীনে এই ধর্মঘট চলছে সেটা আমাদের বন্ধু পার্টি কংগ্রেসেরই এক অংশের দ্বারা পরিচালিত। আবার দেখা যাচ্ছে যুব কংগ্রেসের সভাপতি এর বিরুদ্ধে বক্তৃতা দিয়ে মানুষকে আহ্বান জানিয়েছেন ধর্মঘটের বিরুদ্ধে অংশগ্রহণ করবার জন্য। অথচ স্যার, শাসক দলের আর একটা অংশ ধর্মঘট চালিয়ে যাচ্ছেন, আর শহরের মানুষ ত্রাহি ত্রাহি ডাক ছাড়ছেন। স্যার, যদি ধর্মঘটের যৌক্তিকতা থাকে, তা হলে অবিলম্বে তাদের দাবি মেনে নেওয়া উচিত। আর যদি তা না থাকে বা সরকার যদি মনে করেন আপাতদৃষ্টিতে এমন কোন কেস নেই যাতে ইমিডিয়েটলি আরজেন্ট কেস হিসাবে এই নিয়ে ধর্মঘট চলতে পারে, তা হলে কেসটা ট্রাইবুন্যালে রেফার করা যেতে পারে বা অন্য ব্যবস্থা করা যেতে পারে। স্যার, আমার কেন্দ্রের ঐ এলাকায় প্রায় এক লক্ষ লোকের বাস। কাজেই স্যার, জনস্বার্থের খাতিরে মন্ত্রিসভার দৃষ্টি এই দিকে আকৃষ্ট করতে বাধ্য হচ্ছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় স্পীকার মহাশয়, একজন আই এ এস অফিসার যিনি হচ্ছেন পুরুলিয়ার ডেপুটি কমিশনার সেই ভদ্রলোকের জেদের ফলে পুরুলিয়া জেলা এবং পুরুলিয়া শহরের সবচেয়ে ঐতিহ্যমণ্ডিত এবং পুরাতন উচ্চ সর্বার্থসাধক হায়ার সেকেন্ডারী স্কুল উঠে যেতে বসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই শান্তময়ী উচ্চতর বালিকা বিদ্যালয়ে ছাত্রীর সংখ্যা প্রায় এক হাজার। স্যার, যে বিদ্যালয়ের সংলগ্ন হোস্টেলে ৭০ জন শিক্ষিকা এবং ছাত্রী থাকেন তার ৭০ ফুটের মধ্যে একটি সিনেমা হলের লাইসেন্স মঞ্জুর করা হয়েছে। স্যার, এই সিনেমা হলের লাইসেন্স না দেবার জন্য ঐ স্কুলের প্রধান শিক্ষিকা ও স্কুল কর্তৃপক্ষ নভেম্বর মাস থেকে চেষ্টা করে আসছিলেন, কিন্তু সকলের দাবিকে অগ্রাহ্য করে গত ১২ই মার্চ, ১৯৭৩ তারিখে পুরুলিযার ডেপুটি কমিশনার ঐ লাইসেন্স মঞ্জুর করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রস্তাবিত যে সিনেমা হল সেই সিনেমা হলের একশো ফুটের মধ্যে একটি দেবস্থান ও একটি প্রাইমারী স্কুল রয়েছে। কিন্তু দুঃখের বিষয় যে, ডেপুটি কমিশনারকে বার বার বলা সত্ত্বেও এই বিষয়ে তিনি কর্ণপাত করেন নি। উপরন্তু তিনি বলেছেন যে, পশ্চিমবঙ্গ সরকারের টাকার বড়ই অভাব। দরকার হলে আমি স্কুলের পাশে মদের দোকানের লাইসেন্স দেবো, গাঁজার দোকানের লাইসেন্স

দেবো, কিন্তু আপনাদের কোন কথা আমি শুনতে রাজী নই। এই লাইসেন্স আমি দিচ্ছি এব দেবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ স্কুল আর চালান সম্ভব নয়, এক হাজার ছাত্রী যেখানে পড়ছে সেই স্কুল উঠে যেতে বসেছে, সিনেমা হলের জন্য লাইসেন্স মঞ্জুর করা হয়েছে এবং বোধ হয় কিছুদিনের মধ্যে সিনেমা হলের কাজ শুরু হয়ে যাবে। স্কুলের কর্তৃপক্ষ বর্ধমান বিভাগীয় কমিশনারের কাছে দরখাস্ত করেছেন। সম্প্রতি শিক্ষামন্ত্রী এবং বনমন্ত্রী তারা পুরুলিয়া গিয়েছিলেন। সেখানকার ছাত্রীরা, অভিভাবকরা এবং স্কুলের সম্পাদক সকলে করুণভাবে আবেদন জানিয়েছে যাতে ঐ সিনেমা হলের লাইসেন্স বাতিল করা হয়। শিক্ষামন্ত্রী ডাইনে এবং বামে মস্তক আন্দোলিত করেছেন, তাঁর এই মস্তক আন্দোলিত করা সেটা হ্যাঁ কি না তা পুরুলিয়া জেলার মানুষ বুঝতে পারে নি। তাই আপনার মাধ্যমে এই অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সিনেমা হল হলে সেখানে চোর-ডাকাতের আড্ডা হবে, ছাত্রীরা রাস্তায় চলাফেরা করতে পারবে না, হোস্টেলে শিক্ষয়িত্রীদের থাকা বন্ধ হবে, মেয়েরা সেখানে থাকতে পারবে না। অথচ আজকে ঐ উদ্ধত অফিসার ডেপুটি কমিশনার, তিনি বলেছেন সরকারী রেভিনিউয়ের স্বার্থে সরকারী অর্থের স্বার্থে আজকে সেখানে নাকি সিনেমা হলের লাইসেন্স মঞ্জুর করা হয়েছে। সমগ্র পুরুলিয়া জেলার মানুষ আজকে বিক্ষুব্ধ, সমস্ত পুরুলিয়া জেলার মানুষ আজকে ধিক্কার জানাচ্ছে এই লাইসেন্স মঞ্জুর করার জন্য। তারা আজকে জানতে চাচ্ছে যে, পশ্চিমবঙ্গ সরকারের এত অর্থের অভাব হল যে, একটা প্রাচীন ঐতিহ্যমণ্ডিত বিদ্যালয়, যে বিদ্যালয় বহুদিন ধরে রয়েছে, যেখানে বহুদিন ধরে স্ত্রীশিক্ষা চলছে, সেই স্ত্রীশিক্ষার পিঠস্থান যে বিদ্যালয় তার পাশে সিনেমা হলের জন্য লাইসেন্স দিতে হল? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই দাবি জানাচ্ছি, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এখানে নেই, কিন্তু এই দাবি জানাচ্ছি শান্তময়ী উচ্চতর সর্বার্থসাধক যে বালিকা বিদ্যালয় সেই বিদ্যালয়ের ৭০ ফুটের মধ্যে সিনেমা হল খোলার যে লাইসেন্স দেওয়া হয়েছে সেই লাইসেন্স অবিলম্বে বাতিল করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ পুরুলিয়া জেলার মানুষ, এক হাজার ছাত্রী এবং শিক্ষয়িত্রী তা না হলে আন্দোলনে অংশগ্রহণ করতে বাধ্য হবে। তাই আমি আপনার মাধ্যমে এদিকে দৃষ্টি আকর্ষণ করছি এবং এর প্রতিকার দাবি করছি।

শ্রীশরৎচন্দ্র দাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ব্যাপারটা এখানে মেনশান করা হল আমি এটাকে সাপোর্ট করছি এবং এর সঙ্গে ২-৪টি কথা শান্তময়ী বালিকা বিদ্যালয় সম্বন্ধে বলতে চাই।

মিঃ স্পীকারঃ মিঃ দাস, দেন ইউ আর সাপোর্টিং মিঃ বন্দ্যোপাধ্যায়।

শ্রীশরৎচন্দ্র দাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সমর্থন করছি এবং এর সঙ্গে ২-৪টি কথা আরো বলতে চাই। ব্যাপারটা হচ্ছে ঐ বালিকা বিদ্যালয়টা অত্যন্ত ঐতিহ্যময়। যখন পুরুলিয়া জেলায় কোন শিক্ষা প্রতিষ্ঠান ছিল না বালিকাদের, তখন সেই সময়ে স্বর্গীয় হরিপদ রায় মহাশয়ের দানে এই বিদ্যালয়টি স্থাপিত হয় এবং সেখানে একটা সিনেমার লাইসেন্স দেওয়া হয়েছে এবং যাতে সমস্ত পুরুলিয়া জেলার মানুষ আজকে বিক্ষুব্ধ। এই বিক্ষুব্ধ হওয়ার কারণ যথেষ্ট আছে। এটা এমন একটা লোককে দেওয়া হয়েছে যার মায়ের নামে একটা সিনেমা লাইসেন্স আছে এবং সে নিজে এবং তার মামার নামে আর একটি লাইসেন্স আছে পুরুলিয়া শহরে এবং সম্প্রতি সে রয়েল ফ্লোর মিলের একটা লাইসেন্স নিয়েছে এবং সেই লোকটিকে আবার একটি সিনেমার লাইসেন্স দেওয়া হয়েছে। এই যে একচেটিয়া পুঁজিবাদের বিরুদ্ধে আমরা কি ভাবে যাবো একটা মায়ের নাম আছে একটা তার মামার নামে, আর একটি তার নিজের নামে আবার একটা রয়েল ফ্লোর মিলের ডাইরেক্টর্স ডিসেন্টালি পেয়েছে। তাকে লাইসেন্স দেওয়া এবং তাকে সাপোর্ট করার কি যুক্তি আছে, এর মধ্যে কি রহস্য আছে সেটা আমরা জানতে চাই। কিন্ত আমি মন্ত্রিমহাশয়কে জানিয়ে দিতে চাই যে, পুরুলিয়া শহরের মধ্যে এটা একটা গর্বের বস্তু এই শান্তময়ী বালিকা বিদ্যালয়। এটাকে কলুষিত করার জন্য এখানে এখন উপদ্রব শুরু করবার জন্য যে চক্রান্ত চলছে যদি এটা ইতিমধ্যে বন্ধ করা না হয় এবং এই লাইসেন্স বাতিল না করা হয়, তা হলে এটা আমাদের সরকারের পক্ষে একটা কলঙ্কের কথা হবে। তাই এর প্রতিকার করার জন্য অনুরোধ করছি।

শ্রীসনুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রধান শিক্ষিকার আবেদনপত্র এখানে রয়েছে সেটা আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দিতে চাই।

[2-00—2-10 p.m.]

শ্রীরজনীকান্ত দলুই: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আচার্য প্রফুল্লচন্দ্র রোডস্থিত শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠের দুরবস্থার কথা আপনার মাধ্যমে তুলে ধরতে চাই। ইংরাজী ১৯৭১ সালের ১লা মার্চ থেকে রাজ্যসরকার কলকাতার শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠের পরিচালনার ভার গ্রহণ করা সত্ত্বেও এখানকার কোন কর্মীর ক্ষেত্রে সরকারী বেতনহার চালু করা হয় নি। কর্মচারীরা যে নামমাত্র বেতন পাচ্ছেন তাতে বর্তমান সময়ে সংসার চালানো তো দূরের কথা, একজনের পক্ষে বাঁচাও কষ্টকর। সরকারী পরিচালনায় আসার আগে অধিকাংশ কর্মী দুইবেলা পেট ভরে খাওয়া টিফিন পেতেন। কিন্তু সরকারী পরিচালনায় তা বন্ধ করে দিয়ে মাথাপিছু মাত্র ১৫ টাকা থেকে ২৫ টাকা মাত্র ভাতা দেওয়া হচ্ছে। এখানকার কলেজ সুপারিনটেন্ডেন্ট, অ্যাসিস্ট্যান্ট প্যাথলজিস্ট ও কেয়ারটেকার এখনও পর্যন্ত সম্পূর্ণ বিনা বেতনে কাজ করছেন। সরকারের কাছে অনেক আবেদন-নিবেদন করেও এই পর্যন্ত কোন সুরাহা হয় নি। বিনা বেতনে কাজ করার নজীর বোধ হয় আর কোথাও নেই। গত ১৯৭২ সালের ডিসেম্বর থেকে অন্তর্বর্তীকালীন সাহায্য হিসাবে মাথাপিছু মাসিক ৫০ টাকা করে দেওয়া হয়েছে, কিন্তু তা থেকে কয়েকজন বঞ্চিত। এই অন্তর্বর্তীকালীন সাহায্য ধরেও মেডিক্যাল স্টাফ সহ গড় বেতন পড়ছে ১১৪ টাকা মত। এই টাকায় কর্মীদের সংসার পরিচালনা করা কত কষ্টকর তা সহজেই অনুমান করা যায়। অধিকাংশ কর্মী ঋণগ্রস্ত এবং রোগগ্রস্ত হয়ে পড়েছে। অনেকের অনাহারে ও অর্ধাহারে দিন কাটাতে হয়। অধিকাংশ কর্মীকে ১২ ঘণ্টা থেকে ২৪ ঘণ্টা কাজ করতে হয়। সাপ্তাহিক কোন ছুটিরও ব্যবস্থা এই পর্যন্ত হয় নি। ১৯৭২ সালের সেপ্টেম্বর মাসে শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠের স্টাফ সেট আপের অর্ডার এসে পড়ে আছে। কিন্তু তা এখন পর্যন্ত কার্যকর করা হয় নি। এটা কার্যকর হলে এখানকার বর্তমান কর্মচারী ছাড়াও ৭৩ জন লোকের কর্মসংস্থান হত। প্রয়োজনের তুলনায় কম লোক থাকায় হাসপাতালের কাজও খুব অসুবিধার মধ্যে চলছে। হাসপাতালের বাড়ি সংস্কারের কাজও শম্বুক গতিতে চলছে। নার্স এবং অন্যান্য কর্মচারীদের থাকার উপযুক্ত ঘর নেই। যা আছে তাও সামান্য বৃষ্টিতে ভিজে যায়। ওয়ার্ডের অবস্থাও তাই। আগামী বর্ষার আগে বাড়ি সংস্কারের কাজ সম্পূর্ণ না হলে রোগী ও স্টাফদের দুর্ভোগের শেষ থাকবে না। এই দুরবস্থার সত্বর সুরাহার জন্য কর্মীরা ১৯এ মার্চ থেকে অনশন সত্যাগ্রহ শুরু করেছিলেন ৪৮ ঘণ্টার জন্য, কিন্তু কোন ফল হয় নি। হাসপাতালের কাজকর্ম সুষ্ঠুভাবে চলার জন্য বর্তমান কর্মীদের সত্বর বেতন হার চালু করার পর শূন্যপদে লোক নিয়োগের দরকার। মেডিক্যাল স্টাফ ছাড়া ৭৫ শয্যার এই হাসপাতালের জন্য সেখানে ৮১ জন লোক প্রয়োজন বলে সরকারী সেট আপের অর্ডারে উল্লেখ আছে, সেখানে বর্তমানে কর্মী আছে ৩৮ জন। কাজেই এখানে পরিষ্কারভাবে বোঝা যায় যে, প্রত্যেককে দ্বিগুণের বেশী কাজ করতে হচ্ছে। এই সমস্ত সমস্যার সমাধান কালবিলম্ব না করে এখনই করা দরকার। কলেজের সেট আপও সত্বর করার প্রয়োজন। তা হলে আরও কিছু লোকের কর্মসংস্থান হবে।

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আইন সভার সদস্যরা সরকারের কাছে দৃষ্টি আকর্ষণ করেছেন এবং আমিও সেই দৃষ্টি আকর্ষণ করছি যে, গ্রামাঞ্চলে একটা ভয়ানক কষ্ট চলছে। এই খরা চলার ফলে কাজকর্ম নেই লোকের এবং খাদ্যের দাম বেড়ে গেছে, যার ফলে চুরি, ডাকাতি, রাহাজানি সাংঘাতিক আকার ধারণ করেছে। জলকষ্ট সম্বন্ধে মন্ত্রিমহাশয় নিজেই বলেছেন। আমি সেই কথা বলছি যে, আমি আমার মেদিনীপুর জেলার ব্লক ডেভলপমেন্ট কমিটির মিটিং-এ গিয়েছিলাম গত পরশু। আমি ছাড়া সমস্ত সদস্যই কংগ্রেসী। তাঁরা সকলে এক বাক্যে প্রস্তাব পাশ করেছিলেন যে অসহ্য অবস্থা হয়েছে। যদিও এখনই গভর্নমেন্ট কোন ব্যবস্থা না করেন এবং যারা নিঃস্ব, দুঃস্থ, তাদের রিলিফের ব্যবস্থা না করেন, সস্তায় খাদ্যের দোকানের ব্যবস্থা না করেন, তা হলে অবস্থা খুবই শোচনীয় হয়ে দাঁড়াবে। আমি জানি এই অবস্থা শুধু

আমার কনস্টিটিউয়েন্সীতেই নয়, সমগ্র পশ্চিমবাংলায় একটা অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হয়েছে—মালদহ, দিনাজপুর থেকে আরম্ভ করে পুরুলিয়া পর্যন্ত এই ঘটনা চলছে। আমি কথাটা বলছি এই জন্য আমার কনস্টিটিউয়েন্সীতে ক্লাস প্রোগ্রাম এখন আর একটাও নেই। টেস্ট রিলিফ একটাও নেই। সমস্ত ক্ষেত মজুর এবং গরিব মানুষ যাদের রোজগার আজকে বন্ধ। বাজারে চালের দাম কত সেটা আপনি তো জানেন এবং গম তো দুষ্প্রাপ্য। সেখানে একটা মাত্র রাস্তা দেওয়া হয়েছে গভর্নমেন্ট ডিপার্টমেন্টের, পাবলিক ওয়ার্কস রোড, সেখানে কনট্রাকটাররা মাটি কাটাচ্ছে ১ টাকা ৫০ পয়সা দিয়ে। ১০০ ফুট পাথর কাটাচ্ছে লেটারেট আট টাকা দিয়ে, ঐ একই অবস্থা মাথাপিছু ১ টাকা ৫০ পয়সাই পড়ে, কারণ দু-তিন জনে সেটা কাটছে এইরকম নির্লজ্জ শোষণ সেখানে চলছে, তার কারণ সেখানে সাংঘাতিক বেকারী এবং গভর্নমেন্টের কোন কাজ নেই বলে। আমি মাননীয় ত্রাণমন্ত্রীর সঙ্গে এই বিষয়ে দুবার আলোচনা করেছি, তিনি বলেছেন কেন্দ্রীয় সরকার ক্লাস প্রোগ্রামের সমস্ত খরচ দেবেন, সুতরাং ক্লাস প্রোগ্রাম যত খুসী করুন এবং সেটা কভার্ড হলে টেস্ট রিলিফের কাজ হবে। পার্লামেন্টারী মন্ত্রী শ্রীজ্ঞানসিং সোহনপাল মহাশয়ের সভাপতিত্বে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিতে এটা আমি তুলেছিলাম, সেখানে ডিস্ট্রিক্টের সমস্ত এম এল এ-রা ছিলেন। সেখানে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বলেছিলেন যে, ক্লাস প্রোগ্রাম নেবার এই বছর কোন নির্দেশ নেই। তা হলে ক্লাস প্রোগ্রামের আর কোন নির্দেশ নেই, অথচ মন্ত্রী আমাদের বলছেন, যত খুসী নিন, আর অথরিটি বলছেন, কোন নির্দেশ নাই। টেস্ট রিলিফের কোন নির্দেশ নাই। কোন কাজ নেই এই অবস্থায় চুরি, ডাকাতি, রাহাজানি সাংঘাতিক হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি নিজে ডাকাতদের হাতে পড়ে গিয়েছিলাম। গত ২০ তারিখে রাত্রিবেলা পাঁশকুড়া স্টেশনের ট্রেন মিস করায় মেদিনীপুর একটা ট্যাক্সি করে যাচ্ছিলাম। তখন রাত্রি সোয়া ১০টা, সেই সময় বড় রাস্তা বোম্বে রোড, সেই বম্বে রোড থেকে মেদিনীপুর যাবার ক্যানেল ধরে যে রাস্তা সেই রাস্তায় বোল্ডার পড়ে আছে, আমি বেশ কিছুদিন ঐ রাস্তায় যাই নি উইদিন এ ফিউ সেকেন্ড ডাকাতরা রাস্তার ধারে লুকিয়ে ছিল, এসে বড় বড় পাথর ছুড়তে লাগল গাড়ির উপর, ধারে জঙ্গল, ঝোপ, আমি ড্রাইভারকে বললাম, ওর উপর দিয়েই চালিয়ে দাও, নীচে পড়ি পড়ব এবং লাকিলি ঐ পাশ দিয়েই চলে যাই। তারপর সাড়ে ১০টার সময় এস পি-কে ফোন করলাম, তিনি বললেন, এইরকম ব্যাপার, আপনি ডাকাতদের হাতে পড়েছিলেন। আমি বললাম, হ্যাঁ, আপনি পুলিসকে খবর দিন, তিনি বললেন, এক্ষুনি লোকাল থানাকে বলছি। ঐ স্পটে উইদিন ফরটি মিনিটস আরো দুটি গাড়িকে ডাকাতরা ধরেছিল এবং একটি গাড়ি ভেঙ্গে চুরমার করে দিয়েছে। তারা প্রাণ নিয়ে কোনরকমে পালিয়ে এসেছে, একজনের গাড়ি ভেঙ্গে চুরমার হয়ে গিয়েছে, আর একজনকে কুড়ুল দিয়ে মেরেছে, দুটো গাড়িকেই অ্যাটাক করেছিল। আমি শুনলাম, কিছুদিন আগে ঐখানে আর একজন ভদ্রলোককে, ট্যাক্সি করে আসছিলেন, তাঁকে জখম করে লুঠ করে নিয়েছে, তিনি থানায় ডাইরী করেছিলেন এবং তিনি মোটামুটি চিনতেও পেরেছিলেন ওদের কয়েকজনকে। কিন্তু কোন অ্যাকশান হয় নি, এটা খড়্গপুর থানার মধ্যে যদিও তবুও মেদিনীপুরের গায়ে। আমার কন স্টিটিউয়েন্সিতে গত দেড় মাসের মধ্যে কত ডাকাতি হয়েছে, সে সম্বন্ধে অঞ্চল প্রধানরা একটা লিস্ট দিয়েছেন, এইরকম চুরি-ডাকাতি সাংঘাতিক ব্যাপারের। তারপর এখানে স্বাস্থ্যমন্ত্রীর একটা ব্যাপার আছে, একটু শুনবেন অজিত পাঁজা মহাশয়, গত ১৬ই মার্চ ১৯৭৩ তারিখে শিশুয়ার জঙ্গলে সাইকেল ছিনতাই করতে গিয়ে মরল একজন লোক, তার নাম রতিকান্ত মাহাত, তাকে হাসপাতালে ভর্তি করা হয় না, তাকে এ টি এস পয ন্ত দেওয়া হল না, পরের দিন সকলে মিলে হাসপাতালে ভর্তি করল এবং তারপ রের দিন মারা গেল। হি ডাইড অন ২০ মার্চ, ১৯৭৩। এই অঞ্চলে পর পর খয়েড়চকে কৃষ্ণলাল দাসের বাড়ি ডাকাতি হল, তারপর সেই গ্রামে সুরেন ভৌমিকের বাড়িতে ডাকাতি হল। গত ২১ তারিখে নন্দ মাঝির বাড়িতে ডাকাতি হল, ৭ জন গুরুতর-রূপে আহত হল। এই যে চুরি ডাকাতি সাংঘাতিক বেড়েছে, তাতে চোর-ডাকাত আছে, কিন্তু অন্য একটা কারণও আছে। সেটা হচ্ছে কাজকর্ম নেই, বেকার। যে সৌভাগ্যে গ্রামে কাজ পাচ্ছে, সেখানে তার মজুরি তাকে সাংঘাতিক ডিপ্রেসড করছে। কিন্তু সেখানে খাদ্য দেওয়ার ব্যবস্থা নেই, এইরকম অবস্থার আমি আমার কনস্টিটিউয়েন্সীর উদাহরণ দিলাম। শুধু আমার কনস্টিটিউয়েন্সীর কথা বলছি না, সারা পশ্চিমবাংলায় এই অবস্থা চলছে, তাই আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলা সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং পার্লামেন্টারি মিনিস্টারের মারফত

বিশেষ করে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, ক্লাস প্রোগ্রামের কি হল, টেস্ট রিলিফের কি হল এবং কত লোকের রিলিফের ব্যবস্থা হল? তারপর আমি পুলিস মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই ধরনের চুরি, ডাকাতি, রাহাজানি পুলিসের সহযোগিতা ছাড়া তাদের চোখের পাস থেকে হতে পারে কিনা এই বিষয়ে আপনি চিন্তা করে দেখুন।

শ্রীগণেশচন্দ্র হাটুই: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় কুটিরশিল্প মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সরকার সুতার নিয়ন্ত্রণ করে তাঁতীদের সর্বনাশ করেছেন। আজ হাজার হাজার তাঁতী সুতার অভাবে বেকার হয়ে আন্দোলন করে যাচ্ছে সুতার জন্য। তাঁতীরা হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছে এবং গত ১৬ই এপ্রিল, ১৯৭৩ তারিখে আমার অঞ্চলের বিক্ষুব্ধ তাঁতীরা, খেটে খাওয়া তাঁতীরা কয়েক ঘণ্টা আমাকে আটকে রেখে তাদের

[2-10—2-20 p.m.]

দুঃখের কথা বলেন, তাদের খেতে না পাওয়ার কথা বলেন। তারা আরও আমাকে প্রশ্ন করে যে, বাজারে বেশী দাম দিলে রাত্রের অন্ধকারে যখন সুতো পাওয়া যায়, তখন সরকারের নিয়ন্ত্রণ মূল্যে সুতো পাওয়া যাচ্ছে না কেন? আপনি আমাদের বাঁচান। জনপ্রিয় সরকার আজ আমাদের পথের ভিখিরী করতে চলেছেন। আমি ১৭ই এপ্রিল, ১৯৭৩ তারিখে হুগলীর ডি এম-এর সঙ্গে দেখা করি এবং বলি যে, স্টেট হ্যান্ডলুমের সুতো মজুত আছে সেটা থেকে অ্যাড-হক পারমিট দিন। ডি এম-এর নির্দেশমতে ২০এ এপ্রিল, ১৯৭৩ তারিখে হ্যান্ডলুম অফিসার ১০ হাজার তাঁতীর মধ্যে ১,৩০০ তাঁতীকে আড়াই পাউন্ড হিসাবে মোট ৩ হাজার ২৫০ পাউন্ড অ্যাড-হক পারমিট দিলেন এবং বাকি তাঁতীকে আর সুতো দেওয়া সম্ভব হয় নি। সুতরাং সুতোর অভাবে হুগলী জেলায় একটা ভয়াবহ অবস্থা সৃষ্টি হয়েছে এবং তারা সব প্রায় অনশনে দিন কাটাচ্ছে। অনেকের ঘটি-বাটি বন্ধক হয়ে গেছে। সুতরাং অবিলম্বে হুগলী জেলায় প্রয়োজনমত সুতো না দিলে আমরা বিধান-সভার সামনে অনশন করব, এই সমস্যাকে দীর্ঘকালীন পরিস্থিতির মত যদি মোকাবিলা না করা হয়, তা হলে অশান্তির আগুন জ্বলবে। এই বলে আমি শেষ করছি।

শ্রীরাধারমণ সাহা: স্যার, নদীয়া জেলার তন্তুজীবী সম্প্রদায় এবং সুতো ব্যবসায়ীরা নদীয়া, মুর্শিদাবাদ এবং উত্তরবঙ্গের হ্যান্ডলুম ডেভেলপমেন্ট এবং টেক্সটাইল ইন্ডাস্ট্রির ডেপুটি ডাইরেকটর-এর অফিস ঘেরাও করেছে। নদীয়া জেলার নবদ্বীপ অঞ্চলে প্রায় ৬০।৭০ হাজার মানুষ যারা এই শিল্পের উপর নির্ভরশীল তারা অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছে, ঘরে ঘরে হাহাকার আরম্ভ হয়েছে। এসব জায়গায় চুরি, ছিনতাই, রাহাজানি আরম্ভ হয়ে গেছে। এইভাবে যদি চলতে থাকে, তা হলে আইনশৃঙ্খলা সেখানে ভেঙ্গে যাবে। একথা আমরা বার বার বলা সত্ত্বেও আজ পর্যন্ত সরকার কোন সুষ্ঠু ব্যবস্থা গ্রহণ করেন নি। সেখানে আমরা টিকতে পারছি না। তারা আমাদের ঘেরাও করছে। তাই সংশিলষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি, তিন দিনের মধ্যে যদি সরকার নবদ্বীপে মানা মাকু চালাবার ব্যবস্থা না করেন, তা হলে বিধানসভার সামনে আমরা অনশন করতে বাধ্য হব। পশ্চিমবাংলার তাঁতশিল্প যখন ধ্বংসের মুখে, তখন দেখতে পাচ্ছি এই শিল্পের দিকে দৃষ্টি না দিয়ে কোলকাতার উন্নতির জন্য সি এম ডি এ, সি এম পি ও-র মাধ্যমে নানা প্রকল্পের ব্যবস্থা করা হচ্ছে। পশ্চিমবাংলার এই শিল্প যদি চলে যায়, তা হলে রাজধানীর উন্নতি করার কোন স্বার্থকতা হবে না। এজন্য এই তাঁতশিল্পের উন্নতি আগে করা হোক।

ডাঃ জয়নাল আবেদীন: স্যার, সুতোর সংকট অত্যন্ত সঙ্গীন—এটা আমরা বার বার বলছি এবং অস্বীকার করছি না। গত শনিবার পর্যন্ত আমরা এ মাসের জন্য অ্যালটমেন্ট পেয়েছি। টেক্সটাইল কমিশনারের সঙ্গে কনট্রাক্ট করে ইউনিয়ন মিনিস্টারের সঙ্গে কনট্রাক্ট করে অ্যাড হক বরাদ্দ পাওয়া গেছে। কালকে ডি এম-দের ডেকেছিলাম এবং অনেক জায়গায় সুতোর ডিস্ট্রি-বিউসান আরম্ভ হয়ে গেছে। আমাদের আড়াই কেজি সুতো দিয়েছে। সরবরাহ না বাড়ালে আমরা এখন কিছুই বাড়াতে পারব না। আমরা দাবি করেছিলাম এভারেজ ৯·৯ পার লুম পার মান্থ দেওয়া হোক। ওরা ধরছে ৩·৯ কেজি। এটা যদি পুরো দিত, তা হলেও সমস্যার সমাধান হত। কিন্তু তা আমাদের দিচ্ছে না। ওরা মনে করছেন কনজামশন পার লুম পার মান্থ

৩·৯ কেজি। আমরা চেয়েছি ৯·৯ কেজি অ্যাভারেজ। আমরা এর ভিত্তিতে যে সূতা পেয়েছি এবং স্টেট রিসোর্স যা ছিল, ডিক্লেয়ার্ড স্টক, সিজ স্টক, সবগুলি মোবিলাইজ করে কল্যাণী মিলে সূতো দিয়ে উই হ্যাভ অলরেডি ডিসপার্সড দেম টু ডিস্ট্রিক্টস। আমরা চাচ্ছি এটা যেন নিরপেক্ষ ভাবে ফুডে যেমন একটা ডিস্ক্রিপ্যান্সির শংকা থাকে, এখানে যেন সেইরকম ডিস্ক্রিপ্যান্সি না থাকে, প্রকৃত তাঁতীরা যেন সূতা পায়। ১ থেকে ২০ কাউন্টের সূতা এটা শান্তিপুরের তাঁতীরা ইউজ করতে পারে না। পরশু দিন ডি এম বললেন যে, এটা মুর্শিদাবাদ, মেদিনীপুর জেলায় পাঠিয়ে দিচ্ছি। আমরা হায়ার কাউন্টের সূতা পাই নি, পরশুদিন রাত্রে ফোনে যে খবর পেয়েছি তাতে কোয়েম্বাটুর মিলের হায়ার কাউন্টের সূতা পাব বলে আশা করছি। লোয়ার কাউন্টের সূতা স্টেটে যে মিলগুলি আছে বিভিন্ন রকমের আর কল্যাণী মিল আছে, সেখান থেকে আমরা অনেকটা মোটা সূতার দাবি পূরণ করতে পেরেছি, তার ডিস্ট্রিবিউসান শুরু হয়ে গেছে মিহি সূতা নিয়ে যে সংকট দেখা দিয়েছে আমরা আশা করব শীঘ্রই এই সমস্যার আংশিক সমাধান করতে পারব, পুরোপুরি সমস্যার সমাধান করা যাবে না।

শ্রীরমেন্দ্রনাথ দত্তঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিম দিনাজপুর জেলাকে গ্র্যানারি অব নর্থ বেংগল বলা চলে, আজকে সেই জেলার অবস্থা আপনার মাধ্যমে এখানে একটু জানাতে চাই সেই পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জ মহকুমার বর্তমান খাদ্যের অবস্থা শোচনীয়। গত বছর থেকে এই মহকুমায় খরা চলছে। এই খরার জন্য গত বছর ধান হয় নি, সেচ দ্বারা যে গম হয়েছে তা অত্যন্ত কম, যার ফলে গৃহস্থরা গম খাওয়ার জন্য রেখে দিয়েছে, বাজারে আমদানি বিশেষ হচ্ছে না। বাজারে বর্তমানে চালের দর হচ্ছে ২·২০ পয়সা পার কেজি, গমের দাম ১·৯ পয়সা পার কেজি। চাল এবং গমের দাম দ্রুত বেড়ে যাচ্ছে, চাল এবং গমের দাম মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে গেছে। সেজন্য আমি খুব উদ্বিগ্ন। এ বছরে গোটা পশ্চিম দিনাজপুর জেলায় খরা চলছে। এই জেলায় সাব-সয়েল ওয়াটার অত্যন্ত নিচে নেমে গেছে, যার জন্য পানীয় জলের অভাব অনেক জায়গায় হয়েছে। টিউবওয়েল অথবা রিভার লিফট ইরিগেশান করিয়ে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি, তিনি যেন এই জলের অভাব দূর করেন। এই জেলা ক্ষতি হলে গোটা উত্তরবাংলা সাফার করবে, কারণ গোটা উত্তরবাংলা এই জেলার কৃষি উৎপাদনের উপর সম্পূর্ণ নির্ভর করে। সেজন্য আমি কৃষিমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, তিনি যেন বিনামূল্যে ধান এবং পাটের বীজ এবং সার সরবরাহের ব্যবস্থা করেন এবং রিভার লিফট ইরিগেশন, ডিপ টিউব ওয়েল যাতে পুরো কাজ করে তার ব্যবস্থা তিনি যেন করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হবেন অভাবের জন্য এই জেলায় চুরি-ডাকাতি-রাহাজানি বেড়ে গেছে। আমি রিলিফ মিনিস্টারকে অনুরোধ করছি, তিনি যেন টি আর এই জেলায় ভালভাবে চালু করেন, ক্যাস পোগ্রামে কাজ ব্যাপকভাবে চালু করেন। পশ্চিম দিনাজপুর জেলার দিকে নজর না দিলে চাষের অত্যন্ত ক্ষতি হবে এবং গোটা উত্তরবাংলা এর জন্য সাফার করবে। আমি সেজন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি যাতে পুরোপুরি চাষ এই জেলায় হতে পারে তার সবরকম ব্যবস্থা তিনি যেন করেন, এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-20—2-30 p.m.]

ডাঃ শৈলেন্দ্রনাথ চ্যাটার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবাংলার জেলাগুলিতে পর্যায়ক্রমে সেটেলমেন্টের কাজ শুরু হয়েছে, এই পরিপ্রেক্ষিতে অগণিত অসহায় ভাগচাষীদের জীবনের যে হতাশা আতংক অনিশ্চয়তা নেমে এসেছে, তার প্রতি আপনার মাধ্যমে মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ ভাগচাষীরা প্রচন্ড রোদে পুড়ে ঝড়-বৃষ্টির মধ্যে পড়ে প্রাণশক্তিকে তিলে তিলে নিঃশেষ করে আপন রক্তে বোনা সোনার ফসল তুলে দেয় মালিকের ভান্ডারে, বিনিময়ে তারা পায় বঞ্চনা, প্রতারণা অভাব এবং দুঃখ দারিদ্র্যের জ্বালা। বর্তমানে তাদের একমাত্র আশা-ভরসা, যে ভাগচাষী স্বীকৃতি পাবে, তাও আজকে এরা হারাতে বসেছে। আজকে মালিকরা জানেন, এই বার সেটেলমেন্টের সময় এদের নিয়ে অসুবিধা হবে, তাই এখন থেকে ছলে-বলে-কৌশলে ভাগচাষীদের পিছনে পুলিস লেলিয়ে দেওয়া হচ্ছে। জে এল আর ও-র কাছ থেকে তারা ন্যায় বিচার পায় না, এর থেকে

ওপরে যাবার সাধ্য এদের নেই, তা ছাড়া অর্থের বিনিময়ে বিভিন্ন সমাজবিরোধীরা এই অসহায় মানুষদের উপর দিনের পর দিন অত্যাচার করে যাচ্ছে। আজকে আমার সরকারের কাছে একটা প্রশ্ন যে, সরকার কতদিন আর নীরব দর্শকের ভূমিকা পালন করে যাবেন, এই মানুষগুলি আর কতদিন পড়ে পড়ে মার খাবে। আমরা অতীতে তেভাগা আন্দোলনের সর্বনাশা রূপ দেখেছি, কত শত রক্ত ঝরা কাহিনী শুনেছি, ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত দৈনিক স্মৃতিগুলি আমাদের ম্লান হয়ে যায় নি। তাই সরকারের কাছে অনুরোধ যে, বলিষ্ঠ হাতে এই সমস্যার মোকাবিলা করুন, তা না হলে আপনাদের জীবনেও ঝড় উঠবে, তা ঠেকানো যাবে না।

শ্রীসুধীরচন্দ্র বেরাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা পশ্চিমবাংলার মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম, মালদহ প্রভৃতি জেলায় যে খরা চলছে, তার দিকে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত বছর আমরা খরা দেখেছি, বর্তমানে এখন থেকে যে ভাবে খরা শুরু হয়েছে তাতে আমরা ভয় পাচ্ছি যে, এর পরে অবস্থা আরো ভয়াবহ হবে। সেই জন্য এখন থেকে ত্রাণমন্ত্রী এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বহু জায়গায় পুকুর শুকিয়ে গিয়েছে, শ্যালো টিউবওয়েলে জল পাওয়া যাচ্ছে না। গরু, ছাগল জল খেতে না পেয়ে শুকিয়ে মরে যাচ্ছে, এই অবস্থা যদি চলতে থাকে এবং বৃষ্টি যদি না হয়, তা হলে সারা পশ্চিম-বাংলায় ভয়াবহ খরার সৃষ্টি হবে। তাই আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, অবিলম্বে জরুরী ব্যবস্থার ভিত্তিতে খরার মোকাবিলা করুন।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী স্বাস্থ্য বিভাগের অবিচার, দুর্নীতি রোধ করবার জন্য মন্ত্রিসভা শপথগ্রহণের পর থেকে তিনি অত্যন্ত সক্রিয়ভাবে কাজ করে যাচ্ছেন এবং আমরা জানি আমাদের মাননীয় স্বাস্থ্য মন্ত্রিমহাশয় বিধানসভার সদস্যরা যেসব প্রসঙ্গ তোলেন সেই সমস্ত প্রসঙ্গের উপর তিনি ব্যবস্থা গ্রহণ করেন। আজকে আমি যার সম্বন্ধে এখানে বক্তব্য রাখতে যাচ্ছি, তার সম্বন্ধে পশ্চিমবাংলায় বিভিন্ন কাগজে সংবাদ বেরিয়েছে। ডাঃ কানাই মজুমদার, যিনি হুগলি জেলা বোর্ড অফ সাবসিডিয়ারী হেলথ সেন্টারের মেডিকেল অফিসার ছিলেন এবং তার স্ট্রোক হয়েছিল, অসুস্থ অবস্থায় ছিলেন, এই অবস্থায় তাঁর বাড়িতে ডাকাতি হয়, গুরুতরভাবে তিনি আহত হন এবং আহত হবার পর এই যে আঘাত এই আঘাত থেকে তিনি মুক্তি পান নি, গত ফেব্রুয়ারি মাসে তিনি মারা গিয়েছেন। ঘটনাটার এখানেই শেষ না, ঘটনাটা হচ্ছে এই যে, এই ভদ্রলোক কর্মরত অবস্থায় আহত হলেন, হাসপাতালে গেলেন, তাঁর চিকিৎসার ব্যবস্থা হল, তিনি সেই আঘাতে পক্ষাঘাতগ্রস্থ হলেন, মারা গেলেন। কিন্তু স্বাস্থ্য বিভাগ তাঁর এই অসুস্থতাকালীন অবস্থার জন্য কোন অবকাশ মঞ্জুর করলেন না। লড়াই চলছে। অবশ্য এখানে নানারকম তাঁর স্ত্রী লিখলেন। এই সরকার আসবার কিছু আগে, বোধ হয় চার মাস আগে, অবকাশ মঞ্জুর হয়েছে। কিন্তু বেতন তিনি পান নি। ১৯৭১ সালে বোধ হয় এই ঘটনা ঘটে, এখন পর্যন্ত তিনি কোনরকম, তাঁর পরিবারবর্গ তাঁর প্রভিডেন্ট ফান্ড, অন্যান্য যেসব সুযোগসুবিধা তা পান নি। শুধু তাই নয়। এই অসুস্থ অবস্থাতে হুগলীর সি এম এস, তিনি বললেন যে, ওষুধপত্র নাকি চুরি গিয়েছে, স্টক মিলছে না, এইজন্য নাকি তাঁর ছুটি মঞ্জুর করা যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে একজন লোক, অসুস্থ ডাক্তার, তারপর তাঁর বাড়িতে ডাকাতি হল, সেই হাসপাতালে আরো কর্মচারীরা রইলেন, কিন্তু এই ভদ্রলোক, যে ভদ্রলোককে সরকারী গাড়িতে করে হাসপাতালে ভর্তি করা হল, সেই ভদ্রলোকের অবকাশটা আটকে দেওয়া হল কিংবা তাঁর বেতন আটকে দেওয়া হল এই কারণে যে, তিনি নাকি ওষুধপত্র চুরি করেছেন। আজকে আমরা যখন ডাক্তার পাওয়া যায় না বলে চিৎকার করছি বিধান-সভায় ও বিধানসভার বাইরে, পশ্চিমবঙ্গে যখন জনমত হচ্ছে, তখন এই স্বাস্থ্য দপ্তর, সেই স্বাস্থ্য দপ্তরের একজন কর্মচারী, একজন নিষ্ঠাবান কর্মচারী, সেই নিষ্ঠাবান কর্মচারীর উপর অত্যাচার চলছে। তাঁর মৃত্যুর পর তাঁর পরিবারবর্গ আজকে নিঃসহায় অবস্থায় রয়েছে। তাদের দেখবার কেউ নেই। সরকারের কাছ থেকে প্রাপ্য কিছু পায় নি। আপনার মাধ্যমে তাই স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো এই ব্যাপারে উপযুক্ত তদন্ত হোক। হুগলী জেলা সি এম এস-এর

যে আচরণ এবং মাননীয় মন্ত্রিমহাশয় এই ব্যাপারে ইন্টারফেয়ার করেছিলেন, স্যার, ইন্টারফেয়ার করার পর তিনি চিঠি লিখে--ওয়ান সাম মিঃ ঘোষ, আমি জানি না তিনি এ ডি জে ইত্যাদি, তার নামও মনে থাকে না, তার কাছে চিঠি দিলেন তা সত্ত্বেও এই পরিবারবর্গ আজ পর্যন্ত একটা পয়সাও পায় নি। এটা এনটায়ার তদন্ত হোক। রাইটার্স বিল্ডিং-এর স্বাস্থ্য দপ্তর এবং হুগলী জেলার স্বাস্থ্য দপ্তরের উপর এনটায়ার তদন্ত করা হোক এবং প্রকৃত দোষী যে সেই দোষীর শাস্তি বিধান করা হোক।

শ্রীতপন চ্যাটার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকার ৫ হাজার টন গমের কোটা পশ্চিমবঙ্গের জন্য প্রতি মাসে কমিয়ে দিয়েছেন। ফলে খোলাবাজারে চাল ও গমের দাম অত্যন্ত বৃদ্ধি পেয়েছে। মজুতদার ও কালোবাজারীরা এর সুযোগ নিচ্ছে। কয়েকদিন আগে আনন্দবাজার, যুগান্তর, অমৃতবাজার পত্রিকায় এই সম্পর্কে উদ্ধৃতি দিয়ে সংবাদ বেরিয়েছে। পূর্বে পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্রীয় সরকার মাসে ১ লক্ষ ১৫ হাজার টন গম দিতেন। তারপর, কিছুদিন পরে এই গমের কোটা কমিয়ে ৮০ হাজার টনে পরিণত হয়। তারপর এই ৮০ হাজার টন থেকে আবার এপ্রিল মাস থেকে প্রতি মাসে ৫ হাজার টন করে গম কমিয়ে দেওয়া হয়েছে। আমি মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে অবিলম্বে গমের বরাদ্দ বাড়ান। গমের বরাদ্দ যদি না বাড়ে, তা হলে বাজারে চাল ও গমের দর বাড়তে বাধ্য এবং চোরাকারবারীরা এই মে ও জুন মাসে যে সময় ফসল হয় না, এই সময়ের সুযোগ নিয়ে বাজারে খাদ্যের দর বাড়াবে এবং ফলে হাহাকার শুরু হয়ে যাবে। এবং সেইভাবে যদি খাদ্যের দর বাড়তে থাকে, তা হলে আমাদের জনপ্রিয় সরকারের উপর জনসাধারণের ভুল ধারনা সৃষ্টি হবে এবং আমাদেরও লোকের কাছে কিছু বলবার থাকবে না। তাই কেন্দ্রীয় সরকার যাতে পশ্চিমবঙ্গের এই দাবির কাছে নতি স্বীকার করেন বা কেন্দ্রী সরকারের সঙ্গে যাতে আলাপ-আলোচনা চালান যায় তার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় খাদ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2-30--2-40 p.m.]

শ্রীমতী ইলা মিত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। অত্যন্ত দুঃখের বিষয় যে, ১৮ই এপ্রিল থেকে ৮ হাজার কলেজ শিক্ষক কর্মবিরতি ধর্মঘট পালন করে চলেছে। আমরা সকল শিক্ষকই চাই যে, এই ধর্মঘটের নিরসন হোক। ২১এ এপ্রিল মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে চিঠি পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষক সমিতির কাছে পাঠিয়েছেন, সেটা অনেকটা ভাল। এ সম্পর্কে আমি উল্লেখ করতে চাই যে, টেস্ট পরীক্ষার নোটিস আজ থেকে বহু আগেই কলেজে কলেজে দেওয়া হয়েছে, সেই টেস্ট পরীক্ষা আগেই আরম্ভ হওয়ার কথা, কিন্তু আরম্ভ হতে পারে নি। তিনি চিঠিতে যে বিষয়গুলি সম্বন্ধে লিখেছেন, আমরা চাই, তাঁর কয়েকটি তিনি মীমাংসা করে দিন, তা হলেই হয়ত কর্মবিরতি উইথড্র হতে পারে-- অবশ্য সেই সিদ্ধান্ত কর্মসমিতি বসে ঠিক করবেন। তবে দুই একটি কথা আমি উল্লেখ করি, আমি শুনেছি পাঁচটার সময় শিক্ষকদের সঙ্গে তিনি পুনরায় বসবেন, কিন্তু তার আগে চিঠিতে যা লিখেছেন প্রিন্সিপলস অ্যান্ড প্রসিডিওরস অব অ্যাপ্রুভ্যাল অব পোস্টস, সে সম্পর্কে ইউনিভার্সিটি স্ট্যাটুট মেনে নিচ্ছেন, তাতে আমরা আনন্দিত। কিন্তু আমরা চাই যে, সে সম্পর্কে গভর্নমেন্ট অর্ডার অবিলম্বে বেরুক, নইলে আমরা নিশ্চিন্ত হতে পারি না, সেটা কার্যকরী করা হবে কিনা, কেন না এইরকম ধরনের প্রতিশ্রুতি বহুবার আগেও আমরা পেয়েছি। আমার দ্বিতীয় কথা হচ্ছে এই যে, ৬০--৬৫ এজ গ্রুপের স্পনসর্ড কলেজের শিক্ষকদের বাদ দিয়ে আলোচনার কথা ছিল তাদের সম্বন্ধে স্বীকার করে নিয়েছেন,, এ সম্বন্ধে পাঁচটার আগে গভর্নমেন্ট অর্ডার বার ক'রে দিন, তা হলেই আমরা সে সম্বন্ধে নিশ্চিত হতে পারি।

আর একটা হচ্ছে কন্ট্রিবিউশন টু পি এফ এ সম্বন্ধে ইন্টিগ্রেটেড এবং ইমপ্রুভড-এর মধ্যে যে পার্থক্য আশা করি মন্ত্রিমহাশয় তা জানেন। ইমপ্রুভড স্কেল চালু হয় ১৯৬৬ সাল থেকে আর ইন্টিগ্রেটেড চালু হয় ১৯৬৯ সাল থেকে। তিনি যে ইন্টিগ্রেটেড স্কেল মীন করেছেন যেটা ১৯৬৯ সাল থেকে চালু হয়েছে, যাঁরা ড্রফট করেছেন তাঁরা এই ইন্টিগ্রেটেড কথাটা ব্যবহার

করেছেন। সেজন্য আমার সন্দেহ আছে, কেন না তাতে করে শিক্ষকরা তিন বছরের জন্য মার খেয়ে যাবেন। আশা করি এই যে হেডিং ইন্টিগ্রেটেড কথাটা আছে, সেটা তিনি সংশোধন করে নেবেন। তারপর বি এস-সি পাশ ডিমনস্ট্রেটার, তাদেরটা মেনে নিয়েছেন, কিন্তু টেম্পোরারী যে সমস্ত টীচার্স আছেন তাদের ডি এ সম্পর্কে বলছেন, ডি এ দেওয়া যাবে না, কোন গভর্নমেন্ট ইনস্টিটিউশন তো ডি এ থেকে বাদ যায় না, কাজেই এই সম্পর্কে বিবেচনা করে গভর্নমেন্ট অর্ডার বার করে দেবেন এটা নিবেদন করছি। আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আগে থেকে যে কথাগুলি বলছি নিশ্চয়ই তিনি, আশা করি, বিবেচনা করে ব্যবস্থা করে দেবেন। আমরা কেউ চাই না যে, কর্ম-বিরতি একদিনের জন্যও চলুক, তিনি যে চিঠি লিখেছেন তা আগে থেকে অনেক ইমপ্রুভড, আমরা চাই যে, কর্মবিরতি অবসান হোক, সম্পূর্ণ শিক্ষাজীবন চালু হোক। কিন্তু যে কথাগুলি বললাম এ সম্পর্কে তিনি গভর্নমেন্ট অর্ডার বার করে দিন। এই কথা বলে শেষ করছি।

শ্রীঅনন্তকুমার ভারতীঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। চতুর্দিকে বহুবিধ অশুভ ইঙ্গিত লক্ষ্য করছি। কয়েকজন এম এল এ-র উপর আক্রমণ হয়েছে এবং আমার উপরও গত ৬-৪ তারিখে আক্রমণ হয়েছিল, আমার সিকিউরিটির উপরও আক্রমণ করেছিল। অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে গতকাল গভীর রাত্রে নর্থ ক্যালকাটা যুব কংগ্রেসের সভাপতি শ্রীশ্রীনিবাস বসুর বাড়ি কে বা কারা আক্রমণ করে। সেখানে যথেচ্ছভাবে সোডার বোতল, পাইপ গান, বোমা ইত্যাদিতে সমস্ত রাস্তা ছেয়ে যায়। পুলিস অবশ্য সঙ্গে সঙ্গেই আসে এবং ঘটনা আয়ত্তে আনে। এই ঘটনায় পথচারী এবং স্থানীয় বসবাসকারী তিন চার জন লোক গুরুতরভাবে আহত হয় এখনও মেয়ো হাসপাতালে গুরুতর অবস্থায় চিকিৎসাধীন আছে।

স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করবো, আজকে পশ্চিমবঙ্গের দিকে দিকে যে অশুভ ইঙ্গিত আমরা দেখতে পাচ্ছি, অনতিবিলম্বে দৃঢ় হস্তে এর কোন একটা সুব্যবস্থা করবার জন্য। সরকার যদি এখনই চেষ্টিত না হন, তা হলে ১৯৬৯, ১৯৭০ সালের মত অবস্থা হতে আর বিলম্ব হবে না বলে আমার ধারনা। এখনই যাতে এ সম্বন্ধে একটা তদন্ত করে দুষ্কৃতকারীদের ধরে উপযুক্ত শাস্তিবিধান করা হয়, তার জন্য আপনার মারফত স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীতুহিনকুমার সামন্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পূর্ববর্তী বক্তা মাননীয় ভারতী মশায় যে গুরুতর বিষয়ের উল্লেখ করলেন, এতে আমরা সকলে উদ্বিগ্ন। কলকাতার বুকে যদি এই ধরনের ঘটনা ঘটতে থাকে, যুব কংগ্রেসের সভাপতি শ্রীনিবাস বোসের উপর আক্রমণ চলে, তা হলে আমাদের অবিলম্বে এ সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করতে হবে। এ সম্বন্ধে আমরা পূর্ণ রিপোর্ট দাবি করছি। এই যে আক্রমণ ও হামলা হচ্ছে এ সম্বন্ধে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছ থেকে রিপোর্ট চাইছি--উই ওয়ান্ট এ রিপোর্ট।

[2-30—2-40 p.m.]

LEGISLATION

The West Bengal Co-operative Societies Bill, 1973

Dr. Zainal Abedin: Sir, I beg to introduce the West Bengal Co-operative Societies Bill, 1973.

(Secretary then read the title of the Bill.)

Dr Zainal Abedin: Sir, I beg to move that the West Bengal Co-operative Societies Bill, 1973, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিজে জানেন এবং হাউসের মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, আমাদের রাজ্যে সমবায় আন্দোলন দুর্বল এবং অন্যান্য অনেক রাজ্যের তুলনায় পশ্চাদপদ। অধিকন্তু দুর্নীতি, কায়েমী স্বার্থ এবং পরিচালন ব্যবস্থার ত্রুটিবিচ্যুতি এই আন্দোলনের প্রাণ-ধারাকে কলুষিত ও রুদ্ধ করে রেখেছে। এই ত্রুটিবিচ্যুতি ও সমস্যাগুলির দূরীকরণের জন্য

১৯৪০ সালের বঙ্গীয় সমবায় সমিতি আইনটি সংশোধন করা হলেও এই রাজ্যের সমবায় আন্দোলনকে তার বর্তমান ত্রুটিবিচ্যুতি থেকে মুক্ত করা, তাকে গতিশীল করা, তার মধ্যে নূতন আদর্শ ও প্রাণের সঞ্চার করা এবং তাকে সম্পূর্ণভাবে যুগোপযোগী করার উদ্দেশ্যে সামগ্রিকভাবে আইনটির পরিবর্তন করার প্রয়োজনীয়তা দীর্ঘদিন ধরে উপলব্ধি করা যাচ্ছিল। যদিও এ সম্বন্ধে অনেক আলোচনা হয়েছে এবং অনেক ক্ষেত্রে সর্বভারতীয় কমিটির সমূহ সুপারিশ রয়েছে, তবুও এ সম্পর্কে কোন কার্যকর ব্যবস্থা এ যাবৎ অবলম্বন করা হয় নি। এই বৎসর বাজেট আলোচনার সময় আমি এই সভায় প্রতিশ্রুতি দিয়েছিলাম যে, বিধানসভায় চলতি অধিবেশনে আমি ১৯৪০ সালের বঙ্গীয় সমবায় সমিতি আইনটিকে যুগোপযোগী এবং আমাদের এই রাজ্যের জনগণের সর্বাঙ্গীণ কল্যাণ সাধনের অনুকূল করবার উদ্দেশ্যে আইনটি সামগ্রিকভাবে পরিবর্তনের প্রস্তাব করে একটি বিল আপনাদের বিবেচনার জন্য পেশ করবো। সেই প্রতিশ্রুতি অনুসারে আজ আমি ১৯৭৩ সালের পশ্চিমবঙ্গীয় সমবায় সমিতি বিলটি আপনাদের বিবেচনার জন্য উপস্থাপিত করছি।

২। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে, সমবায় আইনের পরিবর্তন সম্পর্কে সুপারিশ করার জন্য এই রাজ্যে ১৯৬৯ সালে একটি ল কমিটি গঠন করা হয়েছিল। আগেই বলেছি, সর্ব-ভারতীয় স্তরে বিভিন্ন সময়ে সমবায় আন্দোলন সম্পর্কে নিযুক্ত বিভিন্ন কমিটিও এই আন্দোলনকে শক্তিশালী করবার জন্য নানাবিধ সুপারিশ করেছেন এবং সর্বভারতীয় স্তরে বিভিন্ন পর্যায়ে সমবায় আন্দোলনের বহুবিধ সমস্যা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত হয়েছে। এই বিলটি প্রণয়ন করবার সময়ে ১৯৬৯ সালে নিযুক্ত ল কমিটির সুপারিশগুলি গভীরভাবে বিবেচনা করা হয়েছে। এ ছাড়া সর্বভারতীয় ভিত্তিতে গঠিত কমিটিগুলির সিদ্ধান্তগুলিকেও যথাযোগ্য গুরুত্ব দেওয়া হয়েছে। বিভিন্ন পর্যায়ে সমবায় প্রতিষ্ঠানগুলির অনেক প্রতিনিধির সঙ্গেও বিভিন্ন ক্ষেত্রে আলোচনা করা হয়েছে।

৩। এই বিলের উদ্দেশ্য সম্পর্কে এক বিস্তারিত বিবরণ বিলটির শেষাংশে স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজনস-এর মধ্যে সন্নিবেশিত হয়েছে। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, গত সেপ্টেম্বর মাসে জারী করা একটি অর্ডিন্যান্স এবং আরো কিছু নতুন ধারা নিয়ে এই অধি-বেশনেই বঙ্গীয় সমবায় সমিতি (সংশোধনী) আইন গৃহীত হয়েছিল। বর্তমান বিলটির মধ্যে সেই সমস্ত ধারাগুলি ছাড়া আরো কতগুলি নূতন ধারা অন্তর্ভুক্ত করা হয়েছে।

৪। গত ফেব্রুয়ারি মাসে গৃহীত সংশোধনী আইনের কয়েকটি গুরুত্বপূর্ণ ধারা, যেগুলি এই বিলের অন্তর্ভুক্ত করা হয়েছে সেগুলি আমি এই প্রসঙ্গে উল্লেখ করছিঃ—

(ক) সমবায় সমিতির যেসব সদস্য তাঁদের দেয় টাকা নির্দিষ্ট সময়ে পরিশোধ করেন নি সমবায় সমিতির পরিচালন কমিটি থেকে তাদের অপসারণ এবং যেসব সদস্য উপর্যুপরি তিন বা ততোধিক বৎসর সমিতির পরিচালন কমিটিতে থেকেছেন, তাঁরা যাতে পুনরায় নির্বাচিত হতে না পারেন বা অন্যভাবে ঐ কমিটিতে আসতে না পারেন তার সম্পর্কে ব্যবস্থা;

(খ) কোন সমবায় সমিতির পরিচালন ব্যবস্থা ত্রুটিপূর্ণ হলে পূর্বে কোনরকম বিজ্ঞপ্তি না দিয়ে সমবায় সমিতির পরিচালন কমিটি ভেঙে দিয়ে ঐ সমিতির ব্যবস্থাপনার জন্য রাজ্যসরকার কর্তৃক প্রশাসক নিয়োগ;

(গ) একটি কেন্দ্রীয় অথবা শীর্ষ সমবায় ব্যাঙ্কের সঙ্গে কোন দুর্বল ও অস্বচ্ছল কেন্দ্রীয় ব্যাঙ্কের আবশ্যিক সংযোজনের ব্যবস্থা;

(ঘ) সমবায় সমিতির অস্থাবর সম্পত্তি বা টাকাপয়সার তছরূপ প্রভৃতির মত অপরাধকে পুলিস গ্রাহ্য অপরাধরূপে পরিগণিত করা;

(ঙ) সমবায় সমিতির পরিদর্শকদের মাধ্যমে বিশেষ ক্ষেত্রে সমবায় সমিতির খাতাপত্র ও রেকর্ড দখল গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা।

৫। এ ছাড়া বর্তমান বিলে যেসব গুরুত্বপূর্ণ নূতন বিধান করা হয়েছে সেগুলি এবার আমি সংক্ষেপে উল্লেখ করছিঃ—

(১) বর্তমান বিলে ভূমি উন্নয়ন ব্যাঙ্কের (পূর্বতন জমি বন্ধকী ব্যাঙ্কের) সংজ্ঞা ও উদ্দেশ্যে প্রয়োজনভিত্তিক করা হয়েছে; তা ছাড়া সমবায় ইউনিয়ন ও ইঞ্জিনীয়ারদের সমবায় সমিতির সংজ্ঞা এই বিলে দেওয়া হয়েছে।

(২) এই বিলে এই মর্মে একটি বিধান করা হয়েছে যে, সমবায় সমিতির কর্মকর্তা ও অন্যান্য আধিকারিকরা 'পাবলিক সারভ্যান্ট' হিসেবে গণ্য হবেন।

(৩) সমিতি নিবন্ধীকরণের শর্তাবলী বিস্তারিতভাবে এই বিলে দেওয়া হয়েছে।

(৪) একটিমাত্র পরিবারের লোকেরা যাতে একটি সমবায় সমিতি কুক্ষিগত করতে না পারেন এই বিলে তার ব্যবস্থা করা হয়েছে।

(৫) রেজিস্ট্রার সমিতি নিবন্ধভুক্ত করতে অস্বীকৃত হলে তা সংশ্লিষ্ট ব্যক্তিদের নির্দিষ্ট সময়ের মধ্যে জানাতে হবে।

(৬) সমবায় সমিতির পরিচালন কমিটির সদস্যরা বা তাঁদের আত্মীয়স্বজন সমিতি থেকে যে ঋণ নেবেন, সমিতির সাধারণ সভায় তা উল্লেখ করতে হবে এবং সমবায় সমিতির সাধারণ সভা যাতে নিয়মিত অনুষ্ঠিত হয় তার জন্য কয়েকটি বিশেষ ব্যবস্থা করা হয়েছে।

[2-40—2-50 p.m.]

(৭) সমবায় সমিতির ঋণ বা অন্যভাবে প্রাপ্য টাকা যাঁরা যথাসময়ে পরিশোধ করেন নি তাঁরা এবং সমবায় সমিতির প্রাপ্য টাকা যথাসময়ে পরিশোধ করেন নি এমন সমিতির প্রতিনিধিরা যাতে সমবায় সমিতির অধিকর্তা বা ডাইরেকটর না হতে পারেন তার বিধান করা হয়েছে।

(৮) ঋণ বা গ্র্যান্ট খাতে যেসব সমবায় সমিতি সরকারী সাহায্য পেয়েছে সেইসব সমিতিতে সরকারী প্রতিনিধি নিয়োগ সম্পর্কিত একটি সময়োপযোগী ও প্রয়োজনীয় বিধান এই বিলে করা হয়েছে।

(৯) সমবায় সমিতির পরিচালন কমিটিতে সমাজের দুর্বল ও অনগ্রসর শ্রেণীর প্রতিনিধিত্বের বিধান এই বিলে করা হয়েছে।

(১০) সমবায় সমিতির কর্মচারীদের চাকুরির শর্তাবলী প্রণয়ন সম্পর্কিত একটি বিধানও এই বিলে রাখা হয়েছে।

অন্যান্য উল্লেখযোগ্য বিধান যা এই বিলে আছে তা হলঃ—

(১১) সমবায় ইউনিয়নের সঙ্গে সব সমবায় সমিতিকে যুক্ত হতে হবে—এই মর্মে একটি বিধান।

(১২) ঋণের সাথে বিপণন ব্যবস্থার সংযোগ সাধনের ব্যবস্থা।

(১৩) খণ্ড খণ্ড জোতের একীকরণ।

(১৪) সমবায় সমিতির প্রাপ্য টাকা আদায়ের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ।

(১৫) কিছু কিছু সমবায় সমিতিকে প্রয়োজনবোধে বিশেষ সুবিধাদান।

(১৬) আদায়ের অযোগ্য ঋণ তহবিল, কৃষি ঋণ দৃঢ়ীকরণ তহবিল এবং সমিতির মালপত্রের ক্ষতিপূরণ তহবিল সংগঠন।

(১৭) বিবাদ মীমাংসা ও আপীলের ব্যাপারে সময়সীমা নির্ধারণ।

(১৮) লিকুইডেশনের কাজ ত্বরান্বিত করার জন্য লিকুইডেটরদের বিশেষ দায়িত্ব ও ক্ষমতা প্রদান।

(১৯) ভূমি উন্নয়ন ব্যাঙ্কের ক্ষেত্রে প্রযোজ্য ঋণ আদায়ের সহজ পদ্ধতি কেন্দ্রীয় ব্যাঙ্ক ও গৃহ সংস্থান সমিতিগুলির ক্ষেত্রেও সম্প্রসারণ করার জন্য বিধান।

(২০) বন্ধকী জমির ফসল বিক্রি ও আটক করার ক্ষমতা তিন বছর অবধি বর্ধিত করা এবং ভূমি উন্নয়ন ব্যাঙ্ক ও কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের ক্ষেত্রে ঐ ক্ষমতা সম্প্রসারণ।

(২১) খেলাপী টাকা আদায়ের জন্য সম্পত্তি বিক্রির ব্যাপারে নিয়ামকের ঐ সম্পত্তির দখল দেওয়ার বিধান।

(২২) ভূমি সংস্কার আইনে যে ঊর্ধ্বসীমার উল্লেখ আছে, ভূমি উন্নয়ন ব্যাঙ্ক, কেন্দ্রীয় ব্যাঙ্ক এবং শীর্ষ গৃহনির্মাণ সমিতির ক্ষেত্রে তা প্রযোজ্য হবে না, এই মর্মে বিধান।

(২৩) ডিপোজিট ইন্সিওরেন্স স্কীমকে সমবায় সমিতির ক্ষেত্রে সম্প্রসারণ।

৬। সমবায় আন্দোলন সমাজতান্ত্রিক পরিবর্তনের জন্য একটি উৎকৃষ্ট হাতিয়ার। কিন্তু সমবায় সম্পর্কে বিধান এই পরিবর্তনের পথে এক বিশেষ অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। এই পরিবর্তন আনার জন্য বর্তমান সরকার বদ্ধপরিকর। তাই এই বিধানের আশু পরিবর্তনের জন্য সরকার দৃঢ়সংকল্প।

৭। শিল্পের ক্ষেত্রে সমবায় আন্দোলনের প্রসার দূরে থাক, কৃষির ক্ষেত্রেই এই আন্দোলন অন্যান্য অনেক রাজ্যের তুলনায় অনেক পশ্চাতে পড়ে আছে। কৃষি ও শিল্পের ক্ষেত্রে সমবায় আন্দোলনকে সম্প্রসারিত করা এবং তার ভিত্তি সুদৃঢ় করা একান্ত প্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে।

৮। বর্তমান সরকার গঠিত হওয়ার পর ১৩ মাস অতিক্রান্ত হয়েছে। শিল্প ও কৃষি উন্নয়নের ক্ষেত্রে সমবায়ের ভূমিকাকে সম্প্রসারিত করা এবং জনগণের জীবনে তাকে তাৎপর্যপূর্ণ করে তোলার জন্য পদক্ষেপ ত্বরান্বিত করা দরকার।

আমি আগেই বলেছি সমবায় আইন সংশোধনের জন্য অনেক আলোচনা হয়েছে, অনেক কমিটি অনেক সুপারিশ করেছে। পদক্ষেপ যদি দ্রুত করা না যায়, বলিষ্ঠতার সঙ্গে কাজের আরম্ভ যদি না করা যায়, তা হলে জনগণের কাছে প্রতিশ্রুতি সঠিকভাবে পালন করা হবে না এবং জনমানসে অসন্তোষ পুঞ্জীভূত হবে। এই বিলটি গত বছরের অধিবেশনে আনার কথা ছিল। কিন্তু সময়ের অভাবে আনা সম্ভব হয় নি। এই বিলটি পেশ করার সময় আমি সিলেক্ট কমিটির কথা বলি নি, কারণ তাতে নিতান্ত প্রয়োজনীয় সংস্কারগুলির আরও বিলম্ব ঘটবে এবং পরিবর্তিত আইনের ভিত্তিতে কাজ শুরু করা অনেক পিছিয়ে যাবে। নির্দিষ্ট সময়ের মধ্যে সুপরিকল্পিত কার্যক্রমের মাধ্যমে সরকার সমবায় আন্দোলনের দ্রুত সম্প্রসারণ চান এবং এই উদ্দেশ্যে যা কিছু করণীয় তা করতে সরকার বদ্ধপরিকর। আমার দৃঢ় বিশ্বাস, এই বিলটি আইনের আকারে গৃহীত হলে আমাদের এই রাজ্যে সমবায় আন্দোলনের ভিত্তি সুদৃঢ় হবে এবং জনগণের সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে সমবায়ের গুরুত্বপূর্ণ ভূমিকার সঙ্গে সঙ্গতি রেখে এই আন্দোলন বলিষ্ঠ এবং গতিশীল হবে। আমি একথা স্বীকার করি যে, শুধু আইন প্রণয়নের দ্বারাই এই আন্দোলনের সার্থক রূপায়ণ সম্ভব হয় না। সমবায় আন্দোলন জনগণের আন্দোলন এবং তার সাফল্য একটি গভীর অর্থনৈতিক ও সামাজিক চেতনার উপর নির্ভরশীল। সমবায়ের ক্ষেত্রে আইনের এই সীমিত ভূমিকার কথা আমি সম্পূর্ণ অবহিত। সীমিত হলেও এই ভূমিকা গুরুত্বপূর্ণ একথা সকলেই স্বীকার করবেন। বিশেষ করে এই রাজ্যে, যেখানে সমবায় আন্দোলন খুবই দুর্বল এবং নানা রকমের ত্রুটিবিচ্যুতি ঘটেছে এবং কায়েমী স্বার্থ গড়ে উঠেছে, সেখানে দুর্নীতি এবং কায়েমী স্বার্থের উচ্ছেদ এবং আন্দোলনকে শক্তিশালী এবং জনগণের কল্যাণসাধন করে তোলার জন্য আইন প্রণয়নের প্রয়োজনীয়তা এবং গুরুত্ব সকলেই উপলব্ধি করবেন। সমবায় আন্দোলন এবং জনগণের স্বার্থে এই বিলটি এই সভা কর্তৃক গৃহীত হবে বলে আমি আন্তরিকভাবে নিবেদন জানাচ্ছি।

Mr. Speaker: There is motion for reference of the Bill to a Select Committee by Shri Ajit Kumar Ganguly, and there are motions for circulation of the Bill by Shri Timir Baran Bhaduri, Shri Shish Mohammad and Shri Pradyot Kumar Mahanti. All the amendments are in order. I call upon Shri Ajit Kumar Ganguly.

Shri Ajit Kumar Ganguly: Sir, I beg to move that the Bill be referred to a Select Committee consisting of the following Members:

(1) Shri Ajit Kumar Ganguly,

(2) Shri Bhupal Chandra Panda,

(3) Shri Kanai Bhowmik,

(4) Dr. Omar Ali,

(5) Shri Timir Baran Bhaduri,

(6) Shri Golam Mohiuddin, and

(7) The Minister-in-charge of the Bill

with instructions to submit their report by 7th May, 1973 and that the quorum of the Select Committee be fixed at 3.

স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বলি যে, আমাদের মাননীয় মন্ত্রী শ্রীজয়নাল আবেদিন সাহেব তাঁর বক্তব্যের মধ্যে সিলেক্ট কমিটির সম্বন্ধে বলবার সময় বলেছেন যে এটা অহেতুক দেরী হবে যাবে এবং তাতে আলোচনার বিষয়বস্তু পিছিয়ে যাবে। আমি এর মধ্যে একটা কম্প্রিহেনসিভ বিল এনেছি. অনেক রেকমেন্ডেসন সাজেসনস নিয়ে অনেকের সঙ্গে আলোচনা করেছি বলে এর প্রয়োজন নাই। স্যার, আমি একটা কথা এই হাউসের সদস্যদের কাছে জানাতে চাই যে, সিলেক্ট কমিটিতে শুধু আলোচনার বিষয়বস্তু নিয়ে কি অলোচনা হয় না, এটা একটা সংসদীয় গণতন্ত্রের মূল বুনিয়াদ এটা এখানে আজকে স্থির করতে হবে। মন্ত্রিমহাশয় পুরানো সদস্য, তিনি নিশ্চয় জানেন যে. আমাদের দেশে পার্লামেন্টারী ডেমোক্রেসীতে সিলেক্ট কমিটিতে পাঠানোর জন্য যে চাওয়া হল সেটা শুধু একটা প্রতিবন্ধকতার জন্য প্রয়োজন হত। কিন্তু আমার এটা উদ্দেশ্য নয়, একথা মন্ত্রিমহাশয়কে অনুধাবন করতে হবে। অবশ্য জেনারেল ডিসকাসনের সময় আমি বলবো। উনি ওনার বক্তব্য রাখার সময় বলেছেন যে, বহুদিন যাবৎ এই সমবায় জাতীয় জীবনে একটা গুরুত্বপূর্ণ অংশ দখল করে বসে আছে। এগুলি মাননীয় সদস্যরা জানেন, আলোচনার সময় বলবেন -একথা উঠেছে মহাত্মা গান্ধী থেকে আরম্ভ করে এ আই সি সির যেসব রেজলিউসন আছে সে সময়ই আলোচনার সময় হবে। আমার প্রশ্ন এখানে যে, সিলেক্ট কমিটিতে পাঠানোর কথা একটা প্রতিবন্ধকতা করবার জন্য অবশ্যই নয়। স্পীকার স্যার, আপনি নিশ্চয় অবগত আছেন যে, মন্ত্রিমহাশয়ের সঙ্গে আমি ব্যক্তিগতভাবেও সংযোগ করেছিলাম। আমরা আলাদাভাবে বসে

[2-50—3-00 p.m.]

ছিলাম অতীশবাবুর সাথে. উনি সেদিন ছিলেন না। অতীশবাবু নিজে এর গুরুত্ব অস্বীকার করেন নি, আমাদের মাননীয় মন্ত্রীও তা অস্বীকার করেন নি। এই জন্য আমরা তাঁকে বলেছিলাম, লেট ইট বি সর্টেন্ড, অল্প সময়ের জন্য হোক, কারণ এর একটা সংসদীয় গুরুত্বপূর্ণ দিক আছে, সেদিক থেকে কখন অবহেলা করবেন না। স্পীকার, স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি, ইট সুড নট বি অ্যাভয়েডেড—যে গণতন্ত্রের স্বীকৃতি, শপথ নিয়ে আমরা এখানে এসেছি সেই গণতন্ত্রের দিকে লক্ষ্য রেখে আজকে এই কথা ধীরভাবে বিবেচনা করতে হবে যে, সিলেক্ট কমিটির প্রয়োজনীয়তা আছে কিনা। এটাকে অল্প দিন করতে পারেন, অ্যাসেম্বলী বন্ধ করতে হবে না, অ্যাসেম্বলী চলাকালীন একটি সময় নির্ধারিত করতে পারেন—আসুন আমরা সকলে সেখানে বসে আলোচনা করি। শুধু মোর্চার প্রশ্ন নয়. সিলেক্ট কমিটিতে বিরোধীদেরও সুযোগ দেওয়া হয়, এখানে ওরা বসে আছেন। ওরা কি বলবেন—ওদেরও একটা সুযোগ দেওয়ার প্রশ্ন আছে। আমি এটা নিয়ে বেশী সময় নিতে চাচ্ছি না। এটাকে সর্বাঙ্গীণ গণতান্ত্রিক মর্যাদা দেবার জন্য, এই বিলটিকে আরো সুষ্ঠু করবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে,

আপনি দৃঢ়তার সঙ্গে এটাকে নিন এবং নিয়ে আপনি অল্প সময় করুন তাতে কিছু হবে না, লেট দেয়ার বি কনসেনসাস রিগার্ডিং দিস বিল, এই আবেদন আমি আপনার মাধ্যমে তাঁর কাছে রাখলাম। মিঃ স্পীকার, স্যার, আমি এখানে মন্ত্রিমহাশয়ের সাধারণ বক্তব্যের উপর ২-৪টি কথা তাঁর বিবেচনার জন্য রাখছি। আবেদিন সাহেব সামগ্রিক ভাবে বিলটি পরিবর্তন করে আনবেন বলে বলেছিলেন, এখন তিনি তা আমাদের কাছে এনেছেন। তাঁর মনের ভাব এবং তাঁর স্পিরিট অ্যাপ্রিসিয়েট করে বলছি যে, এর ব্রেক থ্রু যথেষ্ট আছে এবং হোল বিলে অনেকগুলি রিডিমিং ফিচার আছে, সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু সেটাই কি সব, তাকেই কি সামগ্রিক চেহারা বলে? হাজার হাজার কথা বলি তার মধ্যে দু-একটি ভাল কথা বেরবে না, এতো হতে পারে না। এর মধ্যে যেখানে ইনসিওর্ড-এর কথা বলেছেন, সেখানে দেখবেন, ডিপজিটরদের একটা গার্ড দিয়েছেন, প্রোটেকসান দিয়েছেন, এটা খুব ভাল হয়েছে। আমাদের বনগাঁ ব্যাঙ্ক উঠে গিয়ে সর্বনাশ হয়ে গেছে দেখেছি, এই কথা এখানে কেউ অস্বীকার করবেন না। মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে এই কথা বলি যে, অন্য কারো কথা নয়, ১৯৪৮ সালে কংগ্রেস সেসানে কংগ্রেস একটা রেজলিউসান নিয়েছিলেন—সেখানে তারা কি বলেছিলেন? তারা বলেছিলেন— All intermediaries between the tiller and the State should be eliminated. All middlemen should be replaced by non-profit making agencies.

খেয়াল রাখবেন নন-প্রফিট মেকিং এজেন্সিস, সাচ অ্যাজ, কো-অপারেটিভস, এই রেজলিউসান আছে। আজকে যারা মোর্চার প্রধান শরিক তাঁদের ১৯৪৮ সালের অধিবেশনের এই কথা তখন মর্মে মর্মে উপলব্ধি করেছিলেন—সেখানে আজকে অন্তত গণতান্ত্রিক সমাজবাদ ইত্যাদি যাই বলুন, সমাজতন্ত্রের কথাই হল ধনতন্ত্রের বনিয়াদের উপর আঘাত দিতে হবে। সেই জন্য আমরা বলেছি, আমাদের পার্টির রেজলিউসনে আছে যে, নন-ক্যাপিটালিস্ট পাথ আজকে যখন কো-অপারেটিভ ভাবে যেমন কংগ্রেস সেসানের কথা এবং যখন অধিবেশন চলে তখন আমি প্রতিদিন কাগজ খুঁটিয়ে খুঁটিয়ে পড়েছি যে, কি মনোভাব নিয়ে কথা বলছেন, কোন্ দিকে যাচ্ছেন, সেইরকম আমাদের কমিউনিস্ট পার্টি থেকে আমরা যে প্রস্তাব নিয়েছি সেখানে নন-ক্যাপিটালিস্ট পাথের কথা বলা হয়েছে, অ-ধনতান্ত্রিক পথ—এখানে সেই কথা বলেছিলেন। একটা নন-প্রফিট মেকিং, প্রফিট হচ্ছে ধনতন্ত্রের মূল কথা এবং প্রফিট ইজ দি মোটিভ ফোর্স, সেই জায়গা থেকে আপনারা সরাবার জন্য কো-অপারেটিভের কথা ভেবেছিলেন।

এখন সেই নিরিখে অনেক কথা আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন। আমি প্রশংসা করি যে, ত্রুটিগুলি তুলে ধরেছেন। তা করতে গিয়ে তিনি স্টেটমেন্ট অব অবজেক্টস্ অ্যান্ড রিজিন্সে কি বলেছেন—

"But unfortunately all these expectations were belied, as corruption, nepotism, vested interest and financial mis-management crept into the co-operative movement in the State." Why, Sir?

এটাই তো কথা। কিন্তু এই কথা ব'লে মাননীয় মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন সে সম্পর্কে উত্তর দিবার সময় নিশ্চয় ধারায় ধারায় দেখাবেন যে, এখান দিয়ে নেপোটিজম, এখান দিয়ে করাপসান তিনি দূর করতে চান। তা যদি না করেন, তা হ'লে প্রশংসা করা যাবে না। তা ছাড়া যে কথা আগে বলেছি যে, আমাদের পস্টারিটি আমাদের ক্ষমা করবে না। আমরা এখান থেকে যে বিল পাশ ক'রে দেব, সেটা দেখে যদি ভবিষ্যৎ বংশধররা বলেন যে, এটা সেই নতুন বোতলে পুরানো মদ ভরা হয়েছে, তা হলে আমাদের অবস্থাটা কি হবে সেটা একটু বিবেচনা ক'রে দেখুন। এতে যে ভাল জিনিস একদম নেই সে কথা বলছি না, ভাল জিনিস আছে, সেকথা ক্লজের আলোচনার সময় বলব, কিন্তু কথা হচ্ছে, পুরানো অ্যাক্টের কতকগুলি ধারা আমাদের সরকারী কর্মচারীরা এর মধ্যে হুবহু সংযোজন ক'রে দিয়েছেন যার জন্যই আমাদের অ্যামেন্ডমেন্ট আনতে হয়েছে, আমরা সিলেক্ট কমিটির কথা বলেছি। এখন কথা হ'ল, আমরা কেউ মহাপুরুষ নই, আমাদের অফিসাররাও এই সমাজেরই ছেলে' তাঁরা কালকে পাশ ক'রে চাকরি করতে এসেছেন, আমরাও এখানে এসেছি ব'লে একবারে মহাপুরুষ হয়ে গিয়েছি তা নয়, অভিজ্ঞতা, আমাদের অনেকের অভিজ্ঞতার একটা সমন্বয় ক'রেই এখানে এটা আনতে চাই। সেইজন্যই বলছি এই বিলের অনেক জিনিসের এখনও পরিবর্তনের প্রয়োজন বা অবকাশ রয়েছে

এবং সেটা আমাদের করতে হবে। তা যদি না করেন, তা হ'লে এটা দিয়ে কোন সুরাহা আমরা করতে পারবো না। এই প্রসঙ্গে একটা কথা বলি, এটা আমার কথা নয়, যাঁরা নতুন, বয়স অল্প তাঁরা শুনলে অবাক হয়ে যাবেন, মন্ত্রিমহাশয় অবশ্য অবাক হবেন না, আমরা তো বুড়ো হয়ে গেলাম, কংগ্রেসের অনেক পুরানো কথা আমাদের মনে আছে, এখানে একজন বলেছেন—

"I do not measure the success of co-operation by the amount of credit it disperses. The greater the rascal the greater the credit he enjoys. The banks, co-operative or otherwise, do not prey into the moral character of their clients. They are satisfied if they meet their overdrafts and promissory notes punctually. Such credit acts like a serpent's coil."

একথা কে বলেছেন নিশ্চয় মন্ত্রিমহাশয় জানেন। ফাদার অব দি নেশান—মহাত্মা গান্ধী একথা বলেছেন। তা হ'লেই বুঝতে পারছেন, এটা কি হয়ে দাঁড়িয়েছে! সেইজন্য মন্ত্রিমহাশয়কে বলতে হবে, এই ভেস্টেড ইন্টারেস্টকে খতম করবার জন্য এই বিলে কোথায় জায়গা রেখেছেন যাদের ঐ লাল বাড়িতে বসিয়ে রেখে দিয়েছেন। মন্ত্রিমহাশয় বলেছেন সহযোগিতা করবার জন্য, আমরা সহযোগিতার হাত বাড়িয়ে দেব, কিন্তু আপনাকে এসব দিকে নজর দিতে হবে। আপনি বলেছেন এদের জব্দ করবার জন্য আইন এনেছেন। আমার প্রশ্ন কত লুফহোল রেখে এটা এনেছেন? আপনি চিকিৎসক, ভাল অপারেশন করতে পারেন। আইনজ্ঞরা যা করেন

[3-00—3-10 p.m.]

সেটা মাননীয় স্পীকার মহাশয়, আপনি কিছু না মনে করলেও বলবো যে, একই আইনজ্ঞ জেনেশুনে একজন রেপ কেসের আসামীকে মুক্ত করার জন্য আইনের ফাঁক খোঁজেন, কারণ দেয়ার আর লুপহোলস্। সে জন্য লইয়ারদের আমাদের বড় ভয়, অবশ্য ডাক্তারদের অত ভয় করছি না। কিন্তু প্রশ্ন এখানে নয়, প্রশ্ন হচ্ছে এই লুপহোলগুলি দেখার প্রয়োজন মনে করে না। মনে করে না সেই ইতিহাস আছে কমিটিতে সেটা আপনারা জানেন। তারা বলেছেন, এই ব্যক্তিরা তাদের ক্ষমতা অটুট রাখার জন্য—তারা বোকা নয়, তারা লেখাপড়া জানা ভাল ছেলে। অনেকের আবার ইউনিভার্সিটির ক্যারিয়ার আছে, ব্রিলিয়েন্ট ক্যারিয়ার আছে, তারা কম্পিটিটিভ পরীক্ষা দিয়ে আপনার ডিপার্টমেন্টে এসেছে, কাজেই এদের বোকা মনে করি না। কিন্তু সমাজের যে ধারা সোসিও-ইকোনমিক স্ট্রাকটার-এ এমনভাবে আমাদের মানসিক কাঠামো গড়ে উঠেছে যার জন্য আমলাতন্ত্রের উপর এত রাগ। তারা এই লুপহোলগুলিকে বাঁচিয়ে রাখতে চান, তা না হ'লে তাদের মাতব্বরি থাকে না। সেই মাতব্বরি ঘোচাবার ব্যাপারে থ্রুআউট দি অ্যাক্ট আপনি দেখান কোথায় এই সমস্ত অফিসারদের ক্ষমতাকে একটু চেক করবার জন্য মেসিনারী আপনার বক্তব্যের মধ্যে আছে? আপনি বলছেন খুব ভাল কথা যে, টাইম লিমিট করেছেন। রেজিস্ট্রার-এর কাছে সোসাইটি রেজিস্ট্রেশনের জন্য পাঠানো ৩ মাসের মধ্যে যদি সেই রেজিস্ট্রেশন উইথ সার্টিফিকেট না যায়, তা হ'লে ধরে নিতে হবে যে রেজিস্ট্রেশনটা রিজেক্টেড। তবে সেই সোসাইটি অ্যাপিল করতে পারে এটা আছে। আর একথা কেন রাখবেন না যে ৩ মাসের মধ্যে যদি না হয়, তা হ'লে আরো এক মাস সময় দিলাম, তার মধ্যে যদি না হয় ইট উইল বি ডিমড্ টু বি রেজিস্টার্ড। তাতো নয়, আমাদের দুর্ভাগ্য আমরা একটা সোসাইটির জন্য দরখাস্ত করেছি, কিন্তু তাদের গাফিলতির জন্য পড়ে আছে অফিসে, তারপর ৩ মাস হয়ে গেলে আমাকে বুঝতে হবে যে, মাই অ্যাপ্লিকেশন ফর রেজিস্ট্রেশন ইজ রিজেকটেড। কেন তা হবে? কেন সোসাইটির মেম্বারসিপ আপনি দিয়েছেন? আইনটা অ্যামেন্ডমেন্টের সময় আবার বলবো। যে দরখাস্তকারী তিনি যদি এক মাসের মধ্যে উত্তর না পান একমাস ১৫ দিন পরে অর্থাৎ আফটার ফরটি-ফাইভ ডেজ ইট ডিমড্ অ্যাজ রিজেকটেড। এটাই কি চেকিং? আপনি রেজিস্ট্রার না—মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে, রেজিস্ট্রারের নামে ইন্সপেকটরস্ আর রেজিস্ট্রারার, সবই এমপাওয়ার, এর কোথাও চেক নেই। রেজিস্ট্রারার নিউ সেক্রেটারিয়েট-এ বসে আছেন, তিনি কবে কোথায় গেছেন সেটা নিয়ে আমার প্রশ্ন নয়, অ্যাপীলটা আমাদের, আমরা হতভাগ্য দরখাস্ত করেছিলাম, উনি ওখানে পাখার তলায় বসে থাকবেন, আর আমরা আসবো দূর থেকে অ্যাপীল করতে যে কেন আমাদেরটা ৩ মাসের মধ্যে হ'ল না, হোয়াই হি শ্যাল নট বি চার্জড্ তোমাকে এত টাকা দিয়ে রাখা হয়, কেন সোসাইটি ৩ মাস ধ'রে পড়ে থাকবে? উইল ইট ডেভেলপ উইল ইট এনকারেজ সোসাইটি পিপল? তা হয় নি কাজেই আমি শুধু একথা আপনার মাধ্যমে বলতে চাই ঘটনাটা ঐখানে বসে থাকছে না—বসে

থাকছে না এই জন্য, আমি এই কথা শুধু রেফারেন্সের জন্য বললাম—বসে থাকছে এই জায়গায়। মাননীয় মন্ত্রিমহাশয়, আমি আপনাকে ধরতে পেরেছি। আমি আপনার মনোভাবকে প্রশংসা করছি। আমি ধরতে পেরেছি যে, আপনার ভিতরে একটা আকুলি-বিকুলি আছে, হাউ টু ব্রেক থ্রু-এর মধ্যে ব্রেক থ্রোর চেষ্টা আছে। কিন্তু ব্রেক থ্রো করতে গেলে যে বেসিক জিনিস সেই জায়গায় টাচ করছে না। সেই টাচ করবার জন্য আমরা অ্যাপীল করেছিলাম, অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম। সিলেক্ট কমিটি করুন, তারপরে একটা পারস্পারিক মেন্টাল মেকাপে আসতে পারেন কিনা দেখুন। সেখানে ঘরে বসে অ্যামেন্ডমেন্টের উপর আলোচনা করতে পারি, কেননা প্রচুর সময় পাওয়া যাবে। ওখানে আপনি একটা কথা বললে আমরা তার পাল্টা উত্তর দিতে পারবো। কিন্তু এখানে কি সেই অবকাশ আছে? ডিবেট অ্যান্ড ডিসকাসন, ডিবেট অ্যান্ড এক্সচেঞ্জ অব ভিউ ইজ নট দি সেম থিং। পারস্পরিক কথা মানে কি? 'ডিবেট', তর্ক করা এক জিনিস, এখানে আমাদের তর্কের একটা কোন মূল্য থাকতেও পারে বা নাও থাকতে পারে, আপনার উত্তর গ্রহণ করতেও পারি, নাও পারি, ইট ইজ ইমমেটিরিয়াল। কিন্তু এই বিলটা মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই উপলব্ধি করতে পারছেন যে, আমাদের তিন দিন পরে ভাগ্য স্থিরীকৃত হয়ে যাবে। এই স্থিরীকৃত হওয়া কাটাবার জন্য সিলেক্ট কমিটির বিষয়টা আসছে। এটা আমার কথা নয়, শ্রীমতী ইন্দিরা গান্ধী প্রত্যেকটি বিল, কি ছোট কি বড়, প্রত্যেকটি বিল সিলেক্ট কমিটিতে দেন। আপনারা সকলেই এটা জানেন। সুতরাং আমাদের রেওয়াজ আমরা তুলে দেব কেন? ইট ইজ দি বেসিক থিং অব পার্লিয়ামেন্টারি ডিমোক্রাসি। সেটা তো এখন আলোচনার বিষয় নয়। আমি শুধু এই কথা বলতে চাইছি যে, হোয়াট ইজ দি অ্যাটিচিউড অব আওয়ার প্রাইম মিনিস্টার। দেখুন তিনি কি বলেছিলেন ১৯৬১ সালে যে—

"We need much great participation by co-operatives in banking. In our country banking has largely remained the preserve of the affluent, at any rate of the middle-class and above, not only in control but even its reach there is widely prevalent feeling that co-operatives are too mixed up with politics. Co-operation enshrines the principle that the social good is the supreme. My Government is committed to promoting co-operative sector. It must not allow a handful people to dominate its decisions."

মন্ত্রিমহাশয় বলার সময় বলেছেন- আমি এই বিষয়ে ভারি খুশী, কিন্তু ঐ জায়গায়, কালকে আপনাকে আপনার ঘরে বলেছিলাম যে, প্রত্যেকটি পৃথক পরিবারের লোক হবে এবং ল কমিটিও তাই দিয়েছিল। ল কমিটি থেকে আপনি আরও একটু ইমপ্রুভ করেছেন, ভাল করেছেন, কিন্তু শালা, সম্বন্ধীর বেলায় কি হবে? গুষ্টি সমেত তো হবে, তার তো কোন চেক নেই? আমি অ্যামেন্ডমেন্টের সময় আবার বলবো যে, ১৫টি পরিবারের মধ্যে অ্যাটলিস্ট ১২টি শুড বি ডিফারেন্ট ফ্যামিলি। কিন্তু সেই দরখাস্তকারীতো এই কথা বলেন নি যে, এন্টায়ার মেম্বার। ওনলি ১৫ জন যারা দরখাস্তকারী ডিউরিং রেজিস্ট্রেশন তাদের বেলায় বলেন নি, কিন্তু আমি অনেক মেম্বার করবো, মন্ত্রিমহাশয় সেখানে কি করবেন? হোয়ার ইজ ইয়োর গার্ড? দেয়ার ইজ নো গার্ড, দি ডোর ইজ ওপেন। সেই জন্য আমি অ্যামেন্ডমেন্টে আবার বলবো। বোধ হয় আপনি বিলটা নেবেন, কারণ আপনার স্পিরিট যখন এই, আমরা বলেছি যে, টোটাল মেম্বারশিপ, আমি শুধু এই কথা বলতে চাইছি যে, একটা জায়গা বেসিস ধরুন। বেসিস ধরে আসুন আমরা ভাবি। সেটা হচ্ছে, এই যে ভেস্টেড ইন্টারেস্টকে কি করে আমরা ঠেকাবো। কো-অপারেটিভ যদি করতে হয়, তা হ'লে আপনাকে গ্রামের এবং শহরের এই ভেস্টেড ইন্টারেস্ট, যেটা গোড়াতে বলেছিলাম, যে এ আই সি সি-র যে রেজিলিউসন, সেই রেজলিউসনকে অনার করতে হবে। যদিও আমরা আপনার শরিক, আপনি এ আই সি সি-র রেজলিউসন আপনি অনার করবেন না? ভেস্টেড ইন্টারেস্টকে দূর করবার চেষ্টা করবেন না? হোয়ার ইজ দ্যাট বেসিস? আপনি যখন ব্যাখ্যা করবেন তখন বলবেন, আমি শুনতে চাচ্ছি। আমরা ৩০ বিঘার উপর কৃষক, দে শুড বি ইলিমিনেটেড অর বার্ড বাই সাম লিমিটেসান। তারা অন্য কো-অপারেটিভ করুন। আপনি তাদের এখানে ঠেকান। যত টাকা আটকে আছে, আমি যদি পাঁচ জানি, আপনি ৯৫ জানেন। আমার থেকে আপনি ঢের বেশি জানেন, কারণ আপনাকে হোল ওয়েস্ট বেঙ্গল ডিল করতে হচ্ছে। টাকা বাকি পড়ে আছে কাদের কাছে?

আপনারা তো রেজিস্ট্রারদের গায়ে হাত দেবেন না? দেওয়াও কঠিন। কারণ গান্ধীজী, পণ্ডিত নেহেরু বলেছিলেন, আমি তাঁদের কোটেসন এনে দেবো যে, এরা কেন এতদিন ধরে এদের ক্ষমা ক'রে গেছেন। কারণ এরা অনবরতঃ আসে। আমি মানুষ তো? মহাশয়, আমি মুসলমান ধর্ম পড়িনি, কিন্তু জানি আমাদের শিব ঠাকুরকে স্তুতি করলে গলে যায়। শিব ঠাকুর সন্তুষ্ট হন। তার আমি মানুষ, আমি গলে যাবো না? বারবার একটা লোক যদি আসে, কি করবেন রেজিস্ট্রার? তিনি মানুষ ছাড়া তো দেবতা নন, জানোয়ারও নয়, তিনি সাধারণ মানুষ। তার কাছে প্রতিদিন যদি ঘন ঘন যাই, আসি, তা হ'লে এই জিনিস হবে। টাকা গাদা মেরে বসে আছে।

[3-10—3-20 p.m.]

আপনি জানেন না, গাইঘাটা নার্সারী কো-অপারেটিভের কি হয়েছে, গৌর বিশ্বাস, কানাই মণ্ডল সাধারণ মানুষ? সেখানে কত টাকা কত বিষয় আছে। তারপর সন্তোষবাবু আছেন, উনি হাজার হাজার ঘটনার কথা জানেন, কুচবিহারের অবস্থার কথা আমি আর বলতে চাই না। স্পীকার স্যার, আপনি জানেন এই ভেস্টেড ইন্টারেস্ট ইজ দি ক্রুকস্ অব দি প্রবলেম, সেই জন্য আইনের সেই জায়গায় আপনাকে ভাবতে হবে। আমি ১৯৫৭ সাল থেকে এই কো-অপারেটিভ নিয়ে ঘষছি, কিন্তু ঘোষে লাভটা কি, কিছু হবে না। কারণ গ্রামাঞ্চলের যারা সদস্য আছেন তারা এই বিষয়ে ভুক্তভোগী। এই ভেস্টেড ইন্টারেস্টের জন্য এই বিলের কোন অ্যাক্টের কোন জায়গায় কোন লিমিটেসন দেখতে পাবেন না। আমি ওনার সঙ্গে কথা ব'লে যা বুঝেছি উনি অ্যামেন্ডমেন্ট অ্যাকসেপ্ট করলে করতে পারেন। ইন্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভের জন্য আপনার সেক্রেটারীর কাছে গিয়েছিলাম, তিনি বললেন যে, মিঃ গাংগুলী, কো-অপারেটিভটা নামে, ইন্ডাস্ট্রিতে আমাদের কিছুই নেই। আপনি একবার ভেবে দেখুন মন্ত্রিমহাশয়, কতগুলি ইন্ডাস্ট্রি, নানান ইন্ডাস্ট্রি বিশেষ ক'রে নন-এগ্রিকালচারাল কো-অপারেটিভ যেমন ডেয়ারী, পোলট্রি ইন্ডাস্ট্রি হচ্ছে, তারপর বাস হচ্ছে, গাদা গাদা হচ্ছে, সমস্ত টাকা শেস হয়ে গেল, এখানে রেজিস্ট্রার, অ্যাসিসটেন্ট রেজিস্ট্রার, ইনসপেক্টর সমস্ত আছে, তা হ'লে একবার তাদের মাইনেটা অ্যাটাচ করে দিন যে, এত দিন এই টাকাগুলি প'ড়ে আছে কেন? আমাদের দেশে কো-অপারেটিভ বিল্ড আপ করব। আমাদের দেশে প্রফিট মেকিংকে চেক করব, আমাদের দেশের সাধারণ মানুষকে, গরিবকে একত্রিত করব এবং সমবায় গড়ে কাজ করব। কিন্তু কোথায় তার সুযোগ, সুযোগটা কোথায়? যদি তাদের এইভাবে ছেড়ে দেওয়া হয় বা ছাড় দেওয়া হয় এই বিলের উপর আলোচনা করব ব'লে হিসাব নিয়ে আসি নি, না হ'লে আমি হিসাব নিয়ে আসতাম যে, কয়েক কোটি টাকা দেশে খরা সত্ত্বেও আমরা দেশের লোককে সাহায্য করতে পারছি না, ভেস্টেড ইন্টারেস্টের কাছে আমাদের কয়েক কোটি টাকা পড়ে আছে। অফিসাররা যান হিসাব করুন, আপনি অডিটের কথা বলেছেন, কিন্তু সেটার টাইম লিমিট দেন নি। তিনি রিপোর্ট দেবেন, আমরা জানি অডিট রিপোর্ট কত দিনে দেওয়া হয়; আমি যদি ৫ জানি আপনি ৯৫ জানেন। এখন বলবেন, ইউ নো মেনি ব্যাংকস এদের অডিট করা আজকে পর্যন্ত হয় নি। তা হ'লে এর উত্তর কে দেবে, কোথায় তার প্রতিষেধক, এর জন্য অ্যাক্ট কোথায়? তারপর আমরা এই কথা বলেছি যে, অডিটের উইদিন ফিফটিনথ্ ডেস রিপোর্ট দিতে হবে। কিন্তু রিপোর্ট পড়ে থাকবে, দেওয়া আর হবে না, আপনি গুরুতর দায়িত্ব নিয়ে দেখেছেন, আপনি বরাবর কো-অপারেটিভ চালাচ্ছেন, আপনার জানা আছে যে, একজন অফিসার অন্য অফিসারকে ধমকাতে চান না, কারণ মোরেলে বেধে যায়, আমরা দারোগাকে কোমরে দড়ি বেঁধে আনতে চাই না। কারণ অন্য দারোগারা কাজ করতে চাইবে না, মোরেলে বেঁধে যায়। কিন্তু সেখানে একজন অফিসার অন্য কর্মচারীকে ফাইল আনতে বললে ফাইল পাওয়া যায় না, কিন্তু দে আর পেড ফর দ্যাট। এই যে আপনি এইটা দিয়েছেন যে, কেন অডিট রিপোর্ট তাড়াতাড়ি হবে না, কেন রেজিস্ট্রার রিপোর্ট তাড়াতাড়ি পাঠিয়ে দেবেন না উইদিন টি. টু. ফিফটিনথ ডেস? আপনি সজাগ নজর দিয়েছেন, তাতে কোন সন্দেহ নাই। কিন্তু আমার কথা হচ্ছে যে, পারমানেন্ট বা বেসিক সলুসনের দিকে এটাকে আমরা নিয়ে যেতে চাইছি। আপনি সার্ভের কথা এখানে উল্লেখ করেছেন এবং এই জায়গা দিয়ে ধরার চেষ্টা করেছেন। এইটার একটা সার্ভে হয়েছিল, অলইন্ডিয়া ব্যাঙ্কিং সার্ভে। তার মধ্যে তারা যা বলেছেন তা হচ্ছে যে,

কেন এই রকম হয় এবং এই সম্বন্ধে রুরাল কো-অপারেটিভ রিভিউ কমিটির রিপোর্ট যেটা ১৯৬৮ সালে বেরিয়েছিল সেখানে বলছে এই কথা—

The bulk of overdues are, however, to be explained with reference to the lack of operational efficiency of their institutions at different branches in the absence of active interest on the part of the machinery of the State Government.

আপনি এসব হাড়েহাড়ে বোঝেন। এর জন্য বোধ হয় আপনি বলেছেন এখানে ডিবেট করবেন না। কিন্তু এই অ্যাক্ট-এর মধ্যে একটা জায়গায় দেখান আমি তা হ'লে মাথা নিচু করে স্বীকার কবব এই মেসিনারিকে রুলে দেবার জন্য কোন প্রভিসন করছেন কিনা যে, নো প্যানিশমেণ্ট, নো চেক ফর দি অফিসার্স অব দ স্টেট মেসিনারি। এটা করার বিশেষ প্রয়োজন আছে। আমি আপনার সংগে একমত, কিন্তু মুশকিল হচ্ছে একটা জায়গায় যে, আমরা গোড়া থেকে ধরে নিচ্ছি, জনসাধারণ সব হচ্ছে কোরাপ্টেড এটা একটা সর্বনেশে কথা। হোল অ্যাক্টটা যদি দেখেন তা হ'লে এটা প্রথমেই মনে হবে—আই মে বি রঙ—এই বিলটার জন্য তিনি আমাকে খুব খাটিয়েছেন, পরীক্ষা দিতে এত কোনদিন খাটিনি। অলটারনেটিভ কোশ্চেন পাব ব'লে কতকগুলি চাপটারকে বাদ দিয়েই পড়তাম। কিন্তু আমি এটা আগাগোড়া পড়েছি। এটা ৮৫ পাতার। এসব জায়গায় পড়লে আমি যা বলছি সেটাই ইমপ্রেসন হবে। আপনার বক্তব্যে বলেছেন, কি করে টাকা আদায় হবে সে সময়ের জন্য এইসব সেফগার্ড করেছেন। ল কমিটির মধ্যে না থাকলেও সেখানে আমরা সেফগার্ড-এর কথা ভাবছি। এখানে ধ'রে নেওয়া হচ্ছে, এই লোকগুলি এখানে থাকবে। অতএব মেসিনারিকে টাইট করতে হবে। কিন্তু মেসিনারির মধ্যেই যে গোলমাল। এর বেসিক ভাল হ'লেই ভাল। এই ল কমিটি হয়েছিল ১৯৬৭-৭০। আমরা আলোচনা করছি ১৯৭৩-এ। আপনারা কেউ কিছু মনে করবেন না এই অ্যাসেম্বলীর এত বাচ্চা আগে কখনও দেখেছিলেন। সুতরাং হোল জিনিসের পরিবর্তন হচ্ছে। আমরা চিরকাল কংগ্রেসকে গালাগালি দিয়ে এসেছি। শ্রীপ্রফুল্ল সেনকে যদি তাড়াতে না পারতাম, তা হ'লে আমরা আপনাদের সংগে আসতাম না। হোল জিনিসের পরিবর্তন হচ্ছে অরিয়েন্টেসন হচ্ছে। সুতরাং আজ কোন অ্যাক্ট আনলে সেখানে তার বেসিকটা ধরতে হবে। সাম অরিয়েন্টসন ইজ হ্যাপেনিং এবং সামথিং নিউ ইজ কামিং। আজ পিপল অনেক কনসাস। পুলিসমন্ত্রী সুব্রতবাবুকে একদিন আমি এবং সুবোধ ব্যানার্জি বলেছিলাম, আপনি ভালভাবে কাজ করুন। তখন ভাবি নি যে, উনি পুলিসমন্ত্রী হয়ে যাবেন। কিন্তু হোল অ্যাক্টের মধ্যে ইট ইজ ল্যাকিং, ইট ইজ মিসিং আমি তাই বারবার আবেদন করব গ্রামের কৃষক, শহরের মধ্যবিত্ত তাদের জন্য কি করছেন? তার প্রভিসন কোথায়, স্কোপ কোথায়? আমরা কেবল আইন করছি কি ভাবে তীর নিক্ষেপ করে হত্যা করব? আপনার ম্যানেজমেন্ট পারে না টাকা আদায় করতে? তা যদি না পারে, তা হ'লে এই অ্যাক্ট-এর মধ্যে আপনার মেশিনারিকে আটকাবার কোন ব্যবস্থা নেই। এসব জিনিস আছে কিনা তা খুঁজে বার করার চেষ্টা ক'রে কোথাও পেলাম না। এই যে একটা ক্রস-সেকসন এটা হোল ইন্ডিয়ার ক্ষেত্রেই রয়ে গেছে। মহারাষ্ট্র,

[3-20—3-30 p.m.]

কেরালা, হরিয়ানা, মাদ্রাজ কো-অপারেটিভ অ্যাক্ট পড়ে দেখেছি কিন্তু ঐ গণ্ডগোল থেকে অফিসারদের ঠেকাবার কোন যন্ত্র খুঁজে পাই নি। আজকে বিলটাকে যদি সর্বাঙ্গীণ সুন্দর করতে হয়, তা হ'লে বিলটা সম্বন্ধে পুনরায় ভাবুন, বিলটাকে সিলেক্ট কমিটিতে দিতে পারেন, সিলেক্ট কমিটি অল্প সময়ের মধ্যে করতে পারে. এ সম্বন্ধে আমাদের লিডারের সংগে কথা বলতে পারেন। এই বিলটাকে যদি সেইভাবে না দেখেন, তা হ'লে গণ্ডগোল হবে। আপনি বলুন যে, ৩ মাসের মধ্যে যদি কোন কো-অপারেটিভ রেজিস্ট্রি না করেন এবং রেজিস্ট্রি না করার যদি যুক্তি না দেয়, তা হ'লে আমরা ধরে নেব যে, সেই কো-অপারেটিভ রেজিস্টার্ড। কারণ, ডিপার্টমেন্ট তার কর্তব্য কর্মে অবহেলা করেছেন ব'লে সেই অ্যাপ্লিকেন্টের রেজিস্ট্রেসান রিফিউজড, রিজেক্টেড হতে পারে না। আমার অভিজ্ঞতা দিয়ে বলি, একটা স্মল ম্যাচ ইন্ডাস্ট্রি করবে. ডিস্ট্রিক্ট লেভেলে তার মেশিনারী আছে, তারা গিয়ে দেখল হোয়েদার দিস ইন্ডাস্ট্রি ইজ ফিজিবল অর নট, সেখানে তারা দেখল সফট উড, রিফিউজী অধ্যুষিত এলাকা, প্রচুর সস্তা লেবার আছে, রেলওয়ে, রিভার, মেন রোড আছে, সব দেখে বললেন যে, ইট ইজ ফিজিবল, কিন্তু এ আর সি এস কি বললেন, তিনি বললেন, কো-অপারেটিভ রেজিস্ট্রেসান করব না, তাঁর

অজ্বহাত হচ্ছে, এই ম্যাচ ইন্ডাস্ট্রিতে ট্রেন্ড ওয়ারকার নেই। স্মল ম্যাচ যারা করে তাদের দিয়ে দ্বজনকে তারা ট্রেনিং দিয়ে নেবে, আপনি যদি রেজিস্ট্রি করেন, তা হ'লে তারা শ্বর্ব করতে পারে, সেটা তো আগে কর্বন। সরকারী কর্মচারী যখন তদন্ত করে বলেছে যে এই জিনিস ফিজিবল তখন দেখতে হবে এই জিনিস কি ক'রে গ্রো করাতে পারি। কিন্তু তা না ক'রে তাতে বাধা স্ছিট করছেন। এই যে ট্রেন্ড, পরাধীন দেশের যে গ্লানি, সেই প্বরানো ঝোঁক আজও রয়ে গেছে। এই যে লিগ্যাসি এটা দ্বর করবার মনোভাব কোথায়? সেই ট্রেন্ড কোথায়? সেই ট্রেন্ডের গ্রোথ করাতে হবে। কো-অপারেটিভের দিকে লক্ষ্য রেখে যদি এই অ্যাক্ট করতে হয়, তা হ'লে আপনি যে রিজিনস অ্যান্ড অবজেক্টস্ দিয়ে শ্বর্ব করেছেন তাতে ক্লজ বাই ক্লজ আপনাকে ভাবতে হবে, সেই জিনিস হচ্ছে কিনা সেটা আপনাকে দেখতে হবে। আমি আপনাকে বলি চেক কোথায় আছে। এগ্রিকালচারাল কো-অপারেটিভে ভেস্টেড ইন্টারেস্টকে ঠেকাবার জন্য কোথায় চেক আছে? যখন রেণ্ব চক্রবর্তী ছিলেন তখন বলেছিলাম জমির সীমা বেঁধে দিতে হবে, ৩০ বিঘার উপরওয়ালা জমির মালিককে আমরা র্বরাল কো-অপারেটিভ সোসাইটিতে নেব না। তারা অন্য কো-অপারেটিভ কর্বন, দেয়ার আর হান্ড্রেডস অব কো-অপারেটিভস। তারা ফার্মিং কো-অপারেটিভ করতে যান, সেখানে ছোট বড় জমি নিয়ে করতে পারেন, কর্বন। কিন্তু কৃষিতে উন্নতি করবার জন্য আমরা যেখানে চাচ্ছি সেচ, সার তারা একসঙ্গে করবে, তার টাকা, তার উদ্যোগ, সেখানে হাঙ্গর, কুমির এসে পেঁছালে তাদের আর কিছ্ব থাকবে না, তারাই সব খেয়ে ফেলবে। এর প্রতিষেধক আপনাকে আনতে হবে। সঙ্গে সঙ্গে এর রিলেসান গভর্নমেন্টের উপর কিভাবে নির্ভর করবে তা বলতে হবে। আপনারা ব্যাঙ্কিং করবার সময়--সে তো লিখে দিল আমার ২৫ বিঘা জমি আছে, কিন্তু আছে হয়ত ৭৫ বিঘা, এটা ঠেকাবে কে? সেজন্য কো-রিলেটেড, কোন জায়গায় দিতে হবে রেজিস্ট্রার মাস্ট কনসাল্ট, রেজিস্ট্রারের কাছ ছাড়া এটা জানবার কোন উপায় নেই। ক্লিয়ারেন্স সার্টিফিকেট আমাদের দরকার, তা না হ'লে আমরা ব্বঝতে পরবো না। কিন্তু পরবর্তীকালে সাবরেজিস্ট্রার যদি ঘ্বষ খেয়ে কিছ্ব করেন, তা হ'লে আপনার হাতে যন্ত্র আছে, তাতে অস্ববিধা হবে না। কিন্তু চেক আমাদের আনতেই হবে। একদিকে যেমন তলায় চেক আনবো, তেমনি উপরে যদি চেক না করি, তা হ'লে সব ধ্বয়েম্বছে যাবে। আমি এখানে নাম বলব না, তারা এখানে কাজ উদ্ধার করে নিয়ে গিয়েছে, অথচ আমাদের ম্যাচ ইন্ডাস্ট্রি রেজিস্ট্রি হ'ল না। কিন্তু সিমিলার থিং আর এক জায়গায় সোডা অ্যাশ, এখানে কিন্তু কর্মচারী ট্রেন্ড না হ'লেও সেটা রেজিস্ট্রি হয়ে গেল, কারণ সেখানে চেক নেই। চেক যদি থাকত, তা হ'লে হতে পারত না। আমাদের মতন গোবেচারাকে চেক করা খ্বব সোজা। এখানে প্রশ্নটা আমার তা নয়, ইফ ইউ অ্যাপ্রিসিয়েট মাই স্পিরিট সেই স্পিরিটটা নিয়েই আমি বলতে চাইছি। কিন্তু আমি জানি আমরা কিছ্বতেই কনভিন্সড করাতে পারব না, কারণ আমি মনে করি, অফিসারদের যথেষ্ট গাফিলতি আছে। আপনি বলবেন, টাকা আদায় হয় না। কিন্তু আমি এখানে গ্যারান্টি দিচ্ছি না, কিন্তু এটা ঠিক যে, টাকা আদায় হয় না চাষের পরে যায় না ব'লে। কারণ অফিসাররা কাদা ভাঙ্গতে রাজী নয়। সেটা বড় কঠিন। মোটরে করে গিয়ে ঘ্বরে বেড়ালেই টাকা আদায় হয় না। এখন ডিস্ট্রেড ওয়ারেন্ট ইস্ব্ করবেন, আগে তা ছিল না। যখন কৃষকরা পাগল হয়ে যায় লোনের জন্য সেই সময় আপনারা গিয়ে তাগিদ করেন, কারণ ফাইনানসিয়াল ইয়ার ক্লোজড হয়ে যাচ্ছে মার্চ মাসে, তার আগে সব দিয়ে দিতে হবে। সেই সময়, সেই হিসাবনিকাশের সময় অফিসারদের ঘ্বম নেই। কিন্তু আমি বলি, মার্চ মাসে তো লোকে টাকা ধার চায়। কৃষকরা তো তখন লোনের জন্য পাগল হয়। যদি সত্যি আপনারা টাকা আদায় করতে চান, তা হ'লে নভেম্বর ডিসেম্বরে যেতে হবে। কিন্তু তখন তো এক হাঁটু কাদা। স্বতরাং টাকা আদায় হয় না। আপনারা যেমন ব্যাঙ্ক ইনসিওয়োর্ড করালেন ক্রপ ইনসিওরেন্স সে রকম করা যায় কিনা সেটা ভেবে দেখবেন। কথাটা হচ্ছে আমি প্রত্যেকটি আইটেমে এক একটা জিনিস আনতে চাইছি। সেটা হচ্ছে মেসিনারি ইন রিলেসান ট্ব পিপল। এই বিলে আছে, এটা অনেক দরদ দিয়ে দেখছেন সেটা ঠিক, কিন্তু আর একটা যে মোটেই নেই সেটা হচ্ছে অমনিপোটেন্ট করে দিয়েছেন। আজকে ভগবানের থেকে রেজিস্ট্রার বেশি ভাগ্যবান। এদের চেকটা কোথায়? আমাদের রেজিস্ট্রারদের উপর কোন রাগ নেই, আমরা বলছি মেসিনারিটার কথা। এই মেসিনারিতে চেক কোথায় আছে, এই বিলে সেটা দেখবেন, আমি তা হ'লে খ্বশি হতে পারবো। তা না হ'লে আমরা এটা দেখে পাগল হয়ে যাচ্ছি। আপনি বললেন, ব্যাঙ্কিং ইউনিয়ানে বাধা

দেবেন না। এতে সরকারী কর্মচারীরা খুব খুশী। তার কারণ লাখ খানেক কো-অপারেটিভ করতে হবে। কারণ যত বেশি হবে তত অফিসার বাড়বে। রেজিস্ট্রারের উপর আমার কোন রাগ নেই। প্রশ্ন উঠেছে যে, মেসিনারিটা ঠিক জায়গায় নিয়ে আসতে পারি কিনা। দেখুন
[3-30—4-00 p.m.]
এটা করবেন না, তা হ'লে টাকা আদায় হবে না, সর্বনাশ হয়ে যাবে। প্রশ্নটা এইখানে আসছে যে, আমরা এই ব্যাপারে মেসিনারিটাকে কোন জায়গায় নিয়ে আসতে পারি কিনা। তিনি আমাদের হাত চেপে ধ'রে বললেন যে, আপনি বাধা দেবেন না। আমি বললাম, দেখুন এইরকম করবেন না, তা হ'লে টাকা আদায় হবে না, সর্বনাশ হয়ে যাবে। কথাটা হচ্ছে এই যে লার্জ সাইজ কো-অপারেটিভ ক'রে কি হ'ল, আবেদিন সাহেব ভাবুন তো ল্যাক্স অব রুপিস আনরিয়ালাইজড, হতে পারে না। আমরা ছোট একটা ব্যাঙ্ক চালাতে পারছি না আর ঐ ২৫টি ব্যাঙ্ক নিযে কখনো চলে?

Mr. Speaker: Mr. Ganguly, I am not obstructing you. How much time do you like to take? If you take 15 or 20 minutes more, I will adjourn the House. You may resume after the adjournment.

Shri Ajit Kumar Ganguly: All right, Sir.

(At this stage the House was adjourned for half an hour.)

(After adjournment)

[4-00—4-10 p.m.]

Mr. Speaker: Mr. Ganguly, you may begin now.

শ্রীঅজিতকুমার গাঙ্গুলি: আমি যে কথা দিয়ে বলছিলাম সেই কথা দিয়ে শুরু করছি। আমাদের মেসিনারি পরিষ্কার পরিচ্ছন্ন করার প্রয়োজনীয়তা রয়ে গেছে। কারণ স্পীকার মহাশয়, আপনি জানেন পণ্ডিত নেহেরু দুঃখ করে পার্লামেন্টে বলেছিলেন, সার্ভে কমিটির ব্যাপারে, তিনি বলেছিলেন—'আমার দুঃখ হচ্ছে যেখানে ভারতবর্ষের গরিব মানুষদের টেনে নিয়ে এক জায়গায় তুলতে হবে, বিশেষ করে সমবায়ের মাধ্যমে, সেখানে আমরা সেটাকে এখনও অফিসারদের মধ্যেই রেখেছি, সেটা জনতার মধ্যে আনতে পারি নি।' এটাই ছিল তাঁর দুঃখের কথা। এটা আমরা সকলেই ফিল করছি, এজন্য অফিসাররা দোষী নয়। আসলে আমাদের সামাজিক এবং অর্থনৈতিক অবস্থাই প্রতিবন্ধক হয়ে আছে। সেটার কথা এখানে আনছি না, আমার কথা হচ্ছে, মেসিনারি কিভাবে ভাল হবে সেটার কথা ভাবতে হবে। এতে যে সেন্ট্রাল কো-অপারেটিভস অ্যাপেক্স, মার্কেটিং কো-অপারেটিভ, তার হিসাব মন্ত্রিমহাশয়ের কাছে আছে, এদের যে এত টাকা লোকসান এবং অনাদায় হয়ে আছে, যে কথা একদিন তিনি দুঃখ ক'রে বলেছিলেন, ক্যালকাটা হোলসেল নিয়ে বিপদে পড়েছেন, ক্যালকাটা হোলসেল একটা পার্টিকুলার ইনস্টিটিউসনের কথা বলছি না, বলছি এই সমস্ত অ্যাপেক্স সেন্ট্রাল ম্যানেজারিয়েল স্টাফ এদের বেশির ভাগই তো সরকারী কর্মচারী, তা হ'লে এই রকম হ'ল কেন? গলদ রয়ে গেছে আমাদের মেশিনারির মধ্যে, এই যে ঢিলে-ঢালা পদ্ধতি, আমাদের অ্যাক্টের মধ্যে এমন কোন প্রভিসন করতে হবে যাতে এদের কালঘাম শুকিয়ে দিতে পারি। অনেক দিন আগের কথা, তখন বি ডি ও ছিল না, তখন ছিল সার্কল অফিসার, ঠাট্টা ক'রে বলেছিলেন এখন যারা সরকারে আছেন, তাদের গলায় মালা দিই, আপনারা এলে আপনাদের গলায় তখন মালা দেব। আমি বলেছিলাম, মিত্র মহাশয়, কাজে আপনারা উৎসাহ পান না, তাই উৎসাহ দেখান না, আমরা যখন সরকারে আসব, তখন বুঝতে পারবেন, তখন রাত্রে ঘুমাতে পারবেন না। এখন যেমন ১০টা থেকে ৫টা চাকুরি করেন, তখন তা থাকবে না। তখন আপনারা হবেন সোসাল ওয়ার্কার। মন্ত্রিমহাশয় এমন একটা জিনিস করুন সরকারী কর্মচারীরা মনে করতে পারে যে, তারা সোসাল ওয়ার্কার। লেট দেম ফিল দ্যাট 'উই আর সোসাল ওয়ার্কারস, নট পাবলিক সার্ভেন্টস'—এই জিনিসটা তাদের বোঝাতে হবে। অ্যাক্টের মধ্য দিয়ে সেই স্পিরিট তাদের গ্রো করাতে হবে। এখানে যে বসে মাননীয় সদস্যবৃন্দ, আপনারা কি মনে করেন আমরা কেউ ২৫০ টাকার কর্মচারী? কেউ এটা মনে করেন না, নট এ সিঙ্গল সোল, আমরা প্রত্যেকেই

মনে করি আমাদের কনস্টিটিউয়েন্সিতে যেয়ে আমাদের সার্ভিস দিতে হবে, সোসাল সার্ভিস আমরা দিয়ে আসছি, বেঁচে থাকার জন্য সার্টেন অ্যালাউয়েন্স নিতে হয়। সরকারী কর্মচারীদের যদি বুঝতে পারা যায় ইউ আর নট এ সার্ভেন্ট, ইউ আর এ সোসাল ওয়ার্কার। ইউ মাস্ট সার্ভ দি কান্ট্রি, তা হ'লে কাজ অন্য রকম হবে। সেই স্পিরিট এর মধ্যে নাই। কেন নাই? কেন করা যাচ্ছে না? সরকারী কর্মচারীদের ওপরওয়ালা যে হুকুম দিচ্ছেন সেখানে অবজেক্টিভ কনডিসনের সঙ্গে মিল নেই। কিন্তু যেহেতু সাবরডিনেট তাই কাজ করতে হচ্ছে, কাজে তাই উৎসাহ পান না। কিন্তু তলা থেকে উপর পর্যন্ত যদি আমরা কোরিলেট করতে পারি, তা হ'লে তখন কি একজন কর্মচারী মনে না ক'রে পারবে—

My plan has been accepted by the Government and I shall implement it to the fullest extent.

তা হ'লে তাদের কি ১০টা থেকে পাঁচটা ডিউটি করবার অবকাশ থাকবে? রাইটার্স বিল্ডিংসে পাঁচটা পর্যন্ত কাজ ক'রেই কি মোটরে উঠতে পারবে? তাঁদের মনে কাজটা ইনকম্পলিট রয়ে গেছে, তখন ছুটতে হবে অমুক জায়গায়। অ্যাক্টের মধ্যে সে জিনিস নাই, ইট ইজ মিসিং। কারও উপর রাগ করলে হবে না, আজকের দিনে আমি তাই অনুরোধ করি যে, লুপহোল ছিল, যে ল্যাকুনা ছিল, সেটা বন্ধ করতে হবে, তা হ'লে অনেক জিনিস নিজেই করবে। করবার অনেক জিনিস আছে, আপনি অবশ্য সেই জিনিসটা ব্রেকথ্রু করতে চেয়েছেন, কিন্তু ইজ দিস অল?

[4-10—4-20 p.m.]

আপনি মন্ত্রী, আমি সদস্য। আমরা সবাই এক—উই আর অল এম এল এজ—একই সাথে আমরা চলবো। আমরা আপনাকে মন্ত্রী করেছি, সেই কথাটা আপনি ভাববেন। আমরা সেই জিনিসটা কি ক'রে আনতে পারি। সেই জিনিস না আসা পর্যন্ত আমাদের নেগেটিভ নেতিবাচক —সমালোচনা করা, গালিগালাজ করা সহজ, পজিটিভ কিছু করতে হবে, কনক্রিট কিছু করা প্রয়োজন। দ্যাট ইজ দি টাস্ক অব দি এম এল এজ সেই অ্যাটিচিউড-এর মধ্যে নাই। আজকে শুধু গালাগালি। মানুষ মাত্রেই ত্রুটিবিচ্যুতি থাকে। মন্ত্রী নিজে বলেছেন, আমরা অনেক ত্রুটিবিচ্যুতি দেখছি অনেক কিছু আমাদের বদলাতে হবে। কিন্তু প্রশ্নটা সেখানে নয়, যে জিনিসটা প্রয়োজন, সেই জিনিসটা এর মধ্যে নেই—মিসিং আপনাকে একটা দেখাই, আইনটা সেকসন ৭৮(ই), যেখানে ট্রান্সফারের ব্যাপার, সেখানে দেখবেন, আমরা কি কাণ্ডটা করলাম, যেটা করেছি, অ্যামালগেমেসন অপরাধজনক কাজ করেছি, তা নয়। মানুষের ন্যাচারাল জাস্টিস আমরা ডিনাই ক'রে দিচ্ছি, এই অ্যামালগেমেসন হ'ল। ব্যাংক যাঁরা ট্রান্সফার্ড হলেন—ট্রান্সফারীজ, তাদের ইচ্ছে ক'রে সারপ্লাস করা হ'ল—তারা ছাঁটাই হয়ে গেল। তাঁরা যদি মনে করেন ইনএফিসেয়েন্ট, তা হ'লে ছাটাই হয়ে গেল। মানুষের স্বাভাবিক যে ন্যায়, সেটা আমরা অস্বীকার করছি অ্যাক্ট-এ। কি ক'রে তা হতে পারে? অফিসারকে কি ক্ষমতা দিয়ে দিচ্ছি? আপনি হিয়ারিং দিবেন না? ১৫ হাজার এমপ্লয়িজ, তাঁরা রিপ্রেসেন্টেসন দিয়েছেন গভর্নমেন্টের কাছে। এর কি কোন মূল্য নাই? তাঁরা একটা জিনিস দিচ্ছেন, তাঁরা মনে করেন তাঁরা সমাজে সার্ভিস দেন, সমাজের তাঁরা পার্ট অ্যান্ড পার্শেল তাঁরা বলছেন, ব্যাঙ্কের রেগুলেসন অ্যাক্ট-এ বলছেন। আপনারা সেকসন ৪৫-কে ফ্লাউট করছেন, তাকে ডিনাই করছেন। তারা হতে পারে সারপ্লাস, হতে পারে ইনএফিসিয়েন্ট—সব কারেকট। এখন যেই ব্যাঙ্ক আপনি অ্যামালগেমেট করলেন, তাকে সময় দেব না আমরা বিচার করবার জন্য—অমনি মালিক হয়ে গেলাম? নিজে একটা পদ্ধতি নিতে হবে, দেখতে হবে যারা ট্রান্সফারর্ড হ'ল। আমি সেকসন ৭৮(২)(ই)-র কথাটা এখানে বলছি। অ্যামেন্ডমেন্ট-এর সময় সে বিষয়ে বলবো। আমি বলছি শুধু যে জায়গায় এনেছিলাম মেসিনারিটা আপনার কাছে ১৫ হাজার ব্যাঙ্ক এমপ্লয়িজ একটা রিপ্রেজেন্টেসন দিয়েছেন, আপনি জানেন সেটা। এখানে বলা হচ্ছে ট্রান্সফারী মনে করছে—যাদের নিলাম তারা যদি সারপ্লাস হয়, ইনএফিসিয়েন্ট হয়, তাদের ন্যাচারাল জাস্টিস ডিনাই করা হবে না। ব্যাঙ্ক রেগুলেসান অ্যাক্ট-এর সেকসন ৪৫-এ প্রোটেকসান দিচ্ছেন তাকে। অথচ আপনি ডিনাই করছেন মেসিনারি। এ একটা অভূতপূর্ব ক্ষমতা দিচ্ছেন। এ হতে পারে না। তা হ'লে মানুষ উৎসাহ পাবে কোথায়? একটা বিচারে সব শুনে করতে হবে। আপনি ল-ইয়ার- সমস্ত ন্যায়বিচারের প্রধান কথা হচ্ছে হিয়ারিং

দিতে হবে। যে বিবাদী আসামী তার কথা শুনতে হবে। আপনাকে সেই স্কোপ দিতে হবে। এর মধ্যেও রাখতে হবে। স্ট্যালিনকে তো সরিয়ে দেওয়া হয়েছে। তিনি এক জায়গায় বলেছেন—নাউ হি ইজ নো মোর ২০ পারসেন্ট কারেক্ট হতে পারেন এবং দেয়ার ইজ চান্স অব ৮০ পারসেন্ট টু বি ইনকারেক্ট, ভুল হতে পারে। কেন তা রাখবো বলুন? তা হয় না। কিন্তু তাতে প্রমাণ হয় না, আমি সায়েনটিফিক জাজমেন্ট দিচ্ছি। এইখানে প্রশ্নটা বলতে চাইছি। আপনাদের এইটুকু ভাবতে হবে, আমাদের মেসিনারি অ্যাক্ট ১৬ আনা সম্পূর্ণ করা যাবে কিনা, পার্ট করবেন, না হোল করবেন? মন্ত্রিমহাশয়ের যে স্পিরিট দেখেছি তাতে বুঝেছি পার্ট করবেন না, হোল করবেন। সেইজন্য সামগ্রিকভাবে বিলটা বিচারের মধ্যে আনতে হবে। যদি তা না করেন, তা হ'লে সবটাই ব্যর্থতায় পর্যবসিত হবে, যেটা বারংবার হয়েছে। মিঃ স্পীকার স্যার, আপনি দেখুন এই অ্যাক্টের আলোচনা স্তরে এসে আমরা দেখেছি, এই জিনিস তারা বলেছেন রুরাল ক্রেডিট রিভিউ কমিটিতে এবং সেকথা আমি তুলছি তাদের অবজারভেসান উড়িয়ে আমরা দিতে চাই না। ১৯৬৯ সালে রুরাল ক্রেডিট রিভিউ কমিটিতে তারা বললেন,—

'There is a fairly widespread impression that vested interests have so established themselves in the management of primary agricultural credit society that in many parts of the country they are virtually monopolising in the benefits of co-operative growth. In many cases the domination by co-operative institutions by a particular group results in the denial to membership or credit to the members of other groups, particularly at the primary level. As is wellknown and fully proved credit resources of the co-operative institutions are largely utilised by the minority propertied classes who are on the top of the economy are utilising their position and power to enrich themselves to the grievous disadvantages of the dispossessed and oppressed majority of the rural community."

জ্ঞানচাঁদের বক্তব্য আপনি জানেন। এইটুকু বলতে গিয়ে রিপিট না হয়, দুটো লেয়ার আনতে বলতে চাইছি, এটা বোঝা উচিত। আজকে যা কিছু করতে চাইছি তাতে একটা পারটিসান স্পিরিট এসে যাচ্ছে। রাজনীতি বহির্ভূত কিছু থাকবে না, এটা ঠিক। কিন্তু যেখানে রাজনীতি কতকগুলো মিলনক্ষেত্র সেই জায়গায় পয়েন্ট অব সাইনস যাকে সায়েন্সে বলে সাইনাসক, সেই জায়গায় আমরা এগোতে বলবো। আপনি বলেছেন একটা গোষ্ঠী ব্যাঙ্কে পরিণত না হয়, খুঁজে তা দূর করতে হবে, অ্যাক্টের মধ্যে প্রভিসন সৃষ্টি করতে হবে। আপনি বলেছেন, আমিও বলবো উদাত্তকণ্ঠে দেশের মঙ্গল হবে, কিন্তু কিভাবে মঙ্গল হবে? শ্যামাপ্রসাদবাবু বলতেন, হিন্দু, মুসলমান ভাই ভাই। আমরাও বলতাম, জিন্না সাহেবও বলতেন, গান্ধীজি বলতেন। আমরা গ্রামে গ্রামে যখন যাই, তখন বুঝাই গল্প ক'রে কথামালায় লেখা আছে, দশটা বাঁশের কঞ্চি এক জায়গায় ক'রে ভাঙ্গা যায় না, কিন্তু এক এক জায়গায় থাকলে তা ভাঙ্গা যায়। কিন্তু কথা হ'ল, এক জায়গায় দশটা কঞ্চি হবে কিভাবে? একটা কথা জয়নাল আবেদিন সাহেবকে বলি, আমি সব বুঝে আসছি, এটা ঠিক নয়। আমার সে

[4-20—4-30 p.m.]

স্পিরিটও নাই, সে স্পর্ধাও নাই। একথা আমরা বুঝি—কিন্তু মুখে বলি। এটা রেসিপ্রোক্যাল—এই রকম মনে করবেন যদিও আপনাদের সমস্ত জিনিসের সুযোগসুবিধা আছে—ডকুমেন্টস বা সব কিছুই আপনারা সাপ্লাই করতে পারেন—সবই ঠিক আছে। অবশ্য আমাদের তা নেই। কিন্তু তা সত্ত্বেও যদি মনে করেন, আপনারা সব বুঝে ফেলেছেন, তা হ'লে একথা ঠিক হবে না। আমাদের মধ্যে একটা পারস্পরিক বোঝাপড়ার মধ্যে এই বিলটি ঠিক করা উচিত ছিল। আপনারা যে বিল নিয়ে এসেছেন এই আইনসভায় সেইভাবে আমি এখানে বলতে চাই যে, বিভিন্ন জায়গায় দেখবেন, অনেক গোলমাল আছে, অ্যামেন্ডমেন্টের দফাওয়ারী যখন আলোচনা হবে , তখন আমি বলবো। টাইম লিমিট সমস্ত জায়গাতেই করতে হবে। না করলে দেখবেন যে, পাহাড়-পর্বত সমস্ত জিনিস আপনাদের ঘাড়ে গিয়ে পড়বে তাতে আপনারা দিশেহারা হয়ে যাবেন, চাপা পড়ে যাবেন। আজকে যদি ২০০ টাকা খরচ হয়, তাতে অনেক রকম পদ্ধতি পেরিয়ে তা খরচ করতে হবে। কারণ ইট ইজ এন এজ অব স্পীড এবং এজ অব কো-অপারেসন। তাই যেহেতু ইট ইজ এন এজ অব স্পিড আপনাকে সেই মোসন সেই

স্পিডের খাপ খাওয়াতে হবে। আমাদের উর্ধ্বতন ও অধস্তন কর্মচারীদের এবং মিনিস্টারদের যে সামগ্রিক শক্তি এবং তার যে স্পিড তার সঙ্গে খাপ খাইয়ে যদি চলতে হয়, তা হ'লে আপনাকে এই বিল সম্বন্ধে অন্তত একটু ভাবতে হবে। তাতে যদি দু'এক দিন সময় যায় ক্ষতি কি? কারণ যা করতে যাচ্ছেন পশ্চমবঙ্গের তলার সেই গরিব অংশের মানুষদের সম্মিলিতভাবে যে গড়ে তুলতে চাচ্ছেন এবং তারই প্রচেষ্টার জন্য এই অ্যাক্ট এবং এই অ্যাক্ট পাশ হয়ে গেলেই তো সব শেষ হয়ে যাবে না। তাই আমার একমাত্র আবেদন থাকবে যে, সেইদিকে বিবেচনা ক'রে আপনি এই বিলটিকে দেখুন। এমন অনেক জায়গা আছে যেখানে বেশ কিছু পাল্টাবার যে প্রয়োজন আছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু সেটা প্রয়োজনের তাগিদে করবেন। অবশ্য করবেন কিনা সেটা ভাববার জিনিস আছে। আপনারা ক্ষমতা দিয়েছেন যদি মনে করেন গভর্নমেন্ট, তা হ'লে অ্যাক্টটিকে ভাঙ্গতে পারেন বা দু'টিকে মিলিয়ে দিতে পারেন। খুব ভাল কথা, কিন্তু এই আইনে যে প্রভিসন আছে যে, যদি ব্যাঙ্কের মেজরিটি অংশ মনে করেন যে ঐ ব্যাঙ্কের সঙ্গে যুক্ত হবো, তা হ'লে যুক্ত হতে পারে—সেই প্রভিসন রেখেছেন। তেমনি সেখানে রেজিস্ট্রার বলেছেন যা সেটা চেক ক'রে দিন না কেন যে ইফ ইট ইজ কনফার্মড বাই দি মেজরিটি অব দোজ ব্যাঙ্কস—এই রকম একটা প্রভিসন রাখলে ক্ষতি কি? ক্ষতি নাই, তা নয়। আমি মনে করি আজকের দিনে পরস্পর যদি ভাবেন, তা হ'লে ক্ষতি আছে। কারণ একটা জুয়াচোর বদমায়েস গোষ্ঠী রয়ে যাবে—আমরা তাকে ভাঙ্গতে চাচ্ছি। মেজরিটি বলবো কিন্তু সেখানে একটা গার্ড একটা কস্যান দিতে চাই, তা হ'লে আর পারবে না। সেইজন্য আইন প্রয়োগের ক্ষেত্রে যা এখানে আছে তাতে আমরা কিন্তু যেটা ভাবছি যে, জনসাধারণের চেতনার মান উপর দিকে চলেছে, সেই পরিপ্রেক্ষিতে যদি ভাবি, তা হ'লে কি হবে? আজকে বদমায়েসদের ঘাঁটিয়ে দিলে তারা সব নষ্ট ক'রে দিতে পারে, এটা একটু ভেবে দেখবেন। আমি দু'দিকই বললাম যেমন একটা গার্ড একটা কস্যান নেবার দিক আছে, তেমনি একথা ঠিক যে, আর একটা দিক আছে উল্টো দিক। সেটা আপনাদের দেখবার কথা। তরপর অডিটের ব্যাপারে বলেছেন। অডিট ফি সম্বন্ধে ডিটেলস রাখার দরকার নাই। এই ডিটেলস সম্বন্ধে আমি রুলে বলবার সময় বলবো। তবে কতকগুলি ব্রডার আছে সে সম্বন্ধে আমি বলবো। অডিট সম্বন্ধে দেখবেন যা আছে তা ঠিক নয়, আমি বলবো একটা প্যানেল অব অডিটর থাকুক। সেখানে যে কোন অডিটর গিয়ে অডিট করবেন। কারণ তা না করলে, অনেকেই যেতে চায় না। অনেক সময় যে কি মুশকিলে পড়ে যেতে হয় তা আপনি দেখেছেন। এ না করলে ব্যাঙ্ক অডিট হবে না, তাকে নিয়ে যেতে পারবো না। কিন্তু এটা যদি করেন যে, একটা প্যানেল অব অডিটর থাকবে ৫ বা ৬, তার মধ্যে যে কোন একটা বেছে নিতে পারবো এবং তা হ'লে আমাদের পক্ষে ব্যাঙ্কের পক্ষে সোসাইটির পক্ষে সুবিধা হয়। কিন্তু দেয়ার ইজ নো সাচ প্রভিসন হিয়ার। এখানে যে ডিফিক্যাল্টি আছে সেটা আমরা পরে বলবো এটা করতে লেখা আছে, এটা খুঁজলেই পাওয়া যাবে। এই রুলটাকে আমরা একটু আটকাতে চাচ্ছি। এবং এটা অ্যাক্টের মধ্যে থেকে তুলে দিতে চাচ্ছি। রুলে যেটা আছে সেটা অ্যাক্টের মধ্যে বাধা দিয়ে দিলে অ্যাক্ট হতে পারে না সেটা আপনি জানেন এবং আমরাও কিছুটা জানি। তাই বলছি যে অডিটের ব্যাপারে এই সব গন্ডগোল হয়ে গেল। এই সব এত দিন তো ভাঙ্গেন নাই। আমাদের যারা পরিচালনা করেন তাঁদের সেই অডিটের সেকসনটি একটু সুচিন্তিতভাবে ভেবে দেখতে বলছি যে, এগুলিতে অনেক অসুবিধা হয়। ইনসিওরেন্সের ব্যাপারে আমি আপনাদের গ্রীট করি। ইনসিওরেন্স ব্যাঙ্ক যেটা এনেছেন এটা খুব সুচিন্তিত কাজ হয়েছে। অবশ্য আরও ওয়েলকামিং ফিচার আছে। রুলের আলোচনার সময় আমি সেগুলি প্রশংসা ক'রে দেবো। আমি বলি যে, এই রকম বিল যেটা আজকে ব্রড স্কেলে আনতে পেরেছেন দেখবেন হাজার হাজার ডিপোজিটার তারা আজকে সাফার করছে এবং সেটা যে কি মর্মান্তিক সাফারিং তা হয়তো আপনারা জানেন। আপনাদের কাছে কত লোক আসছে নিশ্চয়। আমাদের কাছে তো কত লোক আসে। আমরা এ জিনিস সেখান থেকে সংগ্রহ করেছি। আপনারা একটা সামগ্রিক অ্যাক্ট এমনভাবে আনুন যাতে সাধারণ মানুষ একটা স্বস্তির নিশ্বাস ফেল'তে পারে। কিন্তু এই জিনিসটাকে যেমন সুন্দর করেছেন তেমনি সামগ্রিক অ্যাক্টের মধ্যে এমন জিনিস আনুন যাতে এক কথায় সাধারণ মানুষ একটা স্বস্তির নিঃশ্বাস ফেলতে পারে যে, বাঁচলাম, এইবার কো-অপারেটিভ করবো, এইবার কো-অপারেটিভ করলে আর ঠকতে হবে না, এইবার কো-অপারেটিভ করলে আর বঞ্চিত হব না, আমরা আমাদের বিকাশের রাস্তায় যেতে পারবো। কাজেই এই রকম একটা অ্যাক্ট যখন তৈরি

হচ্ছে সেদিকে তাকিয়ে আমি আপনাকে বলব যে, আপনি এদিকে একটুখানি ভাবুন। স্পীকার, স্যার, আমি শেস করার আগে এই কথা বলতে চাই যে, এর প্রতিবন্ধক ছচ্ছে কেন জানি না— আমি শুধু ঘটনা দিয়ে আপনাকে ব'লে শেষ করবো যে, একজন তপস্যা ক'রে একটি বর পেয়েছিলেন। সেখানে তাকে বলল, তুমি কি চাও? সে বলল যে, ভগবান আমার প্রতিবেশী যা পাবে, আমি যেন তার থেকে ডাবল পাই, এইটা চাই। তিনি বললেন, তথাস্তু, তুমি যা পাবে তোমার প্রতিবেশী তার অর্ধেক পাবে। তখন তিনি বললেন, আমি গরিব মানুষ, দু'বেলা দু'মুঠো পেট ভরে খেতে যেন পাই। সে দু'বেলা খেতে পেলে তার প্রতিবেশী একবেলা খেতে পায়। তারপরে সে বলল, আমার যেন একটা দোতলা বাড়ি হয়। তার দোতলা বাড়ি হ'ল, তার প্রতিবেশীর একতলা বাড়ি হ'ল। সে কালিয়া, পোলাও খায়, তার প্রতিবেশী ডাল, ভাত খায়। লোকেদের খুব রাগ হয়ে গেল। তখন সে বলল, প্রতিবেশী কানা হোক, সঙ্গে সঙ্গে ওর দু'চোখ কানা হয়ে গেল। আজকে উনি বলছেন, সিলেক্ট কমিটি করবেন না। তাতে যে লোকসান হবে, সেটা আমাদের লোকসান হবে না, ফিউচার প্রসপারিটি উইল চার্জ এগেন্সট আস, দ্যাট ইজ দি প্রবলেম—সেই জন্য আমি আবার আপনাকে বলব যে, এটাকে সামগ্রিকভাবে করবার জন্য আপনি বিচার-বিবেচনা করুন।

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th day of June, 1973.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে একটি ডিকসনারীর মত মোটা বিল রাখা হয়েছে। জয়নাল আবেদিন সাহেবের তাড়াহুড়া করে এই বিলটি পাশ করিয়ে নেবার ইচ্ছা আছে কিনা জানি না। যেভাবে বিলটি হাউসের সামনে রাখা হয়েছে, এর আগে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যখন এই হাউসের সদস্য ছিলেন তখন ঠিক এইভাবে রাখা হয়েছিল কিনা জানি না— কিন্তু তখনকার সেই সুযোগগুলি আমরা ঠিকমতভাবে পাচ্ছি না। আমরা অপোজিসনে আছি। অপোজিসনে যারা থাকে তাদেরও একটা দায়িত্ব আছে বিলের সমালোচনা করা, বিলের ত্রুটিবিচ্যুতি দেখা এবং জনসাধারণের কথা ঠিকমতভাবে প্রকাশ পাচ্ছে কিনা সেটা লক্ষ্য রাখা, সে সময়টুকুও আমরা পাই নি, যদিও বিলের সমালোচনা করতে হবে। যেটুকু উপর উপর দৃষ্টি দিতে পেরেছি তারই জন্য আমরা অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আমাদের সরকার পক্ষ তারা বার বার গণতন্ত্রের কথা বলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সবাই এই হাউসের নিয়ম দেখেছি, কাগজে পড়েছি, বা অধ্যক্ষ মহাশয়, আপনার কাছ থেকে শুনতে পেয়েছি, আমাদের নেতৃবৃন্দের কাছ থেকে জানতে পেরেছি যে, হ্যাঁ, বিধানবাবু যখন ছিলেন, অজয়বাবু যখন সেই সময় ছিলেন, তখন অনেক সময় সিলেক্ট কমিটি বা সার্কুলেসনের জন্য অনেক বিল পাঠানো হয়েছিল। কিন্তু আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সেসনে সেটা আমরা দেখতে পাচ্ছি না এবং বিলটিকে সার্কুলেসন বা সিলেক্ট কমিটিতে দেওয়ার কোন মানসিকতা সরকার পক্ষ থেকে দেখতে পাচ্ছি না। এটা কি গণতন্ত্র? তাঁদের যেহেতু দলীয় ক্ষমতা আছে সেহেতু দলীয় ক্ষমতার জোরে এই বিলকে তাঁরা পাশ করিয়ে নেবেন। এ এক অদ্ভুত ব্যাপার। পরিষদীয় গণতন্ত্রে কি এটাই বলে? সিলেক্ট কমিটির ব্যাপারটি মোর্চার শরিকদের তরফ থেকে আনা হয়েছে বলে আমরা নতুন করে সিলেক্ট কমিটির কথা প্রয়োজন মনে করি না, সার্কুলেসনের জন্য বলেছি। আমরা বলেছি কো-অপারেটিভ হচ্ছে জনসাধরণের জন্য। ধনতান্ত্রিক সমাজব্যবস্থার মধ্যে অর্থনৈতিক কাঠামো উপরে দাঁড়াতে পারে না, সেখানে অর্থনৈতিক কাঠামো পুনরুজ্জীবিত হয় না।

[4-30—4-40 p.m.]

যেখানে গ্রামের চাষী থেকে আরম্ভ করে শহরের মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত শ্রেণীর হাজার হাজার মানুষ এই কো-অপারেটিভ বিলের সঙ্গে যুক্ত সেখানে সেইজন্যই আমরা সার্কুলেশানের কথা বলেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় হয়ত বলবেন যে, এর জন্য সময় লাগবে অনেক। সময় লাগবে নিশ্চয়। আমাদের কথা হল, ভেবে চিন্তে কাজ করুন, কাজ করে পস্তাবেন না। অনেক কাজই তো আপনারা করেন নি। ইলেকসানের আগে যে সমস্ত কাজের কথা বলেছিলেন তা কি আপনারা করেছেন? দ্বিতীয় হুগলী সেতু কি আপনারা করেছেন? করেন নি। অনেক ভাবনা চিন্তা করছেন, নানান রকমের ঘটনা ঘটছে, কিন্তু সে কাজ হয় নি। সেইজনাই বলছি

সিলেক্ট কমিটি করুন, তা যদি না করেন, অন্তত সার্কুলেশানে দিন, যাতে জনসাধারণ বুঝুক, এই বিলের কতখানি প্রয়োজনীয়তা আছে বা এর দ্বারা কি অধিকার তারা পাবেন। কিন্তু আমরা জানি সেদিকে আপনারা যাবেন না। যাই হোক স্যার, আমি আমার সার্কুলেশান মোশান মুভ করছি। এবারে আমি জেনারেল ডিসকাসানে আসছি। স্যার, জয়নাল আবেদিন সাহেব খুব সুন্দর সুন্দর কথা বললেন, বললেন একটাকে কার্যকর করা দরকার ইত্যাদি। স্যার, এসব কথা শুনলে খুব ভাল লাগে, কিন্তু গোটা বিলটা পড়ে দেখলে কি দেখা যাবে? স্যার, আমরা যারা বিরোধী পক্ষে আছি বা সরকার পক্ষের বহু সদস্যও প্রতিদিন দেখছি আমলাতন্ত্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করছেন। কিন্তু স্যার, এই বিলে সেই আমলাতন্ত্রের উপরই অধিকার দেওয়া আছে। স্যার, আমরা দেখছি পশ্চিমবাংলার মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত শ্রেণীর সৎ মানুষ যারা এই কো-অপারেটিভ আন্দোলনে আসতে চান, আজকে তাদের অধিকারকে খর্ব করে ঐ আমলাতন্ত্রের উপর অধিকার দেওয়া হচ্ছে। সামান্য একটি ধারা—২৩(৩) ধারাতে কি দেখা যাচ্ছে? ২৩(৩) ধারায় জেনারেল কমিটির মিটিং-এ যদি কোন সমিতির কোন সদস্য-এর টি এ বিলের টাকা পয়সার দরকার থাকে, তা হলে জেনারেল কমিটির মিটিং-এ সেটা পাশ হওয়া সত্ত্বেও রাইটার্স বিল্ডিংসের একজন আমলার কাছে তাকে যেতে হবে সেই বিল পাশ করানোর জন্য। স্যার, এর চেয়ে লজ্জার কথা আর কিছু হতে পারে না। এই প্রসঙ্গে আমি এমন একজন সদস্যের কথা বলছি যাঁর সঙ্গে আমার বেশী দিন পরিচয় হয় নি, কিন্তু যাঁর কথা শুনলে সকলেরই শ্রদ্ধায় মাথা নত হয়, আমি ভূপতিবাবুর কথা বলছি। সেই ভূপতিবাবু কো-অপারেটিভের সদস্য ছিলেন। স্বাধীনতার পরেও তাঁর মতন লোককে যদি এইভাবে একজন রেজিস্ট্রারের কাছে যেতে হয়, তার চেয়ে লজ্জার কথা আর কিছু হতে পারে না। স্বাধীনতার পরেও আমরা সেই আমলাতন্ত্রের উপর নির্ভর করে থাকছি। স্যার, এই কো-অপারেটিভ আন্দোলনের মূল সুর কি? এর নতুন ইমেজ কি? পণ্ডিত নেহেরু থেকে শুরু করে ১৯৪০ সালের পর মানবেন্দ্র রায় থেকে আরম্ভ করে মহাত্মা গান্ধী প্রভৃতির কাছ থেকে যে সুর ধ্বনিত হয়েছিল, ওঁদের কাছ থেকে যে কথা আমরা শুনেছিলাম সেটা হচ্ছে, সমবায় মানে সব কিছুর আদান-প্রদান। মানসিকতার আদান-প্রদান, কাজের আদান-প্রদান, অর্থনৈতিক আদান প্রদান। এর মধ্যে কোন ঝগড়ার ব্যাপার নেই। এইভাবে দেওয়া নেওয়ার ভেতর দিয়ে একটা মানসিকতার, একটা উৎকর্ষের সৃষ্টি হবে এবং তা নিয়ে শহরের শ্রমজীবী মানুষ ও গ্রামের সাধারণ মানুষ এই বুর্জোয়া অর্থনীতির বিরুদ্ধে সংগ্রাম করে একটা নতুন অর্থনীতি খাড়া করবেন, তার জন্যই এই কো-অপারেটিভ আন্দোলন। কিন্তু স্যার, এই বিলে আমরা সেসব কিছুই দেখতে পাচ্ছি না। তিনি বলেছেন, সমস্ত কো-অপারেটিভকে বাতিল করে দেবার ক্ষমতা আমলাতন্ত্রের উপর দেওয়া হচ্ছে। স্যার, জয়নাল সাহেব নিশ্চয় আমার চেয়ে বিজ্ঞ লোক, তিনি জানে, তাঁদেরই এই বুলেটিন, এটা দিল্লী থেকে সার্কুলেটেড হয়, 'দি কো-অপারেটার', এর সদস্য হচ্ছেন সমস্ত কংগ্রেসী এম পি। এর সেক্রেটারী বা এডিটর বোর্ডে যাঁরা আছেন, সেই এডিটর বোর্ডে দেখা গেছে, রামনিবাস মির্ধা, এম পি, তিনি বলেছেন, স্ট্রাংগুলেসান অব ডেমোক্রেসি তার এই বুলেটিন। এই বুলেটিনের সংখ্যা হচ্ছে ১লা মার্চ ১৯৭৩। এই বুলেটিনে বলেছেন, যেভাবে এই বিল আনা হয়েছে, অর্ডিন্যান্স পাশ করে, যেভাবে আমলাতন্ত্রের উপর ক্ষমতা দেওয়া হয়েছে তারা আজকে চক্রান্ত করছে। জয়নাল আবেদিন সাহেব পড়ে দেখুন, যদি না থাকে, আমার কাছ থেকে নিন। যাদের কথা আপনারা বলেন সেই দিল্লীর সুর এখান থেকে ধ্বনিত হল, আপনারা বিধানসভায় এসে চিৎকার করেন তারাই লিখেছেন, এটা কালা আইন, জঙ্গলের আইন, সেই কমিটি যদি বাতিল করা হয়, তা হলে সে কোর্টের আশ্রয় নিতে পারবে না। কোর্টে যাবার রাস্তা পর্যন্ত বন্ধ করা হয়েছে, এটাই কি গণতন্ত্র? এটাকে কি সভ্য দেশ বলে মনে করবো? আমি ফাঁসির আসামী, আমি বুঝতে পারলাম না কি আমার অপরাধ! কোর্টে যাবার মুখ পর্যন্ত বন্ধ করা হয়েছে। জয়নাল আবেদিন সাহেব বলবেন এবং অনেক কিছু দেখাবার চেষ্টা করবেন, কিন্ত কথার ফুলঝুরি দিয়ে কাজ হবে না। মূল অর্থ হচ্ছে—যদিও আমরা মনে করি না কো-অপারেটিভ আন্দোলন মানে সমাজতান্ত্রিক অর্থনীতি প্রতিষ্ঠা আমরা মনে করি যে সাধারণ মানুষ, মধ্যবিত্ত শ্রেণী, যারা বাড়ি করতে পারছে না—নিশ্চয়ই এখনই সমাজতন্ত্র এসে যাবে না, এই মুহূর্তে এসে যাবে না। হাউসিং অ্যাপেক্স সোসাইটি আমি পড়ে দেখেছি, খুব ভাল কথা, নিশ্চয়ই করা উচিত, মধ্যবিত্ত ঘরের লোক তাদের দরকার, কিন্তু কারা এর সুযোগ পাচ্ছে? আমার কাছে প্রমাণ আছে, আপনারা আমলাতন্ত্রের

স্বাদের উপর অধিকার দিয়েছেন তাদের কথা বলি, উর্বশী হাউসিং কো-অপারেটিভ সোসাইটি, তার সদস্য কারা? তার সদস্য হচ্ছে অশোক সরকারের ছেলে অধীর সরকার, যারা পশ্চিমবাংলায় ঐ এক-চেটিয়াদের সমগোত্রীয়, তার ভাই উর্বশী হাউসিং কো-অপারেটিভ করেছেন। আরো অদ্ভুত ব্যাপার, সেটা হচ্ছে সেই কো-অপারেটিভ কোন জমি কিনতেন না, না কিনে সেই কো-অপারেটিভ-এর জন্য ৬ লক্ষ ৫০ হাজার টাকা স্যাংসান হয়ে গেল। কাকে করলেন না ঐ আমলাতন্ত্র যারা রাইটার্স বিল্ডিংস-এ বসে আছেন। আর আমরা যারা মধ্যবিত্ত শ্রেণীর মানুষ; যারা গ্রামীণ চাষী তারা কো-অপারেটিভ-এর জন্য যখন লোন চায়, সাহায্য চায়, তাদের দরখাস্ত ৩ মাস, ৪ মাসের মধ্যেও দেখা হবে না। আমলাতন্ত্র তার সুযোগে অনেক কিছু ব্যবহার করে, সময় নেন, নানারকম কথা-বার্তা বলেন। আপনারা দিচ্ছেন কাকে না এই উর্বশী হাউসিং কো-অপারেটিভকে এবং কারা তার সুযোগ নিচ্ছে। শুধু কি এরা? মহাগনী হাউসিং সোসাইটি—এরা কারা! মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবাক হয়ে যাবেন, আমার কাছে প্রমাণ আছে, এই মহানগরী হাউসিং সোসাইটি কোন কো-অপারেটিভ-এর জন্য, যদি তার সমিতির জন্য দরখাস্ত করে ম্যানেজিং কমিটির কাছে, তা হলে কতকগুলি প্রোফর্মা ফুলফিল করতে হয় এবং তারপর রেজিস্ট্রার বা কোন ইন্সপেক্টর তারা এন-কোয়ারি করবেন এবং এনকোয়ারি করে সমস্ত ক্লজগুলি দেখে তারা তখন সেই কমিটির কাছে প্লেস করবেন। কমিটির কাছে প্লেস করার পরে ঠিকমত দেখে তারপরে লোন স্যাংসান হবে কি হবে না সেটা বিচার-বিবেচনা করবেন। ১৯৭১ সালের ১৮ই ডিসেম্বর এই মহোগনী হাউসিং কো-অপারেটিভ, তারা একটা দরখাস্ত করলেন, ২৮এ ডিসেম্বর মিটিং হল এবং মিটিং-এ সেই দরখাস্ত প্লেস করা হল। তার আগে কোন এজেন্ডা ছিল না। মিসলেনিয়াস-এর যে এজেন্ডা সেই

[4-40—4-50 p.m.]

মিসলেনিয়াস এজেন্ডার মধ্যে সেটা পুট করা হল। সেই মিসলেনিয়াস এজেন্ডার ভেতর দিয়ে সেটা পাশ করানো হল। ২৮ তারিখে মেহগনি হাউসিং কো-অপারেটিভ সোসাইটি দরখাস্ত করে-ছিলেন আর ১৯৭২ সালের জানুয়ারি মাসের তিন তারিখে তাদের লোন স্যাংশন হয়ে গেল। এটা তো আমলারা করেছে, জয়নাল সাহেব তাদের ধরুন, কোন্ অফিসার এনকোয়ারী করেছে, কে রিপোর্ট দিয়েছিলেন। হয়তো দেখা যাবে তাকে রাষ্ট্রপতি পদক বা অন্য কিছু পদক সেই অফিসার পেয়ে গেছে। শুধু এটাই নয়, ক্যালকাটা হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটিতে ১৯৬৪ সাল থেকে অ্যাডমিনিস্ট্রেটার নিয়োগ করা ছিল। সেই অ্যাডমিনিস্ট্রেটার যারা ছিলেন, তারা ঐ রাইটার্স বিল্ডিংসের আমলারা, ঐ সরকারের আমলারা। ১৯৬৪ সাল থেকে সেই কো-অপারেটিভের উপর কর্তৃত্ব করে এসে আজকে দেখা যাচ্ছে ৫০ থেকে ৫৫ লক্ষ টাকা ঐ কো-অপারেটিভে লস হয়েছে। সেই এক্সিকিউটিভ অফিসার যার দায়িত্বে এটা ছিল, তার উপর কোন আঘাত কি আপনারা হানতে পেরেছেন? অথচ গ্রামের কো-অপারেটিভগুলো সম্বন্ধে বলছেন যে, খারাপ এবং এই সুর আমরা এই বিলের মধ্যে দেখতে পাচ্ছি, কৈ আমলারা যেটা করেছে তার উপর কটা আঘাত আপনারা হানতে পেরেছেন। হয়তো দেখা যাবে সেই এক্সিকিউটিভ অফিসার-এর প্রমোশন হয়ে গেছে, শুনতে পাচ্ছি জয়েন্ট রেজিস্ট্রার নাকি হয়ে গেছেন। কিন্তু যার উপর দায়িত্ব ছিল, তাকে চার্জ করুন। পশ্চিমবাংলার জনসাধারণের টাকা, সাধারণ মানুষের কষ্টে অর্জিত টাকা যে এইভাবে তিনি ক্ষতি করেছেন, তার বিরুদ্ধে চার্জ আনুন। আজকে কোথাও কো-অপারেটিভ বাতিল করে দিলে হাইকোর্টের সাহায্য তারা নিতে পারবে না। আমলাদেরও সেই ভাবে চার্জ করুন। সি পি আই সদস্য যা বলেছেন যে, এটা সিলেক্ট কমিটিতে দিন, আমি তাঁকে সমর্থন করে বলছি যে, নিশ্চয়ই এই ১৯৪০ সালের যে আইন, যেটা ফুল ফ্লেজেড আইন হয়ে আসছে, যে দৃষ্টি দিয়ে বিচার করতে চাচ্ছেন, নিয়ে আসুন সেইরকম বিল এবং জনসাধারণকে পার্টিসিপেট করার জন্য উদ্বুদ্ধ করুন যাতে তারা কো-অপারেটিভ আন্দোলনে অংশগ্রহণ করতে পারে। আজকে ফ্যামিলি প্ল্যানিং-এর ব্যাপারে নানারকম ভাবে প্রচার চলছে, সেইরকমভাবে কো-অপারেটিভ বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করবার জন্য যাতে জনসাধারণ কো-অপারেটিভ আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে পারে। আপনারা বলবেন এর আগে তো আমরা ছিলাম না, আমরা নতুন লোক এসেছি, এখন যারা সদস্য আছেন তারা কি ছিলেন না সেই সময়ে? হয়তো সন্তোষবাবু মন্ত্রীত্ব পেয়েছেন বলে ছেড়ে দিয়েছেন, তিনি কি ছিলেন না সেই সময়ে নর্থবেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিতে,

কুচবিহার কো-অপারেটিভ সোসাইটিতে আজকে কাশীপুরে কো-অপারেটিভ সোসাইটি হচ্ছে, কেন নর্থবেংগল কি ছিল না, সন্তোষবাবুর এলাকা, সেখানে উচিত ছিল সেখানকার সাধারণ মানুষকে প্রবুদ্ধ করতে, সেখানকার জনসাধারণকে সেই কো-অপারেটিভ আন্দোলন সম্বন্ধে উদ্বুদ্ধ করতে যাতে সেখানে পাওয়ারলুম কো-অপারেটিভ হয়। কাশীপুরে কি লোক নেই, আমাদের সামনে কলকাতার মাননীয় সদস্যরা আছেন, কিন্তু আমি চলে এলাম কুচবিহার থেকে এখানে। ১৯৭০ সালের পর অন্য একটা রেজিম ছিল, সেই রেজিমে যারা ছিলেন, একটা একটা করে যদি দেখেন, তা হলে দেখা যাবে মাননীয় অধ্যক্ষ মহাশয়, নাইনটি পার্সেন্ট হচ্ছে, যারা বামপন্থী কেউ নয়, নাইনটি পার্সেন্ট হচ্ছে কংগ্রেসী সদস্য। তার জন্য আমাদের আশংকা হচ্ছে যে, কো-অপারেটিভ আন্দোলন ঠিক ঠিক ভাবে সাধারণ মানুষের কাছে গিয়ে পৌঁছবে কিনা, সাধারণ মানুষ অংশগ্রহণ করতে পারবেন কিনা, সেই প্রশ্ন আজকে আপনার বিলের মধ্যে নেই। বেশ ভাল কথা, বিল এনেছেন এবং সংগে সংগে জ্ঞানসিং সোহনপালকে দিয়ে আবার তার উপর অ্যামেন্ডমেন্টও এনেছেন, তা হলে নিশ্চয়ই জানতে হবে বিলের মধ্যে ত্রুটি আছে, ভুল আছে এবং সেইগুলি কিছু কিছু অ্যামেন্ড করছেন, কিন্তু বিস্তারিত ভাবে দেখলে আরো ভুল বের হবে যেটা আপনি ধরতে পারেন নি হয়ত সেটা আমরা ধরতে পারব এবং সেই জন্য আমি বলছি যে, আপনি আমাদের অ্যামেন্ডমেন্টগুলি দেখবেন। সেইসব ভুলত্রুটির জন্য আমি বলছি যে, সিলেক্ট কমিটি করুন, সার্কুলেশনের জন্য পাঠান, সাধারণ মানুষ বুঝুক এবং যারা কো-অপারেটিভ আন্দোলন করেছেন তাঁদের মতামত নিন, কো-অপারেটিভ নিয়ে বিধানসভায় দুটো কথা বললাম আর কো-অপারেটিভ বিষয়ে আমি খুব বুঝে গেলাম এটা ঠিক নয়। যারা অ্যাকচুয়ালী কো-অপারেটিভ আন্দোলন করেছেন আজকে তাঁদের মতামত নিন। আজকে কলকাতায় যে ইউনিয়ন আছে তারা ১৮ তারিখে মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশন দিয়েছেন যে, এটা সিলেক্ট কমিটিতে পাঠানো হোক এবং সেই সম্বন্ধে আমাদের অ্যাসেম্বলীর লেটারবক্সে আমি একটা প্রতিলিপি পেয়েছি, তাতে মুর্শিদাবাদের কাঞ্চন মুখার্জীর নাম আছে, তিনি কংগ্রেসী লোক এবং এখানে প্রায় ২০-২৫ জনের নাম আছে, যারা কংগ্রেসী লোক। তাই বলছি যে, এই জায়গায় মানসিকতা নিয়ে আসুন, এই জায়গায় চিন্তাটাকে নিয়ে আসুন যে, কো-অপারেটিভ আন্দোলন বলে এই জিনিসটাকে জনসাধারণ ঠিকভাবে জানতে পারবেন। অজিত-বাবু বলেছেন, গ্রামাঞ্চলের কো-অপারেটিভের কথা, সাধারণ মানুষ, গরিব মানুষ যারা এগ্রিকাল-চারাল ডেভালপমেন্ট চায় তারা কোন কো-অপারেটিভ-এর লোন পায় না, দরখাস্ত করে ৬ মাসে কেন ৬ বছরেও তারা লোন পায় না। সুযোগ পায় কারা, কো-অপারেটিভের কিছু ফোড়ে আছে, তারা সুযোগ পায়। আমলাতন্ত্রের সংগে তাদের যোগাযোগের ফলে তাদের দরখাস্ত দেয় সেই সমস্ত সো কল্ড ফোড়েরা। গ্রামের গরিব যারা, তারা এই আমলাতন্ত্রের জন্য লোন পায় না। আপনি গ্রাম থেকে রিপ্রেজেনটেটিভ হয়ে এসেছেন, আপনি জানেন, সুতরাং আপনিই বলুন কি হচ্ছে? দীর্ঘ ২৬ বছর কো-অপারেটিভ আন্দোলন কোথায় গিয়ে দাঁড়িয়েছে? বছর বছর মোটা মোটা টাকা আমরা শেষ করে দিলাম, আমার কাছে প্রমাণ আছে, ১৭-১৮ কোটি টাকা আজকে কো-অপারেটিভ-এর জলে গিয়েছে। আজকে মুর্শিদাবাদ জেলায় তন্তুবায় কো-অপারেটিভ আছে, পশম শিল্পের কো-অপারেটিভ আছে। ইসলামপুরে চকের মির্জাপুরে আপনি গিয়ে দেখলে বলতে পারবেন যে, হ্যাঁ, হাজার হাজার চাষী বসে আছেন কোন লোন পাচ্ছেন না অথচ নৈবিদ্যের উপর মণ্ডাটি হয়ে বসে আছেন কারা? এই জিনিসটা বন্ধ করুন, আপনাদের সংখ্যাগরিষ্ঠতা আছে, সুতরাং বিল ঠিকই পাশ হয়ে যাবে। কিন্তু আজকে জনমতের জন্য সিলেক্ট কমিটি করুন, এইটাই ডেমোক্রেসী এবং তার জন্য সার্কুলার করুন এবং যথাযথ বিবেচনা করে ভাল কাজ করুন, তা হলে আমরা এবং আমাদের দলের পক্ষ থেকে আমি আপনাকে অভিনন্দিত করব। কো-অপারেটিভ নিয়ে বাইরে আমরা আন্দোলন করছি এবং ঘরেও যদি আমরা কো-অপারেশন তৈরি না করতে পারি, তা হলে কি হবে? এখানে আসুন এক সংগে বসে এক টেবিলে আলোচনা করি, এর মধ্যে অনেক ত্রুটি আছে, যেদিন ক্লস বাই ক্লস আলোচনা করব সেদিন বলব যে, এটাকে কিভাবে আপনি রাখছেন।

[4-50—5-00 p.m.]

শুধু এই জায়গায় নয়। তার জন্যই আমাদের তরফ থেকে আমরা সিলেক্ট কমিটির কথা, সার্কুলেশনের কথা বলেছি। অনেক মাননীয় কংগ্রেসী সদস্যরা আমায় বলেছেন—আমি নাম করব

না—হ্যাঁ, এটা সিলেক্ট কমিটিতে পাঠান উচিত। কিন্তু আমাদের পার্টির হ্ুইপ আছে বলে কিছু বলতে পারব না। ক্যালকাটা কো-অপারেটিভ নিয়ে আপনাদের কাগজ "জননী"তে কি বেরিয়েছে? সেই ক্যালকাটা কো-অপারেটিভ সম্বন্ধে একটা অ্যাকশান নিয়েছেন? সেখানে দিনের পর দিন তাঁরা সব খবর বার করছেন। আমি আর সেসব পড়ে সময় নষ্ট করব না। শুধু এখানে নয়, আনন্দ-বাজার পত্রিকাতেও ক্যালকাটা কো-অপারেটিভ নিয়ে অনেক বেরিয়েছে। এরকম প্রত্যেকটা কাগজে আমরা দেখতে পাচ্ছি। ওশ্রীঅতীশচন্দ্র সিংহঃ কি লিখেছে?) আপনি তো কান্দীর লোক। আপনাদের দুর্গাদা যাকে বলতেন, তাঁর কি হল? সেই জিয়াগঞ্জ কো-অপারেটিভ নিয়ে কি হয়েছে? সেই জিয়াগঞ্জ-আজিমগঞ্জ হ্যান্ডলুম কো-অপারেটিভ কোথায় গেছে? ইতিহাসের চাকা ঘুরে গেছে বলে এখন আর তাকে আপনারা চেনেন না। সেজন্য বলছি—এর যেসমস্ত ধারা, উপধারা আছে সেগুলিতে এমন কতকগুলি ত্রুটি আছে যা আমি দেখাচ্ছি। প্রোডাকসানের কথা বলেছেন—কো-অপারেটিভ প্রোডাকসনের কথা বলেছেন। কিন্তু আরও যে অ্যাপেক্স সোসাইটি আছে তার কি হবে? এডুকেশন একটা প্রোডাকটিভ সেন্টার। এগ্রিকালচার যেমন একটা প্রোডাকটিভ সেন্টার, শিল্পও একটা প্রোডাকটিভ সেন্টার। কিন্তু সেসমস্ত প্রোডাকটিভ সেন্টারের কথা কোন ক্লজে নেই। আপনি প্রোডাকসন সেন্টার ও এগ্রিকালচার পারপাজের কথা উল্লেখ করেছেন। কিন্তু যখন প্রোডাক্টের কথা আসবে তখন আমলাতন্ত্ররা এ টি দেবের ডিকসনারি খুলে দেখিয়ে দেবেন যে, প্রোডাকশনের কথা এখানে এইভাবে লেখা আছে। এইরকম সামান্য ত্রুটির কথা বললাম, কিন্তু বড় বড় গর্ত অনেক আছে যা দিয়ে অনেক হুলো বিড়াল সহজে বেরিয়ে যাবে। অবশ্য এগুলি সব ইচ্ছাকৃত ভাবেই রাখা হয়েছে। আপনি অনেক জায়গায় ডেফিনিসন দেন নি। রিলেটিভ ডেফিনিশন-এ কার সঙ্গে কার কি সম্পর্ক তা নেই। অজিতবাবু বললেন, জয়নাল সাহেব ডাক্তার, লইয়ার হলে সব ভাল বুঝতে পারতেন এবং ডাক্তার বলে তাঁর পক্ষে বোঝা কঠিন। কিন্তু ডাক্তাররাই তো মানুষ আরও বেশী চেনেন। মানুষের অ্যানাটমি তো তাঁরাই ভাল বোঝেন। ডাক্তারী শাস্ত্রে স্টুল, এক্স-রে ইত্যাদি নানারকম পরীক্ষার ব্যবস্থা আছে এবং সেসমস্ত পরীক্ষা করে কোন্ রোগ রুগীর ভেতরে আছে সেই অনুযায়ী প্রেসক্রিপসন করেন। তা না হলে এক্স-রে করলেন না, স্টুল পরীক্ষা করলেন না, শুধু তাকে একটা প্রেসক্রিপসান করে দিলেন। সেজন্য আমি বলছি, এতে জনসাধারণকে অংশগ্রহণ করাতে হবে, জনসাধারণ যাতে কো-অপারেটিভ মুভমেন্টে পার্টিসিপেট করতে পারে সেদিকে লক্ষ্য রেখে এই বিল করা দরকার। আমি একটা দৃষ্টান্ত দিই, যে কলকাতায় এই বিধানসভা চলছে সেই কলকাতায় কোন জেলা ব্যাঙ্ক নেই। কোন ব্যক্তি বা কোন সোসাইটি যদি এখানে ব্যাঙ্কের সাহায্য চায়, তা হলে তাকে জেলার উপরে যে ব্যাঙ্ক সেই স্টেট ব্যাঙ্কে যেতে হবে। কলকাতায় এত মধ্যবিত্ত লোক, নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর লোক আছে, আজকে এতে তাদের আসতে দিচ্ছে না। তারা পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের চেয়ে সেনসেবল তারা কো-অপারেটিভ মুভমেন্টকে বুঝেছে, তারা অভিজ্ঞতা অর্জন করেছে, তারা খানিকটা ভোকাল ক্লাস, তার লেখাপড়া জানে, আজকে তারা ঠিকভাবে সুযোগ নিতে চায় তাদের সেই সুযোগ নিতে দেবেন না। আপনি বলেছেন তিন বছর পরে কোন এক্সিকিউটিভ পদের সদস্য থাকতে পারবে না বোর্ডে। [কেন? জয়নাল আবেদিন সাহেব কি ৫ বছর পরে বিধানসভায় আসতে পারবেন না? আপনার বেলায় তো কোন বাধা নেই? আমি যদি ভাল কাজ করি আমি যদি গ্রামের কথা বিধান-সভায় ঠিকমত তুলে ধরতে পারি, জনসাধারণ যে দায়িত্ব আমার উপর অর্পণ করেছেন সেই দায়িত্ব আমি যদি ঠিকমত পালন করতে পারি, তা হলে আমার কি অপরাধ হবে যে আমি ৫ বছর পরে আর আসতে পারব না?] কিন্তু আপনি বিলের ভেতর বলেছেন যে, ৩ বছর পরে আসতে পারবে না। ধরুন হরিপদ বোর্ডের এক্সিকিউটিভ মেম্বার হয়ে আছেন, ৩ বছর পরে হরিপদর বদলে শ্যামাপদ আসবে। হরিপদ যদি খারাপ লোকও হয়, তা হলে তো সেই হরিপদকে নমিনেশান দিয়ে নিয়ে আসছেন। আর হরিপদর জায়গায় যদি শ্যামাপদ আসে, তা হলে সেই হরিপদ পিছন থেকে সুতো টানবে। হাজার হাজার কো-অপারেটিভে এই জিনিস দেখতে পাচ্ছি যে, পিছন থেকে সুতো টেনে যাচ্ছে। কো-অপারেটিভ আন্দোলনকে উপর থেকে দেখে মনে হবে খুব ভাল, কিন্তু আসলে তা নয়। এই যে বুভুক্ষু জনতা, মেহনতী জনতা, জনসাধারণ যারা আসতে চাইছে, ভোকাল ক্লাস,

মধ্যবিত্ত শ্রেণী যারা পার্টিসিপেট করতে চাইছে, এই যে অ্যাপেক্স সোসাইটিগুলি গড়ে উঠেছে, হাউসিং সোসাইটি কলকাতা অঞ্চলে গড়ে উঠেছে, তাতে জনসাধারণ যারা আসতে চাইছে তাদের জন্য রাস্তা খুলে দিন, তাঁরা পার্টিসিপেট করুন, তবেই সেই বুরোক্র্যাসি যেটা উপরে আছে সেটা আস্তে আস্তে দূর হবে। অনেক জায়গায় দেখছি প্রফেসর আসছেন, বিধানসভার অনেক সদস্য আছেন, সম্মানীয় ব্যক্তিরা আছেন, ভাল ভাল লোক আছেন, তাঁদের জন্য দরজা খুলে দিন। দরজা বন্ধ রাখছেন কেন? সেখানে তলাকার লোক যদি যায়, তা হলে বুরোক্র্যাসি দূর হবে। জেনারেল কমিটির মিটিংএ নতুন ধরনের শিক্ষিত লোক সেখানে যাবে।

[5-00—5-10 p.m.]

যারা কো-অপারেটিভ আন্দোলন করতে চায়, তারা আস্তে আস্তে থ্রাসিং করবে। আমি সেখানে কি করে দিচ্ছেন, না তিন বছর পর আর কাউকে হতে দেবেন না, শুধু নমিনেশন দিয়ে আবার আনতে পারবে। এই যে ত্রুটিগুলি এর জন্য আমরা জয়নাল আবেদিন সাহেবকে বলেছিলাম যে, এত বড় বিল, আমরা এটাকে সম্পূর্ণ ভাবে দেখবার টাইম পেলে আরো ভালভাবে এই বিলের আলোচনায় অংশগ্রহণ করতে পারতাম, আমি দায়িত্ব নিয়েই এই কথা বলছি। আজকে তাড়াহুড়ো করে এই বিল না এনে, আরো ভাল ভাবে যাতে এটা আমরা দেখতে পারি তার জন্য অনুরোধ করেছিলাম যে, সিলেক্ট কমিটিতে দিন, এটা সার্কুলেশনে দিন, যার মাধ্যমে সাধারণ মানুষ বুঝুক যে, কো-অপারেটিভ আন্দোলনটা কি। আজকে কো-অপারেটিভ আন্দোলন মানে এই নয় যে, এখনই দেশে সমাজতন্ত্র প্রতিষ্ঠা হয়ে যাবে। আবাদী কংগ্রেসে পণ্ডিত জহরলাল নেহরু বলেছিলেন, সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ ব্যবস্থার কথা। কো-অপারেটিভ আন্দোলনকে করতে হবে একটা সাইলেন্সার। এই ধনতান্ত্রিক অর্থনীতির যুগে এই কো-অপারেটিভ একটা সাইলেন্সার, যাতে ধনতান্ত্রিক শোষণটা ঠিক ঠিক ভাবে না করতে পারে এর জন্য একটা কো-অপারেটিভ আন্দোলন রেখে দিয়েছেন, খুব ভাল কথা, কিন্তু তার মানে এই নয় যে, দেশে এখনই সমাজতন্ত্র প্রতিষ্ঠা হয়ে যাবে। আপনারা বলছেন সমাজতন্ত্র প্রতিষ্ঠা করবেন, কিন্তু আপনাদের দ্বারা হবে কিনা সেটা জনসাধারণ বলবে। আজকে ২৬ বছর আগে থেকে সমাজতন্ত্রের কথা বলছেন, আপনারা কি করতে চান কিছুই বুঝতে পারছি না। সুকুমারবাবু সেদিন একটা বেসরকারী প্রস্তাব আনলেন যে, পাট শিল্প জাতীয়করণ করতে হবে। অতি উত্তম কথা, আমরা এখানে সেজেগুজে এলাম তাঁকে অভিনন্দন জাননলাম, পাট শিল্প জাতীয়করণ মানে একচেটিয়া পুঁজিপতিদের উপর আঘাত, খুব ভাল কথা। কিন্তু হঠাৎ দেখা গেল পি সি সরকারের ম্যাজিকের মত সব উধাও হয়ে গেল, এই জন্য বলছি সমাজতন্ত্র কি, আগে সেটা বুঝুন। সমাজতন্ত্র একটা মুখের কথা নয়, শুধু একটা লেখা নয়, সমাজতন্ত্র করতে গেলে অনেক রক্ত দিতে হবে। এই বুরোক্রেসীতে যারা আছে, একচেটিয়া পুঁজিপতিদের সঙ্গে যাদের আতাঁত আছে, এদের বিরুদ্ধে যদি সমাজতন্ত্রকে দেশে প্রতিষ্ঠিত করতে হয়, তা হলে অনেক স্বার্থ ত্যাগ করতে হবে। তাই সুকুমারবাবুকে বলি একটা বেসরকারী বিল আনলেন, আর কোন মন্ত্রিসাহেব আপনাকে কি বলল, আর আপনি উধাও হয়ে গেলেন, এতে সমাজতন্ত্র আসে না। যাই হোক, আমি বলি কো-অপারেটিভ একটা ধাপ, একে সাকসেসফুল করতে গেলে কো-অপারেটিভ আন্দোলনের মধ্যে জনসাধারণের পার্টিসিপেশনে আনা দরকার, কো-অপারেটিভ আন্দোলনকে গ্রামে, গঞ্জে, সাধারণ মানুষের ভিতর ছড়িয়ে দিতে হবে এবং জনসাধারণের মধ্যে ছড়িয়ে দেওয়া দরকার এবং সেইভাবে জনসাধারণকে উদ্বুদ্ধ করা দরকার। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সমবায়মন্ত্রী জয়নাল আবেদিন সাহেব ওয়েস্টবেঙ্গল কো-অপারেটিভ সোসাইটি বিল, ১৯৭৩ আজকে এই হাউসে ইন্ট্রোডিউস করেছেন। মাননীয় মন্ত্রিমহাশয় বিলের অবজেক্টস অ্যান্ড রিজনস্-এর মধ্যে যে জিনিস এই হাউসে রেখেছেন, বিলটা ইন্ট্রোডিউস করবার সময়ও সেই জিনিসই তিনি তাঁর বক্তব্যের মাধ্যমে আমাদের সামনে রাখলেন। যে উদ্দেশ্য নিয়ে এই বিলটি তিনি এনেছেন, সেই উদ্দেশ্য সম্পর্কে আমার ধারনা আমাদের কারো দ্বিমত নেই। উদ্দেশ্য মহৎ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কো-অপারেটিভ কথাটা আজকে সমাজ জীবনে ও অর্থনৈতিক জীবনে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা

নিয়েছে বর্তমানে। এমন একদিন ছিল যখন গ্রামের অর্থনীতি, সমাজ জীবন সমবায়ের ভিত্তিতে গড়ে উঠবে। আজকে শুধু গ্রামই নয়, শহর সুদ্ধু এই সমবায়ের ভিত্তিতে গড়ে তুলবার চেষ্টা চলছে। সেই দিক থেকে এই বিল অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল তা মাননীয় মন্ত্রিমহাশয়ও স্বীকার করেছেন। আমি বুঝে উঠতে পারছি না, অধ্যক্ষ মহাশয়, এই অধিবেশনে, বর্তমানে যে অধিবেশন চলছে, আমাদের বিধানসভায় অ্যামেন্ডমেন্ট বিল পাশ করিয়ে নেওয়ার পরেও এমন তাড়াহুড়া করে কেন এই বিলটা পাশ করিয়ে নেওয়ার প্রয়োজন তা বোঝা খুবই মুশকিল হচ্ছে। যে গুরুত্বপূর্ণ বিল আমাদের সামনে এসেছে এবং যে কথা মন্ত্রিমহাশয় বললেন, আমি যে কো-অপারেটিভ সোসাইটি বিল এনেছি ১৯৭৩-এর সোর্স কি এর সোর্স হচ্ছে ইন্ডিয়া গভর্নমেন্ট অ্যাক্ট অব ১৯১২, আর বেঙ্গল গভর্নমেন্ট অ্যাক্ট অব ১৯৪০। এই দুটি অ্যাক্টের কিছু কিছু মাঝে মাঝে বিভিন্ন সরকার এসে সংশোধন করেছেন এবং ত করা সত্ত্বেও যে বাঞ্ছিত ফল পাওয়া দরকার সে না পাওয়ার জন্য এই বিলটা আনার প্রয়োজন হয়েছে। কিন্তু, মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিলটা যদি আপনি পড়ে দেখেন, তা হলে দেখবেন সেই ১৯৪০ সালের যে কো-অপারেটিভ অ্যাক্ট, তার দু-একটি পরিবর্তন, যে দু-একটি পরিবর্তন প্রয়োজন বলে মনে করি, তা ছাড়া হুবহু ১৯৪০ সালের অ্যাক্টের নকল। আমি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, ১৯১২ সালের ভারত আইন, ১৯৪০ সালের বেঙ্গল কো-অপারেটিভ অ্যাক্ট, তার মধ্যে যে সমস্ত ধারা উপধারা ছিল সেই ধারা উপধারা দ্বারা যদি বাঞ্ছিত ফল আমরা লাভ না করে থাকি, যদি তাতে দুর্নীতি হবার স্কোপ থেকে থাকে, যদি তাতে মিস-ম্যানেজমেন্ট হবার স্কোপ থেকে থাকে, যদি তাতে সরকারী কর্মচারীদের গাফিলতি করবার স্কোপ থেকে থাকে, তা হলে এমন একটা আইন আমাদের আনা উচিত নয় কি, এমন একটা বিল আমাদের আনা উচিত নয় কি যে বিল দ্বারা সেই সমস্ত জিনিস, প্রায় একচেটিয়া যে সমস্ত ত্রুটিবিচ্যুতি ছিল তা দূর করা যায়। এটা একমাত্র সম্ভব হতে পারে যাঁরা অনেক দিন ধরে কো-অপারেটিভের সঙ্গে যুক্ত, কো-অপারেটিভ ব্যাঙ্ক চালিয়েছেন, এই সমস্ত জনপ্রতিনিধি এবং কো-অপারেটিভ সম্বন্ধে পুঙ্খানুপুঙ্খরূপে পর্যালোচনা করেছেন, লক্ষ্য করেছেন, এমন সমস্ত জনসাধারণ, এমন কি কো-অপারেটিভ সম্বন্ধে অভিজ্ঞ মন্ত্রিসভা এবং কো-অপারেটিভ সম্বন্ধে সরকারী কর্মচারীরা, সকলের মিলিত চেষ্টায় এবং অভিজ্ঞতার ফলে এমন একটা আইন তৈরি করুন যার দ্বারা অতীতের সমস্ত ত্রুটিবিচ্যুতি, গাফিলতি দূর করা সম্ভব হবে। কিন্তু যে তাড়াহুড়া করে, দেখুন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিলটার আলোচনা হচ্ছে, সঙ্গে সঙ্গে সরকারের তরফ থেকে অ্যামেন্ডমেন্ট দেওয়া হচ্ছে। এই একটা জিনিসই প্রমাণ করে যে, বিলটা তৈরি করার সময় ইনঅর্ডিনেট হেস্ট দেখান হয়েছে এবং ফলে বিলটা ইন্ট্রোডিউস করার সঙ্গে সঙ্গে সরকারের তরফ থেকে বিলটা অ্যামেন্ডমেন্ট করার প্রয়োজন হচ্ছে আমি সেইজন্য জনমত নেবার জন্য অ্যামেন্ডমেন্ট মুভ করতে দাঁড়িয়েছি এবং সেই অ্যামেন্ডমেন্ট সমর্থন করতে গিয়ে আমি কেন জনমত চাওয়া উচিত—আমি বেশী সময় দিতে চাই না, অধ্যক্ষ মহাশয়, ১৪২টি ধারা এই বিলের মধ্যে আছে।

[5-10—5-20 p.m.]

১৪২টি ধারা আছে এই বিলের মধ্যে। আমি সংক্ষেপে দু-চারটি ধারার কথা আলোচনা করতে চাই। এবং এ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি প্রথমে বলতে চাই যেটা মাননীয় অজিত গাঙ্গুলী মহাশয় বলেছিলেন। আমি প্রথম থেকে বলছি—আমি সেকসান ১৩ (৫) উপধারায় একটা কো-অপারেটিভ করতে চাই এবং সরকারও চান যে কো-অপারেটিভ যত বাড়ে তত ভাল। নিশ্চয়ই মাননীয় মন্ত্রিমহাশয় তা বলে এটা চাইবেন না যে, ব্যাঙের ছাতার মত সোসাইটিগুলি সাত তাড়াতাড়ি গজিয়ে উঠুক। এ বিষয়ে নিশ্চয়ই বিধান থাকবে, অ্যাপ্লিকেশন করলে সরকারী দপ্তরে যে কর্মচারী আছে যার উপর দায়িত্ব দেওয়া আছে নিশ্চয়ই তিনি বিচার-বিবেচনা করে দেখবেন—যে লোকগুলি দরখাস্ত করেছে, সেই লোকগুলির সত্যিকারের সমবায় মনোভাব আছে কিনা, সমবায় সমিতি করতে গেলে যে সমস্ত নিয়মকানুন সরকারের আছে, সরকার নির্ধারণ করে দিয়েছেন, সেই নিয়মকানুনগুলি বজায় রেখেছেন কিনা বা যে সমস্ত লোকগুলি দরখাস্ত করেছে তাদের অতীতের ইতিহাস সমবায়

অনুকূল কিনা, এটা নিশ্চয়ই বিচার করে দেখতে হবে। তাতে তিনি বলে দিয়েছেন—

Silence of the Registrar in respect of application for 3 months should be taken as a refusal of the application for the society.

আমি গ্রামের সাধারণ লোক, সমবায় ভিত্তিতে গ্রামের অর্থনৈতিক জীবন ফিরিয়ে আনতে চাই। আমি একটা দরখাস্ত করলাম, সরকারী দপ্তরে জমা পড়ল, তিন মাস কেটে গেল। আমি কিন্তু খবর পেলাম না, কি কারণে আমার দরখাস্ত রিজেক্ট হল। এর মধ্যে বিধান থাকছে শুধু তিন মাসের মধ্যে রেজিস্ট্রেশন দিতে হবে, তেমনি যদি কোন কারণে যে সরকারী কর্মচারীর উপর দায়িত্ব আছে, তিনি যদি মনে করেন যে, কো-অপারেটিভ সোসাইটিকে রেজিস্ট্রেসন দেবেন না, তা হলে সেই কারণগুলি যদি দরখাস্তকারীদের জানিয়ে দেন যে, এই এই কারণে রেজিস্ট্রেসন দিলেন না, তাহলে সেই কারণগুলি জানবার পর, সেই অ্যাপেক্স রেক্টিফাই করে পুনরায় সোসাইটির জন্য দরখাস্ত করতে পারে। আমি অজ্ঞ, সমবায় সমিতি করতে চাই, আমি দরখাস্ত করলাম, আমার দরখাস্ত কেন রিফিউজ করা হল, কেন নাকচ করা হল, কারণ জানতে পারলাম না, কেন রিফিউজ করা হল সেটা জানানোর বিধান এই ১৩(৫) ধারার মধ্যে নাই। বরং উল্টোই আছে।

আমি এবার আসছি সেকসন টুয়েন্টিতে, তাতে আছে—

Vest on the final authority of the management of the general body of the society.

আপনি মাননীয় অধ্যক্ষ মহাশয়, জানেন যে, একটা সোসাইটি বা কো-অপারেটিভ ব্যাঙ্ক চালাতে গেলে জেনারেল বডি থাকে তার এক্সিকিউটিভ বা ওয়ার্কিং বডি থাকে। এক কথা বলে দিলেই চলে না

Final authority of the management of the society shall vest on the general body.

কর্মক্ষেত্রে বাস্তব ক্ষেত্রে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বিরাট ফারাক থাকে। একটা ব্যাঙ্কের ওয়ার্কিং বডি যদি আজকে ঠিক করে কনট্রাক্টে একটা বাড়ি তৈরি করবে পাঁচ লক্ষ টাকা খরচ করে, পাঁচ লক্ষ টাকার এস্টিমেট করে এক লক্ষ টাকার মত কাজও করল, তারপর জেনারেল বডির মিটিং বসল, জেনারেল বডি সেই কনট্রাক্ট অ্যাপ্রুভ করল না। কিন্তু সেই ব্যাঙ্ক তো আগেই জেনারেল বডির অনুমোদন না থাকা সত্ত্বেও ইতিমধ্যে এক লক্ষ টাকার কাজ করে বসে আছে। যেহেতু অন বিহাফ অব দি ব্যাঙ্ক কন্ট্রাক্ট, এগ্রিমেন্ট করা হল আন্ডার ব্যাঙ্ক অ্যাক্ট এখন টাকা খরচ করার পর জেনারেল বডি যদি এসে সেটা ডিস-অ্যাপ্রুভ করে, তা হলে কি অবস্থা দাঁড়াচ্ছে? অতএব এই সেকশানের মধ্যে শুধু

Final authority of the management shall vest on the general body—

কথাটা না বলে জেনারেল বডি এবং ওয়ার্কিং বডি বললে ভাল হত। কাজেই স্পেসিফাই করে দিতে হবে ওয়ার্কিং বডি কতটা কাজ করতে পারবে অন বিহাফ অব দি জেনারেল বডি এবং কতটা কাজ জেনারেল বডির অনুমোদন ছাড়া তারা করতে পারবে না। সেই বিধান এই সেকসনের মধ্যে থাকা উচিত ছিল সেকসান ২০-তে।

তারপর সেকসান ২৩(২) তাতে আছে যে, সরকার এই আইন করে দিচ্ছেন এবং সেই আইনের উদ্দেশ্য হচ্ছে ভেস্টেড ইন্টারেস্ট যাতে না থাকে। তাকে সমর্থন করি এই জন্য যে, একটা মেম্বার যদি তিনটা টার্ম একটা সোসাইটিতে থাকে, একটা ডাইরেকটর বোর্ডে তিনি আর চতুর্থবার দাঁড়াতে পারবেন না, যতই তার অভিজ্ঞতা থাকুক না কেন। কারণ ভেস্টেড ইন্টারেস্ট মে গ্রো। কিন্তু এরপরে একটা প্রোভাইসো রেখে বলে দেওয়া হচ্ছে, আমাদের যে মনোনীত সদস্য থাকবে, তার বেলায় কিন্তু এই সেকসান প্রযোজ্য হবে না। আমি সেকসান সমর্থন করতাম যদি জানতাম যে এই প্রোভাইসো থাকলেও ভেস্টেড ইন্টারেস্ট গ্রো করবার স্কোপ নাই। সেখানে সরকার হয়ত বলতে পারেন, আমরা তো সরকারী কর্মচারী দেই, এস ডি ও, অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার, বি ডি ও আমাদের এই সরকারী কর্মচারীরা তিন বছরের বেশী তো এক জায়গায় থাকে না; একজনের জায়গায় আর একজন আসেন। সরকারী যে নমিনেসন—অদার দ্যান দি গভর্নমেন্ট অফিসার্স

পাব না কাউকে। এই সেকসানটা এর মধ্যে ঢুকিয়ে এমন একটা স্কোপ রাখা হচ্ছে, সরকারী কর্মচারীরা কথা না বলে, যার দ্বারা যখন যে দলের সরকার থাকবে, তার যদি পলিটিক্যাল ফেবারিটিজম থাকে, তা প্রকাশ করবার, তা অ্যাপ্লাই করবার সুযোগ থাকবে এই প্রোভাইসোর ফাঁক দিয়ে। অতএব যদি সত্যিকারে সরকার চান যে, ভেস্টেড ইন্টারেস্ট গ্রো না করুক যাদের ডাইরেকটার বোর্ডে টার্ম তিন বছরের বেশী থাকতে পারবে না বলে বিধান করা হয়েছে, হয় এই প্রোভাইসো ডিলিট করা হোক, আর না হয় বলা হোক সরকার যে নমিনেসন দেবেন তা সরকারী কর্মচারীরা পাবেন, বে-সরকারী কেউ পাবেন না।

তারপর সেকসান ২৪-তে সরকার বলছেন যে, যদি কোন সোসাইটি মিসম্যানেজড হয় এবং তারা যদি দরখাস্ত করে সরকারের কাছে, তা হলে গভর্নমেন্ট মে ডেপুট অফিসার টু ম্যানেজ দি সোসাইটি। ভাল কথা। হতে পারে সোসাইটি চলছে না দলাদলির দ্বারা। সোসাইটি ব্যবসা করে, কিন্তু ব্যবসায়ের অভিজ্ঞতা না থাকার দরুন ক্ষতি হচ্ছে, সেখানে তাঁরা বলতে পারেন গভর্ন-মেন্ট আমাদের লোক দিন—ফর স্পেসিফিক টার্ম অর পিরিয়ড। অথচ সোসাইটির এইরকম অবস্থা যে, সে সরকারী কর্মচারী পোষবার তার ক্ষমতা নাই। অতএব আইনের মধ্যে বিধান থাকা উচিত, সরকার সোসাইটির আবেদনক্রমে যদি কোন সরকারী কর্মচারীকে সেই সোসাইটির পরিচালনা করবার জন্য নিযুক্ত করেন এবং যে কয়দিন সেই সরকারী কর্মচারী সোসাইটি চালাবেন, তাঁর মাইনে, ভাতা এবং ভ্রমণ ভাতা—সব কিছু সরকার বহন করতে বাধ্য থাকবেন। এ ব্যবস্থা না থাকলে কেবল সোসাইটির লস যাচ্ছে, মিস-ম্যানেজড হচ্ছে, চালাতে পারছে না, তার পুনরুজ্জীবন করতে সময় লাগবে, এর দায়দায়িত্ব সর্বকিছু সরকারের উপর বর্তানো উচিত।

[5-20—5-30 p.m.]

আর একটা ধারা রাখলেন সেকসান ২৬(এ)। এখানে অ্যাপয়েন্টমেন্ট অফ অ্যাডমিনিস্ট্রেটর-এর মধ্যে বলছেন, সরকার কোন সোসাইটি বা ব্যাঙ্কে যদি অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করেন এই সেকসান অর্থাৎ অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ সংক্রান্ত সেকসান সিভিল কোর্ট বা হাইকোর্টের কাছে আনা যাবে না।

'The action of the Government cannot be challenged before the court of law'. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যেখানে মনারকিয়াল স্টেট সেখানে আমরা পলিটিক্যাল সায়েন্সে পড়েছি যে ধরে নেওয়া হয়, 'দি কিং ক্যান ডু নো রং'। আজকে আমাদের রিপাবলিক্যান স্টেট, ফেডারেল স্টেট, ডেমোক্র্যাটিক স্টেট। আজকে কি সরকার বিধানের দ্বারা বলতে চাইছেন আমরা ধরে নেবো, লাইক মনার্কিয়াল স্টেট গভর্নমেন্ট ক্যানট ডু রং। কোর্টে যেতে ভয় কেন সরকারের বুঝি না। দুটো উদ্দেশ্য থাকতে পারে। একটা উদ্দেশ্য সোসাইটি তাড়াতাড়ি নিতে গেলে কোর্টে নিয়ে গিয়ে বাধার সৃষ্টি করতে পারে মতলববাজরা। কিন্তু এ কারণও তো থাকতে পারে বহু কুচক্রী মিলে এই সোসাইটির টাকা ধার করবার জন্য সরকারকে প্রভাবিত করে সেই সোসাইটিতে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করাতে। যদি কোন সোসাইটি এগ্রিভড হন, ব্যাঙ্ক এগ্রিভড হন, তা হলে ডেমোক্রেটিক স্টেট, ফেডারেল স্টেট, রিপাবলিকান স্টেট, কেন কোর্টে যেতে পারবে না? সে সুযোগ কেন থাকবে না? কেন হবে মনরকিয়াল স্টেটের মতো। আমি কোর্টে যেতে পারবো না এই বিধান থাকা উচিত নয়। তবে মন্ত্রিমহাশয় বলতে পারেন, সরকারপক্ষ বলতে পারেন, বহু সোসাইটির ক্ষেত্রে বলা যায় লিটিগেসানের মাধ্যমে নিয়ে সরকারী হস্তক্ষেপকে বিলম্বিত করে, তাতে সোসাইটির অনেক ক্ষতি হয়। সে জিনিসে বাধা দিতে গেলে মনোভাব বদলানো দরকার। কোর্টে যাওয়ার বাধা সৃষ্টি করে তা করা যাবে না। যে ডেমোক্রেটিক রাইটস দ্বারা আমার সরকার নির্বাচিত, সেই নির্বাচিত সরকার ভুল করতে পারেন, প্রভাবিত হয়ে অন্যায় করতে পারেন, সেই অন্যায়ের প্রতিকারের জন্য কোর্টে যাওয়ার সুযোগ হরণ করে নেওয়া হচ্ছে কেন? আমি এবার আসছি ৫৬ ধারায়। তাতে আছে ডিস্ট্রিবিউসান অফ প্রফিটের কথা, তার মধ্যে একটা কথা বলা আছে, দেখা যাচ্ছে ১৯৪০ সালের অ্যাক্টে ছিল প্রফিট, ডিভিডেন্ট অন রিয়ালাইজড প্রফিট। ১৯৪০ সাল থেকে আরম্ভ করে ১৯৭২-৭৩ সাল পর্যন্ত এই ৩২-৩৩ বছর রিয়ালাইজড প্রফিটের কোন ডেফিনেসান আজ পর্যন্ত হল না। সেই ডেফিনেসান অ্যাক্টে বলে দিলে হত,

রিয়ালাইজড প্রফিট মিনস সাচ অ্যান্ড সাচ। সেইটি না থাকার জন্য এক একজন রেজিস্ট্রার এসেছেন, এক একজন অডিটর এসেছেন, এক একরকম ব্যাখ্যা করেছেন। সেইজন্য অনেক সোসাইটি প্রফিট বা ডিভিডেন্ড ডিস্ট্রিবিউট করতে পারেন নি। এই বিলেও সেই প্রফিট বা ডিভিডেন্ডের কোন সংজ্ঞা দেওয়া হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কো-অপারেটিভ প্রিন্সিপলের মধ্যে এই জিনিস আছে—সেটা কি? যে, কো-অপারেটিভের প্রিন্সিপল হচ্ছে

equitable distribution of profit amongst shareholders, amongst employees and amongst consumers.

এই সেকসান রিয়েলাইজড প্রফিট-এর ডিস্ট্রিবিউসন-এর কথা বলেছেন যা মেম্বাররা পাবেন, সোসাইটি পাবে, ব্যাঙ্ক পাবে কিন্তু এই রিয়েলাইজড প্রফিট-এর মধ্যে কোন অংশ এমপ্লয়ীজের পাওয়ার কথা নাই। এমপ্লয়ীজ সে প্রফিট পাবে না—এই প্রভিসন এই সোসাইটি বিলে রয়েছে, এই বিধান রয়েছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে বলতে চাই। কিন্তু প্রফিট বোনাস অ্যাক্ট অব ১৯৫৫—এটা একটা সেন্ট্রাল অ্যাক্ট তাতে আছে, এই আইনের মধ্যে বিধান না থাকলেও, যে এমপ্লয়ীরা ইচ্ছা করলে সোসাইটি বা ব্যাঙ্কের কাছ থেকে তারা প্রফিট বা ডিভিডেন্ড আদায় করে নিতে পারবে এবং এটা আপনি জানেন স্যার, যে কোন

Conflict between the State Act and the Central Act, the Central Act will prevail.

অতএব এই বিধান কেন রাখা হয় নি? কারণ এমপ্লয়ীদের যদি ডিভিডেন্ট বা প্রফিট কেউ না দেয়, তা হলে তাকে সেই প্রফিট বা ডিভিডেন্ট পাবার জন্য সুযোগ নিতে হবে—তার জন্য সেন্ট্রাল অ্যাক্ট প্রফিট বোনাস অ্যাক্ট অব ১৯৫৬ আছে। তাই বলছি এই রিয়েলাইজড প্রফিট-এর ডিস্ট্রিবিউসন করে দেবার সঙ্গে সঙ্গে এমপ্লয়ীরা যাতে সেই ডিভিডেন্ড বা বোনাস পেতে পারে তার সুযোগ এই সেকসানে থাকা উচিত। ,

তারপর সেকসান ৭৯-এ দেখুন অডিট করাবার রেসপনসিবিলিটি হচ্ছে রেজিস্ট্রার অব কো-অপারেটিভ সোসাইটিজ-এর। স্যার, আপনি জানেন আর একটা অ্যাক্ট আছে সেটা হচ্ছে ব্যাঙ্কিং রেগুলেসন অ্যাক্ট। এই ব্যাঙ্কিং রেগুলেসন অ্যাক্ট অনুযায়ী যে সমস্ত কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে তাকে প্রতি বছরের শেষে ফাইন্যান্সিয়াল স্টেটমেন্ট দিতে হবে, অডিট অ্যাকাউন্টস দিতে হবে ফাইন্যান্সিয়াল স্টেটমেন্টে প্রফিট অ্যান্ড লস ইত্যাদি দিতে হবে। রেজিস্ট্রার যদি রেসপনসিবল হয় টু অডিট, তা হলে রেজিস্ট্রার যদি সেই ব্যাঙ্ক অডিট না করায়, দু-তিন বছর পরে করায়, কারণ আন্ডার ব্যাঙ্কিং রেগুলেসন অ্যাক্ট স্টেটমেন্ট দিতে হবে, প্রফিট অ্যান্ড লস অ্যাকাউন্ট দিতে হবে—সে কোথা থেকে সেই ব্যাঙ্কিং অথরিটিজ সেই জিনিসগুলি দেবেন যদি না সেই ব্যাঙ্ক অডিটেড হয় ফর টু ইয়ারস অর থ্রি ইয়ারস? এটা করে দিতে হবে যে, রেজিস্ট্রার অডিটার নিয়োগ করে বছর শেষ হবার পর সার্টেন সময়ের মধ্যে—১৫।২০ দিনের মধ্যে অডিট কমপ্লিট করে দিতে হবে। তা না হলে ব্যাঙ্ক অথরিটির নিজেরাই অডিট করিয়ে নেবেন এই প্রভিসন রাখতে হবে এবং তাতেই কারেক্ট ফাইন্যান্সিয়াল স্টেটমেন্ট পাবেন, তা না হলে পাবেন না। অন্য দিকে বলতে হবে, তোমার অ্যাকাউন্ট অডিট করবার প্রাইমারী রেসপনসিবিলিটি—তোমার সোসাইটির বা ব্যাঙ্কের। এখানে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন একজন রেজিস্ট্রার অন্ডার দি চীফ অডিটার অব কো-অপারেটিভ সোসাইটিজ-এর সাজেসান একটি অডিটারদের প্যানেল ঠিক করে দেন, ফিস নির্ধারণ করে দেন, কিন্তু সেই ফিস-এ অডিটার পাওয়া যায় না। সেটার জন্য আমার বড় কথা নয়, আমি

[5-30—5-40 p.m.]

যেটা বলতে চাচ্ছি সেটা হচ্ছে এই যে, চীফ অডিটর-এর যে প্যানেল তৈরি করেন তার মধ্যে দুর্নীতি করবার সুযোগ আছে। অডিটরস ফার্ম কোন্ ব্যাঙ্কে অডিট করতে যাবে তার জন্য তদ্বির করতে আসে চীফ অডিটরের কাছে। অতএব আজকে যদি সেই স্কোপ বন্ধ করতে হয় এবং প্রতি বছর বছর যদি অডিট করাতে হয়, তা হলে সেকসানের মধ্যে এই জিনিস না রেখে ঠিক উল্টো জিনিস রাখতে হবে, প্রাইমারিলি রেসপনসিবিলিটি দিতে হবে

On the bank or the society to make his or their accounts audited.

সরকার করতে পারেন, এই চেক দিতে পারেন যে, যারা অডিট করবেন তাদের রেজিস্ট.র্ড চার্টা অ্যাকাউন্ট্যান্ট হতে হবে। সেখানে রেজিস্টার্ড চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট-এর প্যানেল থাকবে এ: সেই প্যানেল থেকে ব্যাঙ্ক এই ফিস্ দিয়ে লোক দেবে, বেশী ফিস্ সরকার অ্যালাও করবে না এই ফিসে ব্যাঙ্ক সেই লিস্ট থেকে নিজে অডিটর ঠিক করে অ্যাকাউন্ট অডিট করে বছরের শেষে সরকারের কাছে দেবে, তা না হলে সেখানে অ্যাক্টের মধ্যে যা ছিল তাতে ২-৩ বছরের মধ্যেও অডিট হচ্ছে না। ব্যাঙ্ক-এর ফিন্যানসিয়াল স্টেটমেন্ট রিজার্ভ ব্যাঙ্ক-এর কাছে যাচ্ছে, যাদের কাছে যাচ্ছে অডিটেড অ্যাকাউন্টসের সঙ্গে ফিনানসিয়াল স্টেটমেন্টের কোন ভারসাম্য নেই, যা ইচ্ছা তাই করে যাবে। প্রফিট অ্যান্ড লসের ব্যাপারে রেজিস্ট্রারকে রেসপনসিবিলিটি দেওয়া হয় অডিট অডিট দি ব্যাঙ্ক অ্যান্ড দি সোসাইটি—এই সেকশনে রেসপনসিবিলিটি দেওয়া উচিত। অডিট করবার বিষয়ে ব্যাঙ্ক বা সোসাইটির অডিট করে তুমি সরকারের কাছে দাও। সেকসান ২২-তে বলা হচ্ছে, ইন্সপেকসান রিপোর্ট দেবেন রেজিস্ট্রার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, মন্ত্রিমহাশয়ও জানেন এবং যারা সোসাইটি চালান তারাও জানেন যে, রেজিস্ট্রার বা রেজিস্ট্রারের ভারপ্রাপ্ত কোন লোক যে অ্যাকাউন্ট অডিট করেন বা ইন্সপেকসান করেন সোসাইটির সেই ইন্স-পেকসান রিপোর্ট কিন্তু পেতে পেতে ২-৩-৪ বছর লেগে যায়, অনেক সময় দেখা যায় তিনি রিটায়ার করে চলে গেলেন, লিখলেন না ইন্সপেকসন রিপোর্ট। অতএব যদি সত্যিকারে ইন্সপেকসনকে কার্যকর করে তুলতে হয়, তা হলে সরকারের একটা টাইম লিমিট এই বিলের মধ্যে করে দেওয়া উচিত। সেটা আপনি ১-২-৩-৪-৬ মাস যাই করুন না কেন একটা সময়সীমা বেঁধে দিন যে, ইন্সপেকসন হবার পরে ছয় মাসের মধ্যে বা তিন মাসের মধ্যে বা এক মাসের মধ্যে তার প্রয়োজনীয়তা দেখে তিনি বলবেন যে, একটা টাইম লিমিট করে দেওয়া দরকার যে, ম্যাক্সিমাম এই সময়ের মধ্যে তোমাকে সেই ইন্সপেকসন রিপোর্ট সরকারের কাছে, ব্যাঙ্কের কাছে, সোসাইটির কাছে দাখিল করে দেবার জন্য। সেকসান ৮৬-এ বলছেন সেটেলমেন্ট অব ডিসপিউটস-এর কথা, তাতে বলছে যে, সমস্ত ডিসপিউট রেজিস্ট্রার সেটেল করবেন, এই ক্ষমতা থাকবে। কিন্তু কর্মচারীর সঙ্গে সোসাইটির যদি কোন ডিসপিউট হয়, তা হলে সেখানে ডিসপিউটের কিন্তু তিনি বিচার করতে পারবেন না। কে বিচার করবে? সোসাইটির সঙ্গে কর্মচারীর ডিসপিউট হওয়া খুব স্বাভাবিক। যদি এইরকম ডিসপিউট হয়, তা হলে সেখানে কর্মচারীকে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টের সুযোগ নিতে হবে, নয়তো সিভিল কোর্টে গিয়ে স্পেসিফিক রিলিফ অ্যাক্টের সুযোগ নিয়ে ডিসপিউটের মীমাংসা করতে হবে—বহুদিনের ব্যাপার—গোলমালের ব্যাপার। অতএব সরকার যদি সোসাইটি-গুলিকে কর্মক্ষম করে তুলতে চান, সোসাইটিকে নতুন জীবন দান করতে চান, তা হলে সেখানে সরকার যখন রেজিস্ট্রারের উপর এত ক্ষমতা দিচ্ছেন সমস্ত রকম ডিসপিউট-এর—সোসাইটির সঙ্গে তার কর্মচারীর যদি ডিসপিউট হয় সেই ডিসপিউটের বিচার করা উচিত সরকারী যন্ত্রের মাধ্যমে

With the power to appeal against the order of that officer.

এই বিধান সেকসান ৮৬-এর মধ্যে থাকা উচিত। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যেকথা বলতে চাচ্ছি সেটা হচ্ছে পাওয়ার টু মেক রুলস ১৪২ ধারা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি দেখবেন বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিজ অ্যাক্ট, ১৯৪০ সেটা যদি এক হাতে ধরেন, আর বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিজ রুলস, ১৯৪২ যদি আর এক হাতে ধরেন, তা হলে যদি অ্যাক্ট অব ১৯৪০ ডান হাতে থাকে, তার যেসমস্ত আইন তৈরি হল, রুলস ইন দি ইয়ার ১৯৪২ যদি বাম হাতে থাকে, তা হলে দেখবেন বাম হাত আপনার নীচে নেমে যাবে। অর্থাৎ অ্যাক্ট থেকে রুলস হয়ে গিয়েছে বড়। আমি একথা বলি না যে সরকারের রুলস করবার অধিকার থাকবে না, নিশ্চয় রুলস তৈরি করবার অধিকার দিতে হবে সরকারকে অ্যাক্টের মধ্যে এবং এটা আপনি স্যার, আইনজ্ঞ হিসাবে জানেন যে, যদি কনফ্লিক্ট হয়—

between the Act and the Rules the Act will prevail.

একথাও ঠিক, কিন্তু তা সত্ত্বেও আমার আপত্তি হচ্ছে এই জন্য যে, এতবড় ক্ষমতা যদি সরকারের হাতে তুলে দেওয়া হয়—অ্যাক্ট পাশ করাতে হলে বিল হিসাবে এই বিধানসভায় আনতে হয় এবং তাতে আলোচনার সুযোগ থাকে, কিন্তু রুলস তৈরির সময় অফিসিয়াল গেজেটে পাবলিকেসান করলেই হয়ে যায়। বিধানসভার কোন সদস্যের কাছে সরকারকে যেতে হয় না। আবার এই আইনের মধ্যে রাখা হয়েছে যে, প্রভাইডেড—যদি সরকার মনে করেন এই অ্যাক্টকে কার্যকর করার

অন্য কোন রুলস তৈরি করা দরকার, তা হলে উইদাউট প্রিভিয়াস পাবলিকেসান রুলস তৈরি করতে পারবেন। বিধানসভার মধ্যে অ্যাক্ট তৈরি হল আর সরকার নিজের প্রয়োজন ও ইচ্ছা মত রুলস তৈরি করলেন। আর এই করতে গিয়ে আমরা দেখেছি ১৯৪০ সালের অ্যাক্ট ও ১৯৪২ সালের রুলসে যতগুলি জিনিস কো-অপারেটিভ সোসাইটির নামে কোর্টে গিয়েছে সঙ্গে সঙ্গে ইঞ্জাংসান দেওয়া হয়েছে। কেননা অ্যাক্টের সঙ্গে রুলসের এমন সমস্ত ইনকনসিসটেন্সি হয়েছে যার ফলে কোর্টে যাওয়া মাত্র মহামান্য বিচারকের প্রাইমা ফেসি ধারনা হয় যে, নিশ্চয় অ্যাক্টের সঙ্গে রুলসের কোন কনফ্লিক্ট আছে, ইনকনসিসটেন্সী আছে। এর ফলে বহু সোসাইটির বহু কাজ অচল হয়ে গিয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় হয়ত আমাকে বলবেন যে' "আপনি যে আপত্তি করেছেন, আপনি একটাও কেস দেখাতে পারবেন যেখানে রুল মেকিং পাওয়ার সরকারকে দেওয়া হয় নি?" হ্যাঁ, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেখাতে পারি। ইন্ডিয়ান কম্পানীস অ্যাক্টের কোন রুলস নেই। রুলসগুলি সমস্ত অ্যাক্টের মধ্যে ইনকরপরেট করে দেওয়া আছে। স্যার, আমি বিরোধী দলের সদস্য হিসাবে শুধু সমালোচনা করার জনাই বলছি না, আমি এই জন্য বলছি যে, এফেকটিভ ওয়ার্কিং অব দি সোসাইটি--যেটা সরকারের উদ্দেশ্য, বিধানসভার উদ্দেশ্য যে গ্রামের জীবনকে সমবায়ের দিকে পরিচালনা করা অপরিহার্য, সেইজন্য যে বিল এনেছেন তাকে যদি কার্যকর করতে হয়, তা হলে কম্পানী অ্যাক্টের মত এই সোসাইটিস অ্যাক্টের মধ্যেও রুলসকে যদি ভাল ভাবে চিন্তা করে ইনকরপোরেটেড করে দেওয়া যায় এবং ভালোভাবে দফায় দফায় আলোচনা করবার সুযোগ বিধানসভাকে দেওয়া হয়, জনমত যাচাই করা হয় এবং সরকারী কর্মচারীদের সমবায়ের অভিজ্ঞতাকে অ্যাপ্লাই করা হয়, তা হলে এই আইন সর্বাঙ্গসুন্দর হয়ে উঠবে। তার সঙ্গে সঙ্গে মন্ত্রিমহাশয় যে বলেছেন--

Strict supervision on the Societies and Co-operative Banks to root out corruption and to root out vested interest.

সে জিনিস হতে পারবে। কাজেই তাড়াতাড়ি না করে জনমত নিয়ে, সমবায় সম্পর্কে অভিজ্ঞ সদস্যদের ও সরকারী কর্মচারীদের মতামত নিয়ে মন্ত্রিসভায় আলোচনা করে এই বিল যদি আনেন, তা হলে আপনার উদ্দেশ্য সার্থক হবে। এর আগেও আপনি অ্যামেন্ডমেন্ট পাশ করিয়ে নিয়েছেন এবং সেগুলি এর মধ্যে রেখেছেন। ১।২ মাস বা ১৫ দিন দেরি হলে কোন এমন কিছু ক্ষতি হবে না। কাজেই আবার বলছি, জনমতকে উপেক্ষা করে, সরকারী কর্মচারী, এখানকার ও মন্ত্রিসভার সমবায় সম্পর্কে অভিজ্ঞ সদস্যদের মতামত না নিয়ে তাড়াতাড়ি করে যদি এটাকে পাশ করাবার ব্যবস্থা করেন বা এই বিলটিকে পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করবার সুযোগ না দেন, তা হলে এই বিল যে উদ্দেশ্য নিয়ে এসেছেন সে উদ্দেশ্য সাধিত হবে না। এই কথা বলে এই বিলকে জনমত সংগ্রহের জন্য প্রচারার্থের দাবি জানিয়ে আমি শেষ করলাম।

[5-40—5-50 p.m.]

শ্রীকুমারদীপ্ত সেনগুপ্তঃ মাননীয় স্পীকার স্যার, আজকে এতক্ষণ পর্যন্ত যে আলোচনা হল সেই আলোচনায় মোটামুটি অভিমত হচ্ছে জনমত নিয়ে অভিজ্ঞতা সম্পন্নদের নিয়ে যুক্তি, বুদ্ধি করে এই বিল আনা উচিত ছিল, এই বিল আজকে তাড়াহুড়া করে আনা ঠিক হয় নি। মাননীয় স্পীকার স্যার, যারা এই দাবি উত্থাপন করেছেন তাদের কাছ থেকে আমরা এমন একটা পরিবর্তনের ইঙ্গিত পেলাম না যার জন্য এই দাবিকে মেনে নেওয়া যায়। একথা সকলে জানেন যে, এই বিল তাড়াহুড়া করে তৈরি করা হয় নি। এই বিল আমাদের তৈরি করতে হয়েছে বহু চিন্তা এবং বহু বিবেচনা করার পরে এবং রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়ার যে একটা রিপোর্ট রয়েছে সেই রিপোর্টটি আসার পরে। রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার স্টাডি টীমের যে রিপোর্ট তার পেজ ৯৭-এ পশ্চিমবঙ্গের কো-অপারেটিভের একটা চিত্র পাওয়া যায়। সেটা হচ্ছে—

The co-operative credit institutions in the State have now reached a stage where unless remedial measures are taken immediately, it is apprehended that there will be no hope of their survival.

এখন অত্যন্ত জ্ঞানী, গুণী এই লাইনে বিচারবুদ্ধিসম্পন্ন ব্যক্তি তারা যে কথা ব্যবহার করেছেন সেই কথা হচ্ছে--রিমেডিয়াল মেজার্স আর টেকেন ইমিডিয়েটলি। সুতরাং আরো অপেক্ষা করে,

আরো একই গোষ্ঠীতন্ত্রকে, আরো অসাধু লোক যারা রয়েছে তাদের সুযোগ-সুবিধা করে দেবার কোন কারণ থাকতে পারে বলে মনে করি না। আজকে যে বিলগুলি এনেছেন, সেই বিলের পরিপ্রেক্ষিতে একটা কথা চিন্তা করতে হবে। এই বিল যিনি এনেছেন, আমাদের মাননীয় মন্ত্রী জয়নাল আবেদিন সাহেব তাঁর কার্যক্রম তো মাত্র এক বছর, তার মধ্যে আমরা দেখতে পাই তাঁর প্রচেষ্টায় আজকে স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক লেভেল-এ শতকরা ৬০ টাকা আদায় করা হয়েছে যেটা কল্পনা করা যায় না, বিশ্বাস করা যায় না। দিল্লীর অভিজ্ঞ ব্যক্তি যারা এটা মেনে নিতে চায় না। আজকে আমাদের মূলতঃ মাননীয় মন্ত্রী জয়নাল আবেদিন সাহেবের প্রচেষ্টায় ৬ কোটি টাকা যেটা মনে হয়েছিল ১০ কোটি টাকার মধ্যে কিছু পাওয়া যাবে না—তার মধ্যে ৬ কোটি টাকা ঘরে আনতে পারা গেছে। এটা আনন্দের কথা যে, এই জয়নাল আবেদিন সাহেব সর্বপ্রথম মন্ত্রী যিনি এই কো-অপারেটিভকে পুনরুজ্জীবিত করার জন্য, মরা গাঙে প্রাণ সঞ্চারের জন্য, প্রাণ চঞ্চলতা আনবার জন্য আজকে এই কো-অপারেটিভ ডিপার্টমেন্টকে ৪ থেকে ৫ কোটি টাকা দিয়েছেন শেয়ার ক্যাপিটেল এবং ব্যাড ডেট রাইট অফ করার জন্য। কাজেই যে ব্যক্তি ৬ কোটি টাকা আদায় করতে পারে, যে ব্যক্তি ৫ কোটি টাকা শেয়ার ক্যাপিটাল এবং ব্যাড ডেট রাইট অফ করে দিতে পারে সেই ব্যক্তি একটা হঠকারীর মধ্যে দিয়ে এই আইন এনেছেন এটা আমরা বিশ্বাস করতে পারি না। এই বিল আমি পুঙ্খানুপুঙ্খরূপে পড়েছি। মাননীয় মহান্তি মহাশয়ের প্রতিটি কথার জবাব দেব। তবে এইটুকু বলতে পারি যে, এই বিল যিনি এনেছেন তার এই বিল আনার অধিকার আছে। আজকে পশ্চিমবাংলায় কো-অপারেটিভ ডিপার্টমেন্টকে এত সুন্দরভাবে এর আগে আর কোন মন্ত্রী কখনও চ'লতে পারে নি। সেই অধিকারের বশবর্তী হয়ে আজকে আমরা দেখতে পাচ্ছি যে, এই বিল পশ্চিমবাংলার গ্রামবাংলার মানুষের মুখে, গ্রামবাংলার কৃষকের মুখে হাসি ফোটাবে, বেকার যুবকদের মুখে আশা জাগাবে। এই বিলকে বৈপ্লবিক বিল হিসাবে বৈপ্লবিক অভিনন্দন জানাচ্ছি। গ্রামীণ অর্থনীতি যেটা ধ্বংস হয়ে যাচ্ছে—গণতন্ত্র মানে চুরি নয়, গণতন্ত্র মানে কো-অপারেটিভের নামাবলি গায়ে দিয়ে ডাকাতি নয় এটা ভুলে যাবেন না। এটা যুক্তফ্রন্টের গণতন্ত্র নয় গ্রামীণ অর্থনীতি যেটা ধ্বংস হয়ে যাচ্ছে, এই অর্থনীতিকে সঞ্জীবিত করতে হবে এবং সেজন্য এই বিল হবে গ্রামবাংলার অর্থনীতির নূতন বাইবেল। আজকের দিনে যে সমস্ত প্রশ্ন উঠেছে, মাননীয় মহান্তি মহাশয়, এক একটা সেকসান উত্থাপন করেছেন, তিমিরবাবু টি এ বিলের রেজিস্ট্রারের ব্যাপারে ঘোরতর আপত্তি করেছেন। কিন্তু তিনি আমলাতন্ত্রকে আক্রমণ করতে গিয়ে অসাবধানবশত দুর্নীতিকে সমর্থন করেছেন। তিমিরবাবু আপনি আমার সঙ্গে আসুন, আপনাকে আমি দেখিয়ে দেবো যে, পিঠের ব্যথা হলেও এখানে টি এ বিল পাওয়া যায়, এই দৃশ্য আপনি কল্পনা করতে পারবেন না। (এ ভয়েসঃ কোথায়) আমি যদি বহরমপুরে আপনাদের পার্টি কমরেডকে দেখাতে পারি, তা হলে কি আপনি রিজাইন দেবেন এখান থেকে? আজকে এই যে রেজিস্ট্রারের কথা বলা হয়েছে, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, এক একটা ব্যাঙ্ক ডাইরেকটরের টি এ বিল হচ্ছে আনুমানিক ১ লক্ষ টাকা। রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, যারা ৮২ কোটি টাকা প্রফিট করেন তাঁদের হচ্ছে ৮০ থেকে ৮৪ লক্ষ টাকা, এটা হতে পারে না। আজকের দিনে শুধু রেজিস্ট্রারের ওখানে সই নয়, এখানে সেকসনটা পড়ে দেখুন সেই সেকসানে বলা হয়েছে—

Registrar and Members and the Directors of the Society.

এই অ্যান্ড কথাটা বাদ দিয়ে শুধু রেজিস্ট্রারটা পড়বেন না। আর আমাদের দেশে যদি কো-অপারেটার্সরা এইরকম টি এ বিল সাবমিট করেন, তা হলে আমলাতন্ত্রকে গাল দেবার কোন অধিকার আমাদের নিশ্চয়ই নেই। আজকের দিনে মিঃ মহান্তি কতকগুলো সেকসানের উদ্ধৃতি দিয়েছেন, তার মধ্যে সেকসান ২৩টা সবচেয়ে ইমপর্ট্যান্ট। এটার উত্তর আমি সব শেষে দেবো। আজকের তিনি ১৩(৫) ধারার কথা উল্লেখ করেছেন। ১৩(৫) ধারাতে আমরা কি দেখতে পাচ্ছি—

An application, which remains undisposed of after the expiry of the aforesaid period of three months, shall be deemed to have been refused by the Registrar.

এর মানে হচ্ছে যে, তিন মাসের মধ্যে যারা দরখাস্ত করবে—কো-অপারেটিভের মধ্যে আজকে আমূল পরিবর্তন সাধিত করার জন্য, কো-অপারেটিভের মধ্যে বেকার যুবকদের আন্দোলনে সামিল করার

জন্য আমরা খবরের কাগজে বিজ্ঞাপন দিচ্ছি, আমাদের হাতে প্রভূত টাকা রয়েছে, আজকে যে সমস্ত এম এল এ বন্ধু এখানে রয়েছেন, তাঁদের আমন্ত্রণ জানাচ্ছি আসুন, সেই সমস্ত ছেলেদের কর্মে নিয়োগ করে যে সেলফ-এমপ্লয়মেন্টের প্রচেষ্টা চলছে, তাকে সার্থক করে তুলি। টাকার অভাব হবে না। তিন মাসের কথা বলা হচ্ছে, এটা বলা হচ্ছে আমলাতন্ত্রের উপর একটা চাপ সৃষ্টি করার জন্য, যে দরখাস্ত করবে, সে যদি জানে যে, তিন মাসের মধ্যে আমাদের এই স্কিম যদি গ্রহণ না করেন, তা হলে আপনার স্কিমটা বাতিল হয়ে যাবে। তা হলে বারে বারে গিয়ে এই তিন মাসের মধ্যে এই স্কিমটা সে নিশ্চয় চাইবে, যাতে স্যাংশান হয়। এটার মধ্যে দিয়ে কো-অপারেটিভ ডিপার্টমেন্টের মধ্যে গতিশীলতা আসবে, এটাই আমাদের বিশ্বাস। তারপর সেকসান ২৪ সম্বন্ধে প্রদ্যোৎবাবু যা বলেছেন, সেটা একটু দেখা যাক। সেই কথাটা কতখানি মেনে নেওয়া যায়। তিনি বলেছেন যে—

The State Government may, on the application of a Co-operative Society supported by a resolution of the managing committee on the general body of members of the Society, etc.

এখানে বলা হচ্ছে যে, গভর্নমেন্ট থেকে কো-অপারেটিভ সোসাইটিকে একজন অফিসার দেওয়া যেতে পারে। প্রদ্যুৎবাবু এতে আপত্তি তুলেছিলেন যে, এর জন্য অর্থ কে দেবে? কিন্তু উনি যদি এই সেকসানটা পড়তেন, তা হলে দেখতে পেতেন এখানে লেখা আছে—

Provided that the Registrar may, on the application of a co-operative society in respect of the service of the society.

সেই সময় তো এখনও আসে নি। যে সময় একটা কো-অপারেটিভকে একজন সরকারী কর্মচারী দেওয়া হবে তার অ্যালাউন্সেস, তার স্যালারি কিভাবে দেওয়া হবে সেটা তো বলাই আছে।

On such conditions as may be prescribed.

সেদিন সেই সমস্যার সমাধান হবে। কাজে কাজেই এই ব্যাপারে কারুর আপত্তি থাকার কোন যুক্তিসঙ্গত কারণ দেখতে পাচ্ছি না। তারপর তিনি সেকসান ২৪(৪) সম্বন্ধে একটা আপত্তি তুলেছেন,

Any action taken by the Registrar or the State Government under sub-section (1) shall not be called in question in any Civil Court or High Court.

অর্থাৎ যদি কোন রেজিস্ট্রার বা স্টেট গভর্নমেন্ট কোন ব্যবস্থা নেয়, কোন সেকসানের ব্যবস্থা, সাব-সেকসান ওয়ান সেটা আগে পড়তে হবে। তাতে আছে—

The management committee of any co-operative society has persistently made defaults.

যদি টাকা জমা না দেয়, যদি টাকা ফেরত না দেয়, যদি সোসাইটিকে ধ্বংস করার জন্য কোন কাজ করে, তা হলে কি গণতন্ত্রের নামে এইসব লোককে সুযোগ-সুবিধা দিতে হবে। কো-অপারেটিভকে ধ্বংস করার জন্য কি হাইকোর্টে গিয়ে মামলা করতে হবে—এটা হতে পারে না। বর্তমানে যে সমাজব্যবস্থা এবং যে সমাজতন্ত্রের আমরা বিশ্বাস করি তাতে এই অধিকার দিতে একটা দেশকে, একটা জাতিকে পঙ্গু করে দিতে, শেষ করে দিতে এই অধিকার আমরা দিতে পারি না। সুতরাং এই ২৬(৮) এই যে ধারা সেটা সম্বন্ধে প্রদ্যুৎবাবু আপত্তি করেছেন আমার বিশ্বাস ঐ ক্ষেতমজুর, গ্রামের মানুষ তারা তাঁর বক্তব্যকে সমর্থন করবে না। যেসমস্ত দুর্নীতিগ্রস্ত কো-অপারেটার্স রয়েছে তাদের অবিলম্বে শেষ করে দিতে হবে এবং ২৬(৮) ধারাকে শ্রদ্ধার সঙ্গে সম্ভাষণ জানাতে হবে।

[5-50—6-00 p.m.]

সেকসান ২৩-এ বলা আছে—

No person who has been or but for voluntary registration could have been a member of a managing committee of a co-operative for consecutive three terms.

যদি কোন কো-অপারেটর বার বার এক জায়গায় ম্যানেজিং কমিটিতে থাকে, তা হলে তাকে দু বছর দেওয়া হবে না। আজকের দিনে এটা যদি গণতন্ত্রকে হত্যা করা হয়ে থাকে, তা হলে কিছু

বলার নেই। যে বক্তৃতা তিমিরবাবু করলেন, যে বক্তৃতা মিঃ গাঙ্গুলী সি পি আই-র সদস্য করলেন, তাতে তারা বললেন যে, আজকে কো-অপারেটিভ-এ ভাল লোক আসছে না, ভাল লোক দেখতে পাওয়া যাচ্ছে না। যদি কো-অপরেটিভকে নবীন করে তুলতে হয়, যদি কর্মচঞ্চল করে তুলতে হয়, তা হলে নতুন ছাত্রসমাজকে, যুবসমাজকে, বিদ্বান্ লোকেদের সুযোগ করে দিতে হবে। কো-অপারেটিভকে ডেমোক্রেটিক করতে হবে বলা হয়েছে, কিন্তু কো-অপারেটিভের যেসমস্ত সদস্য রয়েছেন তাতে এইভাবে চললে কি করে হবে? রামবাবু একটা কো-অপারেটিভের চেয়ারম্যান, তিনি মনে করলেন আজীবন চেয়ারম্যান থাকবেন, তা হলে তিনি থাকবেন অথবা তিনি মনে করলেন যে, তাঁর পর তিনি তার নাতিকে বসিয়ে যাবেন, তা হলে তাই হবে বা তিনি মনে করলেন যে, তার পুত্রবধূকে সেক্রেটারী করবেন, তাই করতে পারবেন। এই তো অবস্থা, যার ফলে কো-অপারেটিভ একটা গোষ্ঠীর হাতে চলে গিয়েছে। যদি এই গোষ্ঠীর হাত থেকে নিয়ে আসা যায়, তা হলে এই ১২ লক্ষ ছেড়ে আরো বহু টাকা কো-অপারেটিভকে দিতে হবে। এখানে কোন ইলেকসানের ব্যবস্থা ছিল না, যার ফলে এই অবস্থা চলছে। আমাদের স্টেট গভর্নমেন্ট এই বিষয়ে পরিকল্পনা গ্রহণ করেছেন যাতে বাংলাদেশের চাষীদের কো-অপারেটিভ ডিপার্টমেন্টের মাধ্যমে সাহায্য করা যায়। রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া রিপোর্ট দিয়েছে ৬৮ কোটি টাকা কয়েকটি গ্রুপের কাছে রয়েছে। এই কয়েকটি বিত্তবান গ্রুপ ছাড়া সাধারণ মানুষ এর সামান্য সাহায্য পায়, যদি এই গ্রুপের সমস্যার সমাধান করতে হয়, তা হলে আজকে সেকসান ২৩(২) ধারা যেটা আজকে এখানে এনেছেন যে, দুবার দাঁড়াবার পর আর তাকে দাঁড়াতে দেওয়া হবে না, এখানে আপত্তির কোন কারণ আমি দেখতে পাচ্ছি না। প্রদ্যোৎবাবু এখানে যেসমস্ত আপত্তিজনক কথাবার্তা বলেছেন, আমি মনে করি তার সব উত্তরই আমি দিতে পেরেছি। তারপর কো-অপারেটিভের সেকসান ২৬—এই সেকসান ২৬-এ যে ধারা রয়েছে, তাতে বলা হচ্ছে—

If on receipt of a report from the Registrar the State Government is of opinion. যদি রেজিস্ট্রার মনে করে, তা হলে রেজিস্ট্রার রিপোর্ট নিতে পারে এবং সেটা স্টেট গভর্নমেন্টকে দিতে হবে, তারপর স্টেট গভর্নমেন্ট যদি মনে করেন, তা হলে একটা কো-অপারেটিভকে ডিসোলিউশন বা ডিসলভ বা বাতিল করে দিতে পারেন। আজকের দিনে বলা হচ্ছে এটা অ-গণতান্ত্রিক, তা হলে কোন্‌টা গণতান্ত্রিক? টাকা নিয়ে লুকিয়ে রাখবে, আর গ্রামবাংলার মানুষ টাকার অভাবে কাজ পাবে না, চাষ করতে পারবে না, এটা মানা যায় না। আজকে রেজিস্ট্রার যে কাজ করবে সেটা হচ্ছে সে শুধু রিপোর্ট দেবে। প্রদ্যোৎবাবু ২৬ প্রভিসোর যে ব্যাখ্যা করেছেন, সেই ব্যাখ্যা ঠিক নয়। কারণ এখানে রেজিস্ট্রার হচ্ছে রেকমেন্ডিং অথরিটি, তিনি এই ব্যাপারে কোন ব্যবস্থা অবলম্বন করতে পারবেন না। ব্যবস্থা গ্রহণ করবেন স্টেট গভর্নমেন্ট, যদি অসাধুতা দেখা যায়, যদি অন্যায় দেখা যায়, তা হলে আমাদের স্টেট গভর্নমেন্টের যে কর্তব্য রয়েছে দেশের কাছে, যে দায়িত্ব রয়েছে সেই দায়িত্ব কিভাবে পালিত হবে? আজকে আমরা ডেমোক্রেসীর কথা বলছি—আমাদের এই আইনসভাকে কি বাতিল করে দেওয়া যায় না, আমাদের আইন দ্বারা কি মন্ত্রিসভাকে বাতিল করে দেওয়া যায় না? সেটা সম্ভব হবে আর ঐ সমস্ত দুর্নীতিগ্রস্ত ঘুঘুর বাসা যেখানে রয়েছে সেই কো-অপারেটিভকে রেজিস্ট্রার-এর রেকমেন্ডেশনে স্টেট গভর্নমেন্ট বাতিল করে দিলে সেটা অন্যায় হবে, অ্যাসেম্বলীর চেয়ে মিনিস্টারের চেয়ে অনেক বেশী ক্ষমতা দেওয়া হবে এই সমস্ত কো-অপারেটিভকে? যারা আমাদের কো-অপারেটিভ মুভমেন্টকে খেলো করে দিয়েছে, লোকের বিশ্বাস ভেঙে দিয়েছেন তাদের এই আবদার আজকে মেনে নেওয়া যায় না।

আজ কো-অপারেটিভ ডিপার্টমেন্ট থেকে বিল এসেছে সেই বিল সম্বন্ধে একটা কথা বলতে হবে যে, আমাদের এখানে একটা ধারা আছে সেই ধারা হচ্ছে অনুন্নত সম্প্রদায় সম্বন্ধে। এদের সম্বন্ধে আমরা প্রায়ই চোখের জল ফেলি। কিন্তু আজ পর্যন্ত কোন সরকার এমন ব্যবস্থা করেন নি যাতে অনুন্নত সম্প্রদায় বা সিডিউলড কাস্টের ব্যক্তিরা যে কোন কো-অপারেটিভের ম্যানেজিং কমিটির সদস্য হিসাবে পদ পাবেন। আজ সেই সেকসান ২৮(২)-তে অনুন্নত সম্প্রদায়ের প্রতি দৃষ্টি দেওয়া হয়েছে। এর জন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি। আর একটা ধারা, যেটা সংযুক্ত করেছেন সেটা হচ্ছে একটা বাড়ি থেকে ৩ জনের বেশী কো-অপারেটিভের সদস্য হতে পারবেন না। একদিন যে কো-অপারেটিভ আমরা দেখছি তাতে কো-অপারেটিভগুলি এক একটা বিশেষ ব্যক্তি বা গোষ্ঠীর

কো-অপারেটিভ ছিল। কিন্তু তিমিরবাবু এখানে কতকগুলি অসাধু গোষ্ঠীর জন্য উদ্বেগ প্রকাশ করলেন। তিনি যে সোসালিজমে বিশ্বাস করেন সেই সোসালিজম-এর সঙ্গে কো-অপারেটিভের একটা নিবিড় সম্বন্ধ আছে। কো-অপারেটিভ মানে কো-অপারেটিভ সোসালিজম। আমি প্রশ্ন করি পশ্চিমবঙ্গে কতজন কো-অপারেটর্সকে দিতে পারবেন যাঁরা গোষ্ঠীভুক্ত নন। সেজন্য নূতন ভাবে নূতন যে বিল এসেছে সেটা জনতার অ্যাক্ট, এই বিল যখন জনতার আদালতে যাবে তখন আমাদের এই সরকারকে জনতা বলবে, আমাদের উপকারের জন্য আপনারা এই বিল করেছেন। এই বিলে নূতনভাবে কো-অপারেটিভকে ঢেলে সাজান হয়েছে। জীর্ণ পুরাতন যেগুলি ছিল সে সমস্তগুলিকে আজ ফেলে দিতে হবে এবং সেগুলি আজ ডাস্টবিনে পড়ে থাকবে। এই প্রসঙ্গে বক্তৃতা শেষ করার আগে একটা কথা বলব যে, আমরা বাঙালীরা না খেয়ে ১৫৬ কোটি টাকা জমা দিয়েছি কমার্শিয়াল ব্যাঙ্কে, আর বি আই কো-অপারেটিভ-এর উপর যে রিপোর্ট দিয়েছে তাতে ৯২—৯৬—৯৫ পাতায় তাঁরা বলেছেন, আমাদের দিল্লীর সরকার থেকে যেসমস্ত অফিসার এসেছিলেন তাঁরা বলেছেন, ব্লকে ব্লকে কো-অপারেটিভ ব্যাঙ্ক করার জন্য। এগ্রিকালচারাল ব্যাঙ্ক অবিলম্বে সৃষ্টি করতে তাঁরা বলেছেন। আজ ৫৭টা ব্লকে এইরকম ব্যাঙ্ক তৈরি করা এবং সেই কো-অপারেটিভ-এর মাধ্যমে গ্রামবাংলার মানুষের চোখের জল মুছে দেবার জন্য তাঁরা বলেছেন। এই স্টাডি টীম ৯২ পাতায় একথা বলেছেন। আমরা বাঙালীরা ১৯৫ কোটি টাকা জমা দিয়েছি কিন্তু দুঃখের বিষয় সেই ডাইরেকটিভ মানা হচ্ছে না। এমন কি আর বি আই-এর রিপোর্ট-এর ৯৩ পেজ-এ বলা হয়েছে—

The Commercial Banks may provide agricultural production credit directly through their existing branches or to be the opened in the nearr future.

বড়ই দুঃখের কথা যদিও কো-অপারেটিভের উপর এই রিপোর্ট হয়েছে তবু এটা সেন্ট্রাল গভর্নমেন্টের রিপোর্ট। তথাপি একই গভর্নমেন্টের অধীনে যে কমার্শিয়াল ব্যাঙ্ক রয়েছে তাদের সেই রিপোর্ট অনুসারে কাজ করছেন না। ৯৫ পাতায় বলা হয়েছে—

Agriculture Credit Operations and Miscellaneous Provisions Banks Bill.

একটা তৈরি করতে হবে। কারণ তলোয়ার কমিটি কতকগুলি রেকমেন্ডেসান এ বিষয়ে আছে। এমনভাবে জিনিসগুলি করতে হবে যাতে কো-অপারেটিভ-এর সঙ্গে এগ্রিকালচারাল ক্রেডিটকে যুক্ত করতে হবে। তাই মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করব, আপনি যে বিল নিয়ে এসেছেন এই বিলের জন্য আপনি সারা দেশের কাছে স্মরণীয় ও বরণীয় হয়ে থাকবেন এবং স্বল্প সময়ের মধ্যে যে উন্নতি করেছেন তাতে সাধারণ মানুষ, ক্ষেতমজুর ও গ্রামীণ কৃষকের কাছে ধন্যবাদের পাত্র হবেন। আপনি অনুগ্রহ করে আর বি আই এগ্রিকালচারাল ক্রেডিট অপারেসান বিল কি করে আনা যায় সেটা দেখুন, কমার্শিয়াল ব্যাঙ্ককে বাধ্য করুন যাতে পশ্চিমবঙ্গের টাকা পশ্চিমবঙ্গ থেকে বাহিরে না যায় সেই টাকা এখানের শিক্ষিত বেকারের জন্য খরচ হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-00—6-10 p.m.]

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মাননীয় সমবায়মন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটি বিল এনেছেন তাকে আমি পূর্ণভাবে সমর্থন জানিয়ে কয়েকটি কথা নিবেদন করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কারোর অজ্ঞাত নয় যে, পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলন একটা ব্যর্থতার ইতিহাস সৃষ্টি করেছে, কারোর অজানা নয় যে, সমবায় আন্দোলনের নামে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা চুরি করা হয়েছে। পশ্চিমবঙ্গে গরিব মানুষের নাম করে যে সমবায় সমিতিগুলি তৈরি হয়েছে সেখানে গরিবরা লভ্যাংশ কিছু পায় নি, পেয়েছে মুষ্টিমেয় কিছু সুযোগসন্ধানী এবং কর্মতৎপর ব্যক্তি, যারা বছরের পর বছর বিভিন্ন সমবায় সমিতিকে ধ্বংসের পথে পাঠিয়ে নিজেদের মুনাফাবৃত্তিকে লালসাকে চরিতার্থ করেছে। বিগত কয়েক বছর থেকে যখন আমরা পশ্চিমবঙ্গের সমবায় আন্দোলনের দিকে তাকিয়েছি, তখন দেখেছি যে, সমবায় আন্দোলনের পিছনে ভারতবর্ষের দরিদ্র দুর্গত মানুষের, পশ্চিমবঙ্গের দরিদ্র দুর্গত মানুষের কোটি কোটি টাকা খাটে সেই সমবায় আন্দোলনে লাভ কিছু হয় না, বছরের পর বছর তাদের কেবল ক্ষতির খতিয়ান লেখা হয়, সেখান থেকে এমন কোন আশা দেখা যায় না যাতে করে জোর

করে বলতে পারা যায় যে, আমরা সমবায় আন্দোলন জোরদার করব, সমবায় আন্দোলনের মাধ্যমে পশ্চিমবঙ্গে নতুন অর্থনৈতিক স্বরাজ স্থাপন করব। পশ্চিমবঙ্গ থেকে আরম্ভ করে ভারতবর্ষের অন্যান্য প্রদেশের সমবায় আন্দোলনের ইতিহাস পড়লে আমরা জানতে পারব, পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলনের ক্ষেত্রে যেমন হতাশা দেখা দিয়েছে, সেই অবস্থা অন্যান্য প্রদেশে দেখা দেয় নি। সেজন্য এমন কিছু ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন ছিল যে ব্যবস্থার মাধ্যমে সরকার কঠোর কঠিন হাতে চুরিকে নিয়ন্ত্রণ করবেন, দুর্নীতিকে নিয়ন্ত্রণ করবেন, যারা লুটে-পুটে খেয়েছে গরিবদের কষ্টার্জিত পয়সা সেই লুটেরাদের জব্দ করবার জন্য সরকার নতুন করে বিল আনবেন। অত্যন্ত আনন্দের সঙ্গে লক্ষ্য করছি, সমবায়মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন আজকে এই প্রচেষ্টার যে প্রকাশ দেখিয়েছেন এটা বৈপ্লবিক কিনা সে সম্পর্কে আমি কোন কথা বলতে চাই না, কিন্তু একথা আমি জোরের সঙ্গে বলতে পারি, গণতন্ত্রের নামে যারা চুরি জোচ্চুরিকে আস্কারা দিয়ে চলেছিলেন বছরের পর বছর ধরে সেই চুরি জোচ্চুরির প্রবৃত্তিকে মুছে ফেলবার জন্য এই বিলে নতুন ধারা সংযোজিত হয়েছে। তার জন্য মন্ত্রীমণ্ডলীকে পশ্চিমবঙ্গের মানুষ অভিশাপ দেবে না, পশ্চিমবঙ্গের মানুষ এই সরকারকে নিশ্চয়ই আশীর্বাদ করবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিগত দিনে আমরা দেখেছি এই সমবায় সমিতিগুলি বাপ, কাকা, দাদা, নিকটতম আত্মীয়স্বজনদের মধ্যে সীমাবদ্ধ করে রাখা হয়েছে, তাঁরা সমবায় সমিতিগুলিকে পরিচালনা করেছেন। এই যে নতুন বিল এসেছে এতে স্বজনপোষণের যে চেষ্টা দীর্ঘদিন চলে এসেছে সেটা বন্ধ করার চেষ্টা করা হয়েছে। তিমিরবাবু এর সমালোচনা করতে পারেন, কিন্তু পশ্চিমবঙ্গে যাঁরা সত্যিকারের সমবায় আন্দোলনের কল্যাণ চান, তাঁরা এটাকে সমর্থন করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমবায় সমিতিগুলিকে সরকারের পক্ষ থেকে লক্ষ লক্ষ টাকা দেওয়া হয়েছে। সমবায় সমিতিগুলিতে হাজার হাজার লক্ষ লক্ষ টাকা জমা হত, কিন্তু টাকা তছরুপ হয়েছে। তার বিরুদ্ধে কোন আইনসঙ্গত কর্মপন্থা গ্রহণ করা সম্ভব হয় নি। জয়নাল আবেদিন সাহেব এই জোচ্চুরি, তছরুপের বিরুদ্ধে এই বিলে নতুন ধারা সংযোজন করেছেন। যারা এইভাবে তছরুপ করবে তাদের অপরাধ পুলিস গ্রাহ্য অপরাধ হবে বলেই কি তিমিরবাবু আতঙ্কে ছটফট করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কো-অপারেটিভ সোসাইটিগুলির অভিজ্ঞতা আপনার নিজের আছে, সেই সোসাইটিগুলি বছরের পর বছর কোন মিটিং ডাকে না, বছরের পর বছর কোন হিসাব দেয় না। আজকে যে বিল এসেছে সেই বিলে পরিষ্কার ভাবে বলা আছে যে, সময়সীমা নির্দেশ করে দেওয়া হচ্ছে, তিন মাসের মধ্যে মিটিং ডাকতে হবে এবং সেই মিটিং যদি না ডাকা হয়, তা হলে নিশ্চয়ই সেই সমবায় সমিতিগুলির বিরুদ্ধে কর্মপন্থা গ্রহণ করা হবে। আমি কি জিজ্ঞাসা করতে পারি এই যে বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, এই জন্যই কি তিমিরবাবু ত্রাহি ত্রাহি করছেন। মানুষের টাকা সাধারণ মানুষের টাকা নিয়ে ছিনিমিনি খেলা হয়েছে এই সমবায় সমিতির মাধ্যমে এবং টাকা তছরুপ করা হয়েছে, তার বিরুদ্ধে আজকে কর্মপন্থা গ্রহণ করা হচ্ছে। আজকে আমরা দেখছি ক্যালকাটা হোলসেল কো-অপারেটিভ, তাদের ৫৮ লক্ষ টাকা নষ্ট হয়ে গিয়েছে। আজকে এই তছরুপের বিরুদ্ধে আইনসঙ্গত পন্থা গ্রহণ করা হচ্ছে। তার জন্য আজকে মন্ত্রিমহাশয়কে নিশ্চয়ই ধন্যবাদ জানাতে হবে, আজকে মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাতে হবে, না তার জন্য মন্ত্রিমহাশয়ের সমালোচনা করতে হবে? আজকে তিমিরবাবু নিজেই স্বীকার করেছেন যে, সমবায় আন্দোলনের নামে তার ওখানে ১৮ কোটি টাকার কোন খোঁজখবর পাওয়া যায় নি। আজকে সেটা বন্ধ করবার জন্য মন্ত্রিমহাশয় এই বিল এনেছেন। আমি নিশ্চয়ই বলতে পারি, এই বিলের দ্বারা সমবায় আন্দোলনকে জোরদার করবার জন্য যে বলিষ্ঠ কর্মপন্থা তিনি গ্রহণ করেছেন তাকে সকলেই গ্রহণ করবেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে সমবায় বিল আনা হয়েছে, এই বিলে পরিষ্কারভাবে বলা হয়েছে সমাজের দুর্বল শ্রেণীর মানুষের প্রতিনিধিত্ব স্বীকার করা হয়েছে, ধনী ব্যক্তিরা, যারা দরিদ্র মানুষের প্রতিনিধিত্বকে অস্বীকার করেছিলেন, এই বিলে এমন ধারা সংযোজিত করা হয়েছে, যাতে অধিকতর দুর্বলশ্রেণীর মানুষেরা সমবায় সমিতিগুলিতে প্রতিনিধিত্ব পান এবং সুযোগ পান তার ব্যবস্থা করা হয়েছে। এর জন্য কি এই বিলকে সমালোচনা করতে হবে? মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা দেখছি যে কো-অপারেটিভ সোসাইটিগুলিতে কি ছিল, সেখানে দিনের পর দিন বিরোধ চলেছে, যার ফলে এই সমবায় সমিতিগুলি কাজ করতে পারে নি। আজকে এই বিলে এমন ধারা সংযোজিত করা হয়েছে যে, যদি কোন বিরোধ হয়, তা হলে সেই বিরোধ নিশ্চয়ই নির্দিষ্ট সময়ের

মধ্যে ফয়শালা করতে হবে। বছরের পর বছর ধরে যা চলছিল, আজকে এই বিলে বলা হয়েছে তিন মাসের মধ্যে তার ফয়শালা করতে হবে। আমি জিজ্ঞাসা করতে চাই যে, এটা কি জনবিরোধী আচরণ, না জনবিরোধী কর্মপন্থা গ্রহণ করা হয়েছে? মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এই বিলে একটা নতুন ঘোষণার কথা ঘোষণা করা হয়েছে ডিপোসিট ইনসিয়োরেন্স স্কীম চালু করার কথা বলা হয়েছে এই বিলের মাধ্যমে, আমরা কি দেখছি সমবায় সমিতিগুলিতে যদি একটা নির্দিষ্ট ফান্ড না থাকে, তা হলে রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে যে টাকা পাওয়া যায়, তা হলে শতকরা দুই টাকা কমে সেই টাকা নিতে হয়। কিন্তু যদি একটা নির্দিষ্ট অ্যামাউন্ট থাকে, তা হলে শতকরা সাড়ে ছয় টাকা সুদ দেওয়া সম্ভব হবে। যেসমস্ত বাণিজ্যিক ব্যাঙ্ক আছে সেই বাণিজ্যিক ব্যাঙ্কের সাথে সমতালে পা ফেলে এগুতে পারবেন, আজকে তার ব্যবস্থা করা হয়েছে ঐ ডিপোজিট ইন্সিওরেন্স স্কীমের মাধ্যমে, এটা কি তিমিরবাবু বলবেন জনবিরোধী আচরণ? আজকে এই যে সমবায় বিল এসেছে সেই সমবায় বিল সম্বন্ধে আলোচনা, সমালোচনা করতে গিয়ে তিমিরবাবু মনে করছেন যে, এই বিলটা হচ্ছে অভিযান অর্থাৎ বিপ্লবী বলে মনে করছেন। এই অভিযানে চুরি জোচ্চুরির যে পথ বন্ধ করার যে নির্দেশ রয়েছে, তিমিরবাবু তা দেখতে পান নি। জনসাধারণ এই সরকারকে নির্বাচিত করেছেন, তাই আজকে যে বিল আনা হচ্ছে এর পিছনে জনসমর্থন আছে। এবং এই বিলের পিছনে জনসমর্থন আছে বলেই বিধানসভা গ্রহণ করছে এবং তিমিরবাবু জেনে রাখুন যে, তারা দু-তিন জন মিলে যতই চিৎকার করুন, যতই বলুন না কেন যে, 'সব ঝুট হ্যায়'—পশ্চিমবাংলার মানুষ কিন্তু তাদের কোন কথা বিশ্বাস করবে না কোন কথা শুনবে না।

তিমির ভাদুড়ী মহাশয় মানবেন্দ্রনাথ রায়, পণ্ডিত জহরলাল নেহরু, মহাত্মা গান্ধী প্রভৃতি মহাপুরুষদের নাম করেছেন। এ'দের নাম তাঁরা কোনদিনই উচ্চারণ করতেন না। যাক ভূতের মুখে রাম নাম, তবুও ভাল যে, তাঁরা এই নামগুলি উচ্চারণ করছেন, অন্তত পাপ জিহ্বা তাঁদের পবিত্র হচ্ছে। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আজকে পরিষ্কারভাবে একথা বলতে চাই, তিমির ভাদুড়ী মহাশয় এবং তাঁদের বন্ধুরা আজকে সমালোচনার জন্য এখানে সমালোচনা করতে নেমেছেন। সমালোচনার জন্য যদি সমালোচনা না করতেন, তা হলে বিলে আজকে তারা কল্যাণকর অনেক জিনিস দেখতে পারতেন যার কিছু কিছু বিষয় আমি পূর্বেই উল্লেখ করেছি এবং সে সম্পর্কে আমি পূর্বেই আলোচনায় বলেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই বিলে নিশ্চয়ই ত্রুটিবিচ্যুতি কিছু আছে একথা আমরা অস্বীকার করছি না। আমরা মনে করি একথা এবং আমাদের মন্ত্রিমহাশয়ও একথা মনে করেন। হয়ত কিছু কিছু এমন আছে যার হয়ত পরিবর্তন করা উচিত এবং এটাও ঠিক কথা যেগুলি পরিবর্তন করা সম্ভবপর, এই বিল পাশ করার পরে যে বিধি তৈরি করবেন সরকার সেই বিধির মধ্যে নিশ্চয়ই এই ত্রুটিবিচ্যুতিগুলি সংশোধনের ব্যবস্থা হবে। মাননীয় সদস্যরা আজকে আমলাতন্ত্রের সমালোচনা করেছেন, আমরাও আমলাশাহীর সমালোচনা করেছি। সেই আমলাশাহীর সমালোচনা করা এই জন্য যে, তাদের কর্মপন্থার ফলে দরিদ্র, দুঃখী জনগণ তারা সরকারের এই কর্মপন্থাকে গ্রহণ করতে পারে নি। তাদের বিলম্বিত কর্মপন্থার জন্য মানুষ অনেক দুর্ভোগের অংশীদার হন। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কিছু কিছু আমলাদের হাতে ক্ষমতা গেলেও আজকে আত্মসমালোচনা করে যদি দেখা যায়, আমি মনে করি প্রতিটা পার্টির প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে পরিচালনাধীন কিছু কিছু সমবায় সমিতি আছে, কিন্তু আজকে কি দেখতে পাচ্ছি, আজকে দেখতে পাচ্ছি যে, টাকা ফেরত দেওয়া হচ্ছে না, দেখতে পাচ্ছি যে, সমবায় সমিতিগুলি লক্ষ লক্ষ টাকা তছরুপ করেছে। চোখের সামনে দেখতে পাচ্ছি, এই সমবায় আন্দোলনগুলিকে বিপর্যয়ের মধ্যে আনার চেষ্টা করা হচ্ছে। আজকে তাই খানিকটা অ্যাবসলিউট পাওয়ার গ্রহণের প্রয়োজন। রাশিয়ার বিপ্লবের পর মহামতি লেনিন, তিনি রাশিয়ায় গণতন্ত্র দেখেন নি, তিনি দেখেছিলেন এই যে আত্মকলহে দীর্ণ বিদীর্ণ রাশিয়া এই রাশিয়ার উন্নতি করার জন্য তিনি কিছু ক্ষমতা নিশ্চয়ই স্বহস্তে গ্রহণ করলেন আগামী দিনের কল্যাণের জন্য। তুরস্কের ক্ষমতা গ্রহণ করলেন কামাল আতাতুর্ক তুরস্কের সামগ্রিক কল্যাণের জন্য। তেমনি আজকে যদি সরকারের পক্ষ থেকে সরকার যদি কোন প্রতিনিধি মনোনীত করেন,

সেই প্রতিনিধির হাতে যদি কিছু বেশি ক্ষমতা দেওয়া হয়—সমালোচনা নিশ্চয়ই হতে পারে, কিন্তু আমরা, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একথা পরিষ্কারভাবে বলতে পারি, এ ছাড়া বিকল্প কোন রাস্তা ছিল না, এ ছাড়া আর কোন গত্যন্তর ছিল না। গণতন্ত্রের কথা আজকে বলা হচ্ছে, গণতন্ত্র মানে জোচ্চর গণতন্ত্র নয়, গণতন্ত্র মানে চোর-ডাকাতের গণতন্ত্র নয়। কি অধিকার আছে সমবায় সমিতিগুলির ঐ গরিব কৃষকের নামে কো-অপারেটিভ করা, ঐ গরিব মজদুরদের নামে কো-অপারেটিভ করার? তাঁরা মধ্যবিত্ত মানুষের নামে কো-অপারেটিভ করে ক্ষমতা ভোগ করেন, রাজনৈতিক নেতারা ক্ষমতা ভোগ করেন, একদল শঠ প্রবঞ্চক তস্করের দল তা ভোগ করেন। লক্ষ লক্ষ টাকা তছরূপ হয় বুকে হাত দিয়ে বিচার কি করবেন না, বুকে হাত দিয়ে এটা বিবেচনা করবেন না, বুকে হাত দিয়ে কি সত্যের মুখোমুখি দাঁড়াবেন না? সত্য জ্বলন্ত বাস্তব নির্বাক নিষ্ঠুর সত্য এবং সেই সত্য হচ্ছে এই যে, পশ্চিমবঙ্গের সমবায় আন্দোলনকে ধ্বংস করার জন্য, পশ্চিমবঙ্গের সমবায় আন্দোলনকে দুর্বল করার জন্য, পশ্চিমবঙ্গ সমবায় আন্দোলনকে বিপথগামী করার জন্য, পশ্চিমবঙ্গের সমবায় আন্দোলনকে বাইরের দেশের সামনে হাস্যাস্পদ করবার জন্য আজকে কি তার জন্য আমরা দায়ী নই? আমরা কি এই দায়িত্বের অংশ অস্বীকার করতে পারি এবং ঠিক সেইজন্য আজকে সমবায় আন্দোলন ধ্বংসে পড়ছে ভেঙে পড়ছে, সমবায় আন্দোলন হাস্যাস্পদ হচ্ছে, তখন হয়ত কিছু কিছু ক্ষমতা গ্রহণ করা হয়েছে এবং তার সমালোচনা হতে পারে। কিন্তু তা নেওয়া হয় নি চিরকালের জন্য। সমবায় সমিতিগুলিকে ভাঙ্গবার অধিকার সরকার নিয়েছে, কিন্তু ১৮ হাজার যে সমবায় সমিতি আছে—আমি জানি না সঠিক হিসাব, হয়ত ১০টি কি ১৫টি সমবায় সরকার ভেঙ্গেছেন। এটা কার স্বার্থে ভেঙ্গেছেন, মন্ত্রিমহাশয় নিজের স্বার্থে ভেঙ্গেছেন? মানুষের স্বার্থে ভেঙ্গেছেন, মানুষের স্বার্থে সেখানে প্রশাসক নিয়োগ করা হয়েছে। গরিব মানুষের, দুঃখী মানুষের কষ্টার্জিত অর্থ সেই অর্থকে বাঁচাবার জন্য সেখানে সরকার ব্যবস্থা গ্রহণ করেছেন। আজকে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে সমবায় বিল এসেছে এই সমবায় বিলকে আমরা সমর্থন করতে গিয়ে বারবার একথাই বলবো, সস্তা হাততালির জন্য, সস্তা জন-প্রিয়তার জন্য, চটকদারী বক্তব্য রাখার জন্য সত্যের দিকে পিছন ফিরে যেন আমরা না দাঁড়াই। যা বাস্তব, যা সত্য তাকে স্বীকার করে নিতে হবে। পশ্চিমবঙ্গের আন্দোলনকে যদি রক্ষা করতে হয়, পশ্চিমবঙ্গের সমবায় আন্দোলনকে যদি সত্যিকারের সাধারণ মানুষের কল্যাণের জন্য উৎসর্গ করতে হয়, তা হলে সেই অধিকার দিতে হবে। সত্যিকারের মালিকানা, সত্যিকারের অধিকার দিয়ে তা পরিচালনা করতে হবে সেই সমস্ত মানুষদের যাদের নাম করে, কো-অপারেটিভ করে তাদের বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে মাঝখানে কিছু মিডিলম্যান তারা অর্থ আত্মসাৎ করে। যারা এই টাকা ভোগ করেন, আজকে তাদের বিরুদ্ধে অভিযান চালাবার ক্ষমতা এই বিলে চাওয়া হয়েছে।

আজকে তাদের বিরুদ্ধে অভিযান চালাবার ক্ষমতা নেওয়া হয়েছে বলে চতুর্দিকে পরিত্রাহি চিৎকার হচ্ছে, সেই তস্কর, লুঠেরাদের বিরুদ্ধে বিলে কর্মপন্থা গ্রহণ করা হচ্ছে, তাই চতুর্দিকে গেল গেল রব উঠেছে। এই কথা স্বীকার করতে পারি না, যদি স্বীকার করি, আমরা সত্যের অপলাপ করব, সমবায় আন্দোলনের ক্ষতি করব, সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবার জন্য যে বলিষ্ঠ পদক্ষেপ তাকে আমরা দুর্বল করব। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি যা বলতে চাই তা হচ্ছে যে বিল আনা হয়েছে আজকে সেই বিলের দ্বারা মানুষের আশা-আকাঙ্ক্ষা দ্রুত প্রতিষ্ঠিত হয়ে উঠবে।

(আর এস পি বেঞ্চ হতেঃ মাননীয় সদস্যের 'না' বাচক মস্তক আন্দোলন।)

আপনারা মস্তক আন্দোলন করছেন, আপনারা সব সময় না করছেন, জীবনে হ্যাঁ বলতে শিখেন নি, আপনারা মানুষের কল্যাণ করেন নি, গঠনমূলক কাজ করেন নি, আপনারা মানুষকে ক্ষেপিয়ে দিয়ে হাততালি নিয়ে বাহবা পান, ভোটে জিতবার চেষ্টা করেন। আমি তাই বলি মস্তক আন্দোলন করবেন না। এই মস্তক আন্দেলন আমরা বহুবার দেখেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সমবায় সম্পর্কে আমার শেষ কথা হচ্ছে সি পি আই-এর অজিত গাঙ্গুলি মহাশয় সমালোচনা করেছেন, তাঁকে আমি ধন্যবাদ জানাই। তিনি কোন কোন ক্ষেত্রে সরকারী ভাষ্যের সঙ্গে একমত হতে পারেন নি। তিনি মন্ত্রিমহাশয়ের সঙ্গে একমত হতে না পারলেও বহু ক্ষেত্রে তিনি সরকারকে

সমর্থন করেছেন, তিনি এই বিলকে সমর্থন করেছেন। অজিতবাবু শেষে যেকথা বলেছেন সেটা স্বস্তি আনারই চেষ্টা হচ্ছে। যে একটা অস্বস্তির আবহাওয়া সৃষ্টি হয়েছিল, যে নোংরা পরি-হচ্ছে, আমরা স্বস্তির নিঃশ্বাস ফেলে বাঁচতে চাইছি, আমরা এমন সমবায় আন্দোলন চাই যাতে স্বস্তির নিঃশ্বাস ফেলে বাঁচব। আমি অজিত গাঙ্গুলি মহাশয়কে একথা বলতে চাই যে, এই বিলের মাধ্যমে স্বস্তি আনারই চেষ্টা হচ্ছে। যে একটা অস্বস্তির আবহাওয়া সৃষ্টি হয়েছিল, যে নোংরা পরিবেশের সৃষ্টি হয়েছিল, যে নীতি বিগর্হিত পরিবেশের সৃষ্টি হয়েছিল, সেই সমস্ত ভেঙে চুরমার করে দিয়ে এই বিলের দ্বারা নূতন পরিবেশ আনবার চেষ্টা করছি। মাননীয় মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিনের যারা সমালোচনা করেছেন, আমি মনে করি যে, সমালোচনা করতে হবে বলেই সমালোচনা করেছেন, কিন্তু তাঁরা নিশ্চয়ই মনেপ্রাণে স্বীকার করেছেন যে, এই বিলে এমন জিনিস অনেক আছে যেগুলি সমর্থন করা উচিত। সেই জিনিসগুলিকে প্রগতিশীল বলে নিজেরাই উল্লেখ করেছেন এবং এজন্য বিলকে তাঁরা আংশিকভাবে সমর্থনও করেছেন, তার জন্য আমি তাঁদের ধন্যবাদ জানাই। আজকে সমবায় আন্দোলনের মধ্য দিয়ে মহাত্মা গান্ধীর আদর্শকে রূপ দিতে হবে। গ্রামমুখী সমাজে যে বৈষম্য তা দূর করতে হবে, সমাজের মধ্যে যে অনাচার অবিচার রয়েছে তা সমবায়ের মাধ্যমে দূর করতে হবে। মহাত্মা গান্ধীর তিরোধানের পর বহু বৎসর অতিক্রান্ত হয়েছে, কিন্তু তাঁর যে আদর্শ, তাঁর যে নীতি তা আমরা ঠিকভাবে গ্রহণ করতে পারি নি সমবায় সমিতিতে। তিনি যে সমবায়ের স্বপ্ন দেখেছিলেন তা হচ্ছে—তিনি চেয়েছিলেন সমাজের কোটি কোটি মানুষ, গরিব কৃষক, ভূমিহীন মানুষ নিম্ন মধ্যবিত্ত মানুষের জন্য সমবায় সমিতির মাধ্যমে অর্থনৈতিক বুনিয়াদ শক্তিশালী করে গড়ে তুলবেন। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, কতকগুলি শয়তান জোচ্চোরের জন্য কতকগুলি তস্করের জন্য তা সম্ভব হয় নি। আজকে বাস্তু ঘুঘুদের বাসায় আঘাত দেওয়ার জন্যই সরকার এই বিল এনেছেন, এই পরিকল্পনা গ্রহণ করেছেন। মহাত্মা গান্ধীর আদর্শকে বাস্তবে রূপায়িত করা খুব সহজ একটা কাজ নয়। তা আমরা জানি। কিন্তু আজকে যে শপথ গ্রহণ করেছি, সমবায় আন্দোলনকে সত্যিকারের গণমুখী যদি করে তুলতে পারি, দরিদ্র কৃষকদের স্বার্থ পরিপূরণ করতে পারি তবে তাঁর ইচ্ছাকে পূরণ করার চেষ্টা করতে পারব। তার জন্যই এই বিল আনা হয়েছে। আগামী দিনে নূতন করে সমবায় আন্দোলনের ভিত্তিভূমিকে তৈরি করার জন্য, সৎ এবং ন্যায়নিষ্ঠ সমবায় আন্দোলন গড়ে তোলার জন্য কিছু ক্ষমতা নিশ্চয়ই গ্রহণ করা হচ্ছে এবং সেই ক্ষমতা গ্রহণ করার প্রয়োজন আছে। বিভিন্ন সময়ে বিভিন্ন পর্যায়ে রাষ্ট্রের কিছু ক্ষমতা গ্রহণের নিশ্চয়ই প্রয়োজন রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রেজিস্ট্রারকে নিরঙ্কুশ ক্ষমতা দিয়ে সর্বশক্তিমান করে দেওয়া হচ্ছে বলে কোন কোন সভ্য বলেছেন। আমরা পরিষ্কারভাবে বলে দিতে চাই আমাদের রেজিস্ট্রার নিরঙ্কুশ ক্ষমতার অধিকারী হতে পারেন বটে, কিন্তু তিনি আসলে জনগণের দাস বা ভৃত্য। তিনি নিরঙ্কুশ ক্ষমতা ব্যবহার করে জনস্বার্থের বিরুদ্ধে কোন কাজ হতে দেবেন না—দুর্নীতির বিরুদ্ধে প্রচন্ড আঘাত হানবে এই সরকার, তার প্রমাণ দুর্গাপুর কেমিকেল থেকে যেমন দুর্নীতিপরায়ণ অফিসারদের সরিয়ে দেওয়া হয়েছে, তেমনি এখান থেকে দুর্নীতিপরায়ণ যে কোন কর্মচারীকে সরিয়ে দেওয়া হবে। এমন কি রেজিস্ট্রারও রেহাই পাবেন না। আমাদের মালিক হচ্ছেন জনগণ —পশ্চিমবঙ্গের সাড়ে চার কোটি মানুষ আমাদের নির্বাচিত করেছেন। তাই আমরা এই বিধানসভায় এসেছি, বিধানসভায় ক্ষমতা নিয়ে, তিনি মন্ত্রী হয়েছেন, মন্ত্রী হয়ে তিনি আমলাদের হাতে ক্ষমতা তুলে দিয়েছেন পশ্চিমবঙ্গের কল্যাণের জন্য। শীশ মহম্মদ সাহেব ও তিমিরবাবু জেনে রাখুন, তাদের জ্যোতিবাবুর মত নির্বাচিত প্রতিনিধি আমরা নই, আমরা তাদের ৮ মাস সরকার চালাবার জন্য ক্ষমতায় আসি নি। আমরা ৫ বছরের জন্য শপথ নিয়েছি গরিবী হঠাবার জন্য। এ বিষয়ে আশঙ্কার কোন কারণ নাই। কোন আমলার ক্ষমতা নাই জনস্বার্থ বিরোধী কোন কাজ করে। তিনি যত বড় আই পি এস বা আই এ এস অফিসার হোন না কেন—তাকে প্রয়োজন মত আমরা সরিয়ে দিতে পারবো। আগের সরকারের কোন ক্ষমতা ছিল না এইসব আই পি এস ও আই এ এস অফিসারদের বিরুদ্ধে কোন অ্যাকসান নেবার। তাঁরা এইসব আই পি এস ও আই এ এস অফিসারদের দস্তুরমত ভয় করতেন। আমাদের মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় দুর্নীতি-পরায়ণ আই এ এস অফিসারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করতে দ্বিধা করেন নাই—তাকে সরিয়ে দিয়েছেন। সরকারের জনকল্যাণমূলক কাজে কোন অফিসার যদি কোন প্রতিবন্ধকতা

সৃষ্টি করেন, তার কোন ক্ষমা নাই, তা তিনি যত বড় আই পি এস বা আই এ এস অফিসারই হোন না কেন।

এই কয়টি কথা বলে আমি এই বিলকে সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Kumar Dipti Sengupta: Mr. Deputy Speaker, Sir,, on a point of information.

কল্যাণী কনস্টিটিউয়েন্সীর অন্তর্গত বি টি কলেজের টীচাররা হাঙ্গার স্ট্রাইক করছেন। সেখান থেকে একটা টেলিগ্রাম পেয়েছি—

B.T. teachers on hunger strike 60 days over. Condition serious—Solicit intervention—General Secretary.

মাননীয় ডেপুটি স্পীকার, আজকের দিনে সামান্য সামান্য ক্ষেত্রে সরকার কিছু কিছু দাবি মেনে নেন। কিন্তু এ ধরনের হাঙ্গার স্ট্রাইক হয় না। বি টি টীচারদের পক্ষ থেকে এরকম অবাস্তব দাবি রাখবেন এটা অকল্পনীয়। আফটার অল দে আর টিচার্স। তাই আজকে শিক্ষা দপ্তর এমনই হয়ে উঠেছে।

Mr. Deputy Speaker: Mr. Sengupta, you have given the information. You are not to deliver any speech on the subject.

শ্রীকুমারদীপ্ত সেনগুপ্তঃ আপনি স্যার এ ব্যাপারটা নিয়ে সরকারের সঙ্গে কথা বলুন। না হলে কয়েকটি অমূল্য জীবন অকালে ঝরে যাবে।

শ্রীতপন চ্যাটার্জিঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওয়েস্টবেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিজ বিল, ১৯৭৩ আমি সর্বান্তকরণে সমর্থন জানাই। কারণ কো-অপারেটিভ আন্দোলন পশ্চিম-বাংলায় এক নিদারুণ ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। যে কো-অপারেটিভ আন্দোলনে পশ্চিমবাংলার স্থান স্বাধীনতার আগে প্রথম ছিল, আজ ২৫ বছর পরে সেই স্থান নামতে নামতে সপ্তমে এসে পেঁাচেছে। কো-অপারেটিভ আজ সব বাস্তুঘুঘুর বাসায় পরিণত হয়েছে, কায়েমী স্বার্থের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। তিমিরবাবু যে দুটো কো-অপারেটিভের কথা উল্লেখ করেছেন, তাতে তিনি এই বিলের বিরোধিতা করতে গিয়ে আমাদের সমর্থন করে বসেছেন।। প্রদ্যোৎবাবু ও তিমিরবাবুরা বলেছেন, এই কো-অপারেটিভ বিলটা খুব তাড়াতাড়ি করে এখানে আনা হয়েছে। আমি বলবো, এটা আদৌ তাড়াতাড়ি আনা হয় নাই। কারণ পশ্চিমবাংলায় কো-অপারেটিভ নিয়ে যে ছেলেখেলা চলছিল, তাতে আর বিল আনতে দেরি করা চলে না। আজকে তাই এজন্য সরকারকে অভিনন্দন জানান সকলের উচিত। মাননীয় মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন সাহেব, তিনি দেরী না করে এই কো-অপারেটিভ বিল সত্বর এনে কো-অপারেটিভ-এর মাথায় যে যন্ত্রণা হত, তিনি ডাক্তার মন্ত্রী আবেদিন ট্যাবলেট খাইয়ে সেই যন্ত্রণার উপশম বা অবসান করেছেন। এই যন্ত্রণায় আমাদের আর ভুগতে হবে না, তবে মন্ত্রিমহাশয়কে বলবো, আইন প্রণয়ন করা বড় কথা নয়—আইনের প্রয়োগই বড় কথা। তিনি আমলাদের হাতে ক্ষমতা দিন বা না দিন সেকথায় আমি যাচ্ছি না, কিন্তু আমলাদের হতে হবে সৎ, পরিশ্রমী এবং নিষ্ঠাবান, তা না হলে আমরা এখানে বক্তৃতা দিয়ে যাব– আইন পাশ হবে। বাজারে বই বিক্রি হবে, কিন্তু কার্যকারিতা কিছু পাওয়া যাবে না। তাই আইনের প্রয়োগকেই সবচেয়ে বেশী গুরুত্ব দিতে হবে। আইন পাশ করাই বড় কথা নয়। এই কো-অপারেটিভ মুভমেন্টকে তিন দিক দিয়ে মন্ত্রিমহাশয় দেখতে চেয়েছেন। প্রথমত তিনি চেয়েছেন দুর্নীতি দমন করতে, দ্বিতীয়ত, তিনি চেয়েছেন সমবায় আন্দোলনকে শক্তিশালী করতে, তৃতীয়ত তিনি চেয়েছেন সমবায় আন্দোলনের বৈচিত্রকরণ করতে অর্থাৎ ডাইভারসিফিকেসন করতে —এই বিলটা তার প্রমাণ করে, তার প্রথম প্রমাণ দুর্নীতি বন্ধ করতে চেয়েছেন। তিন বছর অথবা তিন টার্ম-এর বেশী কোন কো-অপারেটিভে কোন এক্সিকিউটিভ মেম্বার থাকতে পারবে না। তিন বছর বা তিন টার্ম-এর বেশী কেউ যদি থাকে, তা হলে তিনি 'কায়েমী স্বার্থের' ঘাঁটি গড়ে তুলবেন —এর ফলে কি হবে—নূতন নেতৃত্ব আসবে না এবং কায়েমী স্বার্থের ঘাঁটি হবে। তিমিরবাবু একটা গুরুত্বপূর্ণ কথা বলেছেন—উর্বশী কো-অপারেটিভ একটা জয়েন্ট সেকটর কো-অপারেটিভ

বা সোল প্রোপ্রাইটার্স মত কো-অপারেটিভ করেছে—একথা ঠিক। মন্ত্রিমহাশয় এটা ধ্বংস করবার জন্য এটা এনেছেন; তিনি পরিবার ভিত্তিক কো-অপারেটিভ করতে দেবেন না। অনেক কো-অপারেটিভ আছে, বাপ-বেটা-ছেলে-মেয়ে নিয়ে কো-অপারেটিভ। যেটা বলছিলেন মাননীয় তিমির-বাবু সেটা বিরোধিতা করতে গিয়ে সমর্থন করে বসেছেন—তিনি বুঝতে পারেন নি যে, মাননীয় মন্ত্রিমহাশয় পরিবার ভিত্তিক কো-অপারেটিভ বন্ধ করতে চান। আর একটা জিনিস করেছেন কিস্তি বন্দী। ইনস্টলমেন্ট যদি বাকি পড়ে থাকে, তা হলে সে আর ডাইরেকটর হতে পারবে না, ডাইরেক্টররাই তো চুরি করেন। ডাইরেকটররা যদি কিস্তি না দেয়, তা হলে ডিরেকটর হতে পারবে না, তাই কায়েমী স্বার্থের বিরুদ্ধে আঘাত হানছেন এটা বুঝতে হবে। ক্লজ ২৯-এ বলা হয়েছে, কো-অপারেটিভ ইউনিয়নগুলিকে অনুমোদন দেওয়ার কথা। এটা কোন মন্ত্রী করেন নি। আপনাদের মন্ত্রী করেন নি, এই প্রথম আমাদের মন্ত্রী করেছেন। জয়নাল আবেদিন সাহেব কো-অপারেটিভ ইউনিয়নকে অনুমোদন দিয়েছেন। ক্লজ ৮৭ এবং ১৩৪এ তিনি বলেছেন, অ্যাপিল-গুলো যাতে সত্বর নিষ্পত্তির ব্যবস্থা হয়। কোন ডাইরেকটর টাকা চুরি করলো আবার কো-অপারেটিভ-এ ইলেকটেড হল, সেই কো-অপারেটিভ-এর পয়সায় মামলা লড়তে লাগলো মামলা লড়তে লড়তে দশ বছর চলে গেল। মামলা যত দেরী হবে সেই চোর সাজা পাবে না, তাই মাননীয় মন্ত্রী অ্যাপিল নিষ্পত্তি সত্বর করে দিয়েছেন যাতে চোর ধরা পড়ে। এটা চোর ধরার জন্য করা হয়েছে। ক্লজ নং ৯ এবং ক্লজ ১০১-এ বলা হয়েছে যারা ডিফল্টার তাদের শাস্তি বিধানের ব্যবস্থা। আমি যে বাড়িতে থাকি পানিহাটি কো-অপারেটিভ ব্যাংক, আমি জানি ১৯৬৬ সালে তিন লক্ষ টাকা চুরি হয়েছে আজ পর্যন্ত তার বিচার হয় নি। আমি সেই বাড়ির উপরে থাকি, চুরি যারা করেছে তারা বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে তাদের শাস্তি হয় নি। কো অপারেটিভে যারা চুরি করে তাদের শাস্তি হয় না। তাই তাদের শাস্তির জন্য একদিকে যেমন সত্বর নিষ্পত্তি এবং অপরদিকে তেমনি শাস্তি বিধানের ব্যবস্থা করা হয়েছে। আর তিনি একটা জিনিস করেছেন অনুন্নত শ্রেণীর কথা ভেবেছেন গ্রামে সিডিউলড কাস্ট, সিডিউলড ট্রাইবস আছে, গরিব লোক আছে কো-অপারেটিভ যাতে বড়লোকদের হাতে যেতে না পারে—যারা বেশী শেয়ার কিনবে তারা যাতে কো-অপারেটিভ দখল না করতে পারে, তজ্জন্য অনুন্নত এবং গরিব শ্রেণীর জন্য আসন সংরক্ষণের ব্যবস্থা করেছেন। এটা আমাদের মন্ত্রী করেছেন। ক্লজ নং ৩৯-এ তিনি ঋণদান এবং বাজার দুটোর সঙ্গে লিংক করেছেন। গ্রামে ঋণ দেওয়া হয়, কিন্তু ঋণ যারা তোলে তারা বাজারে উৎপন্ন দ্রব্য বিক্রি করতে পারে না। বাজার বিক্রীর যাতে ব্যবস্থা হয় এবং ঋণদানের সংগে বাজারের একটা কো-অর্ডিনেশন করেছেন যেটা আগে ছিল না। এবং সেই ১৯৪০ সালের আকজো আইনকে

[6-30—6-37 p.m.]

নুতনভাবে ঢেলে সাজবার জন্য যেসব জিনিস তিনি অন্তর্ভুক্ত করেছেন, বিশেষ করে ক্লজ ৪৯-এ একটা গুরুত্বপূর্ণ কথা বলেছেন, যে গ্রামবাংলায় যেসব জমিগুলি সাবডিভিসন অ্যান্ড ফ্রাগ-মেন্টসন—টুকরো টুকরো হয়ে যাচ্ছে, সেই জমিগুলি একত্রীকরণ করে কো-অপারেটিভের মাধ্যমে যাতে চাষ করা যায় তার ব্যবস্থা করেছেন। এবং এইভাবে যদি পরিচালনা করা যায় সুষ্ঠুভাবে, তা হলে কৃষি সম্পদ বৃদ্ধি পাবে এবং গ্রামবাংলার মানুষ তাতে অনেক সুযোগ-সুবিধা পাবে। তারপর ক্লজ ১৪০-তে যে ডিপোজিট ইন্সিওরেন্স স্কীম করেছেন সেটা এর আগে ছিল না। এই ডিপোজিট ইনসিওরেন্স স্কীমে কো-অপারেটিভ কখনও ফেল হবে না, গণেশ উল্টে যাবে না- কারণ সেখানে ইন্টারন্যাল চেক-এর ব্যবস্থা আছে। আগে যে গণেশ উল্টে দেওয়া যেতে পারতো- এই ডিপোজিট ইনসিওরেন্স স্কীমে সেটি রোধ করার ব্যবস্থা করা হয়েছে। এই কো-অপারেটিভ আইনের মধ্যে যা দেখলাম তাতে যে সেটা একেবারে ত্রুটিশূন্য একথা আমি বিশ্বাস করি না। তাই আমি এখানে কতকগুলি গুরুত্বপূর্ণ সাজেসন দিতে চাই। এই কো-অপারেটিভগুলি বছরের পর বছর অডিট হয় না এবং অডিট না হবার ফলে অনেক জিনিস ফাঁক হয়ে যায়। তাই এই কো-অপারেটিভে ফাইন্যান্সিয়াল অডিটের সঙ্গে সঙ্গে সেখানে কস্ট অডিট-এর ব্যবস্থা করতে হবে। যেমন আমি জানি অনেক তাঁত শিল্প আছে, আমার অভিজ্ঞতা আছে বাস্তব ক্ষেত্রে যে সেখানে কস্ট প্লাস ফাইন্যান্সিয়াল অডিট না হবার দরুন কোন রকম চুরি ধরা যায় না। তাই অডিট করার সঙ্গে সঙ্গে কস্ট অ্যান্ড ফাইন্যান্সিয়াল অডিট-এর ব্যবস্থা করতে হবে। আমি বিভিন্ন তাঁত শিল্পে, অর্টিজেন কো-অপারেটিভে দেখেছি কস্ট প্লাস

ফাইন্যানসিয়াল অডিট হয় না যেটা হওয়া একান্ত উচিত এবং তা না হলে কোনরকম দুর্নীতি ধরা পড়বে না। তার পর ইনভেস্টিগেসন সম্বন্ধে আমরা দেখেছি যে, ইন্সপেক্টাররা কেবল আড্ডা মেরে বেড়ান। ৩০এ জুন তারিখে স্টক টেকিং-এর দিন—অর্থাৎ কো-অপারেটিভের ইন্সপেকটাররা ৩০এ জুন তারিখে ফিজিক্যাল ভেরিফিকেশন করেন এটা হচ্ছে কো-অপারেটিভের ইনভেন্টারী ব্যাপার। কিন্তু কো-অপারেটিভের যে স্টক সিস্টেম আছে, সেখানে ইন্সপেকটাররা সেগুলি সার্টিফাই করে দেয়। কিন্তু আমি ভাল করেই জানি যে, সেই কো-অপারেটিভের ইন্সপেকটাররা আড্ডা মেরে ঘুরে বেড়ান, কিছুই করেন না। জানি না কি ব্যবস্থা এই কো-অপারেটিভ ইন্সপেকটাররা কি সংখ্যায় কম, তারা ঠিক টাইম পায় না যে এক জায়গায় হয়তো যেতে পারেন একই দিনে বিভিন্ন জায়গায় যেতে পারেন—এই আমি জানি না। আর একটা জিনিস যে, এই সমস্ত কো-অপারেটিভ ইন্সপেকটারদের ট্রেনিং দেওয়া দরকার। আর একটা কথা বলবো এই এক্সিকিউটিভ অফিসারদের সম্বন্ধে। এই সমস্ত এক্সিকিউটিভ অফিসার হচ্ছেন আই এ এস অফিসার, তারা সবজান্তা হয়ে বসে আছেন। তারা হোলসেল কো-অপারেটিভের এক্সিকিউটিভ অফিসার হয়ে বসে আছেন। কিন্তু এই এক্সিকিউটিভ অফিসারদের কো-অপারেটিভের মাধ্যমে ব্যবসা বা বাণিজ্যের সম্বন্ধে কোন কান্ডজ্ঞান নেই। অথচ তিনি এক্সিকিউটিভ অফিসার হয়ে বসে আছেন। তাই আমি অনুরোধ করছি যে, এই মাথাভারী শাসন ব্যবস্থা বন্ধ করে—এই সমস্ত ডি এস ইত্যাদি থাকার কোন দরকার নেই, নূতনভাবে ব্যবস্থা করা উচিত। কারণ এটা স্টেট ট্রান্সপোর্ট নয়, বা সরকারী সংস্থা নয়, যে এখানে লস হবে। এখানে অন্তত লাভ না হোক লোকসান যাতে না হয় সেদিকে বিশেষ দৃষ্টি দিতে হবে। আমি যতদূর জানি যে, এই কো-অপারেটিভের এক্সিকিউটিভ অফিসারদের ট্রেনিংয়ের জন্য উত্তরপাড়ায় নাকি ট্রেনিং সেন্টার আছে। কিন্তু উপযুক্ত ট্রেনিং-এর কোন ব্যবস্থা নাই। এটা আমাদের মনে রাখতে হবে যে, এটা একটা ব্যবসায়ী সংস্থা, এখানে লস হলে চলবে না, এটা স্টেট ট্রান্সপোর্ট নয়, বা রাইটার্স বিল্ডিংস নয় যে সাবসিডি দেওয়া হবে। এখানে অন্তত লাভ না হোক, নো প্রফিট, নো লস—এইভাবে চলতে হবে এবং সেইভাবে ঐ সমস্ত এক্সিকিউটিভ অফিসারদের ঐ সমস্ত আই এ এস অফিসারদের ট্রেনিং দিতে হবে। আমি জানি ঐ সমস্ত কো-অপারেটিভ ডিরেকটারদের এই ব্যাপারে কোন কান্ডজ্ঞান নাই। অথচ তারা ট্রেনিং না নিয়েই ওখানে সর্বময় কর্তা হয়ে বসে আছেন। তাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন করতে হবে। এ জিনিস না করলে এই আইনের কোন অর্থ হয় না। তাই আমি বলছি যে, তাদের উপযুক্ত ট্রেনিংয়ের ব্যবস্থা করতে হবে। আর একটা কথা মাননীয় সদস্য প্রদ্যোৎবাবু বলেছেন। আমি তাঁকে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলবো যে, কো-অপারেটিভের যে রুল আছে আমার মনে হয় সেটা তিনি বোধ হয় ভাল করে পড়েন নি। তিনি কো-অপারেটিভ অ্যাক্ট অ্যান্ড কো-অপারেটিভ রুলকে এক সঙ্গে জড়িয়ে বক্তৃতা দিয়েছেন। তিনি বলেছেন রিয়েলাইজ প্রফিটের কথা কো-অপারেটিভ অ্যাক্টে নাই। কো-অপারেটিভ রুলে পরিষ্কার লেখা আছে, হোয়াট ইজ রিয়েলাইস প্রফিট। এর মধ্যে কো-অপারেটিভের ডিফারেন্স ওপিনিয়ন হতে পারে না। রিয়েলাইজড প্রফিট কি—যার টার্ন-ওভারের উপর অডিট ফি ক্যালকুলেসন হয় সেটা কো-অপারেটিভ রুলে ভাল করেই লেখা আছে। রিয়েলাইজড প্রফিট কি—এ সম্বন্ধে কেন তিনি বললেন, আমি বুঝতে পারলাম না। সুতরাং আজকে আমাদের এটা গভীরভাবে চিন্তা করতে হবে। কো-অপারেটিভ হচ্ছে এমনই একটা জিনিস যেখানে আমাদের ধনতান্ত্রিক সমাজ-ব্যবস্থার বিরুদ্ধে সমাজতান্ত্রিক সমাজব্যবস্থার পদক্ষেপ এবং এই কো-অপারেটিভের মাধ্যমেই পুঁজিবাদের বিরুদ্ধে সংগ্রাম করা যায়। এই কো-অপারেটিভ এমনই একটা জিনিস যা সমাজ-তান্ত্রিক দেশেও আছে, আবার ধনতান্ত্রিক দেশেও আছে এবং এই কো-অপারেটিভকে যদি যোগ্যতার সাথে পরিচালিত করা যায়, তা হলে এর মধ্যে বহু বেকার লোকের চাকুরি হতে পারে এবং সত্যিকারে একটা সমাজব্যবস্থা গড়ে উঠতে পারে। এই কো-অপারেটিভের মধ্যে যোগ্য নেতৃত্ব নেই, চুরি, জোচ্চুরি করবার জন্য ভেঙ্গে যাচ্ছে। সেই জন্য কো-অপারেটিভকে একটি বিশেষ লাইনে নিয়ে যেতে হবে এটাকে একটা ব্যবসায়িক দৃষ্টিভঙ্গিতে গ্রহণ করতে হবে এবং ব্যবসায়িক দৃষ্টিভঙ্গিতে গ্রহণ করে যে ভাবে এগিয়ে নিয়ে যাওয়া দরকার সেই ভাবে এগিয়ে নিয়ে যেতে হবে। ব্যালান্স সিট যদি দেখা যায়, তা হলে দেখা যাবে যে, রিজার্ভ ফান্ডের

২৫ পারসেন্ট টাকা নিয়ে যাওয়া হয়। কিন্তু বাস্তবক্ষেত্রে দেখা যায় সেই রিজার্ভ ফান্ডের টাকা যা আছে সেটা ফান্ডেরই।

Mr. Deputy Speaker: Mr. Chatterjee, please finish your speech as early as possible.

শ্রীতপন চ্যাটার্জি: মাননীয় মন্ত্রিমহাশয় এই যে কো-অপারেটিভ সোসাইটি বিল ১৯৭৩ এনেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাই এবং ভবিষ্যতে আরো এই ধরনের বিল এসে আমাদের এই সরকারকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Deputy Speaker: The house stands adjourned till 1 p.m. on Twesday, the 24th April, 1973.

Adjournment

The House was accordingly adjourned at 6-37 p.m. till 1 p.m. on Tuesday, the 24th April, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 24th April, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 6 Ministers of State, 2 Deputy Ministers and 153 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath.)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারদের গৃহনির্মাণ অনুদান

*১১১০। (অনুমোদিত প্রশ্ন নং *২২৭৬।) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭১ সালের বন্যায় পশ্চিমবঙ্গের ক্ষতিগ্রস্ত পরিবারের অনেকে আজও গৃহনির্মাণ অনুদান পান নাই;

(খ) সত্য হলে, উক্ত গৃহনির্মাণ অনুদান এখনও না দেওয়ার কারণ কি; এবং

(গ) মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ১নং ও ২নং ব্লকের যে কয়টি অঞ্চলে উক্ত গৃহনির্মাণ অনুদান এখনও দেওয়া হয় নাই সেই অঞ্চলগুলিতে কবে নাগাত ঐ অনুদান দেওয়া হইবে এবং এ বাবত কত টাকা খরচ হইবে?

শ্রীসন্তোষকুমার রায়ঃ (ক) হ্যাঁ।

(খ) ভারত সরকার কর্তৃক অতিরিক্ত অর্থমঞ্জুরী না পাওয়ায়।

(গ) ১৯৭১ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত যে সকল পরিবার গৃহনির্মাণ অনুদান পান নাই, তাঁহাদের সম্পর্কে রাজ্য সরকারের প্রস্তাব ভারত সরকার নামঞ্জুর করায় ঐ সকল পরিবারদিগকে গৃহনির্মাণ অনুদান দেওয়ার প্রশ্ন উঠে না।

শ্রীমহম্মদ দেদার বক্সঃ মাননীয় মন্ত্রিমহাশয় আমার 'গ' প্রশ্নের জবাবে জানালেন যে, ঐ ধরনের প্রস্তাব রাজ্যসরকারের থাকা সত্ত্বেও ভারত সরকার মঞ্জুর না করার জন্য পাওয়া যায় নি। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, মুর্শিদাবাদ জেলার ১৯৭১ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারবর্গকে যে টাকা দেওয়া হয়েছিল সেটা কোন্ ভিত্তিতে মুর্শিদাবাদের জেলাশাসক মঞ্জুর করেছিলেন?

শ্রীসন্তোষকুমার রায়ঃ সেটা স্যার বলা সম্ভব নয়। ভিত্তি হয়ত যাঁরা আবেদন করেছিলেন তাঁদের আবেদন বিবেচনা করে দিয়েছিলেন যতটা অর্থ ছিল সেই অনুযায়ী।

শ্রীমহম্মদ দেদার বক্সঃ মুর্শিদাবাদ জেলার ২৬টি ব্লকের প্রত্যেকটি ক্ষতিগ্রস্ত হয়েছে এবং তাদের আবেদনপত্রও যথাসময়ে দেওয়া হয়েছিল। কিন্তু তা সত্ত্বেও ভগবানগোলার এক ও দুই নম্বর ব্লক পাই নি। মাননীয় মন্ত্রিমহাশয় এই না পাওয়ার কারণ অনুসন্ধান করবেন কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা বহুবার এ নিয়ে প্রশ্ন করেছেন এবং আমি জবাবও দিয়েছি যে, বহু চেষ্টা করেছি, কেন্দ্রীয় সরকারকেও জানিয়েছি, কিন্তু সমস্ত তথ্য সেই সময় যা দেওয়ার প্রয়োজন ছিল সেগুলি সরবরাহ না করার জন্য এই টাকা তাঁরা মঞ্জুত করেন নি।

শ্রীমহম্মদ দেদার বক্সঃ মাননীয় মন্ত্রিমহাশয়, আমি দায়িত্বের সঙ্গে বলছি যে, এই দরখাস্ত ঠিক সময়ে আসা সত্ত্বেও মুর্শিদাবাদ জেলাশাসককে বলবো হয়ত বিজ্ঞতার ফলে এটা হয় নি। সেজন্য মন্ত্রিমহাশয়কে বলবো তিনি এই বিষয়ে অনুসন্ধান করে দেখবেন যে, কিভাবে তাঁর খামখেয়ালের জন্য এক নম্বর এবং দুই নম্বর ব্লকের ক্ষতিগ্রস্ত পরিবারবর্গরা টাকা পায় নি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই বলেছি যে, এই সম্পর্কে অনুসন্ধান করে দেখেছি। এটা ঠিক জেলাশাসককে ঐভাবে একতরফা দোষারোপ করার মত অবস্থা নয়। তিনি যেটা সংগ্রহ করতে পেরেছেন সেই তথ্য দিয়েছেন। কিন্তু সম্পূর্ণ তথ্য না দেবার জন্য পরবর্তী কালে অর্থ মঞ্জুর করা হয় নি।

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, কেন্দ্রীয় সরকার অর্থ মঞ্জুর করেন নি বলে অর্থ দেওয়া সম্ভব নয়। মন্ত্রিমহাশয় কি বলবেন যে, রাজ্যসরকারের অধীনস্থ এই সমস্ত নাগরিকদের বাড়ি পুড়েছে। কেবল মাত্র কেন্দ্রীয় সরকারের অজুহাত দিয়ে তিনি বলেছেন, যেহেতু টাকা মঞ্জুর করে নি, সেহেতু আর টাকা দেওয়া সম্ভব নয়—একথা বলে তিনি কি এড়িয়ে যেতে চাইছেন না?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় সদস্য এখানে নূতন এসেছেন, হয়তো সমস্ত নিয়মকানুন জানা নেই। এই আপৎকালীন সাহায্য আমাদের বাজেটে যা বরাদ্দ আছে তার উপরে টাকা খরচ করতে হলে সেটা কেন্দ্রের অনুদান, কেন্দ্রের সাহায্য পেলে করতে পারি। আমাদের যেটুকু ক্ষমতা আছে সেটুকু দেওয়া হয়েছে। তার থেকে বেশী যেটার প্রয়োজন সেটা পাওয়া যায় নি এবং সেজন্য দেওয়া যায় নি।

শ্রীনাসিরুদ্দিন খানঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, আপনি যে টাকা এই পর্যন্ত এই বন্যায় ক্ষতিগ্রস্ত লোকেদের দিয়েছিলেন এটা কি সমস্তই সেন্ট্রালের টাকা না প্রোভিন্সের টাকাও ছিল?

শ্রীসন্তোষকুমার রায়ঃ গৃহনির্মাণ বাবত যে টাকা দেওয়া হয়েছিল সেটা কেন্দ্রীয় সরকারের সাহায্য।

শ্রীনাসিরুদ্দিন খানঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে টাকা আপনি দিয়েছিলেন সারা পশ্চিমবাংলার একটা হিসাব দেখাতে পারেন যে, কত ফ্যামিলিকে দিয়েছিলেন?

শ্রীসন্তোষকুমার রায়ঃ সেটা এখন দেওয়া সম্ভব নয়। মাননীয় সদস্য একটু লক্ষ্য করবেন এটা আমাদের আমলের নয়, তার আগের।

শ্রীনাসিরুদ্দিন খানঃ মাননীয় মন্ত্রিমহাশয়, যেগুলি এখনও পায় নি। একই রকম ক্ষতিগ্রস্ত ব্যক্তি যারা টাকা পেয়েছে এবং বেশী ক্ষতিগ্রস্ত যারা, তারা টাকা পায় নি। তাদের দেবার জন্য কি কোন পরিকল্পনা এখনও আছে, এটা জানাবেন?

শ্রীসন্তোষকুমার রায়ঃ আমি মাননীয় সদস্যদের বারেবারে বলেছি যে আমরা টাকা পাই নি আর নূতন করে এই বাবতে টাকা দেওয়া সম্ভব নয়। আমাদের বাজেটে টাকার ব্যবস্থা করতে পারি নি অর্থের অভাবের জন্য।

শ্রীনাসিরুদ্দিন খানঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই টাকা পাবার কি কোন আশা করেন?

শ্রীসন্তোষকুমার রায়ঃ এই টাকা পাবার আশা করি না।

শ্রীনাসিরুদ্দিন খানঃ মাননীয় মন্ত্রিমহাশয়, তা হলে আমাদের ভাঁওতা দিয়ে লাভ কি। যদি পাবার আশা না করেন, তা হলে সেন্ট্রালের টাকা পেলে এই বন্যাবিধ্বস্ত লোকেদের টাকা দেবো একথা আপনারা বলেন কেন?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জিজ্ঞাসা করতে চাই, উনি উত্তেজিত হয়ে যে মন্তব্য করলেন, এটা কি ভিত্তিতে, কোন জবাবের উপর উত্তেজিত হয়ে মন্তব্য করলেন যে, ভাঁওতা দিয়েছি?

শ্রীনাসিরুদ্দিন খানঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি একবার বললেন যে, সেন্ট্রালের টাকা পেলে দেওয়া যাবে। আবার বলছেন যে, সেন্ট্রালের টাকা পাবার আশা করেন না।

শ্রীসন্তোষকুমার রায়ঃ আমি কখনও বলি নি আজকের জবাবে যে, সেন্ট্রালের টাকা পেলে দেওয়া হবে।

মিঃ স্পীকারঃ এটা ১৯৭১-এর কথা ছিল। সুতরাং অনারেবল মিনিস্টার যে কথা বলেছেন এবং আমি যতদূর শুনেছি, তিনি বলেছেন, "এটা আমাদের গভর্নমেন্ট আসার আগে হয়েছে। আর ফান্ডার পাবার কোন আশা নেই।" সুতরাং আর নূতন করে টাকা দেবার প্রশ্ন উঠছে না।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ঠিকমত সময়ে তথ্যগুলি না আসার জন্য সমস্ত জায়গায় টাকা বরাদ্দ করা হয় নি। এটা যদি ঠিক হয়, তা হলে টাকা যে কম, এটা ঠিক না, তথ্যগুলি ঠিকমত না আসার জন্য টাকা বরাদ্দ হচ্ছে এটা ঠিক -কোনটা ঠিক, এটা একটু পরিষ্কার করে বলবেন?

[1-10—1-20 p.m.]

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত ব্যাপারটা আমাদের সময় হয় নি। তার মধ্যে যেভাবে গৃহনির্মাণ সাহায্য বণ্টন হয়েছে সেটা কেন্দ্রীয় সরকার অনুমোদন করেন নি। যে টাকা পাওয়া গিয়েছে সেটা ছড়িয়ে দিয়ে বলা হয়েছে যে, এই টাকায় গৃহনির্মাণ হয় না, টাকাটা প্রপারলি ইউটিলাইজড হয় নি, এই রকম নানান কথা আছে। আপনারা যদি এই সমস্ত তথ্য জানতে চান, তা হলে আমি নিয়ে এসে জানাতে পারি, কারণ আমি নিজে চেষ্টা করেছি, মুখ্যমন্ত্রী ব্যক্তিগতভাবে চেষ্টা করেছেন, সুতরাং অনেক কিছু করার পর নতুন করে এইটা পাবার আশা দেখি না।

শ্রীশরৎচন্দ্র সিংহঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, ১৯৭১ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত লোকেরা কোন্নগর এবং ভদ্রেশ্বর স্টেসনের খোলা আকাশের নীচে আজ দু'বছর বাস করছে?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য এই সম্বন্ধে আগেই বক্তব্য রেখেছেন, এই সময় বহু লোক এইভাবে আছে এবং এটা সত্যও হতে পারে।

Shri A. H. Besterwitch: Sir, the Hon'ble Minister has repeatedly expressed that this incident regarding damages done to the people happened before their time. But, Sir, I know that this incident occurred in 1971 and from 1970 to 1973 the Congress has been in power. So, how can the Relief Minister say that the incident occurred before their time and that he was unable to do anything?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ভুলে যাচ্ছেন যে, এই সময় বর্তমান সরকার ক্ষমতায় ছিলেন না। সেই সময় রাজ্যপালের শাসন ছিল, রাজ্যপালের শাসনকে যদি কংগ্রেসী শাসন মনে করেন, করুন। তবে সেই সময়ের কাজের জবাবদিহি রাজ্যপালকে করতে হবে, আমি ক্ষমতায় ছিলাম না, সুতরাং আমি দিতে পারি না।

Shri A. H. Besterwitch: It might be that Governor's Rule was there at that time but Mr. Siddhartha Shankar Ray was in the Chair and he is still in the Chair. It may be that the Relief Minister has come later on but he is still in the Chair. So, when he is expressing something, he is expressing that on behalf of the Government.

Shri Santosh Kumar Roy: Shri Siddhartha Shankar Ray was not in the Chair in 1971. He was just a Central Minister who was looking after the West Bengal affairs.

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ আমি যে প্রশ্নটা করব সেটা যদিও এই প্রশ্নের সঙ্গে রিলেভেন্ট নয়, তবে মাননীয় মন্ত্রিমহাশয় যখন শ্রীশরৎচন্দ্র সিংহ মহাশয়ের প্রশ্নের উত্তর দিয়েছেন, তখন তাঁকে আমি একটা কথা জিজ্ঞাসা করতে চাই যে, ভদ্রেশ্বর এবং তার পার্শ্ববর্তী স্টেসনগুলিতে মানুষ খোলা আকাশের নীচে পড়ে আছে, একথা আপনি যখন স্বীকার করেছেন, তখন আপনি জানান যে, কতদিন ধরে তারা ঐভাবে খোলা আকাশের নীচে পড়ে থাকবে এবং তাদের পুনর্বাসনের জন্য বা তাদের নিজ নিজ স্থানে ফিরিয়ে নিয়ে যাবার বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের আপনার মাধ্যমে জানাতে চাই যে, আমাদের দেশের বহু দুঃস্থ মানুষ, গৃহহীন মানুষ আছে যারা এই রকম আকাশের নীচে বাস করে। আপনারা ঐ রেলওয়ে স্টেসনটি দেখেছেন, হয়ত কলকাতা শহরের ফুটপাথ দেখেন নি, সেখানেও দুঃস্থ মানুষ ঐভাবে বাস করছে। এটা আমাদের রাজ্যের একটা সমস্যা, এই সমস্যাকে দূর করবার জন্য মাননীয় সদস্যরা নিশ্চয়ই শুনেছেন যে, হোমলেস এবং ল্যান্ড-লেসদের সাহায্য করার জন্য কেন্দ্রীয় পরিকল্পনা আছে। সেই পরিকল্পনার জন্য রাজ্যসরকার কেন্দ্রের কাছে অধিক অর্থ সাহায্য চেয়েছেন এবং সেটা পেলে হয়ত এই ধরনের গৃহহীনদের পুনর্বাসনের জন্য সাহায্য করা হবে।

জলপাইগুড়ি-হলদিবাড়ি ও লাটাগুড়ি-চাংড়াবান্ধা রেলপথ

*১১১১। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪১।) **শ্রীমধুসূদন রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) গত ১৯৬৮ সালে বন্যার পর জলপাইগুড়ি হইতে হলদিবাড়ি এবং লাটাগুড়ি হইতে চাংড়াবান্ধা পর্যন্ত যে রেলপথ দুইটি বন্ধ আছে তাহা চালু করিবার জন্য রাজ্য-সরকার কেন্দ্রীয় সরকারের নিকট কোনও প্রকার যোগাযোগ করিয়াছেন কি;

(খ) করিয়া থাকিলে, তাহার ফলাফল কি; এবং

(গ) রেলপথ দুইটি কবে নাগাত চালু হইবার সম্ভাবনা?

Shri Gyan Singh Sohanpal: (a) Yes.

(b) The matter is under the consideration of the Railway Board.

(c) It is not possible to give the indication at this stage.

শ্রীশিশিরকুমার ইসোরঃ জলপাইগুড়ি থেকে লাটাগুড়ি পর্যন্ত যে রেল বন্ধ আছে সেটা চালু করার জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে কিছু করছেন কি?

শ্রীজ্ঞানসিং সোহনপালঃ আমার জানা নেই।

নিরক্ষরতা দূরীকরণ

***১১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২২৩।) শ্রীরজনীকান্ত দলুই:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিরক্ষরতা দূরীকরণের জন্য পশ্চিমবঙ্গ সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন;

(খ) পশ্চিমবঙ্গে ১৯৭৩ সালের ১লা মার্চ পর্যন্ত নিরক্ষরের সংখ্যা কত; এবং

(গ) আগামী কত বছরের মধ্যে নিরক্ষরতা দূর করা যাইবে বলিয়া সরকার আশা করিতেছেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: (ক) নিরক্ষরতা দূরীকরণের জন্য চালু প্রকল্পগুলির তালিকা পরিশিষ্ট 'ক'-এ দেওয়া হইল।

পরিশিষ্ট 'ক'

প্রকল্পের নাম	সংখ্যা	শিক্ষকের বেতন ও ভাতা ইত্যাদির পরিমাণ	
(১) নৈশ বিদ্যালয় ..	৭০০	নৈমিত্তিক ব্যয় বাবত প্রতি মাসে	৫ টাকা
(২) সাক্ষরতা কেন্দ্র .	৪০৮	(১) সাক্ষরতা শিক্ষক মাসে ..	১০ টাকা
		(২) নৈমিত্তিক ব্যয় মাসে .	১০ টাকা
(৩) সমাজ শিক্ষা কেন্দ্র	৬০৮	(১) সমাজ শিক্ষক মাসে	৩০ টাকা
		(২) সাক্ষরতা শিক্ষক মাসে	১০ টাকা
(৪) বিদ্যালয় তথা সমাজ মিলন কেন্দ্র।	৩৭	(১) সমাজ শিক্ষক মাসে ..	৩০ টাকা
		(২) সাক্ষরতা শিক্ষক মাসে ..	১০ টাকা
		(৩) নৈমিত্তিক ব্যয় মাসে ..	১০ টাকা
(৫) এক-শিক্ষক বিশিষ্ট পাঠশালা।	১,০২৩	(১) শিক্ষক প্রতি মাসে ..	৩০ টাকা
		(২) নৈমিত্তিক ব্যয় প্রতি বছর	১০০ টাকা
(৬) বয়স্ক উচ্চ বিদ্যালয়	৪২	(১) প্রধান শিক্ষক মাসে ..	১০০ টাকা
		(২) অপর ৪ জন শিক্ষক (যোগ্যতা অনুযায়ী মাসে ৫০ থেকে ৭৫ টাকা)	
		(৩) পিওন মাসে ..	২০ টাকা
		(৪) নৈমিত্তিক ব্যয় মাসে ..	৫০ টাকা

(খ) ১৯৭১ সালের আদমসুমারী অনুযায়ী পশ্চিমবঙ্গে মোট নিরক্ষরের সংখ্যা ২,৯৬,০০,৪২৩ জন।

(গ) নির্দিষ্ট সময় বলা সম্ভব নয়।

শ্রীরজনীকান্ত দলুই: যে সমস্ত প্রকল্পের কথা বললেন তার মাধ্যমে বছরে কতজন সাক্ষরতা লাভ করে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: তার হিসাব নেই।

শ্রীরজনীকান্ত দলুই: কলকাতা বিশ্ববিদ্যালয়ের নিরক্ষরতা দূরীকরণ সমিতি একটা আছে যার চেয়ারম্যান ভি সি—সেই সমিতি কি এ প্রকল্পগুলির মধ্যে আছে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: তাঁরা নিজেরা আলাদা কাজ করেন।

শ্রীরজনীকান্ত দলুই: স্বাধীনতার ২৫ বছর পর জনসংখ্যার অধিক নিরক্ষর আছে। সেখানে আমাদের সরকার কি একটা টাইম লিমিট বেঁধে দেবেন যাতে এই নিরক্ষরতা দূর করা যাবে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: টাইম লিমিট বেঁধে দেওয়া শক্ত, সমস্ত স্কীমগুলিকে একত্রিত করে একটা চেষ্টা করা হচ্ছে, যাতে আরও লিটারেসি বাড়ান যায়। তবে ভোজাডাঙ্গা বলে একটা ব্লক এক বছরের মধ্যে পুরাপুরিভাবে লিটারেসি হয়ে গেছে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: নিরক্ষরতা দূর করার জন্য যে যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে সেগুলি কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: একটা আগেই বলেছি, তবে সমস্ত জিনিস নিয়ে একটা কম্প্রিহেন-সিভ স্কীম করা হচ্ছে।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: বর্তমানে কলেজগুলিতে ন্যাশনাল সার্ভিস কোর খোলা হয়েছে, যার মাধ্যমে গ্রামাঞ্চলে নিরক্ষরতা দূরীকরণের চেষ্টা করা হচ্ছে। এই ন্যাশনাল সার্ভিস কোর-কে সরকারী সাহায্য দেবার কোন পরিকল্পনা আছে কি?

[1-20—1-30 p.m.]

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: সরকারী সাহায্য দেওয়া হয় এবং পার্ট টাইম কম্প্রিহেনসিভ স্কীম করে লিটারেসি করার কথা ভাবছি।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাত্র ৫০ টাকা প্রতি কলেজকে দেওয়া হয়েছে, এই টাকার অংক বাড়িয়ে দেশের নিরক্ষরতা দূরীকরণের অভিযান যাতে ব্যাপকভাবে প্রসারিত করা যায় সে সম্বন্ধে সরকার চিন্তা করছেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: ওটা ছাড়া আরো অনেক উপায় আছে, সবগুলিকে একত্রিত করে একটা কম্প্রিহেনসিভ স্কীম করব এটা চিন্তা করেছি।

শ্রীসরোজ রায়: তাঁর দপ্তরে এমন কোন হিসাব আছে কিনা যে ১৯৭২ সালে কত নিরক্ষর ছিল, ১৯৭৩ সালে কত কমল? যদি না থাকে, তা হলে তার ব্যবস্থা করবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: আমরা কম্প্রিহেনসিভ স্কীম যেটা করছি তাই দিয়ে করব।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: কলেজে যে সাহায্য দেওয়া হয় সেই সাহায্যের পরিমাণ বাড়িয়ে কলেজের ছাত্রদের মাধ্যমে পূজাবকাশে, গ্রীষ্মাবকাশে ব্যাপকভাবে নিরক্ষরতা দূরীকরণের অভিযান চালাবার পরিকল্পনা আছে কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: ওটাকে বিবেচনা করা হবে যখন কম্প্রিহেনসিভ স্কীম করব।

শ্রীরবীন্দ্রনাথ বেরা: ওয়ান-টিচার পাঠশালার ১৯৭২-৭৩ সালে কিছু পরিকল্পনা ছিল। আমরা শুনলাম ১৯৭৩ সালের মার্চ মাসের মধ্যে এই পাঠশালাগুলি খোলা হবে, কিন্তু আজ পর্যন্ত সেইসব পাঠশালার মঞ্জুরী যায় নি। সেগুলি আদৌ হবে কিনা এই সম্পর্কে জানা নেই। মাননীয় মন্ত্রিমহাশয় কি এই সম্পর্কে দৃষ্টিপাত করবেন যাতে আমরা জানতে পারি এই পাঠ-শালাগুলি কতদিনের মধ্যে মঞ্জুর হবে বা এগুলি কতদিনে চলবে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ এই স্কীমটা প্রত্যেক জায়গায় জানিয়ে দিয়েছি, কতকগুলি ব্লক অফিসে অ্যাপ্রুভ্যাল চলে গেছে। নিশ্চয়ই ওগুলি তাড়াতাড়ি করা হবে।

শ্রীনিতাইপদ সরকারঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, তিনি যে বিভিন্ন ধরনের নৈশ বিদ্যালয়ের সংখ্যা বলেছেন যেগুলি গ্রামে চলে, এই সংখ্যার মধ্যে প্রকৃতপক্ষে কতগুলি নিয়মিত-ভাবে চালু আছে সেটা জানা আছে কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ এই সংখ্যা বলতে পারব না, এগুলি বেশীর ভাগ পার্ট টাইম, অফ টাইম চলছে।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ এটা কি সত্য, খবরের কাগজে দেখলাম পশ্চিমবঙ্গে গজাডাঙ্গা বলে গ্রামে যে নিরক্ষরতা দূরীকরণের প্রকল্প তৈরি করা হয়েছিল তাতে সম্পূর্ণ নিরক্ষরতা দূর হয়েছে, এটা কি সরকারী কোন প্রকল্প ছিল, নাকি অন্য কোন সংস্থা থেকে করা হয়েছে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ সরকারের যিনি ওখানে ভারপ্রাপ্ত অফিসার তিনি অন্যান্য নন-অফিসিয়াল অর্গানাইজেসান এবং কর্মীদের সাহায্যে এটা করেছেন।

শ্রীরবীন্দ্রনাথ বেরাঃ এই যে ওয়ান-টিচার পাঠশালা করা হবে, এটা ফেব্রুয়ারি, ১৯৭৩ সালে মঞ্জুরী দিবে ৩১এ মার্চ, ১৯৭৩ পর্যন্ত কি এক বছর বোঝাচ্ছে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ আবার এক বছর চলবে।

স্টেট কাউন্সিল অফ ইঞ্জিনীয়ারিং পরীক্ষার ফলাফল স্ক্রুটিনীর জন্য পরীক্ষক নিয়োগ

*১১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২০২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, স্টেট কাউন্সিল অফ ইঞ্জিনীয়ারিং-এর বিভিন্ন পরীক্ষার (এল সি ই, এল এম ই, এল ই ই পরীক্ষা) ফলাফল স্ক্রুটিনী করার জন্য বাহির হইতে যেসকল ইঞ্জিনীয়ার নিযুক্ত করা হয় তাঁহাদের নিকট হইতে ডিক্লারেশন লওয়া হয় যে, তাঁহাদের আত্মীয় বা পরিচিত ব্যক্তি পরীক্ষা দেয় নাই;

(খ) সত্য হইলে, সম্প্রতি যে পরীক্ষা লওয়া হইয়াছে তাহাতে উপরি-উক্তমতে ব্যবস্থা লওয়া হইয়াছিল কিনা; এবং

(গ) না হইলে,—

(১) ইহার কারণ কি,

(২) কাহাদের নিয়োগ করা হইয়াছিল, ও

(৩) এ ব্যাপারে উক্ত ব্যক্তিদের কত টাকা অতিরিক্ত দেওয়া হইয়াছে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ (ক) স্টেট কাউন্সিল ফর ইঞ্জিনীয়ারিং-এর পরীক্ষার উত্তরপত্র স্ক্রুটিনি করবার জন্য নিযুক্ত ব্যক্তিদের নিকট হইতে কোন ঘোষণাপত্র লওয়ার প্রচলন নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) (১) সম্প্রতিক পরীক্ষায় বাহিরের কোন ব্যক্তিকে নিযুক্ত করা হয় নাই।

(২) স্টেট কাউন্সিলের অফিসের পরীক্ষা সংক্রান্ত গোপনীয় কার্যে নিযুক্ত কর্মচারীদের মধ্য হইতে নিযুক্ত করা হইয়াছিল।

(৩) সরকার কর্তৃক অনুমোদিত হারে উক্ত ব্যক্তিদের মোট টাকা ১,৫০৭·৯৯ দেওয়া হইয়াছে।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, এই পরীক্ষার যে স্ক্রুটিনি করা হয় তাতে বাইরে থেকে লোক নেওয়া হয় না। বর্তমানে স্ক্রুটিনাইজার কিভাবে নিয়োগ করা হয় এবং সেই পদ্ধতি কি সেটা জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: স্ক্রুটিনি অফিসের মধ্য থেকে করে নি, বাইরে থেকেও করা যায়—এর কোন প্রসিডিওর নেই।

শ্রীকাশীনাথ মিশ্র: যাঁরা স্ক্রুটিনি করেন তাঁদের কোন আত্মীয়স্বজন পরীক্ষা দিয়াছে কিনা এরকম কোন ডিক্লারেসন তাঁদের কাছ থেকে নেওয়া হয়েছিল কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: না, নেওয়া হয় নি।

শ্রীকাশীনাথ মিশ্র: যাঁরা স্ক্রুটিনি করছেন তাঁদের আত্মীয়স্বজন যদি কেউ পরীক্ষা দিয়ে থাকেন, তা হলে তাঁরা নানা রকম অপকর্ম করতে পারেন এটা মন্ত্রিমহাশয় স্বীকার করবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: সাধারণতঃ যাঁরা পেপার সেটার অর্থাৎ যাঁরা প্রশ্নপত্র তৈরি করেন বা সেট করেন তাঁদের জন্য এরকম জিনিস থাকে। স্ক্রুটিনি যাঁরা করেন তাঁদের জন্য এরকম কোন ব্যবস্থা নেই।

বাঁকুড়া জেলায় টি আর-এর কাজে নিযুক্ত পে-মাস্টার ও মোহরারের বিরুদ্ধে গম চুরির অভিযোগ

*১১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০৮৫।) **শ্রীকাশীনাথ মিশ্র:** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকে ১৯৬৭ সাল হইতে ১৯৬৯ সাল পর্যন্ত সময়ে টি আর-এর কাজে নিযুক্ত বেশ কয়েকজন পে-মাস্টার ও মোহরারের বিরুদ্ধে গম চুরির অভিযোগ নথিভুক্ত করা হইয়াছিল;

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে কোন তদন্ত করা হইয়াছিল কিনা; এবং

(গ) হইলে,—

(১) বিভিন্ন ব্লকে ঐরূপ পে-মাস্টার ও মোহরার-এর সংখ্যা এবং তাহাদের নাম কি কি,

(২) বিভিন্ন ব্লক অনুযায়ী কত গম চুরি হইয়াছিল, ও

(৩) সরকার এ বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শ্রীসন্তোষকুমার রায়: (ক) হ্যাঁ।

(খ) তদন্ত করা হইয়াছিল।

(গ) (১) এবং (২) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(৩) পে-মাস্টার ও মোহরারদের বিরুদ্ধে অভিযোগ অনুযায়ী তদন্ত মোতাবেক আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

শ্রীকাশীনাথ মিশ্র: মন্ত্রিমহাশয় জানাবেন কি, কতজন পে-মাস্টার এবং মোহরার বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকে ছিল?

শ্রীসন্তোষকুমার রায়: সংখ্যা দিতে পারছি না।

শ্রীকাশীনাথ মিশ্রঃ গমের টোট্যাল পরিমাণ কত যেটা চুরি হয়েছে?

শ্রীসন্তোষকুমার রায়ঃ এখানে টোট্যাল লেখা আছে—এটা বিরাট লিস্ট।

শ্রীকাশীনাথ মিশ্রঃ ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত যারা অভিযুক্ত হয়েছিল তাদের কেসগুলি কি তদন্তের পর্যায়ে আছে, না চলছে এবং যদি চলে থাকে তা হলে কেসগুলি কত নম্বর ধারা অনুযায়ী চলছে সেটা জানাবেন কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ কোন্ ধারায় সেটা বলা সম্ভব নয়।

শ্রীকাশীনাথ মিশ্রঃ তদন্তের ফলাফল জানাবেন কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ পুলিস তদন্ত করে কেস দেবে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ ১৯৬৭ সাল থেকে আজ ১৯৭৩ সাল হয়ে গেল, কাজেই জানতে চাই, আজ পর্যন্ত কোন তদন্তের রিপোর্ট মন্ত্রিমহাশয়ের কাছে এসেছে কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় সদস্যরা জানেন চুরি হলে এফ আই আর হয়। যেগুলো কেস দেবাব দিয়েছে। কতগুলো বিষয় গেছে তার লিস্ট সদস্যদের অবগতির জন্য টেবিলে দেওয়া হয়েছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ সরকার টাকা দিচ্ছেন, গম দিচ্ছেন জনসাধারণের উপকারের জন্য। অথচ দেখতে পাচ্ছি বেশ কিছু কোয়ান্টিটি গম শেষ হল, টাকা শেষ হল। শুধু তাই না, এই যে গম, টাকা শেষ হল তার কোন হিসেব এখনও পর্যন্ত আমরা যে পেলাম না সেটা খুবই আক্ষেপের বিষয় এবং লক্ষ্য করুন এটা ১৯৬৭ সালের ঘটনা। আমাদের মন্ত্রিমহাশয় খুব চেষ্টা করছেন বাঁকুড়ার জন্য কিছু হোক। কাজেই সেদিক থেকে জিজ্ঞাসা করছি সেটা যদি কেউ নষ্ট করে তা হলে তার জন্য কোন ব্যবস্থা নেওয়া হবে কিনা?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন মাননীয় সদস্যদের এই ত্রাণের তদারকিতে এবং এইসব বন্ধ করবার জন্য যুক্ত করা হয়েছে। অর্থাৎ দুর্নীতি এবং অপচয় যাতে ত্রাণ ব্যবস্থার মধ্যে না হয় সেটা দেখবার জন্য তাঁদের যুক্ত করা হয়েছে। আমার কাছে যে অভিযোগ এসেছে সেই ব্যাপারে মাননীয় সদস্যদের কাছে লিস্ট উপস্থিত করা হয়েছে এবং সেই অনুযায়ী কেস হয়েছে। তদন্ত হচ্ছে, তবে ডিটেলস্ আমার কাছে এখন নেই। যদি আপনারা চান আমি দিতে পারি কতগুলি কেসে ফাইনাল রিপোর্ট হয়েছে, কতগুলি প্রসিকিউসনে গেছে ইত্যাদি।

শ্রীগৌতম চক্রবর্তীঃ যে সমস্ত পে-মাস্টার এবং মোহরার-এর বিরুদ্ধে দুর্নীতির দায়ে চার্জ আনা হয়েছে তাদের কেন শাস্তি হচ্ছে না, তার জন্য স্বরাষ্ট্র দপ্তরে নোট দিয়েছেন কি?

[1-30—1-40 p.m.]

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় সভ্যদের জানানো হয়েছে এগুলি পুলিস কেস হয়েছে, অ্যারেস্ট হয়েছে, এখানে স্বরাষ্ট্র বিভাগকে কি নোট দেবো? এখন আইনের বিধানে যে শাস্তি হবে তাই হবে এদের।

শ্রীগৌতম চক্রবর্তীঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, কতগুলি কেস এখন পর্যন্ত চলছে —১৯৬৭ সাল থেকে আরম্ভ করে ১৯৭৩ সাল পর্যন্ত কতগুলি কেস চলছে। আর কতগুলি কেস আজ কোর্টে চলে গিয়েছে সেগুলি সম্বন্ধে কিছু বলেন নি। এই যে ১৯৬৭ সাল থেকে ১৯৭৩ সাল পর্যন্ত চলছে এই এত লং পিরিয়ডের মধ্যেও তদন্ত শেষ হয় নি। সমস্ত কেস সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয় কোন নোট পাঠিয়েছেন কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ তদন্ত শেষ হয়েছে কিনা বলতে পারছি না। কারণ সে সম্পর্কে বিস্তৃত তথ্য আমার কাছে এখন নেই।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ এই যে দীর্ঘদিন ধরে এগ্‌লি পড়ে আছে এর কারণ কি, মাননীয় মন্ত্রিমহাশয় জ.নাবেন এবং সে সম্পর্কে কোন ব্যবস্থা অবলম্বন করছেন কি, যাতে স্পীডি ডিসপোজাল অব কেসের হয়?

শ্রীসন্তোষকুমার রায়ঃ আমি তো কেসগ্‌লি পড়ে আছে একথা বলি নি। আমি বলেছি বিস্তারিত তথ্য অ.জকে আমার পক্ষে দেওয়া সম্ভব নয়। আর আমার জবাবে আমি বলেছি যে, পে-মাস্টার এবং মোহরারদের বিরুদ্ধে অভিযোগ অনুযায়ী তদন্ত মোতাবেক আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ কর. হয়েছে।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ ব্যবস্থাটা কি, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ ব্যবস্থাটা হচ্ছে প্রথমে এফ আই আর করতে হয় চুতি হলে। পুলিস অ্যারেস্ট করেছে, পুলিস কেস করেছে।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ তাদের কি শাস্তি হয়েছে জানাবেন কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ আমি তো বললাম, ও তথ্য আমার কাছে নেই, তবে যদি জানতে চান, আমি সংগ্রহ করে পরে জানাতে পারি।

Mr. Speaker: Honourable Members, the point that has been raised is that from 1967 to 1973 there are cases pending against some of the pay-masters. Questions that have been put are, (1) in how many cases charge-sheets have been submitted, (2) in how many cases investigation is still pending and, (3) how many cases have been finally disposed of where charge-sheets have been submitted. So, the three aspects are, investigation stage, charge-sheet stage and trial stage—whether trial has been completed in any case or not. These are the three different stages. As the Minister has already replied, he is not prepared with all the answers today.

শ্রীগৌতম চক্রবর্তীঃ মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন যে, টি আর-এর মাধ্যমে পে-মাস্টার এবং মোহরাররা প্রচুর চুরি করে। এই সমস্ত পে-মাস্টার ও মোহরার যারা নিযুক্ত করেন তারা কি দেখেন যাতে এরা চুরি করতে না পারে, সেই পরিপ্রেক্ষিতে তিনি কোন ব্যবস্থা অবলম্বন করবেন কি?

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় সদস্যরা নিশ্চয় জানেন যে, আমরা সার্কুলার দিয়েছি যে, পে-মাস্টার এবং মোহরারদের নিয়োগ সম্বন্ধে মাননীয় সদস্যরা সুপারিশ করলে তবে তাদের নিয়োগ করা হবে এবং মাননীয় সদস্যরা এই টেস্ট রিলিফের কাজকর্ম যাতে সুপারভাইজ করতে পারেন সেই জন্য তাঁদের অধিকার দেওয়া হয়েছে। আমি আশা করি, এর ফলে টেস্ট রিলিফের মধ্যে যে অপচয় এবং দুর্নীতি আছে সেগুলি কমে যাবে।

শ্রীশরৎচন্দ্র দাসঃ অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, এই পে-মাস্টার এবং মোহরাররা যদি চুরি করে, তা হলে মাননীয় সদস্যরা কি দায়ী হবেন? মাননীয় সদস্যরা নিয়োগ করেন কাজকর্ম করার জন্য। তারা যদি চুরি করে তা হলে কে দায়ী হবে?

শ্রীসন্তোষকুমার রায়ঃ আমি কোন অ্যাসপারসান মেম্বারদের করি নি। যাতে ভবিষ্যতে অপচয় এবং দুর্নীতি বন্ধ হয় সেইজন্য পে-মাস্টার এবং মোহরারদের মাননীয় সদস্যরা সুপারিশ না করলে নিয়োগ করা হবে না। আগে এম এল এ-দের এই অধিকার ছিল না। এখন সেই

অধিকার দেওয়া হয়েছে এবং যদি কোন অভিযোগ আসে, তা হলে মাননীয় সদস্যরা ব্যক্তিগতভাবে বা প্রতিনিধি দিয়ে তার তদারক করাতে পারেন এবং যাতে কাজকর্ম ভালভাবে চলে তা দেখতে পারেন।

শ্রীমহম্মদ সফিউল্লা: বাঁকুড়া ছাড়া আর অন্য কোন জেলা থেকে কোন অভিযোগ পেয়েছেন কিনা?

শ্রীসন্তোষকুমার রায়: সব জেলার দুর্নীতির লিস্ট পেশ করি নি, কাজেই এই প্রশ্ন থেকে এটা উঠে না।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, এম এল এ-রা টেস্ট রিলিফ-এর কাজে মিস্-অ্যাপ্রোপ্রিয়েশন-এর দরুন বি ডি ও অফিসে খবর দেওয়া সত্ত্বেও সেখানে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার দুর্নীতিপরায়ণ ব্যক্তিদের সঙ্গে সলাপরামর্শ করে আমাদের চিঠিকে অবজ্ঞা করছে এবং উপযুক্ত বিচার করা হচ্ছে না?

শ্রীসন্তোষকুমার রায়: যদি মাননীয় সদস্যরা লিখিতভাবে জানাতেন, অনেক আগেই উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতাম, বি ডি ও-এর যে অধিকার, এম এল এ-রও সেই অধিকার তদারকির কাজে, আমার কাছে আগে যদি অভিযোগ লিখিতভাবে না দেওয়া হয়ে থাকে, এখনও যদি জানান, সে সম্বন্ধে ব্যবস্থা নেওয়া হবে—এই আশ্বাস আমি দিচ্ছি।

শ্রীসরোজ রায়: আপনি এম এল এ-র কাছে চিঠি দিয়েছেন টেস্ট রিলিফের কাজের তদারকি করবেন এম এল এ বা তাঁর রিপ্রেজেনটেটিভ, আগে এই রিপ্রেজেনটেটিভ কথাটা ছিল না, এম এল এ হিসাবে রিপ্রেজেনটেটিভ তদারকি করতে পারবে কি?

শ্রীসন্তোষকুমার রায়: যে চিঠি দিয়েছি, খুলে পড়বেন, দেখবেন আপনাদের কাছে অনুরোধ করেছি, আইনে আছে ব্লক রিলিফ কমিটি সুপারভাইজ করবে, তাতে এম এল এ বা তাঁর রিপ্রেজেনটেটিভ মেম্বার থাকতে পারেন, আপনাদের কাছে অনুরোধ করেছি যে, আপনারা নিজেরা সম্ভব না হলে আপনাদের রিপ্রেজেনটেটিভ তদারকি করবেন, কোন অভিযোগ থাকলে আমার কাছে জানবার জন্য অনুরোধ করছি।

শ্রীসরোজ রায়: কোন কন্‌স্টিটিউয়েন্সীতে যদি পাঁচ জায়গায় টেস্ট রিলিফের কাজ হয়, সেখানে চেক-আপ-এর জন্য পাঁচজন প্রতিনিধি দিতে পারব কিনা, সেখানে বাধা আছে কি?

শ্রীসন্তোষকুমার রায়: যেটা বলেছি, সেখানে অধিকার হচ্ছে ব্লক রিলিফ কমিটির, সেখানে এম এল এ নিজে কিংবা তাঁর প্রতিনিধি মেম্বার হবেন, কাজ হলে একজনের জায়গায় পাঁচজন প্রতিনিধি রাখুন, কিন্তু যেকথা বলবেন বি ডি ও-এর সঙ্গে—হি মাস্ট বি ওয়ান।

শ্রীসরোজ রায়: পাঁচটা জায়গায় যদি একসঙ্গে কাজ হয়, তা হলে এম এল এ পাঁচজন প্রতিনিধি দিতে পারেন কিনা?

শ্রীসন্তোষকুমার রায়: প্রথম অবস্থায়, প্রাথমিক পর্যায়ে আঞ্চলিক রিলিফ কমিটিকে দিয়েছি, কিন্তু তদারকির অধিকার দেওয়া হয়েছে ব্লক রিলিফ কমিটিকে সেখানে আছেন এম এল এ, ব্লক রিলিফ কমিটির মেম্বাররা, যদি তিনি মনে করেন দুর্নীতি হয়েছে, তা হলে এম এল এ এবং ব্লক রিলিফ কমিটির সদস্য সে সম্বন্ধে ব্যবস্থা করতে পারেন।

শ্রীকানাই ভৌমিক: আপনি যেকথা বললেন—এম এল এ বা তাঁর প্রতিনিধিরা সমস্ত তদারকি করবেন, ১৯৬৭ সালের যে কেস আপনার কাছে জানান হয়েছিল, তার যদি ১৯৭৩ সালেও ব্যবস্থা না হয়, সেই পুরাণো পে-মাস্টার, মোহরার বহাল তবিয়তে থেকে চুরি করেও তা হলে যে ধরনের ক্ষমতা এম এল এ বা তাঁদের প্রতিনিধিদের দিচ্ছেন, তার দ্বারা কি সুফল হবে বলে আশা করেন? এইরূপ ক্ষমতা দিয়ে তাঁদের ডিসক্রেডিট করা হচ্ছে না?

[1-40--1-50 p.m.]

শ্রীসন্তোষকুমার রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বুঝতে পারলাম না যাদের বিরুদ্ধে চুরির অভিযোগ আছে, তারা কি করে নিয়োগপত্র পেল? গত বছর থেকে বি ডি ও-দের কাছে ইন্সট্রাকসান দেওয়া হয়েছে যে, ঐ সব লোক নিয়োগের আগে এম এল এ-দের সুপারিশ আছে কিনা দেখে নিয়োগ করবেন। আমি মনে করি না এম এল এ-দের জ্ঞাতসারেই দুর্নীতিপরায়ণ লোকদের নিয়োগের জন্য তাঁরা সুপারিশ করেন।

শ্রীকাশীনাথ মিশ্র: আমরা নূতন এসেছি, কি করে সব বুঝবো?

শ্রীকানাই ভৌমিক: এই সমস্ত দুর্নীতি যদি রিয়েলি বন্ধ করতে চান, তা হলে করার মত করে আপনারা করুন। আপনি যে দায়িত্ব দিয়েছেন, সব আপনি ভাল করে দিন।

শ্রীসন্তোষকুমার রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের প্রতি আমি কোন রকম অ্যাসপারসন করি নি। আমার বক্তব্য ছিল, ত্রাণ ব্যবস্থার মধ্যে দুর্নীতি কমতে পারে যদি মাননীয় সদস্যরা তার তদারকি করেন, দেখাশোনা করেন, এই দেখাশোনার দায়িত্ব তাঁদের আমরা দিয়েছি। যাদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আছে তার লিস্ট মেম্বারদের দেখবার জন্য বি ডি ও-দের বলবো। কোন পে-মাস্টার বা মোহরার দুর্নীতি করেন এটা তাঁদের অজ্ঞাত আছে, আমার পক্ষে এটা বিশ্বাস করা মুশকিল। মোটামুটি তাঁরা জানেন কোন্ কোন্ পে-মাস্টার ও মোহরাররা দুর্নীতি করেন, ধরা না পড়লেও তাঁরা এটা জানেন। এমন সব লোকদের নিয়োগপত্রের জন্য সুপারিশ না করলে এইসব দুর্নীতি বন্ধ হতে পারে।

Shri A. H. Besterwitch: Mr. Speaker, Sir, the Hon'ble Minister has said that a list—a corruption list or whatever it may be - will be supplied to the Members. I want to ask him, because it is a serious question, if a person from one block against whom an F.I.R. has been made comes to another block and asks the M.L.A. of that block, who might know him to be a good man, to recommend him for appointment, then how the M.L.A. of that block is to know that there has been an F.I.R. against that man? How an M.L.A. of one block is to know whether there has been an F.I.R. made against a man of another block? If a list of the whole State is supplied then it will be possible. So, I want to know whether a list of the whole State will be supplied to the M.L.A.s or whether a list of only one block will be supplied?

(No reply.)

শ্রীগৌতম চক্রবর্তী: একটা সাপ্লিমেন্টারি কোশ্চেন করতে বিরোধী পক্ষকে এক-দেড় মিনিট বা দু' মিনিট সময় দেওয়া হল- এই বিরাট বিবৃতিতে অনেক সময় দেওয়া হল। অথচ আমাদের একটা প্রশ্ন করতে এক মিনিটও সময় দেওয়া হয় না—এটা কেমন ব্যাপার?

মিঃ স্পীকার: এটা বিরোধী পক্ষ বলে নয়।

Mr. Chakravorty, some Members take more time to place supplementaries particularly Mr. Besterwitch, a much senior Member and respected Member of the Opposition. It is my discretion to allow him some time to place his supplementaries in a better way. He is an old Member, he may take some time to clarify his supplementaries. So the Chair should give some discretion to place his supplementaries. Sometimes, it is very difficult for the Ministers to follow him and it is also very difficult for me to follow him. So I allow him some time to place his supplementaries.

শ্রীগৌতম চক্রবর্তী: তা হ'লে আমরা বুঝবো নবাগতদের আলাদা শিক্ষার সুযোগ দেওয়া হবে না। আমরা নবীন আমাদের বেলা টাইম দেওয়া উচিত।

Mr. Speaker: Regarding Gautam Chakraborty I admit that he can place his supplementary in a nutshell. It is a credit to him. Now Shri Md. Dedar Baksh.

শ্রীমহম্মদ দেদার বক্স: এ পর্যন্ত কতজন পে-মাস্টার এবং মোহরারের বিরুদ্ধে অভিযোগ এসেছে এবং কতজনের অভিযোগ প্রমাণে শাস্তি হয়েছে—এই রকম তালিকা কি আছে?

শ্রীসন্তোষকুমার রায়: আমি আগেও বলেছি, আজকেই আমার সে রকম তালিকা দেওয়া সম্ভব নয়। সদস্যরা যদি জানতে চান তো পরে দিতে পারি।

শ্রীরজনীকান্ত দলুই: পে-মাস্টারদের ডেইলী বেতন দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কি? কেনন। তাঁরা যদি তা পান, তবে মনে হয় চুরি অনেক কমে যাবে।

শ্রীসন্তোষকুমার রায়: আমাদের বর্তমান সরকারের পে-মাস্টার এবং মোহরারদের বেতন বাকি ফেলে রাখার কোন পরিকল্পনা নেই। গত বছর যারা কাজ করেছিল তারা পেয়ে গিয়েছে। তবে দৈনিক বেতন দেওয়ার কোন ব্যবস্থা করা হয় নি।

শ্রীশশী মহম্মদ: মন্ত্রিমহাশয় বলেছেন, পে-মাস্টার এবং মোহরারদের এম এল এ-দের সুপারিশক্রমে নিয়োগ করা হবে। এই যে এম এল এ-দের কথা বললেন, এটা সরকার পক্ষের এম এল এ-দের পক্ষে প্রযোজ্য, না বামপন্থী এম এল এ-দের পক্ষেও প্রযোজ্য?

শ্রীসন্তোষকুমার রায়: মাননীয় সদস্যদের পরিষ্কারভাবে বলছি সরকার বা বামপন্থী বলে কিছু নেই। এম এল এ বা তাঁর প্রতিনিধি ব্লক রিলিফ কমিটির মেম্বার। ব্লক রিলিফ কমিটির সুপারিশ অনুযায়ী বি ডি ও এমপ্লয়মেন্ট দেবেন।

It is not a question of any M.L.A. There are two members in the Block Relief Committee.

Mr. Speaker: The question has been sufficiently answered.

শ্রীগৌতম চক্রবর্তী: বিরোধী দলের মাননীয় সদস্য বললেন, বামপন্থী এম এল এ, না সরকার পক্ষের এম এল এ হবেন। তাঁকে একবার এম এল এ মানে বলে দেওয়া উচিত, মেম্বার অফ দি লেজিসলেটিভ অ্যাসেম্বলী—সেখানে সরকার বা বিরোধী পক্ষের সদস্য বলে কিছু নেই।

Mr. Speaker: I am repeating the questions again *1106, *1107, *1108.

নদিয়া জেলায় বাস চলাচল

*১১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *২২১২।) **শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলায় নির্দিষ্ট রুটে অনুমোদিত বাসগুলি ঠিকমত চলে কিনা তাহা দেখার কোন ব্যবস্থা আছে কিনা এবং থাকিলে, উহা কিভাবে ও কাহার দ্বারা করা হয়;

(খ) সরকার কি অবগত আছেন যে, কৃষ্ণনগর-কাটোয়াঘাট ভায়া মাটিয়ারী রুটের বাসগুলি প্রায়ই বন্ধ রাখা হয়;

(গ) অবগত থাকিলে, ঐ বন্ধের কারণ কি; এবং

(ঘ) জনসাধারণের চলাচলের সুবিধার্থে ঐ রুটে অনুমোদিত সব ট্রিপ যাহাতে চালু থাকে তাহার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

Shri Gyan Singh Sohanpal: (a) Yes. Motor Vehicles Inspectors (non-technical) attached to each R.T.A. inspect the routes to ensure regular plying of buses.

(b) and (c) No, except in mechanical disorders buses regularly ply on the routes.

(d) In order to ensure maintenance of approved trips and time-table of the routes these Inspectors inspect the routes from time to time.

[1-50—2-00 p.m.]

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ কৃষ্ণনগর কাটোয়াঘাট ভায়া মাটিয়ারী রুটের বাসগুলি টেকনিক্যাল গ্রাউন্ডে খারাপ হলে বন্ধ থাকে এই কথা বলছেন। কিন্তু এই রুটে সন্ধ্যার দিকে বাস যে একদম চলে না এটা কি উনি জানেন?

শ্রীজ্ঞানসিং সোহনপালঃ এই রকম কোন রিপোর্ট আমি পাই নি।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ এই রকম সংবাদ নেবার ব্যবস্থা কি করবেন?

শ্রীজ্ঞানসিং সোহনপালঃ হ্যাঁ, নিশ্চয় করবো।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ ঐ বাসগুলি যাতে নিয়মিতভাবে চলে তার ব্যবস্থা কতদিনের মধ্যে করতে পারবেন, সেটা জানাবেন কি?

শ্রীজ্ঞানসিং সোহনপালঃ আগে রিপোর্ট পাই, তারপরে দেখবো।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ ঐ রুটের অধিকাংশ বাসই ঠিকমত চলছে না, খেয়ালখুশী মত চলছে, এ সম্বন্ধে আপনি কি কোন সংবাদ রাখেন না?

শ্রীজ্ঞানসিং সোহনপালঃ আপনি জানাবেন, আমি দেখবো।

প্রাথমিক বিদ্যালয় গৃহ সংস্কারের জন্য সি এম ডি এ কর্তৃক অর্থ মঞ্জুর

*১১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১৮০।) **শ্রীতপন চ্যাটার্জিঃ** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রায় পাঁচ শতের অধিক প্রাথমিক বিদ্যালয় গৃহ সংস্কারের জন্য বিদ্যালয়-প্রতি অন্যূন দশ হাজার টাকা ক'রে সি এম ডি এ কর্তৃপক্ষ অর্থ মঞ্জুর করেছেন; এবং

(খ) সত্য হলে, ঐ অর্থ গ্রহণ করে প্রয়োজনমত বিদ্যালয় গৃহগুলি সংস্কারকল্পে ব্যয়ের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ (ক) হ্যাঁ। তবে উক্ত বরাদ্দ স্কুল প্রতি অনধিক ১০,০০০ টাকা ধার্য করা হইয়াছে।

(খ) এ সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থাদি সরাসরি সি এম ডি এ কর্তৃপক্ষই গ্রহণ করিতেছেন।

সরকার অনুমোদিত সাহায্যপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়সমূহের পরিচালকমণ্ডলীর উপর উক্ত সংস্কারকার্য সম্পাদনের দায়িত্ব অর্পিত হইতেছে। গ্রামাঞ্চলে অবস্থিত জি এস এফ পি বিদ্যালয়সমূহের সংস্কারকার্যের দায়িত্ব সংশ্লিষ্ট জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক) মহাশয়ের উপর অর্পণের ব্যবস্থা করা হইতেছে। শহরাঞ্চলে অবস্থিত জি এস এফ পি স্কুলসমূহের সংস্কারকার্য সি এম ডি এ র কারিগরী বিজ্ঞান শাখা (টেকনিক্যাল উইং) দ্বারা সম্পাদনের কথা চিন্তা করা হইতেছে।

যেসকল বিদ্যালয় গৃহ সংস্কার নিমিত্ত সাহায্য পাইবার উপযুক্ত বলিয়া বিবেচিত হইয়াছে তাহাদের জমির স্বত্ব সম্পর্কীয় তথ্যাদি সংগ্রহের ব্যবস্থা করা হইতেছে।

শ্রীতপন চ্যাটার্জি: এই সব ব্যবস্থা নিতে এত দেরী হল কেন, মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: মেনলি সি এম ডি এ স্কীমের সঙ্গে ঠিক আমাদের একটা আলোচনা হচ্ছিল তাই হয়ত দেরি হতে পারে, তবে এইবারে তাড়াতাড়ি করা যাবে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের বহু প্রাথমিক বিদ্যালয় জরাজীর্ণ অবস্থায় পড়ে রয়েছে এবং অনেক বিদ্যালয়ের নিজেদের গৃহ নেই —এই সমস্ত বিদ্যালয়ের গৃহগুলি সংস্কার করার জন্য, পুনর্নির্মাণের জন্য সরকারের টাকা বিলি করা হচ্ছে কিনা জানাবেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: টাকা পয়সা সংগ্রহ করা শক্ত হয়েছে, টাকা পয়সা পেলে নিশ্চয় করা হবে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: প্রাথমিক শিক্ষাকে যখন অগ্রাধিকার দেওয়া হয়েছে তখন সেই শিক্ষার জন্য যে শিক্ষানিকেতন রয়েছে সেই শিক্ষানিকেতনগুলি সংস্কার করার কাজ সরকারের প্রাথমিক কর্তব্যের মধ্যে পড়ে কিনা, মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: এগুলিকে অগ্রাধিকার দেওয়া হবে আগামী বছরে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে আগামী বছরে অগ্রাধিকার দেবেন। আগামী বছরের কোন্ মাস থেকে অগ্রাধিকার দেবেন, সেটা মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: আগামী বছর পঞ্চবার্ষিক পরিকল্পনা আরম্ভ হচ্ছে, কাজে কাজেই সেই সময় থেকে দেব।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: যে সমস্ত প্রাথমিক বিদ্যালয় জরাজীর্ণ অবস্থায় রয়েছে, আসন্ন বর্ষায় সেগুলিতে ক্লাস করা সম্ভবপর হবে না, যদি না সারানো যায়, এই কথা কি মাননীয় মন্ত্রিমহাশয় জানেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: এগুলির অবস্থা ভাল নয়, এটা আমরা জানি। কিন্তু টাকা বেশি নেই। কাজে কাজেই টাকা জোগাড় করতে পারলে নিশ্চয় দেব।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: এই প্রাথমিক দায়িত্ব পালনের জন্য অবিলম্বে মাননীয় মন্ত্রিমহাশয় অর্থ সংস্থানের জন্য কোন ব্যবস্থা করবেন কিনা, জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: অর্থ সংস্থানের ব্যবস্থার সবটা আমাদের হাতে নেই, এটা আপনি জানেন।

শ্রীতপন চ্যাটার্জি: ৫০০টি স্কুল প্রায় ৫০ লক্ষ টাকা পেয়েছে। বিভিন্ন স্কুলে যাতে এই অর্থগুলি তছরুপ না হয় সেই জন্য মন্ত্রিমহাশয় কি ব্যবস্থা অবলম্বন করেছেন জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: এটা সি এম ডি এ ডিল করবে, কাজেই তাদের উপর নজর রাখতে হবে আমাদের সকলকে—এম এল এ-দেরও রাখতে হবে, ডিপার্টমেন্টকেও রাখতে হবে।

শ্রীগৌতম চক্রবর্তী: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, যে সমস্ত স্কুলগুলি গত বর্ষা বা বন্যায় ভেঙ্গে গিয়েছে সেগুলির সংস্কারের দায়িত্ব শুধুমাত্র পশ্চিমবঙ্গ সরকারের নয়, অন্যদেরও দায়িত্ব আছে। আমার জিজ্ঞাস্য, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আগামী বর্ষাতে সেই সমস্ত

স্কুলের ছাত্রদের বৃষ্টির মধ্যেই পড়াশুনা করতে হবে, না, মাথায় ছাউনি দেবার ব্যবস্থা করা হবে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: তাদের কিছু সাহায্য দেবার কথা ভাবছি, তবে টাকা তো যোগাড় করতে হবে।

শ্রীগৌতম চক্রবর্তী: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন ভাবছেন। বর্ষা কিন্তু সমাগত, এই ভাবার কাজটা কতদিনে শেষ হবে মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: টাকা নেই পূর্বেই বলেছি। তবে খুব এমারজেন্ট কেসে আমরা চেষ্টা করতে পারি কিছু দেবার জন্য।

শ্রীগৌতম চক্রবর্তী: টাকা নেই বললে শুনব না, কারণ এটা খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার। এখানে হাজার হাজার প্রাইমারী স্কুলের লক্ষ লক্ষ ছাত্রছাত্রী জড়িত। কাজেই এখানে উনি ভাবছেন কিনা সেটা আমরা শুনতে চাই না। আমার স্পষ্ট জিজ্ঞাস্য, যে সমস্ত স্কুলগুলি ভাঙ্গাচোরা অবস্থায় পড়ে আছে সেইগুলিকে জরুরীকালীন ভিত্তিতে সংস্কার করার বিষয় মন্ত্রিমহাশয় কিছু জানাবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: আমি এ সম্বন্ধে আগেই বলেছি, কাজেই একই কথা অনবরত বলে লাভ নেই।

শ্রীঅসমঞ্জ দে: আমরা দেখতে পাচ্ছি প্রাথমিক শিক্ষা বিস্তারের জন্য প্রতি বছর হাজার হাজার প্রাথমিক স্কুল খুলে লক্ষ লক্ষ টাকা খরচ করছেন পশ্চিমবঙ্গ সরকার। অথচ পুরাণো প্রাথমিক স্কুলগুলি চালু রেখে প্রাথমিক শিক্ষাব্যবস্থা অব্যাহত রাখা সম্ভবপর হচ্ছে না। বলছেন টাকার অভাবে স্কুলগুলির ঘরবাড়ি টিঁকিয়ে রাখা যাচ্ছে না। আমার জিজ্ঞাস্য, যেখানে লক্ষ লক্ষ টাকা খরচ করে নতুন নতুন প্রাথমিক বিদ্যালয় খোলা হচ্ছে সেখানে পুরাণো স্কুলগুলি টিঁকিয়ে রাখার ব্যবস্থা হচ্ছে না কেন সে সম্বন্ধে মন্ত্রিমহাশয় আলোকপাত করবেন কি?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: প্রাথমিক স্কুল খোলা গ্রামে বোধ হয় চাকুরি দেবার একটা প্রশস্ত উপায়।

শ্রীঅসমঞ্জ দে: প্রাথমিক স্কুল খোলা গ্রামে চাকুরি দেবার জন্য, না, প্রাথমিক শিক্ষা বিস্তারের জন্য সে সম্বন্ধে আমরা মন্ত্রিমহাশয়ের কাছে স্পষ্ট জবাব চাই।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: এটা ধরে নেওয়া যেতে পারে যে, প্রাথমিক স্কুল খোলার উদ্দেশ্য প্রাথমিক শিক্ষা দেওয়া, কিন্তু তার সঙ্গে সঙ্গে সাপ্লিমেন্টারি অবজেকটিভ যেটা আছে সেটা হচ্ছে এমপ্লয়মেন্ট দেওয়া।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়: তা হলে যে সমস্ত স্কুল পড়ে গেছে সেখানে যে সমস্ত মাস্টার মহাশয়রা চাকুরি করতেন তাঁরা যে বেকার হলেন তার হিসাব কোন প্লাস মাইনাসে মেলাবেন, মন্ত্রিমহাশয় জানাবেন কি?

(নো রিপ্লাই।)

শ্রীগৌতম চক্রবর্তী: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, প্রাথমিক স্কুলগুলির সংস্কার টাকার অভাবের জন্য হচ্ছে না, অথচ আমরা দেখতে পাচ্ছি কলকাতার বড় বড় রাস্তাগুলি মার্কারি আলোর দ্বারা সাজানো হচ্ছে। গ্রামের প্রাইমারী স্কুল যার দ্বারা গ্রামের শিশুদের শিক্ষার আলো দেওয়া হবে সেগুলির সংস্কারের কাজ আগে, না কলকাতার রাস্তাগুলিকে মার্কারি আলোর দ্বারা সাজানোর কাজ আগে, এ সম্বন্ধে মন্ত্রিমহাশয় ক্যাবিনেট পর্যায়ে কোনরকম আলোচনা করেছেন কি?

(নো রিপ্লাই।)

STARRED QUESTIONS
(to which answers were laid on the table)

মেধাবী দুঃস্থ ছাত্রছাত্রীদের শিক্ষার সুযোগ

*১১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪৪।) **শ্রীরবীন্দ্র ঘোষঃ** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেধাবী দুঃস্থ ছাত্রছাত্রীদের শিক্ষার সুযোগ দিবার জন্য রাজ্য সরকারের কোন ব্যবস্থা আছে কিনা;

(খ) থাকিলে তাহা কি কি; এবং

(গ) ১৯৭০-৭১ ও ১৯৭১-৭২ সালে পশ্চিমবঙ্গে মোট ঐরূপ কতজন মেধাবী দুঃস্থ ছাত্রছাত্রীকে কি কি সাহায্য করিয়াছিলেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, আছে।

(খ) এবং (গ) গ্রামাঞ্চলে প্রাথমিক পর্যায়ের বালিকাদিগের উপস্থিতির উন্নয়নকল্পে সংশ্লিষ্ট ছাত্রীর অভিভাবকের আর্থিক অবস্থা ও তাহার মেধার বিষয়টি বিবেচনা করিয়া বাৎসরিক বৃত্তিদানের ব্যবস্থা আছে। বার্ষিক ১২ টাকা হারে ১২,৫০০ জন বালিকার জন্য ১,৫০,০০০ টাকা হিসাবে আলোচ্য দুই বৎসরের জন্য ব্যয় বরাদ্দ করা হইয়াছিল।

মাধ্যমিক পর্যায়ে মেধাবী দুঃস্থ ছাত্রছাত্রীদের জন্য সাধারণভাবে বিনা বেতনে পড়িবার নিম্ন-বর্ণিত সুযোগসুবিধা রহিয়াছেঃ—

(ক) কলিকাতা এবং হাওড়া জিলাতে অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে—মোট ছাত্র সংখ্যার শতকরা ১০ জন।

(খ) জিলা সদরে এবং শিল্পাঞ্চলে অবস্থিত বিদ্যালয়ের ক্ষেত্রে—মোট ছাত্র সংখ্যার শতকরা ১৫ জন।

(গ) গ্রামাঞ্চলের বিদ্যালয়গুলিতে—মোট ছাত্র সংখ্যার শতকরা ২০ জন।

ইহা ছাড়া, ১৯৭০-৭১ এবং ১৯৭১-৭২ সালে যথাক্রমে ১,২০০ এবং ১,২০৮ জন মেধাবী দুঃস্থ ছাত্রছাত্রীকে বেতন, পাঠ্যপুস্তক ক্রয় এবং ছাত্রাবাসের খরচ বাবত বিশেষ বৃত্তিদান প্রকল্প হইতে যথাক্রমে ৫০,৮০০ টাকা এবং ৫০,৮৮০ টাকা খরচ করা হইয়াছিল। এতদ্ব্যতীত, মাধ্যমিক ছাত্রছাত্রীদের জন্য (দুঃস্থ এবং মেধাবী) এককালীন সাহায্যদানের ব্যবস্থা আছে সেই প্রকল্প অনুসারে আলোচ্য দুই বৎসরে ৮৭৪ এবং ৯৭০ জন ছাত্রছাত্রীর নিমিত্ত অর্থ পরিমাণের বরাদ্দ ছিল যথাক্রমে ১,৩৪,০০০ টাকা এবং ১,৬৫,১০০ টাকা।

মেধাবৃত্তি প্রকল্প অনুযায়ী প্রাক্-স্নাতক এবং স্নাতকোত্তর শিক্ষার ক্ষেত্রে ১৯৭০-৭১ সালে যথাক্রমে ২,৩৯৯ ও ৫৭০ জন ছাত্রছাত্রীকে সাহায্য দেওয়া হইয়াছিল এবং ইহাতে ব্যয়ের পরিমাণ ছিল নিম্নরূপঃ—

প্রাক-স্নাতক—৬,৬০,৩৭২ টাকা।

স্নাতক—১,০১,৪০০ টাকা।

১৯৭১-৭২ সালেও সমসংখ্যক ছাত্রছাত্রীর মধ্যে সমপরিমাণ মেধাবৃত্তি (স্টাইপেন্ড) মঞ্জুর করা হইয়াছিল। ইহা ছাড়া এককালীন সাহায্য প্রদান প্রকল্প অনুযায়ী ১৯৭০-৭১ সালে ৬৫ জন এবং ১৯৭১-৭২ সালে ৩১৭ জন ছাত্রছাত্রীর মধ্যে যথাক্রমে ৬,৫০০ টাকা এবং ৩১,৭০০ টাকা বিতরণ করা হইয়াছিল।

কারিগরী শিক্ষার ক্ষেত্রে মোট ৩৬ জন পলিটেকনিক ছাত্রছাত্রীকে বৃত্তি দিবার ব্যবস্থা আছে। তা ছাড়া মোট ছাত্রছাত্রী সংখ্যার ১০ শতাংশ বিনা বেতনে পড়িবার সুবিধা পাইয়া থাকে। জুনিয়র টেকনিক্যাল বিদ্যালয়গুলিতে মোট ছাত্রসংখ্যার ৫০ শতাংশকে বৃত্তি দিবার ব্যবস্থা আছে।

১৯৭০-৭১ সালে পলিটেকনিকে ৩৬ জনকে বৃত্তি দেওয়া হইয়াছিল এবং ৪১০ জন বিনা বেতনে পড়িবার সুযোগ পাইয়াছিল। উক্ত বছরে জুনিয়র টেকনিক্যাল বিদ্যালয়ে ৬১৪ জন বৃত্তি পাইয়াছিল। ১৯৭১-৭২ সালে পলিটেকনিকে ৩৬ জন বৃত্তি পাইয়াছিল এবং ৪৩০ জন বিনা বেতনে পড়িবার সুযোগ পাইয়াছিল। জুনিয়র টেকনিক্যাল বিদ্যালয়ে বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল ৬২৫ জন।

বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজে মেইনটেনেন্স বৃত্তি নামে মাসিক ৫০ টাকা মূল্যের ২০টি বৃত্তি মঞ্জুর করা হইয়াছে। এই বৃত্তি প্রথম বৎসরে দুঃস্থতার বিচার করিয়া দেওয়া হইয়া থাকে এবং পরবর্তী বৎসরগুলিতে মেধার নিরিখে পুনর্মঞ্জুর করা হইয়া থাকে।

বিদেশে শিক্ষালাভেচ্ছু অভাবগ্রস্ত ছাত্রদের পাথেয় বাবত ঋণদানের ব্যবস্থা আছে। ১৯৭০-৭১ সালে দুইজন ছাত্র মোট ৫,০০০ টাকা সরকারের নিকট হইতে ঋণ গ্রহণ করিয়াছিলেন এবং ১৯৭১-৭২ সালে একজন ছাত্র ৪,০০০ টাকার অনুরূপ ঋণ গ্রহণ করিয়াছিলেন।

কন্যানগর গভর্নমেন্ট কলোনীতে পানীয় জলের নলকূপ

***১১০৭।** (অনুমোদিত প্রশ্ন নং *২১১৪।) **শ্রীরামকৃষ্ণ বর:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনার বিষ্ণুপুর পূর্ব কেন্দ্রে অবস্থিত কন্যানগর গভর্নমেন্ট কলোনীতে কয়টি পানীয় জলের নলকূপ আছে;

(খ) উক্ত কলোনীতে কতদিন পূর্বে নলকূপগুলি বসানো হইয়াছিল; এবং

(গ) বর্তমানে উক্ত কলোনীতে পানীয় জলের অভাব দূরীকরণের জন্য কয়টি নলকূপ বসানোর ব্যবস্থা সরকার করিয়াছেন?

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৪টি।

(খ) ১৯৫৭-৫৮ সালে।

(গ) আপাততঃ ৪টি।

ডেপুটি এ আই ও সাব-ইনস্পেক্টরদের বেতনের ক্ষেত্রে বৈষম্য

***১১১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৮১।) **শ্রীঅজিতকুমার বন্দ্যোপাধ্যায়:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডেপুটি এ আই পদটি সৃষ্টি করার কারণ কি;

(খ) ডেপুটি এ আই ও সাব-ইন্সপেক্টরদের বেতনের ক্ষেত্রে বৈষম্য রাখার কারণ কি;

(গ) কতজন ডেপুটি এ আই বর্তমানে এইরূপ পৃথক বেতন পাইতেছেন; এবং

(ঘ) ডেপুটি এ আই ও সাব-ইনস্পেক্টরদের পদ দুইটি একীকরণের কোন পরিকল্পনা আছে কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সংবিধানে ৬ হইতে ১৪ বৎসর পর্যন্ত বালক-বালিকাদের মধ্যে অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষা বিস্তারের যে নির্দেশ দেওয়া হইয়াছে তাহার প্রতি লক্ষ্য রাখিয়া, অষ্টম শ্রেণী পর্যন্ত (৬ হইতে ১৪ বৎসর) বালক-বালিকাগণের মধ্যে বিশেষ বিশেষ অঞ্চলে সার্বিক প্রাথমিক ও নিম্ন মাধ্যমিক শিক্ষার উন্নতি ও প্রসারের উদ্দেশ্যে ডেপুটি এ আই পদ সৃষ্টি করা হয়।

(খ) নিয়োগক্ষেত্রে শিক্ষাগত প্রয়োজনীয় নিম্নতম মান ও পদের দায়িত্ব বিভিন্ন প্রকার হওয়ায় বেতন হারে বৈষম্য আছে।

(গ) বর্তমানে ১৭৩ জন ডেপুটি এ আই ৩৭৫—৬৫০ টাকা বেতন হার পাইতেছেন।

(ঘ) বিষয়টি বিবেচনাধীন আছে।

সরকারী সাহায্যবিহীন মাধ্যমিক বিদ্যালয়ে মহার্ঘ ভাতা প্রদান

***১১১৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩২২।) **শ্রীশিশিরকুমার ঘোষঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী সাহায্যবিহীন কতগুলি মাধ্যমিক স্কুলে ১৭·৫০, ১০·০০ ও ৫ টাকা হারে প্রাপ্ত মহার্ঘ ভাতার টাকা ২২এ মার্চ, ১৯৭৩ পর্যন্ত দেওয়া হয় নাই; এবং

(খ) এইসমস্ত স্কুলে কবে নাগাত উপরি-উক্ত মহার্ঘ ভাতার টাকা দেবার ব্যবস্থা করা হইবে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (বর্তমানে ১৭·৫০, ১০ ও ৫ টাকা হারে মহার্ঘ ভাতা দিবার ব্যবস্থা প্রচলিত নাই।

(খ) প্রশ্ন উঠে না।

সরকার কর্তৃক প্রকাশিত 'কিশলয়' ও অন্যান্য পুস্তক

***১১১৭।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩৩৩।) **শ্রীরবীন্দ্র ঘোষঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কর্তৃক প্রকাশিত প্রাইমারী বিদ্যালয়ের 'কিশলয়' ও অন্যান্য পুস্তক কোথা হইতে ছাপানো হয়;

(খ) ইহা কি সত্য যে, ঐ পুস্তকসমূহ সরকারী প্রেস হইতে ছাপানো হয় না; এবং

(গ) সত্য হইলে, ইহার কারণ কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সরকার কর্তৃক প্রকাশিত প্রাইমারী বিদ্যালয়ের 'কিশলয়' ও অন্যান্য পুস্তক বেসরকারী প্রেস হইতে ছাপান হইয়া থাকে।

(খ) হ্যাঁ।

(গ) সরকারী প্রেস অন্যান্য কাজের চাপে ব্যস্ত থাকে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে বিপুল-সংখ্যক পুস্তকসমূহ সরকারী প্রেসে ছাপাইয়া দেওয়া সম্ভবপর হয় না।

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

খাজুরডিহি সমবায় হিমঘর

৫৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ২২৩৬।) **শ্রীসুব্রত মুখার্জী** (কাটোয়া): সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কাটোয়া ১নং ব্লকের অন্তর্গত খাজুরডিহিতে সমবায় হিমঘরটি বর্তমানে চরম আর্থিক সংকটের মধ্যে পড়েছে;

(খ) অবগত থাকিলে, এ হিমঘরটিকে কোন আর্থিক ঋণ বা অনুদান দেবার পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) বর্তমানে ঐ সমবায় হিমঘরে কতজন কর্মী কাজ করছেন ও তারা কি হারে বেতন পান?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) খাজুরডিহি সমবায় হিমঘরটি বর্তমানে আর্থিক সংকট সম্পর্কে সরকার অবহিত আছেন।

(খ) চলতি আর্থিক বৎসরে ঐ হিমঘরটিকে 'মার্জিন মানি' প্রকল্প অনুসারে কোন অংশগত মূলধন দেওয়া যায় কিনা তাহা বিবেচনা করা হইতেছে।

(গ) এগারো জন। বেতনের হার নিম্নরূপ—

পদ		মাসিক বেতন টাকা
(১) প্ল্যান্ট ইনচার্জ অপারেটর (১ জন)	... ...	২১৫
(২) অপারেটর (২ জন)	... ...	১১০ (প্রতি জন)
(৩) হেল্পার—১ জন	.. ...	১১০
২ জন	... ...	৯০ (প্রতি জন)
(৪) স্টোরকিপার (১ জন)	... ...	১২০
(৫) কয়াল ও দারওয়ান (১ জন)	... ..	১০০
(৬) নাইট গার্ড (১ জন)	..	৯৫
(৭) লোডার (২ জন)	... ...	১১০ (প্রতি জন)

কাটোয়া সমবায় চাউলকল

৬৪০। (অনুমোদিত প্রশ্ন নং ২২৩৭।) **শ্রীসুব্রত মুখার্জী** (কাটোয়া)ঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাটোয়া সমবায় চাউলকলটি বন্ধ থাকার কারণ কি;

(খ) সমবায় চাউলকলের অধীন যে লরিটি ছিল বর্তমানে সেটি কার তত্ত্বাবধানে ও কি কাজে ব্যবহার করা হচ্ছে; এবং

(গ) সমবায় চাউলকলটি পুনরায় চালু করার কোন পরিকল্পনা আছে কি?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) সরকার কর্তৃক নির্ধারিত দরে বাজারে ধান্য ক্রয় করিতে না পারা এবং বাজার দরে (যাহা সরকার নির্ধারিত দর অপেক্ষা অনেক বেশী) ধান্য ক্রয় করিয়া সরকার নির্ধারিত লেভী দরে এফ সি আই-কে এবং লেভী-ফ্রী দরে পারমিট-এ বাজারে চাউল বিক্রয় করিলে লোকসান যাইবার আশঙ্কা থাকায় এবং (২) হলার যন্ত্রে এফ সি আই নির্ধারিত অনুপাতে ধান্য হইতে চাউল উৎপন্ন না হওয়ায় এফ সি আই কর্তৃক প্রদত্ত ধান্য দ্বারা মিলটি চালু করা যাইতেছে না।

(খ) বর্তমানে সমিতির দুইটি লরি আছে এবং সমিতির নিজ তত্ত্বাবধানেই ওগুলি ভাড়া খাটানো হইতেছে।

(গ) উপরি-লিখিত (ক) প্রশ্নের উত্তরে বর্ণিত কারণে মিলটি বর্তমান অবস্থায় চালাইলে প্রভূত লোকসানের সম্ভাবনা থাকায় মিলটি বর্তমান অবস্থায় চালু করা উচিত হইবে না।

উক্ত মিলটি আধুনিকীকরণের জন্য এন সি ডি সি এবং ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্ক-এর সহিত যোগাযোগ করা হইতেছে।

ধনেখালি ও দাদপুর থানা এলাকায় খাল কাটার পরিকল্পনা

৬৪১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৯১।) **শ্রীকাশীনাথ পাত্রঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ধনেখালি ও দাদপুর থানায় নূতন খাল কাটার পরিকল্পনা আছে কি;

(খ) উক্ত এলাকার কোন্ কোন্ খালকে বর্ধিত করা হইতেছে;

(গ) উক্ত এলাকায় কোন শাখা খাল কাটার পরিকল্পনা আছে কি;

(ঘ) হালদার জলার (ধনেখালি থানায়) জলের চাপ কমাইবার জন্য ২।২ খালটিকে বর্ধিত করা হইতেছে কিনা; এবং

(ঙ) হইলে, কবে নাগাত ইহার কাজ আরম্ভ হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ। পরিকল্পনাটি প্রস্তুত করিবার জন্য সমীক্ষা চলিতেছে।

(খ), (গ), (ঘ) ও (ঙ) সমীক্ষাকার্য শেষ না হওয়া পর্যন্ত কিছু বলা সম্ভব নয়।

ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন লিঃ মারফত সার বিলি

৫৪২। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭৮।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)**ঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন লিমিটেড-কে কত ভাগ সার দেওয়ার জন্য সুপারিশ করিয়াছিলেন; এবং

(খ) ১৯৭৩-৭৪ সালে পশ্চিমবাংলায় সার মার্কেটিং সোসাইটি মারফত বিলি করিবার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭২ সালের অক্টোবর মাস পর্যন্ত ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন কর্তৃক সার সংগ্রহের ব্যাপারে কোনরূপ বিভাগীয় সুপারিশের প্রয়োজন ছিল না। কিন্তু ঐ বৎসরের নভেম্বর মাস হইতে 'সংগৃহীত বিশেষ সারের' (পুল ফার্টিলাইজার) ক্ষেত্রে বিভাগীয় সুপারিশের প্রয়োজন হয়। ১৯৭২ সালের নভেম্বর হইতে ১৯৭৩ সালের মার্চ মাস পর্যন্ত পুল ফার্টিলাইজারের শতকরা ৪০ ভাগ বা মোট ১০,১৮১ মেট্রিক টন বিভিন্ন ধরনের সার সমবায় বিভাগের সুপারিশক্রমে ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন-কে দেওয়া হয়।

(খ) ১৯৭৩-৭৪ সালে মার্কেটিং সোসাইটি মারফত সার বিলি করার ব্যাপারে স্টেট কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন প্রয়োজনীয় কর্মসূচী গ্রহণ করিয়াছে। সরকারের কৃষি বিভাগ কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন 'সংগৃহীত বিশেষ সারের' শতকরা ৪০ ভাগ মার্কেটিং ফেডারেশন-কে বিক্রয় করিবার প্রতিশ্রুতি দিয়াছেন। ইহা ছাড়া 'সংগৃহীত সার' ও অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুত সার ক্রয়ের নিমিত্ত মার্কেটিং ফেডারেশন কর্তৃক স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া হইতে সরকারী গ্যারান্টির মাধ্যমে ঋণ গ্রহণের প্রস্তাবও সরকারের বিবেচনাধীন আছে।

গ্লাসশিল্প শ্রমিকদের ন্যূনতম বেতন

৫৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩৯।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** শ্রম বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গ্লাসশিল্প শ্রমিকদের ন্যূনতম বেতন কমিটির রিপোর্ট ১৯৭০ সালের ১০ই মে সরকারের নিকট দাখিল করা হইয়াছে;

(খ) সত্য হইলে, সরকার উক্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে ন্যূনতম বেতন ধার্য করিয়াছেন কিনা এবং না হইলে ইহার কারণ কি; এবং

(গ) পশ্চিমবঙ্গে বর্তমানে (১) কাঁচ শিল্পে নিযুক্ত শ্রমিকের সংখ্যা কত; এবং (২) কাঁচ শিল্প (গ্লাস ইন্ডাস্ট্রিজ) কয়টি আছে এবং তন্মধ্যে কতগুলি বন্ধ আছে?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) উক্ত রিপোর্ট ১৯৭০ সালের ২৫এ মে সরকারের নিকট দাখিল করা হইয়াছে।

(খ) না, বিভিন্ন স্থান হইতে তথ্য সংগ্রহ করিতে কিছু বিলম্ব হইতেছে।

(গ) (১) রেজেস্ট্রিকৃত গ্লাস ফ্যাক্টরিসমূহে দৈনিক গড়ে প্রায় ৭,৫৪৮ জন শ্রমিক নিযুক্ত থাকেন।

(২) ১৯৭১ সালে রেজিস্ট্রিকৃত কাঁচ শিল্পের সংখ্যা ছিল ৪২। তন্মধ্যে ৩০এ মার্চ, ১৯৭৩ তারিখ পর্যন্ত মোট নয়টি কারখানা বন্ধ আছে। এই কারখানাগুলিতে ২,৫৯৬ জন শ্রমিক নিযুক্ত ছিলেন।

জেলাওয়ারী ঘাটতি সাহায্যপ্রাপ্ত উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়

৫৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯৫।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জেলাওয়ারী ঘাটতি সাহায্যপ্রাপ্ত উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে কতগুলি তফসিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় আছে (জেলাওয়ারী)?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ সংখ্যা নিম্নে দেওয়া হইল।

বাঁকুড়া	...	৯৭
বীরভূম	...	৭২
বর্ধমান	...	১৮৬
কলিকাতা	...	২১৭
কুচবিহার	...	২৪
দার্জিলিং	...	২৪
হুগলি	...	১৮১
হাওড়া	...	১৩৪
জলপাইগুড়ি	...	৪৪
মালদহ	...	৩৬
মেদিনীপুর	...	২৬৮
মুর্শিদাবাদ	...	৮২
নদিয়া	...	১০৯
পুরুলিয়া	...	২২
চব্বিশপরগণা	...	৪২৪
পশ্চিম দিনাজপুর	...	৫৩
মোট	...	১,৯৭৩

(খ) কেবলমাত্র তফসিলী জাতি ও উপজাতিদের জন্য কোন বিদ্যালয় নাই।

(গ) উক্ত বিদ্যালয়গুলিকে বেতন ও পুস্তক ক্রয় বাবত জেলাওয়ারী ১৯৭২-৭৩ সালে কত টাকা বরাদ্দ করা হইয়াছিল; এবং

(ঘ) অনুন্নত সম্প্রদায়ের জন্য জেলাওয়ারী বেতন ও পুস্তক ক্রয় বাবত কত টাকা দেওয়া হইয়াছিল?

জেলার নাম	দুঃস্থ ও মেধাবী ছাত্রদের বেতন বাবত	পুস্তক বাবত বরাদ্দ
	টাকা	টাকা
বাঁকুড়া	৪,২০০	৩৭০
বীরভূম	১,০০০	১৯৫
বর্ধমান	১,৯০০	৪০০
কলিকাতা	১,০০০	১৪০
কুচবিহার	৫০০	১১০
দার্জিলিং	৫,০০০	৮৬০
হুগলি	১,৬০০	২০০
হাওড়া	৫০০	৬০
জলপাইগুড়ি	২,৬০০	৮৭৫
মালদহ	১,৮০০	২১০
মেদিনীপুর	৬,৩৫০	১,০১০
মুর্শিদাবাদ	১,৩০০	৬০
নদীয়া	৩৫০	৬০
পুরুলিয়া	৫০০	৬০
চব্বিশ পরগনা	১,০০০	৩৪০
পশ্চিম দিনাজপুর	৪০০	৩১০
	৩০,০০০	৫,২৮০

(ঘ) এই বাবত অনুদান তফসিলী ও উপজাতি কল্যাণ দপ্তর হইতে দেওয়া হয়।

Financial crisis of Ramananda College, Bishnupur

545. (Admitted question No. 1891.) **Shri Gour Chandra Lohar:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if the attention of the Government has been drawn to the financial crisis through which Ramananda College, Bishnupur (Bankura), is running at present; and

(b) if so, what action has been taken or proposed to be taken by the Government in this regard?

The Minister for Education: (a) Yes.

(b) The College was sanctioned a lump maintenance grant of Rs. 15,400 during 1972-73. Besides, in view of the acute financial difficulties faced by many of the non-Government Colleges in West Bengal because of loss in fee income caused by fall in enrolment and other factors, the Government has sanctioned during 1972-73 another ad hoc lump grant of Rs. 34,000 to help the College tide over its financial difficulty.

দোমোহানী কেলেজোড়া গার্লস জুনিয়র হাই স্কুল

৫৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০৫৭।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে,—

(১) আসানসোল মহকুমার বারাবণী ব্লকে একমাত্র বালিকা বিদ্যালয় দোমোহনী কেলেজোড়া গার্লস জুনিয়র হাই স্কুলটি বন্ধ হইবার উপক্রম হইয়াছে,

(২) উক্ত বালিকা বিদ্যালয়ের কোনও নিজস্ব ভবন নাই এবং যাহা আছে তাহা অর্ধসমাপ্ত অবস্থায় পড়িয়া আছে, এবং

(৩) উক্ত বিদ্যালয়গৃহ নির্মাণের জন্য সরকারের নিকট বহু আবেদন-নিবেদন সত্ত্বেও কোনও সাড়া পাওয়া যায় নাই; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) না, সত্য নহে।

(২) হ্যাঁ, সত্য।

(৩) না, সত্য নহে।

(খ) এই প্রশ্ন উঠে না।

কলিকাতা হাইকোর্টে বিভিন্ন শ্রেণীর মামলা

৫৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৩।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সালের ৩১এ জানুয়ারি তারিখে কলিকাতা হাইকোর্টে আদিম ও আপীল বিভাগে বিচারাধীন দেওয়ানী, ফৌজদারী, ইনকাম ট্যাক্স ও সেলস্ ট্যাক্স প্রভৃতি সমস্ত শ্রেণীর মামলার সংখ্যা কত;

(খ) ঐ তারিখে পশ্চিমবঙ্গের জেলায় জেলায় দেওয়ানী, ফৌজদারী, ইনকাম ট্যাক্স, সেলস্ ট্যাক্স প্রভৃতি সমস্ত শ্রেণীর বিচারাধীন মামলার সংখ্যা কত; এবং

(গ) উক্ত হাইকোর্টে বছরে গড়ে কত মামলা নিষ্পত্তি হয়?

বিচার বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ৭০,২৩১টি।

(খ) ৩৩৩,০৮৯টি (হাওড়া জেলা বাদে)।

(গ) ২৬,১৭৯টি।

মুর্শিদাবাদ জেলায় বসন্ত রোগ

৫৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২৭০।) **শ্রীআদ্যাচরণ দত্ত:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমান বৎসরে (ফেব্রুয়ারি) মাস পর্যন্ত কতজন বসন্ত রোগে আক্রান্ত হইয়া মারা গেছেন;

(খ) ঐ জেলায় উক্ত সময়ে প্রতি ব্লকে কতজন আবালবৃদ্ধবণিতা টিকা লইয়াছেন; এবং

(গ) উক্ত জেলায় বর্তমানে কতজন ভ্যাক্সিনেটর প্রতি ব্লকে টিকা দেওয়ার কাজে নিযুক্ত আছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) আক্রান্ত—১১ জন; মৃত—২ জন।

(খ) এ সম্পর্কে একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

(গ) সমগ্র মুর্শিদাবাদ জেলায় মোট ৩৪০ জন স্বাস্থ্যকর্মী টিকাদান কাজে নিযুক্ত আছেন। ব্লকওয়ারী হিসাব উপস্থিত দেওয়া সম্ভব নয়।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 548

জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসের থানা হিসাবে প্রাথমিক ও পুনর্টিকা প্রদানের হিসাব

থানার নাম	জানুয়ারি		ফেব্রুয়ারি		মন্তব্য
	প্রাথমিক	পুনর্টিকা	প্রাথমিক	পুনর্টিকা	
বহরমপুর	৭৮০	৩,৫৫৬	৪৫০	১,৯৬৯	
বেলডাঙ্গা	১,৩৪০	৯,১৭৬	৮৬২	৭,৮৬৯	
ডোমকল	৭৪৩	২,২৫৩	২৭৭	১,৭১৫	
হরিহরপাড়া	২৩৩	১,৩৩৮	৩৪৮	১,৭৩৬	
ডোমকল	৩৯৮	২,৩৭৫	২১৪	২,৫৯৯	
জলঙ্গী	৩৫৭	৩,১২৩	৩৫৫	৩,৬৬৪	
মুর্শিদাবাদ	৩০৮	১,৭৮৩	৭৩	৮৭৯	
জিয়াগঞ্জ	৫৭	১,০৩৩	৬৩	১,০০৩	
ভগবানগোলা	৬৮৩	২,৩৪৯	৩৯৫	১,৯৩৮	
লালগোলা	৩১১	১,৭০৫	২৭২	২,০১৭	
রাণীনগর	১,০১৪	১,৮৭৩	২২৬	১,২৭৯	
নবগ্রাম	৩৬৭	৩,১৩৪	১৩৫	৪৮৬	
রঘুনাথগঞ্জ	৯১৯	৭,৬৬৬	৭০৯	৬,৯৯০	
সাগরদীঘি	৮০	১,৮৪৭	১৩০	১,৭২০	
সুতী	৭৫৪	৩,২৫৮	৪৭২	৪,১৭৯	
সমশেরগঞ্জ	১,০৩২	২,৯৩২	৫৭০	১,৭৩১	
কান্দী	১৬৮	১,১৮৮	১৮৯	২,৬০১	
ভরতপুর	২৫৬	২,৯৭৩	৩৪৬	২,৭১২	
বরওয়ান	৪২৬	৫,৮৬৭	৪১৫	৮,৮৯৫	
খরগ্রাম	১৩৯	২,৫৮৩	১১৬	১,৯০৯	
	১০,৩৬৫	৬২,০১৩	৬,৬১৭	৫৭,৮৯১	

বিঃ দ্রঃ—ব্লকওয়ারী সংখ্যা রক্ষিত হয় না বলিয়া থানাওয়ারী সংখ্যা প্রদত্ত হইল।

জুডিসিয়ারী ও এক্‌জিকিউটিভ সেপারেশনের পর থানা হাজতীদের খাদ্য সরবরাহকারী কন্ট্রাক্টরদের বকেয়া পাওনা

৫৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮২।) **শ্রীআবদুল বারি বিশ্বাসঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এই রাজ্যে যে সমস্ত জেলায় জুডিসিয়ারী ও এক্‌জিকিউটিভ সেপারেশন করা হইয়াছে সেই সমস্ত জেলার থানা হাজতীদের খাদ্য সরবরাহকারী কন্ট্রাক্টরদের টাকা আদায় দেওয়া হয় নাই;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) এই কন্ট্রাক্টরগণের জেলাওয়ারীভাবে কত মাসের জন্য কত টাকা পাওনা আছে?

বিচার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, শাসন বিভাগ হইতে বিচার বিভাগকে পৃথকীকরণ করার পর কোন কোন জেলায় থানা হাজতীদের খাদ্য সরবরাহকাররী কন্ট্রাক্টরদের প্রাপ্য কিছু কিছু টাকা বাকী পড়িয়াছে।

(খ) পৃথকীকরণের পর থানা হাজতীদের খাদ্য সরবরাহের টাকা বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটগণ মঞ্জুর করিবেন কিনা সেই সম্বন্ধে একটা প্রশ্ন উঠে। এই প্রশ্নটি নিষ্পত্তি সাপেক্ষে কন্ট্রাক্টরদের কিছু কিছু টাকা বাকী পড়িয়া যায়। এই বিষয়ে ইতিমধ্যে সিদ্ধান্ত হইয়াছে যে, বিচারাধীন বন্দীদের আদালতে হাজির হইবার দরুন রাহা খরচা এবং খাওয়া খরচা বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটগণ মঞ্জুর করিবেন কিন্তু ঐ বন্দীদের হাজতবাসকালীন খাওয়া খরচা জেলা শাসন কর্তৃপক্ষ মঞ্জুর করিবেন এই মর্মে নির্দেশ জারি করা হইয়াছে এবং আশা করা যায় কন্ট্রাক্টরদের বকেয়া টাকা শীঘ্র মিটাইয়া দেওয়া হইবে।

(গ) ১৯৭২-৭৩ সালের শেষ পর্যন্ত কন্ট্রাক্টরদের বকেয়া পাওনার জেলাওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (ga) of unstarred question No. 549

জেলা		টাকা
পুরুলিয়া	...	৬৯৩·৭৫
মুর্শিদাবাদ	...	৫,০২০·৬৫
দার্জিলিং	...	৪,৬০৭·০০
মালদা	...	৩,০০০·০০
বাঁকুড়া	...	১,৮৬৮·০০
বর্ধমান	...	১৮,৪৯৮·০০
পশ্চিম দিনাজপুর	...	৩৭·০০
কোচবিহার	...	৮,৮৭৯·০০
হাওড়া	...	১১,১৭১·০০

[2-00—2-10 p.m.]

Calling Attention to Matters of Urgent Public Importance

Shri Suniti Chattoraj: Mr. Speaker, Sir, in reply to the notice of calling attention to matters of urgent public importance relating to the present power crisis, I would like to inform the House as follows:

This Government is fully aware of the difficulties now faced by the public in general from the present constraints on supply position. The shortfall in the supply has increased with the on-set of summer. The position was further aggravated due to some unforeseen mechanical troubles developed in the power generating stations of almost all the supply agencies. This led to load-shedding over extensive areas causing considerable inconvenience and hardship to all sections of consumers.

Sustained efforts are however being made by all the electricity supply agencies to tide over the latest crisis. As a result of the measures taken, a slight improvement in the situation is noticeable since the afternoon of Saturday, the 21st April. The State Electricity Board has brought back Unit No. 1 at Bandel which was down with tube leakage since the 15th April. There are signs of improvement at Durgapur Projects Limited also. The supply from the DVC is also likely to become normal soon. We have also taken up with the Government of Bihar at the highest level the matter pertaining to the release of water in a programmed manner from Tenughat Reservoir which would enable DVC to generate additional power by 40/50 MW to be shared equally with Bihar and to be used by us to meet our evening peak demand.

Considering the total system load, a certain shortfall in the supply would remain for quite sometime. It is, however, expected that the difficulty would slightly ease from the 1st of May when we propose to operate all the four units at Bandel. We have also taken measures to notify through the press the areas liable to be affected on specific days of the week.

Mr. Speaker: I have received 6 notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Ad hoc Relief to the drought affected people of Bankura and Purulia districts to save them from death out of starvation—from Shri Kashinath Misra, Shri Sarat Chandra Das and Shri Sukumar Bandyopadhyay.

(2) Arrangements for seeds, manure and agricultural loans for wheat cultivators—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay and Shri Sarat Chandra Das.

(3) Immediate arrangement for supply of thread and economic relief for weavers to save their life—from Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra and Shri Sarat Chandra Das.

(4) Non-availability of Kerosene oil in Calcutta and other districts of West Bengal—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Chandra Das and Dr. Omar Ali.

(5) Shantamayee Girls' School, Purulia, threatened with closure due to sanction of licence for cinema House to be set up beside the School premises—from Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra.

(6) Vast areas of Birbhum district affected by drought—from Shri Sachinandan Sau.

I have selected the notice of Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Chandra Das and Dr. Sk. Omar Ali on the subject of non-availability of kerosene oil in Calcutta and other districts in West Bengal.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal: The statement will be made on Monday next.

Mention Cases

শ্রীবিশ্বনাথ মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা খুব গুরুতর ব্যাপার উল্লেখ করবার জন্য আপনার অনুমতি চেয়েছি। সকলে জানেন এবং খবরের কাগজে বেরিয়েছে যে, দ্বিতীয় হুগলি সেতু কমিশনের চেয়ারম্যান শ্রীমাণ সান্ন্যালকে হঠাৎ কোন কারণ না দেখিয়ে গভর্নমেন্ট চেয়ারম্যান পদ থেকে অপসারিত করেছেন, এই সংবাদ সাধারণের মনে বিস্ময় সৃষ্টি করেছে, আর আমাদের পার্টির আমরা স্তম্ভিত এবং আমরা বিক্ষুব্ধ হয়েছি। বাস্তবিক এই দ্বিতীয় হুগলি সেতু তৈরির কাজ এখনো আরম্ভ হয় নি সেটা আমরা সকলেই জানি, যদিও প্রধানমন্ত্রী এর শিলান্যাস করে গিয়েছেন। এই ইতিহাস যদিও আপনারা জানেন এবং এই সেতু আমাদের পশ্চিমবঙ্গের পক্ষে একটা অতি গুরুত্বপূর্ণ এবং এটার প্রতি পদে পদে বাধা আসে যার ফলে এটা তৈরি করবার কাজে এত দেরি হচ্ছে, সে খবর মোটামুটি সকলের জানা আছে। ১৯৬৭ সালে যখন ভারত সরকার মোটামুটি রাজি হলেন তখন প্রশ্ন উঠল যে, লোয়ার ব্রিজ হবে, না হায়ার ব্রিজ হবে, লোয়ার ব্রিজ হলে খরচ অনেক কম হত, তাড়াতাড়ি হত। কিন্তু পোর্ট কমিশনার বললেন যে, হায়ার ব্রিজ করতে হবে। আমাদের সোমনাথ লাহিড়ী তখন এই বিষয়ের মন্ত্রী ছিলেন, তিনি ভাবলেন যে, শেষে যদি ব্রিজ নাই হয়, তার চেয়ে হায়ার ব্রিজই হোক এবং তিনি রাজি হলেন। তারপর আমাদের পশ্চিমবাংলায় অনেক গভর্নমেন্ট ওলোট পালট হয়েছে, ইতিমধ্যে যেসব ঘটনা হয়েছে তা আপনারা জানেন। তারপর প্রশ্ন হল টেন্ডার কাকে দেওয়া হবে, ভারত সরকারের স্টিল বা ইস্পাত মন্ত্রিত্বের অধীনে সরকারী যে কোম্পানী আছে 'ইঞ্জিনিয়ারিং প্রোজেক্টস ইন্ডিয়া লিমিটেড' তাদের দেওয়া হবে, না একটা কোম্পানী, প্রাইভেট কোম্পানী ফ্লয়েটেড হয়েছিল ভাগীরথী ব্রিজ কনস্ট্রাকশন কোম্পানী, বি বি জে এবং বোম্বাইয়ের গেমন এরা মিলে করেছে, এদের দিতে হবে। শেষ পর্যন্ত রাষ্ট্রপতি শাসনের সময় ১৯৭১ সালে গভর্নমেন্ট ঠিক করেছিলেন যে, ঐ ভাগীরথী ব্রিজ কনস্ট্রাকশন কোম্পানীকে দেওয়া হবে। এখানে একটা কথা বলা হয়েছিল যে, ভারত সরকারের কোম্পানী ইঞ্জিনিয়ারিং প্রোজেক্টস ইন্ডিয়া লিমিটেডকে কাজ দিলে কাজের বেশীর ভাগ নাকি বাইরে চলে যাবে। তারা বলেছিলেন ওনলি ৬ পার্সেন্ট তারা নৈনীতে করবেন, মাত্র ছয় ভাগ, কারণ সেখানে একটা বেস্ট ওয়ার্কশপ আছে, তাতে স্ট্রাকচারাল কাজ কিছু করবেন। এই ভাগীরথী ব্রিজ কনস্ট্রাকশন কোম্পানীর, বি বি জে অ্যান্ড গেমন এদের চেয়ারম্যান হলেন মিঃ ডি পি ঘোষ, তিনি ফাউলার কোম্পানীর সিনিয়র পার্টনার এবং শোনা যায় ভাগীরথী কনোরীয়া এর পুরাণো মালিক বা মেন ফাইন্যান্সিয়র তাদের দেওয়া ঠিক হল, এই অবস্থায় কিছু কিছু গণ্ডগোল হল, কিন্তু শেষ পর্যন্ত ঠিক হল এদের দিয়েই ব্রিজের কাজ হবে।

এই রকম অবস্থায় মণিবাবু যিনি প্রথম থেকে চেয়ারম্যান ছিলেন, তাঁকে হঠাৎ অপসারিত করা হল। একটা ঘটনা ঘটেছে কয়েকদিন আগে, সেটা আপনার মাধ্যমে আমি আইনসভাকে জানিয়ে রাখতে চাই তা হলো ট্রান্সপোর্ট মিনিস্টির, তাদের যে রোডস উইং আছে তার ডিরেক্টর-জেনারেল আছেন মিঃ এস এন সিং। এই রকম একটা কথা দিল্লীতে আছে যে, তিনি আমাদের পশ্চিমবাংলার স্বার্থটা বিঘ্নিত করবার চেষ্টা করেন।

[2-10—2-20 p.m.]

তিনি এখন একটা নূতন কথা তুললেন যে, তোমরা যা কিছু করবে তোমাদের ছোটখাট প্ল্যান, প্রোগ্রাম এভরিথিং তার জন্য আমার এখানে অ্যাপ্রুভাল নিতে হবে। তিনি একটা সেল তৈরি করে ফেললেন উইদাউট এগ্রিমেন্ট উইথ ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট যে টাকা সেই টাকা তারা ধার নিচ্ছেন, এটা কোন সেন্ট্রাল প্রোজেক্ট নয়, স্টেট প্রোজেক্ট; তিনি একটা সেল তৈরি করে ফেললেন সুপারিন্টেন্ডিং ইঞ্জিনীয়ার, এক্জিকিউটিভ ইঞ্জিনীয়ার, অ্যাসিস্টেন্ট ইঞ্জিনীয়ার ও ১৪টি ইঞ্জিনীয়ার নিয়ে। এই সেল তৈরি করে তিনি আবদার করলেন যে, তোমাদের সমস্ত খুঁটিনাটি ব্যাপার আমাদের কাছে সাবমিট করতে হবে এবং আমাদের অ্যাপ্রুভাল নিয়ে করতে হবে। মণিবাবু বললেন, তা কেন? মোটামুটি ব্যাপার নিয়ে যা হয় হবে, কিন্তু প্রতি মুহূর্তে কাজটা আটকে দেওয়া হবে কেন? ইতিমধ্যে ঘটনা ঘটল কি, কয়েকদিন আগে একটা মিটিং হয়ে গেল দিল্লীতে, আমাদের ব্রিজ কমিশনের যারা সরকারী অফিসার আছেন, আমদের ডেভেলপমেন্ট কমিশনার, পোর্ট কমিশনার, চীফ ইঞ্জিনীয়ার এবং আরও একজন অফিসার দিল্লীতে গেলেন, সেখানে মিটিং-এ বসলেন, কিন্তু মণিবাবুকে ডাকা হল না। সেখানে বোধহয় সাব্যস্ত করেছেন যে, হ্যাঁ, এস এন সিং যে দাবি করেছেন তা মানতে হবে। ঘটনাক্রমে একটা কথা বলে রাখি, এই ভদ্রলোক রিটায়ার করবেন, শোনা যায় তাঁর মনে বাসনা আছে রিটায়ার করার পর চাকুরিতে তাঁকে থাকতে হবে তার জন্য রোডস্ বোর্ড কিছু করে তার চেয়ারম্যান হওয়া যায় কিনা। এবং এই যে দ্বিতীয় হুগলি সেতু যেটা পশ্চিমবঙ্গ সরকারের সম্পূর্ণ টাকায় কেন্দ্রের কাছ থেকে ধার নিয়ে তৈরি হবে সেটা ওঁর আন্ডারে আনা যায় কিনা তার জন্য তিনি সেল তৈরি করে তাঁর আন্ডারে আনতে চাইছেন। এমনিতে তো ১৯৬৮ সাল থেকে ১৯৭৩ সাল পার হয়ে গেছে, আরও যতদিন পারা যায় বাধা দেওয়া যাক সেটা অনেকেই চায়, সেই কথা বলা আমার উদ্দেশ্য, আমার বলার প্রধান উদ্দেশ্য হচ্ছে আমরা এবং আপনরা এই আইনসভায় আমরা হচ্ছি পি ডি এ বা গণতান্ত্রিক যে অ্যালায়েন্স আছে তার অন্তর্ভুক্ত দল—আপনারা সভ্য তালিকায় কংগ্রেস দল এবং সি পি আই মিলে পি ডি এ গোষ্ঠী সেটা সকলেই জানেন, পি ডি এ-র মিটিং-এ শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়কে নেতা নির্বাচিত করা হয়েছিল এবং বিশ্বনাথ মুখার্জীকে সহকারী নেতা নির্বাচিত করা হয়েছিল, এখন কথা হচ্ছে গভর্নমেন্ট কংগ্রেস দল চালাবেন সেটা আমরা জানি এবং আমরা বলেছিলাম যে, আপনারা চালাবেন, কিন্তু কমিউনিস্ট পার্টির একজন অত্যন্ত সম্মানিত লোক যিনি জনসাধারণের মধ্যেও সম্মানিত, এই রকম খুব কম লোকই আছেন যাঁর সম্বন্ধে জেনারেল পাবলিকের ইম্প্রেসন হচ্ছে তিনি একজন অনেস্ট লোক, যে কাজ তাঁকে দেওয়া হয়েছে সেই কাজটা লেগে পড়ে তাকে উদ্ধার করবার চেষ্টা তিনি করেছেন, এই রকম কর্মনিষ্ঠ লোক যাঁর বিরুদ্ধে শত্রুরাও কোন অপবাদ দিতে পারে না, যিনি প্রথম থেকে এটা ধরে বসে আছেন, সমস্ত বাধার বিরুদ্ধে যিনি যে গভর্নমেন্ট এসেছে তার সহযোগিতায় লড়াই করে গেছেন, তিনি মনে করতেন ভগীরথী কনস্ট্রাকশন কোং-কে দিলে তারা যে কোং-কে দিয়ে ফ্রিম্যান কোং-কে দিয়ে ডিজাইন করাবে, সেই ডিজাইন-এ যে ব্রিজ হয়েছে সেটা বিলাতে, অস্ট্রেলিয়াতে ভেঙ্গে গেছে, সেই হিসাবে তিনি তার প্রতিবাদ করেছেন। তিনি এই প্রতিবাদ করেছেন পশ্চিমবঙ্গের স্বার্থে, এই ব্রিজের স্বার্থে। তারপর যখন ডিসিসন হয়েছে তখন তিনি সেটা মেনে নিয়েছেন এবং মেনে নিয়ে কাজে অগ্রসর হয়েছেন। আজকে সেইসব জায়গা থেকে বাধা এসেছে যার বিরুদ্ধে তিনি প্রতিবাদ করেছেন। তার কারণ ব্রিজকে ত্বরান্বিত করার জন্য—তিনি চেয়ারম্যান হয়ে চাকুরির লোভে দু' পয়সা রোজগার করার জন্য এই চেয়ারম্যানের পদ গ্রহণ করেন নি, তিনি দেশের স্বার্থের বিরুদ্ধে যে সমস্ত বাধা আসে সেই বাধার বিরুদ্ধে কি করে লড়াই করে এগিয়ে যাওয়া যায় তার তিনি চেষ্টা করেছেন। কমিউনিস্ট পার্টির তিনি একজন সদস্য, এই কমিশনের তিনি চেয়ারম্যান ছিলেন, তাঁকে এই চেয়ারম্যানের পদ থেকে সরিয়ে দেওয়া হল অথচ তাঁকে একবারও জিজ্ঞাসা করা হল না, বলা হল না এবং এই সম্বন্ধে কমিউনিস্ট পার্টির সেক্রেটারীর সঙ্গে আলোচনা

করা হল না, আইনসভার যিনি ডেপুটি লীডার, কমিউনিস্ট পার্টির নেতা অ্যাসেম্বলীর আমার সংগেও এতবড় ঘটনা নিয়ে কোন আলোচনা করা হল না।

এতবড় ঘটনা। একটা গ্রামের ব্লক অ্যাডভাইসরি কমিটিতে কে যাবেন সেটা নিয়ে অনেক সময় আলোচনা হয় আবার কখনও কখনও হয়ত হয় না। কিন্তু ব্রিজ কমিশনের যিনি চেয়ারম্যান যিনি ১৯৭১ সাল থেকে আছেন, তাঁকে যদি সরাতে হয়, তাহলে কেন সরানো হচ্ছে কারা এই কাজে চাপ দিচ্ছে কাদের প্রেসারে সরানো হচ্ছে, সেকথা জানবার অধিকার পি ডি এ-র শরিক সি পি আই-এর নেই এবং অ্যাসেম্বলীর ডেপুটি লীডার বিশ্বনাথ মুখার্জীর নেই, সেজন্য আমরা অত্যন্ত ক্ষুব্ধ হয়েছি। আমি ইতিপূর্বে বহুবার মৃদুভাবে বলেছি এবং আজকে সেকথা আবার সজোরে স্মরণ করিয়ে দিতে চাই যে আমরা ঘরপোড়া গরু। ১৯৬৯ সালে যখন যুক্তফ্রন্ট ছিল, তখন সেই যুক্তফ্রন্টের বড় শরিক সি পি এম নিজেদের খেয়ালখুশীমত কাজ করবেন, এই লাইন যখন নিলেন তখন আমরা প্রতিবাদ জানিয়েছিলাম। কিন্তু তাঁরা তা মানলেন না। আমাদের পার্টির শিবপদ ভট্টাচার্যকে যখন সি পি এম-এর লেকেরা মারল তখন আমরা বলেছিলাম যারা মেরেছে, তাদের অ্যারেস্ট করা হোক। তারা বিচারে খালাস হয়ে যাক। কিন্তু যাদের নাম করলাম তাদের অ্যারেস্ট করা হোক। তখন জ্যোতিবাবু বললেন, আমাদের দল আমি করব না। আমরা তখন বললাম, আমরা ফ্রন্টের মিটিং অ্যাটেন্ড করব না। আমরা বয়কট করলাম। আমরা এই জিনিসে স্টিক করলাম এবং পরে অন্য দল আমাদের নিয়ে যায়, আমরা তখন আলোচনা করি। তখনও তাঁরা বললেন, না আমরা করব না। তখন আমরা ভাবলাম, এটাতো ভয়ংকর কথা, এইভাবে কোন কোয়ালিশন গভর্নমেন্ট চলতে পারে না। কোন মোর্চা চলতে পারে না এবং তার পরিণতি কি হয়েছিল, তা আপনারা সকলেই জানেন। আজকে ছোটখাট অনেক ব্যাপার ঘটছে, বড় বড় ব্যাপারও ঘটছে। কিন্তু যেটার সংগে কোন রাজনীতির কোন সম্পর্ক নাই, যিনি একজন নেতৃস্থানীয় লোক, যিনি অত্যন্ত অনেস্ট, অত্যন্ত সিনসিয়ার যিনি এই কাজ নিয়েই পড়ে আছেন, আজকে সেই ব্রিজ আরম্ভ করার কথা যখন হল, তখন তাঁকে অপসারণ করা হল। আমাদের সংগে কোন রকম আলোচনা না করে, কোন পরামর্শ না করে, সেই ভদ্রলোকের সংগে কোন রকম আলোচনা না করে যিনি তিন বছর ধরে হাল ধরে আছেন, তাঁকে এই কথা বলা পর্যন্ত হল না যে, দয়া করে আপনি পদত্যাগ করুন, আমরা অন্য লোক দেব। এটা হলেও তো কিছুটা বুঝতাম। কিন্তু কিছুই করা হল না বা আমাদের পার্টির সংগেও আলোচনা করা হল না। এই কথা তোলার সংগে সংগে আপনার মাধ্যমে আমাদের পার্টির তরফ থেকে দাবি করছি আজকে এই সভায় গভর্নমেন্টের তরফ থেকে মুখ্যমন্ত্রী বলুন যে, কেন তাঁরা হঠাৎ কি কারণে কাদের চাপে, কাদের অনুরোধে হঠাৎ মণি সান্যালকে অপসারিত করলেন এবং সে কথাগুলো হাউসের সকলে জানুক। আপনারা যেদিন অপসারণ করলেন, তার আগের দিন আমাদের একথা বলতে পারতেন যে, অমরা এই কারণে ঠিক করেছি তাঁকে অপসারণ করবো এবং এর পেছনে এই যুক্তি আছে। কাজেই আমরা অত্যন্ত বিক্ষুব্ধ হয়েছি আমরা সমস্ত জিনিস শুনতে চাই। রাজনৈতিক কারণে অনেক সময় মতভেদ হয়, ঝগড়াঝাঁটি হয়, কিন্তু এই ব্যাপার আমরা কিছুই বুঝলাম না এবং এই ব্যাপারে এই জিনিস করবার কোন প্রয়োজন ছিল কিনা, সেটাও বুঝলাম না। কাজেই মুখ্যন্ত্রী যদি না থাকেন, তা হলে মন্ত্রিসভার পক্ষ থেকে এর একটা উত্তর আমাদের পার্টির পক্ষ থেকে আমরা দাবি করছি।

[2-20—2-30 p.m.]

মিঃ স্পীকার: আই নাউ কল আপন শ্রীতিমির ভাদুড়ী।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় স্পীকার মহাশয়, এই ব্যাপারটা অত্যন্ত গুরুত্বপূর্ণ......

শ্রীকানাই ভৌমিকঃ এটা একটা রাজনৈতিক বিষয়, এটা আগে তদন্ত হওয়া দরকার।

(সমস্ত সি পি আই সদস্যগণ দাঁড়াইয়া একসঙ্গে বলিতে আরম্ভ করিলেন।)

(নয়েজ অ্যান্ড ইন্টারাপসান।)

এইভাবে একটা লোককে অপসারণ করা ব্যাপারে আমরা একটা তদন্ত চাই। এই বিষয়ে পশ্চিমবঙ্গ সরকার যুক্ত আছেন। এর একটা উত্তর আমরা চাই।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপসান।)

Mr. Speaker: I now call upon Shri Timir Bhaduri.

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে মোর্চার শরিক সি পি আই দলের নেতা মাননীয় বিশ্বনাথ মুখার্জী মহাশয়, যে বিষয়টা আজকে আমাদের সামনে রাখলেন আমরাও আপনার কাছে সেই মোশনটা নিয়ে এসেছি, সেই একই বিষয়। যে ব্যক্তির সম্পর্কে এবং যে ব্যক্তিকে অত্যন্ত অন্যায়ভাবে অপসারিত করা হয়েছে, এই মাননীয় মণি সান্যাল সম্পর্কে পশ্চিমবাংলার জনসাধারণ তাঁকে দীর্ঘদিন ধরে জানেন এবং আপনিও তাঁকে জানেন, তিনি এক-কালে এই বিধানসভার সভ্য ছিলেন এবং কলকাতা কর্পোরেশনের অল্ডারম্যান ছিলেন এবং ডেপুটি মেয়র ছিলেন এবং তিনি নানা জনহিতকর কাজের সঙ্গে যুক্ত ছিলেন। তাঁর সম্পর্কে পশ্চিম-বাংলার জনসাধারণের সম্পূর্ণ আস্থা আছে। যেভাবে তাঁকে অপসারিত করা হয়েছে তাতে মনে আমার মনেহয় একটা অগণতান্ত্রিক উপায়ে স্বেচ্ছাচারিতাভাবে একটা রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করবার জন্য তাঁকে অপসারিত করা হয়েছে। আমি এই বিষয়ে মনে করি যে, বিভিন্ন কাগজপত্রে যুগান্তর এবং আনন্দবাজার পত্রিকা ধারাবাহিকভাবে হুগলির দ্বিতীয় সেতু সম্বন্ধে যে সমস্ত লেখা আমি পড়েছি তাতে এটাই প্রমাণিত হয় যে, পাশ্চিমবাংলার সরকার এবং তার মুখ্যমন্ত্রী এর সঙ্গে যুক্ত আছেন। আমি সেজন্য মনে করি একটা উচ্চ পর্যায়ে তদন্ত হওয়া দরকার। আমি আশা করব যে, মাননীয় মুখ্যমন্ত্রী তদন্তকালে তিনি স্বইচ্ছায় ভলানটারিলি সরে দাঁড়াবেন এবং তদন্ত যাতে সম্পূর্ণভাবে হয় তার ব্যবস্থা করবেন যে, কেন এই রকম স্বোচ্ছাচারমূলকভাবে তাঁকে ব্যবহার করা হয়েছে। আমাদের দলের পক্ষ থেকে আমি আপনার মাধ্যমে এই বিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি এবং একটা সুস্পষ্ট বক্তব্য রাখার জন্য আবেদন করছি।

(নয়েজ।)

Mr. Speaker: Honourable Members, please take your seat. Please hear me first. I have called upon Shri Timir Bhaduri because he has given notice on the same subject and he is speaking on the same subject. So please allow him to speak. The Hon'ble Ministers are here. If they have got to say some thing in this matter they will speak. First of all please allow Shri Timir Bhaduri to speak.

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পি ডি এ-র সহকারী নেতা শ্রীবিশ্বনাথ মুখার্জী মহাশয় আজকে হুগলি ব্রিজ—হুগলি ব্রিজের তদানীন্তন ব্রিজ কমিশনার এবং চেয়ারম্যান-এর অপসারণ সম্বন্ধে যে বক্তব্য রাখলেন আজকে এখানে আমরা দেখতে পাচ্ছি যে, সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট যারা এই বিষয়ে ডিল করে তারা এখানে নেই। তাদের কাছে আমরা ইনফর্মেসন পাঠাচ্ছি মন্ত্রিসভার যে বক্তব্য নিশ্চয়ই তারা এই হাউসে রাখতে পারবেন। তিমির-বাবু প্রায় এখানে একই সুরে কথা বললেন এবং একে টুয়িস্ট করবার চেষ্টা করছেন। নিশ্চয়ই মোর্চার শরিক যদি বিক্ষুব্ধ থাকে, তা হলে তৃতীয় পক্ষ একটা চান্স নেবার চেষ্টা করবে। এমন বিশেষ কিছু নয়, তবে মাননীয় বিশ্বনাথবাবু যে বক্তব্য রেখেছেন সে সম্পর্কে আমাদের সংশ্লিষ্ট বিভাগকে খবর পাঠাচ্ছি এবং মন্ত্রিসভা নিশ্চয়ই বক্তব্য এখানে রাখবে।

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ আমার বক্তব্য হচ্ছে কখন উত্তর দেবেন?

ডাঃ জয়নাল আবেদিনঃ যোগাযোগ করার চেষ্টা করছি, সময় দিতে পারব না।

শ্রীমতী ইলা মিত্রঃ ১০টার মধ্যে মেনশন-এর ব্যাপার জমা দিয়েছি, আপনারা জানতেন, আমার আশা করি এ সম্বন্ধে জবাব দেবেন যদিও জানি যে জবাব দিতে হবে, এমন কোন কথা নাই কিন্তু এটা গুরুত্বপূর্ণ মেনশন, সে জন্য আপনার কাছে দাবি করছি যে জবাব আজকের মধ্যে দেবেন।

মিঃ স্পীকারঃ আই কল আপন শ্রীকাশীনাথ মিশ্র।

(শ্রীকাশীনাথ মিশ্র রোজ টু স্পীক।)

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই কথাটা পরিষ্কার হয়ে যাক এই ব্যাপারটা সেটল হওয়ার আগে, নেক্সট আইটেমে যাবেন না দয়া করে। আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি, এর উত্তর কখন দেবেন?

(গোলমাল, হট্টগোল।)

মিঃ স্পীকারঃ অনারেবল মেম্বারস, প্লিজ টেক ইওর সিট।

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মোর্চার সহকারী নেতা শ্রদ্ধেয় বিশ্বনাথ মুখার্জী একজন প্রবীণ সদস্য এবং শ্রীমতী ইলা মিত্র তিনিও অনেক পুরাণো সদস্যা। আপনি স্যার, জানেন রুলস অব প্রসিডিওরে ৩৫১ ধারা অনুসারে যে গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করা হয় এর উত্তর দেবার বিধান নেই। তবুও মোর্চার শরিক হিসাবে যখন বিক্ষুব্ধ হয়েছেন তখন নিশ্চয়ই আমাদের বক্তব্য রাখা উচিত বলে মনে করি। সেজন্য বলছি সংগে সংগে প্রিপেয়ার করার কথা নয়, মেনশনের উত্তর দেবার প্রশ্ন নেই। অনেকগুলি বিষয়ের অবতারণা তিনি করেছেন এখানে, উনি ভারত সরকারকেও জড়িয়েছেন, সবটা জেনেশুনে আমাদের বক্তব্য রাখতে হবে।

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ সেটা কখন?

ডাঃ জয়নাল আবেদিনঃ সময় দিতে পারি না, তবে অ্যাজ আর্লি অ্যাজ পসিবল।

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ আজকের মধ্যে হবে কিনা? জবাব দেবেন কিনা বলুন। (তুমুল হট্টগোল।) আজকে যখন খুসী ৬টা ৭টার মধ্যে দিন।

মিঃ স্পীকারঃ আই কল আপন শ্রীকাশীনাথ মিশ্র।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে এখানে একটা গুরুত্বপূর্ণ বিষয় রাখছি। ৩০ হাজার তন্তুবায় সুতোর অভাবে অত্যন্ত বিপদের মধ্যে আছে............(নয়েজ অ্যান্ড ইন্টারাপসান।)

ডাঃ জয়নাল আবেদিনঃ বিশ্বনাথ মুখার্জী মহাশয় অত্যন্ত প্রবীণ সদস্য, পার্লামেন্টারী নিয়ম-কানুন অনুযায়ী কোন নেতা আজকেই উত্তর দাবি করেছেন এই রকম নজির তিনি আমাকে দেখিয়ে দিন।

[2-30—2-40 p.m.]

আর একটা কথা স্যার, ৩৫১ ধারা অনুসারে বক্তব্য রাখতে হবে ঠিকই। কিন্তু তাই বলে আজই সেই বক্তব্য রাখতে হবে, এমন প্রিসিডেন্ট ক্রিয়েট আপনি করতে পারেন না। মোর্চার শরিক হিসেবে ও'রা বিক্ষুব্ধ হয়েছেন। আমরাও এ বিষয়ে আমাদের বক্তব্য রাখবো। এর সংগে আজকে ভারত সরকার ও ভারতীয় সংসদকে তিনি জড়িত করেছেন। কাজেই কোন ধারা মোতাবেক আজকেই আমাদের বক্তব্য রাখতে হবে সেটা উনি আগে বলুন।

(চিয়ার্স।)

শ্রীসোমনাথ লাহিড়ীঃ ঐসব বই-টই অনেক দেখেছি। বই দেখিয়ে কোন অসৎ কাজকে ঢাকা যায় না।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপসান।)

Shri Abdul Bari Biswas: On a point of order Sir, on a point of order Sir.

(Noise and Interruptions.)

এই হাউসে পূর্বে অনেক গুরুত্বপূর্ণ প্রশ্ন উঠেছে। আর যখনই উঠেছে, তখনই দেখা গেছে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় হাউসে হাজির হয়ে তার জবাব দিয়েছেন। অবশ্য মূল বইতে আছে, তেমন গুরুত্বপূর্ণ বিষয় হলে মন্ত্রিমহাশয় এসে নিজে জবাব দেন, যদি তিনি মনে করেন সেটা এরকম একটা গুরুত্বপূর্ণ বিষয়। আমাদের মন্ত্রী জয়নাল সাহেবও স্বীকার করছেন, বিষয়টা গুরুত্বপূর্ণ। এখন তিনি রুল দেখাচ্ছেন, জবাব দেবেন না বলে।

(Noise and Interruptions.)
(Voices: Point of order, point of order.)

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ মন্ত্রিমহাশয়ের বিবৃতির প্রতিবাদে আমরা হউস থেকে ওয়াক আউট করলাম, মাননীয় অধ্যক্ষ মহাশয়।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ এই ব্যাপারটা সমর্থন করে আমরাও স্যার হাউস থেকে ওয়াক আউট করলাম।

(At this stage the Members belonging to C.P.I. and R.S.P. walked out of the House.)

[2-30—2-40 p.m.]

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্ভবতঃ আজকে যে বিষয়ের অবতারণা মাননীয় বিশ্বনাথ মুখার্জী করেছেন, আপনি সম্ভবতঃ ৩৫১ ধারা অনুযায়ী তার বিধান দিয়েছেন এখানে ল্যাংগুয়েজ পরিষ্কার আছে।

Rule 351 reads as follows: "A member who wishes to bring to the notice of the House any matter which is not a point of order shall give notice to the Secretary in writing stating briefly the point which he wishes to raise in the House together with reasons for wishing to raise it, and he shall be permitted to raise it only after the Speaker has given his consent and at such time and date as the Speaker may fix".

Sir, it does not provide any scope for answer from the Treasury Bench. But, when so many Members were offended by the decision, we intended to make our statement in the House. Even then, our impatient friends on the other side did not wait for this. We seek your protection and nothing else. This discourtesy should be recorded.

Mr. Speaker: This mention was made under rule 351 and I gave permission to raise the point. That is all. No comment was necessary on this particular point because everyone has its own parliamentary way of making his protest. So, it is useless for me to make any comment over the matter. It is up to the Government to make any statement now or some time after. The Chair has got nothing to say in the matter. I now call upon Shri Kashinath Misra to speak.

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই সভায় একটা গুরুত্বপূর্ণ বিষয় রাখছি। যার কথা আমি কিছুক্ষণ আগেও বলছিলাম সেটা হচ্ছে প্রায় ৩০ হাজার তন্তুবায় বাঁকুড়া জেলাতে রয়েছে তার মধ্যে দেখা যায় যে, প্রায় ১০ হাজার অনাহারক্লিষ্ট। গতকাল

আমাদের বাঁকুড়া জেলার তন্তুবায়রা একটা মিছিল করে বাঁকুড়ার জেলাশাসকের কাছে একটা স্মারকলিপি দিয়েছেন এবং তাতে যে কথা আছে সেটা হচ্ছে বাঁকুড়া জেলাতে সুতো যাচ্ছে সেটা অপর্যাপ্ত। সেটা হচ্ছে ১৬ হইতে ৪০ কাউন্টের বাইরে, যার ফলে ক্ষতি হচ্ছে। গুলির সুতো পাওয়া যাচ্ছে না। সাত দিনের কাজ করার মতো যে সুতো সরকার সরবরাহ করছেন তাতে বাঁকুড়া জেলার তাঁতীরা খুব কষ্টের মধ্যে পড়েছে। আমি গতকাল বাঁকুড়া জেলায় ছিলাম। গোপীনাথপুর, রাজগ্রাম, সোনামুখী, কেন্দ্রপাড়া, পাত্রসায়ের এবং অন্যান্য ব্লকের বিভিন্ন তন্তুবায় সম্প্রদায়ের ১০ হাজার লোক মিছিল করে জেলাশাসকের কাছে এসেছিল এবং গত পরশু তারিখে আমি নিজে গোপীনাথপুর যেটা আমার নিজের কন্সটিটুয়েন্সী সেখানে দু হাজার তাঁতীর বাস, দুপুর বেলাতে বাড়ি গিয়েছিলাম। সেখানে ছ'-সাত শো মানুষ ছেলে-মেয়ে পুরুষ-মেয়েছেলে অনাহারে বসে আছে এবং আমি তাদের জিজ্ঞাসা করলাম, আপনারা এই অবস্থায় কতদিন আছেন, তারা বললেন, আমরা কেউ হয়তো ৪।৫ দিন না খেয়ে আছি। বর্তমান সরকার যে সুতো দিচ্ছেন তাতে কাজ হচ্ছে না, কারণ আমরা যে সুতো পাচ্ছি তাতে সাত দিনের বেশি কাজ করতে পারছি না। ফলে আমরা মাল প্রায় ২৪ দিনও সরবরাহ করতে পারছি না। তা ছাড়া যে মহাজন প্রথা বিরাজ করছে তাতে গোলযোগ দেখা দিয়েছে। যখন তন্তুবায়ীরা দু' হাজার টাকা ধার চাইছে, তখন তাকে দিয়ে চার হাজার টাকা লিখিয়ে নেওয়া হচ্ছে এবং তার বাড়ি যা আছে তার দাম হয়তো ২০ হাজার টাকা, সেটাও লিখিয়ে নিচ্ছে। বাঁকুড়া জেলার তন্তুবায়ীদের অবস্থা খুবই খারাপ। আমি বলছি এই সব অনাহারক্লিষ্ট তন্তু-জীবীদের সুতো সরবরাহ করা হোক এবং ৩০ হাজার তন্তুজীবীর প্রাণ বাঁচান। এই কথা বলে মন্ত্রিমহাশয়ের কাছ থেকে উত্তর চাইছি এবং কিছু অবিলম্বে করা হবে যদি বলা হয়, তা হলে ভাল হয়।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের শিল্প পরিচালনায় কয়লা সম্পদ একান্ত প্রয়োজন। আসানসোল-রাণীগঞ্জ শিল্পাঞ্চল এলাকা থেকে কয়লা উত্তোলিত হয় এবং সেই কয়লা উত্তোলনের ফলে সেই কয়লার দ্বারা শিল্প চলে এবং তা সভ্যতাকে জাগিয়ে রাখে। কিন্তু যাদের জমির নীচে থেকে কয়লা তোলা হয় তাদের অবস্থা কি দাঁড়িয়েছে? সরকার সেটা বিচার-বিবেচনা করেন না। কয়লাখনি অঞ্চল থেকে বেআইনী কয়লা উত্তোলনের জন্য প্রায় ২৫টি গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছে এবং ১৫ হাজার বিঘা ধানী জমি নষ্ট হয়ে গিয়েছে। কিন্তু বেআইনী কয়লা উত্তোলনের ফলে যেসব গ্রাম নষ্ট হয়ে গেলো এবং গ্রামবাসীদের ধানী জমি নষ্ট হয়ে গেলো তাদের ক্ষতিপূরণের কোন ব্যবস্থা করা হয় নি।

[2-40—2-50 p.m.]

অর্থাৎ কয়লাখনির জন্য আমি আমার বাড়ি দিলাম, জমি দিলাম, আমার সর্বস্ব দিলাম, কিন্তু তারপর আমি যখন সর্বনাশের মধ্যে পড়লাম, তখন কিন্তু আমাকে বাঁচাবার জন্য বা রক্ষা করার জন্য সরকার এগিয়ে আসছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়লাখনি অঞ্চলে বেআইনীভাবে কয়লা উত্তোলন, জমির ধ্বস ইত্যাদি বিষয়ে গ্রামাঞ্চলের যে ক্ষতি তা পর্যবেক্ষণের দায়িত্ব পশ্চিম-বঙ্গ সরকারের শিল্প ও বাণিজ্য দপ্তরের। বছরের পর বছর ধরে আসানসোল, রানীগঞ্জ কয়লাখনি অঞ্চলে ধ্বস নামছে, গ্রামের পর গ্রাম ফেটে চৌচির হয়ে যাচ্ছে, হাজার হাজার বিঘা ধানের জমি নষ্ট হয়ে যাচ্ছে, কিন্তু এখনও পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের শিল্প ও বাণিজ্য দপ্তর আসানসোল মহকুমার হাজার হাজার গ্রামবাসীকে বাঁচাবার জন্য কোন ব্যবস্থা অবলম্বন করতে পারেন নি। আমি দাবি করছি, আসানসোল মহকুমার যে ২৫টি গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছে এবং ১৫ হাজার বিঘা ধানের জমি নষ্ট হয়েছে তার জন্য উপযুক্ত পরিমাণে ক্ষতিপূরণ দেবার জন্য কোল মাইন অথরিটিকে বাধ্য করুন, সেই সমস্ত পুরাণো মালিকদের যাদের চুরি জোচ্চুরির জন্য গ্রামের মানুষরা ক্ষতিগ্রস্ত হয়েছেন, এই আবেদন আমি রাখছি।

শ্রীঅমরেন্দ্র মণ্ডলঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আসানসোল মহকুমার ৬ লক্ষ বসবাসকারী লোকের মধ্যে প্রায় তিন লক্ষ লোক গ্রামাঞ্চলে বাস করে। গত ২ বছরের খরার ফলে একেবারেই ফসল হয় নি। এখন এমন অবস্থা দাঁড়িয়েছে যে, চাল প্রায় দু টাকা কেজি হয়ে গিয়েছে। আটা একেবারেই পাওয়া যাচ্ছে না, গমও একেবারে উধাও হয়ে গিয়েছে। আসানসোল মহকুমায় রেশন ব্যবস্থা প্রায় বানচাল হতে বসেছে, সরকার থেকে আজ পর্যন্ত কোন ব্যবস্থা হচ্ছে না। স্যার, আসানসোল মহকুমায় যেখানে মাসে তিন হাজার মেট্রিক টন গমের প্রয়োজন সেখানে মাত্র দুশো মেট্রিক টন গম এসেছে। আটা যেখানে ৫ হাজার তিনশো ব্যাগ মাসে দরকার সেখানে দু হাজার ব্যাগ দেওয়া হচ্ছে। জি আর বন্ধ, গ্রামের ঘরে ঘরে হাহাকার চলছে। কাজেই অবিলম্বে পক্ষকালের মধ্যে খয়রাতি সাহায্য ও কর্মসংস্থানের ব্যবস্থা না করলে ভয়াবহ অবস্থা হবে।

শ্রীসুধীরচন্দ্র বেরাঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আনন্দবাজারে বেরিয়েছে যে, পশ্চিমবঙ্গের শতকরা ৫৬ ভাগ বাইরের লোক প্রাইভেট ফার্মগুলিতে চাকুরি করে। স্যার, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ফাইন্যান্স কমিশনের সামনে যে রিপ্রেজেনটেসান দিয়েছিলেন তাতে তিনি একথা স্বীকার করেছিলেন। এতে বাংলাদেশের তরুণদের মনে ভীষণ একটা হতাশার সৃষ্টি হয়েছে এবং অলরেডি বহু তরুণ যুবক ও ছাত্র আমাদের কাছে এসে চাপ দিয়ে বলছে যে, তোমরা বসে কি করছ, আমরা এখানে চাকুরি পাচ্ছি না, সরকারের তো ঐ ১৭ হাজার আর ১০ হাজার পর্যন্ত দৌড়। স্যার, আজকে বৃহত্তর প্রাইভেট সেকটারে যেখানে ৫৬ পার্সেন্ট বাংলার বাইরের লোক চাকুরি পাচ্ছে, তাতে সেখানে সেটা বাঙ্গালী যুবকদের চাকুরি পাওয়ার পক্ষে অত্যন্ত ক্ষতিকর হচ্ছে। তাই স্যার, আপনার মাধ্যমে সরকারকে বলব যে, যদি এই প্রাইভেট সেকটারকে আওতার মধ্যে সরকার আনতে না পারেন, সেখানে এমপ্লয়মেন্টের ব্যাপারটা যদি সরকার কন্ট্রোল করতে না পারেন, তা হলে বাংলাদেশের তরুণদের হতাশার সীমা পরিসীমা থাকবে না। স্যার, এর মধ্যে আপনি জানেন, বিহারের মুখ্যমন্ত্রী বলেছেন, আগে বিহারীদের চাকুরি দেওয়া হবে সেখানে বাঙ্গালীদের দেবার প্রশ্নই ওঠে না, আসামে আমরা মারধোর খাচ্ছি, উড়িষ্যা থেকে আমরা বিতাড়িত—একথা অপ্রীতিকর হলেও বলতে হবে যে, বাঙ্গালীদের বাংলাদেশেও স্থান হচ্ছে না। নিজ দেশই আমরা পরবাসী -যেকথা কবি গোবিন্দ দাস বলেছিলেন, আমাদের অবস্থাও তাই। স্যার, এটা প্রভিনসিয়ালিজিমের কথা নয়, এটা ন্যায়বিচারের কথা। যেখানে সন অব দি সয়েল ঘুরে বেড়াবে, সেখানে বাইরের লোকেরা এসে চাকুরি পাবে, এটা কখনই সুস্থ গণতন্ত্রের পক্ষে বা রাজনৈতিক আবহাওয়ার পক্ষে শুভকর নয়।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি, আমি ইতিপূর্বেও বলেছিলাম এবং আজকে অনেক বক্তাই এই কথা বলছেন। এটা পরিষ্কারভাবে তুলে ধরা দরকার যে পশ্চিমবাংলার বিভিন্ন স্থানে মানুষের মধ্যে আজকে অনাহার-জনিত অবস্থার সৃষ্টি হয়েছে। আমাদের শান্তিপুরে হাহাকার পড়ে গিয়েছে। অত্যন্ত দুরবস্থার মধ্যে, বেকারীর মধ্যে এবং এই খরার জন্য তাদের মধ্যে হাহাকার পড়ে গিয়েছে, প্রয়োজনের তুলনায় জি আর-এর ব্যবস্থা নেই বললেই হয়, স্টারভেশর্ন রিলিফ যেটা ব্লকে ব্লকে জেলাশাসকের মাধ্যমে দেওয়ার ব্যবস্থা হয়েছিল সেটা বন্ধ হয়ে গিয়েছে। ব্লক অফিসে প্রতিদিন হাজার হাজার মানুষ সামান্য গম এবং চালের জন্য ধর্ণা দিয়ে ফিরে আসছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাই আর একটা ঘটনার দিকে, সেটা হচ্ছে পরশু দিন রাত্রে এই সমস্ত ঘটনার পরিণতি হিসাবে শান্তিপুরের ফটোকপাড়ার শ্রীহোবলা দত্ত নামে একজনের মৃত্যু ঘটেছে। অনাহারে দারিদ্র্যে আজকে মৃত্যু ঘটেছে। এই ভদ্রলোকের মৃত্যুর পরও আমরা যদি ব্যাপকভাবে জি আর-এর কাজ চালু না করি, তা হলে এই রকম যে, হোবলা দত্তর অনাহারে মৃত্যু ঘটেছে তাই নয়,

সারা পশ্চিমবাংলার একটা মড়ক সৃষ্টি হয়ে যাবে, আজকে অনাহার থেকে মড়ক সৃষ্টি হয়ে জনজীবনকে বিপর্যস্ত করে তুলবে এবং তার সম্ভাবনা দেখা দিয়েছে। এই অবস্থার প্রতিবিধানের জন্য প্রতিটি মানুষের অর্থনৈতিক মুক্তির জন্য আমাদের চেষ্টা করতে হবে।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, এই বিষয়টা আজকের দৈনিক সংবাদপত্রগুলিতেও জানান হয়েছে যে, সারা পশ্চিমবাংলা আজকে খরার কবলিত হয়ে সারা পশ্চিমবাংলার মানুষ আজকে জলের জন্য হাহাকার করছে। হুগলি জেলার শ্রীরামপুর, জাঙ্গিপাড়া, চন্ডীতলা, উত্তরপাড়া প্রভৃতি এই সমস্ত এলাকায় জলের জন্য হাহাকার চলেছে, টিউবওয়েলগুলি শুকিয়ে গিয়েছে, পুকুরগুলি পর্যন্ত শুকিয়ে গিয়েছে এবং যে কয়টিতে জল আছে সে জলও দূষিত হয়ে গিয়েছে, এই পরিস্থিতিতে জলের জন্য আমরা আশংকা বোধ করছি। গত বছর যেভাবে আমরা খরার মোকাবিলা করেছি, আমি সরকারকে অনুরোধ করব সেইভাবে খরার মোকাবিলা করার জন্য এবং আরো বেশী করে টিউবওয়েল সিংক করে এবং পুকুরগুলিকে সংস্কার করিয়ে পানীয় জলের ব্যবস্থা করুন। এটাই আমি আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ করছি।

শ্রীতপন চ্যাটার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণ এবং পুনর্বাসন মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রাক্তন পূর্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের ঋণ মকুব এবং তাদের জমির স্বত্ব দানের বিষয়ে আমি দাবি জানাচ্ছি। পশ্চিম পাকিস্তান থেকে যে সমস্ত উদ্বাতুরা এসেছিলেন এবং পূর্ব পাকিস্তান থেকে যে সমস্ত উদ্বাস্তুরা এসেছিলেন, তাদের মধ্যে কেন্দ্রীয় সরকার পূর্ব পাকিস্তানের উদ্বাস্তুদের উপর বৈষম্যমূলক আচরণ করেছেন। পশ্চিমবঙ্গে যে সমস্ত উদ্বাস্তুরা এসেছেন তাদের ট্রেড লোন বাবত ৩৮ কোটি ৩৮ লক্ষ টাকা পেয়েছেন এবং এর মধ্যে মাত্র ৩ কোটি টাকা মকুব করেছেন। অথচ পশ্চিম পাকিস্তান থেকে যে সমস্ত উদ্বাস্তুরা ভারতে এসেছেন তাদের বাবত ১৯১ কোটি টাকা দেওয়া হয়েছিল এবং ঐ ১৯১ কোটি টাকা মকুব করা হয়েছে। অথচ বাঙ্গালী উদ্বাস্তু ভাইদের চাকুরি দিতে পারা যায় নি, এমন কি তাদের মাথা ঢাকবার কোন ব্যবস্থাও করা যায় নি, তাদের জমিতে কোন স্বত্ব নেই এবং জমির কোন দলিল নেই। তাদের মাথার উপর সরকারী ঋণের প্রায় ১৮ কোটি টাকা রয়েছে। সরকার বলেছিলেন যে, ১৯৭২ সালের ১৫ই আগস্টের মধ্যে তাদের মধ্যে সমস্ত জমির দলিল দান করা হবে, কিন্তু অদ্যাবধি তা হয় নি। আজকে এই বৈষম্য দূর করা দরকার। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি যে, তিনি এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি যে, তিনি এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে কথাবার্তা বলুন।

[2-50—3-00 p.m.]

শ্রীগৌতম চক্রবর্তী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বক্তব্য রাখতে চাই। সেটা হচ্ছে ১৯৭৩ সালে আবার আমাদের ১৯৫২ সালের কথা মনে করিয়ে দেবে কিনা। তদানীন্তন পূর্ব পাকিস্তান বর্তমান বাংলাদেশ। সেখানে দেখেছিলাম যে, ভাষা আন্দোলন হয়েছিল এবং ছাত্রসমাজ সেই আন্দোলন পরিচালিত করেছিলেন। তদানীন্তন মন্ত্রিসভায় যাঁরা ছিলেন, তাঁদের আসন টলমল করে দিয়েছিলেন। বিভিন্ন বক্তব্যের মাঝখানে পশ্চিমবাংলার ছাত্র পরিষদের যে ন্যায্য দাবি সেটা আমরা বলেছি। অত্যন্ত আনন্দের কথা, গত মার্চ মাসে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে যখন ছাত্র পরিষদের হাজার হাজার বন্ধুরা ডেপুটেশন নিয়ে এসেছিলেন, তখন তিনি বলেছিলেন যে, আমাদের যে সমস্ত দাবি আছে সেগুলি অত্যন্ত যুক্তিযুক্ত মনে করেছেন এবং যত তাড়াতাড়ি সম্ভব তা পরিপূরণ করার ব্যবস্থা করবেন। কিন্তু দুঃখের বিষয় এখনও পর্যন্ত সেই দাবিগুলি মানা হল না। দাবিগুলি অত্যন্ত স্বচ্ছ এবং ভারতবর্ষ গড়ার পক্ষে খুব সত্যিকারের দরকার। আমাদের ছাত্র পরিষদের বক্তব্য যেটা ছিল

সেটা হচ্ছে বাধ্যতামূলক ৮ম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু করা, পশ্চিমবাংলার শিক্ষার ক্ষেত্রে জাতীয় ইতিহাস চালু করা এবং শিক্ষকদের মাসের ১লা তারিখে বেতন দেওয়া, মিশনারী প্রথায় শিক্ষাকে উচ্ছেদ করা। এই সমস্ত দাবিগুলি পশ্চিমবাংলার ছাত্র পরিষদের ছিল। এর আগে যখন বক্তব্য রেখেছি তখন বলেছি যে ছাত্র পরিষদ অর্থাৎ বাংলাদেশের ছাত্র সমাজের ন্যায্য দাবিগুলি যদি মেনে না নেওয়া হয়, তা হলে আগামী দিনে ছাত্র আন্দোলন কোথায় গিয়ে দাঁড়াবে আমরা বলতে পারি না। আজকে ছাত্র পরিষদের ছেলেরা রাজপথে নেমেছে, তারা গণ অবস্থান করছেন। এর পরে হয়ত আমরা দেখতে পাব যে, বাংলাদেশের প্রত্যেকটি স্কুল-কলেজ বন্ধ হয়ে যাবে। তার পরবর্তী কালে হয়ত দেখব কলকাতা থেকে শুরু করে বাংলাদেশের প্রতিটি জায়গায় ট্রাম বাস বন্ধ হয়ে যাবে। তার পরবর্তী কালে ছাত্র সমাজের মুভমেন্ট কোথায় গিয়ে দাঁড়াবে আমরা যেমন বলতে পারি না, আপনিও তেমন বলতে পারেন না এবং মাননীয় মন্ত্রিমহাশয়ও বলতে পারেন না। তাই মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আমি দাবি করছি, পশ্চিমবাংলার ছাত্র পরিষদের ন্যায় দাবিগুলি কবে পূরণ করবেন, যদি পূরণ না করেন, তা হলে কি শান্ত পশ্চিমবাংলাকে আবার অশান্ত করতে চান? তাই আপনার মাধ্যমে অনুরোধ করব, দয়া করে ছাত্র পরিষদের যে বক্তব্য ছিল, যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি যত তাড়াতাড়ি পারেন রক্ষা করার ব্যবস্থা করুন।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান শহরে গত ১৯৬৬ সালে একটা স্টেডিয়াম নির্মাণের জন্য সরকার একটা পরিকল্পনা গ্রহণ করেন। ঐ সময়ে কিছু টাকা সরকার মঞ্জুর করেন। মাঠের চারিদিকে বাউন্ডারী দেওয়া হয়। তদানীন্তন মন্ত্রী, শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় স্টেডিয়ামের শিলান্যাস করেন এবং স্টেডিয়ামের নামকরণ হয় মহারাণী মহতাব স্টেডিয়াম। যুক্তফ্রন্ট সরকার স্টেডিয়াম নির্মাণের জন্য ৪০ হাজার টাকা সাহায্য করেন। কিন্তু ঐ টাকা কাকে দেওয়া হয় এবং ঐ টাকায় কি কাজ হয় সেটা আমরা জানি না। এই বিষয়ে একটা বিবৃতি আশা করছি। সেখানে একটা স্টেডিয়াম নির্মাণের দাবি জানাচ্ছি। বিগত দুটি যুক্তফ্রন্টের আমলে স্টেডিয়ামের কাজ কিছুই এগোয় নি। বর্ধমান পশ্চিমবাংলার দ্বিতীয় মহানগরী। এই জেলার আয়তন খুব বড়। একদিকে আসানসোলের দুর্গাপুর ইন্ডাস্ট্রিয়াল বেল্ট। অপর দিকে কালনা কাটোয়া বর্ধমান শহরের এগ্রিকালচারাল বেল্ট। এই রকম জেলার হেড কোয়ার্টারে বর্ধমান শহরে খেলাধুলার জন্য স্টেডিয়াম থাকবে না, এটা কি রকম কথা? বর্তমান জনপ্রিয় সরকারের কাছে বর্ধমান জেলাবাসীর আশা-আকাঙ্ক্ষা। এই স্টেডিয়ামের জন্য জমি দখল করা হয়েছে এবং এই অর্ধসমাপ্ত কাজকে সমাপ্ত করে একটি সুন্দর স্টেডিয়াম নির্মাণের জন্য দাবি জানাচ্ছি। মাননীয় পূর্তমন্ত্রী, বর্তমান ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে বর্ধমান শহরে স্টেডিয়াম নির্মাণ করা হয়। বর্ধমান শহরে বর্তমানে খেলাধুলো করার জন্য কোন মাঠ নেই। স্কুল, কলেজ এবং বিভিন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে খেলাধুলা যেগুলি হয় তা অর্গানাইজ করার জন্য এবং ফুটবল, ক্রিকেট ইত্যাদি খেলাধুলো করার জন্য কোন মাঠ নেই। একটা মাঠ যা ছিল সেটাও সম্পূর্ণ খারাপ হয়ে গেছে। তাই অবিলম্বে খেলাধুলো করার জন্য একটা স্টেডিয়াম সংস্থাপনের জন্য আমি পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসুপ্রিয় বসু: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জনপ্রিয় সরকারের এক বছর পূর্তির পর উত্তর হাওড়া থেকে জিতে জনপ্রিয়তা যে সরকারের আছে সেটা প্রমাণ পেয়েছে। কিন্তু আমরা আশংকা করছি যে সরকারের অধীনস্থ কয়েকটি সংস্থা এমনভাবে কাজকর্ম করছে যার ফলে আমাদের জনসাধারণের মনে ভিন্ন ধারণা জন্মাতে পারে। আমি যে সংস্থার নাম করছি অনেকে হয়ত তার সম্বন্ধে ওয়াকিবহাল, সেটা হচ্ছে হাওড়া মিউনিসিপ্যালিটি। নির্বাচনের আগে এবং পরে উত্তর হাওড়ার বিভিন্ন জায়গায় গেছি এবং দেখেছি সরকারের সামনে বর্তমানে যে সমস্যা আছে তা ছাড়াও অনেক অঞ্চলের সাধারণ মানুষের কাছে আজকে যেটা সবচেয়ে প্রয়োজন হচ্ছে

দাঁড়িয়েছে সেটা হচ্ছে জল সরবরাহ, ময়লা নিষ্কাশনের ব্যাপার। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, যেখানে ১ শো টিউবওয়েলের প্রয়োজন সেখানে তার চেয়ে অনেক কম রয়েছে এবং যেগুলি রয়েছে তার মধ্যে ৭৫ ভাগ অকেজো হয়ে পড়ে রয়েছে। এই ব্যাপারে বার বার মিউনিসিপ্যালিটি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও আমরা দেখছি আজ পর্যন্ত কোন কাজ হয় নি। কিছু কিছু রিসিংকিং হলেও তার থেকে জল বেরুচ্ছে না, কিন্তু রিসিংসিং-এর বিল অনেক জায়গায় পাস হয়ে যাচ্ছে। এ ছাড়া কিছুদিন আগে সি এম পি ও কিছু কিছু পাম্পিং স্টেসন, টিউব-ওয়েল স্যাংসান করেছে যেগুলি মিউনিসিপ্যালিটির অধীনস্থ রয়েছে। অত্যন্ত দুঃখের বিষয়, ১০।১১টি পাম্পিং স্টেসন, টিউবওয়েল স্যাংসন হয়েছে, তার মধ্যে ৫।৬টি বিকল, চলে না অন্যগুলির মধ্যে কিছু কিছু চলছে। কিছুদিন আগে পাবলিক হেল্থ ওভারহেড ট্যাঙ্ক তৈরি করেছিল, সেগুলি কছুদিন পূর্বে মাননীয় বিভাগীয় মন্ত্রী পরিদর্শন করে এসেছেন, তার একটিও চলে নি। বিভাগীয় মন্ত্রিমহাশয় অর্ডার দেওয়া সত্ত্বেও সেটা আজ পর্যন্ত চলে নি। মন্ত্রিমহাশয়ের অর্ডার যদি ক্যারি আউট না হয়, পাম্প চালু না হয়, তা হলে কার অর্ডারে পাম্প চালু হবে এই বিষয়ে আমাদের যথেষ্ট আশঙ্কা রয়েছে। আমি আর একটা জিনিস বলতে চাই, সেটা হচ্ছে হাওড়া মিউনিসিপ্যালিটির কনজারভেন্সি ডিপার্টমেন্টে হাজার হাজার লোক কাজ করেন এবং বহু অফিসার কাজ করেন, তাঁদের কোন মাসের মাইনে বন্ধ হয় না, যে সকল লরি চলে তার বিল আটকায় না, কিন্তু দুঃখের বিষয়, বিভাগীয় মন্ত্রিমহাশয় যদি ওখানে যান বা কোন ব্যক্তি যদি ওখানে যান, তা হলে দেখতে পাবেন, এক এক জায়গায় স্তূপীকৃত ময়লা জমা হয়ে রয়েছে, নর্দমা পরিষ্কার নয়, সেই নর্দমায় যদি জ্বলন্ত দেশলাই কাঠি ফেলেন, তা হলে দেখবেন সেখানে যে গ্যাস তৈরি হচ্ছে সেই গ্যাস জ্বলে যাচ্ছে। আগামী দিনে সেখানে কলেরার প্রকোপ দেখা দিতে পারে। তাই আমি স্বাস্থ্যমন্ত্রী এবং সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রীর কাছে আবেদন করছি তাঁরা যেন হাওড়া মিউনিসিপ্যালিটির উপর দৃষ্টি দেন। সেখানে কোন অ্যাডমিনিস্ট্রেসন নেই। সেখানে দীর্ঘদিন ধরে যে অফিসাররা রয়েছেন সেই অফিসাররা ঘুঘুর বাসা তৈরি করেছেন, সেই ঘুঘুর বাসা যদি না ভাঙ্গা যায়, সেই অফিসারদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা যদি গ্রহণ না করা হয়, তা হলে হাওড়া মিউনিসিপ্যালিটির কাজকর্ম চলতে পারে না। সেজন্য বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি, ইমিডিয়েটলি হাওড়া মিউনিসি-প্যালিটির উপর যেন বিশেষ দৃষ্টি দেন।

শ্রীঅজিতকুমার পাঁজাঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তরুণ নতুন সদস্যকে আমরা নিশ্চয়ই স্বাগত জানাচ্ছি, তিনি আজকে যে সুন্দরভাবে তাঁর বক্তব্য রেখেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ না দিয়ে পারছি না। তিনি এখানে আসার প্রায় দ্বিতীয় দিনে হাওড়া সম্বন্ধে সুন্দরভাবে লিখে আমার কাছে কোথায় কি অসুবিধা আছে জানিয়েছিলেন এবং আমাদের হাওড়ার শিক্ষামন্ত্রী তিনিও জল সম্বন্ধে একটা রিপোর্ট পাঠিয়েছিলেন, সে সম্বন্ধে আমরা সঙ্গে সঙ্গে ব্যবস্থা করবার জন্য হাওড়া মিউনিসিপ্যালিটি যিনি এখন দেখাশুনা করছেন, তাঁকে বলেছি এবং পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং থেকে জলের কতটুকু কি ব্যবস্থা করা যায় সে সম্বন্ধে আমরা বিস্তারিত বিবরণ নিয়ে চীফ মিনিস্টারের কাছে পাঠিয়েছি।

[3-00—3-45 p.m.]

অসুবিধা শুধু এটুকু দাঁড়িয়েছে পাবলিক হেল্থ ইঞ্জিনীয়ারিং থেকে যে সমস্ত টিউবওয়েল করা হয় সেই টিউবওয়েলগুলো তৈরি করা অবধি তাদের দায়িত্ব থাকে—মেন্টেনেন্স-এর ভার থাকে মিউনিসিপ্যালিটির উপর। কিন্তু দুর্ভাগ্যবশতঃ দেখা গেল সেই মেন্টেনেন্স কিছুই করা হয় নি। পাম্প তৈরি করা হয়েছে, কিন্তু সেখানে পাম্পম্যান অ্যাপয়েন্টেড নেই। অর্থাৎ যিনি পাম্প চালাবেন সেই লোক অ্যাপয়েন্ট করা হয় নি। পাম্প-এর জন্য একজন গার্ড দরকার, কিন্তু তার নিয়োগ অর্থাভাবে করতে পারছে না। সিই রিপোর্ট পাবার পর আমরা দায়িত্ব নিয়েছি। কোথাও নিজে গিয়ে দাঁড়ালে ময়লা পরিষ্কার হবে এবং তারপর বাড়ি চলে এলে আর ময়লা পরিষ্কার হবে না এ রকম কিছু লোক রয়েছে। আমি টেম্পোরারীভাবে কলকাতা এবং হাওড়া

দেখছি। আমি জানি কিছু অসুবিধা রয়েছে এবং সবকিছু পরিষ্কার করা হচ্ছে না। আমি শুধু তদারকি করছি যতক্ষণ পর্যন্ত না শ্রী ঘোষ আসছেন। আমি জানি জনসাধারণের যথেষ্ট কষ্ট হচ্ছে। জলের উন্নতি যাতে করা যায় তার জন্য শিক্ষামন্ত্রী এবং নবীন তরুণ সদস্যের কাছ থেকে যে সাজেসনস্ পেয়েছি সেটা পরীক্ষা করে দেখছি এবং যাতে তাড়াতাড়ি কার্যকর করা হয় তার জন্য ব্যবস্থা নিচ্ছি।

শ্রীমহাদেব মুখোপাধ্যায়ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের আরামবাগ মহকুমার খানাকুল, গোঘাট, পুরসুরা প্রভৃতি অঞ্চলে পানীয় জলের সমস্যা দেখা দিয়েছে। আজকে আকাশে বৃষ্টি নেই। আমাদের আরামবাগ মহকুমা আজকে খরার সম্মুখীন হয়েছে। টিউব-ওয়েল যেগুলো ছিল তার শতকরা ১০ ভাগ চালু নেই। আজকে প্রত্যেকটা গ্রামে খরা দেখা দিয়েছে এবং গ্রামের প্রত্যেকটা কল অকেজো হয়ে রয়েছে। ওয়াটার লেভেল ৩০ থেকে ৩৫ ভাগ নীচে নেমেছে। আজকে আমাদের ওখানে জল না পেয়ে মানুষের মধ্যে হাহাকার দেখা দিয়েছে। অন্দর বাড়িতে যে কল রয়েছে তার জল ওয়াটার লেভেলের নীচে নেমে যাবার জন্য ফার্স্ট লেয়ারে জল যেটা পাচ্ছে সেটা অত্যন্ত অস্বাস্থ্যকর। মানুষের উপকারের জন্য এই কল আমি বসিয়েছি। কোন রকমে সেই জল নিয়ে স্থানীয় লোকেরা বেঁচে রয়েছে। ফার্স্ট লেয়ারে যে জল পাচ্ছি ৪০।৪৫ ফুটের মধ্যে সেটা মানুষকে দিতে পারছি না। আজকে পুকুর, ডোবা, খাল যেগুলো ছিল সেগুলো সব শুকিয়ে গেছে এবং মাঠ ফেটে গেছে। অগভীর নলকূপ যেগুলো ছিল সেখানে জলের লেভেল নেমে যাবার জন্য সেগুলো বন্ধ হয়ে যাচ্ছে। বোরো ধান শুকিয়ে যাচ্ছে। কাজেই এক সপ্তাহের মধ্যে যদি জলের ব্যবস্থা না করা হয়, তা হলে বোরো ধান যেটা বপন হয়েছিল সেগুলি সব নষ্ট হয়ে যাবে। খানাকুল এবং আরামবাগের নদীতে সুতোর মত জল যাচ্ছে, মুণ্ডেশ্বরী শুকিয়ে গেছে। রিভার লিফ্‌ট ইরিগেশন যেগুলো রয়েছে সেগুলো সার্ভিস দিচ্ছে না।

এই যে খরার সম্মুখীন আরামবাগ মহকুমা হয়েছে, সেখানে মানুষ পানীয় জল পাচ্ছে না, সেখানে বোরো চাষ নষ্ট হতে চলেছে। আকাশে বৃষ্টি নাই।

Mr. Deputy Speaker: Mr. Mukhopadhyay, it is a mention case. You are not to deliver a speech. You have already called the attention of the Hon'ble Minister. Please finish your statement within one minute.

শ্রীমহাদেব মুখোপাধ্যায়ঃ আমি একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করছি। এখানে শ্রমিকেরা অনাহারে মরছে। টেস্ট রিলিফ হচ্ছে না। ক্যাশ রিলিফের কাজ শুরু করতে পারা যায় নি। এখানে যে সমস্ত মামুলি টিউবওয়েল আছে তা চলবে না, এখানে সায়েন্টিফিক সিলিন্ডার সিস্টেমে টিউবওয়েল দিতে হবে। তাতে যদি খরচ বেশী হয়, তা হোক। এই সিলিন্ডার সিস্টেমে নলকূপ যদি বসান যায়, তা হলে খরার সময়ও জল পাওয়া যাবে। আমাদের ওখানে দুই একটি এই সিস্টেমে বসান হয়েছে, তাতে এখনও জল পাওয়া যাচ্ছে; এ বিষয়ে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব, তিনি যেন ওখানে সিলিন্ডার সিস্টেমে নলকূপ বসানোর ব্যবস্থা করেন। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

अध्यक्ष महोदय. भाटपाँरा के अन्तर्गत शामनगर मुल्ला पावर हाउस के करीब एक बहुतही प्राचीन १२ मन्दिरें है। इस मन्दिरका निर्माण काल मैंने स्वयं देखा है. सम्वत् शताब्दि १९२८-९-३ दिन रविवार को हुआ है। लेकिन बड़े दुख की बात है कि इतना पुरातन १२ शिव मन्दिर जिसका निर्माण गुलाम भारत में हुआथा. आज आजाद भारत में उसी मन्दिर का पूजा-पाठ बन्द हो गया है। इस मुल्ला पावर हाउस का जन्मटी जिस समय नहीं हुआ था. उसके बहुत ही आगे ये १२ मन्दिर बना हुआ था। लेकिन हठात् देश के उपर जब आक्रमण हुआ. उसी मौके की ताक में मुल्ला जोर पावर हाउस के मालिक ने मन्दिर पर हमला किया।

एक वा एक जो कुछ सुविधा थी सेन्ट्रल रोड से जाकर मन्दिरमें हमारी मा-बहनों या तमाम लोगो को पूजा-पाठ-अर्चना करने की-उन तमाम सुविधाओं को इमर्जेन्सी बोलकर बन्द कर दिया गया। आज बड़े दुख की बात है कि इस १२ शिव मन्दिरकी पूजा-अर्चना समस्त कुछ बन्द है।

आजाद भारत के अन्दर सभी नर-नारी सभी जाति और सम्प्रदाय के लोगों को इतना अधिक अधिकार है जिसका वर्णन नहीं किया जा सकता है। सन् १९७१ के अन्दर एक बार वहां के लोग मन्त्री महोदय के पास इसके लिए अपील भी किया था। लेकिन राज-नैतिक उथल-पुथल के कारण किसी भी समस्या का समाधान नहीं हो सका। इसलिए आज वहां के लोगों में-वहा के नर-नारियो में इसके लिए अत्यन्त क्षोभ है-क्योंकि मन्दिर में पूजा-पाठ बन्द है।

इसके साथही एकबात और कहनी है वह यह है कि उसी के बगले में एक पीर का मजार है। ये दो-दो धर्म के स्थान है लेकिन इनमें पूजा-पाठ बन्द है। मैं नही जानता कि कौनसा कायदा-कानून से बन्दकर दिया गया है। जबकि यहा की जनता को भारत राष्ट्र के अन्दर अपने धर्म-अपने कर्म को पूजा-पाठ करने को भारत सरकार की ओर से पूर्ण अधिकार दिया हुआ है।

इसलिए मै विभागीय मंत्री से अनुरोध करता हूं कि इस विषय की ओर ध्यान दें। ताकि वहां के सभी सम्प्रदायके लोग साथ ही हिन्दू-मा-बहने पूजा-पाठ कर सकें। मै मंत्री महोदय से अनुरोध करता हूं कि वे जल्द से जल्द पूजा के लिए उस रास्ते को खुलवायें. नही तो वहां एक विषफोटक हालत होगी जिसका वर्णन नही किया जा सकता है।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিশেষ একটা গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করতে চাই। গত শনিবার আলিপুরদুয়ারের আশেপাশে ঘূর্ণিবার্তা এবং শিলাবৃষ্টি হয়ে গেছে, সেদিন রাত্রিতে ১টা থেকে দুটোর মধ্যে ঝড় হয়েছে। সেই ঝড়ের ফলে হাজার হাজার মানুষের ঘরবাড়ি নষ্ট হয়েছে। অনেক লোকের ঘর একেবারে নষ্ট হয়ে গেছে, ধ্বংস হয়ে গেছে। যে পাট চাষ হয়েছিল সেটা শিলাবৃষ্টিতে ধ্বংস হয়ে গেছে, আউস ধান এবং অন্যান্য জিনিস নষ্ট হয়েছে। দুঃখের কথা, পরিতাপের কথা, পরের দিন দেখলাম যাদের ঘরবাড়ি নষ্ট হয়েছে তারা উন্মুক্ত আকাশের নীচে অসহায় অবস্থার মধ্যে আছে। তাদের সাহায্যের জন্য ত্রাণ বিভাগ থেকে কিছুই করা হয় নি। ওখানকার মহকুমা শাসক জলপাইগুড়িতে ছিলেন, তাঁকে রেডিওগ্রাম করে জানান হয়, ডেপুটি কমিশনারকে জানান হয়, কেউ আসেন নি। ত্রাণ মন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম আজকে, উনি বলেছেন, আজ পর্যন্ত কোন রিপোর্ট পান নি। মহকুমা শাসক লেভেলে বা ডেপুটি কমিশনার লেভেলে কোন রিপোর্ট আসে নি। আমরা কোথায় আছি, আলিপুরদুয়ারে যে সমস্ত যোগাযোগ ব্যবস্থা আছে, টেলিগ্রাম লাইন নষ্ট হয়ে গেছে, টেলিফোন লাইন নষ্ট হয়ে গেছে, বিজলী নষ্ট হয়ে গেছে, মানুষ অন্ধকারের মধ্যে আছে কোন যোগাযোগ ব্যবস্থা নাই। আমি নিজে পরের দিন রবিবার বিকাল বেলা রেডিওগ্রাম করেছি মুখ্যমন্ত্রীকে, কোন ব্যবস্থা হয় নি। কি লজ্জার কথা, আমার কন্সটিটিউয়েন্সীতে এত বড় বিভীষিকাময় ঘটনা ঘটে গেল, মানুষ অসহায় অবস্থার মধ্যে আছে, তার পরের দিনও বৃষ্টি হয়েছে সেই বৃষ্টিতে শিশুরা, মায়েরা এবং বোনেরা ভিজেছে, কি অসহায় অবস্থা আমরা কোথায় আছি। এখানে আমরা বড় বড় বক্তৃতা করছি, মন্ত্রীরাও বলছেন, খবরের কাগজে হেড লাইন বেরুবে। কিন্তু বস্তবক্ষেত্রে কি অসহায় অবস্থা আমি বলছি আপনি সেখানে গেলে

দেখবেন আমলারা কি করছে। এই ব্যাপারে অর্থের কোন অসুবিধা নাই, সরকার এ সম্বন্ধে ব্যয় করতে প্রস্তুত, রিলিফ পাঠাতে প্রস্তুত, মানুষ যখন বিপদাপন্ন তখন তাদের পাশে গিয়ে দাঁড়ান উচিত। আর একটা কথা—জলপাইগুড়িতে একটা মিশন প্রতিষ্ঠান আছে তাদের অর্থ সাহায্য করতে ডেকে নিয়ে গেছলাম, আমি ওখানে ছিলাম না, পরে জানতে পারলাম, সেদিন মহকুমা শাসক বললেন যে, বিশেষ কিছু হয় নি, কোন সাহায্যের প্রয়োজন নাই। পাশে দেওগাঁ নামক জায়গায় কিছুদিন আগে ঘূর্ণিবাত্যায় সাত জন লোক মারা গিয়েছে। এই যে ঘূর্ণিবাত্যায় এবং শিলাবৃষ্টিতে লোক মারা গিয়েছে তার প্রতি আমি সকলের দৃষ্টি আকর্ষণ করছি, সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে আলিপুরদুয়ারে অসহায় অবস্থার লোকদের সাহায্য করা হোক, নইলে ওখানকার মানুষ আন্দোলনে নামতে বাধ্য হবে, সরকারবিরোধী জনগণ সেখানে গড়ে উঠবে।

(At this stage the House was adjourned for 30 minutes.)

[3-45—4-55 p.m.]

(After adjournment.)

শ্রীশচীনন্দন সাউঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখনই একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলা থেকে পাঁচ-সাত শো লোক কোলিয়ারী শ্রমিক এখানে অবস্থান ধর্মঘট করছেন। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এটা বার বার বলা হয়েছে।

Mr. Speaker: Mr. Shaw, please take your seat. You ought to have taken my permission beforehand. I would have allowed you. Please follow the rules. I will give you the opportunity to mention.

LEGISLATION

The West Bengal Co-operative Societies Bill, 1973

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ সোসাইটি বিলের আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে আমি প্রথমে বলতে চাই যে, মাননীয় সমবায় দপ্তরের মন্ত্রিমহাশয় যে বিল উত্থাপন করেছেন তা এমন একটা বৃহত্তম বিল এবং এত অল্প সময়ের মধ্যে সেই বিল সার্কুলেট করা হয়েছে, জানি না তার উদ্দেশ্য কি। বুঝি না উদ্দেশ্য কি। আমি স্কুল জীবনে লেখাপড়া করেছি, কলেজ জীবনেও লেখাপড়া করেছি, কিন্তু এই বিলের মধ্যে কয়দিন থেকে ডুবে থেকেও এর মানে কিছু উদ্ধার করা সম্ভব হচ্ছে না। স্কুল জীবনে ও কলেজ জীবনে যদি বিল সম্বন্ধে ভাল করে স্টাডি করবার চেষ্টা করতাম, তা হলে বোধহয় বেশ কিছু ভাল ডিগ্রী নিয়ে বেরিয়ে আসতে পারতাম।

(এ ভয়েসঃ নকল করে পাস করলে সবকিছু বোঝা যায় না।)

নকল আমাদের যুগে ছিল না। মাননীয় মুখ্যমন্ত্রী তো সেদিন এ সম্পর্কে বলেছেন। যা হোক, মাননীয় স্পীকার স্যার, এই যে কো-অপারেটিভ সোসাইটি বিল এসেছে এর উপর বক্তব্য রাখতে গিয়ে গতকাল মাননীয় কুমারদীপ্তিবাবু, সুকুমারবাবু, তিমিরবাবুকে কটাক্ষ করে ভূতের মুখে রাম নামের কথা তাঁরা বলেছিলেন। তার আগে বলে রাখি, কো-অপারেটিভ সোসাইটিজ বিলের উপর বক্তব্য করতে উঠে এমন এক সময়ও বলিনি স্বর্গীয় তদানীন্তন ভারতবর্ষের শ্রদ্ধেয় প্রধানমন্ত্রীর নাম আমি উচ্চারণ করেছিলাম। কিন্তু তাঁরা না বুঝে অহেতুক মন্তব্য করেছিলেন। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, মাননীয় মন্ত্রিমহাশয়গণ হাউসেও থাকেন না, আর যদি বা আসেন, শোনেন না। কেবল হিসাব করেন কোথায় কোথায় ট্যুর প্রোগ্রাম আছে, কত ফুলের

মালা পাওয়া যাবে। কাজেই যদি আমাদের বক্তৃতা শুনে সত্যিকার কিছু বলেন, আপত্তি থাকে না। আমি তাই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, আমি যে বক্তব্যগুলো রাখবো আশা করি তিনি সেগুলো শুনবার চেষ্টা করবেন এবং তাঁর জবাবী ভাষণে নিশ্চয় সদুত্তর পাবো। কো-অপারেটিভ বিলের উপর বক্তব্য রাখতে গিয়ে একটা জিনিস প্রথমে আমাদের স্মরণ করতে হয় যে, আজ পুঁজিবাদী সমাজব্যবস্থা, ধনতান্ত্রিক সমাজব্যবস্থা ভেঙ্গে চুরমার করে সমাজতান্ত্রিক অর্থনৈতিক কাঠামো সমাজে ইন্ট্রোডিউস করাই হচ্ছে সমবায় আন্দোলনের মূল উদ্দেশ্য। কারণ সমাজের নিম্ন এবং নিম্ন মধ্যবিত্ত এরা চিরকাল সমাজের অবহেলিত, লাঞ্ছিত হয়ে আছে। তাদের বাস করবার যোগ্য ঘরবাড়ি তৈরি করতে পারে না, দুবেলা পেটে অন্ন দেবার সুযোগ পায় না, কিন্তু আজকে কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে অন্তত এইটুকু করা যেতে পারে, কতকগুলো নিম্নবিত্ত এবং মধ্যবিত্ত সম্প্রদায়ের লোক স্বতস্ফূর্তভাবে তাদের এমন একটা সংস্থা গড়ে তুলবে যার মাধ্যমে সমস্ত সদস্যরা তাদের আর্থিক অবস্থার উন্নতিসাধন করতে পারে। এই যে কো-অপারেটিভ সোসাইটি বা সমবায় আন্দোলন এটা কেউ বা কোন কর্তৃপক্ষ জোর করে কারো উপরে চাপিয়ে দিতে পারে না বা চাপিয়ে দেয় না এটা সাধারণতঃ আমরা দেখি। এর যে নীতি এটা স্বতস্ফূর্তভাবে আসবে, স্বেচ্ছাপ্রণোদিতভাবে আসবে। কো-অপারেটিভ সোসাইটির সঠিক ডেফিনেসান যেটা আমরা দেখে আসছি সেটায় বলা হয়--

A Co-operative Society is a voluntary association of the members for their economic improvement through self-help and mutual help.

পরস্পর পরস্পরের সহযোগিতা, পরস্পর পরস্পরের সদিচ্ছা ইত্যাদির উপর ভিত্তি করে কো-অপারেটিভ সোসাইটি গড়ে উঠে। আমাদের তদানীন্তন কালের ভারতের প্রধানমন্ত্রী শ্রদ্ধেয় জওহরলাল নেহরু চেয়েছিলেন, ভারতবর্ষে সমবায়ভিত্তিক অর্থনৈতিক কাঠামো গড়ে তুলতে এবং সঙ্গে সঙ্গে চেয়েছিলেন সোসালিস্টিক ডেমোক্রেসি। তিনি মানবেন্দ্রনাথের আদর্শে অনুপ্রাণিত হয়ে চেয়েছিলেন ভারতবর্ষে এমন এক সমাজব্যবস্থা গড়ে উঠবে বা চালু হবে যাতে সমাজের সার্বিক কল্যাণ সাধন হয়, বিশেষ করে নীচের দিকে।

[3-55—4-05 p.m.]

কিন্তু আমরা দেখছি কি? তিনি প্রথমে উপরতলা থেকে সেই সমাজ ব্যবস্থাকে গড়বার চেষ্টা করেছিলেন, তাঁর থিয়োরীতে একটু ভুল হয়ে গিয়েছিল সে বিষয়ে কোন সন্দেহ নেই। বর্তমান কালের ভারতের যিনি প্রধানমন্ত্রী তিনি হয়ত এটাকে কার্যকর করলেও করতে পারেন, কিন্তু সদিচ্ছার অভাব আছে। এই সমবায় আন্দোলনের পরিপ্রেক্ষিতে আলোচনা করতে গিয়ে মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই যে, বিলটা একেবারে খারাপ একথা যেমন বলছি না তেমনি বিলটা একেবারে নিখুঁত এটাও বলছি না। মাননীয় মন্ত্রিমহাশয় সেকথা গতকাল স্বীকার করেছেন। বিলের মধ্যে কতকগুলি ত্রুটি থেকে গিয়েছে এবং আরো কতকগুলি ত্রুটি যা ছিল সেটা তাঁরা নিজেরাই চেষ্টা করে নিজেদের তরফ থেকে অর্থাৎ পার্লামেন্টারী এফেয়ার্সের মিনিস্টারের নামে অ্যামেন্ডমেন্ট এনে নিজেরাই সংশোধন করেছেন। কিন্তু এর মধ্যে আরো যে ব্যাপক ভুল থেকে গিয়েছে সেদিকে আপনার মাধ্যমে স্যার, মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো। এর চেয়ে আরো সংশোধনের প্রয়োজন সেকথা তিনি হয়ত আমরা বামপন্থীরা বলছি বলে অস্বীকার করতে পারেন, কিন্তু প্রকৃতপক্ষে তিনি নিশ্চয় এটা অনুধাবন করবেন যে, বিলের মধ্যে ব্যাপর ত্রুটি থেকে গিয়েছে এবং সেগুলি সংশোধন করা দরকার। আমরা যে অ্যামেন্ডমেন্টগুলি নিয়ে এসেছি আশা করি তিনি সেগুলি লক্ষ্য করবেন। আমরা বামপন্থীরা এনেছি বলে সেটা গ্রহণ করা লজ্জার ব্যাপার বলে যদি তিনি মনে করেন, আমি বলব সেটা ঠিক হবে না। কারণ এখানে মানসম্মানের ব্যাপারই যদি থাকে, তা হলে বিলটা হাউসে উপস্থিত করারই দরকার হত না বা ২৮ জনে কোরাম হয় সেই কয়টা লোক নিয়েই আপনারা বিলটা পাশ করিয়ে নিতে পারতেন, কিন্তু তা নয়, হাউসে বিলটা উপস্থিত করার প্রয়োজন আছে এবং এর প্রত্যেকটি ধারা পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা করার প্রয়োজন আছে। আর এর যেখানে

যেখানে ভুলত্রুটি আছে সেগুলি সংশোধন করারও প্রয়োজন আছে। সেই কারণেই বিলটি হাউসে উত্থাপন করা হয়েছে এবং এটাই হচ্ছে চিরাচরিত রীতি। কাজেই বিলের মধ্যে যেসমস্ত গলদ থেকে গিয়েছে সেগুলি সংশোধন না করলে যে উদ্দেশ্য নিয়ে তিনি বিলটি নিয়ে এসেছেন বা যে উদ্দেশ্য সাধন করার জন্য তিনি প্রয়াস চালাচ্ছেন সেটা ব্যর্থ হবে। সে দিক থেকে সজাগ হবার জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি। সমবায়ভিত্তিক সমাজব্যবস্থা গঠন করবার যে পরিকল্পনা বিলের মধ্যে আছে সেই সমবায়ভিত্তিক সমাজব্যবস্থা ও রাষ্ট্রব্যবস্থা গঠন করার পথে যে বিরাট হিনড্রেনস—বাধা থেকে গিয়েছে সেটা তিনি অস্বীকার করে বেরিয়ে যেতে পারবেন না। তাঁর এই চিন্তা করা উচিত যে, সমাজের নিম্নস্তরের মানুষ—কৃষক, যারা ছোট ছোট শিল্প সৃষ্টি করে তারা, এদের ক্ষেত্রে এই সমবায় আন্দোলনের কত প্রয়োজন। কিন্তু তাদের ক্ষেত্রে কত বাধার সৃষ্টি হবে এই বিলের বিভিন্ন ধারায় যখন আমরা অ্যামেন্ডমেন্ট মুভ করবো তখন ক্লজ বাই ক্লজ বোঝাবার চেষ্টা করবো এবং তখন সেটা তিনি দেখতে পাবেন। কিন্তু যেকথা বলতে চাই, তাঁকে আমি অনুরোধ করি তিনি যেন বিলটা একটু পড়েন। আমার মনে হয় এই বিল আপনি নিশ্চয়ই পড়েন নি, শুধু সই করেছেন, যে বিল আমলারা তৈরি করেছে, এই বিলের মধ্যে যে গলদগুলি থেকে গেছে এই গলদগুলির পুঙ্খানুপুঙ্খরূপে আপনারা যারা কো-অপারেটিভ করেন তাদের সঙ্গে পরামর্শ করে করা উচিত ছিল। সঙ্গে সঙ্গে আপনার কাছে অনুরোধ রাখতে চাই যে, এখনও সময় আছে, তাড়াহুড়া করে এই বিল পাশ করার প্রয়োজন নেই। সিলেক্ট কমিটির যে প্রস্তাব এসেছে সি পি আই থাকবে আপনাদেরই মোর্চার শরিক। কাজেই সিলেক্ট কমিটিতে দু সপ্তাহের জন্য হলেও দিন এতে মহাভারত অশুদ্ধ হয়ে যাবে না বা কোন মান-সম্মানের প্রশ্ন আসবে না। আপনারা থাকুন, আপনারা থেকে তাদের নিয়ে বসে বিলের প্রত্যেকটি ধারা আলোচনা করুন, আলোচনা করে সুস্থভাবে একটা বিল নিয়ে আসুন আমরা সমর্থন করবো। আমরা একথা বলছি না যে সমর্থন করবো না। কালকে তিমিরবাবু বলেছেন, কো-অপারেশনের কথা, আমরা নিশ্চয়ই সহযোগিতা করবো। যখন এটা কো-অপারেটিভ বিল তখন নিশ্চয়ই এই বিলের সংশোধন যেগুলি এসেছে সেই সংশোধনের জন্য আমাদের কো-অপারেশন চান, আমরা নিশ্চয়ই কো-অপারেশন করবো। কিন্তু দেখছি কি? এই বিলের মধ্যে যে ত্রুটি থেকে গেছে, সেই ত্রুটি সংশোধন করার জন্য আমাদের কাছ থেকে কো-অপারেশন নেবেন না। কিন্তু আপনাদের মধ্যে নিশ্চয়ই কো-অপারেশন আছে সেকথা আমরা নিশ্চয়ই বলবো। মাননীয় স্পীকার স্যার, আপনি জানেন যে, এই সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা প্রথম আদিতে যখন রাষ্ট্র-ব্যবস্থা প্রবর্তিত হয়েছিল তখন আপনি জানেন, যে হবস যে থিয়োরী দিয়েছে, লক যে থিয়োরী দিয়েছে, কিন্তু আস্তে আস্তে ডেভেলপ হতে হতে আজকে সমাজব্যবস্থা কোথায় এসেছে। একদিকে নিষ্পেষণের যন্ত্র আর একদিকে নিষ্পেষিত জনসাধারণ তার অবসান ঘটিয়ে বর্তমান সমাজব্যবস্থা এসেছে। এখনও পর্যন্ত কো-অপারেটিভ মুভমেন্ট গ্রো ভারতবর্ষে সম্পূর্ণ-রূপে করে নি। আপনি যে কো-অপারেটিভ মুভমেন্ট-এর কথা বলেছেন, সেটা হচ্ছে শহরাঞ্চলের কতকগুলি ক্ষেত্রে মোটামুটিভাবে ইন্ট্রোডিউস করতে পেরেছেন। কিন্তু পশ্চিমবাংলায় গ্রামাঞ্চলের যে কো-অপারেটিভ আন্দোলন সেই কো-অপারেটিভ আন্দোলনের ব্যাপক প্রসার হওয়া দরকার। গ্রামাঞ্চলের যেখান থেকে সমস্ত শস্য উৎপাদন হয়, যেখানে সাধারণ দরিদ্র মানুষ কৃষক মানুষ বাস করেন সেই ক্ষেত্রে কো-অপারেটিভ মুভমেন্ট বা কো-অপারেটিভ সোসাইটির যে নীতি, যে আদর্শ সেটা ইন্ট্রোডিউস করে তাদের বুঝিয়ে দেওয়া, তাদের ট্রেনিং দেওয়া দরকার একথা হয়ত অস্বীকার করবেন না। কিন্তু আমরা কি দেখছি? আমরা দেখছি যে ২।১টি ক্যালকাটা হোলসেল ট্রেড বা হাউস বিল্ডিং-এর কয়েকটি সোসাইটি বা কুচবিহারে একটি সোসাইটি বা আরো ২।৪টি জায়গায় সোসাইটি আছে সেই সোসাইটির উপর বেস করে কো-অপারেটিভ আন্দোলন সাকসেসফুল কখনও হতে পারে না।

[4-05—4-20 p.m.]

প্রয়োজনে আপনাকে গ্রামভিত্তিক, ব্লকভিত্তিক কো-অপারেটিভ সোসাইটি গড়ে তুলতে হবে। আপনাকে কয়েকটি উদাহরণ দিচ্ছি, ১৯৭০ সালে মুর্শিদাবাদ জেলার সুতি থানার বাজিতপুর গ্রামে এগ্রিকালচারাল কো-অপারেটিভ সোসাইটি গড়ে উঠেছে আজ দীর্ঘদিন ধরে। তারা তাদের ভূমির উন্নতির জন্য এবং বিভিন্ন ব্যাপারে বার বার আবেদন করেছে। আপনি বলবেন যে, আমার কাছে দরখাস্ত আসে নি, কিন্তু আপনার দপ্তরে আছে। অথচ তারা চিন্তা করতে পারছে না যে কেন তারা লোন পাচ্ছে না, তাদের কৃষির উন্নতির জন্য যে প্রয়োজন রয়েছে তার জন্য তারা কেন অর্থ পাচ্ছে না? লোন না পাওয়ার ফলে কো-অপারেটিভ আন্দোলনের প্রতি যে ঝোঁক সেই ঝোঁক তাদের কাছ থেকে আস্তে আস্তে সরে যাচ্ছে। যে কথা আমি বলতে চাই, যে কথা আমি কো-অপারেটিভ সোসাইটিস (অ্যামেন্ডমেন্ট) বিলের উপর বলেছিলাম, এই বিলের সম্বন্ধেও সেই কথা আছে যে, কি ত্রুটিগুলি আছে। আমরা কয়েকটি ত্রুটির দিকে মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। এই বিলের ১০৬১ পাতায় দেখুন সেক্সন ৭৬(১) তাতে আপনি বলেছেন যে, রেজিস্ট্রার যদি মনে করে, হোয়ার দি রেজিস্ট্রার ইজ স্যাটিসফায়েড—এই থেকে আরম্ভ হচ্ছে, রেজিস্ট্রার যদি মনে করেন যে, কোন কো-অপারেটিভ সোসাইটি দুর্বল হয়ে গিয়েছে এবং এর দ্বারা কো-অপারেটিভ আন্দোলন ব্যাহত হচ্ছে, তা হলে সে ক্ষেত্রে তিনি একটা বড় কো-অপারেটিভ সোসাইটির সঙ্গে তাকে অ্যামালগ্যামেট করে দিতে পারবেন বা করে নেবেন। এখানে প্রশ্ন আমাদের যেটা হচ্ছে, মাননীয় স্পীকার স্যার, কোনটা রুগ্ন, কোনটা দুর্বল, কোনটার দ্বারা সমাজের কো-অপারেটিভ আন্দোলন ব্যাহত হচ্ছে এটা কিভাবে বোঝা যাবে? কেননা আমার মনে হয় বোঝার কোন থার্মমিটার নেই যে থার্মমিটারের সাহায্যে বোঝা যাবে যে এটা দুর্বল হয়েছে। এখানে থার্মমিটার বলতে বোঝাচ্ছে রেজিস্ট্রারের মন। আমি আগেই বলেছি যে, বর্তমান যে শাসনব্যবস্থা চলছে, সেই শাসনব্যবস্থা সমবায়ভিত্তিক শাসনব্যবস্থা নয়, গণতান্ত্রিক পদ্ধতি অনুসারে এই শাসনব্যবস্থা লচছে না, এই শাসনব্যবস্থা চলছে আমলাতান্ত্রিক উপায়ে, তাই আমলাতন্ত্রের হাতে ক্ষমতা দিয়েছেন। তিনি মনে করলেন, এটা দুর্বল, তা হলেই বড়টির সঙ্গে অ্যামেলগ্যামেট করে দেবেন। এর ফলে হবে কি, আপনি বলেছেন দুর্বল কো-অপারেটিভ সোসাইটির শেয়ারহোল্ডার যারা, যারা ডিপোজিটর তাদের ইন্টারেস্ট কমে যেতে পারে। আপনি করলেন কি, রুগ্ন মনে করে নিজের চিন্তার দ্বারা স্থির সিদ্ধান্তে পেঁ'ছে গেলেন যে, এটা রুগ্ন, এটা দুর্বল অতএব এটাকে বড়র সঙ্গে অ্যামেলগ্যামেট করে নেব, এটা আপনি করলেন। অব যে ডিপজিটর, যে শেয়ার-হোল্ডার তার ইন্টারেস্ট কমে গেল, বেচারি কি অপরাধ করল? আপনার কি বিচার বুদ্ধি প্রয়োগ করেছেন এটা অন্তত আমাদের কাছে ঠিক বলে মনে হচ্ছে না। সঙ্গে সঙ্গে আপনি আরো বলেছেন যে, রুগ্ন দুর্বল কো-অপারেটিভ সোসাইটিতে যারা কর্মচারী আছে তাদের বড়র মধ্যে নিয়ে নেওয়া হবে, তাদের চাকুরির কোন অসুবিধা হবে না, পূর্বে তাঁরা যে সুযোগ-সুবিধা পেতেন এখনও সেই সুযোগ-সুবিধা পাবেন। এরপরে আবার বলেছেন প্রোভাইডেড, সুন্দর কথা যে, যদি কো-অপারেটিভ মনে করে যে, এই ব্যক্তির দ্বারা কো-অপারেটিভ আন্দোলন ব্যাহত হচ্ছে, তা হলে সঙ্গে সঙ্গে তাকে বরখাস্ত করে দেওয়া হবে। আপনি বরখাস্ত নাও করতে পারেন, সেখানে আইনে একটা ফাঁক রেখে দিয়েছেন। মাননীয় স্পীকার মহাশয়, এটার দ্বারা কি প্রমাণিত হয় না যে, এখানে সুন্দর একটা দলবাজি হওয়ার সুযোগ রয়েছে? যাকে বরখাস্ত করবেন সে হয়ত আপনার দলভক্ত লোক নয়, যেহেতু আপনার দলভুক্ত নয় সেহেতু তাকে দলভুক্ত করার জন্য, রুটিতে মারার জন্য আপনি তাকে বরখাস্ত করতে যাচ্ছেন এবং বলছেন, এর বিরুদ্ধে হাইকোর্টে কোন প্রকার মামলা অ্যাপিল করা যাবে না। ১০৬৫ পাতায় ৯ নম্বর কলামে বলছেন—

Notwithstanding anything contained in any other law for the time being in force, an order under sub-section (1) shall not be called in question in any court of law.

কেটের আশ্রয় নেওয়া যাবে না। মিঃ স্পীকার, স্যার, ফাঁসির কাষ্ঠের যে আসামী যে মার্ডার কেসের সঙ্গে জড়িত হয়ে ফাঁসির কাষ্ঠে যাচ্ছে তারও আত্মপক্ষ সমর্থন করার অধিকার আছে, কিন্তু এমন আইনের ধারা তিনি নিচ্ছেন যে, কোর্টে যাওয়ার কোন সুযোগ রাখছেন না। তাই মাননীয় মন্ত্রীর কাছে আমি অনুরোধ করব, আমি যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছি এই ধারাটাকে অমিট করবার জন্য তিনি যেন এটাকে অ্যাকসেপ্ট করেন। অ্যাক্টের পাতায় যেটা লিখে দিয়েছেন সেটা আমরা দেখেছি, কিন্তু এর পূর্বেও দেখেছি হাইকোর্টের উপর আপনারা যেভাবে ক্ষমতা প্রয়োগ করে যাচ্ছেন তাতে দেখবেন আবোল-তাবোল বলে আপনাদের হাইকোর্টে না যেতে হয়। এই নজির পূর্বেও রয়েছে, আপনাদের হাইকোর্টে যেতে হয়েছে। মিঃ স্পীকার স্যার, ২৫ ধারার ১ উপধারায় কি কথা বলা হচ্ছে দেখুন—

If the Registrar is satisfied for reasons to be recorded by him in writing that the Managing Committee of a Co-operative Society is mismanaging its affairs, he may under clause (b) of sub-section (1) of section 22 direct that within such time as he may determine, a special general meeting of the Society shall be held to dissolve and reconstitute the Managing Committee.

অর্থাৎ রেজিস্ট্রার যদি মনে করেন, তা হলে তিনি ম্যানেজিং কমিটিকে ডিজলভ করে দিয়ে আবার রিকন্সটিটিউট করতে পারেন। এখানে আবার ৮ নম্বরে বলা হচ্ছে, হাইকোর্টের আশ্রয় নেওয়া যাবে না। তারপর, মোটামুটি এই ধারাতে আপত্তি করার কিছু নেই, তবে ওই একই কথা বলছি ধারাতে যেকথা বলা হয়েছে তাতে আপনাকে আমি কন্ট্রাডিকসনটা দেখিয়ে দিচ্ছি। আপনি যে, আত্মপক্ষ সমর্থন করবার অধিকার দেওয়া উচিত। তারপর আপনি যেটা বলছেন এবং বলেছেন যে, কমিটির সাধারণ সভায় নির্বাচন করা যায়। কিন্তু কমিটির স্পেশাল জেনারেল মিটিং-এ কোন নির্বাচন হয় নি। আবার এখানে বলছেন, স্পেশাল মিটিং-এ রিকন্সটিটিউট করা যেতে পারে। কাজেই এই দুটোর মধ্যে যে কন্ট্রাডিকসন রয়েছে সেটা আপনি একবার ভেবে দেখুন। আমি আপনাকে অনুরোধ করছি, এটা ভাল করে দেখবেন এবং এই দুটোর মধ্যে যে কন্ট্রাডিকসন রয়েছে সেটা দূর করবার চেষ্টা করবেন। তারপর বলেছেন পরপর ৩ বার—অর্থাৎ থ্রি টার্মস। ৩টি টার্মের পর যাঁরা পদে রয়েছেন তাঁরা ২ বছরের জন্য নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবেন না। এটা হতে পারে যে একটা লোক দীর্ঘদিন ধরে একটা পদে থাকলে সে স্বার্থান্বেষী হতে পারে, সে শিকড় গাড়তে পারে এবং তার ফলে অনেক রকম ক্ষতি হতে পারে এই কো-অপারেটিভ আন্দোলনে। গভর্নমেন্ট অফিসারদের ক্ষেত্রেও আপনারা তাঁদের ২।৩ বছর অন্তর ট্রান্সফার করেন, কাজেই এটা ভাল কথা। কিন্তু এটা যে নির্বাচন পদ্ধতিতে হয় সেটাকে কি করে অস্বীকার করবেন? তারপর, সঙ্গে সঙ্গে প্রোভাইডেড-এর মধ্যে যে কথা বলেছেন সেটা সবচেয়ে মারাত্মক। আপনি বলেছেন একটা লোক ৩ বছরের পর আর দাঁড়াতে পারবে না। তা হলে দেখা যাচ্ছে, আপনি নির্বাচনকে অস্বীকার করছেন। ভারতবর্ষের সংবিধানে ফান্ডামেন্টাল রাইট দিয়েছে। কিন্তু এখানে দেখা যাচ্ছে, আপনি ভারতবর্ষের সেই সংবিধানকে অমান্য করছেন। যেখানে প্রোভাইডেড কথাটা আছে সেখানে আপনি বলছেন যে, রেজিস্ট্রার একজন নমিনেটেড ব্যক্তিকে রেখে দেবেন এবং তারপর তিনি ৫ বছর থাকতে পারবেন। আপনি যদি ওই প্রোভাইডেড কথাটা না দিতেন, তা হলে আমাদের আপত্তি থাকত না। আমরা মনে করি এটা সম্পূর্ণ গণতন্ত্রবিরোধী হয়েছে। আপনি কালকে বললেন, গণতান্ত্রিক পদ্ধতিতে আইন এনেছেন এবং গণতান্ত্রিক সমাজব্যবস্থা, সমবায়ভিত্তিক সমাজব্যবস্থা গঠন করতে যাচ্ছেন এবং সেটা ধারায়ও আছে। কিন্তু আপনি নিজে চিন্তা করুন আজকে সমাজকে কোন স্তরে আপনি নিয়ে যাচ্ছেন। এই বিলের উপর নির্ভর করছে পশ্চিমবাংলার কো-অপারেটিভ আন্দোলনের ভবিষ্যত। আমরা কেবল কো-অপারেটিভ আন্দোলন করে বা সমসাময়িক যুগের লোকেরা কো-অপারেটিভ আন্দোলন করে চলে যাবে সেটা নয়, আপনাকে মনে রাখতে হবে আপনার ঘরে যে পুত্রসন্তান হয়েছে এবং আমাদের ঘরে যে পুত্রসন্তান হচ্ছে তাদের ভবিষ্যৎ এর উপর করছে।

[4-20—4-30 p.m.]

কিন্তু আপনারা যে আইন এনেছেন, এই আইনে কতকগুলি ভাল জিনিস থাকলেও কতকগুলো যায়গায় অত্যন্ত মারাত্মক ত্রুটি আছে, সে বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রিমহাশয় একটি ধারাতে এই বিলের মধ্যে বলেছেন, যেটায় আমি পরে আসছি। এই যে বিল, সেটা সংবিধানবিরোধী তাতে কি বলেছেন? দি কো-অপারেটারস ভলিউম নাম্বার টেন, এতে হিটলার, কাইজার উইলিয়ম দি সেকেন্ড তারা ফ্যাসিবাদীতে বিশ্বাসী ছিল কিন্তু তারাও কেঁপে উঠবে। কিন্তু আপনারা যা করছেন তা ঘোর ফ্যাসিবাদী যেটা এই বিলের মধ্যে প্রকাশিত হচ্ছে। আমরা অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছিলাম সেকথা আপনারা শুনতে চান নি কিন্তু আমি এখানে একটু পড়ে দিচ্ছি।

The West Bengal State Government has promulgated an Ordinance i.e., the Bengal Co-operative Societies (Amendment) Ordinance 1972 conferring such power on the Registrar of Co-operative Societies and the State Government has crippled the democratic functioning of the co-operative societies in the State. Section 2, sub-section (2) of the Ordinance debars a person from becoming membership of the Managing Committee of the society if he has been a member for consecutive three terms or three years whichever is less.

আমি আরও পড়তাম কিন্তু পড়ার সময় নেই। তারপরে দেখুন আর একটা জিনিসে এই কো-অপারেটিভ সোসাইটি আন্দোলন করতে গিয়ে আমরা দেখেছি কি কি দুর্নীতি এসেছে, সেকথা এখানে তুলে ধরতে চাই। মেহগিনি সোসাইটি বলে একটা সোসাইটি আছে, ২৮শে ডিসেম্বর মেম্বারশিপ এবং লোনের জন্য একই সঙ্গে দরখাস্ত করলেন, তাতে আপনাদের মনোনীত একজন ব্যক্তি এক্জিকিউটিভ অফিসার ছিলেন, ২৮ তারিখে দরখাস্ত করা হল, ৩রা জানুয়ারি নাইন্টিন সেভেন্টি-টুতে মিটিং বসল, পাঁচ দিনের ব্যবধান, মাঝে তিন দিন ছুটি ছিল ৩০ তারিখ খোলা ছিল এবং পাঁচ তারিখ খোলা ছিল, বাকী তিন দিন বন্ধ ছিল, এর মধ্যে যে অ্যাজেন্ডা দেওয়া হয়েছিল, সেই অ্যাজেন্ডা কি তা যদি শুনতে চান, শুনিয়ে দেব। এটা মিসলেনিয়াসের মধ্যে ধরে নেওয়া হয়েছিল, এবং তাদের মেম্বারশিপ দেওয়া হয়েছিল এবং মেম্বারশিপ দেওয়ার পাঁচ মিনিটের মধ্যে লোনের দরখাস্ত দেওয়া হয়, এক্জিকিউটিভ অফিসার আপনাদের মনোনীত প্রার্থী তার চেয়ারম্যানকে প্রভাবিত করে সদস্যদের প্রভাবান্বিত করে সঙ্গে সঙ্গে ৪ লক্ষ ৭৭ হাজার টাকা মঞ্জুর করে নেওয়া হল। অথচ কো-অপারেটিভ সোসাইটির নিয়ম অনুসারে, আপনাদের তৈরি আইন, ইন্সপেক্টারদের দিয়ে তদন্ত করে নীতিগতভাবে যেভাবে পায়, সেইভাবে দেওয়া উচিত ছিল। এক সপ্তাহ পরে সেখানে আপত্তি দেওয়া হয়েছিল, কিন্তু সেই আপত্তি গ্রাহ্য হয় নি। আমি মনে করি, এই যে এক্জিকিউটিভ অফিসার বিভিন্ন জায়গায় এক একটা সোসাইটির ঘাড়ে, রেজিস্ট্রার, ডিরেক্টার ও এক্জিকিউটিভ অফিসার—এই সমস্ত আমলাদের চাপিয়ে দিয়েছেন, সেই আমলারা সমাজকে শোষণ করে ফেলবে এবং শোষিত জনসাধারণ এই আমলাদের কাছ থেকে বেরিয়ে যেতে পারবে না। আপনারা সজাগ দৃষ্টি রাখতে পারেন নি। একটা জিনিস আপনাদের বলছি, ১০৩৩ পৃষ্ঠায় দেখুন—

A member shall be eligible for being chosen a member of the Managing Committee of an Appex Society or a Central Society, if he is a member of the Managing Committee of two other such societies

ইত্যাদি ইত্যাদি বলেছেন, তার পরের পৃষ্ঠায় জানতে পারবেন, একজন ব্যক্তি একটা কেন্দ্রীয় কমিটি থাকে, সেন্ট্রাল ব্যাঙ্ক সোসাইটিতে থাকে, অ্যাপেক্স সোসাইটিতে থাকে এবং তারপরে আর অতিরিক্ত কোন কমিটিতে থাকতে পারে না। দুটিতে থাকতে পারবে, তার বেশীতে পারবে না। হয়ত বলবেন আপনাদের যুগে ছিল না, কিন্তু যেদিন আপনারা মন্ত্রিত্বে এসেছেন, তারপরে নজর রাখা উচিত ছিল কিন্তু সেই নজর রাখতে পারেন নি, আপনারা ব্যর্থতার পরিচয় দিয়েছেন। উদাহরণ দিয়ে যাচ্ছি। কুচবিহার সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক, কুচবিহার সেন্ট্রাল ফিশারিজ কো-অপারেটিভ সোসাইটি, ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ

ব্যাঙ্ক, ওয়েস্ট বেঙ্গল সেন্ট্রাল ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, এই কয়টি বললাম। এর মধ্যে কুচবিহার সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক, কুচবিহার সেন্ট্রাল ফিশারিজ কো-অপারেটিভ ব্যাঙ্ক, ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক, এর ডিরেক্টার পদে কে আছেন? এখন ব্যাপার কি জানেন? এই লোকগুলি আপনাদের কথঞ্চিত অনুগ্রহভাজন ব্যক্তি, তাই সেই পদে রেখে দিচ্ছেন। আইনের সংশোধনী করবেন, সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা করবেন, সমাজতন্ত্রের ভিত্তিতে সমাজব্যবস্থা নিয়ে আসবেন, মাঠেঘাটে সর্বত্র, এই হাউসেও সেকথা শুনতে পাই, কিন্তু সেখানে কি করে রেখে দিচ্ছেন? এই তিনটি কো-অপারেটিভ সোসাইটিতে, এক নম্বর দু নম্বর তিন নম্বর সোসাইটিতে, সেখানে ডিরেক্টার পদে কাদের রেখে দিচ্ছেন? কারণ তারা সন্তোষবাবুর ন্যাওটা, অনুগ্রহভাজন ব্যক্তি, অবশ্য কো-অপারেটিভ-এর দিক থেকে ঠিক আছে। নিজেদের পরস্পরের সঙ্গে কো-অপারেশন আছে, থাকা উচিত, দলের লোক তাই উদোর পিণ্ডি ভূধোর ঘাড়ে চাপিয়ে দিচ্ছেন, কো-অপারেটিভকে খুব উন্নতির দিকে নিয়ে যাচ্ছেন। সন্তোষবাবু সুধীর নিয়োগীকে ডিরেক্টার পদে অধিষ্ঠিত রেখেছেন। কিন্তু আইনে কি বলে? দুটি পদের বেশী তিনটি পদে থাকতে পারবে না এবং যদি থাকে আর এই খবর রেজিস্ট্রার জানতে পারেন, তা হলে সঙ্গে সঙ্গে বরখাস্ত হবেন, কিন্তু দেখা যাচ্ছে আজ পর্যন্ত রেজিস্ট্রার বরখাস্ত করতে পারেন নি।

[4-30—4-40 p.m.]

কাজেই আপনাদের যুগে যে চুরি করবে বা চুরি করতে পারবে, দুর্নীতি করতে পারবে তার প্রোমোসান হবে; আর যে চুরি করতে পারবে না, দুর্নীতি করতে পারবে না যারা সৎ অনেস্ট তাদের প্রোমোসন হবে না বরং ছাঁটাই করা হবে। আপনাদের শাসন কালে আপনাদের শাসন-ব্যবস্থায় এই নজির সৃষ্টি হয়েছে। আমার বন্ধু তিমিরবাবু সেদিন বলেছেন, এস পি-র কথা —সাঁই বাড়ি হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত ছিলেন। আপনাদের যুগে যারা চুরি করে, যারা দুর্নীতি করে তাদের আবার প্রোমোসন হয়। সেইব্যক্তি আবার মন্ত্রী সন্তোষবাবুর অতি প্রিয়জন পরস্পরের ভেতর কো-অপারেশন ঘটে। সন্তোষবাবুর সেই প্রিয়ভাজন সুধীর নিয়োগী ওয়েস্ট বেঙ্গল সেন্ট্রাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক-এর চেয়ারম্যানের পদে অধিষ্ঠিত ছিলেন। বাঃ, সুন্দর কথা। তারপর আবার যদি বলতে যাই তা হলে বলা হবে, যেহেতু মাননীয় সদস্য এখন অফিসে বা পদে নাই তার কথা উল্লেখ করা যাবে না। তিনি এলেন, কি এলেন না—তার কৈফিয়ৎ আমি দেব না। আমার যা বক্তব্য, তা আমি রাখবো। আপনাদের অনুগ্রহভাজন ব্যক্তি কুমার-দীপ্তিবাবু খাঁটি সরষের তেল নিয়ে বক্তৃতা করেছিলেন। তাঁকে আপনারা কোথায় বসিয়েছেন? কো-অপারেটিভ-এ কিছু নতুন স্টেপ নেওয়া হয়েছে, সেকথা কি বলতে পারবেন হাউসের মধ্যে?

তারপর অতীশবাবু আপনাদের কেবিনেটের লোক। সুন্দর কো-অপারেশন—তাঁকেও বসিয়ে দিয়েছেন মাথার উপরে। কাজেই আপনাদের কো-অপারেশন খুব ভাল ব্যবস্থা। যদিও গ্রামের লোকেরা কো-অপরেশন পাবে না। এই কো-অপারেটিভের মধ্যে যে কো-অপারেশন দেখতে পাচ্ছি, আপনি দয়া করে বিলটিকে একটু অপারেশন করুন, বিলটিকে সুন্দর সুঠাম করে নিয়ে আসার চেষ্টা করুন। আপনি এর সুষ্ঠু অস্ত্রোপচার করুন। বিলটিকে সিলেক্ট কমিটিকে না দিয়ে একে যদি সুষ্ঠুভাবে না নিয়ে আসেন, তা হলে আমরা মনে করবো, আপনি সমাজের প্রতি চরম অন্যায় করছেন, আঘাতও করছেন। স্বয়ং যে সৃষ্টিকর্তা তাকে পর্যন্ত ছাড়িয়ে যাচ্ছেন। আপনি তো জানেন, আপনার সঙ্গে দেখা সেই একই দরজায় যখন মসজিদে যাই। সেই ইসলাম ধর্মের প্রতি তো আপনার বিশ্বাস আছে। এই আমলারা আপনাকে এমনভাবে বুঝিয়েছেন যে, আপনি না পড়ে, না আলোচনা করে এই বিলে সই করেছেন। কাজেই আপনি ভাল করে এটা পড়ে দেখুন, আলোচনা করুন। কার দ্বারা আদম নিষিদ্ধ জ্ঞান ফল খেয়েছিলেন? আপনিই বা কার দ্বারা এই জ্ঞান ফল খেয়েছেন? এই বিল যদি আপনি দেখেশুনে সুঠাম, সুন্দর করে না নিয়ে আসের তা হলে সমাজ আপনাকে ক্ষমা করবে না বরদাস্ত করবে না। আপনার কো-অপারেটিভ আন্দোলন ব্যর্থ হয়ে যাবে। আপনার মাধ্যমে একবার নয় বারবার মাধ্যমে[illegible]

অনুরোধ করবো, বিলটা সিলেক্ট কমিটিতে দিন, সি পি আই যে প্রস্তাব দিয়েছেন সেটা মেনে নিন এবং আমরা যে সর্কুলেসান দিয়েছি বিলটা প্রচারের জন্য সেটা মেনে নিন এবং তা হলে এই বিলকে নিশ্চয় বিচার-বিবেচনার সময় পাবেন। কো-অপারেটিভ সোসাইটির ব্যাপারে বহু অভিজ্ঞ লোক রয়েছেন তাঁদের ডাকুন, তাঁদের সহযোগিতা নিন। আপনি না বুঝতে পারেন তারা বুঝিয়ে দেবেন। কারণ প্রত্যেক মানুষই সকল বিষয়ে এক্সপার্ট হয় না। মানুষের একটা দিক আছে। আপনাকে হেল্থ মিনিস্টার হিসাবে দেখেছিলাম। এই বিলে যে ভুলত্রুটি আছে এই হাউসের সদস্যদের সামনে সেটা স্বীকার করে নিন। বিলটা সংশোধন করে নিয়ে আসুন। আমার সার্কুলেশন মোশান মুভ করছি।

শ্রীশচীনন্দন সাউ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। যখন কয়লাখনি ন্যাশানালাইজড হল তখনও বীরভূমের পাঁচটা কয়লা-খনি ন্যাশানালাইজড হয় নি। সেই সব কয়লাখনি ৫।৭ শো শ্রমিক বিধানসভার বাইরে অপেক্ষা করছেন। তাই আপনার এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যে, কংকারতলা, গঙ্গারামচক, ভাদুলিয়া, রাসা, খাস্তাবেংগল, এই পাঁচটি কয়লাখনি এখনও পর্যন্ত ন্যাশানালাইজেড হয় নি এবং এর জন্য বীরভূমের সমস্ত এম এল এ এবং উপমন্ত্রী সুনীতি চট্টরাজ মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলাম এবং তিনি সঙ্গে সঙ্গে মোহন কুমারমংগলমকে জানিয়েছিলেন। তারপর কেন্দ্রীয় শিল্প দপ্তরের উপমন্ত্রী শ্রীপ্রণব মুখার্জী সেখানে গিয়েছিলেন। শ্রমিকরা সেখানে অনশন ধর্মঘট করছিল। তাঁর কথায় তারা অনশন প্রত্যাহার করে নে। আমি মন্ত্রিসভার সদস্যদের কাছে আবেদন রাখছি, তাঁরা যেন শ্রমিকদের কাছে গিয়ে বক্তব্য রাখেন।

শ্রীদ্বিজপদ সাহা: দীর্ঘদিন ধরে তারা অনশন করছিল। এতদিন তারা কাঁর কথায় চুপচাপ ছিল। কিন্তু তা সত্ত্বেও টেক-ওভার না হওয়ায় তারা সবাই বিক্ষুব্ধ।

শ্রীনিতাইপদ সাহা: এই ব্যাপারে সরকারকে সচেষ্ট হওয়ার জন্য অনুরোধ করছি। সরকার যেখানে বলছেন নূতন নূতন শিল্প গড়বার কথা, সেখানে কয়লার অভাবে তৈরি শিল্প বন্ধ হয়ে যেতে বসেছে। সেইজন্য অবিলম্বে সরকারকে ব্যবস্থা নিতে অনুরোধ করছি।

(বীরভূম জেলা হইতে নির্বাচিত কয়েকজন মাননীয় সদস্যকে একই সঙ্গে বক্তব্য রাখতে দেখা যায়।)

Mr. Deputy Speaker: Honourable Members, you have already attracted the attention of the House. So, please take your seats. I now call upon Shri Abdul Bari Biswas to speak.

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার শারীরিক অবস্থা খুব ভাল নয়। অবুও আপনার সামনে আজকে কো-অপারেটিভ সোসাইটি বিলে অংশগ্রহণ করতে গিয়ে দু-চারটে কথা নিবেদন করতে চাইছি। শীশ মহম্মদ মহাশয় যে সময় বক্তব্য রাখছিলেন তাতে আশা করেছিলাম বোধ হয় এমন বক্তব্য রাখবেন যে, বক্তব্যের মধ্যে অন্তত কিছু থাকবে, পরিবর্তিত ব্যবস্থায় ত্রুটি-বিচ্যুতির কারণ যেগুলো রয়েছে সেগুলো তুলে ধরবেন। কিন্তু দুঃখের বিষয় যে ধরনের বক্তব্য তিনি রাখলেন তাতে তার উত্তর দেওয়ার কিছু আছে বলে অন্তত আমি নিজে মনে করি না।

[4-40—4-50 p.m.]

এই কো-অপারেটিভ আইন নিয়ে এতদিন ধরে আমরা যে সমস্ত বক্তব্য রেখেছি তাতে আমরা একথাই বলেছি যে, এই কো-অপারেটিভ জগতে এমন একটা ঘুন-ধরা অচল অবস্থার সৃষ্টি হয়েছিল এবং সেটা আমাদের এমন দিকে নিয়ে যাচ্ছিল যার জন্য আমরা অতিষ্ঠ হয়ে গিয়েছিলাম। এতদিন ধরে এপক্ষ ওপক্ষ নয় সকল পক্ষেরই একটা সাধারণ অভিযোগ ছিল যে, এটা বাস্তঘুঘুর বাসা হয়ে দাঁড়িয়েছে, এটাকে আমাদের ভাংগতে হবে। কাজেই সেই দিকে লক্ষ্য রেখে যদি

আমরা আমাদের বক্তব্য রাখি, তা হলে আমাদের বক্তব্য খুব সীমিত হওয়াই উচিত। এমন সমালোচনা হওয়া উচিত নয়, যার মধ্যে দিয়ে ঐ বাস্তুঘুঘুদের সাহায্য হতে পারে। এখানে স্যার স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজনসে পরিষ্কারভাবে একথা বলা হয়েছে—

But unfortunately all these expectations were belied, as corruption, nepotism, vested interest and financial mis-management crept into the co-operative societies established under the aforesaid Act and struck at the very root of the co-operative movement in the State.

মাননীয় শীশ মহম্মদ সাহেবের সব কথাগুলি ঠিক বুঝলাম না। যদিও সরাসরি আমি কো-অপারেটিভ মুভমেন্টের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত নই, তবুও তাঁর সমস্ত কথা আমি বুঝলাম না। রুল ৬১এ যদি কোন কো-অপারেটিভ সোসাইটি দুর্বল হয়ে যায় তা হলে পার্শ্ববর্তী কোন কো-অপারেটিভ সোসাইটির সঙ্গে যুক্ত করে তার ম্যানেজমেন্ট ভালভাবে চালাবার ব্যবস্থার মধ্যে কোথায় তিনি ত্রুটি-বিচ্যুতি পেলেন ঠিক বুঝতে পারলাম না। উনি বললেন, ম্যানেজিং কমিটি যদি কোন মিসম্যানেজমেন্টের কাজ করে, তা হলে সেখানে রেজিস্ট্রারের যে ক্ষমতা সেই ব্যাপারটা নাকি তিনি ভাল করে বুঝতে পারছেন না। তা হলে কি তিনি জেনে-শুনে যারা আমাদের কো-অপারেটিভ মুভমেন্টকে বানচাল করতে চেয়েছিল তাদের পথই আমাদের অবলম্বন করতে বলছেন? তা হলে পরিষ্কার বুঝতে পারা যাচ্ছে এতদিন ধরে উনি সেই বাস্তুঘুঘুদের বাসা ভাঙ্গবার জন্য বলেন নি, বরং সেটাকে আরো বেশী করে চালাবার কথা বলেছেন। মাননীয় শীশ মহম্মদ সাহেব যদি মনে করে থাকেন, সেই ব্যবস্থাই চলতে থাকবে, তা হলে তাঁকে বলি তিনি মূর্খের স্বর্গে বাস করছেন। আমাদের কো-অপারেটিভ মন্ত্রী সেই ব্যবস্থাপনা চলতে দিতে চান না। আমরা চাই আমাদের দেশে অর্থনৈতিক বৈষম্য দূর করতে হবে, কিংবা কমিয়ে আনতে হবে। আর এর জন্য দরকার কো-অপারেটিভের। কাজেই এই কো-অপারেটিভকে যদি আমরা আজকে সাধারণ মানুষের কাছে নিয়ে যেতে না পারি, তা হলে আমাদের উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে। স্যার, গোটা বাংলাদেশে প্রায় ২৪ হাজার কো-অপারেটিভ সোসাইটিস আছে। তার মধ্যে প্রায় ৪ হাজার কো-অপারেটিভ সোসাইটিস ইতিমধ্যেই লিকুইডেসানে গিয়েছে। ১২ হাজার এগ্রিকালচারাল কো-অপারেটিভ সোসাইটিস আছে। তার মধ্যে ৪ হাজার সোসাইটিস লিকুইডেসানে গিয়েছে। এরা অধিকাংশ ক্ষেত্রেই অর্থের অপচয় করেছে এবং সেই টাকা নিয়ে ছিনিমিনি খেলেছে। আজকে যদি আমরা এই কো-অপারেটিভ মুভমেন্টকে দ্রুতগতিতে এগিয়ে নিয়ে যেতে চাই, তা হলে আমাদের দেখতে হবে যে, যে কারণের জন্য এগুলি লিকুইডেসানে গিয়েছে সেই সেই কারণ যেন ম্যানেজমেন্টের মধ্যে না আসে। আর সেই জন্যই এতদিন ধরে একটা বলিষ্ঠ আইন আনার প্রয়োজনীয়তা দেখা দিয়েছিল। কাজেই আমি আশা করি এই বিল আমাদের চলার পথে একটা সহায়ক পরিবেশের সৃষ্টি করবে। স্যার, উনি আতঙ্কগ্রস্ত মানুষের মত অ্যাপ্রিহেনসান করেছেন, আমলাদের উপর ভরসা হারিয়েছেন। আমলা কারা? সরকার তো রয়েছে—আরে আপনাদের আমলের মতন হবে না। ঐ যে, যেভাবে গণ কমিটি তৈরি করেছিলেন আর তাদের মাঠে নামিয়ে দিয়েছিলেন সে রকম হবে না। অবশ্য আলটিমেটলি সেই গণ কমিটির গোদের উপর বিষ ফোঁড়া দেখা দিয়েছিল। গণ কমিটি শেষ পর্যন্ত গনোরিয়া কমিটি হয়ে গিয়েছিল এবং শেষ পর্যন্ত এমনভাবে ওদের সংক্রামিত করেছিল যাতে ওরা চূর্ণ বিচূর্ণ হয়ে গিয়েছিলেন। কাজেই আপনাদের বলি, আপনারা একবারও ভাববেন না যে আমাদের দ্বারাতে এমন ব্যবস্থাপনা আসবে যাতে দুর্নীতি রোধ করতে পারবো না। আমরা বার বার বলেছি, আমাদের মাননীয় মন্ত্রিমহাশয়ও বলেছেন যে, দুর্নীতির ঘাঁটি ভাঙ্গতে হবে। তবে স্যার, একটা কথা মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, এই কো-অপারেটিভ মুভমেন্টকে সাকসেসফুল করবার পথে যে পিপলস্ পার্টিসিপেসানের প্রয়োজন ছিল সেটা কিন্তু আমরা ২৫ বছরে তৈরি করতে পারি নি। আজকে আমরা যদি মানুষের সহযোগিতায় কো-অপারেশনের মধ্যে অঙ্গাঙ্গি-ভাবে জড়িয়ে পড়তে না পারি আজকে মানুষকে ট্রেন আপ করে নিয়ে এসে যদি কো-অপারেটিভ মুভমেন্টের সঙ্গে যুক্ত করতে না পারি, তা হলে কিন্ত আমাদের কাগজে আইন করে বাস্তবে সার্থক রূপায়ণ করা সম্ভব হবে না। অতীত দিনে যেভাবে বানচাল হয়ে গেছে, এত ভাল আইন

এনেও আবার আগামী দিনে বানচাল হওয়ার সম্ভাবনা থাকবে। তাই আজকে মানুষের কো-অপারেশন কি কিভাবে আসতে পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে। আজকে যদি আমরা চাষীর উপকার করতে যাই যেভাবে চারিদিকে আমরা দেখছি, যাদের কারবার ফেঁপে উঠেছে, যেভাব আমরা দেখছি আফগানিস্থানের লোকেরা, এই দেশের কাবুলিওয়ালারা লোন দিয়ে মানুষের সামনে লাঠি নিয়ে দাঁড়িয়ে থাকে। একজরবিট্যান্ট রেটে যে সুদ সেই সুদ দিয়ে অত্যাচার চালিয়ে যাচ্ছে। এই অত্যাচারের হাত থেকে মানুষকে বাঁচাবার জন্য আমাদের বাংলাদেশে সেদিন ঋণ সালিশী বোর্ড হয়েছিল। আর আজকে আমি অত্যন্ত সন্তুষ্ট, অত্যন্ত আনন্দিত এবং গর্বের বিষয় যে, পচা, পুরাণো ঘুণধরা, যার মধ্যে কোন রকম পরিবর্তন করার ইচ্ছা থাকলেও সম্ভব হত না, মন্ত্রিমহাশয়ের ইচ্ছা থাকলেও বা সরকারের ইচ্ছা থাকলেও সম্ভব হত না এমন আইন ছিল। সেই আইনের পরিবর্তন করার জন্য আপনি যে অন্ততঃ পক্ষে দৃষ্টি দিয়েছেন সেই দৃষ্টি আমরা বুঝতে পারি একটা শুভ ইঙ্গিত যেখানে কো-অপারেটিভ মুভমেন্ট হয়ত সাকসেসফুল হতে পারে। আজকে ভয় করে লাভ নেই। শীশ মহম্মদ মহাশয়, আপনি জলে নামার আগেই যদি মনে করেন কুমীরে খেয়ে নেবে, তা হলে তো সব শেষ হয়ে গেল। আগে জলে নামুন, নেমে সাঁতার কাটুন। সাঁতার কাটতে গিয়ে যদি বোঝেন কুমীরে খায়, তা হলে তো বুঝবেন যে, জলের মধ্যে কুমীর আছে। জলে নামলেন না, ডাঙ্গায় বসে আরম্ভ করলেন যে জলে নামলে খেয়ে নেবে, জলে সাংঘাতিক কুমীর আছে। কাজেই চিন্তাধারাটা কি? আপনি গাঁয়ের মানুষ ভাল করে চিন্তা করে দেখবেন। আজকে দুর্নীতির কথা বলেছেন। এই দুর্নীতি আজকে যদি বন্ধ করতে হয় তা হলে এই আইনের প্রয়োজন ছিল কি ছিল না সেকথা বলুন। আজকে একথা পরিষ্কারভাবে বলতে চাই, হ্যাঁ অতীত দিনের যে ঘুণধরা আইন, আজকে যে আইন তৈরি করা হয়েছে তারই পুনরাবৃত্তি, তা হলেও আমরা বুঝতাম, কিন্তু তাতো নয়? তা যদি না হয়, তা হলে মিছামিছি কেন ২।৯টা কারণ দেখিয়েছেন? আমিও আপনাকে ২।৯টি কারণ দেখাতে পারি, কিন্তু এই জেনারেল ডিসকাসনে আমি ততদূর পর্যন্ত যেতে চাই না। আজকে কো-অপারেটিভ মুভমেন্ট সাকসেসফুল করতে হলে দলমতনির্বিশেষে সকলকে চাষীর কাছে গিয়ে দাঁড়াতে হবে। আপনারা কি করেছিলেন? যুক্তফ্রন্টের আমলে আপনারা চাষীকে বলেছেন, ঋণ আদায় দিও না। একথা আপনারা বলেন নি? আজকে আপনাদের মত স্বার্থান্বেষী লোকেদের, যারা বাংলাদেশের চাষী সম্প্রদায়ের সর্বনাশের মূল কারণ হয়ে দেখা দিয়েছিলেন, যারা একদিকে বলছেন ঋণ দাও, আবার আর একদিকে বলছেন ঋণ আদায় দিও না। এই ধরনের কথা বলে কো-অপারেটিভ মুভমেন্টকে শেষ করে দেবার ষড়যন্ত্র করেছিলেন, এই ষড়যন্ত্র ব্যর্থ করতে হলে আপনাদের ঘাড়ে এই রকম অস্ত্র প্রয়োগ করা দরকার। তা না হলে আপনারা সোজা হবেন না। কারণ আপনারা সোজা কথার মানুষ নন। আপনারা ভদ্রভাবে কথা বললে শুনবেন না। আপনারা কি একথা বোঝেন না, মুর্শিদাবাদে মৎস্যজীবীদের নিয়ে আপনারা খেলা করছেন। আজকে ৩ বছরের পরিবর্তে এরা নির্বাচনের স্বপ্ন দেখছেন। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো আপনি যে আইন এনেছেন তাতে এদের মনে ঘা লেগেছে। বাস্তুঘুঘুর মত এরা এক একটা জায়গায় তিন বছর নয়, চার বছর, ছয় বছর দশ বছর ধরে বসে আছেন। এই বাস্তুঘুঘুর আড্ডা ভাঙ্গতে পারবেন। বাংলাদেশের মানুষের আজকে সেই আস্থা আছে। আজকে এদের মনে ত্রাহি ত্রাহি রব উঠেছে। তিন বছরের বেশী থাকার দরকার কি? চোর-চোট্টাবাজদের, দাঙ্গাবাজদের ওখানে থাকার দরকার কি? আজকে আমাদের চিন্তা করে দেখতে হবে। তাই চোর-চোট্টাবাজদের, দাঙ্গাবাজদের খর্ব করার জন্য এটার দরকার আছে। আপনারা জানেন না, মৎস্যজীবী কো-অপারেটিভ সোসাইটিতে আপনাদের আর এস পি-র সদস্যরা কত বৎসর ধরে আছেন? আপনারা পরিবর্তন করেন নি। আমি দেখিয়ে দিতে পারি, আপনাদের লজ্জা করে না একথা বলতে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাই আজকে এরা যে সমস্ত কথা বলে এদের কথা কেউ বিশ্বাস করে না, এদের পিছনে কোন লোক নেই। আমি আপনাকে জিজ্ঞাসা করি আপনি কালকে আপনার এলাকায় ছিলেন? নিশ্চয়ই ছিলেন না। মাননীয় মুখ্যমন্ত্রী গঙ্গা ব্যারেজের

প্রকল্পের ফাউন্ডেশন ডে করবার জন্য গিয়েছিলেন। দেখেছিলেন কত জনতা আপনার এলাকায় তেরঙ্গা ঝাণ্ডা নিয়ে গিয়েছিলেন। কাজেই এত ত্রাহি ত্রাহি ডাকবেন না। আসলে আপনাদের আর কিছু নেই সব ফাঁকা হয়ে গেছে। এখন ফাঁকা মাঠে গোল দেবার চেষ্টা করছেন। আমাদের সি পি আই বন্ধুদের সঙ্গে লেজ তুলে চলে গেলেন ওয়াক আউট করে।

[4-50—5-00 p.m.]

তাই আমি বলছি যে, মোর্চার অন্য শরিকের সঙ্গে আমাদের কি সম্পর্ক আছে, বা কি সম্পর্ক হবে সেটা আমাদের নিজেদের ব্যাপার। আজ আমরা কি জনপ্রিয়তা অর্জন করেছি, সেটা তো দেখেছেন, ঐসব করার দিন চলে গিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ ওদের কাজের সঙ্গে কথার কোন সামঞ্জস্য নেই, ওদের বাংলাদেশের মানুষ আজকে বিশ্বাস করেন না, ওরা মানুষের কাছে বিশ্বাসঘাতক বলে পরিচিত এবং ওর বর্ণচোরার দল। দিল্লীতে ওদের এক বর্ণ আবার কেরালায় এক বর্ণ—সেখানে সি পি আই-এর সঙ্গে আবার এখানে পশ্চিমবাংলায় সি পি এম-এর সঙ্গে। তিমির ভাদুড়ী মহাশয় এখানে বললেন যে, সরকারী ষড়যন্ত্র, ষড়যন্ত্র আছে কি নেই সেটা আগে চিন্তা করে দেখুন। আজকে বাংলাদেশের মানুষ, তারা ষড়যন্ত্র সম্বন্ধেই সজাগ, সুতরাং ঐ ষড়যন্ত্রের কথা বলে কোন লাভ নেই, দেখেশুনে কথা বলবেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিবাদের মধ্যে গিয়ে কোন লাভ নেই, সুতরাং ওনারা গুরুত্বপূর্ণ মূল্যবান কথা বলুন, তা হলে নিশ্চয়ই মাননীয় মন্ত্রিমহাশয় সেটা চিন্তা করে দেখবেন। আর ঐ রকম স্টেজ গরম করবার জন্য যদি বক্তৃতা দেন, তা হলে আমি বলব যে, তাতে কোন লাভ নেই এবং মানুষও বুঝেছে যে, এইসবে গুরুত্ব দিয়ে লাভ নেই। আমরা গঠনমূলক কাজ দিয়ে প্রমাণ করতে চাই, সেইগুলি বাস্তবে রূপায়িত করতে হবে এবং তার জন্য যে প্রচেষ্টা সেই প্রচেষ্টা সার্থক হোক এটাই আমরা চাইছি। কো-অপারেটিভের বিষয়ে আজ আমাদের সকল পক্ষ থেকেই জোর দিয়ে বলা হয়েছে বাস্তুঘুঘুর বাসার কথা, সেই বাস্তুঘুঘুর বাসা নানানভাবে ভাঙ্গবার আমরা চেষ্টা করছি। আমাদের ওখানে মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি এবং এগ্রিকালচারাল কো-অপারেটিভ সোসাইটিতে আমরা দেখেছি এক একটা লোক দীর্ঘদিন ধরে বসে আছে। আজকে সেই জন্য এই যে তিন বছরের আইন, এই নতুন নীতি বা আইন আনা হচ্ছে। (**শ্রীশীশ মহম্মদঃ** সে সব তো আপনাদের লোক।) এই আইনটা সারা বাংলাদেশের জন্য আনা হচ্ছে এবং এটা সকলের ক্ষেত্রেই প্রযোজ্য, বাংলাদেশের প্রতিটি মানুষের ক্ষেত্রে প্রযোজ্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই কো-অপারেটিভ বিলের উপর মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যে, আপনি যখন এই আইন সম্বন্ধে রুলস ফ্রেম করবেন, বাই-লজ ফ্রেম করবেন, তখন যেন সকল শ্রেণীর মানুষের রিপ্রেজেনটেশন ম্যানেজমেন্টের মধ্যে থাকে, এটা আপনি দেখবেন। আজকে যারা ক্রেডিট সোসাইটিতে কাজ করেন, যে সমস্ত এমপ্লয়ীজ, যারা মাইনে পান, তারা স্যালারি আর্নার বলে তাদের রিপ্রেজেনটেশনের কোন সুযোগ নেই। ক্রেডিট সোসাইটির স্যালারি আর্নারদের সেখানে কোন রিপ্রেজেনটেশনের সুযোগ নেই। তাদের যদি সুযোগ-সুবিধা দেওয়া হয়, তা হলে আপনি আইন করতে পারবেন না, এটা আমার মনে হয় না। তাদের রিপ্রেজেনটেশন যাতে প্রপারলী রিপ্রেজেনটেটেড হয় ম্যানেজমেন্টের মধ্যে সেটা আপনি অনুগ্রহ করে বিচার করে দেখবেন। তারা এই বিষয়ে একটা রিপ্রেজেনটেশন সরকারের কাছে দিয়েছেন, তাদের রিপ্রেজেনটেশনের কপি তারা একটা আমার কাছেও পাঠিয়েছেন এবং আপনার কাছেও পাঠিয়েছেন। সুতরাং আমি বলব যে, আপনি দয়া করে সেটা বিচার-বিবেচনা করে দেখবেন।

এই সঙ্গে আমি বলতে চাই, এই আইন আজকে যুগোপযোগী আইন, এই আইন আজকের দিনে আমাদের প্রত্যাশিত ছিল। আমাদের বলিষ্ঠ কর্মসূচির যে দৃঢ় পদক্ষেপ সেই পদক্ষেপে এগিয়ে যাওয়ার জন্য আমরা যে বৈপ্লবিক আইন আনবার চেষ্টা করেছি এটা তারই পদক্ষেপ। এই আইনের সমালোচনা আপনারা যাই করুন, আমরা একযোগে বাংলাদেশের জনসাধারণের

স্বার্থের জন্য কাজ করতে চাই। আপনাদের ঘরে এক বাইরে আর এক নীতির জন্য মানুষ আপনাদের প্রত্যাখ্যান করে দিয়েছে। আপনাদের যাবার জায়গা নেই। যে হারে কাজ চলছে তাতে আগামী দিনে আপনারা আসবেন বলে ভরসা পাচ্ছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছু দিন আগে বন্ধু সদস্য শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়, শ্রীপুরঞ্জয় প্রামাণিক মহাশয়ের জেলায় কোলিয়ারী ভিজিট করতে গিয়েছিলাম, শ্রদ্ধেয় শ্রীঅজয় মুখোপাধ্যায় মহাশয়ও ছিলেন, সেখানে সেন র‍্যালের একটি কারখানা আছে, সেই কারখানার এমপ্লয়ীরা একটা সার্ভিস কো-অপারেটিভ তৈরি করে। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেই কারখানা নাকি সব সি পি এম-এ ভর্তি ছিল, আজকে নেই, সেই সি পি এম এ-র ওয়ার্কাররা একটা কো-অপারেটিভ তৈরি করে ২ লক্ষ টাকা মূলধন নিয়ে। আজকে কিভাবে সেই টাকা নিয়ে ছিনিমিনি খেলে পালিয়ে বেড়াচ্ছে, কো-অপারেটিভের দরজা লক-আপ করে রেখেছে, ভেতরে খাতাপত্র রয়েছে, সেগুলি উইপোকাতে খাবে। আপনারা খুব ভাল কাজ করেছিলেন। কত তলে তলে ষড়যন্ত্র করেছেন এবারে সব ধরা পড়ে যাবে। স্যার, ওরা তলে তলে যে কত মানুষের সর্বনাশ করেছে সেটা ধরবার জন্য এই বিল আরো আগে আসা উচিত ছিল। এদের যত দুর্বলতা আছে সেটা তাড়াতাড়ি খাতাপত্র সেরে ঢাকবার জন্য সময় চাচ্ছে এবং তারই জন্য এই বিলকে সিলেক্ট কমিটিতে নিয়ে যেতে চাচ্ছে। যেমন সেন র‍্যালে সার্ভিস কো-অপারেটিভের দরজা বন্ধ করে দিয়ে, খাতাপত্র বন্ধ করে দিয়ে পালিয়ে বেড়াচ্ছে, বর্ধমানের এম এল এ ২ লক্ষ টাকার কাগজপত্র উদ্ধার করেছেন, সি পি এম-এর যারা টাকা তছরুপ করেছে দে সুড বি টেকেন ইন্টু টাস্ক, তা না হলে কো-অপারেটিভকে বাঁচাতে পারবেন না, এই খাতাপত্র উইপোকাতে খেয়ে ফেলবে বা রাতের অন্ধকারে সেই খাতাপত্র নিয়ে পালিয়ে যাবে। আপনাদের এইসব ষড়যন্ত্রের কথা বাংলাদেশের মানুষ জেনে গেছে। আজকে সন্তোষবাবুর পক্ষপুষ্ট সুধীর নিয়োগী মহাশয়কে টেনে নিয়ে এসেছেন, লজ্জা করে না আপনাদের? তাই আমি মন্ত্রিমহাশয়কে বলব, যত শীঘ্র আইন এখান থেকে লেজিসলেসান হয়ে গভর্নরের অ্যাসেন্ট পাওয়া যায় তার ব্যবস্থা করুন এবং দয়া করে আপনি আপনার ফরমান জারি করে দিন, বাংলাদেশের মানুষকে কো-অপারেটিভের লোন দিয়ে বাঁচান। লোন না পেয়ে মানুষগুলো মারা গেল। সর্বশেষে আমি আপনার মাধ্যমে একটা কথা নিবেদন করতে চাই, কো-অপারেটিভ আইন পরিবর্তন করে, সংশোধন করে, পরিবর্ধন করে যেভাবে আনা হয়েছে তাতে এই আইন যদি ঠিক ঠিকমত প্রয়োগ করতে পারি, তা হলে অতীত দিনের ঘুনধরা যে কো-অপারেটিভ ব্যবস্থা ছিল সেই ঘুনধরা ব্যবস্থা দূর হবে এই বিশ্বাস আমাদের আছে। আমরা বিশ্বাস করি, পিপলস্ পার্টিসিপেসানে। মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর সমস্ত প্রচেষ্টা নিয়ে এম এল এ-দের বলেছিলেন, টাকা আদায় করার জন্য চেষ্টা করুন, আমরা চেষ্টা করেছি, কিন্তু ওরা তলায় তলায় বাধা দিয়েছে, বলে বেড়িয়েছে টাকা দিও না। অনেক দিন আগের কথা আমি জানি একদিন মালদহের বাই-ইলেকসানে গিয়েছি, সেদিন জানলাম সেখানে কো-অপারেটিভ থেকে যারা টাকা নিয়েছিল তাদের আপনারা এবং আপনদের বন্ধু সি পি এম বলেছিলেন টকা দিও না, তারপর লাল নোটিস যখন গেল, তখন যে সিটে ১১ হাজার ভোটে জিতেছিলেন সেখানে ১১ হাজার ভোটে হেরেছিলেন। কত ভাঁওতা দেবেন, কত অসত্য কথা বলবেন? আজকে কাজ করার সময়। আপনার কাছে অনুরোধ যে, কর্মযজ্ঞে নেমেছেন সেই কর্মযজ্ঞ যাতে সার্থকভাবে রূপায়িত হয়, তার জন্য চেষ্টা করুন। মানুষ দলে দলে এসে কংগ্রেসকে আশীর্বাদ জানিয়ে যাচ্ছে। মানুষ যেভাবে সমর্থন করছে সেই সমর্থন যেন আমরা কোন রকমভাবে না হারাই। এরা বিভ্রান্তিকর উক্তি, অসত্য কথা অ্যাসেম্বলীর মধ্য দিয়ে প্রচারের যে সুযোগ নিয়েছে তাতে সেই বিভ্রান্তিকর ভাব যাতে মানুষের মধ্যে জন্মাতে না পারে তার জন্য আপনাকে চেষ্টা চালাতে হবে।

[5-00—5-10 p.m.]

এই কো-অপারেটিভ মুভমেন্টের মধ্য দিয়ে সারা দেশের মানুষের মধ্যে আলোড়ন সৃষ্টি করতে হবে, যার মধ্য দিয়ে মানুষ বুঝতে পারবে এই সরকার সেদিনের কংগ্রেস সরকার নয়, এই

সরকার যুক্তফ্রন্ট সরকারের মত স্বৈরাচারী সরকার নয়, এই সরকার সেই সরকার যে সরকার সোসালিস্টিক প্যাটার্ন অব সোসাইটি তৈরি করবার জন্য সর্বতোভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। আমাদের কাজের মধ্যে ফাইভ পার্সেন্ট ভুলভ্রান্তি থাকতে পারে, কারণ মানুষেরই ভুল হয়। কিন্তু ৯৫ ভাগ যাতে সার্থকভাবে রূপায়িত হয় তার জন্য চেষ্টা করতে হবে। মানুষ যেভাবে আমাদের সাহায্য করেছে সেইভাবে সাহায্য করুক, বাংলাদেশের মানুষের কাছে এই আশা রেখে মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভুপালচন্দ্র পাণ্ডাঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে কো-অপারেটিভ বিল নিয়ে আমাদের হাউসের বিভিন্ন দিকে দু-একটি কথা যা উঠেছে এবং বিভিন্ন রকম উত্তেজনা যা সৃষ্টি হয়েছে সেটা ঠিক শোভনীয় নয়। আমাদের পশ্চিমবাংলায় ১৯৪০ সালে কো-অপারেটিভ আইন তৈরি হলেও এবং তৎকালীন বৃটিশ শাসনের আমলে কো-অপারেটিভের এইমস্ অ্যান্ড অবজেক্টস্ নিয়ে অনেক ভাল ভাল কথা থাকলেও এতাবতকাল কার্যতঃ এই কো-অপারেটিভ মুভমেন্ট সর্বপ্রকার ব্যর্থতায় পর্যবসিত যে হয়েছে সেটা আজকে এই বিল এখানে উত্থাপিত হবার মধ্য দিয়ে প্রতিভাত হচ্ছে। বিদেশী শাসনকালে কিংবা আমাদের দেশ স্বাধীন হবার পর আমরা এই কো-অপারেটিভ আন্দোলনকে জনসাধারণের নিজস্ব আন্দোলন হিসেবে রূপায়িত করতে পারি নি। এটা যে কোন সরকারই থাকুক না কেন আমাদের কাছে এটা আত্ম-সমালোচনার বিষয়। যা হোক, আমার বক্তব্য হচ্ছে, বিল যেটা আনা হয়েছে তার অবজেক্টস্ অ্যান্ড রিজনস্-এর মধ্যে একথা স্পষ্টভাবে আছে কো-অপারেটিভে এখনও পর্যন্ত যেসব ঘুঘুর বাসা আছে তাকে ভাঙ্গতে হবে। অনেক মাননীয় সদস্য একথা বিশেষভাবে উল্লেখ করেছেন, জোরের সঙ্গে বলেছেন এবং আমিও তাঁদের সঙ্গে একমত। এবারে আমাদের বিশেষভাবে লক্ষ্য করা দরকার এই কো-অপারেটিভ মুভমেন্ট এইভাবে ব্যর্থতায় পর্যবসিত হল কেন, তার কারণ কি? অবশ্য মাননীয় মন্ত্রিমহাশয় এই বিলের অবজেক্টস্ অ্যান্ড রিজনস্-এর মধ্যে দুটি বিষয়ের উপর বিশেষ জোর দিয়েছেন এবং সেটা আমার কাছে লক্ষ্যণীয়। এ বি সি ডি করে একটার পর একটা যে রিজনস্ উনি খাড়া করেছেন তাতে বিষয়গুলি মোটামুটি আমি দেখেছি। এতবড় একটা বিলকে এত অল্প সময়ের মধ্যে বিচার-বিবেচনা করা সম্ভব নয়, তবুও 'সি' অ্যান্ড 'ডি' এই দুটির উপর বিশেষ করে গ্রামের মানুষ হিসেবে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। 'সি'-তে বলা হয়েছে—

(c) for wholsome restrictions on eligibility of membership of the managing committee of a co-operative society so that corrupt, inefficient and designing people with interested motives may not get into the co-operative societies to exploit them for their selfish ends,

অর্থাৎ করাপ্ট পারসন তারা যাতে কো-অপারেটিভের মধ্যে প্রবেশ করতে না পারে তার জন্য এইভাবে গার্ড দেবার ব্যবস্থা হয়েছে সেটা আমি এই বিলের মধ্যে কোথায় কিভাবে উল্লিখিত আছে খুঁজে পাই নি। আজকে ক্লজ ডি-তে বলা হয়েছে—

(d) for a machinery to make the agriculturists interested in co-operative farming through consolidation of their uneconomic holdings,

তার মানে ছোট, মাঝারি গরিব অংশ তারা যাতে কো-অপারেটিভের মধ্যে উৎসাহিত হয় অর্থাৎ এগিয়ে আসে তার দরজা খুলে দেবার সুব্যবস্থা করা এই দুটি দিককে লক্ষ্য করে আমি একটা প্রশ্ন এখানে তুলতে চাইছি। আজকে কো-অপারেটিভ এই যে ঘুনধরা অবস্থার মধ্যে এসেছে, কো-অপারেটিভ থেকে টাকা মেরে চলে যাচ্ছে, কো-অপারেটিভের মধ্যে বাস্তুঘুঘুর বাসা হয়েছে বলে বলছি তার কারণ কি? তার কারণ আমাদের নিশ্চয় লক্ষ্য করে দেখতে হবে। যাদের উপর এই কো-অপারেটিভ আইন প্রয়োগ করবার ব্যবস্থা ছিল, এ যাবতকাল কো-অপারেটিভ আইনের মধ্যে আমরা দেখেছি যে, গ্রামাঞ্চলে বিত্তশালীদের এমন অধিকার বা সুযোগ দেওয়া ছিল যাতে গরিব অংশ কোনক্রমেই কো-অপারেটিভের মধ্যে না আসতে পারে, এটা হচ্ছে একটা দিক। আর

দ্বিতীয় দিক হল, যে গরিব অংশ আসবে তাদের উপর যাতে নির্মমভাবে বিত্তশালীরা হুকুম বা তাঁবেদারী করতে পারেন তার ব্যবস্থা ছিল। এই কো-অপারেটিভ আইনের মধ্যে বিত্তশালী-দের, যারা গ্রামাঞ্চলে জোতদার, মহাজন বা ধনী চাষী বলে পরিগণিত হত, তাদেরই সুযোগ-সুবিধা ছিল। সেই কারণের জন্য এই আইনের মধ্যে এমন ব্যবস্থা থাকা দরকার যাতে এই সমস্ত লোকদের হাত থেকে কো-অপারেটিভ বের করে নিয়ে গ্রামাঞ্চলের গরিব অংশ এই মাঝারী অংশকে যাতে সত্যিকারের আর্থিক উন্নতির পথে আমরা নিয়ে যেতে পারি। সেইদিকে লক্ষ্য করেই আমি মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার সামনে কয়েকটি বক্তব্য রাখতে চাই। আমরা কিছুদিন আইনসভার সদস্য হিসাবে ইউনাইটেড ফ্রন্টে ছিলাম। ইউনাইটেড ফ্রন্ট গভর্ন-মেন্ট সম্পর্কে নানা রকম বিরূপ মন্তব্য হলেও আমরা সদস্যরা নিশ্চয় এর ইতিহাস খুঁজে দেখবার চেষ্টা করবো এবং বিচার-বিশ্লেষণ করলে দেখতে পাব যে, আপ টু ১৯৬৯ অর্থাৎ ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত কো-অপারেটিভ মুভমেন্ট সম্পর্কিত যে আন্দোলন সেই আন্দোলন প্রায় একেবারে ডায়িং কন্ডিশানে চলছিল। এই প্রথম ১৯৬৯ সালে কো-অপারেটিভ দপ্তরের তৎকালীন মন্ত্রী শ্রীমতী রেণু চক্রবর্তী প্রথম একটা নাড়া দিয়েছিলেন। নাড়া দিয়ে-ছিলেন কি করে? এই কো-অপারেটিভ মুভমেন্টের ব্যাপারে জনসাধারণের উপর যে অবিচার হচ্ছিল, সেই অবিচার দূর করে জনসাধারণের মধ্যে যাতে একটা উৎসাহ আনা যায় সেজন্য প্রথমতঃ কনজিউমার কো-অপারেটিভ সোসাইটিগুলিকে—যেখানে প্রচুর টাকা সরকারের বাকি পড়েছিল সেগুলি তদন্ত করে বের করে আনবার জন্য একটা তদন্ত কমিটি তৈরি করেছিলেন, কিন্তু আজ পর্যন্ত তার কোন রিপোর্ট প্রকাশিত হয় নি।

[5-10—5-20 p.m.]

পরবর্তীকালে তার সময়ে একটা ল কমিটি তৈরি হয়েছিল, মেম্বার ছিলেন শ্রীবিনয় চৌধুরী, চেয়ারম্যান শ্রীগোপাল ব্যানার্জী, মেম্বার শ্রীঅশোক সেন, রীডার, বর্ধমান ইউনির্ভাসিটি সেক্রেটারী কো-অপারেটিভ ডিপার্টমেন্ট, আর সি এস, স্পেশাল অফিসার, কো-অপারেটিভ ডিপার্টমেন্ট, এই নিয়ে যে কমিটি হয়েছিল, সেই কমিটির তদন্তের যে রিপোর্ট এবং সুপারিশ তৎকালীন যুক্তফ্রন্ট সরকার থাকাকালীন—প্রকাশিত হয় নি। পরে প্রকাশিত হয়েছে। আমি আনন্দের সঙ্গে লক্ষ্য করলাম, আজকে যে বিল উপস্থাপিত করেছেন, তাতে অনেক ধারা সেই সুপারিশ এবং তদন্ত রিপোর্টের ভিত্তিতে গ্রহণ করেছেন। তা হলেও এর মধ্যে কয়েকটা বিষয় এখন পর্যন্ত দুর্বল রয়ে গেছে। আমি আপনার মাধ্যমে সেদিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং মাননীয় সদস্যদের দৃষ্টিতেও আনতে চাই। ল কমিটি যে রিপোর্ট দিয়েছে, তার ভিত্তিতে কতকগুলি ধারা পরিবর্তিত হয়েছে। ধরুন এর মধ্যে যে কয়টি নূতন আনা হয়েছে তাতে প্রায় ৮।১০টি ধারার মধ্যে দুটি ধারাকে আমরা দেখলাম বেশী ইমপ্রুভ করা হয়েছে, সেটা নিশ্চয় ওয়েলকাম করছি। একটা ধারা ১৪০ যেখানে ডিপোজিট ইন্সুরেন্স স্কীম কো-অপারেটিভের আওতায় ছিল না, তার কথা বলছি। তৎকালীন ল কমিটি বোধ হয় ভেবেছিলেন আমাদের এখন পর্যন্ত পরিবেশ তৈরি হয় নি, সেজন্য তাঁরা এটা মঞ্জুর করেন নি। এঁরা সেটা এনেছেন সেজন্য ধন্যবাদ জানাচ্ছি। এবং এটা এনে নিশ্চয়ই এতগুলি বিত্তশালী মানুষদের অবিচার ও অন্যায়ের বিরুদ্ধে গ্রামাঞ্চলের মানুষদের জাগরণের পরিবেশ সৃষ্টি করেছেন। এই ব্যবস্থা নেওয়া উচিত যখন নেওয়ার মত শক্তি সরকারের হাতে আছে এবং সে শক্তি প্রয়োগ করলে জনসাধারণের সহযোগিতা পাবেন। সেদিক থেকে নিশ্চয়ই ইমপ্রুভ হয়েছে। আমরা দেখছি ৮।১০টি নূতন সংযোজনী করেছেন, সেটা কিন্ত বিশেষ এগিয়ে দিতে পারে নি এবং তা দ্বারা যে পরিবর্তন এনেছেন তাতেও বিশেষ এগিয়ে দিতে পারে নি। মাননীয় স্পীকার মহাশয়, আমি বিশেষ করে কয়েকটি বিষয় দেব সব বলার সময় নাই। আমি দেখতে পাচ্ছি এই বিলে ১২(সি)-এর পরে (ডি) একটা সংযোজনী দিয়েছেন এর ফলে হবে কি, ধনী বণিক এবং মহাজন শ্রেণীর যে সমস্ত লোক তারা সমস্ত কো-অপারেটিভের মধ্যে প্রবেশ করবে.

তা হলে কার্যতঃ কো-অপারেটিভ তাদের আওতায়ই থাকবে এবং ইতিপূর্বে যেভাবে তারা করেছিল ঠিক সেইভাবে বদ মতলব জুগিয়ে যাবে। সেই কারণে গরিব এবং মাঝারী যে সমস্ত কৃষক আছে তাদের জন্য যদি সংগঠন করার ব্যবস্থা গ্রহণ না করেন ভবিষ্যতে ধনীরা ঢুকে তাদের অধিকারগুলি নষ্ট করে দেবে।

সেই কারণের জন্য এই বিল গরিব, মাঝারীদের স্বার্থ রক্ষা করবার উদ্দেশ্যে গরিব অংশকে আরো বেশী করে কো-অপারেটিভ আন্দোলনের মধ্যে টেনে আনা এবং তাদের স্বার্থ বিশেষভাবে রক্ষিত হবে এই আশায় উদ্দীপ্ত করবার জন্য এই সংযোজনী দেওয়া হয়েছে। আশা করি মন্ত্রিমহাশয় এটা লক্ষ্য করে দেখবেন। সঙ্গে সঙ্গে আরো বলতে চাই যে, ১৩(৫)-এর যে সাব-ক্লজ সেটা ওমিট করবার জন্য বলেছি। এই কারণে যে কোন সদস্যের যে অধিকার, সেই অধিকারকে কো-অপারেটিভ সোসাইটির যে ম্যানেজিং কমিটি, সেই ম্যানেজিং কমিটি সেটার ব্যাপারে ব্যবস্থা না নেওয়ার জন্য তার অ্যাপ্লিকেশন বাতিল হয়ে যাবে। এটা তিন মাসের জন্য টাইম লিমিট থাকবে, তার মধ্যে বিচার করে গৃহীত হবে। সেই টাইমের মধ্যে যদি অ্যাপ্লিক্যান্ট জানতে না পারে, তা হলে অটো-মেটিক্যালি গৃহীত হলো বলে ধরা হবে। এটা রেখে তাকে নেগেটিভ ওয়েজ-এতে অ্যাপিল করবার সুযোগ থেকে বঞ্চিত করে রাখা হচ্ছে। সেই কারণে কো-অপারেটিভ সোসাইটির রেজিস্ট্রেসান সম্বন্ধে তিন মাসের মধ্যে যদি তার কোন অর্ডার না পান, তা হলে অটোমেটিক্যালি সেই সোসাইটি বাতিল হয়ে গেল; আর সেই সোসাইটি রেজিস্টার্ড হতে পারলো না। এই ধরনের নেগেটিভ ধরনের অ্যাপ্রোচ রাখা উচিত নয়। এটা রাখা উচিত এই পিরিয়ডের মধ্যে ঐ কো-অপারেটিভ সোসাইটির ম্যানেজিং কমিটি কিংবা ঐ যে রেজিস্ট্রার যদি তার বিচারের রায় ও তার অর্ডার ঐ অ্যাপ্লিকেশন সম্পর্কে ব্যবস্থা না করেন, তা হলে অটোমেটিক্যালি দ্যাট মেম্বার উইল বি রেকগনাইজড অ্যাজ এ মেম্বার অব দি সোসাইটি, অর যদি রেজিস্ট্রার অর্ডার না দেয় অটোমেটিক্যালি দ্যাট সোসাইটি উইল বি কাউন্টেড অ্যাজ রেজিস্টার্ড। সেই অ্যাপ্লি-কেশন গ্রান্টেডই যদি রাখা হয়, তা হলে কো-অপারেটিভ সোসাইটির ম্যানেজিং কমিটির ও রেজিস্ট্রারের ক্যালাসনেস দূর করা সম্ভবপর। প্রত্যেকটি অ্যাপ্লিকেশন বিচার-বিশ্লেষণ করবার দায়িত্ব পালন করতে তাদের বাধ্য করা উচিত।

নেক্সট আর দু-একটা কথা রাখছি, ঠিক সেইভাবে আমাদের এখানে ঐ ৩৯(৩) সাবক্লজে-একটি কথা আছে—সেটা মন্ত্রিমহাশয়কে একটু বিচার-বিশ্লেষণ করে দেখতে বলি। যে কোন সোসাইটি তার এগ্রিকালচারাল ইনপুটস্ কিংবা ধরুন ইমপ্লিমেন্টস—এইসব কেনবার জন্য মার্কেটিং সোসাইটি যে এরিয়ার অন্তর্গত থাকবে, সেই মার্কেটিং সোসাইটির কাছ থেকে কিনতে তারা বাধ্য থাকবে। এইভাবে সোসাইটিকে কিংবা আপনার প্রত্যেক এগ্রিকালচারিস্টকে কোন মার্কেটিং সোসাইটির যথেচ্ছাচারের কবলে ঠেলে দেওয়া ঠিক হবে না। বরং তার স্বাধীনতা থাকবে -সে যে লোন পাবে সেই অনুযায়ী তার প্রয়োজনমত ইনপুটস্ বা ইমপ্লিমেন্টস্ যা সে কিনতে চায় সেটা সে যাচাই করে যেন কিনতে পারে। তা হলে তার কাল্টিভেসানও সবচেয়ে বেশী যুগোপযোগী হবে।

[5-20—5-30 p.m.]

এখানে আমার বক্তব্য হল আমাদের অভিজ্ঞতা আছে আমাদের ওখানে একটা মার্কেটিং সোসাইটি আছে সেই সোসাইটি যে সার সরবরাহ করলো তাতে ভেজাল ছিল, সেই সোসাইটি যে রেশন দোকান করেছিল সেখানে চালের সঙ্গে ভূষি মেশানো ছিল। সেসব ধরা পড়া সত্ত্বেও কিছু হল না। সুতরাং আজকে স্বাধীনতা থাকা দরকার, এগ্রিকালচারিস্টরা ভাল জিনিস দিলে, তোমার কাছে কিনব। আর ভাঙ্গা মেশিন নিয়ে এসে যদি বলে, এই মেশিন কিনতে হবে, তা না হলে টাকা পাবে না, তা হলে বাধ্য হতে হবে এগ্রিকালচারিস্টকে সেই ভাঙ্গা মেশিন কিনতে। সেইজন্য ভেবে দেখতে হবে এগ্রিকালচারিস্টদের বাধ্যবাধকতার মধ্যে বেঁধে দেওয়া ঠিক হবে কিনা। আর একটা কথা বলতে চাই, আজকে এটা খুবই দুঃখের কথা বুঝতে পারছি না কেন

ল কমিশনের রিপোর্টে ১৫৪ পাতায়, কোরাপ্ট পিপল, কোরাপ্ট প্রাকটিসেস্ বলতে কি বোঝায় বা করা তার একটা ডেফিনেসান ছিল এবং সুনির্দিষ্ট ছিল, আমি সেটা আপনার সামনে একটু পড়ে দিতে চাই—

> The following shall be deemed to be corrupt practices for the purposes of this Act: (1) receipt or sanction of a benami loan; (ii) receipt of illegal gratification either in cash or in kind in course of dealings on behalf of the society; (iii) signing of the minutes of the committee without attending the meeting; (iv) misuse of any money of the society; (v) tempering with the records of a co-operative society, etc.

এ ছাড়া তার সঙ্গে ছিল ,

> A person found guilty of any corrupt practice shall be punishable with a fine which may extend to Rs. 500 or imprisonment for more than one year or both. A person convicted under sub-section (2) shall be disqualified to hold office of any society for a period of six years from the date of such conviction.

এই যে কোরাপ্ট প্রাকটিস এবং কোরাপ্ট পিপল সম্পর্কে যেটা ছিল ল কমিটির রিপোর্টে, আমি আশ্চর্য হয়ে যাচ্ছি, এতবড় আইনের মধ্যে সেটা সুনির্দিষ্ট করা নেই। এইভাবে কোরাপ্ট প্রাকটিসেস্ সম্বন্ধে এই ডেফিনেসান থাকা উচিত। আমার আর একটা কথা হচ্ছে, আমাদের কো-অপারেটিভ মুভমেন্টকে এগিয়ে দেওয়ার জন্য বিভিন্ন রাজনৈতিক দলের দিক থেকেও এবং মাননীয় সদস্যরা যে প্রচেষ্টা নিয়েছে তার ভিতরে আমরা কতকগুলো জিনিস লক্ষ্য করেছি। আমাদের আমলে পাবলিক ডিমান্ড এই জিনিস যেগুলো রয়েছে তার সঙ্গে আর একটা বড় কথা সেটা হল ব্যাঙ্ক এমপ্লয়ী যারা তারা এই পিরিয়ডে কো-অপারেটিভ আইন পরিবর্তনের জন্য বারে বারে অনেক আন্দোলন করেছেন এবং এখনও করছেন।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই কো-অপারেটিভ ব্যাঙ্ক এমপ্লয়ীদের গত বছর নদীয়াতে যে ডিস্ট্রিক্ট ব্যাঙ্ক এমপ্লয়ীদের যে কনফারেন্স হয়েছিল তাতে আমাদের মাননীয় মন্ত্রি-মহাশয়ও উপস্থিত ছিলেন। তিনি সেখানে শুনেছেন ব্যাঙ্ক এমপ্লয়ীজ যারা তাদের যে দাবি সেটা কতখানি ন্যায্য এবং গঠনমূলক। আমাদের কো-অপারেটিভ মুভমেন্টকে এগিয়ে দেবার স্বার্থে তাদের যে চিন্তা-ভাবনা সেটা অনেকখানিই আমাদের কাছে গ্রহণীয়। মুর্শিদাবাদ জেলাতে শ্রীঅতীশ সিংহ মহাশয় ছিলেন সেখানে তিনি তাদের বক্তব্য শুনেছেন। এইসবের ভেতর দিয়ে ব্যাঙ্ক কর্মচারীরা—এই সেদিন বিগত ১৮ই এপ্রিল তারিখে ১৫ হাজার ব্যাঙ্ক কর্মচারীদের সই করা স্মারকলিপি তাঁর কাছে এসেছে। এখানে আমরা দেখে একটু আশ্চর্য হলাম যে, ব্যাঙ্ক অ্যামালগামেসানের পরে সেখানে ঐ ব্যাঙ্কের নতুন নাম হল, যারা ম্যানেজমেন্ট তারা ইচ্ছা করলে যেকোন কর্মচারীকে ছাঁটাই করে দিতে পারবেন। এই যে টারমিনেসান অব সার্ভিস—এই যে কথাটা, এই কথাটা আমার মনে হয় মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মন্ত্রি-মহাশয় ভেবে দেখবেন, এটা আইনে টিঁকবে কিনা। যদি আইনে না টেঁকে, তা হলে ভবিষ্যতে এ নিয়ে গন্ডগোল হবে। সেই কারণে আপনার মাধ্যমে স্যার, তাঁকে আমি অনুরোধ করবো যে, ব্যাঙ্ক কর্মচারীদের এই যথেচ্ছ ছাঁটাইয়ের এই যে ব্যবস্থাপনা এটা তুলে দেওয়া দরকার। স্যার, ব্যাঙ্ক কর্মচারীরা এই কো-অপারেটিভ মুভমেন্টকে এগিয়ে নিয়ে যাবার জন্য যে সমস্ত আন্দোলন করেছেন সেই আন্দোলনের মাধ্যমে তারা যে সরকারের সঙ্গে সহযোগিতা করবার দৃঢ়হস্ত প্রসারিত করেছেন সেই সহযোগিতার হস্ত মাননীয় মন্ত্রিমহাশয় গ্রহণ করবেন কিনা সেটা তাঁর অ্যাটিচুড বা ব্যবহারের মাধ্যমে নিশ্চয় প্রকাশিত হবে বা আইনের মাধ্যমে প্রকাশিত হবে। সেই কারণে মাননীয় মন্ত্রিমহাশয়কে ভেবে দেখতে বলব যে, আফটার অ্যামালগ্যামেসান এইরকম যথেচ্ছভাবে ব্যাঙ্ক কর্মচারীদের ছাঁটাই করবার ক্ষমতা এটা আপনার পরিবর্তন করা উচিত, এটা আপনি একটু চিন্তা করে দেখবেন। কারণ মাননীয় রাষ্ট্রপতিরই একমাত্র ক্ষমতা আছে যে, উইদাউট শোয়িং অ্যানি রিজন, দেশের স্বার্থে তিনি যেকোন মানুষকে যেকোন পদ থেকে

অপসারিত করতে পারেন। এ ছাড়া ইন্ডিয়ান কনস্টিটিউসান অ.র বোধ হয় কাউকে এরকম ক্ষমতা দেয় নি। এখানে ব্যাঙ্কের ম্যানেজিং কমিটিকে রাষ্ট্রপতির সমান ক্ষমতা দেওয়া হয়েছে। কাজেই স্যার, আবার এ ব্যাপারে মন্ত্রিমহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করব। তারপর লোন আদায় সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। তৎকালীন মন্ত্রী ছিলেন আমাদের শ্রীমতী রেণু চক্রবর্তী মহাশয়া, তিনি এই ঋণ পরিশোধের ব্যাপারে গভর্নমেন্টের পক্ষ থেকে পাবলিকের কাছে অ্যাপিল করেছিলেন। কিন্তু বাস্তুঘুঘুরা ঋণ পরিশোধ করতে দেয় নি। সেখানে এমন ব্যবস্থা হয়েছিল যে, আগে যেখানে কো-অপারেটিভকে যৌথভাবে ঋণ পরিশোধ করতে হত, সেখানে এককভাবেও ঋণ পরিশোধ করার ব্যবস্থা হয়েছিল। কাজেই এই সমস্ত আন্দোলনের ভেতর দিয়ে আজকে যে পরিস্থিতিতে এসে আমরা দাঁড়িয়েছি তার পরিপ্রেক্ষিতে এই আইনকে পুঙ্খানুপুঙ্খরূপে বিচার-বিবেচনা করে দেখা দরকার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিমিরবাবুর সার্কুলেশনের সঙ্গে আমি একমত। আমি জানি এই বিলটা হওয়া দরকার। কিন্তু আমি এখানে মাননীয় মন্ত্রিমহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করবো এবং মাননীয় মন্ত্রিমহাশয়কে চিন্তা করতে বলবো। অল্প সময়ের জন্য হলেও সিলেক্ট কমিটি করে, এই মে মাসের ফার্স্ট উইকে করে এই বিলকে আবার পূর্ণাঙ্গ রূপ দিতে পারা যায়, তা হলে এর যে ত্রুটি আছে সেগুলি আমরা দূর করতে পারবো। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-30—5-40 p.m.]

শ্রীরবীন্দ্রনাথ বেরা: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায়মন্ত্রী মহাশয় যে পশ্চিমবঙ্গ সমবায় বিল, ১৯৭৩ এই বিধানসভায় উপস্থাপন করেছেন আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানাই। সমর্থন জানাই এই জন্য যে শোষণহীন সমাজবাদী ব্যবস্থায় সমবায়ের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং পশ্চিমবঙ্গে যে সমবায় আইন ১৯৪০ সালে রচিত হয়েছিল, আমরা দেখেছি এত বছর অতিক্রান্ত হবার পরেও সেই বিলে ত্রুটি ছিল। পশ্চিমবাংলায় সমবায়ের উন্নতি যেভাবে হওয়া উচিত ছিল সেই রকমভাবে সাধিত হয় নি। এত বছরের অভিজ্ঞতার পরে মাননীয় মন্ত্রিমহাশয় এবং আমাদের সরকার তাদের অভিজ্ঞতার দ্বারা যে নূতন আইনগুলি সন্নিবেশিত করেছেন, নূতনভাবে যে বিল এনেছেন এই বিল আমি মনে করি পশ্চিমবাংলায় সমবায়ে অত্যন্ত গুরুত্ব-পূর্ণ আসন দেবে এবং আগামী দিনে পশ্চিমবঙ্গে সমবায় অত্যন্ত সাফল্যজনকভাবে এগিয়ে যেতে পারবে। আমাদের শীশ মহম্মদ মহাশয় এই বিলের কয়েকটি ধারার উপর বিরোধিতামূলক সমালোচনা করেছেন। আমি বলবো, তিনি অত্যন্ত আস্তে আস্তে বিলটা পড়েছিলেন তাতে আমার মনে হয় এত ধীরে ধীরে বিলটা পড়ায় অনেক সময় গেছে এবং ফলে বিলের শেষের দিকে যেখানে অবজেক্টস্ অ্যান্ড রিজনস্ আছে সেখানে তিনি পৌঁছাতে পারেন নি। একদিনের অভিজ্ঞতার ফলে দেখা গেছে বিলটা কি উদ্দেশ্যে রচিত হয়েছিল—

The Bill was enacted to avoid corruption, nepotism, vested interest and financial mis-management which crept into the Co-operative Societies.

সেটা তারা জানেন এবং তার বক্তব্যের মধ্যে সেটা প্রকাশিত হয়েছে। কাজেই অতীত দিনের অভিজ্ঞতায় এবং সেই অভিজ্ঞতার দ্বারা যাতে আমরা দুর্নীতিপরায়ণ যে সমস্ত পরিচালক সমিতি, যারা ভেস্টেড ইন্টারেস্ট তারা দিনের পর দিন সমিতিগুলির মধ্যে ঢুকে বসে আছে, সেই সমস্ত লোককে যাতে সরানো যায় এবং নূতনভাবে যাতে পরিচালনা সমিতি করে সমবায়কে উন্নততর করে পশ্চিমবাংলায় চালু করা যায় সেজন্য এই নূতন আইন সন্নিবেশিত করা হয়েছে। তবে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে দু-একটি কথা এই ব্যাপারে তার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই বিলের উপর যখন রুল তৈরি হবে তখন যেন এমন দৃষ্টি

রাখা হয় বা সেই রুল এমনভাবে তৈরি করা হয় যাতে একটা আইনের ফলে নির্দোষ লোকেরা বা যে লোক দুর্নীতিপরায়ণ নয় সেই লোক যেন ঐ রুলের আওতায় পড়ে নিগৃহীত না হয়। ২৩(২) ধারায় বলা হয়েছে—

> No person, who has been, or but for voluntary resignation could have been, a member of a managing committee of a co-operative society for consecutive three terms or three years, whichever is less, shall be eligible for being a member of the managing committee of the said society.

যদি ইনটেনশনালী কোন লোক ৩ বছর থাকার পরে, আবার যদি ৩ বছর থাকার জন্য কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করেন অর্থাৎ ৩ বছরের টার্ম শেষ হওয়ার কিছুদিন আগে রিজাইন করে ভলান্টারিলী আবার ৩ বছর থাকার জন্য সুযোগ নেন, তা হলে সেই রকম ক্ষেত্রে এইবারটা ইমপোজ করা দরকার। কাজেই রুলস যখন তৈরি হবে -যদি এমন কোন সদস্য ইলেকটেড হবার পরে ৫ মাস, ৬ মাস, ৭ মাসের মধ্যে তার কোন বিশেষ অসুবিধায় যদি রিজাইন করতে বাধ্য হয় অর্থাৎ তিনি কোথাও বাইরে গেছেন, হয়ত ৬ মাস বাইরে থাকবেন, কাজেই সোসাইটির একটা পদ অধিকার করে থেকে তিনি সমিতির ক্ষতি করতে চান না, তিনি রিজাইন করেছেন এই রকম লোককে যেন পুনরায় নির্বাচিত হবার অধিকার দেওয়া হয়। সেই রকম নির্দেশ যেন রুলসে থাকে এইদিকে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

২৬(২) ধারা যদি প্রয়োগ করা হয় হাউসিং কো-অপারেটিভ বা ইঞ্জিনীয়ারিং কো-অপারেটিভ-এর ব্যাপারে—যেখানে বলা হয়েছে, ৭ জন সদস্য নিয়ে আমরা সমিতি গঠন করতে পারব এবং ঐ সমিতির মধ্যে, হাউসিং কো-অপারেটিভ বা ইঞ্জিনীয়ারিং কো-অপারেটিভ সমিতির মধ্যে ৬ জন নিয়ে ম্যানেজিং কমিটি তৈরি হয় এবং তারপর দেখা গেল যে, তিন বছর পরে ঐ ৬ জন সদস্য অপসারিত হল, তা হলে ম্যানেজিং কমিটি গঠন করার আর সুযোগ থাকে না কারণ এক-জন অবশিষ্ট থাকে। সেই জন্য তিন বছর পরে ঐ ম্যানেজিং কমিটির সদস্যসংখ্যা যদি বাড়ানো যায়, তা হলে ম্যানেজিং কমিটি গঠন করা যায় এবং ম্যানেজিং কমিটি যাতে গঠন করা যায় তার জন্য যেন রুলে সেই রকম ব্যবস্থা থাকে। আর একটা কথা, গ্রামের ঋণদান ব্যবস্থকে পুরো-পুরি আওতায় আনতে হবে। আমরা দেখছি গ্রামে যেসমস্ত ঋণ দেওয়া হয় তা শুধু কৃষি-কার্যের জন্য দেওয়া হয়, যার ফলে দেখা যায় গ্রামের লোকেরা ঐ সমবায় ঋণ নিতে বিশেষভাবে অগ্রসর হয় না। আমার বক্তব্য হচ্ছে সমস্ত প্রকার ঋণ দেওয়ার ব্যবস্থা সরকারকে সমস্ত কিছু একত্রিত করে সমবয়ের মাধ্যমে দিতে হবে। তা না হলে কৃষিকার্যের জন্য যে ঋণ দেওয়া হয় সেই ঋণ নিয়ে গ্রামের অনেক লোক গৃহনির্মাণ বা মেয়ের বিয়েতে লাগায়, এইভাবে তারা কৃষি ঋণকে বিভিন্ন কাজে লাগিয়ে থাকে। যদি সমবায়ের মাধ্যমে এইসব ঋণ দেওয়া যায় বা এইসব ক্ষেত্রে ঋণ দেওয়ার ব্যবস্থা করা যায়, তা হলে এই জিনিসটা হতে পারে না। ১৯৬৭ সালের পর দু-দুবার যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় এসে তারা সেই সময় পশ্চিমবঙ্গের সমবায় আন্দোলনকে যেভাবে পরিচালিত করেছিল তা আমি ব্যক্তিগতভাবে জানি, তারা লোকেদের মধ্যে একটা ধারনা তৈরি করেছিল যে, তাদের ঋণ পরিশোধ করতে হবে না। এর ফলে তারা সেই সমস্ত ঋণ পরিশোধের ব্যবস্থা করতে পারে নি এবং যার ফলে সমবায় অচল হয়ে পড়ে আছে। এইসব বকেয়া কর্জ এত বেশী হয়ে গিয়েছে যে, সেই সমস্ত গরিব চাষীরা সেই ঋণ আর পরিশোধ করতে পারছে না। আমার বক্তব্য হচ্ছে যে, স্বল্প মেয়াদী ঋণ যেটা সেটাকে মধ্য মেয়াদী করা যায় কিনা এবং মধ্য মেয়াদী যেটা সেটাকে ৩ বছরের বদলে ৫ বছর করা যায় কিনা, তার দিকে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ল্যান্ড ডেভেলপমেন্ট কো-অপারেটিভ ব্যাঙ্ক হয়েছিল এবং এই ব্যাঙ্ক থেকে গ্রামের লোকে প্রায় টাকা পয়সা নিয়ে থাকে, কিন্তু এর এত বেশী টেকনিক্যাল ব্যাপার আছে এবং সেইসব ব্যাপার ঠিকমত পূরণ করে তারপর তারা টাকা পাবে, এইসব করার পর তারা যখন টাকা পান, তখন যে উদ্দেশ্য নিয়ে টাকা নেয়, সেই উদ্দেশ্য আর সিদ্ধ হয় না। সেই জন্য এই বিষয়ে আমার বক্তব্য হলো যে, এই টেকনিক্যাল ব্যাপারগুলি

যাতে সরল করা যায় তার চেষ্টা করতে হবে এবং করে সাধারণ মানুষকে যাতে লোন দেওয়া যায় তার ন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে চালকল সমবায় বিপণী প্রভৃতি আরো ন্যান্য সমবায় সমিতি আছে। এইসব চালকলগুলির মধ্যে আমি একটার সঙ্গে জড়িত। এই সমবায় চালকলগুলি ছাড়া বহু রাইস মিলস্ আছে, যেগুলি ব্যক্তিগত মালিকানায় পরিচালিত এবং সেই রাইস মিলগুলি থেকে অত্যন্ত মুনাফা বা লাভ করার জন্য ব্যবসায়ীরা নানারকম কারচুপি অবলম্বন করে। তারা বেশী দাম দিয়ে বাজার থেকে ধান কেনে, যার ফলে সরকারী নির্ধারিত দামে তাদের সঙ্গে কম্পিটিশনে কো-অপারেটিভ রাইস মিলগুলি দাঁড়াতে পারে না এবং তারপর তারা তার সঙ্গে কারচুপি করে বেশী দামে বা বেশী মুনাফায় বিক্রি করে। কাজেই এই জন্য ফুড কর্পোরেশন অফ ইণ্ডিয়ার যে দাম সেই দামে পশ্চিমবঙ্গের যে সমস্ত কো-অপারেটিভ রাইস মিলগুলি আছে, তাদের যদি সেই দামে সরকারীভাবে ধান দেওয়ার ব্যবস্থা করা হয়, তা হলে এই রাইস মিলগুলি খুব ভালভাবে চলতে পারবে এবং দ্রুততার সঙ্গে উন্নতি করতে পারবে।

[5-40—5-50 p.m.]

মার্কেটিং সোসাইটি যেগুলি এই সোসাইটিতে অনেক সময় অনেক কিছু ব্যবসা করার সুযোগ থাকে; যেমন সারের ব্যবসা। যে সার দেওয়ার ব্যবস্থা করা হল সেই সার ঠিকমত পাওয়া যায় না। মার্কেটিং সোসাইটিকে সার দেওয়ার যে ব্যবস্থা আছে সেদিকে সরকার লক্ষ্য রাখেন না বা যে নিয়ম আছে সেই নিয়ম ঠিকমত প্রয়োগ করা হয় না। আমরা জানি ৪০ পার্সেন্ট অ্যাপেক্স কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে মার্কেটিং সোসাইটিকে দেওয়া হয়, এই পরিমাণ আরো বাড়িয়ে দেওয়া দরকার। তারা যাতে মার্কেটিং সোসাইটিকে পর্যাপ্ত পরিমাণে সার দিতে পারে তার ব্যবস্থা করতে হবে, তা হলে সমবায়ের প্রতি মানুষের আস্থা ফিরে আসবে। তারপর অ্যাডমিনিস্ট্রেটিভ মেশিনারীর ব্যাপারে আমরা দেখেছি যে, মাথাভারী প্রশাসন ব্যবস্থা কো-অপারেটিভে, জয়েন্ট রেজিস্ট্রার অব কো-অপারেটিভ সোসাইটিজ, ডেপুটি রেজিস্ট্রার অব কো-অপারেটিভ সোসাইটিজ ইত্যাদি অনেক বাড়ানো হয়েছে, কিন্তু নিচের দিকে কো-অপারেটিভ ইন্সপেক্টরের যে পদ সেই পদ পশ্চিমবঙ্গে বহু জায়গায় বছরের পর বছর খালি পড়ে আছে। আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, আমার ডেবরা ব্লকে অনেকদিন কো-অপারেটিভ ইন্সপেক্টর নেই। যদি একজন ইন্সপেক্টর গেলেন ৩ মাস বাদে তাঁকে তুলে নেওয়া হল, তারপর অডিটর বা রাইস মিলের অফিসারের উপর চার্জ দিয়ে সেটাকে চালান হচ্ছে। তাই ইন্সপেক্টরের পদ যাতে বাড়ান যায় সেদিকে লক্ষ্য রাখবার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে, এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং আগামী দিনে এই বিল পশ্চিমবঙ্গে যথেষ্ট সাফল্য আনবে, এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপুরঞ্জয় প্রামাণিকঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৪০ সালের সমবায় আইনকে বাতিল করে একটা পূর্ণাঙ্গ আইন আনার জন্য সমবায়মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিনকে আমি অভিনন্দন জানাচ্ছি। অভিনন্দন জানাচ্ছি এইজন্য যে, এই আইনের মাধ্যমে বাংলাদেশের যে হাজার হাজার বেকার যারা নিজের জীবনে প্রতিষ্ঠিত হতে পারছে না তারা নিজেদের জীবনে প্রতিষ্ঠিত হবার সুযোগ পাবে বলে আশার আলো দেখতে পেয়েছে, সেজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। সমবায় আইন যে উদ্দেশ্যে গঠিত, বাংলাদেশে এই আইন সেইভাবে চালু হয় নি। কারণ, সমবায় আইনে আমরা দেখেছি অন্যান্য রাজ্যে যেভাবে কাজ হয়েছে এবং যেভাবে সমবায় ব্যবস্থা উন্নতি করেছে সে তুলনায় বাংলাদেশের পরিস্থিতি খুব দুর্ভাগ্যজনক এবং সমবায় ব্যবস্থার দিকে তাকালে সত্যই দুঃখ এবং বেদনা হয়। এখানে যাদের উপর সমবায়ের ভার দেওয়া হয়েছিল তারা হচ্ছে একদল স্বার্থান্বেষী লোক যারা দিনের পর দিন সমবায়গুলিকে গোষ্ঠীতন্ত্রের মধ্যে রেখে কেবল অর্থ উপার্জন করে গেছে, তারা শেয়ারহোল্ডার এবং সরকারকে ফাঁকি দিয়ে গেছে। সরকার বার বার এই সমবায় আইনকে ভালভাবে পরিচালনা করবার জন্য সংশোধন করেছেন,

কিন্তু সংশোধন করা সত্ত্বেও এই গোষ্ঠীচক্র স্বার্থান্বেষীর দল তাকে বার বার বানচাল করে দিয়েছে। এবারে যে পূর্ণাঙ্গ বিল এসেছে এই বিলে সেইসব স্বার্থান্বেষী দলকে যথোপযুক্ত শাস্তি দেবার ব্যবস্থা আছে। আগে যে ব্যবস্থা ছিল সেই ব্যবস্থার মাধ্যমে আমরা দেখেছি এই-সব দলের বিরুদ্ধে অ্যাকসান নেবার জন্য অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রারের মাধ্যমে যেতে হত পুলিসের কাছে, কিন্তু বর্তমান সমবায় আইনের মাধ্যমে পুলিসের কাছে কগনিজেবল অফেন্স হিসাবে সরাসরি দায়ের করা যাবে এবং ভারতীয় দণ্ডবিধির ৪০৯ ধারা অনুযায়ী ক্রিমিন্যাল ব্রিচ অব ট্রাস্ট বাই এ পাবলিক সার্ভেন্ট হিসাবে কগনিজেবল অফেন্স হবে এবং স্পেশাল ট্রাইব্যুনালে তাদের ট্রায়াল হবে। যে সমস্ত লোক এতদিন চুরি জোচ্চুরি করছিল তাদের শায়েস্তা করবার ব্যবস্থা হয়েছে। মাননীয় সদস্য শ্রীশীশ মহম্মদ বললেন, আপনার জেলায় আপনারা সমবায়ের টাকা মেরেছেন। যারা চোর তারা চোর, যারা ডাকাত তারা ডাকাত। আপনারা জানেন না অনেক সোসাইটি আছে যে সোসাইটির নেতৃত্ব করেছেন কমিউনিস্ট পার্টি। আমার জেলায় বারোয়ারী সোসাইটি আছে যেখনে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা বরবাদ করেছে, সেই কো-অপারেটিভ সোসাইটি ছিল কমিউনিস্ট পার্টির হাতে। আপনারা জানেন আমাদের নবগ্রাম কো-অপারেটিভ সোসাইটি সি পি এম দলের হাতে ছিল এবং তারা লক্ষ লক্ষ টাকা বরবাদ করেছে। যারা চোর তারা চোর, সেখানে কোন পার্টির কথা নেই। যারা চুরি করেছে তাদের সাজা পাওয়া উচিত, তা সমবায়ের মাধ্যমেই হোক বা যেভাবেই হোক। কালকে মাননীয় সদস্য শ্রীঅজিত বসু মহাশয় বললেন, মন্ত্রিমহাশয় একজন শল্য চিকিৎসক। তিনি ঠিকই বলেছেন। মন্ত্রিমহাশয় একজন শল্য চিকিৎসক, তাই তিনি পচা দুর্গন্ধময় দেহ অপারেশনের মাধ্যমে বাদ দিয়ে জনসাধারণের সুযোগ-সুবিধা যাতে আসে তার জন্য এটা এনেছেন। এই আইন পাশ হবার পর যদি সত্যসত্যই এটা কার্যকর হয়, তা হলে দেখা যাবে, এই রাজ্যের অর্থনৈতিক পরিস্থিতি দু-এক বছরের মধ্যে উন্নতিলাভ করবে এবং সেক্ষেত্রে এটা সমবায় বিভাগের কৃতিত্ব বলে মনে করতে হবে। এই বিলের সাহায্যে গ্রামের দরিদ্র লোকের উপকার হবে। এতদিন পর্যন্ত এই সমবায়ের মাধ্যমে যাদের আর্থিক প্রয়োজন ছিল বা অন্যান্য শ্রেণীর লোক যারা রয়েছে তাদের কোনরকম সুযোগ-সুবিধা দেওয়া হয় নি। এতদিন পর্যন্ত এই সমবায় আইন শুধু ঋণদান এবং ঋণ আদায় করবার ব্যবস্থা করেছে, প্রকৃত কল্যাণমূলক কাজ কিভাবে করা যায় তার ব্যবস্থা করা হয় নি। কিন্তু এই আইনের মাধ্যমে সেই সমস্ত ব্যবস্থা করা হবে দেখতে পাচ্ছি। মন্ত্রিমহাশয় যে বিল উত্থাপন করেছেন সেই বিল সম্বন্ধে একটা কথা বারবার বলা হয়েছে যে, রেজিস্ট্রারের পাওয়ার বেশী দেওয়া হয়েছে। এর আগে যে আইন ছিল তাতে রেজিস্ট্রারকে যে পাওয়ার দেওয়া হয়েছিল তার চেয়ে বেশী কিছু এতে করা হয় নি। যদি কোন আমলা অন্যায় করেন, ঠিকমত কাজ না করেন, তা হলে এই সরকারের মন্ত্রী সেদিকে লক্ষ্য রাখবেন এবং যাতে অন্যায় করতে না পারেন তার ব্যবস্থা তিনি নিশ্চয়ই করবেন। এই যে বিল এসেছে তাতে আমি মনে করি, যে সমস্ত ভেস্টেড ইন্টারেস্ট-এর লোক ছিল তাদের বাতিল করা সম্ভব হবে এবং আইনে যে সমস্ত ত্রুটি-বিচ্যুতি ছিল সেগুলি দূর হবে এবং মানুষের কল্যাণ হবে। ১৯৪০ সালের যুদ্ধের সময় এই আইন হয়। তখন বিভিন্ন রকম খাদ্যশস্য এবং বিভিন্ন রকমের জিনিসের অভাব ছিল এবং তখন সুষম বণ্টনের জন্য এই সমস্ত সোসাইটি করা হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত দেখা গেছে সেই সোসাইটিগুলি যাতে নিজের পায়ে দাঁড়াতে পারে তার কোন ব্যবস্থা নেই, কারণ সেই আইন ত্রুটিপূর্ণ ছিল। যারা সোসাইটি করেছে তারা অর্থ তছরূপ করেছে, যে উদ্দেশ্যে সমবায় করা প্রয়োজন সেটা তারা করতে পারে নি, তারা অর্থ উপাজনের গ্যাঁড়াকল করেছে। কিন্তু এখন আমাদের সমবায়মন্ত্রী মহাশয় যে বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করেছেন তাতে আমি আশা করি বাংলাদেশের সমবায় আইনে একটা গুরুত্বপূর্ণ পরিবর্তন এসেছে এবং আসবে। শুধু তাই নয়, আমি আশা করি এই আইনের মাধ্যমে প্রকৃতপক্ষে ভারতবর্ষে শোষণহীন সমাজব্যবস্থা যেকথা মহাত্মা গান্ধী বলেছিলেন সেটা হবে। এই বিল সিলেক্ট কমিটিতে নেবার জন্য শ্রীঅজিত বসু মহাশয় প্রস্তাব রেখেছেন। তাঁর যদি কিছু বলবার থাকে, তা হলে তিনি অ্যামেন্ডমেন্ট দিয়ে এখানেই তা বলতে পারতেন। আমি মনে করি এই বিল সিলেক্ট কমিটিতে পাঠাবার কোন

প্রয়োজন নেই, কারণ এটা নিয়ে যত দেরী করবেন দরিদ্র মানুষরা তত দেরীতে তাদের সুযোগ-সুবিধা পাবে। সিলেক্ট কমিটিতে দেবার মানে এটা ৬ মাস আরও পেছিয়ে যাবে এবং তার ফলে সাধারণ মানুষ এর ফল আরও ৬।৮ মাস পরে পাবে এবং ইতিমধ্যে হয়ত হাজার হাজার, লক্ষ লক্ষ টাকা বরবাদ হয়ে যাবে। আমি মনে করি এই বিল খুব ন্যায়সঙ্গত বিল এবং এর মাধ্যমে যে সমস্ত ভেস্টেড ইন্টারেস্টের লোক আছে তাদের দূর করা যাবে এবং যে সমস্ত ত্রুটি ছিল সেগুলিও দূর করা যাবে এবং দরিদ্র জনসাধারণের কল্যাণ করা যাবে। একথা বলে এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-50—6-00 p.m.]

শ্রীশরৎচন্দ্র দাস: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সমবায়মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি এবং এই বিলকে সমর্থন জানাচ্ছি। আমাদের এই সমবায় আন্দোলন এত নীচে নেমেছিল যে তাকে একটু তুলে ধরবার জন্য এবং তাকে সংশোধন করবার জন্য এরকম একটা পূর্ণাঙ্গ বিল আনার দরকার ছিল। কাজেই সেদিক থেকে এটা খুবই প্রয়োজনীয় বিল এবং এই বিল মন্ত্রিমহাশয় যে এনেছেন তার জন্য তাঁকে আমি ধন্যবাদ দিচ্ছি।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের মাননীয় বিরোধী সদস্য শ্রীশীশ মহম্মদ সাহেব ও শ্রীতিমির ভাদুড়ী মহাশয় এরা এই বিল সম্বন্ধে পরস্পরবিরোধী উক্তি করেছেন। কারণ, তাঁরা বলেছেন যে, এর পূর্বে যে বিলটা ছিল বা যে অ্যাক্টটি ছিল, এখন এই বিলের আকৃতি ও প্রকার একই রকম। কিন্তু ঐ বিল অনুযায়ী সমবায় সমিতিগুলি যে যত পেরেছেন চুরি করেছেন, তাতে দলমত বলে কিছুই বাদ ছিল না, সমস্ত দলের লোকই মেরেছেন। কিন্তু সেটার বিরুদ্ধে যখন আমরা এই বিলে ব্যবস্থা নিতে যাচ্ছি তখন আপনাদের আতঙ্কিত হবার কি কারণ? আপনারা নিজেরাই বলেছেন যে, এই সমস্ত দুর্নীতি রয়েছে এবং কো-অপারেটিভে ব্যাপকভাবে চুরি হয়েছে। কিন্তু সেটা বন্ধ করার জন্য যখন এই বিল আনা হয়েছে, তখন আপনারা আতঙ্কিতবোধ করছেন কেন? ব্যাপার দেখে আমার একটা গল্প মনে পড়ছে। একটা ব্যাঙ স্যার, ঘোরাঘুরি করে সাপের খোলসের কাছে গিয়ে পড়ল। তখন সাপ মনে করে ব্যাঙটি আতংকে কাঁপতে লাগল। কিছুক্ষণ পরে যখন জানতে পারল যে তার মৃত্যুর সম্ভাবনা নাই, তখন সে বলল যে, তুমি সাপও বটে আবার নও। অতএব তুমি থাক, আমি চললাম। এখানেও তাই, যখন এই কো-অপারেটিভের ব্যাপারে মন্ত্রিমহাশয় বিল আনছেন, তখন এরা সমালোচনা করছেন এবং আতঙ্কিত হচ্ছেন—এর কারণ কি? অর্থাৎ দুই রকমই করছেন। যখন ব্যবস্থা নিচ্ছেন না, তখন বলছেন ব্যবস্থা নিচ্ছেন না কেন, আবার যখন ব্যবস্থা নিতে যাচ্ছেন, তখন সমালোচনা করছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বলব এই বিলটা অত্যন্ত সময়োচিত হয়েছে এবং এই বিলটি যদি সিলেক্ট কমিটিতে যায় বা যে সার্কুলেসানের প্রস্তাব এসেছে বিরোধী পক্ষ থেকে, তা হলে অযথা বিলম্বিত হবে। কারণ এই বিলে সব রকম ব্যবস্থা রাখা হয়েছে। সপ্তদশ অনুচ্ছেদে বলা হয়েছে যে, যদি কেউ টাকা আত্মসাৎ করে, তা হলে পুলিস-গ্রাহ্য কেস হবে এবং যদি প্রয়োজনবোধ হয়, তা হলে আইন তৈরি করার ক্ষমতাও সরকারের থাকছে। অতএব যদি ত্রুটি-বিচ্যুতি দেখা দেয়, তা হলে সরকারের ব্যবস্থা নেবার মত প্রভিসন এই বিলের মধ্যে রয়েছে। সপ্তদশ অধ্যায় যদি পড়ে দেখেন, তা হলে দেখবেন, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় এই বিলে রেখেছেন যে, যারা এতদিন টাকা আত্মসাৎ করে রেখেছে, যারা কো-অপারেটিভের মধ্যে দুর্নীতি করেছেন তারা যাতে সদস্যপদ লাভে বঞ্চিত হন তার জন্য তিনি ৬নং ক্লজে দুর্নীতিপরায়ণ, স্বার্থপর, অনভিজ্ঞ সভ্যদের সদস্যপদে আসতে বাধা আরোপ করছেন। আমরা এই কো-অপারেটিভ বিলের ভিতর দিয়ে সমাজবাদের পথে এগিয়ে যাব এবং গ্রামের অর্থনীতি যাতে সুদৃঢ় করা যায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই কো-অপারেটিভের মধ্য দিয়ে সমাজবাদের সৃষ্টি করা যাবে এবং গ্রামীণ শিল্প

যেগুলি ধ্বংসমুখী, তাতে আধুনিক যন্ত্রপাতি, চাষের জন্য সার, আধুনিক উন্নত কৃষি প্রণালী ইত্যাদি সম্বন্ধে যদি আমরা গ্রামীণ জনসাধারণকে শিক্ষা দিতে পারি সমবায়ের মাধ্যমে, তা হলে সমবায় আন্দোলন সার্থক রূপ নেবে।

আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে আবার বলব যে, আজকে ব্লকে একজন করে যে কো-আপারেটিভ এক্সটেনশন অফিসার রেখেছেন, সেটা পর্যাপ্ত নয়। কোন কোন ব্লকে দেড় লক্ষ লোক পর্যন্ত আছে। আমি একটা অনুরোধ করব, অতীতে এটা দেখা গেছে আধিকারিক যারা আছেন, ডিরেক্টার থেকে আরম্ভ করে, তারা কাগজপত্র তৈরি করতে জানেন না, এই জন্য এই কাজের জন্য বি কম এম কম পাশ ছেলে যদি বেশ কিছু নেন, তা হলে তাঁরা সুপারভিশন করবেন এবং পেপার তৈরি করবেন। সেজন্য আমি আবেদন করি যে, কো-অপারেটিভের রক্ষণাবেক্ষণ এবং আদান-প্রদান ঠিকভাবে যাতে করা যায় তার জন্য ইউনিট পপুলেশন দেখে বি কম এবং এম কম পাশ লোক যেন নেওয়া হয়।

বাপুজী নির্দেশিত যে খাদি বোর্ড, তাতে টাকা নিয়ে অনেকে আত্মসাৎ করেছে, তাদের কিভাবে ধরবেন সেটা মন্ত্রিমহাশয়কে বিবেচনা করতে হবে এর পূর্বে যারা চুরি করেছে, পুরাতন অ্যাক্ট বদল করছেন, নূতন অ্যাক্টে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার ব্যবস্থা করবেন। এখন যারা টাকা নিয়েছে তাদের বিরুদ্ধে কিছু মোকদ্দমা কোর্টে রয়েছে। অ্যাক্ট রিপীল হয়ে গেলে তাদের বিরুদ্ধে ডিক্রি করেছে, সেখানে অ্যাক্ট ইমপ্লিমেন্টেশন করতে পারবেন কিনা সেটা বিবেচনা করে দেখবেন। যারা বাস্তুঘুঘু, যারা পুরনো লোক সেই সমস্ত দুর্নীতিগ্রস্ত লোকদের যাতে শিক্ষা দেওয়া যায়, ভবিষ্যতে যাতে তারা আর এই রকম না করতে পারে, সেই রকম ব্যবস্থা করতে হবে। বেসরকারী ক্ষেত্রেও এই রকম হয়েছে। সরকার প্রোকিওরমেন্ট যেটা করেছিলেন, বৃহদায়তন কৃষি বিপণন সমবায় সমিতির টাকা যে লোক চুরি করেছে, সরকার থেকে ধান কেনবার জন্য যে বস্তাগুলি দিয়েছে, সেইগুলিও বিক্রি করে দিয়েছে, সেই সমস্ত অভিজ্ঞ সরকারী লোক যাতে শাস্তি পায় তার প্রভিসন রাখুন। এতে কোন দলমত নাই। তারা যে কোন দলেই সুযোগ পায় সেই দলে ঢুকে পড়ে টাকাকড়ি আত্মসাৎ করে। এদের কাছে সি পি আই, আর. এস পি, কংগ্রেস সবাই সমান, সার্বজনীন অর্থ যেভাবে পারে মারবে, এরা যখন যে ক্ষমতায় থাকবে, তার মধ্যেই ঢুকে যাবে। আইন যখন তৈরি করছেন, সেই আইন মন্ত্রিমহাশয় কংগ্রেস দলের লোকদের জন্য তৈরী করছেন না, বাংলাদেশের যে-কোন দলের লোকের জন্যই আইন করছেন, যারা টাকা আত্মসাৎ করবে কি তছরূপ করবে তাদেরই ধরবার ব্যবস্থা করছেন। যারা এই বিলটাকে সিলেক্ট কমিটিতে দেবার জন্য বলছেন, তাদের প্রতি আমার কথা হচ্ছে ভবিষ্যতে এই বিলের সংশোধনের অবকাশ আছে, এটা একটা মহান বিল, দেরি না করে আমি অনুরোধ করব যে তাঁরা যে সংশোধনী দিয়েছেন, সেই সংশোধনী যেন উইথড্র করে নেন এবং এই মহান বিলকে বিনা প্রতিবাদে সমর্থন করেন, তার জন্য আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-00—6-10 p.m.]

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিজ বিল, ১৯৭৩ যেটা এনেছেন, তাকে প্রথমে আমি স্বাগত জানাচ্ছি। স্বাগত জানাচ্ছি এই কারণে যে, যেখানে দেখতে পাই কায়েমী স্বার্থ উচ্ছেদ এবং পরিচালন ব্যবস্থার ত্রুটি-বিচ্যুতি সম্পর্কে ব্যবস্থাগ্রহণ; আবার অন্যদিকে দেখছি সমবায় আন্দোলনকে শক্তিশালী করা এবং বহুমুখী করা এবং জনগণের মঙ্গল করবার একটা প্রচেষ্টা তা ছাড়া গ্রামাঞ্চলের মানুষের মনে যে একটা ভীতি ছিল এই সমবায় সম্বন্ধে মনের মধ্যে অন্য রকম একটা ধারনা পোষণ করতো, আজকে সেটা এই নূতন বিলে, আমার মনে হয় একটা নূতন দাগ কাটবে। আজকে দেখতে পাই যে, এই বিলে কিছুটা যদিও সরকারের হাতে ক্ষমতা

দেওয়া হচ্ছে, আমলাদের উপরও ক্ষমতা দেওয়া আছে। আজকে সরকারের আমলারা যে ক্ষমতা-প্রাপ্ত হয়েছে, সেখানে বর্তমান জনপ্রিয় সরকারের যে দৃষ্টি আছে, তার পরিচয় আমরা পাই এই নূতন বিলের মধ্যে। এখানে আরো দেখতে পাই, যেখানেই আমলাদের উপর কিছু ক্ষমতা দেওয়া হয়েছে, সেখানেই সরকার দৃষ্টি রেখেছেন তার যাতে অপব্যবহার তারা না করতে পারে।

আমরা দেখছি ভারতের অন্যান্য রাজ্যের তুলনায় আমরা সমবায় আন্দোলনের ব্যাপারে অনেক পিছিয়ে আছি। মহারাষ্ট্র তামিলনাড়ু প্রভৃতি অন্যান্য রাজ্য যেভাবে সমবায় আন্দোলন অগ্রগতির পথে যাচ্ছে, আজকে আমাদের এখানে স্বর্গীয় নেতা ডাঃ বিধানচন্দ্র রায়ের আশা ছিল এই সমবায় আন্দোলনকে আরো জোরদার করা এবং অগ্রগতির পথে নিয়ে গিয়ে দরিদ্র জনগণের মধ্যে ছড়িয়ে দেওয়ার। এই বিলের মধ্যে সেই অগ্রগতির ছাপ আমরা দেখতে পাচ্ছি। ১৯৪০ সালের যে সমবায় আন্দোলন প্রবর্তিত হয়েছিল, সেটা বর্তমান যুগোপযোগী হচ্ছিল না, দরিদ্র সাধারণ মানুষের পক্ষে সার্থক হচ্ছিল না। তাই এই নূতন বিলে একটা নূতন আশার আলো দেখতে পাচ্ছি। ১৯৬৯ সালে যে ল কমিটি গঠন করা হয়েছিল, তাদের যে সমস্ত সুপারিশ—সাজেসানস্—তা এর মধ্যে স্থান পেয়েছে। তারপর সেপ্টেম্বরে যে অর্ডিন্যান্স। তারপর পশ্চিমবঙ্গ সমবায় আইনের যে সংশোধন করা হয়েছে, সেই আইনও এর মধ্যে গৃহীত হয়েছে। তারো ছাপ এর মধ্যে দেখতে পাচ্ছি। সমবায় সমিতিকে নূতন উদ্দেশ্য প্রণোদিত করবার জন্য নির্দিষ্ট সময়ে যিনি টাকা পরিশোধ করেন নাই, তার অপসারণের ব্যবস্থা, আবার যিনি পরপর তিন বছর পরিচালন কমিটিতে ছিলেন তাকে নূতনভাবে আর নির্বাচিত হতে না দেওয়ার ব্যবস্থা—এই ব্যবস্থাগুলি সত্যিই ধন্যবাদের যোগ্য।

আরো দেখতে পাই সমবায় সমিতির পরিচালন ব্যবস্থায় ত্রুটি হলে তাকে ভেঙ্গে দেওয়ার ব্যবস্থা এবং সরকারের নিজের হাতে তার ভার নেওয়ার ব্যবস্থা এবং প্রশাসক নিয়োগের ব্যবস্থা এর মধ্যে রয়েছে। আরো রয়েছে শীর্ষ সমবায়ের ব্যাঙ্কের সঙ্গে সংযোজনের ব্যবস্থা। এগুলি বাস্তবিকই অভিনন্দনযোগ্য। সমবায় সমিতির খাতাপত্র দেখবার ও গ্রহণ করবার প্রচেষ্টা, কোন অন্যায় থাকলে তা সংশোধন করবার প্রচেষ্টা। এগুলিও অভিনন্দনযোগ্য। সমবায় ইঞ্জিনীয়ারিং সমিতির কথাও এই বিলে উল্লেখ করা হয়েছে। সমবায়ের কর্মকর্তাদের পাবলিক সার্ভেন্ট হিসেবে উল্লেখ করবার কথাও এর মধ্যে আছে। আর একটা জিনিস রয়েছে, একই পরিবারের লোকেরা যাতে কোন সমবায় সমিতিকে কুক্ষিগত করে না রাখতে পারে, তার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। আমরা দেখতে পাই কিছুসংখ্যক লোক সমবায় সমিতিগুলিকে কুক্ষিগত করে রেখেছে যা সাধারণ মানুষের কোন উপকারে আসে না। বিভিন্ন জায়গায় দেখতে পাচ্ছি উইভার্স কো-অপারেটিভ গড়ে উঠেছে, আজকে যে তন্তুবায়দের সমস্যা দেখা দিয়েছে, এটা তারই একটা কুফল। তন্তুবায় সমস্যা আমাদের সামনে এসেছে এটা তারই ফল, আজকে মন্ত্রিমহাশয় যে প্রচেষ্টা আরম্ভ করেছেন একই পরিবারের মধ্যে এটা সীমাবদ্ধ রাখা চলবে না এবং এটা বিভিন্ন সমাজের মানুষের মধ্যে এগিয়ে দিতে হবে সেটা অভিনন্দনযোগ্য। পরিচালক সমিতির সদস্যরা বা আত্মীয়স্বজন সমিতি থেকে ঋণ নিলে যে সাধারণ সভায় উত্থাপন করতে হবে এটা ভাল। আগে যে গোপনভাবে টাকা আত্মসাৎ করতো তা আর পারবে না সেটা সাধারণ সভায় উত্থাপন করার কথা মন্ত্রিমহাশয় এই বিলের মধ্যে এনেছেন দেখতে পাচ্ছি। এ ছাড়া দেখতে পাই সমবায় সমিতির ঋণ পরিশোধ করেন না এইরূপ ব্যক্তি ডিরেক্টর পদে নিযুক্ত হতে পারবেন না, এগুলো সত্যই অভিনন্দনযোগ্য। সমবায় সমিতি পরিচালক সমিতিতে তিনি যে সমাজের দুর্বল এবং অনগ্রসর শ্রেণীকে স্থান দিয়েছেন তার জন্য তাঁকে অভিনন্দন জানাই। আমি গ্রামবাংলার মানুষ, দেখতে পাই অনুন্নত মানুষ যেখানে স্থান পায় না, তারা স্থান পেয়েছে এটা অভি-নন্দনযোগ্য। আজকের সমবায় সমিতির কর্মচারীদের চাকুরির শর্তাবলীর কথা স্বীকার করেছেন এবং সমবায় সমিতির কর্মচারীদের যাতে চাকরি স্থায়িত্ব এবং নিরাপত্তা হয় এবং তার জন্য তিনি যে নজর দিয়েছেন, দৃষ্টি দিয়েছেন, সেজন্য আমি অভিনন্দন জানাচ্ছি। সবচেয়ে অভি-নন্দন জানাচ্ছি এই কারণে, আমি দেখেছি বাঁকুড়া জেলাতে যে সমবায় সমিতি, কামার বা কর্মকার সমিতি, তন্তুবায় সমবায় সমিতি যেগুলোর লক্ষ লক্ষ টাকা চুরি গিয়েছে, সে চাবিগুলো বন্ধ হবে।

মন্ত্রিমহাশয়ের এই বিলে সারা পশ্চিমবাংলার এবং গ্রামাঞ্চলের লক্ষ লক্ষ টাকা বাঁচিয়ে সাধারণ মানুষের কাজে খরচ করা যাবে এটা দেখতে পাচ্ছি। এ ছাড়া মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে, জনমত তৈরি করা প্রয়োজন সমবায় আন্দোলনের জন্য।

সারা পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে সমবায় আন্দোলনের উদ্দেশ্য এবং আদর্শের কথা এবং নীতির কথা এবং কি উপকার হবে জনসাধারণকে সে কথা পরিষ্কার করে প্রচার করার দায়িত্ব যেন এই সরকার নেন এবং প্রতি মানুষকে সজাগ করে তোলেন। সেই দায়িত্ব যেন মন্ত্রিমহাশয় গ্রহণ করেন। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মারফত এই কথা জানাচ্ছি। তা ছাড়া দেখতে পাই বিভিন্ন জায়গায় অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার, কো-অপারেটিভের যে অফিস আছে সেখানে অফিসার থেকে আরম্ভ করে অন্যান্য যারা কর্মচারী আছেন তারা কো-অপারেটিভ সম্বন্ধে সাধারণ মানুষের মনে কোন রকম ধারণার সৃষ্টি করেন না। সেখানে দরিদ্র মানুষ, মেহনতী মানুষ, অনগ্রসর মানুষ উপকার পান না। তারা যাতে সমবায় আন্দোলনকে জোরদার করে সেদিকে মন্ত্রিমহাশয় যেন নজর দেন। এ ছাড়া ডিরেক্টর থেকে অফিসার পর্যন্ত যখন ট্যুর করেন দেখা যায় সেগুলোর মধ্যে কোন সামঞ্জস্য নেই। ট্যুর করেন তারা নিজেদের স্বার্থে এবং নিজেদের পরিবারকে ভ্রমণ করাবার জন্য এবং গাড়ি ও টাকা পয়সা তছনছ করেন। মন্ত্রিমহাশয়কে এদিকে নজর দিতে হবে। এখানে দেখতে হবে সরকারের কাজের জন্য, ভাল কাজের জন্য, গরিব মানুষের জন্য তারা যেন ট্যুর করেন এবং সেখানে নিশ্চয়ই সরকার টাকা দেবেন। কিন্তু যদি পরিবারের ভ্রমণের জন্য বা তাদের আমোদ-প্রমোদের জন্য টাকা খরচ করা হয় সেদিকে দৃষ্টি দেওয়া প্রয়োজন। আজকে এগুলো না হলে আন্দোলন নষ্ট হয়ে যাবে। মন্ত্রিমহাশয়ের উদ্দেশ্য প্রশংসনীয়, উদ্দেশ্যের মধ্যে নূতন চিন্তাধারা দেখতে পাই, সেই চিন্তাধারা দিকে দিকে ছড়িয়ে পড়ুক। এবং সেই চিন্তাধারা প্রকৃতই দরিদ্র ও মেহনতী মানুষের কাজে লাগতে পারে সেকথা মাননীয় মন্ত্রি-মহাশয়কে মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে জানিয়ে বক্তব্য শেষ করছি। জয় হিন্দ, বন্দেমাতরম্‌।

Twenty-third Report of the Business Advisory Committee

[6-10—6-20 p.m.]

Mr. Speaker: I beg to present the Twenty-third Report of the Business Advisory Committee, which at its meeting held on the 24th April, 1973 in my chamber, considered the question of allocation of dates and time for disposal of legislative business and recommended as follows:

Thursday, 26-4-73	...	Business remaining from 25th April, 1973.
Friday, 27-4-73	...	(i) Half-an-hour discussion under rule 58 on Mahananda Master Plan—½ hour. (ii) Motion under rule 185 regarding load-shedding in power — by Shrimati Geeta Mukhopadhaya—2 hours. (iii) Motion under rule 185 regarding setting up of an Atomic Power Station in West Bengal —by Shri Ahindra Misra—2 hours.
Monday, 30-4-73	...	The West Bengal Primary Education Bill, 1973. (Introduction, Consideration and Passing).
Wednesday, 2-5-73	...	Business remaining from 30th April, 1973.
Thursday, 3-5-73	...	Business remaining from 2nd May, 1973.

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that the Twenty-third Report of the Business Advisory Committee, presented this day, be agreed to by the House.

The motion of Shri Gyan Singh Sohanpal was then put and agreed to.

The West Bengal Co-operative Societies Bill, 1973

শ্রীসরোজ রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে ফার্স্ট রিডিং-এ আমার কিছু বলার ছিল না। কতকগুলি বিষয় মন দিয়ে শুনলাম এবং মন্ত্রিমহাশয় যে আর একটা দিন বাড়িয়ে দিয়ে এ বিষয়ে যে কিছুটা সিরিয়াস হয়েছেন তা দেখে ভাল লাগলো। এই বিল সম্বন্ধে আলোচনা শুনতে শুনতে তাঁর বোধ হয় ধারণা হয়েছে যে, এই রকম একটা বড় বিল এটা শুধু পড়ে দিলেই হয় না, এর জন্য অনেক আলোচনার দরকার। এ সম্বন্ধে আমার কথা হল, এ বিষয়ে যে সমস্ত রিপোর্ট আছে এবং অন্যান্য স্টেট যেখানে কো-অপারেটিভ মুভমেন্ট ডেভালপ করেছে, যেখানে কো-অপারেটিভ মুভমেন্টে পিপলের ইনিশিয়েটিভকে ওপন করে দিয়েছে, আনলিশ করেছে যে সব বুঝে যদি কেউ আলোচনা করতে চান—ডিটো মারা নয়, তা হলে সেই সমস্ত স্টেট-এর কো-অপারেটিভ বিলগুলি পড়ার ও আলোচনা করার দরকার আছে। কাজেই মাননীয় মন্ত্রি-মহাশয়কে বলছি এই বিল সম্বন্ধে ঠাণ্ডা মাথায় আলোচনা করতে গেলে যে সময় আমাদের দিয়েছেন তাতে এটা বিশদভাবে আলোচনা করা যায় না। সেই জন্যই আমরা বলছি অন্ততঃ ৭ দিনের জন্য সিলেক্ট কমিটি করুন। আমরা বলছি না এক মাস বা দু মাস, আমরা বলছি অন্ততঃ ৭ দিনের জন্য সিলেক্টেড পারসনদের নিয়ে আলোচনা করুন যাতে ঠাণ্ডা মাথায় একটা ভাল জিনিস বার বার করা যায়। মন্ত্রিমহাশয়ের সিনসিয়ারিটিতে আমি বিশ্বাস করি। কে সিনসিয়ার আর কে নয় এর তো কোন থারমোমিটার নেই। মন্ত্রিমহাশয় স্টেটমেন্ট অব অবজেক্টস্ অ্যান্ড রিজিনসের ভেতরে লিখেছেন কি তাঁর উদ্দেশ্য। আমি মনে করি এবারের বিলের এটা মূল লক্ষ্য—

to bring about economic and social regeneration including better and happier conditions of living for the weaker sections of the community.

সেটা যদি হয় এবং সেটা করতে গেলে পিপলস্ ইনিশিয়েটিভ বাড়িয়ে দেবার দরকার আছে। আমাদের দেশের অবস্থা কি হয়েছে? আজকে যারা গ্রামাঞ্চলের কো-অপারেটিভের সংগে পরিচিত, যে সমস্ত গ্রামাঞ্চলের সাধারণ মানুষ, যারা গ্রামকে গড়ে তোলে, যারা সমাজকে গড়ে তোলে, তার ইনিশিয়েটিভকে আনলিশ করতে পারেন, সমাজের নতুন চেহারা ফিরিয়ে দিতে পারেন, তাদের কাছে গিয়ে জিজ্ঞাসা করুন, তাদের ধারণা কি? আজকে কো-অপারেটিভ সম্পর্কে তিনি একদিনও একথা বলেছিলেন? দীর্ঘদিন ধরে কো-অপারেটিভ-এর যে চেহারা হয়ে আছে কো-অপারেটিভ-এর নাম করলে লোকে হাসে, কিংবা পালিয়ে যায়। আজকে কো-অপারেটিভ-এর কথা বললেই বলে চুরির জায়গা এবং আরো নানা রকম কথা বলে। সেই সমস্ত পিপল-এর ইনিশিয়েটিভ আনলিশ করতে হয়। এই যে আপনি যেখানে দেখিয়েছেন উইকার সেকসান অব দি কমিউনিটি, তাদের যদি টেনে আনতে হয়, তাদের যদি বেটার লাইফ করতে হয়, তা হলে যেভাবে এটাকে ভাবা উচিত ছিল সেইভাবে ভাবার তিনি সুযোগ দেন নি। আমি শুধু দু-একটি জিনিস এখানে রেফার করতে চাচ্ছি আপনি সেকসান ১২-তে মূলতঃ একটা জায়গায় যেটা এখানে বহুবার আলোচনা হয়েছিল যে, কো-অপারেটিভ-এ কিছু ঘুঘু লোক এসে ঢুকে যায়, পয়সাওয়ালা লোক এসে ঢোকে যায় তারা কন্ট্রোল করেন হেলে কো-অপারেটিভ কন্ট্রোল করেন। কারণ অর্থনীতির গোড়ার কথা আমি জানি। যদি ব্যক্তির হাতে টাকা যায়, তবে ব্যক্তি পাওয়ার-ফুল হয় এবং সোসাইটির সেখানে যদি টাকা থাকে তা হলে সেই সোসাইটি পাওয়ারফুল হয়। প্রত্যেক জায়গায় ব্যক্তি সেখানে টাকাকড়ি নিয়ে গিয়ে তার পাওয়ারকে কন্ট্রোল করে। মাননীয় মন্ত্রিমহাশয় এখানে লিখেছেন ১৯ নম্বর সেকসানে যে, মানি লেন্ডার বাই প্রফেসান যারা তারা আসতে পারবেন না। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি, মানি লেন্ডার বাই প্রফেসান মানে যাদের লাইসেন্স আছে। যারা গ্রামে বাস করে তাদের মধ্যে লাইসেন্স-ওয়ালা মানি লেন্ডার কজন আর লাইসেন্স-বিহীন মানি লেন্ডার কয়টি? মানি লেন্ডিং কাজে লাইসেন্স নেই তারাই আজকে সমাজের সবচেয়ে বড় শক্তি। আপনি কি দিয়ে তাদের আটকাবেন এটা খোলাখুলিভাবে বলুন? শুধু এইভাবে আইনে প্যাঁচ দিলেই হবে না। অনেক আইন ১৯৫২ সাল থেকে আমি দেখেছি। এসব কথা শুনলে মনে হয় খুব ভাল হচ্ছে কিন্তু আসলে তা নয়। তারপর আপনি ইন্ডাস্ট্রিয়াল

কো-অপারেটিভ সোসাইটির ক্ষেত্রে বললেন, বিজনেস অব দি কাইন্ড। শেষের লাইনে আছে—

carry on his own account, or has interest in any business of the kind carried on, etc.

সেই রকম বিজনেস যদি কারো থাকে সে তার মেম্বার হতে পারবে না। যদি অন্য বিজনেস থাকে, তা হলে নিশ্চয়ই হবে। আপনার উদ্দেশ্যটা কি? উদ্দেশ্য হচ্ছে ঐ সমস্ত ভেস্টেড ইন্টারেস্টকে আপনি ঢুকতে দেবেন না এটাই হচ্ছে আপনার প্রিন্সিপল এবং আপনি ইতিপূর্বে যেসব বক্তৃতা দিয়েছেন, আপনার সিনসিয়ারিটিতে বিশ্বাস করি। সেদিক থেকে আপনি স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজনস-এ লিখেছিলেন, ফর দি উইকার সেকসান অব দি কমিউনিটি—আপনি কোন গার্ড দেন নি। জমিদারের ক্ষেত্রে, বড় জমির মালিক সে ঢুকতে পারবে কি পারবে না কোন গার্ড নেই। আমরা যদি বলি ৭ একর, ১০ একর যাদের জমি আছে তাদের উপরের মালিককে ঢুকতে দেন নি এটা গার্ড দিয়েছেন, কাজেই এটা সমস্তই ফাঁকা মনে হচ্ছে আমরা কেউ এমন বুদ্ধিমান নই যে, একদিনে সব বুঝে ফেলবো। একদিন সময় বাড়িয়েছেন, বন্ধুবান্ধবদের সঙ্গে আলোচনা করুন এবং গার্ড যেটা দিতে চাইছেন সেটা যাতে সিরিয়াস গার্ড হয়। এটাতে সব জায়গায় ফাঁক রয়েছে। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, অর্থাৎ আমি মনে করি এই বিলের মূল কথা হল ঐ জায়গায়—সেটা হচ্ছে আপনি গার্ড দিয়ে উইকার সেকসানকে তুলতে চেয়েছেন, তাদের লাইফকে সমৃদ্ধ করতে চাইছেন, তলার সমাজের ভাল করতে চেয়েছেন অর্থনীতির দিক থেকে এটার গার্ড নেই। সেই দিক থেকে কিভাবে গার্ড দিতে চান? তৃতীয় কথা, আপনি ভায়াবিলিটির নামে একটার জায়গায় দুটো করতে দেবেন না। আমরা যদি বলি, এই রকম কো-অপারেটিভ করেও যদি বলি যেখানে ক্ষেতমজুর আছে, ভাগচাষী আছে, তাদের সম্পর্কে ভাবুন। তারা কিভাবে কো-অপারেটিভ-এ আসতে পারে, তাদের ইন্টারেস্ট সেখানে কিভাবে মেনটেন হবে। তাদের ক্লাস ইন্টারেস্ট আছে গ্রামাঞ্চলে—আবার একথা বললে অনেক বন্ধু ক্ষেপে যান এবং বলেন যে, এরা শ্রেণীর কথা বলছেন। শ্রেণীর কথাতো আপনারা বলেছেন যে, সোসালিজম চান। সোসালিজম মানে কি? একটা শ্রেণীর বিরুদ্ধে আর একটা শ্রেণীর সংগ্রাম। যদি ক্লাস ইন্টারেস্ট চান, তা হলে সেই ক্লাসের উপর যে সমাজব্যবস্থা দাঁড়িয়ে আছে তার তলাকার মানুষ যাদের সম্পর্কে কথা বলেছেন উইকার সেকসান অব দি কমিউনিটি, যারা আজকে প্রোডাকসানের সঙ্গে ডাইরেক্ট সম্পর্ক রাখে, গ্রামাঞ্চলের যে উৎপাদন, সেই উৎপাদনের সঙ্গে সম্পর্ক আছে, কুটির শিল্পের উৎপাদনের সঙ্গে যাদের সম্পর্ক আছে সেই মানুষগুলি যারা সকলের নীচে পড়ে আছে তাদের আজকে তুলতে চান?

[6-20—6-30 p.m.]

দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, ভায়েবিলিটির কথা বলা হচ্ছে, আর একটা সেকসান আছে, সেটা কিভাবে করতে চান, সেখানে ভাগচাষী আছে, ক্ষেতমজুর বা অন্যান্যরা আছে, তাদের সম্বন্ধে আপনি কি করতে যাচ্ছেন? এখন প্রশ্নটা হচ্ছে ঘুঘুর বাসা, আপনি সেই ঘুঘুর বাসা ভাঙ্গতে চাইছেন এবং এটা আমরা বিশ্বাস করি। কিন্তু সেটা ভাঙ্গবার পথ আপনি কি রেখেছেন? আমি জিজ্ঞাসা করছি যে, এটা কি করছেন, আপনাকে এখনো শকুনদের সাহায্য নিতে হচ্ছে অর্থাৎ—

That is called bureaucratic management. That was bureaucratic management. আপনি সেই বুরোক্রেটিক ম্যানেজমেন্টকে ভাঙ্গতে চেয়েছেন, আবার আপনি সেখানে রেজিস্ট্রারের ক্ষমতা থাকবে, না থাকবে ইত্যাদি বলেছেন, সেখানে ক্ষমতা দিতে গিয়ে আপনি ঢালাও ক্ষমতা দিয়েছেন। আমার এখানে সাজেশন হচ্ছে, তবে সাজেশন নেওয়া না নেওয়া দ্যাট ডিপেন্ডস অন ইউ, সেটা হল অ্যাসিস্টেন্ট রেজিস্ট্রারের নীচে ক্ষমতা দেওয়া উচিত নয়। যদিও অ্যাক্টের মধ্যে আছে এবং সেটা কো-অপারেটিভ ইন্সপেক্টর পর্যন্ত চলে যায়, কিন্তু আমি সেখানে বলছি, এই ক্ষমতাটা অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার পর্যন্ত রাখুন। অবশ্য এটা নেবেন, না নেবেন এটা আপনার বিবেচনার

উপর নির্ভর করছে। তারপর আমার প্রশ্ন হল যে, আপনি একটা বক্তৃতা দিলেন কো-অপারেটিভের উপর, আমাদের কাছে চিঠি গেল, প্রতি এম এল এ-র কাছে রিকোয়েস্ট করা হল, এইগুলি আদায় করে দেওয়া ইত্যাদি ব্যাপারে। সেদিক থেকে আমি আর একটা মাত্র পয়েন্ট এখানে রাখতে চাই যে, একটা আইন এখানে রেখেছেন, যদি কেউ মেম্বার হতে চায়, তা হলে সে অ্যাপ্লিকেশন করে ম্যানেজিং কমিটির কাছে এবং এক মাসের ভিতর সে যদি জবাব না পায়, তা হলে ধরে নেওয়া হবে যে হবে না। এটা কি ব্যাপার হল? অর্থাৎ এই করে আপনি ইনিশিয়েটিভ করবেন, ইনিশিয়েটিভ, আমি বলব ইট ইজ এ বোগাস থিং। একটা মানুষের দরখাস্ত গেল ম্যানেজিং কমিটির কাছে, সেটা ৩০ দিন পড়ে থাকল, সে জানতে পারল না হবে কি হবে না (ডাঃ জয়নাল আবেদিনঃ অ্যাপিল করবার সুযোগ আছে।) যার ফলে মানুষের মধ্যে হতাশা আসতে বাধ্য এটাকে যদি আমরা সহজ না করতে পারি, তা হলে যে আইন করছি, দিস আইন ইজ ব্যুরোক্রেটিক এটা আমি আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি। আপনি যদি চুপ করে থাকতেন, তা হলে বুঝতাম এক রকম, কিন্তু আপনি বললেন, অ্যাপিল আছে, অ্যাপিল আছে, কিন্তু আজকে ইনিশিয়েটিভটা কোথায়? আজ যেটা মূল লক্ষ্য সেটা হচ্ছে দরিদ্র জনসাধারণ পাবে কিনা, সরকার নীচের মানুষের জন্য একটা ইনিশিয়েটিভ ফার্নিশ করতে যাচ্ছে, যেটা দেখে এলাম পাঞ্জাবে যদি নতুন কো-অপারেটিভের জন্য দরখাস্ত করে রেজিস্ট্রারের কাছে এবং ৩ মাসের মধ্যে যদি সংবাদ না পায় তা হলে কি বলবেন অ্যাপিল। এগুলি এলে ভাল হোক, মন্দ হোক একটা উত্তর তো দিতে হবে। এতে সাধারণ মানুষের মধ্যে এই যে নতুন সরকার এসেছে, এই সরকার রেখাপাত করবে কিনা যে পুরাণো দিন চলে গেছে, নতুন দিন এসেছে, আমাদের জন্য রাস্তা খুলে দিয়েছে। এর ভেতর অনেক ফাঁক রেখে দেওয়া হয়েছে। আমি সেজন্য অনুরোধ করব ভাল বিল নিয়ে এসেছেন, একদিন সময় বাড়িয়েছেন, ভালভাবে ডিসকাসান করা যাবে, পরে যখন ডিসকাসান হবে তখন বলব, কিন্তু আমার যে দুটো মূল কথা, সে সম্বন্ধে আপনি চিন্তা করে দেখবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীহরিশ মহাপাত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় যে বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিজ বিল, ১৯৭৩ এনেছেন, তাকে আমি পুরাপুরি সমর্থন করছি। সমর্থন করছি এইজন্য যে, সমবায় আন্দোলনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ অন্যান্য রাজ্য যেমন মহারাষ্ট্র, পাঞ্জাব, হরিয়ানা, মাদ্রাজ, এদের চেয়ে যে পিছিয়ে পড়েছে তার মূলে যে রোগ সেই রোগের মূলে আমাদের চিকিৎসক মন্ত্রী আঘাত করেছেন এবং এই রোগের সঠিক ডায়াগনোসিস করে এই রোগ যাতে সারানো যায় তার সঠিক প্রেসক্রিপসান এই বিলের মাধ্যমে করা হয়েছে এই বিলের দ্বারা মন্ত্রিমহাশয় নিশ্চয়ই কতকগুলি প্রগতিশীল ব্যবস্থা আনার চেষ্টা করেছেন আমার সি পি আই বন্ধুদের অনেকে বলার চেষ্টা করেছেন যে, এই বিলের দ্বারা গণতন্ত্রের মূলে কুঠারাঘাত করা হয়েছে। আমরা মনে করি গণতান্ত্রিক সমাজব্যবস্থায় সমাজের যারা ঘুঘু ব্যক্তি, স্বার্থান্বেষী ব্যক্তি যারা সমবায় আন্দোলনকে নিজেদের কুক্ষিগত করে রেখে, সমাজব্যবস্থাকে নিজেদের কুক্ষিগত করে রেখে নিজেদের স্বার্থ চরিতার্থ করে, যারা বছরের পর বছর সোসাইটির ম্যানেজিং কমিটিতে নিজেদের রাখতে পারে তার মূলে এই বিল দ্বারা আঘাত করা হয়েছে। এই বিলে কতকগুলি ভাল ধারা রয়েছে, সেগুলিকে সমর্থন না করার কোন কারণ দেখতে পাই না। যেমন ১৩নং ধারার ২ নম্বর উপ-ধারায় আছে একটা পরিবারের ৩ জনের বেশী কোন সদস্য থাকতে পারবে না, ১৫নং ধারার ২ নম্বর উপ-ধারায় আছে রেজিস্ট্রারকে ১৫ দিনের মধ্যে কেন একটা সোসাইটিকে রেজিস্ট্রারের নিবন্ধীভুক্ত করতে অস্বীকার করলেন তার কারণ জানাতে হবে, ২১ ধারার ৫ উপ-ধারায় আছে কত লোন কার্যকরী সমিতির সদস্যরা আগের বছর নিয়েছেন কিংবা ডিফল্টার আছে কিনা সেটা জানাতে হবে। এগুলি সত্যিকারে বিলে খুব ভাল ব্যবস্থা রাখা হয়েছে। ২২ নম্বরে স্পেশাল জেনারেল মিটিং ডাকা, ২৫ নম্বর ধারা অনুযায়ী যদি রেজিস্ট্রার মনে করেন সমিতি ভালভাবে চলছে না, তারা উইলফুলি রেজিস্ট্রারের আদেশ অমান্য করছে, তা হলে তিনি তার জন্য কার্যকরী সমিতিকে ভেঙ্গে দিয়ে নতুন কার্যকরী সমিতি গঠন করতে পারেন। ৫১ নম্বর ধারা অনুযায়ী যেসব মেম্বারদের কাছে এরিয়ার আছে

সেগুলি বেতন থেকে, গ্র্যাচুইটির টাকা থেকে যাতে আদায় করা যায় তারও ব্যবস্থা এই বিলে রয়েছে।

[6-30—6-40 p.m.]

সবচেয়ে ইমপর্টান্ট কথা হচ্ছে ২৩নং ধারা। ২৩নং ধারার ২নং উপ-ধারায় আছে পরিচালন সমিতিতে যাঁরা রয়েছেন তাঁরা ৩ বছর বা ৩টি টার্মের বেশী থাকতে পারবে না এবং ২ বছরের মধ্যে আবার রি-ইলেকটেড হয়ে বা নমিনেটেড হয়ে আসতে পারছেন না এই ব্যবস্থা রয়েছে। তেমনি ৪নং উপ-ধারায় আছে কারা কারা ম্যানেজিং কমিটির মেম্বার হতে পারবেন না। যারা সমিতির কাছ থেকে লোন নিয়েছে এবং সেই লোন সময়মত পরিশোধ করতে পারে নি এবং বর্ধিত সময়ের মধ্যেও পরিশোধ করতে পারে নি, তারা কার্যকরী সমিতিতে কাজ করতে পারবে না—এটা ভাল ব্যবস্থা রাখা হয়েছে। তারপর ২৬নং উপ-ধারায় অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগের ব্যবস্থা যেটা করা হয়েছে তাতে দেখছি তাঁরা এককালীন ২ বছর এবং কোন ক্ষেত্রেই ৫ বছরের বেশী হবে না। প্রশাসকের কার্যকাল সম্বন্ধে এই যে কথা বলা হয়েছে তাতে আমার মনে হয় যদি বিশেষ কোন কারণ না থাকে, তা হলে কোন প্রশাসকের কার্যকাল যাতে ২ বছরের বেশী এক্সটেন্ডেড না হয় সেটা মন্ত্রিমহাশয় নিশ্চয়ই রুলস-এর মধ্যে ইনকরপোরেট করবার চেষ্টা করবেন। পরিশেষে আমার বক্তব্য হচ্ছে রুরাল এলাকায় যদি এই সমবায়কে সার্থক করে তুলতে হয়, তা হলে যাঁরা কো-অপারেটিভ সমিতির মেম্বার, তাঁদের অন্তত শিক্ষিত করে তুলতে হবে এবং সমবায়ের ব্যাপারে তাঁদের ট্রেনিং দেওয়া দরকার। শুধু আইন করে আমাদের উদ্দেশ্য পরিপূর্ণ হবে এটা আমি মনে করি না। সবক্ষেত্রে সরকারী এবং বেসরকারী কর্মচারীদের মধ্যে যদি সহযোগিতা থাকে, তা হলে এই সমবায় আন্দোলন সাফল্যলাভ করতে পারবে এবং এতে আমরা সাধারণ মানুষকে বেশী করে আকৃষ্ট করতে পারব। তারপর এই যে কো-অপারেটিভ ব্যাংকগুলো রয়েছে সেগুলো যাতে মানি মার্কেট থেকে ক্যাপিটাল অ্যাট্রাক্ট করতে পারে তার জন্য চেষ্টা করতে হবে এবং তাদের এফিসিয়েন্সী যদি বাড়ে, তা হলে এই আন্দোলন সর্বাঙ্গসার্থক হয়ে উঠতে পারবে। ডিপোজিট ইন্স্যুরেন্স সম্বন্ধে বলেছেন। ডিপোজিট ইন্স্যুরেন্স স্কীম যেটা সেন্ট্রাল ব্যাঙ্কের ক্ষেত্রে ব্যবস্থা রাখা হয়েছে সেটা খুব ভাল ব্যবস্থা এবং এর প্রয়োজনীয়তা ছিল। সমবায় ব্যাঙ্কের ক্ষেত্রে যে স্কীম চালু হয়েছে সেটা নিশ্চয়ই প্রগতিশীল ব্যবস্থা। এই ব্যবস্থার ফলে যারা টাকা জমা রাখছে তাদের সেই জমা টাকার নিশ্চয়ই কোন ভয় থাকবে না, তারা খুব নিরুপদ্রবভাবে এটা রাখতে পারবেন। সর্বশেষে আমি বলতে চাই, মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন তার ফলে পশ্চিমবাংলায় বিশেষ করে পল্লী অঞ্চলের যে সমস্ত সমিতি এতদিন পর্যন্ত নানা রকম দুর্নীতি করে এসেছে সেগুলো বন্ধ হবে এবং তার পরিচালনভার যাদের উপর ন্যস্ত ছিল তারা এই আইনের ফলে সরে দাঁড়াবে এবং তাদের পরিবর্তে সাধারণ মানুষ নূতন করে পরিচালনা সমিতিতে আসবেন। এর ফলে সাধারণ মানুষ যাঁরা নতুন করে পরিচালন সমিতিতে আসবেন তাঁরা নিশ্চয় সমবায় আন্দোলনকে গতিশীল করে তুলবেন এবং সাধারণ মানুষের স্বার্থে কাজে লাগাবেন, এই বিশ্বাস করে আমি আমার বক্তব্য শেষ করছি এবং এই বিলকে আমি আবার সমর্থন জানাচ্ছি।

শ্রীশচীনন্দন সাউঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলা সরকার ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটি বিল, ১৯৭৩, যা আমাদের সামনে মন্ত্রিমহাশয় উপস্থিত করেছেন তা আমি পরিপূর্ণভাবে সমর্থন করছি। এই কারণে সমর্থন করছি যে, আজকে এই বিলের জন্য ইতিপূর্বে ৩।৪টি অর্ডিন্যান্স করা হয়েছে। কিন্তু আজকে এই বিল সিলেক্ট কমিটিতে নেবার জন্য সি পি আই বন্ধুরা অনুরোধ করেছেন। কিন্তু আমি মনে করি এই বিল সিলেক্ট কমিটিতে পাঠানোর জন্য কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। কারণ সমবায়ের মধ্যে আমরা দেখলাম যে করাপসান, যে দুর্নীতি যে নেপটিজম যে ভেস্টেড ইন্টারেস্ট এবং ফাইনান্সিয়াল মিস-ম্যানেজমেন্ট তা অবিলম্বে দূর করার জন্য আজকে এই বিল আনা হয়েছে।

সেই জন্য আজকে মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাচ্ছি এবং এই বিলকে আমি পরিপূর্ণ সমর্থন করছি। এই বিলকে সিলেক্ট কমিটিতে পাঠিয়ে দেরি করার কোন যুক্তি খুঁজে পাচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার মানুষ কো-অপারেটিভের উপর আস্থা হারিয়ে ফেলেছে। কিন্তু আমরা জানি কো-অপারেটিভ ছাড়া আজকে গ্রামবাংলার মানুষের দ্রুত জীবনের মান উন্নতি করা সম্ভব নয়। সমাজের দুর্বলতম শ্রেণীকে আজকে সমবায়ের মাধ্যমে দ্রুত এগিয়ে নিয়ে যেতে হবে, কৃষকদের স্বার্থে এবং শিক্ষিত বেকার যুবকদের স্বার্থে এই কো-অপারেটিভ আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে হবে। আজকে আমরা দেখেছি যে, কো-অপারেটিভ ইঞ্জিনীয়াররা এবং ডিপ্লোমাযুক্ত শিক্ষিত বেকার যুবকদের এই কো-অপারেটিভের আওতাভুক্ত করা হয়েছে এবং তার মধ্যে কাজও শুরু হয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বীরভূম জেলায় ইঞ্জিনীয়ারস্ কো-অপারেটিভ হয়েছে। আমরা দেখেছি বীরভূম জেলায় হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ যুক্তফ্রন্টের আমলে ১২টি দোকান ছিল, বোলপুরে ৪টি, রামপুরহাটে ৪টি, সিউড়ীতে ৪টি। তার মধ্যে ৩টি করে উঠে গেছে এবং এখন মাত্র ১টি করে আছে। এবং এই সরকার আসার পরে আবার বোলপুরে হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ আরম্ভ হয়েছে। যুক্তফ্রন্ট সরকারের আমলে যেভাবে নেপোটিজম হয়েছে, যেভাবে করাপসন হয়েছে এবং যুক্তফ্রন্টের আইনমন্ত্রী শ্রীভক্তিভূষণ মন্ডল যিনি দুবরাজপুর কো-অপারেটিভের চেয়ারম্যান ছিলেন তাঁর সম্বন্ধে আপনি স্যার, নিশ্চয় দেখেছেন খবরের কাগজে উঠেছে এবং এই বিধানসভাতেও তার দুর্নীতি সম্বন্ধে প্রশ্ন উঠেছিল এবং মাননীয় সদস্য শ্রীপীযূষকান্তি মুখোপাধ্যায় তিনি তাঁর দুর্নীতি সম্বন্ধে এই হাউসে রেফারও করেছিলেন এবং তাঁর ম্যাল-প্রাকটিস ইন দি দুবরাজপুর কো-অপারেটিভ ইন দি ডিস্ট্রিক্ট অব বীরভূম, এ সম্বন্ধেও উল্লেখ করেছিলেন। কাজেই কো-অপারেটিভ নিয়ে যুক্তফ্রন্ট সরকার নিজেরাই দুর্নীতি করেছেন। আজকে আমাদের এই কো-অপারেটিভ বিল মাননীয় মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন সাহেব যেভাবে দ্রুতগতিতে কার্যকর করতে যাচ্ছেন তার জন্য আমি অভিনন্দন জানাচ্ছি। আজকে কৃষি উন্নয়ন সমিতি অচল অবস্থা হয়ে গেছে, শুধু নামকে ওয়াস্তে আছে। কৃষি ঋণদান সমিতি গ্রাম্য জীবনের গরিব মানুষদের কোন সুরাহা করতে পারছে না। আজকে এই বিলের মাধ্যমে গ্রামের কৃষকদের স্বার্থে মাননীয় মন্ত্রিমহাশয় যে আইন প্রণীত করছেন তা নিশ্চয় অভিনন্দনযোগ্য। আজকে আরও একটা কারণ আছে, কো-অপারেটিভ যে চলে না--যে সমস্ত অফিসার, এক্‌জি-কিউটিভ অফিসার, সুপারভাইজার, ইন্সপেক্টর তারা তাদের কর্তব্য কাজে গাফিলতি আমরা লক্ষ্য করেছি। আমরা আরো লক্ষ্য করেছি কো-অপারেটিভে নিত্যব্যবহার্য জিনিসের যে চাহিদা রয়েছে, যে জিনিস সাধারণ মানুষের কাজে লাগে সেই জিনিসগুলি কো-অপারেটিভে পাওয়া যায় না এবং তাতে সুপারভাইজারদের সংগে এক্‌জিকিউটিভ অফিসারদের সংগে এবং ডিরেক্টরদের সংগে ধান্ধাবাজ লোক, স্বার্থপর লোকদের সংগে তারা জড়িত হয়ে থাকে এবং কর্তব্য কাজে তারা গাফিলতি করে এবং সেই জন্য কো-অপারেটিভ আজকে দূষিত হয়ে পড়েছে। এই বিলকে খুব দ্রুত কার্যকর করতে হবে। কারণ আজকে পশ্চিমবাংলার ক্ষেত্রে সমবায় ছাড়া সাধারণ মানুষের বাঁচার কোন পথ আছে বলে আমি মনে করি না।।

[6-40—6-42 p.m.]

আজকে পাঞ্জাব, হরিয়ানা কো-অপারেটিভে এগিয়ে গিয়েছে যেহেতু পশ্চিমবাংলা সরকারের প্রতি জনসাধারণের প্রচন্ড আস্থা আছে, সেজন্য আমি নিশ্চিত করে বলতে পারি, যে কো-অপারেটিভ আইন প্রণীত হচ্ছে তা যথাযথ রূপায়িত হবে এবং এই আইনে গরিব মানুষের স্বার্থ, সাধারণ মানুষের স্বার্থ, পশ্চিমবাংলার গ্রাম্য মানুষের এবং শিক্ষিত যুবকদের স্বার্থ অনেকখানি চরিতার্থ হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 6-42 p.m. till 1 p.m. on Wednesday, the 25th April, 1973, at the Assembly House, Calcutta-1.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 25th April, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 12 Ministers, 7 Ministers of State, 2 Deputy Ministers and 197 Members.

[1-00—1-10 p.m.]

Oath or affirmation of allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take oath.)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

পশ্চিমবঙ্গে শিল্প স্থাপন

***১১২০।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৬৩।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** শিল্প ও বাণিজ্য দপ্তরেব মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে শিল্প স্থাপনের জন্য প্রয়োজীয় জমি ও লাইসেন্স গ্রহণের পরেও অনেকক্ষেত্রে শিল্প সংস্থা পশ্চিমবঙ্গে শিল্প স্থাপন করে নাই;

(খ) সত্য হইলে, ১৯৬৭ সাল হইতে ১৯৭২ সাল পর্যন্ত কোন্ বৎসরে কোন্ কোন্ ও কয়টি প্রস্তাবিত শিল্প স্থাপন করা সম্ভব হয় নাই;

(গ) উক্ত প্রস্তাবিত শিল্পগুলি স্থাপন না করার কারণ কি;

(ঘ) ১৯৭১ ও ১৯৭২ সালে পশ্চিমবঙ্গ হইতে কোন শিল্প অথবা শিল্পসমূহের প্রধান কার্যালয় পশ্চিমবঙ্গ হইতে স্থানান্তরিত হইয়াছে কিনা, এবং হইলে, কয়টি ক্ষেত্রে;

(ঙ) পশ্চিমবঙ্গে শিল্প স্থাপনে উৎসাহ দেওয়ার জন্য সরকার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিনা এবং করিয়া থাকিলে, কি কি; এবং

(চ) ১৯৭২ সালে পশ্চিমবঙ্গে কি কি শিল্প স্থাপনের জন্য আবেদনপত্র মঞ্জুর করা হইয়াছে এবং তন্মধ্যে কয়টি নূতন শিল্প স্থাপিত হইয়াছে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ (ক) বর্তমান ইহা সত্য নহে।

(খ) প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নহে।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) উক্ত দুইবৎসরে কোন শিল্প স্থানান্তরিত হয় নাই। শিল্পসমূহের প্রধান কার্যালয় স্থানান্তরিত হওয়ার কোন সংবাদ আমাদের কাছে আসে নাই।

(ঙ) হ্যাঁ। পশ্চিমবঙ্গে শিল্প স্থাপনে উৎসাহ দেওয়ার জন্য সরকার ইনসেনটিভ স্কীম, ১৯৭১ প্রবর্তন করিয়াছেন—ইহার একটি কপি অ্যাসেম্বলি লাইব্রেরীতে রক্ষিত হইল।

(চ) ১৯৭২ সালে ইঞ্জিনীয়ারিং কেমিক্যাল টেক্সটাইল ইত্যাদি মিলিয়া মোট ৯০টি লাইসেন্স লেটার অব ইনটেন্ট মঞ্জুর হইয়াছে। ১৯৭২ সালে যে সমস্ত লাইসেন্স মঞ্জুর হইয়াছে তাহাদের কারখানা স্থাপনের সময় এখনো হয় নাই, প্রাথমিক প্রস্তুতি চলিতেছে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, দুর্গাপুর শিল্পাঞ্চলে প্রায় ৩২টি নতুন শিল্প স্থাপনের অনুমতি চেয়ে বিভিন্ন শিল্পপতি আবেদনপত্র দাখিল করেছিলেন এবং তারপরে তাঁরা সেখানে কোন শিল্প স্থাপন করেন নাই কেন?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আপনি ডিটেল জিনিস জিজ্ঞাসা করেছেন। এই ডিটেল জিনিস জানাতে গেলে নোটিস দিবেন, খোঁজ ক'রে দেখে সব জানাবো।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ এটা কি সত্য শিল্প স্থাপনে উৎসাহ দেবার পরেও পশ্চিমবঙ্গ অন্যান্য প্রদেশের তুলনায় শিল্পে পিছিয়ে পড়ে আছে এবং যেহেতু পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে উৎসাহ দেওয়া হচ্ছে না, তাই এখানে শিল্প স্থাপনও হচ্ছে না?

শ্রীতরুণকান্তি ঘোষঃ না, এটা সত্য নয়।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ যদি তা সত্য না হয়ে থাকে, তা হ'লে নূতন শিল্প স্থাপনে উৎসাহ দেওয়ার পরে এ পর্যন্ত সরকার কি কি শিল্প স্থাপনের ব্যবস্থা করেছেন?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমি তো বললাম, ৯০টির মত লাইসেন্স দেওয়া হয়েছে। আপনি যে প্রশ্ন করলেন তারপরে বিশেষ করে ব'লে দেওয়া দরকার, বাইরে প্রচার হওয়া দরকার, কারণ অনেকের ধারণা মহারাষ্ট্র ও অন্যান্য রাজ্যে এই শিল্প স্থাপনের ব্যাপারে আমাদের চেয়ে বেশি সুযোগসুবিধা দেওয়া হয়। কিন্তু আমি পরিষ্কার এখানে ঘোষণা করতে পারি যে, পশ্চিমবঙ্গে আজ শিল্প স্থাপনের সুযোগসুবিধা অন্যান্য রাষ্ট্র থেকে মোটেই কম নয়।

শ্রীশরৎচন্দ্র দাসঃ আমি জানি পুরুলিয়ায় কংসাবতী স্টীল প্ল্যান্ট ২ লক্ষ ৮৩ হাজার টাকা জমা করেছে এবং জমিও সংগ্রহ করেছে, তথাপি আজ পর্যন্ত তাদের শিল্প স্থাপনের লাইসেন্স দেওয়া হয় নাই। কেন দেওয়া হয় নাই জানাবেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ এ প্রশ্ন থেকে উঠে না। তাই ডিটেলস্ দেওয়া সম্ভব নয়। কিন্তু তারা যে উৎপাদন করবে সেইটা সম্পর্কে এক্সপার্ট কমিটি চিন্তা ক'রে বলেছে যে, তারা যে উৎপাদন করবে সেটা বাড়াতে। কারণ কম উৎপাদন হ'লে সেটা প্রফিটেবল নয় ব'লে এক্সপার্ট কমিটি বলেছেন।

শ্রীশরৎচন্দ্র দাসঃ উৎপাদন করবার জন্য লাইসেন্স চেয়েছে। সেইটা প্রফিটেবল নয়। কিন্তু ১০ টন করতে বলছেন। যদি ৫ টনের লাইসেন্স দেন সেটা আবার ১০ টনে সম্প্রসারণ করবে—তাতে অসুবিধা কি আছে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ বিবেচনা করা যেতে পারে। তবে ওটা এক্সপার্টদের ওপিনিয়ন যে মিনিমাম ১০ টন করতে হবে। ইট উইল নট বি এ ভায়েবল ইউনিট। এটা এক্সপার্টদের ওপিনিয়ন এবং সেটা তাদের জানান হয়েছে।

শ্রীশরৎচন্দ্র দাসঃ তারা যদি অঙ্গীকার করে ৫ টনের লাইসেন্স দেওয়ার পর আর ৫ টন সম্প্রসারণ করবো, তা হ'লে তার বাধা কি আছে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ এখানে অঙ্গীকার না ক'রে

Why don't you bring that gentleman to me? There are experts.

এখানে আমি কি কথা বলবো?

You may kindly bring that gentleman to me.

আমি সময় ক'রে এক্সপার্টদের ডেকে কথা বলবো।

শ্রীশরৎচন্দ্র দাসঃ মন্ত্রিমহাশয় বলেছেন, লেটার অফ ইনটেন্ট-এর কথা, কার কার নামে সেটা ইস্যু হয়েছে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ নোটিস দেবেন।

শ্রীশরৎচন্দ্র দাস: ঝালদা সিমেন্ট ফ্যাক্টরির ব্যাপারে কার নামে এবং কবে ইস্যু হয়েছে?

শ্রীতরুণকান্তি ঘোষ: জানিয়ে দেব।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মন্ত্রিমহাশয় কি জানাবেন পশ্চিমবঙ্গে শিল্প স্থাপনে উৎসাহ দেওয়ার জন্য এবং ছোট ছোট শিল্প স্থাপনে উৎসাহ দেওয়ার জন্য এবং শিল্প নির্মাণের জন্য বিভিন্ন জেলাতে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট স্থাপনের জন্য সরকার একটা পরিকল্পনা করেছিলেন সে পরিকল্পনা এখনও আছে কি?

শ্রীতরুণকান্তি ঘোষ: গত বৃহস্পতিবারের ক্যাবিনেটে এটা পাশ হয়েছে। ইনফ্রা-স্ট্রাকচারস্ ডেভেলাপমেন্ট কর্পোরেসান তৈরি করা হবে। ৮ গ্রোথ সেন্টার করবার কথা আছে। তার ইনফ্রা-স্ট্রাকচারস্ দরকার সেটার দায়িত্ব নেবে। এছাড়া বিভিন্ন ডিস্ট্রিক্ট-এ একটা জায়গা ঠিক করা হবে যেখানে শিল্প হতে পারে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: সেইজন্য সরকার কি কোন জেলা ঠিক করেছেন কোন্ জেলায় হতে পারে?

শ্রীতরুণকান্তি ঘোষ: বললাম তো ৮ গ্রোথ সেন্টার আছে। তা ছাড়া প্রত্যেক জেলাতে একটা করে করবার চেষ্টা করবো যাতে কোন জেলা বাদ না পড়ে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম পশ্চিমবঙ্গে শিল্প স্থাপনে উৎসাহ দেওয়ার জন্য সরকার কি পরিকল্পনা গ্রহণ করেছে এবং মন্ত্রিমহাশয় বলেছেন কি পরিকল্পনা গ্রহণ করেছেন সেটা লাইব্রেরী টেবিলে দেওয়া হয়েছে। মন্ত্রিমহাশয়কে বলতে চাই, ওয়েস্ট বেঙ্গল ফাইন্যান্স কর্পোরেসান যা আছে তার কাজকর্ম কি শিল্প স্থাপনে সহযোগিতা দিতে পারে এবং এর মাধ্যমে শিল্প স্থাপনে সরকারের পক্ষ থেকে কোন উৎসাহ দেওয়া হয় কিনা?

শ্রীতরুণকান্তি ঘোষ: এই ওয়েস্ট বেঙ্গল ফাইন্যান্স কর্পোরেসান মেনলি স্মল স্কেল ইন্ডাস্ট্রির জন্য
And that is being controlled by the Small Scale Industries Department.
অতএব আপনি যে ওয়েস্ট বেঙ্গল ফাইন্যান্স কর্পোরেসান সম্বন্ধে জানতে চাইছেন, আমার মনে হয়, সেই বিভাগেই এটা জানতে চাইলে ভাল হয় এবং তিনিই এর উত্তর দিতে পারবেন।

বক্রেশ্বর উষ্ণপ্রস্রবণ উন্নয়ন পরিকল্পনা

***১১২১**। (অনুমোদিত প্রশ্ন নং *২০২৪।) **শ্রীহরশঙ্কর ভট্টাচার্য:** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার বক্রেশ্বর উষ্ণপ্রস্রবণ উন্নয়ন পরিকল্পনার কাজ সরকার কোন্ বৎসর আরম্ভ করিয়াছিলেন;

(খ) পরিকল্পনার রূপরেখা অনুযায়ী কি কি কাজ হইয়াছে এবং কি কি কাজ বাকি আছে।

(গ) বিশেষজ্ঞ চিকিৎসক ও যন্ত্রপাতির সাহায্যে প্রস্রবণের জলে হাইড্রোথেরাপী চালাইবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) ঐখানে একটি স্বাস্থ্যনিবাস নির্মাণের কোন পরিকল্পনা আছে কিনা?

[1-10—1-20 p.m.]

শ্রীতরুণকান্তি ঘোষ: (ক) ১৯৬৪ সালে।

(খ) নিম্নোক্ত কাজগুলি হইয়াছে:—

(১) মন্দিরে যাওয়ার রাস্তা উন্নতি সাধন;

(২) পাপহারা গঙ্গার চতুর্দিকে রাস্তা নির্মাণ;

(৩) সাধারণের নিমিত্ত ছয়টি শৌচাগার নির্মাণ;

(৪) প্রস্রবণ সন্নিহিত শ্মশান অপসারণ;

(৫) কিছু ভগ্নপ্রায় মন্দির অপসারণ ও তন্মধ্যস্থিত মূর্তিসমূহ একটি ছাউনিতে সংরক্ষণ;

(৬) মোটরগাড়ি রাখার স্থান নির্মাণ;

(৭) পাপহরা গঙ্গার পূর্বেকার পাথরের লকগেটের স্থলে ইস্পাতের লকগেট সংস্থাপন;

(৮) পাপহরা গঙ্গার কিয়দংশ খনন;

(৯) বস্ত্রাদি ধৌতকরণের নিমিত্ত একটি পাকা জলাধার নির্মাণ;

(১০) আটটি স্নানাগার ও দুইটি বস্ত্র পরিবর্তনের ঘর নির্মাণ;

(১১) অবস্থিত ধর্মশালার সংস্কারসাধন;

(১২) একটি পার্ক নির্মাণ; এবং

(১৩) দুবরাজপুর হইতে উচ্চ ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক লাইন আনয়নপূর্বক উষ্ণ প্রস্রবন এলাকা বৈদ্যুতিককরণ।

ভ্রমণার্থীদেব জন্য একটি আবাসগৃহ নির্মাণ এবং একটি বিপনিকেন্দ্র নির্মাণের কাজ বাকি আছে।

(গ) এবং (ঘ) না।

শ্রীঅশ্বিনী রায়: উষ্ণ প্রস্রবণের উন্নয়নের জন্য কতকগুলি পরিকল্পনা ছিল, আপনি ১১টির কথা বলেছেন, বাকিগুলি সম্বন্ধে মন্ত্রিমহাশয় কিছু বলতে পারবেন কি?

Shri Tarun Kanti Ghosh: The work of construction of a Tourists' Lodge for the visiting tourists and the Shopping Centre could not be taken up as the land acquisition proceedings were stopped due to an injunction order issued by the Calcutta High Court. The injunction order has since been vacated by the Calcutta High Court.

Another plot of land measuring 2.2 acres has been acquired near about the hot spring area. There is a proposal for construction of a dharamsala type accommodation in this land for the visitors to Bakreshwar. The plan is now under preparation by the Government Architect.

এগুলি শুধু বাকি ছিল।

শ্রীঅশ্বিনী রায়: এই সমস্ত টুরিস্ট লজের কাজ এখনও হয় নি এবং এই টুরিস্ট লজ কনস্ট্রাকসনের কোন পরিকল্পনাও নাই। আমার প্রশ্ন হচ্ছে আপনি নিশ্চয় হিসাব করেছিলেন যখন এই টুরিস্ট লজ করেন যে, এটা প্রফিটেবল হবে—এই অনুমান ক'রেই তো আপনি ঐ টুরিস্ট লজের পরিকল্পনা নিয়েছিলেন?

শ্রীতরুণকান্তি ঘোষ: ওখানে টুরিস্ট লজ করা দরকার। কারণ বহু লোক ওখানে আসেন এবং মেনলি ওটাকে ধর্মশালা টাইপ করার মত ব্যবস্থা আমাদের ছিল আরকিটেক্টের সব কাজ হয়েছে—কেবল ল্যান্ড সম্বন্ধে গোলমাল হচ্ছে ব'লেই ওটা হচ্ছে না। এখন আপনি যদি সাজেসন দেন যে, ওখানে ওটা হওয়া দরকার, তা হ'লে ইউ সেন্ড ইট টু আস, আমরা ওটা দেখবো।

শ্রীঅশ্বিনী রায়: এই যে উষ্ণ প্রস্রবণ-হট ওয়াটার—সেটা কোনরকম ভাবে মেডিক্যাল ট্রিটমেন্টের কাজে লাগান যায় কিনা সে সম্পর্কে কোন এক্সপেরিমেন্ট অর টেস্ট হয়েছে কি যে, ঐ জলের ভেতরে কি কি মিনারেলস্ আছে? কারণ অনেক জায়গায় সালফার থাকে, তাতে অনেক স্কীন ডিসিস্ সারানো যায়। সেই ধরনের কোন টেস্ট বা এক্সপেরিমেন্ট এই জল সম্পর্কে হয়েছে কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ সে তথ্য নেই। তবে এটা দেখতে পাচ্ছি যে, এখানে যন্ত্রপাতির সাহায্যে হাইড্রোথেরাপির যে পরিকল্পনা সেই রকম পরিকল্পনা নেই। আর এক্সপেরিমেন্ট হয়েছে কিনা খোঁজ নিয়ে জানাতে পারি।

শ্রীনিতাইপদ ঘোষঃ বক্রেশ্বরে কোন টুরিস্ট লজ বা ধর্মশালা না থাকায় জনসাধারণের অসুবিধা হচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, জমির ব্যাপারে হাইকোর্টের ইনজাংসান থাকার জন্য কিছু করতে পারছেন না। এটা অনেক পুরানো ব্যাপার। সেখানে যদি না হয়, তা হ'লে অন্য কোন জায়গায় কতদিনের মধ্যে এই টুরিস্ট লজ বা ধর্মশালা নির্মাণ করা যেতে পারে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আপনি বোধ হয় লাস্ট লাইনটা শোনেন নি। আমি বলেছি, Injunction order has since been vacated by the Calcutta High Court আর্কিটেক্টকে দেওয়া হয়েছে প্ল্যান তৈরি করবার জন্য।

শ্রীসরোজ রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় যদি পুরানো কাগজপত্র দেখেন, তা হ'লে দেখতে পাবেন যে, এর মূল উদ্দেশ্য যেটা ছিল সেটা হচ্ছে, এখানে যে বিশেষ ধরনের মিনারেল ওয়াটার পাওয়া যায় সেটার উপর নির্ভর ক'রে বিশেষ ধরনের রোগীদের চিকিৎসা করা হবে। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, সেই ধরনের পরিকল্পনা আছে কিনা?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমি তো আগেই বলেছি যে, সেটা নেই। আর জল সম্পর্কে এক্সপেরিমেন্ট হয়েছে কিনা খোঁজ নিয়ে দেখবো।

শীলাবতী পরিকল্পনা

*১১২২। (অনুমোদিত প্রশ্ন নং *২০৫৩।) **শ্রীরজনীকান্ত দলুইঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কংসাবতী পরিকল্পনার মত শীলাবতী পরিকল্পনা কার্যকরী করিলে, অনেক জমিতে সেচের জল সরবরাহ করা সম্ভব হইবে; এবং

(খ) অবগত থাকিলে, শীলাবতী পরিকল্পনা রূপায়িত করিবার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

শ্রীসুনীতি চট্টরাজঃ (ক) কংসাবতী প্রকল্পের অংশ হিসাবে শীলাবতী নদীর উপর একটি বাঁধ (ব্যারেজ) ইতিমধ্যে নির্মিত হইয়াছে।

(খ) এই প্রশ্ন উঠে না।

শ্রীরজনীকান্ত দলুইঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, কংসাবতী প্রকল্পের অংশ হিসাবে একটি বাঁধ শীলাবতী নদীর উপর নির্মিত হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, সেই বাঁধ কোন জায়গায় নির্মাণ করা হয়েছে?

শ্রীসুনীতি চট্টরাজঃ শীলাবতী নদীর উপর নির্মাণ করা হয়েছে।

শ্রীসরোজ রায়ঃ শীলাবতী নদীটি একটি বড় নদী। সেই নদীর কোন্ জায়গায় এই বাঁধ নির্মাণ করা হয়েছে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীসুনীতি চট্টরাজঃ বিশেষ জায়গা বা মৌজার নামটা বলতে পারছি না, তবে শীলাবতী নদীর উপর হয়েছে।

শ্রীসরোজ রায়ঃ স্যার, এ ব্যাপারে আপনার সাহায্য চাইছি। মন্ত্রিমহাশয় বললেন যে, শীলাবতী নদীর উপর একটা বাঁধ নির্মাণ করা হয়েছে। এখন সেই বাঁধ কোন্ জায়গায় নির্মাণ করা হয়েছে সেটাও যদি জেনে না আসেন, তা হ'লে কি সাপ্লিমেন্টারী করবো আমি বুঝতে পারছি না। আপনি দয়া ক'রে এ ব্যাপারে আমাদের সাহায্য করুন।

মিঃ স্পীকারঃ কংসাবতী ব্রীজের কাছাকাছি হয়েছে।

শ্রীসুনীতি চট্টরাজঃ মৌজার নামটা আমার কাছে এখন নেই, তবে শীলাবতী নদীর উপর হয়েছে।

শ্রীসরোজ রায়ঃ শীলাবতী নদীটি বাঁকুড়া জেলা ও মেদিনীপুর জেলা হয়ে বেরিয়ে গিয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই বাঁধটি বাঁকুড়া জেলায় নির্মিত হয়েছে, না মেদিনীপুর জেলাতে নির্মিত হয়েছে?

শ্রীসুনীতি চট্টরাজঃ বাঁকুড়া জেলাতে।

শ্রীরজনীকান্ত দলুইঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ঐ বাঁধ থেকে আমরা কি কি উপকার পেতে পারি?

শ্রীসুনীতি চট্টরাজঃ খারিফ এবং রবিতে জল পেতে পারেন এবং পাচ্ছেনও।

[1-20—1-30 p.m.]

শ্রীঅশ্বিনী রায়ঃ কংসাবতী প্রজেক্ট, শীলাবতী প্রজেক্ট যা হচ্ছে, তাতে কি পরিমাণ জল স্থায়ীভাবে রাখা যাবে ইন কিউসেক, এটা বলুন, কত কিউসেক জল এখানে রাখা যাবে?

শ্রীসুনীতি চট্টরাজঃ এটা আমার পক্ষে এখন বলা সম্ভব নয়।

শ্রীসরোজ রায়ঃ যখন কংসাবতী পরিকল্পনা হয় তখন একটা প্রশ্ন উঠেছিল যে, শীলাবতী এবং কংসাবতী একসঙ্গে পরিকল্পনা গ্রহণ করা হবে, তখন বিশেষজ্ঞরা বলেছিলেন যে, শীলাবতী পরিকল্পনা, কংসাবতী হলে শুকিয়ে যাবে, শীলাবতীর জল শুকিয়ে যাবে, এই সমস্ত প্রবলেম এসেছিল। আজকে যদি শীলাবতী ব্যারেজ তৈরি করতে যাওয়া হয় নতুন ভাবে, তা হলে সেখানে কতখানি জায়গায় সেটা ইরিগেটেড হবে তার রিপোর্ট আছে কি?

Shri Suniti Chattaraj: Mr. Speaker, Sir, it has already been constructed

মিঃ স্পীকারঃ এটা একটা ব্যারেজ,
It is simply a barrage on Silabati and not a dam.
কাজেই কতখানি জল থাকবে, ওয়াটার লেবেল কত সেটা বলা যাবে না।

শ্রীসরোজ রায়ঃ তার কোন এফেক্ট হচ্ছে না, সেই জন্য জিজ্ঞাসা করছিলাম যে, কত কিউসেক জল আসবে এবং ইরিগেটেড হবে, এইগুলো ডিটেলস্ পেলে বুঝতে পারতাম। কারণ এটা একটা টোটাল ফেলিয়োর।

শ্রীসুনীতি চট্টরাজঃ এর বিস্তারিত তথ্য আমি মাননীয় সদস্যকে দেবো যদি তিনি নোটিস দেন।

মিঃ স্পীকারঃ গত তিন দিন আগে আমি গিয়েছিলাম কংসাবতী প্রজেক্ট দেখতে, সেখানে একদম জল নেই খরার জন্য। ইঞ্জিনীয়ারদের জিজ্ঞাসা করেছিলাম, তাঁরা বলেন যে, বর্ষা নেই খরার জন্য সব শুকিয়ে আছে, ব্যারেজ শুকিয়ে আছে, খরার জন্য শুকিয়ে আছে, সেখানে কোন জল নেই।

শ্রীঅশ্বিনী রায়ঃ এই যে ব্যারেজ, এতে কি পরিমাণ জল রাখা যাবে সেটা বলতে পারছেন না, এর আগে বললেন যে, এই ব্যারেজের উদ্দেশ্য আমন ও রবি শস্যে জল দেবেন, এই যে জল, এই জল দিয়ে কত একর আমন এবং কত একর রবি শস্যের জন্য জল দেবার পরিকল্পনা আছে?

শ্রীসুনীতি চট্টরাজঃ কংসাবতীর পার্ট হচ্ছে শীলাবতী। কংসাবতী প্রজেক্টে মোট ৩ লক্ষ ৪২ হাজার একর খারিফের জন্য এবং এক লক্ষ ৫০ হাজার একর রবিতে জল দেওয়া হবে শীলাবতীটা সেপারেট স্কীম নয়, কংসাবতী প্রজেক্টেরই একটা পার্ট।

শ্রীঅশ্বিনী রায়ঃ এই যে বললেন কংসাবতী প্রজেক্টে আট লক্ষ ৪২ হাজার একর জমি আমনের ক্ষেত্রে দেওয়া হবে, গত বছর কত লক্ষ একর আমন জমিতে আপনারা জল দিতে পেরেছিলেন, সেচের ব্যবস্থা করতে পেরেছিলেন?

শ্রীসুনীতি চট্টরাজঃ স্পীকার মহাশয়, দুঃখের বিষয় সেই পিকচারটা আমার কাছে নেই।

বীরভূমের মুরারই থানার স্টোন কোয়ারী

*১১২৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০১১।) **শ্রীশচীনন্দন সাউঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার মুরারই থানায় কোন স্টোন কোয়ারী আছে কিনা এবং থাকিলে, কতগুলি আছে;

(খ) স্টোন কোয়ারীগুলি সরকারী নিয়ন্ত্রণাধীনে আনার কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(গ) সরকার কি অবগত আছেন যে, বীরভূম জেলায় স্টোন কোয়ারীর প্রভূত সম্ভাবনা আছে এবং ইহাতে বহু কর্মসংস্থানের সুযোগ হওয়ার সম্ভাবনা আছে; এবং

(ঘ) অবগত থাকিলে, এবিষয়ে সরকারের কোন পরিকল্পনা আছে কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ (ক) হ্যাঁ মুরারই থানায় বর্তমানে জমিদারী দখল আইনের পূর্ববর্তী সময়ে ইজারা দেওয়া দুটি দীর্ঘমেয়াদী স্টোন কোয়ারী আছে।

(খ) সমস্ত বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

(গ) হ্যাঁ, সরকার এ বিষয়ে সজাগ আছেন।

(ঘ) বীরভূম সহ অন্যান্য জেলায় পাথর ইত্যাদির উন্নয়ন ও বিপণন সংগঠিত করার জন্য সম্প্রতি রাজ্যসরকার 'ওয়েস্ট বেঙ্গল মিনারেল ডেভেলাপমেন্ট অ্যান্ড ট্রেডিং কর্পোরেশন' নামে একটি সংস্থা গঠন করেছেন।

শ্রীশচীনন্দন সাউঃ মন্ত্রিমহাশয় বললেন যে, স্টোন কোয়ারী আছে, মন্ত্রিমহাশয় কি জানাবেন সেখানে বিদ্যুৎ এবং রেলওয়ে ওয়াগনের প্রয়োজনীয়তা আছে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ হতে পারে।

শ্রীশচীনন্দন সাউঃ এই ব্যাপারে মন্ত্রিমহাশয় কি কিছু চিন্তা করছেন?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আমি একটু আগে বললাম যে, সমস্ত কোয়ারীগুলো যাতে ভাল ক'রে সার্ভিস করতে পারি তার জন্য ওয়েস্ট বেঙ্গল মিনারেল ডেভলাপমেন্ট অ্যান্ড ট্রেডিং কর্পোরেশন নামে একটা সংস্থা গঠন করা হয়েছে, সেই সংস্থা সমস্ত বিষয়টা বিবেচনা ক'রে দেখছে। যদি কোন জায়গায় কোন ওয়াগানের অভাব থেকে থাকে, রেলে নিয়ে যাবার অসুবিধা থাকে, তা ওঁরা নিশ্চয়ই বলবেন এবং এই সব ব্যাপারে সরকারও অবগত আছেন এবং তাঁরা প্রপার স্টেপস্ নিচ্ছেন, এটাই বলতে চাচ্ছি।

শ্রীশচীনন্দন সাউঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলছেন যে, এইগুলি বিবেচনায় আছে, আমার প্রশ্ন হচ্ছে মাননীয় স্পীকার মহাশয়, এইটা বিবেচনাধীন কত দিন থাকবে?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আপনি (খ) প্রশ্নের উত্তরের কথা বলছেন তো, (খ) প্রশ্নের উত্তর হচ্ছে, সমস্ত বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। সমস্ত ব্যাপারটা আমাদের বিবেচনাধীন আছে, কেন না যদি দেখা যায় যে, চালাতে পারছে না, তা হ'লে ওয়েস্ট বেঙ্গল স্টোন ডেভোলপমেন্ট কর্পোরেশনকে নেওয়ার জন্য অনুরোধ করব। অতএব সমস্ত ব্যাপারটা বিচার-বিবেচনা চলছে, এবং সেই সম্বন্ধে তারা সমস্ত কিছু জানালে তবে ব্যবস্থা অবলম্বন করা হবে, এই জন্য বলেছি যে বিবেচনাধীন আছে।

শ্রীনিতাইপদ ঘোষঃ বীরভূম জেলায় স্টোন কোয়ারীর উন্নয়নের জন্য সরকার কর্তৃক করপোরেশন করা হয়েছে, কিন্তু সামনেই বর্ষা আসছে কাজে কাজেই কোয়ারী-ওনাররা কোয়েরী করেছে যে টেম্পোরারী রাস্তা করলে এই স্টোন কোয়ারীগুলি চালানো যায় এবং এই টেম্পোরারী রাস্তা গুলি অল্প পয়সায় হতে পারে, তাই অবিলম্বে এইসব জায়গায় কোন টেম্পোরারী রাস্তা করার কোন ব্যবস্থার কথা আপনি চিন্তা করছেন কি?

শ্রীতরুণকান্তি ঘোষঃ আপনি আজকে বললেন, এই নিয়ে আমি ওয়েস্ট বেঙ্গল মিনারেল ডেভেলপমেন্ট করপোরেশনের সঙ্গে আলাপ-আলোচনা করব এবং তারপর যদি করবার দরকার মনে করা হয়, তা হ'লে এই বিষয়ে যা ব্যবস্থা করা দরকার করব।

শ্রীনিতাইপদ ঘোষঃ যেখানে স্টোন কোয়ারী চালাবার ব্যবস্থা হচ্ছে, সেখানে ইলেকট্রিক নিয়ে যাবার ব্যবস্থার কথা অ্যাসেম্বলীতে হয়েছিল। কিন্তু আজকে ৭/৮ মাস হয়ে গেল, এখনোও একটাও খুঁটি পোঁতা হয় নি। আমার মনে হয়, এখানে ইন্ডাস্ট্রি করা যায় এবং বহু লোকের কাজের সংস্থান করা যায়।

(নো রিপ্লাই।)

শ্রীসরোজ রায়ঃ আপনি সংবাদপত্রে বলেছেন, এখানে বহু কর্মসংস্থানের সম্ভাবনা আছে। আপনি কি জানেন ইতিমধ্যে বহু যুবক ঐ জায়গায় গিয়ে যাতে স্টোন চিপ্‌স সাপ্লাই করতে পারে, সি এম ডি এ-র কাজে সেটা করতে গিয়ে তারা হতাশ হয়েছেন, তারা সাপ্লাই করতে পারে নি। এর জন্য দায়ী বড় বড় কন্ট্রাক্টাররা যারা পশ্চিমবাংলার বাইরে থেকে স্টোন চিপস্‌ নিয়ে তারা সি এম ডি এ-র কাজে সাপ্লাই করছেন। তারা যাতে সেটা সাপ্লাই করতে পারে, এই জন্য সরকার থেকে কোন বিশেষ ব্যবস্থা নেওয়া হ'ল না। আজকে পশ্চিমবাংলার বাইরে থেকে স্টোন চিপস্‌ আসছে অথচ এখানে আমাদের বহু লোকের কাজ হতে পারত, সেই জন্য এই বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন?

শ্রীতরুণকান্তি ঘোষঃ এই জন্য আজকে আমরা মিনারেল ডেভোলপমেন্ট করপোরেশন করেছি, যাতে পশ্চিমবঙ্গের মধ্যে যে স্টোন কোয়ারীগুলি আছে সেগুলি পুরোপুরি ব্যবহার ক'রে আমাদের পশ্চিমবাংলার ছেলেরা এর দ্বারা কাজকর্ম করতে পারে সেই উদ্দেশ্য নিয়ে এটা করা হয়েছে। এটা মাত্র ১ মাস রেজিস্ট্রি হয়েছে। এই মিনারেল ডেভোলপমেন্ট করপোরেশন মাত্র ১ মাস হ'ল হয়েছে, সেখানে হাউ উই ক্যান এক্সপেকট ইতিমধ্যেই কাজ হবে? এর বোর্ড গঠন করা হয়েছে, চেয়ারম্যান ঠিক করা হয়েছে, ম্যানেজিং ডাইরেকটর করা হয়েছে একজনকে। ইতিমধ্যে তাদের ফার্স্ট মিটিং হয়ে গিয়েছে.
and they are proceeding in the same line as you have suggested.

বাঁকুড়া শহরে কো-অপারেটিভ রাইস মিল

***১১২৪।** (অনুমোদিত প্রশ্ন নং *২১২২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া শহরের কো-অপারেটিভ রাইস মিলটি তৈরি হবার পরও দীর্ঘদিন ধরিয়া অব্যবহৃত অবস্থায় পড়িয়া আছে এবং বর্তমানে চোরডাকাতের আড্ডাস্থল হইয়া দাঁড়াইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে—

(১) কবে উক্ত মিলটির নির্মাণকার্য শেষ হইয়াছে,

(২) কবে নাগাত মিলের কার্য আরম্ভ হইতে পারে,

(৩) বর্তমানে উক্ত মিলটির সদস্যসংখ্যা কত,

(৪) উক্ত মিলটি ১৯৭৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত কত টাকা সরকারী অনুদান পাইয়াছে, ও

(৫) উক্ত মিলটি চালু হইলে কত বেকার যুবকের কর্মসংস্থান হইতে পারে?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ (ক) বাঁকুড়া কো-অপারেটিভ রাইস মিলটি ১৯৭০-৭১ সালে চালু করার পরে ইহার কিছু কিছু যান্ত্রিক ত্রুটি পরিলক্ষিত হয়। ১৯৭২ সালের ফেব্রুয়ারি মাসে সেই ত্রুটিগুলি শেষবারের মত সংশোধন করা হয়। ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ মরশুমে মিলের কোন কাজ হয় নাই। মিলে একজন পাহারাদার আছে। যদিও বর্তমানে মিলটি সমাজবিরোধীদের কার্যকলাপের কেন্দ্র হইয়াছে এরূপ কোন রিপোর্ট নাই তাহা হইলেও স্থানীয় রেঞ্জ অ্যাসিস্ট্যান্ট রেজিস্টার ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ ব্যাপারে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে বলা হইয়াছে।

(খ) (১) ১৯৬৯ সালের জুন মাসে মিলটির নির্মাণ কার্য শেষ হইয়াছে। তবে ঘেরা পাঁচিল, অফিসঘর, কর্মচারীদের বাসস্থান ইত্যাদি এখনও তৈরি হয় নাই।

(২) সমিতির বর্তমান পরিচালকমণ্ডলী নিজেরা মিলটি চালাইতে এখন অনিচ্ছুক। সরকার মিলটি গ্রহণ করুক এই মর্মে তাঁহাদের প্রস্তাব বিবেচনাধীন।

(৩) ৩৬৪ জন।

(৪) শেয়ার ক্যাপিট্যাল বাবত ৩,৫০,০০০ টাকা এবং ভরতুকী বাবত ৪,০০০ টাকা।

(৫) মিলটি চালু হইলে ও পূর্ণমাত্রায় কাজ করিতে পারিলে কারিগরী জ্ঞান সম্পন্ন লোকসহ আনুমানিক ১০ জনের কর্মসংস্থান হইতে পারে এবং আরও প্রায় ২০ জন অদক্ষ লোকের 'ক্যাজুয়াল' কাজ হইতে পারে।

[1-30—1-40 p.m.]

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ১৯৭০-৭১ সালে চালু করার পরে ইহার কিছু কিছু যান্ত্রিক ত্রুটি পরিলক্ষিত হয়। এই মিলটি আমার এলাকায় অবস্থিত, আজ পর্যন্ত এই মিলটি একেবারে চালু হয় নি, এমন কি এর যে বয়লার, চিমনি আছে সেটা ভেঙ্গে পড়ে গেছে। এইভাবে মাননীয় মন্ত্রিমহাশয় অসত্য কথা কি ক'রে এবং কিভাবে জানলেন?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ অসত্য আমরা বলছি না, আমরা বলেছি মিলের কিছু কিছু যান্ত্রিক ত্রুটি পরিলক্ষিত হয়। ১৯৭২ সালের ফেব্রুয়ারি মাসে সেই ত্রুটিগুলির কিছু কিছু সংশোধন করা হয়। আমার কাছে এই রিপোর্ট আছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মিলটি একেবারে চালু হয় নি। আপনি বলেছেন, চালু করার পর ইহার কিছু কিছু যান্ত্রিক ত্রুটি পরিলক্ষিত হয়। কিন্তু চালু হয় নি, তা হ'লে কি ক'রে ত্রুটিগুলি বেরুল? মিলটির চিমনি শুদ্ধ ভেঙ্গে গেছে।

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ প্রথম যখন আরম্ভ হয়েছিল তখন কি তাই ছিল?

শ্রীকাশীনাথ মিশ্রঃ এর কাজ আরম্ভ হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে লক্ষ লক্ষ টাকা খরচ ক'রে দীর্ঘদিন ৪ বছর ধরে মিলটা আইডেল হয়ে পড়ে আছে বর্তমানে সেটা ভেঙ্গে গেছে এবং সেটা একটা চোর ডাকাতদের আড্ডাস্থল হয়েছে এবং সেখানে বাক্স চোরেরা ভেঙ্গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ভুল স্টেটমেন্ট, অসত্য কথা মাননীয় মন্ত্রিমহাশয়কে জানিয়েছে, আমি স্যার, আপনার মাধ্যমে এর প্রতিকার প্রার্থনা করছি। এই যে অসত্য কথা হাউসে বলা হয়েছে এটা আজকে আমাদের কাছে খারাপ লাগছে। মাননীয় মন্ত্রিমহাশয়কে ঠিকমত জানান হয় নি। এই সম্বন্ধে অবিলম্বে তিনি তদন্ত করবেন কিনা জানাবেন কি?

Mr. Speaker: Mr. Misra, the Hon'ble Minister has replied from the report, which he has received from his department. When you are making allegations to the effect that the factory has not yet been started even to-day—in the long four years—certainly the Hon'ble Minister will make necessary enquiry in the matter and on the allegations that you have made.

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয়কে যে অসত্য কথা জানান হয়েছে সে সম্বন্ধে তিনি তদন্ত করবেন কিনা?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যকে জানাচ্ছি শুধু একটা কো-অপারেটিভ রাইস মিল নয়, পশ্চিমবঙ্গে যত কো-অপারেটিভ রাইস মিল আছে প্রত্যেকটা অচল অবস্থায় আছে। তার কতকগুলি অন্তর্নিহিত কারণ আছে। যেমন পুরো চাল যেগুলি মিলিং হয় সেই পুরো চাল এফ সি আই-এর কাছ থেকে পাওয়া যায় না। এই মিলগুলির একটা হচ্ছে শেলার টাইপের, উন্নত ধরনের, আর একটা হচ্ছে শেলার টাইপের, সেগুলি নিকৃষ্ট ধরনের। স্যালাক টাইপের কো-অপারেটিভ রাইস মিলগুলিও চলছে না ৫০ পার্সেন্ট লেভি এবং ৫০ পার্সেন্ট নন-লেভি এই সিসটেমে। কারণ কো-অপারেটিভ রাইস মিলের চালের যে দাম ধার্য করেছিলেন লেভি এবং লেভি রাইসের তাতে কোন কো-অপারেটিভ রাইস মিল সেই দামে অন্ততঃ সেটা সম্পূর্ণভাবে চললেও তার লাভ থাকতে পারে না। সেকেন্ড অল্টারনেটিভ, যদি এফ সি আই পুরো চাল না দেয়, তা হ'লে সেই মিলগুলি চলতে পারে না। এরজন্য অ্যাকসান নিয়েছি, খাদ্য দপ্তরে জানিয়েছি এই মিলগুলি চালু করার জন্য হয় এফ সি আই থেকে পুরো চাল দেওয়া হোক, তা না হ'লে কো-অপারেটিভ রাইস মিলগুলিকে পুরো লেভির আওতা থেকে বাদ দেওয়া হোক।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা বলছিলাম সেটা হচ্ছে মিলটি চালু হয় নি, কেন হয় নি সেটা মাননীয় মন্ত্রিমহাশয় তদন্ত ক'রে জানাবেন কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ এই স্টেটমেন্টের মধ্য দিয়ে মাননীয় সদস্যকে বলতে চাচ্ছি না যে, এই মিলটি চলছে। আমি স্পষ্ট ভাষায় বলেছি ইহার কিছু কিছু যান্ত্রিক ত্রুটি পরিলক্ষিত হয়, আমরা মেরামত করবার চেষ্টা করছি। মাননীয় সদস্য যদি এটা ধরে নেন যে, আমি এখানে মিথ্যা তথ্য দিচ্ছি, তা হ'লে এটা অত্যন্ত দুঃখের বিষয়।

শ্রীকাশীনাথ মিশ্রঃ আপনাকে অসত্য তথ্য দিয়েছেন—যিনি আপনাকে তথ্য দিয়েছেন তিনি অসত্য তথ্য দিয়েছেন। চালু করার পরে কথাটা লেখা আছে কিন্তু আদৌ চালু হয় নি সেটা কি জানেন?

মিঃ স্পীকারঃ মিঃ সিন্‌হা, দি ভেরি ফার্স্ট সেন্টেন্স "১৯৭০-৭১ সালে চালু করার পর উহাতে কিছু কিছু যান্ত্রিক ত্রুটি পরিলক্ষিত হয়" দি অনারেবল মেম্বার স্টেটস্‌ দ্যাট—আদৌ কখনও চালু করা হয় নি।

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, কোন যন্ত্র যতক্ষণ না চালু করা হচ্ছে, ততক্ষণ তার কি যান্ত্রিক গোলযোগ আছে ধরা যায় না। আমি যখন একটা মেশিনের সুইচ অন করি, তখনই সেটা চালু করা হয়েছে ধ'রে নিতে পারি। চালু করার পর মোটর পুড়ে গেল কি দেখা গেল লাইনের মধ্যে কোন গণ্ডগোল আছে সেটা চালু করার পরই বোঝা যায়। যাই হোক আমি বিস্তারিত তথ্য দিয়ে আপনাকে জানাবো যে, কি অবস্থায় আছে।

(নয়েজ)

Mr. Speaker: The Hon'ble Minister has stated that he will supply information in that respect later and he has already given assurance that he will look into the matter, make enquiries and give the information to the House later on.

শ্রীকাশীনাথ মিশ্রঃ আমি জিজ্ঞাসা করছি, চালু করার সময় অর্থাৎ টেস্টিং করার সময় কি ধরা পড়েছে?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ আমি তো বললাম বিস্তারিতভাবে আপনাকে জানাব।

শ্রীকাশীনাথ মিশ্রঃ স্যার, তা হ'লে এই কোয়েশ্চেনের উত্তরটা হেল্ড-আপ করে রাখুন, আর একদিন আমরা যাতে নিতে পারি, বিস্তারিত তথ্য পাওয়ার পরে।

Mr. Speaker: If necessary, the Hon'ble Minister can make a statement or give information on the matter after due enquiry later. Let us pass on to the next question.

কাঁথি কো-অপারেটিভ ব্যাঙ্কের ডিরেক্টরদের কার্যকালের মেয়াদ

***১১২৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৯১।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাঁথি কো-অপারেটিভ ব্যাংকে অধিকাংশ ডিরেক্টরের কার্যকালের মেয়াদ ১৯৭২ সালে শেষ হইয়া যাওয়া সত্ত্বেও উঁহারা এখনও কার্য করিতেছেন; এবং

(খ) সত্য হইলে, (১) ইহার কারণ কি, এবং (২) এই সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: (ক) এ কথা সত্য যে, অধিকাংশ ডিরেকটর তিন বৎসর কালের অধিক তাঁহাদের স্বপদে অধিষ্ঠিত আছেন। ১৯৬৯ সালের নির্বাচনে আইন অনুযায়ী সকলে অবসর গ্রহণ করেন এবং পুনরায় নির্বাচন প্রার্থী হইয়া নির্বাচিত হন। পরবর্তী নির্বাচনে আইন অনুযায়ী ১/৩ অংশ অবসর গ্রহণ করেন এবং নূতন সদস্য নির্বাচিত হন। ১৯৭২ সালে নির্বাচনে যাঁহাদের অবসরগ্রহণ করিবার কথা, কাঁথির প্রথম মুনসেফ কোর্টের ইনজাংসনের জন্য নির্বাচন হওয়া সম্ভব হয় নাই বলিয়া তাঁহারা অবসরগ্রহণ করেন নাই।

(খ) (১) কাঁথি প্রথম মুনসেফ কোর্টের ইনজাংসনের জন্য নির্বাচন হওয়া সম্ভব হয় নাই।

(২) বঙ্গীয় সমবায় আইনে ২৩(৮) ধারা অনুযায়ী ২ জন সদস্যের সদস্যপদ খারিজ করা হইয়াছে।

শ্রীসুধীরচন্দ্র দাস: ইনজাংসান যেটা করার কথা তুলেছেন সেই ইনজাংসান করার কি গ্রাউন্ড ছিল—সেটা কি কোন রেসট্রিকসান ছিল যে, ইলেকসান না হলে তারা পদত্যাগ করতে পারবেন না—এই রকম কি রেসট্রিকসান ছিল—ইনজাংসানের কি গ্রাউন্ড ছিল?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: সে তথ্য আমার কাছে নেই। বিশদভাবে যদি জানতে চান পরে জানাতে পারি।

শ্রীসুধীরচন্দ্র দাস: বর্তমান ইনজাংসানের ফলে এই রকম অনির্দিষ্টকাল নির্বাচন হবে না, এর প্রতিকারের জন্য আপনাদের ডিপার্টমেন্ট থেকে আপনারা কি চিন্তা করছেন? যতদিন ইনজাংসান থাকবে ততদিন ইলেকসান হবে না, এই রকম ব্যবস্থা কি আপনি জানেন, এই রকম অভিসন্ধি নিয়ে ইনজাংসান করা হয়? যারা গদিতে থাকতে চান, তারা এই রকম কেস ক'রে ইনজাংসান ক'রে রাখেন?

শ্রীঅতীশচন্দ্র সিংহ: এই রকম হতে পারে, কিন্তু কোর্টের যদি ইনজাংসান থাকে, তা হলে সেই ইনজাংসান যতদিন না ভেকেটেড হচ্ছে ততদিন পর্যন্ত ইলেকসান করা নিশ্চয় মুশকিল হবে, মাননীয় সদস্য মহাশয় বুঝতেই পারছেন। তবে ইনজাংসান ভেকেটেড যাতে তাড়াতাড়ি হয়, তার জন্য নিশ্চয় সাধ্যমত ব্যবস্থা গ্রহণ করবো।

কো-অপারেটিভ সমবায় মাধ্যমে বাঁকুড়া জেলায় কৃষিঋণ বণ্টন

***১১২৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮১।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় কৃষিঋণ বাবত কো-অপারেটিভ সমবায় মাধ্যমে কত টাকা ১৯৭১-৭২ ও ১৯৭২-৭৩ সালে দেওয়া হইয়াছে; এবং

(খ) উক্ত টাকা কোন্ ব্লকে কত দেওয়া হইয়াছে?

[1-40—1-50 p.m.]

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ (ক) ১৯৭১-৭২ সালে ১৮,০৭,৬৬২ টাকা এবং ১৯৭২-৭৩ সালে ১৫ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত ১৭,০৫,১১৬ টাকা দেওয়া হইয়াছে।

(খ) কোন্ ব্লকে কত টাকা দেওয়া হইয়াছে তাহার তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ এই যে কো-অপারেটিভ সমবায় সমিতিগুলি থেকে টাকা দেওয়া হচ্ছে, এই টাকা কি সমস্তই চাষীরা পাচ্ছে, না কি কৃষকদের নাম ক'রে বেনামীতে অন্য লোক নিয়ে যাচ্ছে?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ সাধারণতঃ কৃষকদেরই ঋণ দেওয়া হয়, অন্য রকম তথ্য যদি আপনার জানা থাকে জানালে অনুসন্ধান করব।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ আমরা দেখতে পাচ্ছি কো-অপারেটিভ সমবায়গুলির নাম ক'রে ভেস্টেড ইন্টারেস্টেড পারসন্স বেনামী টেনামী ক'রে আসল কৃষকদের ফাঁকি দিয়ে টাকা নিচ্ছে, মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এই রকম তথ্য কিছু আছে কি?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ সেই রকম স্পেসিফিক কোন তথ্য নাই, এই রকম ফাঁকির কোন স্পেসিফিক তথ্য যদি দেন যে, নিজেদের স্বার্থ চরিতার্থ করবার জন্য লোন নিয়েছে, তা হ'লে অনুসন্ধান ক'রে যথাযথ ব্যবস্থা করব।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ এই যে কো-অপারেটিভ সমবায় সমিতিগুলি টাকা দিচ্ছে এর পদ্ধতি কি, কিভাবে এই টাকা বিলি করা হয়?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ সাধারণতঃ প্রাইমারী এগ্রিকালচারাল সোসাইটি যেগুলি আছে, তাদের সদস্যরাই ঠিক করেন লোনের জন্য যারা অ্যাপ্লাই করেছে তাদের কিভাবে টাকা দেওয়া হবে, যেগুলি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক-এর প্রোফরমা ফিল-আপ করছে, মিটিং এ ঠিক হয় কাকে কত টাকা দেওয়া হবে।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ এই যে টাকা সমবায়গুলি থেকে দেওয়া হয় তাতে সাধারণতঃ চাষীরা বঞ্চিত হয়, সেজন্য প্রশ্ন রাখছি, ভবিষ্যতে এই কো-অপারেটিভ সমবায় সমিতিগুলি সম্বন্ধে অনুসন্ধান ক'রে যাতে ক্ষুদ্র, মাঝারী এবং গরিব চাষী কো-অপারেটিভ-এর মাধ্যমে আসতে পারে, তার জন্য কোন নীতি নির্ধারণ করবেন কি যাতে এই চাষীরা বঞ্চিত না হয়?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ সেইজন্যই তো বিল আনা হয়ে'ছ যেটা এখানে আমরা আলোচনা করছি কয়েকদিন ধ'রে।

শ্রীজগদীশচন্দ্র দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কো-অপারেটিভের মাধ্যমে যে লোন দেওয়া হয়েছে ১৯৭১-৭২ সালে, ১৯৭২-৭৩ সালে তার কত পারসেন্ট ব্যাড ডেট হয়েছে?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ এই তথ্য পরে স্পেসিফিক কোশ্চেন করলে জানাব। তবে একটা কথা আনন্দের সঙ্গে জানাচ্ছি, এই বছর আমাদের আদায়ের পরিমাণ বেশ ভাল, গত বছর থেকে অনেক ইম্প্রুভড, অনাদায়ী ঋণের ৫০ পারসেন্ট এই বছর হবে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন এই যে সমবায় বিল আনা হয়েছে অনেক সতর্কতার সঙ্গে, পরীক্ষা নিরীক্ষা দ্বারা এই বিল আনা হয়েছে। এর আগে কৃষি ঋণ কৃষক ছাড়া অন্য কোন এজেন্সীকে দেওয়া হয়েছিল কিনা, এই ধরনের তথ্য আপনার কাছে এসেছিল কিনা, আমি বাঁকুড়া জিলা সম্পর্কে জিজ্ঞাসা করছি।

Mr. Speaker: The question does not arise.

কুয়ে নদীর মোহনা সংস্কার ও সেচ ব্যবস্থার উন্নয়ন

***১১২৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২০২৭।) **শ্রীহরশংকর ভট্টাচার্য:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম, মুর্শিদাবাদ ও বর্ধমান জেলার মিলনস্থানে কুয়ে নদীর মোহনা মজিয়া যাওয়ার ফলে (১) এই অঞ্চলের ৪০ হাজার একর উর্বর আমন ধানের জমি আষাঢ় হইতে আশ্বিন মাস পর্যন্ত বন্যার জলে ডুবিয়া থাকে;

(খ) মোহনা সংস্কার ও সেচ ব্যবস্থার উন্নতি হইলে উপরি-উক্ত ৪০ হাজার একর জমিতে একাধিক ফসল এবং প্রস্তাবিত আমদপুরে সুগার মিলের প্রয়োজনীয় সমস্ত ইক্ষু এই এলাকা হইতে উৎপন্ন করা সম্ভব; এবং

(গ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

শ্রীসুনীতি চট্টরাজ: (ক) হ্যাঁ, লাঙ্গলহাটা বিল ও দ্বিজল অঞ্চল যাহা সাধারণতঃ কান্দী অঞ্চল বলিয়া পরিচিত এক বিস্তীর্ণ এলাকা ঐসময় জলমগ্ন হইয়া থাকে।

(খ) না; শুধুমাত্র মোহনা সংস্কার করিয়া সম্পূর্ণ ফল পাওয়া যাইবে না। একটি উপযুক্ত জলনিকাশী প্রকল্প রূপায়ণের মাধ্যমেই ঐ এলাকায় ফসল উৎপাদনের ব্যবস্থা করা যাইতে পারে।

(গ) এ বিষয়ে সরকার 'কান্দী বন্যা সমস্যা' নামে কয়েকটি জলনিকাশী পরিকল্পনা গ্রহণ করিতে চান। পরিকল্পনাগুলি এখনও পরীক্ষা নিরীক্ষার পর্যায়ে আছে।

শ্রীঅশ্বিনী রায়: এই যে ৪০ হাজার একর জলে ডুবে থাকা জমির জল নিকাশিত হলে আবাদ হতে পারে এ সম্বন্ধে কি কোন প্রাথমিক সার্ভে করা হয়েছে?

শ্রীসুনীতি চট্টরাজ: ঐ এরিয়ার ডিটেল্ড সার্ভে করা হয়েছে, স্কীমের জন্য সার্ভে করা হয় নাই।

শ্রীঅশ্বিনী রায়: এই সার্ভে কি স্থানীয় ইঞ্জিনীয়াররা করেছেন, না, এর জন্য কোন এক্সপার্ট কমিটি করা হয়েছে যারা এই সার্ভে করছে ও অন্যান্য পরীক্ষা-নিরীক্ষা করছেন?

শ্রীসুনীতি চট্টরাজ: এর জন্য বিশেষজ্ঞ কমিটি করা হয় নাই। স্থানীয় কমিটি এই সার্ভে করছেন।

শ্রীহরেন্দ্রনাথ হালদার: এই যে বীরভূম, মুর্শিদাবাদ ও বর্ধমান জেলার মিলনস্থলে কুয়ে নদীর সঙ্গে একটি খাল কাটিয়া তাহার সঙ্গে যুক্ত করবার যে পরিকল্পনা করা হয়েছে সেটা কত দূর অগ্রসর হয়েছে, জানাবেন কি?

শ্রীসুনীতি চট্টরাজ: এটা কান্দী বন্যা সমস্যা পরিকল্পনা এখন ইনভেস্টিগেশন করছে, বাবলা, ভাগীরথী কুয়ে নিয়ে একটা টোটাল স্কীম করা হয়েছে তার নাম হচ্ছে কুয়ে বন্যা সংস্কার। এটা এখন ইনভেস্টিগেশান স্টেজ-এ আছে।

শ্রীমহম্মদ দেদার বক্স: এই যে ৪০ হাজার একর জমি জলে ডুবে থাকে, সেই জল নিষ্কাশনের ব্যবস্থা করবার জন্য কোন পরিকল্পনা নিতে চেষ্টা করবেন কিনা?

শ্রীসুনীতি চট্টরাজ: এটা উপযুক্ত বিবেচনা করেছি বলেই তো এ সম্বন্ধে তদন্ত করছি।

শ্রীহরেন্দ্রনাথ হালদার: এই আওতার ভেতরে কি সিদ্ধেশ্বরী ড্যাম পরিকল্পনা অন্তর্ভুক্ত করা হয়েছে?

শ্রীসুনীতি চট্টরাজ: এর মধ্যে ওটা অন্তর্ভুক্ত নয়। ওটা আলাদা প্রকল্প—একটা সেপারেট ইস্যু।

শহরের সম্পত্তির উচ্চসীমা নির্ধারণ

***১১২৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২০০০।) **শ্রীসুধীরচন্দ্র দাসঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, শহরের সম্পত্তির উচ্চসীমা নির্ধারণ বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে?

শ্রীগুরুপদ খাঁনঃ শহরের সম্পত্তির উচ্চসীমা নির্ধারণকল্পে প্রয়োজনীয় আইন সংবিধানের প্রণয়নের নিমিত্ত সংসদকে ভারতীয় সংবিধানের ২৫২(১) ধারা বলে ক্ষমতা অর্পণ করিয়া পশ্চিমবঙ্গ বিধানসভা একটি প্রস্তাব পাশ করিয়াছিলেন। বিষয়টি এখন কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

শ্রীসুধীরচন্দ্র দাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানেন নিশ্চয় এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। পশ্চিমবাংলার গ্রামগুলে জমিগুলির সিলিং করে দিয়ে কেড়ে নেওয়া হয়েছে। নির্বাচনে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যে, আমাদের শহরের সম্পত্তিরও উচ্চসীমা বেঁধে দেওয়া হবে। এটা পাঠিয়ে দেওয়ার পরে এটাকে কত দিনের মধ্যে কত তাড়াতাড়ি রূপ দেওয়া যেতে পারবে, মাননীয় মন্ত্রিমহাশয় সেটা জানাবেন কি?

[1-50—2-00 p.m.]

শ্রীগুরুপদ খানঃ এই সমস্যাটা যে অত্যন্ত গুরুত্বের সমস্যা আমাদের সকল সভ্যের জানা আছে। কিন্তু এই সমস্যা নিয়ে পশ্চিমবঙ্গে বিধানসভায় বিশদভাবে আলোচনা হয়েছিল, মাননীয় সদস্যদের অনেকে অংশগ্রহণ করেছিলেন এবং তাঁরা তাঁদের অনুমোদন দিয়েছিলেন এবং সেই অনুমোদন অনুযায়ী ভারতীয় সংসদকে নূতন একটা আইন পাশ করাবার জন্য পাঠিয়েছি। এটা একটা সর্বভারতীয় সমস্যা। সেইজন্য ভারতীয় পার্লামেন্ট-এর কাছে একটা আইন পাশ করবার জন্য আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভা ক্ষমতা দিয়েছে।

শ্রীবনাইলাল শেঠঃ শহরের সম্পত্তির উচ্চসীমা নির্ধারণ করে এই বিধানসভায় আলোচনা হয়েছে—এটা শুনতে খুবই ভাল লাগে। কিন্তু এর ব্যবস্থার জন্য এই বিধানমণ্ডলীতে আলোচনা করে বা না করে কত দিনে কার্যকর ব্যবস্থা নেবেন?

শ্রীগুরুপদ খানঃ যখন বিধানসভা এই ক্ষমতাটা পার্লামেন্টকে দিয়ে দিয়েছে তখন আমাদের রেজলুশান বিরোধী কাজ করা ঠিক হবে না বলে মনে করি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি যখন এই বিধানসভা সিদ্ধান্ত পাঠিয়েছে কেন্দ্রীয় সরকারকে দায়িত্ব দিয়ে শহরের সম্পত্তি নির্ধারণ করবার জন্য, তারপর পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারকে কোন রকম অনুরোধ করা হয়েছে কিনা যে, আমাদের রাজ্যের প্রয়োজনের দিক থেকে এটা তাড়াতাড়ি করা প্রয়োজন? সে সম্পর্কে চিঠিপত্র দিয়েছেন কিনা, দিলে কবে দিয়েছেন, উত্তরটা কি?

শ্রীগুরুপদ খাঁনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় যদি অনুমতি দেন, রেজলেসানটা পড়ে দিতে পারি। সেই প্রস্তাবটা আমরা পাঠিয়ে দিয়েছি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ বিধানসভার রেজলেসানে কেন্দ্রীয় সরকারকে দায়িত্ব দেওয়ার পর রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারকে তাগিদ তলব দিয়েছেন কিনা, দিয়ে থাকলে উত্তর কি এবং অন্যান্য রাজ্যে কি অবস্থা সেই সম্পর্কে?

শ্রীগুরুপদ খাঁনঃ অন্যান্য রাজ্যে কি অবস্থা মাননীয় সদস্যদের এখনই বলতে পারছি না। তবে আমরা আমাদের চেয়ে শক্তিশালী যে বিধানসভা রয়েছে তার প্রস্তাব পাঠিয়ে দিয়েছি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ আমরা কেন্দ্রীয় সরকারকে ভার দিয়ে পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে রেজলেসান পাঠিয়েছি। সেই প্রস্তাব পজিটিভ। কেন্দ্রীয় সরকারের কাছে শহরের সম্পত্তি নির্ধারণের প্রশ্নে জরুরী অবস্থা দেখিয়ে ত্বরায় করার জন্য পশ্চিমবঙ্গ সরকার আমাদের তরফ থেকে কোন চিঠি দিয়েছেন কিনা, দিলে কবে দিয়েছেন, তার উত্তরটা কি এবং অন্যান্য রাজ্যেই বা এই সম্পর্কে অবস্থা কি?

শ্রীগুরুপদ খাঁনঃ অন্যান্য রাজ্যের অবস্থা এখনই অফহ্যান্ড বলতে পারবো না। বিধান-সভায় যে প্রস্তাব পাশ হয়েছিল তার ক্ষমতা কোন মন্ত্রীর চিঠির থেকে বেশি শক্তিশালী। যে প্রস্তাব পাশ হয়েছিল সেটা যথাযথভাবে পার্লামেন্টে পাঠিয়ে দিয়েছি। আমরা মনে করি না বিধানসভার প্রস্তাবের চাইতে মন্ত্রীর চিঠি শক্তিশালী হবে। তাই বিধানসভার প্রস্তাবটা পাঠিয়ে দিয়েছি।

শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন, বর্তমান সরকারের লক্ষ্য হচ্ছে সমাজতন্ত্রের প্রতিষ্ঠা এবং সেই পরিপ্রেক্ষিতে গ্রামাঞ্চলের জমির ক্ষেত্রে সর্বত্র সিলিং করে দেওয়া হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, শহরের এক একটি মালিক এই যে কোটি কোটি টাকার সম্পত্তি ভোগ করছে এটা কি আপনি সমাজতন্ত্রের পথে অন্তরায় বলে মনে করেন না?

শ্রীগুরুপদ খাঁনঃ সেইজন্যই আমরা এই প্রস্তাব পাশ করেছি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মন্ত্রিমহাশয়ের উত্তর যদি ইনকমপ্লিট হয়, তা হলে আপনি কি আমাদের প্রোটেকসন দেবেন না?

Mr. Speaker: There cannot be any point of order on the answer given by the Minister. If the answer is incomplete or if he denies to give the answer, then that is also an answer according to rules. I have repeatedly pointed it out.

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ যে সময় আমরা এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাশ করি তখন আমাদের হাউসে আন্ডারস্ট্যান্ডিং দেওয়া হয়েছিল যে, কেন্দ্রীয় সরকার একটা মডেল বিল তৈরি করবেন এবং আমরা সেই অনুসারে এখানে বিল আনব। আমার প্রশ্ন হচ্ছে কেন্দ্রীয় সরকার সেই মডেল বিল করেছেন কিনা এবং করলে আপনারা সেটা পেয়েছেন কিনা এবং পেলে বিল তৈরি করেছেন কিনা এবং আইনসভায় সেটা আনবেন কিনা?

শ্রীগুরুপদ খাঁনঃ এখানে এরকম কোন প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল বলে আমার মনে পড়ে না।

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ আমরা বলেছিলাম, আমরা এখানে বিল করি। কিন্তু আমাদের বলা হল, মহারাষ্ট্র কি করে সেটা দেখে আমরা মডেল বিল করব। আমরা দেখছি অনেক রাজ্যই করেছে, পাঞ্জাবে পাশ হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে মডেল বিলের জন্য অপেক্ষা না করে নিজেদের চেষ্টায় কোন বিল তৈরি করে হাউসে আনবেন কিনা?

শ্রীগুরুপদ খাঁনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিধানসভার মাননীয় সদস্যেরা যে প্রস্তাব পাশ করেছেন সেটা আমি পড়ছি।

(নয়েস্।)

Mr. Speaker: I allow Shri Abdul Bari Biswas to put one supplementary only.

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ পশ্চিমবাংলার মানুষের স্বার্থের জন্য পশ্চিমবাংলার বিধানসভা সর্বসম্মত প্রস্তাব নিয়ে শহরের সম্পত্তির সীমা নির্ধারণের ক্ষমতা কেন্দ্রীয় সরকারের উপর ছেড়ে দিয়েছে। সেই সিদ্ধান্ত গ্রহণ করবার পর এই দেশের মানুষের স্বার্থ রক্ষা করবার জন্য—যখন অন্য রাজ্যে হয়েছে—এই রাজ্যের শহরের সম্পত্তির সীমা নির্ধারণের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের বিলম্ব করবার কারণ কি এবং কেন তাড়াতাড়ি হবে না সেটা জানবার জন্য কেন্দ্রীয় সরকারকে কোন চিঠি দিয়েছেন কিনা?

শ্রীগুরুপদ খাঁনঃ না, দেওয়া হয় নি।

[2-00—2-10 p.m.]

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ এই বিধানসভায় যে প্রস্তাব পাশ করা হয়েছে সেই প্রস্তাব পাঠানো হয়েছে কেন্দ্রীয় সরকারের কাছে। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, তিনি কি মন্ত্রী কেবলমাত্র বিধানসভার প্রস্তাব পাঠানোর ঐ কেন্দ্রীয় সরকারকে? না, সেই প্রস্তাব যাতে বলবত হয় তার ব্যবস্থা করার?

শ্রীগুরুপদ খাঁনঃ বলা যেতে পারে যে, আপনাদের হুকুম অনুসারে এই বিধানসভার প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে যে পাঠানোর কথা সেটা আমি পাঠিয়েছি এবং এ ছাড়া আমি আর কি করতে পারি?

(Held over starred questions to which oral answers were given)

বর্ধমান জেলায় গ্রাম বৈদ্যুতীকরণ

***১৮৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪১৭।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত দশ মাসে বর্ধমান জেলার থানাসমূহের কোন্ কোন্ গ্রামে বৈদ্যুতীকরণের কাজ সম্পূর্ণ হইয়াছে;

(খ) ইহা কি সত্য যে, বিগত দশ মাসে আসানসোল মহকুমার কোন গ্রামে বৈদ্যুতীকরণের ব্যবস্থা করা হয় নাই; এবং

(গ) সত্য হইলে, ইহার কারণ কি?

শ্রীসুনীতি চট্টরাজঃ (ক) ১৯৭২ সালের এপ্রিল হইতে ১৯৭৩ সালের জানুয়ারি পর্যন্ত ১৭০টি মৌজায় বৈদ্যুতীকরণের কাজ সম্পূর্ণ হইয়াছে। থানাওয়ারী মৌজার সংখ্যা নিম্নরূপঃ—

থানা	মৌজার সংখ্যা
বর্ধমান	৪২
গলসী	৯
জামালপুর	১১
কংসা	১
কালনা	১০
কাটোয়া	৬
কুলটি	১
মন্তেশ্বর	৭০
মেমারী	১২
মঙ্গলকোলী	৪
পূর্বস্থলী	৯
আউসগ্রাম	৩
মোট	১৭০টি

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ হিসাবে দেখা গেল যে, আসানসোল মহকুমার ৯টি যে ব্লক আছে সেই ব্লকগুলির মধ্যে মাত্র একটি গ্রামে বিদ্যুৎ গিয়েছে। মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, ঐ যে গ্রামে গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে—সেটা কিসের ভিত্তিতে করা হয়?

শ্রীসুনীতি চট্টরাজঃ কৃষির উপর ভিত্তি ক'রে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই যে ৯টি ব্লক আছে আসানসোল মহকুমায় সেখানে প্রায় ৩০০ মত গ্রাম আছে এবং সেই গ্রামের লোকরা কৃষির উপর নির্ভরশীল যাদের সংখ্যা হচ্ছে প্রায় ৩ লক্ষের মত। সেই তিন লক্ষ লোকের কৃষিকার্যের জন্য বিদ্যুতের প্রয়োজন আছে সেটা তিনি মনে করেন?

শ্রীসুনীতি চট্টরাজঃ আপনি ঐ সমস্ত মৌজার নামগুলি আমাদের দিয়ে দেবেন তার মধ্যে যে সব মৌজায় পেঁছে দেওয়া সম্ভব আমি যতদূর সম্ভব তার জন্য দায়িত্ব নেবো।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আসানসোন মহকুমায় গ্রামে বৈদ্যুতীকরণের জন্য তিন তিন বার সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করেছি, অথচ কেন সেই প্রস্তাব কার্যকর হয় নি সেটা জানাবেন কি?

শ্রীসুনীতি চট্টরাজঃ এই সমস্ত তথ্য আমার কাছে এখনই নাই। সুতরাং এ সম্বন্ধে আমি কিছু বলতে পারছি না।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ আসানসোল মহকুমার গ্রামে বৈদ্যুতীকরণের জন্য আমি সুনির্দিষ্ট প্রস্তাব করেছিলাম। কিন্তু বিগত ১০ মাসের মধ্যে বৈদ্যুতীকরণের কোন কাজ সেখানে মঞ্জুর করা হয় নি। আমি জানতে চাই যে, এই যে তিনটি প্রস্তাব দিলাম বৈদ্যুতীকরণের জন্য—এতবড় একটা মহকুমায় মাত্র একটি গ্রামে বৈদ্যুতীকরণ করলেন, এর পিছনে কি কারণ আছে সেটা জানাবেন কি?

শ্রীসুনীতি চট্টরাজঃ আসানসোল মহকুমায় কংসা ও কুলটি গ্রাম অলরেডি ইলেকট্রিফায়েড হয়েছে বাই জানুয়ারি, ১৯৭৩। বাকী যেসব মৌজা ইলেকট্রিফায়েড হয় নি এবং যে গ্রামগুলি কৃষির উপর নির্ভরশীল সেখানে যদি সম্ভব হয় ইলেকট্রিফায়েডের ব্যাপারে নিশ্চয় আমি দেখবো।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে, ঐ কংসা গ্রামটি আসানসোল মহকুমার মধ্যে পড়ে না, দুর্গাপুরের মধ্যে পড়ে?

শ্রীসুনীতি চট্টরাজঃ কংসা আসানসোল সাবডিভিসানের অন্তর্ভুক্ত ছিল ব'লে জানি।

শ্রীরজনীকান্ত দলুইঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, যে যে গ্রামে বৈদ্যুতীকরণ হয় নি সেই সেই গ্রামের নাম দিলে বৈদ্যুতীকরণের ব্যবস্থা করবেন। যে সমস্ত গ্রামে বৈদ্যুতীকরণ হয় নি সেই সমস্ত গ্রামের নাম দিলে সে ব্যবস্থা তিনি করবেন কি?

শ্রীসুনীতি চট্টরাজঃ যেটা সম্ভব নিশ্চয় চেষ্টা করবো।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, যে সমস্ত কৃষিভিত্তিক মৌজা আছে সেইগুলি ইলেকট্রিফাই করা হয়েছে বা হচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, মৌজা বৈদ্যুতীকরণ মানে কি মাঠের মধ্যে দিয়ে লাইন চলে যাওয়া, না গ্রামে বিদ্যুৎ যাওয়া?

শ্রীসুনীতি চট্টরাজঃ প্রশ্নটা ছিল আসানসোল মহকুমা সম্বন্ধে। কাজেই ডেফিনেসান সম্বন্ধে জানতে হ'লে সেপারেট নোটিস দেবেন, আমি ডেফিনেসান দিয়ে দেব।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ আমার প্রশ্নটা হচ্ছে, মৌজা ইলেকট্রিফায়েড হওয়া মানে কি মাঠের মধ্যে দিয়ে তার চলে যাওয়া, না, গ্রামে বৈদ্যুতীকরণের ব্যবস্থা থাকা, এটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীসুনীতি চট্টরাজঃ মৌজায় যাওয়া মানে সেই গ্রামে যাওয়া।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ এটা সে রকম ব্যাপার নয়। আপনারও এ বিষয়ে অভিজ্ঞতা আছে.

You are also representative of the Constituency

Mr. Speaker: Mr. Biswas, technically speaking 'Mouza' means village, and village means 'Mouza'. It may be that the residential portion of a particular Mouza may not be electrified—that is a separate issue. It may go through the agricultural land of a particular Mouza, but it may not go through the residential portion of that particular village.

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ সেই কারণেই তো প্রশ্নটা উঠছে। সমস্ত ভারতবর্ষে এই মৌজা ইলেক্ট্রিফিকেসানের নাম করে শুধু নম্বরই বাড়ানো হচ্ছে। স্যার, এই মৌজা ইলেকট্রিফিকেসান এটা একটা ফাঁকিবাজী নিয়ম। সেইজন্য আমার প্রশ্ন হচ্ছে, এটা পরিবর্তন করার জন্য সরকার সেন্ট্রাল পাওয়ার কমিশনের সঙ্গে ব্যাপারটা টেক আপ করবেন কি?

শ্রীসুনীতি চট্টরাজঃ মাননীয়া সদস্যা নিশ্চয় জানেন যে, আমরা এগ্রিকালচার ভিত্তিক ইলেকট্রিফিকেসান নিয়ে যাচ্ছি। ঘরে ঘরে বিদ্যুৎ সরকারী পয়সায় যায় না। কনজিউমার টাকা জমা দিলে তবেই তার ঘরে বিদ্যুৎ যায়। যে মৌজায় ইলেকট্রিসিটি গিয়েছে সেখানকার কনজিউমার টাকা জমা দিলে তবেই তার ঘরে বিদ্যুৎ যাবে, তার আগে যাবে না।

শ্রীআফতাবুদ্দিন মণ্ডলঃ ঘরে ঘরে বিদ্যুৎ না হয় টাকা জমা দিলে যাবে। কিন্তু রুরাল ইলেকট্রিফিকেসান বা গ্রামীণ বৈদ্যুতীকরণের আমাদের যে মূল লক্ষ্য যে এগ্রিকালচার এবং ইন্ডাস্ট্রির উপর বেস করে আমরা রুরাল ইলেকট্রিফিকেসান করবো, মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন সেটা প্রত্যেক ক্ষেত্রে মানা হচ্ছে কিনা?

শ্রীসুনীতি চট্টরাজঃ আমার কাছে যে তথ্য আছে বা আমার যে ধারণা আছে তাতে বলতে পারি, সেটা মানা হচ্ছে। তবে মাননীয় সদস্য মহাশয়ের এ বিষয়ে যদি কোন ব্যক্তিগত অভিজ্ঞতা থাকে সেটা নিয়ে আমার কাছে আসলে আমি যথাযথ ব্যবস্থা নেব।

শ্রীসরোজ রায়ঃ তিনটি প্রশ্ন পর পর হয়ে গেল, আমরা আপনার কাছে প্রোটেকশন চাই। এখান থেকে বহু প্রশ্ন করা হচ্ছে, একটা হৈ চৈ হচ্ছে, তারপর কিন্তু আর প্রশ্নের যোগ্য উত্তর পাওয়া যাচ্ছে না। আপনিও সেই উত্তর পাবার জন্য সদস্যদের কোন রকম সাহায্য করছেন না যাতে অন্ততঃ মেম্বাররা উত্তরটা পায়। এরকম করে লাভটা কি? একটা কোশ্চেন ডাকা হ'ল, সেটার কোন উত্তর হলো না ডাইনে বাঁয়ে কিছু হৈ চৈ হ'ল, আপনিও সন্তুষ্ট, আমরাও বসে পড়লাম, এরকম করে কোন লাভ নেই।

[2-10—2-20 p.m.]

Mr. Speaker: Mr. Roy, you know the limitation of the Chair. The Minister is entitled to give reply in his own language in his own fashion. You may not be satisfied with the answer, but even then that is the answer according to rule. The Minister can even say that he cannot give a reply. He can give a negative reply, but that is also to be treated as his reply. But I cannot insist on the Minister giving reply in a particular way in which the Members are asking for the reply. So you will draw your own conclusion from the reply that you receive.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বললেন যে, আপনি কোন অবস্থাতেই মন্ত্রিমহাশয়দের বাধ্য করতে পারেন না। তিনি তাঁর নিজস্ব ঢংগে নিজস্ব কায়দায় উত্তর দেবেন, সেটা নেতিবাচক হতে পারে বা ইতিবাচক হতে পারে। তা হ'লে মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনস্বার্থ সম্পর্কযুক্ত বিভিন্ন প্রশ্ন আমরা করছি, মন্ত্রিমহাশয় তারও উত্তর নাও দিতে পারেন, তা হ'লে সমস্ত প্রশ্ন এই সভায় আনার কোন প্রয়োজনীয়তা আছে ব'লে মনে করি না।

Mr. Speaker: Mr. Banerjee, you know, the Ministers generally take advantage in giving reply to questions or in explaining the policy of the particular department, and you also have the particular privilege to elicit some information from the Ministers. If the reply is not satisfactory - may be that in some cases the reply is not satisfactory to you—you may put question in a different form, but the Ministers may also cleverly avoid the particular answer that you want. In that case it is for the House and for the Honourable Members to draw their own conclusions. It depends on the parliamentary skill and calibre of the Members and the Ministers respectively to put questions and give answers. It is sometimes a battle between Members and Ministers to get a certain answer. But even then from the Chair I cannot insist on any Honourable Minister that he should reply in such and such fashion, that he should answer the question in the affirmative or negative or that he is trying to avoid the reply. It is for you to draw your own conclusion if you find that you are not satisfied with the answer of the Minister, it is up to the Members of the House to draw their own conclusions. So there is no point of order or point of privilege involved in it. It is a system which has been evolved over the last twenty-five years and I think there should not be any misgiving in the House that the Speaker is not giving any protection to the Members because the Ministers are not giving proper replies. This sort of mentality should not develop amongst the Members of the House.

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি, আমরা যদি স্যাটিসফায়েড না হই, তা হ'লে আমরা হাফ আন আওয়ারের ডিসকাশনের জন্য নোটিস দিতে পারি, সেটা দিয়েও তো আসছে না, তা হ'লে আমরা কোথায় যাই?

Mr. Speaker: You will have your own conclusion.

শ্রীসরোজ রায়ঃ যা রিমার্কস্ করা হ'ল তার সংগে আমি একমত। আমার প্রশ্ন হ'ল, আমরা হাউজে কতকগুলো ফর্মালিটিজ বজায় রাখতে আসি নি। মন্ত্রিমহাশয় যেটা জবাব দিতে পারলেন না, তিনি যদি সততার সংগে বলেন যে, এই সব খবর আমি পাই নি, খবর সঠিক ছিল না, এখানে দুর্বলতা ছিল, আমি চেষ্টা করবো, এটা উত্তর দিতে পারে, এইভাবে যদি উত্তর দেন, তা হ'লে বুঝি ফর দি ইন্টারেস্ট অব দি পাবলিক আমরা যেটা উত্তর চাই সেটা না দিয়ে যদি ফর্মালিটিজ নিয়ে আসেন, তা হ'লে কিছু করার নেই।

Mr. Speaker: Shri Bhabataran Chakravarty.

বিষ্ণুপুর মহকুমায় মল্লরাজাদের আমলের বাঁধ ও দীঘি সংস্কার

***১০১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩০৫।) **শ্রীভবতারণ চক্রবর্তীঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলায় বিষ্ণুপুর মহকুমায়—

(১) প্রাক্তন মল্লরাজাদের সেচ ব্যবস্থার নিদর্শন স্বরূপ কতকগুলি বড় বড় বাঁধ ও দীঘি এখনও বিদ্যমান আছে, ও

(২) এগুলি সংস্কার করাইয়া কংসাবতী ও দামোদর ভ্যালি প্রকল্পের অন্তর্গত জলাধার হিসাবে ব্যবহার করা যাইতে পারে ও প্রয়োজনের সময় সেই জল ব্যবহার করিয়া সেচের কার্যে ব্যবহার করা যাইতে পারে ও বর্ষার বাড়তি জল যাহা বর্তমানে বহিয়া অপচয় হইতেছে তাহাও কাজে লাগান যায়; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শ্রীসুনীতি চট্টরাজ: (ক) (১) হ্যাঁ, কৃষ্ণ বাঁধ, লাল বাঁধ প্রভৃতি অনেকগুলি বেসরকারী বাঁধ ও দীঘির অবস্থিতির কথা সরকারের জানা আছে।

(২) কংসাবতী বাঁধ হইতে বিষ্ণুপুরের অবস্থিতি অধিকতর নীচুতে হওয়ায় এই বাঁধগুলিকে উক্ত প্রকল্পের জলাধার হিসাবে ব্যবহার করিবার কোন পরিকল্পনা বর্তমানে সেচ ও জলপথ দপ্তরের অধীনে নাই। তবে ইহা লক্ষ্য করা গিয়াছে যে, দামোদর ভ্যালি প্রকল্পের কম্যাণ্ডের মধ্যে অবস্থিত জলাশয়গুলিকে কৃষকেরা বর্ষার শেষের দিকে উক্ত প্রকল্পের জল দ্বারা ভরিয়া রাখে এবং এই সঞ্চিত জলরাশির কিছু অংশ রবি চাষের জন্য ব্যবহার করিয়া থাকে। এই জলাশয়গুলিকেও দামোদর ভ্যালি প্রকল্পের জলাধার হিসাবে ব্যবহার করিবার কোন পরিকল্পনা বর্তমানে সরকারের নাই।

(খ) (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

শ্রীভবতারণ চক্রবর্তী: মাননীয় মন্ত্রিমহাশয়, কি অবগত আছেন যে, ঐ কংসাবতী বাঁধ হয়ে গেল, যখন চতুর্দিকে লোকে জল জল ক'রে চিৎকার করছে, তখন কংসাবতী জলাধারে জল নেই এবং তারা অসহায় বোধ করেছেন, এই অবস্থার কি সৃষ্টি হয়েছে?

শ্রীসুনীতি চট্টরাজ: এটা আমাদের জানা আছে।

শ্রীভবতারণ চক্রবর্তী: এই ধরনের কয়েকটি জলাধার তৈরি করলে এই অবস্থার প্রতিকার হতে পারে ব'লে আপনি বিশ্বাস করেন কি?

Shri Suniti Chattaraj: That is a matter of opinion, Sir.

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, এই বাঁধগুলিতে রিজার্ভার করার সরকারের কোন পরিকল্পনা নেই। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে, বাঁকুড়া জেলায় কংসাবতী ক্যানেলের পাশে বড় বড় জলাধার আছে, সেখানে এস্কাভেশন ক'রে দিলে সেই এলাকার বহু চাষী উপকৃত হবে, সেই জন্য এই সম্পর্কে সরকার কি কিছু চিন্তা করছেন?

শ্রীসুনীতি চট্টরাজ: দ্যাট ইস এ ম্যাটার অফ ওপিনিয়ন, স্যার, তবে আমি এই বিষয়ে মাননীয় সদস্যদের সঙ্গে বিস্তারিত আলোচনা করব।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, ঐ বাঁধ এবং খালগুলিকে কংসাবতী এবং ডি ভি সি পরিকল্পনার অন্তর্ভুক্ত জলাধার হিসাবে ব্যবহার করবার কোন পরিকল্পনা সরকারের নেই। তা হ'লে মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এইগুলিকে তার নিজের দপ্তরের আওতায় এনে, এর মাধ্যমে সেচ খালের সুবিধার জন্য কোন পরিকল্পনা তিনি গ্রহণ করবেন কিনা?

শ্রীসুনীতি চট্টরাজ: এখন পর্যন্ত করি নি, তবে ভবিষ্যতে যদি দেখি এটাতে জনসাধারণের সুবিধা হবে, তা হ'লে এই নিয়ে আলোচনায় বসব এবং বিস্তারিত তথ্য বিধানসভায় দেব।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আজকে যেখানে সরকার সব কিছু জিনিস জাতীয়করণ করছেন, সেই রকম আগেকার বড় বড় বাঁধগুলিকে জাতীয়করণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

শ্রীসুনীতি চট্টরাজঃ এটা সেচ দপ্তরের নয়, আমি জানি না, আমার কাছে কোন তথ্য নেই, মাননীয় সদস্য বিস্তারিত বিষয় বিভাগীয় দপ্তরকে জানাবেন।

বিদ্যুতের মূল্যবৃদ্ধির পরিকল্পনা

*১০১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৬৯।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার বিদ্যুতের সরবরাহ মূল্য বৃদ্ধির পরিকল্পনা করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

শ্রীসুনীতি চট্টরাজঃ (ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

STARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

Rural Electrification Scheme in Blocks of Nandigram

***1002.** (Admitted question No. *1963.) **Shri Saradindu Samanta:** Will he Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) if Nandigram Nos. I, II and III Blocks within Tamluk subdivision in the district of Midnapore have been left out from the rural electrification scheme; and

(b) if so, the reasons thereof?

Minister for Power Department: (a) West Bengal State Electricity Board maintains statistics on the basis of the police-station and not blockwise. Villages of Nandigram police-station, it appears, have not yet been brought under Rural Electrification Scheme.

(b) Existing mains is far off from Nandigram police-station.

বাঁকুড় জেলায় সেচের সুবিধার্থে সমবায় জমি বন্ধকী ব্যাঙ্ক মাধ্যমে দাদন

*১১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮০।) **শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলায় কৃষি সেচের সুবিধার্থে সমবায় জমি বন্ধকী ব্যাঙ্ক মাধ্যমে পাম্পসেট ক্রয়, পুষ্করিণী খনন, জোড়বাঁধ নির্মাণ প্রভৃতিতে কত টাকা দাদন দেওয়া হইয়াছে?

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়ঃ বাঁকুড়া জেলা প্রাথমিক সমবায় জমি বন্ধকী ব্যাঙ্ক শুরু হইতে ১৯৭৩ সালের ২২শে মার্চ পর্যন্ত ঐসকল কারণে মোট ৬৩,৬৬,৬২৯ টাকা দাদন দিয়াছে।

মুরলী খালে সেচবাঁধ পরিকল্পনা

*১১২৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৭১।) **শ্রীদাশরথি সরেনঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মেদিনীপুর জেলার নয়াগ্রাম ব্লকে ব্যাপক সেচের জন্য মুরলী খালে বড় আকারের কোন বাঁধ পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি; এবং

(খ) করিয়া থাকিলে, (১) এ বাবত কত টাকা মঞ্জুর হইয়াছে, এবং (২) কবে নাগাত বাঁধ নির্মাণের কাজ আরম্ভ হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয়ঃ (ক) না। তবে মুরলী খালের উপর বাঁধ তৈরির একটি প্রকল্প প্রস্তুত করা হইয়াছে। প্রকল্পটি বর্তমানে পরীক্ষা করিয়া দেখা হইতেছে।

(খ) এই প্রশ্ন এখন ওঠে না।

ক্রীশ্চানডাঙ্গায় কৃষি যন্ত্রপাতি ও স্টিলের আসবাবপত্র তৈয়ারির কারখানা

***১১৩০।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩৮৪।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া শহরের নিকট ক্রীশ্চানডাঙ্গায় কৃষি যন্ত্রপাতি ও স্টিলের আসবাবপত্র তৈয়ারির যে কারখানাটি ছিল তাহা দীর্ঘদিন যাবৎ বন্ধ অবস্থায় আছে; এবং

(খ) অবগত থাকিলে, (১) কবে উক্ত কারখানাটি স্থাপিত হইয়াছিল, (২) সরকার হইতে কত কাঁচামাল উক্ত কারখানায় দেওয়া হইয়াছিল, (৩) কারখানাটির বর্তমান মালিক কে, (৪) সরকার হইতে কোন ঋণ দেওয়া হইয়াছে কিনা এবং হইলে, মোট কত টাকা, (৫) কারখানাটি কত একর জমির উপর অবস্থিত, (৬) বর্তমানে কারখানাটি বন্ধ থাকার কারণ কি, (৭) ৬ই এপ্রিল, ১৯৭৩ পর্যন্ত উক্ত কারখানার নিকট হইতে সরকারের কি কি বাবত কত টাকা পাওনা আছে, এবং (৮) কতজন কর্মচারী উক্ত কারখানায় নিযুক্ত ছিলেন এবং বর্তমানে কতজন আছেন?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৬৬ সালে।

(২) কারখানাটিকে দশ মেট্রিকটন মাইল্ড স্টীলজাতদ্রব্য বরাদ্দ করা হইয়াছিল।

(৩) কারখানাটির মালিক ছিলেন—শ্রীধীরেন্দ্রচন্দ্র ভৌমিক। মালিকানা পরিবর্তনের কোনও সংবাদ সরকারের জানা নাই।

(৪) কুটির ও ক্ষুদ্রশিল্প দপ্তর কর্তৃক রূপায়িত বি এস এ আই অ্যাক্ট অনুসারে কোনও ঋণ উক্ত কারখানার জন্য দেওয়া হয় নাই।

(৫) এবং (৬) জানা নাই।

(৭) প্রাপ্ত হিসাব অনুযায়ী উক্ত কোম্পানির নিকট হইতে আয়কর বাবত ৩,৪৫,৩৮১ টাকা কেন্দ্রীয় সরকারের এবং বিক্রয় কর বাবত ২,৫০,০৬৯ টাকা রাজ্যসরকারের পাওনা আছে। ইহা ব্যতিরেকেও কয়েক বছরের হিসাব চূড়ান্ত না হওয়ায় তাহা এই হিসাবের মধ্যে অন্তর্ভুক্ত করা হয় নাই।

(৮) ১৯৬৬ সালে কারখানাটি চালু থাকার সময়ে ১৯ জন কর্মচারী নিযুক্ত ছিলেন। বর্তমানে কারখনাটির অস্তিত্ব না থাকায় কতজন কর্মী এখন নিযুক্ত আছেন, তাহা বলা সম্ভব নয়।

আসানসোলে সেন-র‍্যালে কোম্পানি

***১১৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪০১।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, আসানসোলে সেন-র‍্যালে কোম্পানি ৩৩,৩০০ সাইকেল প্রস্তুত করিয়া রপ্তানি না করিয়া খোলা মাঠে ফেলিয়া রাখিয়াছে;

(খ) অবগত থাকিলে, ইহার কারণ কি;

(গ) প্রতি মাসে উক্ত কোম্পানিতে কি কি প্রকারের কত সাইকেল উৎপন্ন হয়;

(ঘ) উক্ত কারখানা হইতে কোথায় কোথায় সাইকেল রপ্তানি করা হয়;

(ঙ) কতজন শ্রমিক ও কর্মচারী উক্ত কারখানায় নিযুক্ত আছেন; এবং

(চ) উক্ত কারখানার শ্রমিকেরা কি কি সুযোগসুবিধা পাইয়া থাকেন?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) 'র‍্যালে', 'রাজ', 'হাম্বার' এবং 'রবিনহুড' মার্কা সাইকেল প্রতি মাসে গড়ে প্রায় ৩৫,০০০ হইতে ৩৯,০০০ সংখ্যক উৎপন্ন হয়।

(ঘ) প্রধানতঃ ইরাণ, বাংলাদেশ, মধ্যপ্রাচ্য এবং আফ্রিকার দেশগুলিতে রপ্তানি হয়।

(ঙ) ৩,৪৩৬ জন।

(চ) সুযোগসুবিধার তালিকা লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

এফ সি আই-তে নিযুক্ত কর্মচারী

৫৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪৩।) **শ্রীমনোরঞ্জন হালদারঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে রাজ্য সরকারের অধীনে এফ সি আই-তে কতজন কর্মচারী কাজ করেন; এবং

(খ) উক্ত কর্মচারীর জন্য ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) চিকিৎসা বাবত কত টাকা ব্যয় হইয়াছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গে খাদ্য নিগমের আঞ্চলিক অফিসের অধীনে মোট কর্মচারীর সংখ্যা ৬,৩১১ জন।

(খ) ৩৯,৩০,৩৭৪ টাকা ২৩ পয়সা।

হলদিয়ায় আই ও সি-তে লোক নিয়োগ

৫৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২১।) **শ্রীরবীন্দ্রনাথ করণঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়ায় আই ও সি-তে ৯ই মার্চ, ১৯৭০ পর্যন্ত কতজন লোককে নিয়োগ করা হইয়াছে, এবং কিভাবে নিয়োগ করা হইয়াছে;

(খ) 'এ' গ্রেড, 'বি' গ্রেড, 'সি' গ্রেড এবং 'ডি' গ্রেড অপারেটরের জন্য শিক্ষানবীশ হিসাবে কতজনকে লওয়া হইবে; এবং

(গ) শিক্ষানবীশ হিসাবে স্থানীয় এম্প্লয়মেন্ট এক্সচেঞ্জে তালিকাভুক্ত শিক্ষিত বেকার যুবকদের অগ্রাধিকার দেওয়া হইতেছে কিনা?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭৩ সালের মার্চ পর্যন্ত ২৫৭ জন কর্মপ্রার্থীকে হলদিয়ায় আই ও সি-তে নিয়োগ করা হইয়াছে; উহাদের মধ্যে ৬৬ জন কর্মপ্রার্থীকে হলদিয়া এম্প্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিয়োগ করা হয় এবং ১৯১ জন কর্মপ্রার্থীকে সরাসরি ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন নিয়োগ করিয়াছে। এই ১৯১ জনের মধ্যে ১২৩ জনকে অন্য শাখা অফিস হইতে বদলি করিয়া আনা হইয়াছে, ছয় জনকে রাজ্য এবং কেন্দ্রীয় অফিস হইতে ডেপুটেশনে আনা হইয়াছে এবং ৬২ জনকে বিভিন্ন সূত্রে নিয়োগ করা হইয়াছে।

(খ) 'সি' গ্রেড এবং 'ডি' গ্রেড অপারেটরের জন্য ৫৮ জন শিক্ষানবীশ লওয়া হইবে।

(গ) শিক্ষানবীশ হিসাবে স্থানীয় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে তালিকাভুক্ত শিক্ষিত কর্মপ্রার্থী যুবকদের অগ্রাধিকার দেওয়া হইবে কিনা মালিকপক্ষ তাহাদের বিজ্ঞপ্তিতে উল্লেখ করেন নাই।

খাদ্যদ্রব্য ও ঔষধপত্রে ভেজালপ্রদানকারী ব্যবসায়ীর বিরুদ্ধে মামলা

৫৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪৯।) **শ্রীশংকরদাস পাল:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাতে ১৯৭২ সালের ১লা জানুয়ারি হইতে ৩১এ ডিসেম্বর মাস পর্যন্ত জনসাধারণের নিত্যপ্রয়োজনীয় খাদ্যদ্রব্য ও ঔষধপত্রে ভেজাল প্রদানকারী কতজন ব্যবসায়ীর বিরুদ্ধে কোর্টে মামলা রুজু করা হইয়াছে;

(খ) ইহার মধ্যে কোন্ জেলাতে এরূপ কতজন ব্যবসায়ী কোর্ট হইতে বেকসুর খালাস পাইয়াছে ও কতজন দণ্ডিত হইয়াছে; এবং

(গ) উক্ত সময়ের ভিতরে কোন্ জেলাতে কতজন এরূপ অসাধু ব্যবসায়ীকে 'মিসা'-তে আটক করা হইয়াছে;

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) উক্ত সময়ে কলিকাতায় আটজন খাদ্যদ্রব্যে ভেজাল প্রদানকারীর এবং ছয়জন ঔষধপত্রে ভেজাল প্রদানকারীর বিরুদ্ধে কোর্টে মামলা রুজু করা হইয়াছে। এবং পশ্চিমবঙ্গের অন্যান্য জেলায় ১৫২ জন খাদ্যদ্রব্য ও ঔষধপত্রে ভেজাল প্রদানকারীর বিরুদ্ধে মামলা রুজু করা হইয়াছে।

(খ) কেহই এখন পর্যন্ত বেকসুর খালাস পায় নাই। ৩৫ জন দণ্ডিত এবং ১৩১ জন বিচারাধীন আছে।

(গ) উক্ত সময়ের ভিতরে কলিকাতায় দুজন অসাধু ব্যবসায়ীকে 'মিসা'-তে আটক করা হইয়াছে। তাছাড়া চব্বিশপরগনার দমদম অঞ্চল হইতে দুজন অসাধু ব্যবসায়ীকে 'মিসা'য় আটক করা হইয়াছে।

দুর্গাপুর ও উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন

৫৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৬।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)ঃ স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর ও উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে বর্তমানে গাড়ির সংখ্যা কত;

(খ) ১৯৭২-৭৩ সালে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন কতগুলি নূতন গাড়ি ক্রয় করিয়াছেন;

(গ) স্টেট ট্রান্সপোর্টের কতগুলি গাড়ি বর্তমানে চালু আছে এবং কতগুলি অকেজো অবস্থায় পড়িয়া আছে:

(ঘ) অকেজো গাড়িগুলির মেরামতের কোন ব্যবস্থা হইয়াছে কি; এবং

(ঙ) বর্তমানে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের কর্মচারীর সংখ্যা কত?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট বোর্ডের বর্ত্তমানে গাড়ির সংখ্যা—১১৬। উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে বর্তমানে গাড়ির সংখ্যা—২৭৮।

(খ) দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট বোর্ড ১৯৭২-৭৩ সালে মোট ৩০টি নূতন বাস ক্রয় করিয়াছে এবং ঐ সময়ে উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন ৬৫টি নূতন বাস ক্রয় করিয়াছে।

(গ) দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট বোর্ডের চালু গাড়ির সংখ্যা ৮০; অকেজো গাড়ির সংখ্যা ৩৬।

উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে চালু গাড়ির সংখ্যা ২৪০; অকেজো গাড়ির সংখ্যা ৩৮।

(ঘ) দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট বোর্ডের অকেজো গাড়িগুলি মেরামতের অযোগ্য। উত্তর-বঙ্গ স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের অকেজো গাড়িগুলি মেরামত হইতেছে।

(ঙ) দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট বোর্ডের মোট কর্মচারীর সংখ্যা ৮৬৩।

উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের মোট কর্মচারীর সংখ্যা ২,৮৯৯।

মহিষাদল ও গোপালপুর অঞ্চলের ডীপ টিউবওয়েল

৫৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২২১।) **শ্রীঅহীন্দ্র মিশ্রঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার মহিষাদল ২নং ব্লকে লক্ষ্যা ও গোপালপুর অঞ্চলের ডীপ টিউব-ওয়েল দুইটি কতদিন পূর্বে প্রোথিত হইয়াছে;

(খ) উক্ত দুইটি টিউবওয়েল হইতে কৃষিকার্যের জন্য জল সরবরাহ করা হইতেছে কিনা; এবং

(গ) না হইয়া থাকিলে, উহার কারণ কি এবং এবিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭০ সালের এপ্রিল মাসে।

(খ) না।

(গ) টিউবওয়েল দুইটি জলস্তর অনুসন্ধানের জন্য বসানো হইয়াছিল। তবে এই দুইটিকে উৎপাদন টিউবওয়েলে (প্রোডাকশন টিউবওয়েল) রূপান্তরিত করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হইতেছে।

বাঁকুড়া জেলায় খাদ্য ও সরবরাহ দপ্তরের জীপ ও ট্রাক

৫৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫৪।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, বাঁকুড়া জেলায় খাদ্য ও সরবরাহ দপ্তরে জীপ ও ট্রাক থাকা সত্ত্বেও সরকারী কাজে গাড়ি ভাড়া করা হয়, এবং বহু টাকা ব্যয় হয়; এবং

(খ) সত্য হইলে, উক্ত জেলায় ঐ বাবতে (১) ১৯৭২ সালের মার্চ হইতে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত কতগুলি জীপ ও ট্রাক ভাড়া করা হইয়াছে এবং এজন্য কত টাকা ব্যয় হয়; এবং (২) উক্ত বিভাগের জীপ ও ট্রাকের সংখ্যা কত?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বাঁকুড়া জেলায় খাদ্য ও সরবরাহ দপ্তরে কার্য পরিচালনার জন্য একখানি সরকারী জীপ বরাদ্দ করা আছে। কিন্তু ঐ জীপখানি ব্যবহারযোগ্য না থাকায় ১৯৭২-৭৩ সালে পাঁচ মাসের জন্য একখানি জীপ ভাড়া করা হইয়াছিল ঐ জীপ ভাড়া বাবত সরকারের ৬,০০০ টাকার মত খরচ হইয়াছে। কোন ট্রাক বরাদ্দ করা হয় নাই।

(খ) (১) উক্ত জেলায় এ বাবতে ১৯৭২ সালের ১৫ই ফেব্রুয়ারি হইতে ১৫ই জুলাই পর্যন্ত মাত্র একখানি জীপ ভাড়া করা হইয়াছিল। কোন ট্রাক ভাড়া করা হয় নাই। এই জন্য ৬,০০০ টাকা খরচ হইয়াছে। ১৯৭২ সালের অগাস্ট মাস হইতে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি মা পর্যন্ত কোন জীপ ও ট্রাক ভাড়া করা হয় নাই।

(২) উক্ত বিভাগের জীপের সংখ্যা ৫০ খানি এবং ট্রাকের সংখ্যা ২৩ খানি। বর্তমানে চারখানি ট্রাক ব্যবহারযোগ্য নয়।

Delay in disposing of Pension and Gratuity Papers of retired non-gazetted Government servants

556. (Admitted question No. 732.) **Shri Harisadhan Doloi:** Will th Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) how many pension and gratuity papers of retired non-gazette Government servants are lying undisposed of as on 31st January 1973;

(b) how many of them are pending for more than two years;

(c) the reasons of delay in disposing of the above papers;

(d) whether the Government has any scheme for speedy disposal c pension and gratuity papers for immediate relief to retire Government employees; and

(e) if so, the details of the scheme?

The Minister for Finance: (a) 2,421 cases (information available up to 31s March, 1973).

(b) 744 cases.

(c) As in annexure enclosed.

(d) and (e) Yes. It was found by the present Ministry that under th existing rules the pension cases could not be disposed of quickly. Far [illegible] and radical changes have, therefore, been made in the pension rules [illegible] will drastically remove all causes for delay in disposal of pension [illegible] future. The changes made recently in the pension rules are, in brief, follows:

(i) Provisional pension calculated on the basis of 90 per cent. of last pa drawn will be sanctioned by the Drawing Officer on the basis o application only in the prescribed form, along with 75 per cent. o gratuity. Sanction to this provisional pension and gratuity shoul be issued at least four months before the date of retirement. Th appointing authority will be required to sanction the final pensio and gratuity within a period not exceeding one year from the dat of retirement.

(ii) In cases where the service book is maintained properly the existing practice of further annual verification may be dispensed with.

(iii) Even in cases where service books are not available, provisional pension and gratuity may be sanctioned on the basis of a written statement of service records with affidavit from the pensioner along with two requisite certificates.

(iv) Extraordinary leave will be treated as qualifying service for pension.

(v) Average emoluments will be calculated on the basis of twelve months' pay as against thirty-six months' pay.

(vi) Entire wholetime continuous service rendered in contingent/work-charged (except piece-rate or daily-rated service) establishment will qualify for pension.

(vii) Temporary Government servants rendering continuous service for ten years or more will be granted pension and gratuity as permanent Government servants.

Statement referred to in reply to clause (c) of unstarred question No. 556

Annexure

Delay in disposing of pension and gratuity papers is due inter alia to the following reasons:

(1) Non-verification of services in time.

(2) Non-settlement of leave account, etc.

(3) Delay in regularisation of break in service, adjusment of increments and sending of L.P.C. of retired personnel.

(4) Non-submission of claim in proper forms by the incumbents in time.

(5) Delay in submission of succession certificate in case of death gratuity.

(6) Delay in issuing pension admissibility reports/P.P.O. by the Accountant-General, West Bengal.

(7) Loss of service books and/or non-verification of past services rendered in East Pakistan (now Bangladesh).

(8) Civil and criminal cases pending against certain retired employees.

(9) Inadequacy of staff.

(10) Complications of rules (which have since been amended).

পশ্চিমবঙ্গে গভীর নলকূপ

৫৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৫।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)ঃ **কৃষি** বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় কতগুলি গভীর নলকূপ বসানোর প্রস্তাব গৃহীত হইয়াছে এবং বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত;

(খ) তন্মধ্যে মেদিনীপুর জেলার কোন্ কোন্ ব্লকে কত; এবং

(গ) ১৯৭২-৭৩ সালে একেবারে কোনও গভীর নলকূপ মঞ্জুর করা হয় নাই এরূপ জেলার নাম কি এবং নামঞ্জুর করার কারণ কি?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক)

জেলার নাম		টিউবওয়েলের সংখ্যা
(১) হাওড়া	...	২০
(২) হুগলি	...	১০
(৩) বর্ধমান	...	৪৩
(৪) বীরভূম	...	১৫
(৫) মুর্শিদাবাদ	...	৪০
(৬) মেদিনীপুর	...	৫০
(৭) নদিয়া	...	২০
(৮) চব্বিশপরগনা	...	৩২
(৯) মালদা	...	১০
(১০) পশ্চিম দিনাজপুর	...	১০
	মোট	২৫০

বরাদ্দকৃত অর্থের পরিমাণ তিন কোটি টাকা।

(খ) এই বিষয়ে একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

(গ) জেলাগুলির নাম যথাক্রমে (১) পুরুলিয়া, (২) বাঁকুড়া, (৩) জলপাইগুড়ি, (৪) কুচবিহার, ও (৫) দার্জিলিং।

বর্তমান খরা অবস্থার মোকাবিলার জন্যই ১৯৭২-৭৩ সালে এই রাজ্যের বিভিন্ন জেলায় গভীর নলকূপ বসানোর প্রকল্পটি গ্রহণ করা হইয়াছিল। প্রকল্প প্রস্তুতির সময়ে ভূগর্ভস্থ জল প্রাপ্তির উপর বিশেষ নজর রাখা হইয়াছিল। কতকগুলি খরাক্রান্ত জেলায় ভূগর্ভস্থ জলের পরিমাণ খুবই সীমিত বলিয়া সেই সকল জেলায় কোন গভীর নলকূপ বসানো সম্ভবপর হয় নাই।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 557.

ব্লকের নাম		ডীপ টিউবওয়েলের সংখ্যা
(১) তমলুক-১	...	৩
(২) তমলুক-২	...	২
(৩) মহিষাদল-১	...	৪
(৪) মহিষাদল-২	...	২
(৫) পাঁশকুড়া-১	...	৪
(৬) পাঁশকুড়া-২	...	৪
(৭) ঘাটাল	...	৪
(৮) দাসপুর-১	...	২
(৯) চন্দ্রকোনা-১	...	১
(১০) এগরা-১	...	৫
(১১) এগরা-২	...	৪

(১২) ডেবরা	...	৩
(১৩) খড়গপুর-১	...	২
(১৪) গড়বেতা-১	...	৪
(১৫) কেশপুর	...	৪
(১৬) মেদিনীপুর সদর	...	১
(১৭) পিংগলা	...	১
মোট	...	৫০

নবগ্রাম ব্লকে পানীয় জল সরবরাহের ব্যবস্থা

৫৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২৭২। **শ্রীআদ্যচরণ দত্তঃ** স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) সরকার কি অবগত আছেন যে, খরার ফলে মুর্শিদাবাদ জেলার নবগ্রাম ব্লকের গ্রামগুলিতে বর্তমানে পানীয় জলের খুবই অভাব দেখা দিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, খরাজনিত পরিস্থিতির মোকাবিলার জন্য উক্ত ব্লকের গ্রামসমূহে পানীয় জল সরবরাহের স্থায়ী কি ব্যবস্থা করা হইয়াছে?

স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) প্রতি ৪০০ জনে একটি করিয়া জল উৎস ব্যবস্থা করার সরকারী নীতি অনুযায়ী এই ব্লকে ১,০৫,৬৬১ জনসংখ্যায় মোট ২৬৫টি জল উৎসের প্রয়োজন। বর্তমানে এই ব্লকে চালু নলকূপের সংখ্যা ৩৮৪টি। বর্তমান বৎসরে আরও নলকূপ স্থাপন বা পুনঃস্থাপনের ব্যবস্থা করা হইবে যাহাতে জল সরবরাহের ব্যবস্থা আরও সুষম হয়।

রাজ্য সরকারের অধীনস্থ গেজেটেড অফিসার

৫৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১১৭।) **শ্রীবাসুদেব সাউটাঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার ঘোষিত নীতি অনুযায়ী রাজ্যসরকারের অধীনস্থ সমস্ত গেজেটেড অফিসার সম সুযোগ পাওয়ার অধিকারী; এবং

(খ) সত্য হইলে, ব্লকের ইনডাস্ট্রিয়াল এক্সটেনশন অফিসার, পঞ্চায়েতের এক্সটেনশন অফিসার এবং ডেপুটি এসিস্ট্যান্ট ইন্সপেক্টর অব্ স্কুল এরা গেজেটেড অফিসার হওয়া সত্ত্বেও বেতন ও অন্যান্য বিল তুলিবার ব্যাপারে স্বনির্ভরশীল না হওয়ার কারণ কি?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) অপেক্ষাকৃত কম বেতনের কিছু গেজেটেড অফিসারের ক্ষেত্রে বেতন এবং অন্যান্য খরচা নিজে তুলিবার ক্ষমতা কেন্দ্রীয় সরকার এবং কয়েকটি প্রাদেশিক সরকার সরলীকরণের জন্য তুলিয়া দিয়াছেন। ইহার ফলে এই ধরনের কম বেতনের অফিসারদের মাহিনা পাইতে কিছু সুবিধা ঘটে। ইন্ডাস্ট্রিয়াল এক্সটেনশন অফিসার, এক্সটেনশন অফিসার, পঞ্চায়েত, ডেপুটি এসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কুলের পদগুলিতে এবং আরও কতগুলি শ্রেণীর অফিসারের ক্ষেত্রে গেজেটেড মর্যাদা প্রদানের পর মাহিনা দেওয়ার ক্ষেত্রে অসুবিধা দেখা দেয়। তাহাদের মাহিনা প্রদানের জন্য কেন্দ্রীয় সরকার প্রচলিত নিয়মের অনুরূপ নিয়ম সাময়িকভাবে ৩০শে এপ্রিল, ১৯৭৩ পর্যন্ত চালু করা হইয়াছে। এই সম্পর্কে পাকাপাকিভাবে কি ব্যবস্থা লওয়া সম্ভব তাহা বিবেচনাধীন।

মেদিনীপুর জেলায় অকেজো গভীর নলকূপ

৫৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭০।) **শ্রীঅজিতকুমার বসু:** কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলাতে বর্তমানে কতগুলি অকেজো গভীর নলকূপ আছে;

(খ) কোন্ কোন ব্লকের কোন্ কোন্ জায়গায় নলকূপগুলি আছে; এবং

(গ) ঐ অকেজো নলকূপগুলি সংস্কার করিবার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) মোট ১০টি।

(খ) ও (গ) এই বিষয়ে একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clauses (kha) and (ga) of unstarred question No 560

ব্লকের নাম	স্থানের নাম	চালু করিবার জন্য কি কি ব্যবস্থা নেওয়া হইয়াছে
(১) নারায়ণগড় ..	(১) বহুরূপা ..	অকেজো নলকূপগুলির স্থানে নূতন নলকূপ বসানো হইয়াছে।
(২) কেশপুর ..	(২) বুন্দগোরা ..	
(৩) ঘাটাল	(৩) খুরদা-রাধাবল্লভপুর ..	
(৪) তমলুক-১নং ..	(৪) নির্ম্মল বাজার ..	নির্মাণকার্য চলিতেছে। স্টেট্ ইলেক্ট্রিসিটি বোর্ডকে এই নলকূপগুলিতে শক্তি সংযোজনার জন্য দেয় টাকা অগ্রিম দেওয়া হইয়াছে।
(৫) মহিষাদল-২নং ..	(৫) বৈচার ..	
(৬) এগরা-২নং ..	(৬) লখিয়া ..	
(৭) তমলুক-১নং ..	(৭) গোপালপুর ..	
(৮) ঘাটাল	(৮) জৈলান্দপুর ..	
	(৯) পাকুরিয়া ..	নলকূপ দুইটির ডেভেলপমেন্ট কাজ বাকি আছে।
	(১০) আলাই ..	

পাঁশকুড়া (পশ্চিম) বিধানসভা নির্বাচন কেন্দ্র গ্রাম বৈদ্যুতীকরণ

৫৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭১।) **ডঃ ওমর আলিঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাঁশকুড়া (পশ্চিম) বিধানসভা নির্বাচন কেন্দ্রের কোন্ কোন্ গ্রামে বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা অনুমোদিত আছে; এবং

(খ) এই পরিকল্পনা কবে নাগাত কার্যকরী হবে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) এই ব্যাপারে স্ট্যাটিস্টিক্স রাখা হয় থানাভিত্তিক হিসাবে। সংযোজিত তালিকা অনুযায়ী পাঁশকুড়া থানার মোট ১৫১টি মৌজা বিদ্যুৎ সরবরাহ পরিকল্পনার অন্তর্ভুক্ত হইয়াছে।

(খ) আগামী ১৯৭৪ সালের মার্চ মাস নাগাত।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 561.

List of mauzas proposed to be electrified

Police-station Panskura

Serial No. and name of mauzas	Jurisdiction list No.
1. Saluka	271
2. Jashar	270
3. Purba Manika	268
4. Kashigori	267
5. Kalagechyya	265
6. Paschim Manika	264
7. Sulari	263
8. Khadinam	274
9. Madhabpur	275
10. Rain	277
11. Faridpur	272
12. Marberya	278
13. Pathanberya	279
14. Chhatinada	285
15. Bordangi	284
16. Arar	283
17. Rakshchak	293
18. Bagicha Kumar Chak	316
19. Japhali	313
20. Thakurkol	312
21. Kasmal Khayra	255
22. Nij Khayra	254
23. Kanai Chak	260
24. Raj Chak	253
25. Monaharpur	252
26. Baksitala	251
27. Khanedihi	246
28. Purba Saoraberya	247
29. Chapda	241
30. Jadupur	244
31. Pramanandapur	243
32. Patharia	249
33. Manna	262
34. Jagibar	282
35. Ramchandrapur	250
36. Kharisha	294
37. Mandargachha	301
38. Dakshin Sagarbar	307

Serial No. and name of mauzas				Jurisdiction list No.
39. Deulbar	...	...	...	234
40. Nandaigajan	...	...	...	310
41. Kodalia	...	...	...	230
42. Bangalpur	...	...	...	317
43. Derya Chak	...	...	...	318
44. Kishorechak	...	...	...	219
45. Dakshin Jianda	...	...	...	228
46. Uttar (E) Jainda	...	...	...	236
47. Gurchakll	...	...	...	224
48. Naukar Bankadanga		...	...	242
49. Bishnubar	...	...	...	223
50. Krishnagar	...	...	...	48
51. Katabani Shasan	...	...	...	49
52. Diglabar	...	...	...	220
53. Dhuliara	...	...	...	221
54. Narayan Pakuria	...	...	...	271
55. Namalbar	...	...	...	218
56. Dehati	...	...	...	72
57. Kalishwar	...	...	...	73
58. Gopalnagar	...	...	...	70
59. Brindabanchak	...	...	...	41
60. Uttar Markandapur		...	...	44
61. Halisal	...	...	...	51
62. Keshapat	...	...	...	50
63. Kaya Ayamachak		...	...	226
64. Kulia	...	...	...	281
65. Renubar	...	...	...	231
66. Amirchak	...	...	...	237
67. Gobardhanpur	...	...	...	240
68. Shyamsundarpur, Patna		...	...	6
69. Gobindanagar	...	...	...	15
70. Maishora	...	...	...	7
71. Paschim Bakulda		...	...	21
72. Purba Bakulda	...	...	...	30
73. Talitya	...	...	...	35
74. Uttar Panchberya		...	...	42
75. Jaikhali	...	...	...	40
76. Malida	...	...	...	38
77. Dharenda	...	...	...	22
78. Patanda	...	...	...	23
79. Dakshin Bharat	...	...	...	54
80. Palsa	...	...	...	59

Serial No. and name of mauzas	Jurisdiction list No.
81. Simulhanda	60
82. Laskar Dight	63
83. Purba Gopalpur	68
84. Uttar Mechgram	67
85. Dakshin Mechgram	74
86. Mahatpur	66
87. Banamalipur	117
88. Manur	105
89. Nawapara	104
90. Dhananjaypur	102
91. Raniaxra	100
92. Kaya	101
93. Rajnagar	110
94. Chaira	109
95. Mednipur Ratulia	126
96. Rajhati	135
97. Kharu Radhanagar	141
98. Sarifabad	145
99. Harasankarpur	152
100. Chhenyagar	150
101. Kalidan	153
102. Amdan	158
103. Jagannath Chak	169
104. Radhaban	185
105. Dakshin Kotal	95
106. Gar Purusottampur	201
107. Sariaghata	181
108. Bijayramchak	182
109. Udaypur	200
110. Mohanpur	191
111. Balidangri	86
112. Jamdara	87
113. Chandpadali	81
114. Dakshin Chanciara	209
115. Dhuliapur	215
116. Kanila	213
117. Swaraswatya	212
118. Khasharban	234
119. Purba Hara	324
120. Chakdaha	323
121. Chainpur	321
122. Bar Baharpota	320

Serial No. and name of mauzas				Jurisdiction list No.
123. Baharpota	...	...	...	319
124. Khanda Khola	...	...	...	327
125. Gogaras Kot Taluk		...	...	329
126. Chak Gogras	...	...	...	353
127. Baidibar	...	...	...	354
128. Kalagechhe	...	...	...	362
129. Purba Chilka	...	...	...	360
130. Paschim Chilka	...	...	...	359
131. Sadhupota	...	...	...	361
132. Jayramchak	...	...	...	357
133. Mahadolrupchak		...	...	355
134. Rachaballav Chak		...	...	356
135. Debuapukur	...	...	...	350
136. Changere	...	...	...	349
137. Radha Krishnapur		...	...	348
138. Kanasai Brindaban Chak, Part I			...	343
139. Raybandh	...	...	...	342
140. Ishakpur	...	...	...	341
141. Amragohat	...	...	...	339
142. Ranihati	...	...	...	202
143. Mahishdol	...	...	...	199
144. Gomai	...	...	...	204
145. Atberia	...	...	...	336
146. Sundarnagar	...	...	...	335
147. Raghunathbari	...	...	...	333
148. Purba Suktia	...	...	...	325
149. Kumar Ara	...	...	...	326
150. Madan Mohanpur		...	...	337
151. Purba Pitpur	...	...	...	69

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-charge of the Labour Department will please make a statement on the subject of cease-work by 900 workers of oil mills in Bankura from the 11th April, 1973—attention called by Dr. Ramendra Nath Dutt, Shri Sarat Chandra Das and Shri Sukumar Bandyopadhyay on the 23rd April, 1973.

Shri Pradip Bhattacharyya: With your permission, Sir, in reply to the Calling Attention Notice of Dr. Ramendra Nath Dutt, Shri Sarat Chandra Das and Shri Sukumar Bandyopadhyay, on the subject of strike by the oil mill workers of Bankura, I would inform the House that from available information it appears that workmen of 10 oil mills situated at Bankura have resorted

to strike with effect from 11th April, 1973 as the grievances of the workers have not been redressed as yet. Bengal Telkal Shramik Union, affiliated to AITUC, represents the workmen. The main demands of the workers are—

(1) Ad hoc rise of Rs. 45 per month;

(2) Compensation for accident;

(3) Sick leave;

(4) Casual leave; and

(5) Government holidays.

[2-20—2-30 p.m.]

Against Demand No. 1, viz., ad hoc increase of Rs. 45.00 per month, it is reported that the management is prepared to pay an ad hoc increase of Rs. 15 per month.

As the dispute could not be settled at the bipartite level, the matter was taken up for conciliation by the Joint Labour Commissioner, Durgapur, but no settlement could be reached through his intervention. Another meeting has been convened by the Additional Labour Commissioner today (25-4-1973) for settlement of the dispute. Results of this meeting is being awaited.

Number of the workmen involved in the strike is 500.

Mr. Speaker: I have received 11 notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Delay in publication of the results of the different final examinations of Calcutta and Burdwan Universities—from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Sarat Chandra Das, Shri Sukumar Bandyopadhyay, Shri Asamanja De and Shri Narayan Bhattacharya.

(2) Devastating storm at Alipurduar on 21st April, 1973—from Shri Abdul Bari Biswas, Shri Narayan Bhattacharya, Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Chandra Das and Shri Asamanja De.

(3) Emergency Relief to the drought affected districts of Purulia and Bankura—from Shri Kashinath Misra, Shri Asamanja De, Shri Sarat Chandra Das, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Narayan Bhattacharya.

(4) Immediate employment of the unemployed youths in the different mercantile firms—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas, Shri Asamanja De, Shri Sarat Chandra Das and Shri Narayan Bhattacharya.

(5) Reported wheat stock running dry in several districts of West Bengal —from Shri Abdul Bari Biswas, Shri Sarat Chandra Das, Shri Md. Dedar Baksh, Shri Kashinath Misra, Shri Asamanja De and Shri Sukumar Bandyopadhyay.

(6) Reported death of Shri Asoke Kapoor, customs officer on 24th April, 1973—from Shri Abdul Bari Biswas, Shri Sarat Chandra Das, Shri Sukumar Bandyopadhyay, Shri Md. Dedar Baksh, Shri Kashinath Misra and Shri Asamanja De.

(7) Closure of Santamayee Girls' School due to sanction of a cinema house beside the School premises—from Shri Sarat Chandra Das, Shri Abdul Bari Biswas, Dr. Ekramul Haque Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra, Shri Narayan Bhattacharya and Shri Asamanja De.

(8) Injunction of High Court against the Regional Provident Fund Commissioner—from Shri Bhawani Paul.

(9) Law and order situation vis-a-vis release of MISA detinues—from Shri Md. Dedar Baksh.

(10) Stoppage of over-time work—from Dr. Ekramul Haque Biswas and Shri Md. Dedar Baksh.

(11) Continuance of cease-work by private college teachers—from Dr. Ekramul Haque Biswas.

I have selected the notice of Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Sarat Chandra Das, Shri Sukumar Bandyopadhyay, Shri Asamanja De and Shri Narayan Bhattacharya on the subject of 'Delay in publication of the results of the different final examinations of Calcutta and Burdwan Universities'.

Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal: A statement will be made on the 30th April, 1973.

Mention Cases

শ্রীবিশ্বনাথ মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা ব্যাপার আমি আজ উল্লেখ করতে চাই যাতে বিভিন্ন বিভাগ জড়িত সেটা হচ্ছে এই যে অস্থায়ী কর্মচারীর পদ বিভিন্ন বিভাগে দেখা যাচ্ছে কোন কোন জায়গায় সেই পদ স্থায়ী করে যারা অস্থায়ী কর্মচারী আছে তাদের বাদ দিয়ে অন্য লোককে নেওয়ার চেষ্টা হচ্ছে।এই বিষয়ে ক্যানেল রেভিনিউ ডিভিসানের অস্থায়ী কর্মচারীরা একটা দরখাস্ত করেছিলেন, আমি সেটা ভূমিরাজস্বমন্ত্রী গুরুপদ খাঁ মহাশয়ের কাছে দিয়েছিলাম। তারপর বালুরঘাটে যে গাঁজা ফার্ম আছে, সেখানকার অস্থায়ী কর্মীরা, কনস্টেবলরা একটা দরখাস্ত করেছিলেন যে, তাঁদের ছাঁটাই করে দিয়ে তাঁদের জায়গায় অন্য লোক নেওয়া হচ্ছে। সেটা আমি চীফ মিনিস্টারকে দিয়েছিলাম। তারপর আর একটা যা দেখলাম সেটা হচ্ছে ওয়াটার রিসোর্সেস ইনভেস্টিগেশন ডিভিসন। তাদের যে লিস্ট দিয়েছে তাতে দেখছি ৪০ জন অস্থায়ী কর্মচারীকে ছাঁটাই করে সেখানে অন্য লোক নেওয়া হবে। এটা আমি আবদুস সাত্তার সাহেবকে পাঠিয়ে দিয়েছি। বালুরঘাটের ব্যাপারটা আমি আজকে আবগারী মন্ত্রীকে পাঠিয়ে দিয়েছি। আমি এই কথাটা এইজন্য বলছি যে, বালুরঘাটে এটা নিয়ে গণ্ডগোল হয়েছে। সেখানকার গাঁজা ফার্মের অস্থায়ী কনস্টেবলদের ডিসচার্জ করবার ব্যাপার নিয়ে সেখানকার যুবকদের মধ্যে উত্তেজনা হয় এবং ৩রা এপ্রিল হরতাল হয়। মুখ্যমন্ত্রীর কাছে তারা ডেপুটেসন দেন, সেইজন্য সেটা আমি তাঁর কাছে দেই। তারা এরকম গুজব শুনেছে যে, সুপারিনটেন্ডেন্টকে ডাইরেক্টলি ইনফ্লুয়েন্স করে অন্য লোক নেওয়া হচ্ছে তাদের বাদ দিয়ে। অলরেডি ৩ জনকে অ্যাপয়েন্ট করবার জন্য নির্দেশ চলে গেছে এবং কোন মন্ত্রী নাকি ট্রাংক কলে সুপারিনটেন্ডেন্টকে বলেছেন যে, ওঁদের বাদ দিয়ে এঁদের নিয়ে নাও। এইজন্য তারা ঠিক করেছে যে, তারা আমরণ অনশন করবে। তারা বলছে, আমরা ৪ বছর ধরে কাজ করছি, কাজেই যদি নেওয়া হয় তা হলে আমাদের না নিয়ে রাইটার্স বিল্ডিংস থেকে কেন আসবে? যেখানে পদ স্থায়ী হচ্ছে, সেখানেই এরকম হচ্ছে। তারা আরও বলেছে যে, মুর্শিদাবাদে গাঁজা ফার্মের অস্থায়ী কর্মচারীদের যখন তাদের বিভাগ থেকেই নেওয়া হয়েছে, তখন বালুরঘাটে কেন নেওয়া

হচ্ছে না বা ক্যানেল ডিভিসনে কেন এরকম হচ্ছে বা ওয়াটার রিসোর্সেস ইনভেস্টিগেশন ডিভি-সনে কেন এরকম হচ্ছে? ৩ জন মন্ত্রী এই ব্যাপারে জড়িত হলেও আরও মন্ত্রী এতে জড়িত হতে পারেন। বেকারদের চাকুরি দিতে হবে ঠিক কথা, কিন্তু অস্থায়ী পদ স্থায়ী হলে সেখানে এত দিন ধরে যারা কাজ করছে তাদের তাড়িয়ে দিয়ে, বেকার করে দিয়ে সেখানে অন্য লোককে নেওয়া হবে—এটা কেমন কথা? হয়ত তাঁরা বলবেন, আমরা পরীক্ষা করে নিয়েছি, ইন্টারভিউ নিয়েছি এবং তারপর সিলেকসন করেছি। গ্রেড ফোর-এ কি পরীক্ষা নেবেন, কিসের ভিত্তিতে সিলেকসন করবেন আমি জানি না। কিন্তু কোন পরীক্ষা নয়, সিলেকসন নয়, যারা কাজ করছে, ক্যানেল ডিভিসনে ৪ বছর কাজ করছে, ওয়াটার রিসোর্সেস ডিভিসনে ৪ বছর কাজ করছে, গাঁথা ফার্মে ৪ বছর কাজ করছে, যারা কর্মরত তাদের বেকার করে দিয়ে সেখানে অন্য লোককে চাকুরি দেওয়া হবে, এই করে কি কম সংস্থান হচ্ছে? আমি তো মনে করি এতে কিছু লোকের চাকুরি খেয়ে অন্য লোককে সেখানে নেওয়া হচ্ছে। কোন রকম পরীক্ষা হচ্ছে না, ইন্টারভিউ হচ্ছে না, রাইটার্স বিল্ডিংস থেকে গোপনে যাচ্ছে। এটা নিয়ে যুবকদের মধ্যে বিক্ষোভ আছে। যারা পুরাণো, অনেক দিন ধরে সেখানে চাকুরি করছে, তাদের তাড়িয়ে দিয়ে সেখানে গোপনে অন্য লোক নিয়ে আসা অত্যন্ত অন্যায় এবং এইজন্যই সেখানে বিক্ষোভ হচ্ছে। আমি আশা করি, মন্ত্রিমহাশয়রা এইসব জিনিস সংশোধন করবেন। বালুরঘাটে কিন্তু তারা আমরণ অনশন করতে বাধ্য হবে যদি রাইটার্স বিল্ডিংস থেকে মন্ত্রিমহাশয়ের নির্দেশে অন্য লোক সেখানে নেওয়া হয়।

শ্রীলাল বাহাদুর সিংঃ মাননীয় স্পীকার মহাশয়, ইঞ্জিনীয়ারিং শিল্পের শ্রমিকরা আজকে বিধানসভার সামনে মিছিল করে এসেছে। গত ডিসেম্বর মাসে আই এন টি ইউ সি, এ আই টি ইউ সি, এইচ এম এস এবং এন এফ আই টি ইউ, এই ৪টি শ্রমিক ফেডারেশনের তরফ থেকে ইঞ্জিনীয়ারিং কোম্পানী যারা এমপ্লয়ার তাদের কাছে ডিমান্ড প্লেস করা হয়েছিল। ২০ দফা দাবি নিয়ে ৪ মাস আলোচনা চলেছে ম্যানেজমেন্টের সঙ্গে, কিন্তু কোন রেজাল্ট পাওয়া যায় নি। মালিকরা পরিষ্কার ভাষায় জানিয়েছে তারা কিছু করতে পারবে না। ইঞ্জিনীয়ারিং অ্যাওয়ার্ড ১৯৬৯ সালে হয়েছিল এবং ১৯৭২ সালের জুলাই মাস পর্যন্ত আমাদের লিমিটেসন ছিল। তারপর পশ্চিমবাংলার ইঞ্জিনীয়ারিং কারখানার যেভাবে প্রোডাকসন বেড়েছে, বাইরে থেকে যেভাবে অর্ডার পেয়েছে এবং ইঞ্জিনীয়ারিং শিল্পের শ্রমিকরা যেভাবে কাজ করছে তাতে মালিক পক্ষ শ্রমিকদের সঙ্গে দুর্ব্যবহার করছে। তারা বেঙ্গল চেম্বার অব কমার্সের কাছে গিয়েছিল, কিন্তু কোন জবাব পায় নি। তাই তারা পশ্চিমবঙ্গ সরকারের উপর আস্থা রেখে এখানে এসেছে। পশ্চিমবঙ্গ সরকার পশ্চিমবাংলার জুট, কোল ইন্ডাস্ট্রি এবং কটন ইন্ডাস্ট্রির শ্রমিকদের মাইনে বৃদ্ধির ব্যাপারে একটা ফয়সালা করেছেন। আজকে সারা পশ্চিমবাংলার ইঞ্জিনীয়ারিং শিল্পের শ্রমিকরা এখানে এসেছে তাদের বক্তব্য বলবার জন্য। আমি মুখ্যমন্ত্রী, শ্রমমন্ত্রী এবং বিধানসভার সদস্যদের কাছে অ্যাপিল করব শ্রমিকরা যদি কোন জবাব না পান, তা হলে আগামী ১৬ তারিখ থেকে তাঁরা কিন্তু ধর্মঘট করবেন।

[2-30—2-40 p.m.]

তাঁরা নিশ্চিন্ত হয়ে এসেছেন, তাঁরা যদি সুন্দর ব্যবহার না পান, তাঁরা যদি সন্তোষজনক জবাব না পান, তা হলে আগামী ১৬ই তারিখ থেকে লাগাতার ধর্মঘট করবেন। লাগাতার ধর্মঘট যদি তারা পশ্চিমবাংলার বুকে হয়,—আমরা এর আগে দেখেছি ধর্মঘট না করে ভাল কাজ করতে পেরেছি, সারা ইন্ডাস্ট্রিগুলি ডেভেলপ করতে পেরেছি। আবার যদি পুনরায় আমাদের ধর্মঘটের দিকে এগিয়ে দেন, হয়ত পশ্চিমবাংলার প্রভূত আর্থিক ক্ষতি হবে এবং তার দরুণ পশ্চিমবাংলার সমূহ ক্ষতি হবে, সর্বনাশ হবে। তার জন্য আমি আপীল করছি এবং মন্ত্রিসভার কাছ থেকে তাঁদের বক্তব্য শুনতে চাচ্ছি।

শ্রীবিশ্বনাথ মুখার্জী: স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আজকে শ্রমিকদের ব্যাপারে সমস্ত ইউনিয়ন এক যোগে এই দাবি করছে, আমি এটা আশা করি যে, গভর্নমেন্ট ইচ্ছা করলে নিশ্চয়ই প্রেসার দিয়ে এই ধর্মঘট মিটিয়ে দিতে পারেন এবং

When all the unions are united and all the unions are involved.

যদি মালিকরা রাজী না হয়, তা হলে স্ট্রাইক হবে। সেজন্য আমি বলছি এতে প্রভূত ক্ষতি হবে। সেজন্য মন্ত্রিমহাশয়কে হস্তক্ষেপ করার জন্য অনুরোধ করছি।

শ্রীগৌতম চক্রবর্তী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। শুধু একটা ডিপার্টমেন্ট থেকে পশ্চিমবঙ্গ সরকারের প্রায় ১৪৭ কোটি টাকা পশ্চিমবাংলার বাইরে চলে যাচ্ছে। ব্যাপারটা হচ্ছে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার মাইনিং ডিপার্টমেন্ট যেটা আছে ১৯৭২ সালে তদানীন্তন যিনি অ্যাডভাইসার ছিলেন তিনি রিপোর্ট দিয়েছিলেন যে, সমস্ত স্টোন চিপ পশ্চিমবাংলার বাইরে থেকে পশ্চিমবাংলার বিভিন্ন কাজের জন্য আমরা নিয়ে আসি সেই সমস্ত স্টোন চিপ আমরা ওয়েস্ট বেঙ্গলে তৈরি করতে পারি এবং এই পরিপ্রেক্ষিতে তারা একটি রিপোর্ট দিয়েছিলেন যে, মেদিনীপুরের পলাশবনী এবং দুর্গাপুরে এবং নর্থ বেঙ্গলে যে সমস্ত পাহাড়িয়া নদী আছে সেই সমস্ত পাহাড়িয়া নদী থেকে যে সমস্ত স্টোন চিপ আমরা পাই সেই স্টোন চিপ দ্বারা আমরা এখানে কাজগুলি করতে পারি, কিন্তু অত্যন্ত দুঃখের কথা সি এম ডি এ ৩৫০ কোটি টাকা যা ফিফথ ফাইভ-ইয়ার প্ল্যানে বরাদ্দ করা হয়েছে তার মধ্যে ১৪৭ কোটি টাকার যে স্টোন চিপ কেনা হবে সেটা ওয়েস্ট বেঙ্গলের বাইরে থেকে কিনতে হবে। সেজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি, তিনি যাতে এই ব্যাপারে দৃষ্টি দেন এবং আগামী দিনে মেদিনীপুরের বনপলাশী এবং দুর্গাপুর অঞ্চলে এবং নর্থ বেঙ্গলে খরস্রোতা পাহাড়ি নদী থেকে যে স্টোন চিপ পাওয়া যায় তার জন্য যেন ব্যবস্থা গ্রহণ করেন। এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী গীতা মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি যে, কেশরীলাল মহাবীরপ্রসাদ চৌধুরী বলে যে পাওয়ার লুম আছে সেখানে ৭২ জন শ্রমিক কাজ করেন, সেই কারখানার ইউনিয়নের চেয়ারম্যানকে জানিয়েছে যে, তারা লে অফ করে দিচ্ছেন। ১৪ই তারিখে সেই লে অফ উইথড্রয়ালের জন্য ইউনিয়ন দাবি করেন। তখন তারা জানিয়েছে যে, বর্তমানে সুতার যা পরিস্থিতি, তারা সুতার কোন সাপ্লাই পাচ্ছেন না, সুতরাং তারা লে অফ তুলতে পাচ্ছেন না। এই ঘটনা শুধু এখানেই নয়, বহু জায়গায় এই রকম লে অফ হচ্ছে। মালিকরা বাধ্য হচ্ছেন লে অফ করতে এবং আমাদের গ্রামাঞ্চলের যা অবস্থা তাঁতীদের সুতার অভাব-অভিযোগের কথা এই বিধানসভায় প্রতিদিন ধ্বনিত হচ্ছে। এই বিষয়ে দ্রুত প্রতিকার তো দূরের কথা, ক্রমশঃ দিনের পর দিন অবস্থা খারাপ হচ্ছে। সেজন্য আমি অনুরোধ করছি, এইটা যুদ্ধকালীন বা আপৎকালীন অবস্থার ভিত্তিতে চেষ্টা করা হোক, তা না করতে পারলে, পশ্চিমবাংলার অর্থনীতি ব্যাপকভাবে বিপর্যস্ত হবে।

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুতার যে পরিস্থিতি, তা নিয়ে এখানে আগেও আলোচনা হয়েছে। পাওয়ার লুমের মিলগুলি যে বরাদ্দ টেক্সটাইল কমিশনারের কাছ থেকে পাচ্ছে, প্রোরেটা বিভিন্ন অ্যাসোসিয়েশনকে দিয়েছি যে, তোমরা লিফ্‌ট করা এবং ওরা যদি লিফ্‌ট করে, তা হলে অসুবিধা হবে না। আর একটা কথা—হ্যান্ড লুমের ঘটনা শোচনীয় অবস্থা, পাওয়ার লুমের তা নয়। কাজেই তাদের যে এক্সকিউজ কতখানি জেনুইন তা দেখতে হবে। কারণ প্রকৃতপক্ষে পাওয়ার লুমের পরিস্থিতি ভাল এবং তাদের সুতার যোগান যতটা দরকার তার অনেকটা মেটাতে পেরেছি, কিন্তু ততটা পারি নি হ্যান্ড লুমের বেলায়। হ্যান্ড লুম যতখানি অ্যালটমেন্ট পাচ্ছে, তার তুলনায় যে সুতা পাওয়ার লুম পাচ্ছে তা দিয়ে অনেক বেশী দিন চালাতে পারবে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বছর কেটে গেল, কিন্তু আমরা বিধানসভায় যে প্রস্তাব পেশ করেছিলাম ওভারটাইম বন্ধ করে কলকারখানার অতিরিক্ত শিফ্‌ট চালু করে বেকার সমস্যা সমাধানের জন্য, সেই ব্যাপারে এখন পর্যন্ত মন্ত্রিসভা কোন কর্মপন্থা গ্রহণ করলেন না। আজকে পশ্চিমবাংলায় পরিসংখ্যান অনুযায়ী বেকার সংখ্যা হচ্ছে ৯ লক্ষ, আসলে এই বেকার সংখ্যা প্রায় ৪০ লক্ষ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এত বেকার সংখ্যা থাকা সত্ত্বেও কিন্তু পশ্চিমবাংলায় ওভারটাইম অব্যাহত গতিতে চলেছে। আমি একটা পরিসংখ্যান পেশ করতে চাইছি। ইছাপুরে দুটি অর্ডিন্যান্স ফ্যাক্টরীতে ২০ হাজার, কাশীপুর ও দমদমে ১০ হাজার অর্থাৎ মোট ৩০ হাজার লোক কাজ করে। এই কারখানাগুলিতে বিগত ১৫ বছর ধরে প্রত্যহ ২ ঘণ্টা, শনিবারে ৫ ঘণ্টা এবং মাঝে মাঝে রবিবারে ১০ ঘণ্টা করে ওভারটাইম কাজ হয়। এই সমস্ত কারখানায় দু শিফ্‌টে কাজ হয়। যদি কারখানার ওভারটাইম বন্ধ করা যায় এবং তিন শিফ্‌টে কাজ চালু করা হয়, তা হলে এখনই ১৫ হাজার লোকের কর্মসংস্থান হতে পারে। এশিয়ার বৃহত্তম কাচ কারখানা হিন্দুস্তান পিলকিংটন, সেখানে শ্রমিকদের বাৎসরিক বেতন ৩০ লক্ষ টাকা এবং ওভারটাইম ১৫ লক্ষ টাকা। পশ্চিমবঙ্গের ডাক ও তার বিভাগে যে পরিমাণ ওভারটাইম হয় তা বন্ধ হয়ে এক্ষুণি ৫ হাজার লোকের চাকুরি হতে পারে। রাণীগঞ্জে বেঙ্গল পেপার মিলে শ্রমিকরা বছরে যে পে-প্যাকেট পান, ওভারটাইম করে পান তার ৪০ শতাংশ, কয়লাখনি অঞ্চলে ওভারটাইম যদি বন্ধ করা যায় এবং প্রপার ম্যানিং হয়, তা হলে এখনই ২৫ হাজার বেকার যুবকের চাকুরি পাওয়া সম্ভব হতে পারে। অত্যন্ত দুঃখের কথা, লজ্জার কথা, আপনার মাধ্যমে জানাচ্ছি যে, পশ্চিমবাংলায় প্রতি বছর প্রায় ১ লক্ষ ৩০ হাজার থেকে ১ লক্ষ ৫০ হাজার লোকের চাকুরি হয়ে থাকে। একচেটিয়া কলকারখানা এবং তার সঙ্গে যে সমস্ত বিভিন্ন প্রতিষ্ঠান আছে, তাতে ১ লক্ষ ৩০ হাজার থেকে প্রায় ১ লক্ষ ৫০ হাজার চাকুরি খালি হচ্ছে। এই যে চাকুরি এর শতকরা ৯৫ জনই বহিরাগত, মাত্র পাঁচ জন পশ্চিমবাংলার মানুষ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহারাষ্ট্র, বিহার, তামিলনাড়ু, পাঞ্জাব, হরিয়ানা, গুজরাট এই সমস্ত প্রদেশ সিদ্ধান্ত নিয়েছেন যে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে বাধ্যতামূলক ভাবে লোক নিতে হবে। বহিরাগতকে নেওয়া চলবে না এবং স্থানীয় যুবক অর্থাৎ সনস্ অব দি সয়েলকে সেখানে নেবার ব্যবস্থা করতে হবে, কিন্তু পশ্চিমবাংলায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে এইরকম কোন নির্দেশ দেওয়া হয় নি। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্যার দিকে পেছন ফিরে আমরা বসে রয়েছি, পশ্চিমবাংলায় চাকুরি পশ্চিমবাংলার ছেলেরা পাচ্ছে না, পশ্চিমবঙ্গ সরকার কানে তুলো গুঁজে, মুখে তালা এঁটে ঠুঁটো জগন্নাথ হয়ে বসে আছেন। এই সরকার এক বছরের মধ্যে ঠিক করতে পারলেন না, ওভারটাইম বন্ধ করলে পশ্চিমবঙ্গে কত বেকার যুবকদের চাকুরি সম্ভবপর। আমরা চোখের সামনে দেখছি কয়লাখনি এলাকায়, ইস্পাত কারখানায় এবং খনি খনি এলাকায় হাজার হাজার লোক চাকুরি পাচ্ছে এবং যারা এই চাকুরি পাচ্ছে তদের বেশীর ভাগই বহিরাগত ব্যক্তি। আজকে দুঃখের সঙ্গে বিধানসভার সামনে তুলে ধরছি যে, আজকে নকশাল ছেলেরা আন্দোলনের দিকে এগিয়ে চলেছে, তার আসল কারণ বেকারী এবং হতাশা, কিন্তু সেই বেকার সমস্যা সমাধান করার জন্য কোন সক্রিয় পন্থা গ্রহণ করলেন না। এক বৎসর পূর্বে এই বিধানসভায় প্রস্তাব এনে বলা হয়েছিল ওভারটাইম বন্ধের ব্যবস্থা করার জন্য, শ্রমমন্ত্রী বলেছিলেন এই প্রস্তাব পরীক্ষা করে এ সম্বন্ধে বিধানসভার সামনে বক্তব্য রাখা হবে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রিভিউ কমিটি ১৯৭০ সালে তৈরি করা হয়েছিল, সেই রিপোর্ট সাবমিট করা হয়েছিল ১৯৭১ সালে, এই কমিটির চেয়ারম্যান ছিলেন শ্রীকালী মুখার্জী, বর্তমানে যিনি এম পি এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কমিটি রিভিউ রিপোর্ট এখন পর্যন্ত পশ্চিমবঙ্গের বিধানসভায় পেশ করা হয় নি।

Mr. Speaker: Shri Bandyopadhyay, please take your seat. I now call upon Dr. Omar Ali to speak.

[2-40—2-50 p.m.]

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ আমরা জানি ঐ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কাজকর্ম সম্পর্কিত রিভিউ কমিটি–যেমন হরিয়ানায় হয়েছে, পাঞ্জাবে হয়েছে, বিহারে হয়েছে। এর মাধ্যমে চাকুরি বাধ্যতামূলক করতে হবে যাতে সন্স অব দি সয়েল চাকুরি পাবে। তাই আপনাদের কাছে আবেদন করছি. আমাদের এখানেও এই রকম ব্যবস্থা করুন। নতুবা বিধানসভার সদস্যরাও পারবেন না, মন্ত্রীরাও পারবেন না, যদি বাস্তবমুখী কর্মপন্থা গ্রহণ করা এখনই না হয়। তাই পশ্চিমবঙ্গ সরকারের কাছে দাবি করছি—অবিলম্বে আপনারা বাস্তবমুখী কর্মপন্থা গ্রহণ করুন। নতুবা শেষ দিন অতি ভয়ঙ্কর, বেকার যুবশক্তিকে বেশী দিন আর আয়ত্বে রাখতে পারবেন না। আমি এই সতর্কবাণী উচ্চারণ করে আমার বক্তব্য শেষ করছি ও সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Speaker: Shri Bandyopadhyay, when I am on my legs and requesting you to take your seat, you are not paying any heed to my request. It is not the parliamentarians' way. I request you henceforth to take your seat when I will direct you to do so, otherwise, I will say, a very bad practice will develop. I know, you could place your matter very beautifully within a short time. Even then, you defied the Chair. I think, it is a very bad precedent. I will request you henceforth not to defy the Chair.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ স্যার, আমি অত্যন্ত দুঃখিত। আপনার প্রতি অসম্মান প্রদর্শন করে আমি কোন বক্তব্য রাখি নি। তীব্র বেকার সমস্যার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করবার জন্য একটু সময় বেশী নিয়েছি। এতে যদি আপনাকে বিন্দুমাত্র আহত করে থাকি, সেজন্য আমি দুঃখিত।

Dr. Sk. Omar Ali:

মাননীয় স্পীকার স্যার, সমগ্র মেদিনীপুর জেলা এ বছরও খরার জ্বালায় জ্বলছে। বৃষ্টি নেই. খাল বিল নদী নালা সব শুষ্ক প্রায়। জলের স্তর বহু স্থানে অনেক নীচে নেমে গেছে। অনেক অগভীর নলকূপ অকেজো ও অচল হয়ে গেছে এবং অনেকগুলি থেকে এখন আর আগের মত জল পাওয়া যাচ্ছে না। সেচের কাজে ব্যবহৃত কেরোসিন চালিত শত শত পাম্প তেলের অভাবে অচল। লক্ষাধিক একর জমির ধান ও অন্যান্য ফসল শুকিয়ে মরছে। পাট চাষের ১৮ হাজার একর জমিতে বৃষ্টির অভাবে চাষের কাজ শুরু করা যায় নি।

পানীয় জলের সংকট খুবই তীব্র। এই সংকটের কথা বিভাগীয় মন্ত্রিমহোদয়ও স্বীকার করেছেন। জেলার মোট কূপ ও নলকূপের মধ্যে শতকরা ৩০ ভাগেরও বেশী অকেজো। একটিও কূপ বা নলকূপ নেই—এমন গ্রামের সংখ্যা কম নয়। উদাহরণস্বরূপ, আমার নির্বাচন কেন্দ্র পাঁশকুড়া (পশ্চিম) এলাকায় মোট ৩১৩টি সরকারী ও আধা-সরকারী নলকূপের মধ্যে ১৮৬টি অকেজো। ব্লকে ৩১টি করে নলকূপ খনন বা সংস্কারের সরকারী সিদ্ধান্ত—সমস্যার প্রান্তভাগও স্পর্শ করতে পারবে না।

জেলার কয়েক লক্ষ ক্ষেতমজুর, সুতার অভাবে জীবিকাচ্যুত তাঁতশিল্পী ও অন্যান্য লোকেরা সম্পূর্ণ বেকার। এরা কাজ ও জীবিকার সন্ধানে দলে দলে অন্যত্র চলে যেতে বাধ্য হচ্ছে। স্টেট রিলিফ নিয়ে কর্মহীন দুর্গত লোকেদের সঙ্গে রাজ্যসরকার লুকোচুরি খেলছেন। সরকার আমাদের বলেছেন, স্টেট রিলিফ চালু করবার জন্য জেলাশাসককে নির্দেশ দেওয়া হয়েছে। কিন্তু জেলাশাসক বলছেন, এ রকম কোন নির্দেশ তিনি পান নি।

গত ১৫ই এপ্রিল মেদিনীপুর জেলা প্ল্যানিং কমিটির সভায় জেলার খরা পরিস্থিতি সম্পর্কে প্রস্তাব গ্রহণ করা হয়েছে। রাজ্য মন্ত্রিসভার অন্যতম সদস্য মাননীয় শ্রীজ্ঞানসিং সোহনপাল গত ১৭ই এপ্রিল কলকাতায় সাংবাদিকদের কাছে স্বীকার করেছেন যে, মেদিনীপুর জেলায় এবারকার খরা পরিস্থিতি গত বছরের চাইতেও ভয়াবহ।

এতদ্‌ সত্ত্বেও রাজ্যসরকার খরা সমস্যার মোকাবিলার জন্য কোন কার্যকর সিদ্ধান্ত গ্রহণ করেন নি। এই উদাসীনতা জেলার লক্ষ লক্ষ মানুষকে চরম বিপর্যয়ের দিকে ঠেলে দিচ্ছে।

এই পরিস্থিতিতে আমি সমস্ত অকেজো কূপ ও নলকূপ সংস্কার এবং যেখানেই প্রয়োজন সেখানে নতুন কূপ ও নলকূপ খননের ব্যবস্থা করা, এই মুহূর্তে অন্ততঃ শতকরা ১০ ভাগ লোককে খয়রাতি সাহায্য দেওয়া এবং ব্যাপকভাবে টেস্ট রিলিফের কাজ চালু করার জন্য আপনার মাধ্যমে রাজ্যসরকারের কাছে জরুরী দাবি উত্থাপন করছি।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি সবচাইতে গুরুত্বপূর্ণ বিষয়ের কথা এখানে তুলছি। আপনি জানেন ইন্ডিয়ান রেডক্রস সোসাইটির রিলিফ অপারেশনের একটি কলকাতা ইউনিট করেছে। সেখানে আজ দুর্নীতিগ্রস্ত ব্যক্তিদের অফিসার-দের একটি আড্ডাখানায় পরিণত হয়েছে। সেখানে কিছুদিন আগে কয়েকজন নীচস্তরের কর্ম-চারীকে ছাঁটাই করা হল। এই ছাঁটাই করবার কোন যুক্তিসঙ্গত কারণ ছিল না। এই পরি-প্রেক্ষিতে দেখতে পাই সেখানে নানা দিক দিয়ে লক্ষ লক্ষ টাকার ওষুধ, কম্বল, ছাতা ও চিনি ও নানারকম সাজসরঞ্জাম যা দুঃস্থের সেবার জন্য রাখা আছে, দুর্নীতিগ্রস্ত অফিসাররা তা তছনছ করছে। তার প্রমাণ আমার কাছে আছে। সেখানে দেখতে পাওয়া যায় ইন্ডিয়ান রেডক্রস সোসাইটির দুটো গোডাউন যেটাতে রাশিয়ার হ্যাংগার আছে, যেটা বিরাটিতে সেখানে কয়েক ড্রাম প্যাক করা গুঁড়ো দুধ এখনও আছে। সেগুলো এসেছিল বাংলাদেশের শরণার্থীদের জন্য। সেগুলো সেখানে নষ্ট হচ্ছে। বাংলাদেশের শরণার্থীদের জন্য ২৫৬টি গাড়ি, ট্রাক, জীপ এবং অন্যান্য অ্যাম্বুলেন্স গাড়ি দেওয়া হয়েছিল এবং তার জন্য স্টাফ যে সমস্ত নিযুক্ত হয়েছিল তাদের ছাঁটাই করা হয়েছে এবং এইসব গাড়ির মধ্যে অনেকগুলো গাড়ি সেখান থেকে নিখোঁজ হয়েছে এবং বেশকিছু গাড়ি গঙ্গানগর অফিসের সামনে নষ্ট হচ্ছে, ধ্বংস হচ্ছে। আজ পর্যন্ত সেগুলো সারানো হয় নি। এ ছাড়া আমরা দেখতে পাই, কিছুসংখ্যক গাড়ি কলকাতার একটা কারখানায় আছে যেটা তালতলায় অবস্থিত সেই বার্ন কোম্পানীতে, সেখানেও নষ্ট হচ্ছে। তা ছাড়া দেখা যায় এই গাড়িগুলোর অনেকগুলো বাহিরের লোকেরা ব্যবহার করে। যেমন ডবলিউ বি ওয়াই ১৮২২—নদীয়ার এ ডি এম তিনি নিজে এই গাড়ি চড়ছেন এবং ডবলিউ বি কে ৯৩৬৬-ও এই রকম অপব্যবহার হচ্ছে। এই রকম জিনিস সাধারণ দরিদ্র মানুষের সেবায় না লেগে নষ্ট হচ্ছে, এইজন্য আপনার মাধ্যমে বর্তমান মন্ত্রিসভাকে জানাচ্ছি এইটার বিষয় তদন্ত করুন এবং একটা রিপোর্ট বিধানসভায় দেওয়া হোক।

শ্রীসুব্রত মুখোপাধ্যায় (কাটোয়া)ঃ মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের অত্যন্ত একটা গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি পশ্চিমবঙ্গ মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। গত বছর কেন্দ্রীয় সরকার এই পশ্চিমবঙ্গের পাট চাষীদের উৎসাহ দেওয়ার জন্য দু কোটি টাকার অনুদান পাঠিয়েছিলেন। অত্যন্ত বেদনার কথা ক্ষোভের সঙ্গে জানাচ্ছি, সেই দু কোটি টাকার মধ্যে গত ৩১শে মার্চের পর ৯০ লক্ষ টাকা পশ্চিমবঙ্গ থেকে ফেরত গিয়েছে। আমি আপনার মারফত মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করে জানতে চাই, যেখানে পশ্চিমবঙ্গের পাট চাষীরা বিভিন্ন সমস্যায় জর্জরিত, সারের অভাবে ভুগছে, তারা আধুনিক যন্ত্রপাতি কিনতে পারছে না, সেখানে কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন, অথচ কোন আমলা ষড়যন্ত্রের ফলে সেই টাকা চলে যাচ্ছে? আমি বলছি এই যে টাকা ফেরত গেলো পশ্চিমবঙ্গ থেকে, তার কোন তদন্ত হবে কিনা এবং সেই তদন্তে যে সমস্ত আমলার গাফিলতি এবং অপদার্থতার জন্য এই ৯০ লক্ষ টাকা ফেরত গেলো সেই তদন্ত রিপোর্ট বিধানসভায় প্রকাশ করা হবে কিনা। আমি জানি এই ঘটনা সংবাদপত্রে প্রকাশ করা হয়েছে। কিন্তু লক্ষ্য করছি ক্ষোভের সঙ্গে, বেদনার সঙ্গে সেই ঘটনার প্রতি কোন গুরুত্ব দেওয়া হয় নি। আপনার মাধ্যমে আমাদের ক্ষোভের কথা প্রকাশ করছি এবং আশা করছি এর পুরোপুরি তদন্ত হবে।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়িতে নবাবের একটা চা-বাগান আছে তার নাম রহিমাবদ। এখানে নবাব নেই, তারা কলকাতায় আছে, বিরাট বড় বড় বাড়ি, ইমপোর্টেড গাড়ি ব্যবহার করেন। সেই চা-বাগানের শ্রমিকদের দুরবস্থার কথা বলছি এবং সেই বাগানে মালিকরা তারা আইন ভঙ্গ করে নির্বিবাদে ঘুরে বেড়াচ্ছে। তাদের উপর কোন ব্যবস্থা সরকারের থেকে নেওয়া হচ্ছে না।

[2-50—3-00 p.m.]

স্যার, আপনি শুনে আশ্চর্য হবেন যে, ঐ সমস্ত চা-বাগানে শ্রমিকদের জন্য এমন কি কোন পানীয় জলের ব্যবস্থা নাই। পচা ডোবার জল খেয়ে শ্রমিকরা পেটের অসুখে ভুগছে। সেখানে কোন হাসপাতাল, বা ডাক্তার নেই। শ্রমিকরা সেখানে বিনা চিকিৎসায় মারা যায় এবং কৃষ্ণ রাম নামে একটি হরিজন শ্রমিক সেখানে বিনা চিকিৎসায় মারা গেছেন। মালিকদের প্রতি বছর যে পাকাঘর করার কথা তা তো হয়ই না, বরং সেখানে যেসব কাঁচাঘর আছে সেগুলির ছাউনি বা মেরামত কিছুই হয় না। শ্রমিকরা কাজ করে আসার পর রাত্রে তাদের ছাতা মাথায় দিয়ে রাত কাটাতে হয়। তারপর শ্রমিকদের যে ছাতা ত্রিপল কাপড় ইত্যাদি সরকারী আইন অনুযায়ী পাওনা সেগুলি তারা মোটেই পায় না। মালিকরা শ্রমিকদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করে শ্রমিকদের কষ্টার্জিত মুনাফায় তারা বিলাসিতায় দিন কাটাচ্ছে। আমি আগেই বলেছি এবং এখন আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যে, চা-বাগানে যে সমস্ত মালিকরা আইন ভঙ্গ করছে তাদের বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয় নাই। শ্রম বিভাগ কি শুধু নিষ্ক্রিয় দর্শক হিসাবে থাকবে? তারা কি যে সব টার্মস আছে সেগুলি যাতে এক্‌জিকিউট হয় তার ব্যবস্থা করবেন না? মালিকরা এমন কি প্রভিডেন্ট ফান্ডের টাকা পর্যন্ত জমা দেয় নি। কেন তাদের বিরুদ্ধে মিসা আইন প্রয়োগ করা হবে না? আমি অত্যন্ত দুঃখের সঙ্গে এবং বেদনার সঙ্গে বলছি যে, এই বিধানসভায় আমরা যে আইন তৈরি করি, মন্ত্রিসভা সেটাকে এক্‌জিকিউট করেন। এই মন্ত্রিসভার পিছনে যে আমলাতন্ত্র আছে, যে প্রশাসনযন্ত্র আছে, তারা কি শুধু দর্শক হয়ে থাকবেন, আমরা যে সব আইন পাস করে যাবো সেগুলি কি প্রয়োগ করা হবে না? এই সব আইন যারা ভাঙছে, যেহেতু তারা বড় লোক, যেহেতু তারা নবাব বাহাদুর, সেইজন্য কি তাদের শাস্তি হবে না! আমি এই ব্যাপারে সরকারের কাছে তদন্তের জন্য ও শাস্তি বিধানের জন্য দাবি জানাচ্ছি।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ও অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত কাল থেকে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে সকাল ১০টা থেকে ১০০ জন ছাত্রছাত্রী অনশন ধর্মঘট শুরু করেছে। তাদের দাবিগুলি অত্যন্ত যুক্তিপূর্ণ। তাদের প্রথম দাবি—বর্তমানে দেখা যাচ্ছে পার্ট ওয়ানের ফলাফল ৯ মাস পরে বেরিয়েছে এবং পার্ট টু-র ফলাফল এখনও বেরোয় নি, দেরি হচ্ছে এবং এখানে বিভিন্ন প্রকার দুর্নীতি চলছে। এইসব দুর্নীতির তদন্ত হওয়া একান্ত দরকার। এবং এই পরিপ্রেক্ষিতেই গতকাল থেকে ঐসব ছাত্রছাত্রীরা অনশন শুরু করেছে। সেখানে এমন অব্যবস্থা চলছে যে, ঐ বর্ধমান বিশ্ববিদ্যালয়কে সম্পূর্ণভাবে তদন্ত করা দরকার। এবং এইসব কাজ যে হচ্ছে তা ঐ হচ্ছে তা ঐ ১৯৫৯ অ্যাক্ট অনুসারে হচ্ছে। এই ইউনির্ভাসিটি আইনটিকে পরিবর্তন করা অবিলম্বে দরকার। এই অ্যাক্টের মধ্যে দেখা যাচ্ছে যেসব অ্যাকাডেমিক কাউন্সিল ও এক্সিকিউটিভ কাউন্সিল আছে সেগুলি পরিচালনার জন্য সরকার যেসব ব্যক্তি মনোনয়ন করেন তারা হলেন সেইসব বড় বড় ফার্মের ম্যানেজার, চেয়ারম্যান ইত্যাদি। তারা শিক্ষাবিদদের চেয়ে যোগ্যতর নয়, তাদেরই সরকার সেখানে এনেছেন। তাই আজকে বলতে চাই যে, এই ১৯৫৯ অ্যাক্টকে পরিবর্তন করার দরকার আছে। আজকে শিক্ষা জগতে অনেক কিছু পরিবর্তন হয়েছে, সেই সঙ্গে এই অ্যাক্টেরও পরিবর্তন দরকার এবং শিক্ষাবিদদের বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য এক্‌জিকিউটিভ কাউন্সিলে

মনোনয়ন দেওয়া উচিত। এর সঙ্গে আর একটা বিষয় আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান বিশ্ববিদ্যালয়ে যে গত দু তিন বছর ধরে অব্যবস্থা রয়েছে সেটারও পরিবর্তন দরকার এবং তার জন্য বিভিন্নভাবে তদন্ত করার দাবি আমি গতবারে করেছিলাম এবং মন্ত্রিমহাশয়ের সাথে ব্যক্তিগতভাবে শিক্ষক হিসাবে আমি আলাপ-আলোচনাও করেছি। কিন্তু এখনও সরকার এই ১৯৫৯ অ্যাক্ট পরিবর্তন করার চেষ্টা করছেন না। এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে যে, ঐ যে ১০০ জন ছাত্রছাত্রী অনশন শুরু করে দিয়েছে, সেখানে অন্তত পক্ষে তিনি একটা বিবৃতি দিন যাতে তারা স্বস্তি লাভ করে।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় স্পীকার মহাশয়, একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এই সরকার প্রতিষ্ঠিত হবার পর থেকে গ্রামে গঞ্জে, হাটে বাজারে খুন, রাহাজানি, চুরি ডাকাতি তো বেড়েই গিয়েছে এ ছাড়াও আর এক দিকে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

(ভয়েসেস অব কোয়েশ্চেন, কোয়েশ্চেন।)

আমার কাছে ডায়মন্ডহারবারের শংকরানন্দ হালদার, গ্রাম কামারপুর, একটি পিটিসানের কপি দিয়েছেন। গত ১৭।৪ তারিখে ডায়মন্ডহারবার কোর্টে একটি মামলা রুজু হয়। সেই মামলায় আসামী এবং ফরিয়াদী উভয়পক্ষের শুনানী হয়। শুনানী হবার পর মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একজন ল' ইয়ার, আপনি জানেন সেখানে মহামানী কোর্ট একটি রায় দেন যে, আসামীকে লিলুয়ায় যে রেসকিউ হোম আছে সেখানে রাখা হবে এবং বাঙ্গুর হাসপাতালে তার শারীরিক পরীক্ষা হবে। সেদিন এই রায় হয়ে যাবার পর কোর্ট আওয়ার্সের পরে সন্ধ্যা ৭টার সময় ডায়মন্ডহারবারের এস ডি ও-র কাছে আবার পিটিসান করা হয়। সেই এস ডি ও এই রায় নাকচ করে আসামীকে মুক্ত করেন। সেই এস ডি ও-কে প্রভাবিত করেন স্থানীয় কংগ্রেস নেতৃবৃন্দ, যুব কংগ্রেস ও ছাত্র পরিষদের ছেলেরা। এ বিষয়ে আমার কাছে প্রমাণ আছে। যদি প্রমাণ চান, আমি মন্ত্রিসভার কাছে প্রমাণ দিতে রাজী আছে যে, কি ধরনের জঘন্য ঘটনা দিনের পর দিন ঘটে যাচ্ছে। আমি এ বিষয়ে সরকারের কাছ থেকে বিবৃতি আশা করছি। মাননীয় স্পীকার মহাশয়, এই প্রসঙ্গে বলতে চাই, আপনি জানেন, মাননীয় মুখ্যমন্ত্রী যখন বিরোধী দলের সদস্য দিলেন, তখন তিনি ঠিক অনুরূপ ঘটনা ডায়মন্ডহারবার সম্পর্কে তুলেছিলেন— ১৯৬৯ সালে তায়েব আলি মোল্লা সম্পর্কে। বড় বড় দৈনিক কাগজে আমরা তো দেখছি। আজকে সেই সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় মুখ্যমন্ত্রীর আসনে বসেছেন। তাঁর শাসনব্যবস্থায় কি জঘন্য ধরনের ঘটনা ঘটে যাচ্ছে তা উল্লেখ করলাম এবং এ বিষয়ে সরকারের কাছ থেকে বিবৃতি আশা করছি।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি মারাত্মক ঘটনা আপনার মাধ্যমে হাউসের কাছে তুলে ধরছি। আমার কেন্দ্র পূর্বস্থলীর এক নম্বর ব্লকের অর্জুনপুকুর গ্রামের উপর দিয়ে গত ২৩ তারিখে প্রচণ্ড ঘূর্ণিঝড় প্রবাহিত হয়। স্যার, এই ঘূর্ণিঝড় সম্পর্কে আমরা অনেক কথা শুনেছি, কিন্তু সেদিন গিয়ে যা দেখলাম বা শুনলাম তাতে দেখলাম ঝড় মানুষ এবং গরুকে শূন্যে তুলে জলাশয় বা মাঠে ফেলে দিয়েছে। স্যার, এতে শতাধিক গৃহ ধূলিসাৎ হয়েছে, বহু লোক আহত হয়েছে এবং বহু গবাদি পশু মারা গিয়েছে। এইভাবে শত শত লোক গৃহহীন হওয়ায়, শস্য নষ্ট হওয়ায় প্রায় ৬০।৭০ হাজার টাকার সম্পত্তি নষ্ট হয়েছে। স্যার, আমার এলাকার ঐ গ্রামটি দরিদ্র মুসলমান ও অনুন্নত সম্প্রদায় অধ্যুষিত। তা ছাড়া স্যার, আপনি জানেন, আমার এলাকা দারুণ খরা কবলিত এলাকা। সেখানে কাজ নেই, খাদ্য নেই, পানীয় জল পর্যন্ত নেই। এর উপর এই ঘূর্ণিঝড়ের প্রকোপে শত শত লোক আবার দারুণ দুর্বিপাকের মধ্যে পড়েছেন। কাজেই স্যার, অবিলম্বে যদি গৃহের ব্যবস্থা না হয় ও খয়রাতি সাহায্য না যায়, তা হলে বহু লোকের প্রাণহানি হবে। এদিকে স্যার, আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রী ও মন্ত্রিসভার অন্যান্য সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন জানাচ্ছি।

শ্রীরজনীকান্ত দলুই: মাননীয় স্পীকার মহাশয়, বাংলা নাটক ও নাট্য চেতনা আজ কোন পথে? এই গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জাতীয় মুক্তি আন্দোলনে বাংলা নাটকের বলিষ্ঠ ভূমিকা ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা আছে। সেদিনের নাট্যকর্ম বিদেশী শাসকের ঘুম কেড়ে নিয়েছিল। একাধারে দেশপ্রেম, গণ-জাগরণ, সাহিত্য-শিল্প-সংস্কৃতির সুন্দর সমন্বয়ে ধন্য হয়েছিল বাংলা নাটক ও বাংলার রঙ্গমঞ্চ। স্বাধীনতার উত্তরকালে নতুন বাংলার দূরদর্শী রূপকার ডাঃ বিধানচন্দ্র রায় আর্থিক-সফল সিনেমার প্লাবনে ভেসে যাওয়া থেকে বাংলার নাটক ও রঙ্গমঞ্চের অস্তিত্ব সযত্নে রক্ষা করেছিলেন। এইজন্য তিনি নাটকের প্রদর্শন প্রমোদকরমুক্ত করেছিলেন। তাঁরই দরদী চেষ্টায় বাংলা নাটক আবার জাগলো। সৃষ্টি হল নতুন নতুন সম্ভবনাময় নাট্য-উদ্যোগ। এলো নূতন প্রাণ ও প্রতিভার প্লাবন। এই সুযোগে নাট্য জাগরণের এই উত্তরপর্বে মুনাফালোভী ব্যবসায়ীর চতুর ও হিসাবী দৃষ্টি লোভে চকচক করে উঠলো। সৃজনধর্মী নাট্যকর্মকে তারা টাকা দিয়ে কিনে নিতে চাইলো। তাদের ইচ্ছায় নাট্যশিল্পে অনুপ্রবেশ ঘটলো বিখ্যাত বিদেশী নাটক থেকে কুরুচি ও যৌনতাপূর্ণ দৃশ্য-বিশেষ। কালচারের মোড়কে চালু হল চরিত্রহত্যার সুপরিকল্পিত চক্রান্ত। স্বাধীনতার পর সুদীর্ঘ দুটি যুগ চলে গেল। রজত জয়ন্তী মহাসমারোহে উদ্‌যাপিত হল। বঙ্গ রঙ্গমঞ্চের শতবর্ষ উৎসব চলছে। অথচ আজ পর্যন্ত সরকারী বা বেসরকারী উদ্যোগে একটি সাধারণ মঞ্চশালা গড়ে উঠলো না। তার বদলে অতীত ঐতিহ্যমণ্ডিত এবং জ্ঞানী-গুণী মহাপুরুষদের পদধূলিধন্য বঙ্গ নাট্যমঞ্চ চলচ্চিত্র প্রেক্ষাগৃহে রূপান্তরিত হল। কেউ বাধা দিল না। মুমূর্ষু ও দিগভ্রান্ত নাট্যপ্রবাহকে নূতন প্রাণে সঞ্জীবিত করার কোন মানবিক দায়িত্বই কি আজ জনপ্রিয় সরকারের নেই? 'বারবধূ', 'চৌরঙ্গ'র মতন প্রভাবশালী সর্বনাশা নাট্য উদ্যোগের মিছিলে পা মিলিয়ে বেড়ে চলেছে নিত্য নূতন বিকৃতরুচি বিজ্ঞাপন। এই প্রবণতাকে এখনই কঠোর হাতে দমন করতে না পারলে, দেশের ছাত্র ও যুব মানস বিপথগামী হবে। আত্মহননে ভয়ঙ্কর হয়ে উঠবে। সরকার এই ব্যাপারে এখনই ব্যবস্থা নিন। কুরুচির প্রচার ও প্রসার বন্ধ হোক। নতুন নাট্য-উদ্যোগ সুস্থ মানসিকতার সন্ধান দিক। দিকে দিকে সারা দেশে গড়ে উঠুক জাতীয় মঞ্চশালা।

[3-00—3-10 p.m.]

শ্রীশরৎচন্দ্র দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় ক্ষুদ্র শিল্পমন্ত্রী মহাশয়ের নিকট একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে সূতার অভাবে যেভাবে তাঁতশিল্প এবং তাঁতশিল্পীরা দুঃসহ জীবন যাপন করছে ঠিক সেইভাবে বিড়ি শিল্প আজকে অত্যন্ত সংকটের সম্মুখীন হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিম-বঙ্গের প্রত্যেক জেলায় কিছু কিছু বিড়ি তৈরি হয়, তার মধ্যে পুরুলিয়া জেলার ঝালদা এবং মুর্শিদাবাদ জেলার গুলিয়ান, ওরঙ্গাবাদে বিড়ি শ্রমিক বেশী পরিমাণে আছে। মুর্শিদাবাদ জেলায় প্রায় ১ লক্ষ ২০ হাজার এবং পুরুলিয়া জেলায় প্রায় ৫০ হাজার বিড়ি শিল্পী বাস করেন। তাদের প্রয়োজনীয় মাদারি ৪০নং সূতার অভাবে বিড়ি শিল্প বন্ধ হতে বসেছে। পশ্চিমবঙ্গে যে বিড়ি তৈরি হয় তার মার্কেট হচ্ছে আসাম। আসামে তাদের বিড়ি বিক্রি হয়। আমাদের পশ্চিমবঙ্গের বিড়ি শিল্প এবং বিড়ি মালিক সেখানে প্রতিদ্বন্দ্বিতার মধ্যে সেখানে বিড়ি বিক্রি করে। সেখানে গুজরাট, বিহার এবং মধ্যপ্রদেশের যে বিড়ি শিল্প এবং শ্রমিক আছে তাদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করে আসামের মার্কেট বাঁচিয়ে রাখতে হয়। তাদের যদি সূতা সরবরাহ না করা হয়, তা হলে বিড়ি শিল্প ব্যাহত হবে এবং বিড়ি শ্রমিকরা বেকার হয়ে পড়বে। কারণ সেখানে গুজরাট, বিহার এবং মধ্যপ্রদেশ থেকে যে বিড়ি মালিকরা এসেছেন তারা তা ক্যাপচার করে নেবেন। সেই জন্য আমার অনুরোধ বিড়ি শিল্পে একান্ত প্রয়োজনীয় যে মাদারি ৪০নং সূতা, তা সরবরাহ করা হোক এবং এই বিড়ি শিল্পকে এবং বিড়ি শ্রমিকদের জীবনযাত্রা যাতে ব্যাহত না হয় তার ব্যবস্থা করা হোক।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। বর্তমান সময়ে শুধু পশ্চিমবাংলায় নয় এটা ভারতের সর্বত্র এই রকম ধরনের খবরের জন্য উদ্বিগ্ন। এর ফলে একাধারে হতাশা এবং আর এক ধারে হতাশা দেখা দিয়েছে। এই পশ্চিমবাংলা সুন্দরবন অঞ্চলে তুলা চাষের ব্যাপার নিয়ে দেখা যাচ্ছে আমাদের কৃষি দপ্তরের অধিকর্তা ডাঃ এ কে দত্ত-র বিরুদ্ধে নানা রকম সংবাদ খবরের কাগজে বেরিয়েছে। ৩রা মার্চ, ১৯৭৩ তারিখের আনন্দবাজার পত্রিকায় মাটিবাবার খবর শীর্ষক সংবাদ সম্পর্কে, ২১শে মার্চ, ১৯৭৩ তারিখে দৈনিক বসুমতীতে, কৃষি বিভাগের কথা অমৃত সমান শীর্ষক সংবাদ এবং ঐ তারিখেই দৈনিক বসুমতীর সংবাদ, কৃষি সাংবাদিকের দপ্তর শীর্ষক সংবাদ এবং ২৪শে মার্চ, ১৯৭৩ তারিখে কৃষি বিভাগের কথা অমৃত সমান এবং ২রা এপ্রিল, ১৯৭৩ তারিখের যুগান্তর পত্রিকায় পশ্চিমবঙ্গে পাট চাষ সমস্যা ও সম্ভাবনা বিষয়ে নানা রকম খবর বেরিয়েছে।

আমরা আশা করেছিলাম যে, পশ্চিমবাংলার মানুষের সামনে এই ধরনের খবর বেরুনতে কৃষি বিভাগের অধিকর্তার সম্পর্কে নানা রকম বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হচ্ছে। ২৪-পরগনা জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের পাথরপ্রতিমার একটা অশালীন ঘটনা নিয়ে আমরা তার বিরুদ্ধে রিপোর্টের কথা জানি। ১৯৬৯-৭০ সালে ফসফেট কোম্পানীকে ফার্টিলাইজার মিক্সচার করবার অনুমতি প্রদান করা হয়েছে এবং আমরা আরো জানি যে, ১৯৭০ সালের পর ১৯৭১ সালের জানুয়ারিতে তার কাবুলে ডেপুটেশনে যাবার আগে বহু লোককে বে-আইনীভাবে তিনি চাকুরিতে নিয়োগ করেছেন। এই সমস্ত খবর বের হবার পর বিভিন্ন সংবাদপত্রে—এমন কি সেভিন নিয়ে যে কেলেঙ্কারীর কথা চলছে, যে সেভিন সম্বন্ধে আমরা দেখতে পাচ্ছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আনন্দবাজার পত্রিকার ২৪শে ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখের কৃষি সংবাদে। তুলো চাষী ভাইদের জন্য যে সেভিন সম্বন্ধে কৃষি অধিকর্তা রেকমেন্ডেশন করেছিলেন, তারপর ঠিক ২৬শে মার্চ, ১৯৭৩ তারিখে দেখা গেল, তুলো চাষী ভাইরা কুঁড়ি ও ফল ছিদ্রকারী পোকার আক্রমণ থেকে সাবধান হোন, এই বলে যে শীর্ষক সংবাদ বেরিয়েছিল, তাতে করে একজন আমেরিকান বিশেষজ্ঞ অ্যান্টনীর অভিমত দিয়ে বলেছেন যে, না হয় না, ঐ সেভিন আজকে ব্যবহার করা চলবে না। পশ্চিমবাংলার সুন্দরবন অঞ্চলে যে তুলো চাষ হয় সেখানে যদি ঠিকমত ক্ষেতের ব্যবস্থা না করা যায়, তা হলে ঐ তুলো চাষ করা কোন রকমে সম্ভব হবে না। একদিকে কৃষি বিভাগের নেপোটিজিম, অপর দিকে বহু উচ্চপদ খালি রয়েছে, সেখানে লোক নিয়োগ করা হয় নি। তারপর তিনি সরকারের নির্ধারিত মাইনের চেয়ে অনেক বেশী পান বলে বিভিন্ন সংবাদপত্রে বেরিয়েছে এবং ৪ হাজার কর্মচারী তার অধীনে বিভিন্নভাবে নির্বাচিত হচ্ছে এই খবর প্রতিদিন সংবাদপত্রে বেরুচ্ছে, বেরুনো সত্ত্বেও কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে কোন রকম বিবৃতি পাওয়া যাচ্ছে না। আমরা আশা করেছিলাম যে, আমাদের সরকারের যে নির্দিষ্ট পরিকল্পনা বা এই সম্পর্কে যে নীতি সেই নীতি পশ্চিমবঙ্গ বিধানসভায় তিনি রাখবেন, কারণ এখন বিধানসভা চলছে। কিন্তু তিনি তা না করে নীরব থাকছেন। এই জন্য পশ্চিমবাংলার ৪ কোটি ৪৪ লক্ষ লোকের মনে একদিকে যেমন হতাশার সৃষ্টি হচ্ছে অপর দিকে তেমন বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হচ্ছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের কাছে এই আবেদন জানাচ্ছি যে, তিনি এই বিধানসভায় বলুন যে, পশ্চিমবঙ্গ সরকারের বিভাগীয় মন্ত্রীর কাছে এই আবেদন জানাচ্ছি যে, তিনি এই বিধানসভায় বলুন যে, পশ্চিম-বাংলার তুলা সম্পর্কে তার প্রকৃত বক্তব্য কি এবং অধিকর্তার সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের প্রকৃত বক্তব্য কি। এমন কথা রটেছে যে, মহারাষ্ট্র থেকে তুলো চাষ এবং চাষীদের স্বার্থের জন্য পশ্চিমবঙ্গের খবরের কাগজকে হাত করে নাকি কৃষি অধিকর্তার বিরুদ্ধে বিরূপ মন্তব্য সৃষ্টি করা হয়েছে এই কথা যদি সত্য হয় তা হলে কৃষি বিভাগ থেকে পশ্চিমবাংলার বিধানসভাকে আলোকপাত করা উচিত, তা না হলে আমরা জানব যে এই নীরব অবস্থায় তারা বসে থাকলে দোষত্রুটি সব প্রমাণ হয়ে যাচ্ছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি বিভাগের মাননীয় মন্ত্রী শ্রীআবদুস সাত্তার মহাশয়কে অনুরোধ করছি আপনার মাধ্যমে যে, তিনি এই বিষয়ে আমাদের আলোকপাত করুন।

শ্রীবিশ্বনাথ মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা খুব গুরুতর ব্যাপার, আজকে এই অভিযোগের বিষয়ে এনকোয়ারী করে—

Minister should submit a statement in the Assembly. Very serious allegations have been made—whether true or not, we do not know.

সেইজন্য ইনভেস্টিগেশন করে একটা বিবৃতি দেওয়া উচিত।

শ্রীআবদুল বারি বিশ্বাস: ইনভেস্টিগেশনের জন্য আমরা দাবি জানাচ্ছি।

শ্রীসুব্রত মুখার্জী: মাননীয় স্পীকার মহাশয়, শ্রীআবদুল বারি বিশ্বাস মহাশয় যে প্রসঙ্গে এখানে বললেন, এই প্রসঙ্গ নিয়ে আমি বলেছিলাম, তুলো চাষ এবং কৃষি বিভাগে বিভিন্ন পদ খালি রাখার বিষয়ে। তাই আমি দাবি করছি যে, এই বিষয়ে তদন্ত করে বিধানসভায় সেটা পেশ করতে হবে।

Mr. Speaker: When one honourable Member draws attention of the House and the Ministers concerned, other Members should not stand up and draw attention. They should, first of all, seek my permission. If I give permission by calling the name of any Member then he will stand up and call the attention.

শ্রীসুব্রত মুখার্জী (২): আমি অত্যন্ত দুঃখিত, আমার আচরণের জন্য, আমি আপনাকে অপমান করার জন্য কিছু বলতে উঠি নি। এই বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব'লে এই কথা বলছিলাম।

Mr. Speaker: Thank you, Mr. Mukherjee.

[3-10—3-50 p.m. including adjournment.]

শ্রীদুর্গাদাস বাউরী: স্যার, আপনার মাধ্যমে আমার কেন্দ্র রঘুনাথপুর সম্বন্ধে একটি গুরুত্বপূর্ণ বিষয় বলতে চাই। সেখানে গত ২ বছর ধরে কোন চুরি, ডাকাতি, খুন, রাহাজানি ছিল না। কিন্তু কংগ্রেসী সরকার প্রতিষ্ঠিত হবার পর দিনে সব সময় সেখানে চুরি-ডাকাতি হচ্ছে। আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, সেখানকার থানার ওসি যেন তিনি বলে দেন যাতে এসব জিনিস অবিলম্বে তিনি বন্ধ করেন।

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রি-সভায় দৃষ্টি আকর্ষণ করছি। আমি আজকে পশ্চিমবাংলায় পি এস সি প্রশাসনিক গাফিলতি সম্পর্কে মন্ত্রিসভা ও বিধানসভার দৃষ্টি আকর্ষণ ক'রে প্রতিবিধান দাবি করছি। কোলকাতা ও বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ফল প্রকাশের বিলম্বের কথা বারবার বলেছি। সেখানে ছাত্রছাত্রীর পাশের হার বৃদ্ধির কথা আছে। সেখানে প্রশ্নপত্র নিয়ে ছাত্রবিশৃঙ্খলার কথা আছে। কিন্তু পি এস সি ১৯৭২ সালের মে মাসে মিসলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্ট একজামিনেসন করলেন। হাজার হাজার পরীক্ষার্থী সেখানে পরীক্ষা দিল। প্রত্যেক পরীক্ষার্থীর কাছ থেকে ৩০ টাকা ক'রে একজামিনেসন ফি আদায় করা হল। এই পরীক্ষার পর তাঁরা অনেক পরীক্ষা পরিচালনা ক'রে তার ফল প্রকাশ করেছেন। কিন্তু এই পি এস সি মিসলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্ট একজামিনেসন-এ যেখানে হাজার হাজার পরীক্ষার্থী ৩০ টাকা ফি দিয়া পরীক্ষা দিল এবং এর মাধ্যমে লক্ষ লক্ষ টাকা তাঁরা আদায় করলেন! অথচ এই পরীক্ষার ফল ১ বছর হতে চলল এর ফল প্রকাশ করা হচ্ছে না? পি এস সি-র চেয়ারম্যান এবং তার কর্মকর্তাদের এবিষয়ে প্রশ্ন করা হলে তাঁরা কোন সদুত্তর দিচ্ছেন না। আমি বলতে চাই এই সমস্ত আমলাতান্ত্রিক অফিসাররা তাঁদের অকর্মণ্যতার দ্বারা দিনের পর দিন এই জনপ্রিয় সরকারের ভাবমূর্তিকে নষ্ট করছে। এর জন্য বেকার পরীক্ষার্থীদের মনের মধ্যে একটা দারুণ হতাশা সৃষ্টি হয়েছে। জনসাধারণ ভাবছে পি এস সি ৩০ টাকা ফি-র মধ্য দিয়ে এই মিসলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্ট একজামিনেসন-এর মাধ্যমে সরকার লক্ষ লক্ষ টাকা আদায় করলেন, অথচ ফল প্রকাশ করছেন না। অর্থাৎ সরকার

শুধু ধাপ্পা দিচ্ছেন। পি এস সি লক্ষ লক্ষ টাকা চাকরি দেবার নাম করে এই টাকা আদায় করে ছিনিমিনি খেলছেন। আমি আপনার মাধ্যমে অবিলম্বে এই মিসলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্ট একজামিনেসন-এর ফল প্রকাশিত না হবার জন্য তদন্ত দাবি করছি এবং বলছি চেয়ারম্যানকে নির্দেশ দেওয়া হোক যাতে এর ফল অবিলম্বে প্রকাশ করা হয়।

শ্রীতপন চ্যাটার্জি: স্যার, আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, সাংবাদিক যাঁরা অন্যের কথা বলেন, নিজের কথা বলেন না তাঁদের কথা আমি বলব। এই মহান পেশায় নিযুক্ত যাঁরা অন্যায় ও দুর্নীতির কথা জনসাধারণকে অবহিত করেন তাঁদের জন্য তৃতীয় ওয়েজ বোর্ড আজ পর্যন্ত চালু হয় নি। বেশীর ভাগ বড় বড় সংবাদপত্র একচেটিয়া মালিকানার অধীনে আছে তাঁরাই এই ওয়েজ বোর্ড চালু করতে দিচ্ছেন না। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকেও কেন্দ্রীয় সরকারের দৃষ্টি এ বিষয়ে আকর্ষণ করা হয় নি। তাই আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি সত্বর এবিষয়ে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেন এবং যতদিন না ওয়েজ বোর্ড চালু হচ্ছে ততদিন যেন তাঁদের একটা অন্তর্বর্তীকালীন ভাতা দেওয়া হয়।

শ্রীশীশ মহম্মদ: স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমার এলাকা সম্বন্ধে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এ বিষয় নিয়ে খাদ্য বিতর্কের সময়, মেনসন-এর সময়ে বলেছি কিন্তু কোন ফল হয় নি ব'লে আজ আবার বলতে হচ্ছে। মুর্শিদাবাদ জেলায় সুতী ও সামসেরগঞ্জ এলাকা খাদ্যের দিক থেকে ডেফিসিট এলাকা এবং বিহারের ড্রট এলাকার সঙ্গে সংযুক্ত। পশ্চিমবাংলায় যে খাদ্যাভাব দেখা দিয়েছে তার চূড়ান্ত রূপ সেখানে দেখা ইতিমধ্যেই দিয়াছে।

আমি এই সুতি এবং সামসেরগঞ্জ থানা সম্বন্ধে এর পূর্বে বারবার খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম, কিন্তু তার কোন ফল হয় নি। আমি রেশন সিসটেমের কথা যখন বলেছিলাম, তখন সঙ্গে সঙ্গে তিনি প্রতিবাদ জানিয়ে ছিলেন। আজকে পশ্চিমবঙ্গে রেশন ব্যবস্থা ভেঙ্গে চুরমার হয়ে গেছে। মাঝে মাঝে, যেটাকে মডিফায়েড রেশন সিসটেম বলে তার মানে বলা হয়, সেই মাঝে মাঝে রেশন ব্যবস্থা সুতি থানায় নেই। সপ্তাহে ২৫০ গম এবং ২৫০ চাল এই মোট ৫০০ এর বেশি মানুষ পায় না। এই ৫০০ খাদ্যশস্য একজন মানুষের পক্ষে কি হয়? সেখানে খাদ্যের দরকার। গমের কথা চিন্তা করতে পারছে না। ২·২০ পয়সা চলছে। আমার এলাকায় গঙ্গার ভাঙ্গনে বিধ্বস্ত সমস্ত লোক বাস করে। তাদের গৃহ নির্মাণ করবার শক্তি নেই, অপর দিকে খাদ্য ক্রয় ক'রে যে খাবে তার শক্তি নেই। এই দিক থেকে বিষয়টির গুরুত্ব উপলব্ধি ক'রে আমি বিশেষ ক'রে খাদ্য এবং ত্রাণ দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন করব, অবিলম্বে সেখানে যেন কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয় এবং সেখানে যাতে খাদ্য পায় তার জন্য দৃষ্টি আকর্ষণ ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহাদেব মুখোপাধ্যায়: মাননীয় স্পীকার মহাশয়, আমি গতকাল মেনসানের সময় আরামবাগ মহকুমায় অনাবৃষ্টির জন্য মানুষ যে জল খাবে সেই জল পাওয়া যাচ্ছে না এবং চাষের কাজে যে জল নেই সেই সম্বন্ধে আমার বক্তব্য রেখেছিলাম। আজ আমি যে বক্তব্য রাখছি সেই বক্তব্য খুব গুরুত্বপূর্ণ এবং খুব দায়িত্ব নিয়ে আমি এই বক্তব্য রাখছি। আমি সমস্ত আরামবাগ মহকুমা ঘুরে দেখেছি যে, শ্রমিকের কোন কাজ নেই, বেকার বহু শ্রমিক আজ খেতে পাচ্ছে না, অর্ধাশনে, অনশনে দিন কাটাচ্ছে। এখন শুনছি ডি এম-র কাছে টেস্ট রিলিফের অর্ডার গেছে, কিন্তু ব্লকে ব্লকে টেস্ট রিলিফের অর্ডার যায় নি। এই টেস্ট রিলিফের কাজ এখনই চালু করা দরকার। তারা জীবনের একটা সন্ধিক্ষণে এসে দাঁড়িয়েছে। তাদের কাজ দেওয়া দরকার। শুধু টেস্ট রিলিফ নয়, যেসমস্ত ক্যাশ স্কীম জেলা পরিষদ থেকে করবার কথা সেই ক্যাশ স্কীম চালু করে যেসমস্ত শ্রমিক খেতে পাচ্ছে না তাদের যাতে কাজ দেওয়া যায় তার জন্য আমি এই সভায় খুব উদ্বেগ প্রকাশ করে আমার বক্তব্য রাখছি। সেখানে খুব অল্প সংখ্যক লোককে শতকরা মাত্র ২ জনকে জি আর দেওয়া হচ্ছে। বর্তমানে যে অবস্থা, দুঃস্থরা যেভাবে উপবাসে কাটাচ্ছে তাতে ১০ থেকে ১৫ ভাগকে জি আর দেবার দাবি রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

(After Adjournment)

GOVERNMENT BILL

LEGISLATION

[3-50—4-00 p.m.]

The West Bengal Co-operative Societies Bill, 1973.

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভায় সমবায়মন্ত্রী ডাঃ জয়নাল আবেদিন যে বিল উপস্থাপিত করেছেন আমি প্রথমেই তাকে বিশেষভাবে স্বাগত জানাচ্ছি এবং অভিনন্দন জানাচ্ছি।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: কি বললেন, স্বাগত জানাচ্ছেন?

শ্রীঅসমঞ্জ দে: পশ্চিমবাংলার বুকে বসে আমি ফার্সি বা আরবি বা তিমিরবাবুর বোধগম্যের বাইরে কোন ভাষা বলছি না। যদি তিমিরবাবু নিজেকে বাঙ্গালী বলে পরিচয় দিয়ে থাকেন, তা হ'লে নিশ্চয়ই তিনি আমার ভাষা বুঝতে পেরেছেন। যা হোক, পশ্চিম-বাংলায় যদি সমাজবাদ প্রতিষ্ঠিত করতে হয়, যদি গরিবী হঠাও সফল করতে হয়, তা হ'লে পশ্চিমবাংলার মত মিশ্র অর্থনৈতিক কাঠামোতে কেবলমাত্র সরকারী এবং বেসরকারী সেক্টরের উপর নির্ভরশীল থাকলে চলবে না, গ্রামীণ কৃষি এবং শিল্পে অর্থনৈতিক পুনর্বাসনের জন্য সমবায় ব্যবস্থার উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করতে হবে। পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামোর সংস্কার সাধনের দিকে তাকালে একথা বলা যায়, কো-অপারেসন ইজ দি কিং পিন অব মেকিং ডেভলপমেন্ট ইন ওয়েস্ট বেঙ্গল এবং একথা বলা যায় ইফ কো অপারেসন ফেলস্, দেয়ার উইল ফেইল দি বেস্ট হোপ অব রুরাল ওয়েস্ট বেঙ্গল। এতদিনের অভিজ্ঞতা থেকে একথা নিশ্চিতভাবে বলতে পারি, পশ্চিমবাংলার সমবায় সমিতিগুলি বাস্তু ঘুঘুর বাসায় পরিণত হয়েছে। এই প্রথম সরকার পক্ষ থেকে, সমবায় বিভাগ থেকে প্রচেষ্টা করা হ'ল যার মাধ্যমে এই বাস্তু ঘুঘুর বাসার মূলে কুঠারঘাত হবে। এই বিলে আমরা দেখেছি ৩ বছরের বেশি কোন ব্যক্তি থাকতে পারেবেন না, এই বিলে লক্ষ্য করেছি দুটির অতিরিক্ত সমিতির সদস্যপদে কেউ থাকতে পারবে না।

এই বিলে আমরা দেখি যে ন্যূনতম ১৫ জন সদস্য নিয়ে কো-অপারেটিভ গঠন করা হবে এবং এই ১৫ জন সদস্য অন্ততপক্ষে ১২টি পরিবারের অন্তর্ভুক্ত হতে হবে। এতদিন পর্যন্ত আমরা দেখেছি তিমিরবাবুদের আমলে সেটা হচ্ছে এই একই পরিবারের আত্মীয়স্বজন, বন্ধু-বান্ধব সকলের নাম লিখিয়ে কি ক'রে সরকারী কর্তৃপক্ষের হাত থেকে টাকা ছিনিয়ে নিয়েছেন এবং ব্যক্তিগত স্বার্থে কাজে লাগানো যায় সেই ভাবে সমবায় আন্দোলন বা সমবায়কে পরিচালিত করা হচ্ছিল। এইটাই হচ্ছে পশ্চিমবাংলা সরকারের বিল উত্থাপনের মাধ্যমে প্রথম প্রচেষ্টা এবং সেই প্রচেষ্টাতে দেখতে পাচ্ছি ব্যক্তিগত মালিকানাতে কুঠারঘাত করা হ'ল। এই বিলের মধ্যে আমরা আরো লক্ষ্য করছি যে, ডিফলটারদের পেনালাইজ করা হয়েছে। আমরা আরো দেখেছি যে, সমবায় সমিতির সদস্যরা অন্যায়ভাবে দিনের পর দিন বেআইনী কার্যকলাপ চালাতে থাকে, তা হ'লে সেই অন্যায় কার্যকলাপের এবার পরিসমাপ্তি ঘটবে এবং সমিতিগুলিকে ভেঙ্গে দিয়ে অ্যাডমিনিস্ট্রেটার নিয়োগ করা হবে। এই সমিতির চিরাচরিত স্বেচ্ছাচারমূলক কার্যকলাপ প্রতিষেধক হিসাবে অ্যাডমিনিস্ট্রেটর কাজ করবে। তবে এই কথা আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রীকে অনুরোধ জানাব যে, অ্যাডমিনিস্ট্রেটর যেন প্রয়োজনবোধে নিয়োগ করা হয়। আমরা গণতান্ত্রিক রাষ্ট্রে বসবাস করি, গণতান্ত্রিক অধিকার সংরক্ষণের জন্য অ্যাডমিনিস্ট্রেটরের মাহিনা ঐ কো-অপারেটিভ ফান্ড থেকে দেওয়া হবে ব'লে ঐ গণতান্ত্রিক অধিকার সংরক্ষণের দাবিতে অ্যাডমিনিস্ট্রেটরের মাহিনা যাতে দিনের পর দিন কো-অপারেটিভ থেকে গুনতে না হয় সেজন্য যথা সত্বর সম্ভব সমবায় সমিতিগুলিতে স্বাভাবিক অবস্থা পুনরুদ্ধার সাধনের মাধ্যমে যাতে প্রশাসকদের থাকার পরিধি সঙ্কুচিত করা যায় সেদিকে মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় দৃষ্টি দেবেন। এই বিলকে আমি সমর্থন করি, তার কারণ হচ্ছে, আজকে পশ্চিমবাংলার গ্রাম্য অর্থনৈতিক কাঠামোগুলিকে যদি বাঁচাতে হয়, পশ্চিমবাংলার চাষের কাজকে যদি অর্থকরী

ব্যবসায় পরিণত করতে না পারেন তা হ'লে পশ্চিমবাংলার সমবায় আন্দোলন কখন সঠিক এবং সফলভাবে গড়ে উঠতে পারে না। এই বিলে এমন প্রভিসন আছে, এমন ক্লজ আছে যার মাধ্যমে আমরা লক্ষ্য করেছি কনসলিডেসন অব ফ্যাগম্যান্টেড হোল্ডিং-এর উপর গুরুত্ব দেওয়া হয়েছে। এবং এই কনসলিডেসন অব ফ্যাগমেন্টেড-এর ফলে র‍্যাশনালাইজেসন অব এগ্রিকালচার সম্ভবপর। এদেশে শতকরা ৭০ ভাগ লোক কৃষিজীবী। এ দেশের সমগ্র অর্থনৈতিক কাঠামো পুরাপুরি কৃষির উপর নির্ভরশীল। আজকে বিজ্ঞানের অগ্রগতির সাথে সাথে তাল মিলিয়ে যদি র‍্যাশনালাইজেসন অব এগ্রিকালচার করা সম্ভবপর না হয়, তা হ'লে সেই দেশের অর্থনৈতিক কাঠামোকে অগ্রগতির পথে এগিয়ে নিয়ে যাওয়া এবং পশ্চিমবাংলার ৪॥ কোটি মানুষের স্বার্থ রক্ষা করা কোনমতেই সম্ভবপর হবে না। তাই এই বিলে কনসলিডেসন অব ফ্যাগমেন্টেড হোল্ডিং একটা বিশেষ পরিবেশ সৃষ্টির কথা উল্লেখ থাকায় র‍্যাশনালাইজেসন অব এগ্রিকালচার সম্ভবপর হবে। সেই জন্য আজকে মাননীয় মন্ত্রিমহাশয়কে এই বিল উপস্থিত করবার জন্য আমি বিশেষভাবে অভিনন্দন জানাচ্ছি। আমি ব্যক্তিগতভাবে বিশ্বাস করি যে, যদি সমবায় আন্দোলনকে সফল করতে হয়, তা হ'লে তার সবচেয়ে বড় প্রয়োজন সেই সমবায় সমিতির আর্থিক বনিয়াদকে শক্তিশালী করতে হবে, সমবায় সমিতির আর্থিক ভিত্তিকে আরো সুদৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত করতে হবে। এই বিলে আমরা লক্ষ্য করেছি গভর্নমেন্ট টাকার বাজারে সমবায় সমিতি যাতে খোলা মানি মার্কেট থেকে তার শেয়ার, ডিবেঞ্চার ক্রয় বা বিক্রয়ের মাধ্যমে যাতে বেশ পরিমাণ অর্থ সঞ্চয় হতে পারে তার জন্য গভর্নমেন্ট গ্যারান্টি হিসাবে কাজ করবে এবং এর ফলে এই সমবায় সমিতিগুলির পক্ষে খোলা মানি মার্কেট থেকে শেয়ার ক্রয় এবং ডিবেঞ্চার ক্রয়ের মাধ্যমে অতিরিক্ত পরিমাণ অর্থের সংস্থান করা সুবিধা হবে, যার দ্বারা সমবায় সমিতির আর্থিক বনিয়াদ শক্তিশালী হবে। শুধু তাই নয়, আমরা আরো দেখেছি যে, এই বিলের প্রথম উল্লেখ করা হয়েছে এই সমস্ত কো-অপারেটিভ ব্যাঙ্ক যেগুলি আছে সেই সব কো-অপারেটিভ ব্যাঙ্কে ডিপোজিট ইনসিওরেন্স স্কীমের কথা বলা হয়েছে। আমরা ভারতবর্ষে প্রথম লক্ষ্য করেছিলাম ১৯৫৪ সালে ডিপোজিট ইনসিওরেন্স স্কীম ইন্ট্রোডিউস করা হয়েছিল এবং রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে নিবন্ধ ছিল এবং স্টেট ব্যাঙ্কের সাথে নিবন্ধ ছিল, বাণিজ্যিক ব্যাঙ্কের সাথে নিবন্ধ ছিল। এইসব কো-অপারেটিভ ব্যাঙ্কের বীমা করার পরিকল্পনা ইতিপূর্বে সরকার গ্রহণ করেন নি এবং যার ফলে আমরা দেখতে পেয়েছিলাম পাশাপাশি বাণিজ্যিক ব্যাঙ্কের অস্তিত্ব থাকার ফলে, রিজার্ভ ব্যাঙ্ক এবং স্টেট ব্যাঙ্কের অস্তিত্ব থাকার ফলে স্বভাবতঃই

There was constant lack of confidence in the minds of the depositors.

তারা সব সময় চিন্তা করত, তাদের জমানত বাজেয়াপ্ত হয়ে যেতে পারে, ব্যাঙ্কের পতন ঘটতে পারে এবং এই ধরনের উৎসাহ এবং উদ্দীপনা এবং অনুপ্রেরণার অভাব থেকে সাধারণ আমানত-কারীরা এই সমস্ত কো-অপারেটিভ ব্যাঙ্কে তাদের অর্থ জমা দিতেন না। যার ফলে এই সমস্ত কো-অপারেটিভ ব্যাঙ্কের স্থান, অর্থের তহবিল দিনের পর দিন বৃদ্ধি পাবার পরিবর্তে সঙ্কুচিত হয়ে পড়ত। ফলে আর্থিক বুনিয়াদ শক্তিশালী হবার পরিবর্তে দিনের পর দিন দুর্বল থেকে দুর্বলতর এবং দুর্বলতম হয়ে উঠত। যার ফলে সমবায় সমিতির অনেক কিছু থাকা সত্ত্বেও, ইচ্ছা থাকা সত্ত্বেও, পরিকল্পনা থাকা সত্ত্বেও অনেক কিছু প্রোগ্রাম, গ্রামীণ এবং কুটির শিল্পের উন্নতির প্রোগ্রাম থাকা সত্ত্বেও, আর্থিক সঙ্কট থাকার ফলে সেই সমস্ত পরিকল্পনাগুলি বাস্তবে কার্যকর হত না। কিন্তু এই প্রথম পশ্চিমবঙ্গ সরকার এই বিলে দুটি ক্লজ রাখলেন। একটা হচ্ছে সাধারণ মানি মার্কেট থেকে টাকা সংস্থানের ক্ষেত্রে গভর্নমেন্ট গ্যারেন্টার হিসাবে কাজ করতে পারবে এবং গভর্নমেন্টের গ্যারান্টি পেয়ে সমবায় সমিতিগুলি তার শেয়ার বিক্রয়ের মাধ্যমে প্রচুর পরিমাণে টাকা তুলতে পারবে। নাম্বার ১ অন দি আদার সাইড ডিপোজিট ইনসিওরেন্স করার ফলে

It instils confidence into the minds of the depositors.

নতুনভাবে উৎসাহের সৃষ্টি হবে, উদ্দীপনা সৃষ্টি হবে, নতুন করে আলোড়ন সৃষ্টি হবে, অনুপ্রেরণা সৃষ্টি হবে এবং তাদের সঞ্চয়ের মনোবৃত্তি আরো বিশেষভাবে উৎসাহিত হবে এবং এর ফলে সঞ্চয়ের পরিমাণ বাড়বে। এই উভয় কারণে আমরা দেখতে পাবো এই দুটি পদ্ধতি কার্যকর করার ফলে কো-অপারেটিভ ব্যাঙ্কের তহবিলের পরিমাণ বাড়বে এবং তার ফলে সমবায় আন্দোলন প্রকৃতপক্ষে সফল হবে এবং সঠিকভাবে পরিচালিত হবে এবং স্বার্থকতায়

পরিণত হয়ে উঠবে। শুধু তাই নয়, পশ্চিমবঙ্গের বিগত দিনের সমবায় আন্দোলনের ইতিহাসের দিকে যদি তাকাই, তাহ'লে দেখবো, সমবায়ের মধ্যে মামলা, মোকর্দ্দমা চলেছে এবং এগুলির কার্যকলাপের উপর কোর্টের ইনজাংসান দিনের পর দিন জারী করা হয়েছে। এবং সমবায় সমিতির কার্যকলাপের উপর দিনের পর দিন কোর্টের ইনজাংসান চালু করার ফলে সমবায় সমিতির কাজকর্ম অচল হয়ে পড়েছে।

[4-00—4-10 p.m.]

কিন্তু এই ক্ষেত্রে আমরা দেখতে পেলাম তার প্রতিষেধক হিসাবে এই ক্লজ এই বিলের অন্তর্ভুক্তি ঘটান হ'ল। এ ক্ষেত্রে আমরা দেখলাম এই সমস্ত ডিসপিউট সেটেলমেন্টের জন্য কো-অপারেটিভ ট্রাইবুনালের কথা বলা হয়েছে এবং এর উপর বিরোধ নিষ্পত্তির দায়িত্ব দেওয়ার ফলে এই দীর্ঘদিন মামলা মোকর্দ্দমার ইনজাংশনের ফলে সমবায় আন্দোলনের অগ্রগতির ফলে যে বাধার সৃষ্টি হয়েছিল, সেই বাধা দূরীভূত হ'ল। সেজন্য এই বিলকে আমি বিশেষভাবে সমর্থন জানাই। তবে আমি আরও মনে করি যে, পশ্চিমবাংলার সমবায় আন্দোলন ব্যর্থ হয়েছিল কেবলমাত্র স্বজনপোষণের জন্য নয়। স্বজন-পোষণ নিশ্চয়ই একটা কারণ ছিল, কেবলমাত্র দুর্নীতির জন্য নয়, অবশ্য দুর্নীতি একটা কারণ ছিল এবং কেবলমাত্র সমস্ত সম্পত্তিকে ব্যক্তিগত কাজে লাগাবার অপচেষ্টা ছিল না, যদিও সেটা একটা নিশ্চয়ই কারণ ছিল। যদি ইকনমি ক্লজের দিকে তাকাই, তা হ'লে নিশ্চিতভাবে এই সিদ্ধান্তে আসতে হয় যে, পশ্চিমবাংলার সমবায় আন্দোলন কেন দিনের পর দিন ব্যর্থতায় পর্যবসিত হয়েছিল। তার সবচেয়ে বড় কারণ হচ্ছে পশ্চিমবাংলার সমবায় সমিতির আয়তনগুলি ছিল ক্ষুদ্র এবং পশ্চিমবাংলার অর্থনৈতিক অবস্থা ছিল চরম সঙ্কটাপন্ন। তাই আমরা দেখছি যে, পশ্চিমবাংলায় তথা ভারতবর্ষে সমবায় আন্দোলনকে সফল করতে গিয়ে যে রয়েল কমিশন বসেছিল এবং ১৯৬৪ সালে যে গোরেওয়ালা কমিটি, অল ইন্ডিয়া রুরাল ক্রেডিট সার্ভে কমিটি বসেছিল, তারা প্রথমেই সুপারিশ ক'রে বসল যে, পশ্চিমবাংলায় সমবায় সমিতিগুলিকে ক্ষুদ্রায়তনের পরিধিকে প্রসারিত ক'রে সমবায় সমিতিকে বৃহদাকারে পরিণত করা দরকার এবং সমবায় সমিতিগুলি যে চরম আর্থিক সঙ্কটের মধ্যে চলাফেরা করছে, তা থেকে নিষ্কৃতি দেওয়ার জন্য ভগ্ন সমবায় সমিতিগুলোর অ্যামালগেমেশন করা দরকার। এতদিন পর্যন্ত আমরা রয়াল কমিশনের, এবং গোরেওয়ালা কমিশনের রিকমেন্ডেশন দেখছিলাম। এই প্রথম পশ্চিমবাংলার বিধানসভা, পশ্চিমবঙ্গ সরকার এই সমস্ত রিকমেন্ডেশনকে বাস্তবে কার্যকর করলেন। সেই সমস্ত রিকমেন্ডেশনকে বাস্তবে কার্যকর করতে গিয়ে এই বিলের মধ্যে ক্লজটি ইনসার্ট করলেন। যদি সমবায় সমিতির আয়তন ক্ষুদ্র হয়, যদি সমবায় সমিতির অর্থনৈতিক অবস্থা সঙ্কটাপন্ন হয়, যদি পৃথকভাবে এবং এককভাবে সমিতি কার্যপরিচালনায় অক্ষম হয়ে পড়ে, তা হ'লে এই বিলের মধ্যে প্রভিসন রাখা হ'ল যে, প্রয়োজনবোধে এই দুটো তিনটে ভগ্ন, দুটো তিনটে অর্থনৈতিক দুর্দশাগ্রস্ত সমবায় সমিতির অ্যামালগেমেশনের মাধ্যমে তার কার্য পরিচালনা করা হবে যাতে

It can serve the best interests of the peasants and small scale traders and small-scale industrialists

এবং এদিক থেকে আমি মনে করি এই সমবায় সমিতির এই বিল সমবায় আন্দোলনের অগ্রগতির পথে এগিয়ে নিয়ে যাবার বিরাট পদক্ষেপ হিসাবে কাজ করবে। আমি তিমিরবাবুকে বলবো যে, তিনি যখন ওখানে বসে আছেন, তখন বুঝা যাচ্ছে যে, পশ্চিমবাংলার লোক তাঁর পাশে নেই, তাঁকে জ্ঞান দেবার বা উপদেশ দেবার পর্যন্ত লোক নেই। তিনি যে এদিকে হাত বাড়িয়ে তাঁর উচ্চাশা পূরণ করতে পারবেন এই ধরনের আশা ব্যর্থ হবে। সেজন্য তিনি এই অপচেষ্টা থেকে যেন বিরত হন। তবে আমি বিভিন্ন দিক থেকে এই সমবায় সমিতি বিলকে নিশ্চিতভাবে সমর্থন জানাই। আমি কিন্তু একটি কারণে সমালোচনা না ক'রে পারছি না। সেটা হচ্ছে রেজিস্ট্রারকে যেভাবে ওমনিপোটেন্ট করা হয়েছে, সমস্ত ক্ষমতা রেজিস্টারের হাতে দেওয়া হয়েছে, সে সম্বন্ধে আমরা বার বার আমলাতন্ত্রের বিরুদ্ধে বলেছি, বুরোক্রেসীর বিরুদ্ধে বলেছি, শিক্ষা সম্বন্ধে বলতে গিয়ে, শিল্প সম্বন্ধে বলতে গিয়ে, বাণিজ্য সম্বন্ধে বলতে গিয়ে, কৃষি সম্পর্কে আলোচনা করতে গিয়ে—তখন আমরা আমলাতন্ত্রের কারচুপির কথা, প্রতিবন্ধকতার কথা

বলেছি। অর্থনৈতিক কাঠামের বিভিন্ন দিক সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমরা বলেছি এই যে আমলাতন্ত্র এদের যে কারসাজি, আমলাতন্ত্রের যে প্রতিবন্ধকতা সে সমস্ত দূর ক'রে আমলাতন্ত্রের দ্বারা সেগুলি যদি জনসাধারণের কাছে পেঁছে না দিতে পারি, তা হ'লে কিন্তু জনসাধারণের ইপ্সিত আকাঙ্ক্ষা, জনসাধারণের লক্ষ্য, জনসাধারণের কামনা বাসনা কখনো পূর্ণ হতে পারে না। এই বিলের মধ্যে একটি জিনিস আমরা লক্ষ্য করেছি রেজিস্ট্রারকে ওমনিপোটেন্ট করা হয়েছে। এই রেজিস্ট্রার যদি তাঁর ক্ষমতার অপব্যবহার ঘটান, তা হ'লে আমাদের আমলাতন্ত্র সম্পর্কে আশঙ্কা আছে, ভীতি আছে, ভয় আছে, সংঘাত আছে। সে কারণে আমরা ভীত, শঙ্কিত, সন্ত্রস্ত। যদিও আমরা জানি, ইতিপূর্বে যে কোম্পানি ল ছিল, সেই ল-গুলি আলোচনা ক'রে পূর্বতন আইনের পরিবর্তন ঘটিয়ে এই কো-অপারেটিভ বিল, ১৯৭৩-এ আনা হয়েছে। সেখানেও দেখছি কোম্পানি ল-তে বলা হয়েছে ডাইরেকটরস ইমলিউ-মেন্টস, ডিরেকটরদের কার্যকলাপ স্টেট গভর্নমেন্ট দ্বারা নিয়ন্ত্রিত হবে, তেমনি এখানেও বলা আছে, রেজিস্ট্রার যদি অন্যায় কাজ করে, রেজিস্ট্রার যদি জনশক্তিবিরোধী কাজ করে, অবৈধ কাজ করে, রেজিস্ট্রার যদি সরকারী নীতিবিরুদ্ধ কাজ করে, রেজিস্ট্রার যদি কোন কার্যকলাপে প্রতিবন্ধকতা সৃষ্টি করে নিশ্চিতভাবে সেখানে একটা কথা আছে দি গভর্নমেন্ট ক্যান ইনস্টিটিউট এ কো-অপারেটিভ ট্রাইব্যুনাল সেইজন্য আমি বলছি, গভর্নমেন্ট ক্যান ইনস্টিটিউট এ কো-অপারেটিভ ট্রাইব্যুনাল--রেজিস্টারের কার্যকলাপে বাধা সৃষ্টি করতে ইন অর্ডার টু পুট এ চেক অন দি অ্যাকটিভিটিস অব দি রেজিস্ট্রার। এই বিলের মধ্যে যে একটা প্রভিসন আছে যে গভর্নমেন্ট ক্যান ইনস্টিটিউট এ কো-অপারেটিভ ট্রাইব্যুনাল তাই আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাব, তিনি এই বিলের মধ্যে এই যে প্রভিসনটা রেখেছেন, অবিলম্বে তিনি সেটা বাস্তবে রূপায়িত ও কার্যকর করুন। পশ্চিমবাংলার বিধানসভার সভ্য ও এক্সপার্টদের নিয়ে তিনি যেন এই কো-অপারেটিভ ট্রাইব্যুনাল গঠন করেন এবং তাদের কাজ হবে রেজিস্ট্রার যেন কোন জনস্বার্থবিরোধী কাজ না করতে পারে, রেজিস্ট্রার যেন মালটি-মিলিয়নিয়ার-এ পর্যবসিত না হতে পারে, রেজিস্ট্রার যেন প্রগতিমূলক কার্যকলাপে কোন বাধা সৃষ্টি না কবতে পারে; রেজিস্ট্রার যেন সমবায়ের সাম্যমৈত্রীর প্রকৃত আদর্শ হয়, রেজিস্ট্রার যেন জনসাধারণের অর্থনৈতিক স্বার্থসাধনের উদ্দেশ্যে সমবায় গঠনে বাধা সৃষ্টি করতে না পারে, সেইজন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে বিশেষভাবে অনুরোধ জানাবো, তিনি যেন অবিলম্বে বিভিন্ন এক্সপার্ট ও লেজিসলেটিভ অ্যাসেম্বলী মেম্বারদের নিয়ে এই কো-অপারেটিভ ট্রাইব্যুনাল গঠন করে রেজিস্ট্রারের কার্যকলাপের প্রতি জনসাধারণের যে আতঙ্ক, সেই আতঙ্ক তাদের মন থেকে নিরসন করতে পারেন, এই তাঁর কাছে আমার ফার্স্ট রিকোয়েস্ট এবং তাঁকে আরো বলছি--তা না হ'লে কিন্তু আমলাতন্ত্রের যে বাধা তাতে আইনের এত কথা, এত কচকচানি--সমস্ত কিছু বানচাল হয়ে যাবে, সমস্ত কিছু ব্যর্থতায় পর্যবসিত হবে এবং আমাদের সমবায় আন্দোলন দীর্ঘদিন ধ'রে ১৯০৪ সাল থেকে সরকারী প্রচেষ্টায় সরকারী তত্ত্বাবধানে ভারতবর্ষের বুকে প্রথম সমবায় আন্দোলন সৃষ্টি ১৯০৪ সালের আইন দ্বারা। তারপর ১৯০৪ সাল থেকে ১৯৬৯ সাল এবং ১৯৪০ থেকে ১৯৭৩ সাল--এই ৩৩ বছর ধ'রে সমবায় আন্দোলন এখানে বিফল হয়েছে, সমবায়ের যে মূল কথা তা সম্পূর্ণ ব্যর্থ হয়েছে।

আমি মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করতে চাই, সমবায় আন্দোলন মানে এই নয় যে, কেবলমাত্র কতকগুলি কো-অপারেটিভ সোসাইটিস করবো, সমবায় আন্দোলন মানে এই নয় যে, কতকগুলি কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে লক্ষ লক্ষ টাকা, কোটি কোটি টাকা কৃষক এবং কুটির শিল্পীদের স্বার্থে দান করবো--এটা হতে পারে না। আমাদের দৃষ্টিভঙ্গি কি? এই সম্পর্কে আমাদের অ্যাপ্রোচ ইন ওয়েস্ট বেঙ্গল কি? এ সম্পর্কে আজ পাবলিক সেন্টিমেন্ট কি তা বুঝতে হবে। সমবায়ের যে মূল শব্দ অর্থ, তা হ'ল সাম্য, মৈত্রী, সহযোগিতা, প্রীতি সহকারে অর্থনৈতিক স্বার্থ সাধনে আমরা সবাই মিলিত হয়ে সমবায় সমিতি গঠন করছি। কিন্তু সেই অ্যাপ্রোচ আমাদের নেই, সেই সেন্টিমেন্টও আমাদের নেই, সেই দৃষ্টিভঙ্গিও আমাদের নেই, সেই সেট আপও আমাদের নেই, সেই কো-অপারেটিভ এডুকেশনটাও আমাদের নেই। তাই যতদিন পর্যন্ত না ব্যাপকভাবে সেই সমবায়ী শিক্ষার উপযুক্ত প্রসারের উপযুক্ত ব্যবস্থা সারা পশ্চিমবাংলার শহরে, নগরে, পল্লীতে, গ্রামে-গঞ্জে ছড়িয়ে না দিতে পারছি, যতদিন না পশ্চিমবাংলার নিরক্ষর গ্রামবাসীদের মনের মধ্যে গোষ্ঠীগত স্বার্থপরতার চিন্তার ঊর্ধ্বে

পেঁাছে একটা প্রকৃত সমবায়ী মনোভাব ও মানসিকতা সৃষ্টি করতে না পারছি, ততক্ষণ পর্যন্ত যতই সমবায় সমিতি গঠন করুন না কেন, ততদিন পর্যন্ত তিনি যতই লক্ষ লক্ষ টাকা, কোটি কোটি টাকা খরচ ক'রে গ্রামীণ অর্থনৈতিক উন্নতিসাধনের কথা বলুন না কেন, তার দ্বারা কিন্তু প্রকৃত উদ্দেশ্য সাধিত হ'তে পারে না, প্রকৃত উন্নতিসাধনও হতে পারে না।

এই কো-অপারেটিভ বিলের মধ্যে যে সামান্য একটা কথা আছে কো-অপারেটিভ এডুকেশন—সেই কো-অপারেটিভ এডুকেশন যদি ব্যাপকভাবে প্রচার করে সেই মানসিকতা সৃষ্টি করা সম্ভবপর না হয়, তা হ'লে এই কো-অপারেটিভ বিলটা আইনের পাতার মধ্যে সীমাবদ্ধ থেকে যাবে। যেমন ১৯০৪ সালের পর থেকে ১৯৭৩ সাল পর্যন্ত ভারতবর্ষের সমবায় আন্দোলন ব্যর্থ হয়েছে, তেমনি ব্যর্থতায় পর্যবসিত হবে। সেই জন্য আমি বলছিলাম, ইফ কো-অপারেশন ফেলস্, ফিউচার অব দি ভিলেজেস উইল ফেল। সমবায় ব্যর্থ হ'লে পশ্চিমবাংলার গ্রামীণ ভবিষ্যৎও ব্যর্থ হ'তে বাধ্য। ঠিক তেমনি আজ বিলের মধ্যে যে পশ্চিমবাংলার উজ্জ্বল গ্রামীণ ভবিষ্যতের কথা বলা হয়েছে, তা পুরোপুরি ব্যর্থ হয়ে যাবে। তাই আপনার কাছে অনুরোধ জানাচ্ছি যে, আমলাতন্ত্রের নির্দিষ্ট পথে যাতে আমাদের এগিয়ে যেতে না হয়, আমলাতন্ত্রের উপর পুরোপুরি অসহায়ভাবে আমাদের যাতে নির্ভরশীল না হতে হয়, যাতে আমলাতন্ত্রের উপর একটা চেক আপ থাকে, সেই জন্য অবিলম্বে একটা কো-অপারেটিভ ট্রাইব্যুনাল গঠন করুন।

[4-10—4-20 p.m.]

আমলাতন্ত্রের উপর পুরোপুরি অসহায়ভাবে নির্ভরশীল হতে না হয়, আমলাতন্ত্রের উপর চেক-আপ থাকা দরকার। সেইজন্য কো-অপারেটিভ ট্রাইব্যুনাল করুন এবং ভিজিলেন্স আই রাখুন এবং এমন ব্যবস্থা করুন যাতে রেজিস্ট্রার তার স্বেচ্ছাচারী কার্যকলাপ চালাতে না পারে এবং এইভাবে সমবায় আন্দোলনকে অগ্রগতির পথে এগিয়ে যেতে সাহায্য করুন। এই সকল ব্যবস্থাগুলো অবিলম্বে নেওয়া হ'লে পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলন সফল হবে, সঠিক হবে, নতুবা এতদিন যেমন ব্যর্থতার নাগপাশে আবদ্ধ ছিল এটাও ব্যর্থ হতে বাধ্য। এইটুকু জানিয়ে বিলটাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীক্ষান্তিরঞ্জন চ্যাটার্জি: শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আজকে সমবায়মন্ত্রী যে বিল এনেছেন সেই বিলকে সমর্থন জানাচ্ছি। এই বিলের উপর আলোচনা গত কয়েকদিন ধ'রে চলেছে এবং বিলের আলোচনার মাধ্যমে বিভিন্ন বক্তা বিভিন্ন কথা বলেছেন। তার মধ্যে মুখ্য কথা একটা বলেছেন, বিলটা সিলেক্ট কমিটিতে দেওয়ার কথা। কিন্তু এই সরকার গঠিত হওয়ার পর থেকে বহুবার আলোচনা করেছি এবং শুনেছি বাংলাদেশের আর্থিক সংকট দূর করার জন্য সকলের একমত, সমবায় ভিত্তিতে চললে আমাদের বেকার সমস্যা অনেকখানি দূর করা যায় এবং আমাদের কৃষিভিত্তিক অর্থনৈতিক তথা কৃষককে সাহায্য করার জন্য সমবায় একান্ত প্রয়োজন এবং সমবায়ের বর্তমানে যে নিম্নগামী অবস্থা তাকে উদ্ধার করার জন্য সমবায়মন্ত্রী যে বিল এনেছেন তাকে স্বাগত জানাচ্ছি। দীর্ঘদিন ধ'রে দেখছি আজ পর্যন্ত সমবায় একই অবস্থায় রয়েছে, কার্যকর পন্থা কিছু হয় নি। স্বাধীনতার পরে ১৯৫২ সাল থেকে যে সরকার গঠিত হয়েছে তারা সমবায়ের প্রতি লিপ সিমপ্যাথি দেখিয়ে গিয়েছে। আজকে সমবায় আইনের ত্রুটি বিচ্যুতি দেখিয়ে কিছু করা যাবে না। একদল বলেছেন সিলেক্ট কমিটিতে যাওয়ার কথা, সিলেক্ট কমিটিতে গেলে এটা ভালভাবে আলোচনা করা যেতে পারে। কিন্তু আমি মনে করি, যে বিল আনা হয়েছে এটা অভিজ্ঞতার মাধ্যমে আনা হয়েছে এবং চিন্তাশক্তির মাধ্যমে যে বিল এসেছে প্রস অ্যান্ড কোন্-তে কার্যক্ষেত্রে আরও অনেক ফ্যাকটার রয়েছে। আমি নিজে কিছুদিন কো-অপারেটিভের সাথে রয়েছি এবং এটা সত্য যে সমবায় আন্দোলন ব্যর্থ হয়েছে সরকারের উদাসীনতার জন্য। আমি আরও একটা জিনিস উইথ ডিউ রেসপেক্ট জানাচ্ছি কোন মন্ত্রীকে আগে দেখিনি বর্তমান সমবায়মন্ত্রীর মতো উৎসাহ নিতে। আমি বিল আসার আগে কিছু দিন ধ'রে সমবায়মন্ত্রীর সাথে আলাপ-আলোচনা করেছি এবং তাঁর উৎসাহ বিশেষভাবে লক্ষ্য করেছি। বারাসাত সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক নিয়ে আমাদের উদ্বিগ্নতা ছিল। কিন্তু সমবায়মন্ত্রীর হস্তক্ষেপে উৎসাহ-উদ্দীপনার সৃষ্টি হয়েছে। আমাদের দেশে জনসাধারণের তরফে এবং সরকারের তরফে টাকা দেওয়া হয়, কিন্তু দেখা যায়

অন্য রকম। টাকা ফেরত দেওয়া হয় না। বারাসাত কো-অপারেটিভ সেন্ট্রাল ব্যাঙ্ক এবং সেখানকার বারাসাত সাবডিভিসানের প্রতিনিধিদের চেষ্টায় টাকা প্রায় ৪০ পারসেন্টের মতো রিয়েলাইজেসান হয়েছে। আমি বলবো যে বিল এনেছেন তা অবিলম্বে কার্যকর করার চেষ্টা করতে। যদি কোন অসুবিধা দেখা দেয় পরে সরকার তা সংশোধন ক'রে নেবেন। একটা জিনিস মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করবো, ইটার্নাল ভিজিলেন্স ইজ দি প্রাইস অব লিবার্টি। সুতরাং সমবায়ের দিকে ঠিকমতো দৃষ্টি দেওয়া হয় নি। আমি নিজে জানি সমবায় অফিসে গিয়ে মঞ্জুরী ক'রে সই ক'রে নিয়ে আসা টাকা নিজেদের মতো ক'রে কাগজপত্র ঠিক করেছে। সমবায়ের জন্য প্রতি ব্লকে অফিসার দেওয়া হয়েছে। আমার মনে হয় তিনি যদি এমন করতে পারেন যে, নয় মাস ছয় মাস পরে তিনি সমবায়মন্ত্রী হয়ে সরকারী কর্মচারীদের খাতাপত্র দেখবেন এবং যেখানে সমবায় ধ্বংসের দিকে যাচ্ছে সেগুলি মন্ত্রিমহাশয়ের দৃষ্টিতে আনবেন এমন একজন উপরের স্তরের অফিসার থাকা দরকার। এবং আমরা যাতে ওয়াকিবহাল ক'রে দিতে পারি তার জন্য আমাদেরও দৃষ্টি দিতে হবে। এই কলকাতায় দেখা যাচ্ছে মোটর ট্রান্সপোর্ট ব্যাপারে যে সমস্ত ডিলার্স অ্যাসোসিয়েসন টায়ার ডিস্ট্রিবিউসন করছেন সেগুলি যদি সমবায়ের মাধ্যমে ডিস্ট্রিবিউট হত, তা হ'লে সেগুলি নিয়ে ব্ল্যাক মার্কেট হত না, এবং তাতে দেশে সমবায় প্রসারতা লাভ করতে পারতো। আমাদের জীবনের বহু ক্ষেত্রে সমবায়ের পরিপূর্ণ সুযোগ রয়েছে। শুধু বেকার সমস্যা সমাধান নয়, চাষীদের টাকা দেওয়া, না দেওয়া এবং আগামী দিনে লোনের ব্যবস্থা করার দায়িত্ব ইত্যাদি যথেষ্ট সুযোগ রয়েছে। তাই আমি বলবো, মাননীয় মন্ত্রিমহাশয় যা করেছেন, এটা একটা বলিষ্ঠ পদক্ষেপ ব'লে মনে করি। এই বিল যাতে কার্যকর করা যায় তার চেষ্টা তিনি নিশ্চয় করবেন ব'লে আশা করি। অবশ্য বিভাগে অধিক কর্মচারী নিয়ে অন্তত এমনভাবে কাজগুলি ভাগ ক'রে দেওয়া হোক যাতে সেটা ভায়েবল হয়। এই সমস্ত কর্মচারী লাগিয়ে যাতে সমাজে সমবায় একটা দৃষ্টান্ত রেখে যায়। আর একটি কথা আমার পূর্ববর্তী বক্তা বলেছেন যে, অফিসিয়ালদের তরফ থেকে আত্মপ্রণোদিত হয়ে সেখানে কাজ করেন তার ব্যবস্থা করতে। এটা অবশ্যই ঠিক, কারণ বহু উদ্দেশ্যে এই আইন আমরা করতে যাচ্ছি। সেখানে আইনের দৃষ্টিভঙ্গির দিক থেকে যদি সময় নষ্ট হয়ে যায়, তা হলে যে উদ্দেশ্য নিয়ে মন্ত্রিমহাশয় বিল এনেছেন যে সমাজে সমবায়ের মাধ্যমে গরিবী হটাবেন, বেকার সমস্যা সমাধান করবেন, তা হ'লে সে সমস্ত প্রচেষ্টা ব্যর্থ হয়ে যাবে। আমি মনে করি এই সমবায় বিলটি হচ্ছে একটি অঙ্কুর। এই অঙ্কুর একদিন লতাপাতাপূর্ণ বটবৃক্ষ হয়ে সমাজ জীবনে অনেকখানি অর্থনৈতিক উন্নতি করতে সক্ষম হবে। এই ব'লে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীভবানীশংকর মুখার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মন্ত্রিমহাশয় যে ৩১নং বিল ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটি বিল এনেছেন তার জন্য আমি তাঁকে শুধু অভিনন্দন করলে ছোট কথা বলা হয়, তিনি সুচিন্তিতভাবে পশ্চিমবঙ্গে কো-অপারেটিভ মুভমেন্টকে নতুন চিন্তাধারায় কি ক'রে কাজে লাগানো যায় তার জন্য তিনি চিন্তা করছেন। যে সমস্ত সদস্যরা গেজেটের ১০০০ পাতা এবং ১০০১ পাতা ভাল ক'রে পড়েছেন তাঁরা বুঝতে পারবেন যে, কো-অপারেটিভ মুভমেন্টকে জোরদার করার জন্য তিনি কত বেশি চিন্তা করেছেন। এই বিলে আগেকার দুর্বলতা যা প্রকাশ পেয়েছিল তার উপর তিনি কতটা নজর দিয়েছেন। সেইজন্য আমি বিশেষভাবে বলতে চাচ্ছি যে, এটা শুধু একটা খুব গুরুত্বপূর্ণ নয়, আমি মনে করি যে, এটা সবাইয়ের খুবই উপকারে আসবে। আরও একটা ইমপর্টেন্ট কথা হচ্ছে, পশ্চিমবংগ সরকারের এতগুলি সাবজেক্ট ছিল, কিন্তু সব কিছুর চেয়ে এই বিলে চারদিন সময় দিলেন কেন? নিশ্চয় এটা গুরুত্বপূর্ণ একথা মন্ত্রিমহাশয় সরকারকে বুঝাতে পেরেছেন, তবে তো সময় পেয়েছেন।

[4-20—4-30 p.m.]

যাই হোক, আমি এর মধ্যে আলাদা আলাদা করে ডিটেলসে যাব না, আমি শুধু যেগুলি দেখেছি সেগুলি সম্বন্ধে বলব। যেমন, একটা নতুন আইটেম হচ্ছে, ট্রান্সপোর্ট কো-অপারেটিভ-এর চিন্তাধারা। এর সঙ্গে আরো একটা জিনিস মাননীয় মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দেব সেটা হচ্ছে এরিয়া রি-অর্গানাইজেসান করার দরকার অ্যাকর্ডিং টু পাবলিক ডিমান্ড। আগে যেমন

গ্রামাঞ্চলে ব্লক অনুযায়ী এবং শহরাঞ্চলে ওয়ার্ড অনুযায়ী ছিল সেইভাবে করলে হবে না, কেননা আমার নিজের অভিজ্ঞতায় আমি বলতে পারি—এক্সপিরিয়েন্স একটা মস্ত বড় জিনিস। আমি গত ১০/১৫ বছরে ২৫টা কো-অপারেটিভ স্টার্ট করেছি, সেইজন্য বিশেষ ক'রে বলছি, এরিয়া রি-অর্গানাইজেসান এটা অ্যাকর্ডিং টু পাবলিক ডিমান্ড বিশেষ ক'রে করা দরকার। তারপর ভেস্টেড ইন্টারেস্টেড পারসনদের সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয়ের চিন্তাধারার আমি প্রশংসা করি। এদের সম্বন্ধে যেভাবে তিনি চিন্তা করেছেন সেটা দেশকে ভালবাসলে বা দেশকে গড়তে চাইলে তবেই এই ধরনের চিন্তা করা যায়। তারপর আর একটা জিনিস মন্ত্রিমহাশয়ের জ্ঞাতার্থে বলছি সেটা হচ্ছে, ইন্টারলেন্ডিং অব কো-অপারেটিভ ফান্ডস্। আমার জীবনে একটা ঘটনা ঘটেছিল, একটা পোস্টাল কো-অপারেটিভ যেটা স্টার্ট করেছিলাম হুগলি ডিস্ট্রিক্টে সেখান থেকে ৩ লক্ষ টাকা একটা কনজিউমার কো-অপারেটিভকে একটা পার্টিকুলার বিজনেসের জন্য দেবার দরকার হয়েছিল, কিন্তু আইনে আটকে গেল। তারা দিতে রাজী, আমরাও পুরো ইন্টারেস্ট দিতে রাজী, কিন্তু আইনে নেই, হ'ল না। এ বিষয়টা বিশেষ ক'রে মন্ত্রিমহাশয়কে ভেবে দেখতে অনুরোধ করছি। কো-অপারেটিভ সম্বন্ধে রিজার্ভ ব্যাঙ্ক আজকের দিনে খুব লিবার্যাল হয়েছেন, কো-অপারেটিভের ভেতরেও সেই রকম লিবার্যাল ভিউ আনতে হবে। অবশ্য সেটা করতে গিয়ে যেন চোর জোচ্চরের হাতে না পড়ি সেটাও দেখতে হবে; পাবলিকের টাকা যাতে নষ্ট না হয় সেটাও আমাদের দেখতে হবে। সেইজন্য অসমঞ্জবাবু ও কান্তিবাবু যে কথা বলেছেন সেটাকে সাপোর্ট ক'রে বলছি যে, বিশেষ ক'রে ভিজিলেন্স রাখার দরকার। কো-অপারেটিভ মানেই পাবলিকের টাকা, সেই টাকা যেন স্কোয়ান্ডার্ড না হয়, সেসব দিকে লক্ষ্য রেখে লিবার্যাল ভিউ আনতে হবে যেটা রিজার্ভ ব্যাঙ্ক অ্যালাউ করেছে ছোট ছোট কমার্সিয়াল ব্যাঙ্ককে। এই কো-অপারিটেভের মধ্যে কালেকটিভ ফার্মিং করবার জন্য যাতে কো-অপারেটিভ এস্টাবলিশ করা যায় সে কথা এর মধ্যে মেনসান রয়েছে। এটা দেশের পক্ষে অত্যন্ত সুচিন্তিত জিনিস। এটা করতে গিয়ে দেখা যাচ্ছে অনেক লোক বহু রকম চিন্তা করেছেন কাজেই এ সম্বন্ধে আমাদের দেখা দরকার, কারণ

Utilisation of co-operative system amongst the people, amongst the public in general is very much needed—

সেকথা আমাদের দলের লোকেরা বলেছেন।

আমি বেশি কিছু বলতে চাই না, আমি শুধু এটাকে ওয়েলকাম করবো না, আমি শুধু এই বিলকে স্বাগত জানাবো না, আমি অন্তরের সঙ্গে চাই যে, পশ্চিমবঙ্গের লোকেদের সত্য সত্য সাহায্য করতে গেলে কো-অপারেটিভ হচ্ছে একটা প্রধান অঙ্গ, এই কো-অপারেটিভ মুভমেন্ট যাতে ভাল ভাবে হয়—এই আশা রেখে এবং আমার আন্তরিক অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুব্রত মুখোপাধ্যায় (কাটোয়া): মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় যে ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটি বিল যেটা আমাদের মাননীয় সমবায়মন্ত্রী মহাশয় এখানে পেশ করেছেন, আমি মনে করি যে, এই বিল হচ্ছে সত্যকারের সমবায়ের যে উদ্দেশ্য, সেই উদ্দেশ্য সফল হবার পথে নতুন ক'রে প্রেরণা যোগাবে এবং এই বিলের দ্বারা আতঙ্কগ্রস্ত এমন কিছু মানুষ আছেন, যাঁরা দীর্ঘদিন ধ'রে সমবায়ের নাম করে চুরি, জালিয়াতি, স্বজন-পোষণ ক'রে এসেছেন, তাঁরা আতঙ্কগ্রস্ত হবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে আমাদের যে বিরোধী বন্ধুরা আছেন, তাঁরা এই বিল সম্পর্কে আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছেন এবং এর বিরূপ সমালোচনা করছেন, আমি মনে করি এ'দের এই বিল সম্পর্কে কিছু ভীতি আছে। তাঁদের এই ভীতি এবং আতঙ্কের জন্য তাঁরা নেতিবাচক সমালোচনা করছেন। এই কথা নিশ্চয়ই আমরা স্বীকার করবো যে, আমাদের দেশ অত্যন্ত দরিদ্র দেশ, এখানে যে একচেটিয়া পুঁজিপতি আমাদের গ্রাস করতে চলেছে, তাকে যদি আঘাত হানতে হয়, তা হ'লে তার একমাত্র পথ হচ্ছে সমবায়ের মাধ্যমে মনুষকে উদ্বুদ্ধ করা। সঙ্গে সঙ্গে সমবায়ের মধ্যে এতদিন যে দুর্নীতি বাসা বেঁধে ছিল, সেই দুর্নীতির মুলোচ্ছেদ করা। এই বিলের মাধ্যমে সেই বাস্তুঘুঘু যারা স্বনামে বেনামে নিজেদের পরিবারের একাধিক লোককে নিয়ে সমবায় সমিতি ক'রে এসেছেন, আজকে আতঙ্ক জাগছে তাদের মনে, এই জন্য এই বিলকে আমি সমর্থন জানাচ্ছি। এই বিলের মধ্যে আমরা দেখেছি সমবায় সমিতিতে যে দুর্নীতির অভিযোগ আসে, সেই অভিযোগের বিচারের

কর্তা ছিলেন এ আর সি এস, আজকে সেই অপরাধ, সেই অভিযোগ সরাসরি পুলিসগ্রাহ্য অভিযোগ ব'লে গণ্য হবে। সরাসরি থানায় অভিযোগ করা যাবে এবং মাঝখানে যে বাধা ছিল সেই বাধা আজকে এই বিলের দ্বারা অপসারিত হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলকে অভিনন্দন জানাচ্ছি এই কারণে, এই বিলে বিভিন্ন যে দুর্বল সমবায় ব্যাংকগুলো ছিল, তাকে জোরদার করার জন্য অন্য সমবায় ব্যাঙ্কের সঙ্গে সংযুক্তিকরণের কথা আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই সংযুক্তিকরণের ব্যবস্থাকে সমর্থন করি, কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সংযুক্তিকরণের ব্যাপারে আপনার মারফত মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখবো, একটা দুর্বল ব্যাংককে সবল করার জন্য যেন আর একটা দুর্বলতর ব্যাঙ্কের সঙ্গে সংযুক্তিকরণ না করা হয়, যেন সত্যকারের একটা সবল সুস্থ সমবায় ব্যাঙ্কের সঙ্গে সংযুক্তিকরণ করা হয় বা সরাসরি প্রাদেশিক সমবায় ব্যাংকের সঙ্গে যুক্ত করা হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কালনা-কাটোয়া সমবায় ব্যাংকে যে অবস্থা এসে দাঁড়িয়েছিল, আমরা স্বীকার করি যে, সেখানে যারা পরিচালকমণ্ডলীতে ছিলেন তারা ব্যাড এবং ফিকটিসাশ ইনভেস্টমেন্ট ক'রে ঐ ব্যাঙ্কটাকে দেউলিয়া অবস্থায় নিয়ে দাঁড় করিয়েছিলেন। এই সমবায় ব্যাংককে আজকে চালু করার জন্য

[4-30—4-40 p.m.]

প্রস্তাব বিবেচনা করা হচ্ছে। বর্ধমান সমবায় ব্যাঙ্কের সঙ্গে সংযুক্তিকরণের যে প্রস্তাব সেই প্রস্তাবকে আমি অভিনন্দন জানাব এবং সেই সঙ্গে আমি একটা কথা বলব যে, আমানতকারীরা যে প্রস্তাব বা সাজেশন পাঠাবেন সেইগুলিকে বিবেচনা করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কালনা-কাটোয়া সমবায় ব্যাঙ্কের আমানতকারীরা সেখানে প্রস্তাব যথারীতি পাঠিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই বিলের আলোচনা প্রসঙ্গে আমি আশা করব, আপনার মারফত সমবায় মন্ত্রীর কাছে যে, আমানতকারীদের যে প্রস্তাব তিনি পাঠাতে বলেছিলেন, সেই সম্পর্কে আমানতকারীরা যথারীতি প্রস্তাব পাঠিয়েছেন, তিনি যেন সেই প্রস্তাবগুলি যথাযথভাবে সহানুভূতির সঙ্গে বিবেচনা করেন। যদি আজকে প্রস্তাবগুলি সহানুভূতির সঙ্গে বিবেচনা না করা হয় তা হ'লে তাদের প্রস্তাব পাঠাতে বলা নিরর্থক হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সংযুক্তিকরণের প্রাক্কালে যে মোরেটোরিয়াম ঘোষণা করা হয়েছে, তাতে আমরা বলেছি যে, এই কালনা-কাটোয়া সমবায় ব্যাঙ্কের যারা প্রাইভেট ডিপোজিটর, তাদের যে জমা আছে সেই টাকার শতকরা ১০ টাকা ক'রে তারা তুলতে পারবেন, বাকি টাকা ১২ বছরের মধ্যে প্রোরেটা ভিত্তিতে যখন যেমন সম্ভব তাদের দেওয়া হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই কথা বলার জন্য আমার মনে হয় যারা আমানতকারী তাদের ভিতর একটা আতঙ্ক এবং ভীতির সঞ্চার হয়েছিল। তারপর সমবায়মন্ত্রী এই বিষয়ে বিধানসভায় আশ্বাস দেওয়ায় তারা মোটামুটিভাবে আশ্বস্ত হয়েছেন। তিনি আশ্বাস দিয়েছেন যে, আমানতকারীরা টাকা ফেরত পাবেন। তবে সংযুক্তিকরণেব অনুকূলে এই ব্যবস্থা ব্যাঙ্কে চালু করবার জন্য নেওয়া হচ্ছে। সমবায়মন্ত্রীর এই ঘোষণার ফলে মানুষের আতঙ্ক অনেক অংশে কমে গিয়েছে। কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ ক'রে বলতে চাই যে, এই কালনা-কাটোয়া সমবায় ব্যাঙ্ক লোন কালেকশন যে গুরুতরভাবে বাধা পেয়েছে, আমি আশা করি অচিরে এই ব্যবস্থার ফলে এই সমবায় ব্যাঙ্কের পক্ষে লোন কালেকশন করা সম্ভব হবে। আজকে এই বিল আলোচনার সময় আমি সমবায়মন্ত্রীর কাছে এই আবেদন রাখতে চাই যে, লোন কালেকশন একটা স্ট্যান্ডার্ড পজিশনে এনে দাঁড় করাতে হবে, যেন এই কালনা-কাটোয়া সমবায় ব্যাঙ্কের টাকাকে মোরেটোরিয়াম করা হয় এবং প্রস্তাবিত সমবায় ব্যাঙ্কের সঙ্গে সংযুক্ত করা হয়, এইগুলি আমানতকারীদের প্রস্তাব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বিলকে অভিনন্দন জানিয়ে বলছি যে, আমাদের বিরোধী বন্ধুরা এই বিলের নেতিবাচক সমালোচনা করছেন, তারা এই বিলকে খতিয়ে দেখেন নি। আজকে সমবায় আন্দোলনে যে বাস্তুঘুঘুদের বাসা রয়েছে, যারা সমবায় আন্দোলনকে উচ্ছেদ ক'রে দিলেন, যারা গরিব মানুষকে, খেটে খাওয়া মানুষকে ধাপ্পা দিয়ে এলো—একটা জিনিস আমাদের লক্ষ্য করতে হবে যে, সারা পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় কয়েকটি একই মানুষ বিভিন্ন সমবায়গুলির মাধ্যমে চুরি, জালিয়াতি, ফেরেববাজি করে আসছে, আজকে সেই মানুষগুলিকে এই বিলের মাধ্যমে আঘাত করা হচ্ছে। সমবায়মন্ত্রীর এই বলিষ্ঠ মনোভাবকে সাধারণ মানুষ স্বাগত জানাবে। যারা এই বিলকে সিলেক্ট কমিটিতে পাঠাতে বলেছেন, আমি

সেই বিরোধী বন্ধুদের বলি যে, পশ্চিমবঙ্গের মাঠে ময়দানে গিয়ে কান পেতে শুনুন, সাধারণ মানুষ এই বিলকে স্বাগত জানাচ্ছেন কিনা। এই বেলা, এখনো সময় আছে আশা করব, তাঁদের শুভবুদ্ধির উদয় হবে এবং আমাদের মাননীয় সমবায়মন্ত্রীর বলিষ্ঠ চিন্তাধারাকে তারা অভিনন্দন জানাবেন, এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয় যিনি এই সমবায় বিল উত্থাপন করেছেন তাকে শুধু ধন্যবাদই দিচ্ছি না, আমি মন্তব্য করছি তিনি বহুদিন রাজনীতি করছেন, অনেক ভাল কাজের সঙ্গে যুক্ত ছিলেন এবং এবার সমবায় বিল উত্থাপন ক'রে তিনি অন্যতম একটা শ্রেষ্ঠ কাজ করলেন। আমরা জনসাধারণের কাছে প্রতিশ্রুতি দিয়েছি আমরা একটা সমাজতন্ত্র আনব। ইন্দিরা গান্ধী প্রতিশ্রুতি দিয়েছেন গরিবী হটাবেন। কিন্তু আমরা জোর গলায় বলি পুঁজিবাদ, একচেটিয়া মুনাফাখোরদের হাত থেকে যদি দেশকে রক্ষা করতে হয়, তা হ'লে এটা অ্যাসেম্বলী বা ময়দানে গিয়ে বক্তৃতা করলে হবে না, এর জন্য প্রোগ্রাম চাই। আমরা মানি আমাদের দেশ দরিদ্র এবং শতকরা ৭০ ভাগ লোক দারিদ্র্যসীমার নিচে অবস্থান করে। এই সমস্ত মানুষকে সংগঠিত ক'রে যদি প্রতিষ্ঠিত করা হয়, তা হ'লে তা কি ভাবে করতে পারা যাবে তা চিন্তা করতে হবে। আমরা জানি সমবায় হচ্ছে তা র প্রথম পদক্ষেপ। আমরা ২৫ বছর ধ'রে অনেক ভাল ভাল কথা শুনেছি। কিন্তু সমবায় নিয়ে ছেলেখেলা হয়েছে। বর্ধমানে যখন মন্ত্রিসভা কেবিনেট মিটিং করতে গিয়েছিলেন, তখন বলেছিলাম, কো-অপারেটিভ যদি কার্যকর করা না যায়, তার জন্য যদি যোগ্য আইন প্রণয়ন করা না যায়, তা হ'লে জনসাধারণের প্রকৃত মঙ্গল করা যায় না। আমরা জানি সমবায় একটা প্রিন্সিপল, আমরা জানি "তেন ত্যক্তেন ভুঞ্জিথা"। আমরা মনে করি আগে ত্যাগ করতে হবে। গরিবী হটাবার কথা ব'লে নিজের বাসনা চরিতার্থ আগে করব, তা হ'লে কোন কাজই হবে না। সেই প্রিন্সিপল-কে মেনে নিয়ে গরিব জনসাধারণ কিভাবে সমবায়ের মাধ্যমে কাজ করান যায় তার জন্য চিন্তা করতে হবে। সেদিক থেকে এই বিলে একটা সুন্দর কথা আছে কো-অপারেটিভকে কিভাবে কাজে লাগান যাবে এবং সেখানে প্রোডাকসান পারপাস-এর কথা আছে। সমবায়ের কাছ থেকে কিছু স্বার্থান্বেষী লোক চাষের জন্য, ব্যবসার জন্য লোন সংগ্রহ ক'রে সেই দিকে টাকা না লাগিয়ে অন্য কাজে লাগাল। এটাই হচ্ছে চিরাচরিত নিয়ম এবং যার জন্য লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা প্রোডাকসন পারপাস-এ ব্যয় না ক'রে অন্য দিকে ব্যয় করা হয়েছে। অর্থাৎ এর সুযোগ কিছু দালালরা ভোগ করেছে, সাধারণ দরিদ্র মানুষ কো-অপারেটিভ থেকে কিছু লাভ করতে পারে নি। সেই দিক থেকে কো-অপারেটিভ কি ভাবে কার্যকর করা যায় বিভিন্ন ভাবে ক্লজ বাই ক্লজ সেসব ব্যাখ্যা তিনি করেছেন। সেজন্য এই বিল অত্যন্ত সুসমীচীন বিল।

Promotion of agricultural land, promotion of business and industries ইত্যাদি সব জিনিস কো-অপারেটিভ-এর মাধ্যমে করা সম্ভব এবং তা হ'লে বেকার সমস্যার সমাধান করা যাবে। আর একটা জিনিসের দিকে লক্ষ্য করতে বলছি সেটা হচ্ছে ডিস্ট্রিক্ট কো-অপারেটিভ ইউনিয়ন এবং স্টেট কো-অপারেটিভ ইউনিয়ন-এর ভেতরে দেখছি এর আগে কেবলমাত্র আমলাতন্ত্রের মাধ্যমে কো-অপারেটিভ চালু করার যে চেষ্টা করা হয়েছিল তাতে সমবায়ের মধ্যে একটা বিপর্যয় অবস্থা এসেছিল। আমরা তাই করেছিলাম, জনসাধারণকে উদ্বুদ্ধ

[4-40—4-50 p.m.]

করবার প্রেরণা, তাদের চাহিদা, তাদের সক্রিয় ভূমিকাকে অগ্রাধিকার দেবার জন্য যে প্রচেষ্টা সেটা আগেই এসেছিল, কিন্তু সমস্ত সরকারী লেভেল, সমস্ত সরকারী প্রশাসন সরকারের সমস্ত উদ্যোগকে ব্যর্থ ক'রে দিয়েছিল। আজকে স্টেট কো-অপারেটিভ ইউনিয়নের মাধ্যমে টু স্প্রেড এডুকেশান অন কো-অপারেটিভ প্রিন্সিপলস অ্যান্ড প্র্যাক্টিসেস করা উচিত। কো-অপারেটিভ কি? কো-অপারেটিভ কিভাবে কার্যকর হবে, আইনের জটিলতার বাইরে গিয়ে কো-অপারেটিভকে সত্যিকারের কার্যকর ভূমিকায় কি করে নিয়ে আসা যায় আজকে আইনের ভেতর তা স্পষ্টভাবে বলা আছে। আজকে এই যে বিভিন্ন কো-অপারেটিভ, ইঞ্জিনিয়ার্স কো-অপারেটিভ ডিপ্লোমা-হোল্ডার্স ইন এনি ব্রাঞ্চ অব ইঞ্জিনীয়ারিং, টেকনোলজি, সায়েন্স, কমার্স আর্টস্ অর এগ্রিকালচার, এদের নিয়ে কো-অপারেটিভ করবার জন্য উদাত্ত আহবান জানান

হয়েছে এই বিলের মধ্যে, আমরা তাকে স্বাগত জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে বিলটা এনেছেন তার মধ্য দিয়ে আজকে শিক্ষার মাধ্যমে বা বিভিন্ন কার্যকর প্রোগ্রামের ভেতর দিয়ে যে জিনিসটা আমাদের সামনে তুলে ধরতে চেয়েছেন আমি সে সম্বন্ধে হুঁশিয়ার বাণী দিতে চাই যে, এই যে কো-অপারেটিভ ল তৈরি হয়েছে এটা কাগজে কলমে ফাইল চাপা থাকলে উদ্দেশ্য সিদ্ধ হবে না। একটা আইন বৈপ্লবিক আইনে পরিণত হতে পারে যার ভেতর দিয়ে একটা সরকারের সদিচ্ছা, প্রতিশ্রুতি প্রতিফলিত হতে পারে যদি সেই আইনকে ভালভাবে কার্যকর করা যায়, কিন্তু সেই আইনকে কার্যকর করবার জন্য যে মেশিনারী আছে সেই মেশিনারীর কোন রকম অদল-বদল হয়েছে কিনা সেটার দিকে তাকিয়ে দেখার দরকার আছে। আজকে এই যে আমালাতন্ত্র যাদের বিরুদ্ধে অভিযোগ ক'রে এসেছি, তাদের কাছে যদি প্রতিকার চাইতে যাই, তা হ'লে তার চেয়ে বড় আহাম্মকির কাজ আমরা যারা কো-অপারেটিভে বিশ্বাস করি তাদের কাছে আর কিছু হতে পারে না। কাজেই আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, এতদিন যে ভুল আমরা করে এসেছি সেই ভুল আর যেন আমরা না করি। ভাল ভাল কথা এর আগেও অনেক বলা হয়েছে, কিন্তু কার্যকর করতে গিয়ে দেখা গেছে যাদের মাধ্যমে কার্যকর করা হয়েছে তারা তাতে বিশ্বাসী নয়। এই যে আমলাতন্ত্র, প্রশাসনচক্র যা ইংরাজ আমলের সৃষ্টি, তাদের চেষ্টা ডিসেন্ট্রালাইজেসান নয়, তাদের চেষ্টা সেন্ট্রালাইজেসান। কো-অপারেটিভের মাধ্যমে সম্পূর্ণ ডিসেন্ট্রালাইজেশান করা যায় শুধু তাই নয়, সমস্ত রকম শক্তিকে উৎসাহকে বিকেন্দ্রীকরণ করা যায়। আজকে সি এম ডি এ-র মাধ্যমে কলকাতার উন্নয়ন করা হচ্ছে, কোটি কোটি টাকা এখানে ব্যয় করা হচ্ছে। কলকাতার উন্নতি হোক এটা আমরা চাই, কারণ, কলকাতা বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ নগরী, তার বিভিন্ন রকম সমস্যা আছে, সেই সমস্যা সমাধান করার জন্য কোটি কোটি টাকা ব্যয় করা হোক। কিন্তু আমি হুঁশিয়ারি দিতে চাই, এর দ্বারা সমস্যার সমাধান হতে পারে না। কারণ পশ্চিমবঙ্গের ৩৮ হাজার গ্রামে ৮০ লক্ষ লোক বাস করে, সেখানকার লোক যদি বাসস্থানের অভাবে, অ্যামিনিটিজের অভাবে, পথ-ঘাট, চিকিৎসা, স্বাস্থ্য, শিক্ষার অভাবে কলকাতায় চলে আসে, তা হ'লে ৫ বছর পরে আবার কলকাতা সেই রোগে ভুগবে। তাই এর প্রতিকারের জন্য গ্রামে গঞ্জে যেখানে ৮০ লক্ষ লোক বাস করে সেখানে আমাদের বিকেন্দ্রীকরণের ব্যবস্থা করতে হবে। গান্ধীজী বলেছিলেন, গ্রামে চল, রবীন্দ্রনাথ বলেছিলেন, ফিরে চল মাটির টানে, আমরাও গ্রামে ফিরে যাবার কথা বার বার বলেছি, কিন্তু তার জন্য কার্যকর পন্থা অবলম্বন করতে হবে। সেই গ্রামে যারা কাজ করে তাদের জন্য আমরা কি করতে পেরেছি? শত শত সাম্রাজ্যের ধ্বংসের উপর যারা কাজ করে তাদের জন্য আমরা কি করতে পেরেছি? তাদের জন্য শুধু বড় বড় বক্তৃতা দিলে হবে না। যারা একক ভাবে অত্যন্ত অসহায়, কিন্তু সামগ্রিকভাবে পরম শক্তিমান, অপ্রতিরোধ্য তার গতি, তাদের প্রতিষ্ঠিত করবার একমাত্র রাস্তা হচ্ছে এই কো-অপারেটিভ। আমরা সবুজ বিপ্লব চাচ্ছি, আমরা শিল্প বিপ্লব চাচ্ছি, আমরা সমাজতান্ত্রিক বিপ্লব চাচ্ছি, কিন্তু কি ক'রে হবে? যুক্তফ্রন্টের আমলে গলায় লাল রুমাল বেঁধে লাঠি, ছোরা, পাইপগান, বন্দুক, বোমা, টাঙ্গি নিয়ে বিপ্লব আনতে গিয়েছিল, কিন্তু পারে নি, সমাজতন্ত্র তার দ্বারা হয় না। রক্তক্ষয়ী সংগ্রামের দ্বারা, হিংসার মাধ্যমে সমাজতন্ত্র আসতে পারে না। সমাজতন্ত্রের ফান্ডামেন্টাল অর্থ হচ্ছে অহিংসা, প্রেম, মানুষকে ভালবাসা। মানুষের প্রতি ভালবাসা না থাকলে সমাজতন্ত্রের কোন অর্থ হয় না। আমরা হিংসার মাধ্যমে বিপ্লব আনতে চাই না। আমরা দরিদ্র, ভূমিহীন মানুষকে সঙ্ঘবদ্ধ করতে চাই এবং তার একমাত্র রাস্তার মাধ্যম হচ্ছে কো-অপারেটিভ। আজকে জনপ্রিয় সরকার যে জনপ্রিয় সমবায় আইন এনেছেন এবং বিধানসভায় অনুমোদনের জন্য রেখেছেন আমি মনে করি সেই নীতিকে কার্যকর করবার জন্য মাননীয় ডাঃ জয়নাল আবেদীন সাহেব যদি প্রশাসন যন্ত্রকে ঠিকমত সচল কবতে পারেন, তা হ'লে তিনি সফলকাম হবেন এবং তাঁর যে মনোভাব এই আইনের মধ্য দিয়ে প্রতিফলিত হয়েছে এবং পশ্চিমবঙ্গ সরকারের যে মনোভাব এর ভেতর দিয়ে প্রতিফলিত হয়েছে তাকে কার্যকর করবার জন্য তিনি যেন সর্বদা সজাগ থাকেন।

প্রশাসনের সঙ্গে তাল রেখে, সমতা রেখে যাতে অগ্রসর হতে পারে সেকথা বলছি। যে বিল আনা হয়েছে এটা ঐতিহাসিক বিল, বৈপ্লবিক বিল। আমি এই বিলের অনুমোদন ক'রে, এই বিলের সাফল্য কামনা ক'রে বক্তব্য শেষ করছি।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমবায়মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন আমি তাকে অকুণ্ঠ সমর্থন জানাতে উঠে সর্বপ্রথমে বলতে চাই এই বিল আনার উদ্দেশ্য পুরোপুরি বুঝতে গেলে আমাদের পেছনের দিকে যেতে হবে। ১৯৪০ সালে যখন সমবায় আইন করা হয়েছিল, সেদিন উদ্দেশ্য ছিল আমরা একটা কো-অপারেটিভ কমনওয়েলথ গ'ড়ে তুলতে পারব। আমরা আশা করেছিলাম এর মাধ্যমে আমাদের দেশের গরিব, নিঃস্ব মানুষদের অর্থনৈতিক বেদনা দূর করতে পারব। কিন্তু দেখা গেল শিব গড়তে গিয়ে বাঁদর গড়া হয়েছে। অর্থাৎ এমন সব লোক এসে গেলেন যাঁরা সমবায়ের নাম ক'রে নিজেদের তোষণ এবং পুষ্টি ছাড়া আর কিছুই করলেন না। ভারতবর্ষে এই সমবায় আন্দোলন শক্তিশালী নয়। তামিলনাড়ু, মহারাষ্ট্র এবং অন্ধ্রে সমবায় আন্দোলন গ'ড়ে উঠেছিল, কিন্তু পশ্চিমবাংলায় সেটা হ'ল না। বরং আমরা দেখলাম কিছু মানুষ এই সমবায় আইনের সুযোগ নিয়ে নিজেদের স্বার্থসিদ্ধি করলেন। এটা রোধ ক'রে সমাজের উইকার সেকসন অব দি পিপল যারা রয়েছে তাদের পুনর্গঠন করবার জন্য, তাদের অর্থনীতিকে আরও সুদৃঢ় করবার জন্য সমবায়মন্ত্রী যে বিল এনেছেন সেটার কথা আমাদের ভাবতে হবে এবং একথা আমাদের মনে রাখতে হবে এই বিলের মুখ্য উদ্দেশ্য হচ্ছে এত দিন ধ'রে সমবায়ীরা যে পূতিগন্ধময় আবহাওয়া সৃষ্টি করেছিল, এত দিন ধ'রে তাঁরা যে শোষণ করেছিল তাদের কি ক'রে কণ্ঠরোধ করা যায়। এই বিলে একটা কথা বলা হয়েছে যারা সমবায় আন্দোলন ক'রে নানা দোষে দুষ্ট হয়েছে তাদের নাম বাদ দিয়ে দেবেন এবং এর জন্য কোর্টের আশ্রয় নেওয়া যাবে না। বিরোধী পক্ষের মাননীয় সদস্যেরা তারস্বরে চীৎকার ক'রে বললেন, এটা কি ব্যাপার, কোর্টের আশ্রয় নেওয়া যাবে না? আইনের আশ্রয় নেওয়া যাবে না, একথা যে বলা হয়েছে তার উদ্দেশ্য হচ্ছে যাতে ক'রে ওই সমস্ত দুষ্টবুদ্ধিসম্পন্ন লোক আইনের সুযোগ নিয়ে সমবায় আন্দোলনকে ব্যাহত করতে না পারে। আমি মনে করি এটা সবচেয়ে বড় গণতান্ত্রিক ব্যবস্থা নেওয়া হয়েছে অর্থাৎ আইনের আশ্রয় নিয়ে মূল উদ্দেশ্যকে ব্যাহত করতে পারবে না। আমরা দেখেছি খুনীর আসামীর পক্ষেও উকিল দাঁড়ায় এবং উকিল এটা ভালভাবেই জানে যে, আসামী অপরাধী, কিন্তু তা সত্ত্বেও তাকে যীশু খৃষ্টের মত পবিত্র ব'লে উপস্থিত করে। ঠিক সেই রকম বিরোধী পক্ষ এটা ভালভাবেই জানেন যে, যে সমস্ত লোক রয়েছে তারা সমবায় আন্দোলনকে ব্যাহত করছে, তারা চেষ্টা করছে যাতে ক'রে এখানে সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা গ'ড়ে উঠতে না পারে, তবুও তাঁরা চীৎকার ক'রে এসব কথা বলছেন। তাঁরা এটা ভাল ক'রেই জানেন যাদের পক্ষে তাঁরা কথা বলছেন তারা অর্থাৎ এই সমস্ত সমবায়ীরা দুষ্টবুদ্ধিসম্পন্ন লোক এবং তারা সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা করতে চায় না।

[4-50—5-00 p.m.]

তারপর শীষ মহম্মদ সাহেব মেহগিনি কো-অপারেটিভের কথা বলেছেন, আমি বলি মেহগিনি কেন অনেক শাল সেগুন কো-অপারেটিভের কথা বের হবে। যেসব কো-অপারেটাররা অনেক সরকারী অর্থ এমনকি শেয়ারহোল্ডারদের অর্থ লুঠ করেছেন। এই লুঠের বিরুদ্ধে যেতে চাই ব'লেই তো এই আইন আনা হয়েছে। এই শাষকদের বিরুদ্ধে যেতে চাই ব'লেই তো এই আইন আনা হয়েছে। সবশেষে যে কথা বলতে চাই যে, যে কথা সমবায়মন্ত্রী বলেছেন যে উইকার সেকসান অব দি সোসাইটি এবং এডুকেশনালি, একনমিক্যালি অ্যান্ড স্যোসালি ব্যাকওয়ার্ড এইসব শ্রেণীর মানুষকে এই সমবায়ের মধ্যে নমিনেট ক'রে নিয়ে আসা হবে। অর্থাৎ আমাদের সমাজের যেসব উইকার সেকসান লোক আছে অত্যন্ত দরিদ্র মানুষ আছে তাদেরকে সমাজ গঠনের অংশীদার করার ইচ্ছা, সমাজতন্ত্রকে গ'ড়ে তোলার আকাঙ্ক্ষা এই বিলের মধ্যে রয়েছে। এই ইচ্ছা প্রকাশ করবার জন্য আমি সমবায়মন্ত্রীকে অভিনন্দন জানাব। আমি অনুরোধ করি, গ্রামের যে সব মানুষ জমি চাষ ক'রে এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটির নাম নিয়ে বড় বড় জোতদাররা সব টাকা পয়সা মেরে নিচ্ছে। আসুন আমরা এই আইনের সুযোগ নিয়ে গ্রামের দরিদ্র মানুষকে কেমন ক'রে টাকা দেওয়া যায়, সেই নিপীড়িত শোষিত মানুষদের নামে আমি আপনাদের কাছে অনুরোধ জানাচ্ছি, আসুন এক সঙ্গে সকলে মিলে এই আইনের সুযোগ নিয়ে সব মানুষের দুঃখ কেমন ক'রে দূর করা যায় তার চেষ্টা করি। সেই চেষ্টা করতে গিয়ে এই আইনে কোথাও যদি ত্রুটি থাকে, তা

হ'লে আবার তার সংশোধন করব। কেউ কেউ এই বিলকে সিলেক্ট কমিটিতে দেবার জন্য অনুরোধ করেছেন এবং জনমত সংগ্রহের কথা বলেছেন। আমি তাঁদের কাছে অনুরোধ করব এই পীড়িত মানুষদের নাম এই লাঞ্ছিত মানুষদের নামে, ঐ শোষিত মানুষদের নামে আপনাদের শুভ বুদ্ধির কাছে আবেদেন করব যে, আপনারা সিলেক্ট কমিটিতে নেবার জন্য যে প্রস্তাব করেছেন, সেটা প্রত্যাখ্যান করবেন এবং এই বিলকে সহজভাবে গ্রহণ করবেন এবং এই বিলকে কেমন করে কার্যকর করা যায় সেই দিকেই দৃষ্টি দেবেন। এই কথা ব'লেই এই বিলকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে উল্লেখ করতে চাই। স্পনসর্ড কলেজ এবং পলিটেকনিক এবং ডে-স্টুডেন্ট হোমে কর্মচারীরা সরকারী হারে বেতন এবং মহার্ঘভাতা পুনঃপ্রবর্তনের দাবিতে এবং অন্যান্য স্বীকৃত সরকারী হারে সুযোগ পাবার জন্য তারা খুব বড় একটা মিছিল ক'রে বিধানসভা অভিমুখে এসে এসপ্লেনেডে আটক আছে, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্পনসর্ড কলেজ স্বভাবতঃ সরকারীহারে কর্মচারীরা পাবার যোগ্য, এ বিষয়ে দয়া ক'রে আপনি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করুন।

শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমতঃ আমি একটা একটা কথা বলি যে, আমাদের দল বা আমরা এই বিলের সার্কুলেশনের জন্য কোন প্রস্তাব দিই নি। কারণ আমরা চাই আমাদের এই অধিবেশনেই এই বিলটা পাশ হোক। একথা মাননীয় মন্ত্রিমহাশয় জানেন এবং সমস্ত সদস্যদেরই জানার কথা। কারণ আমাদের প্রধান বক্তার পরশু এবং কাল এটা পরিষ্কারভাবে বলেছেন, তা ছাড়া মাননীয় মন্ত্রিমহাশয় নিজেই বলেছেন যে, এই বিল রচনা করা হয়েছে প্রধানতঃ ল কমিটি রিপোর্ট যেটা হয়েছিল তার রিকমেন্ডেশনকে ভিত্তি ক'রে। এখন এই ল কমিটি কে করেছিল বা কবে হয়েছিল। ১৯৬৯ সালে ল কমিটি হয়েছিল, আর করে-ছিলেন প্রাক্তন মন্ত্রী রেণু চক্রবর্তী. তিনি তখন কো-অপারেটিভের মিনিস্টার ছিলেন, এবং সেই ল কমিটি যাতে কাজ করে, তার জন্য রেণু চক্রবর্তী মহাশয়ার মন্ত্রিত্ব না থাকার জন্য, আমি বোধ হয় দু' মাসের জন্য সেই দপ্তরের ভার নিয়েছিলাম এবং তারপরে কানাই ভৌমিক মহাশয় মন্ত্রী হয়েছিলেন এবং আমরা সকলেই চেষ্টা করেছিলাম যাতে তাড়াতাড়ি এই আইনটা সংশোধন করতে পারি। কাজেই এই আইনটা ঢেলে সাজা তার মৌলিক সংশোধন এবং তার পত্তনটা আমরা সি পি আই-ই করেছিলাম।

একথা যদি অন্যান্য সদস্যরা মনে রাখেন, তা হ'লে একটু ভাল হয়। তবে আমাদের দুর্ভাগ্য যে, আমরা জুলাই, ১৯৬৯ সালে যে কমিটি বসিয়েছিলাম, সেই কমিটি রিপোর্ট দিলেন ১৯৭০ সালের জুলাই মাসে, এক বছর পরে, তার মধ্যে আমাদের গভর্নমেন্ট থাকল না, আমাদের গভর্নমেন্ট চলে গেল। তা না হ'লে এই বিল আপনার তিন বছর আগেই পেতেন। এবং সেটা আইনে পরিণত হত। সুতরাং যে কমিটি আমরা বসিয়েছি, সেই কমিটি যে রিকমেন্ডেশন করেছে, তার ভিত্তিতে এই যে বিল আনা হয়েছে, সেই বিলের বিরোধিতা আমরা করবো, একথা উঠতেই পারে না। আমি পড়লাম কাগজে, মাননীয় মন্ত্রিমহাশয় কোন সভায় নাকি বলেছেন— তিনি বলেছেন কিনা জানি না, আমরা নাকি এই বিলের বিরোধিতা করব। মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে, আমরা বিলের বিরোধিতা করছি না। আমরা কি চাইছি? আমরা চেয়েছি— এতদিন পরে যখন বিলটাকে ঢেলে সাজছেন—প্রথম ধারা থেকে শেষ ধারা পর্যন্ত, পুরানো আইনের বদলে যখন নূতন বিল আনছেন, সম্পূর্ণ নূতন একটা বিল আনছেন, তখন সেটা যদি কোন গুরুতর ত্রুটি থেকে যায়, তা হ'লে সেটা খুব ভুল হবে। খুচরা খাচরা অ্যামেন্ডমেন্ট হতে পারে, কিন্তু আইনটাকে সম্পূর্ণরূপে বদলিয়ে যখন নূতন আইন উপস্থিত করছেন, তখন সেটার মধ্যে গুরুতর কোন ত্রুটি রাখা উচিত নয়, যখন সেটা সংশোধন করার কথা উঠবে ইতিমধ্যে তখন গুরুতর ক্ষতি হতে পারে। সেজন্য আমরা কিছু পরিবর্তন চাইছি। আমরা কিছু ধারার সংশোধন চাইছি এবং কিছু নূতন ধারার সংযোজন চাইছি, এই বিলের ইম্প্রুভমেন্ট চাইছি, যে

ইম্প্রুভমেন্টগুলি আমরা মনে করছি ভাইটাল। সেগুলি না ক'রে সম্পূর্ণ নুতন বিল এই যে ৮৭ পৃষ্ঠার বিল এনেছেন, এটা করলে তা সম্পূর্ণ হবে না এবং তা ক্ষতিকর হবে। ধরুন ল কমিটি যে রিকমেন্ডেশন দিয়েছিলেন, তাতে মান্ত্রমহাশয় যে বিল এনেছেন, তাতে তিনি ১২টি ধারাকে বদলিয়েছেন, তার মধ্যে আমি স্বীকার করি যে, তিনটি ধারাকে বদলে তিনি ভাল করেছেন, ইম্প্রুভড করেছেন, কিন্তু নয়টি ধারা বদলে তিনি খারাপ করেছেন আমার মতে। দুই একটি সে সম্বন্ধে আমরা বক্তৃতায় উল্লেখ করেছি, মাননীয় মন্ত্রিমহাশয় তা নিশ্চয়ই নোট করেছেন। এই যে করাপ্‌শন এর ডেফিনিশন কি? করাপ্‌শন রোধ করলাম, কিন্তু তার উপযুক্ত ডেফিনিশন যদি না থাকে, তা হ'লে আইন ক'রে কি হবে? ফ্যামিলির ডেফিনিশন কি? ফ্যামিলির নাম ক'রে যেগুলি রাখবে, সেই ফ্যামিলির ডেফিনিশন কম্‌প্লিট করলেন না। এমন ফাঁক আপনি রেখে দিলেন, সেগুলি বন্ধ করতে চাইছি, সেই জিনিস ফাঁক দিয়ে এসে যাবে। তেমনি ধরুন অ্যাডমিনিস্ট্রেটার দেওয়া, এক বছর বড়জোর দু'বছর প্রপোজাল, আপনারা করেছেন পাঁচ বছর। দু'টি দিকেই বিপদ আছে, আমাদের মাঝখানে সামলিয়ে করার চেষ্টা করা উচিত। কি হচ্ছে? যে সমস্ত করাপ্‌ট ভেস্‌টেড, ইন্টারেস্ট দখল ক'রে রেখেছে তাদের হাত থেকে বার ক'রে নিয়ে গভর্নমেন্টের হাতে ক্ষমতা নিয়ে আসা দরকার অপর দিকে দেখা দরকার যত শীঘ্র সম্ভব ডিমোক্রেটিক প্রসেস যেন চালু ক'রে দেওয়া যায়। অফিসারদের হাতে পাঁচ বছর রেখে দেওয়া মানে আর একটা কায়েমী স্বার্থ সৃষ্টি করা। সুতরাং এক বছর থেকে দু' বছর, আপনারা সেটাকে করছেন পাঁচ বছর, তেমনি প্রিয়েম্বলে ডিমোক্রেটিক ফাংশনিং সম্বন্ধে যেগুলি ছিল তাতে আপনারা বদলেছেন, তা ছাড়া কর্মচারীরা, কর্মচারীরা এর সঙ্গে জড়িত হয়ে নানা দুর্নীতি করেছে। তারপর কর্মচারীদের মধ্যে মুভমেন্ট হয়েছে, আইনগত সংশোধন তারা চাইছে, হোল কো-অপারেটিভ মুভমেন্ট সংশোধন চাইছে, কারণ তারা সাফার করছে, কিছু কিছু কো-অপারেটিভ উঠে যাচ্ছে দুর্নীতির ভিতর দিয়ে। গতবারে আপনি বলেছিলেন বিভিন্ন গোষ্ঠীর স্বার্থ আপনি দেখবেন। আপনার বাজেট স্পীচে সেকথা রয়েছে, আমি দেখলাম। এখানে প্রেসিডেন্টের পাওয়ার দিয়ে দিচ্ছেন, ট্রান্সফারী আইনে। যে ব্যাঙ্ক থেকে ট্রান্সফার হয়ে যাচ্ছে, সেখানে যারা কর্মচারী ছিল এই ব্যাপারে তাদের

Transferee Banks may not allow any employee to continue in service.

তাদের সেখানে শোকজ্‌ করা হবে না, সেল্ফ ডিফেন্স দেবেন না। তাদের শোকজ্‌ করুন, সেল্ফ

[5-00—5-10 p.m.]

ডিফেন্স দিন। তার পরেও যদি মনে করেন, তাদের বাদ দিয়ে দিতে পারেন। শুধু ট্রান্সফারী ব্যাংকের হাতে পাওয়ার দিয়ে দিচ্ছেন। এই ক্ষমতাটা যদি আপনি নিজের হাতে রাখতেন, তা হ'লে না হয় বুঝতাম। তাদের আগেই আপনি ট্রান্সফারী ব্যাঙ্কের হাতে দিয়ে দিচ্ছেন। আর এ সম্বন্ধে উদাহরণ দিতে চাই না। অজিতদা ও ভূপাল পান্ডা মহাশয় এ'রা এর আগে এ সম্বন্ধে বিস্তারিতভাবে আলোচনা করেছেন, সমস্ত পয়েন্ট আলোচনা ক'রে বলেছেন, এটাও একটা কারণ। যে নয়টা ধারা আছে তাতে আপনি খারাপ দিকটা বদলিয়েছেন, সেগুলি পুনর্বিবেচনা করা উচিত। আমি অবশ্য একথা বলছি না, আমরা সমস্ত বিজ্ঞতার আধার আমরা যা বলবো তাই মেনে নিতে হবে, তা নয়। আমি চাচ্ছি, আবার এ সম্বন্ধে বিবেচনা করুন, আলোচনা করুন, দেখুন, এই বদলানটা ঠিক হয়েছে কি ভুল হয়েছে।

দ্বিতীয় কথা হ'ল এই যে, যতগুলি এনকোয়ারি কমিশন আমাদের পূর্ব ভারতের কো-অপারেটিভ মুভমেন্ট সম্বন্ধে বসেছে, তাঁরা সকলেই রিপোর্ট দিয়েছেন, যে রিজার্ভ ব্যাঙ্কই হোক, কো-অপারেটিভ এনকোয়ারি কমিটিই হোক বা এই স্টাডি টীম এসেছিল, তাঁরাই হোন—সকলের রিপোর্ট থেকে কয়েকটা কথা বেরিয়েছে, তার একটা হচ্ছে, কয়েকটা গোষ্ঠী বসে আছে তারা করাপসান করে কো-অপারেটিভকে নষ্ট ক'রে দিচ্ছে। দ্বিতীয় হচ্ছে, আইনের ভেতর যে গলদ আছে, তার সুযোগ তারা নিচ্ছে। তৃতীয় হচ্ছে, অ্যাডমিনিস্ট্রেটিভ মেশিনারীর মধ্যে এমন কিছু লোকের ক্যাল্যাসনেস রয়েছে, তারা ভাবছে কো-অপারেটিভ মুভমেন্ট ডুবছে ডুবুক, যেমন

চলছে চলুক, অথবা এমন কিছু সেকসান আছে যারা লিংকড আপ উইথ ভেস্টেড ইন্টারেস্টস, তারা ঐ ভেস্টেড ইন্টারেস্টদের সংগে জড়িত হয়ে কো-অপারেটিভ মুভমেন্ট-এর ক্ষতি করছে। আর চতুর্থ কথা হ'ল, পিপলস্, পার্টিসিপেশন নট এনসিউড। জনসাধারণের বাস্তবে কোন যোগদানের, অংশগ্রহণের বা গণতান্ত্রিক ফাংসানিং-এর কোন ব্যবস্থা এখানে নেই। এগুলো সমস্ত এনকোয়ারি কমিটির সর্ববাদিসম্মত ফাইন্ডিংস্। এখন যে কমিটি শ্রীমতী রেণু চক্রবর্তী বসিয়েছিলেন, সেই কমিটি প্রথম অ্যাটাক করতে চেষ্টা করেছিলেন ভেস্টেড ইন্টারেস্টদের ভিত্তিতে। আপনারাও যে তাই করেছেন, বেশ ভাল কথা। কিন্তু এই যে কয়েক বছর চলে গেল, এখন এটা বোঝা দরকার যে, এই সমস্ত কমিশনের ফাইন্ডিংস্ অনুসারে আপনারা নতুন আইন করছেন, আপনাদের এটা চিন্তা করার দরকার যে, এই ভেস্টেড ইন্টারেস্টদের বিরুদ্ধে আইনে যেমন ব্যবস্থা থাকা দরকার, তেমনি অ্যাডমিনিস্ট্রেটিভ মেশিনারী সম্বন্ধে তাঁরা যে মন্তব্য করেছেন, সে সম্বন্ধে সেফগার্ড থাকা দরকার, তেমনি যে পিপলস্ পার্টিসিপেসান-এর কথাটা ওসব চেয়ে বড় ক'রে বলেছেন সমস্ত কমিশন, সেই রিপোর্ট পার্টিসিপেসান কী ক'রে আপনারা গ্যারান্টিড্ করবেন? তারও ব্যবস্থা এখানে থাকা দরকার। আমাদের যা মেন পয়েন্টস্ তা অজিতদা ও ভূপাল পান্ডা মহাশয় আরো অন্যান্য পয়েন্টস্ ভালভাবে পূর্বে ব'লে গেছেন। আমাদের অনেক বন্ধু কো-অপারেটিভ বদলাবার সংগে সমাজবাদের কথাও বলেছেন। কো-অপারেটিভ আইন বদলালে সমাজবাদ প্রতিষ্ঠা হয়ে যাবে, তা নয়। কিন্তু তাঁরা যদি চান যে কো-অপারেটিভ মুভমেন্ট সমাজবাদ প্রতিষ্ঠার একটা হাতিয়ার হোক, তা হ'লে আমি জানতে চাই কী ক'রে তা হবে? সেটা আপনার আইন দ্বারা শুধু হবে না। এজন্য মুভমেন্ট চাই, আন্দোলন চাই। কিন্তু আইনে তার কী প্রভিশন আছে? ১৯৬১ সালে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার রিপোর্টে পরিকল্পনা কমিশন বলেছিলেন যে, কো-অপারেটিভকে যদি সাকসেফুল করতে হয়, তা হ'লে পুওর, স্মল অ্যান্ড মিডল—এদের পৃথকভাবে কো-অপারেটিভ করা উচিত। যদি বড়দের সেখানে ঢোকবার সুযোগ দেওয়া হয়, তা হ'লে তারা সেখানে ডোমিনেট করবেই। এবং যতই বল সেটাকে পুওর, স্মল অ্যান্ড মিডল তাদের স্বার্থে যাবে না। আজ কত বৎসর হয়েছে ১৯৫১ সালে পরিকল্পনা কমিশনের রিপোর্ট আমরা পড়েছিলাম। তখন থেকে কথাটা তখন থেকে কথাটা আমরা বলছি—এখন এই কথা সকলে স্বীকার করছেন, ভারত সরকারের এগ্রিকালচার ডিপার্টমেন্টের যে রিপোর্ট সেই রিপোর্ট আপনি একটুখানি প'ড়ে দেখুন, তাঁরা কী সমালোচনা করেছেন। গ্রীন রিভলিউশান সম্বন্ধে সমালোচনা ক'রে তাঁরা বলছেন যে, উপরতলার শতকরা ৭ জন কি ৮ জন মাত্র সেই গ্রীন রিভলিউশান-এ গিয়ে পেঁাছাচ্ছেন- কো-অপারেটিভ মুভমেন্ট-এর সুযোগ যেখানে আছে, কো-অপারেটিভ মুভমেন্ট ভালভাবে চলছে, সেখানে তাদের পয়সাকড়ি আছে, সেখানে তাদের পয়সাকড়ি দিচ্ছে, যেখানে লালবাতি জ্বলেনি। সেখানেও তার সুযোগ উপরতলার লোক বেশী ক'রে পাচ্ছে। আজকে সমস্ত রিপোর্টে তা স্বীকৃত। ভারত সরকারের সমস্ত রিপোর্টে তা স্বীকৃত। যত অনুসন্ধান হচ্ছে, তার এটা ফল। সেই ফলের উপর দাঁড়িয়ে, আজকে আমরা সমস্ত অনুসন্ধানের ফল দেখে এই কো-অপারেটিভ আইনকে ঢেলে সাজাচ্ছি। আপনি বলছেন, সেকসান ১২-এ যে ক্রেডিট কো-অপারেটিভে প্রফেসানাল মনিলেন্ডারদের ঢুকতে দেব না, কিন্তু আজকে ক'জন প্রফেসনাল মানি লেন্ডার ক্রেডিট এনকোয়ারি সমস্ত দেখুন, আজকাল বেশীরভাগ ক্রেডিট দিচ্ছেন যাঁরা, তাঁরা প্রফেসানাল মানি লেন্ডার নয়। তাদের ঢোকবার রাস্তা আপনি করে রেখে দিয়েছেন। আপনি বলছেন কনজিউমার কো-অপারেটিভে প্রফেসন্যাল গ্রোসারদের ঢকতে দেবেন না। কিন্তু প্রফেসনাল গ্রোসাররা ঢুকতে না পারলেও অন্য বিজনেসম্যানরা ঢুকতে হ'লে তা পারবে, হ্যাঁ, পারবে। আপনি বলছেন ইন্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভে সেম কাইন্ডের বিজনেসম্যানদের ঢুকতে দেবো না, তা হ'লে অন্য কাইন্ডের বিজনেসম্যান যদি ঢোকে এদের মধ্যে আসতে চায় তা হ'লে সেটা তারা পারবে। সবচেয়ে বড় কথা, চাষীদের সম্বন্ধে আপনি কি বলছেন?

Poor peasants, small peasants, middle peasants, rich peasants, jotedar—

সকলেই আছে। সকলেই নিজে চাষ করে কিংবা চাষ করায়। আপনার কো-অপারেটিভে এগ্রিক্যালচারাল ওয়রকার বা ভাগচাষী বা স্মল রায়ত যার দু' চার পাঁচ বিঘে জমি আছে বা মিডল

রায়ত যার ১০/১৫ বা ২০/২৫ বিঘে জমি আছে আপনি তাদের কি প্রোটেকসান দিচ্ছেন? নো।

Co-operative movement mainly for them.

আপনি এই আইনে যা করছেন এরা পৃথকভাবে কো-অপরেটিভ করবে এবং রিচ পজেন্ট বা জোতদার সে ব্যাঙ্ক থেকে টাকা নেবে, সে চাষ করবে, তার ক্ষমতা আছে, জমি আছে, পয়সা আছে। কো-অপরেটিভ মুভমেন্ট যা গভর্নমেন্ট সাহায্য করবেন, যাকে রিজার্ভ ব্যাঙ্ক সাহায্য করবে, যাকে স্টেট ব্যাঙ্ক সাহায্য করবে সেই কো-অপারেটিভ মুভমেন্ট তো প্রধানতঃ মেহনতী মানুষের জন্য করবেন। শুনছি

Socialism, socialism, socialism. Socialism is for whom, socialism will ruin whom, socialism is based on whom.

আপনি মুড়ি-মিছরি সব এক ক'রে দিয়ে বলছেন, সোস্যালিজম। আপনি যদি চান খেটে খাওয়া লোক তাদের উন্নতি হোক, তারা সংঘবদ্ধ হোক, তারা কো-অপারেটিভ মুভমেন্ট চালাক, তা হ'লে যারা অবস্থাপন্ন লোক তাদের সেখান থেকে প্রিভেন্ট করা দরকার। কারণ তারা থাকলে তারাই ডমিনেট করবে। তারা সংখ্যার উপর নির্ভর করবে না। তাদের যে সোস্যাল পজিসান, ইকনমিক পজিসান সেই সমস্ত কারণে ডমিনেট করবে। আপনি তো তার কোন ব্যবস্থা করছেন না যাক, আমার কথা এই নয়। সমালোচনা এই বিলের আমার প্রধান কথা নয়। আমাদের বন্ধুরা ধারায় ধারায় সমালোচনা করেছেন, বহু অ্যামেন্ডমেন্ট তারা দিয়েছেন। আমি সে সম্বন্ধে বলতে চাই না। আমি বলতে চাই যে, অনেক বন্ধু ব'লে গেলেন সিলেক্ট কমিটি যারা চাইছে তারা পিছিয়ে দিতে চাইছে। এত বড় অন্যায় কথাটা বলবেন না। যে পার্টি এই আইন সম্পূর্ণ বদলাবার জন্য মন্ত্রিত্বে আসার তিন মাসের মধ্যে কমিটি বসিয়ে চেষ্টা করেছিল এবং আজকে আপনারা সেই কমিটির রিপোর্ট অনুসারে অনেকটা করেছেন ব'লে যে পার্টি আপনাদের অভিনন্দন জানাচ্ছে তাকে আপনারা দোষারোপ করছেন যে, তোমরা সিলেক্ট কমিটি বসিয়ে এই আইনটা দেরি করিয়ে দিতে চাও নট অ্যাট অল। আমি মন্ত্রিমহাশয়কে বলেছি এবং আবারও বলছি এবং মাননীয় সদস্যদের বলছি, আপনার মারফত দেরি করিয়ে দিতে আমরা মোটেই চাই না। আমরা চাই এই সেসানের মধ্যেই পাশ হোক, কিন্তু যে ধারাগুলো এর মধ্যে বদলানো দরকার অথবা যে ধারার নূতন সংযোজন দরকার সে সম্পর্কে একটা আলোচনা হোক। হাউসের মধ্যে সেটা হয় না। মন্ত্রিমহাশয় বললেন, একদিন সময় বাড়িয়ে দিলাম, তিন দিন আলোচনা চলতো, চার দিন ক'রে দিলাম, এইবার আপনারা পাশ করুন, আলোচনার সুযোগ দিলাম। কিন্তু হাউসে কি হয়, হাউসে ডিবেট হয়। আমি আমার কথা বললাম, আপনি আপনার কথা বললেন। কোনটা মন্ত্রিমহাশয় গ্রহণ করলেন, কোনটা গ্রহণ করলেন না, সেটা ইচ্ছা। এখানে কোন মিউচিয়াল ডিসকাসন হয় না। কেন সিলেক্ট কমিটি সিসটেম—পার্লামেন্টারী ব্যবস্থায় আছে—আমি এই ফ্যানডামেন্টাল উত্তর আপনাদের কাছে রাখতে চাই। যে সংশোধনীয় ব্যবস্থা চালু আছে, যে সংশোধনীয় ব্যবস্থা চালু রাখার কথা আপনারা বলছেন সেই সংশোধীয় ব্যবস্থায় সিলেক্ট কমিটি থাকার দরকার কি? কেন বিভিন্ন রাজ্যে সিলেক্ট কমিটি বসছে? কেন আমাদের রাজ্যে অতীতে সিলেক্ট কমিটি বসতো, কেন পার্লামেন্টে সিলেক্ট কমিটি বসছে? এই সেদিন খবরের কাগজে পড়লাম পাঞ্জাবে তারা যে আরবান প্রপার্টি সিলিং বিল এনেছিল সঙ্গে সঙ্গে তারা সিলেক্ট কমিটি করেছিল, সেই সিলেক্ট কমিটি ডিসকাসানের ভিতরে কতকগুলো সংশোধন প্রপোজ করেছিল গভর্নমেন্ট তার বেশিরভাগ গ্রহণ ক'রে নিয়ে বিল আইন সভায় এনেছে, পাশ হয়ে গিয়েছে। তো সিলেক্ট কমিটি ব্যবস্থা কি জন্য বলতে পারেন? যদি আইনসভার বিতর্কে মন্ত্রী যে উত্তর দেবেন যেটা ভাল বা মন্দ বলেন এইটা যদি সংশোদীয় গণতন্ত্র হয়, তা হ'লে সিলেক্ট কমিটির ব্যবস্থা কেন আছে, কি জন্য আছে? এই জন্য আছে যে আইনসভার বিতর্ক খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু আইনসভার বির্তকের ভিতর দিয়ে একটা আইন বিবেচনা সম্পূর্ণ হয়ে যায় না। একটা আইন যদি সম্পূর্ণভাবে বিবেচনা করতে হয়, তা হ'লে সিলেক্ট কমিটির দরকার। হয়তো একটা অর্ডিন্যান্স আনলেন, তাড়াতাড়ি পাশ করিয়ে দিতে হবে, হয়তো একটা

[5-10—5-20 p.m.]

আনইমপর্টেন্ট কিছু এসেছে, মাইনর কিছু এসেছে, তার জন্য দরকার নেই। কিন্তু একটা ফান্ডামেন্টাল জিনিস একটা গুরুত্বপূর্ণ বিল যদি আসে যেমন এটা ৮৭ পৃষ্ঠার বিল, অবশ্য আমি এই পৃষ্ঠার দিক থেকে বলছি না—এটা আগাগোড়া ঢেলে সাজানো হচ্ছে যার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাচ্ছি—কিন্তু এই রকম একটা গুরুত্বপূর্ণ বিল সেই বিলে কিছু আরও ইম্প্রুভ করা যায় কিনা মিউচুয়াল ডিসকাসন আলোচনার ভিতর দিয়ে ইম্প্রুভ হয় কিনা সেটা দেখবার দরকার নেই? সিলেক্ট কমিটিতে বিলম্ব হবে। বিলম্ব হবে কেন? আমি বলছি এই রিপোর্ট জুলাই মাসে ১৯৭০ সালে কমিটি দিয়েছে আর আজকে হ'ল ১৯৭৩ সালের এপ্রিল মাস। অবশ্য তার জন্য আমি জয়নাল সাহেবকে কোন দোষ দিচ্ছি না এ বিষয়ে—কারণ তিনি মন্ত্রী হয়েছেন ১ বছর হ'ল। তিনি এক বছর পরে এই বিল আনছেন—এক বছর অপেক্ষা করা হ'ল, আর রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার স্টাডি টিম রিপোর্ট পেশ করেছে ১৯৭২ সালে আর আজ হ'ল ১৯৭৩ সালের এপ্রিল—অর্থাৎ ১১ মাস হ'ল ঐ রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার স্টাডি টিম থেকে রিপোর্ট এসেছে। আর ল কমিটি থেকে রিপোর্ট সাবমিট হয়েছে তিন বছর আগে। এখানে আমরা সময় চেয়েছি মাত্র ৫ দিন। যেখানে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার স্টাডি টিম রিপোর্ট দিয়েছে মে, ১৯৭২তে আর দিস ইজ এপ্রিল, ১৯৭৩ মোর দ্যান অ্যাবাউট ১১ মান্থস্। আপনাদেরই মনোমত লোক নিয়ে করুন যেমন নিয়ম আছে আমাদের কিছু থাক, অপোনেন্ট কিছু থাক এইভাবে করুন। আমি মাত্র ৫ দিন সময় চেয়েছি—এই পাঁচ দিনের মধ্যেই রিপোর্ট সাবমিট হবে। এই সব স্টিপুলেট করুন। আমরা নিশ্চয় পাশ করবো, আমরা সকলেই সমর্থন করবো। এই রকম বাস্তবে আমাদের ঢের ঢের নজির আছে যে হাউস চলছে, সিলেক্ট কমিটি বসেছে, রাত্রিবেলায় হাউস ভাঙ্গবার পর সিলেক্ট কমিটি বসেছে তিন দিনের ভিতর রিপোর্ট দিয়েছে এই রকম নজির আছে। তিন তারিখে প্রোগ্রাম তার ভিতর সিলেক্ট কমিটির রিপোর্ট নিয়ে অ্যাসেম্বলী'তে সোমবারে আনুন, বিসনেস অ্যাডভাইসারী কমিটির মিটিং ক'রে ৭/৮ তারিখে স্পেশাল মিটিং ক'রে এই সেসনেই বিল পাশ হয়ে যাবে। বুঝে না বুঝে অন্যায়ভাবে দোষারোপ করছেন যে, আমরা নাকি বিলম্ব করতে চাচ্ছি। দেরি আমরা মোটেই করতে চাচ্ছি না, এতো দিন যখন গেল আর এটা যখন ঢেলে সাজাচ্ছেন তখন পাঁচজনে পাঁচ মাথায় মিলে এর ফারদার ইমপর্টেন্ট ইমপ্রুভমেন্টস্ হতে পারে কিনা এর জন্য সিলেক্ট কমিটিতে গিয়ে অন্ততঃ একটা চেষ্টা হোক। ইমপর্টেন্ট ইমপ্রুভমেন্টের স্কোপ আছে কিনা সেখানে কোন ডিফেক্ট আছে কিনা সেটা দেখা হোক। এই সিলেক্ট কমিটির উপর আপনাদের জিদ কেন? এই সিলেক্ট কমিটি যা করবেন তাতে ৩।৪।৫ দিনে সেটা করা যাবে। সেখানে আমরা সবাই বসে আলোচনা করবো কোন কিছু ইমপর্টেন্ট কিছু করা যায় কিনা। এতে আপনাদের এতো জিদ কেন? এই আইনসভায় এ নিয়ে কিছু করা যায় না। সিলেক্ট কমিটিতে সরকারী দলের সদস্যরা সব বলবেন। আমাদের যদি মনে করেন যে, আমরা গভর্নমেন্টে নাই আমাদের কোন মূল্য নেই যদিও পি ডি এ-তে আছি, কিন্তু সরকারী দলের সদস্যরা তো আপনাদের মনমত থাকবেন। কিন্তু এই ২৮০ জন সদস্যের যে অধিকার আছে, পার্লামেন্টারী ডেমোক্রাসিতে এই জিনিস আছে যে যদি কোন ইমপর্টেন্ট বিল হয়, তা হ'লে সেটা আইনসভার বিতর্ক ছাড়া ভালভাবে আলোচনা বা বিবেচনা করবার জন্য সিলেক্ট কমিটিতে যায় এবং সেই অধিকার আপনারা হরণ করছেন কেন। অন্যান্য রাজ্য নিচ্ছে, পার্লামেন্টে নিচ্ছে, আপনারা নিচ্ছেন না কেন?

সুতরাং আমি মন্ত্রিমহাশয়কে আজকে এই বেলাতেও সনির্বন্ধ অনুরোধ করবো, জোরজবরদস্তি করছি না, সনির্বন্ধভাবে অনুরোধ করছি যে আজকেও তিনি ঘোষণা করুন যে, বেশ ভাল, এতদিন আলোচনা হ'ল, আমি অনেক পয়েন্ট বুঝলাম অনেক পয়েন্ট বুঝলাম না, যদি রাজী থাকেন অল্প কয়েকদিনের জন্য সিলেক্ট কমিটি ক'রে আগামী ৭।৮ তারিখে বিল পাশ করিয়ে দেবেন, তা হ'লে আমি মন্ত্রী, আমি নিজেই সিলেক্ট কমিটিতে এটা নিয়ে যাচ্ছি। একটা জিনিষ বোঝা উচিত যে, সিলেক্ট কমিটি মন্ত্রীর উপর নির্ভর করে, সিলেক্ট কমিটি কখনও মন্ত্রীকে বাদ দিয়ে হয় না। কিন্তু সেখানে যদি মন্ত্রী এই জিদ করেন যে না, আমি কিছুতেই করবো

না—আমি তো বুঝতে পারছি না তার জিদের কারণ কি, এতে তার প্রেস্টিজের ব্যাপারই বা কি, তাঁর মুখ তো বরং উজ্জ্বল হবে। যদি এতবড় একটা বিলকে সিলেক্ট কমিটিতে নিয়ে আসেন ৫ জনের বিবেচনার জন্য এবং তাদের উপদেশ যদি মান্য করেন তাতে দোষের কি আছে? বিনয় এবং ৫ জনের মতামতকে গ্রাহ্য করবার সদিচ্ছা সেটা তো কোন অপরাধ, দোষ বা খারাপ কাজ নয়। এটার গুণ বুঝেছেন ডাঃ জয়নাল আবেদিন সাহেব, এটা আপনার ভূষণ। যদি আপনি এটাকে মেনে নেন বা যদি এইটুকু করেন, তা হ'লে সকলে আপনাকে সাধুবাদ দেবে এইজন্য যে ডাঃ জয়নাল আবেদিন সাহেব এতবড় একটা বিলকে সিলেক্ট কমিটিতে নিয়ে এসে আরো খানিকটা বিবেচনা ক'রে ইমপ্রুভমেন্ট করতে রাজী হয়েছেন। এইটুকু করতে তিনি রাজী হবেন ব'লে আমি আশা করবো। সেই আবেদন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে নিয়ে এই ১৯৭৩ সালের সমবায় বিলের উপর এই হাউসের মোট ২২ জন সদস্য আলোচনায় অংশগ্রহণ করেছেন। আলোচনা যে রকম শুরু করেছিলেন সি পি আই-এর বন্ধু সেই রকম আলোচনা শেষও করলেন সি পি আই-এর নেতা। সে দিক দিয়ে আমার অনেকটা সুবিধা হয়েছে ব'লেই আমি মনে করি। বিশ্বনাথবাবু বললেন এই বিল তাঁরা যখন সি পি এম-এর সঙ্গে যুক্তফ্রন্ট ক'রে সরকার করেছিলেন সেই সময়কার, তাঁদেরই বিল। আমি অস্বীকার করি নি, আমি আমার প্রারম্ভিক ভাষণে এ বক্তব্য রেখেছি তবে অত্যন্ত বিনয়ের সঙ্গে বিশ্বনাথবাবুর কাছে শুধু এই কথাটা নিবেদন করতে চাই যে, আপনারা ১৯৬৯ সালে সি পি এম-এর সঙ্গে এবং ১৯৭১-৭২ সালে কংগ্রেসের সঙ্গে যেভাবে আছেন তাতে তো যে কোন সরকারই আসুক তাদের সঙ্গে তো আপনারা থাকবেনই। আপনাদের এ কৌশল আমাদের জানা আছে ব'লেই বলছি, যে কোন আইনই আসুক না কেন সেটা তো আপনাদের আইন হবে।

শ্রীবিশ্বনাথ মুখার্জী: আপনার এই ইনসিনুয়েসান এবং কৌশলের আমি প্রতিবাদ করছি।

ডাঃ জয়নাল আবেদিন: আপনাদের কথার জবাব দেবার অধিকার আছে ব'লেই আমি মনে করি। স্যার, আমি আমার প্রারম্ভিক ভাষণে একথা বলেছি যে, ল কমিটির সুপারিশ আমরা গভীরভাবে বিবেচনা ক'রে যতগুলি গ্রহণ করতে পারি গ্রহণ করেছি। তার সঙ্গে ল কমিটির সুপারিশই শুধু নয়—বিশ্বনাথবাবুর যদি এই ধারণা হয় যেহেতু ল কমিটি তাঁরা নিযুক্ত করেছিলেন ব'লে তার এ টু জেড সব কিছু আমরা গ্রহণ করবো, এ মনোভাব তাঁর থাকা উচিত নয়। কারণ আজকে যদি সরকারের দায়িত্ব আমাদের থাকে, তা হ'লে নিশ্চয় অধিকার এবং এক্তিয়ারও আমাদের থাকবে। দেশের স্বার্থে, মানুষের স্বার্থে কোথায় পরিবর্তন, কোথায় প্রত্যাহার করতে হবে সে সিদ্ধান্ত এই মন্ত্রিসভাই শুধু নেবে যে মন্ত্রিসভা জনসাধারণের দ্বারা নির্বাচিত হয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, ভারতের পবিত্র সংবিধানের ৪৩ ধারায় আছে যে,—

> The State shall endeavour to secure, by suitable legislation or economic organisation or in any other way, to all workers, agricultural, industrial or otherwise, work, a living wage, conditions of work ensuring a decent standard of life and full enjoyment of leisure and social and cultural opportunities and, in particular, the State shall endeavour to promote cottage industries on an individual or co-operative basis in rural areas.

[5-20—5-30 p.m.]

এবং আরও কথা এতে আছে উইকার সেকসান সম্বন্ধে, এটা পড়লে বোঝা যাবে ডিরেকটিভ প্রিন্সিপলস অব দি কনস্টিটিউশন-এ সমবায় সম্বন্ধে একটা বিরাট গুরুত্ব দেওয়া হয়েছে। আমরা মনে করি মাননীয় অজিতবাবু আলোচনার অবতারণা করতে গিয়ে জাতির জনক গান্ধীজীর কিছু বক্তব্য তুলে ধরেছেন, সত্যসত্যই যদি উনারা গান্ধীবাদে বিশ্বাসী হয়ে ওঠেন, তা হ'লে পশ্চিমবাংলার পক্ষে অত্যন্ত আশার কথা। আজকে আমি তাঁকে মনে করিয়ে দিতে চাই গান্ধীজীর যে কথাগুলো তিনি বললেন তা ছাড়াও গোড়ার সমবায় সম্বন্ধে গান্ধীজী যেকথাগুলো

বলেছিলেন, তিনি যদি সেইগুলো বলতেন, তা হ'লে বাংলার মানুষের উপকার হত। আজকে তাঁর জন্য উচিত যে ভারতবর্ষের মধ্যে আমরা যে পরিবর্তন আনতে চেয়েছি, সেই পরিবর্তন, তাঁদের যে ধরনের পরিবর্তন-এর কথা বলেছেন, তার থেকে ভিন্ন। এটা আজকে দৃঢ়ভাবে বলতে চাই, আজকে শান্তিপূর্ণ উপায়ে দৃঢ়তার সঙ্গে দ্রুততর গতিতে আমরা পরিবর্তন আনতে চাই। তাঁদের সেই রক্তাক্ত বিপ্লবের মাধ্যমে যে পরিবর্তন সেই পরিবর্তনের পথ থেকে এটা আলাদা। এই জন্য আজকে যে অভিযোগ উঠেছে যে কেন এটা সিলেক্ট কমিটিতে দিচ্ছি না। এ'রা যে সিলেক্ট কমিটির কথা বললেন, তাঁদের একটা বক্তব্য তুলে ধরছি, একটা কম্প্রিহেন্সিভ সমবায় বিল আনতে গেলে সর্বস্তরে এবং যাদের সঙ্গে পরামর্শ করা উচিত, সমস্ত মানুষের সঙ্গে পরামর্শ করা উচিত, বিভিন্ন দিক পর্যালোচনা করা উচিত, বিভিন্ন অঙ্গরাজ্যে তারা কিভাবে প্রচেষ্টা চালিয়েছে, সেদিকে বিবেচনা করা উচিত। ল কমিটির কথা উনারা বললেন, সেই ল কমিটির কথা আমি আমার প্রারম্ভিক ভাষণে বলেছি সংশিলষ্ট অ্যাপেক্স এই কো-অপারেশনের উৎসাহ এনে মানুষের সঙ্গে কথা বলার সুযোগ পেয়েছি। তাদের সেই ল কমিটির বক্তব্য এখানে তুলে ধরছি, পেজ ফোর-এ আছে,

> A word of explanation is perhaps necessary as to why we did not issue a questionnaire or invite associations or individuals to give evidence before us as is the practice of some committees. The main consideration that stands, even as it is we have taken about a year to complete our work, and formal procedure such as the ones mentioned above would have only delayed the report further.

যেখানে ল কমিটির সঙ্গে পরামর্শ ক'রে করা হচ্ছে, সেখানে এটাকে সিলেক্ট কমিটিতে দিচ্ছি না ব'লে যাঁরা আপত্তি তুলেছেন, সেই আপত্তি গ্রাহ্যণীয় নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাদের রুলস্ অব প্রসিডিয়োর-এর সেকশন ৭৫-এ আছে, এখানে সিলেক্ট কমিটি, ম্যান্ডেটরী কিংবা অব্লিগেটরী কম্পালসারী নয়। আজকে ফ্রিডম দেওয়া আছে, আজকে অ্যাবসলিউট ফ্রিডম দেওয়া আছে, আজকে এটা কম্পালসারি নয় যে কম্প্রিহেন্সিভ বিল আনতে গেলে সিলেক্ট কমিটিতে দিতে হবে। বিশ্বনাথবাবু এই হাউসে নূতন এসেছেন, তিনি হয়তো জানেন না এবং তাঁর অভিজ্ঞতা নেই, আমি কিছু তথ্য তুলে ধরছি এই হাউসে যে কম্প্রিহেন্সিভ বিল আলোচিত হয়েছে,

Secondary Education Bill 1962, Urban Primary Education Bill, 1963, Ayurvedic Bill, 1961, Rabindra Bharati Bill, 1961, Oriental Gas Bill, 1960.

আমরা দেখেছি যেখানে সময় ফ্যাকটার, যেখানে সময় মূল বিবেচ্য, সেখানে সিলেক্ট কমিটি করা হয় নি। এই হাউসে এই রকম নজির আছে। সেদিক দিয়ে না দেখে চিৎকার করবেন এবং পুরাতন যাঁরা আছেন তাঁরাও যদি চিৎকার করেন, তা হ'লে দুঃখ লাগে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একটা দিক বিবেচনার আছে, আজকে যে বিল আমি উত্থাপিত করেছি, এই বিলের ১০ ধারায় যা আছে, তা এই হাউসে গত ফেব্রুয়ারি মাসে আইন আকারে গৃহীত হয়েছে। আজকে আলোচনার সময় সেই আপত্তি ঐ পক্ষ তুলেছে, আমার মনে হয় এইটা ডুপ্লিকেশনের বাইরে আর কিছু নয়। আজকে অল রেডি ইট ইজ ইন দি স্ট্যাটুউট বুক। আজকে ভারতবর্ষের অন্যান্য অঙ্গ রাজ্যে সমবায় সংক্রান্ত যে আইন আছে তার সঙ্গে দৃষ্টিভঙ্গি দিয়ে বিচার করতে হবে, নট ওনলি কন্টেন্টস, উইথ আইডিয়াস অলসো। বিচার করতে হবে আজকে পশ্চিমবাংলার অবস্থার সঙ্গে। বিশ্বনাথবাবু অনেক বাধার কথা বলেছিলেন, আজকে পশ্চিমবাংলার সমবায়ের সঙ্গে অন্যান্য অ্যাডভান্সড স্টেটস ইন কো-অপারেশন থেকে সামগ্রিক কোন পরিবর্তন আছে কিনা—আমরা দেখেছি ল কমিটির সুপারিশ কো-অপারেশন সম্বন্ধে এবং ভারত সরকার বিভিন্ন সময় যে কমিটি করেছেন তার সুপারিশ সেইগুলি বিবেচনা করেছি আমরা এ কথা বলেছি। অন্যান্য অ্যাডভান্সড স্টেটের ধারাগুলির গুরুত্ব বিবেচনা করে আমরা বসে ঠিক করেছি এবং সেইগুলি বিচার-বিবেচনা ক'রে আজকে আমাদের এই আইন

প্রণয়ন করতে হয়েছে। আজকে আমি অনুরোধ করব, যে বিধান আমরা এনেছি পরিবর্তনের জন্য, কারণ এটা একটা ইমপর্টেন্ট, ভাইটাল সেক্টর অফ ইকোনমী। আজকে এটাকে অবহেলা এবং বিলম্ব করার কোন প্রয়োজন নেই, বিলম্ব করা চলে না, এই দিকের বহু সদস্যই এই কথা বলেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অনুরোধ করব যে, দৃষ্টিভঙ্গী বদলাবার জন্য সি পি আই-এর কিছু কিছু মাননীয় বন্ধুকে—আমি জানি এই কমিটিতে গোপালবাবু ছিলেন, এখানকার মাননীয় সি পি আই বন্ধুদের করো কারো সঙ্গে সম্ভবত রাজ্য-সম্পাদকের সঙ্গে লাইনের মিল নেই বলেই তারা এটা গ্রহণ করতে পারছেন না।

(এ ভয়েস ফ্রম সি পি আই বেঞ্চঃ এটা একদম অসত্য কথা।)

আপনাদের 'কালান্তর' আছে, তাতে লিখুন যে, এটা একদম অসত্য।

(শ্রীবিশ্বনাথ চক্রবর্তীঃ বিহেভ লাইক এ মিনিস্টার।)

আজকে আমি বন্ধুদের অনুরোধ করব যে, ল কমিটি যে ধারাগুলি করলেন, সেই ল কমিটির অনেক ধারা ওনারা ১২ ধারা ইত্যাদি অনেক ধারা, অনেক সাজেশন গ্রহণ করেছেন, আমরাও করেছি এবং এইটা উপযুক্ত এবং কার্যকর হতে পারে লক্ষ্য মেটাতে। আজকে যে সমবায় আন্দোলন গড়ে তুলতে যাচ্ছি, তাতে আমরা সকলের সাহায্য গ্রহণ করেছি, আমরা দরজা বন্ধ করে দিই নি, কংগ্রেসের বিশেষত্ব দরজা বন্ধ করে দেওয়া নয়, আমরা বিশেষ ভাল জিনিস গ্রহণ করেছি, যেহেতু কমিউনিস্ট পার্টির গোপাল ব্যানার্জি বলেছেন, সেহেতু গ্রহণ করব না, তা নয়। আমরা বর্তমান বিলের ২নং ধারা, উই হ্যাভ অ্যাকসেপটেড, বর্তমান বিলের ৩নং ধারা সেটাও উই হ্যাভ অ্যাকসেপটেড, তারপর ল কমিটির যেটা করেসপন্ডিং ধারা ৫২।৫৩ সেগুলিও উই হ্যাভ অ্যাকসেপটেড। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অত্যন্ত ইন্টারেস্টিং ফিচার দেখতে পাবেন যে, ১৩(৫), যে ধারা নিয়ে ওরা ভয়ানক চিৎকার করেছেন, কেউ সমর্থন করেছেন বলে ঐ পক্ষের আমি দেখি নি, কিন্তু আমি দেখলাম এটা ল কমিটির সুপারিশ। সেই ল কমিটিতে গোপালবাবু ছিলেন, শ্রীগোপাল ব্যানার্জি। আজকে ২ বছরের মধ্যে কি ঘটল যে, তারা দাঁড়িয়ে এইটা সুপারিশ করেছিলেন তখন, আর আজকে যখন আইন করছি, তখন সি পি আই বন্ধুরা আপত্তি করছেন। এটা হয়ত হতে পারে যে কাজটা ওদের হাত দিয়ে হল না, এইটা কংগ্রেসের হাত দিয়ে হল বলে বন্ধুরা হয়ত ভয় পেয়ে গিয়েছেন।

[5-30—5-40 p.m.]

বিশ্বনাথবাবু বলেছেন ৯টা, কিন্তু তা ঠিক নয়। আমরা ১৩(৪) এই বিলে তাঁদের কাছ থেকে নিয়েছি ল কমিটির সুপারিশ গ্রহণ করেছি।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ অন এ পয়েন্ট অব অর্ডার, ল কমিটির সুপারিশ থেকে তিনি কোটেশান দিচ্ছেন, কিন্তু এই সুপারিশ হাউসের টেবিলে প্লেস করে দিলে আমাদের বুঝতে সুবিধা হয়। আমরা ল কমিটির সুপারিশ দেখি নি। কোন ডকুমেন্ট কোট করলে তার কপি স্পীকারের কাছে রাখতে হয়। তা তিনি রাখেন নি। সেজন্য আমরা বুঝতে পারছি না তিনি কি বলছেন।

ডাঃ জয়নাল আবেদিনঃ আমার কাছে একটা কপি আছে, সেটা লাইব্রেরী টেবিলে দিয়ে দিচ্ছি। (শ্রীসোমনাথ লাহিড়ীঃ আপনার যদি বিল সম্বন্ধে এত ইচ্ছা, তা হলে এটা সার্কুলেট করলে ভাল হত।) আপনারা বলেছেন বলে এসব বলতে হচ্ছে। আমার কাছে একটা স্পেয়ার কপি আছে সেটা লাইব্রেরী টেবিলে রেখে দেব। আপনার দলের মাননীয় সদস্য এটা করেছেন, মনে করেছি যে এর একটা কপি আপনাদের কাছে আছে। ২১(৩), ২৮(২), ৫৬(২) ৯(৩), ৫৬(৬), ৮৭, ৮২, ৯৯, ১০১, ১২৩, ১২৪ ইত্যাদি সব সুপারিশগুলি আমরা গ্রহণ করেছি। প্রথম আপীল ও তৃতীয় আপীল, তফসিল ইত্যাদি এই রকম অনেকগুলি ও'দের থেকে এইভাবে

গ্রহণ করেছি। এই বিলকে মূলতঃ ৪টা দিক থেকে সমালোচনা করা হয়েছে। এখানে বৃহৎ যারা জমিদার, মালিক কিংবা কায়েমী স্বার্থবাদী, তাদের উপযুক্তভাবে প্রতিহত করার কোন ব্যবস্থা আমরা করি নি, যারা দুর্বল শ্রেণীর মানুষ তাদের আমরা অগ্রাধিকার কিংবা বিশেষ সুবিধা দেবার ব্যবস্থা করি নি এবং আমলাতন্ত্রের হাতকে নাকি শক্ত করা হয়েছে, তাদের সব কিছু ক্ষমতা দিয়ে ইত্যাদি সব কথা বলা হয়েছে। অজিতবাবু বলেছেন, এই বিলে বর্তমান ধারাগুলি নাকি আমরা প্রয়োগ করছি না, অনেকগুলি মানুষের হাতে দেবার চেষ্টা করছি না ইন পয়েন্ট অব রিয়েলাইজেসান। এর প্রয়োগ নাকি আপেক্ষিক—রিলেটিভ, নট ইউনিভার্সাল, ভারতবর্ষের কোন রাজ্যে এই ব্যবস্থা নেই। যেখানে ল্যান্ড রিফর্মস-এ আমরা জমির সিলিং বেঁধে দিয়েছি—সেখানে সার্টেন সেকসান এম্পটি এবং কো-অপারেটিভ অর্গানাইজেশন থেকে বাদ দিয়ে দিয়েছি। কিন্তু একে ব্যালেন্স করার জন্য উইকার সেকসান যাতে রিপ্রেজেনটেড হয় তার ব্যবস্থা করেছি। আমরা যে বিল সার্কুলেট করেছি তার ১০৪৯ পৃষ্ঠা দেখতে অনুরোধ করছি—২৮(২)—

> The State Government may, by notification in the Official Gazette stating reasons therefor, provide for reservation of not more than one-fourth of seats on the managing committee of a co-operative society for such community, class or group of persons, which, in the opinion of the State Government, are socially, economically or educationally backward.

বিরাট কম্প্রিহেনসিভ স্কোপ। তা বলেছি—

> The State Government may, by rules, provide for the manner in which such reserved seats are to be filled up.

কালকের সুপ্রিম কোর্টের বিচারের যে রায়, তাতে দেখেছি মূল কাঠামো বা ফান্ডামেন্টাল ফিচারের পরিবর্তন করা যায় না। ঠিক সেই রকমভাবে সমবায় আন্দোলনের মূল কাঠামোকে পাল্টে দেওয়া যায় না, ইউ ক্যানট প্রিভেন্ট ইট। কেরালাতে মোটামুটি অচ্যুত মেননের সরকার চালাচ্ছেন, সেখানে কি এন্ট্রি অব এ সেকসান ইন দি অর্গানাইজেসান অব কো-অপারেটিভ ইজ প্রিভেন্টেড-এর বিধান আছে, যেখানে উইকার সেকসান যাতে অ্যাডিকোয়েটলি রিপ্রেজেনটেড না হয় তার প্রভিসান আছে কি? মুশকিল হচ্ছে আমরা এই তথ্যটা ভুলে যাই, সি পি আই তো নিশ্চয়ই ভুলে যান। কিন্তু আমরা এই ব্যবস্থা করেছি যেখানে ওদের এন্ট্রি প্রিভেন্ট করতে পারি না, ওরা যাতে রিপ্রেজেনটেড হয় তার প্রভিসান আমরা এখানে করে রেখেছি, স্কোপ করে রেখেছি, বাই রুলস্ করে রেখেছি, উই ক্যান এক্সপান্ড। মাননীয় অজিতবাবু এ বছরের বাজেট বক্তৃতা যদি কারোর কাছে থাকে, তা হলে তাঁকে দেখতে অনুরোধ করি, একদিকে কো-অপারিটিভ ল কমিটি করে যেমন আইনের সংস্কারের কিছু প্রয়োজনীয়তা মনে করেছিলেন, তেমনি আর একদিকে রাজনৈতিক স্বার্থ সিদ্ধ করার জন্য পশ্চিমবঙ্গের কো-অপারেটিভ সোসাইটিকে গঙ্গার জলে বিসর্জন দিতেও কুণ্ঠিত হন নি। ১৯৬৬-৬৭ সালে বকেয়া ঋণের পরিমাণ ছিল ৩১·২ ভাগ, ১৯৬৭-৬৮ সালে ৪১·২ ভাগ, ১৯৬৮-৬৯ সালে যে সময় ও'রা গৌরবোজ্জ্বল দিন বলে মনে করেন সেই সময়ে বকেয়া ঋণের পরিমাণ ৬৩ ভাগ, ১৯৬৯-৭০ সালে ৫৩ ভাগ, ১৯৭০-৭১ সালে ৭০·২ ভাগ। বললেন, কো-অপারেটিভ মার খেয়ে গেল সি পি এম-এর ম্যাল প্রোপাগান্ডা ছিল বলে, এটা কি অস্বীকার করতে পারেন? আজকে একটা জিনিস জানতে হবে। ১৯৬৬-৬৭ সালে ৯ কোটি ৬৩ লক্ষ টাকা ক্রেডিট অ্যাডভান্স ছিল, ১৯৬৭-৬৮ সালে ১ কোটি টাকা কমে গেল, ১৯৬৮-৬৯ সালে ৩ কোটি ৬০ লক্ষ টাকা হল। কারণ, সেই সময় সি পি এম প্রভাবিত মিনিস্ট্রি ছিল। আপনাদের কার্যকলাপ দেখে বলতে পারি, আজকে এই-গুলি ভাবা উচিত যে তাঁরা সমবায় আন্দোলনকে কোথায় নিয়ে গেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে মাননীয় অজিতবাবু বারবার ভেস্টেড ইন্টারেস্টের কথা বলেছেন। আমরা দেখছি তাঁদের কার্যকালে ৭০ পার্সেন্ট ওভার ডিউ ছিল আমরা এক বছরের চেষ্টায়, স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান এই হাউসে বিবৃতি দিয়ে গেছেন, উই হ্যাভ রিয়ে-

লাইজড টু দি টিউন অব ৬০ পার্সেন্ট। এই সমবায় আন্দোলনের গতি কেউ বন্ধ করতে পারবে না, এই আন্দোলন দেশের মানুষের সহযোগিতায় এগিয়ে যাবে, দেশের মানুষ এই আইনকে সমর্থন জানিয়েছে, তাই আমরা এগিয়ে যাচ্ছি। মাননীয় অজিতবাবু ভেস্টেড ইন্টারেস্টের কথা বলে বার বার চিৎকার করেছেন, আপনাকে বিনয়ের সঙ্গে স্মরণ করিয়ে দিতে পারি, আমরা ভারতীয় সংস্কৃতিতে বিশ্বাস করি, ভারতীয় ফল্গুধারায় আমরা বিশ্বাসী। ভেস্টেড ইন্টারেস্টকে এগ্‌জাজারেট করে দেখলে দেশের সমস্যা সমাধান হবে না, টই ইজ দি আইডিয়া, ইট ইজ দি ভিসান, আজকে দৃষ্টিভঙ্গি এবং ধ্যান-ধারণা দিয়ে ভারতবর্ষের সমস্যার সমাধান করতে হবে। এই শতাব্দীর মধ্যভাগে লেখা আপনাকে পড়ে শোনাতে চাই যে, দেশের পরিবর্তন আসে ভেস্টেড ইন্টারেস্টের চিন্তাধারায় নয়, মানুষের চিন্তাধারায়, মানুষের দৃষ্টিভঙ্গিতে, মানুষের ভাল করার ধ্যান-ধারণায়। এই শতাব্দীর মধ্যভাগে বলা হয়েছে—আই অ্যাম সিওর।

[5-40—5-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই বলেছিলাম কোরামিন লাগবে, কিন্তু এখানে যে রকম চিৎকার শুনছি তাতে অন্য কিছু লাগবে কিনা জানি না. ও'দের গায়ে খুব লাগছে দেখছি। আমি এবারে "কেন্স"-এর থিওরি থেকে পড়ে শোনাচ্ছি—

> I am sure that power of vested interests is vastly exaggerated compared with the gradual encroachment on ideas. Not, indeed immediately, but after a certain interval; for in the field of economy and politicai philosophy there are not many who are influenced by new theories after they are 25 or 30 years of age, so that ideas which civil servants and politicans and even agitators apply to current events are not likely to be the newest. But soon or late it is ideas, not vested interests, which are dangerous for good or evil.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত বেদনার সঙ্গে বলছি, মাননীয় বন্ধুরা বলেছেন, এই আইনে আমরা নাকি রেজিস্ট্রারকে ক্ষমতাসম্পন্ন করেছি। ভুল বোঝার জন্য এই পক্ষের বন্ধুরাও এরকম একটা ধারণা নিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় শাসন ব্যবস্থায় ভারতীয় সংবিধান একমাত্র ক্ষমতার উৎস। আমাদের ক্ষমতার উৎস বন্দুকের নল নয়, আমাদের ক্ষমতার উৎস একদিকে জনসাধারণ এবং অন্যদিকে ভারতের পবিত্র সংবিধান। আজকে আমরা যখন গণতন্ত্রে বিশ্বাস করি, তখন আমরা নিশ্চয়ই সাংবিধানিক শক্তিকে বিশ্বাস করি। কালকে বিশ্বনাথবাবু বলেছিলেন, ও'রা নাকি ঘরপোড়া গরু। পোড়া ঘরের গরু বললে আমি আশ্চর্য হতাম না। আজকে যদি সংবিধান ক্ষমতার উৎস হয়, তা হলে সেই ক্ষমতা ক্যাবিনেটের উপর বর্তায় এবং এর কাছে জবাবদিহি করতে বাধ্য এন্টায়ার অ্যাডমিনিস্ট্রেটিভ মেসিনারি। আপনাদের যে মনে ধারণা আছে নিউ ব্যুরোক্রাটস-এর সেই নিউ ক্লাস এখানে হওয়ার স্কোপ নেই। ত্রুটি-বিচ্যুতি আছে, কিন্তু এখানে পাওয়ার রেস্টস টু দি ক্যাবিনেট অ্যান্ড উইথ দি পার্লামেন্ট অর উইথ দি সেন্ট্রাল ক্যাবিনেট। আজকে সেই ক্ষমতায় কিন্তু নিউ ক্লাস আসে নি। অনেকে দুঃখ করে বলেছিল, ব্যুরোক্রেসী ইন সার্টেন কান্ট্রিজ ইজ দি মোস্ট ইরেসপন্সিবল রুলিং ক্লাস দ্যাট হিস্ট্রি এভার হ্যাজ। এরকম কোন সমাজতান্ত্রিক দেশের সম্বন্ধে বলা উচিত নয়, কারণ ভারতবর্ষের সঙ্গে সকলের বন্ধুত্ব রয়েছে। যারা দুর্নীতিপরায়ণ তাদের জন্য ব্যবস্থা করা যায়। আজকে একদিকে জনসাধারণ এবং অপরদিকে ভারতীয় সংবিধান, কাজেই আমি মনে করি এই ব্যুরোক্রেসী বা অ্যাডমিনিস্ট্রেটিভ মেসিনারি যা রয়েছে তারা পলিসি ইমপ্লিমেন্ট করতে বাধ্য। ১৯৪০ সালে যে বঙ্গীয় সমবায় আইন ছিল এবং অন্যান্য রাজ্যে যে সমবায় আইন আছে তার এক্সিকিউটিভ মেসিনারি হচ্ছে ডাইরেকটোরেট এবং সেই ডাইরেকটোরেটের সঙ্গে আছে রেজিস্ট্রার। অন্যান্য অঙ্গ রাজ্যে ডাইরেকটোরেটের হেড রেজিস্ট্রারকে ক্ষমতা দেওয়া আছে টু সুপারসিড দি সোসাইটি। কিন্তু আজকে এখানে রেজিস্ট্রারকে সুপারসিড করবার ক্ষমতা দেওয়া হয় নি। এখানে যে আর এস পি বন্ধুরা রয়েছেন, তাঁদের আমি জানাতে চাই, এ'রা

একসঙ্গে কেরলে গভর্নমেন্ট চালিয়েছেন এবং এখনও বেরিয়ে আসেন নি। দে আর অলসো পার্টনার্স। কেরলে আর এস পি পার্টি সরকারে অংশগ্রহণ করে রেজিস্ট্রারের হাতে ক্ষমতা দিল, কিন্তু সেই ক্ষমতা পশ্চিমবাংলায় দিলে আর এস পি এবং সি পি আই বন্ধুরা চিৎকার করেন। এটা কি কন্ট্রাডিকসন হচ্ছে না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিশ্চয়ই পশ্চিমবাংলার সমবায় আন্দোলনের স্বার্থে রাজ্য সরকারের হাতে ক্ষমতা নেবার চেষ্টা এই বিলে আছে। তবে এই সরকার অটোক্রেটিক সরকার নয়, এই সরকার টোটালিটেরিয়ান সরকার নয়, এই সরকার জবাবদিহি করে জনসাধারণের কাছে, সমস্ত মানুষের কাছে তাদের কাজের হিসেব-নিকেশ দিয়ে। তারা ইলেকসন মেনিফেস্টো দিয়ে নির্বাচিত হয়ে আসে, ক্ষমতা তাদের হাতে।

আজকে এ'রা যে পুরানো দর্শনে বিশ্বাস করেন সেটা হচ্ছে, এককালে নাকি রাজ্য ফাজ্য কিছু নাকি থাকবে না, দি স্টেটস শ্যাল উইদার এওয়ে। কিন্তু যে সমস্ত রাজ্যে ওদের মত প্রচলিত সেখানে আজকের সরকার দেখে মনে হয় সরকার উঠে যাবার পরিকল্পনা হচ্ছে। তা যদি না হয়, আজকে ইন দি ইন্টারেস্ট অব স্টেট ট্রেডিং—কো-অপারেটিভ মুভমেন্ট ইন ওয়েস্ট বেঙ্গল রাজ্য সরকারের হাতে কিছু ক্ষমতা নেওয়ার প্রয়োজনীয়তা আছে।

শ্রীকামাখ্যানন্দন দাস মহাপাত্রঃ গভর্নমেন্ট এবং স্টেটে কি তফাৎ বলবেন কি?

ডাঃ জয়নাল আবেদিনঃ আজকে আপনাদের কথা যত কম জানা যায় বাংলাদেশে তথা ভারতবর্ষের মানুষের পক্ষে তত বেশী মঙ্গল হবে।

(তুমুল গোলমাল।)

আপনাদের এত গাত্রদাহ, আপনাদের যে এত জ্বালা তা জানতাম না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখন স্পেসিফিক প্রবলেমে আসতে চাই। এ'রা ১৩(৫)-এর ব্যাপারে বার বার আপত্তি করেছেন, এটা ল কমিটির সুপারিশ ছিল, ওদিক থেকে এতগুলি সি পি আই বন্ধু একসঙ্গে চিৎকার করে আপত্তি করছেন, আপনারা প্রিসিডিং ক্লজ ১৩(৪) যদি দেখেন, দেখবেন সেখানে বলা আছে—

> An application for registration of a society shall be (not may be or will be) disposed of by the Registrar within a period of three months from the date of receipt of such application by him.

কিন্তু আমরা জানি, অজিতবাবুও ইঙ্গিত দিয়েছেন, ভেস্টেড ইন্টারেস্টের কোথাও কোথাও ইন্টারপ্লে থাকে এবং কোথাও এমন শক্তিশালি হয় যে কমিউনিকেশন পর্যন্ত মারা যায়। সেখানে আমরা পরিষ্কার বলে দিয়েছি যে—

> An application, which remains undisposed of after the expiry of the aforesaid period of three months, shall be deemed to have been refused by the Registrar.

এতে একটা আপীলের প্রভিসন আছে। যদি একান্ত না আসে ইন্সপাইট অব দি ওয়ার্ড শ্যাল হিয়ার, তা হলে আপীলের প্রভিসন পায়—আমরা তিন মাস হয়ে গেছে, আই অ্যাম লজিং অ্যান্ড প্রেফারিং অ্যান আপীল। কিন্তু না থাকলে সেই আপীলের প্রভিসন কম হয়ে যায়, ইন্ফারেন্সটা দুর্বল হয়ে যায়। কিন্তু এখানে যে এগ্রিভড হল, তার স্বার্থে এটা করার চেষ্টা করেছি। সেজন্য যখন ক্লজওয়াইজ আলোচনা হবে তখন বলব, তবে এটা বলব, এটা বহু বিতর্কিত বিষয়, অনেকে রেফার করেছেন, কেন থাকল এটা বলা হয়েছে, আইনে কতকগুলি ধারা—১০টি ধারা বিগত ফেব্রুয়ারি মাসে গ্রহণ করেছি, এটা আইন আকারে প্রচলিত আছে, তার জন্য নজির তুলে বলছি ব্যবস্থাগুলি কেন হল। আজকে আমরা অনুরোধ করতে চাই এ পর্যন্ত সামারি পাওয়ার স্টেট গভর্নমেন্টে বা রেজিস্ট্রারের হাতে দেওয়া সত্তেও কিন্তু ১০টির বেশী সোসাইটি নেওয়ার প্রয়োজন হয় নি।

[5-50—6-00 p.m.]

কিন্তু এর এফেক্টটা হয়েছে স্যালুটারী। একদিকে ২০ পার্সেন্ট থেকে রিয়েলাইজেসান কোথাও ৬০ পার্সেন্ট হয়েছে; আর অন্যদিকে পরিকল্পনা নিতে পেরেছি ঐ দরিদ্র গ্রামবাসীদের জন্য শর্ট ক্রেডিট—১২ কোটি টাকার পরিকল্পনা আমরা নিয়েছি। আজ সম্ভব হয়েছে এটা। আমাদের আগে যদি এ সম্বন্ধে লেজিসলেশান না হত, তা হলে কো-অপারেশনের এই মোমেন্টাম আজ সৃষ্টি হত না। আপনাদের সময়ে কি হয়েছে, তা তো পড়ে শোনালাম। সে রেকর্ড এখানে আছে, তা তো আপনারা হত্যা করতে পারবেন না!

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশানস।)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অ্যামালগেমেসানের যে প্রভিসন রাখা হয়েছে, তাতে রিজার্ভ ব্যাঙ্কের স্টাডি টিমের রেকমেন্ডেসন রয়েছে। হাউসের বাইরে ও ভেতরে আমরা বারবার বলেছি যাঁরা সৎ ও দক্ষ কর্মচারী আছেন, তাঁদের চাকুরির সম্বন্ধে চিন্তা করবার কোন কারণ নাই। তবে একথা যাঁরা বলেন, যাঁরা স্যাবোটেজ করবেন, যাঁরা এই আন্দোলনকে ব্যাহত করছেন, তাঁদের শুধু প্রোটেকসান দিতে হবে, তার মধ্যে আমি নেই। যে দেশে জীবন ও জীবিকার এত সমস্যা, সেই দেশে যদি সবার চাকুরির ব্যবস্থা হত, তা হলে তাদের চাকুরির প্রোটেকসান নিশ্চয়ই হত। যারা সাধারণ অ্যাডমিনিস্ট্রেশানকে কিংবা কো-অপারেটিভ অ্যাডমিনিস্ট্রেশানকে ও এই আন্দোলনকে ব্যাহত করবে, তাদের যদি চাকুরির প্রোটেকসান হত, তা হলে আঁতাত কার সঙ্গে কার আছে তা বুঝে নিতে কারো অসুবিধা হবে না।

আর তো আমার বেশী সময় নেই বলবার। তবে কারো চাকুরি চলে গেলে সেখানে আপীলের প্রভিসান রাখা হয়েছে। কিছু কিছু স্পেসিফিক কমপ্লেন হয়েছে, বিভিন্ন হাউসিং কো-অপারেটিভ সম্বন্ধে যেমন উর্বশী, মেহগিন ইত্যাদি কো-অপারেটিভ সম্বন্ধে। বিলের এই পর্যায়ে সে সম্বন্ধে আলোচনার সময় এই কন্সিডারেশন মোশানে নয়। এর আলোচনা তখন করা যাবে যখন অ্যামেন্ডমেন্টের ক্লজ বাই ক্লজ আলোচনা হবে। তবে সে সম্বন্ধে আরো কিছু তথ্য জানবার আছে—যে কোন উর্বশীই হোক, বা মেনকাই হোক—রেহাই কিন্তু কেউই পাবে না। এই কন্সিডারেশন মোশানের আলোচনার উত্তর দিতে গিয়ে মনে পড়ে যে আলোচনা হয়েছে, তাতে কোন কোন বন্ধু কো-অপারেটিভ এডুকেশন-এর কথা বলেছেন। আমি নিজে এটা খুব প্রয়োজন আছে বলে মনে করি। এই আইনে এটা আপনারা আলোচনা করেছেন—কো-অপারেটিভ ইউনিয়নের আওতায় আইদার অ্যাট দি ডিস্ট্রিক্ট বা অ্যাট দি স্টেট লেভেল—আমরা প্রত্যেকটা কো-অপারেটিভ সোসাইটিকে বাধ্য করেছি, তারা যেন মেম্বার হন। কো-অপারেটিভ ইউনিয়নের প্রাথমিক দায়িত্ব হচ্ছে—

for propagation of the co-operative education and co-operative movement in the State—

সেদিক থেকে আমি মনে করি আমি জানি না সি পি আই বন্ধু কিনা, তিনি এই ইউনিয়নের রি-অর্গানাইজ করা সম্পর্কে কোর্টে একটা মামলা করেছেন, সেই মামলা কোর্টের অর্ডারে ভেকেট না হলে আমরা এ সম্বন্ধে কিছু করতে পারছি না। আজকে আমরা মনে করি কো-অপারেটিভ ট্রেনিং প্রয়োজন আছে মূলতঃ মির্ধা কমিটির রিপোর্ট আমরা দেখেছি কো-অপারেটিভ আন্দোলনে জনসাধারণের ডি-অফিসিয়াল আন্দোলন দরকার। কিন্ত সেখানে যেমন অবস্থা দাঁড়িয়েছে একদিকে করাপশান। এই হাউসে কেউ অস্বীকার করেন নি, অন্যদিকে নেপোটিজম এই চার্জ এখানে কেউ অস্বীকার করেন নি, অন্যদিকে ইনএফিসিয়েন্সি এই চার্জ এখানে কেউ রেফিউট করেন নি, এই যে

element of corruption, nepotism, inefficiency and non-functional entity

হয়ে যাচ্ছে এটা একটা

ineffective structure either in the industrial or in the agricultural sector and to cure the defects at every stage.

এইসবগুলি আন্দোলনকে একসঙ্গে জোরদার করবার জন্য অ্যান্ড টু কিওর দি ডিফেক্ট অ্যাট এভার স্টেজ, আজকে আমাদের প্রয়োজন আছে। খানিকটা রাজ্যসরকারের হাতে আমরা ক্ষমতা নিয়ে আমরা মনে করি এই আন্দোলন স্বতঃস্ফূর্তভাবে নিজের পায়ে দাঁড়িয়ে যায়। এই আন্দোলন নি নিশ্চয়ই এবং এমনও তো সুপারিশ আছে সবভারতীয় ভিত্তিতে রিপ্রেজেন্টেশন অব দি স্টেট যেন না থাকে, এই বক্তব্য আছে

That is certain development.

এটা সম্ভব, এর বাইরে নয়, কো-অপারেটিভ আন্দোলন এমন স্তরে যাবে তার উপরে সরকারের ইন্টারফিয়ারেন্সের কোন প্রয়োজন হবে না। সর্বভারতীয় ভিত্তিতে যেখানে কো-অপারেটিভ ইনভল্ভমেন্ট থার্টি-ফোর পারসেন্ট, আর আমাদের এখানে ইনভল্ভমেন্ট সিক্সটিন টু এইটিন পারসেন্ট ওনলি, এটাকে আরও ছড়িয়ে দিতে চাই ব্যাপকভাবে, আরও বিস্তৃত করে দিতে চাই। দরিদ্রের কাছে পৌঁছে দিতে চাই, যারা নিরক্ষর তাদের কাছে পৌঁছে দিতে চাই। আজকে অনেক বন্ধু আপত্তি করেছেন যে, ক্রেডিট আজকে এই মার্কেটিং-এর সঙ্গে লিঙ্ক-আপ কেন করলাম, আমাদের আর একটা দিকও আছে, ফুড পজিশন এবং প্রপার ইউটিলাইজেশন হচ্ছে কিনা। আমরা দেখছি কো-অপারেটিভ পারপাস অনেক বক্তব্য স্বীকার করেছেন যে, কো-অপারেটিভ থেকে টাকা নিয়ে অন্যদিকে ডাইভার্ট করে দেয় লোন, আজকে সেটার জন্য ব্যবস্থা করে একটা মিনিমাম এসিয়োরেন্স থাকে যেন, সেজন্য আমরা একটা লোনের অংশ ইন কাইন্ড দিতে চেয়েছি, নট মোর দ্যান দ্যাট, এবং অন্যদিকে এরা যখন রিফান্ড দেবে, সেটা যেন কাইন্ডে রিফান্ড করতে পারে, মাঝে কোন ফরিয়া বা মিডলম্যান দাঁড়াতে না পারে, সেদিকে আমরা মার্কেটিংকে লিঙ্ক-আপ করার চেষ্টা করেছি। এদিককার অনেক বন্ধু এটাকে সাধুবাদ জানিয়েছেন। আমি মনে করি, এই ব্যবস্থা অন্য জায়গায় সাকসেসফুল হয়েছে, আমাদের এখানে সাকসেসফুল হয় নি। আজকে কো-অপারেটিভের টাকা প্রপার ইউটিলাইজেশন যেন হয়, আজকে অ্যাপ্লায়েড সায়ান্সের যুগে আজকে যদি আমরা বিজ্ঞানের দিকে চোখ বন্ধ করে থাকি ভবিষ্যৎ বংশধর অবশ্য সাফল্য-লাভ করবে, কিন্তু বাংলার স্বার্থ তাতে রক্ষিত হবে না, ফুড প্রোডাকসন তাতে ব্যাহত হবে। অন্যদিকে অ্যাবিউস অব ফান্ড—কো-অপারেটিভ লোন যেটা নিয়েছে, সেটা অ্যাবিউস অব ফান্ড হবে। রিলেশনের সম্বন্ধে আপনারা কিছু বক্তব্য রেখেছেন, আপনারা তো শালা পর্যন্ত বললেন, মুশকিল হচ্ছে গ্রামাঞ্চলে এত বেশী মামা, কাকা, শালা, দাদা, এটা যদি ঐখানে লিমিট করতে হয় বড় বিপজ্জনক হয়, আমরা করব না, একথা বলি নি, রুলসে সেকথা রেখে দিয়েছি। যদি প্রয়োজন হয়, আমরা ভূমিরাজস্ব দপ্তর ফ্যামিলির যে সংজ্ঞা দিয়েছে আমরা মোটামুটি তা গ্রহণ করেছি। এটাকে যদি এক্সপ্যান্ড করতে হয়, তা হলে ভূমিরাজস্ব দপ্তরের একটা সংজ্ঞা, কো-অপারেটিভ অ্যাক্টে আর একটা সংজ্ঞা, কৃষিতে আর একটা সংজ্ঞা, তা হয় না। আজকে কো-অর্ডিনেশনের প্রয়োজন আছে বলে অনেকগুলি ধারা আমরা রুলসের মধ্যে নিয়ে এসেছি। প্রদ্যোৎবাবু এখানে নাই। তিনি এক জায়গায় বলেছেন, এই আইনটা নাকি প্রায় ঐ চল্লিশ সালের আইনের প্রায় অনুরূপ। তিনি যদি উল্টো বোঝেন, তা হলে বিপজ্জনক। তিনি যদি একটু তাকিয়ে দেখতেন, তা হলে দেখতেন, আমরা একটা ড্রাস্টিক চেঞ্জ এনেছি। আজকে আমরা চেষ্টা করেছি এই আইনটা যুগোপযোগী করে তুলে ড্রাস্টিক অ্যান্ড মেজর চেঞ্জ ফ্রম দি এক্জিস্টিং ওয়ান অব ১৯৪০ করেছি। প্রদ্যোৎবাবু নেই, নইলে আজকে তুলে ধরে দেখাতাম, ১৯৪০ সালের সঙ্গে ১৯৭৩ সালের এই আইনের মূল পার্থক্য কোথায়। শুধু দৃষ্টিভঙ্গির পার্থক্য নয়, আজকে এন্টায়ার মেসিনারী আমরা অন্য রকম চিন্তা করেছি। আজকে কেউ কেউ আপত্তি তুলেছেন, রেজিস্ট্রারের হাতে এদের অ্যালিয়েন্সের ক্ষমতা কেন দিলাম। শ্রীশীশ মহম্মদের সঙ্গে যারা দুর্নীতিপরায়ণ তাদের একটা গভীর আঁতাত আছে। তা না হলে ওদের কথাগুলো কেউ বলতে সাহস পায় না, কিন্তু তিনি বলেন। বহু কো-অপারেটিভ সোসাইটি জানি............

শ্রীশীশ মহম্মদঃ মিঃ স্পীকার স্যার, অন এ পয়েন্ট অফ এক্সপ্লানেসান। শীশ মহম্মদ সাহেব কোন্ কোন্ দুর্নীতির সাথে জড়িত আছেন বলে দিন, আমি একটু জানতে চাই। তা

না হলে তিনি স্বীকার করুন, তিনি সত্য কথা বলছেন না, অসত্য ভাষণ দিচ্ছেন। বলতে হয় তাই বলেছেন।

ডাঃ জয়নাল আবেদিন: আজকে ভেস্টেড ইন্টারেস্টকে খর্ব করার জন্য আমরা চেষ্টা করছি। সারা ভারতবর্ষের প্রতিটি স্টেট চেষ্টা করেছে। একটা ধারা দেখিয়ে দিন যে ধারা শুধু পশ্চিমবঙ্গে প্রস্তাব করা হয়েছে, অন্য রাজ্যে এর কোন মডিফিকেসান বা অ্যাক্ট নেই। সারা কো-অপারেটিভ ওয়ার্লডে যে বিধানগুলো প্রযোজ্য এবং প্রচলিত আছে সেগুলোই এতে আছে। আজকে আপনি অ্যাডভোকেট করেছেন শুনেছি, কেন কোর্টে যাওয়ার অধিকার দিলো না। আমি তো রিটের অধিকারে হাত দিই নি। কিন্তু ১১৭টা কেস করে বসে আছে। প্রতিটি ক্ষেত্রে কো-অপারেটিভ ইউনিয়ন করে বসে আছে, নির্বাচন করা যাচ্ছে না, কোনদিকে যাওয়া যাচ্ছে না। অ্যাবিউস অব পাওয়ারের স্বপক্ষে আপনি বলেছেন। এরাই দুর্নীতিবাজ। ইনডাইরেক্টলি আমাদের ইনফারেন্স আপনি এদের মুখপাত্র। আজকে ভাবা উচিত তিন বছর পর্যন্ত আমরা পারবো। আজকে রেকোমেন্ডেসান আছে, স্টেটে প্রচলিত আছে। প্রকারান্তরে মডিফায়েড আকারে কিংবা হুবহু আকারে যে এদের নিয়ন্ত্রিত করা যায়। একবার যে একটা কো-অপারেটিভ সোসাইটি হাতিয়ে নিতে পারলো, আর এখানে দুর্নীতিবাজ কেউ না, কেউ যদি খুঁটি হয়ে থাকে, তা হলে আপনি কোন কালে এদের কবল থেকে কো-অপারেটিভকে মুক্ত করে নিয়ে আসতে পারবেন না। কারণ এখানে মেসিনাইজেসানস্ এবং ম্যানিপুলেশানের স্কোপ অ্যানারমাস আপনি শ্রীশীশ মহম্মদ সাহেব, বারবার এদের কথা বলেন। আজকে অবিচার কাদের উপর হয়েছে, এদের সংখ্যা কত? আপনি সোসাইটিগুলো দেখুন কারা ক' বছর কোথায় আছে। আজকে সেইজন্য এদের যদি খর্ব করার চেষ্টা করি, এদের অধিকার খর্ব করার চেষ্টা করি, এদের মুখপাত্র হিসাবে আপনি যদি বক্তব্য রাখেন, তা হলে আমি আপনাকে কিছু না বললেও বাংলাদেশের মানুষ আরও আপনাদের খর্ব করবে, আমি দুঃখিত। এখানে ৩ জন ছিলেন ক্রমশ ২ জন হয়েছেন এবং এবার যে সমস্ত কথাবার্তা বলছেন না জানি বাংলাদেশের মানুষ আপনাদের কি বিচার করবেন। আমরা দুঃখিত সেইজন্য। ভেস্টেড ইন্টারেস্টেডের উপর অবিচার যে কোন সময় হতে পারে। এটার অ্যাপীলের ব্যবস্থা থাকে। আমাদের শিডিউলগুলো যদি দেখেন বিশেষ করে থার্ড শিডিউলটা যদি দেখেন আপীলের স্কোপ এতে রয়েছে। যে কোন অফিসার অ্যাপ্লীকেবল অ ইদার টু দি নেক্সট হাইয়ার অথরিটি কিংবা রাজ্য সরকারের কাছে এবং তাতেও শুধু শেষ করি নি, আমরা এক জায়গায় বলবার চেষ্টা করেছি বোধহয় সেকসান ৮১-তে, এই ছাড়াও অ্যানি আদার অথরিটি এবং অন্যান্য অ্যাডভান্সড স্টেট যেখানে আরও কো-অপারেটিভ অথরিটি তৈরি হয়েছে আমরা সেই আইডিয়া বাদ দিচ্ছি না। যে আমাদের এখানে যদি প্রয়োজন হয়, তা হলে আমরা নিশ্চয়ই

We shall constitute even higher authority for smooth functioning and justice on these appeal cases.

আমি সে কথা বার বার বলেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কাছে কিছু কিছু সংশোধনী এসেছে তাতে ও'রা বলেছেন যেসব কথা তাতে আমি বলতে পারি যে, প্রেস থেকে আসার সময় আমরা দেখেছি যে, কোথাও কোথাও উল্টে-পাল্টে গেছে। স্যার, আপনি দেখবেন যে, সব জায়গাতেই কোন সাবসট্যানসিয়াল চেঞ্জ কোথাও আমরা চাই নি।

We have proposed minor changes.

এখানে আমাদের যেভাবে সাজানো ছিল যে প্রকারে প্রিন্টেড হওয়া উচিত ছিল সেইভাবে এটা আসে নি বলে আমরা অফিসিয়াল অ্যামেন্ডমেন্টকে নিশ্চয় রেখেছি। কিন্তু উদ্দেশ্য প্রণোদিত হয়ে যেসব অ্যামেন্ডমেন্ট কিছু পরিবর্তনের জন্য এখানে রেখেছে সেটা তো রাখবেনই তা আমরা জানি। সব মেম্বররাই এই সুযোগ নিতে পারেন। কিন্তু সেই সুযোগ নিয়ে বিলটিকে সিলেক্ট কমিটিতে নিয়ে চল বা কিছু করো এই প্রভিসনটি আমার ভাল লাগে নি। মিস অ্যাপ্রোপ্রিয়েসন সম্বন্ধে শরৎবাবু বলেছেন, যারা টাকা মেরে নিয়ে বসে আছে তাদের সম্বন্ধে কি হবে। আমরা কিন্তু চেষ্টা করছি যে, কি করে এই টাকা উদ্ধার করা যায়। আগে যে কাজগুলি

হয়েছে সে সম্বন্ধে এই বিলে ব্যবস্থা আছে। আগে যে কাজগুলি হয়েছে সেই কাজগুলি এই বিলের প্রভিসন অনুসারে করা হয়েছিল বলে মনে করি। এবং সেটা যে স্বয়ংসম্পূর্ণ নয় তা আমরা জানি, তাই এখানে কিছু প্রভিসন কিছু রুলসের ব্যবস্থা করে রেখেছি। কিছু কো-অর্ডিনেন্স উইথ আদার ডিপার্টমেন্ট আমাদের প্রয়োজন আছে। দুটি মেজর ক্লজের অ্যামেন্ডমেন্ট আমরা আগেরবারে এনেছিলাম যে

Police cognizable offence and the seizure of the records.

এই দুটি দিয়ে মাননীয় বিধানসভার সদস্য এবং জনসাধারণ যদি সহযোগিতা করেন, তা হলে করাপসান, যারা টাকা মেরে নিয়ে বসে আছে তাদের সার-চার্জ করে বা তাদের যদি কোন বিষয়-সম্পত্তি থাকে, তা হলে সেই টাকা আমরা নিশ্চয় আদায় করতে পারব বলে মনে করি—অন্তত তাদের আমরা সমাজে চিহ্নিত করে দিতে পারবো যেন তারা আর শ্রীশীশ মহম্মদ মহাশয়দের সঙ্গে আর হাত মেলাতে না পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডেভিড কপারফিল্ডের গল্পে যেমন লাগানো ছিল—

Take care of him. He bites.

আমরা তো সেটা লাগাতে পারবো না। তবে আমরা বর্ণনা করে দিতে পারবো যে কালো স্বার্থ-গুলো কিভাবে চাম্পিয়ান করার চেষ্টা করেছে।

শ্রীশীশ মহম্মদঃ আপনাদের কাদা ছোঁড়া তো অভ্যাস, তাই কাদা ছুঁড়ছেন, আর কিছুই করতে পারবেন না।

শ্রীজয়নাল আবেদিনঃ আপনারাই কাদায় বসে আছেন বলে আমরা সেখানে যেতে চাইছি না, এবং এমনই আইসোলেটেড হয়ে আছেন এমনই কাদায় বসে আছেন যে, জনসাধারণ সেখানে যেতে পারছে না। যা হোক, আজকে যদি অফিসিয়াল নেকলিজেন্ট হয় আমি ইনভাইট করছি সে সব ডকুমেন্ট। কারণ আমরা জানি যে সব যন্ত্রই একেবারে ধোয়া তুলসীপাতা একথা ঠিক নয়। তাই যদি কোন সন্ধান থাকে আমাকে দিন যেটুকু নেকলিজেন্সের জন্য স্টেটের কো-অপারেটিভ মুভমেন্ট নষ্ট হয়েছে বা জনসাধারণের যে অসুবিধাগুলি হয় বা যে ক্ষতি হয়ে যায় তা আমি নিশ্চয় দেখবো। অজিতবাবু বনগাঁ সম্বন্ধে বলেছেন স্পেসিফিক্যালি এবং আই হ্যাভ নট স্টপড। আমি এনকোয়ারি করেছি, আপনি জানেন এবং তদন্ত করে আইন অনুযায়ী ব্যবস্থা নেবার ব্যবস্থা করেছি।

(এ ভয়েস ফ্রম সি পি আই বেঞ্চঃ আপনার সম্বন্ধে তো অনেকে অনেক কথা বলেন এবং অনেক রকম সুযোগ নেয়।)

আমার নাম বাইরে যদি কেউ ব্যবহার করেন তাদের তো সব আমি বাধা দিতে পারি না। কিন্তু আপনারা তো পারেন বাধা দিতে, আপনারা যখন মোর্চায় আছেন। যদি কেউ আমার নাম ব্যবহার করে থাকে অসৎ উদ্দেশ্যে, তা হলে আমি তার জন্য দায়ী হবো কি করে, এ জিনিস আমি বুঝতে পারছি না। আমি দুর্নীতিপরায়ণদের জন্য ব্যবস্থা করেছি। তারপর ইন্সিওরেন্স সম্বন্ধে অনেকেই স্বাগত জানিয়েছেন, প্রায় সবাই একই কথা বলেছেন যে, এর কিছু লিমিটেসন আছে। আগের ডিপোজিট অ্যামালগামেসন-এর ফলে এই ধারাটি গৃহীত হয়েছে, এটা ফেব্রুয়ারি মাসে যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছিল সেখানে এটা গৃহীত হয়েছে। তথাপি আমরা রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে বারবার বসেছি এবং আমরা যে সাবসিডি দিচ্ছি, যে গ্রান্ট দিচ্ছি রিহ্যাবিলিটেশন ফান্ড থেকে বা অ্যামালগামেটিং ব্যাঙ্কগুলিকে যা দিচ্ছি তাতে আমরা চেষ্টা করছি যাতে ডিপোজিট কভার হয়ে যায়। এবং একথা আমরা বলেছি।

রিডাকসান অব ইন্টারেস্ট হতে পারে মূল ক্যাপিটাল যেন নষ্ট না হয় আমরা তার জন্য চেষ্টা ক'রে চলেছি। তা না হ'লে কো-অপারেটিভ আন্দোলন আর এক দিক থেকে মার খাবে, মানুষের আস্থা চলে যাবে। শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া) যে কথা বলেছেন সে সম্বন্ধে আমি

তাঁকে বলতে চাই যে, আমরা এ দিকটা খুব গুরুত্বসহকারে লক্ষ্য করছি। তারপর ভবানীবাবু বলেছেন, এরিয়া রিঅর্গানাইজেসনের কথা। কুচবিহার এবং আলিপুরদুয়ারে আমাদের খুব অসুবিধা হয়েছে। আমরা কিছুটা রেসানালাইজ করার চেষ্টা করছি এবং এর পর যদি আপনাদের কোন সাজেসান থাকে সে ক্ষমতা তো আছে আমাদের এই বিলে। আমরা চেষ্টা করবো যে, রিঅর্গানাইজেসানে যেন জনসাধারণ এবং কো-অপারেটিভ সোসাইটিগুলির সুবিধা হয়, সেই রিঅর্গানাইজেসানের কথা আমরা চিন্তা করবো। তবে এখনই পয়েন্ট ব্লাঙ্ক বলতে পারি না যে, প্রত্যেকটি ক্ষেত্রেই করবো। যেখানে রেশনাল বেসিসে থাকবে সেখানে নিশ্চয় রিঅর্গানাইজ করবো। প্রায় সব কথারই জবাব দেওয়া হয়ে গেল, এর পরে অ্যামেন্ডমেন্টগুলি যখন আসবে ক্রনলজিক্যালি যখন আলোচনা হবে নিশ্চয় সব কথা বলতে পারবো। তবে একটা কথা বলি, এমন কোন বিধান আমার চেষ্টা করি নি যে বিধানের ফলে দেশের মানুষের ক্ষতি হবে। আমার নিজের বিশ্বাস গভর্নমেন্ট লেভেলে অফিসার দিয়ে এই কো-অপারেটিভ আন্দোলন সার্টেন লেভেল পর্যন্ত যেতে পারে এই আইনকে পূর্ণ মর্যাদায় সদ্ব্যবহার করতে গেলে পিপলস্ পার্টিসিপেসান চাই। পিপলকে যদি ইনভলব, এনথুস করতে না পারি, তা হ'লে এই আন্দোলন কখনও সাকসেসফুল হতে পারে না। এটা কোন দেশে কখনও হয় নি। কাজেই পিপলের কাছে যাতে এই আন্দোলন পৌঁছায়, মধ্যপথে কোন বেরিয়ার যেন ইমপিড করতে না পারে সেজন্য আমরা বার বার চেষ্টা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার প্রারম্ভিক ভাষণে যেকথা বলেছি এবং আমাদের স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজিনসে যা আছে সব মিলিয়ে দেখলে দেখা যাবে এই হাউসে যে আলোচনা হয়েছে তাতে আর কোন সংযোজনের প্রয়োজন নেই। তথাপি বিতর্কের রীতি অনুযায়ী এবং যে কৌতূহল মাননীয় সদস্যারা ব্যক্ত করেছেন আমি চেষ্টা করেছি সেগুলি কভার করবার। এর পরে যখন দফাওয়ারী আলোচনা হবে তখন আরো অনেক কথা বলা যাবে। তবে স্যার, শেষ করার আগে একটা কথা বলতে চাই যে, শুধু এ দেশে নয়, অ্যাডভান্স ডেমোক্রেটিক কান্ট্রিতেও আমরা দেখেছি এই ধরনের লেজিসলেসান লেজিসলেচার থেকে পাশ করিয়ে নেওয় হয় দুটি উদ্দেশ্যে। একটা টাইম সেভ করার জন্য যেমন ব্রিটেনে যুদ্ধকালীন সময়ে নেওয়া হয়েছিল আর একটা টু রিডিউস দি ওয়ার্ক লোড অব দি লেজিসলেচার। অনেক দেশেও আমরা দেখেছি। শেষে একথাই বলতে চাই যে, অনেকে যে আশংকা করেছেন যে ক্ষমতা সব কর্মচারীদের হাতে যাচ্ছে, রুলস মানেই কর্মচারীরা, অজিতবাবু নিশ্চয় ভুলে যান নি, আমি এ সম্বন্ধে একটা উদ্ধৃতি দিতে চাই—

> Over the last half a century or more Parliament has passed an increasing volume of legislation extending the activities of the Government to a great number of fields and often involving provisions of considerable complexity. At the same time it has become more and more important to lighten the load-burden of the Legislative machine. It has been recognised the greater the number of details of essentially subsidiary or procedural in character which can be withdrawn from the floors of both the Houses, the more time will be available for discussion of major matters of public concern. Consequently, the legislative power, the executive power, is often conferred upon the executive by Statute and various arrangements are made for Parliamentary scrutiny, etc.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা মেজ এইটিন্থ এডিসনের ৫৬০ পাতায় রয়েছে. এতে যদি কারো কৌতূহল থাকে, তা হ'লে দেখবেন। আমরা এই বিলে প্রভিসন রেখেছি এবং নিশ্চয় রুল মেকিং-এর প্রভিসন আছে। কিন্তু আমরা এই কথা ব'লে দিয়েছি, দোজ আর সাবজেক্ট টু স্ক্রুটিনি বাই লেজিসলেচার। এমন কোন রুল হবে না যে রুল এই হাউসে প্লেস হবে না,
and those are subject to modification as the Legislators and the Hon'ble House desires.

সুতরাং সেদিক দিয়ে চেকস্ অ্যান্ড ব্যালেন্স আমরা রেখে দিয়েছি। আজকে আমরা গণতন্ত্রে বিশ্বাস করি এবং গণতন্ত্রকে বিশ্বাস করি ব'লে প্রতিটি কথা প্রতিটি পদক্ষেপ আমরা গণতন্ত্রকে মেনে চলি। এবং সমস্ত বিধান এই আইনের গণতান্ত্রিক বিধান। যারা গণতন্ত্রের ভেগ

ধরে গণতন্ত্রকে ধ্বংস করার চেষ্টা করছে অ্যাবিউজ অব ডেমোক্রাসি করার চেষ্টা করছে তাদের হাতগুলো কিন্তু আমরা সঙ্কুচিত এবং খর্ব করার চেষ্টা করেছি। তাতে যদি কারো অসুবিধা হয়ে থাকে সেই অসুবিধা হবে। আমরা তাদের করুণা প্রকাশ করতে পারি, কিন্তু সাহায্য করতে পারি না, আমরা এটাই জানিয়ে দিতে চাই। এই কথা ক'টি বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ্বনাথবাবু যে শেষ দাবি করে গেছেন সিলেক্ট কমিটিতে দেবার জন্য, সাধারণ অবস্থায় এই রাজ্যের অগ্রগতি, এই রাজ্যের কো-অপারেটিভ আন্দোলনের ব্যর্থতা, এই রাজ্যের সাধারণ মানুষের দারিদ্র্য, এই রাজ্যের কৃষি- এগ্রিকালচারাল ক্রেডিট স্ট্রাকচার-এর কোলাপ্সড অবস্থা, আমি প্রত্যেক মাননীয় সদস্যকে যে

Report of the Study Team of the Agricultural Credit Institutions in West Bengal

পাঠিয়েছি চিঠি লিখে, এই সবগুলো চিন্তা করে করা হয়েছে। আজকে এই আইন দ্রুতগতিতে কাজে রূপান্তর করার প্রয়োজন আছে ব'লে মনে করি এবং উপলব্ধি করি এবং উপলব্ধি করি বলেই সমস্ত ল কমিটির সুপারিশ, স্টাডিটিমের সুপারিশ, অন্যান্য অঙ্গরাজ্যের কো-অপারেটিভ বিধান এবং কো-অপারেটিভ সম্বন্ধে যে আইন আছে তার বয়ান, তার প্রয়োগ সবগুলি বিবেচনা করে একটা স্বয়ংসম্পূর্ণ আইন আনা হয়েছে। সেই আইন আমরা এই হাউসের সামনে রেখেছি এবং এই বিশ্বাস রাখি যে, মাননীয় সদস্যরা আজকে এটা গ্রহণ করবেন। এর জন্য যে সার্কুলেসান মোসানের দাবি এসেছে আমি তার বিরোধিতা করছি। আমি তো আগেই বলেছি যে, যারা সার্কুলেসন মোসান দিয়েছেন তারা দেশের সমবায় আন্দোলনের পশ্চাৎপদকে সমর্থন করেন। আজকে আমরা মনে করি ল কমিটির যে বক্তব্য আমি এখানে উদ্ধৃত করেছি এবং আজকে বিভিন্ন যে চিঠিপত্র তা রেখেছি। তা ছাড়া ব্যাংকিং ইউনিয়নটা বোধ হয় সি পি আই বন্ধুদের একটা সম্পর্ক থাকতে পারে, তারাও যে বক্তব্য রেখেছেন তাতে বলা হয়েছে লং ওভারডিউ হয়ে রয়েছে সব জায়গায় এই সব চিন্তা ক'রে আমরা সিলেক্ট কমিটির সুপারিশ গ্রহণ করতে পারলাম না, সে জন্য দুঃখিত। আমার প্রারম্ভিক ভাষণে এই বক্তব্য রেখেছি এবং আমি মাননীয় বন্ধুদের অনুরোধ করবো যে, তাঁরা এই বিলের দফাওয়ারী আলোচনায় অংশগ্রহণ করে যাতে এই বিল হ্রায় কার্যকর হয় তার ব্যবস্থা করবেন। কারণ এই অনেকগুলো প্যারাফার্নেলিয়াও আছে। আজকে কো-অর্ডিনেশনের ডিফারেন্ট ডিপার্টমেন্টের সঙ্গে আছে, রুল মেকিং আছে। আজকে শুধু রুল মেকিংস নয়, আমাদের

assent and co-ordination of different departments of the Central Government

এর প্রয়োজন আছে। আজকে প্রেসিডেন্টের অ্যাসেন্টের প্রয়োজন আছে। সেই জন্য আরো সময় যেন না যায়, কারণ ঐ দিকে যে সময় লাগবে সেটা চিন্তা ক'রে আমি এটা গ্রহণ করতে পারলাম না। সুতরাং বন্ধুরা যে প্রস্তাব তুলেছেন যে, এটা সিলেক্ট কমিটিতে পাঠানো হোক, সেটা আমি গ্রহণ করতে পারছি না, সময় এবং তার আর আনুসঙ্গিক যে বিষয়গুলো আছে এর দিকে চিন্তা ক'রে আমি বন্ধুদের অনুরোধ করবো যে, তাঁরা অতঃপর ফাস্ট রিডিং-এর পর সেকেন্ড রিডিং-এ যেন যায় এবং আরো আলোচনা হয় ক্লজওয়াইজ। আমি দুঃখিত যে, সার্কুলেসন মোসান আমি গ্রহণ করতে পারলাম না, এবং সিলেক্ট কমিটিতে প্রেরণের যে মোসান সেই মোসানকে আমি গ্রহণ করতে পারলাম না। এই ক'টি কথা ব'লে মাননীয় অধ্যক্ষ মহাশয়, কনসিডারেসন মোসানের উপর মাননীয় সদস্যরা যে বক্তৃতা রেখেছেন সংক্ষিপ্তভাবে যতটুকু পেরেছি জবাব দেবার চেষ্টা করেছি এবং দফাওয়ারী আলোচনায় যে বিষয় এখন বলা হয় নি আমার তরফ থেকে আমি আশা করি সেই কথা ব'লে নিতে পারব। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি এবং আপনি যে আমাকে বলার সুযোগ দিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। জয় হিন্দ।

[6-20—6-30 p.m.]

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বার বার বলা সত্ত্বেও এই কো-অপারেটিভ বিল সিলেক্ট কমিটিতে পাঠানো হ'ল না, সেই জন্য আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি। নজির সৃষ্টি হ'ল বাংলাদেশের অ্যাসেম্বলীতে, এমন কি এই নজির পার্লামেন্টেও নেই। এই ধরনের

বড় বড় বিল কোন রকম কনসালটেশন না ক'রে, কোন রকম সিলেক্ট কমিটিতে আলোচনা না ক'রে মেজরিটির জোরে এই ভাবে পাশ করিয়ে নেওয়া হচ্ছে এর জন্য আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এর আগে ৩/৪ দিনের মধ্যে, ৯ থেকে ১২ ঘণ্টা পর্যন্ত সিলেক্ট কমিটি ক'রে এই রকম বিল আমরা পাশ করেছি, এই নজির আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, উদ্বাস্তু বিলের সময় সকাল, দুপুর, বিকেল ধ'রে তিন দিন সিলেক্ট কমিটি ক'রে ২ দিনের মধ্যে সেই বিল অ্যাসেম্বলীতে পাশ হয়ে গিয়েছে। সেই জন্য আজকে এই ব্যাপারে তীব্র প্রতিবাদ আমরা জানিয়ে রাখলাম, গায়ের জোরে সিলেক্ট কমিটিতে না পাঠিয়ে বিল পাশ করিয়ে নেওয়া হচ্ছে।

Mr. Speaker: The amendment of Shri Ajit Kumar Ganguly for sending the Bill to the Select Committee is out of order.

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের উপর কংগ্রেসের শরিক, সি পি আই সিলেক্ট কমিটির জন্য যে আবেদন করেছিলেন, এর সঙ্গে আমাদের নাম যেহেতু আছে এবং আপনি টেকনিক্যাল গ্রাউন্ডে এটাকে আউট অফ অর্ডার ক'রে দিলেন, যেহেতু রুলস-এ এই অধিকার আছে যে, মাননীয় মন্ত্রী ইচ্ছা করলে সিলেক্ট কমিটিতে না পাঠিয়ে এখানে তুলতে পারেন। কিন্তু মাননীয় মন্ত্রী এই বিলকে যদি পুনর্বিবেচনা করে সিলেক্ট কমিটিতে না পাঠান তা হ'লে জানব গণতন্ত্রকে হত্যা করা হচ্ছে এবং আমরা এর প্রতিবাদ করছি। এই বিলকে মাননীয় মন্ত্রী সিলেক্ট কমিটিতে না পাঠানোর জন্য আমাদের পক্ষ থেকে আমরা ওয়াকআউট করছি।

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বন্ধুরা গায়ের জোরের কথা বলেছেন। বাংলার মানুষ জানে সি পি আই এবং কংগ্রেসের এক সঙ্গের গায়ের জোরের কথা এবং সেই জোরেই এক বছরে আজকে তারা ১৩ থেকে ৩৫-এ এসেছেন।

শ্রীবিশ্বনাথ মুখার্জি: আমি আপনার এই কথার তীব্র প্রতিবাদ করছি। ১৩-র উপর দাঁড়িয়ে আপনি তখন মন্ত্রী হয়েছিলেন, ডাঃ জয়নাল আবেদিন তখন মন্ত্রী হয়েছিল, শ্রীবিশ্বনাথ মুখার্জি মন্ত্রী হয় নি।

(গণ্ডগোল)

শ্রীবিশ্বনাথ মুখার্জি: নির্লজ্জ বেহায়ার দল, তখন ১৩ না থাকলে মন্ত্রী হতে পারতেন না।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ অর্ডার, সি পি আই নেতা শ্রীবিশ্বনাথ মুখার্জি এখানে মন্তব্য করতে গিয়ে বললেন, বেহায়া এবং নির্লজ্জ এবং তিনি সেটা এই দিকে অঙ্গুলি নির্দেশ করে, তাই আমি আপনার কাছ থেকে জানতে চাই যে, এই বেহায়া এবং নির্লজ্জ বলাটা কি পার্লামেন্টারী? আমরা বার বার এই বিধান-সভায় বলেছি যে, এটা সিলেক্ট কমিটিতে পাঠানোর মানে কতগুলি চোর, জোচ্চর, বাটপারকে আরো সুযোগ ক'রে দেওয়া। এইটা যাতে তাড়াতাড়ি পাশ করা যায় তার জন্য এই ব্যবস্থা নেওয়া হয়েছে এবং এটা সম্পূর্ণ গণতান্ত্রিক। আপনি রুলিং দিন বেহায়া ও নির্লজ্জ পার্লামেন্টারী কিনা যেটা বিশ্বনাথবাবু বলেছেন।

শ্রীবিশ্বনাথ মুখার্জি: সিলেক্ট কমিটির মেম্বার হলেন চোর, জোচ্চোর, বাটপার, ইত্যাদি সব কথা তিনি বলেছেন।

(গোলমাল)

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: বিধানসভায় সদস্যদের নির্লজ্জ, বেহায়া বলতে পারা যায় কিনা এবিষয়ে রুলিং চাচ্ছি এবং আমি এর তীব্র প্রতিবাদ করছি।

শ্রীসুব্রত মুখার্জি: বিশ্বনাথবাবু একটা কথা শুনতে ভুল করেছেন সেটা হচ্ছে মাননীয় সদস্য বলেছেন তার কোন সদস্যকে চোর, জোচ্চর বলেন নি। এই বিলটাকে পেন্ডিং রেখে সিলেক্ট কমিটিতে পাঠানো হ'লে কিছু বাহিরের চোর, জোচ্চোর, গুন্ডা, মস্তান তাদের সুবিধা হবে একথা বলেছেন।

শ্রীবিশ্বনাথ মুখার্জি: বাহিরের কথা বলা হয় নি।

ডাঃ জয়নাল আবেদিন: সি পি আই-এর সহনেত্রী শ্রীমতী মিত্র বললেন, গায়ের জোরে এই বিল পাশ করছি।

শ্রীমতী ইলা মিত্র: সিলেক্ট কমিটিতে না গিয়ে পাশ করাচ্ছেন।

ডাঃ জয়নাল আবেদিন: আমি বলেছি এর আগে ইভন বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন বিল সিলেক্ট কমিটিতে দেওয়া হয় নি সময় ও যুগের দাবি মেনে নিয়ে।

শ্রীমতী ইলা মিত্র: আমরা তখন সব জেলে ছিলাম, এবং মেম্বার অ্যাবসেন্ট ছিলেন।

ডাঃ জয়নাল আবেদিন: বাংলার মানুষ জানে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার সরকার এখানে আছেন। সেই সরকারের পার্টনার এই সি পি আই কোন কোন জায়গায় কৌশল নয়............।

শ্রীবিশ্বনাথ মুখার্জি: এর প্রতিবাদ করছি। আপনি পার্টনার বলছেন, কৌশল বলছেন এসব বলার দরকার কি? এ যেন ধান ভাঙতে শিবের গীত।

ডাঃ জয়নাল আবেদিন: আমি একটা কথা বলছি ক্লাস স্ট্রাগল ইজ ইমপসিবল উইদাউট ডলিং।

(গোলমাল)

শ্রীসোমনাথ লাহিড়ী: অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, ও'র বক্তৃতা শেষ হয়ে গেছে, এখন কোশ্চেন উইল হ্যাভ টু বি পুট। অতএব এখন উনি কি বিষয়ে বক্তৃতা করছেন সেটা তিনি জানান, তা হ'লে আমরা ও'র বক্তৃতা ফলো করতে পারি।

Mr. Speaker: After the reply of the Hon'ble Minister a statement has been made by the honourable Member Shrimati Ila Mitra and she has made some comments. So, I have allowed Dr. Zainal Abedin to give the reply.

ডাঃ জয়নাল আবেদিন: আজ গণতান্ত্রিক মোর্চার শরিক হিসাবে বাধা দেবেন তাই নয়, রকার হ'লে নিজের দেশের গভর্নমেন্টের পতন ঘটিয়ে দিয়েছেন এটাই হচ্ছে সি পি আই-এর ডকট্রিন।

শ্রীবিশ্বনাথ মুখার্জি: এটা কি রেলিভেন্স হচ্ছে?

[6-30—6-40 p.m.]

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

(At this stage the Members belonging to R.S.P. staged a walk out.)

The motion of Dr. Zainal Abedin that the West Bengal Co-operative Societies Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Mr. Speaker: There are amendments to clause 2 by Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad. They are not here. So the amendments are not moved.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 3 to 11

The question that clauses 3 to 11 do stand part of the Bill was then put and agreed to.

Clause 12

Mr. Speaker: There are amendments to clause 12 by Shri Ajit Kumar Ganguly and Shri Bhupal Chandra Panda. I call upon Shri Bhupal Chandra Panda to move.

Shri Bhupal Chandra Panda: Sir, I beg to move that after clause 12(2)(c) the following be inserted, namely:

"(d) no Agricultural Credit Society be registered if the by-laws of such society permit admission as member thereof, of a person who owns more than 10 acres of land".

माननीয় স্পীকার মহাশয়, আমি এই বিলে ১২(২)(সি)-র পরে "ডি" একটা সাব-ক্লজ অ্যাড করবার জন্য অ্যামেন্ডমেন্ট দিয়েছি। এই আমেন্ডমেন্ট প'ড়ে দেখবেন এতে আছে.

"No Agricultural Credit Society be registered if the by-laws of such society permit admission as member thereof, of a person who owns more than 10 acres of land."

ছোট, মাঝারি কৃষকদের নিজস্ব পৃথক কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটির মাধ্যমে সুযোগ-সুবিধা দেবার বিশেষ ব্যবস্থা যাতে এই বিলের অন্তর্ভুক্ত হয় তার জন্য আমি সমস্ত সদস্যকে বিশেষভাবে বিবেচনা করবার জন্য অনুরোধ করছি। আজকে পশ্চিমবাংলায় কো-অপারেটিভ সোসাইটি বিশেষ ক'রে কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটির মধ্যে যে বাস্তুঘুঘুর বাসা রয়েছে সেকথা মাননীয় সদস্যরা সকলেই একবাক্যে স্বীকার করেছেন এবং মন্ত্রিমহাশয়ও সেকথা স্বীকার করেছেন। এই বাস্তুঘুঘুর বাসা যদি ভাঙতে হয়, তা হ'লে এই কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটির মধ্যে কোন ক্রমেই বিত্তশালী মানুষদের প্রবেশ করবার সুযোগ দেওয়া উচিত নয়। এই বিত্তশালী এবং মতলববাজ মানুষদের ঠেকিয়ে রাখবার জন্য এই বিলের অবজেক্টস্ অ্যান্ড রিজনস্-এর মধ্যে বিশেষভাবে উল্লেখ করা হয়েছে। কিন্তু এই বিল পড়লে দেখা যাবে উইকার সেকসনকে প্রোটেকসান দেবার কোন ব্যবস্থা নেই। অন্তত ক্রেডিটের ক্ষেত্রে যাতে উইকার সেকসনকে সেই সুযোগ দেওয়া যায়, সেখানে যাতে বিত্তশালী লোকেরা প্রবেশ করতে না পারে, যা কিছু অ্যাডভানটেজ সেটা তারা যাতে না নিতে পারে সেইজন্য এখানে ১০ একর পর্যন্ত লিমিট ক'রে কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি গড়বার জন্য আমি অ্যামেন্ডমেন্ট এনেছি। আমি মনে করি দুর্নীতির দিক থেকে এবং প্রয়োজনের দিক থেকে এই অ্যামেন্ডমেন্ট এখানে আনা অপরিহার্য এবং আমি আশা করি মাননীয় সদস্যেরা সকলেই এটাকে সমর্থন করবেন।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় সংবিধানের কথা বলছিলেন। আমি জানি জাতির জন্য, দেশের জন্য সংবিধান, সংবিধানের জন্য দেশ না। আমরা পার্লামেন্টের সংবিধান বহুবার পরিবর্তন করেছি, সংশোধন করেছি। এবারে করেছি ২৫ নম্বর ধারা, সুপ্রীম কোর্ট বলেছেন ফান্ডামেন্টাল রাইট-এ হাত দিতে পারি। সুতরাং এতো সামান্য ব্যাপার কিছুই নয়। কংগ্রেসের যে বিকাশ হয়েছিল তাতে আমরা উৎসাহিত হয়েছিলাম যে, এই মুড়ি মিশ্রি এক করা না হয়, হৃদয়ের পরিবর্তন গান্ধীজী বলেছিলেন। নোয়াখালির উপর বলেছিলেন যে, প্রয়োজন যদি হয় অত্যাচারীকে আক্রমণ করব, বলেন নি তিনি গাল পেতে দাও। সুতরাং গান্ধীজীর কথা উল্লেখ করবেন না, আমরা পুরানো লোক, আমরা কিছু কিছু জানি। এখানে উনি বারবার বললেন যে, ভেস্টেড ইন্টারেস্ট-এর কথা বলছেন, শুধু আমি না আপনাদের সমস্ত সদস্য এই কথা বলছেন। সেজন্য অনুরোধ করব—এ নিয়ে আজকে অনেক আলোচনা হয়ে গিয়েছে, বক্তৃতার আর কোন কারণ নাই। ১০ একর, ৩০ বিঘা জমি মাননীয় সদস্যদের লক্ষ্য ক'রে বলছি, আপনারা ভাবেন ৩০ বিঘার জমিওয়ালা মানুষ কো-অপারেটিভ-এ আসতে পারবে। ৩০ বিঘার বাইরে যারা তারা অন্য কো-অপারেটিভ

করুন। ফারমিং কো-অপারেটিভ করুক, কো-অপারেটিভ-এর অজস্র সুযোগ রয়েছে। আমরা এমন কথা বলছি না যে, তাদের কো-অপারেটিভ থেকে বঞ্চিত ক'রে দাও—একথা বলছি না, কিন্তু যে উদ্দেশ্য নিয়ে উইকার সেকসান, পুওর সেকসান-এর কথা মাননীয় মন্ত্রী বলেছেন, আজকে জবাব দেবার সময় বললেন যে, এই ক্রেডিট সোসাইটি থেকে কোথা থেকে তা হলে উইকার সেকসানের অ্যাডভানটেজ হবে। আমরা জানি উনিও জানেন, আমিও জানি যে, দুটি লোক যদি ঢুকে পড়ে, কারও রক্ষা নেই যে তাকে সামলাতে পারে। এই জন্য তিনি অবজেক্ট অ্যান্ড রিজনে এতকথা বলেছেন—করাপশানের, নেপোটিজম-এর কথা ব'লে লাভটা কি? আমরা মনে করব যে, আজকে যে জন্য এই বিলে উদ্দেশ্য তিনি বললেন, সেখানে এদের রক্ষা করবার জন্য এইটুকু তিনি গ্রহণ করতে পারবেন, কোন সময়ে বাধার সৃষ্টি হচ্ছে, এ আমরা মনে করছি না। এটাই তো ভাইটাল জিনিস। আমি আবার জয়নাল সাহেবের কাছে আপীল করব যে, আপনি ভেবে দেখুন, এটা নিলে যে উদ্দেশ্য নিয়ে আমরা এই বিল আনছি, সেই উদ্দেশ্য সমৃদ্ধ হবে, সার্থক হবে, তা না হ'লে এই লুপহোল ভবিষ্যতে আপনাদের জবাবদিহি করতে হবে। তখন আপনি থাকবেন না, কি অফিসাররা থাকবেন না, সে আলাদা কথা। ভবিষ্যৎ আমাদের বলবে এই জায়গাটা ফাঁক থেকে গিয়েছিল, আমরা এটা ভরাট করবার জন্য, আবার সংশোধন আনছি, এটার দরকার কি? আমরা যখন আজকে এত আলোচনা করে একটি সুযোগ পাচ্ছি, তখন আশা করি, আপনি নিশ্চয়ই বিবেচনা করবেন এবং এটি গ্রহণ করবেন।

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেও বলেছি যে, কো-অপারেটিভ আন্দোলনে ভেস্টেড ইন্টারেস্ট যাতে না গ্রো করে তার জন্য আমরা চিন্তা করেছি, এবং উইকার সেকসান যাতে রিপ্রেজেন্টেড হয় তার জন্য চেষ্টা করছি। কিন্তু যেখানে ভূমি সংস্কার আইন-এ আফটার এস্টেট অ্যাকিউজেশন ৭৫ বিঘা থেকে কমিয়ে ৭৫ বিঘা পার ক্যাপিটা, এস্টেট অ্যাকিউজেশানে ২৫ একর পার ক্যাপিটা সেটা কমিয়ে ল্যান্ড রিফর্ম-এ আজকে পার ফ্যামিলি, ফ্যামিলি অফ ফাইভ আর ১৭ দশমিক সামথিং এরা নিয়ে এসেছে, আমাদের কিন্তু ঠিক হবে না এর পরে বোধহয় এটা আজকে যে গোটা আন্দোলনটাই ব্যর্থ হয়ে চলে যেতে পারে। একটা ফ্যামিলিতে একজনের বেশি আসবে সেখানে লিমিট কোথায়। আজকে অ্যাবসলিউটলি কন্ট্রাডিক্ট করবে যে, দেশের কো-অপারেটিভ মুভমেন্টটা শুধু উইকার সেকসানকে সাহায্য করা নয়, এটা একটা পারপোজ, অন্য দিকে প্রডাকশানের প্রয়োজন আছে। আজকে যাদের জমি আছে ১০ একর কো-অপারেটিভ-এর স্বার্থে আমরা সেখানে মারকেটিংকে লিংক আপ করেছি, সেখানে ইমপিউট এবং ফিনিসড প্রডিউস্ বিক্রি করবার জন্য ব্যবস্থা দেখেছি—এই দুটোকে একটা সেকসানকে বঞ্চিত করা দেশের স্বার্থে উচিত হবে না। সেজন্য অজিতবাবু—আমি এটা গ্রহণ করতে পারলাম না। আরেকটা কথা হচ্ছে ভারতবর্ষে আরও অঙ্গ রাজ্য আছে, অন্য রাজ্যগুলিতে, অ্যাডভান্স কো-অপারেটিভ মুভমেন্ট--মহারাষ্ট্র, বোম্বাই, তামিলনাড়ু—কোথাও কি লিমিট করেছে? ক্যান ইউ সি সাইট এ সিংগল একজামপল? আজকে কো-অপারেটিভ-এ যার ১০ একরের উপর জমি আছে তাকে কো-অপারেটিভ সোসাইটিতে এনট্রি করতে লিমিট করেছে? কোথাও করে নি। সেজন্য আমি মনে করি এটা ঠিক হ'বে না—আই ডিসঅ্যাগ্রি উইথ মিস্টার গাংগুলী অ্যান্ড আই ক্যাননট অ্যাকসেপ্ট ইট।

The motion of Shri Bhupal Chandra Panda that after clause 12(2)(c), the following be inserted, namely:

"(d) no Agricultural Credit Society be registered if the by-laws of such society permit admission as member thereof, of a person who owns more than 10 acres of land.",

was then put and a division taken with the following result:

Ayes

A. M. O. Ghani, Dr.
Ali Ansar, Shri.
Bhattacharya, Shri Sakti Kumar.
Chakrabarti, Shri Biswanath.
Chattopadhay, Shri Gobinda.

Das Mohapatra, Shri Kamakhyanandan.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Halder, Shri Kansari.
Karan, Shri Rabindra Nath.
Lahiri, Shri Somnath.
Mahata, Shri Thakurdas.
Mitra, Shrimati Ila.
Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Biswanath.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Murmu, Shri Rabindra Nath.
Panda, Shri Bhupal Chandra.
Phulmali, Shri Lalchand.
Roy, Shri Aswini.
Saren, Shri Joyram.
Sarkar, Shri Netaipada.
Sinha, Shri Nirmal Krishna.

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Basu, Shri Supriyo.
Bauri, Shri Durgadas.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Bijoy.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Patrash.
Hemram, Shri Kamala Kanta.
Karar, Shri Saroj.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.

Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Arabinda.
Mandal, Shri Gopal.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mondal, Shri Amarendra.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Sanat Kumar.
Mukherjee, Shri Sibdas.
Mukherjee, Shri Subrata.
Mukhopadhyay, Shri Mahadeb.
Naskar, Shri Arabinda.
Nurunnesa Sattar, Shrimati.
Paik, Shri Bimal.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Nirad Kumar.
Saha, Shri Radha Raman.
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shri Dasarathi.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Shri Bholanath.
Singha, Shri Lal Bahadur.
Singha, Shri Satyanarayan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Atish Chandra.
Sinha, Shri Debendra Nath.
Talukdar, Shri Rathin.
Topno, Shri Antoni.
Bhattacharya, Shri Keshb Chandra.

The Ayes being 25 and the Noes 78, the motion was lost.

The question that clause 12 do stand part of the Bill, was then put and agreed to.

24th Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to report that the Business Advisory Committee at its meeting held on 25th April, 1973, in my Chamber, considered the question of allocation of dates and time for disposal of legislative business and recommended as follows:—

Wednesday, 2-5-73 (i) The West Bengal Secondary Education (Amendment) Bill, 1973 (Introduction, Consideration and Passing)—half-an-hour.

	(ii) The West Bengal Primary Education Bill, 1973 (Introduction, Consideration and Passing).
Thursday, 3-5-73	Business remaining from 2nd May, 1973.
Friday, 4-5-73	Business remaining from 3rd May, 1973.
Monday, 7-5-73	(i) Motion under rule 185 regarding statement made by the Chief Minister before the 6th Finance Commission—by Shri Sukumar Bandyopadhyay—1 hour.
	(ii) Private Member's Bill—1½ hours.
Wednesday, 9-5-73	(i) The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1973 (Introduction, Consideration and Passing)—1 hour.
	(ii) The West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1973 (Introduction, Consideration and Passing)—3 hours.

There will be no meeting on the 30th April, 1973.

The Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

[6-50—7-00 p.m.]

Shri Gyan Singh Sohanpal: I beg to move that the Twenty-fourth Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

The West Bengal Co-operation Societies Bill, 1973

Clause 13

Mr. Speaker: There are amendments to clause 13 by Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad (Nos. 26, 27, 28, 29, 40 and 41). They are not here and they are not moving the amendments.

Shri Ajit Kumar Ganguly: I beg to move that in clause 13(2), in line 3, after the words "different families" the words "and subsequently not more than one person from the same family should be admitted as a member of the society", be inserted.

I beg to move that for the first proviso to clause 13(2), the following be substituted, namely:

"Provided that restrictions regarding number of application shall not apply to engineer's co-operatives, primary housing co-operatives, industrial co-operatives, farming co-operatives and transport co-operatives,".

I beg to move that in clause 13(4), line 2, for the words "three months" the words "two months" be substituted.

I beg to move that in clause 13(4), in line 3, after the words "by him" the words "and such decision should be communicated within 15 days from the date of decision" be inserted.

I beg to move that clause 13(5) be omitted.

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী: মাননীয় স্পীকার স্যার, এখানেও সেই একই কথা বলতে হচ্ছে যে, আমরা বলেছিলাম—মন্ত্রিমহাশয় তাকে ইমপ্রুভ করেছেন। সেই সোসাইটির যখন রেজিস্ট্রেশন-এর ১৫ জন নিয়ম। তার মধ্যে ১২ জনকে বলছেন ডিফারেন্ট ফ্যামিলির হতে হবে। ভেরি গুড। কালকে তাঁর সঙ্গে আলোচনা করেছি, আজও বলছি, আমাদের কোন অপারেশন-এর জায়গায় যদি আপনাদের নন-কো-অপারেশন-এর মুড হয়, তা হলে আর কিছু বলতে চাই না। আপনি দেখবেন এটা একটা করোলারি, এটা রুলসের মধ্যে ঢোকানোর কোন বিষয় নয়। আমরা সকলে জানি, যখন কো-অপারেটিভ সোসাইটিকে রেজিস্ট্রেশন করতে দেই, তখন মেম্বারদের সংখ্যা দেখাই মিনিমাম স্ট্যান্ডার্ড, ১৫।১৬ জন মেম্বারের সংখ্যা দেখাই, রিকোয়ারমেন্টস যদি আদার কন্ডিসন্সন ফুলফিল করে।

তারপর সেই মেম্বারের সংখ্যা একশো হতে পারে, দেড়শো হতে পারে, তার বেশীও হতে পারে। এখানে ছিল, ও'রা বলেছিলেন—

> Where all the applications are individuals, the number of applicants shall not be less than fifteen, at least twelve of whom must be persons belonging to twelve different families.

তখন আমরা এটাকে স্বাগত জানালাম এবং জানিয়ে বললাম একথা, তারপরে যে মেম্বার এসেছে তারা একই ফ্যামিলির হলে আপনি ঠেকাবেন কি করে? তাই এখানে আমি একথা বলছি যে—

> and subsequently not more than one person from the same family should be admitted into the same society.

এই কথাগুলি অ্যাড করতে বলেছি। এটা একটা ন্যাচারাল করোলারি। এতে কোন ডিসপিউট নাই, কোন টেকনিক্যাল পয়েন্টও নয়, কোথাও কিছু নাই। আমি ভেবেছিলাম, এটা অ্যাটওয়ান্স নিয়ে নেওয়া হবে। অবশ্য নেওয়াতে কোন বাধা নাই। অবশ্য এ নিয়ে আমি কোন বাদানুবাদে যেতে চাই না। হাউসে বলছি, যে প্রশ্ন—নিয়ার রিলেসান তুলেছিলাম; আরো বলবো কি রকম করে, কিভাবে কো-অপারেশন হয়, আমি হোল কো-অপারেটিভের হিস্ট্রি দিতে পারি, যদি এ নিয়ে কোন আলোচনা হয়। আমি বলবো, এই মেম্বারশীপের ব্যাপারটা, যাকে বলে একেবারে ইনোসেন্ট অ্যামেন্ডমেন্ট। এর মধ্যে কিছুই নাই। যেটা গোড়াতেও বলেছি, স্ট্রাকচার ঠিক রেখেই এই সুপার-স্ট্রাকচার-এর কথা বলছি। এটা রুলের মধ্যে রাখার কোন প্রয়োজন নাই। ইট ইজ দি ফান্ডামেন্টাল ফিচার অব দি অ্যাক্ট।

শ্রীভূপালচন্দ্র পান্ডা: মিঃ স্পীকার স্যার, এখানে এই যে অ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে এর সার্বসিকোয়েন্ট বক্তব্য আছে, একটা জিনিস আছে, কারণ উইদাউট অ্যানি রিজিনস এটা আসে নি। আমাদের জীবনের অভিজ্ঞতা এইটা যে, কো-অপারেটিভ যখন তৈরি হয়, তখন প্রথম রেজিস্ট্রেসন হয়, সেই সময় একটা লিমিটেসান থাকে যে, ১৫ জনকে নিয়ে অন্তত হবে এবং সেই ১৫ জনের মধ্যে ১২ জন ডিফারেন্ট ফ্যামিলির হতে হবে, একই ফ্যামিলির হবে না। এইজন্য যে গার্ডটা করা হয়েছে সেটা ন্যায্য। কিন্তু তার পরবর্তীকালে যে ঘটনা সাধারণত ঘটে থাকে সেইটা হল ওই ডিফারেন্ট ফ্যামিলির সঙ্গে প্রত্যেকটা ফ্যামিলির বহু সংখ্যক মানুষকে সেই কো-অপারেটিভের মধ্যে ঢুকিয়ে দেওয়া যায়। আপনি যে ডিফারেন্ট ফ্যামিলি বললেন, পরে প্রতি ফ্যামিলির অনেকগুলো সংখ্যক মেম্বার যদি হয়ে যায়, বাপ-মা, ছেলে-পিলে সবাই যদি হয়ে যায়, তিনটে ডিফারেন্ট ফ্যামিলি হবে। কিন্তু তিনটে ডিফারেন্ট যে ফ্যামিলি সেই ফ্যামিলির বেশির ভাগ মানুষ যদি সেই কো-অপারেটিভের অন্তর্ভুক্ত হয়ে যায়, পরবর্তীকালে, তখন দে উইল কন্ট্রোল দ্যাট সোসাইটি— নো বডি ক্যান বার দ্যাট। এখানে যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে সেটা সেই উদ্দেশ্যে যাতে তারা একজনের বেশি সেই পরিবার থেকে ঢুকতে না পারে। সেইজন্য এর গুরুত্বটা বোঝা দরকার এটা এমনি এমনি দেওয়া হয় নি। এর গুরুত্ব বোঝা দরকার। যদি প্রকৃতপক্ষে অনেস্টলি কো-অপারেটিভের মধ্যে আমরা বাস্তুঘুঘুর বাসা ভাঙ্গতে চাই, তা হলে এই অ্যামেন্ডমেন্ট অতি অবশ্যই গ্রহণ করা উচিত। আরও কয়েকটা

অ্যামেন্ডমেন্ট আমাদের আছে। সেখানে বলেছি, দু নম্বর ধারায় প্রভিসো যা আছে তারপর—

Provided that restrictions regarding number of application shall not apply to Engineers Co-operatives, Primary Housing Co-operatives, Industrial Co-operatives, Farming Co-operatives and Transport Co-operatives.

যেখানে শুধু ইঞ্জিনিয়ারিং কো-অপারেটিভের কথা বলা আছে আমরা সেখানে অন্যান্য কো-অপারেটিভের কথাও বলেছি। কারণ একক ইঞ্জিনিয়ারিং কো-অপারেটিভ ছাড়া আর অন্য কোন ক্ষেত্রেই এটা যাবে না, আর সবক্ষেত্রেই ১৫ জন হতে হবে এই বাধ্যতামূলক এসে যায়। সেই কারণের জন্য যে কো-অপারেটিভগুলো গড়ে ওঠা সম্ভব যেগুলো ছোট আকারে হলেও ক্ষতি নেই, সেইগুলোর নাম এখানে রাখা হয়েছে। যেমন প্রাইমারী হাউসিং কো-অপারেটিভ। ১৫ জন ছাড়া রেজিস্ট্রেসন হবে না—এই রকম নির্দিষ্ট জিনিস থাকা উচিত নয়। তাতে হাউসিং কো-অপারেটিভ ডেভেলাপমেন্ট করার পক্ষে ক্ষতিকারক হবে। সেইরূপ রাখা হয়েছে ইন্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভ, সেইরূপ রাখা হয়েছে ফার্মিং কো-অপারেটিভ সোসাইটি, আর ট্রান্সপোর্ট কো-অপারেটিভ সোসাইটি। অর্থাৎ যেগুলো ছোট ছোট কো-অপারেটিভ আকারে গড়ে উঠলো, সেগুলো তার সঙ্গতি মত সামর্থ্য নিয়ে ছোট-খাট বিজনেস কারবার হতে পারে সেইদিকে যাতে কোন বাধা না থাকে সেইসব কারণের জন্য আমরা এই অ্যামেন্ডমেন্ট এখানে রেখেছি।

[7-00—7-10 p.m.]

টেক্সট ক্লজ ১৩, সাব-ক্লজ ৪, তাতে রয়েছে যা মন্ত্রিমহাশয় এখানে রেখেছেন যে—

An application for registration of a society shall be disposed of by the Registrar within a period of three months from the date of receipt of such application by him.

এই যে তিন মাস সময়—এটা আমরা কমাতে চেয়েছি। তিন মাস এইভাবে পড়ে থাকাটা সঠিক হবে না। ঠিক তিন মাস পরে আবার হয়ে যাবে, যেহেতু তিন মাসের মধ্যে এটার কোন জবাব পেল না—শেষ তারিখে না-মঞ্জুর হয়ে গেল। আমরা এখানে তিন মাসের জায়গায় দু মাস করতে চাই। তারপর ক্লজ ১৩-এর (৪) সাব-ক্লজের শেষে একটা অ্যাড করতে বলেছি যে—

and such decision should be communicated within 15 days from the date of decision.

এটা রাখতে বলেছি যে, দু মাসের মধ্যে তিনি বিচারটা শেষ করবেন এবং ডিসিসন নেবেন—ডিসিসন নিয়ে ১৫ দিনের মধ্যে অ্যাপ্লিকেন্টকে জানিয়ে দিতে বাধ্য থাকবেন। এই অ্যাপ্লিকেন্টকে যদি ১৫ দিনের মধ্যে না জানানো হয় তিনি কিছুই করতে পারবেন না—কিন্তু জানালে সে একটা ব্যবস্থা নিতে পারবে। তখন সে খোঁজ-খবর নিতে পারবে—অন্তত তিন মাস ওয়েস্ট না করে কেন হল না, তার জন্য আবার ফ্রেস অ্যাপীল করতে পারবে এবং চেষ্টা করবে যাতে ঠিক করে করা যায়। যাতে তাকে এই অবস্থায় পড়তে না হয় তার জন্য এটা করতে বলছি।

তারপর সাব-ক্লজ ৫-এতে যেটা দেওয়া রয়েছে যে—

An application which remains undisposed of after the expiry of the aforesaid period of three months shall be deemed to have been refused by the Registrar.

এই সাব-ক্লজটি অমিট করবার জন্য আমরা এখানে অ্যামেন্ডমেন্ট রেখেছি। এটা তুলে দেওয়া হোক। এটা তুলে যদি না দেওয়া হয়, তা হলে কখনও অ্যাপ্লিকেসনের কোন বিচার সহজে হবে না। এবং এটা সাধারণভাবে হয় না। সেই কারণের জন্য রেজিস্ট্রার যাতে ক্যালাস না হয়, রেজিস্ট্রারকে তার ডিউটি সম্পর্কে যাতে সচেতন রাখা যায় সেজন্য যে অ্যাপ্লিকেসন তাঁর কাছে যাক না কেন, সেই অ্যাপ্লিকেসন যাতে তিনি বিচার করতে বাধ্য থাকেন সেই কারণের জন্য আমি এই অ্যামেন্ডমেন্ট দিয়েছি যে তিন মাসের মধ্যে ডিসপোজ্‌ড অফ না হলে পর সেটা বাতিল বলে

গণ্য হবে, এই ধারাটি দয়া করে তুলে দিন। এই অটোমোটিক বাতিল ধারাটি রাখলে অ্যাপ্লি-কেসনের বিচার হবে না, অ্যাপ্লিকেন্ট জাস্টিস পাবে না। রিয়েলি যদি মেম্বারদের উৎসাহিত করতে চান, আগ্রহী করতে চান, তা হলে যে কোন সিটিজেনের অধিকার আছে যে যদি সে কোন বক্তব্য বলে বা সে যদি কোন দরখাস্ত করে, তা হলে তার রিপ্লাই সে পেতে চায়। এটা তার মিনিমাম সিটিজেনশীপ রাইট। এই সিটিজেনশীপ রাইটকে এইভাবে নস্যাৎ করে দেওয়ার সুযোগ আমলাতন্ত্রদের অন্তত দেবেন না এই অনুরোধ করে আমি এই অ্যামেন্ডমেন্ট রাখছি।

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এখানে ফ্যামিলির ডেফিনেসানটা ক্লিয়ার করে দিয়েছি। সুতরাং ওঁরা যে বলেছেন সাবসিকোয়েন্টের কথা সেটার বোধহয় আর প্রয়োজন নেই। ২ নং-এ সেখানে তো যেতে পারবে আমরা বলেছি সেকথা। ১৫ জনের মধ্যে ১২ জন মাস্ট বি অ্যাট দি ইনিসিয়াল, ১২ জন মাস্ট বি ফ্রম টুয়েলভ ডিফারেন্ট ফ্যামিলিস, এখানে আমরা এক্সপ্লেনেসান ফ্যামিলির ডেফিনেসানটা দিয়ে দিচ্ছি। আমরা দু নং-এর প্রভিসোতে বলে দিচ্ছি যেটা আপনারা তুললেন এখানে যে ৭ না ৫ জন বললেন হাউসিং কো-অপারেটিভ ইত্যাদিতে সেখানে স্টেট গভর্নমেন্টের অনেক ক্ষমতা থেকে যাচ্ছে।

Provided further that for special reasons, the State Government may, on receipt of application for the purpose permit registration of societies with lesser number of persons.

It may even go down than that in special circumstances, in the interest of co-operative movement, and in the particular context.

৭-এর চেয়ে কম ৫ জন যদি হয় ইন স্পেশাল সারকামস্টানসেস রাজ্য সরকার যদি মনে করেন ক্ষমতা পাবে পারি রাজ্য সরকারের হাতে থাকছে—এটা যদি আমরা মনে করি এ সুযোগ আমরা দিতে পারি। তারপর আপনি যেটা বলেছেন ১৩(৪)-এ কমিয়ে ২ মাস করতে বলেছেন ৩ মাসের জায়গায়, আমার নিজের ধারণা যে, ৩ মাস রাখাটা বোধ হয় যুক্তিসংগত। কারণ আমরা মনে করছি না যে, কো-অপারেটিভ মুভমেন্টটা কমে যাবে, বরং আমরা মনে করছি এটা বেড়ে যাবে। আপনি ল্যাংগুয়েজটা দেখবেন ভূপালবাবু, আমরা বলেছি -

An application for registration of a society shall be disposed of by the Registrar within a period of three months.

শ্যাল কথাটা কিন্তু দেওয়া আছে। তা সত্ত্বেও শ্যাল কথাটা যদি মিস করে যায়--

If this is not communicated.

তা হলে আমরা ১৩(৫)-টা রেখেছি—

If he does not inform, in that case automatically there is provision for the delay.

ল কমিটির যে ব্যবস্থাপনা ছিল- আমার কাছে একটাই ছিল সেটা টেবিলে দিয়েছি, আপনাদের কাছেও তো একটা আছে বলে মনে হল, শুনলাম আলোচনার সময়, সেখানে ১২(৪)-এ –

An application which remains undisposed of after three months shall be deemed to have been refused by an order.

এ কথাও কিন্তু ওতেও ছিল। সুতরাং এখানে থাকলে খুব একটা অসুবিধা নেই। এখানে কন্ট্রাডিকসান হবার কোন কথা নেই। ১৫(২) যেটা বললেন অজিতবাবু, সেখানেও কন্ট্রাডিক-সানের কোন প্রশ্ন নেই।

It is not a question of contradiction, it is an additional provision.

যেটা অ্যানেবল করতে পারে অন ইনফারেন্স টু দিস। অ্যাগ্রিভড পারসন। সেদিক দিয়ে আমি এই অ্যামেন্ডমেন্ট নিতে পারছি না। আমার মনে হয় এটা কমপ্রিহেনসিভ অ্যান্ড ইউজফুল দুটি সাইডই কভার্ড আপ হবে।

[7-10—7-20 p.m.]

মিঃ স্পীকারঃ পার্টিকুলার কে.নটার উপর ডিভিশন চান বলুন। আমি আলাদা করে নেব, তা না হলে একসঙ্গে আমি সবগুলো নিয়ে নিচ্ছি।

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ সবগুলোর উপর আমরা ডিভিশন কল করতে চাই না। শুধু ৩০ এবং ৩১-এর উপর ডিভিশন কল করতে চাই।

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 13(2), in line 3, after the words "different families" the words "and subsequently not more than one person from the same family should be admitted as a member of the society", be inserted, was then put and a division taken with the following results:

Ayes

Bhattacharya, Shri Sakti Kumar.
Chakrabarti, Shri Biswanath.
Chattopadhay, Shri Gobinda.
Das Mohapatra, Shri Kamakhyanandan.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Halder, Shri Kansari.
Karan, Shri Rabindra Nath.
Lahiri, Shri Somnath.
Mahata, Shri Thakurdas.
Mitra, Shrimati Ila.
Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Biswanath.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Murmu, Shri Rabindra Nath.
Panda, Shri Bhupal Chandra.
Phulmali, Shri Lalchand.
Roy, Shri Aswini.
Soren, Shri Joyram.
Sarkar, Shri Netaipada.
Sinha, Shri Nirmal Krishna.

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Basu, Shri Supriyo.
Bauri, Shri Durgadas.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Bijoy.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.

Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.
Ghose, Shri Sankar.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Patrash.
Hemram, Shri Kamala Kanta.
Karar, Shri Saroj.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Majhi, Shri Rup Sing.
Malladeb, Shri Birendra Bijoy.
Mandal, Shri Gopal.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mohammad Idris Ali, Shri.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Sanat Kumar.
Mukherjee, Shri Sibdas.
Mukherjee, Shri Subrata.
Mukhopadhyay, Shri Mahadeb.
Naskar, Shri Arabinda.
Nurul Islam Molla, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Paik, Shri Bimal.
Panja, Shri Ajit Kumar.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Quazi Abdul Gaffar, Shri.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Radha Raman.
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shri Dasarathi.
Sarker, Shri Jogesh Chandra.
Sen, Shri Bholanath.

Singha, Shri Lal Bahadur.
Singha, Shri Satyanarayan.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Atish Chandra.
Sinha, Shri Debendra Nath.
Talukdar, Shri Rathin.
Topno, Shri Antoni.
Bhattacharya, Shri Keshab Chandra.

The Ayes being 23 and the Noes 83, the motion was lost.

The motion of Shri Ajit Kumar Ganguly that for the first proviso to clause 13(2), the following be substituted, namely:

"Provided that restrictions regarding number of application shall not apply to engineers' co-operatives, industrial co-operatives, farming co-operatives and transport co-operatives",

was then put and lost.

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 13(4), line 2, for the words "three months" the words "two months" be substituted, was then put and lost.

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 13(4), in line 3, after the words "by him" the words "and such decision should be communicated within 15 days from the date of decision" be inserted, was then put and lost.

The motion of Shri Ajit Kumar Ganguly, that clause 13(5) be omitted, was then put and lost.

The question that clause 13 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 14 to 20

The question that clauses 14 to 20 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 21

Shri Ajit Kumar Ganguly: Sir, I beg to move that in clause 21(1)(d), in line 2, after the word and figure "section 84" the words "or B.R. Act, as the case may be" be inserted.

মাননীয় স্পীকার স্যার, এটা টেকনিক্যাল ব্যাপার, যা আছে, সেগুলি আমি আগেই বলেছি, এই অ্যামেণ্ডমেন্টের সঙ্গে কনফরমিটি করে এটা করা হোক। এ ছাড়া নতুন কিছু এর মধ্যে নেই।

শ্রীভূপালচন্দ্র পাণ্ডা: একই ব্যাপার, ঐ টেকনিক্যাল ব্যাপার, অতএব উনি এটা সহজেই গ্রহণ করতে পারেন।

ডাঃ জয়নাল আবেদিন: এটার কোন প্রয়োজন নেই, এটাতে ফার্দার ডিফিকাল্টিস তৈরি হতে পারে. আই কান্ট অ্যাকসেপ্ট।

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 21(1)(d), in line 2, after the word and figure "section 84" the words "or B.R. Act, as the case may be" be inserted, was then put and lost.

The question that clause 21 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 22

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that in clause 22, in the second proviso to sub-clause (1), for the word and letters, "(a) to (f)", the words and letters "(a), (b) and (d) to (f)" be substituted.

Dr. Zainal Abedin: Sir, I accept this amendment.

The motion of Shri Gyan Singh Sohanpal that in clause 22, in the second proviso to sub-clause (1), for the word and letters, "(a) to (f)", the words and letters "(a), (b) and (d) to (f)" be substituted, was then put and agreed to.

The question that clause 22, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clause 23

[7-20—7-30 p.m.]

Mr. Speaker: There are amendments Nos. 48, 49 and 58, 59 by Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad. They are not moved. So I call upon Shri Ajit Ganguly to move his amendments.

Shri Ajit Kumar Ganguly: Sir, I beg to move that in clause 23(2), lines 10 and 11, the words "or an additional director appointed by the Registrar" be omitted.

I also beg to move that in clause 23(4)(c), in line 2, after the words "moral turpitude" the words "or has acted in any manner detrimental to the interest of the society" be inserted.

I also beg to move that the following further proviso be added to clause 23(4)(d), namely:—

"Provided further that an employee of a Co-operative Society may be a member of the Managing Committee as prescribed".

স্পীকার মহাশয়, আপনি দেখবেন ২৩(২) প্রভাইসো যেখানে বলা হয়েছে—

Provided that nothing in this sub-section shall apply in the case of a nominee of the State Government or an additional director appointed by the Registrar on the managing committee of a co-operative society.

আমি বলছি যেখানে গভর্নমেন্ট নমিনি দিয়েছেন সেটা এটা করে লাভ কি? এটা রিডান্ডেন্ট, ইরেলিভ্যান্ট অ্যাক্ট-এর মধ্যে দিলে এর কোন গুরুত্ব থাকবে না। সেজন্য আমি বলছি এটা বাড়তি রয়েছে, এটা কেটে দেওয়া হোক।

দ্বিতীয়তঃ সাব-সেকসান ৪(সি)-তে বলেছেন—

has been punished with imprisonment for an offence involving moral turpitude.

কিন্তু মর‍্যাল টার্পিচিউড ছাড়া অনেক জিনিস থাকে—
which is detrimental to the interest of the society.

এই শব্দটা বুঝতে হবে। আপনি বলেছেন কোরাপসান। কিন্তু কোরাপসান সব সময় মরাল টার্পিচিউড হয় না। সেজন্য কোরাপসান হয়েছে—

detrimental to the interest of the society.

হতে পারে। এটা ন্যায্য কথা। সেজন্য আমি এটা রাখতে বলছি।

থার্ড হচ্ছে যেটা ২৩ সাব-সেকসান ৪(ডি) এই গেজেটের ১০৩৩ পাতায় দেখবেন—
holds any office or place of profit under the society.

সেখানে আমি বলছি—

Provided that an employee of a co-operative society may be a member of the managing committee as prescribed.

আপনি গণতন্ত্রের কথা, নূতন যুগের কথা বলেছেন। আজকাল ওয়ার্কার-দের কমিটিতে নিচ্ছেন। এটা আমরা চাই যে ওয়ার্কার-দের রিপ্রেজেনটেটিভ ম্যানেজিং কমিটিতে আসুক, এটা এখানে থাকবে না? ব্যাঙ্ক এমপ্লয়ীদের আজকাল অনেক গোলমাল আছে। কিন্তু এটা বুঝতে হবে দিন এগুচ্ছে। সুতরাং এই জায়গায় হচ্ছে আসল সমস্যা। পৃথিবী এগিয়ে যাচ্ছে। ইট ইজ অ্যান অ্যাটমিক এজ। এটা যদি না গ্রাহ্য করেন, তা হলে কি ব্যাপার হচ্ছে? রিয়েলাইজেসান-এর ব্যাপার। কো-অপারেটিভ রিয়েলাইজেসান থেকে আসছে। আমরা জানি মন্ত্রিমহাশয় যে মনোভাব নিয়েছেন তাতে এটাই বলছি—

Bill on co-operation has become a Bill on non-co-operation.

সুতরাং কো-অপারেটিভ-এর দিকে তাকিয়ে আমি কোন বাড়তি কথা বলছি না। আশা করি এই অ্যামেণ্ডমেট আপনি গ্রহণ করবেন।

শ্রীভূপালচন্দ্র পাণ্ডাঃ স্যার, ইণ্ডাস্ট্রিতে ম্যানেজিং কমিটি করেছেন এবং ওয়ার্কারদের রিপ্রেজেনটেটিভ নিয়েছেন। কিন্তু মন্ত্রিমহাশয়, দুঃখের কথা এখানে এটা গ্রহণ করতে পারছেন না। কো-অপারেটিভ মুভমেন্ট প্রধানত সার্ভ করতে গেলে, ঠিকমত চালাতে গেলে এমপ্লয়ীদের সাহায্য সবচেয়ে বেশী দরকার। তাদের বাদ দিয়ে কো-অপারেটিভ চালাবেন, তা হয় না।

কিভাবে যে চালাবেন আমরা তো বুঝতে পারছি না। যদি কো-অপারেটিভ হয়, এই যে যাদের যাদের প্রয়োজন সেই অংশকে ঐক্যবদ্ধ করে চালান, তার জন্য কি কয়েকজন এম এল এ কিংবা এম পি কিংবা সরকারী কর্মচারী তারা হলেই গ্রামাঞ্চলে কো-অপারেটিভ মুভমেন্টের খুব সাড়া জেগে উঠবে, আর কারোর কোন প্রয়োজন নেই? বিশেষ করে এই সোসাইটিগুলিতে যে সমস্ত এমপ্লয়ী রয়েছে যারা দীর্ঘ দিন এই কো-অপারেটিভ মুভমেন্টের করাপসানের বিরুদ্ধে লড়াই করেছেন, সরকারের কাছে বহুবার তাদের স্মারকলিপি পেশ করেছেন দুর্নীতি-মুক্ত করার জন্য, কি করে কো-অপারেটিভ মুভমেন্টকে এগিয়ে নিয়ে যাওয়া যায় তার জন্য, তাদের বাদ দিয়ে ম্যানেজিং কমিটি, ডাইরেক্টর বোর্ড মাথার উপর বসে কো-অপারেটিভ চালাবেন এই আউটলুক সঠিক নয়। এই আউটলুক আমাদের কো-অপারেটিভ মুভমেন্টকে হেল্প করে না। সেই কারণের জন্য মন্ত্রিমহাশয়কে বিশেষভাবে অনুরোধ করব, আপনি নিশ্চয়ই এই অ্যামেন্ডমেন্টকে গ্রহণ করবেন।

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেম্বার এবং এমপ্লয়ী এই দুটো কো-অপারেটিভ বিধানে এক নয়। রিপ্রেজেনটেসান অব দি এমপ্লয়ীজ সম্বন্ধে সর্বভারতীয় ভিত্তিতে একটা চিন্তা-ধারা চলছে, ইট ইজ নট নিউ, কিন্তু এখনও ডিসিসান ফাইনাল হয় নি। কারণ, এমপ্লয়ীজ ম্যানেজিং কমিটিতে যাবে কি যাবে না এটা একটা আলোচনার স্তরে আছে। অন্য-দিকে আবার মেম্বার যাকে বলছি তাকে এমপ্লয়ীজ করতে পারছি না। এই অসুবিধা এতে আছে। সুতরাং আজকে এই সময় আসে নি, আই অ্যাম নট অপোজ টু দি প্রিন্সিপল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারী পরিচালনায় আর যে সংস্থাগুলি আছে তাতে আমরা চাচ্ছি এবং উই আর গ্র্যাজুয়ালি ডেভেলপিং দিস ট্রেন্ড অব পার্টিসিপেসান অব দি এমপ্লয়ীজ। কিন্তু এই ক্ষেত্রে মেম্বার এবং এমপ্লয়ীজ এক নয় বলে কনস্টিটিউসানে এখনও আছে এবং সর্বভারতীয় ভিত্তিতে এখনও ঠিক হয় নি। সেজন্য আমি এটাকে গ্রহণ করতে পারছি না বলে দুঃখিত।

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 23(2), lines 10 and 11, the words "or an additional director appointed by the Registrar" be omitted, was then put and lost.

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 23(4)(c), in line 2, after the words "moral turpitude" the words "or has acted in any manner detrimental to the interest of the society" be inserted, was then put and lost.

The motion of Shri Ajit Kumar Ganguly that the following further proviso be added to clause 23(4)(d), namely:

"Provided further that an employee of a Co-operative Society may be a member of the Managing Committee as prescribed",

was then put and lost.

The question that clause 23 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 24 and 25

The question that clauses 24 and 25 do stand part of the Bill, was then put and agreed to.

Statement under rule 346

Mr. Speaker: I now call upon Shri Siddhartha Shankar Ray, Chief Minister, to make a statement under rule 346.

Shri Siddhartha Shankar Ray: Mr. Speaker, Sir, a statement was made by Mr. Biswanath Mukherjee, Leader of the C.P.I. in the House, with regard to the Second Hooghly Bridge and also with regard to the appointment of the Works Minister in place of Shri Mani Sanyal as the Chairman of the Hooghly Bridge Commissioners. Sir, I was sorry that a very simple matter was placed in such a manner as to make it appear as if the Government was guilty of something very grave. I was also very sorry, in fact, extremely grieved that a responsible person like Shri Biswanath Mukherjee, the Leader of the C.P.I., should make a statement making indirect innuendoes about the granting of contracts and so on and so forth. In fact, Sir, I have no hesitation in saying that I was amazed—I must apologise to the House, I was not present when the statement was made—I was amazed to see the tenor of the speech. I would, therefore, Sir, with your permission make rather a long statement giving the entire history of the matter. It would be evident from that history that in so far as this Government, at present occupying the Treasury Benches, is concerned, it had nothing whatever to do with the approval of the contracts, not that there was anything in the grant of the contracts. But in so far as

[7-30—7-40 p.m.]

this State Government sitting on the Treasury Bench is concerned, it had nothing to do with the approval of the contracts in question. It will also appear that both the two United Front Governments had been involved in the entire process, although, unfortunately, the two Governments did not continue as long as they should. They went out of the picture, but they were also involved in some of the work, and I do not blame them; they had tried their best to expedite the work.

Prior to June 1962, in order to relieve the congestion of traffic over the present Howrah Bridge, and also to cater to the projected trans-river travel needs, the centre of gravity of which lies to the south of the present bridge due to different factors including construction of a new port at Haldia and possibility of directly linking the river crossing with National Highway No. 6 (Calcutta-Bombay Road), the CMPO, on the advice of Ford Foundation Traffic Experts, recommended the construction of a second crossing over the river Hooghly within a corridor of approximately one mile north of Tolly's Nullah.

In pursuance of this recommendation the State Government in June, 1962 entered into a contract with the English Firm of consulting engineers, Messrs. Rendel Palmer and Tritton of London, who were connected with the construction of the existing Howrah Bridge, for undertaking a feasibility study of a new crossing of the Hooghly River (either a bridge or a tunnel), and submission of an engineering report with rough estimate and design for consideration of the State Government. The World Bank, who were approached through the Government of India, agreed to meet 50 per cent. of the cost of this study, including the entire foreign exchange component of it, by a grant.

Messrs. Rendel Palmer and Tritton, after having considered the results of traffic survey and traffic trend, and also the result of soil investigation and hydrological investigation carried out in this connection, and having given due regard to the views of different interested Government and non-Government Organisations, including the Commissioners for the Port of Calcutta and the military authorities, submitted their final report during the first week of August, 1964, recommending the construction of a tied-arch type bridge crossing over the Hooghly at Princep Ghat.

The final report of Messrs. Rendel Palmer and Tritton was considered by the CMPO in consultation with different interested bodies including the Port Commissioners, the Ford Foundation Consultants and technical experts of the State Government. The location of the bridge at Princep Ghat and the tied-arch type design of the bridge, as recommended by the Consulting Engineers, were generally agreed to by all concerned.

The Cabinet at its meeting held on 11th November, 1964 approved the proposed location of the bridge at Princep Ghat, the proposed design of the bridge as a high-level tied-arch type, as recommended by the Consulting Engineers and also decided to approach the Government of India for central assistance for the project and to explore possibilities of obtaining foreign assistance.

The report of the Consulting Engineers was not intended to contain detailed design, complete schedules of quantities for foundation and superstructures as well as specifications on the basis of which tender papers could be prepared for invitation of really competitive tenders for the work. Accordingly, to decide on further steps to proceed with the project to a stage ripe for implementation, discussions were held on different occasions with the representatives of the Government of India in the Ministry of Finance and Transport, representatives of the Planning Commission, the Calcutta Port Commissioners and other parties concerned, and ultimately in a meeting held on 9th February, 1965 it was decided that—

(a) Messrs. Rendel Palmer & Tritton would be approached for preparation of engineering design for enabling the Government to obtain from potential builders accurate competitive bids for detailing the design and for construction,

(b) On receipt of design and tender documents from Messrs. Rendel Palmer & Tritton, the executive agency would call for tenders on that official design from a selected list of reputable firms of Contractors and contract would be awarded on the merits of competitive bids. While submitting tenders, the bidders would be free to submit modifications to the official design and to submit alternative designs and estimates in addition to quotations on the official design, and

(c) the services of Messrs. Rendel Palmer & Tritton would be retained to analyse tender, assist in awarding contracts and to supervise all fabrications and construction on behalf of the executive agency and Government.

A memorandum outlining the above procedure was submitted of February, 1965 to the Government of India in the Ministries of Transport and Finance and the Planning Commission for approval. Meanwhile, a team of Transportation Mission from the World Bank visited Calcutta and discussed the bridge project between 9th February, 1965 and 12th February, 1965. The World Bank in a memorandum addressed to the Finance Ministry, Government of India, expressed interest in assisting the Bridge Project and raised for clarification certain issues including economic justification for the high-level bridge, cost-benefit study, setting up a new Bridge Authority, financing arrangements, etc. The memorandum was discussed in a meeting on 2nd April, 1965, attended by officials of CMPO and Calcutta Port Commissioners and programme finalised for pursuing the issues raised and the Government of India informed on 8th April, 1965.

On 3rd May, 1965 a meeting was held with Professor M. S. Thacker, Member, Planning Commission, to discuss the Bridge Project. It was decided that a self-contained note giving technical and economic justification for a high-level bridge should be sent to the World Bank. The note prepared by the CMPO, together with the note prepared by the Chief Engineer, Calcutta Port Commissioners, and Dr. Bhatia, Director (Economic), Ministry of Transport, should be forwarded to the Planning Commission for transmission to the World Bank for views. As regards action on preparation of further engineering design, opinion was generally in favour of the CMPO's proposal, but it was agreed that further action should await the reaction of the World Bank. Accordingly, a revised memorandum was submitted to the Planning Commission on 20th May, 1965 with the request for clearance to the taking of advance action as proposed in the memorandum and also for transmitting the same through the Ministry of Finance to the World Bank for IDA assistance.

In accordance with the direction of the Cabinet a proposal for financing the Hooghly River Bridge Project was placed before the Cabinet at its meeting held on 31st May, 1965. It was proposed that the entire capital cost be obtained from the Central Government as a loan to be repaid in 30 years. The Central Government might obtain a portion of the cost as loan from IDA or other International Agencies. The debt services and the maintenance cost may be met by taxes on annual valuation of holdings in Calcutta, Howrah and adjoining municipalities, and annual contribution from Central and State Governments. The Cabinet, however, asked for a revised proposal on the basis that Government of India should give a grant to the extent of 50 per cent. of the cost of the proposed bridge.

[7-40—7-50 p.m.]

Sometime in June-July, 1965 in a discussion at Delhi between the Chief Minister and the Planning Commission the Chief Minister agreed to the suggestion of the Planning Commission that toll should be imposed on the new bridge. Accordingly, Messrs. Rendel Palmer & Tritton were requested in June, 1965 to review the proposal for toll collection on the proposed new bridge and to suggest suitable arrangements if the proposal is found feasible. They were also requested to study the feasibility of imposing identical toll on the existing Bridge. The Consulting Engineers submitted their supplementary report on toll collection facilities in August, 1965. The report was considered in a meeting held on 29th September, 1965 in the CMPO. The Consulting Engineers recommended that the introduction of toll on the new bridge without corresponding charges on the existing bridge would only initially have some effect on the distribution of traffic on the two bridges. They ruled out the introduction of toll on the existing bridge on grounds of space. The

consensus of the meeting was that toll should be introduced on both the bridges. Eventually, however, the CMPO's plan for toll plaza on the Howrah side of the existing bridge was generally approved in a meeting on December 4, 1965.

The bridge project was further discussed in a meeting held on 8th and 9th December, 1965 in Delhi with the officials of the Ministries of Finance and Transport of the Government of India and the Planning Commission. It was agreed that an attempt should be made to get one Indian firm of Consulting Engineers who would be responsible for preparation of an outline design and tender documents for the bridge and bridge approaches with interchanges. It was recognised that the Indian firm of Consulting Engineers might require the consultancy services of a Foreign Collaborator for the design and construction of the main span of the bridge but not for the bridge approaches. Decision was also taken to contact a number of Indian Firms in Calcutta and Bombay to ascertain the requirement of foreign exchanges for consultancy services, equipments and materials for construction. Accordingly, a number of Firms had been contacted in Bombay and Calcutta. It was gathered that construction equipment would be available in India. For preparation of detailed design the requirement of foreign exchange might be of the order of Rs. 10 lakhs. The foreign exchange requirement for materials could not, however, be estimated with any degree of accuracy until detailed designs were ready and final decision taken about the type of the bridge to be constructed and materials to be used for construction.

Thereafter in a letter dated 11th February, 1966 to the Planning Commission the position was explained and it was proposed that to minimise delay the State Government would like to proceed with the preparation of the tender documents on turn-key basis for which a Cell was created in the Calcutta Port Commissioners' Office. It was also proposed that the tender would be prepared by the Calcutta Port Commissioners in collaboration with the CMPO. The Planning Commission generally approved the views of the State Government and suggested a meeting in Calcutta with a number of Consulting Engineering Firms, and also among the officers of both the Governments and the Planning Commission. Accordingly, two meetings were held at Calcutta, the first on 15th April, 1966 with a number of builders and consultants and the second on 16th April, 1966 among the officials of the Government of India, Planning Commission, Calcutta Port Commissioners and the State Government.

শ্রীসোমনাথ লাহিড়ীঃ অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্নটা ছিল মণি সান্যালকে চেয়ারম্যান পদ থেকে সরান কেন হল, এখন আমরা ১৯৬৬ সালে পেঁছেছি ১৫ মিনিটে, তাতে ব্রিজ কিভাবে তৈরি হচ্ছে তার ইতিহাস তিনি বলে যাচ্ছেন, এর তার রেলিভ্যান্সি কোথায় তাতো খুঁজে পাচ্ছি না।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ তা পাবেন কি করে, আপনারা যখন আমার গায়ে কাদা ছিটোবেন সেটা হবে রেলিভ্যান্ট, আর আমি যখন সেই কাদা মুছতে চেষ্টা করব সেটা হবে ইরেলিভ্যান্ট।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ তা হলে এটা তো কাদা মুছার ইতিহাস এবং আপনি তা হলে কাদা মুছার প্রশ্নের জবাব দিচ্ছেন? আপনার কাছে আমি জিজ্ঞাসা করছি, বিষয়টা এই ছিল না যে, ব্রিজের কি ইতিহাস ১৯৪০ সাল থেকে, বিষয়টা ছিল—একজন চেয়ারম্যান, ব্রিজ কমিশনার, তাঁকে অপসারণ করা হল কেন? আপনি সেই প্রশ্নে ১৫ মিনিটেও আসতে পারলেন না, ১৯৬৬ সালে এতক্ষণে পেঁছালেন, তারপরে ১৯৭৩ সালে পেঁছাতে কতক্ষণ লাগবে জানি না। এখন এই যে বলছেন এর রেলিভ্যান্সি খুঁজে পাচ্ছি না, দয়া করে আপনি বলবেন কি, এর রেলিভ্যান্সি কোথায়?

শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি না, আমি তো তখন হাউসে ছিলাম না। সোমনাথবাবুও থাকেন না কখনো। বিশ্বনাথবাবু যখন বক্তৃতা দিচ্ছিলেন তখন তিনি হাউসে ছিলেন কিনা জানি না। যদি থেকেও থাকেন, তিনি হয়ত তাঁর বক্তৃতা শোনেন নি· জানি না, শুনতে পেয়েছিলেন কিনা। আমার কাছে বিশ্বনাথবাবুর স্পীচ আছে। এই স্পীচে তিনি বলেছেন, রোড ডিপার্টমেন্ট, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার কথা। ট্রান্সপোর্ট মিনিস্ট্রি, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার কথা এখানে কেন আসবে? কেন এদের কন্ট্রাক্ট দেওয়া হল? কেন তাকে কন্ট্রাক্ট দেওয়া হল—ইত্যাদি। তবে আমি একটা কথা এখানে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিষ্কারভাবে বলতে চাই, আমরা সৎভাবে শততার সংগে কাজ করতে চাচ্ছি। আর আপনারা যদি ভেবে থাকেন ভেতর থেকে পুরাণো কংগ্রেস গভর্নমেন্টের মত আমাদের গায়ে কাদা ছিটিয়ে যাবেন আর আমরা চুপচাপ বসে থাকবো, তা হলে বলবো আপনারা মূর্খের স্বর্গে বাস করছেন। এই কংগ্রেস সরকার জনগণের সরকার। চলুন আমার সংগে গ্রামে, দেখবেন সেখানকার মানুষ কি বলে। আমি বলবো...........

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেকথা বলেছি, টেপ রেকর্ডে ধরা আছে। মুখ্যমন্ত্রী মহাশয় যেকোন সময়ে মাননীয় স্পীকারকে অনুরোধ করে সেই টেপ রেকর্ড বাজিয়ে আমার কথা শুনতে পারেন। উনি তো ছিলেন না। রেকর্ড বাজিয়ে শুনতে পারবেন।

শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ আপনার ট্রান্সক্রিপ্ট কপি আমার কাছে আছে।

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ তাতে অনেক সময় ভুল থাকে- ট্রান্সক্রিপ্ট কপিতে। টেপ রেকর্ড বাজিয়ে শুনলে, আপনি আমার গলাও শুনতে পারতেন, সবকিছু শুনতে পারতেন।

শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ ঐ ভগীরথ কানোরিয়া করা হয়েছে, আরো অনেক কিছু করা হয়েছে। আপনারা আমাদের গায়ে কাদা ছিটিয়ে পপুলার হবেন এটা হতে পারে না। আপনারা আমাদের লেজ ধরে এই হাউসে এসেছেন।

(প্রচণ্ড হৈ চৈ—বিক্ষোভ।)

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা চীফ মিনিস্টারের এই মন্তব্যের প্রতিবাদে হাউস থেকে ওয়াক আউট করছি।

(At this stage the Members on the C.P.I. benches walked out of the Chamber)

শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা বলেছিলাম—সেটা আমি পড়ে দিচ্ছি। এখানে বিশ্বনাথবাবুর বক্তৃতার কপি আছে। ওটা তাঁর পছন্দ হচ্ছিল না। সোমনাথ-বাবুরও পছন্দ হচ্ছিল না। বিশ্বনাথবাবুর বক্তৃতার ট্রান্সক্রিপ্ট কপি আমি আপনার সামনে রাখছি। আপনি যে কোন লাইন ইরেলিভ্যান্ট হলে কেটে দিতে পারেন আমার বক্তৃতার ভেতর থেকে। আমার প্রত্যেকটা কথা রেলিভ্যান্ট, তাঁরা প্রত্যেক কথায় কথায় এমন বক্তব্য রাখবার চেষ্টা করেছেন যেন আমরা সব চোর, জোচ্চোর এবং প্রতারক, অত্যন্ত অন্যায় ক'রছি- ইত্যাদি ইত্যাদি। তাই আমি গোড়া থেকে এর ইতিহাস নিচ্ছিলাম। আপনি লক্ষ্য করে দেখবেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৬ সাল পর্যন্ত আমি এসেছি, তারপর ১৯৬৭ সালে আসছিলাম, সেটা জানতে পেরে ও'রা চলে গেলেন। ১৯৬৭ সাল, ১৯৬৯ সাল সব একে একে আসবো এখানে।

It was decided in the meeting of the 16th April, 1966 that the tender documents should be prepared by the Chief Engineer, Calcutta Port Commissioners, in collaboration with CMPO and the Roads Wing of the Transport Ministry where necessary. The tenderers would be asked to give their own designs. In that meeting various suggestions for the main span of the bridge design, viz., tied-arch, suspension, balanced cantilever, type of steel and prestressed concrete, were also raised. As regards the authority responsible for the construction of the bridge, Commissioner, Town and Country Planning, stated that State Government would be undertaking legislation to create a Bridge Authority and that the C.P.C. would be appointed as the Bridge Authority under the Act. Joint Secretary, Ministry of Finance, Government of India, mentioned that the Government of India did not anticipate any difficulty over foreign exchange if it was limited to Rs. 50 lakhs or so. It was also felt that it was not necessary to pursue the idea of getting a loan from the World Bank for financing this project.

As directed by the Cabinet, a revised proposal for financing the Hooghly River Bridge Project and also a proposal for promulgating an ordinance to constitute an authority to construct, maintain and control bridges across the river Hooghly falling within the CMD area were placed before the Cabinet on 9th August, 1966. It was proposed to finance the bridge project by a central loan equivalent to the capital cost of the project on such terms and conditions as may be decided and for amortisation of capital cost, tolls might be imposed on the new bridge as also on the existing bridge (Rabindra Setu). The Ordinance was so drafted as to enable the State Government to appoint any local authority within the CMD area as the Bridge Commissioners. The Cabinet did not accept the proposal for levying toll on the existing Howrah Bridge but otherwise accepted the financing proposal of the new bridge as submitted by the Town and Country Planning Department. The Cabinet did not also approve the proposal for promulgating an Ordinance but directed that any appropriate bill should be brought up for consideration.

[7-50—8-00 p.m.]

The Planning Commission and the Government of India were thereafter requested by the State Government in letter No. 8130/1W-1/66, dated 26th September, 1966, to communicate their approval to the grant of 100 per cent. loan assistance for the bridge project. Meanwhile the tender papers were prepared by the Calcutta Port Commissioners in consultation with the CMPO. The Calcutta Port Commissioners moved the State Government for appointing Messrs. Rendel Palmer & Tritton of London for scrutiny and vetting of the tender documents, for which foreign exchange of approximately £ 3,000 would be required and also for evaluation and appraisal of the tenders and designs received, for which another £ 15,000 would be required. Government of India was accordingly requested for approval to the release of necessary foreign exchange in letter No. 9679/1W-1/66, dated 13th December, 1966. The Defence authority in Calcutta was also requested on 2nd January, 1967 to agree to hand over the Calcutta Maidan land owned by them which would be required for temporary and permanent occupation for the bridge project. On 22nd March, 1967 the Government of India was reminded to accord administrative approval and financial sanction to the project. The Ministry of Finance released on 16th May, 1967 foreign exchange amounting to £ 3,000 for payment of fee to Messrs. Rendel Palmer & Tritton on account of vetting of tender document.

এটা হয়েছিল প্রথম যুক্তফ্রন্টের সময়।

The then Chief Minister approved the proposal of Calcutta Port Commissioners for getting the tender document vetted by Messrs. Rendel Palmer & Tritton and the decision was communicated to Calcutta Port Commissioners on 3rd June, 1967. In a meeting held on 22nd May, 1967 the Cabinet approved

the Hooghly River Bridge Project for inclusion in the 4th plan proposal for the CMD. The Calcutta Port Commissioners intimated on 24th November, 1967 that the tender document have been received from the Consulting Engineers, Messrs. Rendel Palmer & Tritton and wanted assurance about funds and the legislation for creating an authority in order to enable them to issue tenders. In February-March, 1968, a sum of Rs. 5 lakhs was given to C.P.C. as loan out of the plan provision for CMD Schemes for preliminary works in connection with the project. At the same time the Government of India was telegraphically reminded for sanction of the Central assistance for the project.

During the period from April, 1966 to August, 1968, proposals for legislation for setting up a Bridge Authority was submitted to the Cabinet from time to time, but due to political reasons no progress could be made towards legislation. Ultimately the Hooghly River Bridge Act, 1968 was enacted as President's Act in November, 1968.

৯ মাস প্রথম যুক্তফ্রন্টের আমলে তাঁরা আইন পাস করতে পারলেন না। প্রেসিডেন্ট অ্যাক্ট হিসাবে হুগলী রিভার ব্রীজ আইন পাস করতে হল।

Another sum of Rs. 5 lakhs was also given to C.P.C. in November, 1968 as loan from the Plan provision for Greater Calcutta Development Schemes for the project. In a D.O. letter, dated 15th January, 1969, addressed to the Governor of West Bengal, the Deputy Chairman, Planning Commission intimated that the Finance Ministry of the Government of India agreed to advance to the State Government a non-Plan loan for the Hooghly River Bridge Project.

In a meeting held on 22nd April, 1969, the Development and Planning Minister reviewed the primary decision of the Government for construction of a high level bridge at Princep Ghat and in a meeting held on 12th July, 1969 the then Cabinet approved the construction of a high-level bridge at Princep Ghat and also decided that a new statutory body should be set up as Bridge Commissioners with powers to allot construction work (i) in relation to the bridge proper to the Calcutta Port Commissioners.

এই জিনিস যুক্তফ্রন্ট সরকার সিদ্ধান্ত নিলেন।

12th July, 1969, to decide when the new statutory body should be set up as Bridge Commissioners with powers to allot construction work, in relation to the bridge proper to the Calcutta Port Commissioners.

ক্যালকাটা পোর্ট কমিশনারস হচ্ছে মিনিস্ট্রি অফ ট্রান্সপোর্টের আন্ডারে। এটা ও'রাই ক'রে গিয়েছিলেন। অার কালকে বিশবনাথবাবু বলেছেন মিনিস্ট্রি অফ ট্রান্সপোর্ট কেন করে :

(ii) in relation to the bridge approaches to the C.I.T. and Howrah Improvement Trust and/or any other department of the State Government, and directed that the Hooghly River Bridge Act, 1968 should be amended accordingly. As directed by the Cabinet, the Hooghly River Bridge Act, 1969 was re-enacted through the State Legislature.

Under this Act, the Hooghly River Bridge Commissioners was set up by Notification No. 1160-T&CP/18-97/65-II, dated 11th February, 1970, with Shri Mani Sanyal as Chairman.

In the 1st meeting held on 2nd April, 1970, the Hooghly River Bridge Commissioners decided that the question of appointing foreign consultant for scrutiny, checking of designs submitted by the tenderers and evaluation of the tenders should be examined by the Technical Committee set up by the Hooghly River Bridge Commissioners would decide the issue after the report

of the Technical Committee was obtained. In the 2nd meeting held on 15th May, 1970, the Hooghly River Bridge Commissioners decided that the question of appointing foreign consultant for scrutiny, checking of design and evaluation of tenders would be decided after tenders were received. It was also decided that the Calcutta Port Commissioners would invite the tender for all the sections on behalf of the Hooghly River Bridge Commissioners.

মণি সন্যালই তখন চেয়ারম্যান ছিলেন। তিনিই ঠিক করেছিলেন যে,—

Calcutta Port Commissioners, Ministry of Transport, Government of India, would invite tenders for all sections on behalf of the Hooghly River Bridge Commissioners. Accordingly tenders were invited by C.P.C. in May, 1970. The last date for receipt of the tenders was 30th September, 1970 for the main span of the bridge and 30th March, 1971 for the approaches. Till the last date three tenders were received for the main span, two for bridge (of cable-stayed box girder type) and one for tunnel which was incomplete and rejected outright. For sections I and II there were three tenders. In the 4th meeting held on 2nd December, 1970, the Hooghly River Bridge Commissioners decided to entrust the work of evaluation of tenders for the main span of the bridge to Messrs. Rendel Palmer & Tritton. On 15th October, 1971 the preliminary evaluation report on the main span was received from Messrs. Rendel Palmer & Tritton. This evaluation report was examined by the Technical Committee of the Hooghly River Bridge Commissioners. The evaluation of tenders for the approaches was done by the respective implementing agencies and after accepting unanimous recommendation of the Technical Committee, the Hooghly River Bridge Commissioners, decided on 10th September, 1971 to award the tender to the Engineering Projects (India) Ltd., which is a Government of India undertaking, for the two approaches. The Bridge Commissioners accepting the majority recommendations of the Technical Committee, decided on 16th/17th November, 1971 to award the tender for the main span of the bridge also to the Engineering Projects (India) Ltd. and accordingly requested the then State Government on the 2nd December, 1971 for approval to the award being given to the Engineering Projects (India) Ltd. for construction of all the three sections.

তিনটি সেকসান আছে। দুইটি অ্যাপ্রোচ ওরা করবে।

Unanimously approved the Engineering Projects (India) Ltd., which is a Government of India undertaking.

The then State Government referred the matter to the Railway Board for their expert opinion, and on receipt of the views of the Railway Board which favoured the rivetted construction as designed by Hooghly River Bridge Commissioners in preference to the welded construction as designed by Engineering Projects (India) Ltd.

রিভেট পছন্দ করলেন, ওয়েন্ডিং পছন্দ করলেন না।

The State Government finally advised the Bridge Commissioners on 15th February, 1972 to split up the project and award the contract for the approaches to the Engineering Projects (India) Ltd. and for the main span of the Bridge to the other tenderer, viz., Messrs. Bhagirathi Bridge Construction Co. Ltd. The Hooghly River Bridge Commissioners reconsidered the matter in the light of the suggestion of the State Government's advice as above. The final decision of the Hooghly River Bridge Commissioners was approved by the State Government on 25th February, 1972.

Thereafter letters of intent with terms of agreement were issued to the two contractors by the respective implementing agencies with the approval and under the authority for the Hooghly River Bridge Commissioners. These were accepted by the contractors with some modifications. Contract agreements were then signed and finally work orders were issued to the contractors by mid-September, 1972.

[8-00—8-10 p.m.]

Preliminary works on the project such as soil testing, boring and drilling operations for piling work, earth-filling work and relaying and extension of railway tracks for railway sidings, construction of jetties, construction of storage godowns and work sheds at site and collection of materials, etc., have already started and are well under way. Permanent construction work for the Calcutta end approach has already started. In view of the dimension and complexity of the project which is the first of its kind in this country, the Bridge Commissioners decided to appoint Messrs. Leonhardt Und Andra, a well renowned firm of West Germany with great expertise and long experience in the field of cable-stayed steel bridges, as their consultant for design checking and erection supervision of the main bridge. Besides, it has also been agreed that the Calcutta Port Commissioners as the implementing agency for the main span of the bridge will retain Messrs. Rendel Palmer & Tritton of London as their consultants, in view of the facts that (1) this firm has long experience of the operation of the Calcutta Port, (2) it has intimate knowledge of the navigational problems and the regime of the river Hooghly, and (3) it is conversant with the local working conditions. By the way, this firm was also connected with the construction of the existing Howrah Bridge. The appointment of the German firm in addition to the British firm has been proposed for ensuring double check in the interest of safety. The contractor for the main bridge, namely, Messrs. Bhagirathi Bridge Construction Company, have retained Messrs. Freeman Fox & Partner of London as their own consultants, fees payable on this account being included in Messrs. Bhagirathi Bridge Construction Company's contract price. The total foreign exchange required for the project is £ 8,27,830, the immediate requirement being £ 56,000.

Since the work has reached a crucial stage now involving close and more detailed co-ordination of the work of all the three agencies, namely, Calcutta Port Commissioners which is under the Government of India, Ministry of Transport, the Calcutta Improvement Trust, the Howrah Improvement Trust, the Hooghly Bridge Commissioners and the State Government, the State Government felt that this purpose will be better achieved and work would be better done if a Minister of the Government was appointed as the Chairman of the Hooghly River Bridge Commissioners. Government has accordingly purely for administrative reasons—for no other reasons but for purely administrative reasons—and the need to expedite the work has appointed Shri Bholanath Sen, Minister-in-charge of Public Works and Housing Department as the Chairman of the Hooghly River Bridge Commissioners in place of Shri Mani Sanyal. Shri Sanyal's appointment was not political and the termination of his appointment was not certainly for any political reason. In fact, no matter of any principle was involved here. The Government on the other hand wants to place it on record that it has greatly appreciated the work of Shri Sanyal in his capacity as Chairman during the formative stages of the Bridge Commissioners but now that we have to do something immediately and the implementation work has to start, it is necessary that the Minister should be in charge because, Sir, the Act itself says that most of the work has to be done either with the prior approval of or with the sanction of Government and as such it is necessary that a Minister of Government should be Chairman so that we can do this work quickly and have the bridge as early as possible.

During the Chairmanship of Shri Mani Sanyal the letter of intent was issued for construction of the bridge to Bhagirathi Bridge Construction Co., a joint-venture of B.B.J. of Calcutta and Gammon India Ltd. of Bombay. The records of the Hooghly River Bridge Commissioners do not show that Shri

Mani Sanyal had ever objected to the letter of intent being issued to Bhagirathi Bridge Construction Co. on the ground that Bhagirath Kanoria was supposed to have an interest in either B.B.J. which is a joint-venture of Braithwaite Burn and Jessop or in Gammon India Ltd. In fact, Braithwaite and Jessop are being run by the Government of India, as you know, Sir. Nor do the records in any way show that Bhagirath Kanoria has any interest in any of the contractors or their constituents. If that was so, Shri Sanyal should have mentioned this previously and, if necessary, resigned. The name of Bhagirathi Bridge Construction has nothing to do with Bhagirath Kanoria but refers to the river Bhagirathi over which the bridge is to be constructed, just as the name of Biswanath has nothing to do with Kashi Biswanath Samity but the name of the Leader of the C.P.I. in the House. It is unfortunate that the Leader of the C.P.I., Shri Biswanath Mukherjee should have thought fit to mention this.

The cost of the bridge will be about 42 crores, the whole of which would be granted by the Central Government to the State Government as loan. This loan will include £ 8,27,830 of foreign exchange for payment to the foreign consultants as well as for payment of import of certain materials. The bridge will have the longest span and will be the highest in the world. About 30 bridges of this kind but smaller in size have been constructed all over the world out of which two have broken down during erection and defects have been found in 4 bridges due to defective design. Therefore, greater necessity was felt to have the opinion of the well known specialists. Naturally, the Central Ministry of Finance and the Ministry of Transport as well as the State Government are extremely eager to see that the bridge becomes a sound and safe one and valuable foreign exchange is not wasted.

Recently a meeting was held between the representatives of the two Governments concerning the technical aspects of the various matters as well as terms of reference to the consultants which involved payment of foreign exchange.

The Bridge Commissioners have no direct connection with the Central Government, nor were the Commissioners asked to attend the meeting. Shri Biswanath Mukherjee raised the question why Shri Sanyal was not asked to attend the meeting. It will appear from the above that the question of Shri Mani Sanyal attending such a meeting, therefore, did not arise. In fact, if that was so, Shri Mani Sanyal should have protested and, if necessary, resigned.

It will clearly appear from the above facts that—

(1) The present West Bengal Government had very little to do with the matter. In fact, it had nothing whatever to do with the approval of the contractors.

(2) The two U.F. Governments and the three successive administrations under the Presidential Rule dealt with all these matters.

(3) There was nothing hush hush or underhand in dealing all these matters throughout by any one or any Government.

(4) The Central Government was throughout very much in the picture, even at the time of two U.F. Governments and had a definite responsibility in the matter, particular by the Central Transport Ministry.

(5) Therefore, it is nothing unusual or extraordinary, or in any way wrong for the Central Government in its various departments, particularly the Central Transport Ministry to be involved in the matter. In fact, they have a direct responsibility in the whole affair.

Nothing unusual, Sir, has happened about the release of the foreign exchange. We had known all along that this money could not be remitted unless contracts were finally signed by the Contractors and the Consultants. This was elementary and we would have been thoroughly irresponsible if we had remitted the foreign exchange without any contracts being executed after careful scrutiny of the terms both by us and the Central Government.

The present West Bengal Government and the Central Government, Sir, have acted throughout in all matters in complete unison and amity and this Government does not consider that there is anything wrong whatever in the Centre's taking an active interest in the matter.

This, Sir, is most unfortunate, this is really a storm in a tea cup and I am sorry to note that the C.P.I. felt compelled to stage a walk-out over this minor matter on the last occasion.

I thank you, Sir, for the time that you have given me.

Mr. Speaker: The House stands adjourned till 1 p.m. on Thursday, the 26th April, 1973.

Adjournment

The House was accordingly adjourned at 8-10 p.m. till 1 p.m. Thursday, the 26th April, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 26th April, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 10 Ministers, 6 Ministers of State, 2 Deputy Ministers and 159 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

STARRED QUESTIONS
(to which oral answers were given)

দার্জিলিং জেলায় অর্কিড ফুলের চাষ

*১১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬৯।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বন বিভাগ হইতে দার্জিলিং জেলায় অর্কিড ফুলের অধিক চাষ করিবার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, কবে হইতে ইহার কাজ আরম্ভ হইবে এবং এ বাবতে কত টাকা বরাদ্দ করা হইয়াছে?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ইহার কাজ ১৯৭৩ সালের মার্চ মাস হইতে আরম্ভ হইয়াছে ও এ বাবত ১৯৭২-৭৩ সালে ৬০,০০০ টাকা বরাদ্দ হইয়াছিল।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এই অর্কিড ফুলের চাষ করার কোন প্রয়োজনীয়তা আছে কিনা এবং ১৯৭২-৭৩ সালে যে ৬০ হাজার টাকা বরাদ্দ করেছেন তার কতটা পরিমাণ খরচ হয়েছে?

শ্রীসীতারাম মাহাতোঃ এই সকল করার প্রয়োজনীয়তা আছে এই জন্য যে, দার্জিলিং-এর হিলে প্রচুর অর্কিড আছে, এবং সেইটা ন্যাচারাল ওয়েতে পাওয়া যায় এটাকে প্রটেকশন দিয়ে উন্নত পদ্ধতিতে কালেকশন করে মার্কেটে বিক্রি করতে হবে। আমাদের দেশে এবং বিশেষ করে বাইরের দেশেও এর যথেষ্ট চাহিদা আছে, সেই জন্য এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, এটা মার্চ মাস থেকে শুরু হয়েছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ যখন এর এতটা প্রয়োজন আছে, তা হলে এটা নিতে এত বিলম্ব হল কেন, বা মন্ত্রিমহাশয় কেন এটা এতদিন বুঝতে পারেন নি?

শ্রীসীতারাম মাহাতোঃ এইটা হিলে পাওয়া যায় এবং হিলের দুর্গম অঞ্চলে পাওয়া যায়, সুতরাং সেটা তাড়াতাড়ি সংগ্রহ করা সম্ভব নয়, তাই আস্তে আস্তে এটা করতে হচ্ছে। এখনকার রাস্তাঘাট দুর্গম, রাস্তাঘাটের অসুবিধা আস্তে আস্তে দূর করতে হচ্ছে। এইসব হিলের জঙ্গলের গভীর জায়গায় বেশী পরিমাণে আছে, এখন এটা কালেকশন হচ্ছে এবং মার্কেটে যাচ্ছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এই ৬০ হাজার টাকাটা ১৯৭২-৭৩ সালের জন্য বরাদ্দ হয়েছে, তার কতটা খরচ হয়েছে এবং কত লোক এই কাজে নিযুক্ত হয়েছে এবং ভবিষ্যতে উন্নতি হলে পর কত লোকের কর্মসংস্থান হতে পারে?

শ্রীসীতারাম মাহাতোঃ এইটা খরচ করা হয়েছে এবং আরো ৩ লক্ষ টাকা খরচ করবার কথা আছে, পাহাড়ী এলাকার সমস্ত লোক কাজ পাবে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ কত টাকা খরচ হয়েছে?

শ্রীসীতারাম মাহাতোঃ একচুয়াল খরচ বলা শক্ত, মার্চ থেকে এটার কাজ শুরু হয়েছে।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ কলকাতার শিবপুর বোটানিক্যাল গার্ডেন এবং দার্জিলিং-এর লয়েডস গার্ডেনে সঙ্গর জাতীয় উন্নত ধরনের অর্কিড কালচার-এর ব্যবস্থা করা হয়েছে কি?

শ্রীসীতারাম মাহাতোঃ সেটা আমি ঠিক জানি না।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ অনেক দুষ্প্রাপ্য ও মূল্যবান অর্কিড হিমালয় ও দার্জিলিং অঞ্চলে নষ্ট হয়ে গেছে এবং কিছু কিছু ব্যবসায়ী এগুলি র‍্যাণ্ডম সংগ্রহ করে বিদেশে চালান করে দিচ্ছে—এগুলি বন্ধ করার ব্যবস্থা ফরেস্ট ডিপার্টমেন্ট করবেন কি?

শ্রীসীতারাম মাহাতোঃ অনেক মূল্যবান অর্কিড বাইরে চলে যাচ্ছে এবং কিছু কিছু ব্যবসায়ী চোরাই পথে এসব কালেকসান করছে। আমাদের ফরেস্ট ডিপার্টমেন্ট এগুলি বন্ধ করার চেষ্টা করছে এবং এরাই যাতে সব কালেকসন করতে পারে তার ব্যবস্থা করছে।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ দুষ্প্রাপ্য অর্কিড সাইলোজিম ক্রিস্টেট-এর নাম অনুযায়ী কার্সিয়াং হয়েছে—যাকে নেপালী ভাষায় খারসাং বলে। এই দুষ্প্রাপ্য সাইলোজিম ক্রিস্টেট কার্সিয়াং থেকে এক শ্রেণীর ব্যবসায়ী বিদেশে যে চালান দিচ্ছে তা বন্ধ করার ব্যবস্থা করবেন কি?

শ্রীসীতারাম মাহাতোঃ হ্যাঁ।

ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ অর্কিড ফুল দিয়ে কি কি কাজ হয়?

(উত্তর নাই।)

শ্রীমহম্মদ সফিউল্লাঃ সিকিম ও ভুটান গভর্নমেন্ট এই হাইব্রিড অর্কিড কালচার করে বিদেশে চালান দিয়ে প্রচুর বিদেশী মুদ্রা অর্জন করে সেখানে আমাদের সরকার কি এইরকম ব্যবস্থা করবেন?

শ্রীসীতারাম মাহাতোঃ হ্যাঁ।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ অর্কিড ফুলে অনেক ফরেন মানি যখন আসে তখন এর চাষের উন্নতি করার কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন জানাবেন কি?

শ্রীসীতারাম মাহাতোঃ ফরেন-এ যথেষ্ট এর ডিম্যান্ড আছে। সেজন্য এর ইম্প্রুভ করার, প্রটেকসান করার, মার্কেটিং করার এবং হাইব্রিড করার চেষ্টা করছি।

শ্রীকাশীনাথ মিশ্রঃ এর দ্বারা কত বেকার সমস্যার সমাধান হতে পারে?

শ্রীসীতারাম মাহাতোঃ সংখ্যা বলা সম্ভব নয়।

Mr. Speaker: After I finish if the Minister is willing to answer and if he seeks my permission certainly I will give him permission.

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ *১১৩৩-এর প্রশ্নটা অত্যন্ত জরুরী। এই কারখানায় এখন অবস্থান ধর্মঘট চলছে, রুলস-এ প্রভিসান আছে, মিনিস্টার-ইন-চার্জ যদি ইচ্ছা করেন, তা হলে গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর দিতে পারেন। তাই আমি অনুরোধ করছি আপনি যদি পারমিসান দেন, তা হলে আমি এটা রেইজ করতে পারি।

Industrial Tribunal Award for the retrenched persons of Hindusthan Pilkington Glass Works

***1133.** (Admitted question No. *2203.) **Shri SUKUMAR BANDYOPADHYAY:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Fourth Industrial Tribunal gave an award in case No. VIII-254 of 65 in respect of retrenchment of 87 persons of Hindusthan Pilkington Glass Works of Asansol in the district of Burdwan;

(b) if so, the nature of the award of the Tribunal;

(c) whether the Management of Hindusthan Pilkington Glass Works have implemented the award;

(d) if not, the reasons thereof; and

(e) the steps the Government have taken to implement the said award?

Shri Pradip Bhattacharyya: (a) Yes.

(b) The award was given on the basis of a joint petition of compromise, dated 28th December, 1966, providing inter-alia, re-employment of seven workmen and giving preference in cases of future recruitment to eighty workmen about whom there was no dispute between the parties.

(c) Yes, but partially. Seven workmen have been reinstated. Twenty-three out of eighty remaining workmen about whom there was no dispute, were also given preference and recruited in terms of the award.

(d) The remaining workmen could not yet been provided with employment as according to the management there is no vacancy in the category to which they belonged.

(e) Immediately on receipt of a complaint from the Glass Factory Mazdoor Union on 30th January, 1973 alleging non-implementation of the said award, the matter was taken up by the Labour Directorate with the parties. Ultimately the Company agreed to consider the question of re-employment of twenty more of such workmen about whom the Union was interested at the moment. And the management has been requested in writing to take necessary action in the matter.

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, ম্যানেজমেন্ট-এর কাছে আপনারা এই যে অনুরোধ করেছেন এরকম ধরনের অনুরোধ আপনারা কত দিন ধরে চালিয়ে যাচ্ছেন?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ আমরা ইউনিয়নের কাছ থেকে অভিযোগ পাবার পর ম্যানেজমেন্টকে জানিয়েছি যে, ট্রাইব্যুনাল অ্যাওয়ার্ড যেটা দেওয়া হয়েছে সেটা তোমাদের পালন করতে হবে। আমরা তাদের কাছে চিঠি পাঠিয়েছি, কিন্তু এখন পর্যন্ত তার উত্তর পাই নি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, অ্যাওয়ার্ডে যে রায় দিয়েছে তার বিরুদ্ধে ম্যানেজমেন্ট কি কোনরকম কোর্টের আশ্রয় নিয়েছে?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ আমার কাছে এরকম কোন খবর আসে নি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ যদি এরকম কোন খবর না এসে থাকে এবং তারা কোর্টের আশ্রয় না নিয়ে থাকে, তা হলে সরকারের কি কোন পজেটিভ কর্মসূচি নেবার ব্যবস্থা আছে?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: ট্রাইবুনাল অ্যাওয়ার্ড মানতে তারা বাধ্য। তবে ম্যানেজমেন্ট যদি সেটা না মানেন, তা হলে সরকার পক্ষ থেকে যে ব্যবস্থা নেওয়া দরকার তা নেওয়া হবে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: এমপ্লয়ীরা তাদের লিগ্যাল ডিমান্ড নিয়ে বার বার দাবি জানান সত্ত্বেও শেষ পর্যন্ত তাদের যখন ধর্মঘটে নামতে হল, তখন সরকার কেন নির্বাক হয়ে বসে রয়েছেন, কেন ম্যানেজমেন্ট-এর বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ করছেন না?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: প্রথম কথা হল, আমি বলেছি সরকার চিঠি পাঠিয়েছে এবং জিজ্ঞাসা করা হয়েছে, কেন অ্যাওয়ার্ড ইমপ্লিমেন্ট করছ না? দুই নম্বর কথা হল, তাদের বক্তব্য যা আমরা আগে পেয়েছি তাতে তারা বলেছে যে ক্যাটিগরির ভ্যাকান্সি আমাদের এখানে রয়েছে তাতে যে সমস্ত ওয়ার্কাররা ছাঁটাই হয়েছে তারা অন্য ক্যাটিগরির লোক, তাদের পক্ষে ওই কাজ করা সম্ভব নয়। এই জিনিস সত্য কিনা সেটা জানবার জন্য গভর্নমেন্টের পক্ষ থেকে চিঠি গেছে এবং দরকার হলে গভর্নমেন্ট এই ব্যাপারে এনকোয়ারী করবেন।

শ্রীআবদুল বারি বিশ্বাস: গ্লাস ফ্যাক্টরীর মজদুর ইউনিয়ন ধর্মঘটের পথে পা দিয়েছে। আমার প্রশ্ন হচ্ছে একথা কি ঠিক যে, সেখানে আর একটা ইউনিয়ন আছে তারা ম্যানেজমেন্ট-এর সঙ্গে ষড়যন্ত্র করছে বলে সেখানে শ্রমিক সংহতি আসছে না?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: আমি এরকম কোন ঘটনা জানি না এবং এরকম ধরনের কোন কথা সরকারকে জানান হয় নি।

শ্রীরজনীকান্ত দলুই: ম্যানেজমেন্টকে গভর্নমেন্টের তরফ থেকে এই যে চিঠি দেওয়া হয়েছে এটা কতদিন আগে দেওয়া হয়েছে এবং কতদিনের মধ্যে কার্যকর করতে হবে এই ট্রাইবুনাল অ্যাওয়ার্ড একথা গভর্নমেন্ট জানিয়েছেন?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: এই ধরনের কোন নির্দেশ দেওয়া হয় নি। তাদের কাছে দিন দশেক আগে চিঠি দেওয়া হয়েছে এবং তাদের বলা হয়েছে, এই অ্যাওয়ার্ড যেটা দেওয়া হয়েছে সেটা কেন তুমি ইমপ্লিমেন্ট করছ না জানাও। সেই চিঠির উত্তর এখনও আমাদের কাছে আসে নি।

[1-20—1-30 p.m.]

শ্রীরজনীকান্ত দলুই: মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে, ম্যানেজমেন্টকে গভর্নমেন্টের তরফ থেকে চিঠি দেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন সেই চিঠি কবে দেওয়া হয়েছে এবং সেই চিঠি কতদিনের মধ্যে কার্যকর করবার জন্য গভর্নমেন্ট ম্যানেজমেন্টকে জানিয়েছেন যে, এতদিনের মধ্যে করতে হবে--এটা জানিয়েছেন কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: এই ধরনের কোন নির্দেশ দেওয়া হয় নি। তাদের কাছে চিঠি দিন দশেক আগে দেওয়া হয়েছে এবং তাদেরকে বলা হয়েছে, তুমি এই অ্যাওয়ার্ড যেটা দেওয়া হয়েছিল সেই অ্যাওয়ার্ড তুমি কেন ইমপ্লিমেন্ট করছ না জানাও। এই চিঠির উত্তর এখনও আসে নি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: যদি ম্যানেজমেন্ট এই অ্যাওয়ার্ড আদৌ না মানেন, তা হলে সরকার কি ব্যবস্থা করবেন?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: এ প্রশ্নের উত্তর আমি আগেই দিয়েছি।

Mr. Speaker: It is hypothetical.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় জানেন যে, ১৯৬৭ সাল থেকে ট্রাইবুনালের অ্যাওয়ার্ড কার্যকর হচ্ছে না। আমরা বারে বারে সরকারী দপ্তরে অভিযোগ করেছি। মন্ত্রিমহাশয়ের একটা দপ্তর আছে সেই দপ্তরের নাম হচ্ছে এনফোর্সমেন্ট দপ্তর। ট্রাইবুনালের যে রায় সেই রায়টা কার্যকর করার দায়িত্ব হচ্ছে এনফোর্সমেন্ট অব ল সেকসানের। ইউনিয়নের পক্ষ থেকে বার বার অভিযোগ করা হয়েছে যে, ট্রাইবুনালের রায় কার্যকর করা হচ্ছে না। মন্ত্রিমহাশয়ের অধীনে এনফোর্সমেন্ট অব ল দপ্তর আছে, সে দপ্তর এ বিষয়ে কি কাজ করেছেন সেটা যদি জানান, তা হলে বাধিত হব।

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: সে দপ্তর এ সম্পর্কে তদন্ত করবেন এবং মাননীয় সদস্য যে কথা বললেন যে মজদুর ইউনিয়ন অনেকদিন আগে অনেকবার জানিয়েছেন এটা মোটেই ঠিক নয়। মজদুর ইউনিয়ন ৩০এ জানুয়ারি, ১৯৭৩ এই তারিখে চিঠি দিয়ে আমাদের জানান। সেই চিঠিতে তারা বলেছিলেন যে, ম্যানেজমেন্ট অ্যাওয়ার্ড ইমপ্লিমেন্ট করছেন না। তাদের চিঠি পাবার পর সরকারের পক্ষ থেকে যে এনফোর্সমেন্ট ল দপ্তর আছে সেখানে পাঠানো হয়েছে এবং লেবার ডিরেকটরেটকে আর একটা আলাদা চিঠিতে জানান হয়েছে যে, ম্যানেজমেন্ট এর কাছে জানতে চাওয়া হয়েছে যে, কেন তারা অ্যাওয়ার্ড এখন পর্যন্ত ইমপ্লিমেন্ট করছেন না।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় হয়ত ঠিকই বলেছেন যে, তাঁর সময় ট্রাইবুনাল অ্যাওয়ার্ড কার্যকর হচ্ছে না, এটা ঠিক নয়। কেন না তিনি এই বিষয়ে সক্রিয় কর্মপন্থা গ্রহণ করেছেন। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাই, এই হাউসে তার সামনে যে অভিযোগ এসেছে সম্প্রতি কালে, কিন্তু ১৯৬৭ সাল থেকে ১৩ বার ট্রাইবুনালের রায় কার্যকর করার জন্য আমরা দরখাস্ত করেছি। এই মন্ত্রিসভা নতুন গঠিত হয়েছে, কিন্তু এনফোর্সমেন্ট অব ল সেকসান ১৯৬৭ সাল থেকেই আছে, এটা মন্ত্রিমহাশয় জানেন। তা হলে আমি বলব যে, এনফোর্সমেন্ট অব ল সেকসান কি কুম্ভকর্ণ নিদ্রায় অভিভূত ছিলেন। ঐ দপ্তরের অমলা যারা আছেন তাদের বিরুদ্ধে কার্যকর কর্মপন্থা গ্রহণ করবেন কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: আমি জানি না আপনি ১৩ বার কি ১০ বার পাঠিয়েছিলেন। আমার কাছে খবর এসেছে যে ৩০এ জানুয়ারি, ১৯৭৩ তারিখে চিঠি পাঠিয়েছে এবং চিঠির উপর বেস করে যতটুকু অ্যাকসান নেওয়া দরকার গভর্নমেন্ট অত্যন্ত দৃঢ়তার সংগে সেটা নিচ্ছেন সে বিষয়ে কোন সন্দেহ নেই।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি আপনি কি খোঁজ নিয়ে দেখবেন যে, ১৯৬৭ সালের পর থেকে আই এন টি ইউ সি ইউনিয়নের পক্ষ থেকে কতবার এই ট্রাইবুনালের রায়কে কার্যকর করবার জন্য দরখাস্ত করা হয়েছে?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: আমি মাননীয় সদস্যকে অনুরোধ করবো যে, তিনি যেন মজদুর ইউনিয়নের পক্ষ থেকে সরকারের কাছে লিখিতভাবে জানান যে ১৯৬৭ সাল থেকে অ্যাওয়ার্ড কতবার বিঘ্নিত করা হয়েছে বা ওরা মানেন নি। এটা যদি সত্য হয়ে থাকে, তা হলে আমি নিশ্চয় দেখবো।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি আশ্বাস দেবেন যে, এই মালিকপক্ষ যারা ১৯৬৭ সাল থেকে ট্রাইবুনালের রায় বলবত করছেন না তাদের বিরুদ্ধে সরকারের পক্ষ থেকে যথোপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: নিশ্চয় করা হবে এ কোয়েশ্চেনের উত্তর আমি আগেই দিয়েছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় নিজেই উপলব্ধি করতে পারছেন নিশ্চয় ট্রাইবুনালের রায় বলবত [illegible] এই যে শিল্পবিরোধ আইন এই আইনের দ্বারা কি শ্রমিকদের কল্যাণ করা সম্ভব? এই আইনকে পরিবর্তন করে যাতে শ্রমিকদের কল্যাণ করা যায় এবং ট্রাইবুনালের রায় তাড়াতাড়ি কার্যকর করা যায় তার জন্য তাঁর দপ্তর থেকে অবিলম্বে কর্মপন্থা গ্রহণ করা হবে কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: আমি অনেকবার বলেছি আমাদের শিল্পবিরোধ আইন-এর কোথাও কোথাও পরিবর্তন করার প্রয়োজন আছে, সরকার এটা চিন্তা করছেন। সরকারের এই বিষয়ে কি ধরনের ডিসিসান নেওয়া দরকার সেটাও চিন্তা করছেন। তাতে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টের কোথাও কোথাও পরিবর্তনের প্রয়োজন হতে পারে।

শ্রীঅজিতকুমার পাঁজাঃ স্যার, আমি এই প্রশ্নটা হেল্ড ওভার করার জন্য অনুরোধ করছি। কারণ ডিপার্টমেন্ট থেকে যে উত্তর পেয়েছি তাতে আমি নিজেই সন্তুষ্ট নই। তাই কতকগুলি ব্যাপারে আমি নিজে কোশ্চেন করে পাঠিয়েছি। সুতরাং এটা হেল্ডওভার করতে অনুরোধ করছি।

Mr. Speaker: The question is held over and it will be taken up on the next rotational day.

Mr. Speaker: The question is held over, because the answer has been partially collected—complete answer is not there.

মনিগ্রাম সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র

*১১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৪০৫।) **শ্রীনৃসিংহকুমার মণ্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সাগরদীঘি থানার অন্তর্গত মনিগ্রাম সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রের উন্নতিকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কি কি পরিকল্পনা এবং কবে নাগাদ তাহার কাজ আরম্ভ হইবে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ (ক) বর্তমানে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

[1-10—1-20 p.m.]

শ্রীনৃসিংহকুমার মণ্ডলঃ আমি কিছুদিন আগে যখন স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম, তখন উনি বলেছিলেন, ঐ স্বাস্থ্যকেন্দ্রের উন্নতি করার পরিকল্পনা আছে, হঠাৎ পরিকল্পনা কি বদলে গেছে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ হঠাৎ বদলায় নি, আমরা অনেক জায়গায় পরিকল্পনা নিচ্ছিলাম বলে তখন আমি আপনাকে ভুলবশত বলেছিলাম, এটার উন্নতি করার চেষ্টা করব। কিন্তু পরে যখন আমরা ঐ ব্লকের রিপোর্ট পেলাম, তাতে দেখা যাচ্ছে, আমরা একটা ১০ শয্যাবিশিষ্ট প্রাইমারী হেলথ সেন্টার এবং ২ শয্যাবিশিষ্ট সাবসিডিয়ারী হেলথ সেন্টার করব। এই ব্লকে পাপাড়ায় ১০ শয্যাবিশিষ্ট প্রাইমারী হেলথ সেন্টার চালু আছে এবং ২ শয্যাবিশিষ্ট ৩টি সাবসিডিয়ারী হেলথ সেন্টার চালু আছে, যেমন, মনিগ্রাম, সুর্যপুর ও সিদ্ধেশ্বরী গোবীতে। তাই এখন আপাতত আমাদের শয্যা বাড়াবার ব্যবস্থা নেই।

শ্রীমহম্মদ দেদার বক্স: মুর্শিদাবাদ জেলার যেসমস্ত ব্লকে প্রাইমারী হেলথ সেন্টার আছে সেগুলির উন্নতি সাধনের জন্য কোন পরিকল্পনা নেওয়া হয়েছে কিনা এবং কতগুলি এবং কোন্ কোন্ টাইপের প্রাইমারী হেলথ সেন্টার আছে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এটার জন্য নোটিস চাই।

শ্রীনৃসিংহকুমার মণ্ডলঃ ভবিষ্যতে এটার উন্নতিকরণের চেষ্টা করবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্ল্যানিং কমিশন যদিও এখনও ঠিকমত করেন নি, তবে আমরা বুঝতে পারছি যে অনেকগুলি ব্লকে প্রাইমারী হেলথ সেন্টার এবং সাবসিডিয়ারী হেলথ সেন্টার বাড়াবার দরকার আছে এবং আমাদের পরিকল্পনা আছে।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বাংলাদেশ শরণার্থী আসার ফলে অনেক হেলথ সেন্টারে রিফিউজীদের জন্য সিট বাড়াবার পরিকল্পনা ছিল এবং সাগরদীঘি ব্লকে বহু রিফিউজীকে স্থান দিয়েছিলাম এবং এই হেলথ সেন্টারের সঙ্গে সেইসমস্ত রিফিউজী যুক্ত ছিল, সেই পরিকল্পনা অনুযায়ী শয্যাসংখ্যা বাড়াবার পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ আপাততঃ নেই।

শ্রীরজনীকান্ত দোলুইঃ পশ্চিমবঙ্গে অন্যান্য জেলায় যেসমস্ত সাবসিডিয়ারী হেলথ সেন্টার রয়েছে সেই সমস্ত সাবসিডিয়ারী হেলথ সেন্টারে ২টি করে বেড রয়েছে। সেগুলিকে ১০ শয্যা-বিশিষ্ট হেলথ সেন্টারে পরিণত করার পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ সেইরকম কোন পরিকল্পনা নেই। তবে এই সমস্ত সাবসিডিয়ারী হেলথ সেন্টারের মধ্যে যে ইনফ্রাস্ট্রাকচার আছে অর্থাৎ যেরকম ঘরবাড়ির অবস্থা রয়েছে তাতে জনসাধারণের যদি চাহিদা থাকে, তা হলে আরো ২।১টি বেড বাড়াবার পরিকল্পনা নিয়েছি। পঞ্চম পরিকল্পনার মধ্যে অনেক বেড বাড়াবার পরিকল্পনা রয়েছে।

শ্রীশঙ্করদাস মাহাতোঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন প্রতিটি ব্লকে একটি প্রাইমারী এবং দুইটি সাবসিডিয়ারী হেলথ সেন্টার করার যে নীতি গ্রহণ করা হয়েছে, বর্তমানে কি তিনটির বেশী কোন ব্লকে হেলথ সেন্টার করার পরিকল্পনা নেই?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এই বছরে এখন করার কোন প্রশ্ন উঠে না। যদি জিওগ্রাফিক্যাল এরিয়া অনুযায়ী কাগজের মাধ্যমে জনসাধারণ জানিয়েছেন, মাননীয় সদস্যরাও জানিয়েছেন যে, কতকগুলি এলাকা পাহাড়ী অঞ্চল, বা যেখানে বড় নদী আছে, বর্ষাকালে নদীর এপারে প্রাইমারী হেলথ সেন্টার থাকার ফলে ওপারের জনসাধারণ আসতে পারেন না, নৌকা করেও পারেন না, সেখানে খুব তাড়াতাড়ি কনস্ট্রাকসান করার জন্য কনস্ট্রাকসান বোর্ড এবং পি ডবলিউ ডি-র সঙ্গে আলোচনা চালাচ্ছি।

শ্রীআদ্যাচরণ দত্তঃ মুর্শিদাবাদ জেলায় যে সমস্ত প্রাইমারী, সাবসিডিয়ারী হেলথ সেন্টারের পাশ দিয়ে ইলেকট্রিক লাইন গেছে অথচ প্রাইমারী, সাবসিডিয়ারী হেলথ সেন্টার ইলেট্রিফায়েড হয় নি, সেগুলিকে ইলেকট্রিফায়েড করার পরিকল্পনা আছে কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্যাবিনেট ডিসিসান অনুযায়ী ১২২টি স্বাস্থ্যকেন্দ্রে আমরা ইলেকট্রিক আলো দিয়েছি। যেখান দিয়ে লো টেনসান অয়ার গেছে, হাই টেনসান নয়, সেখান থেকে আমরা ১২২টাতে দিয়েছি। আপনাদের যদি মনে হয়, কোন হেলথ সেন্টার বাদ পড়েছে, আমাকে জানাবেন, নিশ্চয়ই ব্যবস্থা করব।

STARRED QUESTION

(to which answer was laid on the table)

বাঁকুড়া জেলায় মডিফায়েড রেশন এলাকায় মাথাপিছু চাল ও গম বরাদ্দের পরিমাণ

*১১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬৩।) **শ্রীফণিভূষণ সিংহবাবুঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) বাঁকুড়া জেলায় মডিফায়েড রেশন এলাকায় ১৯৭৩ সালের ফেব্রুয়ারি-মার্চ মাসে মাথাপিছু কত করে চাল ও গম দেওয়া হয়েছিল; এবং

(খ) ১৯৭৩ সালের এপ্রিল মাসে মাথাপিছু কত করে চাল ও গম দেওয়া হচ্ছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭৩ সালের গোটা ফেব্রুয়ারি মাসে এবং মার্চ মাসের ১৫ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত বাঁকুড়া সদর মহকুমায় এবং ১৯এ মার্চ, ১৯৭৩ পর্যন্ত বিষ্ণুপুর মহকুমায় কেবল 'ক' শ্রেণীর কার্ডহোল্ডারদের সাপ্তাহিক মাথাপিছু ৭০০ গ্রাম চাল এবং সকল শ্রেণীর কার্ডহোল্ডারদের সাপ্তাহিক মাথাপিছু ১,০০০ গ্রাম করিয়া গম দেওয়া হইত। ইহার পর সমগ্র জেলায় কেবল 'ক' শ্রেণীর কার্ডহোল্ডারদের সাপ্তাহিক মাথাপিছু ২০০ গ্রাম চাল এবং সকল শ্রেণীর কার্ডহোল্ডারদের সাপ্তাহিক মাথাপিছু ৮০০ গ্রাম করিয়া গম দেওয়া হইতেছে।

(খ) খাদ্যশস্য অপ্রতুলতার নিমিত্ত সমগ্র বাঁকুড়া জেলায় ১৯৭৩ সালের মার্চ মাসের মাঝামাঝি হইতে 'ক' শ্রেণীর কার্ডহোল্ডারগণকে সাপ্তাহিক মাথাপিছু ২০০ গ্রাম চাল এবং সকল শ্রেণীর কার্ডহোল্ডারগণকে সাপ্তাহিক মাথাপিছু ৮০০ গ্রাম করিয়া গম দেওয়া হইতেছে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

হাওড়া জেলা কেন্দ্রীয় গ্রন্থাগার

৫৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হাওড়া জেলা কেন্দ্রীয় গ্রন্থাগার দীর্ঘদিন ধরিয়া বন্ধ থাকায় পাঠকবর্গের খুব অসুবিধা হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে—

(১) বন্ধ থাকার কারণ কি; এবং

(২) সরকার এই বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না। নির্ধারিত ছুটির দিন ছাড়া গ্রন্থাগার বন্ধ ছিল না।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

নয়াগ্রাম ব্লকে বি ডি ও

৫৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭৩।) **শ্রীদাশরথি সরেনঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নয়াগ্রাম ব্লকে বর্তমানে কোন বি ডি ও আছেন কিনা;

(খ) না থাকিলে, ইহার কারণ কি; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নাই।

(খ) যাঁহাকে বি ডি ও নিযুক্ত করা হইয়াছে তিনি এখনও কার্যে যোগদান করেন নাই।

(গ) তিনি যাহাতে শীঘ্র কার্যে যোগদান করেন সেই ব্যবস্থা করা হইয়াছে। আশা করা যায় তিনি অবিলম্বে কার্যে যোগদান করিবেন।

মুর্শিদাবাদ জেলায় থানাওয়ারী ভেসেকটোমি অপারেশন

৫৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫২।) **শ্রীহরেন্দ্রনাথ হালদারঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলায় থানাওয়ারী ভেসেকটোমি অপারেশনের সংখ্যা কত?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ থানাওয়ারী হিসাব রাখার ব্যবস্থা নাই।

পশ্চিমবঙ্গে হাঁস-মুরগির খাদ্যের তথ্য

৫৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২৩৪।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** পশুপালন ও পশুচিকিৎসা (দোহবর্ধন শাখা বাদে) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে হাঁস-মুরগির খাদ্যের কোন তথ্য আছে কি;

(খ) থাকিলে গত তিন বৎসরে প্রতি বৎসরে (পঞ্জীবর্ষ)

(১) উক্ত খাদ্যের চাহিদার পরিমাণ;

(২) রাজ্যে উৎপাদনের পরিমাণ; ও

(৩) প্রতি বৎসরের কুইন্টল প্রতি মূল্য কত ছিল?

পশুপালন ও পশুচিকিৎসা (দোহবর্ধন শাখা বাদে) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গ রাজ্যে হাঁস-মুরগির খাদ্যের উপর তথ্য পশ্চিমবঙ্গ সরকারের পশুপালন দপ্তরে নাই।

(খ) প্রশ্নের 'ক' অংশের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

চড়িয়াল বেসিন খাল খনন

৫৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩৭।) **ডাঃ ভূপেন বিজলীঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ২৪-পরগনা জেলার অন্তর্গত চড়িয়াল বেসিন খাল খননের জন্য যে সমস্ত জমি দখল করা হইয়াছিল এখনও পর্যন্ত সেই জমির মালিকদের জমির মূল্য দেওয়া হয় নাই; এবং

(খ) অবগত থাকিলে, (১) ইহার কারণ কি; এবং (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ। তবে অধিগৃহীত জমির মালিকদের গৃহাদির ক্ষতিপূরণের জন্য ইতিমধ্যেই সামান্য কিছু টাকা অগ্রিম হিসাবে প্রদত্ত হইয়াছে।

(খ) (১) সরকারী ভূমি অধিগ্রহণ আইনানুযায়ী সকল পর্যায়ে কার্য যথাযথভাবে নিষ্পন্ন হইবার পর প্রদত্ত অগ্রিম টাকা পূর্ণ ক্ষতিপূরণের টাকা হইতে বাদ দিয়া জমির মালিকদের নিকট প্রদত্ত হইবে।

(২) যথাসম্ভব সত্বর ক্ষতিপূরণের টাকা জমির মালিকদের প্রদানের জন্য সরকার সকল প্রকার ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

এম আর ডিলারদের মাল বহনের খরচ

৫৮০। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৭৮।) **শ্রীহেমন্ত দত্তঃ** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) এ কথা কি সত্য যে, এম আর ডিলারদের প্রথম ৫ মাইল পর্যন্ত মাল বহনের কোন খরচ দেওয়া হয় না;

(খ) সত্য হ'লে, তার কারণ কি; এবং সরকার এ সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করেছেন; এবং

(গ) পঞ্চম মাইলের পর হইতে প্রতি মাইলে প্রতি কুইন্টলে এম আর ডিলারদের যে ১৬ পয়সা হারে খরচ দেওয়া হয় বর্তমান পরিবহণ ব্যয় বৃদ্ধির পরিপ্রেক্ষিতে সেই হার বৃদ্ধি করার কোন পরিকল্পনা আছে কি?

খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক), (খ) ও (গ) বর্তমান এম আর ডিলারদের প্রথম ৫ মাইল পর্যন্ত মাল বহনের জন্য পৃথকভাবে কোন খরচ দেওয়া হয় না। কারণ, ঐসব মালের যথা, খাদ্যশস্যের প্রথম ৫ মাইল পর্যন্ত বহনের খরচ বিবেচনা করিবার পর বিক্রয় মূল্য ধার্য করা হয়।

পরিবহণ ব্যয় বৃদ্ধির পরিপ্রেক্ষিতে এম আর ডিলারদের যে কোন দূরত্বে মাল বহনের খরচের হার ও খরচ দেবার পদ্ধতির সংশোধনের বিষয়টি এখন সরকারের বিবেচনাধীন।

আলিপুরদুয়ার মহকুমায় কৃষির উন্নতির জন্য সেচ প্রকল্প

৫৮১। (অনুমোদিত প্রশ্ন নং ২১৪১।) **শ্রীদেবব্রত চ্যাটার্জীঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমায় কৃষির উন্নতির জন্য কি কি সেচ প্রকল্প গ্রহণ করা হয়েছে;

(খ) প্রকল্পগুলির নাম কি; এবং

(গ) কবে নাগাদ তাহা কার্যকর হবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) আলিপুরদুয়ার মহকুমায় কোন সেচ প্রকল্প গ্রহণ করা হয় নি।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Duties of the Progress Assistants in Blocks

582. (Admitted question No. 2323.) **Shri MD. DEDAR BAKSH: Will** the Minister-in-charge of the Agriculture and Community Development (Community Development) Department be pleased to state—

(a) the function of the Progress Assistants in Blocks of West Bengal and under whom these Assistants work;

(b) the nature of the post (clerical or otherwise);

(c) the scales of pay of Progress Assistants and Gram Sevaks; and

(d) the functions and duties attached to the incumbents of such posts?

The Minister for Agriculture and Community Development (Community Development): (a) A statement showing the functions and duties of the Progress Assistants is enclosed. The Progress Assistants work under the Block Development Officers.

(b) Not clerical.

(c) (i) Progress Assistant—Rs. 230—5—275—7½—365—10—425 **(with** higher initial at Rs. 275).

(ii) Gram Sevak—Rs. 230—5—275—7½—365—10—425.

(d) Functions and duties of Progress Assistants may be seen from the statement enclosed to question (a) above. A copy of the job chart of Gram Sevaks is enclosed.

Statement referred to in reply to clauses (a) and (b) of unstarred question No 582

Functions and duties of Progress Assistants

1. To submit regularly and timely the fortnightly crop cultivation reports **to** the Agricultural Economist through the Block Development Officer.

2. To submit regularly and timely the preliminary and final forecasts of different crops to the District Agricultural Authorities through the Block Development Officer.

3. To scrutinize and analyse the data contained in all the reports and returns furnished by the Gram Sevaks.

4. To assist the Block Development Officer in preparing various periodical reports, particularly the quarterly progress reports on the activities in the different sectors in the Block area.

5. To impart necessary instructions to the Gram Sevaks/Gram Sevikas regarding collection and preparation of reports and returns, maintenance of registers, etc.

6. To visit the Block area frequently and regularly to verify in the field the figures furnished by the Gram Sevaks/Gram Sevikas and contained in the records maintained by them.

7. To prepare necessary charts and graphs, etc., indicating the progress of work in the various sectors in the Block.

8. To carry out such other work as is entrusted to him from time to time.

Job chart of Gram Sevaks

ANNEXURE I

(Illustrative and not exhaustive list of items in respect of Agricultural work.)

1. Popularisation of improved seeds. Seed Saturation Scheme.

2. Popularisation of local manurial resources such as green manure, compost during manure, night soil, urine, green leaves, non-edible oilcake, tank silt sludge, etc.

3. Distribution of chemical fertilisers and bonemeal.

4. Promotion of irrigation facilities through tubewells, wells, tanks, canal and also use of bullock driven pump, other pumping sets, "dones" and other indigenous water lifts.

5. Promotion of drainage and flood protection schemes.

6. Plant protection measures against diseases. Pests and algel weeds.

7. Improved cultivation practices such as line sowing of jute and paddy and Japanese method of paddy cultivation.

8. Reclamation of waste land, development of cultivated land, anti-erosion and soil conservation measures.

9. Popularisation of improved and inexpensive agricultural implements.

10. Planting of fuel, fruit and ornamental trees and celebration of vanamahotsav. Developing amongst the people a spirit for the protection of forests and trees.

11. Promotion of cultivation of cash crops like jute, potato, sugarcane, tobacco, groundnut, etc.

12. Promotion of banana cultivation.

13. Promotion of fodder cultivation and preservation (silage).

14. Promotion of animal husbandry and improvement of cattle and poultry—

(a) Cattle-feed.

(b) Fodder cultivation.

(c) Artificial insemination.

(d) Improved cowshed.

(e) Poultry keeping, sheep keeping, goat keeping, piggery.

15. Promotion and strengthening of service co-operatives.

16. Promotion of kitchen gardening.

17. Promotion of fish culture.

18. Utilisation of the services of the Gramsahayaks for promotion of improved agricultural practices.

ANNEXURE II

Illustrative (not exhaustive) list of items of activity outside kharif season

1. Provision of drinking water.

2. Sanitation and Hygiene—

(a) Soakage pit and drainage.

(b) Improved latrines.

(c) Clearance of jungle and water-hyacinth.

(d) Educating the people about utility of protective and preventive health measures, e.g., nutrition, vaccination, inoculation.

3. Improvement of village road, culverts, bridges, etc.

4. Promotion of education including social education.

5. Promoting village industries and crafts.

6. Helping the Gramsevikas in planning and executing programmes for women and children.

7. Organising Youth Programme for productive and recreational activities.

8. Special programmes for the poorer section of the community.

9. Rural Housing Schemes.

ANNEXURE III

Besides these, multifarious works relating to Relief, Election and Census, etc.

মুর্শিদাবাদ জেলার ক্লাস্টার প্রোগ্রাম

৫৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯৩।) **শ্রীশঙ্করদাস পাল:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার বিভিন্ন ব্লকের বহু জায়গায় অনেক "ক্লাস্টার প্রোগ্রামের" কাজ টাকার অভাবে বন্ধ রহিয়াছে;

(খ) অবগত থাকিলে, ইহার কারণ কি এবং এ বিষয়ে কি ব্যবস্থা করা হইয়াছে;

(গ) মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ ব্লকে এইরূপ কয়টি ক্লাস্টার প্রোগ্রাম ১৯৭৩ সালের মার্চ মাস অবধি চালু করিবার পরিকল্পনা আছে;

(ঘ) এ পর্যন্ত মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ ব্লকে কয়টি ক্লাস্টার প্রোগ্রাম চালু করা হইয়াছে; এবং

(ঙ) যে সমস্ত ক্লাস্টার প্রোগ্রাম চালু করা যায় নাই সেগুলি চালু করার জন্য আগামী মার্চ মাসের মধ্যে প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হইবে কি?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মুর্শিদাবাদ জেলার ২৬টি ব্লকের মধ্যে ১৮টি ব্লকে ক্লাস্টার প্রোগ্রামের পরিকল্পনা আছে এবং এই পরিকল্পনা রূপায়িত করিবার জন্য প্রয়োজনীয় সম্পূর্ণ টাকা বরাদ্দ করা হইয়াছে।

(খ) বাকী ৮টি ব্লকে ১১ কে ভি লাইন নিকটবর্তী অঞ্চলে না থাকায় এবং জলস্তর সম্বন্ধে অনিশ্চয়তা থাকায় এই প্রকল্পের কাজ লওয়া সম্ভব হয় নাই।

(গ) এই সম্পর্কিত একটি তালিকা নিম্নে দেওয়া হইল।

(ঘ) (গ)-এর উত্তর দ্রষ্টব্য।

(ঙ) ১৯৭২-৭৩ সালে ১৭১টি ক্লাস্টার প্রোগ্রাম চালু করিবার জন্য প্রয়োজনীয় অর্থ ইতিমধ্যে মঞ্জুর করা হইয়াছে।

Statement referred to in reply to clauses (Ga) and (Gha) of unstarred question No. 583

ক্রমিক সংখ্যা	ব্লকের নাম।		১৯৭২-৭৩ সালে ক্লাস্টার প্রোগ্রামের বৈদ্যুতীকরণের প্রস্তাবিত সংখ্যা		চালু বিদ্যুৎচালিত ক্লাস্টার প্রোগ্রামের সংখ্যা	
			প্রথম পর্যায়	দ্বিতীয় পর্যায়	প্রথম পর্যায়	দ্বিতীয় পর্যায়
(১)	বহরমপুর	..	8	১৭	১	..
(২)	বেলডাঙ্গা (১)	..	৩	১৮	..	..
(৩)	হরিহরপাড়া ..	..	..	৬	..	..
(৪)	নেওদা ..	..	..	৫	..	..
(৫)	ডোমকল ..	..	৪	৮	..	..
(৬)	জলঙ্গী ..	..	..	১৪	..	..
(৭)	সুবজিযাগঞ্জ .	.	১	২০	১	..
(৮)	ভগবানগোলা (১)	..	..	২	..	..
(৯)	লালগোলা .	..	..	১২	..	..
(১০)	রাণীনগর (১)	..	২	৮	..	১
(১১)	রাণীনগব (২)	..	১	৮	..	..
(১২)	নবগ্রাম ..	..	..	8	..	..
(১৩)	কান্দি ..	..	..	১০	..	..
(১৪)	বাঁরোয়া ..	..	..	৪	..	..
(১৫)	ভরতপুর (১)	..	..	২	..	..
(১৬)	ভবতপুর (২)	..	..	৬	..	..
(১৭)	বঘুনাথগঞ্জ (২)	..	..	৬	..	..
(১৮)	শামসেরগঞ্জ ..	..	..	৬	..	..
		মোট	১৫	১৫৬	২	১

সরযূপ্রসাদ জুনিয়র টেকনিক্যাল কলেজ

৫৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩১।) **শ্রীকিংকর মাহাতঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) পুরুলিয়া জেলার সরযূপ্রসাদ জুনিয়র টেকনিক্যাল কলেজে ১৯৭১ ও ১৯৭২ সালে কত ছাত্র ছিল এবং ১৯৭৩ সালে কত ছাত্র আছে;

(খ) ঐ কলেজে বর্তমানে কতজন স্টাফ আছেন ও তাঁহাদের কাহার কত বেতন; এবং

(গ) উক্ত কলেজকে সরকারী স্পনসর্ড কলেজ হিসাবে গ্রহণ করার কোন পরিকল্পনা আছে কি?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পুরুলিয়া জেলার জুনিয়র ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউটের ১৯৭১, ১৯৭২ ও ১৯৭৩ সালের ছাত্র সংখ্যা নিম্নে দেওয়া হইলঃ—

সাল	ছাত্র সংখ্যা
১৯৭১	১০
১৯৭২	৭
১৯৭৩	৬

(খ) এখানে বর্তমানে ১৯ জন কর্মী আছেন। ইহাদের নাম এবং প্রাপ্ত বেতনের বিবরণ নিম্নে দেওয়া হইল।

(গ) না, এইরূপ কোনও পরিকল্পনা নাই।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 584

ANNEXURE I

Statement showing the Pay and Allowance of 19 staff of the Saraju Prasad Junior Engineering Institute, Durgi (Purulia)

Sl. No.	Name and designation.	Scale of Pay.	Pay.	D.A.	Total.
		Rs.	Rs.	Rs.	Rs.
1.	Shri A. R. Roy .. Superintendent	.. 445-30-685-35-1,140 ..	685	8	693
2.	Shri B. C. Nath Instructor in Engineering (Mech.)	.. 330-10-420-15-600 ..	410	8	418
3.	Shri H. N. Sarkar Instructor in Engineering (Elec.)	.. 330-10-420-15-600 ..	370	8	378
4.	Shri K. B. Chandra Teacher in Humanities	.. 265-7-300-8-420 ..	265 (Fixed)	8	273
5.	Shri A. K. Sen ..	.. 265—7—300—8—420 ..	265 (Fixed)	8	273

Sl. No.	Name and designation		Scale of Pay.		Pay.	D. A.	Total.
			Rs.		Rs.	Rs.	Rs.
6.	Shri M. K. Mukherjee Head Clerk and Cashier	..	205—3—214—4—270—5—300 *plus* Special Pay Rs. 20		258 20	8	286
7.	Shri B. N. Chatterjee Store Clerk	..	190—3—214—4—270—5—300		196	8	204
8.	Shri A. K. Chattaraj Clerk	..	190—3—214—4—270—5—300		196	8	204
9.	Shri J. N. Karmakar Mistry Instructor	..	205—3—214—4—270—5—300		246	8	254
10.	Shri K. P. Mukherjee Mistry Instructor	..	205—3—214—4—270—5—300		246	8	254
11.	Shri F. B. Sutradhar Mistry Instructor	..	205—3—214—4—270—5—300		246	8	254
12.	Shri D. Mahato .. Mistry Instructor	..	205—3—214—4—270—5—300 *plus* allowance for Librarian		246 30	8	284
13.	Shri B. Kundu .. Mistry Instructor	..	205—3—214—4—270—5—230		234	8	242
14.	Shri P. Banerjee Laboratory Assistant	..	175—3—214—4—230		199	8	207
15.	Shri S. K. Roy .. Peon	..	130—1—145—2—165	..	136	7	143
16.	Shri A. K. Paul Bearer		130—1—145—2—165	..	136	7	143
17.	Shri G. Majhi .. Mali-cum-Sweeper		130—1—145—2—165	..	136	7	143
18.	Shri S. Mahato .. Night Watchman	..	130—1—145—2—165	..	130	7	137
19.	Shri S. P. Roy .. Watchman	..	130—1—145—2—165	..	136	7	143

জেলাওয়ারী চালকল

৫৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০৮।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় জেলাওয়ারী কতগুলি চালকল আছে;

(খ) জেলাওয়ারী চালকলগুলিতে কতজন শ্রমিক নিযুক্ত আছেন;

(গ) ১৯৬৯ সাল হইতে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত জেলাওয়ারী কতগুলি চালকল বন্ধ আছে; এবং

(ঘ) বর্তমানে উক্ত চালকলগুলি কি অবস্থায় আছে?

খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক), (খ), (গ) এবং (ঘ) প্রশ্নের প্রত্যেক অংশের উত্তর সম্বলিত একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

*Statement referred to in reply to clauses (**Ka**), (**Kha**), (**Ga**) and (**Gha**) of unstarred question No. 585*

ক্রমিক সংখ্যা	জেলার নাম	প্রশ্নের "ক" অংশের উত্তর — বর্তমানে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় জেলাওয়ারী কতগুলি চালকল আছে			প্রশ্নের "খ" অংশের উত্তর — জেলাওয়ারী চালকলগুলিতে কতজন শ্রমিক নিযুক্ত আছেন			প্রশ্নের "গ" অংশের উত্তর	প্রশ্নের "ঘ" অংশের উত্তর
		লাইসেন্স-প্রাপ্ত রাইস মিলের সংখ্যা	লাইসেন্স-প্রাপ্ত হাস্কিং মেসিনের সংখ্যা	মোট সংখ্যা	স্থায়ী শ্রমিকের সংখ্যা	অস্থায়ী শ্রমিকের সংখ্যা	মোট সংখ্যা	১৯৬৯ সাল হইতে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত জেলাওয়ারী কতগুলি চালকল বন্ধ আছে	বর্তমানে উক্ত চালকলগুলি কি অবস্থায় আছে
১।	২৪-পরগনা	৩৩	৮৭০	৯০৩	২৫	২০০	২২৫	২০	উক্ত ২০টির মধ্যে ২টি কল পুনরায় চালু করিবার নিমিত্ত পারমিটের জন্য আবেদন করিয়াছে।
২।	হাওড়া	১	৫১২	৫১৩	১২	..	১২	৮	উক্ত ৮টি কল প্রয়োজনানুযায়ী ধান না পাওয়ার জন্য বন্ধ আছে।
৩।	মুর্শিদাবাদ	৪	২৩৭	২৪১	১৮০	.	১৮০	..	
৪।	মেদিনীপুর	৭৮	১.৮১৯	১,৮৯৭	১৫	..	১৫	২২	উক্ত ২২টি কলের বেশীর ভাগ কলগুলিই অচল অবস্থায় আছে।
৫।	জলপাইগুড়ি	২৭	৭৮	১০৫	৫৪০	..	৫৪০	৪	উক্ত ৪টি কলই পুনরায় চালু করিবার নিমিত্ত পারমিটের জন্য আবেদন করিয়াছে।
৬।	পুরুলিয়া	২১	৪৪	৬৫	২০০	..	২০০	৪	উক্ত ৪টি কলের মধ্যে ২টি কল পুনরায় চালু করিবার নিমিত্ত পারমিটের জন্য আবেদন করিয়াছে।
৭।	বীরভূম	৬৫	৩৩৫	৪০০	৪৯৪	২,৫০৮	৩,০০২	৪	উক্ত ৪টি কলের কোনটিই পুনরায় চালু করিবার নিমিত্ত পারমিটের জন্য আবেদন করে নাই।

৮। হুগলি	..	৪৭	৬১৫	৭৪২	১০০		১০০	১২	উক্ত ১২টি বন্ধ কলের বর্তমান অবস্থা সম্বন্ধে সরকার এখন পর্যন্ত অবগত নহেন।
৯। বর্ধমান	..	১১৬	৬৬৫	৮০১	৫,১১৫	.	৫,১১৫	৪০	উক্ত ৪০টি কলের মধ্যে কোন কোন কল পুনরায় চালু করিবার নিমিত্ত পারমিটের জন্য আবেদন করিয়াছে।
১০। নদীয়া	..	৩	২৬১	২৬৪	৬	৪০	৪৬	..	..
১১। পশ্চিম দিনাজপুর	..	৩২	১৩২	১৬৪	১,২০০	.	১,২০০	২	উক্ত ২টি কলের মধ্যে ১টি কল পুনরায় চালু করিবার নিমিত্ত পারমিটের জন্য আবেদন করিয়াছে।
১২। দার্জিলিং	..	৮	২০	২৮	২৪০	..	২৪০	১	উক্ত ১টি কলের মালিক লাইসেন্সটি নবীকরণ (রিনিউ) করেন নাই।
১৩। মালদহ	..	২	৫২	৫৪	..	..	..	২	উক্ত ২টি কলের মধ্যে ১টি কল পুনরায় চালু করিবার জন্য পারমিট মঞ্জুর করা হইয়াছে এবং অপরটির আবেদন পত্র বিবেচনাধীন আছে।
১৪। কুচবিহার	.	৯	১০৯	১১৮	রিপোর্ট পাওয়া যায় নাই	..	..	৩	উক্ত ৩টি কলের মধ্যে ১টি কল পুনরায় চালু করিবার নিমিত্ত পারমিটের জন্য আবেদন করিয়াছে।
১৫। বাঁকুড়া	..	১০১	৩১৩	৪১৪	১,৫০০	..	১,৫০০	১১	উক্ত ১১টি কলের মালিক বর্তমান ব্যবসায়িক অবস্থা এবং প্রচলিত বিধিবদ্ধ আইনের পরিপ্রেক্ষিতে কলগুলি চালাইতে ইচ্ছুক নহেন।
		৫৪৭	৬,১৬২	৬,৭০৯	৯,৮২৭	২,৭৪৮	১২,৫৭৫	১৫৩	

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received 7 notices of Calling Attention on the following subjects, namely:

(1) Release of MISA detenues—from Shri Aswini Roy.

(2) Sanction of more G.R. to the drought affected areas of Purulia, Nadia, Murshidabad and Bankura districts—from Shri Kashinath Misra, Shri Kartic Chandra Biswas, Shri Adya Charan Dutta, Shri Asamanja De, Shri Sukumar Bandyopadhyay, Shri Gautam Chakraborty, Shri Narayan Bhattacharya, Shri Abdul Bari Biswas, Shri Md. Dedar Baksh and Shri Harendra Nath Haldar.

(3) Closure of Raiganj College—from Dr. Ramendra Nath Dutta, Shri Abdul Bari Biswas, Shri Sarat Chandra Das, Shri Kashinath Misra. Shri Asamanja De, Shri Sukumar Bandyopadhyay, Shri Narayan Bhattacharya, Shri Adya Charan Dutta, Shri Kartic Chandra Biswas and Shri Abdul Bari Biswas.

(4) Theft of 298 Higher Secondary Answer papers on 25th April, 1973—from Shri Kashinath Misra, Shri Kartic Chandra Biswas, Shri Adya Charan Dutta, Shri Asamanja De, Shri Sukumar Bandyopadhyay, Shri Gautam Chakraborty, Shri Narayan Bhattacharya and Shri Abdul Bari Biswas.

(5) Cease work by the employees of Calcutta Municipality—from Shri Gautam Chakraborty, Shri Asamanja De, Shri Sukumar Bandyopadhyay, Shri Narayan Bhattacharya, Shri Adya Charan Dutta. Shri Kartic Chandra Biswas and Shri Abdul Bari Biswas.

(6) Forty industries in Howrah threatened with closure for want of financial assistance—from Shri Sukumar Bandyopadhyay, Shri Gautam Chakraborty, Shri Asamanja De, Shri Kashinath Misra Shri Narayan Bhattacharya, Shri Adya Charan Dutta, Shri Kartic Chandra Biswas and Shri Abdul Bari Biswas.

(7) Supply of electricity to a foreign concern resulting in loss of State revenue—from Shri Md. Dedar Baksh, Shri Harendranath Halder and Shri Adya Charan Dutta.

I have selected the notice of Shri Md. Dedar Baksh, Shri Harendranath Halder and Shri Adya Charan Dutta on the subject of supply of electricity to a foreign concern resulting in loss of State revenue.

Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal: Sir, a statement will be made on the 2nd May, 1973.

Mention Cases

শ্রীঠাকুরদাস মাহাতোঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার লোলাড় রাঙ্গাচরণ অ্যাকাডেমীর এবং নিত্যানন্দের সাধারণ সম্পাদক শ্রীহরিহর মুখোপাধ্যায় মহাশয়ের স্বৈরাচারিতা এবং দুর্নীতির জন্য ঐ বিদ্যালয় পরিচালনার ব্যাপারে একটা অচল অবস্থার সৃষ্টি হয়েছে। ঐ এলাকার জনসাধারণ, শিক্ষক, ছাত্র এবং ম্যানেজমেন্ট কমিটির সদস্য, সবাই এই ব্যক্তিটির আচরণে অত্যন্ত ক্ষুব্ধ এবং তিক্তবিরক্ত হয়েছেন। ঐসব ব্যক্তি এবং জনসাধারণ স্থানীয় ডি আই মহোদয়ের কাছে আবেদন করেছিলেন এবং ঐ আবেদনক্রমে গত ১০ই অক্টোবর, ১৯৭২ তারিখে পুরুলিয়ার ডি আই মহোদয় তদন্তের জন্য গিয়েছিলেন। এবং সেখানে যে তদন্ত হয়

সেই তদন্তের রিপোর্ট ডি আই ১২।১০ তারিখে ডেপুটি ডি পি আই-এর কাছে দেন। আজ প্রায় ৬ মাস হয়ে গেল এমন একটা গুরুত্বপূর্ণ বিষয়ে কিছু হচ্ছে না। একজন ব্যক্তির শাসনের ফলেই এই বিপদ সৃষ্টি হয়েছে, ডেপুটি ডি পি আই-এর কাছে সেই রিপোর্ট চাপা পড়ে আছে। আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয় নি। গতকাল আমি এবং আর একজন এম এল এ জানবার জন্য গিয়েছিলাম, এখানে দুঃখের সঙ্গে জানাচ্ছি, ডেপুটি ডি পি আই যেভাবে ব্যবহার করলেন, তাতে আমার কেন, আমাদের বিধানসভার সদস্যদের অপমান হয়েছে বলে মনে হয়। তিনি আমাকে বললেন, আমার সময় নেই, আপনি বেরিয়ে যান, আমি বললাম, আমার শুধু একটা কথা বলার আছে, দয়া করে শুনুন। তখন তাঁর বোধ হয় ভ্রূক্ষেপ হয়েছে, বললেন, আপনি কি এম এল এ? তখন আমি বললাম, হ্যাঁ। উনি আমাকে জিজ্ঞাসা করলেন, আপনি শ্লিপ দিয়ে আসেন নি কেন? আমি উত্তরে বললাম, আমার তাড়াতাড়ি আছে, একটার সময় অ্যাসেম্বলী, এর মধ্যে চলে যাব। তিনি তখন বললেন, আপনি কোথাকার এম এল এ? বললাম মেদিনীপুরের শালবনীর এম এল এ। তখন তিনি বললেন, পুরুলিয়ার ব্যাপারে আপনার এত কৌতূহল কেন? আমি তখন বললাম, তাতে দোষ কি আছে, আমি তো সমগ্র পশ্চিমবাংলার এম এল এ। আমি জানতে চাইছি রিপোর্ট আজ পর্যন্ত পাঠান নি কেন, এখনও ব্যবস্থা হয় নি কেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিভিন্ন সরকারী আমলারা যদি এইভাবে ব্যবহার করে, তা হলে আমরা জনসাধারণের পক্ষে কাজ করব কি করে? ইতিপূর্বে বিধানসভায় অভিযোগ উঠেছিল এই সম্বন্ধে। সেই অভিযোগের ব্যাপারে কোন ব্যবস্থা নেয়া হয়েছে কি? জনসাধারণের কাজে জনপ্রতিনিধি বিভিন্ন প্রয়োজনে আমলাদের কাছে যাবেন, কিন্তু আমলারা যদি এইরকম দৌরাত্ম্য করেন, দুর্ব্যবহার করেন, তা হলে তো আমাদের পক্ষে জনসাধারণের কাজ করা অসম্ভব। কাজেই আমি এই ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, এটা একটু দেখুন। উল্লিখিত ডেপুটি ডি পি আই-এর যে নেম প্লেট দেখেছি তাতে লেখা আছে পি সি ভট্টাচার্য—এই ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

[1-30—1-40 p.m.]

শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে গুরুতর অভিযোগ এখানে দু-তিন বার উঠেছে একটা সার্কুলার আছে যাতে এম এল এ, এম পি-রা ভি আই পি-র সুযোগ পান, যে কোন অফিসারের কাছে আমরা যেতে পারি, প্রাইওরিটি পেয়ে থাকি, কিন্তু যা দেখছি, এইরকম যদি ঘটতে থাকে বিধানসভার সদস্যদের অপমান হচ্ছে বলে যথেষ্ট অভিযোগ এখানে উঠেছে। আমি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয়, নিশ্চয়ই এই ব্যাপারে হাউসকে জানাবেন কি পদ্ধতি নিচ্ছেন এইসব অফিসারদের ব্যবহার সম্বন্ধে।

শ্রীজয়রাম সরেনঃ স্যার, আমি একটা গুরুতর ব্যাপার এখানে উল্লেখ করতে চাই। মেদিনীপুর জেলায় বীনপুর থানার কেশরীপুর গ্রামে ভয়াবহ অগ্নিকান্ড হয়ে গেল। তাতে বহু ঘর পুড়ে ৩২টি পরিবার ধ্বংস হয়ে গেছে। আড়াই লক্ষ টাকার মত সেখানে ক্ষতি হয়েছে। সেদিক থেকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই যে ৩২টি পরিবার যাদের ঘর পুড়ে ছাই হয়ে গেছে তাদের সরকারী ত্রাণ বিভাগ থেকে যেন উপযুক্ত সাহায্য দেওয়া হয়—কাপড়, অন্ন এবং ত্রিপল ইত্যাদি যেন সাহায্য করা হয়। এই ব্যাপারে আপনার মাধ্যমে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীরাধারমণ সাহাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলার হ্যান্ডলুম ডেভেলপমেন্টের সাব-ডিভিসনাল অফিস নবদ্বীপ। জানতে পারলাম, এই অফিস নাকি উঠে যাচ্ছে। আজকে সেখানে পশ্চিমবাংলায় তাঁতের কাপড়ের সবচেয়ে বড় হাট। পশ্চিমবাংলার বিভিন্ন জায়গা থেকে সমস্ত তাঁতীরা সেখানে আসে। যদি নবদ্বীপে এই হ্যান্ডলুম ডেভেলপমেন্ট সাবডিভিসনাল অফিস উঠে যায়, তা হলে তন্তজীবী সম্প্রদায়, যারা সুতোর ব্যবসা করছে এবং তাঁদের কাপড় বিক্রি করে জীবিকা নির্বাহ করছে তাদের অত্যন্ত অসুবিধা হবে। তাই স্যার, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি যেন এই অফিস সেখান থেকে স্থানান্তরিত করার সিদ্ধান্ত স্থগিত রাখা হয়। এবং এই সমস্ত লোকের সুবিধার জন্য সেখানেই যেন অফিসটাকে রাখা হয়। এই আবেদন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅতী নুরুন্নেসা সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্র পূর্বস্থলী, এই কেন্দ্র থেকে নির্বাচিত হবার পর শান্তিশৃঙ্খলা বিরাজ করছিল। কিন্তু গত কয়েক মাস ধরে আমার এই কেন্দ্রে কতকগুলি চুরি-ডাকাতির ও নৃশংস হত্যাকাণ্ড পর পর ঘটে গেছে। এই সমস্ত হত্যা-কাণ্ডের বিবরণ যথাসময়ে বর্ধমানের এস পি, ডি এম এবং স্থানীয় থানা অফিসারকে দেওয়া হয়েছে এবং বিভাগীয় পুলিসমন্ত্রীকেও দেওয়া হয়েছে। কিন্তু আজ পর্যন্ত এর কোন প্রতিকার হয় নি। এই সমস্ত চোর-ডাকাত গুণ্ডা-বদমায়েসরা নির্বিকারে প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে; অথচ তাদের ধরা হচ্ছে না। আমি শুনেছি, গত কিছুদিন আগে একজন কুখ্যাত গুণ্ডা—যাকে পুলিস বহুদিন ধরে খুঁজে পায় নাই -তাকে জনসাধারণে ধরে পুলিসের হাতে সমর্পণ করে, সেই গুণ্ডাকে এখন নাকি জামিনে ছেড়ে দেওয়া হয়েছে, মুক্তি দেওয়া হয়েছে। এইসব নটোরিয়াস গুণ্ডারা অবাধে প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে ও আমার শান্তিশৃঙ্খলা বিঘ্নিত করছে। অযথা আমাদের ছেলেদের মারধর করছে, অত্যাচার করছে। আমাদের কংগ্রেসের ছেলেরা মিটিং করতে পারছে না, অতর্কিতে ঝাঁপিয়ে পড়ে আমাদের ছেলেদের মারধর করে আহত করছে। আলমগীর সাত্তারকেও এদের শিকার হতে হয়েছিল। এই কারণে আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীকে জানাচ্ছি যেন এইসব গুণ্ডা বদমায়েসদের অবিলম্বে ধরা হয় এবং সম্পূর্ণ দলটাকে ধরে বিনা বিচারে মিসায় আটক করা হয়। এই আবেদন আপনার মাধ্যমে রাখছি।

শ্রীগিয়াসুদ্দিন আহমেদ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি মন্ত্রীর এবং সমগ্র মন্ত্রিসভার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সরকার যখন তাঁদের সীমিত আর্থিক সাহায্য নিয়ে কৃষকদের পাশে এসে দাঁড়িয়েছেন এবং নানারূপ কৃষি ঋণ এবং সেচের ব্যবস্থা করে সবুজ বিপ্লব সফল করবার চেষ্টা করছেন, ঠিক সেই সময়ে এক ধরনের দুষ্কৃতকারী ব্যবসায়ীরা জনপ্রিয় সরকারের সবরকম মহতী প্রচেষ্টাকে বানচাল করে দেবার জন্য কোমর বেঁধে লেগেছে। তারা ডিজেলের সঙ্গে কেরোসিন তেল মিশিয়ে কৃষকদের সব প্রচেষ্টা ব্যর্থ করে দিচ্ছে। যে কৃষক জমি বন্ধক দিয়ে সেচের যন্ত্রপাতি কিনেছে, তাদের সে যন্ত্রপাতি নষ্ট হয়ে যাচ্ছে, বিগড়ে যাচ্ছে। মবিলের সঙ্গে কেরোসিন এবং ডিজেলের সঙ্গে কেরোসিন মেশানোর ফলে সেই তেল ব্যবহারে সমস্ত কৃষি যন্ত্রপাতি, সেচের যন্ত্রপাতি অচল হয়ে পড়ছে। ধানের ফ্লাওয়ারিং স্টেজে জলের অভাবে ক্ষতি হচ্ছে। ফুড প্রোডাকসনও ক্ষতিগ্রস্ত হচ্ছে। সরকারের সবুজ বিপ্লব আনার প্রচেষ্টা এইসব দুর্নীতিগ্রস্ত ব্যবসায়ীরা ব্যর্থ করে দিচ্ছে। এই সমস্ত দুষ্কৃতকারী দুর্নীতিপরায়ণ ব্যবসায়ীদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বনের জন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। সেখানে কৃষকদের সেচের ও চাষের যন্ত্রপাতির জন্য যাতে পিওর ডিজেল সাপ্লাই করার ব্যবস্থা সত্বর হয়, তার জন্যও মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি।

[1-40—1-50 p.m.]

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। এখনও পর্যন্ত বাঁকুড়া জেলার একটা বাগানবাড়ি যেখানে আমোদ-প্রমোদ এবং আরও অনেক কিছু ব্যাপার ঘটে, যেটা বাঁকুড়া সদর থেকে ৩০-৩২ মাইল দূরে দক্ষিণ-পশ্চিমে অবস্থিত, প্রায় ১৭-১৮ একর জমির উপর অবস্থিত এবং কংসাবতী জলাধার থেকে তিন মাইল উত্তরে সুন্দর জায়গায় দেউলগাড়া যার নাম যেটা অতুল্য ঘোষের প্রমোদ উদ্যান যেখানে ডায়নামো দিয়ে লাইট জ্বালানো হয় এবং তার জন্য ৩২ মাইল দূরে স্পেশালি টেলিফোন কানেকসান নিয়ে যাওয়া হয়েছে, বাঁকুড়া জেলার কোথাও পীচের রাস্তা হয় নি, কিন্তু সেখানে হয়েছে, আজকে সেই প্রমোদ উদ্যান নষ্ট হচ্ছে। সারা পশ্চিমবাংলায় যেখানে যক্ষ্মারোগীদের স্যানিটোরিয়ামের অভাব, স্যানিটোরিয়ামের অভাবে যেখানে দরিদ্র যক্ষ্মারোগীরা চিকিৎসা পাচ্ছে না, সেখানে এই সুন্দর পরিবেশের জায়গাটা সরকার গ্রহণ করে টি বি স্যানিটোরিয়াম করুন, টি বি স্যানিটোরিয়াম হলে মানুষ উপকৃত হবে। আশা করি এটা সকলেই সমর্থন করবেন এবং সকলের সমর্থন করা উচিত।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। উত্তরবাংলার গ্রামাঞ্চলে তীব্র খাদ্যাভাব দেখা দিয়েছে। এর একমাত্র কারণ আমাদের সদাশয় খাদ্যমন্ত্রী এখনও পর্যন্ত উত্তরবঙ্গের মানুষদের রেশন পেঁছে দেন নি, সেখানে গ্রামের মানুষ এক ছটাকও রেশন পাচ্ছে না। সেখানে বাজারে ধানের দাম বেড়ে গিয়েছে। এক কুইন্ট্যাল ১১২ টাকার উপরে, যেখানে ৫২ টাকা বাঁকুড়ায়। আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। অবিলম্বে উত্তর বাংলার গ্রামের মানুষদের রেশন পেঁছে দিতে হবে। সেখানে সাইক্লোন হয়েছে, শিলাবৃষ্টি হয়েছে, দুঃখ-দারিদ্র্য বেড়েছে। অন্যান্য বছর এখানে নেপাল থেকে চাল আসতো। কিন্তু এখন নেপাল থেকে চাল কেরালাতে চলে যাচ্ছে। এর ফলে খাদ্য সংকট তীব্রভাবে দেখা দিয়েছে। যেখানে জলপাইগুড়ি জেলাতে রেশনে চাল দরকার হচ্ছে দু হাজার মেট্রিক টন এবং গম দু হাজার মেট্রিক টন, সেখানে ৪৫০ মেট্রিক টন চাল এবং ৪৫০ মেট্রিক টন গম দেওয়া হচ্ছে। এতে চলতে পারে না। আর একটা জুন মাসের তৃতীয় সপ্তাহে আউশ ধানের ফসল কৃষকদের ঘরে উঠবে এবং পরে যখন কৃষকদের ঘরে ফসল উঠবে আউসের, তখন না দিলেও চলতে পারে। আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করতে চাই যদি উত্তরবাংলার মানুষরা এইভাবে অনাহারে থাকে, তা হলে ভয়াবহ অবস্থা হবে। এইভাবে মানুষ বাঁচতে পারে না। অবিলম্বে সেখানে রেশনের ব্যবস্থা করতে হবে। আমি ওনাকে কয়েকদিন আগে এক্সপ্রেস টেলিগ্রাম করে পাঠিয়েছিলাম। কিন্তু এই ব্যাপারে এখনও ব্যবস্থা অবলম্বন করা হয় নি। বিধানসভায় আসার আগে সেখানে দেখে এসেছি এবং বলতে পারি অবিলম্বে যদি খাদ্য না পাঠান হয়, তা হলে অবস্থা চরমে উঠবে।

Shri A. H. Besterwitch: Sir, I stand on a point of information. My friend Shri Narayan Bhattacharya wanted the Food Minister to give a reply regarding Jalpaiguri area which is absolutely going dry.

Mr. Speaker: Mr. Besterwitch, attention of the House and also the attention of the Ministers has been drawn by Shri Bhattacharya. I now call Shri Gautam Chakraborty.

শ্রীগৌতম চক্রবর্তী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার ও মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। সেই গুরুত্বপূর্ণ বিষয়টি হচ্ছে যে, আমাদের বর্তমান মন্ত্রিসভা হয়তো ভেঙ্গে যাবে। ব্যাপারটি কেন হবে সেই কথাই আমি বলছি। আপনার হয়তো মনে আছে কিনা জানি না যে, গত কিছুদিন আগে উত্তরবঙ্গে মালদা জেলায় বলা হয়েছিল যা সংবাদপত্রে প্রচারিত হয়েছিল যে খরার কবলে পড়ে যদি কারও স্টারভেসন ডেথ হয়, তা হলে পশ্চিমবাংলার বর্তমান মন্ত্রিসভা পদত্যাগ ঘোষণা করবে। আপনি হয়তো লক্ষ্য করেছেন যে, কিছুদিন ধরে সংবাদপত্রেও বেরিয়েছে যে পশ্চিমবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া, মালদায় প্রচণ্ড খরা হয়েছে এবং আরও কয়েকটি জেলা তার সাথে জড়িত আছে। সেই সমস্ত জেলায় এই সরকারের পক্ষ থেকে পাবলিক রিপ্রেজেন্টেটিভের মাধ্যমে এনকোয়ারী করে দেখা হোক যে, সেখানে কি বিভৎস অবস্থার সৃষ্টি হয়েছে। সেখানে মানুষ কুকুর এক জায়গায় বসে খাচ্ছে। বাঁকুড়া, পুরুলিয়ায় এমন কি ঘাসের বীজ পর্যন্ত পাওয়া যাচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ করছি যে, ঐ মালদা, বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম দিনাজপুর, মুর্শিদাবাদ ইত্যাদি জেলায় যাতে ড্রিঙ্কিং ওয়াটার সাপ্লাই যুদ্ধকালীন অবস্থার পরিকল্পনা হিসাবে স্টেপ নেওয়া যায় তার ব্যবস্থা করুন। ইতিপূর্বে আমাদের একজন মাননীয় সদস্য বললেন যে, উত্তরবঙ্গে ৭৬।৭৮ টাকা ধানের কুইন্টাল এবং ১০০ টাকা গমের কুইন্টাল হয়ে গেছে। তাই আমি অনুরোধ করছি যে, ঐ জায়গায় বিধিবদ্ধ রেশন এলাকায় যাতে রেশনে আরও চাল দেওয়া হয়, আরও গম যাতে দেওয়া হয় তার ব্যবস্থা করার জন্য। সেখানে ক্রাস প্রোগ্রাম ও টি আর স্কীম চালু করার জন্য অনুরোধ করছি। স্যার, আপনি জানেন যে, গত বছর খরা হয়েছে, এবং এ বছরও খরা হতে চলেছে তার উপর গত বছর উত্তরবঙ্গের কয়েকটি জায়গায় আবার বন্যাও হয়েছে। যারা জমির বড় বড় মালিক ছিলেন তারা কিছুকাল যাবত জমির কোনই ফসল পাচ্ছে না। তাই তাদের পেটের জন্য তাদের নিজেদের যে সমস্ত সম্পত্তি আছে, সব কিছু বিক্রি করে

একেবারে নিঃস্ব হতে চলেছে। তাই আমি অনুরোধ করছি যে, ঐ সমস্ত এলাকায় ডিপ টিউব-ওয়েল ও রিভার লিফটিং ইরিগেসন যাতে অবিলম্বে চালু হয় এবং সেখানে যে সমস্ত ৩০।৪০ বিঘা জমির মালিক রয়েছেন অবিলম্বে তাদের এগ্রিকালচারাল লোন যাতে দেওয়া হয় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়ের প্রতি আজকে দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি সেটা এই সভায় আগে আলোচিত হয় নি। আজকে পশ্চিমবঙ্গে প্রচন্ড খরা চলছে যা এই হাউসে অনেকবার বলা হয়েছে এবং সংবাদপত্রেও আমরা দেখেছি। আজকে পশ্চিমবঙ্গে বনভূমির অবস্থার কথা সকলেই জানেন এবং সেখানে যেসব বন্য পশুদের বাঁচবার জন্য যে ওয়াটার সোর্সেস ছিল সেগুলি শুকিয়ে গিয়েছে। ফলে তারা সব দলে দলে বন থেকে মাঠে বেরিয়ে আসছে এবং মারা পড়ছে। তাই আমি বন বিভাগের মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে, সেখানে যে সমস্ত ওয়াটার ওয়ার্ক গার্ড ঐ সমস্ত বন্য পশুকে বাঁচাবার চেষ্টা করছে তারা যাতে এ দিকে লক্ষ্য দেয় তার জন্য তিনি যেন সচেষ্ট হন। উত্তরবঙ্গ, মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়ায় এখন খরা চলছে। সেখানে যেসব বনভূমি আছে সেইখানে যাতে জলের সোর্স সৃষ্টি করে জল সাপ্লাই করা যায় এবং যাতে এই সমস্ত হতভাগা পশুদের বাঁচানো যায় তার ব্যবস্থা করুন। এ বিষয়ে ইন্ডিয়ান বোর্ড ফর প্রিজার্ভেসন অব ওয়াইল্ড লাইফ-এর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এই রিপোর্ট আমি পেয়েছি। আমি এখানে এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করলাম। এবং আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে এই বিষয়ে অনুরোধ জানাচ্ছি।

[1-50--2-00 p.m.]

ডঃ রমেন্দ্রনাথ দত্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্গাপুর কেমিক্যালস লিমিটেডে ৭ জন কর্মচারীর বরখাস্তের ব্যাপার নিয়ে নানা রকম বিভ্রান্তিকর খবর খবরের কাগজে বেরিয়েছে এবং বেরুচ্ছে। গত ফাইন্যান্সিয়াল ইয়ারে পাবলিক অ্যাকাউন্টস কমিটির মেম্বার হিসাবে আমি দুর্গাপুরের সেই ফ্যাক্টরী দেখতে গিয়েছিলাম। সেখানে কেন লোকসান হচ্ছে সেটা কিছুটা অনুসন্ধান করেছিলাম। সেই বিষয়টা স্যার, আমি আপনার মাধ্যমে হাউসকে জানাতে চাই। স্যার, এই কোম্পানীর টোটাল নাম্বার অব ওয়ার্কার্স হচ্ছে ৯৫০ জন, বছরে ওয়ার্কারদের জন্য খরচ হয় ৫০ লক্ষ টাকা অথচ কোম্পানী চালালে পরে এর খরচ হয় ১ কোটি ৭২ লক্ষ টাকা। অর্থাৎ কোম্পানী বন্ধ রেখে দিলে সরকারের এক কোটি ২২ লক্ষ টাকা সেভ হয়—তাজ্জব ব্যাপার। যদি কোম্পানী না চালিয়ে স্টাফদের বসিয়ে বসিয়ে মাহিনা দেওয়া হয়, তা হলে ৫০ লক্ষ টাকা খরচ হয়, আর কোম্পানী চালালে ১ কোটি ৭২ লক্ষ টাকা খরচ হয়। স্যার, সরকারী অর্ডার আছে যে, সেখানকার প্রোডাক্টস ডিরকর্টলি কনজিউমারদের দিতে হবে। সেই অর্ডার ভায়োলেট করে টপ লেভেল অফিসিয়ালস তারা ওয়েস্টার্ন কেমিক্যালস অ্যান্ড অ্যাংলি-প্লাস্টিক এজেন্সি ইন্টারমিডিয়ারী করে মাল বিক্রি করতেন। সেটা তারা করতেন তাদের ব্যক্তিগত স্বার্থে। হয়ত গোপনে কিছু লেনদেন হত। ডিরেকটলি কোন কনজিউমারকে তারা দিতেন না। একটা কনক্রিট এগজাম্পল আপনার কাছে দিচ্ছি। থ্যালিক এনহাইড্রাইড বম্বেতে তৈরি হত, সেটা বন্ধ হয়ে গিয়েছে। এর ভয়ানক ডিমান্ড মার্কেটে। এই থ্যালিক এনহাইড্রাইড-এর মার্কেট রেট হচ্ছে ৬ টাকা। এই অফিসাররা ১১ই ডিসেম্বর ১৯৭২ তারিখে কনট্রাক্ট করলেন ওয়েস্টার্ন কেমিক্যালসের সঙ্গে ৪ টাকা পার কেজি রেটে। স্যার, আপনি শুনলে আশ্চর্য হবেন, এই কনট্রাক্ট হল ১১ই ডিসেম্বর, ১৯৭২ তারিখে অথচ তার দুদিন আগে ৯ই ডিসেম্বর, ১৯৭২ তারিখে নতুন বোর্ড অব ডিরেক্টরস তৈরি হয়েছিল। তাঁদের না জানিয়ে গোপনে চুক্তি করা হল দু বছরের জন্য। এর জন্য সরকারের লস হবে ১৭ লক্ষ টাকা। এইসব অফিসার তাদের স্বার্থেই এটা করেছিলেন। এখন সরকার থেকে ডিরেকটলি এই থ্যালিক এনহাইড্রাইড দেবার ব্যবস্থা হচ্ছে এটা জানতে পেরে ওয়েস্টার্ন কেমিক্যালস উকিলের চিঠি দিয়েছে। আপনি স্যার, শুনলে অবাক হয়ে যাবেন এইসব অফিসাররা তাদের সাহায্য করছে।

Mr. Speaker: Mr. Dutta, there is no scope to give a detailed statement in the House. You can only draw the attention of the House.

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে বিধানসভায় বহু আলোচিত একটি গুরুত্বপূর্ণ বিষয় আর একবার উল্লেখ করে মাননীয় মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, জলদাপাড়া অভয়ারণ্য ও পাশাপাশি এলাকায় ৩৭টি গণ্ডার হত্যা করা হয়েছিল সরকারী হিসাব মত। এই গণ্ডার হত্যার ব্যাপার নিয়ে বিধানসভায় দারুন হৈ-চৈ হয়েছিল। সরকার জলদাপাড়া রিনো পোচিং এনকোয়ারী কমিশন বসিয়েছিলেন। মাননীয় সদস্যরা সরেজমিনে তদন্তে গেলেন, রিপোর্ট তৈরি করলেন, সরকারী দপ্তরে পেশও করলেন, কিন্তু কিসের স্বার্থে এই রিপোর্টটি প্রকাশ করা হল না, তা কিন্তু আমরা জানতে পারলাম না। এই ঘটনা সম্বন্ধে খবরের কাগজে এবং বিভিন্ন পত্রপত্রিকায় লক্ষ্য করেছি যে, কুচবিহার ডিভিশানের ডি এফ ও শ্রীসুভাষ দে এবং তৎকালীন চিফ কনজারভেটার অব ফরেস্ট শ্রীকণক লাহিড়ী এঁরা বিশেষভাবে জড়িত ছিলেন। আমার প্রশ্ন হচ্ছে, মাননীয় স্পীকার মহাশয়, তা হলে কি তাঁদের বাঁচানোর জন্য এই রিপোর্ট প্রকাশ করা হচ্ছে না? মিঃ লাহিড়ী তো ইন্সপেক্টার-জেনারেল অব ফরেস্ট, ইন্ডিয়া হয়ে চলে গেলেন। স্যার, পোচারদের দিয়ে এই গণ্ডারগুলি হত্যা করানো হয়েছিল। এই এক কেজি সিং-এর চূর্ণের দাম প্রায় ৪০।৫০ হাজার টাকা। বিদেশে রপ্তানী করে লক্ষ লক্ষ টাকা আয় করা হয়েছে। এর স্যার, একটা ইন্টারন্যাশনাল চেন আছে। পোচাররা পেয়েছে হয়ত সামান্য ভাগ, কিন্তু অফিসাররা পেয়েছে সিংহ ভাগ। স্যার, আমরা আজকে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে বন্যপ্রাণী সংরক্ষণ সপ্তাহ পালন করছি। চিড়িয়াখানায় গিয়ে বন্যপ্রাণীকে আদর করে কারও নাম দেওয়া হচ্ছে হিমাদ্রী, কারও নাম দেওয়া হচ্ছে নীলাদ্রী কারও বা মুন্না আবার কারও বা নাম দিচ্ছি রোশেনারা। কিন্তু দেখা যাচ্ছে যে, উত্তরবাংলার জলদাপাড়া অভয়ারণ্যে অনেক মূল্যবান বন্যপ্রাণী সেগুলি যে লোপাট হয়ে গেল এবং তার সংগে সংশ্লিষ্ট ছিল যারা এবং সেই ব্যাপারে তদন্ত কমিটির রিপোর্ট কেন আজকে বিধানসভায় পেশ করা হচ্ছে না, কেন সরকারী দপ্তর থেকে লক্ষ্য করা হচ্ছে না? যদি আসাম রাজ্যের দিকে তুলনামূলকভাবে দেখি, তা হলে দেখবো যে, আসামের গভর্নমেন্টের স্ট্রিক্ট মেজার নেবার ফলে আসামের কাজী-ডাঙ্গা অভয়ারণ্যে ১৯৬৬-এর সেনসাস রিপোর্টে গণ্ডারের যে সংখ্যা ছিল ১৯৭২-এর রিপোর্টে সেই সংখ্যা প্রায় দ্বিগুণ হয়েছে। হোয়ার অ্যাজ আমাদের ওয়েস্ট বেংগলে যেখানে ৭০টি ছিল সেখানে ১০, ১৫টি গণ্ডারে এসে দাঁড়িয়েছে। তাই আপনার মত স্যার, আর কার ভাগ্যে জুটেছে এখানে গিয়ে দেখে আসবার, হয়ত একটিও গণ্ডার নজরে পড়ে না। আর কাজীডাঙ্গা এরিয়া ১৬৬ স্কোয়ার মাইলস আর জলদাপাড়া হচ্ছে ৩৬ স্কোয়ার মাইল। কি করে আসাম সরকার ১৬৬ স্কোয়ার মাইল ঠেকাচ্ছেন অথচ আমাদের পশ্চিমবঙ্গ সরকার এই ৩৬ স্কোয়ার ঠেকাতে পারছে না। এটাতে কি রহস্য আছে সেটা আমি বুঝতে পারি না। তাই মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একথা বলতে চাই যে, এই এনকোয়ারী কমিটির রিপোর্ট অবিলম্বে যাতে বিধানসভার সদস্যদের সামনে উপস্থাপিত করা হয় সে জন্য দাবি জানাচ্ছি এবং জনস্বার্থের দিকে তাকিয়ে এটা জানান হোক। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকার্ত্তিকচন্দ্র বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে কমিউনিটি ডেভলপ-মেন্টের একটা নিদারুণ অ্যাডমিনিস্ট্রেটিভ ডিপার্টমেন্টের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২১এ এপ্রিল, ১৯৭৩ তারিখে বেলা ১২টার সময় আমি তেহট্ট নং ২ ব্লকে গিয়েছিলাম। সেখানে কে কে অনুপস্থিত ছিল তার লিস্ট আপনার কাছে দিচ্ছি।

B.D.O.—leave up to 22-4-1973; Santosh Chakravarty—leave up to 18-5-1973; Bani Chakravarty—leave up to 18-5-1973; Baidyanath Rakshit—leave up to 24-4-1973; Subhas Majumdar—absent without notice on 21-4-1973; Protiva Majumdar—absent on 21-4-1973; Mihir Das—leave up to 22-4-1973; Subrata Ghosh—leave up to 21-4-1973; Santi Chatterjee—absent on 21-4-1973; Asit Chowdhury—absent from 18-4-1973; Asit Kumar Biswas—absent from 17-4-1973; Siba Prasad Singha—absent on 21-4-1973; Sakti Rudra—absent on 21-4-1973.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা খুব গুরুতর অভিযোগ বলে আমি মনে করি। কারণ ২৩ জন অফিসারের মধ্যে ১৪ জন অ্যাবসেন্ট এবং তা ছাড়া ভ্যাটেরিনারী ডিপার্টমেন্টের একজন ডাক্তার

আছেন তিনি আসেন না। ফিসারী ডিপার্টমেন্টে তিন দিন আসেন। ইন্ডাস্ট্রিয়াল ডিপার্টমেন্টের একজনকে জিজ্ঞাসা করেছিলাম, তিনি বললেন আমাকে ৭টি ব্লকের দায়িত্ব দিয়েছে, আমি কি করে দেখি। এইরকম অবস্থা সেখানে দাঁড়িয়েছে। কাজেই আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে এর একটা বিহিত ব্যবস্থা যাতে হয় সে জন্য অনুরোধ করছি।

শ্রীগোবিন্দ চ্যাটার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে পশ্চিমবাংলায় ডিস্টিলারী শিল্প ধ্বংসের মুখে এসে দাঁড়িয়েছে। আপনারা সকলে জানেন যে, পশ্চিমবাংলায় ৪টি ডিস্টিলারীর কারখানা আছে। এই ডিস্টিলারী শিল্প থেকে বছরে ১৩ কোটি টাকার মত পশ্চিমবঙ্গের রাজস্ব আদায় হয় এবং বহু লোক এখানে চাকুরি করে। এই ডিস্টিলারী শিল্পের প্রয়োজনীয় কাঁচামাল মোলাসেস বা ঝোলা গুড়ের অভাবে এই কারখানা বন্ধ হতে চলেছে। এর ফলে বহু শ্রমিক বেকার হতে চলেছে। প্রসঙ্গক্রমে উল্লেখ করতে চাই যে, এই ঝোলাগুড় প্রধানত বিহার থেকে আমদানী করা হয় এবং প্রয়োজনীয় প্রায় ৫০ পার্সেন্ট আমদানি করা হয়। কিন্তু কি অজ্ঞাত কারণে পশ্চিমবাংলায় ঝোলাগুড় আমদানী বন্ধ করে দিলেন জানি না। এর ফলে এইরকম অবস্থা হয়েছে। জানি না মন্ত্রিমহাশয় জানেন কিনা এই যে বাজাজ ইন্টারন্যাশানাল প্রতিষ্ঠানে, যেটা পশ্চিমবাংলার একচেটিয়া প্রতিষ্ঠান তাদের স্পিরিট আমদানি করবার জন্য এবং পশ্চিমবাংলায় স্টোর করবার জন্য অনুমতি দিয়েছেন যার ফলে আজকে পশ্চিমবাংলায় চিনি শিল্প ও ডিস্টিলারী শিল্প ক্ষতিগ্রস্ত হতে চলেছে। পশ্চিমবাংলার একটা চিনিকল আছে পলাশীতে এবং সেখান থেকে যে ঝোলাগুড় আসে সেটা অত্যন্ত সামান্য পরিমাণ। আজকে প্রয়োজন এসেছে যে রাজ্যসরকার বিষয়টা কেন্দ্রের দৃষ্টি আকর্ষণ করবেন এবং সর্বভারতীয় ক্ষেত্রে যাতে চিনিকল জাতীয়করণ করা হয় এবং ডিস্টিলারী শিল্প যাতে সরবরাহ পান সেটা সুনিশ্চিত করা এবং তার সঙ্গে সঙ্গে বাইরে যে মোলাসেস আমদানি হচ্ছে এটাকে সাময়িকভাবে বন্ধ করার প্রয়োজন দেখা দিয়েছে এবং পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষে এই যে বৃহৎ পুঁজির অনুপ্রবেশ আজকে ঘটছে এই মোলাসেস শিল্পে এবং চিনি শিল্পে সেটা অবিলম্বে বন্ধ করার প্রয়োজন দেখা দিয়েছে। এই বিষয়ে আমি আপনার মারফত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-00—2-10 p.m.]

শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বীরভূম জেলার বোলপুর কেন্দ্রে পুলিসের অত্যাচার সম্পর্কে দু-চারটি কথা বলতে চাই। গত একমাস যাবৎ বোলপুর কেন্দ্রে পুলিস নিম্নশ্রেণীর আদিবাসী এবং গরিব মানুষদের উপর অত্যাচারের পরিমাণ অত্যন্ত বাড়িয়ে দিয়েছে। কেন জানি না, এর আগে পর্যন্ত কিছুদিন তারা স্থির ছিল, পুলিস অতটা অত্যাচার করে নি। আমার কাছে গত এক মাসে অন্তত ১৭টি অভিযোগ এসেছে, যেগুলো অত্যন্ত গরিব মানুষ বা নিম্ন আদিবাসী বা মুসলমান, এই জাতীয় দরিদ্র শ্রেণী, তাদের উপরই বিশেষ ক'রে অত্যাচারটা অত্যন্ত বেড়ে গেছে। যেমন উত্তর শেহালায় মাঝিপাড়ায় মিতন টুডু, পুলিস তাকে ধরে নিয়ে গিয়ে প্রচণ্ড ভাবে মারে, আমি এটা মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি। সুরুল এলাকায় দুজন রিক্সাচালক, মুসলিম মিয়া এবং আমজাদ শেখকে শান্তিনিকেতন নামে একটা পানের দোকানে কিছু অসামাজিক লোক মারে। তারপর পুলিস ক্যাম্পে নিয়ে গিয়ে পুলিসের লোকেরা- সেই পুলিসের নাম আছে জগদীশ সিং এবং নন্দ ঘোষ, তারা গরম লোহার শিক দিয়ে তাদের সমস্ত গায়ে দাগ কেটে দেয়, তাদের বিরুদ্ধে কোন অভিযোগ নেই। কোন রকম সাক্ষ্য প্রমাণ নেই গরম লোহার শিক দিয়ে তাদের গায়ে দাগ কেটে দেওয়া হয়। আর একটা অভিযোগ হচ্ছে আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন, ট্যুরিস্ট লজে একজন বুড়ী কাজ করে, সে একজন সরকারী কর্মচারী। সে সি আই-এর গাড়িতে চাপা পড়ে। তখন সেই ট্যুরিস্ট লজের ঠাকুর তাকে নিয়ে হাসপাতালে যায়। ঠাকুর কেন তাঁকে হাসপাতালে নিয়ে গেল, সেই ঠাকুরকে ধরে নিয়ে গিয়ে প্রচণ্ডভাবে মারা হয় এবং মামলা দায়ের করা হয় তার বিরুদ্ধে। আমার গাড়ি চাপা দেবে, তাতে তোমার কি? সে বুড়ীকে হাসপাতালে নিয়ে যাবে কেন এই হচ্ছে

সেখানকার অবস্থা। এই অবস্থার কথা আইনসভায় অনেকবার বলেছি, এবং মন্ত্রিমহাশয়েরও বোলপুরের পুলিস সম্পর্কে অভিজ্ঞতা আছে, আমি অনুরোধ করবো, এই অভিযোগগুলো নিয়ে তিনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রীরজনীকান্ত দলুই: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে যেভাবে বেকার সমস্যা দিনের পর দিন ভয়াবহ আকার ধারণ করছে এবং শিক্ষিত যুবকদের মধ্যে যেভাবে হতাশা আবার দৃঢ়ভাবে দানা বেঁধে উঠছে এবং নকশাল আন্দোলন আবার যেভাবে দিকে দিকে দেখা দিচ্ছে, সেখানে আমাদের জনপ্রিয় সরকার, প্রগতিশীল সরকার যদি অবিলম্বে কোনরকম পজিটিভ স্টেপ না নেন, তা হলে আমাদের এই যে বেকার সমস্যা এটা ভয়াবহ আকার ধারন করবে এবং সংগে সংগে ল অ্যান্ড অর্ডার বিপর্যস্ত হয়ে পড়বে এই আশংকা করছি। আমি এই ব্যাপারে সমস্ত মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। ওভারটাইম বন্ধ করার জন্য মাননীয় সদস্য গতকাল এই হাউসে আবেদন রেখেছিলেন, পজিটিভ স্টেপ সম্বন্ধে বলতে গিয়ে আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো এবং বলবো যে সমস্ত সরকারী কর্মচারী আছেন পশ্চিমবাংলায় তার সংখ্যা প্রায় দু লক্ষ ৫০ হাজার হবে। তাদের অবসরগ্রহণের বয়সসীমা যদি ৫২ বছর ধরে দেওয়া হয়, তা হলে আমি হিসাব করে দেখেছি অবিলম্বে আমরা এই শিক্ষিত বেকার ২৫ হাজার যুবককে নতুনভাবে কর্মে নিয়োগ করতে পারবো। কিন্তু আমরা দুঃখের সংগে লক্ষ্য করছি বিভিন্ন ক্ষেত্রে ৫৮ বছরের পরেও পর পর এক্সটেনশন দেওয়া হচ্ছে। ডি সি মুখার্জী, চেয়ারম্যান অব দি নর্থবেঙ্গল ফ্লাড কমিশন, তাঁর বয়স ৬২ বছর হওয়ার পরেও তাঁকে দু বছরের জন্য এক্সটেনশন দেওয়া হয়েছে। এ বি মুখার্জী, ডেপুটি সেক্রেটারী ইরিগেশন, ৫৮ বছরের পরেও তাকে দু বছর এক্সটেনশন দেওয়া হয়েছে। অতএব আমি আবেদন করবো মন্ত্রিমহাশয়ের কাছে, অবিলম্বে এই এক্সটেনশন বন্ধ করে দেওয়া হোক এবং অবসরগ্রহণের বয়স সীমা ৫৫ বছর করে দেওয়া হোক। এটা যদি করা হয় এবং এফিসিয়েন্সির কথা যে সমস্ত তোলা হয়েছে, যে এফিসিয়েন্ট হলে এক্সটেনশন দেওয়া হবে, এটা যদি হয়, তা হলে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে যে রিক্রুটমেন্টের ব্যবস্থা করা হয়েছে সেটা না রাখাই ভাল। আমি আবেদন করবো যেন অবিলম্বে অবসরগ্রহণের বয়স ৫৫ বছর করা হয় এবং এক্সটেনশন বন্ধ করে দেওয়া হয়।

শ্রীশেখ দৌলত আলী: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। ডায়মন্ডহারবার মহকুমায় একটি মহকুমা হাসপাতাল আছে, আমরা সরকারের বাজেট বিবৃতি থেকে আরম্ভ করে স্বাস্থ্যমন্ত্রীর ভাষণে দেখতে পাই এবং আপনাকে শোনাতে চাই যে, সেখানে ৬৮টি শয্যা অনুমোদিত হয়েছে, কিন্তু চলছে ৩৮টি। ৩৮টি শয্যা চালু আছে ৬৮টি শয্যার মধ্যে, অথচ প্রচুর রোগী সেখানে আসে এবং এইটি ডায়মন্ডহারবার মহকুমার হুগলী নদীর পাড়ে যেহেতু, সেহেতু মেদিনীপুর জেলা থেকেও বহু রোগী এই হাসপাতালে আসে এবং এই সম্বন্ধে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জানিয়েছি। এখানে এখনো কেন অনুমোদিত ৬৮টি শয্যার মধ্যে ৩৮টি চলবে, যাতে তাড়াতাড়ি ব্যবস্থা করা যায় তার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের আবার আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। আরো দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, এই হাসপাতালে এখনো ও টি নার্স নেই, সার্জেন গিয়েছেন একজন কিন্ত অ্যাপারেটার্স না থাকায়, তিনি রোগী গেলে পর পাশে একটা নার্সিং হোম আছে সেখানে পাঠিয়ে দেন। এইরকম সেখানে দুরবস্থা চলছে। সেখানে জল সরবরাহ ব্যবস্থা সম্বন্ধে মাননীয় মন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন কিন্ত আজ এক বছর হয়ে যাবার পরও সেখানে কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি। আমি তাই দুঃখের সংগে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এই বক্তব্য রাখছি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে যে প্রশ্নটা এখানে রাখছি সেটা সম্বন্ধে আমার ধারণা যে, সারা পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে আজকে এইরকম অবস্থা চলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একটা বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত প্রতিনিধি এবং এইরকম ভাবে ২৮০টি কেন্দ্র থেকে বিধানসভায় প্রতিনিধি হয়ে আমরা সকলে এসেছি। গ্রামবাংলায় আজকে

যে রেশন ব্যবস্থা আছে, সেটা হচ্ছে আংশিক রেশনের মাধ্যমে গ্রামের লোকেদের গম এবং চাল সরবরাহ করার কথা। কিন্তু সেখানে দেখা যাচ্ছে গম সরবরাহ ব্যবস্থা বিগত ১০/১৫ দিন ধরে একেবারে নিল হয়ে গিয়েছে, একদম ড্রাই হয়ে গিয়েছে, এই অবস্থার কথা আপনিও জানেন। আপনি বোধ হয় কয়েকদিন আগে একটি টেলিগ্রাম পেয়েছিলেন এবং সেই টেলিগ্রাম বিভাগীয় দপ্তরে পাঠিয়ে দিয়েছেন কার্যকর ব্যবস্থার জন্য। আমি আমাদের মুর্শিদাবাদ জেলার খবর আজকে সকালে পেলাম যারা সেখান থেকে এসেছেন তাদের কাছ থেকে। খবর নিয়ে জেনেছি আমাদের গ্রামবাংলার সাধারণ মানুষ, মেহনতী মানুষ রেশনে এক ছটাক গমও পর্যন্ত পাচ্ছে না। খবরের কাগজে দেখলাম কেন্দ্রীয় সরকার আমাদের রাজ্যের চাহিদা মেটাবার জন্য গম এবং চাল দেবেন। ৬০ হাজার মেট্রিক টন আমাদের চালের প্রয়োজন এবং ১২৫ হাজার মেট্রিক টন গমের প্রয়োজন। খাদ্যমন্ত্রী এখানে ছিলেন, কিছুক্ষণ আগে চলে গেলেন, যদি তাঁর চেম্বারে থাকেন, তা হলে আশা করি আমার বক্তব্য শুনে আমাদের কাছে এই সম্বন্ধে কিছু বলবেন। তার কাছে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই যে, আমাদের গৌতম চক্রবর্তী মহাশয়, কোন এক সভায় এই মন্ত্রীর উক্তি উল্লেখ করে বলেছিলেন যে, হয়ত মন্ত্রিসভা ভেঙে যাবে। আমি সেই কথা বলতে চাই না, আমি বলছি যে, মানুষ হাসিমুখে মৃত্যুমুখে পতিত হয়েও ৪ বছর সুযোগ দিয়ে যাবে। কিন্তু সরকারের পক্ষে সেই মানুষের ৭০ ভাগ যারা গ্রামে বাস করেন, যাদের মুখ-গুলি আজকে বিবর্ণ হয়ে গিয়েছে, রক্ত শূন্য হয়ে গিয়েছে, গায়ে বস্ত্র নেই, পরনে কাপড় নেই, তাদের দুটো খেতে দিতে পারছেন না। সেখানে মানুষ খাটলে ন্যূনতম মজুরী পর্যন্ত পায় না। তাদের টেস্ট রিলিফের কাজের জন্য কোন অ্যাসিওরেন্স দেওয়া হচ্ছে না। খাদ্য সরবরাহ হবে কিনা সেটাও জানা যাচ্ছে না, চালের দাম ১ টাকা ৯০ থেকে ৯৫ এমন কি ২ টাকা পর্যন্ত উঠেছে।

[2-10—2-20 p.m.]

আমার জেলা সম্বন্ধে আমি গত সপ্তাহে যা খবর নিয়েছি তাতে আপনার কেন্দ্রেও একই অবস্থা আছে। এইরকম অস্বাভাবিক অবস্থা চলতে পারে না। তাই আপনার মাধ্যমে খাদ্য-মন্ত্রীকে অনুরোধ করব যে, তিনি আজ বিধানসভায় দাঁড়িয়ে বলুন কেন্দ্রীয় সরকার কি অ্যাসি-ওরেন্স দিয়েছেন? গমের যা প্রয়োজন ছিল তা তাঁরা দিতে চেয়েছেন কিনা? চালের চাহিদা কেন্দ্রীয় সরকার পূরণ করতে রাজী আছেন কিনা? এর আগে বিধানসভায় বলার পর আশা করেছিলাম এই সমস্যার সমাধান হবে। চারিদিক থেকে আমাদের কাছে টেলিগ্রাম আসছে এই অবস্থায় আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে দাবি করছি যে, একথা আপনারা পরিষ্কার বলুন যে, এই কদিনের মধ্যেই রেশন ব্যবস্থা সম্প্রসারিত হবে এবং গ্রামের মানুষ গম-চাল পাবে। সেখানে ২ টাকা কেজি চাল। এখনি যদি রেশনে গম দেবার ব্যবস্থা না করতে পারি তা হলে গ্রামের মানুষকে বাঁচান শক্ত হবে। তাই বিধানসভা থেকে আমি স্টেট-এর সরকারের কাছে যেমন দাবি করছি তেমনি সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকারের কাছে বিধানসভার মাধ্যমে দাবি করছি আজ এখানে একটা অগ্নিগর্ভ অবস্থা দেখা দিয়েছে এবং আবার তা হলে রাজনৈতিক বিশৃঙ্খল দেখা দেবে। তাই মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করব এই বিধানসভায় দাঁড়িয়ে এই ফুড পজিসান সম্বন্ধে তিনি কিছু বলুন। আজ আমরা উদ্বিগ্ন, মর্মাহত এবং দুঃখিত। আজ গ্রামের মানুষের মুখের দিকে তাকান যায় না, তাদের দিকে দেখলে লজ্জা লাগে। আমরা এই শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে বসে আলোচনা করছি, কিন্তু আমাদের নজর আছে গ্রামের দিকে। যে মানুষ আমাদের, খাদ্যমন্ত্রীকে নির্বাচিত করেছেন তাদের ন্যূনতম চাহিদা পূরণের জন্য তিনি কি করেছেন সে বিষয়ে একটা স্টেটমেন্ট দিন। খাদ্যমন্ত্রী আসছেন তাঁকে একটা স্টেটমেন্ট দেবার জন্য অনুরোধ করছি যাতে আমরা প্রকৃত অবস্থা জানতে পারি, কারণ আজ গ্রামের অবস্থা সঙ্গীন।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এইমাত্র ঘর থেকে চলে গিয়েছিলাম। কারণ গতকাল কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীর সঙ্গে যেসব আলোচনা হয়েছিল সেসব বিষয়ে জরুরী টেলিফোনে যোগাযোগ করে ফলো-আপ মেজার্স কি নিয়েছেন তা জানার জন্য। কিন্তু আমি দুঃখের সঙ্গে বলছি শ্রীবিশ্বাস এত উত্তেজিত হয়েছেন কেন তা বুঝতে পারছি না। আজ

পশ্চিমবঙ্গের পরিস্থিতি বুঝতে হবে। আপনারা এ দায়িত্ব নিন। আমরাই ক থেকে ঙ শ্রেণী পর্যন্ত রেশন দিয়েছি। আপনারা বলছেন সরকার কিছু করেন নি? আমি জানতে চাই পশ্চিমবাংলার ইতিহাসে কোনদিন কেউ এত রেশন দিয়েছেন? এই সরকার দিয়েছে। ১৯৭২ সাল পর্যন্ত আমরা এটা চালিয়েছি। কেন্দ্রীয় সরকার সারা ভারতবর্ষে সঙ্কট দেখে চালের বরাদ্দ ৬৫ হাজার টন থেকে কমিয়ে ৪০ হাজার টন করেছেন। তাঁরা গম ১ লক্ষ ২০ হাজার টন, ২৫ হাজার টন, ৩০ হাজার টন পর্যন্ত দিয়েছেন, সেটা কমিয়ে নামিয়েছেন ৮০ হাজার টনে। ৪০ হাজার টন চাল বলে তাঁরা যখন পাঠাচ্ছেন তখন কাগজে-কলমে পাচ্ছি ৪০ হাজার টন, কিন্তু আসলে পাচ্ছি ৩২ হাজার টন মাসে, এ মাসে পেয়েছি ৭ হাজার ৭ শো টন। খাদ্যমন্ত্রী হিসাবে আমি এটুকু বলতে পারি, আমি গোপন কিছু করি নি। আমি প্রতি ৪ দিন, ৭ দিন অন্তর আমার বক্তব্য রেখেছি এবং আমি কৃতজ্ঞতার সঙ্গে স্বীকার করছি যে, পশ্চিমবাংলার সাংবাদিকরা সরকারের সঙ্গে সহযোগিতা করছেন, উত্তেজনা যাতে না হয় সেদিকে দৃষ্টি রেখেছেন এবং জনসাধারণ এবং সরকারের বক্তব্য তাঁরা তুলে ধরেছেন। কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী যিনি এসেছিলেন তাঁকে আমি খুব বিনয়ের সঙ্গে, দৃঢ়তার সঙ্গে বলেছি যে, পশ্চিমবঙ্গের এই ভয়াবহ অবস্থা সম্বন্ধে বহুবার এস ও এস পাঠিয়েছি, কিন্তু কোন প্রতিকার আমরা কেন্দ্র থেকে পাচ্ছি না। ১৯৭২ সালের ডিসেম্বর মাসের ১৫-১৬ তারিখে কেন্দ্রে খাদ্যমন্ত্রীদের যে সম্মেলন হয়েছিল সেখানে আমাকে আশ্বাস দেওয়া হয়েছিল যে, এবারে পরিস্থিতি খুব সংকটজনক ঠিকই, কিন্তু ইম্পোর্টেড হুইট যখন বাইরে থেকে আসবে তখন পশ্চিমবাংলার গমের চাহিদা আমরা নিশ্চয়ই মেটাব। কিন্তু এই আশ্বাস দেওয়া সত্ত্বেও দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, কেন্দ্রের নানাবিধ অসুবিধা হয়ত আছে, মহারাষ্ট্র, অন্যান্য রাজ্যের অবস্থা তাঁদের জানা আছে, এজন্য এই প্রতিশ্রুতি দিয়েও তাঁরা আমাদের গমের বরাদ্দ বাড়ান নি। কিন্তু আমি তাঁদের জানিয়েছি যে, পশ্চিমবঙ্গে রেশনিং ব্যবস্থা অন দি ভার্জ অব কোলাপস, যদি কেন্দ্র এখনই ইফ সেন্টার ডাজ নট রাস হুইট অ্যান্ড রাইস ইন অ্যাডিকোয়েট কোয়ানটিটি—একথা আমি বলেছি, কিন্তু সংবাদপত্রের প্রতিনিধিদের বলেছি যে, আপনারা দয়া করে এই কথাটা লিখবেন না, তাঁরা সেটা লিখেন নি। কিন্তু আমি বলেছি যে, পরিস্থিতিটা বর্তমানে অসুবিধাজনক হয়েছে। আজো সকাল বেলায় ১০টার সময় রাইটার্স বিল্ডিংসে এসে ৫।৬টি জেলা ম্যাজিস্ট্রেটের সঙ্গে যোগাযোগ করেছি। পুরুলিয়া জেলা থেকে গত ১২ তারিখে ফিরেছি, সেখানে আমি আশ্বাস দিয়েছিলাম যত অসুবিধা থাক পুরুলিয়ার দুর্গত মানুষদের জন্য রেশনের ব্যবস্থা করবই। সেখানে ১ শো টন চাল আগে মাসে যাচ্ছিল, এবারে খরা পরিস্থিতিতে বরাদ্দ কমিয়ে দিতে হয়েছে। আমি তাঁদের আশ্বাস দিয়েছিলাম, যেখানে প্রতি মাসে ১শো টন চালের বরাদ্দ ছিল সেখানে আড়াই শো টন চাল, ১ হাজার টন লেভি ফ্রি চাল এ মাসের জন্য, এছাড়া যেখানে ৪ শো টন গমের বরাদ্দ ছিল সেখানে ৭শো টন গমের বরাদ্দ করা হয়েছে। পুরুলিয়া, ঝাড়গ্রাম এবং সুন্দরবনের জন্য ভরতুকি দিয়ে ৬২ পয়সা কেজি মেজ পাওয়া যাবে। প্রতি ব্যক্তিকে ৩ কেজি করে মেজ বা ভুট্টা দেওয়া যাবে তার ব্যবস্থা করা হয়েছে, এইসমস্ত করে আমি রেডিওগ্রাম মেসেজ সেখানকার জনপ্রতিনিধিদের পাঠিয়ে দিয়েছি। কিন্তু আজকে সকাল বেলায় আনন্দবাজার কাগজে দেখলাম পুরুলিয়ায় কোন রেশন ব্যবস্থা নেই। আমি নিজে খুব উদ্বেগ বোধ করলাম, সকাল বেলায় এসে ডি সি পুরুলিয়া, তাঁকে টেলিফোন করে বললাম যে, এই খবর আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে। তার উত্তরে বললেন যে, আমরা স্টক পেয়ে গেছি এবং রেশন পাচ্ছে। পুরুলিয়ার মাননীয় সদস্যরা বলতে পারেন রেশন পাচ্ছে কিনা। আমি চালের বরাদ্দ করেছি, কিন্তু চাল গ্রামে গ্রামে পৌঁছে দেওয়া, বিলি করার দায়িত্ব কি কোন খাদ্যমন্ত্রীর পক্ষে সম্ভব। আমরা দায়িত্ব নিয়ে যেটুকু করেছি পুরুলিয়ার মাননীয় সদস্যরা বলতে পারেন চালের ব্যবস্থা করা হয়েছে কিনা। কিন্তু আমি বিনয়ের সঙ্গে, দুঃখের সঙ্গে বলছি যে, যদি দিনের পর দিন আপনারা এইভাবে বক্তৃতা করেন তা হলে সিচুয়েসান উইল কমপ্লিটলি গো আউট অব কন্ট্রোল, কোন গভর্নমেন্টের সাধ্য নেই এই সমস্যার মোকাবেলা করার। আজকে পরিষ্কার করে বুঝতে হবে জিনিষটা। আমি কেন্দ্রের কাছে বলেছিলাম ভারতবর্ষকে বাঁচাতে গেলে, সংকট কাটিয়ে উঠতে গেলে অন্ততপক্ষে আড়াই মিলিয়ান টন গম ইম্পোর্ট করতে হবে, দুই থেকে আড়াই মিলিয়ান টন চাল ইম্পোর্ট করতে হবে। আমি কেন্দ্রকে নভেম্বর-ডিসেম্বর মাসে বলেছিলাম যে, সংকট সামনের বছর দেখা দেবে,

চালের বাফার স্টক তৈরি করা হোক। তাঁরা কথা দিয়েছিলেন যে, বাফার স্টক করবেন। আজকে আমি কনফিডেন্স নিয়ে বলছি যে, কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীকে কালকে জিজ্ঞাসা করেছি চালের এই সঙ্কট, আপনারা কি চাল ইম্পোর্ট করছেন? তাঁরা বললেন, ইন্টারন্যাশনাল মার্কেটে চাল অ্যাভেলেবল নয়। আমি বলেছিলাম, আপনারা কি চেষ্টা করেছেন, তাঁরা বললেন, চেষ্টা করেছি। চায়না এবং রাশিয়ার কম্পিটেটিভ বাইং-এর ফলে ইন্টারন্যাশনাল মার্কেটে ৯০ ডলারে ১শো টন গম তারা কিনতে পারছে, ভারতবর্ষের ক্ষেত্রে সেই আমেরিকা, সেই আর্জেন্টিনা, সেই কানাডা ভারতবর্ষের অসহায় অবস্থার সুযোগ নিয়ে ভারতবর্ষের ঘাড়ে চাপ দিয়ে ১১২ ডলার আদায় করে নিচ্ছে, সেখানকার ব্যবসাদাররা, সেইসব রাষ্ট্ররা। সেজন্য তাঁরা বললেন যে, ইন্টারন্যাশনাল মার্কেটে রাইস ইজ নট অ্যাভেলেবল, আমরা চেষ্টা করে পাই নি। তখন আমি বলেছি, কেন্দ্রীয় ভাণ্ডার থেকে কমপক্ষে ৬০ হাজার টন চাল এবং ১ লক্ষ ৩০ হাজার টন গম প্রতি মাসে আমার দরকার। আমি বলেছি মহারাষ্ট্রে আপনি সাপ্লাই পাঠাচ্ছেন, বেশ করেছেন, মহারাষ্ট্রের মানুষ দুর্গত, তাদের খাবার পাঠাতে হবে, কিন্তু এইরকম একটা ইমপ্রেসান হতে দেওয়া ঠিক নয় যে, যেখানে লাঠি, গুলি চলবে সঙ্গে সঙ্গে গভর্নমেন্টের এই ইমপ্রেসান যেন না হয় প্রেসার অ্যালোন পেজ। আমি বলেছি পশ্চিমবঙ্গ একটা ঘাটতি রাজ্য, আমাদের ভয়ানক সঙ্কট, আমাদের ব্যবস্থা করতে হবে। আমি আপনাদের বলছি, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অর্থ কমিশনের সামনে অত্যন্ত জোরালভাবে আমাদের অতিরিক্ত টাকা দেওয়ার কথা বলেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের নির্দেশে অর্থ কমিশনের কাছে আমার বক্তব্য তিনি আমাকে রাখতে বললেন গত ১০ তারিখে এবং অর্থ কমিশনের কাছে আমি পরিষ্কার করে বলেছিলাম, তারা যখন বললেন যে, খাদ্য বিভাগে আগামী ৫ বছরে শুনেছি আমরা ১৮ কোটি টাকা ঘাটতি হবে, তখন আমরা বলেছিলাম যে, হ্যাঁ, ঘাটতি হবে, চালে আমাদের ভরতুকি দিতে হবে, চালের দাম আমরা বাড়াতে পারব না, আমাদের নীতি নয়। আমরা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করব যাতে আমাদের সাহায্য করেন এবং আমরা বলেছিলাম, আমরা যে ৩ শো কোটি টাকা এখান থেকে ফরেন এক্সচেঞ্জ আর্ন করতে সুযোগ করে দিচ্ছি সেই টাকা থেকে কেন আমাদের ঘাটতি রাজ্য বাড়তি সুযোগ অন্য রাজ্য থেকে পাবে না? আমরা যদি ১২

[2-20—2-30 p.m.]

লক্ষ একর জমিতে গম, চাল, সর্ষে, ডাল ইত্যাদি তৈরি করি, তা হলে আমাদের চাষীরা পয়সা পায় এবং এই রাজ্য স্বয়ংসম্পূর্ণ হতে পারে। তিনি সেই আর্গুমেন্ট শুনেছেন, নোট নিয়েছেন এবং এন সি সি রায় এনকোয়ারী কমিশনের রিপোর্টেও সেই মন্তব্য ছিল যেটা আমি শুনিয়েছি। আমি বলেছি, আমাদের রজ্যের পরিস্থিতি গভীরভাবে বিবেচনা করুন। তবে আমি দায়িত্ব নিয়েই বলছি আতঙ্কের কোন কারণ নেই। আমি জানি না, গৌতমবাবু কেন বললেন এই সরকারের পতন ঘটবে। আমি জানি না, কে বলেছেন অনাহারে লোক মরলে পদত্যাগ করবেন? সরকার এই সংকট মোকাবিলা করবার জন্য চেষ্টা করছেন। আমাদের এই যে ২২ থেকে ২৪ হাজার টন ফরেন ইম্পোর্টেড হুইট এসেছে তাতে আর্গট বলে একরকম ফাঙ্গাস, কালো গ্রেন্স দেখা যাচ্ছে। আমরা এই গম বিভিন্ন জেলায় পাঠিয়েছিলাম। আপনারা শুনলে অবাক হবেন এটা পাঠাবার পর খাদ্য দপ্তরের কাছে টেলেক্স মেসেজ এল এটা পয়জনাস গ্রেন। আমরা সঙ্গে সঙ্গে সমস্ত জেলায় জানিয়ে দিলাম, এই গম বিলি করা হবে না। এগুলি রেশনে বিক্রি করবার জন্য দেওয়া হয়েছিল। আমরা রেশনিং অফিসারদের রেডিওগ্রাম মেসেজ পাঠালাম যে, এই গম যেন বিক্রি করা না হয়, কারণ আমাদের জানান হয়েছে, এর মধ্যে ফাঙ্গাস রয়েছে, আর্গট রয়েছে। তারপর আমরা ভাবলাম, প্রত্যেক জেলায় যে গম আছে সেগুলি যদি ওখানকার দুঃস্থ মহিলারা হাতে হাতে পরিষ্কার করে, তা হলে তাদের একটা কাজ হবে এবং তারপর সেগুলি রেশনে দেবার ব্যবস্থা হবে। এই যে ২৪-২৫ হাজার টন গম এসেছে, সে সম্বন্ধে যখন খবর এল এর মধ্যে ফাঙ্গাস রয়েছে, ইনফেস্টেসন রয়েছে, তখন সেটা জেনে এগুলি আমরা দিতে পারি না। আমাদের এতটা স্টক ছিল, কিন্তু সে সম্বন্ধে এই মেসেজ এল। মুখ্যমন্ত্রী আমাকে জিজ্ঞাসা করেছিলেন, ৭ হাজার টন খাদ্য নিয়ে যে জাহাজ এল তার অবস্থা কি? আমি জানালাম ফরেন হুইট আজকে যেটা এসেছে এই জাহাজে সেটাও আর্গট ইনফেস্টেসন। এবারে আপনারা চিন্তা করুন বাইরে থেকে গম এসেছে তার মধ্যে এরকম ধরনের ফাঙ্গাস রয়েছে। আমরা কেন্দ্রীয় সরকারের মন্ত্রীকে

বলেছি, কেন্দ্রীয় সরকারের পুল থেকে আমাদের গম এবং চাল দিতে হবে। তিনি আমাদের আশ্বাস দিয়েছেন, পশ্চিমবাংলার অসুবিধা দূর করব এবং সাংবাদিকদের ডেকে বলেছেন, ফুড গ্রেনস আমরা বাড়াব। তখন আমি বললাম, ফুড গ্রেনস বলতে স্পেল আউট করে বলুন কত গম এবং কত চাল দেবেন। তখন তিনি হেসে বললেন, সেটা আমি বলতে পারছি না, তবে কিছু কিছু বাড়াব। তবে আমার মনে হয় গমের পরিমাণ বাড়াবেন। মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস, গৌতমবাবু এবং অসমঞ্জ দে যে কথা বলেছেন তার জন্য তাঁদের আমি ধন্যবাদ দিচ্ছি। তবে একথা বলবেন না, একেবারে রেশন বলে কিছু নেই, কারণ তাতে মানুষ আতঙ্কিত হবে। যেখানে রেশন নেই সেখানে আমরা সরকার থেকে ব্যবস্থা করব। আমরা চেষ্টা করছি আগামী ৩ মাসের মধ্যে যেখানে সত্যিকারের বেশী সংকট সেখানে খাদ্যশস্য পোঁছে দেব। কাজেই আবার বলছি, আপনারা আতঙ্কিত হবেন না। আমরা কেন্দ্রীয় সরকারের সংগে আলোচনা করছি এবং বাড়তি গম এবং চাল পাবার চেষ্টা করছি। কালকে খাদ্যমন্ত্রিমহাশয় যে আশ্বাস দিয়েছেন তাতে মনে হয় বাড়তি গম এবং চাল পাব। যে যে জেলায় কষ্ট হচ্ছে সেই জেলার প্রতিনিধিদের কাছে আমি ব্যক্তিগতভাবে ক্ষমা চাচ্ছি এবং বলছি, আমাদের সরবরাহ ছিল না, কাজেই আপনারা এটা ক্ষমার চোখে দেখবেন। আমরা এই সংকটের মোকাবিলা করবই। ত্রাণমন্ত্রীর সঙ্গে কন্ট্রাক্ট করেছি, তিনি টি আর-এর কাজ করাবেন। সামার প্যাডি সামনের সপ্তাহে আসবে বলে আশা করি এবং তাতে খাদ্য যোগান বাড়বে। খোলা বাজারে যদি চাপ কম পড়ে, তা হলে আমরা প্রোকিওরমেন্ট বাড়াতে পারব। আমাদের প্রোকিওরমেন্ট হয়েছে ১ লক্ষ ৫০ হাজার টন, বিশেষ করে বাড়তি জেলার সদস্যদের আমি অনুরোধ করব—আমি বর্ধমান ঘুরেছি, মেদিনীপুরে ঘুরেছি, বর্ধমান এবং মেদিনীপুরের জেলা শাসকগণ বলেছেন, এবং কংগ্রেসের নেতার বলেছেন যে, প্রডিউসারদের ঘরে এখনো যথেষ্ট ধান আছে, আপনারা তাদের বুঝিয়ে প্রকিওরমেন্টে সাহায্য করতে পারেন, তা হলে আমাদের মনে হয় এটা আরো ইম্প্রুভ হবে। কেন্দ্রীয় সরকারের খাদ্যমন্ত্রী যখন আশ্বাস দিয়েছেন যে, বাড়তি গম এবং বাড়তি খাদ্যশস্য আমরা পাব, সেই খাদ্যশস্য দিয়ে আমরা সংকট কাটিয়ে উঠতে পারব। সেই খাদ্যশস্য দিয়ে আমরা সমানভাবে ইকুইটেবলী ডিস্ট্রিবিউশন করে এই সংকট কাটিয়ে উঠব, এই বিশ্বাস আমার আছে। আমি আপনাদের কাছে অনুরোধ করব যে, আপনারা দয়া করে আতংক ছড়াবেন না।

শ্রীগৌতম চক্রবর্তী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ পার্সোনাল এক্সপ্লানেশান, আমি কিন্তু মাননীয়, যিনি আজকে ফুড মিনিস্টার আছেন তাঁর সম্বন্ধে কিছু বলছি না। উনি কত পরিমাণে গম দেবেন, চাল দেবেন সে সম্বন্ধে আমি বলতে চাইছি না। কিন্তু এটা বাস্তব যে খরা কবলিত যে সমস্ত জেলা আছে সেগুলিতে ৭২।৭৫।৭৬ টাকা কুইন্টাল প্রতি ধানের দর হয়েছে এবং ১০০ টাকার উপর গমের দর হয়েছে, আমরা এর প্রতিকার চেয়েছি। তিনি কৃষি-মন্ত্রীর কাছ থেকে কিংবা অন্য কোন মন্ত্রীর কাছ থেকে কত গম পাচ্ছেন বা চাল পাচ্ছেন সেটা আমি শুনতে চাইছি না। মাননীয় মন্ত্রিমহাশয় যে বক্তব্য রাখলেন, সেটা আমি শুনতে চাইছি না। আমি বলেছি কোন্ মিনিস্টার বলেছেন যে, যদি স্টারভেশনে মৃত্যু হয়, তা হলে মন্ত্রিসভা পদত্যাগ করবে। মাননীয় ইরিগেশন এবং পাওয়ার মিনিস্টার, তিনি এক জনসভায় বলেছিলেন, যখন গত বছর বলা হয়েছিল যে, মালদহ জেলায় স্টারভেশন ডেথ হয়েছে, তখন তিনি পাবলিক মিটিং-এ বলেছিলেন, এই মন্ত্রিসভার আমলে একটি স্টারভেশন ডেথ যদি হয়, তা হলে আমরা আগামী দিনে পশ্চিমবাংলার বুকে মন্ত্রিত্ব করব না। সেই উক্তি আজকে আমি করতে চেয়েছিলাম, আজকের অবস্থা গোয়িং টু বি স্টারভেশন, আজকে মানুষ মরতে চলেছে। আমাদের ক্যাবিনেট মিনিস্টার যে উক্তি করেছিলেন আগামী দিনে সেটা বাস্তবে যাতে না ঘটে তার জন্য আমি এলার্ম দিয়েছিলাম।

শ্রীতপন চ্যাটার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত সেপ্টেম্বর মাসে ক্যালকা ইউনিভার্সিটির বি এ, বি কম পার্ট (২) পরীক্ষা হয়ে গিয়েছে, কিন্তু আজ পর্যন্ত তার কে ফল বের হয় নি। এই আট মাস ছাত্ররা ভুগছে, ছাত্রদের পরীক্ষার ফল বেরুল না, যার ফ

তাদের ১ বছর নষ্ট হয়ে গেল এর জন্য দায়ী কে? আমি যতদূর জানতে পারলাম যে, প্রো-ভাইস চ্যান্সেলার ওভারটাইম বন্ধ করে দিয়েছেন, সেই জন্য কন্ট্রোলার অফ একজামিনেশনের কর্মচারীরা কাজ করছেন না। তারা ও টি দাবি করেছে এবং ওভারটাইম না পেলে তারা পরীক্ষার ফল বের করবেন না। তারা বলেছেন যে, আমাদের যদি ওভারটাইম দেওয়া হয়, তা হলে তিন মাসের মধ্যে ফল বের করে দেব। যেহেতু তাদের ওভারটাইম দেওয়া হয় নি, তার জন্য তারা রেজাল্ট বের করছে না। এ ছাড়াও কলকাতা ইউনিভার্সিটির কর্তৃপক্ষের গাফিলতি আছে। ল পরীক্ষার খাতায় টোকাটুকি হয়েছে বলে, তার জন্য পরীক্ষার ফল দেরি করে বের হচ্ছে। তা ছাড়া এম বি বি এস-এর দুটো টার্মের পরীক্ষা হয় নি, গ্রামাঞ্চলে হেলথ সেন্টারগুলির জন্য এম বি বি এস ডাক্তারের অভাব আছে। যদি এই পরীক্ষার দুটো টার্মের পরীক্ষা না হয়ে থাকে, তা হলে গ্রামে কি করে ডাক্তার যাবে। সুতরাং আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে, ছাত্রদের নিয়ে এই ধরনের রাজনীতির খেলা যেন না হয় এবং পরীক্ষার ফল যেন তাড়াতাড়ি বের করে দেওয়া হয়।

[2-30—2-40 p.m.]

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টা যদিও সারা ভারতবর্ষের, তা হলেও পশ্চিমবাংলার সঙ্গে যুক্ত। সুপ্রীম কোর্ট মিসা আইনের ১৭(ক) ধারা বাতিল করেছেন। তার ফলে যারা ডেটিনিউ আছে তাদের ছাড়া পাওয়া উচিত। এখন পশ্চিমবঙ্গে এই গত তিন দিনে সংবাদপত্রে নানারকমভাবে যে প্রচার ও বিবৃতি দিয়েছে তাতে দেখছি যে, পশ্চিমবাংলা সরকার ১৭(ক) ধারাতে যারা আটক ছিল তাদের ছাড়তে নাও পারেন। এইজন্য সাধারণ লোকের মধ্যে একটা বিক্ষোভ দেখা দিয়েছে। সেই জন্য অন্তত পশ্চিমবাংলা সরকার এই ব্যাপারে কি করতে চান বলবেন। আজ পর্যন্ত এই যারা ডেটিনিউ আছে তাদের ছাড়া হল না, এই সম্পর্কে যদি একটা বিবৃতি দেন, তা হলে জনসাধারণ হয়ত খানিকটা সন্তুষ্ট হবেন। আমার জানা আছে যে, একদিন যাদের উগ্রপন্থী বলে ধরা হয়েছিল, আজকে তাদের মধ্যে অনেকেরই পরিবর্তন হয়েছে। আবার এমনও দেখা গিয়েছে, যারা ট্রেড ইউনিয়নের কর্মী, গণতান্ত্রিক আন্দোলনের কর্মী, তাদেরও এই মিসা আইনে আটক করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার যেখানে বাড়ি, বর্ধমান জেলায়, সেখানে এই বিস্তৃত কোলিয়ারী অঞ্চলে আগে যখন মালিকদের রাজত্ব ছিল, তখন এই মালিকরা মালিকপুষ্ট সমস্ত ইউনিয়ন এবং তাদের যোগসাজসে যে পুলিস এরা মিলে যারা ট্রেড ইউনিয়নের কর্মী তাদের এই সমস্ত মিসা আইনে দেবার জন্য নানারকম ষড়যন্ত্র করতো। সেই ধরনের বহু কর্মী এই আইনে আটক আছে। কাজেই আজকে পরিস্থিতি বদলেছে, সরকার কোল মাইন নিয়ে নিয়েছেন, এখন আর ঐ ধরনের মালিকপুষ্ট ইউনিয়ন থাকার সম্ভাবনা নেই। কাজেই যারা এই আইনে গ্রেপ্তার হয়েছিল তাদের মধ্যে আছে বেনালী কোলীয়ারীতে তিন জন শ্রমিক, একজন নারায়ণ রক্ষিত, একজন চাদু সিং, আর একজন রাজু সিং। এরা বহুদিন ধরে ট্রেড ইউনিয়ন আন্দোলনের সঙ্গে যুক্ত, কাজেই এই যে সকলকে ছাড়া হবে না, এর মাঝখানে এই ধরনের ট্রেড ইউনিয়ন কর্মী বা গণতান্ত্রিক আন্দোলনের কর্মীদের যাতে আর বেশী দিন আটকে না রাখা হয় সরকার এই সম্পর্কে একটা বিবৃতি দেবেন এবং তা হলে জনসাধারণ সন্তুষ্ট হবে।

শ্রীমহম্মদ দেদার বক্সঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আজকালকার দিনের একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই হাউসের মাননীয় সদস্যদের এবং সংশ্লিষ্ট মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সকালে যখন আমি খবরের কাগজ খুলে দেখছিলাম, তখন দেখলাম, বেথুয়াডহরী স্টেশন, ইস্টার্ন রেলওয়ের, সেখানে একজন শিক্ষক গতকাল রাত্রি সাড়ে নটায় যখন টিকিটের কাউন্টারে টিকিট কিনছিলেন সেই সময় হাইয়ার সেকেন্ডারির লজিকের ২৯৮টি খাতার একটি বান্ডিল চুরি হয়ে যায়। সেখানে বহু খোঁজাখুঁজি হয়, কোন পাত্তা করতে না পেরে তিনি শেয়ালদা চলে আসেন এবং সেখানে জি আর পি-তে ডায়রি করেন। এই যে অহরহ প্রত্যেক জায়গায় এইরকম ছিনতাই ঘটছে—অবশ্য তাই বলে আমি বলছি না ঐ বিরোধী পক্ষ আর এস পি সদস্যদের মত যে গণতন্ত্র নেই, আইনশৃঙ্খলা নেই, আমার পূর্ণ বিশ্বাস আছে যে, আইনশৃঙ্খলা রয়েছে, তবুও আপনার মাধ্যমে, স্যার, আমি আমাদের

সরকারকে সতর্ক করে দিতে চাই যে, কিছুদিন যাবৎ এক শ্রেণীর লোক মাথা চাড়া দিয়েছে এবং প্রত্যেক জায়গায়, ঐ বেথুয়াডহরী থেকে আমাদের মাননীয় সদস্য হরেন্দ্রনাথ হালদার আসছিলেন সেখানকার এক ট্রেনে ছিনতাই-এর ঘটনা ঘটেছে। এর পূর্বে আমি মেনশন করেছিলাম। এইজন্য আমি আপনার মাধ্যমে এই যে ছিনতাই, এই যে একশ্রেণীর লোক চেষ্টা করছে যাতে এর বিহিত ব্যবস্থা করেন, সেইজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যাতে এই বিষয়ে সতর্ক হন।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বর্তমান মন্ত্রিসভার বিশেষ একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বর্তমান সরকার গ্রামবাংলার সাধারণ গ্রামের উন্নতির জন্য—আমরা মনে করি সেইজন্য—ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি এবং স্টেট প্ল্যানিং কমিটি বলে দুটি বোর্ড তৈরি করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কালকে খবরের কাগজে দেখলাম যে, এই প্ল্যানিং কমিটি হাফ ছাড়ছেন। স্টেট প্ল্যানিং কমিটির সদস্যদের ছেড়ে দে মা কেঁদে বাঁচি অবস্থা।

তাদের বক্তব্য তাদের সঙ্গে স্টেট প্ল্যান যা হচ্ছে সে সম্বন্ধে যোগাযোগ করা হচ্ছে না। তাদের বক্তব্য শোনা হচ্ছে না। ডিস্ট্রিক্ট প্ল্যানিং বোর্ডের অবস্থা আরও শোচনীয়, সেখানে এস ও পি ডি বলে যে অফিসার আছেন, তিনি সবচেয়ে ব্যস্ত অফিসার, তার পকেটে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটির ফাইল থাকে। সেই জেলায়, ক্যাবিনেট মন্ত্রিমহাশয় দেখবেন, ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটির মিটিং বসে, বসার পরই ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটির কাজ শেষ হয়ে যায়। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এই বক্তব্য রাখছি, গ্রামবাংলার সাধারণ মানুষের কল্যাণের কোন পরিকল্পনা স্টেট প্ল্যানিং কমিটির মাধ্যমে যদি নিতে চান, তা হলে এই ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিকে একটা পূর্ণ কমিটি করেন, তার জন্য পূর্ণ অফিস রাখুন, এর জন্য করণিক, টাইপিস্ট, বেয়ারার এবং একজন অভিজ্ঞ অফিসার সেক্রেটারী রাখুন, টেকনিক্যাল স্টাফ রাখুন যাতে একটা ফুল ফ্লেজেড অফিস হয়। এবং সেই ব্যবস্থা যদি করেন, তা হলেই প্রকৃতপক্ষে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি কার্যকর হবে। আর তা না হলে সেটা কাগজে-কলমে রিজলিউশন থাকবে, গ্রামবাংলার ডেভলপমেন্ট কিছু হবে না। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি তার অফিস ঘর এবং স্টাফ ইত্যাদির জন্য ফিনান্স ইত্যাদি অ্যাপ্রুভ করুন এবং করবেন, এই মর্মে একটা প্রতিশ্রুতি এখানে দেওয়া হোক।

ডাঃ কানাইলাল সরকারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত স্বায়ত্তশাসন মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমাদের এলাকায় একটা বাস্তুহারা বাজার হয়েছে, সি আই টি মার্কেট। সেখানে যে সমস্ত স্টলগুলি ডিস্ট্রিবিউসন হয়েছে, তাতে বিশেষ কারচুপি হয়েছে, তাতে দুর্নীতির আশ্রয় গ্রহণ করা হয়েছে। আমি সেজন্য ভারপ্রাপ্ত স্বায়ত্তশাসন মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে প্রতিবিধান করার জন্য আবেদন রাখছি। আমি একটা চিঠি চেয়ারম্যান, সি আই টি, মিঃ ভি এস সি বোনার্জীর কাছে লিখেছিলাম, তাতে জানিয়েছিলাম বাজারে যে সমস্ত স্টল হয়েছে সেই স্টলের সারপ্লাসগুলি লোকাল আনএমপ্লয়েড ইয়ুথদের মধ্যে ডিস্ট্রিবিউট করা হোক তিনি আমাকে লিখলেন—

"Kindly refer to your D.O. letter, dated 16th March, 1973, with the request to allot stalls in the new C.I.T. Market at Chetla to the unemployed youths of the locality.

I would have been glad to allot some shops/stalls as suggested, but the said market is a rehabilitation project and only displaced shop keepers/stall holders including those of the Bastuhara Bazar at 1, Hume Road, Calcutta-26, are eligible for allotment of these shops/stalls."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বায়ত্তশাসন মন্ত্রিমহাশয়কে জানাতে চাইছি যে, এই বাজারে রিফিউজী স্টলহোল্ডার ছিল ১৪৭, সেখানে স্টল তৈরি হয়েছিল ৩৫০টি। সবচেয়ে দুঃখের কথা, সি আই টি এই যে স্টলগুলি তৈরি করেছে সেগুলি বিলির ভার দিয়েছে বাস্তুহারা

বাজার সমিতিকে। এই সমিতি কোন রেজিস্টার্ড সমিতি নয়, এটাকে বাস্তুহারা বাজার না বলে বাস্তুঘুঘু সমিতি বললেই হয়। এই সমিতিতে বড় বড় ব্যবসায়ী লোক এই বাস্তুহারা বাজার সমিতিতে আছে এবং তাদের উপরই ভার পড়েছে এই স্টলগুলি ডিস্ট্রিবিউশনের। আমরা দেখতে পাচ্ছি, এই স্টলগুলি বাস্তুহারারা পায় নি। এই সমিতির যিনি সেক্রেটারী শ্রীভবরঞ্জন দাস—সমিতি রেজিস্টার্ড নয়, তার একটি দোকান ছিল, আরও দু-তিনটি দোকান নিয়েছে, নিজে তিনি একজন ডি ভি সি-এর কর্মচারী। নারায়ণচন্দ্র সাহা, এই সমিতির একজন সদস্য, তার দুটি দোকান হয়েছে, একটি দোকান ছিল, ফুড ডিপার্টমেন্টে কাজ করে, বিভূতিভূষণ মালাকার তারও দুটি দোকান হয়েছে, গণেশচন্দ্র সাহা, তার দুটি রেশন সপ, বাস্তুহারা সমিতির সেক্রেটারী, এই দুটি রেশন সপ চালিয়ে ৩ লক্ষ টাকার বাড়ি করেছে, তার তিনটি দোকান হয়েছে। এইভাবে সমস্ত দোকান বিলি হয়েছে এবং দেখা যাবে বাস্তুহারা বাজার সমিতির যারা কর্মকর্তা তারা মিলে-মিশে এই স্টল বিলির ব্যাপারে কারচুপি করেছে। তাই আমি অনুরোধ জানাচ্ছি যে, অবিলম্বে এই দুর্নীতি বন্ধ করার ব্যবস্থা করুন।

[2-40—2-50 p.m.]

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জুলিয়স সিজারে ব্রুটাস কেসিয়াসকে বলেছিল—দেখো, মানুষ যে সিড়ির ধাপগুলি বেয়ে স্বর্গে উঠে গেল, সে উঠে যাবার পরে সিঁড়ির ধাপগুলির কথা ভুলে যায়। আমাদের পশ্চিমবঙ্গের সরকারী হাসপাতালগুলিতে যে ডাক্তারবাবুরা আছেন, তাঁদের ডাক্তার তৈরি করতে আমাদের সরকারের ৮০ হাজার টাকা খরচ হয়। সেই ডাক্তারবাবুরা আজকে প্রতিটা সরকারী হাসপাতালকে দুর্নীতির এক একটা আখড়া করে তুলেছেন। এই ডাক্তারবাবুরা দেশের গরিব রোগীদের অমানুষিকভাবে দোহন ও শোষণের ব্যবস্থা করেছেন। এই ডাক্তারবাবুরা সরকারী বাড়িতে থাকেন, সরকারের কাছ থেকে বেতন পান। অথচ পশ্চিমবঙ্গের অধিকাংশ হাসপাতালের ডাক্তার এক একটা নার্সিং হোম খুলে বসেছেন। রোগীরা চিকিৎসার জন্য হাসপাতালে এলে ডাক্তারবাবুরা বলে দেন, এখানে কোন চিকিৎসা হবে না, অমুক জায়গায়, অমুক নার্সিং হোম আছে, সেখানে গিয়ে চিকিৎসা করান। রোগীরা অনন্যোপায় হয়ে হাসপাতালের নরকযন্ত্রণা ভোগ না করে দালালদের প্ররোচনায় সেই নির্দিষ্ট নার্সিং হোমে যেতে বাধ্য হয়। তারপর শুরু হয় শোষণ। তাঁরা এই নার্সিং হোম থেকে যে কি পরিমাণ মুনাফা করেন তার কোন সীমা নাই। লক্ষ লক্ষ টাকা এই নার্সিং হোম থেকে ডাক্তারবাবুরা মুনাফা করেন। অথচ সরকারকে কোন ট্যাক্স দিতে হয় না। সরকারী হাসপাতালের ওষুধপত্র ও এক্স-রে অন্যান্য যন্ত্রপাতি নিয়ে ডাক্তারবাবুরা তাঁদের এই নার্সিং হোম চালান। ডাক্তারদের মধ্যে একটা পারস্পরিক রেষারেষিরও সৃষ্টি হয়েছে এই কারণে, আর জি কর গ্রুপ, ন্যাশনাল গ্রুপ, ক্যালকাটা মেডিক্যাল কলেজ গ্রুপ—এইভাবে ভাগ হয়ে গেছে। এইভাবে কয়েক বছর নার্সিং হোম চালিয়ে জীবনে প্রতিষ্ঠিত হবার পর তাঁরা এই নার্সিং হোম ছেড়ে দেন। এই অবস্থা চলছে সারা পশ্চিমবাংলায়। আমি এই সম্পর্কে একটি উদাহরণ দিচ্ছি। বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতালে গত ১১ই ফেব্রুয়ারি তারিখে একজন স্ট্রাংগুলেটেড হার্নিয়ার রোগী আসেন। তাকে ঐ হাসপাতালে চিকিৎসার ব্যবস্থা না করে ডাক্তারবাবু সার্জেন, তাঁর এক বিশেষ নার্সিং হোমের নাম করে বলেন, ওখানে গিয় ভর্তি হলে ভালভাবে চিকিৎসা হবে। রোগী বাধ্য হয়ে সেখানে গিয়ে ভর্তি হন। সেই রাত্রে অপারেসন না হলে তিনি নির্ঘাৎ মারা যেতেন।

তারপর গত ১১ই মার্চ ১৯৭৩ তারিখে পার্শ্ববর্তী জেলা থেকে ঐ বাঁকুড়া হাসপাতালে একটা রোগী আসেন। তিনি টেম্পোরারী একটা ফি দিয়ে রেসিডেন্ট সার্জেনের চেম্বারে ভর্তি হন। তারপর সার্জেন তাকে একটা নার্সিং হোমে ভর্তি হবার জন্য পরামর্শ দেন। রোজ দুবার দুটো ফি লাগবে ২৫ টাকা, রক্তপরীক্ষা, এক্স-রে করতে ৮ টাকা আর ২০ টাকা, অর্থাৎ একুনে রোজ ৫৫ থেকে ৬০ টাকা ব্যয় হয়। গরিব রোগীরা অবশ্য এই নার্সিং হোমে ভর্তি হতে পারে না। আজ লক্ষ লক্ষ গরিব মানুষের পক্ষ থেকে আমাদের অত্যন্ত কর্মদক্ষ ও সহানুভূতিশীল স্বাস্থ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, এইসব ডাক্তারবাবুদের কি নার্সিং হোম খোলবার পার্মিশন

এখনো দেওয়া হবে? তাদের প্রাইভেট প্র্যাকটিস করতে দেওয়ার দরুন লক্ষ লক্ষ দরিদ্র রোগী আর কতদিন সুচিকিৎসা থেকে বঞ্চিত হবে? এটা অত্যন্ত দুঃখের কথা, লজ্জার কথা, ঘৃণার কথা যে, পশ্চিমবঙ্গে আজও এই অবস্থা চলছে।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বলেছিলেন, নকশালরা চোরাকারবারি, মজুতদারদের সম্পর্কে যা বলেছে, তা সত্যি। নকশালরা আরো একটা কথা বলেছে, ডাক্তারদের সম্পর্কে—এইসব রক্ত শোষকরা গরিব মানুষের জন্য হাসপাতালে যে এক্স-রে অপারেশন থিয়েটার রয়েছে, বেড রয়েছে, সেই হাসপাতালকে এরা একটা নরককুণ্ডে পরিণত করে তুলেছে। এইজন্য রোগীরা বাধ্য হয়ে প্রাইভেট চেম্বারে গিয়ে ২০-২৫ টাকা ফি দিয়ে দেখান এবং সেই ডাক্তারদের নার্সিং হোমে গিয়ে ভর্তি হন ও চিকিৎসা করান। এই অবস্থা আসানসোলে হয়েছে, এই অবস্থা মেদিনীপুরে হয়েছে, এই অবস্থা বর্ধমানে হয়েছে, হুগলীতে হয়েছে, এই অবস্থা বাঁকুড়াতে হয়েছে—পশ্চিম বাংলার সর্বত্র হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীকে এই সম্পর্কে দৃষ্টি দিতে বলছি ও যথাযথ ব্যবস্থা অবলম্বনের জন্য বিশেষ অনুরোধ জানাচ্ছি। এই সমস্ত দুর্নীতির বিরুদ্ধে একটা তদন্ত কমিশন গঠন করে তিন মাসের মধ্যে তাদের এ সম্বন্ধে রিপোর্ট দিতে বলুন। পশ্চিমবাংলার লক্ষ লক্ষ মানুষ আপনাকে দু-হাত তুলে আশীর্বাদ করবেন।

শ্রীঅজিতকুমার পাঁজাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যেকথা বললেন এ সম্বন্ধে লিখিত কোন অভিযোগ বা মৌখিক অভিযোগ নির্দিষ্টভাবে কোন ডাক্তারের নাম করে আসে নি। সাধারণভাবে সারা পশ্চিমবাংলার ডাক্তার সম্বন্ধে একথা বললে ঠিক হবে না। তবে একথা ঠিক কিছু কিছু জায়গায় শোনা যাচ্ছে কিছু কিছু ডাক্তারবাবু তাদের যা কর্তব্য তা তারা পালন করছেন না। আমি আশা করবো, মাননীয় সদস্য যে উদাহরণগুলি বললেন আমার কাছে দেবেন বা তার বক্তব্যের কপি আমার কাছে পাঠিয়ে দেবেন। নিশ্চিতভাবে ব্যবস্থা করা হবে যেমন অন্যান্য ক্ষেত্রে খবর পেয়ে ব্যবস্থা নিচ্ছি।

শ্রীসুব্রত মুখোপাধ্যায় (কাটোয়া)ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যার কথা তুলে ধরছি। যদিও একই সমস্যার কথা বিধানসভার গ্রামবাংলার থেকে নির্বাচিত সদস্যরা বারবার তুলছেন, কিন্তু মিঃ স্পীকার স্যার, আমি বুঝতে পারছি না, কয়েকজন সদস্য একই ব্যাপারে তারা আবেদন-নিবেদন করা সত্ত্বেও আজ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ দপ্তর থেকে সুনির্দিষ্ট কোন প্রতিশ্রুতি নেই, জবাব নেই। গ্রামবাংলার হাজার হাজার, লক্ষ লক্ষ সাধারণ মানুষ তারা আজকে অভুক্ত, গ্রামের খেটে খাওয়া মানুষ তাদের হাতে কাজ নেই। গ্রামবাংলার হাজার হাজার মানুষ আজকে অর্ধাশনে বা অনশনে দিন কাটাচ্ছে। বারবার এই বিধানসভায় দাঁড়িয়ে গ্রামবাংলার সদস্যরা বলছেন ব্যাপকহারে খয়রাতি সাহায্য দিতে হবে, ব্যাপকহারে টি আর চালু করতে হবে। মাননীয় ত্রাণমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করার পর দেখেছি তাঁর সহানুভূতি আছে, একথা তিনি বারেবারে প্রকাশ করছেন। কিন্তু সঙ্গে সঙ্গে বলছেন এই ব্যাপারে সুস্পষ্ট প্রতিশ্রুতি দেওয়া তাঁর পক্ষে সম্ভব নয়, কারণ হাজার মানুষ পিছু দুজন মানুষকে খয়রাতি সাহায্য দেওয়া হচ্ছে। আমরা দাবি করছি গ্রামবাংলার অন্তত পক্ষে শতকরা ১৫ জন মানুষকে আজকে যদি খয়রাতি সাহায্য না দেওয়া হয়, তা হলে খুবই অসুবিধা হবে এবং মন্ত্রিসভার উদ্দেশ্যে একটা কথা বলতে বাধ্য হচ্ছি, এই মন্ত্রিসভা ভুলে যাচ্ছেন এবং তাঁরা দেওয়ালের লিখন দেখতে পাচ্ছেন না, 'হাঙ্গার নোস নো ল' অর্থাৎ ক্ষিধে কোন আইন জানে না। এই গ্রামবাংলার ক্ষুধার্ত, অভুক্ত মানুষকে যদি ক্ষুধার হাত থেকে মুক্তি না দিতে পারা যায়, তা হলে নিশ্চয় আমার সঙ্গে গ্রামবাংলার সমস্ত নির্বাচিত প্রতিনিধি একমত হবেন সারা পশ্চিমবঙ্গে যে নিয়মের রাজত্ব, শৃঙ্খলার রাজত্ব ফিরে এসেছে তার জায়গায় অশান্তি ও অনিয়মের রাজত্ব সৃষ্টি করবার জন্য একদল মানুষ তৈরি হয়ে আছে। আজকে যদি ক্ষুধার্ত মানুষকে সাহায্য এবং খয়রাতি সাহায্য না দিতে পারি, ক্ষুধা থেকে মুক্তি দিতে না পারি, তা হলে তারা নিজেরাই শৃঙ্খলার পথ ত্যাগ করবে এবং হিংসার আশ্রয় নেবে, হিংসার আগুন জ্বলে উঠবে। তাই বলি

গ্রামবাংলার মানুষ নূতন করে ক্ষুধার তাগিদে মরিয়া হয়ে উঠার আগে মন্ত্রিসভার কাছে আবেদন-নিবেদন করি এবং ত্বরায় যদি এই ব্যাপারে কার্যকর ব্যবস্থার রূপে না নেওয়া হয়, তা হলে তার জন্য দায়ী থাকবেন এই মন্ত্রিসভা। আমি আশা করি আমাদের এই আবেদন-নিবেদন এই পশ্চিম-বাংলার মন্ত্রিসভার ত্রাণমন্ত্রী এবং এই বিভাগের আমলারা শুনবেন এবং যেখান থেকে পারেন খয়রাতি সাহায্যের অর্থ সংগ্রহ করবেন। টি আর-এর কাজের জন্য যদি অর্থ না থাকে, তা হলে কেন্দ্রীয় সরকারের কাছে চাপ সৃষ্টি করে যেন এই অর্থ সংগ্রহ করার ব্যবস্থা করেন এবং এ সম্পর্কে একটি পরিষ্কার বিবৃতি এই বিধানসভার সামনে ত্রাণ দপ্তরের মন্ত্রিমহাশয় যেন দেন।

[2-50—3-30 p.m.]

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে শিক্ষা দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। স্যার, কল্যাণী টিচারর্স ট্রেনিং কলেজের ছাত্ররা গত তিনদিন ধরে হাঙ্গার স্ট্রাইক করেছে। তাদের ডি এ ইত্যাদি ব্যাপারে যে সমস্ত দাবিদাওয়া ছিল সেই দাবিদাওয়া নিয়ে শিক্ষা বিভাগে বার বার আবেদন জানানো সত্ত্বেও যখন কোন প্রতিকার হয় নি তখন তারা বাধ্য হয়ে হাঙ্গার স্ট্রাইক করেছেন। এই হাঙ্গার স্ট্রাইক প্রায় ৭২ ঘণ্টা অতিক্রান্ত হতে চলেছে। অবিলম্বে যদি কিছু করা না যায়, তা হলে ঐসব শিক্ষক শিক্ষাব্রতীরা কি দারুণ দুরবস্থায় আসবে তা সহজেই অনুমেয়। তাই আমি এই বিষয়ে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সমস্ত অনশনকারী শিক্ষক-শিক্ষার্থীদের প্রতি বিহিত ব্যবস্থা করা যায়।

শ্রীবীরেশ্বর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৩এ এপ্রিল, ১৯৭৩ তারিখে সি পি আই পার্টির নেতৃত্বে বালুরঘাট শহরে বোমা ফাটিয়ে শান্ত জনজীবনকে অশান্ত করে তুলবার চেষ্টা করেছে। আমি গত ২৪এ এপ্রিল, ১৯৭৩ তারিখে টেলিফোনে সংবাদ নিয়ে ঘটনার যা বিবরণ জানলাম তাহা এই প্রকার। বালুরঘাটে গাঁজা ফার্মে কয়েকজন সি পি আই সমর্থিত যুবক অস্থায়ী পুলিস-এর কাজ করত। পরবর্তী কালে তাদের কাজের মেয়াদ শেষ হয়ে যায়। এই পাঁচ জন কর্মীর পুনর্বহালের দাবিতে সি পি আই বালুরঘাট বন্ধ্ ডাকে। আমরা বন্ধের বিরোধিতা করি। আমি নিজে সি পি আই অফিসে গিয়ে ঐ ছেলেদের জন্য কর্মসংস্থানের জন্য সহানুভূতি সহকারে চেষ্টা করা হবে বলে দেই এবং আরও বলি, শুধু ঐ পাঁচজনই নয়, আমাদের মধ্যে প্রচুর বেকার আছে। এই নিয়ে যদি কংগ্রেস এবং যুবসংঘ যুক্তভাবে আন্দোলন করবে। অন্য যে কোন প্রকার আন্দোলনের সামিল আমরাও হতে প্রস্তুত আছি। কিন্তু আমরা বন্ধের বিরোধিতা করি। সে সত্ত্বেও সি পি আই বালুরঘাট বন্ধ্ ডাকে। অবশ্য সে বন্ধ্ আংশিক সফল হয়েছিল। পরবর্তী কালের সরকার থেকে ঐ গাঁজা ফার্মে পাঁচজন লোক নিয়োগ করা হয়েছে। সি পি আই থেকে এই পাঁচজনকে কাজে যোগদান করতে বাধা দেওয়া হচ্ছে এবং শাসানো হচ্ছে যে, কাজে যোগ দিলে তাদের মৃত্যু অনিবার্য। গত পরশু এই ঘটনা চরম আকার ধারণ করে। সি পি আই কয়েকজন গুণ্ডাপ্রকৃতির ছেলেকে দিয়ে হিংসাত্মক কাজে লিপ্ত করে এবং গত ২৩এ এপ্রিল, ১৯৭৩ তারিখে বোমা চার্জ পর্যন্ত হয়েছে। আমি খোঁজ নিয়ে জেনেছি যে, তাতে অবশ্য কেউ হতাহত হয় নি। অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সি পি আই নেতৃবৃন্দকেও অনুরোধ করছি যে, তারা যেন বালুরঘাটের নেতৃবৃন্দদের বলে দেন যে, এইপ্রকার হিংসাত্মক পদ্ধতির থেকে তাদের দল বিরত থাকেন এবং বালুরঘাটের শান্ত জনজীবনকে যেন অশান্ত করে না তোলেন। সেই সঙ্গে আমি পুলিস কর্মচারীদের কথা বলছি। তারা যে সমস্ত দোষী ব্যক্তি তাদের ঠিকমত অ্যারেস্ট না করে ঐ পাঁচজনের সঙ্গে আমাদের টাউন কংগ্রেসের জেনারেল সেক্রেটারী শ্রীশেখর দাসগুপ্তকে অ্যারেস্ট করে এবং আরও দুজন যুব কংগ্রেস ও ছাত্র পরিষদের ছেলেকে বিনা কারণে অ্যারেস্ট করা হয়েছে। তারা থানায় এই সংবাদ জানাবার জন্য গিয়েছিল। তাদের বিরুদ্ধে কোনরকম অভিযোগ না করেই তাদের অ্যারেস্ট করা হয়েছে। আমি পুলিসের এই কাজের তীব্র নিন্দা করছি। আশা করি তদন্ত করা হবে। মাননীয় মন্ত্রিমহাশয় এখানে আছেন, আমি আশা করি এ বিষয়ে তদন্ত করবেন এবং প্রকৃত দোষীরা যাতে শাস্তি পায় তার ব্যবস্থা করবেন। এই আবেদন জানিয়ে আমি শেষ করলাম।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় স্পীকার মহাশয়, আমি এইমাত্র একটা টেলিগ্রাম পেলাম এবং সেই টেলিগ্রামের মাধ্যমে একটি ভয়ানক ব্যাপার দেখতে পেয়ে আপনার মাধ্যমে সভার কাছে রাখছি। স্যার, একই মোর্চার শরিক সি পি আই কংগ্রেসের উপর বোমা বর্ষণ করেছে—এই ঘটনাটি আপনার মাধ্যমে নিবেদন করছি। বর্ধমান জেলার আসানসোল মহকুমায় হিন্দুস্থান পিলকিংটন গ্লাস ফ্যাক্টরি সম্বন্ধে আজকেই আমাদের শ্রম দপ্তরের মন্ত্রী একটি প্রশ্নের উত্তরে বললেন যে, ট্রাইবুনালের অ্যায়োয়ার্ড মানাবার জন্য সরকার থেকে ব্যবস্থা করা হচ্ছে। সেই ট্রাইবুনালের অ্যায়োয়ার্ড মানবার জন্য পিলকিংটন গ্লাস ফ্যাক্টরির সামনে প্রায় একশো জন কর্মী অনশন ধর্মঘট করছেন এই ১১৬ ডিগ্রী উত্তাপের মধ্যে। সেখানে সি পি আই-এর ও এ আই টি ইউ সি-র সদস্যরা বোমা বর্ষণ করে তাদের জখম করেছেন। এই টেলিগ্রামটিতে যা লেখা আছে সেটা স্যার, পড়ে দিচ্ছি।

I.N.T.U.C. Hunger strike camp Glass Factory Gate attacked by bombs this morning by A.I.T.U.C. goondas, report Government for protection.

ওখানকার সেক্রেটারী এটা করেছেন। আমি আপনার মাধ্যমে স্যার, স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী এবং সি পি আই সদস্যদের কাছে আবেদন করছি, তারা যদি কংগ্রেসের উপর দিনের পর দিন এইভাবে বোমা বর্ষণ করে মালিকদের দালালি করেন—কেন না স্যার, ওখানে সরকারের অ্যায়োয়ার্ড বা রায় মানাবার জন্য তারা হাঙ্গার স্ট্রাইক করছেন আর সি পি আই বোমা বর্ষণ করে সেটা যাতে নস্যাৎ হয় সে চেষ্টা করে মালিকদের দালালি করছেন। এটা স্যার, দুঃখ ও পরিতাপের বিষয়। সেইজন্য স্যার, আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তর ও শ্রম দপ্তরের মন্ত্রিমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে যেন সুব্যবস্থা করা হয়।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: স্যার, আজকে ট্রাইবুনালের অ্যায়োয়ার্ড সম্পর্কে অনেক আলোচনা হয়েছে। গতকাল সি পি আই-এর বন্ধুরা বিপ্লব দেখিয়ে ওয়াক-আউট করে চলে গেলেন। আজকে তাদের জিজ্ঞাসা করতে পারি কি, গ্লাস ফ্যাক্টরির গেটের সামনে কার স্বার্থে বোমা মারা হল? যখন শ্রমিকরা ট্রাইবুনালের অ্যায়োয়ার্ড ইমপ্লিমেন্ট করাবার জন্য লড়াই করছেন সেই সময় বোমা নিয়ে আক্রমণ করা হচ্ছে, এর চেয়ে লজ্জার ব্যাপার আর কিছু হতে পারে না। স্যার, আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে উপযুক্ত কর্মপন্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

LAYING OF REPORT

Annual Report of the West Bengal Khadi and Village Industries Board for 1966-67

Dr. Zainal Abedin: Sir, I beg to lay the Annual Report of the West Bengal Khadi and Village Industries Board for the year 1966-67.

(At this stage the House was adjourned for 30 minutes.)

[3-30—3-40 p.m.]

(After Adjournment)

Shri A. H. Besterwitch: Mr. Speaker, Sir, there is no quorum because of non-co-operation by the Congress members with regard to Co-operative Societies Bill.

(At this stage the Quorum Bell was rung)

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েকদিন ধরে দেখা যাচ্ছে যে, মধ্যাহ্ন বিরতির পরে কোরাম হচ্ছে না। এর কারণ হচ্ছে উপরে যে ক্যান্টিন রয়েছে সেখানে আমরা যারা বিধানসভার সদস্যরা খেতে যাই তাদের ১৫-২০ মিনিট অপেক্ষা করতে হয়। কারণ ঐ ক্যান্টিনে বাইরের লোকের ভীড় এত বেশী যে, আমাদের অনুরোধ রক্ষা করতে ক্যান্টিন কর্তৃপক্ষ অসমর্থ হন। তা ছাড়া আমাদের থেকে যারা বেশী পয়সা দিয়ে খান তাদের বেশী

খাতির করা হয়। কাজেই বাইরের লোকেদের জন্য আলাদা ঘর করা যায়, দর্শনার্থীদের জন্য যদি আলাদা ক্যান্টিন করা হয় তা হলে মধ্যাহ্ন বিরতির পরে যে কোরামের অভাব হচ্ছে সেটা আর হবে না বলে মনে করি। বিধানসভার সদস্যদের জন্য আলাদা ঘর করা হয়েছে, কিন্তু সেখানে বিধানসভার সদস্যরা বসতে পারে না। আমি সেখানে গিয়েছিলাম, কিন্তু দাঁড়িয়ে থেকে ফিরে চলে এসেছি। কারণ কোন মানুষকে একথা বলা সম্ভব নয় যে, আপনি উঠে যান আমি বসবো। কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অসুবিধা দূর করার জন্য আমি আপনার কাছে অনুরোধ করছি।

Mr. Speaker: I think it will be better for me not to express my opinion in this matter. I will request the Hon'ble Minister for Parliamentary Affairs to say something in this regard.

Shri Gyan Singh Sohanpal: Sir, we are aware of the difficulties expressed by the honourable Member. This is really unfortunate but I can assure the honourable Members that efforts are being made to see that this problem should not be there at the next Session.

GOVERNMENT BILL

LEGISLATION

The West Bengal Co-operative Societies Bill, 1973.

Clause 26

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that in clause 26(1)(b), line 12, for the words "two years" the words "six months" be substituted.

Sir, I beg to move that in clause 26(1)(b), in lines 14 and 15, for the words "five years" the words "one year" be substituted.

I beg to move that the first proviso to clause 26(1)(b) be omitted.

I beg to move that in clause 26(1)(b), line 30, the word "further" be omitted.

I beg to move that in clause 26(1)(b), line 30, the word "immediate" be omitted.

I beg to move that in clause 26(1)(b), in line 34, after the word "bank" the words "and urban co-operative banks working within the purview of Banking Regulation Act, 1949" be inserted.

I beg to move that in clause 26(4), the words "the State Government or" wherever it occurs, be omitted.

I beg to move that clause 26(8) be omitted.

স্যার, আমি আমার অ্যামেন্ডমেন্টগুলি আমি মুভ করছি এবং আমার বিহাফে আমাদের কমরেড শীশ মহম্মদ মহাশয় এই অ্যামেন্ডমেন্ট বিষয়ে বক্তব্য রাখবেন।

শ্রীশীশ মহম্মদঃ স্পীকার মহাশয়, আমরা দেখতে পাচ্ছি কো-অপারেশন বিলের ক্লজ নং ২৯ (বি)'তে টু ইয়ার্স সময় দিচ্ছেন—

The Registrar may, after service of a notice upon such committee and giving such committee an opportunity of being heard.

এখানে দেখা যাচ্ছে কি? যদি মনে করেন যে, কো-অপারেটিভ মুভমেন্টের ক্ষেত্রে যে কমিটি আছে যদি রেজিস্ট্রার মনে করেন তা হ'লে এটাকে ডিজলভ করে দিয়ে সেখানে নূতন ভাবে এক বা একাধিক রেজিস্ট্রার দিয়ে দেবেন এবং রেজিস্ট্রার যে দিয়ে দিচ্ছেন সেটা দু বছরের জন্য এবং সেটাকে আস্তে আস্তে বৃদ্ধি করে পাঁচ বছর পর্যন্ত নিয়ে যাওয়া হচ্ছে। আমি মনে করি যে

ক্ষেত্রে মাননীয় মন্ত্রিমহাশয় তার ভাষণে বললেন যে, কো-অপারেটিভ ভিত্তিক সমাজতন্ত্র তিনি গঠন করতে যাচ্ছেন, সেখানে দু বছর থেকে পাঁচ বছর পর্যন্ত নিয়ে যাচ্ছে, এটার ফলে আমলা-তন্ত্রের শাসন ব্যবস্থা বলবৎ হচ্ছে কিনা বলুন। কমিটি ডিজলভ করে দিয়ে অ্যাডমিনিস্ট্রেটর দিতে পারেন, কিন্তু আমি বলছি সেই অ্যাডমিনিস্ট্রেটারের সময়কাল দু বছর থেকে পাঁচ বছর পর্যন্ত লিঙ্গার করা ঠিক হবে না। সেখানে আমি বলছি ছয় মাস সময় নেওয়া হোক এবং তারপর আবার ছয় মাসের মধ্যে কমিটি নির্বাচন করে, নির্বাচিত কমিটির হাতে কো-অপারেটিভের দায়িত্ব দিয়ে দেওয়া হোক। আমি মনে করি আপনাদের হাতে ক্ষমতা রয়েছে বলে জোর করে সেই ক্ষমতার অপপ্রয়োগ করা হচ্ছে। তারপর—

Provided that if, on receipt of a report from the Registrar, the State Government is of opinion that in view of one or more of the aforesaid circumstances immediate dissolution of the managing committee of a co-operative society is essential in the interest of such society or the co-operative movement in general, the State Government may, without giving such committee any notice, by notification in the official gazette give the reasons therefor, dissolve such managing committee.

যদি রেজিস্ট্রারের কাছ থেকে রিপোর্ট পাই যে, ম্যানেজিং কমিটি ইমিডিয়েটলি ডিজলভ করা দরকার, এখানে আমি স্বীকার করে নিচ্ছি যে, ম্যানেজিং কমিটি দ্বারা যে ক্ষতি হবে না, এটা নয়, তাদের দ্বারা ক্ষতি হতে পারে এবং ক্ষতি হবার পর হয়তো সেটা ভেঙ্গে দিচ্ছেন, দীর্ঘদিন সময় দেওয়া হচ্ছে না, এই অফিসিয়াল গেজেটে নোটিস দিয়ে এটা করা উচিত। হঠাৎ ভেঙ্গে দেওয়া, এটা গণতন্ত্র পদ্ধতিকে ছাড়িয়ে যাচ্ছে। গণতান্ত্রিক যে রীতি, তাতে বক্তৃতা রাখার যে

[3-40—3-50 p.m.]

অধিকার সেই বক্তৃতা রাখার অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে। কাজেই আমার মনে হয় যে, এই প্রভিসনটাকে উঠিয়ে নেওয়া উচিত, এটাকে বাদ দিয়ে দেওয়া উচিত। তারপর ঐ ২৬-এর প্রভিসো'তে আবার বলা হয়েছে—

"Provided further that no such step towards immediate dissolution of any Central Bank or Co-operative Land Development Bank, or the West Bengal Central Co-operative Land Development Bank, or the West Bengal State Co-operative Bank shall be taken by the State Government without consultation with the Reserve Bank."

এখানে বলা হয়েছে যে, এই ওয়েস্ট বেঙ্গল সেন্ট্রাল কো-অপারেটিভ ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক এবং সেন্ট্রাল ব্যাঙ্ক অর কো-অপারেটিভ ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, এইগুলিকে যদি সুপারসিড করতে চায়, তা হলে রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে পরামর্শ করে করবেন, খুব ভাল কথা, আমরা এটাকে অস্বীকার করছি না। কিন্তু আমাদের কথা হচ্ছে এইটা ছাড়া আরো কো-অপারেটিভ সোসাইটি আছে। ব্যাঙ্ক রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৭, এটা এর আওতার মধ্যে পড়ছে এবং এখন যারা নেই, আমরা মনে করি তাদের এর আওতায় নিয়ে আসা উচিত। কারণ আমরা শুধু বিরোধিতা করছি বলেই নয়, আমার মনে হয় মাননীয় মন্ত্রিমহাশয় যদি একটু চিন্তা করে দেখেন বা যাদের পরামর্শ নিয়েছিলেন, তাদের সঙ্গে পুনর্বার পরামর্শ করেন, তা হলে আমার মনে হয় তিনি ভুল বুঝতে পারবেন। কাজেই এই সম্পর্কে তিনি বিবেচনা করুন। কারণ এটা একেবারে খারাপ হচ্ছে যে, সেকথা বলছি না, তবে এখানে টেকনিক্যাল একটা ত্রুটি থেকে গিয়েছে। তারপর সেকসন ২৬ (৪)-এ বলা হয়েছে যে—

"If at any time during the period, the administrator or administrators appointed by the State Government or the Registrar have been in office, it appears to the State Government or the Registrar, as the case may be, that it is no longer necessary to carry on the affairs of such a society in the manner as aforesaid, the State Government or the Registrar, as the case may be, may, by order in writing giving reasons therefor."

ইত্যাদি ইত্যাদি, এই ক্ষেত্রে রেজিস্ট্রারকে যথেষ্ট ক্ষমতা দেওয়া হয়েছে। রেজিস্ট্রার সম্বন্ধে আমরা কয়েকদিন ধরে চিৎকার করে যাচ্ছি যে, রেজিস্ট্রারের উপর যথেষ্ট ক্ষমতা দেওয়া হয়েছে এবং রেজিস্ট্রারের উপর যে ক্ষমতা দেওয়া হয়েছে প্রকৃতপক্ষে তিনি সেখানে সুপ্রিম অথরিটি হয়ে যাচ্ছেন এবং কো-অপারেটিভ আন্দোলনের ক্ষেত্রে তিনি প্রতিবন্ধকতার সৃষ্টি করবেন, যে কথা আমরা এর পূর্বেই বলেছি। কিন্তু রেজিস্ট্রারের উপর ক্ষমতা দেওয়ার পর আবার কেন গভর্নমেন্ট কনসার্ন হচ্ছে? আমাদের মনে হয় মাননীয় মন্ত্রিমহাশয়ের এটা ভেবে দেখা উচিত যে, রেজিস্ট্রারকে আনা হচ্ছে অ্যাপয়েন্টেড বাই দি গভর্নর। তিনি নিরপেক্ষ নিশ্চয়ই হবেন, কিন্তু এটা এর সংগে অ্যাড করে দেওয়ার কোন উদ্দেশ্য নেই। এটা করার অর্থ এখানে রাজনৈতিক উদ্দেশ্য সাধন করা হবে। দলীয় রাজনৈতিক উদ্দেশ্য সাধন করার উদ্দেশ্য নিয়েই আমার মনে হয় এটা করা হচ্ছে। কাজেই আমার মনে হয় আমরা যে অ্যামেন্ডমেন্ট রেখেছি এই সম্বন্ধে তিনি তা বিবেচনা করবেন, যে রেজিস্ট্রারকে যখন ক্ষমতা দেওয়া হচ্ছে এবং যেখানে তার উপর সমস্ত ক্ষমতা দেওয়া হচ্ছে তখন সেখানে গভর্নমেন্টকে আবার মাঠের ভিতর নিয়ে আসা হচ্ছে কেন?

রেজিস্ট্রার সব কিছু করতে পারেন, তাঁর উপরে ক্ষমতা দেওয়া হয়েছে। কাজেই আমি মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করব এ বিষয়ে তিনি এ বিষয়টা বিবেচনা করুন এবং আমি যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি সে সম্বন্ধে চিন্তা করুন। তারপর ক্লজ ২৬(৮)-এ বলছে—

any action taken by the Registrar or the State Government under sub-section 1 shall not be called in question in any Civil Court or High Court.

সুপারসিড-এর ব্যাপারে বলছি। ম্যানেজিং কমিটি বা কমিটি যেগুলি কাজ করছে কো-অপারেটিভ সোসাইটির ক্ষেত্রে তাঁরা মনে করছেন, তাঁরা কোন রিপোর্ট পাচ্ছেন যে, এমন কোন সদস্য যে হয়ত কো-অপারেটিভ মুভমেন্ট-এর পক্ষে অন্যায় কাজ করছেন বলে কমিটির সদস্যদের বিরূপ মনোভাব বলে তার বদলা হিসাবে সদস্যের বিরুদ্ধে অ্যালিগেশন করলেন এবং তখনই রেজিস্ট্রার গভর্নমেন্ট-এর সংগে পরামর্শ করে সুপারসিড করে অ্যাডমিনিস্ট্রেটর বসিয়ে দিলেন। কিন্তু কো-অপারেটিভ সোসাইটির সেই কমিটি কি অপরাধ করল? এর জন্য তাদের একটা হিয়ারিং দেওয়া উচিত, কোর্টে আবেদন করার অধিকার থাকা উচিত। আপনারা হাইকোর্ট, সুপ্রীম কোর্টকে এত ভয় করছেন কেন? তা হলে কি মনে করব যে, কংগ্রেস সরকার কোর্টকে ভয় করেন? কোর্টের আশ্রয় নিতে গেলে ৫।৭।১০ বছরেও মীমাংসা হয় না। কিন্তু আইন আপনারা করছেন, সেখানে কোর্ট দেখে ভয় করার কারণ কি? না কি রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য এই ধারা নিয়ে আসছেন এবং দলীয় লোক যাতে গদীতে বসে বহাল তবিয়তে ভবিষ্যৎ করতে পারেন তার জন্য কি এটা করা হয়েছে? সেদিন বলেছিলাম ফাঁসীকাষ্ঠের আসামী হত্যার দোষে দোষী হবে। কিন্তু তাকে তো বিচারের অধিকার দিতে হবে। কিন্তু বর্তমান যুগে আপনারা তা না করে লোককে জেলে ধরে নিয়ে যাচ্ছেন। সুতরাং হাইকোর্টকে দেখে ভয় করার কারণ কি? তা হলে বলুন যে, হাইকোর্ট-এর বিরুদ্ধে আপনাদের কিছু বলার আছে? আপনাদের কতটা হিম্মত আছে দেখান তো হাইকোর্ট-এর বিরুদ্ধে এলিগেশান এনে? আসল কথা হচ্ছে, দলীয় রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য এই ধারা এনেছেন। কিন্তু আমি মনে করি, এই ধারা কো-অপারেটিভ আন্দোলনের ক্ষেত্রে একটা বিরাট ক্ষতিকারক হবে এবং কো-অপারেটিভ মুভমেন্টকে গলা টিপে ধরার জন্য এই আইন আনা হয়েছে। কাজেই আমি আমার অ্যামেন্ডমেন্ট মুভ করছি এবং গ্রহণ করার জন্য বলছি।

Mr. Speaker: There are amendments by Shri Ajit Kumar Ganguly and Shri Saroj Roy. I, now allow Shri Bhupal Chandra Panda to move the amendments of Shri Ganguly and Shri Roy.

[3-50—4-00 p.m.]

Shri Bhupal Panda: Sir, I beg to move that in clause 26(1)(b), in line 12, for the words "two years" the words "one year" be substituted.

I also beg to move that in clause 26(1)(b), line 14, for the word "five" the word "two" be substituted.

I also beg to move that in clause 26(1)(b), line 27, for the words "two years" the word "one year" be substituted.

I also beg to move that in clause 26(1)(b), line 29, for the word "five" the word "two" be substituted.

I also beg that in clause 26(1)(b), in line 34, after the word "bank" the words "or any other society to which B.R. Act is applicable" be inserted.

শ্রীবিশ্বনাথ মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, রিগার্ডিং ভেরিয়াস অ্যামেণ্ডমেন্টস্ আপনি যদি একসঙ্গে প্যাকেজ ভোট করেন, তা হ'লে আমাদের একটু অসুবিধা আছে। ফর এগ্‌জাম্পল, এ'রা যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তার কতকগুলিতে নিরপেক্ষতা আছে, একটাতে অপোজিসান আছে, দুটোতে সাপোর্ট আছে, আমাদের কতকগুলি ভয়েস আছে, কতকগুলি ডিভিসান আছে। সুতরাং আপনি যদি সেপারেটলি অ্যামেন্ডমেন্টগুলি আনেন, তা হ'লে আমাদের সুবিধা হয়।

Mr. Speaker: I have been informed that Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad are pressing for division on their amendments. Regarding the other amendments tabled by Shri Ajit Kumar Ganguly and Shri Saroj Roy, they are also going to press for division on their amendments.

ডাঃ জয়নাল আবেদীন: মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২৬ নম্বর ক্লজ এই হাউসে ফেব্রুয়ারি মাসের অধিবেশনে আমরা যে সংশোধনী এনেছিলাম তার ক্লজ নাম্বার ৫এ এটা এই হাউসে, গৃহীত হয়েছে এবং রাষ্ট্রপতি এতে সম্মতি দিয়েছেন। সুতরাং যে বক্তব্যগুলি ও'রা রেখেছেন আমি শুধু ও'দের জানাতে চাই এই প্রসঙ্গে যে, এই সামারি পাওয়ার থাকা সত্ত্বেও মাত্র ১০টি সোসাইটির উপর এই ধারা প্রয়োগ করা হয়েছে। আমি যতদূর জানি কেরলে আর এস পি আছে, সি পি আই বন্ধুরা আছেন, সেখানে সামারি পাওয়ার রেজিস্ট্রারকে দেওয়া আছে। আজকে এখানে যেরকম সামারি পাওয়ার এক্সেস বলা হচ্ছে যে, আমরা ক্ষমতা দিচ্ছি সরকারী কর্মচারীদের, সেখানে কিন্তু ও'দের অচ্যুত মেনন সাহেবকে অস্বীকার করবেন না, সেখানে আমরা দেখেছি যে, এই বিধান রেজিস্ট্রারকে দেওয়া আছে। আর একটা আলোচনা হয়েছে যে, কোর্টের এক্তিয়ারে কেন নিলাম না। আমরা হাইকোর্টের এক্তিয়ার নিতে পারি না, কিন্তু সাধারণ সিভিল কোর্টের জুরিসডিকসান যদি খুলে দিই, তা হ'লে কোন সুপারসেসান করা সম্ভব হবে না ডিউ টু লিটিগেসান। মাননীয় শীশ মহম্মদ সাহেব বললেন যে, জঙ্গলের আইন: জানি না এ'রা এখানে এক কথা ব'লে আর কেরলে গিয়ে আর এক কথা ব'লে।

আজকে সমাজের বিচার ব্যবস্থার সুযোগ নিয়ে মতলববাজ মানুষ যদি কোর্টে গিয়ে প্রসিডিংস্ স্টল করতে চান, তা হ'লে করতে পারেন। সেই সুযোগ বন্ধ করা হচ্ছে এর বেশী কিছু নয়। আমি আগেই বলেছি এটা র‍্যামপ্যান্ট কাজের প্রভিসন নয় যে আমরা ইনডিসক্রিমিনেটলী এটা ইউস্ করব। অর্ডিন্যান্স এই সেপ্টেম্বর মাসে হয়েছিল এবং সেপ্টেম্বর থেকে আজ পর্যন্ত মাত্র ১০টি সোসাইটির উপর ইউস করেছি এবং এই ১০টি সোসাইটি স্কোপ পায় নি। ৯টি মাত্র গেছে হাইকোর্টে অ্যাপিল নিয়ে। আমি মনে করি যে বিধান আছে তাতে দেশের আইন হিসেবে এই আইনের প্রয়োজনীয়তা আছে এবং এটা অত্যন্ত সময়োপযোগী আইন। পশ্চিমবাংলার সমবায় আন্দোলনের বর্তমান স্তরে এর কোন পরিবর্তন না করলে সমবায় আন্দোলনের ক্ষতি হবে ব'লে আমি মনে করি এবং সেই জন্য আমি কোন অ্যামেন্ডমেন্ট গ্রহণ করতে পারছি না।

[4-00—4-10 p.m.]

The motions of Shri Bhupal Chandra Panda that—

in clause 26(1)(b), line 12, for the words "two years" the words "one year" be substituted,

in clause 26(1)(b), line 14, for the word "five" the word "two" be substituted,

in clause 26(1)(b), line 27, for the words "two years" the word "one year" be substituted,

in clause 26(1)(b), line 29, for the word "five" the word "two" be substituted, and

the motion of Shri Timir Baran Bhaduri that clause 26(8) be omitted, were then put and a division taken with the following result:

Ayes

A. M. O. Ghani, Dr.
Ali Ansar, Shri.
Besra, Shri Manik Lal.
Bestcrwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Bhattacharjee, Shri Shibapada.
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Chakrabarti, Shri Biswanath.
Chattopadhay, Shri Gobinda.
Das, Shri Bimal.
Das Mohapatra, Shri Kamakhyanandan
Ganguly, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Karan, Shri Rabindra Nath.
Lahiri, Shri Somnath.
Mahata, Shri Thakurdas.
Mitra, Shrimati Ila.
Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Biswanath.
Mukhopadhyaya, Shri Girija Bhusan
Murmu, Shri Rabindra Nath.
Panda, Shri Bhupal Chandra.
Phulmali, Shri Lalchand.
Roy, Shri Aswini.
Saren, Shri Joyram.
Sarkar, Shri Netaipada.
Shish Mohammad, Shri.

Noes

Abdul Bari, Biswas, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Pankaj Kumar.
Banerjee, Shri Ramdas.
Basu, Shri Ajit Kumar (Hoog.).
Basu, Shri Supriyo.
Bhattacharya, Shri Keshab Chandra.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Naba Kumar.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Barid Baran.

Das Gupta, Dr. Santi Kumar.
Deshmukh, Shri Netai.
Doloi, Shri Rajani Kanta.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Ghosh, Shri Tarun Kanti.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hembrom, Shri Patrash.
Hemram, Shri Kamala Kanta.
Khan Nasiruddin, Shri.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Maity, Shri Prafulla.
Majhi, Shri Rup Sing.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Santosh Kumar.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Chandranath.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Chandi Pada.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Sanat Kumar.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurul Islam Molla, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Omar Ali, Dr. Sk.
Paik, Shri Bimal.
Panja, Shri Ajit Kumar.
Parui, Shri Mohini Mohon.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Suvendu.
Saha, Shri Nirad Kumar.
Sahoo, Shri Prasanta Kumar.
Santra, Shri Sanatan.
Saren, Shri Dasarathi.

Sarkar, Shri Nil Kamal.
Sen, Dr. Anupam.
Singha, Shri Lal Bahadur.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Tudu, Shri Budhan Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 29 and the Noes 85, the motions were lost.

The motions of Shri Timir Baran Bhaduri that—

in clause 26(1)(b), line 12, for the words "two years" the words "six months" be substituted,

in clause 26(1)(b), in lines 14 and 15, for the words "five years" the words "one year" be substituted,

the first proviso to clause 26(1)(b) be omitted,

in clause 26(1)(b), line 30, the word "further" be omitted,

in clause 26(1)(b), line 30, the word "immediate" be omitted,

in clause 26(1)(b), in line 34, after the word "bank" the words "and urban co-operative banks working within the purview of Banking Regulation Act, 1949" be inserted,

in clause 26(4), the words "the State Government or" wherever it occurs, be omitted, and

the motion of Shri Bhupal Chandra Panda that in clause 26(1)(b), in line 34, after the word "bank" the words "or any other society to which B.R. Act is applicable" be omitted,

were then put and a division taken with the following result:

Ayes

A. M. O. Ghani, Dr.
Ali Ansar, Shri.
Besra, Shri Manik Lal.
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Bhattacharjee, Shri Shibapada.
Bhowmik, Shri Kanai.
Chakrabarti, Shri Biswanath.
Chattopadhay, Shri Gobinda.
Das, Shri Bimal.
Das Mohapatra, Shri Kamakhyanandan.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Karan, Shri Rabindra Nath.
Lahiri, Shri Somnath.
Mahata, Shri Thakurdas.
Mitra, Shrimati Ila.
Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Biswanath.

Murmu, Shri Rabindra Nath.
Panda, Shri Bhupal Chandra.
Phulmali, Shri Lalchand.
Roy, Shri Aswini.
Saren, Shri Joyram.
Sankar, Shri Netaipada.
Shish Mohammad, Shri.

Noes

Abdul Bari Biswas, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Pankaj Kumar.
Banerjee, Shri Ramdas.
Bar, Shri Ram Krishna.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Basu, Shri Supriyo.
Bhattacharya, Shri Keshab Chandra.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Bose, Shri Lakshmi Kanta.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Naba Kumar.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Barid Baran.
Das Gupta, Dr. Santi Kumar.
Deshmukh, Shri Netai.
Doloi, Shri Rajani Kanta.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Ghosh, Shri Tarun Kanti.
Ghosh Moulik, Shri Sunil Mohon
Goswami, Shri Sambhu Narayan
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hembrom, Shri Patrash.
Hemram, Shri Kamala Kanta.
Khan Nasiruddin, Shri.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Maity, Shri Prafulla.
Majhi, Shri Rup Sing.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Santosh Kumar.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Chandranath.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Chandi Pada.

Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Sanat Kumar.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurul Islam Molla, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Omar Ali, Dr. Sk.
Paik, Shri Bimal.
Panja, Shri Ajit Kumar.
Parui, Shri Mohini Mohon.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shri Jagadananda.
Saha, Shri Nirad Kumar.
Sahoo, Shri Prasanta Kumar.
Santra, Shri Sanatan.
Saren, Shri Dasarathi.
Sarkar, Shri Nil Kamal.
Sen, Dr. Anupam.
Singha, Shri Lal Bahadur.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Tudu, Shri Budhan Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 27 and the Noes 86, the motions were lost.

The question that clause 26 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 27

Mr. Speaker: Amendment Nos. 88 and 89 are out of order.

শ্রীশীশ মহম্মদ: মাননীয় স্পীকার স্যার, ২৭নং ক্লজের ২নং সেকসানে বক্তব্য বলতে গিয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ রাখবো যে, তিনি ২০নং ক্লজটা দেখুন। তিনি বলেছেন—

Final authority of every co-operative society shall vest in the general body of members in a general meeting.

এখানে ফাইনাল অথরিটি হিসাবে জেনারেল বডি এবং জেনারেল মিটিংকে ধ'রে নিয়েছেন। অতপর তিনি ২৭নং ক্লজের সেকসানে ২-এ বলেছেন—

section 2 states that the State Government may, by order for reasons to be recorded in writing, rescind any proceeding or resolution of any general meeting of a co-operative society or of any meeting of the managing committee thereof, etc.

সেখানে তিনি ফাইনাল মিটিং বলে দিয়েছেন এবং জেনারেল মিটিং ব'লে দিয়েছেন। এই জেনারেল মিটিংকে ফাইনাল অথরিটি বলে স্বীকার করে নিয়েছেন, সেক্ষেত্রে আবার সেকসান টু-তে কেন বলছেন আমরা বুঝতে পারছি না। আমার মনে হয় তিনি বোধ হয় বুঝতে গোলমাল ক'রে ফেলেছেন। আমরা হয়ত কো-অপারেটিভ বুঝি না, আমার মনে হয় মাননীয় মন্ত্রিমহাশয়-এর অবস্থাও ঠিক তদনুরূপ। যদি তিনি এই বিষয়ে অভিজ্ঞ হতেন তা হ'লে তিনি এই ক্লজটা ধ'রে নিতে পারতেন। কারণ ব্যাপারটা বায়োলজিক্যাল নয়। এটা একটা কো-অপারেটিভের ব্যাপার, কাজেই আমার মনে হয়, তাঁর একটু বোঝবার গোলমাল হয়ে গিয়েছে। উদাহরণস্বরূপ এই কথা বলছি যে, একটা ফাইনাল যে কোন জিনিসের হোক, একটা মামলার হোক, ফাঁসিকাষ্ঠের আসামীর হোক, রাষ্ট্রপতি সমস্ত কিছু-তার ক্ষমা ক'রে দিতে পারেন, কিন্তু যেখানে তিনি জেনারেল মিটিংকে ফাইনাল অথরিটি বলছেন সেখানে তারা যেটা ঠিক করবেন সেটাই ফাইনাল হবে। এই কথা বলা সত্ত্বেও তিনি দুই নং সেকসানে আবার কেন এই কথা বলছেন? রাষ্ট্রপতির পর আবার কাকে আবেদন করা যাবে? কেউ থাকতে পারে না। কাজেই আমার মনে হয়, তিনি যে সাব-সেকসান এখানে যোগ করেছেন সেটা অগণতান্ত্রিক এবং আমার মনে হয় ২০ ধারার সংগে তার এই ২৭ ধারার এই উপ-ধারার সংগে একটা বিরোধ লেগে গিয়েছে। এর উদ্দেশ্যটা কি? এর উদ্দেশ্যটা বুঝতে পারছি না। এখানে মাননীয় মন্ত্রিমহাশয় যদি একটু বিবেচনা ক'রে দেখেন, তা হ'লে দেখবেন যে, ২০ ধারার সংগে এর একটা বিরাট গোলমাল থেকে যাচ্ছে। কাজেই এটাকে আমি মনে করি যে, দেশের জনগণের স্বার্থে কো-অপারেটিভ আন্দোলনের ক্ষেত্রে, সমবায়ভিত্তিক সমাজব্যবস্থা গঠনের ক্ষেত্রে একটা বিরাট আঘাত হানছে এবং আমার মনে হয় এটা তিনিও বুঝতে পারছেন। কাজেই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব যে, এখানে একটা বিরাট ব্যবধান থেকে যাচ্ছে, জেনারেল মিটিং-এ ফাইনাল বলার পর একটা বিরাট ব্যবধান থেকে যাচ্ছে। এটা হয়ত তিনি এখন বুঝতে পারছেন, সেইজন্য অমার মনে হয় তিনি এটা অ্যাকসেপ্ট করবেন। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-10—4-20 p.m.]

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর এস পি-এর যে রকম চরিত্র তাঁরা আজকে যা বলেন, সোমবার আসতে আসতে সেটা পাল্টে দেন। যতদূর মনে আছে ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট মোর্চায় আর এস পি শরিক ছিল এবং এই ধারাটি সংযোজন তাঁরাই করেন। আমরা এটা গ্রহণ করি। মুশকিল এই যে, তাঁরা আজকে যেকথা বলেন কাল সেকথা ভুলে যেতে পারেন। এতেই তাঁরা অভ্যস্ত, তাঁরা হলেন সুবিধাবাদী পার্টি, রীতিমত সুবিধামত পার্টি, এই রকম আর কোথাও দেখা যায় না। এখানে কন্ট্রাডিকসনের কথা বলছেন, সেই কন্ট্রাডিকসন নেই। আমরা যদি কোন রেজোলিউশন সাসপেন্ড করতে পারি,

suppose a society adopts a resolution to fight against a particular decision of the Government.

সোসাইটির টাকা নিয়ে সরকারের বিরুদ্ধে স্বতঃস্ফূর্তভাবে মোকদ্দমা ক'রে চলে যাব, এই অবস্থাটা চলতে দেওয়া যায় না, সমিতির টাকা নিয়ে সরকারের বলিষ্ঠ পদক্ষেপকে বানচাল করতে দেওয়া যায় না। আমরা মনে করি এই আইনের মধ্যে অর্ডিনান্সগুলি সেপ্টেম্বর এবং জানুয়ারি যে এফেক্ট দিচ্ছি তাতে সামারি পাওয়ার নিচ্ছি, এটা হিট করবে। সোসাইটি বলছে এক দিকে গভর্নমেন্টের বিরুদ্ধে, আর একদিকে আইনটা কার্যকর করতে পাচ্ছি না, রেজোলিউশনে শক্তি নিয়ে সোসাইটি টাকা অপচয় করতে পারে, এই অবস্থাটা কিছুতেই চলতে পারে না। আমি মনে করি যুক্তফ্রন্ট ঠিক সিদ্ধান্তই নিয়েছিল যে, কোন কোন জায়গায় সরকারের ক্ষমতা থাকা উচিত, অবৈধ রেজোলিউশন-এর যাতে এফেক্ট না দিতে পারে তার জন্য সরকারের হাতে সে সম্বন্ধে ক্ষমতা থাকা উচিত।

The question that clause 27 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 28 to 38

The question that clauses 28 to 38 do stand part of the Bill was then put and agreed to.

Clause 39

Shri Shish Mohammad: Sir, I beg to move that in clause 39(1), line 1, for the words "A Co-operative Society shall not make loans" the words "A Co-operative Society other than those working within the purview of the Banking Regulation Act, 1949, which shall be guided by the said Act shall not make loans" be substituted.

স্যার, আমি আমার অ্যামেন্ডমেন্ট মুভ করছি। মাননীয় স্পীকার স্যার, এই ক্লজ ৩৯-এর সাব-ক্লজ (১)-তে আছে—

A Co-operative Society shall not made loan.

আমি স্যার, আপনার মারফৎ মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি, উনি যদি ক্লজ-৩৩(২)(বি)-টা দেখেন, তা হ'লে আমার মনে হয় ভাল হয়—

With the special sanction of the Registrar, to any other co-operative society against adequate security.

এই যে ধারাটা তিনি যোগ করেছেন অতি চমৎকার। খারাপ বলছি না। এই কো-অপারেটিভ আন্দোলনের ক্ষেত্রে এটা সুদীর্ঘদিন থেকে চাচ্ছি। একটি কো-অপারেটিভ যা আছে—কারণ একটি কো-অপারেটিভ সোসাইটি যদি আর একটি কো-অপারেটিভ সোসাইটিকে লোন দেয় বা লোন দেবার সেই প্রয়োজন হয়, নিশ্চয়ই এই বাধ্যবাধকতা থাক। যদিও রেজিস্ট্রার-এর পারমিসান নিতে হবে। সঙ্গে সঙ্গে ক্লজ ৩৯, সাব-ক্লজ (১) আছে

A Co-operative Society shall not made loan to any person other than a member.

কীরকম যেন হয়ে গেল! ১৯৪৯-এর ব্যাংকিং রেগুলেসান অ্যাক্ট যেটা আছে, সেই অ্যাক্ট অনুযায়ী আরো তো আছে! কেবলমাত্র মেম্বারদের লোন দেওয়া হবে: আরো ডিপোজিটারস্ যাঁরা আছেন, সেই ডিপোজিটারসদের ক্ষেত্রে মন্ত্রিমহাশয়, আমার মনে হয়, এটা বিচার করেন নাই। তিনি আগেই স্বীকার ক'রে নিয়েছেন আমরা কোন স্টেজে এসে আছি। আমাদের স্বাধীনতা খুব বেশী দিন হয় নি, আমাদের এখনো বেবী রাষ্ট্র, কো-অপারেটিভ আন্দোলন এখনো এখানে জোরদার হয়ে ওঠে নি। কারণ যদি এই কো-অপারেটিভ মুভমেন্ট আমরা ব্যাপক আকারে গ্রাম থেকে গ্রামান্তরে ছড়িয়ে দিতে পারি, তা হ'লে আমাদের দেশের কল্যাণ হবে। কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি কী? এই যে লোন দেওয়ার ক্ষেত্রে মেম্বারদের মধ্যে এটাকে আপনারা সীমাবদ্ধ করেছেন। এটা আমার মনে হয় তিনি যদি আর একটি ধাপ এগিয়ে যান—ডিপোজিটার-দের লোন দেওয়ার ব্যবস্থা করতেন, তা হ'লে দেশের পক্ষে একটা সঠিক কল্যাণ হ'ত। আমি আগেই বলেছি ব্যাংকিং রেগুলেসান অ্যাক্ট, ১৯৪৯ অনুসারে আরো যে বহু সোসাইটি আছে তাদের যারা সেই আইনের আওতার মধ্যে থেকে কাজ করে, তাদের সেই অধিকারটা দেওয়া হোক যাতে এই লোনগুলি কেবলমাত্র মেম্বারদের ক্ষেত্রেই নয়—ডিপোজিটার যারা—সেই ডিপোজিটার রাও লোন নিয়ে দেশের কল্যাণের কাজে এগিয়ে যেতে পারে। কাজেই মন্ত্রিমহাশয়কে বলবো, তিনি আমার এই অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করুন। এই কথা ব'লে আমার বক্তব্য শেষ করছি।

[4-20—4-30 p.m.]

Shri Bhupal Chandra Panda: Mr. Speaker, Sir, I beg to move that clause 39(3) be omitted.

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সংশোধনীর কথা শীশ মহম্মদ সাহেব বললেন সমবায় আন্দোলনের স্বার্থে এখনই ফ্লাড গেট খুলে দেওয়া যাচ্ছে না। যদি বিধান থাকে মেম্বার নয়, তা হ'লেও লোন পাবে, তা হ'লে অসুবিধা হবে। একে তো এখানে ক্রেডিটের

পরিমাণ খুব অল্প। আমরা চাইছি এখানে ১৪ টু ১৬ পারসেন্ট কভারেজ যা আছে সেটা অ্যাট লিস্ট অল ইন্ডিয়া অ্যাভারেজ যা আছে ৩৪ টু ৩৮ পারসেন্ট করবার জন্য। লোন এবং আদার ফেসিলিটিস যা আছে সেগুলো যদি মেম্বার না হ'লে পাওয়া যায়, তা হ'লে কো-অপারেটার হতে বাধা আসবে। না চাহিলে যারে পাওয়া যায় কাছাকাছি এসে গেলেই বুঝতে পারেন, আপনার তো বয়স অল্প, তিমিরবাবু বোঝেন সব। আমরা কো-অপারেটিভ আন্দোলনের সম্প্রসারণ চাই। আর অজিত গাঙ্গুলী এবং ভূপালবাবু যেকথা বলেছেন, আমরা যেটা লিঙ্ক-আপ করতে চেয়েছি মার্কেটিং-এর সঙ্গে সেটা বাধা দিতে চেয়েছেন। তারা যদি কাইন্ডে দিতে পারে এবং রিপের সময় শুধু কিছু দিতে পারে, তা হ'লে চাষীদের মহা-উপকার হবে। প্রোডাকসান পারপাসে যাতে লাগাতে পারে এবং আরজেন্ট প্রেসিং নেসেসিটির জন্য এটা করেছি। সেই জন্য আমি এগুলো গ্রহণ করতে পারলাম না।

The motion of Shri Shish Mohammad that in clause 39(1), line 1, for the words "A Co-operative Society shall not make loans" the words "A Co-operative Society other than those working within the purview of the Banking Regulation Act, 1949, which shall be guided by the said Act shall not make loans" be substituted; and

the motion of Shri Bhupal Chandra Panda that clause 39(3) be omitted,

were then put and a division taken with the following results:

Ayes

A. M. O. Ghani, Dr.
Anwar Ali, Shri Sk.
Besra, Shri Manik Lal.
Bhattacharyya, Shri Harasankar.
Bhattacherjee, Shri Susanta.
Bhowmik, Shri Kanai.
Chakrabarti, Shri Biswanath.
Chattopadhay, Shri Gobinda.
Das, Shri Bimal.
Das Mohapatra, Shri Kamakhyanandan.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Halder, Shri Kansari.
Karan, Shri Rabindra Nath.
Lahiri, Shri Somnath.
Mahata, Shri Thakurdas.
Mandal, Shri Arabinda.
Mukherjee, Shri Biswanath.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Murmu, Shri Rabindra Nath.
Panda, Shri Bhupal Chandra.
Roy, Shri Aswini.
Saren, Shri Joyram.
Sarkar, Shri Netaipada.
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Noes

Abdur Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Bandyopadhyay, Shri Sukumar.

Banerjee, Shri Ramdas.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Basu, Shri Supriyo.
Bauri, Shri Durgadas.
Bera, Shri Rabindra Nath.
Bhattacharya, Keshab Chandra.
Bhattacharya, Shri Narayan.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Naba Kumar.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Barid Baran.
Das Gupta, Dr. Santi Kumar.
Deshmukh, Shri Netai.
Doloi, Shri Rajani Kanta.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Ghosh, Shri Tarun Kanti.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hembrom, Shri Patrash.
Hemram, Shri Kamala Kanta.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Maity, Shri Prafulla.
Majhi, Shri Rup Sing.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Santosh Kumar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Chandranath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Mojumdar, Shri Jyotirmoy.
Molla Tasmatulla, Shri.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurunnesa Sattar, Shrimati.
Omar Ali, Dr. Sk.
Panja, Shri Ajit Kumar.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.

Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santosh Kumar.
Roy, Shri Suvendu.
Saha, Shri Nirad Kumar.
Sahoo, Shri Prasanta Kumar.
Santra, Shri Sanatan.
Saren, Shri Dasarathi.
Sarkar, Shri Nil Kamal.
Sen, Dr. Anupam.
Singha, Shri Lal Bahadur.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Tudu, Shri Budhan Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 27 and the Noes 79, the motions were lost.

The question that clause 39 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 40 to 50

The question that clauses 40 to 50 do stand part of the Bill was then put and agreed to.

[4-30- -4-40 p.m.]

Clause 51

Shri Bhupal Chandra Panda: Sir, I beg to move that in clause 51(1)(b), in line 1, after the word "forthwith" the words "not later than fifteen days from the date of deduction" be inserted.

I also beg to move that in clause 51(2)(b), in line 1, after the word "forthwith" the words "not later than fifteen days from the date of deduction" be inserted.

I also beg to move that in clause 51(3)(b), in line 1, after the word "forthwith" the words "not later than fifteen days from the date of deduction" be inserted.

Shri Shish Mohammad: Sir, I beg to move that in clause 51(4), in line 10, after the words "land revenue" the words "and the Registrar shall be empowered to, and shall recover the dues on being moved by the Society" be inserted.

স্যার, ৫১নং ধারার ৪নং উপ-ধারা সম্বন্ধে প্রথমেই ব'লে রাখা ভাল যে, এটা মোটামুটি ভাল, এটা আমরা অস্বীকার করছি না। কিন্তু ভাল হ'লেও এর মধ্যে আমরা দেখতে পাচ্ছি, রেজিস্ট্রারকে যথেষ্ট ক্ষমতা দেওয়া হয়েছে। আমরা বলছি ক্ষমতা যখন দেওয়া হয়েছে, তখন দায়িত্ব তো কিছু দেওয়া হোক। কেবলমাত্র কাগজে সই ক'রে তিনি ছেড়ে দেবেন, আর কিছু দায়দায়িত্ব পালন করবেন না, এটা ঠিক নয়। কাজেই আমাদের কথা হ'ল তাঁকে কিছু দায়িত্ব দেওয়া হোক। তারপর মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, ল্যান্ড রেভিনিউ-এর ক্ষেত্রে সেটা আদায় করবার জন্য, সার্টিফিকেট জারি ক'রে সেই ল্যান্ড রেভিনিউ আদায় করা দরকার। আমি সেটা স্বীকার করছি। ল্যান্ড রেভিনিউ যদি বাকি থাকে, তা হ'লে রাষ্ট্র অচল হয়ে যাবে।

রাষ্ট্র পরিচালনার জন্য অর্থের প্রয়োজন। কিন্তু সেই টাকা আদায়ের জন্য সার্টিফিকেট জারি ক'রে ইমিডিয়েটলি টাকা আদায় করা দরকার। কো-অপারেটিভ সোসাইটির ক্ষেত্রেও যে টাকা বাকি পড়ে থাকবে সেটা আদায় করবার জন্য তিনি এই ব্যবস্থা নিয়েছেন। কিন্তু করবেটা কে? কো-অপারেটিভ সোসাইটিগুলি এখনও পর্যন্ত দুর্বল। কাজেই দুর্বল কো-অপারেটিভ সোসাইটির এমন ফরমান জারি করে টাকা আদায় করবার মত কি ক্ষমতা হয়েছে? সেগুলি তো এখন নব শিশু। কাজেই আমি মনে করি টাকা আদায় করা যেখানে একান্ত প্রয়োজন সেখানে রেজিস্ট্রারের উপর দায়িত্ব দেওয়া হোক। যদি আদায় না হয়, তা হ'লে রেজিস্ট্রার সার্টিফিকেট জারি ক'রে যেন টাকা আদায় করতে পারেন সে ব্যবস্থা করা হোক। আমার মনে হয় ল্যান্ড রেভিনিউ-এর ক্ষেত্রে যে রকম নিয়ম আছে সেইভাবে নিয়মটা যদি চালু করেন, তা হ'লে এটার দ্বারা সার্বিক কল্যাণ হবে। জানি না মন্ত্রিমহাশয় কি করবেন, তবে এটাকে আমি গ্রহণযোগ্য ব'লেই মনে ক'রে তাঁকে এটা গ্রহণ করতে অনুরোধ জানাচ্ছি।

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অজিত গাঙ্গুলী ও ভূপাল পান্ডা মহাশয়ের ৯৪, ৯৫, ৯৬, ৯৭ এই সংশোধনীগুলি আমি দেখছি অন্যান্য দু' একটি রাজ্যে আছে এবং যদি প্রয়োগ হয়, তা হ'লে এটা কো-অপারেটিভ সোসাইটিকে হেল্প করতে পারবে ব'লেই আমি মনে করি। সুতরাং আই হ্যাভ নো হেজিটেসান ইন অ্যাকসেপ্টিং দি অ্যামেন্ডমেন্ট নাম্বার্স ৯৪, ৯৫ অ্যান্ড ৯৬। কিন্তু শীশ মহম্মদ সাহেব যেকথা বললেন, এটা রিডানডেন্ট। যেটা এরিয়ার পড়ছে সোসাইটি যদি জানায় ইট ক্যান বি রিকভারড। সুতরাং এটাকে অপ্রয়োজনীয় ব'লেই আমি মনে করছি এবং সেইজন্য মাননীয় শীশ মহম্মদ ও তিমির ভাদুড়ী মহাশয়ের যে অ্যামেন্ডমেন্ট ৫১(৪) সেটা আমি গ্রহণ করতে পারছি না।

The motions of Shri Bhupal Chandra Panda--

that in clause 51(1)(b), in line 1, after the word "forthwith" the words "not later than fifteen days from the date of deduction" be inserted;

that in clause 51(2)(b), in line 1, after the word "forthwith" the words "not later than fifteen days from the date of deduction" be inserted; and

that in clause 51(3)(b), in line 1, after the word "forthwith" the words "not later than fifteen days from the date of deduction" be inserted,

were then put and agreed to.

The motion of Shri Shish Mohammad that in clause 51(4), in line 10, after the words "land revenue" the words "and the Registrar shall be empowered to, and shall recover the dues on being moved by the society" be inserted, was then put and lost.

The question that clause 51, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Clause 52

Shri Shish Mohammad: Sir, I beg to move that in clause 52(2), in lines 5 and 6, the words "of which the majority of members are agriculturists," be inserted.

মাননীয় স্পীকার স্যার, আমি আমাদের অ্যামেন্ডমেন্ট মুভ করছি। এতে আর বক্তব্য রাখার প্রয়োজন বোধ করছি না। কারণ মন্ত্রিমহোদয়ের যা দেখছি একটা জেদের প্রশ্ন এসে গেছে। আমরা বক্তব্য রেখে যাবো আর তিনি জবাব দেবেন না, ভাল হ'লেও দেবেন না যেহেতু আমরা বামপন্থী। কারণ বামপন্থীর অ্যামেন্ডমেন্ট যদি নেওয়া যায়, তা হ'লে কি জানি রিপোর্টাররা কি লিখে ফেলবেন, আমাদের মনে সেই আশঙ্কা দেখা দিয়েছে। কাজেই অ্যামেন্ডমেন্ট-এ বক্তব্য আর কিছু রাখতে চাই না, অ্যামেন্ডমেন্ট আমরা মুভ করছি।

ডাঃ জয়নাল আবেদিনঃ আমরা এই আইনের মূল কথা বলেছি। আমরা বলেছি যে, সমাজের দরিদ্রতম অংশকে সুযোগ-সুবিধা দিতে চাই। ওরা এটা অপেক্ষাকৃত সলভেন্ট সোসাইটিতে পারকোলেট করতে চাইছেন। সেজন্য আমরা এটা দিতে চাইছি না। সমাজের দরিদ্রতম অংশ আগে সরকারের বিশেষ সুবিধাগুলি পাক। তারপর যদি এদের নীড এবং নেসেসিটি মেটাতে পারি, অপেক্ষাকৃত সুস্থ এবং স্বচ্ছ শহরাঞ্চলের কো-অপারেটিভ-এর কথা চিন্তা করবো, সেজন্য এই সংশোধনী গ্রহণ করতে পারছি না এবং বিরোধিতা করছি।

The motion of Shri Shish Mohammad that in clause 52(2), in lines 5 and 6, the words "of which the majority of members are agriculturists", be inserted, was then put and lost.

The question that clause 52 do stand part of the Bill was then put and agreed to.

Clause 53

Shri Shish Mohammad: Sir, I beg to move that in clause 53(2)(b)(vi), in line 1, after the words "licence fees" the words "municipal taxes and Octroi" be inserted.

Sir, I also beg to move that after clause 53(2)(vii), the following be added, namely:

"(viii) exemption from compulsory registration under West Bengal Commercial (Sales) Tax Act, 1941, for primary societies".

মাননীয় স্পীকার মহোদয়, আপনার পারমিশন নিয়ে বলছি আমাদের যে অ্যামেন্ডমেন্ট তা আমরা মুভ করছি। আগে বলেছি যে, আমরা আমাদের অ্যামেন্ডমেন্ট মুভ ক'রে যে বক্তব্য রাখছি মন্ত্রিমহোদয় তা অ্যাকসেপ্ট করছেন না। কারণ কালা না শুনে ধর্মের কাহিনী। আমরা যতই ধর্মের বাণী শুনাতে চাই না কেন, কালা বধির সে আমাদের বক্তব্য শুনবে না। কাজেই বক্তব্য রেখে কিছু হবে না, আমরা আমাদের অ্যামেন্ডমেন্ট মুভ করছি।

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষমহাশয়,. ৫২(২) ধারায় আমরা কিছু সুবিধা দিয়েছি। একদিকে দাবি উঠেছে সরকারের উপর সমস্তরকম কর মকুব করার অন্যদিকে কল্যাণমূলক, উন্নয়নমূলক কাজ করার। এটা সর্বজনীন করা যায় না। সেজন্য আমরা এটা গ্রহণ করতে পারছি না। বিশেষ ক্ষেত্রে যদি দেওয়া যায় তখন আমরা ভেবে দেখবো। এই অবস্থায় উই ক্যান নট অ্যাকসেপ্ট।

[4-40—4-50 p.m.]

The motion of Shri Shish Mohammad that in clause 53(2)(b)(vi), in line 1, after the words "licence fees" the words "municipal taxes and Octroi" be inserted, was then put and lost.

The motion of Shri Shish Mohammad that after clause 53(2)(vii), the following be added, namely:

"(viii) exemption from compulsory registration under West Bengal Commercial (Sales) Tax Act, 1941, for primary societies",

was then put and lost.

The question that clause 53 do stand part of the Bill was then put and agreed to.

Clause 54

The question that clause 54 do stand part of the Bill was then put and agreed to.

Clause 55

Shri Ajit Kumar Ganguly: I beg to move that in clause 55(a), for the words "Government Savings" the words "State owned" be substituted.

এটা কিছুই নয়। এটা বোধ হয় ড্রাফটিং-এর সময় কোন গণ্ডগোল ছিল। গভর্নমেন্ট সেভিংস-এর ব্যাপার, সব ব্যাংক তো ন্যাশনালাইজ, সবই কো স্টেট ওনড ব্যাংক, সুতরাং এটা টেকনিক্যাল ব্যাপার।

ডাঃ জয়নাল আবেদিনঃ কমার্শিয়াল ব্যাংক এখন তো সব ন্যাশনালাইজ হয়ে গেছে। সুতরাং কথাটা কিছুই নয়, এটা আমরা দেখেছি ইট ডাজ নট হেল্প দি পারপাস, এটা একটা মিসনোমার, এটার প্রয়োজন নেই।

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 55(a), for the words "Government Savings" the words "State owned" be substituted, was then put and lost.

The question that clause 55 do stand part of the Bill was then put and agreed to.

Clause 56

Shri Ajit Kumar Ganguly: I beg to move that in clause 56(5)(a), line 1, for the words "Government Savings" the words "State owned" be substituted.

Dr. Zainal Abedin: I do not accept the amendment.

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 56(5)(a), line 1, for the words "Government Savings" the words "State owned" be substituted, was then put and lost.

The question that clause 56 do stand part of the Bill was then put and agreed to.

Clause 57

The question that clause 57 do stand part of the Bill was then put and agreed to.

Clause 58

Shri Ajit Kumar Ganguly: I beg to move that for clause 58(b), the following be substituted, namely:

"(b) may with the sanction of the Government, contribute an amount not exceeding ten per centum of the net profit for the purposes of the National Defence Fund created by the Central Government".

Dr. Zainal Abedin: I do not accept the amendment.

The motion of Shri Ajit Kumar Ganguly that for clause 58(b), the following be substituted, namely:

"(b) may with the sanction of the Government, contribute an amount not exceeding ten per centum of the net profit for the purposes of the National Defence Fund created by the Central Government."

was then put and lost.

The question that clause 58 do stand part of the Bill was then put and agreed to.

Clause 59

Shri Ajit Kumar Ganguly: I beg to move that in the proviso to clause 59(3), line 5, for the word "refusing" the word "granting" be substituted. This amendment is a vital thing.

Dr. Zainal Abedin: I do not accept the amendment.

The motion of Shri Ajit Kumar Ganguly that in the proviso to clause 59(3), line 5, for the word "refusing" the word "granting" be substituted, was then put and a division taken with the following result:—

Ayes

A. M. O. Ghani, Dr.
Ali Ansar, Shri.
Besra, Shri Manik Lal.
Bhattacharjee, Shri Shibapada.
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Chakrabarti, Shri Biswanath.
Das Mohapatra, Shri Kamakhyanandan.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Karan, Shri Rabindra Nath.
Lahiri, Shri Somnath.
Mandal, Shri Arabinda.
Mukherjee, Shri Biswanath.
Murmu, Shri Rabindra Nath.
Panda, Shri Bhupal Chandra.
Sarkar, Shri Netaipada.
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Noes

Abdur Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Banerjee, Shri Ramdas.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Basu, Shri Supriyo.
Bera, Shri Rabindra Nath.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Kartic Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Naba Kumar.
Chatterjee, Shri Tapan.
Das Gupta, Dr. Santi Kumar.
Deshmukh, Shri Netai.
Doloi, Shri Rajani Kanta.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hembrom, Shri Patrash.

Hemram, Shri Kamala Kanta.
Karar, Shri Saroj.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Maity, Shri Prafulla.
Majhi, Shri Rup Sing.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Santosh Kumar.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Mohammad Dedar Baksh, Shri.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Sanat Kumar.
Mukherjee, Shri Sibdas.
Mukherjee, Shri Subrata.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurul Islam Molla, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Omar Ali, Dr. Sk.
Panja, Shri Ajit Kumar.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Quazi Abdul Gaffar, Shri.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Nirad Kumar.
Saha, Shri Radha Raman.
Sahoo, Shri Prasanta Kumar.
Santra, Shri Sanatan.
Saren, Shri Dasarathi.
Sarkar, Shri Nil Kamal.
Sen, Dr. Anupam.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.
Bhattacharya, Shri Keshab Chandra.
Khan Nasiruddin, Shri.

The Ayes being 21 and the Noes 74, the motion was lost.

The question that clause 59 do stand part of the Bill was then put and agreed to.

[4-50—5-00 p.m.]

Clauses 60 to 66

The question that clauses 60 to 66 do stand part of the Bill was then put and agreed to.

Clause 67

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that in clause 67, in the proviso, for the words "such class", the words "any co-operative society or class" be substituted.

Dr. Zainal Abedin: Sir, I accept the amendment.

The motion of Shri Gyan Singh Sohanpal that in clause 67, in the proviso, for the words "such class", the words "any co-operative society or class" be substituted, was then put and agreed to.

The question that clause 67, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 68 to 77

The question that clauses 68 to 77 do stand part of the Bill was then put and agreed to.

Clause 78

Shri Harasankar Bhattacharyya: Sir, I beg to move that the proviso to clause 78(2)(e) be omitted.

স্যার, আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি আমার এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ না করলে বিপদ হবে। যদি দুটো ব্যাঙ্ক অ্যামালগামেট করে, তা হলে বড় ব্যাঙ্ক-এর সঙ্গে ছোট ব্যাঙ্ক অ্যামালগামেটেড হলে বড় ব্যাঙ্ক বিনা কারণে ছোট ব্যাঙ্ক-এর কর্মচারীদের ছাঁটাই করবে। কোন অজুহাত না দেখিয়ে কোন কর্মচারীকে ছাঁটাই করার অধিকার আপনি নিজের হাতে নিয়ে নিচ্ছেন। আমি অনুরোধ করব, এরকম ধরনের আইন আইনসভায় পাশ করবেন না। এই প্রসঙ্গে আমি আর বি আই-এর যে একটা আইন আছে তার উল্লেখ করব। সেখানে আছে দুটো ব্যাঙ্ক অ্যামালগামেটেড হতে পারে। কিন্তু সেন্ট্রাল আইনে একথা লেখা আছে তাতে কারুর চাকুরি যাবে না এবং ছোট ব্যাঙ্ক-এর কর্মচারীরা বড় ব্যাঙ্ক-এর কর্মচারীদের মত অনুরূপ সুযোগসুবিধা পাবে। আমি তাই অনুরোধ করব কেন্দ্রীয় সরকারের আইন মানুন এবং এরকম ধরনের অধিকার নিজের হাতে নেবেন না। এখানে অনেক কংগ্রেস এম এল এ আছেন যাঁরা শ্রমিক কর্মচারী আন্দোলন করেন। আমি তাঁদের চিন্তা করতে বলব তাঁরা সেই শ্রমিক কর্মচারীদের কাছে গিয়ে কি বলবেন? এই আইন পাশ হলে আমরা কি তাদের অধিকার কেড়ে নিতে পারি? মন্ত্রিমহাশয় অনেক সময় বলেন. সৎ, নিষ্ঠাবান, যোগ্য কর্মচারী রাখব। কিন্তু এটা বিচার করবে কে? এই বিচার করার অধিকার রাজনৈতিক নেতাদের হাতে ছেড়ে দিলে ফল ভাল হবে না। এটা বিচার করার একটা মানবিক পদ্ধতি আছে। এর জন্য একটা ট্রাইবুনাল আছে যেটা আমাদের লেবার অ্যাপিলেট ট্রাইবুনাল ইত্যাদির দ্বারা কভার্ড হয়ে আছে এই অবস্থায় আশা করব জনস্বার্থের খাতিরে, নিজের খাতিরে, কেন্দ্রীয় আইনের সঙ্গে সামঞ্জস্যের খাতিরে এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করবেন এবং অন্যটা ডিলিট করে দেবেন।

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই বলেছি এটা মাননীয় রাষ্ট্রপতির সম্মতির পর এই বিধানসভায় এই বিধান গৃহীত হয়েছে। আমরা ফেব্রুয়ারি মাসে যে অ্যামেন্ডমেন্ট বিল এনেছিলাম সেই অ্যামেন্ডমেন্ট বিলের ২ নম্বর ধারা দেখুন অলরেডি উই হ্যাভ অ্যাডপ্টেড ইট ইন দিস হাউস। তবে হরশঙ্করবাবু যে কথা বললেন, এতে আশঙ্কার কোন কারণ নেই। আমি যে কথা বলছি, যদি বাস্তবিকই অবাঞ্ছিত পার্সোনা ননগ্র্যাটা যদি কেউ থাকে কোন ব্যাঙ্কে তাকে দিয়ে অ্যামালগামেসানের পরেও সেই ব্যাঙ্কের ভাল হবে না। বিচারের পদ্ধতি যেটা বললেন, সেটা সার্ভিস রেকর্ড দেখে স্ক্রীনিং কমিটি, স্ক্রুটিনি কমিটি

তাঁরা নিশ্চয়ই বিচার করবেন। রাজনৈতিক প্রভাব সমবায়ে আসুক এটা একবারও বলি নি, এটা যদি না আসে বঞ্চিত হবে। দেশের সব মানুষ রাজনীতির আওতায় থাকবে এমন কথা নেই। আমরা সমবায়ের প্রসার চাচ্ছি, রাজনৈতিক বায়াস সেখানে কাজ করবে এই রকম আশঙ্কা করার কারণ নেই। এই ব্যাঙ্কগুলির দিকে তাকালে দেখা যাবে এখানে কিছু পরিমাণ সার্টেন পার্সেন্টেজ অব রেসপনসিবিলিটি ক্যান নট বি উইথড্রন ফ্রম এ সেকসান অব এমপ্লয়িজ। সুতরাং এদিক থেকে একটা ঢালাও কিছু করা যায় না। তবে নিশ্চয়ই যারা সৎ, দক্ষ, যোগ্য এবং নিষ্ঠাবান কর্মী তাদের নিশ্চয়ই সার্ভিস থাকবে, এটা নিশ্চয়ই আশা করব, থাকাটা বাঞ্ছনীয়। শুধু সমবায় আন্দোলন এবং সমবায় সংশ্লিষ্ট সমিতির স্বার্থের বিরুদ্ধে যারা কাজ করেছে, যাদের সার্ভিস রেকর্ড ভাল নয়, তাদের সম্বন্ধে নিশ্চয়ই একটা স্ক্রীনিং-এর ব্যবস্থা থাকা উচিত হরশঙ্করবাবু। সুতরাং আমি দুঃখিত যে এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করতে পারলাম না ব'লে। আমরা ফেব্রুয়ারি মাসে এটা অলরেডি আইনে পরিণত করেছি।

[5-00—5-10 p.m.]

The motion of Shri Harasankar Bhattacharyya that the proviso to clause 78(2)(c) be omitted was then put and a division taken with the following results:

Ayes

A. M. O. Ghani, Dr.
Besra, Shri Manik Lal.
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Chakrabarti, Shri Biswanath.
Chattopadhay, Shri Gobinda.
Das, Shri Bimal.
Das Mohapatra, Shri Kamakhyanandan.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Halder, Shri Kansari.
Karan, Shri Rabindra Nath.
Lahiri, Shri Somnath.
Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Biswanath.
Murmu, Shri Rabindra Nath.
Panda, Shri Bhupal Chandra.
Sarkar, Shri Netaipada.
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Banerjee, Shri Ramdas.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Basu, Shri Supriyo.
Bauri, Shri Durgadas.
Bera, Shri Rabindra Nath.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Kartic Chandra.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Naba Kumar.
Chatterjee, Shri Tapan.

Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Sarat Chandra.
Das Gupta, Dr. Santi Kumar.
Daulat Ali, Shri Sheikh.
Deshmukh, Shri Netai.
Doloi, Shri Rajani Kanta.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Patrash.
Hemram, Shri Kamala Kanta.
Karar, Shri Saroj.
M. Shaukat Ali, Shri.
Mahanto, Shri Madan Mohan.
Mahato, Shri Satadal.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Maity, Shri Prafulla.
Majhi, Shri Rup Sing.
Mandal, Shri Santosh Kumar.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Molla Tasmatulla, Shri.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Sibdas.
Mukherjee, Shri Subrata.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurul Islam Molla, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Panja, Shri Ajit Kumar.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Nirad Kumar.
Saha, Shri Radha Raman.
Sahoo, Shri Prasanta Kumar.
Santra, Shri Sanatan.
Saren, Shri Dasarathi.
Sarkar, Shri Nil Kamal.
Sen, Dr. Anupam.

Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.
Bhattacharya, Shri Keshab Chandra.
Khan Nasiruddin, Shri.

The Ayes being 22 and the Noes 80, the motion was lost.

The question that clause 78 do stand part of the Bill was then put and agreed to.

Clause 79

Shri Shish Mohammad: Sir, I beg to move that in clause 79(1), in lines 4 and 5, after the words "in writing" the words "for societies with working capital and/or turn-over up to rupees one lakh. For societies with working capital and/or turn-over above rupees one lakh the society shall appoint auditor in general meeting from amongst the panel to be maintained by the Registrar" be inserted.

মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার অ্যামেন্ডমেন্ট মুভ করছি। আমি এমন কোন বক্তব্য রাখতে চাই না যেটার দ্বারা কো-অপারেটিভ আন্দোলনের ক্ষতি হতে পারে। আমি চেয়েছি কো-অপারেটিভ আন্দোলনের ডেভেলপমেন্ট হোক। এখানে বলা হয়েছে অডিটর নিযুক্ত করবেন রেজিস্ট্রার। কিন্তু অনেক সময় দেখা যায়, এই যে রেজিস্ট্রার অডিটর অ্যাপয়েন্ট করেন, তাতে বিভিন্ন কাজের চাপে অনেক সময় দেরি হয় এবং তার ফলে কো-অপারেটিভ সোসাইটির ক্ষেত্রে অত্যন্ত ক্ষতি হয়। সেইজন্য আমি যে প্রস্তাব দিয়েছি সেটা কোন বড় প্রস্তাব নয়। কো-অপারেটিভ আন্দোলনে যাতে সুবিধা হয় তার জন্য আমি যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি তাতে বলেছি, জেনারেল বডির একটা প্যানেল থাকবে অডিটরদের এবং অডিটরদের সেই প্যানেল থেকে সেই কো-অপারেটিভ সোসাইটি কাকে চান বা কোন ব্যক্তিকে পেলে তার অডিট তাড়াতাড়ি হবে সেটা বেছে নিতে পারবে। আমি এই অ্যামেন্ডমেন্ট দিয়েছি এবং অনুরোধ করছি নিশ্চয়ই তিনি এটা বিবেচনা করবেন।

Shri Ajit Kumar Ganguly: Sir, I beg to move that in clause 79(2), in line 3, after the word "prescribed" the word "in a classified basis" be inserted.

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অডিটার বেছে নেবার সুযোগ দিতে চেয়েছেন শীশ মহম্মদ সাহেব এবং কো-অপারেটিভ সম্বন্ধে যে বক্তব্য তিনি রেখেছেন আমি সেটা গ্রহণ করতে পারি না। আমি তিন দিন ধরে শুনছি যে, কোথাও কোথাও দুর্নীতি আছে এবং তা ব্যাপকভাবে আছে। একথা কেউই অস্বীকার করেন নি। সুতরাং তাঁর সংশোধনী প্রস্তাব আমি গ্রহণ করতে পারছি না। অন্য দিকে অজিতবাবু যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন তার কোন প্রয়োজন নেই। রুলসেও সে বিষয়ে ব্যবস্থা দেওয়া হবে যে, অডিট ফি কি হবে। সেইজন্য আমি মনে করি এটার কোন প্রয়োজন নেই এবং সেই কারণে তাঁর অ্যামেন্ডমেন্ট গ্রহণ করতে পারলাম না।

The motion of Shri Shish Mohammad that in clause 79(1), in lines 4 and 5 after the words "in writing" the words "for societies with working capital and/or turn-over up to rupees one lakh. For societies with working capital and/or turn-over above rupees one lakh the society shall appoint auditor in general meeting from amongst the panel to be maintained by the Registrar" be inserted, was then put and a division taken with the following results:

Ayes

A. M. O. Ghani, Dr.
Basu, Shri Ajit Kumar (Hoog.).
Besra, Shri Manik Lal.
Bhattacharjee, Shri Shibapada.

Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Chakrabarti, Shri Biswanath.
Chattopadhay, Shri Gobinda.
Das, Shri Bimal.
Das Mohapatra, Shri Kamakhyanandan.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Halder, Shri Kansari.
Karan, Shri Rabindra Nath.
Lahiri, Shri Somnath.
Md. Shamsuzzoha, Shri.
Mukherjee, Shri Biswanath.
Murmu, Shri Rabindra Nath.
Panda, Shri Bhupal Chandra.
Sarkar, Shri Netaipada.
Besterwitch, Shri A. H.
Bhaduri Shri Timir Baran.

Noes

Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Banerjee, Shri Ramdas.
Basu, Shri Ajit Kumar (Mid.)
Basu, Shri Supriyo.
Bauri, Shri Durgadas.
Bera, Shri Rabindra Nath.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Chatterjee, Shri Naba Kumar.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Sukumar.
Das Gupta, Dr. Santi Kumar.
Deshmukh, Shri Netai.
Doloi, Shri Rajani Kanta.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Hemanta.
Gyan Singh, Shri Sohanpal.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Patrash.
Hemram, Shri Kamala Kanta.
Karar, Shri Saroj.
M. Shaukat Ali, Shri.
Mahato, Shri Satadal.
Mahapatra, Shri Harish Chandra.
Maity, Shri Prafulla.
Majhi, Shri Rup Sing.
Mandal, Shri Santosh Kumar.
Md. Safiullah, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mojumdar, Shri Jyotirmoy.
Molla, Tasmatulla, Shri.

Mondal, Shri Amarendra.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Subrata.
Mukhopadhyaya, Shri Ajoy.
Naskar, Shri Arabinda.
Nurul Islam Molla, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Omar Ali, Dr. Sk.
Panja, Shri Ajit Kumar.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shri Jatindra Mohan.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Nirad Kumar.
Sahoo, Shri Prasanta Kumar.
Santra, Shri Sanatan.
Saren, Shri Dasarathi.
Sen, Dr. Anupam.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.
Bhattacharya, Shri Keshab Chandra.
Khan Nasiruddin, Shri.

The Ayes being 22 and the Noes 78, the motion was lost.

[5-10—5-20 p.m.]

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 79(2), in line 3, after the word "prescribed" the words "in a classified basis" be inserted, was then put and lost.

The question that clause 79 do stand part of the Bill was then put and agreed to.

Clause 80

Shri Ajit Kumar Ganguly: Sir, I beg to move that in clause 80(1), lines 1 and 2, for the words "by such date as may be prescribed" the words "within three months from the date of appointment" be substituted.

Dr. Zainal Abedin: I cannot accept the amendment.

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 80(1), lines 1 and 2, for the words "by such date as may be prescribed" the words "within three months from the date of appointment" be substituted, was then put and lost.

The question that clause 80 do stand part of the Bill was then put and agreed to.

Clause 81

Shri Bhupal Chandra Panda: Sir, I beg to move that in the proviso to clause 81(1), line 4, for the word "Registrar" the words "State Government" be substituted.

Sir, I also beg to move that clause 81(2) be omitted.

Sir, I also beg to move that clause 81(3) be omitted.

Dr. Zainal Abedin: I oppose the amendments.

The motion of Shri Bhupal Chandra Panda that in the proviso to clause 81(1), line 4, for the word "Registrar" the words "State Government" be substituted, was then put and lost.

The motion of Shri Bhupal Chandra Panda that clause 81(2) be omitted, was then put and lost.

The motion of Shri Bhupal Chandra Panda that clause 81(3) be omitted, was then put and lost.

The question that clause 81 do stand part of the Bill was then put and agreed to.

Clause 82

Shri Ajit Kumar Ganguly: Sir, I beg to move that in clause 82(2), line 3, the words "or by a member of its paid staff" be omitted.

I also beg to move that in clause 82(3), in line 2, after the words "be communicated" the words "within one month from the date of inspection" be inserted.

ডাঃ জয়নাল আবেদিনঃ আমি সিরিয়েল নাম্বার্স ১২৫, ১২৬, ১২৭ অ্যান্ড ১২৮ অ্যামেন্ডমেন্টস্ অ্যাক্সেপ্ট করছি।

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 82(2), line 3, the words "or by a member of its paid staff" be omitted, was then put and agreed to.

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 82(3), in line 2, after the words "be communicated" the words "within one month from the date of inspection" be inserted, was then put and agreed to.

The question that clause 82, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 83

Shri Gyan Singh Sohanpal: I beg to move that for the marginal note to clause 83, the following marginal note be substituted, namely:

"Inspection of books of an indebted co-operative society and seizure of records, etc., of a co-operative society.".

The motion was then put and agreed to.

Shri Ajit Kumar Ganguly: I beg to move that in clause 83(1)(c), in line 1, after the words "shall communicate" the words "within one month" be inserted.

Dr. Zainal Abedin: I do not accept the amendment.

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 83(1)(c), in line 1, after the words "shall communicate" the words "within one month" be inserted, was then put and lost.

The question that clause 83, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 84

Shri Bhupal Chandra Panda: I beg to move that in clause 84(3), in line 1. after the words "shall communicate" the words "within one month" be inserted.

ডাঃ জয়নাল আবেদিনঃ এক্ষেত্রে সময়সীমা বেঁধে দিলে মুস্কিল হবে তাই

I do not accept the amendment.

The motion of Shri Bhupal Chandra Panda that in clause 84(3), in line 1, after the words "shall communicate" the words "within one month" be inserted, was then put and lost.

The question that clause 84, do stand part of the Bill was then put and agreed to.

Clause 85

The question that clause 85, do stand part of the Bill was then put and agreed to.

Clause 86

[5-20—5-30 p.m.]

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that in clause 86, for sub-clause (1), the following sub-clause be substituted, namely:

"(1) Any dispute relating to the affairs of a co-operative society or of the liquidator of a society shall be referred to the Registrar if the parties thereto are among the following, namely:

(a) the society, its managing committee any past or present officer, agent or employee or the liquidator of the society, or

(b) a member, past member or person claiming through a member, past member or deceased member of the society; or

(c) a surety of a member, past member or deceased member of the society, whether such surety is or is not a member of the society; or

(d) any other co-operative society or any person having transactions with the concerned co-operative society or the liquidator of such society:

Provided that nothing in this sub-section shall apply to any dispute—

(a) regarding disciplinary action taken by a society or its managing committee against its paid employees, or

(b) between a society or its managing committee and its paid employees over terms and conditions of service of such employees and matters incidental or consequential thereto.".

Mr. Speaker: There are amendments by Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad. I call upon Shri Shish Mohammad.

Shri Shish Mohammad: Sir, I beg to move that in clause 86(1), line 4, for the word "Registrar" the words "District Co-operative Union in case of disputes of primary societies and State Co-operative Union in case of central and apex societies" be substituted.

I beg to move that in clause 86(2), line 3, for the word "Registrar" the words "District Co-operative Union in case of disputes of primary societies and State Co-operative Union in case of central and apex societies" be substituted.

শ্রীঅজিতকুমার গাংগুলী: মাননীয় স্পীকার স্যার, ও'রা তো অনেক সময় দু' একটা কথা ভাল বলেন। মাননীয় জ্ঞান সিং সোহনপাল যে অ্যামেন্ডমেন্ট এখানে রাখলেন, তার ফেবারে আমি আমার অ্যামেন্ডমেন্ট উইথড্র ক'রে নিচ্ছি।

(এ ভয়েস: বেশ!)

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় স্পীকার স্যার, আমি মাননীয় জ্ঞান সিং সোহনপালের অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করছি। আর অন্যদের গুলো ১৩৩, ১৩৪, ১৩৫ ইত্যাদি অ্যামেন্ডমেন্ট-গুলো গ্রহণ করছি না—অপোজ করছি।
You cannot trust them with so much responsibility, so, I do not accept that.

The motion of Shri Gyan Singh Sohanpal that in clause 86, for sub-clause (1), the following sub-clause be substituted, namely:

"(1) Any dispute relating to the affairs of a co-operative society or of the liquidator of a society shall be referred to the Registrar if the parties thereto are among the following, namely:

(a) the society, its managing committee, any past or present officer, agent or employee or the liquidator of the society; or

(b) a member, past member or person claiming through a member, past member or deceased member of the society; or

(c) a surety of a member, past member or deceased member of the society, whether such surety is or is not a member of the society; or

(d) any other co-operative society or any person having transactions with the concerned co-operative society or the liquidator of such society:

Provided that nothing in this sub-section shall apply to any dispute—

(a) regarding disciplinary action taken by a society or its managing committee against its paid employees, or

(b) between a society or its managing committee and its paid employees over terms and conditions of service of such employees and matters incidental or consequential thereto.".

was then put and agreed to.

The motions of Shri Shish Mohammad—

that in clause 86(1), line 4, for the word "Registrar" the words "District Co-operative Union in case of disputes of primary societies and State Co-operative Union in case of central and apex societies" be substituted, and

that in clause 86(2), line 3, for the word "Registrar" the words "District Co-operative Union in case of disputes of primary societies and State Co-operative Union in case of central and apex societies" be substituted,

were then put and a division taken with the following result:

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri

Noes

Adur Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Bandopadhaya, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Ramdas.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Basu, Shri Supriyo.
Bauri, Shri Durgadas.
Bera, Shri Rabindra Nath.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Sukumar.
Das Gupta, Dr. Santi Kumar.
Deshmukh, Shri Netai.
Doloi, Shri Rajani Kanta.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Halder, Shri Harendra Nath.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Patrash.
Karar, Shri Saroj.
M. Shaukat Ali, Shri.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Maity, Shri Prafulla.
Majhi, Shri Rup Sing.
Mandal, Shri Santosh Kumar.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Ahindra.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.

Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Sibdas.
Mukherjee, Shri Subrata.
Mukhopadhyaya, Shri Ajoy.
Naskar, Shri Arabinda.
Nurul Islam Molla, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Panja, Shri Ajit Kumar.
Paul, Shri Bhawani.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Mrigendra Naranyan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Nirad Kumar.
Saha, Shri Radha Raman.
Sahoo, Shri Prasanta Kumar.
Santra, Shri Sanatan.
Saren, Shri Dasarathi.
Sen, Dr. Anupam.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Debendra Nath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.
Khan Nasiruddin, Shri.

Abstentions

A. M. O. Ghani, Dr.
Ali Ansar, Shri.
Besra, Shri Manik Lal.
Bhattacharya, Shri Sakti Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Chakrabarti, Shri Biswanath.
Chattopadhay, Shri Gobinda.
Das, Shri Bimal.
Das Mohapatra, Shri Kamakhyanandan.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Halder, Shri Kansari.
Karan, Shri Rabindra Nath.
Lahiri, Shri Somnath.
Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Biswanath.

Murmu, Shri Rabindra Nath.
Panda, Shri Bhupal Chandra.
Sarkar, Shri Netaipada.

The Ayes being 3 and the Noes 77, the motions were lost.

The question that clause 86, as amended, do stand part of the Bill was the put and agreed to.

Clause 87

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that in clause 87(1), line 2 for the word "Registrar" the words "District Co-operative Union in case of primary societies and State Co-operative Union in case of central and apex societies" be substituted.

I also beg to move that in clause 87(1)(a), line 1, for the word "himself" the word "itself" be substituted.

I also beg to move that clause 87(1)(b) be omitted.

I also beg to move that in clause 87(1)(c), line 2, for the word "Registrar" the words "District Co-operative Union in case of disputes of primary societies and State Co-operative Union in case of central and apex societies" be substituted.

I also beg to move that in clause 87(2), line 1, for the word "Registrar" the words "District Co-operative Union in case of disputes of primary societies and State Co-operative Union in case of central and apex societies" be substituted;

I also beg to move that in clause 87(3), line 1, for the word "Registrar" the words "District Co-operative Union in case of disputes of primary societies and State Co-operative Union in case of central and apex societies" be substituted.

I also beg to move that in clause 87(4), line 3, for the word "Registrar" the words "District Co-operative Union in case of disputes of primary societies and State Co-operative Union in case of central and apex societies" be substituted.

I also beg to move that clause 87(5) be omitted.

[5-30—5-40 p.m.]

ডাঃ জয়নাল আবেদিনঃ মিঃ স্পীকার স্যার.ওঁরা রেজিস্ট্রারের থেকে ক্ষমতা দিতে বলেছেন ইউনিয়নকে যার ক্ষমতা নেই। ইউনিয়নের সে ক্ষমতা এবং শক্তি এসে থাকে রেজিস্ট্রার যে কোন সময়ে আন্ডার সেকসান ১০(বি) সে ক্ষমতা দিতে পারে। সুতরাং এর দরকার নেই। আই অপোজ দি অ্যামেন্ডমেন্ট।

The motions of Shri Timir Baran Bhaduri—

that in clause 87(1), line 2, for the word "Registrar" the words "District Co-operative Unions in case of primary societies and State Co-operative Union in case of central and apex societies" be substituted;

And

That in clause 87(1)(a), line 1, for the word "himself" the word "itself" be substituted;

And

That clause 87(1)(b) be omitted;

And

That in clause 87(1)(c), line 2, for the word "Registrar" the words "District Co-operative Union in case of disputes of primary societies and State Co-operative Union in case of central and apex societies" be substituted;

And

That in clause 87(2), line 1, for the word "Registrar" the words "District Co-operative Union in case of disputes of primary societies and State Co-operative Union in case of central and apex societies" be substituted;

And

That in clause 87(3), line 1, for the word "Registrar" the words "District Co-operative Union in case of disputes of primary societies and State Co-operative Union in case of central and apex societies" be substituted;

And

That in clause 87(4), line 3, fo· the word "Registrar" the words "District Co-operative Union in case of disputes of primary societies and State Co-operative Union in case of central and apex societies" be substituted;

And

That clause 87(5) be omitted.

ere then put and lost.

The question that clause 87, do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 88 to 94

The question that clauses 88 to 94, do stand part of the Bill, was then put and agreed to.

[5-30—5-40 p.m.]

Clause 95

Shri Bhupal Chandra Panda: Mr. Speaker, Sir, I beg to move that in clause 95(4), line 2, for the words "deal with" the words "dispose of" be substituted.

Shri Bhupal Chandra Panda: Sir, I beg to move that in clause 95(4), in line 3, after the word "application" the words "within two months from the date of receipt of such application" be inserted.

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, রুল-এ এই বিধান আছে, অতএব অ্যাজ অ্যাক্ট এটার প্রয়োজন নেই। আই অপোজ দি অ্যামেন্ডমেন্টস্।

The motions of Shri Bhupal Chandra Panda—

That in clause 95(4), in line 2, for the words "deal with" the words "dispose of" be substituted;

And

That in clause 95(4), in line 3, after the word "application" the words "within two months from the date of receipt of such application" be inserted,

were then put and lost.

The question that clause 95, do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 96 to 103

The question that clauses 96 to 103, do stand part of the Bill, was then put and agreed to.

Clause 104

Shri Ajit Kumar Ganguly: Mr. Speaker, Sir, I beg to move that in clause 104, in line 9, after the words "public auction" the words "after due notification to all members of the society concerned," be inserted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন পাবলিক অকসনের ব্যাপারে অনেক করাপসন হয়। সেইজন্য আমরা চেয়েছি অল মেম্বার যাতে এটা জানতে পারে তার জন্য বলেছি
after due notification to all members of the society concerned.
অবজেক্টস্ অ্যান্ড রিজনসে আছে সেটা শুধু আমি এখানে আকর্ষণ করছি।

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অজিতবাবু যে সংশোধনী তুলেছেন সেটা বাস্তব ক্ষেত্রে কখনও সম্ভব নয়.
All the members of the society
নোটিস দেবে
it will be duty of the society to notify to each member.
এটা সম্ভব নয়। সুতরাং এই অ্যামেন্ডমেন্ট আমি গ্রহণ করছি না।

The motion of Shri Ajit Kumar Ganguly that in clause 104, in line 9, after the words "public auction" the words "after due notification to all members of the society concerned", be inserted, was then put and lost.

The question that clause 104 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 105 to 108

The question that clauses 105 to 108 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 109

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that in clause 109, after the words "cause delivery of possession", the words "of property" be inserted.

Dr. Zainal Abedin: Sir, I accept the amendment.

The motion of Shri Gyan Singh Sohanpal that in clause 109 after the words "cause delivery of possession", the words "of property" be inserted, was then put and agreed to.

The question that clause 109, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 110

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that in clause 110, in sub-clause (2), after the word, figures and letter "section 14M", the words, figures and letter "or section 14Q" be inserted.

Dr. Zainal Abedin: Sir, I accept the amendment.

The motion of Shri Gyan Singh Sohanpal that in clause 110, in sub-clause (2), after the words, figures and letter "section 14M", the words, figures and letter "or section 14Q" be inserted, was then put and agreed to.

The question that clause 110, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 111 to 129

The question that clauses 111 to 129 do stand part of the Bill was then put and agreed to.

Clause 130

Shri Bhupal Chandra Panda: Sir, I beg to move that in clause 130(a), line 2, for the words "fifty rupees" the words "one hundred and fifty rupees" be substituted.

I also beg to move that in clause 130(b), line 2, for the words "fifty rupees" the words "one hundred and fifty rupees" be substituted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে, যেখানে ফিফটি রুপিস্—এই গরীব কর্মচারীদের ফিফটি রুপিসের অর্ধেক কেটে নিলে সেই বেচারারা একদম মারা যাবে। সেইজন্য বলছি, এখানে স্যালারিটা যদি ১৫০ টাকা করা হয়, তা হলে গরিব কর্মচারী যারা সার্ভিস করেন তাদের কিছুটা সুরাহা হয়। কাজেই মন্ত্রিমহাশয়কে এটা বিবেচনা ক'রে দেখতে বলছি।

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকাল বোধহয় ৫০ টাকা মাহিনা কারুর নেই। এইরকম অবস্থা হলেও ভুপালবাবু যখন বলেছেন তখন একেবারে কথাটা ফেলে দিতে পারি না।
Sir, I accept all the amendments.

The motion of Shri Bhupal Chandra Panda that in clause 130(a), line 2, for the words "fifty rupees" the words "one hundred and fifty rupees" be substituted, was then put and agreed to.

The motion of Shri Bhupal Chandra Panda that in clause 130(b), line 2, for the words "fifty rupees" the words "one hundred and fifty rupees" be substituted, was then put and agreed to.

The question that clause 130, as amended, do stand part of the Blil was then put and agreed to.

[5-40—5-50 p.m.]

Clause 131

Shri Bhupal Chandra Panda: Sir, I beg to move that in clause 131(3), line 1, for the word "Registrar" the words "State Government" be substituted.

Dr. Zainal Abedin: Sir, I regret that I cannot accept the amendment.

The motion of Shri Bhupal Chandra Panda that in clause 131(3), line 1, for the word "Registrar" the words "State Government" be substituted, was then put and lost.

The question that clause 131 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 132

The question that clause 132 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 133

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that in clause 133, in sub-clause (2), after the words "from orders", the words, "decisions or awards" be inserted.

Shri Bhupal Chandra Panda: Sir, I beg to move that in clause 133(1), in line 2, after the words "Co-operative tribunal" the words "within six months from commencement of the Act" be inserted.

মন্ত্রিমহাশয় বলেন, ট্রাইবুনাল ৬ মাসের মধ্যে করবেন এই প্রতিশ্রুতি দেন, তা হ'লে আমি উইথড্রও করতে পারি।

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জ্ঞানসিং সোহনপালজি যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন সেটা আমি গ্রহণ করছি, কিন্তু ভূপালবাবু যেটা বললেন, ট্রাইবুনাল গঠন করার প্রভিশন আছে। ৬ মাসের মধ্যে বলতে পারবো না। আমরা প্রভিশন রেখেছি। কাজেই এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করছি না।

The motion of Shri Gyan Singh Sohanpal, that in clause 133, in sub-clause (2), after the words "from orders", the words, "decisions or awards" be inserted, was then put and agreed to.

The motion of Shri Bhupal Chandra Panda that in clause 133(1), in line 2, after the words "Co-operative Tribunal" the words "within six months from commencement of this Act" be inserted, was then put and a division taken with the following result:

Ayes

A. M. O. Ghani, Dr.
Ali Ansar, Shri.
Besra, Shri Manik Lal.
Bhattacharjee, Shri Shibapada.
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Chakrabarti, Shri Biswanath.
Chattopadhay, Shri Gobinda.
Das, Shri Bimal.
Das Mohapatra, Shri Kamakhyanandan.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Halder, Shri Kansari.
Karan, Shri Sunil.
Lahiri, Shri Somnath.
Md. Shamsuzzoha, Shri.
Mondal, Shri Aftabuddin.
Mukherjee, Shri Biswanath.
Murmu, Shri Rabiadra Nath.
Panda, Shri Bhupal Chnadra.
Roy, Shri Aswini.
Sarkar, Shri Netaipada.
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran

Noes

Abdur Rauf Ansari, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Bauri, Shri Durgadas.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra
Chakrabarti, Shri Biswanath
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Sudhir Chandra.
Das Gupta, Dr. Santi Kumar.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Halder, Shri Harendra Nath.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Patrash.
Hemram, Shri Kamala Kanta.
Karar, Shri Saroj.
M. Shaukat Ali, Shri.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Maiti, Shri Braja Kishore.
Maity, Shri Prafulla.
Majhi, Shri Rup Sing.
Mandal, Shri Santosh Kumar.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Kashinah.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Ila.
Mohammad Dedar Baksh, Shri.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Sibdas.
Mukherjee, Shri Subrata.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurunnesa Sattar, Shrimati.
Panja, Shri Ajit Kumar.
Paul, Shri Sankar Das.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.

Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shri Jatindra Mohan.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Nirad Kumar.
Saha, Shri Radha Raman.
Sahoo, Shri Prasanta Kumar.
Santra, Shri Sanatan.
Saren, Shri Dasarathi.
Sen, Dr. Anupam.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Debendra Nath.
Sinha, Shri Panchanan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.
Khan Nasiruddin, Shri.

The Ayes being 25 and the Noes 74, the motion was lost.

The question that clause 133, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 134 *to* 141

The question that clauses 134 to 141 do stand part of the Bill was then put and agreed to.

Clause 142

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that—

(i) in paragraph (xvi) of sub-clause (2), for the words and figure "and sub-section (8)", the words and figures ", sub-section (8) and sub-section (10)" be substituted;

(ii) for sub-paragraph (h) of paragraph (lxviii) of sub-clause (2), the following sub-paragraph be substituted, namely:—

"(h) the form of sale certificate under section 108, and";

(iii) in sub-paragraph (i) of paragraph (lxviii) of sub-clause (2), for the words "by the Court of the property purchased", the words "of possession of the purchased property" be substituted.

(iv) in paragraph (lxxii) of sub-clause (2), after the words "land development bank", the words "or a society" be inserted.

Shri Bhupal Chandra Panda: I beg to move that the proviso to clause 142(1) be omitted.

I am not moving the other amendments.

Dr. Zainal Abedin: I accept the amendment moved by Shri Gyan Singh Sohanpal and I do not accept the amendment moved by Shri Bhupal Chandra Panda.

The motion of Shri Gyan Singh Sohanpal that in clause 142,—

(i) in paragraph (xvi) of sub-clause (2), for the words and figure "and sub-section (8)", the words and figures ", sub-section (8) and sub-section (10)" be substituted;

(ii) for sub-paragraph (h) of paragraph (lxviii) of sub-clause (2), the following sub-paragraph be substituted, namely:—

"(h) the form of sale certificate under section 108, and";

(iii) in sub-paragraph (i) of paragraph (lxviii) of sub-clause (2), for the words "by the Court of the property purchased", the words "of possession of the purchased property" be substituted;

(iv) in paragraph (lxxii) of sub-clause (2), after the words "land development bank", the words "or a society" be inserted,

was then put and agreed to.

The motion of Shri Bhupal Chandra Panda that the proviso to clause 142(1) be omitted was then put and a division taken with the following result:—

Ayes

A. M. O. Ghani, Dr.
Ali Ansar, Shri.
Besra, Shri Manik Lal.
Bhattacharjee, Shri Shibapada.
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Chakrabarti, Shri Biswanath.
Chattopadhay, Shri Gobinda.
Das, Shri Bimal.
Das Mohapatra, Shri Kamakhyanandan.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Halder, Shri Kansari.
Karan, Shri Rabindra Nath.
Lahiri, Shri Somnath.
Mandal, Shri Arabinda.
Md. Shamsuzzoha, Shri.
Mukherjee, Shri Biswanath.
Murmu, Shri Rabindra Nath.
Panda, Shri Bhupal Chandra.
Roy, Shri Aswini.
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.

Noes

Abdur Rauf Ansari, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Bauri, Shri Durgadas.
Bijali, Dr. Bhupen.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Sudhir Chandra.

De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Doloi, Shri Rajani Kanta.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Ghiasuddin Ahmed, Shri.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Halder, Shri Harendra Nath.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Patrash.
Hemram, Shri Kamala Kanta.
M. Shaukat Ali, Shri.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Maiti, Shri Braja Kishore.
Maity, Shri Prafulla.
Majhi, Shri Rup Sing.
Mandal, Shri Santosh Kumar.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra. Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Molla Tasmatulla, Shri.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Sibdas.
Mukherjee, Shri Subrata.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurunnesa Sattar, Shrimati.
Panja, Shri Ajit Kumar.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jatindra Mohan.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Nirad Kumar.
Saha, Shri Radha Raman.
Sahoo, Shri Prasanta Kumar.
Santra, Shri Sanatan.
Saren, Shri Dasarathi.
Sen, Dr. Anupam.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Debendra Nath.
Sinha, Shri Panchanan.
Sinha Roy, Shri Bhawani Prosad.

Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.
Khan Nasiruddin, Shri.

The Ayes being 24 and the Noes 72, the motion was lost.

The question that clause 142, as amended, do stand part of the Bill was then put and agreed to.

First Schedule

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that in the First Schedule, under column 2 against serial 1, for the figures "39(1)", the figures "39(2)" be substituted.

Dr. Zainal Abdein: Sir, I accept the amendment.

The motion of Shri Gyan Singh Sohanpal that in the First Schedule, under column 2 against serial 1, for the figures "39(1)" the figures "39(2)" be substituted, was then put and agreed to.

The question that First Schedule, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Second Schedule

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that in Second Schedule,—

(i) for the entry under column 3 against serial 1, the following entry be substituted, namely:

"By the Certificate Officer as a public demand upon requisition by the Registrar or with his approval by the audit officer, or in the case of section 129, by the Registrar.";

(ii) for the entry under column 3 against serial No. 4, the following entry be substituted, namely:

"By the Certificate Officer as a public demand upon requisition by the society or by the Registrar,";

(iii) in the entry under column 3 against serial No. 5, for the words "upon requisition by the society.", the words "upon requisition by the society or by the Registrar," be substituted.

Dr. Zainal Abedin: Sir, I accept the amendment.

The motion of Shri Gyan Singh Sohanpal that in the Second Schedule,—

(i) for the entry under column 3 against serial 1, the following entry be substituted, namely:

"By the Certificate Officer as a public demand upon requisition by the Registrar or with his approval by the audit officer, or in the case of section 129, by the Registrar.";

(ii) for the entry under column 3 against serial No. 4, the following entry be substituted, namely:

"By the Certificate Officer as a public demand upon requisition by the society or by the Registrar,";

(iii) in the entry under column 3 against serial No. 5, for the words "upon requisition by the society.", the words "upon requisition by the society or by the Registrar," be substituted

was then put and agreed to.

The question that Second Schedule, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Third Schedule

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that in the Third Schedule,—

(i) for the serial numbers 3, 4, 5, 6, 7 and 8 and the entries relating thereto, the following serial numbers and the entries relating thereto be substituted, namely:

"3	An order of dissolution or disqualification under section 25 or an order under section 26 dissolving a Managing Committee and appointing an Administrator or Administrators to manage the affairs of a society.	By any member of the Managing Committee: to the State Government or the Co-operative Tribunal when it is constituted.	Two months from the date on which the order is communicated to the society.
4	An entry in or omission from the map, or the statement of irrigable area or on protected area prepared under section 19.	By any person aggrieved; to the Collector.	One month from the date of publication of the statement.
5	Assessment of water-rate or embankment protection rate under section 49.	By any person aggrieved: to the Registrar	One month from the date of assessment.
6	Any refusal by a society to admit an applicant as a member thereof under sub-sections (*3*) and (*4*) of section 59.	By the applicant aggrieved; to the Registrar.	Within the period referred to in sub-section (*4*).
7	A final order of amalgamation of two or more co-operative societies under section 76.	By any member of any of the societies: to the State Government or to the Co-operative Tribunal when it is constituted.	Two months from the date on which the final order is communicated to the society of which the appellant is a member.
8	A final order of division or of transfer of assets and liabilities of a co-operative society under section 7.	By any member of the society: to the State Government or the Co-operative Tribunal when it is constituted.	Two months from the date on which the final order is communicated to the society.";

(ii) in the entry under column 4 against serial number 9, the comma and the words ", decision or award" be omitted;

(iii) for the entry under column 3 against serial number 10, the following entry be substituted, namely:

"By any person aggrieved; to the Tribunal, and until the Tribunal is constituted by the State Government—

(a) if passed by the Registrar; to the State Government; or

(b) if passed by any other person; to the Registrar.";

(iv) for the entry under column 2 against serial number 13, the following entry be substituted, namely:—

"An order passed under section 127, section 128 or section 129.".

Shri Bhupal Chandra Panda: Sir, I do not move my amendment.

Dr. Zainal Abedin: Sir, I accept the amendment of Shri Gyan Singh Sohanpal.

The motion of Shri Gyan Singh Sohanpal that in the Third Schedule,—

(i) for the serial numbers 3, 4, 5, 6, 7 and 8 and the entries relating thereto, the following serial numbers and the entries relating thereto be substituted, namely:

"3	An order of dissolution or disqualification under section 25 or an order under section 26 dissolving a Managing Committee and appointing an Administrator or Administrators to manage the affairs of a society.	By any member of the Managing Committee; to the State Government or the Co-operative Tribunal when it is constituted.	Two months from the date on which the order is communicated to the society.
4	An entry in or omission from the map, or the statement of irrigable area or on protected area prepared under section 49.	By any person aggrieved; to the Collector.	One month from the date of publication of the statement.
5	Assessment of water-rate or embankment protection rate under section 49.	By any person aggrieved; to the Registrar.	One month from the date of assessment.
6	Any refusal by a society to admit an applicant as a member thereof under sub-section (3) and (1) of section 59.	By the applicant aggrieved; to the Registrar.	Within the period referred to in sub-section (1).
7	A final order of amalgamation of two or more co-operative societies under section 76.	By any member of any of the societies: to the State Government or to the Co-operative Tribunal when it is constituted.	Two months from the date on which the final order is communicated to the society of which the appellant is a member.
8	A final order of division or of transfer of assets and liabilities of a co-operative society under section 77.	By any member of the society; to the State Government or the Co-operative Tribunal when it is constituted.	Two months from the date on which the final order is communicated to the society.";

(ii) in the entry under column 4 against serial number 9, the comma and the words ", decision or award" be omitted;

(iii) for the entry under column 3 against serial number 10, the following entry be substituted, namely:

"By any person aggrieved; to the Tribunal, and until the Tribunal is constituted by the State Government—

(a) if passed by the Registrar; to the State Government; or

(b) if passed by any other person; to the Registrar.";

(iv) for the entry under column 2 against serial number 13, the following entry be substituted, namely:—

"An order passed under section 127, section 128 or section 129.",

was then put and agreed to.

The question that the Third Schedule, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Fourth Schedule and Preamble

The question that the Fourth Schedule and Preamble do stand part of the Bill was then put and agreed to.

[6-00—6-14 p.m.]

Dr. Zainal Abedin : Sir, I beg to move that the West Bengal Co-operati Societies Bill, 1973, as settled in the Assembly be passed.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার ১ বছর অতিক্রমের প এই বিধানসভায় জনসাধারণের কাছে আমাদের প্রদত্ত প্রতিশ্রুতি পূরণের একটা বলিষ্ঠ পদক্ষে এবং শক্তিশালী পদক্ষেপের ব্যবস্থা হিসাবে সমবায় সংক্রান্ত যে বিল মাননীয় সকল সদস্যদে সহযোগিতায় সেটেলড হ'লে আমি আশা করব মাননীয় সদস্যরা একে বিনা দ্বিধায় সমর্থ করবেন। শুধু আইন পাশ ক'রে, আমি আমার প্রারম্ভিক ভাষণে বলেছি যে, সমবায় সাফল মণ্ডিত করা যায় না। সমবায়ের রূপে এবং ব্যর্থ স্তরের দুর্নীতি দূর করার জন্য কিছু কঠো আইনের প্রয়োজন। এটাকে যদি জনসাধারণের আন্দোলন ক'রে তুলতে না পারি, জনসাধারণে সার্বজনীন প্রয়াস ক'রে তুলতে না পারি, তা হ'লে সমবায় ব্যবস্থা সফল হতে পারে না। সেজ সকল মাননীয় সদস্যের কাছে এবং এই হাউসের মারফত সারা পশ্চিমবঙ্গের সমস্ত নরনারী কাছে আমি আবেদন রাখব, আজকে সমবায়কে যেন মানুষ জীবনদর্শন হিসাবে গ্রহণ করেন সমবায় পদ্ধতিতে আজকে আমাদের শুধু উৎপাদনই নয়, আমাদের শিল্প উৎপাদনের দিবে নজর রাখতে হবে। এইজন্য এই আইনে ইঞ্জিনিয়ার্স সোসাইটি এবং বিশেষ বিশেষ কিছু সোসাইটির যে বিষয় সাধারণভাবে ব'লে দেওয়া আছে, অন্ততঃ দেওয়ার ব্যবস্থা আছে, ইঙ্গি আছে, সেই ব্যবস্থা কাজে লাগিয়ে আমাদের সামনে যে বিরাট কর্ম সংস্থানের সমস্যা সেই কর্ম সংস্থানের সমস্যা আমরা সমাধান করতে পারব এইরকম মনোভাব এবং দৃষ্টিভঙ্গি নিয়ে আমর সবাই যেন কাজ করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই বলেছি আজকে কোন আইন বয়ান, কোন ব্যবস্থা দিয়ে একটা সমাজের রূপ পরিবর্তন করা যায় না। একটা যুগ, শতাব্দি পরিবর্তন আসে মানুষের ধ্যান, ধারণা, চিন্তা দিয়ে। আমি সেজন্য আজকে সমস্ত চিন্তাশী মানুষকে অনুরোধ করব, তাঁরা যেন এর আরো উন্নয়নের জন্য প্রচার এবং এই সম্বন্ধে বিভি আলোচনা, সেমিনার, সিমপোসিয়াম, শিক্ষা, প্রশিক্ষণ একসঙ্গে চালিয়ে সমবায় আন্দোলনকে দেশের মানুষের কাছে জনপ্রিয় ক'রে তুলেন। আমাদের দেশে, সারা ভারতবর্ষের কথা বলছি সমস্ত অঙ্গরাজ্যগুলিকে ভাগ করা হয়েছে ইন পয়েন্ট অব কো-অপারেটিভ সাকসেস, এ বি সি ক্যাটিগোরিতে। আজকে বিহার, উড়িষ্যা, পশ্চিমবঙ্গ এবং আসাম এই ৪টি রাজ্যকে এক ব্র্যাকেটে নামিয়ে সি ক্যাটিগোরিতে ফেলা হয়েছে। আমাদের বোধ ইন পয়েন্ট অব এগ্রিকালচারাল ক্রেডিট, ইন পয়েন্ট অব ইন্ডাস্ট্রি এবং আমাদের ইঞ্জিনিয়ারিং শিল্পে সমবায়ের অবদান খুব নগণ্য। আজকে সেজন্য আমি বলব যে, বাংলার অর্থনীতি যদি মূলতঃ কৃষিভিত্তিক হয় এবং সরকারের যে কোন সংগতি সীমা থেকে অর্থনৈতিক সংস্থান যদি সীমিত থাকে, তা হ'লে কিন্তু সমবায়ের দরজা খোলা, একটা ব্যবস্থা অত্যন্ত উদার যে, এর কোন লিমিট নেই।

সমবায় প্রথায় দাদন, নিয়োগ এবং লগ্নীর কোন সীমা নেই, যদি আমরা ঠিকমত পরিচালনা করতে পারি। সেইজন্য একদিকে এগ্রিকালচারাল ক্রেডিট স্ট্রাকচার স্ট্রেংথেন ক'রে ক্রেডিট ফেসিলিটিস টু দি ফার্মার্স অব ওয়েস্ট বেঙ্গল যেমন আমরা বাড়াতে পারি, ঠিক তেমনি অন্য দিকে এই যে বৃহৎ বেকারী রয়েছে তাতে সমবায়ের মাধ্যমে বিভিন্ন রকম ছোট বড় স্কীম নিয়ে আমরা সমবায়ভিত্তিক শিল্প গ'ড়ে তুলতে পারি। আজকে সমাজের যে সমস্যা, বাজারের যে সমস্যা, উঁচু দরের সমস্যা অর্থাৎ রাইজ অব প্রাইস এটা নিয়ন্ত্রণ করা যায়। আমরা ১৯৬২ সালে চীনের যুদ্ধের পর কনজিউমার্স সোসাইটি, হোলসেল কনজিউমার্স, কনজিউমার্স ফেডারেসন প্রভৃতি নানা পরিকল্পনা নিয়েছি, কিন্তু আমরা দেখেছি এতে সব সময় প্রাইস কন্ট্রোল করা যায় না। আজকে আমাদের সমবায়ভিত্তিক কোন উৎপাদন নেই, সেইজন্য আমাদের সরকারী এবং বেসরকারী উদ্যোগের উপর নির্ভর করতে হয়। কিন্তু প্রশ্ন হচ্ছে যখন বাজারে ডিম্যান্ড কম থাকে, তখন এ'রা যোগান দেয় এবং বাজারে যখন ডিম্যান্ড বেশী থাকে, তখন এ'রা যোগান দেয় না। কাজেই আমাদের সমবায়ভিত্তিক উৎপাদন গ'ড়ে তুলতে হবে। মহারাষ্ট্রে ৪৬টি সুগার মিল ছিল এবং আমাদের এখানে ৩৮টি রাইস মিলের পরিকল্পনা ছিল। আজকে আমাদের প্রোসেসিং ইউনিট নেই ব'লে কৃষকরা ক্ষীণ এবং দুর্বল। সেইজন্য আমি আজকে সকলের কাছে সহযোগিতা চাইব এবং এই আবেদন রাখব, আজকে সমবায় বিলের যে আলোচনা হচ্ছে তাতে আমাদের মতান্তর ঘটতে পারে, কিন্তু মনান্তর যেন না ঘটে। আমি আপনাদের সব

সাজেসনস্ এবং সংশোধনী গ্রহণ করতে পারি নি, কিন্তু আমি এই আবেদন রাখছি, বিধানসভার বাইরে যখন আমরা একসঙ্গে কাজ করব, তখন আমরা বিধানসভায় একমত হতে পারি নি ব'লে এই পার্থক্য যেন চিরস্থায়ী না করি। মোর্চার শরিক এবং সকল দলের সদস্যেরা যদি একসঙ্গে কাজ করি, পশ্চিমবাংলার জনসাধারণকে সমবায় পদ্ধতিতে যদি উদ্বুদ্ধ করতে পারি, তা হ'লে দেশের যে বিরাট সমস্যা, কি কর্মসংস্থানের সমস্যা, কি উৎপাদন সমস্যা, কি বিপণনের সমস্যা সমস্ত সমস্যাকে আমরা এফেকটিভলী অ্যান্ড সাকসেসফুলী কোপ আপ করতে পারব, মোকাবিলা করতে পারব এই ভরসা আমি রাখি। মননীয় সদস্যেরা এই বিলের আলোচনায় যে মূল্যবান বক্তব্য রেখেছেন তাতে আমি অনেকের সঙ্গে একমত না হ'লেও তাঁরা যে দৃষ্টিভঙ্গি নিয়ে তাঁদের নিজেদের বক্তব্য এখানে উপস্থিত করেছেন এবং আলোচনায় অংশগ্রহণ করেছেন তাতে আমি মনে করি সমবায়ের বিপুল উপকার হবে এবং এতে অনেক নূতন চিন্তাধারা আনতে পারবে। কাজেই আমি সকল সদস্যকে ধন্যবাদ জানাই এবং মাননীয় স্পীকার মহাশয়, আপনি যেভাবে আমাদের সুযোগ ক'রে দিয়েছেন তার জন্য আপনাকেও আমি ধন্যবাদ জানাই। আপনারা সকলে বিনা দ্বিধায় আমাদের এই সমবায় বিল পাশ ক'রে দেবেন এই আশা রেখে আমি এখানেই আমার কথা শেষ করছি। জয় হিন্দ।

The motion of Dr. Zainal Abedin that the West Bengal Co-operative Societies Bill, 1973, as settled in the Assembly be passed was then put and a division taken with the following results:

Ayes

Abdur Rauf Ansari, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Basu, Shri Ajit Kumar (Mid.).
Basu, Shri Supriyo.
Bauri, Shri Durgadas.
Bera, Shri Rabindra Nath.
Biswas, Shri Ananda Mohan.
Biswas, Shri Kartic Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Chattopadhay, Shri Sukumar.
Das, Shri Sudhir Chandra.
De, Shri Asamanja.
Deshmukh, Shri Netai.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Adya Charan.
Dutta, Shri Hemanta.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Halder, Shri Harendra Nath.
Hembram, Shri Sital Chandra.
Hembrom, Shri Patrash.
Hemram, Shri Kamala Kanta.
Karar, Shri Saroj.
M. Shaukat Ali, Shri.
Mahato, Shri Sitaram.
Mahapatra, Shri Harish Chandra.
Maiti, Shri Braja Kishore.
Maity, Shri Prafulla.
Majhi, Shri Rup Sing.
Mandal, Shri Santosh Kumar.

Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Molla Tasmatulla, Shri.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Moslehuddin Ahmed, Shri.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhaya, Shri Subrata.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurunnesa Sattar, Shrimati.
Panja, Shri Ajit Kumar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Quazi Abdul Gaffar, Shri.
Roy, Shri Bireswar.
Roy, Shri Debendra Nath.
Roy, Shrimati Ila.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Jatindra Mohan.
Roy, Shri Mrigendra Narayan.
Roy, Shri Santosh Kumar.
Saha, Shri Nirad Kumar.
Saha, Shri Radha Raman.
Sahoo, Shri Prasanta Kumar.
Santra, Shri Sanatan.
Saren, Shri Dasarathi.
Sen, Dr. Anupam.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha, Shri Debendra Nath.
Sinha, Shri Panchanan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Topno, Shri Antoni.
Wilson-de Roze, Shri George Albert.
Khan Nasiruddin, Shri.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstentions

A. M. O. Ghani, Dr.
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Chakrabarti, Shri Biswanath.
Das, Shri Bimal.
Das Mohapatra, Shri Kamakhyanandan.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Halder, Shri Kansari.

Karan, Shri Rabindra Nath.
Lahiri, Shri Somnath.
Mukherjee, Shri Biswanath.
Murmu, Shri Rabindra Nath.
Panda, Shri Bhupal Chandra.
Roy, Shri Aswini.
Sarkar, Shri Netaipada.

The Ayes being 72 and the Noes 3, the motion was carried.

Adjournment

The House was then adjourned at 6-14 p.m. till 1 p.m. on Friday, the 27th April, 1973 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 27th April, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 9 Ministers, 6 Ministers of State, 2 Deputy Ministers and 133 Members.

Oath or Affirmation of allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance, may kindly do so.

(There was none to take Oath.)

Starred Questions
(to which oral answers were given)

হোমগার্ড

*১১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *২০৫২।) **শ্রীরজনীকান্ত দলুই:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার হোমগার্ড-এ কর্মরত চাকুরিয়াদের চাকুরি স্থায়ী করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

(খ) সত্য হইলে, ঐ সিদ্ধান্ত কি; এবং

(গ) পশ্চিমবঙ্গে বর্তমানে কর্মরত হোমগার্ডের সংখ্যা কত?

ডাঃ মহম্মদ ফজলে হক: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) হোমগার্ডের স্যাংসান্ড স্ট্রেন্থ ৫০,০০০।

শ্রীরজনীকান্ত দলুই: আপনাদের হোমগার্ডরা কিভাবে চাকুরি করে এবং তাদের বেতন কত জানাবেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হক: হোমগার্ড সংস্থা হচ্ছে স্বেচ্ছাসেবী সংস্থা। সেখানে চাকুরি করে তারা সমস্তই অবৈতনিক এবং সরকারের যখন প্রয়োজন হয় তখনই তাদের নেওয়া হয়। তাদের একটা ডেলি ডিউটি অ্যালাউন্স দেওয়া হয়, কিন্তু একজ্যাক্টলি কত দেওয়া হয় তা এখন বলতে পারছি না, নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীরজনীকান্ত দলুই: এই যে ৫০ হাজার হোমগার্ড রয়েছে বা যাদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে, তাদের পার্মানেন্ট বা রেগুলার যদি করতে হয়, তা হলে অসুবিধা কি কি আছে?

ডাঃ মহম্মদ ফজলে হক: আমরা বলেছি যে, এদের মাঝে মাঝে আমরা অ্যাবজর্ভ করবার চেষ্টা করছি নূতন যখন কনস্টেবল রিক্রুট করা হয় তাতে। কিন্তু তাতে অসুবিধা হচ্ছে যে, হোমগার্ডদের প্রথম দিকে ঠিকমত পুলিসের যে মেজারমেন্ট লাগে সেইভাবে রিক্রুট করা হয় নি। সুতরাং পুলিসে তাদের নিতে গেলে দেখা যায় যে, তাদের মধ্যে অনেকের হয়ত হাইট নেই বা যতটা চেস্ট লাগবে তা নেই, কারণ এটা টেম্পোরারি এবং ভলান্টিয়ারি সার্ভিস বলে এতটা দেখে

দেওয়া হয় নি। তবে এদের পুলিসে রিক্রুট করবার সময় প্রেফারেন্স দেওয়া হচ্ছে এবং পরে হোমগার্ডদের রিক্রুট করার সময় মেজারমেন্ট দেখে নেওয়া হয়েছে যাতে ভবিষ্যতে তাদের পুলিসে নেওয়া যায় এবং আমরা কিছু কিছু হোমগার্ড পুলিসে অ্যাবজর্ব করেছি।

শ্রীরজনীকান্ত দলুই: নূতন হোমগার্ড রিক্রুটমেন্টের কোন পরিকল্পনা আছে কি?

ডাঃ মহম্মদ ফজলে হক: না এইরকম কোন পরিকল্পনা নেই।

পৌরসভাসমূহের পুনর্গঠন পরিকল্পনা

*১১৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২১০৯।) **শ্রীতপন চ্যাটার্জী:** মাননীয় পৌরকার্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় জানাইবেন কি, সি এম ডি এ এলাকার পৌরসভাগুলির কর আদায়, উন্নয়ন ও প্রশাসনিকক্ষেত্র সম্প্রসারণের জন্য 'বোরো কাউন্সিল'-এর ন্যায় পৌরসভাগুলি পুনর্গঠনের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: সমস্ত পৌর সভাগুলির কর আদায় ব্যবস্থার উন্নতি, উন্নয়ন প্রকল্প এবং প্রশাসনিক কাঠামো জোরদার করার প্রস্তাব সরকার বিবেচনা করছেন। এর বেশী এখন আর কিছু বলা যাবে না।

শ্রীতপন চ্যাটার্জী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, পৌর সভাগুলিকে, লোকসংখ্যার ভিত্তিতে সি এম ডি এ-এর অর্থ বরাদ্দ না করা হয়, তা হলে পৌর সভাগুলির সুষ্ঠুভাবে উন্নতি করা সম্ভব নয়?

শ্রীঅজিতকুমার পাঁজা: সরকার সর্বকিছু বিবেচনা করছে, সর্বকিছু বিবেচনা করে যাতে কর আদায় খুব তাড়াতাড়ি এবং বেশী করে হয়, প্রশাসনিক কাঠামো জোরদার করা হয়, তার জন্য সর্বকিছু দেখা হচ্ছে।

শ্রীতপন চ্যাটার্জী: পৌরসভাগুলিকে টুকরো টুকরোভাবে যদি থাকে, তা হলে কি সি এম ডি এ-এর অর্থ সুষ্ঠুভাবে............

Mr. Speaker: You have given an opinion first of all. Then you have placed a question. Now place a straight question or a supplementary in another way.

শ্রীতপন চ্যাটার্জী: আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই, পৌরসভাগুলি যদি টুকরো টুকরো ভাগে থাকে সি এম ডি এ-এর টাকা সুষ্ঠুভাবে ব্যয়িত হবে না, পরিকল্পিত-ভাবে কাজ হবে না, তা হলে সি এম ডি এ-এর টাকা সুষ্ঠুভাবে তো ব্যয়িত হবে না?

শ্রীঅজিতকুমার পাঁজা: যে সমস্ত এলেকাগুলি সি এম ডি এ এলেকার মধ্যে রয়েছে, সেগুলি একত্র করে সেন্ট্রেলাইজড অ্যাডমিনিস্ট্রেশন করে সেখানে অর্থ দিয়ে আরও বেশী করে ভার দিয়ে ডিসেন্ট্রেলাইজ করে দেওয়া হয় পরে তাতে ভাল হবে কিনা, সেন্ট্রালী কন্ট্রোল করা হবে কিনা সেটা আমাদের ভাবিয়ে তুলেছে, এই নিয়ে আলোচনা চলছে।

শ্রীতপন চ্যাটার্জী: সি এম ডি এ-এর সঙ্গে পৌরসভার যোগসূত্র কিভাবে হয় জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজা: অনেক সময় যে কাজগুলি হয়, এক একটা ডিপার্টমেন্ট যেমন স্বাস্থ্য বিভাগের যিনি লিয়াঁসো অফিসার আছেন, তার মাধ্যমে হয়, এক এক সময় বিভিন্ন বিভাগের মন্ত্রী যেমন স্বাস্থ্য মন্ত্রী এবং পৌর বিভাগের মন্ত্রীর মধ্যে, পি ডবলিউ ডি-এর মন্ত্রী এবং পৌর বিভাগের মন্ত্রীর মধ্যে, অর্থমন্ত্রী এবং পৌর বিভাগের মন্ত্রীর মধ্যে আলোচনার মাধ্যমে চালান হচ্ছে।

শ্রীতপন চ্যাটার্জীঃ যে রাস্তাগুলি সি এম ডি এ করছে, সেই রাস্তাই পি ডবলিউ ডি করছে, সেই রাস্তাই আবার মিউনিসিপ্যালিটির টাকায় হচ্ছে, আমার মনে হয় সি এম ডি এ এবং সরকারের মধ্যে যোগসূত্র নেই বলেই হচ্ছে, এই সম্পর্কে আলোকপাত করতে পারেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এই রকম খবর আমার জানা নাই।

রাজ্য সিভিল সার্ভিস-এর অফিসারদের চাকুরির অবস্থা ও প্রমোশন সম্পর্কে কমিটি

*১১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২০৪।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডবলিউ বি সি এস এবং ডবলিউ বি জে সি এস অর্থাৎ রাজ্য সিভিল সার্ভিস-এর অফিসারদের চাকুরির অবস্থা ও প্রমোশন সম্পর্কে হাজরা কমিশনের রিপোর্টের পরিপ্রেক্ষিতে সরকার গত ১লা মার্চ, ১৯৭২ তারিখে এস এম ভট্টাচার্যকে নিয়ে একজন সদস্য বিশিষ্ট যে কমিটি গঠন করেছিলেন সেই কমিটির রিপোর্ট প্রকাশিত হয়েছে কিনা; এবং

(খ) হয়ে থাকলে, (১) তার রিপোর্ট কি, ও (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করেছেন?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ (ক) শ্রী এস এম ভট্টাচার্য তাঁর রিপোর্ট সম্প্রতি সরকারের নিকট পেশ করেছেন।

(খ) ঐ রিপোর্টটি এখন পরীক্ষা করে দেখা হচ্ছে। বর্তমানে রিপোর্টটির বিবরণ প্রকাশ করা সমীচীন হবে না।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ কবে নাগাত সমীচীন হবে?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ গত ৮ই মার্চ তারিখে আমরা পুঙ্খানুপুঙ্খরূপে দেখছি, যত তাড়াতাড়ি পারব, আমরা প্রকাশ করব।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করে দেখার পর রিপোর্ট প্রকাশ করার প্রয়োজন হবে কিনা, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ এখন কি করে বলব, পরীক্ষা করার পর জানা যাবে, তা হলে তো উত্তর দিতে পারতাম।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ যতটা পরীক্ষা করেছেন তাতে কি মাননীয় মন্ত্রিমহাশয় বুঝতে পেরেছেন এই রিপোর্ট পেশ করা সমীচীন হবে কিনা?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ এখন বলা সম্ভব নয়।

বাঁকুড়া জেলার তালডাংরা থানার বিভিন্ন অঞ্চলে চুরিডাকাতি

*১১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯৮।) **শ্রীফণিভূষণ সিংহ বাবুঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলার তালডাংরা থানায় খাতমোলী, শালতোস ও আমডাংরা অঞ্চলে চুরিডাকাতি সম্প্রতি বৃদ্ধি পাইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, উহা প্রতিরোধ করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ (ক) সামান্য বৃদ্ধি পাইয়াছে।

(খ) এই প্রসঙ্গে ১১ ব্যক্তিকে গ্রেপ্তার এবং কিছু অপহৃত দ্রব্য উদ্ধার করা হইয়াছে। নূতন প্রতিরোধবাহিনী গঠন এবং পুরানো প্রতিরোধবাহিনীগুলিকে পুনর্গঠিত করা হইয়াছে।

শ্রীফনীভূষণ সিংহবাবুঃ বৃদ্ধি পেয়েছে ব'লে মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, এই ঘটনা ঘটেছে পরশু দিন আমি জানি, পুলিস মহল থেকে কোন ব্যবস্থা অবলম্বিত হয় নি, কবে নাগাত নেওয়া হবে, কবে নাগাত কমতে পারে বলবেন কি?

[1-10—1-20 p.m.]

ডাঃ মহম্মদ ফজলে হকঃ আমি তো বলেছি আগে যে রেকর্ড ছিল, তা থেকে অতিসামান্যই বৃদ্ধি পেয়েছে। এ পর্যন্ত ৫টি কেস হয়েছে যা আমরা রেকর্ড করেছি। রেকর্ড হয় নাই এমন কোন কেস মাননীয় সদস্যের জানা থাকলে আমাকে জানাবেন, আমি তার উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবো।

শ্রীফণীভূষণ সিংহবাবুঃ আমি জানি এই অপরাধ যারা করছে তাদের একটা গ্যাং আছে, লক্ষ্মণ কিসকু তার একটা গ্যাং আছে। পুলিস তাকে চুরি-ডাকাতি করার সুযোগ ক'রে দিচ্ছে কিনা, একথা কি মন্ত্রিমহাশয় জানেন?

ডাঃ ফজলে হকঃ মাননীয় সদস্যের জানা থাকলে আমাকে লিখিতভাবে জানাবেন, আমি উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবো।

পলাশী রেলস্টেশনে সংঘটিত ডাকাতির তদন্ত

*১১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬৫।) **শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৭১ সালের মে মাসে পলাশী রেলস্টেশনে যে ডাকাতি হইয়াছিল সে সম্পর্কে রাজ্য সরকার হইতে কোন তদন্ত করা হইয়াছিল কি;

(খ) হইলে, (১) কে তদন্ত করিয়াছিলেন, ও (২) এ বিষয়ে কোন রিপোর্ট সরকারের নিকট আসিয়াছে কিনা; এবং

(গ) রিপোর্ট আসিলে, তাহা কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ (ক) ১৯৭১ সালের মে মাসে পলাশী রেল স্টেশনে কোন ডাকাতির সংবাদ পুলিসের কাছে আসে নাই।

(খ) (১ ও ২) এবং (গ) প্রশ্ন উঠে না।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ ঐ পলাশী রেল স্টেশনে রেলের মালচুরির সংবাদ কি সরকারের কাছে আসে নি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ এখানে প্রশ্ন করা হয়েছে ডাকাতির। গত ১২ই মে, ১৯৭১ তারিখে নদীয়া জেলার পলাশী রেল স্টেশনের থেকে চুরি করা সম্পত্তি পুলিসবাহিনী উদ্ধার করবার জন্য কয়েকটি গুদামে তল্লাসী করতে গেলে কিছু লোক সেখানে বাধার সৃষ্টি করে এবং পুলিসকে গুলি চালাতে হয়। ফলে কিছু লোক আহত হয়। কোন ডাকাতি সেখানে হয় নাই।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ ওখানে রেলের মাল চুরি হয়েছিল একথা কি আপনার জানা আছে?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ আমি তো বলেছি গত ১২ই মে, ১৯৭১ তারিখে পুলিসবাহিনী রেলের চুরি সম্পত্তি উদ্ধার করবার জন্য কয়েকটি গুদামে রেড করে এবং সেখানে কিছু লোক পুলিসের কাজে বাধা দেয়। ফলে পুলিসকে সেখানে গুলি চালাতে হয়।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ সে সম্বন্ধে ডিস্ট্রিক্ট মেজিস্ট্রেট কি সেখানে এনকোয়ারি করতে গিয়েছিলেন?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ তা জানা নাই। নোটিস দিলে বলতে পারবো।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায় যে ঘটনাকে কেন্দ্র করে এতবড় কান্ড ঘটে গেল তিনটি ছেলেকে মার্ডার করা হল। আর মন্ত্রিমহাশয় বলছেন, সেটা জানা নাই। ডি এম সেখানে এনকোয়ারি করতে গিয়েছিলেন। সে সম্বন্ধে এনকোয়ারি করে কি তিনি ডিপার্টমেন্টে রিপোর্ট দিয়েছিলেন?

ডাঃ ফজলে হকঃ সেখানে ডাকাতি হবার কোন সংবাদ পুলিসের কাছে আসে নাই। যে ঘটনার কথা উনি বলছেন, ৩ জন মারা গেছে, সেরকম রিপোর্ট আমার কাছে নাই। এটা আমার নোটিসে আনলে তদন্ত করতে পারি।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ আমার মূল প্রশ্নে ডাকাতির কথা ছিল না, রেলের মাল চুরির কথা ছিল। এই যে ঘটনা ঘটলে, তাতে রেলের মাল চুরি হয়েছিল কিনা?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ নিশ্চয়ই রেলের মাল চুরি হয়েছিল। সেই রেলের চুরি যাওয়া মালই পুলিস উদ্ধার করবার জন্য গিয়েছিল।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ সেই চুরি ধরার কোন ব্যবস্থা হয়েছে কি?

ডাঃ ফজলে হকঃ সেই চুরি করা মাল হয়ত, সেই গুদামে ছিল, যা পুলিস খবর পেয়ে রেড করতে যায়।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ আমার প্রশ্ন ছিল রেলের মাল চুরি হয়েছিল কিনা এবং চুরি হয়ে থাকলে, তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়েছিল কিনা?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ বল্লাম তো এই রকম কোন স্পেসিফিক ঘটনা আমার জানা নেই। তবে মাননীয় সদস্য যদি লিখিতভাবে দেন, আমি তদন্ত ক'রে দেখতে পারি।

অজয় নদীর উপর নূতন সেতু

*১১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯২।) **শ্রীসুব্রত মুখার্জি** (কাটোয়া)ঃ পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অজয় নদীর উপর কেতুগ্রাম থানার শাঁখাই গ্রাম থেকে কাটোয়া শহরে ন্যাশনাল হাইওয়ের সংযোগকারী সেতু তৈরির পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, কি নাগাত ঐ কাজ শুরু হইবে?

শ্রীভোলানাথ সেনঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রীসুব্রত মুখার্জিঃ (কাটোয়া)ঃ স্যার, আমরা এই ব্যাপারে আপনার কাছে প্রটেকসান চাচ্ছি। এই প্রশ্নটা অত্যন্ত মূল্যবান ছিল। আমরা যাতে সাপ্লিমেন্টারি করতে না পারি, সেই জন্য তিনি আমার প্রশ্নের উত্তর এইভাবে দিয়েছেন। আমি যে সেতুর কথা বলেছি সেটা সাধারণ মানুষের অত্যন্ত প্রয়োজনীয় এবং মন্ত্রিমহাশয়ও কথা প্রসঙ্গে সেটা বহুবার স্বীকার করেছেন।

Please do not make any comment, there is no question of any protection, there is no parikalpana.

শ্রীসুব্রত মুখার্জী: (কাটোয়া): এই প্রশ্নের ব্যাপারে আমাদের সাপ্লিমেন্টারী করার ইচ্ছা আছে সেটা মাননীয় মন্ত্রিমহাশয় জানেন। সেটা কি কারণে তিনি অস্বীকার করছেন? এই প্রস্তাব এখন বিবেচনাধীন নেই তার কারণ কি? আমরা কারণটা জানতে চাই।

শ্রীভোলানাথ সেন: অর্থ নেই।

শ্রীসুব্রত মুখার্জী: (কাটোয়া) প্রথমে মন্ত্রিমহাশয় বললেন বিবেচনাধীন নেই, পরে সাপ্লিমেন্টারীতে তিনি বললেন, সেতু করার অর্থ নেই। এর কারণটা কি দয়া ক'রে জানাবেন?

Mr. Speaker: The question does not arise.

শ্রীপ্রভাকর মন্ডল: মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে জানাবেন কি, কেতুগ্রাম থানা বর্ধমান জেলাতে অবস্থিত কিনা?

শ্রীভোলানাথ সেন: কেতুগ্রামে আমি সেদিন গিয়েছিলাম, এটা যে বর্ধমানে অবস্থিত সেটা আমার জানা আছে! পড়াশুনা তো একটু করেছি।

শ্রীপ্রভাকর মন্ডল: কেতুগ্রাম থেকে বর্ধমানে যাবার কোন রাস্তা আছে কিনা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীভোলানাথ সেন: রাস্তা আছে, তবে অনেক ঘুরে যেতে হয়। শুধু তাই নয়, আমি সেদিন কেতুগ্রাম থেকে বর্ধমানে গিয়েছিলাম গাড়ি করে।

শ্রীপ্রভাকর মন্ডল: সেটা কোন্ দিক দিয়ে গিয়েছিলেন?

শ্রীভোলানাথ সেন: কালনা দিয়ে গিয়েছিলাম।

Mr. Speaker: Question hour is over.

হাওড়া পৌর এলাকা হইতে কর আদায়ের পরিমাণ

*১১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯৮।) **শ্রীসরোজরঞ্জন কাঁড়ার:** পৌরকার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া পৌর এলাকার বর্তমান অধিকর্তা কে; এবং

(খ) ১৯৬৭ সাল হইতে ১৯৭২ সাল পর্যন্ত প্রতি বৎসর কত শতাংশ কর আদায় হইয়াছে?

শ্রীঅজিতকুমার পাঁজা: (ক) হাওড়া পৌর এলাকার বর্তমান অধিকর্তার নাম শ্রীমনীন্দ্রনাথ ব্যানার্জী।

(খ) ১৯৬৭ সাল হইতে ১৯৭২ সাল পর্যন্ত প্রতি বৎসর মোট কর আদায়ের শতাংশ নিম্নরূপ:—

বৎসর		কর আদায়ের শতাংশ
১৯৬৬-৬৭	...	৩০
১৯৬৭-৬৮	..	২৭·৩
১৯৬৮-৬৯	...	২৬
১৯৬৯-৭০	...	১৯·৮
১৯৭০-৭১	...	১৪·৫
১৯৭১-৭২	..	১১·৩

শ্রীসরোজরঞ্জন কাঁড়ারঃ বাকি কর আদায় না হওয়ার কারণ কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ কারণ নিশ্চয় আপনাদের মনে আছে। কারণ কিছুদিন আগে একটা বিল হয়েছিল তখন জানতে পেরেছেন যারা কালেকসান করেন তাদের মধ্যে কিছু গাফিলতি লক্ষ্য করা গিয়েছিল। তাই আমরা চেষ্টা করেছি একটা বিল এনে রিবেট দেওয়ার। রেট-পেয়ারসরা যাতে রিবেট পান সেইজন্য আপনাদের সকলের সমর্থন নিয়ে আইনটা পাশ করা হয়েছে। এবার আশা করা যাচ্ছে খুব তাড়াতাড়ি কর সংগ্রহ হবে।

শ্রীসরোজরঞ্জন কাঁড়ারঃ এর পিছনে একদল ব্যক্তি আছেন যারা কর দিতে বাধা দেন এবং জনসাধারণকে ভুল পথে চালনা করেন—এই বিষয়ে কি জানা আছে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এই রকম খবর আমাদের কাছে আসে নি।

শ্রীসরোজরঞ্জন কাঁড়ারঃ এই রকম খবর যদি আসে, মন্ত্রিমহাশয় কি ব্যবস্থা নেবেন?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ সুনির্দিষ্ট অভিযোগ যদি পাওয়া যায় ব্যবস্থা করা হবে।

সাংবাদিক গ্রেপ্তারের ব্যাপারে তদন্ত

***১১৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৩০।) **শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ** গত ২রা মার্চ ১৯৭৩ তারিখে প্রদত্ত তারকাচিহ্নিত *৩১৮নং (অনুমোদিত প্রশ্ন নং *৫২১) প্রশ্নোত্তর অনুসরণে স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত সাংবাদিক গ্রেপ্তার ব্যাপারে তদন্ত শেষ হইয়াছে কিনা;

(খ) তদন্ত শেষ হইয়া থাকিলে, তাহার ফলাফল কি; এবং

(গ) এই বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

আমতা থানায় দামোদর নদের উপর আমতা-বেতাই সংযোগকারী ব্রীজ

***১১৫৩।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৪৪।) **শ্রীআফতাবুদ্দিন মণ্ডলঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার আমতা থানার অন্তর্গত আমতা-বেতাই সংযোগের জন্য উক্ত এলাকায় দামোদর নদের উপর 'ব্রীজ' তৈরি করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাত এই পরিকল্পনার কাজ আরম্ভ হইবে?

কলিকাতা পুলিস বাহিনীতে আদিবাসী সি পি এবং সি এ পি

***১১৫৪।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩৩৮।) **শ্রীমানিকলাল বেসরাঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা পুলিসবাহিনীতে কতজন আদিবাসী সি পি এবং সি এ পি আছেন;

(খ) ইহাদের মধ্যে কতজন নায়েক ও হাবিলদার আছেন;

(গ) গত পাঁচ বৎসরের মধ্যে কতজন আদিবাসী পুলিসকে স্থায়ী ও সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে;

(ঘ) বরখাস্তের কারণ কি কি; এবং

(ঙ) বর্তমান সরকার ইঁহাদের পুনর্নিয়োগের কথা চিন্তা করিতেছেন কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ (ক)

সি পি	...	১৩৩
সি এ পি	...	৭৬৪

(খ)

হাবিলদার	...	১৩
নায়েক/ল্যান্স নায়েক	...	১৭৭

(গ) ১লা মার্চ ১৯৬৮ হইতে এ পর্যন্ত—(১) স্থায়িভাবে ২৯ জন এবং (২) সাময়িকভাবে ৩ জনকে বরখাস্ত করা হইয়াছে।

(ঘ) (১) ২৯ জনকে অননুমোদিত অনুপস্থিতি, দুর্বিনীত ব্যবহার এবং কর্তব্যে গাফিলতির দরুন বরখাস্ত করা হইয়াছে।

(২) ২ জন দণ্ডযোগ্য অপরাধে গ্রেপ্তার হওয়ার জন্য এবং ১ জন পুনঃ অননুমোদিত অনুপস্থিতি ও কর্তব্যে গাফিলতির দরুণ সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে।

(ঙ) না।

[1-20—1-30 p.m.]

শ্রীমানিকলাল বেসরাঃ এক একজন পুলিসকে যথাযথভাবে দক্ষ হতে গেলে কমপক্ষে ৬ মাসের ট্রেনিং দরকার হয়। আর এদের অন্ততঃপক্ষে ১০/১২ বছরের অভিজ্ঞতা এক একজনের আছে এবং এদেরকে সুদক্ষ পুলিস বলা চলে। এদের বিনা ওয়ার্নিং এবং বিনা নোটিসে বরখাস্ত করা হ'ল কেন মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ বিচার কর্তৃপক্ষের নোটিস অনুযায়ী করা হয়েছে এবং বরখাস্ত করার পরে আর তাদের পুনর্নিয়োগের প্রশ্নই আসে না। বেশীর ভাগ ক্ষেত্রে পুলিসের যে নির্ধারিত নিয়ম আছে সেই নিয়ম অনুস্মরণ করা হয়।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ কলকাতা পুলিস বিভাগের বর্তমানে সি পি-র সংখ্যা কত এবং সি এ পি-র সংখ্যা কত, সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ নোটিস দিলে বলতে পারবো।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি মনে করেন যে আদিবাসীদের জন্য সি পি এবং সি এ পি-তে রিজার্ভেসনের কোটা যা আছে সেটা মেনটেন করা হয়েছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ ঠিক জানি না। তবে আপনি যদি নোটিস দেন, তা হ'লে আমি এক্জাক্টলি জেনে বলতে পারি।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ এইটা আপনার জানা উচিত ছিল যে, এই রকম সাপ্লিমেন্টারি হবে এবং এ সম্বন্ধে আপনার অফিসারদের আপনাকে গাইড করা উচিত ছিল। কাজে কাজেই এই রকম সাপ্লিমেন্টারির জন্যই এইসব কোশ্চেনগুলি হয়। আপনি কি বিবেচনা ক'রে দেখবেন যাতে আদিবাসী এবং তফসিলী সম্প্রদায়ের জন্য সি পি এবং সি এ পি-তে যে কোটা আছে সেটা যাতে ফুলফিল হয়?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ নিশ্চয় দেখবো।

দার্জিলিঙে সার্কিট হাউস ও লিভ হোস্টেলে কতিপয় এম পি-দের থাকার আবেদন প্রত্যাখ্যান

***১১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *২২৫১।) শ্রীনারায়ণ ভট্টাচার্য** এবং **শ্রীদেবব্রত চ্যাটার্জি:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গত ১৫ই মার্চ হইতে ১৮ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত দার্জিলিং শহরে পি ডবলিউ ডি-এর সার্কিট হাউস্ ও লিভ হোস্টেল দুইটিতে লোকসভার মাননীয় সদস্যগণ শ্রীবিনয়কৃষ্ণ দাসচৌধুরী, শ্রীবিষ্ণুনারায়ণ শর্মা এবং রাজ্যসভার সদস্য শ্রী কে বি ছেত্রি অবস্থান করিতে চাহিয়াছিলেন কিন্তু তাঁহাদের ঐ স্থানে থাকিবার অনুমতি দেওয়া হয় নাই; এবং

(খ) অবগত থাকিলে, (১) ইহার কারণ কি, ও (২) ঐ সময় ঐ দুইটি সরকারী ভবনে কাহাদের থাকিবার অনুমতি দেওয়া হইয়াছিল?

শ্রীভোলানাথ সেন: (ক) গত ১৫ই মার্চ হইতে ১৮ই মার্চ ১৯৭৩ পর্যন্ত দার্জিলিং-এর "লীভ হোস্টেল"-এ অবস্থান করিতে চাহিয়া কোন আবেদনপত্র উল্লেখিত লোকসভা এবং রাজ্য-সভার মাননীয় সদস্যগণের নিকট হইতে পাওয়া যায় নাই, এবং এই সম্পর্কে পূর্ত বিভাগ কিছু অবগতও নহে। স্থানীয় "সার্কিট হাউস" পূর্ত বিভাগের কর্তৃত্বাধীনে নয়।

(খ) (১) উপরোক্ত পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন ওঠে না।

(২) ঐ সময়ে নিম্নলিখিত সংস্থা অফিসারকে "লীভ হোস্টেল"-এ থাকিবার অনুমতি দেওয়া হইয়াছিল:—

সুইট নং ১ ও ৪—চা পর্ষৎ

সুইট নং ২—জলপাইগুড়ি বিভাগের কমিশনার।

সুইট নং ৩—সরকারী মুদ্রণ অধিকর্তা।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—ঐ সময় লোকসভার মাননীয় সদস্য শ্রীবিনয়কৃষ্ণ দাসচৌধুরী এবং শ্রীবিষ্ণুনারায়ণ শর্মা, তিনি আসামের একজন বৃদ্ধ এম পি ঐ সার্কিট হাউস, লীভ হোস্টেল-এ জায়গা পাবার জন্য ওখানকার স্থানীয় কর্তৃপক্ষ যারা আছেন পি ডবলিউ ডি ওরা বিশেষভাবে অনুমোদন করেছিলেন, কিন্তু তা সত্ত্বেও জায়গা পান নি—ঐ এম পি স্বয় দার্জিলিং শহরে রাত ভোর কষ্ট ভোগ ক'রে টুরিস্টস্ লজে ছিলেন, এটা কি তিনি বলতে পারবেন?

শ্রীভোলানাথ সেন: আমি কিছু জানি না। শ্রীবিনয় দাসচৌধুরী আমাকে অনেক চিঠি লেখেন, আমি তাঁর সব চিঠির জবাব দেবার চেষ্টা করি। লীভ হোস্টেল কলকাতা থেকে অপারেটেড হয়। ওখানকার লোকের কোন ক্ষমতা নেই, আর সারকিট হাউস পি ডবলিউ ডি-র নয়। উনি যদি একটা টেলিগ্রাম ক'রে দিতেন, তা হ'লে ব্যবস্থা নেওয়া যেত। একটিও কাগজ নেই আমার দপ্তরে যা থেকে বলতে পারবো যে, কোন খবর উনি দিয়েছিলেন।

শ্রীমহম্মদ সফিউল্লা: কাগজ বা টেলিগ্রাম ছাড়া যদি কোন সংসদ সদস্য কিংবা বিধানসভার সদস্য আপনার পূর্ত বিভাগের কাছে গিয়ে হাজির হন তাদের কাউকে দেবার ব্যবস্থা করেন কিনা বা করবেন কিনা, জানাবেন?

শ্রীভোলানাথ সেন: .না, এটা সম্ভব নয়। তার কারণ হচ্ছে লীভ হোস্টেলে আমাদের মাত্র ৩/৪টি সুইট আছে, সেটা আগে থেকে বুক হয়ে থাকে, অফিসাররা যান এবং এম এল এ-রাও ইচ্ছা করলে যেতে পারেন। বিশেষ ক'রে অফিসাররা যদি দার্জিলিং-এ সরকারী কাজে আসেন ইচ্ছা করলে যেতে পারেন। কিন্তু আমাদের একটা চার্ট তো মেনটেন করতে হবে, ডিসিপ্লিন

তো মেনটেন করতে হবে। একজন লোক গিয়ে বলল, থাকবো, আর তার আগে থেকে চিঠিপত্র ঠিক ক'রে রেখেছে অন্য একজন এবং তিনি যখন মালপত্র নিয়ে এসে বলবেন, তখন কি করা হবে—কাজেই এই অব্যবস্থা তো চলতে পারে না।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় মন্ত্রিমহাশয় কি এ খবর জানেন যে, পূর্ত বিভাগের অনেক বাংলোর সিট বা রুম খালি থাকা সত্ত্বেও ইন্‌টেনসানালি রিফিউজ করা হয়?

শ্রীভোলানাথ সেন: ইন্‌টেনসানালি রিফিউজ করা হয় কিনা আমি জানি না। তবে কথা হ'ল আমি রিকোয়েষ্ট করব যে, যেগুলি সেন্ট্রালী অ্যাডমিনিস্টার্ড হয়, প্রত্যেকটি বিল্ডিংই কারুর না কারুর চার্জে থাকে। কাজেই তাকে একটানা চিঠি লিখলেই যথেষ্ট। তারপর রিফিউজড হ'লে দেখা যাবে যে, রিফিউজালটা কারণে হ'ল, না অকারণে হ'ল।

Incident in East End Apartments Co-operative Housing Society

***1156.** (Admitted question No. *2361.) **Shri Sunil Mohan Ghosh Maulik:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government is aware of the serious incident that took place on the 18th January, 1973, at East End Apartments Co-operative Housing Society at Ekdalia Place, Calcutta-19;

(b) if so, the details of the incident;

(c) whether the Government has made any enquiry into the matter;

(d) if so, the findings of the enquiry ; and

(e) the action taken or proposed to be taken by the Government in this regard?

Shri Subrata Mukhopadhaya: (a) Yes.

(b) A detailed statement is enclosed.

(c) The matter is under joint enquiry by Senior Calcutta Police and B.S.F. Officers.

(d) The enquiry is not yet complete.

(e) A case has already been started under section 324/114, I.P.C., vide Ballygunge P.S. Case No. 18, dated 18th January 1973. Further action will be considered, if necessary on receipt of enquiry report.

*Statement referred to in reply to clause 'b' of starred question No. *1156.*

(b) Between 6th January 1973 and 14th January 1973, four flats of a seven-storied building at 11/1B Ekdalia Place were allowed to be occupied temporarily by some BSF personnel for a short course of training by Shri Mritunjoy Chatterjee, Chairman of the East End Apartment Housing Society Ltd. There are altogether twenty-one flats (three in each floor) some of which were occupied by members of the above society. The BSF personnel were allowed to stay in four of the vacant flats in different floors of the buildings.

There was a dispute amongst the members of the Housing Society of premises No. 11/1N Ekdalia Place. The majority of them were against Shri Mritunjoy Chatterjee and earlier they passed a resolution of no-confidence against him and elected Shri A. K. Mukherjee as a parallel Chairman.

On 18th January 1973 at about 21-00 hrs. there was an exchange of hot words between Shri Mritunjoy Chatterjee and some members of the Society over the removal of some sanitary iron tubes from the said premises. Shri Mritunjoy Chatterjee claimed those sanitary fittings to be his own while the other members claimed those to be the property of the society. While the dispute was going on, it was alleged that Shri N. D. Goswami, Assistant Commandant of Headquarters, I.G., B.S.F., West Bengal, of 2B Lord Sinha Road, Calcutta-16, along with L/NK.6895 Rambakshi Singh of BSF came to the spot at about 22.00 hours 12 p.m. on 18th January 1973. Shri Goswami used his stick freely on the agitated gathering, aided and abeted by L/NK. Rambakshi Singh, causing injuries to (1) Shri Provat Kr. Sengupta (64 years), (2) Shri Narendra Nath Roy and (3) Shri Sanjib Sankar Choudhury, all of 11/1B Ekdalia Place. The first two persons were dressed and discharged from hospital while the third one did not receive any medical attention.

A case was started against Shri Goswami and L/NK. Rambakshi Singh on the complaint of Shri Narendra Nath Roy of 11/1B Ekdalia Place. This refers to Ballygunge P.S. Case No. 18, dated 18th January 1973 under section 324/114, I.P.C.

The I.G.B., B.S.F., West Bengal, 2B Lord Sinha Road, has been requested by the Deputy Commissioner of Police, South Division, Calcutta, for their production. Investigation of the case is proceeding.

শ্রীসুনীলমোহন ঘোষমৌলিকঃ এটা জানুয়ারি মাসের ঘটনা—৪ মাস হয়ে গেল। এটা একটা ইম্‌পর্টেন্ট ব্যাপার। ঐ পাড়ার লোকেরা সন্ত্রস্ত হয়ে আছে। বি এস এফ-এর লোকেরা রাত্রিবেলাতে যে রকম হ্যাভক ক্রিয়েট করেছিল জানেন। মন্ত্রিমহাশয় টাইমলি যাওয়াতে ফারদার ডিটোরিয়েসান হয় নি। তা না হ'লে ঐ পাড়ার কত লোক ব্যাটন চার্জ ও গুলিতে মরত সেটা ভালই জানেনই ৪ মাস হয়ে গেল এনকোয়ারী পর্যন্ত হ'ল না। তা ছাড়া শোনা যাচ্ছে, ঐ ভদ্রলোক অবস্থাপন্ন লোক। তিনি টাকা দিয়ে এই কেস ডিলে করাবার বা চাপা দেবার চেষ্টা করছেন। এ সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয় কিছু আলোকপাত করতে পারেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ আমি নিজে কেসটা দেখছি যাতে তাড়াতাড়ি রিপোর্ট পাওয়া যায়।

কলিকাতা পুলিসবাহিনীতে কনস্টেবল নিয়োগ

***১১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৭২।) দাশরথি সরেনঃ** স্বরাষ্ট্র (পুলিস) দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ২৬এ ফেব্রুয়ারি, ১৯৭২ তারিখে কলিকাতা পুলিসবাহিনীর রিক্রুটিং অফিসার মেদিনীপুর জেলার গোপীবল্লভপুরে গিয়ে কলিকাতা পুলিস-বাহিনীর কনস্টেবল পদে নিয়োগের জন্য ঐ এলাকায় কিছু ছেলেকে প্রাথমিকভাবে নির্বাচন করিয়াছিলেন;

(খ) সত্য হইলে, ঐ ছেলেদের মধ্যে কতজন ৫ই এপ্রিল, ১৯৭৩ পর্যন্ত নিয়োগপত্র পেয়েছেন; এবং

(গ) কবে নাগাত নির্বাচিত বাকি ছেলেদের কাছে নিয়োগপত্র পাঠানো সম্ভব হবে?

[1-30—1-40 p.m.]

ডাঃ মহম্মদ ফজলে হকঃ (ক) 'হ্যাঁ'।

(খ) ৫ই এপ্রিল, ১৯৭৩ পর্যন্ত একজনও নিয়োগপত্র পান নি। তবে ২রা মে ১৯৭৩ তারিখ হইতে কনস্টেবল সিপাহি পদে যোগদান করিয়া প্রশিক্ষণ লইবার জন্য চৌদ্দ জনকে সম্প্রতি নিয়োগপত্র পাঠানো হইয়াছে।

(গ) পদ খালি হইলে বাকী যোগ্য ছেলেদের কাছে নিয়োগপত্র পাঠানো হইবে।

শ্রীদাশরথী সোরেন: মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে, পদ খালি বাকি নির্বাচিত ছেলেদের নিয়োগ করা হবে। এটা কতদিনের মধ্যে নিয়োগ করা হবে, এই বিষয়ে আমরা কিছু আশা করতে পারি?

ডাঃ মহম্মদ ফজলে হক: বললাম তো যে, আমাদের পদ শূন্য হ'লে নিয়োগপত্র পাঠাবো, কতদিনের মধ্যে খালি হবে সেটা বলা সম্ভব নয়। তবে যখন খালি হবে, তখন পাঠানোর ব্যবস্থা করবো।

শ্রীদাশরথি সোরেন: মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এক মাসের মধ্যে কিংবা দু' মাসের মধ্যে নিয়োগপত্র পাঠাবেন, এই রকম কোন আশা দিতে পারেন?

ডাঃ মহম্মদ ফজলে হক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইভাবে কোন কিছু বলা আমার পক্ষে সম্ভব হচ্ছে না। তবে ১৪ জনকে আমরা পাঠিয়েছি এবং আরও ১৫ জন সিলেক্ট হয়ে রয়েছেন, পদ খালি হ'লে তখন পাঠানো হবে।

শ্রীদাশরথি সোরেন: কলকাতার পুলিস বাহিনীতে যে নিয়োগ করা হয়েছে, এর মধ্যে আদিবাসীর তরফ থেকে কতজন চান্স পেয়েছে?

ডাঃ মহম্মদ ফজলে হক: এই বিষয়ে নোটিস না দিয়ে আমার পক্ষে বলা সম্ভবপর নয়।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় এই যে নির্বাচন করবার জন্য হুকুম দিয়েছিলেন তার ভেতর আদিবাসী এবং তফসিলীদের ভেতর থেকে নেবার কোন ব্যবস্থা করেছিলেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা সকলেই জানেন যে, এই বিষয়ে গভর্নমেন্টের একটা স্ট্যান্ডিং অর্ডার আছে, ১৫ পার্সেন্ট শিডিউল্ড কাস্ট, ফাইভ পার্সেন্ট শিডিউল্ড ট্রাইবস্-এর ভেতর থেকে রিক্রুটমেন্ট করা হয়, সেটা যদি লঙ্ঘিত হয়ে থাকে, তা হ'লে কোন মাননীয় সদস্য যদি বিষয়টা আমাদের নোটিসে আনেন, তা হ'লে ব্যাপারটা দেখবো।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয়ের এটা কি কর্তব্য নয়, যখন এটার জন্য অ্যাডভার্টাইজমেন্ট করেছিলেন, সেটা সরকারী ডিপার্টমেন্ট থেকে প্রতিপালন করা হচ্ছে কিনা?

ডাঃ মহম্মদ ফজলে হক: আমাদের প্রতি জেলায় কিছু স্টাফ পাঠানো হয় তারা গিয়ে রিক্রুটমেন্ট করে ভ্যাকেন্সি অনুযায়ী। তবে অনেক ক্ষেত্রে ক্যান্ডিডেটদের মেজারমেন্ট প্রভৃতি ব্যাপারে যে সব নিয়ম আছে সেই রকম অনুযায়ী উপযুক্ত পাওয়া যায় না। তবে এই বিষয়ে কোন মাননীয় সদস্যের যদি কোন স্পেসিফিক কেস থাকে যে, শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবস্ ছেলেদের ইচ্ছা ক'রে বাদ দেওয়া হয়েছে, তা হ'লে আমার কাছে যথাযথভাবে জানালে আমি উপযুক্তভাবে ব্যবস্থা গ্রহণ করবো।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: মাননীয় সদস্যদের কি জানানো হয় যে, কত পার্সেন্ট নেওয়া হ'ল, কত পার্সেন্ট নেওয়া হ'ল না এবং কত পার্সেন্ট অ্যাপ্লিকেশন করেছিল, এই রকম কি সরকারের ব্যবস্থা আছে?

ডাঃ মহম্মদ ফজলে হক: এই রকম কোন ব্যবস্থা আমাদের নেই।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: তা যদি না থেকে থাকে, তা হ'লে সদস্যরা কি হাত গুণবে?

ডাঃ মহম্মদ ফজলে হক: এই রকম কোন প্রভিশন আমাদের নেই রিক্রুটমেন্টের ব্যাপারে তবে যদি আমাদের চিফ মিনিস্টারের কাছে বিষয়টা নোটিসে আনেন, তা হ'লে তাঁর ডিসিশন অনুযায়ী হবে। তবে বর্তমানে এই রকম কোন গভর্নমেন্ট অর্ডার নেই যে সদস্যদের জানাতে হবে।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় কি এই কথা বলবেন যে, তারা যে রিক্রুটমেন্ট করছেন, এটা তাদের দেখার কোন দায়িত্ব নেই?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: যদি কোন জায়গায় প্রতিপালন না হয়ে থাকে, তা হ'লে মাননীয় সদস্যদের দায়িত্ব হচ্ছে সেটা আমাদের দৃষ্টিগোচর করা এবং তখন আমাদের দায়িত্ব হ'ল সেটা দেখা এবং তার যথাযথ ব্যবস্থা অবলম্বন করা। মাননীয় সদস্য প্রশ্ন করছেন সদস্যদের জানাবার ব্যাপার নিয়ে। এই রকম কোন স্ট্যান্ডিং অর্ডার নেই যে, প্রত্যেক দপ্তরের বিষয়ে জানাতে হবে। কিন্তু এটা আমরা বাধ্য যদি কোন সদস্য জানতে চায়, তা হ'লে আমাদের তা জানাতে হবে।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: সরকারী যে সমস্ত নীতি বা নির্দেশ আছে সেগুলি ঠিকমত প্রতিপালন হচ্ছে কিনা বা সেটাকে ইমপ্লিমেন্ট করা কি মন্ত্রীর কাজ নয়, সেটা কি সদস্যদের কাজ?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এটা আমাদেরই কাজ, তবে প্রত্যেক জায়গায় প্রতিপালন হচ্ছে এটাই আমাদের স্বাভাবিক ধারণা। কোন জায়গায় যদি না হয়ে থাকে, তা হ'লে আমাদের ব্যবস্থা অবলম্বন করতে হবে। মাননীয় সদস্য যদি মনে করেন যে, কোন বিশেষ জায়গায় প্রতিপালন হচ্ছে না, তা হ'লে তাঁর দায়িত্ব আমাদের দৃষ্টি আকর্ষণ ক'রে ব্যবস্থা অবলম্বন করায় সাহায্য করা।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: আদিবাসীদের এবং তফসিলীদের চাকুরির ক্ষেত্রে তাদের কোটা ফুলফিল করা হয় না এই রকম অভিযোগ এই হাউসে বহুবার হয়েছে এবং যেখানে এই রকম হয়েছে সেখানে সরকারের দেখা উচিত কিনা, যাতে সেটা ফুলফিল করা হয়?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: নিশ্চয়ই দেখা উচিত। আমাদের কাছে কোন স্পেসিফিক কেস নেই, মাননীয় সদস্য কোন স্পেসিফিক কেস দিলে এবং যদি দেখা যায়, যে স্ট্যান্ডিং অর্ডার আছে সেটা সেখানে ইমপ্লিমেন্ট হচ্ছে না, তা হ'লে আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে, সেটা আমরা দেখব।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, এই রকম অভিযোগ পেলে দেখা উচিত, দেখা যদি উচিত হয়ে থাকে, তা হ'লে সেখানে দেখার জন্য আপনি কি ব্যবস্থা করেছেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: আমি বলেছি যে, সরকারের রিক্রুটমেন্ট পলিসিতে যা আছে ১৫ পারসেন্ট শিডিউলড কাস্টদের জন্য এবং আমরা সাধারণত ধ'রে নিই যে, এটা মানা হচ্ছে, এর বিরুদ্ধে আমাদের কাছে কোন অভিযোগ নেই। বিশেষ কোন জায়গার কথা বলা হয় নি এবং সেই রকম অভিযোগ সরকারের কাছে দেওয়াও হয় নি। কিন্তু আপনারা যদি বলেন যে, কোন জায়গায় স্ট্যান্ডিং অর্ডার ইমপ্লিমেন্ট হচ্ছে না, তা হ'লে আমরা নিশ্চয়ই দেখব।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় বলছেন যে, অভিযোগ পেলে দেখবেন যে, আদিবাসী এবং তফসিলীদের কোটা ফুলফিল হচ্ছে কিনা, তা আমি জিজ্ঞাসা করছি যে, আপনার কাছে কি এই ধরনের কোন অভিযোগ নেই?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: কোন সুস্পষ্ট অভিযোগ করা হয় নি।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: সুস্পষ্ট অভিযোগ এই হাউসেই হয়েছে, আপনি দয়া ক'রে জেনে নেবেন।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: দয়া ক'রে আপনি জানাবেন।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ আপনি হাউসের প্রসিডিংস্ দেখবেন, তা হ'লেই জানতে পারবেন অভিযোগ হয়েছিল কিনা।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ আপনারা নির্দিষ্ট অভিযোগ দিলে আমি দেখব।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ স্পীকার স্যার, আই ওয়ান্ট প্রটেকশন ফ্রম ইউ। স্যার, উনি যদি কোন কোশ্চেনের অ্যানসার অ্যাভয়েড ক'রে যান, তা হ'লে আমরা আপনার প্রটেকশন চাইব যাতে তিনি এইসব প্রশ্নের ঠিক মত উত্তর দেন।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় কোন সদস্যের প্রশ্নের উত্তর এড়িয়ে যেতে চাই না, সুতরাং এড়িয়ে যাওয়ার কোন প্রশ্নই ওঠে না। কারণ আমরা ফুল রেকর্ড প্রশ্নের উত্তরে দিতে চাই এবং এটা আমাদের অন্যতম কর্তব্য তাই আমি বলছি যে, এখানে প্রশ্নের উত্তর এড়িয়ে যাবার কোন কথা উঠতে পারে না। আমি বলছি যে, এটা আমাদের যৌথ দায়িত্ব এবং সেই দায়িত্ব আমাদের পালন করতে হবে। উনি হয়ত কোন সময় স্পেসিফিক মেনশন করেছেন এবং সেই সময় হয়ত সেটা আমাদের ওভারলুক ক'রে গিয়েছে এবং এটা হতে পারে। দ্বিতীয় কথা হচ্ছে, যদি কোন স্পেসিফিক ঘটনার কথা কেউ বলেন যে, আদিবাসীদের ক্ষেত্রে সেটা ইমপ্লিমেন্ট হচ্ছে না, তা হ'লে আমরা সেটা দেখতে বাধ্য। পুলিসে রিক্রুটমেন্টের ব্যাপারে যদি এই ধরনের ঘটনা ঘটে থাকে, তা হ'লে আমি জানাচ্ছি যে, আমি সেই সম্বন্ধে দেখে তাড়াতাড়ি রিপোর্ট দেবে।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ এই ক্ষেত্রে মেদিনীপুর জেলার গোপিবল্লভপুরে পুলিস নিয়োগের ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয় কি তদন্ত ক'রে দেখবেন যে, কতজনের অ্যাপলিকেশন আছে এবং তার ভিতরে আদিবাসী ও তফসিলীর সংখ্যা কত এবং তাদের কোটা যাতে পূরণ হয় সেটা দেখবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ নিশ্চয়ই।

[1-40—1-50 p.m.]

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be pleased to state whether the vacancies in the departments are circulated to the M.L.A.s for their information?

Shri Subrata Mukhopadhyay: No.

Shri A. H. Besterwitch: Sir, it is a very peculiar thing. How the Scheduled Castes and Scheduled Tribes members will know that there are vacancies in certain department for certain posts? While I ask whether these vacancies are circulated to the Members of the House in time, the Hon'ble Minister says, 'no'. I think, that is why my honourable friend on the other side is putting supplementaries repeatedly on this question as to whether the quota for the Scheduled Castes and Scheduled Tribes was filled up. Therefore, since the members do not get the information, this should be circulated to them so that they can know as to how these people are going to get employment.

Shri Subrata Mukhopadhyay: Sir, if the honourable Members ask for information we are certainly bound to furnish that information.

Shri A. H. Besterwitch: Sir, I do not think that the Members are aware as to when there are vacancies. If the vacancies are circulated to all the Members, automatically the Members can do their duties in this regard.

Shri Subrata Mukhopadhyay: Sir, there are prescribed forms and prescribed regulations and our departments are proceeding on the basis thereof.

Shri A. H. Besterwitch: Sir, I admit that there are prescribed rules and forms. If these things are only advertised in the news-papers, most of the Members, who remain very busy, are unable to read that portion of the advertisement. So, I think that there should be a procedure that whenever there are vacancies in one or various departments these vacancies should be circulated to all the Members of this House.

(No reply.)

শ্রীআবদুল বারি বিশ্বাস: এই যে লোক পুলিসে নিয়োগ করা হ'ল তার মধ্যে কত সংখ্যক মহিলা কনস্টেবল নিয়োগ হয়েছে জানাবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: নোটিস চাই।

শুশুনিয়া পাহাড়ে পুরাতন সভ্যতার নিদর্শন

*১১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০৭৫।) **শ্রীকাশীনাথ মিশ্র:** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, বাঁকুড়া জেলার শুশুনিয়া পাহাড়ে প্রত্নতত্ত্ববিদরা বহু পুরাতন সভ্যতার নিদর্শন পাইয়াছেন; এবং

(খ) সত্য হইলে—

(১) কোন্ কোন্ সভ্যতার নিদর্শন পাইয়াছেন,

(২) সভ্যতার নিদর্শন হিসাবে কি কি জিনিসপত্র আবিষ্কৃত হইয়াছে; ও

(৩) কতজন প্রত্নতত্ত্ববিদ বর্তমানে ঐ স্থানে নিযুক্ত আছেন?

আমতা থানায় চুরি, ডাকাতি ও অন্যান্য ধরনের অপরাধের সংখ্যা

*১১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *২২৪৫।) **শ্রীআফতাবুদ্দিন মণ্ডল:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস থেকে ১৯৭৩ সালের ১৯এ মার্চ পর্যন্ত হাওড়া জেলায় আমতা থানায় চুরি, ডাকাতি ও অন্যান্য ধরনের অপরাধের সংখ্যা কত; এবং

(খ) সরকার ঐ এলাকায় উক্ত ধরনের অপরাধের সংখ্যা হ্রাসের জন্য কোন ব্যবস্থা অবলম্বন করেছেন কি?

কাটোয়া মহকুমায় রাস্তা

*১১৬০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৮৭।) **শ্রীসুব্রত মুখার্জি কাটোয়া:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাটোয়া মহকুমার কতগুলি রাস্তার কাজ বর্তমানে চলছে এবং ঐ রাস্তাগুলির নাম কি কি;

(খ) (১) কাটোয়া-করুই ও (২) কাটোয়া-পালিটা রাস্তার কাজ বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(গ) করজগ্রাম-বনকাপাসী রাস্তার সার্ভে ও টেন্ডার আহ্বানের কাজ শেষ হয়েছে কি?

শ্রীভোলানাথ সেনঃ (ক) নিম্নলিখিত রাস্তার কাজ বর্তমানে চলছে;

(১) মন্তেশ্বর-দাঁইহাট রাস্তা;

(২) কৈচর-নন্দীগ্রাম-সিঙ্গী রাস্তা;

(৩) কাশেমনগর-নূতনহাট-শ্রীখণ্ড রাস্তা;

(৪) পলিতা-রামজীবনপুর রাস্তা; এবং

(৫) বলগোনা-চন্দ্রপুর রাস্তা।

(খ) (১) কাটোয়া-করুই রাস্তা ঃ ১ম মাইল থেকে ৪র্থ মাইল পর্যন্ত পীচের কাজ শেষ। পঞ্চম মাইলে উন্নয়নের কাজ শুরু হয়েছে, ৬ষ্ঠ মাইল থেকে ১০ম মাইলে মাটির কাজ প্রায় শেষ।

(২) কাটোয়া-পলিতা রাস্তা ঃ ৫ম মাইল থেকে ৮ম মাইল পর্যন্ত মাটির কাজ শেষ। ১ম মাইল থেকে ৪র্থ মাইল এবং ৯ম মাইল থেকে ১০ম মাইলে মাটির কাজ চলছে।

(গ) হ্যাঁ।

শ্রীসুব্রত মুখার্জি (কাটোয়া)ঃ কাটোয়া-করুই রাস্তার জন্য কোথায় কোন জায়গায় ইনজাংসান হয়েছে কিনা জানাবেন কি?

শ্রীভোলানাথ সেনঃ জানা নেই।

শ্রীসুব্রত মুখার্জি (কাটোয়া)ঃ কোন রাস্তা তৈরির সময় যদি কোথাও কোন জায়গায় কোন লোক ইনজাংসান দেন, তা হ'লে সে ইনজাংসানকে আইনগত উপায় অপসারণের কথা চিন্তা করছেন কি?

শ্রীভোলানাথ সেনঃ প্রথম চিন্তা যেটা করি সেটা হচ্ছে কোর্টে গেলে বাঘে ছুঁলে ১৮ ঘা হয়, সেজন্য আমি ডিপেন্ড করি মেনলি যেখানে ইনজাংসান হয়, আমি সেখানে পিপলস্ রিপ্রেজেনটেটিভ অর্থাৎ এম এল এ-র থ্রু দিয়ে জেলার লোকেদের কাছে অ্যাপ্রোচ করি, রিকোয়েস্ট করি যাতে অ্যামিকেবলি সেটেলড হয়ে যায়, সেই চেষ্টা করেছি এবং বহু জায়গায় সেটা হয়েছে, ইনজাংসান তুলে নিয়েছে যেখানে এম এল এ-রা গিয়ে অ্যাপ্রোচ করেছেন এবং জমি আমরা পেয়েছি রাস্তার জন্য। অ্যাকুইজিসান প্রোসিডিংস্ হওয়ার আগে যেখানে এম এল এ-রা গেছেন, চেষ্টা ক'রে জমি যোগাড় করেছেন। এই রেস্পন্স পেয়েছি বহু জায়গা থেকে, আমি তাঁদের কাছে কৃতজ্ঞ। যাঁরা এটা করতে পেরেছেন সেখানে কাজ হচ্ছে।

শ্রীঅজিতকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় দয়া ক'রে জানাবেন কি জেলার যেসব রাস্তার জন্য রেস্পেক্টিভ এম এল এ-রা সেইসব জমি যোগাড় করতে পারেন অর্থাৎ কোন টাকা না দিয়ে অলরেডি আন্ডারটেকিং দিয়েছেন এবং যেসব রাস্তার এস্টিমেট প্লেসড হয়েছে সেইসব রাস্তার কাজ করার নির্দেশ আপনার কাছ থেকে গেছে কি?

শ্রীভোলানাথ সেনঃ ব্যাপারটা হচ্ছে রাস্তার জন্য জমি আমরা নিলেও সেই জমিটাকে অ্যাকোয়ার করতে হবে। অ্যামিকেবলি জমি পাওয়া যায়, কিন্তু টাকা সীমিত। তার মধ্যে যতদূর সম্ভব প্রত্যেক এম এল এ-কে একটা রাস্তা আমি দিয়েছি যার মাটির কাজ হবে। কিন্তু তার বাইরে যেসব রিকোয়েস্ট আসছে সেই রিকোয়েস্ট এখনই রাখা সম্ভব নয়। কারণ, জমি দিলেও বিনা পয়সায় হবে না, অনেক টাকা খরচ হবে। সেজন্য সুষ্ঠুভাবে যাতে কাজ হয় তার জন্য আগে একটা রাস্তা দিয়েছি। সব এম এল এ এখন পর্যন্ত রাস্তার কাজ শুরু করতে পারেন নি, বাকি আছে। সমস্ত এম এল এ-দের কাজ শুরু হয়ে যাবার পর আমাদের ফাইনান্সিয়াল কন্ডিসান কি আছে না আছে সেটা দেখে পঞ্চম পরিকল্পনায় আবার নতুন ক'রে চিন্তা করতে হবে।

শ্রীসুব্রত মুখার্জি (কাটোয়া)ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি করজগ্রাম-বনকাপাসী রাস্তার মাটির কাজ কি নাগাত শুরু হবে?

শ্রীভোলানাথ সেনঃ সেটা এই প্রশ্নের সঙ্গে উঠে না, নোটিস দিলে জানিয়ে দেব।

শ্রীসুব্রত মুখার্জি (কাটোয়া)ঃ আমি যে প্রশ্ন করেছি তাতে করজগ্রাম-বনকাপাসী রাস্তা সম্বন্ধে আমার প্রশ্ন আছে, সেজন্য এই সাপ্লিমেন্টারির যথেষ্ট সম্বন্ধ আছে। সুতরাং এই প্রশ্নের জন্য নোটিসের দরকার হবে না।

শ্রীভোলানাথ সেনঃ এই রাস্তা সম্বন্ধে টেন্ডার কল করা হয়েছে। টেন্ডার কল করার পর কত তারিখ নাগাত কাজ আরম্ভ করব সেটা ডিপেন্ড করে প্রসেসের উপর। আমাদের ওয়ার্ক অর্ডারের টেন্ডার করতে হয়, টেন্ডার পাওয়া গেলে যেটা চিপেস্ট টেন্ডার সেটা অ্যাকসেপ্ট করা হবে এবং সেই টেন্ডার অ্যাকসেপ্ট করার পর তখন কাজের অর্ডার দেওয়া যেতে পারে, তার আগে দেওয়া যেতে পারে না। সেজন্য ঠিক এখনই বলতে পারছি না কত তারিখে কাজ আরম্ভ হবে।

Mr. Speaker: I repeat the questions.

I allow Shri Sukumar Bandyopadhyay to put the question.

[1-50—2-00 p.m.]

মিসা আইনে আটক চোরাকারবারী ইত্যাদির সংখ্যা

*১১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪২।) **শ্রীজগদীশচন্দ্র দাসঃ** স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকার ৭ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত মোট কত চোরাকারবারী, মজুতদার, খাদ্যে ভেজালকারীকে মিসা আইনে আটক করেছেন; এবং

(খ) ঐ আটক ব্যক্তিদের নাম ও ঠিকানা কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ (ক) ১৩৮ জন।

(খ) সংশ্লিষ্ট নাম ও ঠিকানার তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ সুপ্রিম কোর্টের সম্প্রতি রায়ের ফলে কতজন মজুতদার, খাদ্যে ভেজালকারী এবং চোরাকারবারীকে ছাড়তে হয়েছে জানাবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ জানা নেই।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ সরকার সুপ্রিম কোর্টের রায় মেনে উক্ত ১৩৮ জনকে ছাড়বেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ এখনই বলতে পারছি না।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, সুপ্রিম কোর্টের রায় মানা সরকারের পক্ষে বাধ্যতামূলক কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ বাধ্যতামূলক এটা সাধারণ জ্ঞান।

শ্রীসুকুমার বন্দোপাধ্যায়ঃ কবে নাগাত ছাড়বেন জানাবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ নিয়ম অনুসারে হবে, টাইম আছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মিসা আইনে ধৃত খাদ্যে ভেজালকারী, চোরাকারবারী এবং মজুতদারদের যদি সুপ্রিম কোর্টের রায় অনুসারে ছেড়ে দিতে হয়, তা হ'লে আমার প্রশ্ন হচ্ছে, অন্য আইনে তাদের ধ'রে রেখে দেশের স্বার্থ রক্ষা করা হবে কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: সেটা অথরিটি বিচার করতে পারে সুপ্রিম কোর্ট।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে ১৩৮ জনকে ধরা হয়েছে তার মধ্যে খাদ্যজাত দ্রব্যে ভেজাল প্রমাণে কতজনকে ধরা হয়েছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এই সংখ্যা সাধারণভাবে জানান হয়েছে। প্রশ্ন ছিল, খাদ্যে ভেজালকারী, চোরাকারবারী এবং মজুতদার সব মিলিয়ে কত সংখ্যা? কাজেই চোরাকারবারী কতজন সেটা এখনই বলা যায় না—নোটিস চাই।

শ্রীআবদুল বারি বিশ্বাস: দমদমে খাদ্যে ভেজালের দরুণ যে সমস্ত ছেলেমেয়ে পঙ্গু হয়েছিল তাতে যারা এই ভেজাল খাদ্য সরবরাহ করেছিল তাদের কি ধরা হয়েছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: হ্যাঁ।

শ্রীআবদুল বারি বিশ্বাস: এতবড় শত্রু যারা তাদের ছেড়ে না দিয়ে সরকারের কি উচিত হবে না অন্য আইনে তাদের ধ'রে রেখে দেশের স্বার্থ সংরক্ষণ করা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এটা বিবেচনা করা হচ্ছে।

শ্রীমহম্মদ সফিউল্লা: কতগুলি স্পেসিফিক কেস্ চোরাকারবারীদের সম্বন্ধে আমরা দিয়েছি, কিন্তু কোর্টের বিচারে তারা খালাস পেয়েছে। এই ধরনের কেসগুলি যদি আপনাকে জানাই, তা হ'লে তাদের মিসায় আটকাবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: পাঠিয়ে দিলে বিবেচনা করা যাবে।

Chetla Maternity Home at Hastings House Compound

***1146.** (Admitted question No. *2143). **Dr. Kanai Lal Sarkar**: Will the Minister-in-charge of the Municipal Services Department be pleased to state—

(a) when the "Chetla Maternity Home" at "Hastings House Compound" will be opened;

(b) whether the proposal is still there for construction of first floor and opening of a "Child Health Centre" in that floor in the above home;

(c) if so, when it will be materialised;

(d) whether the proposal still exists for construction of second floor and opening of a "Nurses' Training Centre" in the said Home; and

(e) if so, when it will be materialised?

Shri Ajit Kumar Panja: (a) The construction of the building including drainage and water supply arrangements has been completed but lighting arrangements are under process.

(b) Yes.

(c) The matter concerns CMDA under Development and Planning (Town and Country Planning) Department. Information is being collected from that Department.

(d) Yes.

(e) The matter concerns CMDA under Development and Planning (Town and Country Planning) Department. Information is being collected from that Department.

ডাঃ কানাইলাল সরকারঃ এই হাসপাতালটির কন্‌স্ট্রাকসন যখন হয় তখন একটা ট্রিপার্টাইট এগ্রিমেন্ট হয় এবং তাঁরা হচ্ছেন কেন্দ্রীয় সরকার, পশ্চিমবঙ্গ সরকার এবং কোলকাতা কর্পোরেসন। সেন্ট্রাল গভর্নমেন্ট চাইল্ড হোম করবেন, কর্পোরেসন ম্যাটারনিটি সেন্টার যেটা আছে সেটা চালাবেন এবং ওয়েস্টবেঙ্গল গভর্নমেন্ট নার্সেস ট্রেনিং সেন্টার করবেন। একতলা কমপ্লিট হয়েছে, কিন্তু ২/৩ তলা কমপ্লিট হয় নি। আমার প্রশ্ন হচ্ছে কতদিনের মধ্যে এটা ওপেন হতে পারে জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ ঠিক বলা সম্ভব নয়, কারণ অনেকগুলো ডিপার্টমেন্টকে এক একটি তলার ভার দেওয়া হয়েছে। তবে আমরা চেষ্টা ক'রে একটা কো-অর্ডিনেসনের ব্যবস্থা করেছি এবং যত তাড়াতাড়ি হয় তার চেষ্টা রাখছি।

ডাঃ কানাইলাল সরকারঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে সেন্ট্রাল গভর্নমেন্টের সমস্ত ইনস্ট্রুমেন্ট আজ তিন বছর থেকে তারা এনে রেখে দিয়েছে ডিপার্টমেন্টে এবং এক বছর থেকে তারা সমস্ত লোক অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন। সার্জেন্ট সুপারইনটেনডেন্ট অ্যাপয়েন্ট করেছেন, নার্সেস অ্যাপয়েন্ট করেছেন, ক'রে তারা বসে আছেন। আপনাদের দপ্তর থেকে বলেছিলেন যে, ২৬শে জানুয়ারি ওপন করা হবে। এই হিসাবে তারা লোক অ্যাপয়েন্ট করেছিলেন, কিন্তু এখন পর্যন্ত সেটি হতে পারি নি। আপনি চেষ্টা করবেন যাতে এটা তাড়াতাড়ি হতে পারে। দু' তলা এবং তিন তলা যেটা কনস্ট্রাকসান হবার কথা ছিল এবং তার স্যাংসানও ছিল, তার টাকা বরাদ্দ ছিল, কিন্তু সেটা একতলা হয়েই শেষ হ'ল। কেন সেটা হ'ল না জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ আপনি দুটো প্রশ্ন একসঙ্গে করেছেন। প্রথম প্রশ্নের উত্তরে বলছি, আমরা যত তাড়াতাড়ি সম্ভব কমপ্লিট করবার চেষ্টা করছি। দেরি হয়েছে এই কারণে যে, আমরা ঠিক মতন সিমেন্ট এবং স্টোর মেটিরিয়াল পাই নি এবং ক্যালকাটা কর্পোরেশনের আর্থিক অবস্থা খারাপের জন্য কন্ট্রাক্টরদের প্রগ্রেসিভ বিল পেমেন্ট করা সম্ভব হয় নি। তবে চেষ্টা করা হচ্ছে তাড়াতাড়ি এটা করবার।

Held over Starred Questions
(to which oral answers were given)

ঝালদা ও মানবাজার শহীদ স্মৃতি

*৯৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৭।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** তথ্য ও জনসংযোগ দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন, ১৯৩২ সালে পুরুলিয়া জেলার ঝালদার সত্যমেলায় পাঁচজন দেশসেবক ও মানবাজার থানা প্রাঙ্গণে ১৯৪২ সালে দুজন দেশসেবক পুলিসের গুলিতে নিহত হইয়াছিলেন; এবং

(খ) অবগত থাকিলে, স্বাধীনতার রজত জয়ন্তী বর্ষে তাঁহাদের স্মৃতিরক্ষার জন্য ঝালদা ও মানবাজারে শহীদ স্তম্ভ স্থাপনের কোন পরিকল্পনা আছে কি?

[2-00—2-10 p.m.]

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ (ক) সত্য মেলায় পুলিসের গুলিতে পাঁচজন দেশসেবক নিহত হইয়াছিলেন ১৯৩০ সালে, ১৯৩২ সালে নহে।

মানবাজার থানা প্রাঙ্গণে ১৯৪২ সালে পুলিসের গুলিতে দুইজন দেশসেবক নিহত হইয়াছিলেন।

(খ) উক্ত স্থানে স্বাধীনতার জয়ন্তী বর্ষে শহীদ স্তম্ভ স্থাপনের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নাই।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি ঐ শহীদদের আত্মত্যাগের মর্যাদাকে স্বীকার করেন?

Mr. Speaker: It goes without saying.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ যদি স্বীকার ক'রে থাকেন, ঐসব মৃত্যুঞ্জয়ী বীরদের স্মৃতিরক্ষার জন্য কি সরকারের কোন কর্তব্য নেই?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ প্রথম কথা হচ্ছে যে, স্বীকার বা অস্বীকারের কোন প্রশ্নই আসে না। যখন স্থানীয় লোকের কথা বলেছেন, তখন সন্দেহের কোন অবকাশ নেই। আমি এইটুকু শুধু আপনাদের জানাচ্ছি যে, শহীদদের স্মৃতিস্তম্ভ স্থাপনই তাঁদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের একমাত্র এবং অন্যতম পথ নয়। আমি শুধু আপনাদের জানাই, প্রতিটি ব্লকে স্বাধীনতার রজত জয়ন্তী উপলক্ষে স্মৃতি প্রস্তর স্থাপনের একটা সিদ্ধান্ত সরকার কর্তৃক নেওয়া হয়েছে। ঝালদা ও মানবাজার ব্লকে মৃত শহীদদের নাম ঐসব ব্লকের প্রস্তরে রাখিবার কথা সরকারের বিবেচনাধীন আছে। এ ছাড়া স্বাধীনতা সংগ্রামের ইতিহাস বিজড়িত স্থানসমূহে বিশেষ স্মৃতিফলক স্থাপন করিবার সিদ্ধান্ত লওয়া হইয়াছে। তবে কোন্ কোন্ জায়গায় এইসব স্মৃতিফলক স্থাপন করা হইবে তাহা এখনো ঠিক করা হয় নাই।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয়ের সংগে আমি একমত যে, এটাই একমাত্র পথ নয়, স্মৃতিস্তম্ভ স্থাপনই শহীদদের প্রতি শ্রদ্ধা জানাবার একমাত্র পথ নয়। ঐ যে ৭ জন মৃত্যুঞ্জয়ী বীর জীবন দিলেন স্বাধীন করার জন্য দেশকে তাঁদের প্রতি অন্য কোন কর্তব্য সরকার পালন করবেন কিনা এবং করলে কি কি কর্তব্য পালন করবেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ স্যার, আমিতো বল্লামই যে, সাধারণভাবে একটা প্রস্তাব গ্রহণ করা হচ্ছে এবং তাতে এ'দের সমস্ত নাম মেনশন করা হবে। কিন্তু সেই স্মৃতিফলকটি কোথায় হবে সেই সিদ্ধান্ত এখনও গ্রহণ করা হয় নি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ যে সমস্ত মানুষ দেশের মুক্তির জন্য জীবন দিয়েছেন তাঁদের পরিবার-পরিজনদের প্রতি সরকার কোন কর্তব্য পালন ক'রে থাকেন কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ আমাদের তো সামান্য একটা পেনশনের ব্যবস্থা আছে। প্রধান কথা হচ্ছে, স্বীকৃতির কথা, সরকার সেটা চেষ্টা ক'রে চলেছেন এবং করছেন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ ২৫ বৎসরের মধ্যেও কি সরকার এই ৭ জনকে স্বীকৃতি দিতে পারলেন না?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ সরকারের কোন তকমা দিয়ে স্বীকৃতি দেওয়া হয় নি ঠিক কথা, তবে আমার যতদূর জানা আছে পুরুলিয়ার সাধারণ মানুষ এবং পুরুলিয়ার সরকারী যে সমস্ত কর্মচারী আছেন তাদের পক্ষ থেকেও ওখানে একটা বিশেষ সম্মান প্রদর্শন করা হয়।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, তাঁদের পরিবার-পরিজনকে পেনশন দেবার ব্যবস্থা আছে. মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, ঐ ৭ জন শহীদদের পরিবার-পরিজনকে কি পরিমাণ পেনশন দেওয়া হয়?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ এটা সবাইকে দেওয়া হয় না—সাধারণভাবে আমি বলছি। সবাইকে দেওয়া হয় না বা তাঁদের দেওয়া হয়েছে কিনা আমি জানি না। তবে কিছু কিছু দেওয়া হয় বিচার-বিবেচনা ক'রে। তার জন্য একটা কমিটি আছে, এই কমিটি যাঁদের নির্ধারণ ক'রে দেন তাঁদেরই দেওয়া হয়।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ যাঁরা দেশের জন্য জীবন দিয়েছেন তাঁরাও কি সম্মান পাবার অধিকারী নন এবং সরকার যদি স্বীকৃতি দেবার জন্য বিবেচনা ক'রে থাকেন সেই বিবেচনার মাপকাঠি কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ বিবেচনার মাপকাঠির জন্য একটা কমিটি আছে। সেই কমিটিই নির্ধারণ ক'রে দেন। তার মাপকাঠি কি, কি কি পদ্ধতিতে তা নির্ধারণ করা হয়, তা আমি এখন বলতে পারবো না। আপনি যদি জানতে চান, তা হলে আমি পরে জানিয়ে দিতে পারি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ পুরুলিয়া জেলার মানুষ এখানে উৎসব অনুষ্ঠান ক'রে থাকেন, সেটাকে মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার ক'রে অন্যতম ব্যাপার ব'লে উল্লেখ করেছেন। আমি যতটা জানি ব্যক্তিগতভাবে ঝালদা এবং পুরুলিয়ায় ৭ জন শহীদ জীবন দিয়েছেন, তাঁদের স্মৃতি রক্ষার জন্য একটা কমিটি করা হয়েছে. আমি সেই কমিটির সভাপতি এবং একমাত্র পুরুলিয়া জেলার মানুষের অর্থব্যয়ে ভারতবর্ষের মানুষকে সম্মান জানাবার জন্য ব্যবস্থা করেছেন। সাত সাত জন শহীদ জীবন দিয়েছেন, তাঁদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের জন্য সরকার পক্ষ থেকে কোন একটা অনুষ্ঠানও করা হয় নি, সরকার পক্ষ থেকে স্বীকৃতি পর্যন্ত দেওয়া হয় নি, দেশের জন্য জীবন ত্যাগের পরে আর কি ত্যাগ সরকার আশা করতে পারেন যাদ্বারা সরকারী স্বীকৃতি পাওয়া যাবে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ এই নিয়ে আর কোন তর্কের অবতারণা না করে আমি মাননীয় সদস্যকে অনুরোধ করছি, তিনি যেন ব্যক্তিগতভাবে আমার সঙ্গে যোগাযোগ করেন এবং আমি নিশ্চয়ই এই ব্যাপারে বিবেচনা করব এখানে বিশেষ কিছু ব্যবস্থা অবলম্বন করা যায় কিনা সরকার পক্ষ থেকে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ আমি মাননীয় মন্ত্রির সঙ্গে ব্যক্তিগতভাবে যোগাযোগ করেছিলাম. তিনি আমায় আশ্বাস দিয়েছিলেন, যুব কল্যাণ দপ্তর থেকে কিছু করা হবে, মাননীয় মন্ত্রিমহাশয়ের যদি ইচ্ছা থাকে তিনি বলতে পারেন 'আমাদের পক্ষ থেকে চেষ্টা করব'।

Mr. Speaker: That is private communication between yourself and the Hon'ble Minister.

শ্রীকিঙ্কর মাহাতোঃ মাননীয় মন্ত্রিমহাশয় দয়া ক'রে জানাবেন এই যে সাতজন মারা গিয়েছেন শহীদ হিসাবে, তাঁদের নাম কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ আমি অত্যন্ত দুঃখিত, নামগুলি এখানে পাচ্ছেন সাপ্লিমেন্টারীতে সেই নামগুলি এখানে দেন নি, আমি তাঁকে এই নামগুলি জানিয়ে দেব।

নদিয়া জেলায় মিসা আইনে আটক ব্যক্তি

***৯৬৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮১০।) **শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ** স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার কোন্ ব্লকে কতজনকে ৭-৩-৭৩ পর্যন্ত মিসা আইনে গ্রেপ্তার করা হইয়াছে;

(খ) ঐ অপরাধীদের কাহাকে কোন্ প্রকার অপরাধের দরুন ধরা হইয়াছে; এবং

(গ) মিসা আইনে ধৃত উক্ত ব্যক্তিদের কতজনকে হাইকোর্টের নির্দেশ অনুসারে জামিনে ছাড়া হইয়াছে অথবা মুক্তি দেওয়া হইয়াছে?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ (ক) নদীয়া জেলায় বিভিন্ন ব্লকে মিসায় আইনে আটক বন্দীদের সংখ্যা এইরূপঃ—

(১) কৃষ্ণনগর ২নং ব্লক	...	২৮
(২) কৃষ্ণনগর ২নং ব্লক	...	৫
(৩) শান্তিপুর	...	৩৩
(৪) নাকাশীপাড়া	...	১৩
(৫) চাকদহ	...	৪১
(৬) রাণাঘাট ১নং ব্লক	...	৩৪
(৭) রাণাঘাট ২নং ব্লক	...	২০
(৮) নবদ্বীপ	...	৬
(৯) হাঁসখালি		৪
(১০) কালিগঞ্জ	...	৪
(১১) করিমপুর	...	১০
(১২) তেহট্ট	...	৪
(১৩) কৃষ্ণগঞ্জ	...	১০
(১৪) হরিনঘাটা	...	১
মোট	...	২১৩

(ঘ) উহাদের মধ্যে ১৫১ জনকে জনশৃঙ্খলা রক্ষার পক্ষে হানিকর এবং ৬২ জনকে সমাজের পক্ষে অত্যাবশ্যক সরবরাহ ও কাজ চালু রাখার পক্ষে হানিকর কাজ করার অপরাধে আটক করা হইয়াছে।

(গ) হাইকোর্টের নির্দেশে ৩৬ জনকে মুক্তি দেওয়া হইয়াছে।

শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি বাংলাদেশ মুভমেন্টের সময় এমন অনেক ব্যবসাদার ছিল যারা এক ট্রাক চা'ল দিয়ে দুই ট্রাক চা'ল দিয়েছে ব'লে লিখিয়ে নিয়েছে, এক ট্রাক আলু দিয়ে দুই ট্রাক আলু ব'লে লিখিয়ে নিয়েছে তাদের মিসাতে আটক করা হয় নি কেন?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ আমি আগেই বলেছি যে, ভেজাল যারা দেয় অত্যাবশ্যকীয় দ্রব্যে, তাদের মিসা করা হয়, যদি এমন কোন স্পেসিফিক ঘটনা আপনার জানা থাকে যেখানে মিসা করা উচিত ছিল অথচ হয় নি, আপনি জানাবেন, নিশ্চয়ই করা হবে।

শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ গত বছর এই ব্যবসাদাররা আমার কন্স্টিটিউয়েন্সীতে সরকার থেকে যে পাট বীজ দেওয়া হয়, সেই পাট বীজ রামহরি দাস নামে কোন ব্যক্তি নাই, অথচ তার নামে পাট বীজ এলট ক'রে, সেই বীজ বাজারে বিক্রি ক'রে দিয়েছে, এ সম্বন্ধে পুলিস মহলে জানানো সত্ত্বেও কোন ব্যবস্থা করা হয় নি। এই সম্বন্ধে আপনি কোন আশ্বাস দেবেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ যদিও এই প্রশ্ন থেকে এটা উঠে না, তবে বলছি, যদি এরকম কোন স্পেসিফিক ঘটনা থাকে, আমাদের জানাবেন, যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করব।

[2-10—2-20 p.m.]

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি চোরা পথে পাট ও আউশ ধানের বীজ যাঁরা নদীয়া জেলা থেকে বাংলাদেশে গতবার চালান করলেন, তাদের কি মিসায় আটক করা হয়েছে?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ এই প্রশ্ন থেকে আসে না। নোটিস দিলে বলতে পারবো।

শ্রীরাধারমণ সাহাঃ যাদের মিসা আইনে গ্রেপ্তার করা হয়েছে, তাদের মধ্যে এমন অনেকে আছে, যাদের পুলিসের মিথ্যা কেসের উপর ভিত্তি ক'রে গ্রেপ্তার করা হয়েছে। এরকম কোন রিপোর্ট আপনার কাছে আছে কি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ পুলিসের মিথ্যা রিপোর্টে মিসা করা হয়েছে এরকম কোন কেস আমার জানা নাই। মিসায় ধরা হ'লে তা অ্যাডভাইজারী বোর্ড-এর কাছে যায়, তারপর সেটা সরকার ফাইন্যালি অ্যাপ্রুভ করেন।

শ্রীরাধারমণ সাহাঃ পুলিসের মিথ্যা রিপোর্টের উপর ভিত্তি করে যাদের মিসা করা হয়েছে এরকম কোন রিপোর্ট মন্ত্রিমহাশয়কে জানালে তিনি কি ব্যবস্থা করবেন?

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ সুপ্রীম কোর্টের জাজমেন্ট অনুযায়ী আমরা রিলিজ অর্ডার দিয়েছি, আমরা বলেছি তাদের ছেড়ে দিতে। তার ভেতর অনেকগুলি কেস পেন্ডিং আছে। যে কেস-গুলি এখনো কোর্টে পেন্ডিং আছে, তা অ্যাডভোকেট-জেনারেল-এর অর্ডারে পেন্ডিং কেসগুলি কোর্ট থেকে ছাড়া হচ্ছে। তারা ছেড়ে দেবার পরে কী হবে, সেটা ডিটেলিং অথরিটি বিচার ক'রে কি করবেন বলা যায় না। তাঁরা যদি বিচার ক'রে বলেন, আইনানুযায়ী ধরেন, তারপর যখন সেটা সরকারের কাছে আসবে অ্যাপ্রুভালের জন্য, তখন সরকার ভাববেন রিলিজের কথা। সুপ্রীম কোর্টের জাজমেন্টে ১৭(এ) যখন আল্ট্রা ভাইরেস্ হয়ে যাচ্ছে, তার একটা লিগ্যাল এফেক্ট আছে। যেখানে যেখানে কেস পেন্ডিং আছে, সেখানে কোর্টকে জানিয়ে যা ব্যবস্থা করার হবে।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ নদীয়া জেলায় একজন পাটবীজ ব্যবসায়ী সি কে দাস আমাদের দেশের অভ্যন্তরে সোজা পথে ও চোরাপথে বাংলাদেশে পাট বীজ সরবরাহ করেছিলেন। আমাদের ভরা নৌকা তিনি ডুবিয়ে দিয়েছিলেন, ইন্টারন্যাশানাল মার্কেটে আমাদের সুনাম ডুবিয়ে দিয়েছেন; এই চোরা কারবারিদের সঙ্গে উপরওয়ালাদের সম্পর্ক ছিল। এই সি কে দাস লক্ষ লক্ষ টাকা কামিয়েছে। তাদের ধরা হবে কিনা?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ আমি তদন্ত ক'রে দেখবো।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয়, এই সুপ্রীম কোর্টের রায় প্রকাশিত হবার পরে সাধারণ জনজীবনে একটা আতংকের সৃষ্টি হয়েছে যে, আবার চোরা কারবারী সমাজ-বিরোধীরা ছাড়া পাবে। সমাজশত্রু যারা আটক রয়েছে, ছাড়া আবার পরে তাদের সরকার পক্ষ থেকে কি অন্য কোন গোপন ব্যবস্থা হবে যাতে ক'রে তাদের আটক রাখা যায়?

Mr. Speaker: Mr. Banerjee, please go through the starred question No. *963 and say whether this particular supplementary question of yours can arise out of this question. Your supplementary question does not arise out of this particular question. Let us pass over to the next question.

Shri Abdul Bari Biswas: Sir, this question relates to Nadia District.

Mr. Speaker: Your supplementary question was very pertinent and it was answered by the Minister but the present supplementary question of Shri Sukumar Bandyopadhyay is not pertinent.

যুক্তফ্রন্ট সরকারের আমলে নরহত্যা, অগ্নিসংযোগ ইত্যাদির মামলা প্রত্যাহার

*৯৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১২৫।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য:** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত দুইটি যুক্তফ্রন্ট সরকারের আমলে মোট কতগুলি নরহত্যা, অগ্নিসংযোগ, লুণ্ঠন, রাহাজানি ও নারীনির্যাতনের মামলা প্রত্যাহার করা হইয়াছিল; এবং

(খ) ঐ দুই সরকারের কার্যকালে মোট কতজন উপরোক্ত ধরনের মামলায় শাস্তিপ্রাপ্ত ব্যক্তিকে জেল হইতে মুক্তি দেওয়া হইয়াছিল এবং দণ্ডাজ্ঞা প্রত্যাহার করা হইয়াছিল?

ডাঃ মহম্মদ ফজলে হক: (ক)

নরহত্যা	...	১৭
অগ্নিসংযোগ	...	২৮
লুণ্ঠন	...	৩২৮
রাহাজানি	...	১
নারীনির্যাতন	...	১৩

(খ) বিস্তারিত তথ্য সংগ্রহ করা হইতেছে। উত্তর পরে দেওয়া হইবে।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় কি মনে করেন না যে, এই ধরনের অপরাধী যাদের মধ্যে ১৩ জন মহিলাদের শ্লীলতাহানিকারী তাদের এই মামলা প্রত্যাহার করা বা যে দণ্ডাজ্ঞা হয়েছিল তা প্রত্যাহার করা সংবিধান অবমাননা এবং নীতিগতভাবে অন্যায়?

ডাঃ মহম্মদ ফজলে হক: এটা ওনার মতামত। আমরা এর সঙ্গে মোটেই জড়িত নই। আমরা তদন্ত ক'রে দেখছি যদি কারো বিরুদ্ধে চার্জ দেওয়ার দরকার হয়, তা হ'লে ব্যবস্থা করা হবে।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মন্ত্রিমহাশয় কি আমার সঙ্গে একমত হবেন যে, এই রকম জঘন্য অপরাধে যারা জড়িত এবং জেলে যারা দণ্ডাজ্ঞা ভোগ করছিল তাদের ছেড়ে দেওয়ার ফলে এবং যাদের বিরুদ্ধে মামলা চলছিল তাদের মামলা প্রত্যাহার করার ফলে নানা রকম অপরাধমূলক কার্য ঘটছে?

ডাঃ মহম্মদ ফজলে হক: স্পেসিফিক্যালি এরা আছে কিনা বলতে পারবো না। বলা শক্তও। তবে কেউ কেউ থাকলেও থাকতে পারে। তবে সে রকম স্পেসিফিক কেস আমার জানা নেই।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: ওইসব অপরাধী যারা মুক্তি পেয়েছিল তারা নূতন ক'রে পশ্চিমবাংলায় অশান্তি ছড়াবার চেষ্টা করছেন একথা কি সত্য?

মিঃ স্পীকার: দি অ্যানসার ইজ অলরেডি দেয়ার। থাকতে পারে, হতে প'রে ইত্যাদি কথা বলেছেন।

শ্রীগৌতম চক্রবর্তী: 'খ' প্রশ্নটা ছিল 'ঐ দুই সরকারের কার্যকালে মোট কতজন উপরোক্ত ধরনের মামলায় শাস্তিপ্রাপ্ত ব্যক্তিকে জেল হইতে মুক্তি দেওয়া হইয়াছিল এবং দণ্ডাজ্ঞা প্রত্যাহার করা হয়েছিল?' এর উত্তরে মন্ত্রিমহাশয় বললেন, 'বিস্তারিত তথ্য সংগ্রহ করা হইতেছে। উত্তর পরে দেওয়া হইবে'—এটা ঠিক বুঝতে পারলাম না।

ডাঃ মহম্মদ ফজলে হকঃ আপনি জানেন এই প্রশ্নটা দু' দুটো যুক্তফ্রন্ট আমলের। অনেক ফিগার জোগাড় করতে হবে। এটা যেহেতু হেল্ড ওভার হয়েছিল, তাই পার্টলি যেটুকু উত্তর সংগ্রহ করতে পারা গিয়েছে তাই দিলাম। একবার হেল্ড ওভার হয়েছে, তাই আর হেল্ড ওভার করতে চাই নি। সম্পূর্ণ ফিগার দিতে হ'লে আবার হেল্ড ওভার করতে হত।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মন্ত্রিমহাশয় কি জানাবেন যুক্তফ্রন্ট আমলে পাথরপ্রতিমা থানার মধুসূদনপুর গ্রামে যে হত্যাকান্ড ঘটেছিল যা নিয়ে এম এল এ/এম এল সি-দের তদন্ত হয়েছিল—সেই সময় মার্ডার কেসের সেই ঘটনার সাথে এস ইউ সি-র তদানীন্তন বিধানসভা সদস্য রবীন মণ্ডল কি জড়িত ছিলেন?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ নোটিস দিলে বলতে পারবো।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ পাথরপ্রতিমা থানার যে বড় নরহত্যা হয়েছিল যেখানে ৪/৬ জন মার্ডার হয়েছিল সেখানে এস ইউ সি-র এম এল এ রবীন মণ্ডল জড়িত ছিলেন কি?

মিঃ স্পীকারঃ নোটিস দিলে বলতে পারবো—অ্যানসার ইজ দেয়ার।

শ্রীনারায়ণ ভট্টাচার্যঃ এই কোশ্চেন আগে হেল্ড ওভার হয়েছিল। এর পরিষ্কার নথিপত্র তো হোম অ্যান্ড পুলিস ডিপার্টমেন্ট-এ আছে এটা বলতে কত সময় লাগবে। আপনি কি মনে করেন এই সমস্ত অপরাধীদের নূতন ক'রে চার দেওয়ালের অন্তরালে ঢুকিয়ে দেওয়ার প্রয়োজন আছে।

[2-20—2-30 p.m.]

ডাঃ মহম্মদ ফজলে হকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তো বলেছি যারাই শান্তিশৃঙ্খলা বিঘ্নিত করবে তাদের উপযুক্ত শাস্তি দেবার ব্যবস্থা করা হবে এবং দরকার হ'লে মিসায় ধরার ব্যবস্থাও করা হবে। এর মধ্যে হয়ত নিশ্চয় মিসায় ধরা পড়েছে—এটা কি ক'রে বলা যাবে এখন।

Mr. Speaker: The question is again held over.

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ সাপ্লিমেন্টারী যদি হয়, তখন হেল্ড ওভার হবে, এমনি আমি ব'লে দিচ্ছি।

শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ স্যার, এটা ১৯৬৭ সালের ব্যাপার। এই সময় সি পি এম-এর সঙ্গে জনতার সংঘর্ষ আছে, কাজেই এই সম্বন্ধে আমাদের ভাল ক'রে জানতে হবে। অনেক অতিরিক্ত প্রশ্ন করতে হবে।

Mr. Speaker: This will be taken up on the next rotational day.

তেলিপাড়া-টিয়ামারীঘাট ও শামুকতলা-রহিমাবাদ রাস্তা

*১১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪২।) **শ্রীদেবব্রত চ্যাটার্জীঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলায় আলিপুরদুয়ার মহকুমার অন্তর্গত তেলিপাড়া হইতে খোয়াড়ডাঙ্গা হইয়া টিয়ামারীরঘাট এবং শামুকতলা হইতে রহিমাবাদ মোড় পর্যন্ত পাকা রাস্তার কাজ শেষ হইয়াছে; এবং

(খ) সত্য হইলে,—

(১) কবে এই রাস্তার কাজ আরম্ভ হইয়াছিল এবং কবে শেষ হইয়াছে, ও

(২) এই রাস্তা দু'টির জন্য কত টাকা ব্যয় হইয়াছে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) শুধুমাত্র তেলিপাড়া-টিয়ামাড়িঘাট রাস্তায় ১৯৭২ সালে ফেব্রুয়ারি মাসে মাটির কাজ শুরু হইয়াছে এবং ১৯৭৩ সালের মার্চ পর্যন্ত ৩৫,০০০ টাকা খরচ হইয়াছে। এই রাস্তার পথরেখা খোয়াড়ডাঙ্গা হইয়া যায় নাই।

হুগলিতে জিলা পরিষদের অধীন দাতব্য চিকিৎসালয়

***১১৪৪।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৮৯।) **শ্রীকাশীনাথ পাত্রঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলায় জিলা পরিষদের অধীন কতগুলি দাতব্য চিকিৎসালয় আছে;

(খ) উক্ত দাতব্য চিকিৎসালয়গুলির মধ্যে কতগুলিতে চিকিৎসক আছেন;

(গ) বৎসরে গড়ে প্রতি দাতব্য চিকিৎসালয়ে ঔষধ ও অন্যান্য সাহায্যের পরিমাণ কত;

(ঘ) যেসমস্ত দাতব্য চিকিৎসালয়ে চিকিৎসক নাই সেখানে চিকিৎসক পাঠানোর জন্য সরকার কি ব্যবস্থা করেছেন; এবং

(ঙ) দাতব্য চিকিৎসালয়গুলিকে আধুনিকীকরণের কোন পরিকল্পনা আছে কি?

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ২৬টি।

(খ) ২১টিতে।

(গ) ৯,৭২১ টাকা ৮০ পয়সা।

(ঘ) জিলা পরিষদের দাতব্য চিকিৎসালয়ে চিকিৎসক পাঠানর জন্য সরকার হইতে কোন ব্যবস্থা করা হয় না।

(ঙ) জিলা পরিষদের আর্থিক সংগতির জন্য দাতব্য চিকিৎসালয়গুলিকে আধুনিকীকরণ করা সম্ভব হয় নাই। জিলা পরিষদ কর্তৃক স্বাস্থ্য বিভাগকে চিকিৎসালয়গুলি গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়েছিল তন্মধ্যে মাত্র একটি দাতব্য চিকিৎসালয়ের ভার সরকার গ্রহণ করেছেন।

ঝালদা-বাগমুণ্ডি রাস্তার জন্য পাথর কালেকসান

***১১৪৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৬৬।) **শ্রীনিতাই দেশমুখঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার ঝালদা-বাগমুণ্ডী রাস্তার জন্য কোন সালে কি পরিমাণ পাথর কালেকসান করা হইয়াছে; এবং

(খ) ইহা মোট প্রয়োজনীয় পাথরের কত অংশ?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৬৬ খালে তের লক্ষ ঘন ফুট পাথর সংগ্রহ করা হইয়াছে।

(খ) ৬০ পারসেন্ট।

সাংবাদিক গ্রেপ্তারের ব্যাপারে তদন্ত

***১১৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৩০।) **শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ** গত ২রা মার্চ, ১৯৭৩ তারিখে প্রদত্ত তারকাচিহ্নিত *৩১৮নং (অনুমোদিত প্রশ্ন নং *৫২১) প্রশ্নোত্তর অনুসরণে স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত সাংবাদিক গ্রেপ্তার ব্যাপারে তদন্ত শেষ হইয়াছে কিনা;

(খ) তদন্ত শেষ হইয়া থাকিলে, তাহার ফলাফল কি; এবং

(গ) এই বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ২৪-পরগনা জেলার পাবলিক প্রসিকিউটার-এর মতামত এ ব্যাপারে লওয়া হইতেছে।

(গ) ঐ মতামত প্রাপ্তির পর যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

আমতা থানায় দামোদর নদের উপর আমতা-বেতাই সংযোগকারী ব্রীজ

*১১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৪৪।) **শ্রীআফতাবুদ্দীন মণ্ডলঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার আমতা থানার অন্তর্গত আমতা-বেতাই সংযোগের জন্য উক্ত এলাকায় দামোদর নদের উপর 'ব্রীজ' তৈরি করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাত এই পরিকল্পনার কাজ আরম্ভ করা হইবে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) সেচ বিভাগ কর্তৃক "নিম্ন দামোদর পরিকল্পনা" গৃহীত হওয়ায় আমতার নিকট দামোদরের জল নিকাশের পরিমাণের কিছুটা তারতম্য হইতে পারে। সংশ্লিষ্ট সেতুর দৈর্ঘ্য নিরূপণ ঐ জলনিকাশী ব্যবস্থার উপর নির্ভরশীল। এই কারণে সেতুর নকশা প্রস্তুত কিছুদিনের জন্য স্থগিত রাখা হইয়াছে।

শুশুনিয়া পাহাড়ে পুরাতন সভ্যতার নিদর্শন

*১১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০৭৫।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, বাঁকুড়া জেলার শুশুনিয়া পাহাড়ে প্রত্নতত্ত্ববিদরা বহু পুরাতন সভ্যতার নিদর্শন পাইয়াছেন; এবং

(খ) সত্য হইলে—

(১) কোন্ কোন্ সভ্যতার নিদর্শন পাইয়াছেন,

(২) সভ্যতার নিদর্শন হিসাবে কি কি জিনিসপত্র আবিষ্কৃত হইয়াছে; ও

(৩) কতজন প্রত্নতত্ত্ববিদ বর্তমানে ঐ স্থানে নিযুক্ত আছেন?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) শুশুনিয়া হইতে সংগৃহীত হাতিয়ার ও তুলনীয় নিদর্শনসমূহ প্রস্তর যুগের অন্তর্ভুক্ত বলিয়া মনে হয়।

(২) শুশুনিয়ায় আবিষ্কৃত হইয়াছে দ্রুতপাশ্মীয়, ক্ষুদ্রাশ্মীয় ও নবাশ্মীয় হাতিয়ারসমূহের বিভিন্ন উল্লেখ্য নিদর্শন।

(৩) শুশুনিয়ার বিস্তৃত অঞ্চলে প্রত্নতাত্ত্বিক অনুসন্ধানকার্য শেষ হইয়াছে বর্তমানে ঐ স্থানে প্রত্নতত্ত্ববিদ্ নিযুক্ত নাই।

আমতা থানায় চুরি, ডাকাতি ও অন্যান্য ধরনের অপরাধের সংখ্যা

***১১৫৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২২৪৫।) **শ্রীআফতাবুদ্দিন মণ্ডলঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ মাস থেকে ১৯৭৩ সালের ১৯এ মার্চ পর্যন্ত হাওড়া জেলায় আমতা থানায় চুরি, ডাকাতি ও অন্যান্য ধরনের অপরাধের সংখ্যা কত; এবং

(খ) সরকার ঐ এলাকায় উক্ত ধরনের অপরাধের সংখ্যা হ্রাসের জন্য কোন ব্যবস্থা অবলম্বন করেছেন কি?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক)

চুরি	...	৩৮৬
ডাকাতি	...	১৩
রাহাজানি	...	১৫
অন্যান্য (কগ্নিজেবল্ অপরাধ)	...	৩৮০

(খ) আমতা থানার অন্তর্গত তাজপুর, বোয়ালিয়ার এবং পুরশ-এ তিনটি পুলিশ ফাঁড়ি বসান হইয়াছে, ভাতার-এ একটি ডাকাতি প্রতিরোধ শিবির স্থাপন করা হইয়াছে এবং স্থানীয় প্রতিরোধবাহিনী পুনরুজ্জীবিত করা হইয়াছে।

রুরাল ম্যান পাওয়ার প্রোগ্রাম অনুসারে নিযুক্ত সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার

***১১৬১।** (অনুমোদিত প্রশ্ন নং *২২০৫।) **শ্রীশংকরদাস পালঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রুরাল ম্যান পাওয়ার প্রোগ্রাম অনুসারে নিযুক্ত বিভিন্ন ব্লক ডেভেলপমেন্ট আফিস হইতে যে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ারগণকে কনস্ট্রাক্শন বোর্ড, পি ডবলিউ ডিপার্টমেন্ট-এ 'অ্যাবজর্ব' করা হইয়াছে তাহাদের কোন পে প্রোটেক্শন এবং পূর্বতন চাকুরির নিরবিচ্ছিন্নতা বজায় রাখা হয় নাই; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না। সমগ্র বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

বাঁকুড়ায় নির্মীয়মাণ স্টেডিয়াম

***১১৬২।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৫২।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়ায় নির্মীয়মাণ স্টেডিয়ামটির কাজ অর্ধসমাপ্ত অবস্থায় দীর্ঘদিন যাবত পড়িয়া আছে: এবং

(খ) অবগত থাকিলে—

(১) ইহার কারণ কি,

(২) সরকার স্টেডিয়ামের জন্য ১৯৭২ সাল পর্যন্ত কত টাকা মঞ্জুর করিয়াছেন ও

(৩) কি কি খেলাধুলার জন্য স্টেডিয়াম নির্মিত হইতেছে?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না; জেলাশাসকের রিপোর্ট অনুযায়ী স্টেডিয়ামটি সমাপ্ত।

(খ) (১) 'ক' প্রশ্নের উত্তর মোতাবেক এই প্রশ্নের কারণ নাই।

(২) সরকার ১৯৬২ সাল পর্যন্ত ৫৫,৭২২ টাকা অনুদান মঞ্জুর করিয়াছেন।

(৩) আন্তঃ জেলা ও জেলার কোন বিশেষ বড় ধরনের খেলাধুলার জন্য এই স্টেডিয়াম নির্মিত হইয়াছে। জেলার বার্ষিক ক্রীড়া হকি, ফুটবল, ইত্যাদি খেলাধুলার আয়োজনও হইয়া থাকে।

বিশেষ বিশেষ প্রদর্শনী খেলার ও আয়োজন করা সম্ভব অবশ্য স্টেডিয়াম কমিটির অনুমতি সাপেক্ষ।

বহরমপুর থানার অন্তর্গত কাঁটাবাগান হইতে শিমুলিয়া পর্যন্ত রাস্তা পাকা করার পরিকল্পনা

*১১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২০৬।) **শ্রীশঙ্করদাস পালঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বহরমপুর থানার অন্তর্গত কাঁটাবাগান হইতে শিমুলিয়া পর্যন্ত কাঁচা রাস্তাটি পাকা করিবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কবে নাগাত ইহা কার্যকরী করা হইবে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না, আপাততঃ নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

হাওড়া জেলায় নূতন মহকুমা চালু করার প্রস্তাব

*১১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২৫।) **শ্রীআফ্‌তাবুদ্দিন মন্ডলঃ** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) হাওড়া জেলার আমতা ১নং, আমতা ২নং, উদয়নারায়ণপুর ও পাশের কিছু এলাকাকে নিয়ে নূতন কোন মহকুমা চালু করার কোন প্রস্তাব সরকার কি পাইয়াছেন; এবং

(খ) পাইয়া থাকিলে, সরকার এবিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

স্বরাষ্ট্র (সাধারণ প্রসাসন) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

পুলিশ হেপাজতে মৃত্যু

*৯৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪৩।) **শ্রীরবীন্দ্র ঘোষঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সাল হইতে ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত পুলিশ হেপাজতে মৃত্যুমুখে পতিত ব্যক্তির সংখ্যা; এবং

(খ) উক্ত মৃত্যুর কারণগুলি কি কি?

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৬৪।

(খ) (১) পুলিশ হেপাজতে আনিবার পূর্বে প্রাপ্ত আঘাত।

(২) নানা প্রকার অসুখ, যথা :— কলেরা, নিউমোনিয়া, হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ, দীর্ঘস্থায়ী অসুস্থতা।

(৩) দোষী ব্যক্তিকে ধরিবার সময় আত্মরক্ষার্থে পুলিশের গুলি ও তজ্জণিত আঘাত।

(৪) হাজতে আনিবার আগে জনসাধারনের প্রহার।

(৫) অন্তরীণ বন্দীদের একাংশ কর্তৃক অন্য বন্দীদের প্রহার।

(৬) আত্মহত্যা।

Unstarred Questions
(to which written answers were laid on the table)

বৃহত্তর কলিকাতায় হাউসিং এস্টেট

৫৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮৩।) **শ্রীসরোজরঞ্জন কাঁড়ার:** গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বৃহত্তর কলিকাতায় কতগুলি হাউসিং এস্টেট আছে;

(খ) তাতে কতগুলি ফ্ল্যাট আছে;

(গ) তন্মধ্যে কতগুলি—

(১) ভাড়া দেওয়া আছে, ও

(২) জবরদখল করেছে ও ভাড়া আদায় হচ্ছে না;

(ঘ) জবরদখল করার জন্য মোট আর্থিক ক্ষতির পরিমাণ কত; এবং

(ঙ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করেছেন?

গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ৮৩টি (সরকারী কর্মচারীদের জন্য ২০টি এবং জনসাধারণের জন্য ৬৩টি)।

(খ) ১৩,৬৮০টি(সরকারী কর্মচারীদের জন্য ১,৫৬২টি এবং জনসাধারণের জন্য ১২,১১৮টি)।

(গ) (১) বর্তমানে ১৩,৩৬৫টি (সরকারী কর্মচারীদের নিকট ১,৫৬২টি এবং জনসাধারণের নিকট ১১,৮০৩টি)।

(২) ১৭১টি (শুধু জনসাধারণের জন্য নির্মিত এস্টেটগুলিতে)।

(ঘ) ৪৪,১৭৮ টাকা।

(ঙ) উচ্ছেদের মামলা দায়ের করা হয়েছে।

ভগবানগোলায় নূতন সাবরেজিস্ট্রি অফিস

৫৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯০।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় ভগবানগোলায় একটি নূতন সাবরেজিস্ট্রি অফিস খোলার প্রস্তাব দীর্ঘদিন পূর্বে গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে—

(১) উক্ত অফিস স্থাপনে বিলম্বের কারণ কি, ও

(২) কবে নাগাত উহা স্থাপন করা হইবে বলিয়া আশা করা যায়?

বিচার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না; তবে ঐরূপ একটা প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(খ) (১) প্রস্তাবটির বিভিন্ন দিক পরীক্ষা করা হইতেছে।

(২) এ সম্বন্ধে সুনির্দিষ্ট কোন তারিখ বলা সম্ভব নয়।

রাজ্যের সামগ্রিক উন্নয়ন পরিকল্পনা

৫৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮৩।) **শ্রীমৃগেন্দ্র মুখার্জীঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এই রাজ্যের সামগ্রিক উন্নয়ন পরিকল্পনার মূল রূপেরেখা ও কাঠামো প্রণয়নের দায়িত্ব রাজ্য প্ল্যানিং বোর্ড-এর কর্মপরিধির মধ্যে সীমাবদ্ধ, ও টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অর্গানাইজেশনের উপর রাজ্যের বিভিন্ন উন্নয়নমূলক কাজের "ফিজিক্যাল প্ল্যানিং"-এর দায়িত্ব ন্যস্ত করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে—

(১) এই দুইটি সংস্থার কার্যধারার মধ্যে কর্ম বণ্টনের কোন সুনির্দিষ্ট সীমারেখা আছে কিনা, ও

(২) সি এম পি ও-কে ভাঙ্গিয়া দেবার অথবা ইহাকে সঙ্কুচিত করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) রাজ্য পরিকল্পনা পর্ষৎ একটি উপদেশ প্রদায়ী (অ্যাডভাইসরি) সংস্থা। এর প্রধান কাজ হ'ল জাতীয় পরিকল্পনার অন্তর্ভুক্ত কর্মসূচির অগ্রাধিকারের পরিপ্রেক্ষিতে রাজ্যের পরিকল্পনাভুক্ত কার্যাবলীর অগ্রাধিকার নির্ধারণের, পরিকল্পনা প্রণয়নের এবং যেসমস্ত বিষয় রাজ্যের অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নের পথে বাধা সৃষ্টি করতে পারে সেগুলোকে চিহ্নিত করার ব্যাপারে রাজ্যসরকারকে উপদেশ দেওয়া।

ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং বিভাগের টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং শাখা রাজ্যসরকারের পক্ষে শহর ও গ্রামীণ পরিকল্পনা সংক্রান্ত সমস্ত বিষয় তত্ত্বাবধান করে। ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং বিভাগের টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং ব্রাঞ্চ নিম্নবর্ণিত সংস্থা কয়টির সহিত রাজ্যসরকারের দিক থেকে যোগাযোগ রক্ষা করেঃ

(১) ক্যালকাটা মেট্রোপলিটান প্ল্যানিং অর্গানাইজেশন।

(২) ক্যালকাটা মেট্রোপলিটান ডেভেলপমেন্ট অথরিটি।

(৩) ক্যালকাটা মেট্রোপলিটান ওয়াটার অ্যান্ড স্যানিটেসন অথরিটি।

(৪) আসানসোল প্ল্যানিং অর্গানাইজেসন।

(৫) দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটি।

(৬) শিলিগুড়ি প্ল্যানিং অর্গানাইজেসন।

(৭) হুগলি রিভার ব্রীজ কমিশনার্স।

ইহা ব্যতীত রাজ্যসরকার কলিকাতা ভূগর্ভস্থ রেলপথটির নির্মাণ সংক্রান্ত কার্যাবলীর উপর এই শাখার মাধ্যমে সংযোগ রক্ষা করেন।

(খ) (১) রাজ্য পরিকল্পনা প্রণয়নের কাজে রাজ্য পরিকল্পনা পর্ষৎ রাজ্যসরকারকে পরামর্শ দেন। বিস্তারিত পরিকল্পনা এবং সেই সঙ্গে অঞ্চল উন্নয়ন কর্মসূচির জন্য প্রযুক্তি তথা ডিজাইন সংক্রান্ত পরিকল্পনা প্রণয়নের দায়িত্ব উন্নয়ন বিভাগের শহর ও জনপদ পরিকল্পনা শাখার (টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং ব্রাঞ্চ) উপর ন্যস্ত রয়েছে।

(২) এ ধরনের কোন প্রস্তাব নেই।

সাগরদীঘি থানা অঞ্চলে খরাপীড়িতদের সাহায্য

৫৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪৭।) **শ্রীনৃসিংহকুমার মণ্ডলঃ** ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলায় সাগরদীঘি থানার অন্তর্গত বিভিন্ন অঞ্চলে খরাপীড়িত জনসাধারণের সাহায্যের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

ত্রাণ ও কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ মোট জনসংখ্যার শতকরা আড়াই ভাগ হইতে শতকরা কুড়ি ভাগ লোককে জি আর বিলি করা হইয়াছে। এই বাবত ১৯৭২-৭৩ সালে ৬,০৭৭·৬ কুঃ খাদ্যশস্য খরচ করা হইয়াছে।

সমর্থ জনসাধারণকে টি আর-এর মাধ্যমে কাজ দেওয়া হইয়াছে, এই খাতে ২,৬১,৭৫৫·২২ টাকা এবং ২,২৯১·৫ কুঃ খাদ্যশস্য খরচ করা হইয়াছে। এই খাতে মোট ২০২,৭৪৩ শ্রমদিবস সৃষ্টি করা হইয়াছে।

ইহা ছাড়া ২০০ ধুতি, ১০০ শাড়ি ও ৮০০ শিশু-পোশাক বিতরণ করা হইয়াছে এবং শীতের জন্য ১০৫ খানা কম্বল বিলি করা হইয়াছে।

জঙ্গিপুর আদালতে সাক্ষীদের জন্য বিশ্রামাগার

৫৯০। (অনুমোদিত প্রশ্ন নং ২৪০২।) **শ্রীহবিবুর রহমানঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় জঙ্গিপুর কোর্টে সাক্ষীদের জন্য বিশ্রামাগার নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কতদিনের মধ্যে উহার নির্মাণকার্য আরম্ভ হইবে?

বিচার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) আগামী আর্থিক বৎসরে (১৯৭৪-৭৫) উহার নির্মাণকার্য আরম্ভ হইতে পারে।

পুরুলিয়া জেলায় শ্রমিককল্যাণ কেন্দ্র

৫৯১। (অনুমোদিত প্রশ্ন নং ২৩০২।) **শ্রীকিংকর মাহাতঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) পুরুলিয়া জেলায় কয়টি ও কোথায় কোথায় শ্রমিককল্যাণ কেন্দ্র আছে; এবং

(খ) ঐগুলিতে কি ধরনের কত স্টাফ আছে ও সরকারের তাহাতে বৎসরে গড়ে কত টাকা খরচ হয়?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পুরুলিয়া জেলার ঝালদাতে একটি আদর্শ শ্রমিককল্যাণ কেন্দ্র আছে।

(খ) ঝালদা আদর্শ শ্রমিককল্যাণ কেন্দ্রে নিম্নলিখিত স্টাফ নিযুক্ত আছেনঃ—

(১) লেবার ওয়েলফেয়ার ওয়ার্কার—১।

(২) লেডি লেবার ওয়েলফেয়ার ওয়ার্কার—১।

(৩) দারোয়ান-কাম-নাইট ওয়াচম্যান- ১।

শ্রমিককল্যাণ কেন্দ্রটির জন্য সরকারের বৎসরে গড়ে ১০,০০০ টাকা খরচ হয়।

জলপাইগুড়ি ইঞ্জিনিয়ারিং কলেজ

৫৯২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৮২।) **শ্রীবিজয়কৃষ্ণ মহান্তঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সম্প্রতি ছাত্রবিক্ষোভের ফলে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের জলপাইগুড়িস্থিত একটি মাত্র ইঞ্জিনিয়ারিং কলেজটিকে অনির্দিষ্ট কালের জন্য বন্ধ করিয়া দেওয়া হইয়াছে;

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে কোন তদন্ত করা হইয়াছে কিনা;

(গ) তদন্ত হইয়া থাকিলে,

(১) গোলযোগের কারণ কি কি, ও

(২) ঐ গোলযোগের জন্য দায়ী কে বা কাহারা; এবং

(ঘ) এ বিষয়ে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) জলপাইগুড়ি গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং কলেজটি গত ২৩এ মার্চ, ১৯৭৩ হইতে ১৬ই এপ্রিল, ১৯৭৩ পর্যন্ত বন্ধ রাখা হইয়াছিল।

(খ) প্রযুক্তিবিদ্যার শিক্ষা অধিকর্তা মহাশয় এই বিষয়ে স্বয়ং সরেজমিনে তদন্ত করিয়াছেন।

(গ) যথাযথভাবে পরীক্ষা গ্রহণ ব্যাপারে ছাত্ররা কর্তৃপক্ষের নির্দেশ মানিতে অসম্মত হয়। পরে এ বিষয়ে কলেজে গোলযোগ হয়। সেই পরিপ্রেক্ষিতে কলেজটি বন্ধ রাখিতে হয়।

(ঘ) বিষয়টি ছাত্রদের সহিত আলাপ-আলোচনার মাধ্যমে নিষ্পত্তি হওয়ায় কলেজটি গত ১৭ই এপ্রিল হইতে পুনরায় খোলা হইয়াছে।

পশ্চিমবঙ্গে বিভিন্ন দুর্ঘটনায় হতাহতের সংখ্যা

৫৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৩৩।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের মার্চ হইতে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি (২০শে ফেব্রুয়ারি) পর্যন্ত কলিকাতা এবং পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় কতজন ছুরিকাহত, ছিনতাই, রাহাজানি এবং বিভিন্ন দুর্ঘটনার মাধ্যমে (১) মারা গেছেন, (২) আহত হয়েছেন; এবং

(খ) উক্ত সময়ে উক্ত ঘটনায় কতজন আসামী বিভিন্ন জেলা হতে ২০শে ফেব্রুয়ারি ১৯৭৩ পর্যন্ত ধরা পড়েছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) একটি বিস্তারিত তালিকা নিচে দেওয়া হইল।

Statement referred to in reply to clauses (Ka) and Kha) of unstarred question No. 593

জেলাব নাম	ছুরিকাহতঃ ছিনতাই		রাহাজানি		দুর্ঘটনা		সমস্ত ঘটনায় ধৃত ব্যক্তির মোট সংখ্যা
	মারা গেছেন	অহত হয়েছেন	মারা গেছেন	আহত হযেছেন	মাবা গেছেন	আহত হযেছেন	
বাঁকুড়া	৫	১২	..	৫	২৩	১৮২	১৫৩
বীরভূম	২	১১	..	২	৪৪	১০৪	১১৪
বর্ধমান	৮	৯৮	..	৩	১৯৪	৩৭৪	৫৬৪
হুগলী	৪	৫১	..	২	৮৪	১৯৫	৩৪৫
পুরুলিয়া	..	..	..	..	৩১	৯০	৬২
মেদিনীপুর	২	৯	..	৪	৩৫	১০৮	৩১৩
২৪-পরগনা	২৬	২৬৯	..	১০	১৭৭	৫২৫	৮৪৬
মুর্শিদাবাদ	১	৩	..	৫	৫৬	১৩৩	৪৮
নদীয়া	৪	৬১	..	৬	৩৯	১৪৪	৩৮৮
হাওড়া	৭	৫৯	..	৩	১১৩	৩৩৬	১৬৬
পশ্চিম দিনাজপুর	..	২	..	৫	৫০	৯৭	১০৯
মালদহ	১	১৩	..	..	৩২	৯৩	১১৬
জলপাইগুড়ি	৬	১১৬	..	৩	৭৬	২২০	৫৫১
দার্জিলিং	২	৩৪	..	১	৪৫	২৭৪	১৯৩
কুচবিহার	৫	৫৩	..	৪	২৩	৫৭	১৫৬
হাওড়া রেল পুলিশ	..	৪	..	২	৫	২৩	৮৫
শিয়ালদহ রেল পুলিশ	১	৪	..	৩	২৯৪	১৪২	৩১
শিলিগুড়ি রেল পুলিশ	..	..	..	..	..	..	৪
কলিকাতা	..	১	..	১০	৬৬২	৩,২২১	৬৩২

Calling Attention to Matters of Urgent Public Importance

[2-20—2-30 p.m.]

Mr. Speaker: I have received 11 notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Black market of cement in West Bengal—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Adya Charan Dutta.

(2) Recommissioning of Haldia Fertiliser Factory to meet the insufficiency of mannure in West Bengal—from Shri Abdul Bari Biswas, Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay and Shri Adya Charan Dutta.

(3) Lay off at the factory of the National Rubber Manufacturers Ltd.—Shri Gautam Chakraborty, Shri Kashinath Misra, Shri Sambhu Narayan Goswami, Shri Sanatan Santra, Shri Bhabataran Chakraborty, Shri Akshay Kumar Kolay, Shri Sukumar Bandyopadhyay, Shri Adya Charan Dutta and Shri Abdul Bari Biswas.

(4) Relief to the economically distressed people of Bankura, Purulia, Nadia, 24-Parganas, Malda, Murshidabad districts—from Shri Gautam Chakraborty, Shri Sanatan Santra, Shri Sambhu Narayan Goswami, Shri Bhabataran Chakraborty, Shri Akshoy Kumar Kolay, Shri Sukumar Bandyopadhyay, Shri Adya Charan Dutta, and Shri Abdul Bari Biswas.

(5) Theft of medicine from Alipore Special Jail—From Shri Md. Dedar Baksh, Shri Adya Charan Dutta, Shri Gautam Chakraborty, Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, and Shri Abdul Bari Biswas.

(6) Cease work by the employees of Calcutta Corporation—from Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas, Shri Kartic Chandra Biswas, Shri Adya Charan Dutta and Shri Kashinath Misra.

(7) Threatned closure of industries in Durgapur due to water famine—from Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Kartic Chandra Biswas and Shri Adya Charan Dutta.

(8) Reported espionage and attempt at sabotage by an American in the Calcutta Dock area and his apprehension on 26th April 1973—from Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Kartic Chandra Biswas, Shri Adya Charan Dutta and Shri Md. Dedar Baksh.

(9) Reported closure of 700 soap making units—from Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra and Shri Kartic Chandra Biswas and Shri Adya Charan Dutta.

(10) Reported depredation by a band of blood suckers in the Tarakeswar area—rom Shri Md. Dedar Baksh and Shri Aday Charan Dutta.

(11) Acute drought situation throughtout West Bengal—from Naresh Chandra Chaki.

I have selected the notice of Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Biswas, Shri Kartic Chandra Biswas, Shri Adya Charan Dutta and Shri Kashinath Misra on the subject of 'Cease work by the employees of Calcutta Corporation'.

Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Ajit Kumar Panja: Sir, on the 4th May.

শ্রীরজনীকান্ত দলুই: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ২৫এ এপ্রিল ১৯৭৩ তারিখে মেদিনীপুর জেলার গড়বেতা এক নম্বর অধীন ফুলবেড়িয়া গ্রামের মামুদ আলি খাদ্যের অভাবে মারা গিয়েছে। এ খবর কালকে আমাকে সেখান থেকে জানান হয়েছে। এই মামুদ আলির মৃতদেহ নিয়ে ওখানকার ছাত্র পরিষদ ও যুব কংগ্রেসের ছেলেরা মিছিল ক'রে বি ডি ও অফিসে গিয়েছিল। সেখানে গিয়ে তারা অবিলম্বে ত্রাণ ব্যবস্থার জন্য বি ডি ও-কে অনুরোধ জানিয়েছে। স্যার, যেখানে দেশের লোক অনাহারে মরছে, যেখানে আমরা প্রতিদিন এই অ্যাসেম্বলীতে দাঁড়িয়ে টেস্ট রিলিফ চালু করার কথা বলছি, সেখানে টেস্ট রিলিফ চালু করা হচ্ছে না কেন বুঝতে পারছি না। লোকেরা খাদ্য পাচ্ছে না, কাজ পাচ্ছে না, কাজেই অবিলম্বে টেস্ট রিলিফ চালু করা দরকার। স্যার, যেখানে লোক না খেয়ে মরছে সেখানে টেস্ট রিলিফের নাম বদলে কি নাম দেওয়া হবে সে নিয়ে দিনের পর দিন আলোচনা চলছে। এ বিষয়ে স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ ক'রে বলছি আমাদের মেদিনীপুর জেলা খরা কবলিত ও বন্যাক্লিষ্ট এলাকা, সেখানে যেন অবিলম্বে টেস্ট রিলিফ চালু করা হয়। তা ছাড়া স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ ক'রে বলছি গড়বেতা এক নম্বর ব্লকে ১১ জন লোক বসন্তে মারা গিয়েছে। সেখানে যেন অবিলম্বে প্রিভেন্টিভ মেজার্স নেওয়া হয়।

শ্রীনারায়ণ ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী ও মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী কিছুদিন আগে তোর্ষা নদীর কাছে যেখান দিয়ে ৩১নং সড়ক গিয়েছে সেই ধায়গাটা পরিদর্শন করেছিলেন এবং বিগত নির্বাচনের আগে ওখানকার অধিবাসীদের কাছে একটি জনসভায় তিনি বলেছিলেন যে, তিনি চেষ্টা ক'রে দেখবেন যাতে ঐ তোর্ষা নদীর উপর জাতীয় সড়কের ওখানে সেতু নির্মাণ করা হয়। স্যার, অত্যন্ত দুঃখের কথা যেখানে আমাদের পূর্তমন্ত্রী পশ্চিমবঙ্গে গ্রাম রাস্তা করার জন্য টাকার অভাবে এদিক ওদিক ঘুরে বেড়াচ্ছেন, অর্থ সংস্থানের চেষ্টা করছেন সেখানে কেন্দ্রীয় সরকার ঐ জাতীয় সড়কটিকে অন্য দিক দিয়ে ঘুরিয়ে দিয়ে জনসাধারণের কোটি কোটি টাকা অপচয় করার চেষ্টা করছেন। আমরা জানতে পেরেছি ৩১নং জাতীয় সড়ক বর্তমানে যেখান দিয়ে আছে সেখান থেকে ঘুরিয়ে দিয়ে প্রায় ৫০ মাইল নূতন রাস্তা তৈরি ক'রে কুচবিহার জেলার মধ্য দিয়ে ব্রডগেজ রেল লাইনের দক্ষিণ দিক দিয়ে এই রাস্তা করতে চাইছেন। এই রাস্তা করতে গিয়ে স্যার, হাজার হাজার বিঘা সুন্দর ধানের জমি দখল করতে হবে এবং এইভাবে জনসাধারণের কোটি কোটি টাকা অপচয় হবে। যেখান দিয়ে বর্তমান রাস্তাটি আছে ৩১নং জাতীয় সড়ক সেখানে প্রতি বছর ফেয়ার ওয়েদার সেতু নির্মাণ করতে হয় রাজ্যসরকারকে এবং সেটা মেনটেন করতে হয়। এই খরচ প্রতি বছর থাকবে, এই সেতু নির্মাণ করতে হবে। আমি তাই স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং পূর্তমন্ত্রীকে অনুরোধ জানাবো যে, বর্তমানে জাতীয় সড়ক যা আছে সেখানে তোর্ষা নদীর উপর যেন সেতু নির্মাণ করা হয় এবং কেন্দ্রীয় আমলারা যে চক্রান্ত করছেন সেটাকে যেন ব্যাহত করা হয়।

শ্রীভোলানাথ সেন: মাননীয় স্পীকার মহাশয়, এটা সেন্ট্রাল গভর্নমেন্টের টাকায় হচ্ছে—এই রাস্তাটা জাতীয় সড়ক যেটা হচ্ছে সেটা সেন্ট্রাল গভর্নমেন্টের টাকায়। তাতে যে জমি যাবে সেই জমির জন্য নিশ্চয় ক্ষতিপূরণ দেওয়া হবে। তা ছাড়া যে রুটটা ঠিক করা হয় সেই রুটটা সেন্ট্রাল গভর্নমেন্ট স্যাংসান না করা পর্যন্ত কোন কাজ হয় না। সুতরাং এটা সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে টেক আপ করতে হবে। টেক আপ করা ছাড়া আমরা পারসোন্যালী এই মন্ত্রিসভা ডিসাইড করতে পারি না যে, জাতীয় সড়ক কোন্ রুটে যাবে। তা ছাড়া এখানে রোড মেকানিজিমের ব্যাপার আছে। তবে আপনার কাছে যখন শুনলাম, তখন আমি চেষ্টা ক'রে দেখবো যে, কিছু করা যায় কিনা।

[2-30—2-40 p.m.]

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে এই হাউসের কাছে রাখছি। বর্তমানে শিক্ষা বিভাগের আমলাদের নিষ্ক্রিয়তা

এবং অসহযোগিতার জন্য শিক্ষা ক্ষেত্রে বিভিন্ন ব্যাপারে কিছুটা দুর্নীতি এবং অরাজকতা দেখা দিয়েছে। এতে সরকারের লক্ষ লক্ষ টাকার অপচয় হচ্ছে এবং ছাত্র, শিক্ষক এবং জনসাধারণের মধ্যে ক্ষোভের সঞ্চার হচ্ছে। সেই বিষয়টা হচ্ছে ৫ নং শিবতলা লেন, কলিকাতা-৫, এই ঠিকানায় শীবলেশ্বর বিদ্যালয় জুনিয়ার হাইস্কুল বলে একটা বিদ্যালয় আছে। ওখানে বহুদিন ধ'রে সরকারের এবং জনসাধারণের অর্থ অপচয় হচ্ছে। এর বিরুদ্ধে ডিটেকটিভ ডিপার্টমেন্টের কেস আছে এবং স্কুলে কোন লেখাপড়া হয় না. ওখানে বেআইনী ভাবে শিক্ষক নিয়োগ করা হয়েছে, ওখানে ফার্নিচার নেই, টিচিং-এর ব্যবস্থা নেই, অ্যাপ্লায়েন্সেস নেই। এমন কি বেআইনী ভাবে সেখানে ম্যানেজিং কমিটি গঠিত হয়েছে। সেখানে যে হাজিরা খাতা আছে, সেটা ভুলভাবে, বেআইনী ভাবে চালনা করা হচ্ছে। বর্তমান জনপ্রিয় সরকারের নিয়মকানুন সেখানে মান্য হচ্ছে না, সেখানে বহু টাকা অপচয় হচ্ছে। আর একটা বিষয় বলছি পশ্চিম-বাংলার বহু স্কুলে এন সি সি ট্রেনিং-এর ব্যবস্থা রয়েছে, এই বাবতে কিছু টাকা মাস্টার মহাশয়রা পেয়ে থাকেন, সেই টাকা পাওয়া যাচ্ছে না. সরকারের সেখানে সার্কুলার আছে, কিন্তু সেই টাকা অপচয় হচ্ছে, তারা টাকা পাচ্ছে না। কি ভাবে শিক্ষাক্ষেত্রে কতকগুলো অরাজকতা চলছে তার একটা উদাহরণ দিচ্ছি এবং এই হাউসের কাছে রাখছি। এন সি সি-র জন্য মাস্টার মহাশয়রা ৫০ টাকা ক'রে যা পান, সে টাকা তারা পাচ্ছে না। আমি গেজেট নোটিফিকেশনটা প'ড়ে শোনাচ্ছি। গেজেট নোটিফিকেশন

Section 4, Pt. II—They shall come into force on the date of their publication in the Official Gazette. In the National Cadet Corps Rules, 1948, in Rule 35, for sub-rule (5), the following sub-rule shall be substituted, namely:—

"(5)" Every officer commissioned in the National Cadet Corps and posted to a unit of the Junior Division (Army, Navy and Air Wings) will be paid an honorarium of Rs. 50 per month throughout the year.

কিন্তু এই টাকা তারা পাচ্ছে না। আজকে তাই আপনার মাধ্যমে এই যে অবস্থাগুলো শিক্ষাক্ষেত্রে চলছে, এইগুলো আপনার মাধ্যমে হাউসের কাছে জানালাম।

Mr. Speaker: Mr. Misra, first of all, you have raised a point that there is an institution where there are no books, furniture, register, teachers, etc., and that the school was not running according to rules and complained that the Education Department is not looking into the affairs of the school. Then, you raised another point regarding NCC. These are two distinct matters that you have raised in the House. I think that is not allowed. Under the rule you are allowed to raise only one issue. This is a misuse of rule 351. This should never be done.

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই জন্য দুঃখিত।

শ্রীঅজিতকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রিমহাশয়ের নিকট একটা জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৪এ এপ্রিল, ১৯৭৩ তারিখে বর্ধমান জেলার ফরিদপুর কেন্দ্রে কাঁকশা থানার একজন এ এস আই শ্রীজয়গোপাল যখন রাস্তা দিয়ে যাচ্ছিলেন তখন অার একজন দুর্গাপুর থানার এ এস আই-এর ছেলে তাকে রিভলবর দিয়ে গুলি ক'রে মারে। এই এ এস আই-এর নাম হচ্ছে শ্রীসরোজ মিত্র, তার ছেলের নাম হচ্ছে দেবাশীস মিত্র। সব থেকে অবাক হবার কথা, এই দেবাশীস মিত্র সেখানে হাতে নাতে ধরা পড়ে কাঁকসা থানার একজন সেকেন্ড অফিসারের হাতে। তাকে হাতে নাতে ধরে নিয়ে যাওয়া হয়! অথচ যে এ এস আই-এর রিভলবর, তিনি বর্তমানে দুর্গাপুরে কর্তব্যরত অবস্থায় আছেন। তার এই রিভলবার রাখার নেগ্লিজেন্সের জন্য এখনও পর্যন্ত তাকে অ্যারেস্ট করা হয় নি বারে বারে দাবি জানানো সত্বেও। জয়গোপাল রায়, যাকে হত্যা করা হয়েছে, তার হ'য়ে যাতে কেউ সাক্ষী দিতে না যায় তার জন্য তাদের বাড়িতে গিয়ে কন্টিনিউয়াসলী দু'দিন ধ'রে থ্রেটেন করা হচ্ছে। এমন কি বলা হচ্ছে যে, তাঁদের যে ছেলেটা বেঁচে আছে, সেই ছেলেটাকে পর্যন্ত হত্যা করা হবে। স্বরাষ্ট্র দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয়ের আমি দৃষ্টি আকর্ষণ করছি যে, জয়গোপালের ঐ একটি মাত্র ছেলে ছাড়া আর কোন সন্তান

নেই এবং ছেলেটি বি এ পাশ করেছে। সুতরাং তার চাকুরির যদি ব্যবস্থা না হয় তা হ'লে তাদের সংসারটা ডুবে যাবে। তাই আমি এই দাবি এবং ঐ সাব-ইন্সপেক্টর-এর অ্যারেস্টের দাবি জানাচ্ছি, তাকে অ্যারেস্ট করার নির্দেশ দেওয়া হোক।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার খণ্ডঘোষ থানার তোড়কোণা গ্রামে ভারতবর্ষের কৃতী সন্তান রাসবিহারী ঘোষের জন্মস্থান। নিখিল ভারত কংগ্রেস কমিটির সভাপতি বিখ্যাত আইনবিদ, দেশপ্রেমিক, দানশীল এবং শিক্ষাবিদ হিসাবে তাঁর স্থান অনেক উচ্চে। অত্যন্ত দুঃখের কথা তাঁর স্মৃতি রক্ষার্থে সরকারী ও বেসরকারী উদ্যোগে এ পর্যন্ত কিছুই করা হয় নাই। তাঁর বাসস্থানে যাবার শেষ দুই মাইল কোন পাকা রাস্তা নেই। তাঁর গ্রামে তাঁর প্রতিষ্ঠিত স্কুল ও পাঠাগারের অবস্থা অত্যন্ত শোচনীয়, এগুলি নিদারুণ আর্থিক অনটনের মধ্যে চলছে। তাঁর বসতবাটী, স্কুল ও পাঠাগার ভেঙ্গে ভেঙ্গে পড়ছে। তার দেওয়া পাঠাগারে যেসব বইগুলি ছিল সেগুলি পাঠাগার ভেঙ্গে পড়ার জন্য সব চুরি হয়ে যাচ্ছে, অত্যন্ত দুঃখের কথা সেই সব পুস্তকগুলি নিয়ে মুদিখানার দোকানদার জিনিসপত্র বিক্রি করছে। গ্রামে পদ্মপুকুরে তাঁর চিতাভস্ম রক্ষিত আছে অতি সামান্যভাবে, কোন বিশেষ মর্যাদার সংগে নয়। আমি এই বিষয়ে মন্ত্রিসভার বিশেষ ক'রে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তাঁর বাড়ির সংস্কার করা, স্কুল ও পাঠাগার যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হতে পারে তার ব্যবস্থা করা এবং তাঁর চিতা ভস্মের উপর স্মৃতিসৌধ নির্মাণ করার জন্য আমি আপনার মাধ্যমে সরকারের নিকট দাবি রাখছি।

মাননীয় স্পীকার মহাশয়, আপনি ও মন্ত্রিসভার বেশ কয়েকজন প্রখ্যাত আইনবিদ আছেন, তাই আপনাদের উচিত তাঁর স্মৃতি রক্ষার্থে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা। রাসবিহারী ঘোষ ২ লক্ষ টাকার একটি ট্রাস্ট করে যান তাঁর প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানগুলির পরিচালনার জন্য। সেই টাকা সুদসহ আজ অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। কিন্তু সেই টাকা কোথায়, কিভাবে আছে এবং সেই টাকায় কি হয় তা জনসাধারণ জানে না। আমি এই বিষয়েও সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীভোলানাথ সেন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সম্বন্ধে কোন দ্বিমত থাকতে পারে না যে রাসবিহারী ঘোষ একজন প্রখ্যাত আইনবিদ ছিলেন, জনদরদী ছিলেন এবং সমাজসেবী ছিলেন। তাঁর স্মৃতি রক্ষা করা নিশ্চয়ই উচিত। তাঁর বই আমার বাড়িতে আছে, আপনারা যদি যান, তা হ'লে—ঐ ইংলিশ ল-বুক—তাঁর হাতে লেখা বই আছে। আমি সেগুলিকে যত্ন ক'রে রেখে দিয়েছি। মাননীয় সদস্য যে সম্বন্ধে মেনশন করলেন সে সম্বন্ধে আমি চিন্তা ক'রে দেখব।

[2-40—2-50 p.m.]

ডাঃ শেখ ওমর আলী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েক মাস ধ'রে ক্ষুদ্র ও কুটির শিল্পের দপ্তরে ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় রাজ্যের সুতা সঙ্কটের সমাধানের জন্য প্রতিশ্রুতির পর প্রতিশ্রুতি দিয়ে চলেছেন, কিন্তু এখন পর্যন্ত কাজের কাজ বিশেষ কিছু হয় নি। মন্ত্রিমহোদয় বলছেন কেন্দ্র যে পরিমাণ সুতা বরাদ্দ করেছেন তাতে ২৫ ভাগ পূরণ করা যেতে পারে। এর অর্থ হ'ল রাজ্যের ২ লক্ষ তাঁতের মধ্যে ৫০ হাজার তাঁত চলবে এবং ১·১/২ লক্ষ তাঁত অচল থাকবে। অর্থাৎ এই ১·১/২ লক্ষ তাঁতের উপর নির্ভরশীল প্রায় ৯ লক্ষ লোক নতুন ক'রে বেকার হয়ে যেতে বাধ্য হবে। প্রাক্-স্বাধীনতাকালে মেদিনীপুর জেলায় তাঁত ছিল ৪১,৮৯৩টি। তাঁত শিল্পের উন্নতির ঠেলায় পড়ে এখন সংখ্যা দাঁড়িয়েছে ৩২,৩৮৪। সুতা বন্টনের নূতন বিধান অনুযায়ী সব রকম কাউন্টের সুতা মিলিয়ে এই তোলার জন্য মাসিক বরাদ্দের পরিমাণ হ'ল ২১৯,০৭৫ কেজি অর্থাৎ তাঁত পিছু প্রতি মাসে প্রায় ৭ কেজি অথচ মাসে ৪০ কেজি-র কমে কোন প্রকার তাঁত চলতে পারে না। এতে সুতা সঙ্কটের যে কি সমাধান হবে তা বোঝা মুশকিল। এই সুতার জন্য আবার তাঁত শিল্পীদের মহকুমা কেন্দ্রে অথবা ভোলা কেন্দ্রে হ্যান্ডলুম ডেভেলপমেন্ট অফিসারের কাছে একবার আবেদন ফরম আনতে

এবং আর একবার ফরম জমা দিয়ে কার্ড আনতে যেতে হবে। ব্লক অফিসের মাধ্যমে এই ব্যবস্থা চালু করলে কি যে অসুবিধা হত তাও বোঝা দুষ্কর। সরকারী নিয়মে যেহেতু তাঁত শিল্পীরা ছাড়া অন্য কেউ বা কোন প্রতিষ্ঠান সুতো পাবে না, সেজন্য ডাই হাউস এবং এতে নিযুক্ত কয়েক হাজার কর্মী নতুন ক'রে সংকটে পড়বে। সুতরাং এদিকেও রাজ্যসরকারের দৃষ্টি দেওয়া উচিত। পশ্চিমবাংলার জন্য সুতোর বরাদ্দ বাড়িয়ে সমস্ত তাঁত শিল্পী এবং সুতার সংগে সম্পর্কযুক্ত প্রতিষ্ঠানগুলিকে ন্যায্য মূল্যে প্রয়োজনীয় সুতা সরবরাহ করতে এবং যতদিন তা না করা যাচ্ছে ততদিন তাদেরকে সাহায্য দিয়ে বাঁচিয়ে রাখতে আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী এবং রাজ্যসরকারকে আহ্বান জানাচ্ছি।

শ্রীগৌতম চক্রবর্তীঃ স্যার, আপনার মাধ্যমে জানাচ্ছি যে পশ্চিমবঙ্গ সরকার বিশ্ববাসীর কাছে মুখ দেখাতে পারবেন না। সুন্দর বনের রয়েল বেঙ্গল টাইগার যা শুধু পশ্চিমবাংলা নয়, ভারতবর্ষ নয়, সারা বিশ্বের গর্বের বস্তু। এই রয়েল বেঙ্গল টাইগার প্রায় অবলুপ্তির পথে। ওয়ার্লর্ড ওয়াইল্ড লাইফ্ প্রোটেকসান ফণ্ড সারা ভারতবর্ষে ৯টা ন্যাশনাল পার্ক করার জন্য অর্থ বরাদ্দ করেছেন। এর মধ্যে সুন্দরবন এলাকায় একটা ব্যাঘ্র অভয়ারণ্য করার জন্য টাকা স্যাংসান করেছেন। কিন্তু দুঃখের বিষয় সেই টাকা, প্ল্যান এবং প্রোগ্রাম এক্সিকিউট করতে গিয়ে প্রতিটা কর্মচারী যখন চেষ্টা করছে তখন বুঝতে পারলাম না কার গোপন হস্তে সেখানে ২ জন অফিসার এবং কয়েক জন স্টাফ ট্রান্সফার করে দেওয়া হয়েছে। আমি আপনার মাধ্যমে এই ডিপার্টমেন্ট-এর মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব তিনি যেন এবিষয়ে সতর্ক দৃষ্টি দেন এবং রয়েল বেঙ্গল টাইগার যাতে রক্ষিত হয় তার জন্য ব্যবস্থা অবলম্বন করতে অনুরোধ করছি।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ স্যার, আমি আজ আমার জেলায় একটি বিশেষ ঘটনার প্রতি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কিছু দিন আগে আমার জেলায় বালিরঘাট পলটন ব্রীজ ২৭এ ডিসেম্বর, ১৯৭২ তারিখে হঠাৎ কোলাপ্স হয়ে যায়। কি কারণে এটা হয় সেকথা আমি বলতে চাই না। কিন্তু কোলাপ্স হবার পর মানুষের যা দুর্গতি হচ্ছে সে সম্বন্ধে আমি বিধানসভায় প্রশ্ন দিয়েছি এবং তার যে উত্তর মন্ত্রিমহাশয় দিয়েছেন তাতে আমি সন্তুষ্ট হতে পারি নি। এর পর হাফ-এন আওয়ার ডিসকাসন-এর আমি একটা নোটিস দিই তাতে আপনার সেক্রেটারিয়েট থেকে জানান হয় যে, যেহেতু বিষয়টা তদন্তে গেছে, সেহেতু তদন্তের রিপোর্ট না আসা পর্যন্ত হাফ-এন-আওয়ার ডিসকাসন নোটিস এখানে আলোচিত হবে না। কিন্তু মুর্শিদাবাদ জেলার ২ জন মন্ত্রী ছাড়া বাকি আমরা সবাই সই ক'রে দিই যাতে এই ব্রীজ পুনরায় মেরামত হয় এবং নূতন পাকা ব্রীজ হবার প্রয়োজনীয়তা সরকার উপলব্ধি করেন। কিন্তু দুঃখের বিষয় পূর্ত ও কৃষি মন্ত্রীকে জানান সত্ত্বেও তাঁরা কোন কিছু করছেন না। মুখ্যমন্ত্রী ২২ তারিখে যখন বহরমপুরে গিয়েছিলেন তখন তিনি বলেছিলেন ৪র্থ পরিকল্পনায় না কি এই ব্রীজ পাকা করার প্রস্তাব আছে। স্পিল ওভার করার জন্য এটা ফিফ্থ ফাইভ ইয়ার প্ল্যান-এ নেওয়া হয়েছে। কিন্তু এখানে একটা অচল অবস্থা দেখা দিয়েছে। স্থানীয় কর্তৃপক্ষ বলছেন, জুন, জুলাই মাসে কাজ আরম্ভ করা যাবে। এতবড় গুরুত্বপূর্ণ ব্যাপার যেখানে মুর্শিদাবাদকে দ্বিখণ্ডিত করা হয়েছে, যেখানে নদিয়া জেলার একটা অংশ এবং মুর্শিদাবাদ জেলার একটা অংশের সংগে যোগাযোগ হচ্ছে সেটা সেখানে বাধা পাচ্ছে। মন্ত্রিমহাশয়ের কাছ থেকে একটা সুস্পষ্ট জবাব চাই এই দুই জেলার লোকের দুর্গতি কমবে কিনা এবং আর কতদিন এই অবস্থা চলবে?

শ্রীভোলানাথ সেনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যকে এর আগে একদিন আমি স্পেশালি এই ব্রীজ সম্বন্ধে খবর দিয়েছিলাম এই হাউসে এবং তখন বলেছিলাম যে এই ব্রীজটা কোলাপ্স ক'রে গেছে। সেই ব্রীজটা কোলাপ্স করেছে এইজন্য যে তার নিচে থেকে নাট বোল্ট চুরি ক'রে নিয়ে গেছে। সে সম্বন্ধে একটা ইনভেস্টিগেসান চলছে এই চুরির জন্য কোন অফিসার দায়ি কিনা। দ্বিতীয়তঃ নতন ব্রীজ সম্বন্ধে আপনাকে বলেছিলাম যে, চিন্তা করা হচ্ছে, তার প্ল্যান, ডিজাইন করতে হবে, তাতে টাইম লাগবে। কিন্ত ব্রীজ না করার কোন কথা বলি নি। আপনাকে বলেছি মার্চ মাসে, তারপর জুন, জুলাই মাসে যদি অফিসার খবর

দিয়ে থাকে যে কাজ আরম্ভ হবে তবে একবছরের এক্সপিরিয়েন্সে আমি বলতে পারি যে, খুব দ্রুত কাজ হচ্ছে। তার মধ্যে অনেকগুলি জিনিস ইনভল্‌ভড, সয়েল রিসার্চ করতে হয় কারণ, সয়েল রিসার্চ ছাড়া আমরা কোন ব্রীজ করছি না। তারপর সেই ডাটা নিয়ে ডিজাইন করতে হয়, ডিজাইন করার পর এস্টিমেট হয়, এস্টিমেটের পর ফাইনান্স ডিপার্টমেন্টের কাছে যায়, ফাইনান্স ডিপার্টমেন্ট থেকে ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টে যায়, আবার ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট থেকে ফাইনান্স ডিপার্টমেন্ট ঘুরে আমার কাছে আসে, আমার কাছে এলে টেন্ডার কল করি টেন্ডার সম্বন্ধে যাতে ম্যালপ্রাক্‌টিস না হয় সেজন্য সেই টেন্ডারের মধ্যে মিনিমাম যেটা কোটেশান পাওয়া যায় সেটা নর্মালি অ্যাক্‌সেপ্ট করা হয়। ৩/৪ মাসের মধ্যে নতুন ব্রীজের কনস্ট্রাকসনের কাজ আরম্ভ হবে এই কথা যদি আপনাকে অফিসার ব'লে থাকেন, তা হ'লে বলব, অত্যন্ত দ্রুত কাজ করছে। এর চেয়ে দ্রুত তালে যদি করতে হয়, তা হ'লে কাজ হতে পারে না।

শ্রীআবদুল বারি বিশ্বাস: আপনি তো নতুন পাকা ব্রীজের কথা বললেন। আসলে অফিসার বলেছেন ভাংগা ব্রীজের মেরামতের কাজ আরম্ভ হবে জুন-জুলাই মাসে।

শ্রীভোলানাথ সেন: আমি জানি ব্রীজটা অত্যন্ত পুরাতন ব্রীজ, এই ধরনের ব্রীজ খুব কমই আছে। আমাদের অনেকগুলি প্রোসিডিওরের ভেতর দিয়ে যেতে হয়। আমি মনে করি ৩/৪ মাসের মধ্যে যদি হয়, তা হ'লে আমিও অত্যন্ত আনন্দিত হব। যদি সময় সংক্ষেপ করা সম্ভব হয়, তার জন্য আমি চেষ্টা করব। কারণ, আমি জানি ওখানকার লোকের খুব কষ্ট হচ্ছে।

শ্রীবীরেশ্বর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি বিভাগের সরকারী অর্থের অপচয় সম্পর্কে একটা দৃষ্টান্ত আমি আপনার মাধ্যমে এই হাউসের সামনে রাখছি। বালুরঘাটে গ্রামসেবক ট্রেনিং সেন্টার আছে, সেই শিক্ষাকেন্দ্রে ১৫ একর জমি আছে, কিন্তু ৩ বছর যাবত সেখানে কোন ট্রেনিং দেওয়া হচ্ছে না। সেখানে প্রিন্সিপ্যাল আছেন, ৭/৮ জন ইনস্ট্রাকটর, লেকচারার আছেন এবং থার্ড এবং ফোর্থ গ্রেড স্টাফ ৩০/৩৫ জন আছেন। অথচ বিগত ৩ বছর যাবত সেখানে কোন ট্রেনিং দেওয়া হচ্ছে না। এখানে কাজের মধ্যে এটুকু হচ্ছে যে, এই থার্ড এবং ফোর্থ গ্রেড স্টাফ দিয়ে বড় বড় কলা গাছ, পেঁপে গাছ তৈরি করা হচ্ছে এবং এই স্টাফরাই সেগুলি ভোগ করছে। এছাড়া সেখানে ৭/৮টি দুগ্ধবতী গাই আছে, সেই গাই-এর দুধ চর্ব-চষ্য-লেহ্য-পেয় ভাবে তারা উপভোগ করছে। এইভাবে সরকারী অর্থের অপচয় সম্পর্কে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে একটি হোস্টেল আছে, সেই হোস্টেলে চামচিকের ঘোরাফেরা ছাড়া কোন ছাত্র নেই। সরকার এই দিকে দৃষ্টি দেবেন এবং গ্রামসেবক ট্রেনিং সেন্টারে যাতে গ্রামসেবকরা শিক্ষা লাভ করতে পারে তার ব্যবস্থা করবেন।

[2-50—3-00 p.m.]

শ্রীঅসমঞ্জ দে: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র শান্তিপুরে শান্তিশৃঙ্খলার ব্যপার নিয়ে যে অস্বাভাবিক পরিস্থিতি সৃষ্টি হয়েছে সেকথা ব'লে আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছ থেকে তার প্রতিবিধান দাবি করছি। কিছুদিন ধ'রে দেখছি একদল সমাজবিরোধী, দুর্বৃত্ত শ্রেণীর গুণ্ডা তাদের সমাজবিরোধী কার্যকলাপ পরিচালনার মাধ্যমে ভয়, ভীতি, আতঙ্ক, সন্ত্রাস সৃষ্টির মাধ্যমে জনজীবন দিনের পর দিন বিপর্যস্ত ক'রে তুলেছে। সেই নজির শান্তিপুর থানার ও সি থেকে শুরু করে নদিয়ার ডি এম, এস পি এবং এমন কি সরকারের মন্ত্রিমণ্ডলীর কাছে এবং প্রয়োজনীয় মন্ত্রীর কাছে তুলে ধরেছি। কিন্তু দুঃখের বিষয় অবস্থা যথা পূর্বম তথা পরম। গত পরশুদিন শান্তিপুরের এম আর ডিলার প্রতাপ সাহা বেশ্যনর চিনি চোরাকারবার করছিল এবং স্থানীয় লোকেরা হাতেনাতে সেটা ধরল এবং পুলিসকে জানাল। পুলিসের ও সি মাল সিজ করলেন এবং ডিস্ট্রিক্ট কন্ট্রোলার অব ফুড অ্যান্ড সাপ্লাইস নদিয়া তাঁকে জানালেন। কিন্ত দুঃখের বিষয়, মাননীয় স্পীকার মহাশয়, সেই এম আর ডিলার প্রতাপ সাহা ধরা পড়ল না। বরং আমরা দেখলাম ঐ এম আর ডিলার প্রতাপ সাহা মার্কা মারা গুণ্ডাদের নিয়ে শান্তিপুরের রাজপথে বাড়ি বাড়ি যেভাবে র‍্যানসাক করল সেটা শান্তিপুর কেন, নদিয়া জেলা কেন, পশ্চিমবাংলার সভ্যসমাজের এতাবৎকালের ইতিহাস

পরিপূর্ণভাবে ম্লান ক'রে দিয়েছে। ধরা পড়ল কারা? না, যারা সেই চোরাই কাজ ধরিয়ে দিয়েছিল সেই সুধীর বিশ্বাসরা। আর ধরা হোল কাকে? না, ছাত্র পরিষদের নেতা বলরাম ঘোষকে। এই বলরাম ঘোষ ঐ ঘটনা সংগঠিত হবার সময় জেলা ছাত্র পরিষদের মিটিং করছিলেন এবং সেই মিটিং—এ তিনি উপস্থিত ছিলেন। এই ঘটনাকে কেন্দ্র ক'রে স্থানীয় ছাত্র পরিষদ এবং জেলা ছাত্রপরিষদের সম্পাদক লিখিতভাবে পুলিসের কাছে এজাহার দিয়েছেন। আমি তাই মুখ্যমন্ত্রীর কাছে দাবি করছি অবিলম্বে এই বলরাম ঘোষ এবং সুধীর বিশ্বাসকে ছেড়ে দেওয়া হোক এবং এম আর ডিলারকে গ্রেপ্তার করা হোক। আমি আরও দাবি করছি, দিনের পর দিন এই সমস্ত অত্যাচারী গুণ্ডা শ্রেণীর লোক যারা অত্যাচার চালিয়ে স্বাভাবিক জীবনযাত্রা বিপর্যস্ত ক'রে তুলেছে তাদের গ্রেপ্তার করা হোক।

শ্রীহেমন্ত দত্ত: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে শিল্পমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি আমাদের জাতীয় সম্পদ বাড়াতে হ'লে একদিকে মুষ্টিমেয় কয়েক ব্যক্তির হাতে যে অর্থ পুঞ্জীভূত হয়ে আছে সেটাকে নিতে হবে এবং সঙ্গে সঙ্গে আমাদের জাতীয় সম্পদের সদ্ব্যবহার করতে হবে। আপনারা জানেন লবণ একটি শিল্প যার বিরাট ক্ষেত্র হচ্ছে মেদিনীপুরের কাঁথি-কন্টাই সি বোর্ড। কিন্তু আমরা দেখছি এই লবণ শিল্পকে অগ্রাহ্য করা হচ্ছে। আমরা রাজ্যপালের ভাষণে দেখেছি এবং আমাদের যে সুভেনির বেরিয়েছে ইন্ডাস্ট্রির বিষয় সেখানেও দেখেছি এই সল্ট সম্পর্কে কোন গবেষণা বা তার উৎপাদন বৃদ্ধি করবার জন্য কোন পরিকল্পনা আমাদের সরকার গ্রহণ করেন নি। অথচ এই লবণ আমাদের একটা নিত্য প্রয়োজনীয় জিনিস। এর মধ্যে একটা প্রধান জিনিসের সম্ভাবনাময় ক্ষেত্র রয়েছে কাঁথিতে। কাঁথির দক্ষিণ দিকে যে সল্ট বেয়ারিং ল্যান্ড আছে সেখানে সাড়ে সাত হাজার একর জমি সরকারের খাসে রয়েছে এবং তার মধ্যে মাত্র দেড় হাজার একর কয়েকটি সংস্থাকে বিলি করা হয়েছে। সেখানে যে সম্ভাবনা রয়েছে তার জন্য আচার্য পি সি রায় ওখানে গিয়ে কয়েকটি সংস্থাকে লবণ কারখানা খোলবার জন্য উৎসাহিত করেছিলেন। এখানে যে বিরাট ক্ষেত্র রয়েছে তার জন্য একটা সল্ট বেয়ারিং কমিটি করা হয়েছিল এবং সেই কমিটিতে আমাদের মন্ত্রী শ্রীজ্ঞানসিং সোহানপাল চেয়ারম্যান হিসেবে আছেন এবং ডিরেক্টর অব ইন্ডাস্ট্রিজ সেক্রেটারী আছেন। গত মে মাসে এই কমিটি গঠন করা হয়েছে, কিন্তু তার কোন মিটিং ডাকা হচ্ছে না। সেখানে বেকার যুবকদের যে সংস্থা রয়েছে তাদের এটা দেওয়া যায় অথবা কেন্দ্রীয় সরকার বা পশ্চিমবঙ্গ সরকার সহজেই এটা গ্রহণ করুন এই অনুরোধ আমি মন্ত্রিসভার সামনে উপস্থিত করছি।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় স্পীকার মহাশয়, এর আগে আমি হাউসে বলেছিলাম এবং গতকাল "সত্যযুগ" কাগজে দেখলাম এবং আমার কাছে "গণতান্ত্রিক অধিকার রক্ষা সমিতির" তরফ থেকে জানান হয়েছে যে গত ২২শে এপ্রিল প্রেসিডেন্সী জেলে রাজনৈতিক বন্দীদের উপর, নকশালপন্থী বন্দীদের উপর পুলিসের লাঠিচার্জ হয়েছে। তাঁদের অপরাধ হচ্ছে তাঁরা কমরেড লেনিনের জন্ম দিবস পালন উপলক্ষে একটা সভা করেছিলেন। তাঁদের সেই সভা বানচাল ক'রে এই সমস্ত বন্দীদের উপর অর্থাৎ রাজনৈতিক বন্দীদের উপর উদ্দেশ্য প্রণোদিতভাবে লাঠিচার্জ করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, এর আগে পশ্চিমবাংলায় বিভিন্ন জেলে এই রকম ঘটনা ঘটে গিয়েছে। আমরা বারংবার এ সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করেছি। আজকে যদিও মাননীয় মুখ্যমন্ত্রী এই সভায় আছেন এবং আমাদের জেলমন্ত্রী মহাশয় এখানে আছেন। আমি তাদের কাছে দাবি করছি যে, এই বিষয়ে যথাবিহিত তদন্ত করা হোক যাতে জেলের বন্দীরা রাজনৈতিক মর্যাদা অন্ততঃ মানুষের মর্যাদা যাতে পায় সেদিকে দৃষ্টি দেওয়া হোক। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাননীয় কুটিরশিল্পমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা জানি গত এক বছর ধ'রে পশ্চিমবাংলায় তাঁত শিল্প দারুণ সংকটের মধ্য দিয়ে চলেছে সুতোর অভাবের জন্য এবং এই সঙ্কটের জন্য পশ্চিম-বাংলার পাওয়ার লুম এবং হ্যান্ড লুম যেসব আছে তার যারা মালিক আছে তারা তাদের সমস্ত

পুঁজি নিঃশেষে খরচ ক'রে নিজেদের জীবন ধারণের ব্যয়ের জন্য সব খরচ ক'রে বসেছেন। আজকে যদিও কিছু কিছু সুতো আসছে, কিন্তু সুতো এলেও আমাদের জানা আছে বহু তাঁতি, বহু হ্যান্ড লুম পাওয়ার লুমের মালিক তারা টাকার অভাবের জন্য এবং তাদের পুঁজি শেষ হয়ে যাবার জন্য তারা সুতো কিনতে পারছেন না। আমি তাই আজকে কুটিরশিল্প-মন্ত্রীর কাছে দাবি রাখবো যে, যেমন বড় বড় শিল্প দুর্বল হ'লে দুর্বল শিল্প ব'লে ঘোষণা করা হয় এবং কোটি কোটি টাকা দিয়ে সাহায্য করা হয় সেই রকম আজকে এই তাঁত শিল্প যা নিঃসন্দেহে দুর্বল হয়েছে তাকে দুর্বল শিল্প ব'লে ঘোষণা করা হোক এবং পশ্চিমবাংলার সমস্ত তাঁতি এবং পাওয়ার লুম ও হ্যান্ড লুম মালিকদের অর্থ সাহায্য করা হোক যাতে এই শিল্প পুনরুজ্জীবিত হতে পারে তার ব্যবস্থা করা হোক।

শ্রীতুহিনকুমার সামন্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ পরিস্থিতির কথা উল্লেখ করতে চাই। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের বর্তমানে যে অবস্থা চলছে তাতে বোধ হয় বিশ্ববিদ্যালয় উঠে যাবে। ছাত্ররা বিভিন্ন প্রকার দাবি নিয়ে আজকে অনশন করছে। ৩ জন ছাত্রকে হাসপাতালে স্থানান্তরিত করতে হয়েছে। ছাত্রদের দাবি পরীক্ষার ফল অবিলম্বে বের করতে হবে এবং প্রশাসনিক যেসমস্ত দুর্নীতি আছে সেগুলি তদন্ত করতে হবে। সাথে সাথে কর্মচারীরা বিভিন্ন দাবির উপর ভিত্তি ক'রে ধর্মঘট করেছেন। গতকাল থেকে তারা অনশনে বসছেন। তাদের কতগুলো দাবি সরকারের কাছে জানানো প্রয়োজন। তাদের দাবি হচ্ছে, পে স্কেল চালু করতে হবে, টিফিন ভাতা দিতে হবে এবং আরো বিভিন্ন প্রকার দাবি আছে। সব চেয়ে বড় দাবি হচ্ছে, বিশ্ববিদ্যায়ের চত্বরে পুলিস প্রবেশ করেছে। কর্মচারী ইউনিয়নের তরফ থেকে কর্মচারীরা বার বার উপাচার্য এবং কর্তৃপক্ষকে জানিয়েছে। গণতান্ত্রিক যুগে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে এমন কোন উত্তেজনা সৃষ্টি হয় নি বা পরিস্থিতি সৃষ্টি হয় নি যার জন্য বিশ্ববিদ্যালয়ের চত্বরে পুলিস থাকতে পারে। তাই সব মিলিয়ে তাদের দাবি হচ্ছে, শিক্ষাক্ষেত্রে দুর্নীতি, পরীক্ষার ফল প্রকাশ করার দাবি এবং কর্মচারীদের বিভিন্ন দাবিদাওয়া মেনে নেওয়া। এই যদি না করা হয়, তা হ'লে শিক্ষাজীবন বিপর্যস্ত হয়ে যাবে। আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে, তিনি যেন অবিলম্বে এই বিষয়ে হস্তক্ষেপ করেন এবং হাজার হাজার ছেলেদের ভবিষ্যৎ বাঁচান এবং অপর দিকে সুষ্ঠু প্রশাসন ব্যবস্থা যাতে ফিরিয়ে আনা যায় তার জন্য নজর রাখবেন এবং অবিলম্বে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের চত্বর থেকে পুলিসকে সরিয়ে নেওয়া হোক এই কথা ব'লে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আমি অত্যন্ত উদ্বিগ্ন যে, চণ্ডীতলায় আবার অশান্তির ঘন কালো মেঘ দেখা যাচ্ছে। চণ্ডীতলায় চুরি এবং ছিনতাই বৃদ্ধি পাচ্ছে এবং দেওয়ালে দেওয়ালে নকশালী পোস্টার দেখা যাচ্ছে এবং গোপনে গোপনে নকশাল সংগঠিত হচ্ছে। ওয়াগন ব্রেকার এবং কুখ্যাত সমাজবিরোধীরা মাথা চাড়া দেওয়ায় জনসাধারণ সন্ত্রস্ত। অবিলম্বে এদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করবার জন্য আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি। কলাছড়ায় ছিনতাই বৃদ্ধি পাচ্ছে। গত সপ্তাহে প্রকাশ্য দিবালোকে

[3-00—3-10 p.m.]

কলাছোড়ায় একটা ছিনতাই-এর ঘটনা ঘটে এবং ছিনতাইকারীরা পালিয়ে যায়। তার দুইদিন আগে কুমীরমারা মাঠে আর একটা এই ধরনের ঘটনা হয়। সব থেকে উদ্বেগজনক খবর, স্যার, ওয়াগনব্রেকার, কুখ্যাত সমাজবিরোধী মন্টু সাহাকে আবার ডানকুনীর আসেপাশে দেখা যাচ্ছে। সে এখান থেকে চলে গিয়ে বরানগরে আশ্রয় নিয়েছে। আমার অনুরোধ আপনি এদিকে দৃষ্টি দেবেন। নবাবপুরের পাঁচজন সমাজবিরোধী, ধোনী মালিক, জয়ন্ত, গোকুল, শ্রীরাধা, কাঞ্জিলাল, এই পাঁচজনকে ভগবতীপুর বাজারে মাঝে মাঝে দেখা যাচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি, এই পাঁচজনকে অবিলম্বে মিসা আইনে গ্রেপ্তার করা হোক। তাদের বিরুদ্ধে বহু অভিযোগ আছে, তারা নটোরিয়াস ক্রিমিন্যাল। এছাড়া জোতদারদের জুলুম আছে। মশাডাঙ্গার একটা ঘটনা আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জানিয়েছি। তিনি আমাদের ছাত্র পরিষদ

এবং যুব কংগ্রেসের ছেলেদের পুলিস দিয়ে গরুর দড়ি দিয়ে বেঁধে থানায় নিয়ে গিয়েছে। এখানে সুন্দবভূষণ চ্যাটার্জিকে আমি মিসায় আটকাবার জন্য অনুরোধ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্যার, আমি আর এক মিনিট টাইম চাচ্ছি। আমি আর একটা কথা বলতে চাই, শুধু তাই নয়, আমি এই ব্যাপারে আরো উদ্বেগন যদি এইভাবে জোতদাররা মাথাচাড়া দিয়ে উঠে এবং এই ধরনের আমাদের ভাল ছেলেদের একটার পর একটা কেসে এক তরফা ঝুলিয়ে দেওয়া হয় পুলিসকে টাকা দিয়ে, তা হ'লে আমাদের সংগঠন অত্যন্ত ক্ষতিগ্রস্ত হবে।

শ্রীঅর্দ্ধেন্দুশেখর নস্কর: মাননীয় স্পীকার স্যার, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আজ সকালবেলাতে বেলেঘাটা অঞ্চলে বাগমারীতে নির্মল মিত্র ব'লে একটি ছেলেকে সকালবেলায় কয়েকজন আততায়ী গুলি করে। এখন কি অবস্থায় আছে জানি না, যদিও তাকে হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। এটা আমাদের সরকারের প্রতি একটা বিরাট চ্যালেঞ্জ। আমাদের বেলেঘাটা শান্ত ছিল, আজ বেলেঘাটা অশান্ত। আমি সেখান থেকে এখানে আসছি। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী হাউসে আছেন, এ বিষয়ে যদি তিনি একটু আলোকপাত করেন, তা হ'লে সেটা খুবই ভাল হয়।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সকাল ৬॥ টার সময় নির্মল মিত্র ব'লে একজন ৩০৩/৬ বাগমারী রোডে, তাকে একটা পাইপগানের গুলিতে আহত করা হয়। সে তখন বাগমারী রোডে দাঁড়িয়েছিল। যে জায়গা থেকে গুলিটা চলে সেটা মাণিকতলা মেন রোডের উপরে, প্রায় ৫০ হাত দূরে, মাণিকতলা মেন রোড এবং বাগমারী বাজারের ক্রশিংয়ের ৫০ হাত দূরে। নির্মলবাবুকে তৎক্ষণাৎ আর জি কর হাসপাতালে নেওয়া হয়। তারপর সেখান থেকে পি জি হাসপাতালে আনা হয়েছে। একটা অপারেশন করতে হবে। তার অবস্থা ইজ নট স্যাটিসফাকটরি। নির্মলবাবু মেডিক্যাল অফিসার, আর জি কর-এর কাছে এবং পুলিস অফিসার ইনক্লুডিং এস ভট্টাচার্য, ডি সি তাঁর কাছে কিছু স্টেটমেন্ট করতে পেরেছেন। ৬ জন দুষ্কৃতকারীর নাম এখন পর্যন্ত পাওয়া গিয়েছে। তার ভেতরে এফ আই আর-এ নামের ভেতর থেকে একজনকে এবং আরো তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে এবং বিমল দাস ব'লে—এফ আই আর-এ, তার বাড়ি সার্চ ক'রে একটা পাইপগানের অংশ পাওয়া গিয়েছে এবং একটা ছোরা পাওয়া গিয়েছে। ইনটেনসিভ ইনভেস্টিগেসান চলছে। আমি হাউসে বলতে পারি যে, এই ব্যাপারে সরকার অত্যন্ত কঠোর ব্যবস্থা গ্রহণ করবেন এবং কাউকে কোন রকমে ক্ষমা করবে না।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতায় সবুজ নির্বাসনের পথে। ইস্পাত লোহার খাঁচায় বন্ধ এই মহানগরী তার মধ্যে এক আধটু পার্ক মানুষের মুক্ত আলো বাতাস ঘেরা শান্ত সবুজের একটু আশ্বাস পাওয়ার দিনও বুঝি চলে গেল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, চারদিকে ঘন বসতি, মাঝে দু'একটা টুকরো পার্ক, প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল। তবু ছিল সভা সমাবেশ, মেলা মিছিলের রুক্ষ জীর্ণ বিদীর্ণ, তবু এই পার্কগুলি স্বনামে ছিল ঠেলার আড্ডা, রিকসার আড্ডা, বেআইনী সাময়িক লরী পার্কিং, তবু পার্ক ছিল মাননীয় অধ্যক্ষ মহাশয়। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি এই পার্কগুলি সি এম ডি এ-র কর্তৃপক্ষের কাছে এবং পাতাল রেল কর্তৃপক্ষের কাছে ইজারা দেওয়া হয়েছে। মানুষের একটু মুক্ত নিঃশ্বাস ফেলার জায়গা, ছোট ছোট ছেলে মেয়েদের একটু সবুজ মাটিতে ছোটাছুটি করার যে অবসর সেই অবসরও বোধ হয় নষ্ট হয়ে যাচ্ছে। এবং গোডাউন হিসাবে ব্যবহার করার ফলে মানুষের মুক্তির পথ রুদ্ধ হতে চলেছে। পশ্চিমবঙ্গ সরকার যদি অবিলম্বে এটা রুখতে না পারেন, এই যে সবুজ নির্বাসনের ষড়যন্ত্র চলেছে, এটা বন্ধ না করতে পারেন, তা হ'লে মানুষ বাঁচবে না, শিশু বাঁচবে না। ময়দানে রঙ্গমঞ্চ তৈরি করার ব্যাপারে যাঁরা প্রতিবাদ করেছিলেন আজকে আমি তাঁদের জিজ্ঞাসা করতে চাই, আজকে এই যে সবুজ নির্বাসনের ষড়যন্ত্র চলেছে, সবুজ হত্যাব চেষ্টা চলেছে, আজকে কেন তারা কোন প্রতিবাদ করছেন না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কলকাতা মহানগরীকে সুন্দরী করতে চাইছেন, আলোয় ঝলমল করতে চাইছেন, সবুজে সুষমামণ্ডিত করতে চাইছেন। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করতে চাই—এই যে সবুজ নির্বাসনের ষড়যন্ত্র চলেছে এটা রুখবার জন্য ব্যবস্থা করুন।

শ্রীশীশ মহম্মদ: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে বিষয়টা বলতে যাচ্ছি সেটা হচ্ছে পশ্চিমবঙ্গের সীমান্ত এলাকার একটা বিরাট সমস্যা। পশ্চিমবঙ্গের সীমান্ত দিয়ে প্রতিদিন হাজার হাজার গরু বাছুর কালোবাজারীরা জড়িত হয়ে বাংলাদেশে চালান দিচ্ছে। পরিস্থিতি এমন এসে দাঁড়িয়েছে, এই সমস্ত গরুপাচারকারীদের যারা বাধা দিতে যায়, সেই সমস্ত বাধাদানকারীদের উপর পুলিস এবং সীমান্ত রক্ষী বাহিনীর লোকেরা অত্যাচার করে—এমন প্রমাণ আছে যে, এই সমস্ত বাধাদানকারীদের ধ'রে নিয়ে গিয়ে, ক্যাম্পে নিয়ে গিয়ে আচ্ছা ক'রে পিটিয়েছে। এই গরুপাচারকারীরা কেবলমাত্র যে এখান থেকে গরু কিনে চালান দিচ্ছে তা নয়, এখানকার হাজার হাজার কৃষিজীবী যারা হাল বলদ নিয়ে চাষ করে রাত্রিবেলায় তাদের গোয়াল ঘর থেকে তাদের গরু বাছুর চুরি ক'রে নিচ্ছে। বর্তমানে এমন অবস্থা হয়েছে যে, তাদের হালের গরু বলদ হারিয়ে এখন চাষ করতে পারছেন না। এই যে সীমান্ত বাহিনী আছে তাদের কাছে দূরবীণ আছে, সীমান্ত এলাকায় বি ও পি ক্যাম্প, বি এস এফ ক্যাম্প আছে, তা সত্ত্বেও গরু পাচার হয়ে যাচ্ছে। চর এলাকায়, যে সমস্ত ভারতীয় লোকেরা চাষ করে, তাদের হালের গরু ইত্যাদি তাদের জমি থেকে বাংলাদেশের দুর্বৃত্তরা তুলে নিয়ে যাচ্ছে অথচ আমাদের সীমান্ত রক্ষী বাহিনীর লোকেরা কোন প্রতিকার করে না। আমি মনে করি পশ্চিমবাংলার সীমান্ত রক্ষী বাহিনীর এরাই কালোবাজারী থেকে দুর্বৃত্তে পরিণত হয়েছে। এই রকম দেখা যায় যে, সীমান্ত রক্ষী বাহিনীর লোকেরা কালোবাজারীদের সঙ্গে জড়িত আছে, রাত্রির অন্ধকারে নয়, দিনের বেলাতেই তারা বাড়িতে বাড়িতে ঘুরে মাসোহারা আদায় করে। আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন করছি যে, তিনি এই ব্যাপারে প্রতিকার করুন এবং সেটাই বাঞ্ছনীয়।

[3-10—3-20 p.m.]

Statement under rule 346

Mr. Speaker: I call upon Shri Sankar Ghose, Finance Minister, to make a statement under rule 346.

Shri A. H. Besterwitch: Sir, I do not agree to that. I have given notice for a discussion on some points.

Mr. Speaker: I was told that the matter should be brought to the notice of the Hon'ble Minister for clarification of the position. Accordingly, a discussion was held and, so far as I could understand, you agreed that the matter should be clarified on the floor of the House.

Shri A. H. Besterwitch: Sir, I wanted things to be done in a most amicable manner. There are certain points besides the points I have given in my notice. They should have been discussed. I have mentioned everything in my notice.

Mr. Speaker: Mr. Besterwitch, you gave me some points and I handed over those points to the Hon'ble Finance Minister for clarification of the entire position. I think the Hon'ble Minister is ready with the facts. After the statement is made, if you have got something to say for explanation or clarification, certainly, you can bring it to my notice.

Shri Sankar Ghose: Mr. Speaker, Sir, it appears that there has been some misunderstanding as to the service conditions of typists, copyists and mappists. I will, therefore, like to clarify the position. The typists and copyists are allowed a fee of 16 paise per folio and they are also entitled to an additional remuneration at 37 per cent. of the said remuneration. That is to say, they are entitled to 16 paise plus 37 per cent. of 16 paise, equal to 22 paise per folio. Accordingly, it can be said, either that the typists and copyists get a fee of 16 paise per folio and, to add to that they also get 37 per cent. of the said remuneration, or, it can be said simply that they get 22 paise per folio. Both these statements are correct and the position can be accurately stated

in either of these two ways. From time to time the position has been correctly explained in either of these two ways. So far as the guaranteed remuneration of typists and copyists is concerned, the position is that the basic minimum of guaranteed remunerations of typists and copyists are Rs. 120 and Rs. 80 per month, respectively, but their total minimum or guaranteed remuneration is much higher because in calculating the total remuneration the dearness allowance, the house-rent allowance, the medical allowance, etc. have to be included. For example, whereas, for the typists the basic minimum remuneration is Rs. 120 per month, the dearness allowance is Rs. 129 per month. Apart from this they get the house-rent allowance and medical allowance. Again, the copyists get a minimum basic remuneration of Rs. 80 per month and dearness allowance of Rs. 105 per month. Apart from this they get house-rent allowance and medical allowance. While referring to the minimum or guaranteed remuneration if one has only the basic remuneration in mind, then, the typists and copyists get Rs. 120 and 80 per month, respectively. If while referring to the minimum or guaranteed remuneration, not only the basic but the total remuneration is considered, then it is clear that the typists and copyists get very much more as indicated above. The misunderstanding arises because sometimes when the minimum guaranteed remuneration is referred to it may not be very clearly stated as to whether only the basic remuneration or total remuneration is being considered. But no confusion can arise if this distinction is borne in mind.

As regards mappists, the position is that there is no mappist working in the Finance Department, though there are mappists working in other departments. But as the Finance Department deals with the service conditions of all Government servants, while dealing with their service conditions, there would be reference to mappists in the letters of the Finance Department relating to the matter.

As regards the question whether Government is considering treating them as regular Government employees, I would mention that the Government received representations from the Association in this respect and these representations were examined by the Finance Department. After careful consideration the Government has not yet considered proper to treat them as regular Government employees, but though the Government does not yet, or for the present, consider the same to be proper, the future position would be considered in the light of future circumstances.

Shri A. H. Besterwitch: Sir, it is surprising that the Minister has again given some wrong information to the House. It is due to this wrong information that I brought this to your notice. I gave all the particulars, detailed particulars on the right side of my notice. Sir, the letter of 1st April, 1973—the Honourable Minister has referred to it just now—says, the minimum guaranteed remuneration is Rs. 250 and the other one is Rs. 210. My question was, if the answer to (a) be in the affirmative, what are their service conditions? The answers are given to the House—of course, the Finance Minister is an able lawyer and he can express certain things because he has got the backing of all the Members—the Minister forgets that in his answer to the question he said Rs. 250 and Rs. 210 are the minimum that the typists and copyists get—the Minister now says, Finance Department has no such employee in the Department—this sort of answers are given in the House. Even if you see the letter of the Secretary...........

Mr. Speaker: Mr. Besterwitch, may I request you, first of all, to go through the statement. A copy will be handed over to you. I would request the Hon'ble Minister to supply you a copy of the statement. I request you to study the matter and, if there is any ambiguity, to come to me and get yourself satisfied. I think that will be better.

Mr. Speaker: Hon'ble Minister Shri Subrata Mukhopadhyay may now make a statementt on a matter of clarification sought by Shri A. H. Besterwitch on 4th April last.

Shri Subrata Mukhopadhyay: The other day I made a speech in this House in answer to certain personal allegations that were made against me. I proved conclusively that those allegations were totally false and politically motivated. In the course of that speech I had made a general reference to the RSP and not to any particular honourable Member belonging to RSP in this House. I understand some objection has been taken to this part of my speech and a privilege motion was raised. My submission is that there was no question of any breach of privilege in so far as this part of my speech was concerned. I could not, however, make any statement before this House because, in the first place, I was out of India for some time as I had to attend an International Conference in Indonesia and, secondly, I was out of Calcutta on urgent official work. I therefore crave your leave to make a statement now on this issue. The part of the speech objected to by some honourable Members was based on certain private information that I had received and not on any information from Government files or records. I did not refer to or intend to hurt any honourable Member of this House and I am sorry if there has been any misunderstanding.

[3-20—3-30 p.m.]

Shri A. H. Besterwitch: Mr. Speaker, Sir, this sort of speech or a statement on a privilege motion is most unbecoming. The Minister should either place on the table all the records to substantiate his statement or, if he cannot do that, then in a simple way he should express his regret. But in his statement he did not either withdraw his remarks or apologise for the same. Even according to May's Parliamentary Practice expression of regret is necessary and can be accepted. But I find not even a word of regret has been expressed by him. and that being the position it is very difficult for us to stay in the House because it will create a bad impression that everyone belonging to the RSP are informers. So, we want some concrete answer to our charge.

Mr. Speaker: Mr. Besterwitch, so far as I have understood him—he saw me also—the information that he disclosed in the House is not based on any official document and he received information from outside and that he was very sorry for the misunderstanding that cropped up in your mind. That was his statement.

Shri A. H. Besterwitch: Then comes the question of oath of secrecy—that is a most important factor. If this is the position then we have got to walk out.

Mr. Speaker: Mr. Besterwitch, please take your seat. I am giving my own observations now.

Honourable Members, I received a notice on 4th April last from Hon'ble Shri A. H. Besterwitch in which he alleged that certain portion of the speech delivered on the 29th March, 1973, by Hon'ble Shri Subrata Mukhopadhaya, Minister of State, involved a breach of privilege of the three Members of this House belonging to the Revolutionary Socialist Party. The relevant portion of the speech against which objections has been taken runs as follows:

"আমি বলছি আর এস পি-র বহু নেতা আছেন—আমি চটাতে চাই না—যাঁরা পুলিসের ইনফর্মারের কাজ ক'রে টাকা নিয়ে যান আমার দপ্তর থেকে। জ্যোতিবাবুরা কোথায় কি মিটিং করছেন যেসব পুলিসকে তাঁরা ইনফরমেসন দিয়ে যান। এতে যাতে চটে না

যান প্‌লিসমন্ত্রী হিসাবে আমার সে সম্পর্ক রাখা দরকার এবং সেই সম্পর্ক রাখতে চাই। একে প্‌লিসের ভাষায় খোচর বলে। এই ভাবে প্‌লিসকে গিয়ে রাত্রিবেলা তাঁরা ইনফরমেসন দেন এবং দিনের বেলায় জনসাধারণের উদ্দেশ্যে সমাজতন্ত্রের কথা ব'লে বক্তৃতা করেন"।

According to Shri Besterwitch the aforesaid utterences made by the Minister are not only irresponsible but the allegations, to quote from his speech, are unsubstantiated, wild and fantastic. The point made out by him is that by hurling these abuses on some unspecified members of his party aspersion has been cast on each and every member of the party including those who are members of the House and consequently there has been a breach of privilege of these members in terms of rule 224 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. The Hon'ble Member therefore, demands that either the Minister must substantiate the charges or he must withdraw the allegations unconditionally. Lastly, he appeals that the impugned portion of the speech may be expunged.

Now I may mention at the outset that the Speaker's function in ruling on a claim of breach of privilege is limited to deciding the formal question whether the case conforms to the conditions set out in this behalf in the rules of procedure and does not extend to deciding the question of substance whether a breach of privilege has in fact been committed—a question which can only be decided by the House itself, vide May, Eighteenth Edition, page 342. The conditions with which a claim of privilege must comply, according to rules 224 and 227 of our rules of procedure, are that,—

(i) the breach of privilege must relates to either a member or to the House or to any Committee thereof,

(ii) the matter must be raised at the earliest opportunity, and

(iii) a prima facie case of breach of privilege must be made out.

Now regarding the first question which is governed by rule 224, I may mention at once that the Hon'ble Minister did not refer to any Member of this House in particular or to the House itself or to any Committee thereof but his allegations related to the Revolutionary Socialist Party as such and consequently the claim that there was a breach of privilege of a Member is formally defective. The fact that certain Members of the House belong to that party against which the allegations have been made does not in my opinion involve the three Hon'ble Members of the party because a charge of breach of privilege in order to be valid must not only be specific in its content but also be direct in its application or involvement. Since the Hon'ble Minister has not named any of the three Hon'ble Members of this House belonging to the Revolutionary Socialist Party, as being the persons who are directly associated with the alleged acts of misbehaviour or subotage against the party, the three Hon'ble Members cannot say that they have been defamed or that their privilege has been infringed. The claim of breach of privilege cannot be allowed to stand on certain vague and indefinite allegations but to constitute a breach of privilege a libel upon a Member must concern the character or conduct of the Member in his capacity as such Member.

The second question, namely, whether the question of breach of privilege was raised at the earliest opportunity, does not, in view of my finding on the first question strictly arise for consideration any more. It is true that there is no rule that the question of breach of privilege must be raised within a

specified period. But nevertheless it must be raised in terms of rule 227, at the earliest opportunity. In the present case the Hon'ble Minister made the statement on the 29th March last. There was a sitting of the House on the 30th March. The question was raised for the first time on the 2nd April, and no explanation was given as to why it was not raised earlier. In the circumstances it is quite possible to argue that the case is bad also on the ground of delay and that it is merely an afterthought.

It is not necessary for me to enter into the merits of the substance of the allegations in order to come to any finding whether a prima facie case has been made out against the Hon'ble Minister, because the matter can be disposed of on purely technical grounds. Much, however, has been said about the desirability of hurling such abuses against established political parties as are likely to demean their image before the public. It has been pointed out that the allegations are unsubstantiated, vague and indefinite and they have not been supported by full facts on the grounds of state policy or public interest. A forceful argument has been advanced in this behalf by honourable Member, Shri Somnath Lahiri.

Though I am hardly entitled to interrogate any Hon'ble Member for divulging the source of his information on any matter I would, however, agree on principle with the contention that a Member's sense of responsibility and discretion must always prevent him from using his information in such a way that instead of serving any public interest it merely makes it difficult for a rival political party to function properly and discharge its duties effectively. The correct attitude must be developed for the successful implementation of the principles of democracy. It is on this basis that rule 353 of the Lok Sabha Rules stands, in accordance with which the Speaker may at any time phohibit any Member from making any allegtion which in the opinion of the Speaker serves no public interest. It is imperative that Members apply voluntary restraint and make allegations of serious nature only in the case of extreme necessity and where there is an element of public interest. Rule 328 of the Lok Sabha Rules equally provides that a Memeber while speaking shall not utter defamatory words. Though there are no correcponding rules on the subject in this State I think that these rules are universal in character and the principles underlying them should therefore, be followed by all the Legislatures in India. I make these observations only in passing and particularly in view of the fact that quite a number of Hon'ble Members including Ministers participated in the discussion on the subject and made their submissions before me.

Certain ancillary matters also cropped up during discussion of the privilege question. Shri Somnath Lahiri while delivering his speech on the subject stated as follows:

"এই হ'ল আইনের প্রশ্ন, কিন্তু নীতির দিক দিয়ে যদি দেখেন, আমাদের এই হাউসের ট্রাডিসনের দিক দিয়ে যদি দেখেন গোটা পার্লামেন্টারী ট্রাডিসানের দিক দিয়ে যদি দেখেন, তা হ'লে কোন এক সাধারণ, নতুন, অর্বাচীন সদস্য মনের ঝোঁকে একটা কথা ব'লে ফেললেন আমরা সেটা একভাবে দেখছি, সেটা স্বাভাবিক নিয়ম, আর একজন মন্ত্রী তিনি একটা কথা বললেন তার গুরুত্ব অনেক বেশি।"

[3-30—4-05 p.m. including adjournment]

Objection has been taken to the effect that the word
is unparliamentary and should, therefore, be expunged.

Now according to the Samsad Bengali-English Dictionary the word "অর্বাচীন" has been often held to be derogatory. Its meaning has been given to the "backward". "younger", "new", "modern", "inexperienced", etc. In this context reference has been made to the use of the word "দেশদ্রোহী" on some earlier occasion: It appears that the Speaker observed on 1st April, 1963 that normally when such words are used with reference to particular individuals they are unparliamentary, but when they are used with reference to a class or party they are not treated on equal basis. In the present case the word "অর্বাচীন" was not used with reference to any individual at all and the question of its being unparliamentary does not therefore arise.

Shri Somnath Lahiri while delivering his speech sought to draw the attention of the Chair in the following words:

"স্যার, আপনি কান দেবেন, আপনার কর্ণ আকর্ষণ করতে চাচ্ছি।"

Objection was immediately taken to the language used by Shri Lahiri and I think very rightly. The language used shows bad taste, is highly unparliamentary and was not expected from Shri Lahiri who takes pride in the thought, as he rightly should, that he is a very senior Member of this House. I, therefore, order that the sentence quoted above be expunged from the proceedings of the House.

Shri Gyan Singh Sohanpal has objected to it on the ground that it will be going outside the records. To this the answer is provided by Lok Sabha Debates. dated 4th April, 1961, cc. 9034-38, 2nd May, 1961, cc. 14904-08, 7th May, 1959, cc. 15576-79, 9th May, 1959, cc. 16040-42 and Sheel Bhadra Yajee's case vide Rajya Sabha Debates, dated 30th May, 1967, 5th June, 1967 and 19th June, 1967. It has been accepted both in the Indian Parliament and in the House of Commons that when a Member seeks to raise a question of privilege against another Member, the Speaker before giving his consent to the raising of the matter in the House, always gives an opportunity to the Member complained against to place before the Speaker or the House such facts as may be pertinent to the matter, vide Practice and Procedure of Parliament, Kaul and Shakdher, 1st Edition, page 220-221.

Having regard to all that has been said above on the principal issue, namely, that the question does not involve a breach of privilege of a Member or of the House or of any Committee thereof, and also in view of the explanation given by the Hon'ble Minister Shri Subrata Mukherjee I cannot given consent to the raising of the matter given notice of by Hon'ble Shri A. H. Besterwitch as a question of privilege and I order accordingly.

At this stage the House was adjourned for 5 minutes.

[4-05—4-15 p.m.]

শ্রীমতী গীতা মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা এক্সপ্ল্যানেশন হিসাবে আমি আপনার কাছে এইটা বলবার পারমিশন চেয়েছিলাম, আপনি সেই সুযোগ দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ। এই হাউসে দুটো ঘটনা নিয়ে বিগত কয়েক দিন ধরে আমাদের পার্টির এম এল এ-রা এবং কংগ্রেস পার্টির এম এল এ-রা পরস্পর বিরোধী কয়েকটি তথ্য পেশ করেছেন। যেমন পিলকিংটনের ঘটনা নিয়ে কালকে কংগ্রেস পক্ষ থেকে কতগুলি কথা বলা হয়, এর আগে ঐ পিলকিংটনের ঘটনা নিয়ে আমাদের পক্ষ থেকে অশ্বিনীবাবু কতগুলি অভিযোগ করেন। আজকে আমাদের

আসানসোলের এম এল এ শ্রীনিরঞ্জন দিহিদার এসেছিলেন, তিনি খুব অসুস্থ, তাঁর উপায় নেই ব'লে তিনি আমাদের কাছে অনুরোধ করে গিয়েছেন যে, পিলকিংটনের ঘটনা ওরা যা বলেছেন, আমাদের ইনফরমেশন তা নয়। তারপর বালুরঘাটের ঘটনা নিয়ে এখানে বিশ্বনাথবাবু মেনশনের সময় একটা তথ্য উপস্থিত করেছিলেন যে, সেখানে অস্থায়ীভাবে নিযুক্ত অনেক কর্মচারীর উপর হামলা হচ্ছে।

সেই ব্যাপারকে কেন্দ্র ক'রে আবার বিগতকাল কংগ্রেস পক্ষ থেকে কথা বলা হয় যে, আমরা নাকি হাঙগমা করেছি। আপনার মাধ্যমে এ বিষয়ে এক্সপ্ল্যানেশান দিতে গিয়ে আমি বলছি যে, আমাদের যে তথ্য তাতে আমাদের তথ্যই ঠিক। কিন্তু অপর পক্ষ থেকে আবার এইসব তথ্য এসেছে। এই অবস্থায় আপনার মাধ্যমে অনুরোধ করব এই দুটো ঘটনা সম্পর্কে বিধানসভায় উভয় পক্ষের সদস্য নিয়ে সরকার যদি একটা তদন্ত করার ব্যবস্থা করেন, তা হ'লে ভাল হয় এবং ভবিষ্যৎ কালের পক্ষে ভাল হবে।

Shri A. H. Besterwitch: Sir, I just want to speak about the statement of the Home Miinister. I have requested you to give me copies of the statement so that on receipt of the same I can see as to what I have to do in this respect later on because you have already given your decision and your ruling is there. But still I have got some reservation that the statement made by the Hon'ble Home Minister was not very satisfactory to us because the statement or his speech was in retaliation to one of our Members' speech. On receipt of the copies we will retain them and if we find that the statement is satisfactory we will not do anything. If not, we will take up the issue.

Mr. Speaker: I will see that the copies are supplied to you.

Discussion under rule 58 on Mahananda Master Plan

Mr. Speaker: Now I call upon Shri A. H. Besterwitch to make a short statement on points arising out of the answer given on the 14th March, 1973 to question No. *434 (admitted question No. *881) regarding Mahananda Master Plan.

Shri A. H. Besterwitch: Sir, I thank you for giving me an opportunity to bring this thing up before the House regarding the Mahananda Master Plan again. You will find, Sir, this Mahananda Master Plan, according to the Hon'ble Minister—of course he was a contractor himself and the contract of M/s. New Built Corporation was 7 per cent. below the estimate—was not workable. Sir, I cannot understand why he said that. Well, when it was not workable how could 9 per cent. below the estimate be workable? I do not know how this happened. The idea may be that he was a contractor himself at one time before being a Minister. Now, Sir, if you go into the details in regard to the answer to the question—I tried repeatedly to pinpoint my question and I know this much that Government generally take the lowest tender into consideration, —you will find there is no difference between the 9 per cent. of M/s. ESCON and 7 per cent. of M/s. New Built Corporation. So, I want to ask as to why the contract was given to M/s. ESCON. I think there is some relation between the contractors who have received this order to work and the Minister himself. I also think that this contract was not done in the Writers' Buildings, but in the Park Hotel.

[4-15—4-25 p.m.]

Sir, there are various things that I want to bring to your notice. That is why I was pinpointing my supplementaries on this question. On the Master Plan the first order was for Rs. 3 lakhs. It was sanctioned by the Executive

Engineer, vide Memo. No. 4012, dated 14th August, 1972. The contractor's term was till 5th November, 1972 to complete the work. This was cancelled and ESCON got this contract and the amount, I think, has been raised to Rs. 11 lakhs. You can imagine, Sir, Rs. 3 lakhs has been inscreased to Rs. 11 lakhs—it is workable I think. Then, again, another contract has been given to the same company from Rs. 98 thousand to Rs. 1½ lakhs. I cannot understand this—one contractor is getting a contract for Rs. 98 thousand; that is being cancelled, and another contractor is getting that contract for Rs. 1½ lakhs. Sir, I think from my experience that this is something fishy. I request the Government to make a thorough enquiry into this matter either bv a high power committee or the whole enquiry should be given to the C.B.I. If the Government really wants to eradicate corruption—and I am certain that there is corruption in this contract business and I am also certain that the House will agree with me that if democracy is to be kept in good order—the whole matter should be immediately enquired into by a high power committee or this should be given over to the C.B.I. It is very, very peculiar—a tender for Rs. 98 thousand is given to one man, that contract is cancelled and another man is getting the contract and the amount becomes Rs. 1½ lakhs. Similarly, a contract for Rs. 3 lakhs has gone up to Rs. 11 lakhs. Sir, is this corruption to be eradicated or not ? The Government says that it is going to eradicate corruption. It is unfortunate that the Chief Minister is not here when such allegations are being made on the floor of the House. I say this with full responsibility that these pepers should be enquired into and these corruptions should be eradicated. It is not in the Writers' Buildings— it is not the Superintending Engineer or the Executive Engineer that is giving orders. They are all in the Park Hotel—sitting there and giving orders. to contractors. That is why I request you, Sir, and through you to the Government to set up a high power committee to look into this matter but if the high power committee cannot do anything, it should be given to the C.B.I. I want that this money of the poor people should not be drained into someone's pocket without any work. I shall come to another matter at a later stage for half an hour discussion again regarding power, where again money is being drained by certain contractor. That will come later on, but I would request you, Sir, kindly and through you the Government to see that the poor people's money is not drained like this and for filling someone else's pockets and making someone else multimillionaire. With these words, Sir, I request you to kindly ask the Government to see to this. It is a simple thing. It is money that matters, not the work. The Minister says, because the lower tender was not workable the Superintending Engineer advised him to give it to others. I do not think this can be done by the Superintending Engineer or the Executive Engineer. So far as my knowledge goes—regarding contract—they will never give such orders cancelling one contractor giving it to the other. When an order is given, that order has to be worked within the time limit. There are rules—if they are unable to fulfil the work within that period, certain amount of money is to be deducted, full payment is not made to the contractors. I think the Escon has received advance even from the Government for this work. Why this favouritism? Absolute favouritism, nepotism, corruption, bribery, everything is going on in this matter. That is why I request Government again through you, Sir, to set up a high power enquiry committee, or to hand over the whole issue to the C.B.I. to make investigation and on their report action should be taken by the Government.

শ্রীগৌতম চক্রবর্তীঃ স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। মাননীয় সদস্য মিঃ বেস্টারউইচ মহানন্দা মাস্টার প্ল্যান সম্বন্ধে কতগুলি বক্তব্য যা রেখেছেন আমি তার পরিপ্রেক্ষিতে কিছু বলতে চাই। মহানন্দা মাস্টার প্ল্যান যেখানে হচ্ছে সেই অঞ্চল থেকে আমি নির্বাচিত হয়েছি

এবং এই কাজের সংগে আমি ওতপ্রোতভাবে নিজে জড়িত আছি। মাননীয় সদস্য মিঃ বেস্টার-উইচ এখানে যে বক্তব্য রাখলেন তাতে আমার মনে হয় তিনি কোথাও মিথ্যা স্টেটমেন্ট পেয়েছেন যার পরিপ্রেক্ষিতে এই সমস্ত বক্তব্য এখানে রাখলেন। মহানন্দা মাস্টার প্ল্যানের ডিফারেন্ট ওয়ার্কের ব্যাপারে মোট ২৪ জন কন্ট্রাক্টর ছিলেন।

Mr. Speaker: Mr. Chakravorty, you are not on a point of order. I think you want to take part in the discussion.

শ্রীগৌতম চক্রবর্তী: ইয়েস্, স্যার।

মিঃ স্পীকার: আই অ্যালাউ ইউ টু স্পীক অন দি সাবজেক্ট।

শ্রীগৌতম চক্রবর্তী: মহানন্দা মাস্টার প্ল্যানের ট্যোটাল ওয়ার্কের জন্য মোট ৪টি কন্ট্রাক্টর কনসার্ড টেন্ডার কল করেন। এর মধ্যে আছে মেসার্স ইস্কন, নিওবিল্ট কর্পোরেসন, হার্মন ইঞ্জিনীয়ারিং, মেসার্স আর এন লাহিড়ী অ্যান্ড কোম্পানী। এই ৪টি কন্ট্রাক্টরের মধ্যে মেসার্স ইস্কনকে কন্ট্রাক্ট দেওয়া হয় এবং এই কন্ট্রাক্ট দেওয়া হয় গভর্নমেন্টের যে শিডিউল্ড রেট ছিল তার চেয়ে মাইনাস পার্সেন্ট বিলোতে। মাননীয় সদস্য আজকে আমাদের মন্ত্রিমহাশয়ের বিরুদ্ধে অথবা, এই ডিপার্টমেন্টের বিরুদ্ধে যে বক্তব্য রেখেছেন তার পরিপ্রেক্ষিতে আমি কিছু বলতে চাই। তিনি একটা জায়গায় উল্লেখ করেছেন যে, আমাদের ইরিগেসন অ্যান্ড পাওয়ার মিনিস্টার নাকি কন্ট্রাক্টর বা কন্ট্রাক্টরের সংগে যুক্ত আছেন। আমি এই সম্বন্ধে হলপ ক'রে বলতে চাই, সি বি আই কেন, তার চেয়েও যদি উচ্চ ক্ষমতাসম্পন্ন কোন কমিটি থাকে তাদের দ্বারা এনকোয়ারি করাতে পারেন মন্ত্রিমহাশয়ের বিরুদ্ধে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন ইরিগেসন ডিপার্টমেন্ট অথবা অন্য কোন ডিপার্টমেন্ট থেকে যখন কোন কন্ট্রাক্ট দেওয়া হয় সেটা অফিসার-দের মাধ্যমে দেওয়া হয়, মন্ত্রীর বক্তব্য সেখানে থাকে না। চিফ ইঞ্জিনীয়ার, অ্যাসিস্ট্যান্ট চিফ ইঞ্জিনীয়ার, এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার, এস ডি ও থেকে শুরু করে প্রত্যেকটি অফিসার এই কন্ট্রাক্ট-এর সংগে জড়িত থাকেন। সেখানে কিন্তু মন্ত্রীর কোন রকম বক্তব্য থাকে না। তাই

[4-25—4-35 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় সদস্য বেস্টারউইচ সাহেবের এই স্টেটমেন্ট যা তিনি এই সভার কাছে পেশ করেছেন তার শুধু প্রতিবাদ করছি তাই নয়—যে অসত্য স্টেটমেন্ট তিনি দিয়েছেন তার কারণ হচ্ছে পশ্চিমবাংলার মানুষকে এই জনপ্রিয় সরকারের মন্ত্রীর বিরুদ্ধে বিরূপ ধারণা সৃষ্টি করাবার জন্য। তাদের বিরুদ্ধে আপনাকে নিশ্চয় ব্যবস্থা অবলম্বন করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পরিপ্রেক্ষিতে আর একটি কথা বলতে চাই, মাননীয় বেস্টারউইচ সাহেব আর এস পি দলের সভ্য এবং সেই দল থেকেই তিনি নির্বাচিত হয়েছেন। বর্তমানে একটা প্রশ্ন তাঁকে জিজ্ঞাসা করতে পারি কি যে, মালদহ জেলার তদানীন্তন প্রমোদ বসু তিনি এককালে আর এস পি দলের সদস্য ছিলেন, তারপরে দেখলাম হঠাৎ তিনি নিরপেক্ষ হয়ে গেলেন, তারপরে আবার দেখলাম তিনি কংগ্রেসে জয়েন করলেন, তারপরে আবার হঠাৎ দেখলাম তিনি আর এস পি-তে জয়েন করেছেন। (শ্রীতিমিরবরণ ভাদুড়ী, অসত্য কথা।) আমি বলতে পারি শুধুমাত্র ইরিগেসান ডিপার্টমেন্টই সারা পশ্চিমবাংলায় হিস্ট্রি ক্রিয়েট করেছে। আজ পর্যন্ত এতবড় স্কিম সমস্ত পশ্চিমবাংলা কেন ভারতবর্ষের কোথাও নেওয়া হয় নি। এখানে ডিপার্টমেন্ট ওয়াইজ কাজ করা হচ্ছে। শতকরা ৭০ ভাগ এই কাজ এই মহানন্দা মাস্টার প্লানের ডিপার্টমেন্ট ওয়াইজ করা হচ্ছে। যার জন্য সেখানে হাজার হাজার বেকার যুবকের কর্মসংস্থান হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাতে চাই যে কন্ট্রাক্টরদের হাত থেকে ছিনিয়ে নিয়ে পশ্চিমবাংলায় সমাজতন্ত্র প্রতিষ্ঠা করবার জন্য আমরা ডিপার্টমেন্টালি কাজ করছি। কিন্তু স্যার, আপনি জানেন এমন কতকগুলি প্রকল্প আছে যার কিছুটা টেকনিকাল ডিফিকালটিস

আছে সেই ৩০ পরসেন্ট কাজ শুধু ডিপার্টমেন্টালি করাতে পারছি না। সেখানে শুধু কন্ট্রাক্টর-দের মাধ্যমে করানো হচ্ছে। সেই আর এস পি সদস্য প্রমোদবাবু রাতের অন্ধকারে ঐ মহানন্দা মাস্টার প্ল্যানে যে সমস্ত শ্রমিকরা কাজ করছিলেন তাদের বলেছিলেন যে, তোমরা কাজের গাফিলতি কর, তা হলে ডিপার্টমেন্টাল ওয়াইজ কাজের ক্ষতি হবে। তার মানে হচ্ছে ঐ সমস্ত বেইমান কন্ট্রাক্টরদের হাত শক্ত করা। মাননীয় সদস্য এই জনপ্রিয় সরকারের বিরুদ্ধে, মন্ত্রীর বিরুদ্ধে অন্যায়ভাবে যে অসত্য স্টেটমেন্ট দেবার চেষ্টা করলেন তার বিরুদ্ধে আজকে ব্যবস্থা গ্রহণ করা হোক, এই আমার দাবি।

ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মহানন্দা মাস্টার প্ল্যান মালদহে হচ্ছে। যখন উত্তর দিক থেকে নদীটা জলপাইগুড়ি থেকে ওয়েস্ট দিনাজপুর হয়ে মালদহে আসছে আপনি জানেন, এখানে যদি বাঁধ হয়, তা হলে উত্তর দিকে ইরোসান হবে এবং বন্যায় প্রচণ্ড ক্ষতি হবে। আমরা ঠিক বুঝতে পারছি না যে কেন উত্তর দিক থেকে আরম্ভ করে এই প্ল্যানটা নেওয়া হয় নি, মাঝখানে কেন শুধু মালদহে করা হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে, তিনি যে এই দিকে লক্ষ্য রাখেন এবং কাজটা উত্তর দিক থেকে আরম্ভ করেন। সম্পূর্ণ কাজটা যদি মালদহে শেষ হয়ে যায়, তা হলে উত্তর দিকে ওয়েস্ট দিনাজপুর এবং মালদহ সাফার করবে এবং প্রচণ্ড ক্ষতি হবে। সেই জন্য আপনার মাধ্যমে স্যার, মন্ত্রিমহাশয়কে আবার অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুনীতি চট্টরাজঃ উইথ ইয়োর পারমিশান স্যার, আমি বলছি, মাননীয় বেস্টারউইচ সাহেব যে বক্তব্য এই বিধানসভায় রেখেছেন এবং যে ডিসকাসান মাননীয় সদস্য গৌতমবাবু এবং রমেনবাবু করলেন তা আমি শুনেছি এবং এর জন্য আমি একটা স্পষ্ট বক্তব্য এখানে রাখতে চাই। আমি জানি না বেস্টারউইচ সাহেব যে সমস্ত তথ্য এখানে রাখলেন তা তিনি কোথায় পেলেন এবং আমাদের কাছে ডাইরেক্ট এভিডেন্স যা আছে এর মধ্যে আকাশ পাতাল পার্থক্য। আমি জানি না কথা বলার অধিকার থাকলেই যে কোন কথা, যে কোন সময়, যা তথ্যের উপর নির্ভরশীল নয়, যা সত্যের উপর নির্ভরশীল নয় সেই কথা বলার বাহাদুরী আছে কিনা। আমরা জানি না যে কোন দিন কোন এক্‌জিকিউটিভ ইঞ্জিনীয়ারের সঙ্গে পার্কসার্কাসে কোন লেনদেন হয়েছে কিনা বা সেখানে মাননীয় সদস্য বেস্টারউইচ সাহেব উপস্থিত ছিলেন কিনা। আমি এ বিষয়ে সম্পূর্ণ ওয়াকিবহাল নই।

সেই সভায় মাননীয় বেস্টারউইচ সাহেব নিজে উপস্থিত ছিলেন কিনা আমি সে বিষয়ে সম্পূর্ণ ওয়াকিবহাল নই! তবে একটা কথা আমি বলতে পারি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে আমাদের ডিপার্টমেন্টে আমি যতটা থরো এনকোয়ারী এবং রিপোর্ট থেকে পাচ্ছি তাতে এক্সি-কিউটিভ ইঞ্জিনীয়ার ঐ টেন্ডার ফরম ইস্যু করেছেন ডিপার্টমেন্টাল অফিসে বসে এবং ওখান থেকে উপযুক্তভাবে টেন্ডার ইস্যু করার পর সুপারিনটেন্ডিং ইঞ্জিনীয়ারের মাধ্যমে, উপযুক্ত অফিসিয়াল প্রসিডিওরের মাধ্যমে তবে এটা অ্যাকসেপ্ট করা হয়। কয়েকটি তথ্য মাননীয় সদস্য-দের জানিয়ে রাখছি এই রকম একটা এভিডেন্সের উপর বিশ্বাস না করে ডাইরেক্ট এভিডেন্সে আসুন, আমাদের কাছে আসুন। মাঝখানে আমি কয়েকটি কথা বলে রাখতে চাই যে, বর্তমানে আমরা এগিয়ে যাচ্ছি, আপনি কয়েকটি হেয়ার সে [illegible] এভিডেন্সের কথা বলেছিলেন, আপনি কাগজে লক্ষ্য করে দেখুন বর্তমানে যাঁরা সরকারে আসীন আছেন, শিকারপুরের কাজের কথা আপনার জানা আছে নিশ্চয়, তমলুকের কাজের কথা নিশ্চয় জানা আছে, করাপসান আমরা যখনই জেনেছি বা দেখেছি, আমাদের দপ্তর যখনই করাপসানের সংবাদ পেয়েছেন আমরা রাইটার্স বিল্ডিং থেকে বিচার করি নি, স্পট এনকোয়ারী করেছি। এনকোয়ারী করার পর উপযুক্ত সিদ্ধান্ত নিয়েছি। করাপসান আমরা পশ্চিমবঙ্গ থেকে তুলে দেব এটাই আমাদের সিদ্ধান্ত, এটা শুধু আমাদের মুখের কথা নয়। আমাদের মাননীয় বিধানসভার সদস্য বেস্টারউইচ সাহেবকে জানাতে চাই যে, আজকে বিশেষ কথা যেটা আপনি উপস্থাপন করেছেন বিধানসভার মাধ্যমে যে এই মহানন্দা মাস্টার প্ল্যানের কাজ সেই সম্বন্ধে আপনাকে জানাতে চাই। ২৪ জন টোট্যাল

কন্ট্রাক্টরকে টেন্ডার ইস্যু করা হয়েছিল। এই কন্ট্রাক্টর তারা ডিফারেন্ট ইস্যুতে টেন্ডার ফরম দিয়েছিলেন। ৪ জন মাত্র বিশেষ কন্ট্রাক্টর ফর দি হোল ওয়ার্ক, ৪টি কাজের জন্য তাদের টেন্ডার নেওয়া হয়েছিল। একসাথে এই ৪ জন মাত্র কন্ট্রাক্টর তারা টেন্ডার ফরম দেন কাজের সুবিধার জন্য, ইকনমিক বেনিফিট পাবার জন্য অফিসিয়াল মহল যখন আমাদের কাছে নোট পাঠান যে, এটা ভাল হবে সরকারের দিক থেকে বিবেচনা ক'রে ঐ যে ৪ জন কন্ট্রাক্টর বিশেষ ক'রে টোট্যাল ওয়ার্কের জন্য টেন্ডার ফরম দিয়েছেন তাদের কাছ থেকে টোট্যাল কাজটা পেলে আমরা ইকনমিক বেনিফিট পাব এবং সঙ্গে সঙ্গে কাজটা দ্রুত এগিয়ে যাবে। এই কাজটা যদি ২৪ জনের মধ্যে ভাগ না ক'রে দিই, যে ৪ জন কাজটা সম্বন্ধে ওয়াকিবহাল এবং যে ৪ জন সমস্ত কাজটা করতে চান যাতে কাজটা দিলে সুবিধা হয় সেই নির্দেশ চেয়ে পাঠান হয়। আমরা নির্দেশ দিই উপযুক্ত প্রসেসে, উপযুক্ত প্রসিডিওরে—পার্ক সার্কাসের হোটেলের মাধ্যমে বিতরণ না করে, অফিসিয়াল প্রসেস অনুসরণ ক'রে যিনি লোয়েস্ট হবেন, যেটা আমাদের ডিপার্টমেন্টাল প্রসিডিওর যিনি লোয়েস্ট টেন্ডার দেবেন, এক্স, ওয়াই, জেড তিনি আমার কিংবা বেস্টারউইচ সাহেবের আত্মীয় হন বা না হন তাকে যেন টেন্ডার ফরম দেওয়া হয়। আমাদের আত্মীয় যদি না পায়, তা হ'লে আমি হয়ত দুঃখিত হতে পারি কিংবা বেস্টারউইচ সাহেবের আত্মীয় যদি না পান তিনি দুঃখিত হতে পারেন, তবে আমি এইটুকু তাকে বলতে পারি যে, ডিপার্টমেন্টাল প্রসিডিওর ফলো ক'রেই এটা হয়েছে এবং যে ৪ জন কন্ট্রাক্টরকে ঐ প্রেন্টার ফরম ইস্যু করা হয় তাদের নামও আমার কাছে আছে। মাননীয় বিধানসভার সদস্য জেনে খুশি হবেন এই পর্যায়ে এখানে যাকে টেন্ডার ফরম ইস্যু করা হয়েছে তিনি সবচেয়ে বিলো রেটে টেন্ডার দিয়েছেন, এটাই ডিপার্টমেন্টাল প্রসিডিওর। ৯ পারসেন্ট বিলো। তারপরে নিয়োগিল কর্পোরেশন তিনি দিয়েছেন ৭ পারসেন্ট বিলো, হারমনি ইঞ্জিনীয়ারিং কর্পোরেশন ৪ পারসেন্ট অ্যাবাভ, আর এন লাহিড়ী অ্যান্ড কোং ২৫ পারসেন্ট অ্যাবাভ। বিশেষ কাজের উপলক্ষ করে আমাদের ডিপার্টমেন্টাল অফিসাররা বিশেষ নির্দেশ চান। সেখানে ৭ পারসেন্ট এবং ৯ পারসেন্ট, দুজনের মধ্যে টু পারসেন্টের একটা প্রার্থক্য আছে। কিন্তু কাজের এক্সপিরিয়েন্সের দিক থেকে বিবেচনা ক'রে এখান থেকে নির্দেশ দেওয়া হয় এক্জিকিউটিভ ইঞ্জিনীয়ারকে। আমি হলপ ক'রে বলতে পারি পার্ক সার্কাসে বসে এই টেন্ডার ফরম ইস্যু করা হয় নি। এক্জিকিউটিভ ইঞ্জিনীয়ারের মধ্যে যদি কোন কোরাপসান থাকে এবং তাঁর এভিডেন্স যদি বেস্টারউইচ সাহেবের কাছে থাকে, তিনি যদি এই রকম ডাইরেক্ট এভিডেন্স আমাদের কাছে দেন নিশ্চয়, তা হ'লে তা আমরা দেখবো। আমি তাঁকে জানিয়ে দিতে চাই যে, এখানে টেন্ডারের মধ্যে কোন কোরাপসান হয় নি, কাজের দিক থেকে বিবেচনা ক'রে, সুন্দর সুষ্ঠুভাবে কাজটাকে এগিয়ে নিয়ে যাবার জন্য লোয়ার টেন্ডার যারা দিয়েছেন তাদের মধ্যে যিনি এক্সপিরিয়েন্স ম্যান, কাজের মধ্যে তারতম্য লক্ষ ক'রে যাকে বেস্ট ব'লে মনে হয়েছে তাকে দেওয়া হয়েছে। যদি কোন কোরাপসান, যদি কোন বিশেষ তারতম্যের ডাইরেক্ট এভিডেন্স থাকে সেই এভিডেন্সের উপর ভর ক'রে যদি কোন এনকোয়ারী চান, তা হ'লে আমি আশ্বাস দিচ্ছি যে, যে কোন রকমের এনকোয়ারী করতে আমরা প্রস্তুত আছি।

[4-35—4-45 p.m.]

আমরা ভয়ে পিছিয়ে যেতে রাজী নই, যে কোন রকম এনকোয়ারী করতে রাজী আছি। এই আশ্বাস মাননীয় সদস্যকে দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri A. H. Besterwitch: The Hon'ble Minister stated in answers to my supplementaries, the names of the four contractors and he also mentioned the rate. He said that the lowest tender was 9 per cent. whereas the lowest tender was 7 per cent. What is this? What is the justification of it? I do not want to make any allegations against anybody. I simply want to know the thing about this 7 per cent. and 9 per cent. Then again, he has stated that 7 per cent. is not workable. If 7 per cent. is not workable then why 9 per cent. will be workable? The Minister has said that I am making unnecessary allegations. I am not making allegations against anybody. I am only

speaking on my question and answer to that. I have given a copy to the Chairman and he has accepted it. So the question of allegation does not arise. It is a point arising out of my question and answer to that on which I am speaking.

শ্রীসুনীতি চট্টরাজঃ মাননীয় অধ্যক্ষ মহশয়, আমি অত্যন্ত দুঃখিত মাননীয় বেস্টারউইচ সাহেব বোধ হয় আমার বাংলা ভাষার বিবৃতি পূর্ণভাবে বুঝতে পারেন নি। কথা হচ্ছে—আমরা নাইন পারসেন্ট বিলোতে কি সেভেন পারসেন্ট বিলোতে কাজ দিয়েছিলাম, আমরা এক্সপেরিয়েন্স দেখে কাজটা ত্বরান্বিত করার জন্য কন্ট্রাক্ট দেওয়া হয়েছিল, আমি লোয়েস্ট বলি নি। আমি অংকে এত কাঁচা নাই। সেভেন পারসেন্ট লোয়েস্ট যেটা হয়েছে সেটা তো আমরা লিখিত বিবৃতি দিয়েছি দ্যাট ইজ অন রেকর্ড, নাইন পারসেন্ট লোয়েস্ট আমি বলি নি, তিনি শুনতে ভুল করেছেন।

Shri A. H. Besterwitch: Sir, so far as my knowledge goes, a contract was given to a company and it was cancelled and given to another person. I do not know who are these contractors. It is the question and answer on which I am speaking. I am ready for the enquiry and I hope, Sir, the Minister will make an enquiry. If enquiry is made I will be the happiest man to see that something has been done to alleviate this corruption.

শ্রীসুনীতি চট্টরাজঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি সাবজেক্ট টু কারেকশন কয়েকটি কথা বলতে চাই, মাননীয় বেস্টারউইচ সাহেবকে ক্ল্যারিফাই ক'রে দিতে চাই। আমি প্রথমে যেটা বলেছিলাম নাইন পারসেন্ট বিলো লোয়েস্ট, সেভেন পারসেন্ট বিলো লোয়েস্ট নাইন পারসেন্ট থেকে লোয়েস্ট কিনা সেটা তিনি আর একবার অংক কষে দেখে নিতে পারেন।

আর একটা কথা বলতে চাই, কন্ট্রাক্টারদের মধ্যে করাপশনের যে কথা বললেন, তার পুনরাবৃত্তি ক'রে বলছি—ক্ষমতার আসনে বসে ভাল ক'রে বিবেচনা ক'রে দেখেছি কন্ট্রাক্টারদের মাধ্যমে এগিয়ে আমরা যেতে পারি না, মাঝে মাঝে তারা ডিস্‌অনেস্টির উপর নির্ভর করে এবং তাতে কাজ হ্যাম্পার করে।

আমাদের আগে যাঁরা ক্ষমতায় আসীন ছিলেন, তাঁরা এটা চিন্তা করেন নাই। এটা শুধু বক্তৃতায় নয়, আমাদের কেবিনেট ডিসিসনে হয়েছে এটা শতকরা ২৫ ভাগ ওয়ার্ক অলরেডি রিজার্ভড রাখবো ফর কো-অপারেটিভ ইউস। এ পর্যন্ত কেন সরকার এই ডিসিসান নিতে পারেন নি। তারা শুধু কন্ট্রাক্টরদের দিকে লক্ষ্য রেখে চলেছেন। আমরা যা মানুষের দুঃখ কষ্ট বুঝতে শিখেছি, এমন অন্য সরকার বোঝেন নাই। এই কন্ট্রাক্টাররা সব সময় অনেস্ট নয়, আপনারা এখনো এই কন্ট্রাক্টার প্রথা অ্যাবলিসান-এর জন্য চিন্তা করেন নাই। এটা ক্যাবিনেট ডিসিসান হয়েছে, আমরা আন্তঃরিকতার সংগে এটা রাখতে চাই—মেনে চলতে চাই যে শতকরা ২৫ ভাগ ওয়ার্ক আমরা রিজার্ভড রাখবো।

Shri A. H. Besterwitch: Please make an enquiry Committee.

শ্রীসুনীতি চট্টরাজঃ ক্যাবিনেট ডিসিসান না পেলে এনকোয়ারি করবার আমাদের অভ্যাস নাই।

(Noise at a time Shri Gautam Chakraborty and others rose to speak.)

Mr. Speaker: Half-an-hour time is over and I now pass over to the next item of business.

Motion under rule 185

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে আপনার মাধ্যমে একটা প্রতিবাদ না ক'রে থাকতে পারলাম না। আমার মোশানটা বহুদিন হ'লো টেবেল্ড হয়েছে এবং

সারকুলেটেড হয়েছে। আমি যখন এটা ওঠাতে যাবো তখন আমার হাতে একটা অ্যামেন্ডমেন্ট-এর কাগজ ধরিয়ে দেওয়া হ'ল। পূর্বে এ রকমটা কখনো দেখি নি। এই কনফিউসনের কারণ কী? যারা অ্যামেন্ডমেন্ট দেবেন, তারা একটু ভেবেচিন্তে দেবেন। আমি এরকম ব্যবহার যুক্তিসঙ্গত মনে করি না। আমি সেটা এখনো পড়তেও পারি না, এই দেখুন হাতে ঝুলছে। তবে এতে এইটুকু বুঝলাম যে, গ্রেট কনফিউসান ইজ, প্রিভেলিং।

(এ ভয়েসঃ কোন কনফিউসান নাই।)

যাঁরা এখন দিলেন, তাঁদের মধ্যে।

আমি আপনার কাছে যে মোশানটা উপস্থিত করেছি, সেই মোশানটা সকলের কাছে থাকলেও আমি আবার সেটা প'ড়ে দিতে চাই।

"পশ্চিমবঙ্গ বিধানসভার মতে—

যেহেতু বর্তমানে পশ্চিমবঙ্গের বিদ্যুৎসংকট রাজ্যের সমগ্র অর্থনৈতিক জীবনের, বিশেষ ক'রে শিল্পের অত্যন্ত ক্ষতি করছে, কিছু পরিমাণে কৃষিকে বিপন্ন করছে এবং নাগরিক জীবনকে গুরুতরভাবে বিপর্যস্ত করছে;

অতএব এই অবস্থায় বর্তমান বিদ্যুৎ সংকটের প্রতিকারকল্পে বর্তমান বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাগুলিকে পুরোপুরি চালু করার জন্য, নতুন উৎপাদনক্ষমতা দ্রুত ও পরিকল্পিতভাবে প্রতিষ্ঠার জন্য এবং স্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ড ও অন্যান্য বিদ্যুৎ সংস্থাগুলির কার্যকলাপের আমূল উন্নয়নের জন্য পশ্চিমবঙ্গ সরকারের আপৎকালীন পরিস্থিতি মোকাবিলার মত জরুরী ব্যবস্থাবলী গ্রহণ করা উচিত এবং এই বিধানসভা আরো মনে করে যে, বিধানসভার বিগত এস্টিমেটস্ কমিটি—বিদ্যুৎ পরিস্থিতি উন্নয়নের সুপারিশ সহ যে রিপোর্ট পেশ করেছেন, তার সিদ্ধান্তগুলিকে কার্যকর করার জন্যও সরকারের অগ্রসর হওয়া অবিলম্বে প্রয়োজন।"

[4-45—4-55 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই যে আপনার সামনে মোশান উপস্থিত করেছি তাতে একটু আগে আমাদের জনৈক সদস্য সহকর্মী আমাকে বলছিলেন, যাক, আপনি একটা বাঁচিয়েছেন। আমি বললাম, কেন। তা বললেন, তাঁর স্ত্রী রোজ বাড়ি গেলে তাঁকে তাড়া করেন। আর বলেন, তোমরা ২৮০ জন ওখানে বসে করো কি? ২৮০ জন পেট্রোম্যাক্স নিয়ে যদি ঘোর তা হ'লেও তো একটা কাজের কাজ হয়। আমি তাঁকে সহানুভূতি জানালাম। ভাগ্যিস আমাদের সে সমস্যা নেই। আমরা স্বামী-স্ত্রী উভয়েই এম এল এ। কিন্ত যাদের বাস্তবিক স্ত্রী আছেন তাঁদের বাড়িতে যে ধমকটা খেতে হয় তাতে কিছুও যদি রিলিফ করতে পারি সেটা নিশ্চয় আমাকে প্রম্পট করেছে এটা উপস্থিত করতে। কিন্তু স্বভাবতই আমাদের রাজ্যে যে বিদ্যুতের সংকট এটা শুধু পারিবারিক জীবনের গন্ডগোলের ব্যাপার আদৌও নয়। এর চেয়ে অনেক গুরুতর ব্যাপার অনেক ধরনের আছে। আমাদের বিদ্যুৎ বুঝি কিছু পাখা কমালে, কিছু আলো কমালে সংকটের নিরসন হবে। কালকেই আমি জানি একটা তর্ক হচ্ছিল অত্যন্ত উচ্চপদস্থ ভদ্রলোকের সঙ্গে। কিন্তু তাঁর একটা অদ্ভূত ধারণা আছে। শুরুতেই যেকথা বলেছি, বিদ্যুতের বর্তমান সংকট বাস্তবিক সমগ্র রাজ্যের অর্থনীতিকে বিপন্ন করছে, শিল্প এবং কৃষিকে বিপন্ন করেছে। এটা যে কতদূর সুস্পষ্ট তা এমনি সাধারণ জ্ঞান থেকে বোঝা যায়, বিদ্যুতের হিসাব থেকে বোঝা যায়। এই কলকাতা এবং বৃহত্তম কলকাতায় যে বিদ্যুতের টোটাল সরবরাহ হয় তার শতকরা ৮০ ভাগ হয় শিল্পের জন্য, আর বাকিটা তার কমার্স এবং অপরাপর কাজের জন্য। সারা পশ্চিমবাংলার অন্যান্য জায়গায় যে বিদ্যুৎ সরবরাহ হয় তার শতকরা ৩০ ভাগ শিল্পের জন্য রাউন্ড অ্যাবাউট ৯৫ ভাগ কৃষির জন্য বাকিটা কমার্স ইত্যাদির জন্য। কলকাতা এবং তার আশেপাশে শিল্পের পর যে বাকি বিদ্যুৎ থাকে সেটার একটা মোট অংশ কমাসের জন্য ব্যয় হয়। আমি দেখছি বিদ্যুৎ বড়মন্ত্রী না থাকলেও, ডি পি এ-এলের বড়মন্ত্রী মাথা

নাড়ছেন। আমি সরকারী রিপোর্টই বলছি ১৯৭০ সালের সমীক্ষাতেই ব'লে দেওয়া হচ্ছে যে, আমাদের শিল্প বাণিজ্যে যে পারসেন্টেজ বিদ্যুৎ সরবরাহ করা হয় তার শতকরা হিসাব ধরলে সারা পশ্চিমবাংলার টোট্যাল জেনারেশানের টোট্যাল হিসাব ধরলে শতকরা ৭৪·৯০ ভাগ শিল্পতে নিযুক্ত হয়। ১৯৭০ সালের সরকারী সারভেতে একথা বলা আছে। সুতরাং মাথা নাড়বার বিশেষ কোন অবকাশ আছে ব'লে আমার মনে হয় না। সুতরাং বিদ্যুৎ সংকট এবং পরিস্থিতি আমাদের রাজ্যের সামগ্রিক শিল্পের অবস্থার মধ্যে একটা দারুণ গোলমাল সৃষ্টি করেছে—একথা কমন নলেজের যে কেউ স্বীকার করবেন। করা উচিত অন্তত এবং বিভিন্ন কোম্পানী একে উপলক্ষ্য করে লে-অফ করবার নোটিস দিচ্ছে। বাস্তবিক অসুবিধার জন্য দিচ্ছে। দু'-চারটে দুষ্ট কম্পানী হয়তো অন্যভাবে একে ব্যবহার করেছে। কিন্তু বাস্তবিক অসুবিধা একটা সংকটের অবস্থার সৃষ্টি করেছে এবং গত কিছুদিন ধরে এই সংখ্যা বেশ লাফিয়ে লাফিয়ে বাড়াচ্ছে। তারপর নূতন শিল্প যারা চালু করতে আসছে তাদের পক্ষে যদি বিদ্যুতের সরবরাহ এত অনিয়মিত হয়, তা হ'লে সেটা ইনসেন্টিভের বদলে ডিসইনসেনটিভ হয়ে দাঁড়ায়। আজকে যেখানে গ্রামাঞ্চলে যেখানে বিদ্যুতের ভিতর দিয়ে খানিকটা এগোবার চেষ্টা করার কথা উঠছে, সেখানে আমাদের ডিপ-টিউবয়েল এবং শ্যালো টিউবয়েল দু' দিক দিয়ে ভীষণ গোলমাল হচ্ছে। এক হচ্ছে ডিপ-টিউবয়েল করা রয়েছে অথচ সেই টাকা লক রয়েছে বিদ্যুৎ ঠিকমতো না থাকার রুন। চাষীরা মনে করলো এটা পারবো তারপর আর কন্ট্রোল নেই। সে ধান বুনে ফেলেছে যথাসময়ে না পেয়ে খুবই বিপন্ন হয়ে পড়ছে। তা ছাড়া, শ্যালো টিউবয়েল ইত্যাদি করবার জন্য যে ইনসেনটিভ দরকার বিদ্যুতের এই ধরনের পরিস্থিতি দেখে জনতার মধ্যে সেই আগ্রহ খানিকটা ধাক্কা খাচ্ছে। এই সমস্ত কারণে আজকে বিদ্যুৎ সংকটের সাথে আমাদের বর্তমান পরিস্থিতিকে যে অস্বাভাবিক ক'রে তুলেছে তাই নয় এবং সেই অস্বাভাবিক অবস্থার দরুণ গুরুতর সংকটের মত হয়েছে তাই নয়—আজকের বিদ্যুৎ সংকট ভবিষ্যৎ অর্থনীতির দিক থেকে একটা সিরিয়াস পরিস্থিতিতে দাঁড়াবে ব'লে আমার মনে হয়। কিন্তু এই কথা আমি ঠিক দুঃখের সঙ্গে বলব মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে গভর্নমেন্ট বিভিন্ন রকম বিবৃতি দিচ্ছেন এবং আমি অন্ততঃ বিদ্যুতের ব্যাপারে যেদিন বিবৃতি বেরোয় যতদূর সম্ভব মন দিয়ে পুরো পড়ি এবং তাতে আমি দেখেছি, এখন পর্যন্ত আমাদের কারো একটা অনুভূতি হচ্ছে, বিবৃতি অনেকটা দিন আনি দিন খাই হয়ে যাচ্ছে। এখন একটা ইনফর্মেসন হ'ল তার ভিত্তিতে ব'লে বসলাম, তারপরে আবার একটা ইনফর্মেসন হ'ল তার ভিত্তিতে আবার একটা ব'লে বসলাম যে, এই চেষ্টা করা হচ্ছে। কিন্তু সেই চেষ্টা করবার জন্য যে ধরনের সিরিয়াসনেস, অনুভূতি দরকার বেসিক সমস্যাগুলি সম্পর্কে, মৌলিক সমস্যাগুলি সম্পর্কে—তাঁরা যেসব বিবৃতি দিচ্ছেন তাতে কিন্তু আমি সেই জিনিস দেখতে পাচ্ছি না, এই কথা আমি দুঃখের সঙ্গে বলব। ধরুন আমাদের ডি পি এল মন্ত্রিমহাশয় কিছুকাল আগে হাউসে একটা বিবৃতি দিয়েছিলেন বাহিরে থেকে ডি পি এল-এর স্পেয়ারপার্টস্ এরোপ্লেনে ক'রে আমদানি করা হয়েছে—সাম ইনএফিসিয়েন্ট ইঞ্জিনীয়ারসদের জন্য খরচ করা হয়েছে। ঐ ঘটনার একটু উন্নতি হবে বলে মনে হচ্ছে এবং এতে আমরা উৎসাহিত হয়েছিলাম যে, হয়ত কিছু হবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় বিদ্যুতের আমাদের মাননীয় বড় মন্ত্রিমহাশয় তিনি যে বিবৃতি দিলেন তাতে তিনি বললেন, ডি পি এল-এ এই দাঁড়াল, তিনি অবশ্য ইন সো মেনি ওয়ার্ডস্ বলেন নি, কিন্তু মোটামুটি খানিকটা দাঁড়াল। তাঁর কিছু ভাব এই ব্যান্ডেল বেশ আছে। আর এদিকে ডি ভি সি যেহেতু নোবডিজ বেবি এটা অবশ্য মোটামুটি আমাদের বলা যায়—এই কথাগুলি আমি ব্যালিস ক'রে বলছি না। আমি উদ্বেগবোধ করছি যে, এই রকম একে অপরের ঘাড়ে চাপানো ইত্যাদি অবস্থার মধ্যে পড়ে বোধ হয় বিদ্যুৎ সংক্রান্ত ব্যাপারে যে বেসিক সমস্যাগুলি আছে সেগুলির প্রতি হয়ত যথাযথ নজর আকৃষ্ট হয়েছে ব'লে আমি অনুভব করতে পারছি না। আমি এস্টিমেটস্ কমিটির রিপোর্টের কথা এর মধ্যে কেন দিয়েছি? দু'টি কারণে দিয়েছি। প্রথম হচ্ছে মাননীয় অধ্যক্ষ মহাশয় সংসদীয় গণতন্ত্র অনুযায়ী আমি তো যা বুঝি এস্টিমেটস্ কমিটি, পাবলিক অ্যাকাউন্টস কমিটি এগুলি ঠিক হাতে অলঙ্কারের মত নয়, এগুলির কতকগুলি ভূমিকা আছে—সেই ভূমিকা হচ্ছে এই গভর্নমেন্টকে ঠিক পথে পরিচালিত করবার জন্য সংসদের সর্বোচ্চ প্রচেষ্টা, তার মধ্য দিয়ে প্রতিফলিত হয়—এস্টিমেটস্ কমিটি এই

রকম একটি অতি গুরুত্বপূর্ণ কমিটি। এস্টিমেটস্ কমিটির ১৫ জন সদস্যের মধ্যে সরকার পক্ষেরই অধিকাংশ সদস্য, অপর পক্ষে যদি আমাদের পি ডি এ-এর সদস্য হিসাবে ধরা যায়, তা হ'লে ১৪ জনই আমরা সেখানে আছি, একমাত্র দেও প্রকাশ রাই ছাড়া। আর দুটি দল হিসাবে যদি ধরেন, তা হ'লে সরকার পরিচালনা করছেন কংগ্রেস তারাই অ্যাবসলিউট মেজরিটি ছিলেন, আমরা ৩ জন মাত্র ছিলাম, শুধু এস্টিমেটস্ কমিটির দিয়ে বিচার হবার কথা নয়। এস্টিমেটস্ কমিটি ইজ সাপোজড্ টু ফাংসান আমরা করেছি ব'লে আমি মনে করি, রাজনীতির ধার ধারেন নি। আমরা শুধুমাত্র ফাংসান করবার চেষ্টা করেছি। আজকে এস্টিমেটস্ কমিটি যে রিপোর্ট দিয়েছে এটা ইউন্যানিমাস ডিসিসন। আমরা বহুদিন ধ'রে এর পিছনে লেগেছি, বহু স্পটে গেছি, বহু আলাপ-আলোচনা করেছি এবং সমস্ত কিছু ক'রে অ্যাসেম্বলীর এস্টিমেটস্ কমিটি ১ বছর ধ'রে ঘোরাঘুরি ক'রে একটি রিপোর্ট পেশ করেছে, সেই রিপোর্টের মধ্যে চেষ্টা আছে সমগ্র ব্যাপারটার মূলে যাওয়া এবং এই মূলে যাওয়ার ব্যাপারে আমাদের মনে হচ্ছে খানিকটা যেন যথাযথ সচেতনার, অনুভূতির অভাব—সেদিক দিয়ে এস্টিমেটস্ কমিটি সংসদীয় গণতন্ত্রে একটি বড় হাতিয়ার এবং সেই হাতিয়ার সঠিকভাবে যৌথভাবে কালেকটিভলি যে কতকগুলি সুপারিশ করেছে তাকে আমি খুব মূল্যবান ব'লে মনে করি। এস্টিমেটস্ কমিটির রিপোর্ট বেরোনোর পরে সমস্ত সংবাদপত্রের আশা করি যথেষ্ট নজর আকৃষ্ট হয়েছে। আমি দেখেছি তারা যথেষ্ট পাবলিসিটি দিয়েছে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কথা আমি দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি, সরকারের মুখপাত্র যাঁরা মন্ত্রী বলুন আর অপরাপর সরকারী বিভাগের মুখপাত্র যারা তাদের কোন রিঅ্যাকসান বা প্রতিক্রিয়া এই রিপোর্ট সংক্রান্ত ব্যাপারে কোথাও দেখি নি। এটাই আমার স্ট্রাইক করেছে যে, কেন এটা দেখা গেল না। এই রকম একটা সংকটের সময় অ্যাসেম্বলীর এস্টিমেটস্ কমিটি যদি একটা রিপোর্ট পেশ ক'রে থাকেন, মূলে যদি গিয়ে থাকেন গভর্নমেন্ট কেন দ্রুত সে সম্পর্কে রিঅ্যাক্ট করলেন না সেটা আমাদের ভাল লাগল না। মনে হয়েছে যে, ঐ আগে যে কথা আমি বললাম তার খানিকটা জের যেন মূলে যাওয়ার দিক থেকে আনপ্লেজেন্ট ফ্যাক্টস প্লেস করবার দিক থেকে বোধ হয় কিছু রেজিস্টেন্স

[4-55—5-05 p.m.]

আছে। না থাকলে আমি খুব খুশি হব। আমি আগেই বলছি না যে, আছেই, কিন্তু এর থেকে যদি এই সিদ্ধান্তে আসা হয়, তা হ'লে কি অধ্যক্ষ মহাশয়, খুব অমূলক বলা যায়, তা তো যায় না। উপরন্তু দেখুন এখনও পর্যন্ত প্রেজেন্ট গভর্নমেন্ট নিশ্চয় একথা বলতে পারেন যে, বিদ্যুতের সংকট কালকের ব্যাপার নয়, এটা একদিনেও সৃষ্টি হয় নি, দীর্ঘকাল ধ'রে সৃষ্টি হয়েছে এবং আজকে আমরা একদিনেই আলাদীনের আশ্চর্য প্রদীপের মত সব সমস্যার সমাধান ক'রে দিতে পারি না, এসব কথা বলতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এত বোকাটি নই যে, বলব হ্যাঁ, আলাদীনের আশ্চর্য প্রদীপ জ্বালিয়ে সব সমস্যার সমাধান করুন। এস্টিমেটস্ কমিটির রিপোর্টে সেই জন্যই লং টার্মের কথা বলা হয়েছে। দীর্ঘদিন ধ'রে যে ঘটনাগুলি ঘটছে সেগুলিকে কভার করার জন্য বলবার চেষ্টা করা হয়েছে যে, কি কি ট্রেন্ড এর মধ্যে দেখা যাচ্ছে বা এই বিদ্যুৎ সংকটের জন্য কি কি ট্রেন্ড দায়ী। আমরা আলাদীনের আশ্চর্য প্রদীপ নিশ্চয় চাই না, কিন্তু এই ট্রেন্ডগুলিকে রিভার্স করবার জন্য, যেগুলি দীর্ঘকাল ধ'রে চলে আসছে তাকে পাল্টানোর জন্য গভর্নমেন্ট কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন বিগত এক বছরের মধ্যে এবং তার তাৎপর্য কি সেটা নিশ্চয় অনুধাবন করা দরকার। সেদিক থেকে বলব সে রকম কিছু কিছু তৎপরতা খবরের কাগজে দেখেছি, কিন্ত মূলে যাবার তৎপরতা এখনও পর্যন্ত লক্ষ্য করতে পারি না, এটা খুবই দুঃখের কথা। এখন ধরুন কেন আমি একথা বলছি- একটা কথা হার্ড ফ্যাক্ট তো মানতে হবে যে, বিগত এক বছরে—এটা ঠিক আলাদীনের আশ্চর্য প্রদীপের ব্যাপার নয়, কিন্ত গভর্নমেন্টের বয়স তো এক বছর হয়ে গেল, বিগত এক বছর আগে এই গভর্নমেন্ট যখন শুরু করেছিলেন, এই অ্যাসেম্বলী যখন আরম্ভ হয়েছিল তখন যে জেনারেটিং ক্যাপাসিটি পাওয়া যাচ্ছিল একথা তো অস্বীকার করবার উপায় নেই যে, আজকে সেই জেনারেটিং ক্যাপাসিটি থেকে একশো সোয়াশো কম পাওয়া যাচ্ছে। কাজেই এই যে হার্ড ফ্যাক্ট এটা কারুর অস্বীকার করবার

উপায় নেই। অতএব নেট ফল যদি এই হয় যে, আরো কমে গেল, তা হ'লে অবস্থাটা কি দাঁড়ায়? কাজেই ঐ ২৮০টি পেট্রোম্যাক্সের কথা যিনি বলেছিলেন তিনিই বা বাড়িতে গিয়ে কি বলবেন বা আমরাই বা কি বলব খ‍ুঁজে পাচ্ছি না। স‍ুতরাং এই একটা হ‍ার্ড ফ্যাক্টের দর‍ুন এবং আরো ঘটনা থাকবার দর‍ুন এস্টিমেটস্ কমিটির স‍ুপারিশের প্রধান প্রধান বিষয়গ‍ুলি এবং মৌলিক ব্যাপারের প্রধান প্রধান বিষয়গ‍ুলি উল্লেখ করতে চাই এবং সেগ‍ুলি দ্র‍ুত কার্যকর করলে ম‍ুলে গিয়ে পেশছানো যাবে। আমার যে ধারণা তার আমি খানিকটা সাবস্টেন্টিভ করতে চাই। দেখ‍ুন এস্টিমেটস্ কমিটি বলেছেন, তিন-এর পাতায় বলেছেন সাম অ্যাস্পেক্টস্ অব প্রেজেন্ট পাওয়ার ক্রাইসিস তার মধ্যে যে সমস্ত অ্যাস্পেক্টস্ দেখিয়েছেন তার মধ্যে বলেছেন ইম্প্রপার অ্যান্ড ইনএডিকোয়েট প্ল্যানিং অব পাওয়ার ডেভেলপমেন্ট প্রোগ্রাম। দ্বিতীয়তঃ বলেছেন, আমি দ‍ুঃখিত হাতের কাছে ইংরাজীতে আছে ব'লে ইংরাজীটাই পড়তে হচ্ছে। দ‍ু নং এ বলেছেন

delay in establishing new power projects, lack of transmission facilities, numerous operational problems. Of these again operational problems are mainly due to high ash content, low grade fuel including coal washery middlings and rejects resulting in breakdown in plants and machineries, non-availability of spare parts and low productivity of power supply organisations.

এগ‍ুলি মৌলিকভাবে তাঁরা বলেছেন। তাঁরা বলেছেন, টাকা পয়সা আরো ব‍ৃদ্ধি করা প্রয়োজন এবং তার সঙ্গে তারা একথাও বলেছেন যে, পাওয়ার ডেভালপমেন্ট অর্গানাইজেসান যেগ‍ুলি আছে সেগ‍ুলিতে প্রপার ম্যানিং হয় না -ইমপ্রপার ম্যানিং, ইনঅ্যাফিসিয়েন্ট ফাংসানিং। যথাযথ লোককে যথাযথ জায়গায় প্লেস করতে না পারায় দীর্ঘকাল ধ'রে এটা একটা গোলমালের কারণ হয়ে দাঁড়িয়েছে যেটা তারা রিম‍ুভ করবার কথা বলেছেন। তারা দ‍ুঃখ প্রকাশ করেন এই জন্য যে, এ বিষয়ে স্টেট ইলেকট্রিসিটি যে অ্যাক্ট আছে সেই অ্যাক্ট অন‍ুযায়ী আমাদের যা করা উচিত সেই-ভাবে আমাদের এবারকার গভর্নমেন্ট যখন তৈরি করেছেন স্টেট ইলেকট্রিসিটি বোর্ড তখন সেই স্টিপ‍ুলেশান তারা মানেন নি।

এস্টিমেটস্ কমিটি ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারদের প্রাধান্য দেবার কথা বলেছেন। সারা ভারতবর্ষে যে ট্রেন্ড আছে তা এখানে করা উচিত। আমার সময় অল্প, সেজন্য সমস্ত স্টেপ এখানে ব্যাখ্যা করতে পারবো না। আমি দ‍ু একটি দিক মাত্র তুলে ধরবার চেষ্টা করছি। দেখ‍ুন, এই এস্টিমেটস্ কমিটি বলেছে যে, আমাদের যথাযথ প্ল্যানিং হচ্ছে না। কথাটা খ‍ুব সত্য, সাঁওতালদি পাওয়ার স্টেশনের যে প্ল্যানিং,—সাঁওতালদি জ‍ুন মাসের মধ্যে খোলা হবে ব'লে বলা হচ্ছে। ধর‍ুন যদি জ‍ুন মাসে প্রথম ইউনিট কমিশন্ড হয়, জ‍ুন মাসে যদি ১২০ মেগাওয়াট শক্তি উৎপন্ন হয়, তা হ'লে একথা একেবারে দিনের আলোর মত সত্য যে, সাঁওতালদি থেকে প‍ুর‍ুলিয়া পর্যন্ত একটি মাত্র ট্রান্সমিশান লাইন এখন পর্যন্ত আছে। সাঁওতালদি থেকে কোলকাতা পর্যন্ত ট্রান্সমিসান লাইন কবে হবে তার কোন পাত্তা এখনও পর্যন্ত নেই। সাঁওতালদি থেকে দ‍ুর্গাপ‍ুর পর্যন্ত একটা ট্রান্সমিশান লাইন যেটা এখন তৈরি হতে যাচ্ছে সেটা এনে ডি ভি সি-কে দেবে। যে লাইন দেবে সেই পাওয়ার লাইনটা এত লোডেড যে তা দিয়ে ট্রান্সমিশান আসতে পারবে কিনা সন্দেহ আছে। অথচ সেখানে এনে দেবার জন্য যে লাইন সেটা কবে তৈরি হবে জানা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, স‍ুতরাং ইনপ্রপার প্ল্যানিং এবং ডিলে ইন প্রজেক্টের যে কথা এস্টিমেটস্ কমিটি বলেছে সেটা সত্য কথা। আমি শ‍ুনতে পাচ্ছি সাঁওতালদির বয়লার নাকি জ‍ুন মাসে ওপেন করা হবে। ম‍ুখ্যমন্ত্রী সেখানে যাচ্ছেন, আমি তাঁর বিশেষ ক'রে দ‍ৃষ্টি আকর্ষণ করছি যে, এই বিষয়ে একটা গ‍ুর‍ুতর পরিস্থিতি হতে পারে। বয়লারের চিমনি দিয়ে ধোঁয়া ওঠানো হবে ব'লে শ‍ুনছি। ওখানে এখনও যে স‍ুইচইয়ার্ড-এর ব্যবস্থা--১৩·০৮ কেভি থেকে ২২০ মেগাওয়াটে স্টেপ-আপ করানো কিংবা ২২০ মেগাওয়াট থেকে ১৩২ কেভি-তে স্টেপ ডাউন করার যে ব্যবস্থা তা এখনও পর্যন্ত কম্পলিটেড হবার সম্ভবনা ঐ সময়ের মধ্যে নেই। ঐ সময়ের মধ্যে বয়লার থেকে টারবাইনে স্টিম পাইপিং কম্পলিট করবার এখন স‍ুযোগ নেই ব'লে শ‍ুনছি। স‍ুইচ গিয়ারের কনট্রোল র‍ুমও এই সময়ের মধ্যে কম্পলিট হওয়া শক্ত এবং

জন্যের ব্যবস্থাও ঐ সময়ের মধ্যে কমপ্লিট হওয়া শক্ত। যদি ওখানে ধরুন কিছু বয়লার চালু ক'রে ধোঁয়া বের ক'রে দেওয়া যায় আর এই জিনিসগুলি যদি কম্পলিট না হয় জুনের মধ্যে, তা হ'লে পাবলিক বুঝবে জুন মাসে সাঁওতালদি ওপন হয়ে গেল। অথচ সেই পাওয়ার এখানে এসে পৌছাল না। কি ধরাণা হবে তখন লোকের, কিভাবে তখন পাবলিক দেখবে জিনিসটা? অথচ এই বিষয়ে যে সমস্ত স্টেটমেন্ট দেওয়া হচ্ছে, আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো তিনি যখন দু'-এক দিনের মধ্যে যাচ্ছেন, তখন তিনি এই সমস্ত বিষয়ে খুঁটিয়ে দেখবেন। এর আগে তিনি যখন গিয়েছিলেন, তখন খানিকটা দেখেছিলেন ব'লে আমরা শুনেছি যখন আমরা সাঁওতালদিতে গিয়েছিলাম। কিন্তু শুধু বয়লার চালানোর ব্যাপার নয়। সাঁওতালদি থেকে কোলকাতায় রিয়েলি পাওয়ার আনার ব্যাপারে সম্ভাবনা কতদূর সেটা বুঝুন। আমি খুব খুশী হব যদি পাওয়ার এসে পৌছায়। কিন্তু যদি না আসার সম্ভাবনা আছে ব'লে মনে করেন, তা হ'লে লোককে সেই কথা খোলাখুলিভাবে বলুন, তা না হ'লে মুশকিল হবে। কিন্তু এই যে অবস্থা এটা সোজাসুজি উপস্থিত করবে আপনার যে অর্গানাইজেসান আমরা যা দেখছি সেই অর্গানাইজেসান এখন পর্যন্ত মোটামুটি দোষ ঢাকার জন্য বেশ একটু ব্যস্ত। এই অবস্থার মধ্যে আমাদের এস্টিমেটস্ কমিটি যে কথা বলেছে যে, পাওয়ারের অর্গানাইজেসানে ইম্প্রপার ম্যানিং বন্ধ করতে হবে, সেটা খুব রেলেভেন্ট কথা। ২৯ তারিখে এই বিধানসভায় দাঁড়িয়ে আমি বলেছিলাম, এটা আপনার হয়ত মনে আছে যে, নতুন স্টেট ইলেকট্রিসিটি বোর্ড হয়েছে তাতে কাকে কাকে নেওয়া হয়েছে এবং স্টিপুলেসান ঠিকভাবে হচ্ছে না। আমি বলেছিলাম যে, ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারদের হোল টাইম নেওয়া হয় নি, যে অ্যাকাউন্টেন্ট নেওয়া হয়েছে তার যে বিকুর্সাইট কোয়ালিফিকেসান তার বদলে অন্য কোয়ালিফিকেসানের লোকেদের নেওয়া হয়েছে এবং যাঁকে চেয়ারম্যান করা হয়েছে তিনি একজন আই-এ-এস ভদ্রলোক। আজকে যেখানে সারা ভারতবর্ষে ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারদের মধ্যে একটা দারুন ক্ষোভ দেখা যাচ্ছে যে, কেন তারা ইলেকট্রিক্যালি অরিয়েনটেড যে অর্গানাইজেসান তাকে হেড করবেন না, এই রকম একটা অবস্থায় তাদের কোন ফাংসানিং নিয়ে, তাদের আরো উৎসাহিত করবার পক্ষে এটা একটা বাধাস্বরূপ হয়ে দাঁড়াতে পারে। সুতরাং এই সমস্ত বিষয় বিবেচনা করা প্রয়োজন আছে ব'লে মনে করি। আমার সময় অল্প, স্বভাবতই আমি চাই আমার এই মোশানে অন্যান্য সদস্যরাও যেন অংশগ্রহণ করেন, সেই জন্য আর বিশেষ কিছুর মধ্যে যাব না, শুধু একটা কথা ব'লে শেষ ক'রে দেব যে, সি ই এস সি-এর ম্যানেজমেন্ট নেবার কথা এস্টিমেটস্ কমিটি থেকে তুলে ধরা হয়েছে, মন্ত্রিমহাশয় মাঝে মাঝে সি ই এস সি নিয়ে নেবেন বলছেন, আমি এ খবর পেয়েছি। এই বিষয়ে কি যে বাস্তবিক অবস্থা সেটা জানি না।

[5-05—5-15 p.m.]

খবর পেয়েছি যে, সি ই এস সি নেওয়ার কথাবার্তা চলবার সঙ্গে সঙ্গে নিউ কাশীপুরে যা জেনারেট করে ১৪৫ মেগাওয়াট ক'রে, সেটা এখন সেখানে ১০৩ মেগাওয়াটে নামিয়ে দিয়েছে এবং ওল্ড কাশীপুরে বয়লার রিপেয়ার করেছিল, অনেকখানি করবার পর, সেখানে মেটিরিয়াল ঢেলে রেখে দেওয়ার পর তারা সেখানে মেটিরিয়াল নিয়ে বয়লার রিপেয়ার করছে না। ওল্ড কাশীপুরে যেখানে ১৯৪৮ সালে ৪০ মেগাওয়াট, পাওয়া যেত, সেখানে এখন ১৫ মেগাওয়াট, দিচ্ছে। এই ব্যাপারে তদন্ত করা হোক। সি ই এস সি-কে কন্ট্রোল করবার পূর্ণ ক্ষমতা ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে দেওয়া আছে, তারা কি করছে সে সম্বন্ধে সেটাও দেখা দরকার। এখানে গ্যাস টারবাইন দিয়ে ইমিডিয়েটলি আরো পাওয়ার জেনারেট করবার কথা ছিল, কিন্তু সে সম্বন্ধেও কিছু বুঝতে পারছি না। সময় স্বল্পতার জন্য আমি এই কথা নিবেদন করছি যে, সংসদীয় গণতন্ত্রের বিধান এবং ধারা অনুযায়ী এবং আমি মনে করি আমাদের অর্থনৈতিক উন্নতির জন্য এই সম্বন্ধে জরুরী ব্যবস্থা অবলম্বন করা অত্যন্ত প্রয়োজন, তাই আমি মনে করি সমস্ত সদস্যরা আমাকে সমর্থন করবেন, এই আশা ক'রে আমি এই মোশান প্লেস করলাম।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মূল প্রস্তাবিকা মাননীয়া শ্রীমতী গীতা মুখোজী যে প্রস্তাব উত্থাপন করেছেন সেই বিষয়ে আমি একটা সংশোধনী প্রস্তাব আপনার সামনে রাখছি হাউসের বিবেচনার জন্য। এই প্রস্তাবে আমি বলেছি যে, প্রস্তাবের নবম লাইনে, "গ্রহণ করা উচিত" কথাগুলি হইতে শুরু করিয়া দ্বাদশ লাইনে, "অগ্রসর হওয়া অবিলম্বে প্রয়োজন" এই কথাগুলির পরিবর্তে নিম্নলিখিত কথাগুলি সন্নিবেশিত করা হউক, যথাঃ "দেশের বর্তমান অবস্থায় যতদূর সম্ভব সেইমত গ্রহণ করা উচিত, এবং এই বিধানসভা আরও মনে করে যে, বিধানসভার বিগত এস্টিমেটস্ কমিটি বিদ্যুৎ পরিস্থিতি উন্নয়নের সুপারিশ সহ যে রিপোর্ট পেশ করেছেন তার সিদ্ধান্তগুলিকে যতটা সম্ভব কার্যকর করার জন্যও সরকারের অগ্রসর হওয়া অবিলম্বে প্রয়োজন।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মূল প্রস্তাবে যে কথা বা যে সমস্ত বক্তব্য রেখেছেন যে উদ্দেশ্য নিয়ে, আমার উদ্দেশ্য সেই একই। আমার এই সংশোধনী প্রস্তাবে আমি শুধু যে কথা বলেছি সে কথা হচ্ছে যত শীঘ্র সম্ভব সরকার যেন এই বিষয়ে ব্যবস্থা অবলম্বন করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার শিল্প বা গৃহকার্যে প্রয়োজনে যে বিদ্যুৎ সেটা যে আমাদের অত্যন্ত প্রয়োজনীয়, সে বিষয়ে আমাদের পশ্চিমবাংলার মানুষেরা কেউই আজকে অস্বীকার করে না। মাননীয় সদস্যা এস্টিমেটস্ কমিটির রিপোর্টের যে উল্লেখ করেছেন সেটা হচ্ছে একটা কমিটির অবজারভেশন। সেই এস্টিমেটস্ কমিটির রিপোর্ট সরকার নিশ্চয়ই বিবেচনা করে দেখবেন। আমি মূল প্রস্তাবের সঙ্গে যে সংশোধনী প্রস্তাব দিয়েছি, তাতে উল্লেখ করেছি যে, এস্টিমেটস্ কমিটি যে সুপারিশ করেছে সেই রিপোর্ট যথাযথ বিবেচনা ক'রে যেন অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করা হয়। তাই আমি বলছি যে, ভয় পাওয়ার কিছু নেই, আমাদের মনে আছে বিগত অধিবেশনের সময় ফারাক্কা ব্যারেজের জলের ব্যাপার নিয়ে যখন প্রশ্ন উঠেছিল তখন সকলেই জানেন আমাদের সি পি আই সদস্যরা বা ঐ দলের সমস্ত সদস্য ভয় পেয়ে গিয়েছিলেন। এবং আমরা বলেছিলাম ৪০ হাজার কিউসেক জল সময়োপযোগী আনার ব্যবস্থা করা হোক। তখন তাঁরা বলেছিলেন ৪০ হাজার কিউসেক জল দিতে হবে—এইসমস্ত প্রস্তাব গ্রহণ করতে হবে, তখন আমরা বলেছিলাম পর্যাপ্ত পরিমাণে জল চাওয়া হোক। এক বছর হয় নি আমরা যে প্রস্তাব করেছিলাম তাতে শুধু প্রস্তাব করেই সরকার ক্ষান্ত হন নি। সেদিনের প্রস্তাব আমরা যেভাবে সংশোধন করে গ্রহণ করেছিলাম সেই প্রস্তাব কার্যকর করা হচ্ছে এবং কেন্দ্রীয় সরকার ৪০ হাজার কিউসেক জল দেবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আপনারা যে ভয় করছেন সেটা অত্যন্ত অহেতুক ও অমূলক। আপনারা জানেন আমাদের সরকার যে সময় ক্ষমতায় এলেন তার আগে মুহূর্ত পর্যন্ত অর্থাৎ ১৯শে মার্চ, ১৯৭২ তারিখের রিপোর্ট অনুসারে দেখা যচ্ছে ৩,৩২৮টি গ্রামে ইলেকট্রিফিকেশান করা সম্ভব হয়েছিল। কিন্তু ২০শে মার্চ, ১৯৭২ তারিখ থেকে আরম্ভ ক'রে ৩১শে মার্চ, ১৯৭৩ পর্যন্ত ৩,৫৮০টি গ্রামে আজ বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হয়েছে। এপ্রিল মাসে আমাদের যে টার্গেট আছে তাতে সরকারের অধীনে আরও ৬০০ গ্রামে বিদ্যুৎ সরবরাহ করার ব্যবস্থা আছে। অর্থাৎ ২০শে মার্চ, ১৯৭২ থেকে ৩১শে মার্চ, ১৯৭৩ পর্যন্ত আগামী এপ্রিল মাসে যে টার্গেট সেই অনুসারে ৪,১৮০টি গ্রামে ইলেকট্রিফিকেশান হবে। অতএব যে অবজারভেশন করেছেন এস্টিমেটস কমিটি যে, ১০ হাজার গ্রামে ইলেকট্রিফিকেশান এবং ৩,৫০০ শ্যালো টিউবওয়েল ও বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা আমরা গ্রামের যারা মানুষ তারা দেখতে পাচ্ছি যে ক্লাস্টার হচ্ছে। সমস্ত ক্লাস্টার-এর সঙ্গে ইলেকট্রিফিকেশান দেওয়া হচ্ছে এবং বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হচ্ছে। গ্রোথ প্রকল্প উদ্ভাবনের সময় দেখতে পাচ্ছি প্রত্যেক জেলায় ইলেকট্রিসিটি সরবরাহের ব্যবস্থা করা হচ্ছে। অতএব অ্যাসিউর্ড ইলেকট্রিক দেবার সময় আমরা একথা বলি নি যে, আমেরিকায় যেভাবে অ্যাসিউর্ড ইলেকট্রিসিটি সাপ্লাই করে সেইভাবে হবে। কিন্তু সরকার যেভাবে সেটা ক'রে যাচ্ছেন তাতে অতীতে ২৫ বছরে যেসমস্ত সরকার ছিল তাঁর সেটা করতে পারেন নি আমরা সেটা ১১ মাসে করেছি। আমরা যখন এইভাবে এগোচ্ছি তখন মনে হয় আগামী ৪ বছরের মধ্যে আমাদের সরকার যেভাবে চেষ্টা করছেন তাতে এটা সার্থকভাবে রূপায়িত হবে। সাঁওতালদিহি প্রজেক্ট নিশ্চয় হবে। সঙ্গে সঙ্গে বক্সার

কলিয়ারির কথা। আমরা যখন কোল কমিটির চেয়ারম্যান শ্রীঅজয় মুখার্জির সংগে গিয়েছিলাম তখন সেখানে তারা বলে যে এখানে ইলেকট্রিসিটি উৎপাদনের প্রচুর সম্ভাবনা আছে, সেখানকার বড় বড় অফিসাররা বলেছিলেন শ্রীপুর কোলিয়ারীতেই প্রায় ২৫০ মেগাওয়েট-এর মত বিদ্যুৎ উৎপাদন হতে পারে এইরকম র মেটেরিয়াল সেখানে আছে। আমি বলব আমাদের সরকারকে এ জিনিস চিন্তা করতে হবে। এই প্রস্তাবের সংগে যদি সত্যিকারের ভাল বা সুসংবদ্ধ প্ল্যান করার মত পরিস্থিতি থাকে, তা হ'লে সেটা বিচার বিবেচনা ক'রে যেন কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়।

[5-15—5-25 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার বেশী সময় নেব না, আমি শুধু একটা কথা বলতে চাই সেটা হচ্ছে জলে নামার আগে কুমীরে খেয়ে নেবে এটা এদের অ্যাপ্রিহেনসান ছাড়া আর কিছু নয়। আগে জলে নামুন, কুমীরে খাচ্ছে কিনা দেখুন, তারপর যদি বলেন যে, কুমীরে টেনে নিয়ে যাচ্ছে, তা হ'লে বলুন দোহাই কংগ্রেস সরকার আমাদের হাত ধ'রে টেনে উপরে ওঠান। আপনারা অহেতুক ফরাক্কার জল সরবরাহ নিয়ে ভয় পেয়েছিলেন, সেই আতংকগ্রস্ত মনোভাব নিয়ে এই কথা বলেছিলেন, সেদিনের সেই আতঙ্ক কাটিয়ে উঠে সিদ্ধার্থশঙ্কর রায় আজকে তাকে বাস্তবে রূপায়িত করতে পেরেছেন। সেজন্য বলছি যে, আপনারা ধৈর্য ধরুন, কথায় কথায় রাজনীতি করবেন না। আমাদের বন্ধুরা প্রিভিলেজ মোশান আনার জন্য লেট ক'রে ফেলেছেন, জ্যোতিবাবুর কাছ থেকে পরামর্শ নেবার জন্য দুই দিন লেট হয়ে যাচ্ছে। যেখানে বিদ্যুৎ উৎপন্ন হয় সেখানে যে ষড়যন্ত্রমূলক কাজ চলে, সেখানে যে লেবার ট্রাবল, লেবার ডিসপিউট, লে-অফ, লক-আউট, ক্লোজারের পথে যখন এগিয়ে নিয়ে যায় তখন সেখানে বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হয়। সেই সরবরাহ ব্যাহত যাতে না হয়, তার জন্য সেখানে যাঁরা শ্রমিক ইউনিয়নের লিডার আছেন তাঁদের কাছে অনুরোধ তাঁরা যেন এই দিকে লক্ষ্য রাখেন, দেশের স্বার্থের জন্য যে প্রোডাকসান, সেই প্রোডাকসানের ক্ষেত্র যেন ব্যাহত না হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আর একটা কথা নিবেদন করতে চাই সেটা হচ্ছে আমরা যখন কৃষিতে বিদ্যুৎ সরবরাহ করতে স্বয়ংসম্পূর্ণ নই, তখন আমাদের গৃহকার্যে আমরা যেন বিদ্যুতের অপচয় না ঘটাই। আমরা যখন কৃষির ন্যূনতম প্রয়োজন মেটাতে পারি না, তখন হিটারের মারফত খাবার তৈরি করতে হবে এমন ফ্যান্সি না হওয়া বাঞ্ছনীয়, যদি হয়, তা হ'লে সেটা বিদ্যুতের অপচয়ের নামান্তর মাত্র। একদিকে যেমন বিদ্যুতের অপচয় বন্ধ করতে হবে, তেমনি আর একদিকে সুষ্ঠু সরবরাহের দিকে লক্ষ্য রাখতে হবে। মূল প্রস্তাবের যিনি উত্থাপক তাঁর কাছে আমি অনুরোধ করব আপনি ভেবে দেখবেন আপনার প্রস্তাবের মধ্যে যে কথা বলেছেন আমার সংশোধনী প্রস্তাবের জন্য তা একটুও এদিক ওদিক হয় নি, আমরা যেটুকু চেয়েছি বর্তমান অবস্থায় যতদূর সম্ভব, আমাদের সাধ্যমত, যেরকম ভাবে আমরা প্রচেষ্টা নিচ্ছি সেই সাধ্যের মধ্যে, আমাদের সীমিত ক্ষমতার মধ্যে, সেই ক্ষমতাকে সীমাবদ্ধ রেখে আমরা বলেছি এটাকে কার্যকর করা হোক। সেই সংগে সংগে এস্টিমেট, কমিটির যে রিপোর্ট সেটাও সেই রকম কার্যকর করা হোক। আমি মূল প্রস্তাবককে অনুরোধ করব, দয়া ক'রে যখন মূল প্রস্তাবের সংগে কোন রকম অসংগতি ঘটে নি, তখন কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য মূল যে প্রস্তাব সেই প্রস্তাবে আমার যে সংশোধনী প্রস্তাব দিয়েছি আশা করি সেই সংশোধনী প্রস্তাব গ্রহণ করবেন। আমরা এই সরকারের পক্ষে সহায়ক পরিবেশ সৃষ্টি ক'রে বাংলাদেশের মানুষের কল্যাণ করব এই কথা ব'লে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয়া সদস্যা শ্রীমতী গীতা মুখার্জী যে প্রস্তাব এই হাউসে রেখেছেন সেই প্রস্তাব সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলার দরকার মনে করি। মনে করি এই কারণে যে গোটা পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ আজকে যে সমস্যার সামনে দাঁড়িয়েছে এবং এমন দিনে এই প্রস্তাব আনা হচ্ছে যে দিনে কলকাতাবাসী এবং ৮টি বিভিন্ন বামপন্থী রাজনৈতিক দলের পক্ষ থেকে মাননীয় রাজ্যপালের কাছে জল এবং বিদ্যুৎ যেটা মানুষের সবচেয়ে প্রয়োজন তারই দাবিতে আজকে ডেপুটেসান দেওয়া হচ্ছে। এটা একটা

গুরুত্বপূর্ণ বিষয়, এই গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে এই সরকারের কি দৃষ্টিভঙ্গি তা আমরা ঐ ব্যার সাহেবের উক্তি থেকে বুঝতে পারলাম। সংকটের সময় এই পশ্চিমবঙ্গের যিনি মুখ্যমন্ত্রী তিনি ঢাকঢোল পিটিয়ে বাজার গরম করলেন যে, পশ্চিমবঙ্গের ১০ হাজার গ্রামে বিদ্যুৎ দেওয়া হবে। আর বললেন গ্রামে চাষীরা যেখানে শ্যালো ক'রে পাম্প করবে সেখানে গ্রামের ভেতরে বাড়িতে বাড়িতে আমরা বিদ্যুৎ নিয়ে গিয়ে পেঁাছে দেব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অনেয়ের সঙ্গে জিজ্ঞাসা করছি মাননীয় মুখ্যমন্ত্রী যখন দায়িত্ব নিলেন তখন কি অবশ্যই ভুলে গিয়েছিলেন, তখন এখানে কতখানি বিদ্যুৎ উৎপন্ন হয় তিনি কি তা ভুলে গিয়েছিলেন? তিনি পশ্চিমবঙ্গের মানুষকে একটা ভাঁওতা দেওয়ার জন্য এই কথা বলেছিলেন যে, ১০ হাজার গ্রামে বিদ্যুৎ দেওয়া হবে। এটা ভাঁওতা দেওয়া ছাড়া আর কিছু নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি এ'রা ক্ষমতায় বসেছেন, ভাঁওতা ছাড়া এ'দের মুখ থেকে অন্য কথা শুনতে পাই না। শুধু বিদ্যুতে নয়, সমস্ত বিষয়ে, চাকুরির ক্ষেত্রে দেখুন, প্রত্যেকটি স্তরে এ'রা ভাঁওতা দিয়ে যাচ্ছেন। এ'রা সাধারণ মানুষকে ঠকিয়ে নিজেদের রাজনৈতিক স্বার্থ সিদ্ধ করবার একটা প্রচেষ্টা চালাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গ্রামের সাধারণ গরিব মানুষের কাছে শ্যালো পাম্প-এর জন্য বিদ্যুৎ যাবে একথা ছিল। কিন্তু আমরা দেখছি যেটুকু পেঁাছাচ্ছে লোড সেডিং-এর দয়ায় তাতে বোরো ধানের চাষ হচ্ছে না। আমাদের নিম্ন দামোদর এলাকায় সরকার পক্ষ থেকে ঘোষণা করা হয়েছিল, বিদ্যুৎ দিয়ে, পাম্প সেট দিয়ে সেখানে বোরো ধানের চাষ করবে। কিন্তু এখন দেখছি সেখানে ইলেকট্রিসিটি দিতে পারছে না। চাষীরা যেসব বোরো ধানের চাষ করেছিল সেগুলি শেষ হয়ে যাচ্ছে। আজকে বিধানসভার দয়াতে আমরা কোলকাতায় থাকবার সুযোগ পেয়েছি। কিন্তু কোলকাতার অধিবাসীদের যে ভয়াবহ অবস্থা দেখছি তাতে অবাক হচ্ছি যে, কি ভাবে এখনও এ'রা গদীতে রয়েছে। আমার বক্তব্য হচ্ছে ভাঁওতা দিয়ে চলবে না, সাধারণ মানুষ এ'দের বুঝতে পেরেছে। আজকে বিধানসভায় একটা রিপোর্ট পেলাম এবং এই রিপোর্ট সম্বন্ধে মাননীয়া সদস্যা গীতা মুখার্জী বলেছেন। কিন্তু তারপর দেখলাম সরকার পক্ষ থেকে শ্রীআবদুল বারি বিশ্বাস তার উপরে একটা অ্যামেন্ডমেন্ট এনেছেন। এ'রা কি চায়? কতদিন আর মানুষকে এইভাবে ভাঁওতা দেবেন? তারপর আমরা দেখছি শিল্পাঞ্চলে বিদ্যুতের জন্য আজকে হাজার হাজার শ্রমিক ছাঁটাই হয়ে যাচ্ছে। কিছুদিন আগে কংগ্রেস পক্ষ থেকে তপন চ্যাটার্জী বলেছিলেন ব্যারাকপুর সার্বডিভিসন এলাকায় ৫০ হাজার শ্রমিক লে-অফ হয়েছে। এই ৫০ হাজার শ্রমিকের পরিবার আজ কি অবস্থায় আছে, কোথায় তারা দাঁড়িয়েছে সেটা আপনারা একবার চিন্তা করুন। আজকে একদিকে মূল্যবৃদ্ধির জন্য জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে এবং অন্যদিকে এ'রা জল পর্যন্ত দিতে পারছেন না। স্যার, এ'রা পিশাচ ছাড়া আর কিছু নয়। মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা হিসেব দিচ্ছি তাতে দেখবেন ১৯৭২ সালে যে ৩ লক্ষ ৮৪ হাজার ২২৪ দিন কাজ বন্ধ হয়েছিল, তাতে দেখা যায় এর ৮১ ভাগ বিদ্যুৎ বিভ্রাটের জন্য হয়েছিল। এছাড়া ভারতীয় চটকল অ্যাসোসিয়েসনের রিপোর্টে দেখছি, উৎপাদনে ক্ষতির পরিমাণ ২রা এপ্রিল থেকে ১০ই এপ্রিল পর্যন্ত ছিল ৬১ লক্ষ টাকা এবং ১৬ই এপ্রিল পর্যন্ত দাঁড়িয়েছে ১ কোটি ৩০ লক্ষ টাকা। পশ্চিমবাংলায় উৎপাদনে ক্ষতির পরিমাণ ঘণ্টায়

[5-25—5-35 p.m.]

৫০ লক্ষ টাকা, এই হচ্ছে বিদ্যুতের ভয়াবহ অবস্থা। এই হাউসে বিদ্যুৎ বিভ্রাটের কথা কংগ্রেস পক্ষ থেকে বার বার বলা হয়েছে। কিন্তু আজকে প্রস্তাব আনতে গিয়ে তারা অন্যদিকে বাই পাস ক'রে যাচ্ছেন। কেননা তারা জানেন যে, সরকারের ঐ সমস্ত কারচুপি ভাঁওতা ধরা পড়ে যাবে। গ্রামীণ কৃষিতেও আজকে অন্ধকার, এ ছাড়া টেক্সম্যাকোতে দেখা যাচ্ছে, আজকে বিদ্যুতের অভাবের জন্য ৪ হাজার শ্রমিক ছাঁটাই হয়ে গিয়েছে। আজকে গোটা পশ্চিমবঙ্গে এই অবস্থা, আজকে আমরা দেখতে চাই যে, তাদের যে শরিক এই প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব অন্য শরিকেও সমর্থন করে কিনা? যদিও মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সি পি আই-কে বলেছেন যে, তারা তাদের ল্যাজ ধ'রে এসেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একটা সত্য কথা প্রমাণ হ'ল, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় একটা সত্য কথা বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, মানুষের ল্যাজ থাকে না, সুতরাং যাদের ল্যাজ আছে অরা কি, আমি এই সভায় দাঁড়িয়ে বলতে পারব না। মুখ্যমন্ত্রীকে আমি ধন্যবাদ জানাচ্ছি, সত্য কথা বলার জন্য। এত

দিনে তিনি একটা সত্য কথা বলেছেন, যে তাদের ল্যাজ ধ'রে সি পি আই বন্ধুরা এখানে এসেছে, তা হ'লে এদের ল্যাজ আছে, সুতরাং ল্যাজ থাকলে তাদের মানুষ বলব না অন্য কিছু বলব. সেটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একটু ব'লে দেবেন, তা হ'লে আমি সেই নামে তাদের অভিহিত করব। আজকে এরা সরকার গ্রহণ করার পর থেকে আমরা দেখতে পাচ্ছি, গত এক বছরের ইতিহাস। সেই ইতিহাস মানুষের রাজত্বের নয় যে, সেটা তারা নিজেরাই স্বীকার করেছেন। ধান. চাল থেকে আরম্ভ ক'রে বিদ্যুৎ পর্যন্ত তারা কি করেছেন, আবার তারপরও এখানে তারা বসে আছেন। আমরা জানি এদের দিন শেষ হয়ে আসছে, পশ্চিমবঙ্গের মানুষের কাছে আর ভাঁওতাবাজী চলবে না। পশ্চিমবঙ্গের জনসাধারণ এদের টেনে এনে মাটিতে নিক্ষেপ করবে। তারা বলেন তারা ক্ষমতায় এসেছেন, ২১৮টি সিট নিয়ে মদমত্ত হয়ে বসে আছেন। আজকে যে প্রস্তাব মাননীয়া সদস্যা এনেছেন, সেই প্রস্তাব আমি সম্পূর্ণ সমর্থন করি, আর এদের চরিত্র জনসাধারণের সামনে তুলে ধ'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া সদস্যা শ্রীমতী গীতা মুখার্জী মহাশয়া বিদ্যুৎ সংক্রান্ত যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব পর্যালোচনা ক'রে দু-একটি কথা আপনার সামনে তুলে ধরতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়. যদি এই কথা অস্বীকার করা হয় যে, সংকট নাই এবং এই কথা যদি স্বীকার করা হয় যে সব ঠিক হায়, তা হ'লে আমি এই কথা জোর ক'রে বলব যে, সেটা সত্যের অপলাপ হবে, সেটা সমস্যার দিক থেকে মুখ ফিরিয়ে থাকা হবে। পশ্চিমবাংলায় যে ভয়াবহ বিদ্যুৎ সংকট সেই সংকটের আলোচনা করতে গিয়ে কখনো কখনো আত্মসন্তুষ্টির মনোভাব নিয়ে রিপোর্ট করতে পারেন, আমলারা কাগজ কলমে লিখে দিতে পারেন যে. সব কিছু ঠিক চলছে, সংকট নেই। কিন্তু আমি বলি, আজকে পশ্চিমবাংলা সংকটের সিংহদরজায় দাঁড়িয়ে আছে। আজকে ডি ভি সি থেকে বিদ্যুৎ আসছে না, আমি একটু আগে আসানসোলের সঙ্গে কথা বললাম, মাইথনে যে হাইড্রো-ইলেকট্রিক স্টেশন আছে, তার ৫টি জেনারেটার বন্ধ হয়ে গিয়েছে। মাইথন ড্যামে জল নেই, বিদ্যুৎ তৈরি হবে না। বার বার এস ও এস পাঠানো সত্ত্বেও বিহারের মুখ্যমন্ত্রী কেদার পান্ডে মহাশয় বিহার থেকে জল ছাড়ছেন না. পাঞ্চেতে বিদ্যুৎ তৈরি হবে না। দুর্গাপুর প্রজেক্ট লিমিটেডের উৎপাদন ক্ষমতা অর্ধেকের অনেক বেশী কমে যাচ্ছে. যদি কেউ মনে করে থাকেন দুর্গাপুর প্রজেক্টের কর্মক্ষমতা ফিরিয়ে আনবেন, তা হ'লে আমি বলব তিনি মুর্খের স্বর্গে বাস করছেন, এটা হবার নয়, এটা হতে পারে না। ব্যান্ডেল থার্মাল পাওয়ার প্ল্যান্টের অবস্থাও ঠিক তাই।

যে পরিমাণ বিদ্যুৎ উৎপাদন করা প্রয়োজন তা করা সম্ভবপর হচ্ছে না। বিদ্যুৎ সংকট বাড়ছে কিন্তু এই সংকটের মোকাবিলা করার জন্য আমাদের পক্ষ থেকে যে ধরনের অর্থভিত্তিক কর্মসূচি নেবার প্রয়োজন ছিল সেই ধরনের বাস্তবভিত্তিক কর্মসূচি নেওয়া হচ্ছে না। মুখ্যমন্ত্রিমহাশয়, তাঁর আন্তরিকতার কোন অভাব নেই, তিনি আজকে চেষ্টা করছেন এই সংকট কাটিয়ে ওঠার জন্য, মন্ত্রিসভার যাঁরা সভ্য তাঁদেরও আন্তরিকতা আছে, কিন্তু এই আন্তরিকতা সত্ত্বেও এমন গলদ বেঁধেছে যে, যে গলদ থেকে মুক্তি পেতে হ'লে ঐ সমস্ত বিদ্যুৎ পর্ষদকে ঢেলে সাজাতে হবে। বিদ্যুৎ পর্ষদ যাঁরা পরিচালনা করছেন সেই সরকারী আমলাকুল যাঁরা আছেন, অফিসারবৃন্দ আছেন, তাঁদের অনেকেরই প্রশাসনিক দক্ষতা থাকতে পারে, কিন্তু সমস্যা কাটিয়ে ওঠার জন্য যে বাস্তবভিত্তিক চিন্তা সেই বাস্তবভিত্তিক চিন্তা যদি থাকত, তা হ'লে আজকে আসানসোল, দুর্গাপুর প্রভৃতি শিল্পাঞ্চলে, হাওড়ার শিল্পাঞ্চলে, কোলকাতার শিল্পাঞ্চলে, ২৪-পরগনার শিল্পাঞ্চলে এমন ক'রে বিদ্যুৎ সংকট দেখা দিত না। আমরা আজকে বিধানসভায় দাঁড়িয়ে সরকার পক্ষ থেকে বলি যে, আমরা আসাম থেকে বিদ্যুৎ ধার করবো, উড়িষ্যা থেকে বিদ্যুৎ ধার করবো, বিহার থেকে বিদ্যুৎ ধার করবো—শিক্ষা নৈব নৈব চ। ভারতবর্ষের বিভিন্ন প্রদেশগুলি আজকে প্রগতির পথে এগিয়ে চলেছে তাদের কাছ থেকে ধার করা সহজ জিনিস নয়। তারা ধার দেবে না সহজে এবং সেইজন্য আজকে দেখতে পাচ্ছি ডি ভি সি-র যে বিদ্যুৎ, যে বিদ্যুতের উপর আমাদের ন্যায্য অংশ ছিল সেই বিদ্যুতও আমরা ঠিক সময় পাচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তেনুঘাটের জল সম্পর্কে আমি বলেছি, আমি বিহার থেকে বিদ্যুত ধার করতে বলেছি এবং সেই সঙ্গে সঙ্গে আরো একটি প্রতিষ্ঠান সম্পর্কে বলতে চাই সেটা হচ্ছে সাঁওতালদি। পরম শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী আশা ক'রে আছেন জুন মাসে

উদ্বোধন করবেন, কিন্তু আমি আপনাকে বলতে পারি যে, সাঁওতালদি তাপ বিদ্যুৎ কেন্দ্রের যে অবস্থা, হয়ত এর উদ্বোধন হতে পারে জুন মাসে, কিন্তু যে কাজের জন্য সাঁওতালদি বিদ্যুৎ কেন্দ্র সেই কাজের কাজ কিছুই হবে না। যেমন বিধানসভায় দাঁড়িয়ে বলা হয়েছিল যে, ২১৭টি গ্রামে জল গিয়েছে কল্যাণেশ্বরী জল সরবরাহ প্রকল্পের দ্বারা অথচ মাত্র ১৭টি গ্রামে আংশিক জল গিয়েছে। ঠিক তেমনি সাঁওতালদি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র তাড়াহুড়া ক'রে আমরা হয়ত চালু করতে পারি মুখ্যমন্ত্রীকে সন্তুষ্ট করার জন্য, কিন্তু তার মধ্যে যে গভীর গলদ আছে সেই গলদ যদি দূর করা না হয়, তা হ'লে এই সাঁওতালদি বিদ্যুৎ কেন্দ্র ব্যর্থ হতে বাধ্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সম্পর্কে আপনাকে আমি আগেভাগে জানিয়ে রাখছি যে, পশ্চিমবঙ্গে নয় সারা ভারতবর্ষে বিদ্যুৎ সঙ্কট আছে। কিন্তু বিদ্যুৎ সংকট এত বিপর্যস্ত ভাবে দেখা দিয়েছে পশ্চিমবঙ্গে তার কারণ হচ্ছে এই যে, যেকথা আমি পূর্বে বলেছিলাম সে কথা আবার বলছি, যে আমাদের বাস্তবভিত্তিক কোন কর্মপন্থা নেই। শ্রদ্ধেয় অজয়কুমার মুখোপাধ্যায় আসানসোলে কয়লাখনি অঞ্চলে গিয়েছিলেন, সেখানে বড় বড় ইঞ্জিনিয়াররা তাঁকে হাত জোড় ক'রে ব'লেছিলেন, দেখুন লক্ষ লক্ষ টন কয়লা নষ্ট হচ্ছে, ব্রিক বার্নিং নিয়ে কাজে লাগাতে হচ্ছে, এখানে থার্মল পাওয়ার প্ল্যান্ট হওয়া সম্ভবপর, তাতে কয়েক লক্ষ লোকের চাকরি হবে এবং তাতে ২০০।২৫০ মেগাওয়াট বিদ্যুৎ তৈরি হবে। কনভেয়ার বেল্টে কয়লা যাবে, তাপবিদ্যুৎকেন্দ্র তৈরি করুন সাহারানপুর এলাকাতে। আজকে অজয় থেকে জল এবং জমিও এখানে রয়েছে। এখানে তাপবিদ্যুৎকেন্দ্র তৈরি করুন। তা এরা করেন নি। আসানসোল দুর্গাপুর শিল্পাঞ্চলের কয়লাখনিগুলিতে বার্নপুর ইস্পাত কারখানায় এবং দুর্গাপুর ইস্পাত কারখানাগুলি কোন রকমে বেঁচে আছে ডি ভি সি-র করুণার উপর। তারা বিদ্যুৎ দিলে তবে এগুলি চলবে, তারা বিদ্যুৎ না দিলে এই আসানসোল মহকুমার শিল্পাঞ্চল চলবে না। মাননীয় অধ্যক্ষমহাশয়, এই ধরনের বিদ্যুতের উপর ভরসা ক'রে পৃথিবীর কোন সভ্য দেশ চলে না। আমরা সকলেই জানি জলবিদ্যুতের যে উৎস সেই উৎস ক্ষণস্থায়ী। আজকে খরা দু' বছর ধ'রে চলছে, খরার ফলে পাঞ্চেত শুকিয়ে গেল, মাইথন শুকিয়ে গেল, কি ক'রে পশ্চিমবাংলাকে বাঁচাবেন মন্ত্রিসভা তা আমি জানতে চাই। তার জন্য পরিকল্পনা গ্রহণ করার প্রয়োজন ছিল, তার জন্য এমন পরিকল্পনা গ্রহণ করার প্রয়োজন ছিল যে, যদি পাঞ্চেত এবং মাইথন থেকে বিদ্যুৎ না পাওয়া যায়, ডি ভি সি থেকে এক মেগাওয়াট বিদ্যুৎও যদি না পাওয়া যায়, তা হ'লেও আমরা সমস্যার মোকাবিলা করবো, কিন্তু এ'রা তা করেন নি, এ'রা তা বোঝেন নি। আমরা বার বার মন্ত্রিসভার কাছে প্রস্তাব দিয়েছি, বর্ধমানে ক্যাবিনেট মিটিং-এ বলেছিলাম, আসানসোল দুর্গাপুর শিল্পাঞ্চলকে রক্ষা করা যেতে পারে এই এলাকার কয়লা সম্পদ ব্যবহার করে। এ'রা তার জবাব পর্যন্ত দেন নি। চিঠি বা মেমোরাণ্ডম দিলে তার উত্তর পর্যন্ত পাওয়া যায় না। এই সমস্ত দপ্তরে সেই সব কথা বলতে গেলে তারা এমন সব উক্তি করেন যাতে মনে হয় যে, তারা চাকুরি করার জন্যই এসেছেন, পশ্চিমবঙ্গে মোটা মাহিনার চাকুরি করবেন, পশ্চিমবঙ্গের বুকের উপর বসে

[5-35—5-45 p.m.]

থাকবেন। পশ্চিমবঙ্গের মানুষের সমস্যা তীব্র করবেন। এবং তারপরে যখন সব নষ্ট হয়ে যাবে, তখন কিন্তু আর সামলাবার আর কোন অবকাশ থাকবে না। আজকে বিধানসভায় যখন বক্তৃতা রাখছি—বিধানসভা ভবনে আলো রয়েছে, সেখানে মেশিন চলছে, এই সময় কলকাতা এবং ২৪-পরগনা অঞ্চলে বিদ্যুৎ নাই, বিদ্যুৎ বন্ধ হয়ে গেছে। কলকারখানায় কাজ বন্ধ হয়ে গেছে। আসানসোলে সেন র‍্যালে সাইকেল যখন তৈরি হয়, সেখানে আই আর সি আই থেকে ১০ লক্ষ টাকা দেওয়া হয়েছে, সেখানে এই বিদ্যুৎ বন্ধ থাকার জন্য উৎপাদন এফেক্টেড হচ্ছে, বাইসিকল সব রিজেক্টেড হচ্ছে, স্ক্রেপ হচ্ছে, এম এম এম জি উৎপাদন স্ক্রেপ উৎপাদন হচ্ছে। আজকে হাজার হাজার শ্রমিকের লে-অফ-এর আশঙ্কা রয়েছে এবং এমন দিন সব আসবে যখন অবস্থা সামলান যাবে না। আজকে গীতা মুখোপাধ্যায়ের যে প্রস্তাব তাতে এমন কোন দুরূহ কথা বলা নেই যা সম্ভবপর নয়। কিন্তু তা সত্ত্বেও এটা যেন বুঝবার চেষ্টা করেন, জানবার চেষ্টা করেন। আজকে এই সংশোধনী গ্রহণ করলেন হয়ত কাগজ কলমের মাধ্যমে কমিট করতে পারলেন, কিন্তু মন্ত্রিসভা যদি এটাকে যুদ্ধকালীন সমস্যা হিসাবে এটাকে গ্রহণ করেন, বিদ্যুৎ সমস্যার মোকাবিলা না করেন, পশ্চিমবাংলার লক্ষ লক্ষ শ্রমিকের ক্ষতি করবেন। পশ্চিমবাংলার

কোটি কোটি টাকার উৎপাদন নষ্ট করবেন। এবং পশ্চিমবঙ্গকে সর্বনাশের পথে ঠেলে নিয়ে যাবেন। তার কারণ বিদ্যুৎ সংকট যেভাবে দেখা দিয়েছে, এর থেকে পরিত্রাণ পাবার অন্য কোন আশা নাই। আর একটা কথা হচ্ছে এই ব্যাপারে মন্ত্রী জয়নাল আবেদিন মহাশয়ের ব্যক্তিগত দায়িত্ব নাই, কিন্তু তিনি কি জানেন না কয়লা খনির মালিকরা চক্রান্ত ক'রে দুর্গাপুর প্রজেক্টে যে কয়লা দিয়েছে, তাতে লক্ষ লক্ষ টাকা মিডলম্যানরা চুরি করেছে এবং আমেরিকা থেকে যে যন্ত্রপাতি আনা হয়েছে—সার্ফিসটিকেটেড মেশিনারিজ, তাতে সব চেয়ে নিম্ন স্তরের কয়লা দিয়েছে, যার ফলে দুর্গাপুর প্রজেক্টের মেশিনারিজ কথা বলছে না, দুর্গাপুর মেশিনারিজ কাজ করছে না। আমি আজকে বিধানসভায় মন্ত্রিমহাশয়কে জানাতে চাই যে লক্ষ লক্ষ টাকার মেশিনারিজ যদি নষ্ট হয়, মন্ত্রিসভার নিশ্চয়ই লজ্জা হয়, মাথা নীচু হয়। সঙ্গে সঙ্গে আমাদেরও হয়। কাজে কাজেই টাকা চুরির ফলে, এই রকম ডাকাতির ফলে যে আশা নিয়ে ডাঃ বিধানচন্দ্র রায় দুর্গাপুর প্রজেক্ট তৈরি করেছিলেন শিল্প উৎপাদনের আশা নিয়ে, সেই দুর্গাপুরকে জাহান্নামে ঠেলে দিচ্ছেন—আজকে যে বিশেষ অবস্থার মধ্যে রয়েছি, যে বিশেষ অবস্থার মুখোমুখি দাঁড়িয়েছি, তাতে একথা বলতে হচ্ছে যে, এই সরকার আরামে চালাতে পারবেন না যখন দেখবেন হাজার হাজার শ্রমিক দাঁড়িয়েছে বিধানসভার চার ধারে, মহাকরণের চার ধারে। বিদ্যুৎ সংকটের জন্য যখন তাদের রুজিরোজগারের জন্য সংকটে পড়তে হবে, রুটি রুজি হারাতে হবে, তখন তারা ছেড়ে কথা বলবে না। কয়েকদিন আগে শ্রম দপ্তরে একটি কাগজ কলের মালিক ব'লে গিয়েছে যে, কলে কারখানায় কাজ এই বিদ্যুৎ সংকটের ফলে পাঁচ ছয় ঘণ্টা ক'রে বন্ধ থাকছে, কাজেই লে-অফ করতে হচ্ছে। শ্রম দপ্তরের প্রতিমন্ত্রী বুঝিয়েছেন। কিন্তু আমি জিজ্ঞাসা করি, শ্রম দপ্তরের প্রতিমন্ত্রীর সাধ্য কি যে আজকে তিনি শিল্প পরিচালকদের ঠেকিয়ে রাখেন তাদের চক্রান্ত থেকে, তারা আজকে লে-অফ চাইবে, কলকারখানার ক্লোজার চাইবে কলকারখানা বন্ধ করতে চাইবে, শিল্পকে বিপর্যস্ত করতে চাইবে। তার জন্য দায়ী কারা? এর জন্য কি শিল্পপতিরা দায়ী? তার জন্য দায়ী আমাদের বিদ্যুৎ দপ্তর। বিদ্যুৎ দপ্তরের আমলারা গড্ডালিকা প্রবাহে গা এলিয়ে দিয়েছেন, ভেবেছেন এইভাবে আরাম চালাবেন। তা চলা সম্ভবপর নয়। সেজন্য দাবী করব এবং জোর গলায় বলছি, এই সমস্যার মোকাবিলা করার জন্য সমস্ত কাজকর্ম বন্ধ রেখে যদি প্রয়োজন হয় মন্ত্রিসভা যুদ্ধকালীন ভিত্তিতে এই সমস্যার মোকাবিলা ক'রে কাজ করুন, এবং এই রকম নজির আছে, বাঁকুড়া জেলায় পুরুলিয়ায় খরার সময় তাঁরা সে দায়িত্ব পালন করেছেন। অতীতে যা কোন দিন হয় নি, জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া রিপোর্ট দিয়েছে পুরুলিয়ায় টিউবওয়েল হয় না, কিন্তু খরার সময় ইন্দিরা গান্ধীর নেতৃত্বে বাঁকুড়া এবং পুরুলিয়ায় টিউবওয়েল হয়েছে।

তাই ঠিক আজকে এই বিদ্যুৎ সংকটের সমস্যার যদি যুদ্ধকালীন জরুরী অবস্থার ভিত্তিতে সত্বর সমাধান করতে এই সরকার না পারেন, তা হ'লে এই সরকারের বিরুদ্ধে একটা প্রচণ্ড জনবিক্ষোভ ফেটে পড়বে। তা থেকে অব্যাহতি পাবার আর কোন উপায় এই সরকারের থাকবে না।

ঐ যে পেছনের সারিতে আমলারা বসে আছেন আজ তারা এখন এই সরকারকে সেলাম করছেন, কাল যখন জ্যোতিবাবুর সরকার আসবেন তখন তাঁদের সেলাম ঠুকে বলবেন হুজুর, আমাদের কোন ক্ষমতা নাই, সব দোষ ঐ কংগ্রেস মন্ত্রীদের।

আমাদের সরকার যে এই সঙ্কট ত্রাণের ব্যবস্থা অবিলম্বে করবেন তাঁদের উপর এই বিশ্বাস ও ভরসা রেখে এখানেই আমার বক্তব্য শেষ করছি। বন্দে মাতরম্।

শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ মাননীয় স্পীকার স্যার, এই হাউসে আজকে লোড শেডিং—ইলেকট্রিসিটি ফেলিওর সম্বন্ধে যে আলোচনা উপস্থিত হয়েছে, সেই পরিপ্রেক্ষিতে আমি আপনার কাছে আমার বক্তব্য রাখছি। ইলেকট্রিসিটি অফ আজকের দিনে এমন নতুন কিছু নয়। অতীতেও হয়েছে, বর্তমানেও হচ্ছে, ভবিষ্যতেও হবে। মানুষের জীবনের চরম মুহূর্তে

কারেন্ট ফেল করছে। যেমন ধরুন জন্ম, মৃত্যু, বিবাহ প্রভৃতি বিভিন্ন সময়ে, বিভিন্ন মুহূর্তে এই কারেন্ট অফ হয়ে যাচ্ছে। এই প্রসঙ্গে আমি এই কলকাতা শহরের অতীত দিনের সেই কবি মাইকেল দত্তের একটা চরম মুহূর্তের কথা আপনার মাধ্যমে এখানে উপস্থিত করছি। মাইকেলের পুত্র মারা গেছেন, পুত্রকে সমাধিস্থ করার পরে মাইকেল ও তাঁর স্ত্রী হেনরিয়েটা বসে আছেন। ঘরের বাতিটা নিভে গেলে একটি মোমবাতি জ্বালান হ'ল। সামনে একটি বাড়ি, যে বাড়িতে এক নব বিবাহিত দম্পতি বসে রয়েছেন, সেখানে কোন বাতি নাই, মোমবাতিও সেখানে জ্বলে নি— ইলেকট্রিসিটি ফেল করেছে। তখন মাইকেল তাঁর স্ত্রীকে উদ্দেশ্য ক'রে বলছেন, "আমাদের জীবনদীপ তো নিভে গেছে; জীবনের আলো তো নিভে গেছে। ঐ নববিবাহিত দম্পতির জীবনের আলো তো নেভে নাই! আমাদের ঘরে যে মোমবাতিটা জ্বলছে, পাশের বাড়িতে সেই মোমবাতিটা পাঠিয়ে দাও।"

এই উক্তির মধ্যে অন্তর্নিহিত একটি ভাব আছে, একটি গূঢ় উদ্দেশ্য আছে। আজকের দিনে যে ভাবে কারেন্ট ফেল করছে, সে বিষয়ে অবতারণা না ক'রে আগামী কাল থেকেই এর একটি যাতে সুব্যবস্থা করা যায়, সে বিষয়ে সরকারকে নিশ্চয়ই একটি ব্যবস্থা অবলম্বন করতে হবে। সর্বোপরি আমি একজন গ্রামের প্রতিনিধি হিসেবে আপনার কাছে একটা বেদনার কথা নিবেদন করছি। গ্রামের মাঠে ডিপ টিউবওয়েল-এর মাধ্যমে বহু জায়গায় চাষের জমিতে জল দেওয়া হয়। চাষী সার বীজ দিয়ে জমিতে শস্য বোনে এবং ডিপ টিউবওয়েল-এর মাধ্যমে জমিতে জল দেওয়া হয়। কিন্তু অনেক সময় আমরা দেখতে পাই, দিনের পর দিন কারেন্ট অফ থাকার জন্য ডিপ টিউবওয়েল-এর মাধ্যমে শস্যের জমিতে জল দেওয়া যায় না; সেচের ব্যবস্থা বিঘ্নিত হয়। যার ফলে জমির শস্য নষ্ট হয়। আমরা সবুজ বিপ্লবের কথা বলছি। বর্তমান সরকারও সবুজ বিপ্লবের কথা বলেন। তবে এই সবুজ বিপ্লবকে সার্থক করতে হ'লে শুধু মাত্র মুখে ঐ সবুজ বিপ্লবের কথা বললেই হবে না। যাতে ক'রে মাঠের শস্য বাঁচানো যায়, সেচের ব্যবস্থার উন্নতি করা যায়, যেখানে সেচব্যবস্থা বিদ্যুৎ শক্তির মাধ্যমে চলে, সেই বিদ্যুতের ব্যবস্থা যাতে ঠিকভাবে চালু থাকে, তার জন্য সরকারকে বিশেষ যত্ন নিতে হবে। এর জন্য প্রয়োজন হ'লে অন্য জায়গা

[5-45—5-55 p.m.]

থেকে কারেন্ট কেটে নিতে হবে এবং অন্য জায়গা থেকে নিয়ে জমিতে দিতে হবে উৎপাদনের জন্য। দরকার হ'লে রাইটার্স বিল্ডিংসের মতো বড় বড় বাড়ির শীতাতপনিয়ন্ত্রিত কক্ষগুলিতে যেখানে প্রতিদিন বহু কারেন্ট খরচ হয় সেখান থেকে নিয়ে সেটা চাষীদের কাজে দিতে হবে সবুজ বিপ্লবকে সার্থক করতে হ'লে। এর জন্য বহু মানুষের বিলাসিতাকে ত্যাগ করতে হবে। কিছু না কিছু ত্যাগের প্রয়োজন আছে এবং যদি এই ত্যাগ করি তবে বৈদ্যুতিক শক্তিকে কাজে লাগিয়ে তাকে উৎপাদনের কাজে লাগাতে পারি। এইজন্য বৈদ্যুতিক শক্তি উৎপাদনের সোর্স বাড়াবার জন্য সরকারকে বিশেষ সচেষ্ট হবার জন্য আবেদন করছি। সেইজন্য এস্টিমেটস্ কমিটির রিপোর্টের তিনের পাতায় প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্টের জায়গায় যেকথা বলা হয়েছে এই প্রসঙ্গে বলতে গিয়ে বলি, সত্যিকার যে সমস্ত জায়গায় বিদ্যুৎ উৎপাদনের সম্ভাবনা আছে সেই সমস্ত সোর্সগুলিকে কাজে লাগাতে হবে যেমন বর্ধমান জেলাতে যে প্রচুর কয়লা উৎপাদন হয় যে শিল্পাঞ্চল রয়েছে দুর্গাপুর-আসানসোল মহকুমাতে এবং যেমন শ্রীপুর কয়লাখনি তাকে কাজে লাগিয়ে তাপবিদ্যুৎ উৎপাদন করা যেতে পারে। সেইজন্য নূতন সেন্টার খোলার জন্য সরকারকে অনুরোধ করি। বর্তমানে যে ব্যবস্থা চালু আছে সেই শুধুমাত্র জলের উপর নির্ভর ক'রে থাকলে চলবে না, জল ছাড়া বিভিন্ন সোর্স আছে এবং এই কয়লার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য সচেষ্ট হ'তে হবে এবং এটা এমন একটা জরুরী অবস্থা যে, আজকে সরকার যদি সচেষ্ট না হন, তা হ'লে প্রচুর ক্ষতি হবে। একদিকে যেমন মাঠে শস্য উৎপাদনের ক্ষতি হবে, সঙ্গে সঙ্গে শিল্প উৎপাদনও ব্যাহত হবে। এই পরিপ্রেক্ষিতে আমি আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ জানাচ্ছি সরকারকে অবিলম্বে এই ব্যাপারে সচেষ্ট হতে এবং এস্টিমেটস্ কমিটি তিনের পাতায় ৭ নম্বর ক্লজে এবং আরও অনেক ক্লজে যে সমস্ত প্রপোজাল রেখেছেন সেই সমস্ত বিবেচনার জন্য অনুরোধ জানাচ্ছি। সেই সঙ্গে শ্রীআবদুল বারি বিশ্বাস যে সংশোধনী এনেছেন তাকে সমর্থন জানাচ্ছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মিঃ স্পীকার স্যার, অন এ পয়েন্ট অফ ক্লারিফিকেসান। আমি আমার বক্তব্য বলার সময় শ্রীআবদুল বারি বিশ্বাস যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেটা সমর্থন করতে বিস্মৃত হয়েছিলাম। সেটা আমি সমর্থন করছি।

Twenty-Fifth Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to report that the Twenty-Fifth Report of the Business Advisory Committee at its meeting held on 27th April in my Chamber considered the question of allocation of date and time for disposal of legislative business and recommended as follows:

Friday, 27-4-73	... In addition to the Business fixed for the day the West Bengal Primary Education Bill, 1973 will be introduced.
Thursday, 3-5-73	... The West Bengal Primary Education Bill, 1973, as reported by the Select Committee (Consideration and Passing).
Friday, 4-5-73	... Business remaining from 3rd May, 1973.

There will be no meeting on the 30th April and 2nd May, 1973.

The Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that the Twenty-Fifth Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

Motions under rule 185

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রীমতী গীতা মুখোপাধ্যায় এই বিধানসভায় যে মোসান উত্থাপন করেছেন এবং শ্রীআবদুল বারি বিশ্বাস এর উপরে যে সংশোধনী এনেছেন—এই মোসান এবং সংশোধনী নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ ব'লে এই মন্ত্রিসভা মনে করে। শুধু দুর্ভাগ্যের বিষয় যে কোন কারণেই হোক শ্রীমতী মুখোপাধ্যায় একবার উল্লেখ করলেন যদিও কথাটির মানে কি দাঁড়ায়—এই মন্ত্রিসভা নাকি আন্তরিকতার সঙ্গে, নিষ্ঠার সঙ্গে বিদ্যুৎ সঙ্কটের কথা চিন্তা করেন নি? আমি এটাকে দুর্ভাগ্যজনক ব'লে মনে করি এবং এর সঙ্গে তিনি একটি কথা প্রতিষ্ঠিত করার চেষ্টা করেছেন। বিগত বছর এই সময়ে যে জেনারেসন ছিল সেই জেনারেসন থেকে এই বছর এই সময়ে নাকি ১২৫ মেগাওয়াট কম হয়েছে। আমি দুঃখিত মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আবার তাঁকে আহ্বান জানাবো যে, তিনি প্রমাণ করবেন ১২৫ মেগাওয়াট কমেছে এবং সর্বশক্তি দিয়ে আমি প্রতিবাদ করতে চাই শ্রীমতী মুখোপাধ্যায়কে যে এই মন্ত্রিসভা দেশের অন্যান্য সঙ্কটের সঙ্গে বিদ্যুৎকে বিশেষ গুরুত্ব দিয়ে মন্ত্রিসভা গঠনের সঙ্গে সঙ্গে পাওয়ার যেটা কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্টের ছিল, এই বিভাগ সেটা নিয়ে বিশেষ গুরুত্ব দিয়ে বিদ্যুৎ সঙ্কট মোচন করার জন্য সরকার যাতে অধিকতর দৃষ্টি নিয়োগ করতে পারেন সেই জন্য একটি পৃথক বিদ্যুৎ দপ্তর গঠন করেছিলেন। আমি শ্রীমতী মুখোপাধ্যায়কে অত্যন্ত বিনয়ের সঙ্গে এই কথাগুলি স্মরণ করতে অনুরোধ করি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সারা পশ্চিমবঙ্গে আজকে যে বিদ্যুতের সঙ্কট দেখা দিয়েছে ভারতবর্ষের অন্যান্য রাজ্যেও আমরা সেই বিদ্যুতের সঙ্কট দেখছি। কারণগুলি পৃথক—সব জায়গায় একই কারণ নেই। তবে সাধারণভাবে বিদ্যুৎ সঙ্কটের কিছু কিছু সাধারণ কারণ আছে ব'লে নিশ্চয় আমরা মনে করতে পারি। বিদ্যুতে কি কি সমস্যা দেখা দিতে পারে, হোয়াট মে বি দি প্রবলেমস্ অব ইলেক্ট্রিসিটি? ৪টি প্রবলেম আসতে পারে। একটি প্রবলেম হচ্ছে

জেনারেসনের—জেনারেসন মে বিকাম এ প্রবলেম অব ইলেকট্রিসিটি। নেক্সট হচ্ছে ট্রান্সফর্মেসন—ইট মে অলসো পোজ এ প্রবলেম এবং দেয়ার মে বি ডিফেকটিভ ট্রান্সমিসন, অসুবিধা হতে পারে ট্রান্সমিসনের। দেয়ার মে বি লিকিং ইন দি ট্রান্সমিসন সিস্টেম। ডিফেক্ট ইন জেনারেসন অ্যান্ড ট্রান্সমিসন সিস্টেম এবং এর মেন্টেন্যান্স এবং রিপ্লেসমেন্ট অব স্পেয়ারস্-এর একটা প্রবলেম হতে পারে। ফোর্থ বা মোস্ট ইমপর্ট্যান্ট হচ্ছে এর সঙ্গে যদি প্রোজেকসন করতে না পারি—ইন এ ডেভেলপিং ইকনমির সঙ্গে আমাদের যে বিদ্যুতের প্রয়োজন রয়েছে যা থেকে ১ বছর কিংবা ৫ বছর বাদে এই এক্‌জিস্টিং জেনারেটিং সিস্টেম কতখানি ডিরেটিং হবে এবং আমাদের রিকোয়ারমেন্টস্‌ কতখানি বাড়বে এই দুটির সঙ্গে সমন্বয় ক'রে যদি ফিউচার ইন্সটলমেন্ট প্রোগ্রাম না নিই, তা হ'লে বিদ্যুতের সংকট দেখা দিতে পারে। মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনি জানেন সারা পশ্চিমবাংলায় আমাদের সি ই এস সি (ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন) নেক্সট ডবলিউ বি এস ই বি-এর লোড বিভিন্ন সেক্টরে পৃথক পৃথক আছে।

[5-55—6-05 p.m.]

আমরা যদি একবার খতিয়ে দেখি আমাদের টোটাল ডিমান্ড অ্যাট দি প্রেজেন্ট হোয়াট ইজ দি টোটাল লোড অন বেংগল সি ই এস সি অ্যান্ড ডবলিউ বি এস ই বি তা হ'লে আমরা সমস্যা এখন কতখানি দাঁড়িয়েছে সেটা আমরা চিন্তা করতে পারবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের load on CESC, domestic and commercial—210 MW whereas on WBSEB—30 MW, DPL—5 MW, DVC—10 MW: Total domestic and commercial 255 MW.

তারপর নেক্সট অন ইন্ডাস্ট্রিয়াল, স্মল অ্যান্ড মিডিয়াম সেখানে সি ই এস সি-র লোড ৫০ এম ডবলিউ, ডবলিউ বি এস ই বি-র লোড ১০ এম ডবলিউ। ডি পি এল-টা এখনই বলা যাচ্ছে না, ডি ভি সি—৫ এম ডবলিউ টোটাল—৬৫ এম ডবলিউ। তারপর ইন্ডাস্ট্রিয়াল সি ই এস সি—২৮২ এম ডবলিউ, ডবলিউ বি এস ই বি—৬৫ এম ডবলিউ, ডি পি এল—৪৫ এম ডবলিউ, ডি ভি সি—১৭৫ এম ডবলিউ, টোটাল—৫৬৭ এম ডবলিউ। তারপর আমাদের ট্রাকসান, অ্যান্ড ট্রামস, রেলওয়েজ অ্যান্ড ট্রামলাইনস সি ই এস সি লোড—৮ এম ডবলিউ, ডবলিউ বি এস ই বি লোড—৩৫ এম ডবলিউ, ডি ভি সি—১০ এম ডবলিউ—টোটাল—৫৩ এম ডবলিউ। এ ছাড়া এগ্রিকালচারাল ইন দি স্টেট অ্যাজ এ হোল এখানে সি ই এস সি-র উপর টোট্যাল লোড নিল, ডবলিউ বি এস ই বি—১০ এম ডবলিউ এখনও পর্যন্ত এগ্রিকালচারের ইনফ্রাস্ট্রকচার আমরা বিল্ড করতে পারি নি, সেইজন্য ইউটিলিটি

of electricity in the agricultural sector is uptil now is very poor in contrast to the industrial sector, total load 950 MW at the moment.

এখানে আমাদের অ্যাভেলিবিলিটি কি আছে? সি ই এস সি—২৮০, ডবলিউ বি এস ই বি—২১০, ডি পি এল—১১০ থেকে ১২০, ডি ভি সি—২৫০, টোটাল—৮৫০ এম ডবলিউ। তা হ'লে আমাদের সর্টেজ হচ্ছে নিয়ার অ্যাবাউট ১০০—এটা আমরা দেখছি টোটাল সর্টেজ। আমরা এই সর্টেজ মেক-আপ করার চেষ্টা করছি। আমাদের যে এক্‌জিসটিং জেনারেসান সিস্টেম আছে সেগুলির এফিসিয়েন্সি বাড়ানো যায় কিনা—মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্ভাগ্যের কথা আমাদের এখানে কয়লা এবং জল এই দুটিরই প্রাচুর্য থাকা সত্ত্বেও আমাদের প্লানিং সম্বন্ধে এস্‌টিমেটস্‌ কমিটির যে অবজারভেসান, আমাদের জেনারেসানের যে প্লানিং হবার কথা ছিল রাইট ফ্রম ১৯৪৭ এবং বিশেষ ক'রে এই পিরিয়ডে যে প্রগ্রেস হবার কথা ছিল সেটা আমরা আন্দাজ করতে পারি নি। আমি আমার প্রারম্ভিক ভাষণে সেকথা বলেছি, যে প্রজেকসানটা আমরা করতে পারি নি—

What will be our rate of growth in the industry and agriculture and corresponding increase on the rate and CESC and WBSEB?

এই জিনিসটা গোড়া থেকে আরো রেশানাল বেসিসে নেওয়া উচিত ছিল। রাইট ফ্রম ১৯৪৭ আমরা দেখেছি আমাদের ইনস্টল ক্যাপাসিটি ব্যান্ডেল—কোন ইউনিটস অ্যাট দি রেট অব ৮০ যদি ধরি তা হ'লে এপ্রক্সিমেট ৩৩০ থাকার কথা। কিন্তু যে ইনস্টলড ক্যাপাসিটিতে একটা ইউনিট করা হয় সেখানে রেটেড ক্যাপাসিটি আফটার সাম টাইম ডিরেটেড হতে বাধ্য। এটা

সর্বকালে সর্বদেশে ডিরেটেড হতে বাধ্য। অ্যাভারেজ যদি আমরা ধরি ৮২·৫ ইচ ইউনিট এবং সেটা য'দ ওয়েল মেনটেন্ড হয়, তার ওল্ড স্পেয়ার্স যদি রিপ্লেস ঠিকমত আমরা করতে পারি, তা হ'লে ৮০-র বেশী আশা করা যায় না। তা হ'লে অ্যাপ্রক্সিমেট অ্যাভেলিবিলিটি হতে পারত ৪৮০ টু ৩২০। আমাদের আছে কত? একটা ইউনিট শ্যাট আপ হয়েছে ব'লে ২৪০ হবার কথা। আমাদের গৌরীপুরে—৩৫, ডিরেটেড ২৯, অ্যাভেলিবিলিটি ১৪, জলঢাকা ৩×৯=২৭ —এটা হাইড্রাল প্রোজেক্ট ব'লে ডিরেটেড

Capacity is equivalent to rated capacity, availability at present 80.

ডিজেল ১৬·১৭, ডিরেটেড ক্যাপাসিটি ১১·২২। এখন ফার্ম ৯·৭৮ অ্যান্ড আদার্স ৩·৫৪, ইন্সটল্ড ক্যাপাসিটি, ডিরেটেড ক্যাপাসিটি ৩·৫৪ এবং ফার্ম ১·৪০। সুতরাং আমাদের এখানে ওয়েস্ট বেংগল ইলেকট্রিসিটি বোর্ড-এর যে ইন্সটল্ড ক্যাপাসিটি ছিল ৪১১·৮১ সেখানে ডিরেটেড ক্যাপাসিটি হয়ে হবার কথা ৩৯০·৪৭ এবং ফার্ম হচ্ছে ২৮৩·১৮। আজকে দুর্গাপুর প্রোজেক্টে ৩×৭৫, এখন চালু আছে ১×৭৫ আর ২×৩০, এখন ২×৬৫, ১৭০। এবং ওখানে ইন্সটল্ড ক্যাপাসিটি ছিল ২৮৫, ডিরেটেড ক্যাপাসিটি ২৬৫ এবং ফার্ম ১৭০।

But it is unfortunately round about 120 or so.

দামোদর ভ্যালি কর্পোরেশনে ইন্সটল্ড ক্যাপাসিটি ১,০৬০·৫ মেগাওয়াট, ডিরেটেড ক্যাপাসিটি ৮১৯ মেগাওয়াট। ফার্ম হওয়া উচিত ছিল ৫৬৭,

But at the same time we are getting less.

আমরা কলকাতায় পাচ্ছি ৭৫ থেকে ৯০ মেগাওয়াট, নট মোর দ্যান ব্যাড, সেভেন্টি-ফাইভ টু নাইনটি অ্যাট দি ম্যাক্সিমাম অ্যান্ড মিনিমাম সেভেন্টি-ফাইভ মেগাওয়াট। আমাদের এখানে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে ফরটি-টু ফরটি-ফাইভ মেগাওয়াট এবং ডি ভি সি-র নিজস্ব ভ্যালি এরিয়ায় যেটা দেয় সেটা সামান্য, আই ডু নট কোট দি অ্যাকচুয়াল ফিগার। আজকে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন মুলাজোড়ে ১৫০, নিউ কাশীপুরে ১৬০, অ্যান্ড সাউদার্ন ১১০, কাশীপুর ৬৪·৫, টোটাল হবাব কথা ছিল ৪৮৪·৫ এবং ডিরেটেড ক্যাপাসিটি এস্টিমেটেড ৪৬১, ফার্ম হবার কথা ছিল ২৬০, কিন্তু রুটিন ওভারহল এবং ডেরিলিক্ট এইসব কারণে আমরা পুরো পাচ্ছি না। আমাদের টোটাল শর্ট ফল ১০০ মেগাওয়াট,

Because of certain measures taken by the Government.

আমরা এটাকে কিছু ব্যবস্থা করতে পেরেছি। আমরা করেছি কি?

We have possibly, during the beginning of this year.

জানুয়ারী মাসে বিদ্যুৎ রেশন করবার একটা পরিকল্পনা নেওয়া হয় নিশ্চয় মাননীয় সদস্যরা তা জানেন। তাতে একদিকে আমাদের হাই টেনশন ইন্ডাস্ট্রিয়াল কনজিউমার সেইগুলো আমরা ওভারনাইট ১৫ পার্সেন্ট কাট করার জন্য বলা হয়েছে। ওভারনাইট ১৫ পার্সেন্ট আমরা কাট করবার কথা বলেছিলাম দোজ হাই টেনশন ইন্ডাস্ট্রিয়াল কনজিউমার্স যারা তাদের জন্য দুই প্রকারে এই অবস্থার মোকাবিলা করা হয়েছে। যেগুলোর ইউজেজ আমরা বন্ধ করতে পারি বা কমিয়ে দিতে পারি, সেইগুলোর দিকে দৃষ্টি দেওয়া হয়েছে। অন্যদিকে যেগুলো আমাদের রেস্টে আছে সেইগুলোকে যদি স্ট্যাগার করা যায়, স্প্রেড আউট করা যায় থ্রু

round the week in stead of Sunday being the rest day for all industrial units.

তা হ'লেও আমরা মনে করি খানিকটা ইউটিলিটি আছে। যেমন রবিবার রেস্ট ডে ব'লে ঐদিন বিদ্যুতের উপর ডিম্যান্ড হ'ল না অথচ সোমবার থেকে শনিবার পর্যন্ত সবগুলো ওয়ার্কিং ডে ব'লে বিদ্যুতের উপর ডিমান্ড হ'ল, যে ইউনিটগুলোকে করা যায় কন্টিনিউয়াস প্রোডাকশন যে ইউনিটে হয় না, সেইগুলোকে একদিকে স্ট্যাগার ক'রে অন্যদিকে বড়গুলোকে কিছু কাট ক'রে যেটা করা যায়, রিজনেবল কাটিং আমরা চেষ্টা করেছি বিদ্যুৎ কমিয়ে দেবার। আমরা দুটো প্রিন্সিপল ইনভলভ করেছিলাম ১৫ পার্সেন্ট কাট সবগুলোকে, আর একদিকে স্ট্যাগারিং করার চেষ্টা করেছিলাম।

Except those large units which require continuous process throughout the month like, chemical, pharmaceutical and other essential industries.

অন্যদিকে আমাদের লো অ্যান্ড মিডিয়াম-এ খুব একটা বেশী কাট করার চেষ্টা করি নি ফাইভ টু টেন পি এম যে পিক আওয়ার। সেই ডিম্যান্ড আমরা কোন কাট করি নি। শুধু বলেছিলাম যে, তোমরা যদি পার, যেটা তোমরা এক্সট্রা নিচ্ছ কিংবা তোমাদের রেস্টটাকে যদি স্ট্যাগার করা যায়, ইউ ক্যান প্লিজ ডু ইট।

[6-05—6-15 p.m.]

সার্টেন এসেনসিয়াল সার্ভিসের কথা, যে কথা গীতা দেবী বলেছেন, আমাদের এসেনসিয়াল সার্ভিস বলতে যেমন অল ইন্ডিয়া রেডিও, যেমন টেলিফোন, হসপিট্যাল, রেলওয়েস্, ট্রান্সমিশন, দিস আর ডায়িং। তারপর গভর্নমেন্ট ডেয়ারী, মিন্ট, যেখানে টাকা পয়সা ছাপান হয়, আজকে এই সমস্ত জায়গায় কাট করার স্কোপ নেই ব'লে আমরা এইগুলিকে মেনটেন করবার চেষ্টা করছি, অন দি আদার হ্যান্ড ডোমেস্টিক ইউসকে মার্জিনাল রেস্ট্রিকশনে আনবার চেষ্টা করছি। যেমন কোথাও লাকসারিয়াস কনজামশন হয়, এয়ার কন্ডিশনিং ইত্যাদি, যেখানে ১৭ টু ২১ আওয়ার্স লোড হচ্ছে, বেশী, সেখানে পিকিং ফেনমেনানে আমরা এটাকে কাট করবার চেষ্টা করেছি। অন দি আদার হ্যান্ড এক্সিহিবিশন বা নিয়ন সাইন যেটা ইন দি অ্যাডভার্টাইজমেন্ট ব্যবহার করা হচ্ছে সেটা কাট করা যায় কিনা চেষ্টা করা হচ্ছে। এই অ্যাডভার্টাইজমেন্টের জিনিস যেমন নিয়ন সাইন, এইগুলিকে কাট করা যায় কিনা সেটা চেষ্টা করা হচ্ছে। দিস হ্যাজ বিন ডান ডিউরিং দি পিক আওয়ার্স। আমরা এইগুলিকে কাট করার চেষ্টা ক'রে কনজামশন সাইডকে রেশনাল করবার চেষ্টা করছি এবং জেনারেশনের দিকে আমরা চেয়েছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, ১৯৬৭ থেকে যে অবস্থা হয়েছে, ১৯৬১তে থার্মাল জেনারেটিং স্টেশন হয়েছে,

They require regular overhauling and replacement of the spares, etc.

আমাদের দুর্ভাগ্য একটা বিষয়ে যে, বাংলাদেশে এমন একটা সময় ছিল, যে সময় অল দি জেনারেটরস্, তাদের মেনটেনেন্স বা স্পেয়ার রিপ্লেসমেন্ট যে ভাবে হওয়ার কথা ছিল সেই ভাবে রিপ্লেসমেন্ট হয় নি এবং হয় নি ব'লে পরবর্তীকালে আমরা যখন ডিরেটেড ক্যাপাসিটিকে ওভারকাম করবার চেষ্টা করলাম, এফিসিয়েন্সি বাড়াবার চেষ্টা করলাম--গীতা দেবী যেখানে বলেছেন, ইনস্টলড ক্যাপাসিটিতে ফিরিয়ে নিয়ে যাওয়ার কথা, এটা পিক আপ করার ব্যবস্থা--অনেক জায়গায় মেশিন ভেঙে পড়েছে। আজকে বিদ্যুতের জন্য ডি পি এল আছে, এটা একটা সরকারী সংস্থা,

It is an integrated plan for Durgapur Coke Oven Plan also.

আমরা এখনে বাড়াবার জন্য অনেক মেশিন এনেছিলাম, আমরা এক্সপার্ট নিয়োগ করেছিলাম, প্রাইভেট কোম্পানীর সঙ্গে পরামর্শ করেছিলাম, প্ল্যানিং কমিশনকে নিয়ে দেখিয়েছিলাম, কিন্তু আনফরচুনেটলী যেখানে পৌঁছবার কথা ছিল সেখানে পৌঁছতে পারলম না, ভেঙে পড়ল, ইট কুড নট বিয়ার দি বার্ডেন--- আজকে সেই জন্য যে জেনারেটিং ইউনিটগুলি আছে সেই জেনারেটিং ইউনিটগুলি যাতে অ্যাট লিস্ট ডিরেটেড ক্যাপাসিটিতে পৌঁছতে পারে তার জন্য মেনটেনেন্স অ্যান্ড রিপ্লেসমেন্ট অফ ইটস স্পেয়ার্স আমরা চেষ্টা করছি।

We are trying to improve the transmission system and we are rationalising the usage.

তিন প্রকারে এই সংকট থেকে আমরা বাঁচবার চেষ্টা করছি এবং আজকে যদি প্রজেকশন না করতে পারি,

Projection with the rate of growth both in the agriculture and industrial sectors.

তা হ'লে দু' বছর বাদে আবার একটা সঙ্কট দেখা দেবে, এই চিন্তা ১৯৬৭ সালের পর থেকে দেশে হয় নি এবং ১৯৪৭ সলের পর থেকে ক্ষীণ চিন্তা হয়েছিল ব'লে আজকে এই সঙ্কট দানা বেঁধেছে এবং এস্টিমেটস্ কমিটি অবজার্ভেশন ক'রে সেইখানে পৌঁছতে পেরেছে। প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্টের সঙ্গে সম্পর্ক রেখে আমরা বিভিন্ন জায়গায় জেনারেটিং স্টেশন করার

চেষ্টা করছি এবং আমরা এই সংকট কাটিয়ে ওঠার চেষ্টা করছি। আমরা দেখলাম যে এগ্রিকালচারাল ইউসেস নেই,

It is an insignificant usage in the agriculture.

আমরা এগ্রিকালচারে এটাকে বড় ক'রে কাজে লাগাবার চেষ্টা করছি। পাওয়ার মিনিস্টার এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বার বার বলেছেন যে, ১৯৭৩ সালের ডিসেম্বর মাসের মধ্যে ১০ হাজার গ্রামকে আমরা বৈদ্যুতিকরণ করতে চাই। আজকে এই কথার উদ্দেশ্য এই নয়, বড়লোকের বাড়ির ফ্যান বা রেডিও বা এয়ার কন্ডিশনের জন্য বিদ্যুৎ দেওয়া, আমরা চাইছি

It should be exported to the shallow and deep tubewells, R.L.I. system of pumps.

এগ্রিকালচারে যুগান্তকারী বিপ্লব আনবার জন্য বিদ্যুৎকে নিয়োগ করতে। আমরা এর দ্বারা ইরিগেশনে ব্যাপক সংস্কার এবং পরিবর্তন আনবার চেষ্টা করছি। অন্য দিকে ইন্ডাস্ট্রিতে গ্রোথ আনবার চিন্তা করছি, এবং সেই গ্রোথ চিন্তা ক'রে বিভিন্ন জায়গায় বিভিন্ন প্রোজেক্টের কথা চিন্তা করছি। আপনি জানেন সাঁওতালদিতে আমাদের

Work is in progress and if everything runs well.

সাঁওতালদিতে আমরা পারমিশন চেয়েছি ফিফথ ইউনিট বসাবার, আজকে কাজ শুরু হয়েছে, in right earnest and with all force and speed and velocity.

আর একটা কাজ শুরু করেছি, আজকে এই যে ১০০ মেগাওয়াট সর্টেজ আছে, এটা যদি মেক-আপ করতে পারি একটা ইউনিট চালু ক'রে বাই মিডিল অফ জুন, তা হ'লে আমরা আশা করি সঙ্কট অনেকটা যাবে, সবটা যাবে না। উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন অন্যান্য ইন্ডাস্ট্রির ক্ষেত্রে যেমন, তেমনি বিদ্যুতের ক্ষেত্রেও একটা বড় সংকট আজকে দেখা দিয়েছে একটা পরিকল্পনা নিয়ে আজকে সাকসেসফুল হওয়া যাবে না, এর ভেস্টেশন পিরিয়ড ভেরি লং এবং ভেস্টেশন পিরিয়ড শুধু নয়,

the moment it is put to operation, from the date of operation to certain time.

এইটা আমাদের এক্সপেরিমেন্টে রাখতে হয়।

প্রথম দিকে ইনস্টল্ড ক্যাপাসিটি ১২০ এম-ডবলিউ—

it cannot be achieved at the time of beginning, it requires supervision and experiment for a certain time, perpetuating to peak generation.

তারপর এটা পিক জেনারেশনে পোঁছাতে পারে। সাঁওতালডিহিতে ৪টা ইউনিট-এর পরিকল্পনা আছে। পঞ্চম ইউনিট-এর প্রস্তাব আছে। আমরা জুনের মধ্যে ফার্স্ট ইউনিট চালু করতে চাই এবং ১½ বছরের মধ্যে পরবর্তী ইউনিটগুলি চালু করতে পারব এবং বাকী ইউনিটগুলির কাজ করতে পারব। ব্যান্ডেলে ফিফ্থ ইউনিট চালু করার পরিকল্পনা আছে ২০০ এম-ডবলিউ-এর। ব্যান্ডেলে কত বিদ্যুৎ জেনারেট হয় সেকথা বলেছি। কোলাঘাটে ২৫০ এম-ডবলিউ চালু করতে চাই তাতে গীতা দেবীর মুখে হাসি নিশ্চয় ফুটবে, কারণ ওটা বোধ হয় তাঁর এলাকা। আজকে ডি পি এল—উই আর টেকিং আপ আমরা প্রস্তাব দিচ্ছি ইন অ্যাডিসান টু ফিফথ ইউনিট আরও যেন ২টা ইউনিট স্যাংসান করা হয়। সেজন্য এ বিষয়ে ভারত সরকারের সঙ্গে আমরা নিগোসিয়েসান শুরু করেছি। আমরা এটা সেন্ট্রাল সেক্টরে চাই নট ইন স্টেট সেক্টর। জলঢাকা ১২০ এম-ডবলিউ-এর ২টি ইউনিট-এর প্রস্তাব ভারত সরকার মঞ্জুর ক'রছেন। এছাড়া রাম্মা হাইডেল ইন দার্জিলিং-এ ৫০ এম-ডবলিউ-এর কাজ হাতে নেওয়া হয়েছে। এই কাজ আমরা নিশ্চয় করতে পারব ইফ এভরিথিং রানস ওয়েল। আমরা ৪।৫।৬ বছরের মধ্যে এই কাজ নিশ্চয় করতে পারব। বিদ্যুতের সবচেয়ে অসুবিধা হচ্ছে জেনারেসন। এখানে প্রস্তাব নিয়ে এখুনি নিশ্চয় ২ বছরের মধ্যে করা যায় না। এগুলির গেস্টেসন পিরিয়ড আনইউজুয়ালি লং ফর অল থর্মাল প্লান্টস। এবং এর এফিসিয়েন্সি অ্যান্ড এক্সপার্ট অবজার্ভেসান ইত্যাদি সবগুলি দেখে একটা পরিকল্পিতভাবে যদি এগোতে না পারি, তা হ'লে আমাদের লক্ষ্যে পৌছান যাবে না। সুকুমারবাবু পরবর্তী কালে বারি সাহেবের সংশোধনী সমর্থন করেছেন:

এবং বলেছেন, এই মন্ত্রিসভা ইন রাইট আর্নেস্ট কাজ করে না। আপনারা যতটা পারেন সমালোচনা নিশ্চয় করবেন, কিন্তু ন্যায্য পথে। আজ কি উপকরণ আপনাদের হাতে আছে যার উপর ভিত্তি ক'রে বললেন, এই মন্ত্রিসভা আমলাদের উপর নির্ভর করে এবং আজ এর জন্যেই বিদ্যুৎ সংকট সৃষ্টি হচ্ছে। কিন্তু আমি তাঁর সংগে একমত নই। আজ তাঁদের উপর দোষ দিয়ে বিদ্যুৎ সঙ্কট এড়ান যায় না। আজ এর জন্য মূল গলদ কোথায় তা এস্টিমেটস্ কমিটির রিপোর্টে আছে। বিগত কয়েক বছরের জঙ্গলের রাজত্বের ফলে মেন্টিন্যান্স যে হয় নি সেকথা চিন্তা করতে হবে। আমাদের পরবর্তী কালে যে প্রোজেকসান হবার কথা করেসপণ্ডিং উইথ দি রেট অব গ্রোথ অব এগ্রিকালচার অ্যান্ড ইন ইন্ডাস্ট্রি। আজ সেকথা আমাদের চিন্তা করতে হবে। তবে আমি মনে করি সংকট নিশ্চয় আছে এবং আমরাও এটা অস্বীকার করি না। আজ গীতা দেবী সঙ্কটের কথা বললেন তাতে সেখানে তাঁর সংগে দৃষ্টিটা আমাদের ঠিকই আছে। সুতরাং মন্ত্রিসভা ইচ্ছা ক'রে এই সংকট সৃষ্টি করেছে তা নয়। আমরা এ বিষয়ে দৃষ্টি দিয়েছি ব'লেই মুখ্যমন্ত্রী বিদ্যুতের জন্য একটা পৃথক দপ্তর করেছেন। সকলেই জানেন যেভাবে চলছে তাতে আশা করি আজ সংকট হ'লেও ভবিষ্যৎ বংশধররা পশ্চিমবাংলার ভবিষ্যৎ উন্নয়ন এবং ভবিষ্যৎ বিদ্যুতের দাবি বোথ ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড এগ্রিকালচারাল সেক্টর সেটা পূরণ করা সম্ভব হবে। এক্ষেত্রে ডাবলিউ বি এস ই বি যে পরিকল্পনা নিয়েছেন গ্রামাঞ্চলে বৈদ্যুতী-করণের জন্য এবং ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার বিদ্যুৎ সাপ্লিমেন্ট করার যে পরিকল্পনা নিয়েছেন তাতে পশ্চিমবঙ্গের আতঙ্কের কোন কারণ নেই।

[6-15—6-25 p.m.]

আমি আজকে এগ্রিকালচারের ক্ষেত্রে এই সংকট অস্বীকার করছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন উইন্টারে যে লোড হয়, হট সামার সিজনে তার চেয়ে লোড বাড়ে। আজকে সংকট যত আসুক আমরা মনে করি এতে আতঙ্কিত হবার কোন কারণ নেই। যে পরিকল্পনা, যে কার্যক্রম নেওয়া হয়েছে তাতে আমরা এই সংকট কাটিয়ে উঠব এবং ভবিষ্যতে জেনারেসানের যে কম্প্রিহেন্সিভ পরিকল্পনা বিদ্যুৎ দপ্তর নিয়েছে এই পরিকল্পনার সার্থক রূপায়ণের ফলে আমরা মনে করি শুধু যে সংকট কাটিয়ে উঠব তাই নয়, ভবিষ্যতে শিল্প এবং কৃষিতে বিদ্যুতের যে দাবি হবে সেই দাবি মেটাতে পারব। এই যে ব্যাপক পরিকল্পনা এই পরিকল্পনা নিয়ে আমরা ক্ষান্ত নই, এটাকে অগ্রাধিকার দিয়ে আমাদের অন্য দপ্তরে যদি অসুবিধাও দেখা দেয় এগ্রিকালচার অ্যান্ড ইরিগেশনের ক্ষেত্রে আমরা প্রায়োরিটি দিয়ে এই কাজ এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছি। যে অগ্রাধিকার পরিকল্পনা এবং যে ব্যবস্থা, দৃষ্টি, তত্ত্বাবধান এবং পরিচালনা এতে নিয়োগ করা হয়েছে তাতে আজকে সংকট আসতে পারে, যেরকম সারা ভারতবর্ষে এসেছে, আমি বলেছি কারণগুলি সব সমান নয়, কিন্তু আমরা এই বিদ্যুৎ সঙ্কট কাটিয়ে উঠব। কালকে বা পরশু মাননীয় মুখ্যমন্ত্রীর ঘরে সাময়িক যে সঙ্কট এসেছে এই সঙ্কট আমরা কিভাবে কাটিয়ে উঠতে পারি সে সম্বন্ধে আমরা যে নতুন ক'রে চিন্তা করেছি সে সম্বন্ধে আমরা সবাইকে নিয়ে আলোচনায় বসেছিলাম। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন—

We are trying to work on those four formulas again in addition to the order of January, 1972.

বিদ্যুতের রেশনিং এবং কাট সম্বন্ধে আমরা যেগুলি ব'লে দিয়েছি তা ছাড়া

(1) Whether definite days and time can be indicated when load shedding is to be expected by an industrial consumer.

আজকে এই ইর‍্যাটিক হচ্ছে এটাকে কন্ট্রোল করা যায় কিনা?

(2) We are again thinking to what extent power can be supplied to meet industrial demand for the night shift from 22 hours to 06 hours.

(3) To what extent can this reduce the load factor during the present peak hours 8-30 to 11-30 and 17-30 to 21-30 hours, and

(4) How can rationing be better enforced and to what extent can and should domestic connections be brought within the purview of the power rationing schemes specially air-condition and motor pumps. etc.?

আমরা আবার নতুন ক'রে লেবার দপ্তরের সহযোগিতায়, ট্রান্সপোর্ট দপ্তরের সহযোগিতায় আজকে এটা যদি পালটে দিই, তা হ'লে নতুন ক'রে প্রয়োজন হবে এর এন্টায়ার সিস্টেমের সহযোগিতা—আজকে রাত্রে যদি চালায়, ট্রান্সপোর্ট রাত্রে অ্যাভেলেবল হবে কিনা, ট্রান্সপোর্টের অ্যারেঞ্জমেন্ট প্রয়োজন, আজকে লেবার সেক্টরের সেখানে সম্মতি, তাদের পরামর্শ, সহযোগিতা প্রয়োজন। এজন্য একাধারে আমরা যেমন রেশনিং ইম্পোজ করেছি অন্যদিকে বিদ্যুৎ জেনারেশনের চেষ্টা করছি। আজকে মেনটেন্যান্স, রিপেয়ার অ্যান্ড রেক্টিফিকেশন অব দি ট্রান্সমিসান সিস্টেমের চেষ্টা করছি। অন্যদিকে এই ৪টি প্রস্তাব দিয়ে নতুন ক'রে যে সঙ্কট এসেছে এখন এই সঙ্কটের কিছু লাঘব করতে পারি কিনা আমরা তার জন্য চেষ্টা করছি।

আমি শেষ কথা বলতে চাই আমাদের সততা এবং নিষ্ঠার অভাব আছে এরকম কোন অভিযোগ যদি এখানে আসে, তা হ'লে আমি দুঃখিত হব। ব্যর্থতা আসতে পারে আনফোরসিন সারকামস্‌ট্যান্সেস-এর জন্য। আমি দুর্গাপুর চালাচ্ছি, আমি দেখেছি, ইট ইজ বিয়ন্ড ইম্যাজিনেসন এবং ভারি ভারি অফিসাররা পদত্যাগ ক'রে চলে যাচ্ছেন বিকজ দি সারকামস্‌ট্যান্সেস আর বিয়ন্ড মাই ইম্যাজিনেসন, অর বিয়ন্ড মাই কন্ট্রোল। কোন ডিসিপ্লিন্যারি অ্যাকসন নেই। মেন্টেনেন্স হবার কথা ছিল ডিউরিং দি পিরিয়ড ১৯৭০-৭২, সেটা হয় নি। আমাদের যে স্পেয়ার রিপ্লেসমেন্ট-এর প্রশ্ন ছিল সেটা হয় নি। কিছু কিছু অভিযোগ এসেছে ব্যাড কোল ইউজড হতে পারে। সেইজন্য আমরা অ্যাডিকোয়েট প্রিকশন নিচ্ছি। আমরা প্ল্যানিং কমিশন এবং ভারত সরকারের সঙ্গে যোগাযোগ রক্ষা ক'রে চলেছি এবং ভবিষ্যতে যে রকম প্রয়োজন হতে পারে তার জন্য পরিকল্পনা ক'রে নূতন জেনারেসন করবার চেষ্টা করছি। সঙ্কট যেটা এসেছে সেটা থেকে মুক্ত হবার চেষ্টা আমরা করছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাকে যখন বলতে হ'ল তখন উত্তরবঙ্গ সম্পর্কে একটা কথা না বললে হবে না। আজকে উত্তরবঙ্গ শিল্পের ডিম্যান্ড অপেক্ষাকৃত কম। জেনারেসন মোটামুটি যেটা আছে তাতে দেখছি মোটামুটি ব্রেক ইভেন চলছে। যেখানে লোড নাইনটিন সেখানে অ্যাভেলেবেলিটি টোয়েন্টি-ওয়ান—সারপ্লাস বলা যায়। ভবিষ্যতে যে পরিকল্পনার কথা বললাম রাম্মাম হাইডেল অ্যাট দার্জিলিং ফিফটি মেগাওয়াট এগুলির যদি জেনারেসন হয়, তা হ'লে উত্তরবঙ্গে ইমিডিয়েট এবং ডিসট্যান্টে যে ডিম্যান্ড হবে সেটা পূরণ করতে পারবে। (মিঃ এ এইচ বেস্টারউইচঃ জলঢাকা?) জলঢাকা ইজ ওয়ার্কিং। হাইডেল অ্যান্ড ডালখোলা ইন দি সেন্ট্রাল সেক্টর। যাহোক, উত্তরবঙ্গের যে ডিম্যান্ড হবে সেটা আমরা মেটাতে পারব। একথা ব'লে এই প্রস্তাবের উপর মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস যে সংশোধনী প্রস্তাব এনেছেন তাতে আমি মনে করি এই প্রস্তাবের মূল উত্থাপিকা সেই সংশোধনী গ্রহণ করবেন।

শ্রীমতী গীতা মুখার্জী: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মন্ত্রিমহাশয়ের বক্তব্য শুনে ঠাকুর ঘরে কে, আমি কলা খাই না, সেকথাই মনে পড়ছে। আমি কিন্তু আমার বক্তব্যের মধ্যে কোথাও সততা, ঐকান্তিকতা, নিষ্ঠা এসব কথা উল্লেখ করি নি এবং সেটা অ্যাসেম্বলী রেকর্ড দেখলেই দেখতে পাবেন। তবে একটা কথা নিশ্চয়ই বলেছি, মূলে পেঁছানর ব্যাপার। মন্ত্রিমহাশয়ের বক্তব্য শোনার পর আমাদের সেই মূলে পেঁছানোর যে সমস্যা, সেটা কিন্তু রয়েই গেল। উনি প্ল্যানিং আসপেক্টের কথা বললেন, সেটা আমি তুলেছি। অর্গানাইজেশনাল আসপেক্টে এস্টিমেট কমিটি যে গুরুত্বপূর্ণ অবজার্ভেশন করেছে, সেটা বোধ হয় তার নজরেই পড়ে নি। আমি একথা এখনও বলছি হাই অ্যাশ কনটেন্ট, লো গ্রেড কোল, ব্যবহার করবার জন্য দিয়েছিলেন, কিন্তু সেটা পরিবর্তন করার ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে আলোচনা করার কথা কোথাও উল্লেখ নেই পলিসি ডিসিশনে অথচ এটাই পশ্চিমবাংলায় চলে আসছে। কাজেই এই পলিসি পরিবর্তন করা দরকার। এটা একটা ইমপর্ট্যান্ট ম্যাটার এবং এটা এস্টিমেটস্‌ কমিটিও বলেছেন। উনি তার মধ্যে গেলেন না, তারপর এই সমস্ত বোর্ড এবং পাবলিক সেক্টার অর্গানাইজেশন সম্বন্ধে কি চেষ্টা আমরা করব তার মধ্যেও উনি গেলেন না। কাজেই আমি মনে

করি ঐকান্তিকতা, সততা, নিষ্ঠা এগুলো সাবজেক্টিভ কথা, এর মধ্যে আমাদের যাবার কোন স্কোপ নেই। এবারে আমাদের অবজেক্টিভের মধ্যে যাওয়া দরকার। মাননীয় সদস্য শ্রীআবদুল বারি বিশ্বাস মহাশয় যে অ্যামেন্ডমেন্ট এনেছেন এবং যে বক্তৃতা করেছেন, সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই না, কারণ তাঁর মুখ থেকে বেরিয়েছে, কি করবেন উপায় নেই। আমি তাঁর অ্যামেন্ডমেন্ট মেনে নেব একটা কারণে এবং সেটা হচ্ছে—এটা জাতীয় সংকটের ব্যাপার, কাজেই আমাদের সকলের এক সঙ্গে কাজ করতে হবে। আমার শ্রদ্ধেয় সহকর্মী শ্রীসুকুমার ব্যানার্জী যে মনোভাব নিয়ে বক্তব্য রেখেছেন, তাতে আমি মনে করি এখানকার বহু মাননীয় সদস্য রয়েছেন, তাঁরাও সেই মনোভাব নিয়ে আমার সঙ্গে শেয়ার করবেন, আমি আশা করি তাঁরা সকলে এক সঙ্গে ভোট দেবেন। যথাসম্ভব গহ্বর যাতে পূরণ হয় এবং যথা সর্বস্ব টেনে বার করবার জন্য মোটামুটি সকল সদস্যরা যাতে এখানে এক হতে পারেন সেকথা আমি বলছি। তবে গুলে প্রবেশ করবার জন্য চেষ্টা হওয়া উচিত ব'লে আমার ধারণা এবং সেই কশন আমি দিচ্ছি।

[6-25—6-35 p.m.]

Mr. Speaker: The motion of Shri Abdul Bari Biswas that—

'পশ্চিমবঙ্গ বিধানসভার মতে—

যেহেতু বর্তমানে পশ্চিমবঙ্গের বিদ্যুৎসঙ্কট রাজ্যের সমগ্র অর্থনৈতিক জীবনের, বিশেষ ক'রে শিল্পের অত্যন্ত ক্ষতি করছে, কিছু পরিমাণে কৃষিকে বিপন্ন করছে এবং নাগরিক জীবনকে গুরুতরভাবে বিপর্যস্ত করছে,

অতএব এই অবস্থায় বর্তমান বিদ্যুৎসঙ্কটের প্রতিকারকল্পে বর্তমান বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাগুলিকে পুরোপুরি চালু করার জন্য, নতুন উৎপাদন ক্ষমতা দ্রুত ও পরিকল্পিতভাবে প্রতিষ্ঠার জন্য এবং স্টেট ইলিকট্রিসিটি বোর্ড ও অন্যান্য বিদ্যুৎ সংস্থাগুলির কার্যকলাপের আমূল উন্নয়নের জন্য পশ্চিমবঙ্গ সরকারের আপৎকালীন পরিস্থিতি মোকাবিলার মত জরুরী ব্যবস্থাবলী বর্তমান অবস্থায় যতদূর সম্ভব সেইমত গ্রহণ করা উচিত, এবং এই বিধানসভা আরও মনে করে যে, বিধানসভার বিগত এস্টিমেটস্ কমিটি বিদ্যুৎ পরিস্থিতি উন্নয়নের সুপারিশ সহ যে রিপোর্ট পেশ করেছেন তার সিদ্ধান্তগুলিকে যতটা সম্ভব কার্যকর করার জন্যও সরকারের অগ্রসর হওয়া অবিলম্বে প্রয়োজন।'

was then put and agreed to.

The motion of Shrimati Geeta Mukhopadhyay, as amended, namely:—

বর্তমান অবস্থায় যতদূর সম্ভব সেই মত গ্রহণ করা উচিত এবং এই বিধানসভা আরো মনে করে যে, বিধানসভার বিগত এস্টিমেটস্ কমিটি বিদ্যুৎ পরিস্থিতির উন্নয়নের সুপারিশ সহ যে রিপোর্ট পেশ করেছেন তার সিদ্ধান্তগুলিকে কার্যকর করার জন্যও সরকারের অগ্রসর হওয়া অবিলম্বে প্রয়োজন।

was then put and carried.

শ্রীঅহীন্দ্র মিশ্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে মোশান এনেছি, আমি মনে করি পশ্চিমবাংলার মানুষ যখন প্রায় জীবন মৃত্যুর সংকটজনক সন্ধিক্ষণে দাঁড়িয়ে সেই পটভূমিতে আজকে এই গুরুত্বপূর্ণ মোশানটি আনা হয়েছে, এবং সকল সদস্যাই জানেন এই মোশান সম্পর্কে, তবুও আমি আর একবার প'ড়ে দিচ্ছি। আই বেগ টু মুভ—

'এই সভার মতে কৃষির আধুনিকীকরণ, শিল্পের সম্প্রসারণ প্রভৃতির জন্য ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা মিটাইতে পশ্চিমবঙ্গে একটি আণবিক শক্তিকেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে অনতিবিলম্বে একটি পরিকল্পনা রূপায়িত করার জন্য কেন্দ্রীয় সরকারের উপর রাজ্যসরকারের চাপ সৃষ্টি করা উচিত।

বর্তমানে যে বিদ্যুৎসঙ্কট চলছে. সেই সঙ্কটে সকল সদস্য গভীর উদ্বেগ প্রকাশ করেছে। এই সঙ্কট কিভাবে চলছে আমার আগে মাননীয়া সদস্যা গীতা মুখার্জী মহাশয়া মোশানের উপ বক্তব্য রাখতে গিয়ে প্রায় অনেক বক্তব্য রেখেছেন। এখানে আমরা যতটুকু খবর রাখি তা দেখছি যে. পশ্চিমবাংলায় বর্তমানে বিদ্যুতের সংস্থান কতটা। ডি ভি সি থেকে আমরা যত পাই. আর দুর্গাপুর বা ব্যান্ডেল প্রভৃতি যে সমস্ত উৎপাদন কেন্দ্র আছে. তাতে মোট উৎপা ক্ষমতা ১.৫৫০ মেগাওয়াটের মত. কিন্তু প্রকৃত ক্ষমতা ১.৫৫০ মেগাওয়াট হ'লেও যন্ত্রপাতি এ অন্যান্য ত্রুটি বিচ্যুতির জন্য সেখানে উৎপাদন ৮০০ থেকে ৮৫০ মেগাওয়াটের বেশী হচ্ছে ন যেখানে কলকাতা শিল্প অঞ্চলের জন্য ৫৬০ মেগাওয়াট প্রয়োজন অথচ সাপ্লাই হচ্ছে ৪৫০ থে ৫০০ মেগাওয়াট আর বাকি ১৫টি জেলার জন্য থাকছে মাত্র ৩০০ মেগাওয়াট. জেলাগুলি আমরা গভীর নলকূপ, অগভীর নলকূপ এবং ক্ষুদ্র শিল্প ও সেচ ইত্যাদির মাধ্যমে অর্থনৈতিক অবস্থার একটা যুগান্তকারী পরিকল্পনা আনতে চাইছি। আমরা প্রতিশ্রু দিয়েছি জনসাধারণকে. কিন্তু সেই প্রতিশ্রুতি পূরণ করা কি ভাবে সম্ভব? সাধারণ মানুে সাধারণ ভাব প্রয়োজন আছে. ক্রমবর্ধমান চাহিদা আছে, সেই অবস্থা আমরা ভেবে পাই এই মাত্র সংস্থান নিয়ে আমরা কি করতে পারব? সাঁওতালদিহির বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র য জুন মাস থেকে সাপ্লাই দিতে পারে. তা হ'লে আমরা দেখছি যে. মাত্র ১২৫ মেগাওয়াট বিদ্য সরবরাহ হতে পারে. তাতে কলকাতা শিল্প অঞ্চলের চাহিদা কিছুটা মিটতে পারে. কিন গ্রামাঞ্চলের উন্নয়ন সম্ভব হবে না। গ্রামাঞ্চলের উন্নয়নের জন্য আমরা যে সমস্ত প্রতিশ্রু দিয়েছি বা যে সমস্ত পরিকল্পনা রূপায়ণের কথা ভাবছি যেমন ধরুন আমরা বলেছি ফিফ ফাইভ-ইয়ার প্ল্যানের মধ্যে ৬৪ কোটি টাকা বিনিয়োগ ক'রে ১০ লক্ষ লোকের কর্মসংস্থানে কথা ভাবছি. এই ভয়াবহ বেকার সমস্যার কথা ভাবতে গেলে এইটিকে বাস্তবে রূপ দিতে হ তার জন্য আমাদের বিদ্যুতের দরকার।

এই ভয়াবহ বেকার সমস্যার কথা ভাবতে গেলে আমাদের এদিকে বাস্তব রূপ নিতে হ এবং তার জন্য আমাদের বিদ্যুৎ দরকার। আমরা বলেছি. আমাদের মুখ্যমন্ত্রীও বলেছেন বছরে দু' হাজার কুটিরশিল্প স্থাপন করবেন. নিশ্চয় তার জন্য বিদ্যুৎ দরকার। আমরা বলে প্রতিশ্রুতিও দিয়েছি যে. এই বছরের ৩১শে ডিসেম্বরের মধ্যে ১০ হাজার গ্রামে বিদ্যুৎ সরবর করবো। আমরা বলেছি এবং চেষ্টাও করছি. রাজ্য যোজনা পর্ষদ ১০ হাজার একর জমিতে নিবিড় চাষের পরিকল্পনা নিয়েছেন তার মধ্যে ৩০টি প্রকল্পে ১০০ কোটি টাকা ব্যয় কর এবং তার জন্য আমাদের বিদ্যুৎ দরকার। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে. আজকে কৃষ চাষের জলের জন্য হাহাকার। আমরা তাদের জমিতে বছরে দু' বার তিন বার ফসল ফলা স্বপ্ন দেখিয়েছি অথচ আমরা দেখতে পাচ্ছি যে. বর্তমানে আমরা তামিলনাড়ু থেকেও পিছি গিয়েছি। সেখানে যত গ্রামে যত গভীর নলকূপে বিদ্যুৎ দিয়েছে তার তুলনা নে তামিলনাড়ু, হরিয়ানা, বিহার, মহারাষ্ট্র এদের থেকে আমরা অনেক পিছিয়ে পড়েছি। সুত সেই সমস্ত সমস্যার সমাধানের জন্য আমরা দ্বিতীয় কোন রাস্তা খুঁজে পাচ্ছি না। বর্ত অবস্থাতে আমাদের তাই আণবিক শক্তি স্থাপন ছাড়া আর অন্য কোন রাস্তা নেই। মানন উপাধ্যক্ষ মহাশয়, আমি আমাদের মাননীয় সদস্যদের স্মরণ করিতে দিতে চাই যে. তাঁদের নিশ জানা আছে যে. অ্যাটমিক পাওয়ার আমাদের ন্যাশনাল পলিসি হিসাবে গৃহীত হয়েছে এবং সে কি? আমরা পররাজ্য আক্রমণ করবো না, আমাদের পররাজ্যের উপর লোলুপতা নেই. আমরা ক কোন দেশের উপর হামলাবাজী করতে গিয়ে অ্যাটমিক পাওয়ার ব্যবহার করবো না. আ অ্যাটমিক পাওয়ার ব্যবহার করবো শান্তির জন্য, আমরা অ্যাটমিক পাওয়ার ব্যবহার কর মানুষের কল্যাণের জন্য এবং এইজন্যই ভারতবর্ষে এটা ন্যাশনাল পলিসি হিসাবে গৃহীত হয়েে এই পলিসির উপর আমরা দেখতে পাচ্ছি বম্বের তারাপুরে অ্যাটমিক পাওয়ার স্টেশন হয়েে রাজস্থানে অ্যাটমিক পাওয়ার স্টেশন বা মাদ্রাজে অ্যাটমিক পাওয়ার স্টেশন বা ইউ পি-তে এ ক'রে পাওয়ার স্টেশন তৈরি করার জন্য পরিকল্পনা এগিয়ে চলেছে। সেইজন্য পশ্চিমবাং যখন জনজীবন আজকে বিপর্যস্ত. গভীর সঙ্কটের মুখে দাঁড়িয়ে তখন একটা অ্যাটমিক পাও স্টেশনের জন্য কেন্দ্রের কাছে কেন আমরা মানবতার খাতিরে, ন্যাশনাল পলিসির খাতিরে, অ মানুষকে বাঁচাবার স্বার্থে দাবি রাখবো না। আমার অভিমতের সমর্থনে আমি, মান রাষ্ট্রমন্ত্রী কিছুদিন আগে—১৪ই জানুয়ারি—একটা সেমিনারে প্রসপেক্টস অ্যান্ড ফিউচার

অ্যাটমিক পাওয়ার জেনারেশান ইন ইণ্ডিয়া। সেখানে অতীশবাবু উপস্থিত ছিলেন এবং আমারই বক্তব্যের সমর্থনে আমি তাঁর বক্তব্য খুঁজে পাচ্ছি। তিনি বলেছেন—

"Immediate setting up of an atomic power generation plant in the eastern region was emphasised at a seminar on "Prospects and Future of Atomic Power Generation in India" organised by the Instutition of Engineers in Calcutta on Sunday.

The Minister of State for Industries, Mr. Atish Sinha, who was the chief guest, said for industrial development in the country electricity was essential. But its shortage had led to the rationing of power in West Bengal.

He pointed out that coal deposits were limited and so the power gap could be met by establishing an atomic powei generation centre in the State.

He said that during the last few months he had been trying to make State and Central leaders understood the urgency of the need. He had, he said, stressed it during his talks with Dr. Rao, Union Minister for Irrigation and Powers, and had pointed out that West Bengal and the eastern region as a whole had been excluded from the recent nuclear power development programme in the country.

Mr. Sinha said that he believed that it is quite possible to have a nuclear power station in the eastern region and, in fact, Dr. Rao had also hinted in this direction. He also said that the cost of power generated from nuclear energy would be cheaper than that from coal, and as a result of this, he emphasised that the engineers in the eastern region should start planning for a nuclear power station in this region from right now when the State would be able to enjoy its fruits in 10 years' time. Bearing this in mind, Mr. Sinha further emphasised that engineers, politicians and all others concerned should study the problem in greater detail and come out with a resolution towards installation of Atomic Station in the Eastern Region."

[6-35—6-45 p.m.]

তা সত্ত্বেও দেখতে পাচ্ছি কেন্দ্রের অবহেলার জন্যই হোক, ঔদাসীন্যের জন্যই হোক, বা অন্য যে কোন কারণেই হোক পূর্ব ভারতে বিশেষ ক'রে পশ্চিমবাংলায় অ্যাটমিক পাওয়ার প্ল্যান্ট স্থাপনের প্রয়োজনীয়তা উপেক্ষিত হয়েছে। ডঃ সত্যেশ চক্রবর্তী—

"Dr. Satyesh Chakravorty, Member, State Planning Board, wanted West Bengal to be given priority in the establishment of the atomic power generation plant. According to Dr. Chakravorty, the atomic power plant could be suitably located in the area between Balasore in Orissa and Danton in Midnapore in West Bengal. This tract had easy access to the Subarnarekha waters which could be used in the plant."

যাই হোক আরও বক্তব্য হচ্ছে যে, আমার এই বক্তব্যের সমর্থনে মাননীয় রাষ্ট্রমন্ত্রী [illegible] সমর্থন পাব এবং রাজ্যের দিক থেকেও সমর্থন পাব। এ ছাড়া এত বড় গুরুতর সমস্যার সম্বন্ধে সকলেই ভাবছেন। জানুয়ারিতে হিন্দুস্থান স্ট্যান্ডার্ড কাগজে যা বেরিয়েছিল, তার বিশেষ একটা অংশ প'ড়ে শোনাচ্ছি—

"The West Bengal Government has meanwhile submitted a tentative proposal to New Delhi for installation of a 600 MW nuclear power station near Haldia at a cost of about Rs. 120 crores. One of the professed reasons for selecting Bombay, Tamil Nadu, U.P. and

Rajasthan as suitable sites for nuclear power plants is that these States are more than 800 km away from the coalmines. This argument has lost all validity ever since the price of coal has been made equal in all parts of the country. Moreover, thermal plants need a lot of money for upkeep. Another important argument against setting up more nuclear power plants is that they are much more expensive. This too was effectively countered by experts at a seminar in Calcutta who proved that a nuclear power project if associated with a few subsidiary agro-industrial schemes can ultimately reduce the cost per unit of such power to a perfectly economic level".

এদিক থেকে আমি আশা করবো যে এবং আমার মোশন সম্বন্ধে নিঃসন্দেহে, এখানে একটা পাওয়ার প্ল্যান্ট স্থাপনের প্রয়োজনীয়তা রয়েছে। পশ্চিমবাংলার আর্থিক সঙ্কট সমাধানের জন্য আমরা যে সব বলি, তা যদি করতে চাই, জনজীবনের বৈপ্লবিক পরিবর্তনের জন্য আমরা যে সব কথা বলি, আর্থিক বৈপ্লবিক পরিবর্তনের জন্য যা বলি তার জন্য এবং বৈজ্ঞানিক উন্নতি করতে গেলে অ্যাটমিক পাওয়ার প্ল্যান্ট অপরিহার্য। সেজন্য মোশনের সপক্ষে আণবিক কেন্দ্র স্থাপনের জন্য কেন্দ্রের উপর চাপ সৃষ্টির জন্য কার্যকর ব্যবস্থা নেবার জন্য আশা করি প্রস্তাবানুসারে সরকারের এবং বিধানসভার পক্ষ থেকে সমর্থন পাব। এ সম্বন্ধে সকলে মিলে কেন্দ্রের উপর দাবি জানাতে হবে।

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বন্ধু সদস্য অহীনবাবু পশ্চিমবাংলায় একটা পারমাণবিক কেন্দ্র স্থাপনের দাবি পশ্চিমবাংলার তরফ থেকে কেন্দ্রের কাছে উত্থাপিত করবার জন্য বা সরকার যদি উত্থাপন ক'রে থাকেন, সেই দাবি জোরদার করার জন্য যে প্রস্তাব এনেছেন তার জন্য বন্ধু সদস্যের প্রতি এবং আপনার প্রতি কৃতজ্ঞতা জানাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন শুধু পশ্চিমবাংলায় যে পারমাণবিক কেন্দ্র নেই তা নয়, সমগ্র পূর্বাঞ্চলেই কোন পারমাণবিক কেন্দ্র নেই। অহীনবাবু বলেছেন রাজস্থান, বোম্বে, তামিলনাড়ু এই পারমাণবিক কেন্দ্রের কাজে অনেকদূর এগিয়েছে। আমি মনে করি যে, পশ্চিমবাংলায় বিদ্যুতের যে সমস্যা, সেই সমস্যাকে এই মন্ত্রিসভা এবং বিধানমণ্ডলী যত গুরুত্ব সহকারেই দেখুন না কেন, তার যদি স্থায়ী সমাধান করতে হয়, তা হ'লে পশ্চিমবঙ্গে পারমাণবিক কেন্দ্র স্থাপনের প্রয়োজনীয়তা আছে।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি জানেন এই যে তাপবিদ্যুৎ উৎপাদন কেন্দ্র তার বয়স হয়েছে আজকে ২১ বছর। এই তাপবিদ্যুৎ কেন্দ্রটি প্রথম উদ্বোধন করেছিলেন স্বর্গত প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু। আজকে দেখতে পাচ্ছি যে, বিদ্যুৎ সমস্যা দূর করবার জন্য ভারত সরকার ও পশ্চিমবঙ্গ সরকার স্বাধীন হবার পর থেকে চেষ্টা ক'রে আসছেন। সেই সমস্যার সমাধান করতে গিয়ে আজকে ১৯৭২ সাল পেরিয়ে ১৯৭৩ সালে দেখছি বিদ্যুৎ উৎপাদন কিছু বৃদ্ধি হওয়া সত্ত্বেও আজ রেশন করতে হ'ল বিদ্যুতের। রেশন কথাটা শুনলে আমরা ভয় পাই। এই রেশন কথাটা কোনদিনই জনপ্রিয় হয়ে উঠতে পারে নি, পারেও না। অতএব আজকে এই যে বিদ্যুৎ সঙ্কট—এ শুধু আজকের সঙ্কট নয়। ১৯৬৪ সাল থেকে ১৯৬৫ সালের শেষ, ১৯৬৬ সাল থেকে এই সঙ্কটের সূত্রপাত হয়েছে। তার পরিণাম আজকে ১৯৭২ সাল পেরিয়ে ১৯৭৩ সালে এসে পৌঁছেছে। সরকারী তথ্যানুযায়ী আমরা জানতে পারি, এই সঙ্কট থেকে উত্তীর্ণ হতে চাইলেও প্রধান দু'টি বাধা দাঁড়াচ্ছে যে কয়লা দিয়ে তাপকেন্দ্রগুলি চালান যায়, সেই কয়লার মান অনুন্নত থাকার জন্য যে মেশিনারীর লাইফটাইম অনেক কমে যাচ্ছে এবং সেই সমস্ত মেশিন ১৯৫১, ১৯৫২ সাল থেকে চলছে যা তারপরেও চালান হয়েছে সেগুলি এখন এমন অবস্থায় এসে দাঁড়িয়েছে যে তা রিপ্লেস করতে গেলেও তার যেসমস্ত স্পেয়ার পার্টস্ দরকার হয়, তার জন্য ফরেন এক্সচেঞ্জ দরকার হবে। সরকারের ইচ্ছা থাকা সত্ত্বেও এই ফরেন এক্সচেঞ্জ-এর অসুবিধার জন্য সেগুলি রিপ্লেস করা যাচ্ছে না। যার ফলে আজও ও'রা বলছেন সাঁওতালদিতে যে বিদ্যুৎকেন্দ্র তৈরি করছে তার উৎপাদন জুন মাসে আরম্ভ হবে। এবং তার জলের জন্য বিহার সরকারের উপর নির্ভর করতে হচ্ছে। আমাদের

সরকার ও রাজ্য সরকার আলাপ-আলোচনা ক'রে দাবি করেছে সস্তা দরে তেনুঘাটের জল পাবার জন্য। তা পাওয়া যাবে কি না বলা যায় না। আজও সে সমস্যার কোন নিরসন হয় নাই। আমরা দেখছি সরকারের সদিচ্ছা থাকা সত্ত্বেও বিধানসভার সদস্যদের উদ্বেগকে যথাযথভাবে গ্রহণ করলেও এমন কতকগুলি দুরপনেয় বাধা আছে যা থেকে খুব শীঘ্র রেহাই পাওয়া সম্ভব নয়। বিদ্যুৎ সংকটের স্থায়ী সমাধানের পথে পদক্ষেপ করতে মাননীয় বন্ধু সদস্য কেন্দ্রের কাছে পরমাণু কেন্দ্র স্থাপনের জন্য দাবি জানাবার জন্য যে মোশন এনেছেন, তা অত্যন্ত যুক্তিযুক্ত ও যথাযথ।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই সুযোগের জন্য আনন্দবাজার পত্রিকা ও হিন্দুস্থান স্টান্ডার্ডকে অভিনন্দন জানান দরকার আমাদের, আমাদের প্ল্যানিং বোর্ড যেসমস্ত পরিকল্পনা করেছেন কেন্দ্রের কাছে রাখবার জন্য, রাজ্য সরকারকেও দিয়েছেন. আমার যতদূর জানা আছে তা আনন্দবাজারে ও হিন্দুস্থান স্টান্ডার্ডে প্রকাশিত হয় ১৯শে জানুয়ারি ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল-এর মিটিং ছিল সেদিন দিল্লীতে। তাতে আমাদের মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রীর যোগদান করবার কথা ছিল। সেখানে আমাদের হাতে পশ্চিমবঙ্গের প্ল্যানিং বোর্ডের যেটুকু খবর খবরের কাগজে বেরিয়েছে, তার যে ভাইস-চেয়ারম্যান ডাঃ অজিত বসু তিনি এক সাংবাদিক সম্মেলনে যে কথা বলেছেন তা থেকে জানি ১২০ কোটি টাকার একটা প্ল্যান ক'রে তিনি মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রীর মাধ্যমে ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল-এর সভায় এই দাবি রাখবার জন্য দিয়েছিলেন। ১২০ কোটি টাকার একটা প্ল্যান ক'রে তিনি মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর মাধ্যমে ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের সভায় এই দাবি রাখবার জন্য

[6-45—6-55 p.m.]

দিয়েছিলেন। আমরা জানি না আমাদের ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলে মুখ্যমন্ত্রী বা অর্থমন্ত্রী সেই দাবি পেশ করবার পর ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল বা ভারত সরকারের প্রতিক্রিয়া কি। আমরা বহুক্ষেত্রে দেখেছি পশ্চিমবাংলার প্রতি বিমাতৃসুলভ মনোভাব দেখান কেন্দ্রীয় সরকার। এই ক্ষেত্রে কি করেছেন জানি না। এখানে যখন রাষ্ট্রমন্ত্রিমহাশয় বক্তব্য রাখবেন আশা করবো কেন্দ্রের প্রতিক্রিয়া এবং মনোভাব কি আছে তিনি তার মধ্যে রাখবেন। কিন্তু আমরা দেখেছি ভারত সরকার এবং যোজনা পরিষদ ভারতবর্ষের প্রায় ২,৬০০ কোটি টাকার ফর দি পাওয়ার ডেভেলপমেন্ট ইন ইন্ডিয়া খরচ করতে চাইছেন এবং সেই ২৬ শো কোটি টাকার মধ্যে আমাদের প্ল্যানিং বোর্ডের যে কাগজ মুখ্যমন্ত্রীর মারফত পাঠিয়েছেন প্রায় ৫৪০ কোটি টাকার মতো বরাদ্দ করবার প্ল্যান এবং প্রোগ্রামে। ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলকে দেবার জন্য যা দিয়েছেন তার মধ্যে এই ১২০ কোটি টাকা আছে কিনা জানি না। এই ৫৪০ কোটি টাকার বাইরে এই ১২০ কোটি টাকা কিনা জানি না। সেটা মন্ত্রিমহাশয় ভাল করে বলতে পারেন। যাই হোক না কেন, প্ল্যানিং বোর্ড উড়িষ্যার শেষ সীমান্তে আমাদের পশ্চিমবাংলা যেখানে আরম্ভ হয়েছে যে কেন্দ্র থেকে আমি নির্বাচিত হয়েছি কাগজে বেরিয়েছিল সেই কেন্দ্র 'দাঁতন' উপযুক্ত স্থান ব'লে বিবেচনা করেছেন। আমাদের রাজ্যসরকারের বিশেষজ্ঞরা প্ল্যানিং বোর্ডের সদস্যরা চিন্তা ক'রে দাঁতনকে সেই পরমাণু কেন্দ্র স্থাপনের উপযুক্ত স্থান ব'লে বিবেচনা করেছেন এবং যে যুক্তি দেখিয়েছেন তার মধ্যে আছে কয়লাখনি অঞ্চল থেকে ৮২০ কিলোমিটার দূরে এইরকম কেন্দ্র স্থাপন করা দরকার এবং তা সমুদ্রের কাছাকাছি থাকা দরকার এইজন্য যদি কোন কেন্দ্র স্থাপিত হয় তার রেডিয়েটর অ্যাকটিভিটি সকলেই সমুদ্রে পাঠিয়ে দেওয়া দরকার। প্ল্যানিং বোর্ডের ভাইস-চেয়ারম্যানের সাংবাদিক সম্মেলনের খবর অনুযায়ী দাঁতন এমন একটি জায়গা যা সুবর্ণরেখার তীরে অবস্থিত, উড়িষ্যা, বিহার এবং বেঙ্গলের একটি কেন্দ্রস্থলের অবস্থিত কয়লাখনি অঞ্চল থেকে ৮২০ কিলোমিটার দূরে অবস্থিত এবং সেখান থেকে যদি ট্রান্সমিসান লাইন টানা যায়, তা হ'লে বাংলা, বিহার, উড়িষ্যার অনেক সুবিধা হবে এই রকম একটা জায়গায় যদি কেন্দ্র স্থাপিত হয়। যেহেতু আমি সেই কেন্দ্রর নির্বাচিত প্রতিনিধি এটা হ'লে আমি সকলের থেকে আনন্দিত হবো সন্দেহ নেই, কিন্তু সেইজন্যই বলছি না। আমি বলছি এইজন্য যে এটা শুধু পশ্চিমবাংলার সমস্যা নয়, এটা সারা ভারতবর্ষের সমস্যা। পশ্চিমবঙ্গে যদি পরমাণু কেন্দ্র স্থাপিত হয়, তা হ'লে সেটা হবে ভারতবর্ষের উন্নতি পশ্চিমবঙ্গের উন্নতির সঙ্গে জড়িত। আজকে যদি পশ্চিমবঙ্গে সবুজ বিপ্লব আমরা ঘটাতে চাই, আজ পশ্চিমবাংলাকে

আমরা শিল্প সমৃদ্ধ ক'রে গ'ড়ে তুলতে চাই, সেই পশ্চিমবাংলায় সফল বিপ্লব আনতে গেলে, সেই পশ্চিমবাংলায় সবুজ বিপ্লব আনতে গেলে, সেই পশ্চিমবাংলায় শিল্প বিপ্লব আনতে গেলে, শিল্পে সমৃদ্ধ ক'রে তুলতে গেলে বিদ্যুতের প্রয়োজন অপরিহার্য। সেই বিদ্যুতের আজকে যে অবস্থা নুতন নুতন লাইন দেওয়া তাতে দূরের কথা, আবেদিন সাহেব বলছিলেন, আমাদের সদস্য বারি সাহেব বলছিলেন, আমাদের এই সরকার আসার পর অনেকগুলো গ্রামে বিদ্যুৎ দিয়েছি। একথা ঠিক গ্রামে বিদ্যুৎ গিয়েছে। কিন্তু আপনি যদি সারা ভারতবর্ষের বিদ্যুৎ সরবরাহের অবস্থা চিন্তা ক'রে দেখেন, গ্রামের দিকে দেখেন, আমাদের পশ্চিমবাংলা অনেক পিছিয়ে আছে। অনেক কারণ থাকতে পারে। সে কারণের মধ্যে আমি যাচ্ছি না। কিন্তু আজ মহারাষ্ট্র, হরিয়ানা, তামিলনাড়ু বিদ্যুতের দিক থেকে অনেক এগিয়ে গিয়েছে, আমরা সেখানে অনেক পিছনে পড়ে আছি। আমরা যেখানে ১২ ভাগের এক ভাগ গ্রামে যেতে পেরেছি সেখানে ওরা হরিয়ানাতে সব গ্রামে গিয়েছে। আমাদের অগ্রগতি ব্যাহত হওয়ার অনেক কারণ থাকতে পারে সে কথায় আমি যাচ্ছি না। কিন্তু আজকে যেখানে আমাদের পরিকল্পনা সব গ্রামে বিদ্যুৎ পেঁীছে দেবো, দেশ যারা গড়বেন, আমরা যেখানে সবুজ বিপ্লব ঘটাতে চাইছি এর জন্য বিদ্যুতের প্রয়োজন।

যদি প্ল্যানিং বোর্ডের সুপারিশ অনুযায়ী আমাদের পশ্চিমবঙ্গ সরকার ভারত সরকারের কাছে লিখে থাকেন, তা হ'লে আমাদের বন্ধু সদস্য অহীনবাবু যে প্রস্তাব এখানে এনেছেন সেটা যদি বিধানসভায় সর্বসম্মতভাবে পাশ হয়ে যায় মন্ত্রিসভা মারফত, তা হ'লে সেই দাবি আরো জোরদার হবে এবং সেই দাবি যদি কেন্দ্রীয় সরকারকে মেনে নিতে মন্ত্রিসভা এবং মুখ্যমন্ত্রী সক্ষম হন, তা হ'লে শুধু পশ্চিমবাংলার একটি উপকার তিনি করবেন না, এটা সমগ্র পূর্বাঞ্চল যেমন পশ্চিমবাংলা, বিহার, উড়িষ্যা, আসাম এতগুলি প্রদেশের তিনি কৃতজ্ঞতাভাজন হবেন। এই কথা ব'লে আমি মাননীয় বন্ধু সদস্য অহীনবাবুর প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসত্য ঘোষালঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে মাননীয় সদস্য অহীনবাবু যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন ও স্বীকার করছি এবং এ বিষয়ে বক্তৃতা করার খুব বেশী আমার দরকার থাকছে না। কারণ, এর আগে পাওয়ার নিয়ে যখন আলোচনা হচ্ছিল তখন বিদ্যুতের ক্রাইসিস, বিদ্যুতের সঙ্কট সম্পর্কে অনেকে বিস্তারিত আলোচনা করেছেন, তাতে আমার বক্তব্য অনেকখানি কভার্ড হয়ে গেছে। সুতরাং বলার খুব বেশী কিছু আমার নেই, তথাপি এই বক্তব্য রেজলিউসনকে আমি সমর্থন করতে দাঁড়িয়েছি দু'টি কারণে। প্রথম কারণ হচ্ছে আমাদের রাজ্যে বিদ্যুতের দুর্ভিক্ষ আছে। কিন্তু তার চেয়ে বড় কথা হচ্ছে অভাব যে আছে শুধু তাই নয়, সেই অভাব আরো বাড়বে। বাড়বে ব'লে ডাঃ আবেদিন সাহেব ঠিক করবেন বাড়বে কিনা আমি কোন খারাপের দিক থেকে বলছি না, ভালর দিক থেকেই বলছি বাড়বে কারণ, ডেভলপিং ইকনমি যদি হয়, তা হ'লে বিদ্যুতের চাহিদা বাড়বে এবং চাহিদা বাড়াটা দুর্লক্ষণ নয়, সুলক্ষণ তা হ'লে সুলক্ষণ মানে যদি এই দাঁড়ায় বানরের অঙ্কের মত যখন কোন গাছে বা বাঁশে এক মিনিটে ৩ ফুট উঠে পরের মিনিটে যদি ২ ফুট নামে, তা হ'লে দু' মিনিটে এক ফুট উঠছে—এখন সেইভাবে হ'লে আমাদের কমে যাবে। সেইজন্য একটু বাড়ানো প্রয়োজন আছে। কাজেই অহীনবাবুর প্রস্তাব অল দি মোর ওয়েলকাম জানাই, কেন না এ বিষয়ে যদি আরো একটি পাওয়ারের সুযোগ পাওয়া যায়, তা হ'লে আমাদের ভালই হবে। আমাদের দেশে পাওয়ারের সোর্স কি? বক্তব্যের সময়ে পাওয়ারের সোর্স-এর কথা যে বলেছি সেটা আর আমাদের বুঝিয়ে বলার দরকার হবে না। হাইডেল পাওয়ার, জলবিদ্যুতের প্রধানতঃ লিমিটেড স্কোপ। চেষ্টা করলে বাড়ানো কিছু যায়, কিন্তু স্কোপ লিমিটেড। তা ছাড়া স্টেবল নয়, স্থায়ী নয়। তা ছাড়া যখন আলোচনা হচ্ছিল তখন আমরা সকলেই দেখেছি কয়লা থেকে যে তাপ-বিদ্যুৎ পাওয়া যায় তাকে নিয়ে কি কাণ্ডই ঘটছে—তার চাহিদা কি কমেছে? তার চেয়ে কিছুই কমছে না, বরং চাহিদা বাড়ছে। অবশ্য কয়লার দাম বাড়ছে, এখন এর দামও বাড়ছে, আলটিমেটলি কস্ট বেড়ে যাবে। আর তা ছাড়া অলরেডি স্যাচুরেটেড পয়েন্টে রিচ করেছে এবং এর সম্ভাবনাও সীমিত হয়ে আসছে। হয়ত আমাদের প্রয়োজন সম্পূর্ণরূপে মেটাতে পারবে না, বিশেষ ক'রে ডেভেলপিং ইকনমিতে মেটাতে তো পারবেই না। সেইজন্য আর একটা কিছু বাড়তি জিনিস দরকার আছে।

সেই দিক থেকে অ্যাটমিক পাওয়ার প্ল্যান্টের প্রয়োজনীয়তা অনস্বীকার্য এবং সেই জন্য এই পারমাণবিক তাপবিদ্যুৎকেন্দ্র একটি তৈরি করবার কথা অহীনবাবু যে তুলেছেন, সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি। এই প্রসঙ্গে আমি মাননীয় সদস্য প্রদ্যোৎবাবু যে কথা বলেছেন আমিও সেই কথায় আসতে চাই অর্থাৎ এটা কোথায় হতে পারে। ইস্টার্ন রিজিয়নে গবেষণা কেন্দ্র নেই। ইস্টার্ন রিজিয়নে নেই, অন্য জায়গায় আছে, রাজস্থানে আছে, ট্রম্বেতে আছে, এই সব আলোচনা আমরা করেছি। কিন্তু আমাদের সমগ্র পূর্বাঞ্চলে নেই। পূর্বাঞ্চলের কোথায় কোথায় হতে পারে? পূর্বাঞ্চলের মধ্যে যারা নদী সম্বন্ধে বৈজ্ঞানিক অনুসন্ধান করছেন এবং আমাদের বন্ধু বলেছেন প্ল্যানিং কমিশন, প্ল্যানিং বোর্ডে আলোচনা হয়েছে যে, সুবর্ণরেখার অববাহিকা অঞ্চলে এই জিনিসের সম্ভাবনা বেশী আছে এবং সেদিক থেকে প্রদ্যোৎবাবু তাঁর নিজের দাঁতন কেন্দ্রের কথা বলেছেন। আমাদের কেউ কেউ বন্ধু বললেন কেরলের বালিতে যেরূপ মোনাজাইট আছে যা নাকি পারমাণবিক কেন্দ্র প্রতিষ্ঠার পক্ষে অনুকূল, আমাদের ঐ এলাকার বালিতেও সেই জিনিস আছে এবং এই সব নানাবিধ অনুকূল কারণ থাকার জন্য প্রদ্যোৎবাবু সেই কথা বললেন। আর তাছাড়া কয়লা অঞ্চল থেকে ৫০০।৬০০ মাইল দূরে পারমাণবিক কেন্দ্র প্রতিষ্ঠিত হওয়া দরকার। সেদিক থেকে সুবর্ণরেখা জলা জায়গা আছে এবং বিশেষ ক'রে এই জায়গা উড়িষ্যা সীমান্তে মেদিনীপুর জেলার শেষ প্রান্তে অবস্থিত এবং এই জায়গা নিজেই আবার অনগ্রসর। এই জায়গায় নদীর বালি পড়ে। সুতরাং আমাদের এখানে সুযোগ অনেক বেশী আছে। এখানে যদি একটা পারমাণবিক কেন্দ্র হয়, তা হ'লে বালি পড়ে, অনগ্রসর জায়গা—টেকনিক্যাল নো হাউ থেকে বঞ্চিত হওয়ার যে দুর্ভাগ্য সেই দুর্ভাগ্য থেকে আমরা মুক্তি লাভ করবো।

[6-55—7-05 p.m.]

অর্থাৎ এই ধরনের একটা শক্তিকেন্দ্র হ'লে এখানে যে সমস্ত টেকনিক্যাল কাজ হবে তার সুযোগসুবিধা পাওয়া যাবে। তার সঙ্গে সঙ্গে সেই সমস্ত ব্যাপারে জ্ঞান লাভ করার সুযোগ পাওয়া যাবে। পশ্চিমবাংলায় বিদ্যুতের যে চাহিদা আছে সেই চাহিদা পূরণের জন্য, বিদ্যুতের অভাব মেটানোর জন্য একটা প্রয়োজনীয় ব্যবস্থা হবে। এই প্রসঙ্গে আমি অন্য একটি ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি শুনেছি, আমার ইনফরমেসান ভুল হ'লে খুশি হব, এখানে যে সেমিনার হয়েছিল সেই সেমিনারের কথা অহীনবাবু উল্লেখ করেছেন ব'লে আমি আর বিশেষ কিছু বলতে চাই না, তাতে টেকনিক্যাল এক্সপার্টরা ছিলেন, মন্ত্রীরা ছিলেন, আরো অনেকে ছিলেন, আমি শুনেছি পাটনার সেই কনফারেন্সে এখানকার মুখ্যমন্ত্রী এই প্রস্তাবের কথা বলেছিলেন এবং সমর্থন করেছিলেন, কিন্তু আর যে কথাটা শুনেছি, আমি আগেই বলেছি আমার ইনফরমেসান ভুল হ'লে আমি খুশি হব, মন্ত্রিমহাশয়রা নিশ্চয় পরিষ্কার ক'রে দেবেন ব্যাপারটা, সেটা হচ্ছে, পশ্চিমবাংলায় পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ব্যাপারটা নাকি মাননীয়া প্রধানমন্ত্রী নাকচ ক'রে দিয়েছেন। আমার কথা হ'ল, যদি নাকচ ক'রে থাকেন বা না থাকেন উভয় দিক থেকেই বলছি, যদি নাকচ ক'রে থাকেন, তা হ'লে, বন্ধুবর অহীনবাবু যে প্রস্তাব এনেছেন কেন্দ্র যদি নাকচ ক'রে থাকেন, তা হ'লে আরো বেশী করে জোর দিয়ে এই পশ্চিমবাংলা থেকে এই প্রস্তাব সর্বসম্মত ভাবে পাশ করিয়ে আমাদের চেষ্টা করা উচিত, কেন্দ্রের কাছে দাবি জানান উচিত। পশ্চিমবাংলাকে বিদ্যুতের সংকট থেকে বাঁচাবার জন্য, পশ্চিমবাংলার অর্থনৈতিক পুনর্গঠনের জন্য, পশ্চিমবাংলার শিল্প বিস্তারের জন্য, এখানকার অনগ্রসর অঞ্চলগুলিকে উন্নত করবার জন্য এই প্রস্তাব আমাদের সর্বসম্মত ভাবে পাশ করিয়ে কেন্দ্রের কাছে দাবি জানানো দরকার। আর যদি প্রধানমন্ত্রী নাকচ ক'রে না থাকেন, তা হ'লে আরো বেশী ক'রে আশা করা উচিত যে, এই প্রস্তাব এখান থেকে পাশ হ'লে এই পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ব্যাপারটা আমাদের মঞ্জুর হবে। আমি আর এ সম্বন্ধে বিশেষ কিছু বলতে চাই না, কারণ আমার বন্ধুরা অনেক কথা বলেছেন, আমি শুধু আশা করবো পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে এই প্রস্তাব সর্বসম্মতক্রমে পাশ হবে। তবে এই সঙ্গে সঙ্গে আমি আরো বলব যে, এই প্রস্তাব শুধু পাশ করালেই চলবে না মন্ত্রিমণ্ডলী বিধানসভার নির্দেশ হিসাবে এই প্রস্তাব পারসিউ করবেন, এটা নিয়ে চেষ্টা করবেন। ভাল প্রস্তাবের মত এটা ভালভাবে যেন চাপা না থাকে। ভাল প্রস্তাবের মত এটা যেন ভালভাবে রূপায়িত হয় এই আশা আমি করব। পশ্চিমবাংলার কল্যাণের জন্য একটা ভাল কাজ

ক'রে পশ্চিমবাংলার বিদ্যুতের সংকট শুধু নয়, এখানকার উত্তরোত্তর ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা যাতে আমরা পূরণ ক'রে পশ্চিমবাংলাকে এগিয়ে নিয়ে যেতে পারি সেজন্য এই প্রস্তাব আমি সমর্থন করছি।

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীঅহীন মিশ্র মহাশয় আজকে এই বিধানসভায় যে মোশান এনেছেন তাকে আমি স্বাগত জানাচ্ছি। স্যার, বহুদিন ধ'রে আমি ব্যক্তিগতভাবে চেষ্টা করছিলাম যাতে পশ্চিমবাংলায় পারমাণবিক তাপবিদ্যুৎকেন্দ্র স্থাপন করা যায়। তার জন্য জনমত গঠন করা এবং শেষ পর্যন্ত যাতে কেন্দ্রীয় সরকার রাজী হন তার জন্য কিছুদিন আগে যখন ডঃ কে এল রাও মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী এসেছিলেন আমাদের পশ্চিমবাংলায় তখন তাঁর সঙ্গে আমার আলোচনা হয়েছিল তিনি বলেছিলেন, বর্তমানে যদি বড় বড় পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র স্থাপন করা যায়, তা হ'লে সেটা থার্মল পাওয়ার স্টেশনের সঙ্গে সমান তালে চলতে পারে। তবে পূর্বাঞ্চলে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র না হবার প্রধান কারণ হচ্ছে যে, এ অঞ্চলে কয়লা পাওয়া যায়। এবং অ্যাটমিক এনার্জি কমিশনের একটা নিয়ম আছে যে, যে অঞ্চলে কয়লা পাওয়া যায় সেই অঞ্চল থেকে কম পক্ষে ৮০০ কিলোমিটারের মধ্যে কোন পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রতিষ্ঠিত হবে না। কাজেই সে দিক দিয়ে দেখতে গেলে আজকে পশ্চিমবাংলা এবং পশ্চিমবাংলার পাশের অনেক রাজ্যকে সেই পারমাণবিক তাপবিদ্যুৎকেন্দ্রের আওতা থেকে হয়ত দূরে চলে যেতে হবে। আমার বক্তব্য হচ্ছে, বর্তমানে কয়লার দাম বেড়ে গেছে এবং আমি হিসাব ক'রে দেখেছি আজকে কয়লা থেকে বিদ্যুৎ তৈরি করলে ইউনিট প্রতি যে খরচ পড়ে তা প্রায় ১৩ থেকে ১৪ পয়সা। সেই তুলনায় আজকে যদি একটা মাঝামাঝি ধরনের পারমাণবিক তাপবিদ্যুৎকেন্দ্র স্থাপন করতে পারি তার প্রতি ইউনিটের খরচ কম হবে। কাজেই পুরানো যে সমস্ত আর্গুমেন্ট অ্যাটমিক এনার্জি কমিশনের ছিল যে ৮০০ কিলোমিটারের মধ্যে যেখানে কয়লা পাওয়া যায় সেখানে পারমাণবিক তাপবিদ্যুৎকেন্দ্র স্থাপন করা যাবে না, যেহেতু তার ইউনিট কস্ট অনেক বেশী পড়বে, আমার মনে হয় বর্তমান পরিপ্রেক্ষিতে কয়লার দাম বাড়া এবং অন্যান্য কারণে সেই আর্গুমেন্ট আর চলতে পারে না। সেইজন্য মাননীয় সদস্য শ্রীসত্য ঘোষাল মহাশয় যে কথা বললেন—এই বিষয়ে কিছুদিন আগে পাটনাতে যখন ইস্টার্ন রিজিয়নের পাওয়ার মিনিস্টার্স কনফারেন্স হয়েছিল সেখানে আমার যাবার সৌভাগ্য হয়েছিল এবং সেখানে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলায় যাতে পারমাণবিক তাপবিদ্যুৎকেন্দ্র স্থাপন করা যায় তার জন্য দাবি রেখেছিলেন মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী ডঃ কে এল রাও-এর কাছে এবং সেই সময় সেখানে বিহারের মাননীয় মুখ্যমন্ত্রী কেদার পাণ্ডে মহাশয়ও সেই একই দাবি রেখেছিলেন। তিনি আরো একটা দাবি করেছিলেন সেটা হচ্ছে তাঁর বিহার রাজ্যে যদুগোড়ায় যেহেতু ইউরেনিয়াম পাওয়া যায় সেই হেতু তাঁর রাজ্যে এই পারমাণবিক তাপবিদ্যুৎকেন্দ্র স্থাপন করা হোক। ইস্টার্ন রিজিয়নের কোথায় পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র হবে সেটা সিলেক্ট করবার দায়িত্ব অ্যাটমিক এনার্জি কমিশনের। আমাদের তরফ থেকে আমাদের রাজ্যে যাতে স্থাপিত হয় তার জন্য আমাদের নানান ধরণের আর্গুমেন্ট আছে। প্রথম কথা যেটা এই মোশানের আগে আলোচিত হ'ল যে, শুধু কয়লা থাকলে সেখানে আমরা প্রচুর পরিমাণে তাপবিদ্যুৎ তৈরি করতে পারবো এমন কোন কথা নেই। তার কারণ একটু আগে মাননীয় সদস্যরা বলেছেন, এই যে কয়লা থেকে যে সমস্ত পাওয়ার প্ল্যান্ট আমাদের পশ্চিমবাংলায় আছে তার কতকগুলি লিমিটেসান আছে। যেমন কয়লার কোয়ালিটি এবং সেখানে মেন্টেনান্স-এর অভাব এবং অন্যান্য কারণ আমরা দেখতে পাচ্ছি। যেমন অনেকদিন আগে থেকে এটা প্ল্যানিং হয় নি ব'লে আজকে আমাদের এই বিদ্যুৎ সংকটের মধ্যে পড়তে হয়েছে। তা ছাড়া আমাদের এখানে যে সমস্ত হাইডেল পাওয়ার আছে যার ক্ষমতা খুব সীমিত সেটা বৃদ্ধি করবার সুযোগ খুব একটা নেই। উত্তরবঙ্গে কিছুটা থাকতে পারে, কিন্তু দক্ষিণ বঙ্গে সুযোগ কম। কাজেই আমরা যদিও কয়লার উপর ভিত্তি ক'রে এখানে অনেকবেশী তাপবিদ্যুৎ করতে পারি, তবুও একটা জিনিস আমাদের নজর রাখতে হবে যে, সেই কয়লা উৎপন্ন করবার দাম কত। কারণ একথা নিঃসন্দেহে সত্য আমরা যত বেশী কয়লা কাজে লাগাতে থাকবো, শুধু পাওয়ার জেনারেসানের জন্য নয় কয়লা বিভিন্ন কাজে লাগে, এটা অত্যন্ত প্রয়োজনীয় কাঁচা মাল, ততই আমাদের বিভিন্ন যে সমস্ত খনি আছে এবং সেই খনির যে সমস্ত সীম্‌স আছে সেইগুলির আরো গভীরে যেতে হবে

গভীরে যাবার অর্থ হচ্ছে আরো বেশী খরচ বাড়ানো। কাজেই যত দিন যাবে নিশ্চয় আগামী ১০ বছরের মধ্যে আমাদের কয়লার যে ডিমান্ড আছে সেটা ক্রমশ আরো বেড়ে যাবে, যার ফলে সেই কয়লা তোলবার খরচ অত্যন্ত বেড়ে যাবে। তা ছাড়া আর একটা বড় জিনিস এর সংগে জড়িত আছে সেটা হচ্ছে সেই কয়লা যে ট্রান্সপোর্ট করবার দায়িত্ব—যদি আজকে ডালখোলাতে কয়লার উপর ভিত্তি ক'রে তাপবিদ্যুৎকেন্দ্র করি বা কোলাঘাটে যদি কয়লার উপর ভিত্তি ক'রে তাপবিদ্যুৎকেন্দ্র করি, তা হ'লে নিশ্চয় সেই কয়লাকে আসানসোল, ঝরিয়া বা রানীগঞ্জ এরিয়া থেকে মাইন ক'রে ওয়াগন দিয়ে ট্রান্সপোর্ট ক'রে বিভিন্ন জায়গায় পাঠাতে হবে। মাননীয় সদস্যরা নিশ্চয় জানেন যে, আজকে ওয়াগনের কি রকম সর্টেজ এবং এই ওয়াগন সর্টেজের জন্য হয়ত এই সমস্ত তাপবিদ্যুৎকেন্দ্রে কয়লা ঠিকমত না পেঁছাতে পারে। কাজেই উই শ্যুড নট পুট

[7-05—7-14 p.m.]

দি এগস্ ইন ওয়ান বাস্কেট। আজকাল বিদ্যুৎ উৎপাদনের বিভিন্ন ভাবে যতগুলি উপায় আছে, সেইগুলিকে আমাদের চিন্তা করতে হবে। সেই দিক থেকে পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনের জন্য যে জ্ঞানের দরকার সেটা আমাদের ভারতবর্ষে প্রচুর পরিমাণে আছে। মাননীয় অহীনবাবু বলেছেন ভারতবর্ষের বিভিন্ন জায়গায় রাজস্থান, উত্তরপ্রদেশ, তামিলনাড়ু এবং মহারাষ্ট্রে অ্যাটমিক পাওয়ার স্টেশন হচ্ছে। যেহেতু পূর্বাঞ্চলে কয়লা পাওয়া যায় সেহেতু পূর্বাঞ্চলে অ্যাটমিক পাওয়ার স্টেশন যাতে না হয় তার জন্য যদি এই রকম কোন আর্গুমেন্ট দেওয়া হয়, তা হ'লে আমার মনে হয় সেটা ঠিক হবে না। তার কারণ আজকে যদি আমরা অ্যাটমিক পাওয়ার স্টেশনের জন্য চেষ্টা করি এবং আজ যদি সেই স্কীম স্যাংশন হয়, তা হ'লেও আগামী ১০ বছরের মধ্যে সেই স্কীম বলবত হবে না। কারণ প্রত্যেকটা জিনিসের একটা জেস্টেশন পিরিয়ড আছে। সুতরাং আগামী ১০ বছরে কয়লার দাম কত বাড়বে এবং ট্রান্সপোর্টেশনের কি অবস্থা হবে, এই সমস্তগুলি চিন্তা করলে পরে আমরা নিশ্চিতভাবে বলতে পারি যে, আমাদের পশ্চিমবাংলায় অ্যাটমিক পাওয়ার স্টেশন করবার জোর দাবি আছে। আমি তাই মাননীয় অহীনবাবু যে মোশান এনেছেন তাকে স্বাগত জানাচ্ছি। তার সংগে সংগে একটা কথা উপস্থিত করতে চাই, সেটা হচ্ছে সমস্ত ইস্টার্ন রিজিওনে আমাদের তাপবিদ্যুতের জন্য আমরা ৮·৭৪ মিলিয়ন টন কোল ব্যবহার করছি। এটা হিসাব ক'রে দেখা গিয়েছে যে, ১৯৮০ সালে আমাদের যা প্রয়োজন হবে সেই প্রয়োজন মত তাপবিদ্যুৎ তৈরি করতে যদি হয়, তা হ'লে যে কয়লার ব্যবস্থা করতে হবে বিদ্যুৎ তৈরি করবার জন্য তার পরিমাণ দাঁড়াবে প্রায় ১৯ মিলিয়ন টন, কিন্তু আমরা প্রতি বছর সে জায়গায় এখন মাত্র ৭০ মিলিয়ন টন কয়লা তৈরি করছি সারা ভারতবর্ষে। এখন এই চাহিদা যদি মেটাতে হয় তা হ'লে আমাদের এই পরিমাণকে বাড়িয়ে নিয়ে যেতে হবে ১৬০ মিলিয়ন টনে। আমাদের আগামী কয়েক বছরের মধ্যে এই কয়লা উৎপাদনকে দ্বিগুণ করতে হবে। সেই জন্য আমাদের বিভিন্ন দিক চিন্তা করতে হবে যে, এই কয়লা আছে বলে তাপবিদ্যুৎকেন্দ্র ক'রে যাব, না বিদ্যুৎ তৈরি করবার অন্যান্য যে সমস্ত পথ আছে সেগুলিকে কার্যকর করব, এইগুলি যখন চিন্তা করি তখন নিশ্চয়ই বলতে পারি যে, পূর্বাঞ্চলে, বিশেষ ক'রে পশ্চিমবাংলায় পারমাণবিক তাপবিদ্যুৎকেন্দ্র স্থাপন করবার একটা বিশেষ কারণ আছে এবং এখন নিশ্চয়ই তার প্রয়োজন আছে। সেই দিক থেকে দেখতে গেলে হলদিয়া বা তার কাছাকাছি কোন জায়গায় এটা সবচেয়ে ভাল হবে। তবে এই নিয়ে এক্সপার্ট স্টাডি দরকার। আজকে এই পারমাণবিক শক্তির জন্য সবচেয়ে ইম্পর্টেন্ট জিনিস যেটা, সেটা ডি-স্যালাইনেশন প্ল্যান্ট, অর্থাৎ সমুদ্রের নোনা জলকে শুদ্ধ ক'রে চাষের কাজে লাগানো যায়। আপনারা জানেন এতে প্রচুর ইলেকট্রিসিটি প্রয়োজন হয় এবং এই প্রয়োজনটা সারা দিন সমান ভাবে থাকে, কম ওঠা নামা করে। এতে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের সুবিধা হবে। কারণ পারমাণবিক-এ ওঠা নামাতে ক্ষতি হয়। থার্মাল পাওয়ার স্টেশনে যেমন ওঠা নামা করে, মর্নিং ইভিনিং পিক আওয়ার্সে এটা ডিমান্ড অনুযায়ী ওঠা নামা করে, সেই রকম পাওয়ার জেনারেশনটা অ্যাটমিক পাওয়ার স্টেশনে ওঠা নামা চলতে পারে না, সেখানে সারা দিন ধ'রে এক গতিতে পাওয়ার তৈরি ক'রে যেতে হবে। কাজেই সেখানে পাওয়ারকে কনজিউম করতে গেলে সেখানে কতগুলি বড় বড় শিল্প থাকা দরকার এবং সেদিক থেকে হলদিয়া হবে সব চেয়ে ভাল জায়গা। হলদিয়ায় কতগুলি সরকারী পরিকল্পনা তৈরি হচ্ছে, তারপর হলদিয়ার

কাছাকাছি কলকাতা এবং ওড়িষ্যা ও বিহার রাজ্য সেখান থেকে দূরে নয়, সেই জন্য হলদিয়ায় অ্যাটমিক পাওয়ার স্টেশন তৈরির সব চেয়ে ভাল জায়গা ব'লে আমি মনে করি। এইসব বিবেচনা ক'রে শীঘ্র পূর্বাঞ্চলে, বিশেষ ক'রে পশ্চিমবাংলায় অবিলম্বে পারমাণবিক তাপবিদ্যুৎ-কেন্দ্র স্থাপন করুন, এই কথা কেন্দ্রীয় সরকারকে বলতে হবে।

এ ছাড়া এই জায়গায় আর একটা বিশেষ সুযোগ আছে যেটা একজন মাননীয় সদস্য বলেছেন। অ্যাটমিক পাওয়ার স্টেশনে একটা ওয়েস্ট প্রোডাক্ট হবে এবং সেই ওয়েস্ট প্রোডাক্ট খুব হেভিলি রি-অ্যাক্টিং এবং সেটা যাতে সমুদ্রের মধ্যে ফেলে দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। এদিক থেকে এই অঞ্চলে খুব সুবিধা আছে, কারণ সেখান থেকে সমুদ্র খুব দূরে নয় এবং এর মধ্যে ওয়েস্ট প্রোডাক্ট ফেললে অসুবিধা হবে না। সেজন্য আমি মনে করি পশ্চিমবাংলায় মেদিনীপুরের কোন একটা জায়গা যেটা সমুদ্র থেকে খুব দূরে নয় সেরকম একটা জায়গা পারমাণবিক কেন্দ্র স্থাপনের খুব উপযোগী। এর জন্য ভারত সরকারকে আমরা অনুরোধ করেছি। এদিক থেকে অহীনবাবু যে মোশান এনেছেন সেটা আমি পূর্ণ সমর্থন করি।

Mr. Deputy Speaker: Mr. Misra, you have got a right of reply. But everybody has supported your motion and so your reply has become very limited.

শ্রীঅহীন্দ্র মিশ্র: আমার মোশানকে যে সমস্ত মাননীয় সদস্যরা সমর্থন করেছেন তার জন্য আমি তাঁদের আন্তরিক ধন্যবাদ দিচ্ছি।

The motion of Shri Ahindra Misra that—

এই সভার মতে কৃষির আধুনিকীকরণ, শিল্পের সম্প্রসারণ প্রভৃতির জন্য ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা মেটাতে পশ্চিমবঙ্গে একটি আণবিক শক্তিকেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে অনতিবিলম্বে একটি পরিকল্পনা রূপায়িত করার জন্য কেন্দ্রীয় সরকারের উপর রাজ্যসরকারের চাপ সৃষ্টি করা উচিত।

was then put and agreed to.

The West Bengal Primary Education Bill, 1973

Shri Mrityunjoy Banerjee: Sir, I beg to introduce the West Bengal Primary Education Bill, 1973.

(Secretary then read the Title of the Bill.)

Shri Mrityunjoy Banerjee: Sir, I beg to move that the West Bengal Primary Education Bill, 1973, be referred to a Select Committee consisting of the following Members, namely:—

(1) Shrimati Amala Soren,
(2) Shri Satya Ranjan Bapuli,
(3) Shri Sibsankar Banerjee,
(4) Shri Md. Dedar Baksh,
(5) Shri Mrigendra Mukherjee,
(6) Shri Hemanta Kumar Datta,
(7) Shri Manoranjan Pramanik,
(8) Shrimati Ila Mitra,

(9) Shri Biswanath Chakravarti,

(10) Shri Shish Mohammad,

(11) Shri Pradyot Kumar Mahanti, and

(12) The Minister-in-charge of the Education Department

with instruction to submit their report by the 3rd May, 1973.

শ্রীমতী গীতা মুখার্জী: মিঃ ডেপুটি স্পীকার স্যার, আপনি আমাকে বলার জন্য অনুমতি দিয়েছেন ব'লে আপনাকে ধন্যবাদ দিচ্ছি। ইংরাজীতে একটা কথা আছে বেটার লেট দ্যান নেভার। মন্ত্রিসভা যখন এই বিলকে সিলেক্ট কমিটিতে দিতে রাজী হয়েছেন তার জন্য তাঁদের ধন্যবাদ দিচ্ছি।

The motion of Shri Mrityunjoy Banerjee for reference of the Bill to a Select Committee was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7-14 p.m. till 1 p.m. on Thursday, the 3rd May, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 3rd May, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 8 Ministers, 6 Ministers of State, 1 Deputy Minister and 153 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance, may kindly do so.

(There was none to take Oath.)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

তেলকলে সরিষা সরবরাহ

*৩৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৩৭।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সরিষার অভাবে মফঃস্বল শহরে ছোট ছোট তেলকলগুলি বন্ধ হয়ে যাচ্ছে;

(খ) অবগত থাকলে, ঐ তেলকলগুলি চালু রাখার জন্য সরিষা সরবরাহের কোন ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন কিনা ও করে থাকলে তা কি কি; এবং

(গ) জেলা শহরে কানাডা জাতীয় সরিষা সরবরাহের কোন কোটা ধার্য থাকলে, তা কি?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ (ক) ও (খ) এ সম্বন্ধে সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনগুলির নিকট হইতে সরকারের নিকট আবেদন পৌঁছিয়াছে, কিন্তু সরকার যেহেতু ব্যবসায়িক ভিত্তিতে সরিষা আমদানী করেন না সেহেতু ঐ মিলগুলিকে সরিষা সরবরাহ করা সম্ভব নয়।

(গ) এ বৎসরের প্রথম থেকেই কেন্দ্রীয় সরকার কানাডা হইতে আমদানীকৃত রেপসীডের এই রাজ্যের বরাদ্দের পরিমাণ ৪,০০০ টন হইতে কমাইয়া ২,০০০ টন করিয়া দিয়াছেন এবং যেহেতু এই পরিমাণ রেপসীড কলিকাতা এলাকার প্রয়োজনের তুলনায় অনেক কম সেইজন্য জেলা শহরে তাহা দেওয়া সম্ভব হইতেছে না।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি, পশ্চিমবাংলার বাইরে থেকে সরিষা আমদানী করার বা ক্রয় করে সেগুলি এখানকার তেলকলগুলিকে দেবার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ গত বছর আমরা খাদ্য দপ্তরের অধীনে নূতন ডাইরেক্টোরেট চালু করি—নন-সিরিয়াল এসেন্সিয়াল কমোডিটিস ডাইরেক্টোরেট। এর লক্ষ্য হচ্ছে তেল, ডাল, মশলা এবং অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিস বাইরে থেকে কিনে সুলভে ন্যায্যমূল্যে ক্রেতা সাধারণকে বিলি করা। সরষের তেল এবং বীজ কেনার ব্যাপারে রাষ্ট্রায়ত্ত ব্যাংক থেকে ৫ কোটি

টাকার ব্যবস্থা আমরা করেছি। কিন্তু খোলা বাজারে এই যে দাম বেড়েছে তার কারণ হচ্ছে বনস্পতি শিল্পকে অনুমতি দিয়েছে যার ফলে ডালডা বনস্পতি শিল্প খোলা বাজার থেকে সরষের তেল এবং বীজ ক্রয় করছে এবং তা থেকে বিশেষ একটা ব্রান্ড অব মাস্টার্ড অয়েল অর্থাৎ পরিশোধিত তেল বলে একটা তেল বাজারে ছাড়ছে। আমরা এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে লিখেছি এবং কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীকে জানিয়েছি যে, এই পার্মিসন উইথড্র করুন, এই রাজ্যের ক্রেতা সাধারণ এবং ছোট ছোট তেলকলগুলির মালিকদের স্বার্থে।

শ্রীরজনীকান্ত দলুই: গ্রামবাংলায় আমরা দেখতে পাচ্ছি সরষের তেলের অভাব এবং তার দাম বেড়ে যাবার ফলে গ্রামের লোকেরা তেল কিনতে পারছে না। আমার প্রশ্ন হচ্ছে সরষের তেলের দাম কেন বাড়ছে সেটা জানাবেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: সরষের বীজের উপর কোন কন্ট্রোল নেই। এখানে যেটা আসে তার অধিকাংশ অন্যান্য উদ্বৃত্ত রাজ্য থেকে আসে। এবারে আমরা আশা করেছিলাম যে, আমরা এই রাজ্য থেকে কিনতে পারব ডাইরেকটোরেটের মাধ্যমে। কিন্তু হঠাৎ বনস্পতি শিল্পকে অস্বাভাবিকভাবে কনসেসন দেওয়া হয়েছে। তারা প্রকাশ্য বাজারে কমপিট করছে এবং এনি কোয়ান্টিটি সরষের বীজ বাজার থেকে কিনছে। এরকম একটা বিগ অর্গানাইজড ইন্ডাস্ট্রির সঙ্গে ছোট ছোট তেলকলগুলির মালিকরা কমপিট করতে পারছে না। তারা এটা কেনার ফলে দাম বাড়ছে এবং নন-সিরিয়াল এসেন্সিয়াল কমোডিটিস ডাইরেক্টরেট কমপিটিটিভ বায়িং করে জিনিস কিনতে পারছে না এবং তার ফলে তেলের দাম বেড়েছে। আমরা এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি। কেন্দ্রীয় সরকার যদি এই অনুমতি প্রত্যাহার করে নেন, তা হলে তেলের দাম পড়ে যাবে।

শ্রীরজনীকান্ত দলুই: স্ট্যাটুটরি রেশন এলাকায় এম আর শপের মাধ্যমে যেভাবে সরষের তেল দেবার ব্যবস্থা আছে সেই ব্যবস্থা রুরাল এরিয়ার এম আর শপের মাধ্যমে করবেন কি?

[1-10—1-20 p.m.]

শ্রীকাশীকান্ত মৈত্র: উনি যে প্রশ্ন করলেন তা হয় না, এটা বুঝতে হবে। আমি প্রশ্নোত্তরে বলেছি, কানাডা থেকে ইমপোর্টেড রেপসীড যা ভারত সরকার আনেন স্টেট ট্রেডিং কর্পোরেশনের মাধ্যমে, তার থেকে মাসে ৪,০০০ টন পশ্চিমবঙ্গকে দেওয়া হচ্ছে। পশ্চিমবঙ্গে ৪,০০০ টন থেকে তেল করলে ১,৩০০ টন তেল হয়। কলকাতা এবং বিধিবদ্ধ রেশন এলাকায় ৮৬ লক্ষ লোককে আমরা রেশন দিই, তার মধ্যে মাত্র শতকরা ৬০ ভাগ লোককে এই ১,৩০০ টন বিক্রি করতে পারি, তাদের রিকোয়ারমেন্ট মিট করতে পারি এবং দাম হচ্ছে ৪ টাকা ৪০ পয়সা, সেটা কমিয়ে কেন্দ্রীয় সরকার করেছেন প্রতি মাসে ২,০০০ টন, ১,৩০০ টনে অর্ধেক হয়ে যাবে। সুতরাং এটা দিয়ে কলকাতার বিধিবদ্ধ রেশনের মাত্র ১০ পার্সেন্ট আমরা মিট করতে পারি। সুতরাং মফঃস্বল এলাকায় ১৩,০০০ রেশনের দোকানের মাধ্যমে তেল দেওয়া অসম্ভব।

শ্রীকাশীনাথ মিশ্র: বর্তমানে এখন সরষে আমদানীর সময়, এই আমদানীর সময় তেলের দাম বেড়ে যাচ্ছে এর কারণ কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: আমি এইমাত্র বললাম তার কারণ হচ্ছে খোলা বাজার থেকে যে সরষেটা তেল কলের মালিকরা বা স্মল ইন্ডাস্ট্রির মালিকরা খরিদ করতেন, আজকে ডালডা শিল্পকে জোর দেওয়া হয়েছে, তারা খোলা বাজার থেকে সরষের বীজ কিনে তার থেকে রিফাইন মাস্টার্ড অয়েল অর্থাৎ পরিশোধিত সরষের তেল বলে তারা তৈরি করছে এবং সেটা বাজারে ছেড়েছে এবং তার উপরে কোন প্রাইস কন্ট্রোল কেন্দ্রীয় সরকার নিয়োগ করেন নি। এর ফলে ডালডা শিল্প প্রচুর পরিমাণে সরষের বীজ বাজার থেকে কিনে নিচ্ছে ফলে বাজারে সরষের বীজের দাম বেড়ে গিয়েছে। পশ্চিমবঙ্গে যে পরিমাণ সরষের বীজ প্রতিদিন আসত এখন আর পরিমাণ অর্ধের হয়ে

গিয়েছে এবং বনস্পতি শিল্প এর সুযোগ নিয়ে তারা এই তেল তৈরি করছে। সেটা রিফাইন মাস্টার্ড অয়েলকে তাদের বনস্পতির একটা ইনগ্রাডিয়েন্ট হিসাবে ব্যবহার করছে। এই কনসেসনকে উইথড্র করে নেবার জন্য মাননীয় কেন্দ্রীয় মন্ত্রিমহাশয়কে বার বার অনুরোধ জানিয়েছি এবং বিধানসভার মাননীয় সদস্যরা এই কারযে যথেষ্ট উদ্বেগ প্রকাশ করেছেন এবং সংবাদপত্র এই সম্পর্কে অনেক গুরুত্বপূর্ণ মন্তব্য করেছেন। এই সমস্ত ব্যাপার নিয়ে আমরা কেন্দ্রকে জানিয়েছি যে, এই সম্বন্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা দরকার। এটা যদি কেন্দ্রীয় সরকার করেন অর্থাৎ যদি এই কনসেসন উইথড্র করে নেন, তা হলে আমাদের দৃঢ় বিশ্বাস যে সরষের তেলের দাম পড়ে যাবে।

শ্রীকাশীনাথ মিশ্র: বাঁকুড়া জেলাতের সরষে মজুত থাকা সত্ত্বেও বর্তমানে তেলের দর ৭ টাকা হয়েছে, এর কারণ কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: এটা বুঝছেন না কেন বাজারে যে সরষে আসে, সেই সরষে বনস্পতি শিল্প, তারা একটা বিগ অর্গানাইজেশন, তারা ওপেন মার্কেট থেকে কিনে নিচ্ছে, তার ফলে ওপেন মার্কেটের অ্যাভেলেবিলিটি অনেক কমে গিয়েছে এবং ফলে দাম বেড়ে গিয়েছে। রাজ্য সরকারের যে নন-সিরিয়াল এসেন্সিয়াল কমোডিটি ডিরেক্টরেট আছে, তারা খোলা বাজারে কম্পিটিটিভ রেটে কিনতে পারছে না। যে পজিশন হয়েছে তাতে সরকার একেবারে অসহায় হয়ে পড়েছে। কেন্দ্রীয় সরকার যদি এই কনসেসন উইথড্র করে না নেন, তা হলে অবস্থার উন্নতি হবে না।

শ্রীকাশীনাথ মিশ্র: বাঁকুড়াতে ৬টা মিল বন্ধ থাকার জন্য তেলের দর বাড়ছে, ঐ মিলগুলি কেন বন্ধ হয়েছে সে কারণ জানাবেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: এখানে এই প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নয়, তবে এইটুকু বলতে পারি যে, মাস্টার্ড সীড বাজারে কম আসছে, যেহেতু বনস্পতি শিল্প বেশী দাম দিয়ে কিনে নিচ্ছে, অনেক জেলার ছোট ছোট কল, তারা চড়া দামে সরষের বীজ কিনতে পারছে না এবং সরষে ভাঙ্গাতে পারছে না, তেল করতে পারছে না, যার ফলে তার জন্য তেলের দাম বেড়ে যাচ্ছে।

শ্রীমহম্মদ সফিউল্লা: সরষের তেলের বিকল্প কোন তেল চালু করবার জন্য রাজ্য সরকার বিবেচনা করছেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: সরষের তেল হচ্ছে মেন কুকিং মিডিয়াম। কেনাডিয়ান রেপসীড, যেটা আসে সেটাও সরষের তেল তবে তার মধ্যে ঝাঁজ নেই, কিন্তু একটু পাঞ্জেন্টস্মেল আছে, সেটাও সরষের তেল নেই। এটা ইমপোর্টেড, দাম কম বলে ৪·৪০ টাকা পার কেজি বিক্রি করতে পারতাম, আমরা নতুন কোন ব্রান্ড নিজেরা তৈরি করি নি।

শ্রীমহম্মদ সফিউল্লা: আমি সরষের তেলের বিকল্প বলতে বোঝাচ্ছি বাদাম তেল, এই ধরনের তেল বাজারে চালু করার কথা আপনি কি বিবেচনা করছেন ক্রাইসিস রোধ করবার জন্য?

শ্রীকাশীকান্ত মৈত্র: রাজ্য সরকারের কোন তেলের কল নেই এবং রাজ্য সরকারের কোন স্কীমও নেই যে কোন ব্রান্ডের তেল তৈরি করবেন। বাইরে থেকে যদি কুকিং মিডিয়াম আসে এবং যদি ফুড অ্যাডালটারেশান অ্যাক্টের আওতায় বা অফেন্সের মধ্যে না পড়ে এবং সেটা যদি কুকিং মিডিয়াম হিসাবে ব্যবহৃত হতে পারে এবং দাম যদি রিজনেবল হয়, তা হলে রাজ্য সরকার তখন সেটা বিবেচনা করে দেখবেন, প্রোডাকশনের ব্যাপারে রাজ্য সরকারের কোন পরিকল্পনা নাই।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, আমরা কাগজে দেখেছি সূর্যমুখী তেল বাজারে চালু করবার জন্য সরকার পরিকল্পনা নিয়েছেন এবং এর একটা ভ্যালুও আছে, এই তেলটা কি বিকল্প হিসাবে চালু করা সম্ভব, এটা কি আপনি মনে করেন?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আমরা দেখি, সূর্যমুখী তেল বাজারে এলে বুঝতে পারবো।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ সরষে ছাড়া আমি বলছি যে রেপসীড যেটা আমরা কানাডা থেকে আমদানী করছি সেই রেপসীড-এর আমদানী কি কমে গিয়েছে, এই জন্যই কি এই তেলের ক্রাইসিস?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ কানাডা থেকে যে রেপসীড ভারতবর্ষে আসে বছরে প্রায় ১০ হাজার মেট্রিক টন। তার মধ্যে থেকে পশ্চিমবঙ্গকে প্রায় ৪ হাজার টন করে মাসে দিয়ে থাকে। পার্লামেন্টে মাননীয় সদস্যরা এই ব্যাপারে খুবই সোচ্চার হয়েছিলেন এবং আমি তাঁদের কাছে কৃতজ্ঞ, তার ফলে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী শের সিং আগে বলেছিলেন যে, পশ্চিমবঙ্গে রেপসীড পাঠাবেন না, কিছুদিন আগে তিনি তাঁর বিবৃতি প্রত্যাহার করে বলেছেন যে, আমরা দু' হাজার করে পাঠাবো। এখন বনস্পতি শিল্প বলছে যে, যেহেতু আমেরিকা থেকে সোয়াবিন তেল আসতো এবং সেই সোয়াবিন তেল ডালডা ইত্যাদিতে ইনগ্রিডিয়েন্ট হিসাবে ব্যবহৃত হত, যেহেতু আজকে সেই তেলটা আর আসছে না, তাদের এই রেপসীড দেওয়া হচ্ছে এবং বনস্পতি শিল্প বিপুল পরিমাণে রেপসীড পাচ্ছে। এই রেপসীডটা আসলে এস টি সি-র এবং তার থেকে আমাদের মাসে দু' হাজার টন করে দেওয়া হয়।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, তিলের ব্যাপকভাবে পশ্চিমবঙ্গে চাষ হচ্ছে এবং এই তিলের তেলও খাওয়া যায়। এই তিলের তেল যাতে ব্যবহার করা যায় সেই জন্য রাজ্য সরকার কি কোন ব্যবস্থা গ্রহণ করবেন?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ এটা আমি বলতে পারি না, কারণ গভর্নমেন্ট তো কোন অর্ডার দিয়ে টেস্ট ক্রিয়েট করাতে পারবেন না। তিলের তেলে যে টেস্ট বদলে যাবে সেটা আমি বলতে পারি না।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই ব্যাপারে যে রিল্যাকশেসন দিয়েছেন কেন্দ্রীয় সরকার, তার জন্যই কি দামটা বাড়ছে, এতে কি বনস্পতি ব্যবসায়ীদের হাত আছে?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ থাকতে পারে।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ তা যদি হয়ে থাকে, তা হলে কেন্দ্রীয় সরকারের কাছে আমরা কি দাবি জানিয়েছি যে, এই দাম কমানোর জন্য বিহিত ব্যবস্থা করা হোক এবং বনস্পতি ব্যবসায়ীরা যাতে এই রকমভাবে দাম না বাড়াতে পারে তার জন্য বিহিত ব্যবস্থা গ্রহণ করা হোক?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ বহুবার বলা হয়েছে। এই হাউসেই বোধহয় আপনি অন্য কোন মাননীয় সদস্য প্রশ্ন করেছিলেন যার উত্তর দিয়েছিলাম এবং সমস্ত টেলিপ্রিন্টারে মেসেজটা দিয়ে দিয়েছিলাম।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ তা হলে কি আমরা ধরে নিতে পারে কেন্দ্রীয় সরকার এই দাম যখন বাড়ছে, তবুও কর্ণপাত করছেন না? এর দ্বারা ব্যবসায়ীদের সাহায্য করছেন এটা কি আমরা ধরে নিতে পারি?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ ইট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ন।

শ্রীহরশংকর ভট্টাচার্যঃ কেন্দ্রীয় সরকারের কাছে চিঠি লেখা ছাড়া আর কোন কার্যকর ব্যবস্থা অবলম্বন করার কথা আপনি ভাবছেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: মন্ত্রী হিসাবে চিঠি লেখা, দরবার করা, আবেদন-নিবেদন করা ছাড়া আর কি করার আছে আমি বুঝতে পারছি না। তবে আমি এই ব্যাপারে শেষবারের মত অধ্যাপক শের সিংকে অনুরোধ করেছি যে, আপনি যদি দ্রুত ব্যবস্থা না নেন, তা হলে খাদ্যমন্ত্রী হিসাবে আমি ভারতের প্রধানমন্ত্রীর কাছে বিচারের আবেদন জানাবো। এটাও টেলিপ্রিন্টার মেসেজে জানিয়েছি।

শ্রীআবদুল বারি বিশ্বাস: কেন্দ্রীয় সরকারের কাছে বারবার অনুরোধ করা সত্ত্বেও যখন কর্ণপাত করছেন না তখন এই বিষয় বিধানসভায় আপনার নির্বাচিত কিছু সদস্যদের নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে আপনার নেতৃত্বে একটা ডেপুটেশন পাঠাবার ব্যবস্থা করতে পারেন কি?

শ্রীকাশীকান্ত মৈত্র: ডেপুটেশনের চেয়ে আমার মনে হয় আপনারা যেভাবে এই বিষয়টা হাউসে তুলে ধরেছেন এবং সংবাদপত্রে যেভাবে বেরিয়েছে তাতে পশ্চিমবঙ্গের হাত খুব জোরদার হয়েছে. আমি আশা করছি যে, এই বিষয় কেন্দ্রীয় সরকার একটা দ্রুত সিদ্ধান্ত নেবেন।

শ্রীশরৎচন্দ্র দাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, কেন্দ্রীয় সরকার খাদ্যশস্য রাষ্ট্রায়ত্ত করার ফলে ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্ত হয়েছে এবং তার ফলে সরিষার তেল, ডাল ইত্যাদি নিত্য প্রয়োজনীয় জিনিস তারা স্টক করে ধরে রেখে দিয়ে এই সমস্ত জিনিসের মূল্য বাড়ানোর চেষ্টা করছে?

শ্রীকাশীকান্ত মৈত্র: যারা বড় বড় পাইকারী ব্যবসায়ী, কায়েমী স্বার্থের যারা প্রতীক, তারা সরকারের প্রগতিশীল কাজকে বানচাল করবার জন্য সচেষ্ট থাকবেন, কিন্তু তাদের সেই ষড়যন্ত্রকে ব্যর্থ করবার জন্য আমরা সকলের সহযোগিতা নেবো। আমরা সকলে মিলে কাজ করতে প্রস্তুত এবং আমার দৃঢ় বিশ্বাস যে, এই কায়েমী স্বার্থের ষড়যন্ত্রকে আমরা ভেঙ্গে দিতে পারবো।

শ্রী [illegible] দলুই: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যেভাবে সরিষার অভাবে সরিষার তেলের দাম বেড়ে যাচ্ছে, তেলকলগুলি বন্ধ হয়ে যাচ্ছে, এই যে অস্বাভাবিক অবস্থা দেখা দিয়েছে এই অস্বাভাবিক অবস্থার সুরাহা কত দিনের মধ্যে আমরা দেখতে পাবো? সরিষার তেল ন্যায্যমূল্যে পাওয়া যাচ্ছে এটা আমরা কতদিনের মধ্যে আশা করতে পারি?

শ্রীকাশীকান্ত মৈত্র: এটা কি করে উত্তর দেবো।

[1-20—1-30 p.m.]

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: স্যার, কয়লার প্রশ্নটার উত্তর দিতে যদি অনুমতি দেন তো ভাল হয়, মিনিস্টার রাজী আছেন।

Mr. Speaker: If the Hon'ble Minister feels that in public interest the answer should be given and if there is a request from him to me, then I can allow.

অরঙ্গাবাদ বাজারে প্রসূতি সদন ও শিশু-কল্যাণ সদন

*১১৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪১।) **শ্রীশীশ মহম্মদ:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৫৯ সালের ১৬ই ডিসেম্বর স্টেট ব্যাঙ্কের ৭৭১১৪৪নং ড্রাফটে মুর্শিদাবাদ জেলার সুতী থানার অধীন অরঙ্গাবাদ বাজারে প্রসূতি সদন ও শিশু-কল্যাণ সদন স্থাপনের উদ্দেশ্যে ১৫,০০০·০০ টাকা জমা দেওয়া হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে,—

(১) উক্ত প্রসূতি সদন ও শিশু-কল্যাণ সদন স্থাপনে বিলম্বের কারণ কি, ও

(২) বর্তমানে উক্ত প্রসূতি সদন ও শিশু-কল্যাণ সদন স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

শ্রীগোবিন্দচন্দ্র নস্কর: (ক) সত্য নহে।

(খ) (১) এবং (২) প্রশ্ন উঠে না।

শ্রীশীশ মহম্মদ: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এটা ১৯৫৯ সালের ১৬ই ডিসেম্বরের কথা বলছি,, তারপরে ১৯৬৪ সালের মধ্যে সেখানে চেস্ট ক্লিনিক করার পরিকল্পনা সরকারের ছিল কিনা বা কোন প্রস্তাব এসেছিল কিনা?

শ্রীগোবিন্দচন্দ্র নস্কর: ১৯৬৪ সালে ওখানে বিড়ি শ্রমিকদের একটা ইউনিয়ন ছিল, তারা ১৫ হাজার টাকা ডোনেট করেছিল চেস্ট ক্লিনিক করার জন্য।

শ্রীশীশ মহম্মদ: সেখানে চেস্ট ক্লিনিক করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

শ্রীগোবিন্দচন্দ্র নস্কর: মৃণালিনী মেটারনিটি চাইল্ড ওয়েলফেয়ার সেন্টারকে সরকার ১৯৫৬ সালে টেক ওভার করেন। সেখানে একটা সাবসিডিয়ারী হেল্থ সেন্টার চলছে। যেহেতু বিড়ি শ্রমিক ইউনিয়নের গরিব মানুষরা ১৫ হাজার টাকা দান করেছিলেন সেজন্য আমরা সেখানে টি বি চেস্ট ক্লিনিক করার জন্য চেষ্টা করছি। সেখানে কোন অ্যাপ্রোচ রোড ছিল না, অ্যাপ্রোচ রোড কমপ্লিট হলে তাড়াতাড়ি ব্যবস্থা হবে।

শ্রীশীশ মহম্মদ: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, সেখানে চেস্ট ক্লিনিক করবার যে পরিকল্পনা আছে বললেন সেটা কত দিনের মধ্যে কার্যকর হতে পারে?

শ্রীগোবিন্দচন্দ্র নস্কর: আমি তো বললাম ওখানে কোন অ্যাপ্রোচ রোড ছিল না। কিন্তু ডি এম, মুর্শিদাবাদ জেলা, জানিয়েছেন ডেভেলপমেন্টের একটা সরু রাস্তা করা হয়েছে জীপ গাড়ি যাবার। ওখানে মালপত্র যাবার সুবিধা হলে সত্বর এই কাজ করা হবে।

শ্রীশরৎচন্দ্র দাস: এই যে বক্ষ চিকিৎসার জন্য বিড়ি শ্রমিকদের টাকাটা জমা করেছেন সেটা কত দিনের মধ্যে জমা করেছেন?

শ্রীগোবিন্দচন্দ্র নস্কর: আমি আগেই উত্তর দিয়েছি যে, ১৯৬৪ সালে।

Mr. Speaker: I am repeating the questions again, *1165 and *1167. Now held over questions.

Mr. Speaker: *1136 is again held over.

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় স্পীকার মহাশয়, রমেন্দ্রনাথ দত্ত মহাশয়ের যে কোশ্চেন ছিল, রুলসে প্রভিসান আছে, রাষ্ট্রমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, দয়া করে তিনি যদি এর উত্তর দেন তা হলে বিধানসভার সদস্যরা বাধিত হবেন। কাজেই অনুগ্রহ করে তিনি এর উত্তরটা দিন।

শ্রীগোবিন্দচন্দ্র নস্কর: স্পীকার মহাশয় অনুমতি দিলে উত্তর দেব।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য শ্রীঅশ্বিনী রায়ের প্রশ্নটি গুরুত্বপূর্ণ, কাজেই আপনি যদি অনুমতি দেন, তা হলে আমি উত্তর দেব।

Mr. Speaker: If you feel that the question is very important then I give permission.

কয়লার মূল্য নির্ধারণ ও বণ্টন

***১১৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৩৯।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কয়লাখনি কর্তৃপক্ষ পশ্চিমবঙ্গ রাজ্য সরকারকে পশ্চিমবঙ্গের জন্য কয়লার মূল্য নির্ধারণ এবং বিতরণের দায়িত্ব দিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, পশ্চিমবঙ্গ সরকার উক্ত দায়িত্ব পালনের জন্য কি কি কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ও উক্ত দায়িত্ব কোন্ ধরনের কয়লার জন্য?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আমরা কোন টেকনিকালিটিজের সুযোগ নিয়ে উত্তর দিতে চাই না, এই রকম ধারণা যেন মাননীয় সদস্যদের না হয়, আমি উত্তরটা পড়ে দিচ্ছি।

(ক) না। ভারত সরকারের অধীনস্থ একটি সংস্থা হিসাবে কয়লাখনি কর্তৃপক্ষের (কোল মাইন অথরিটি) পক্ষে কোন রাজ্য সরকারকে জ্বালানি কয়লার মূল্য নির্ধারণ ও বিতরণের ব্যাপারে কোন দায়িত্ব অর্পণ করার ক্ষমতা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীহরশংকর ভট্টাচার্যঃ যতদূর শুনেছি, বর্ধমান অঞ্চল থেকে—খবরটা সত্য কিনা জানি না —সেটা আপনি বলবেন, সেটা হচ্ছে কয়লা বণ্টন করবার পদ্ধতির পরিবর্তন এসেছে, ব্যাংক থেকে ড্রাফট নিতে হয়, তারপর নিয়ে তিন চার দিন ওয়েট করতে হয়, এতে সময় লাগে বলে ওখানে অসাধু ব্যবসায়ীর সৃষ্টি হয়েছে, তারা আগে থেকে ব্যাঙ্ক থেকে ড্রাফট কিনে নিয়ে কয়লার ব্যবসায়ীদের কাছে বিক্রি করে, বণ্টন ব্যবস্থায় এই ত্রুটির জন্য দরবৃদ্ধি হচ্ছে কিনা?

শ্রীকাশীকান্ত মৈত্রঃ যখন কেন্দ্রীয় সরকারের ডিসিসন আমি ঘোষণা করি তখন এই হাউসে মাননীয় সদস্য শ্রীআনন্দগোপাল মুখার্জি একটা সাজেসন রেখেছিলেন, তার ভিত্তিতে এই হাউসের সমস্ত দলের ৫০ জন সদস্যদের নিয়ে একটা কোল অ্যাডভাইসারি কমিটি করেছি, চেয়ারম্যান আছেন অজয় মুখার্জি, তিনি এবং আরও কয়েকজন সদস্য--শ্রীনরেশ চাকী, কার্তিকচন্দ্র বিশ্বাস সেই জায়গায় ঘুরে এসে রিপোর্ট দিয়েছেন, আমি একথা বলতে পারি, কয়েকটি জেলা ঘুরে এসে, জেলা ম্যাজিস্ট্রেটের সঙ্গেও কথা বলেছি, কয়েকটি জেলার অবস্থা দ্ব্যর্থহীনভাবে উন্নতি হয়েছে, সেখানে বণ্টনের যে অসুবিধা ছিল তা দূর করবার ব্যবস্থা নেওয়া হয়েছে, অধিকসংখ্যক লোক যাতে সরাসরি সেখান থেকে কয়লা আনতে পারে তার ব্যবস্থা করেছি, মাননীয় বিশ্বনাথ-বাবু মেদিনীপুর থেকে ডেপুটেশন দিয়েছিলেন, তাঁর সঙ্গেও আলোচনা হয়েছে, যাতে রিটেইলারা হোলসেলারদের এড়িয়ে সরাসরি কয়লার খনি থেকে কয়লা আনতে পারে সে ব্যবস্থা হয়েছে। আশা করি এতে করে দামও কম হবে এবং সরবরাহ ব্যবস্থা আরও ভাল হবে।

Mr. Speaker: Regarding question No. 1135, Mr. Naskar, if you feel that for public interest the answer should be given and if you seek my permission to that effect, then I can give you the permission. Do you feel that the answer should be given and do you seek my permission?

Shri Gobinda Chandra Naskar: Sir, I want your permission.

HELD OVER STARRED QUESTIONS

(to which oral answers were given)

পশ্চিম দিনাজপুর জেলায় জুনিয়র নার্সিং ট্রেনিং-এ ক্যান্ডিডেট সিলেকশনের জন্য কমিটি গঠন

*১১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৮০।) **ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় জুনিয়র নার্সিং ট্রেনিং-এর জন্য ক্যান্ডিডেট সিলেকশন করার ব্যাপারে কোন কমিটি গঠন করা হইয়াছে কি; এবং

(খ) "(ক)" প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে,

(১) কমিটির মেম্বারদের নাম কি;

(২) কোন্ তারিখ থেকে সেই কমিটি কাজ করছেন; এবং

(৩) কমিটির কোন মিটিং হয়েছে কিনা এবং হয়ে থাকলে, ৫-৪-৭৩ পর্যন্ত কয়টি মিটিং হয়েছে?

শ্রীগোবিন্দচন্দ্র নস্করঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ১লা মার্চ, ১৯৭২ তারিখের একটি আদেশে নিম্নলিখিত সদস্যদের লইয়া একটি কমিটি গঠিত হইয়াছিলঃ

(১) সি এম ও এইচ, পশ্চিম দিনাজপুর—চেয়ারম্যান।

(২) ডি এম ও, সদর হাসপাতাল, বালুরঘাট, পশ্চিম দিনাজপুর—সদস্য।

(৩) নার্সিং সুপারিন্টেন্ডেন্ট, সদর হাসপাতাল, বালুরঘাট, পশ্চিম দিনাজপুর—সদস্য।

(৪) সিস্টার টিউটর, সদর হাসপাতাল, বালুরঘাট, পশ্চিম দিনাজপুর—সদস্য।

(৫) পশ্চিমবঙ্গ স্বাস্থ্য কৃত্যক অধিকর্তার প্রতিনিধি—সদস্য।

(৬) হাসপাতালের সাইকোলজিস্ট অথবা সাইকিয়াট্রিস্ট (যদি কেহ থাকেন)—সদস্য।

২৭শে জানুয়ারি, ১৯৭৩ তারিখের আর একটি আদেশে বিধানসভার নিম্নলিখিত তিন জন সদস্য ঐ কমিটিতে অন্তর্ভুক্ত হনঃ

(১) শ্রীবীরেশ্বর রায়, এম এল এ, পশ্চিম দিনাজপুর—সদস্য।

(২) ডাঃ রমেন দত্ত, এম এল এ, পশ্চিম দিনাজপুর—সদস্য।

(৩) শ্রীমসলুদ্দীন আমেদ, এম এল এ, পশ্চিম দিনাজপুর—সদস্য।

(২) ১লা মার্চ, ১৯৭২।

(৩) ৮ই জানুয়ারি হইতে ১৩ই জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত একটি মিটিং হইয়াছিল, তারপর আর কোন মিটিং হয় নাই।

২৭শে জানুয়ারীর পর কোন মিটিং না হওয়ায় বিধান সভার তিন জন সদস্য প্রার্থী নির্বাচনে অংশ গ্রহণ করিতে পারেন নাই। সেই জন্য সম্প্রতি একটি আদেশে এই নির্দেশ দেওয়া হইয়াছে যে নির্বাচিত প্রার্থীদের তালিকা যেন সকল সদস্য বিশিষ্ট কমিটির অনুমোদনের জন্য প্রেরণ করা হয় এবং যদি তাহা অনুমোদিত না হয় তবে সমস্ত বিষয়টি সরকার নূতন করিয়া বিবেচনা করিবেন।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

খাদি ও গ্রামীণ শিল্প

৫১৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৭৭।) **শ্রীহেমন্ত দত্তঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে খাদি ও গ্রামীণ শিল্পের উন্নতির জন্য ১৯৭২-৭৩ ও ১৯৭৩-৭৪ সালে সরকার খাদি পর্ষদকে কত ঋণ ও অনুদান মঞ্জুর করিয়াছেন; এবং

(খ) বেকার সমস্যা সমাধানের জন্য সরকারের খাদি শিল্পের উন্নতির কোন পরিকল্পনা আছে কি?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গ সরকার ঋণ বাবত কোনও অর্থ খাদি পর্ষদকে মঞ্জুর করেন না।

অনুদান বাবত পর্ষদকে নিম্নলিখিত অর্থ মঞ্জুর করা হইয়াছেঃ

সাল	অর্থের পরিমাণ (টাকা)
১৯৭২-৭৩	১৯ লক্ষ ৬৪ হাজার
১৯৭৩-৭৪	এ পর্যন্ত ১৪ লক্ষ

(খ) খাদি শিল্পের উন্নতির জন্য একটি ব্যাপক পরিকল্পনা সরকার কর্তৃক গৃহীত হইয়াছে। উক্ত পরিকল্পনা রূপায়ণের প্রারম্ভিক কর্ম হিসাবে গত বৎসর মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া এবং পশ্চিম দিনাজপুর জিলায় সার্ভে করা হইয়াছে এবং এই সার্ভে অনুসারে সরকার এই জেলাগুলির জন্য একটি পরিকল্পনা (স্কীম) রচনা করিয়া খাদি কমিশনের নিকট পাঠাইয়াছেন।

সিদ্ধেশ্বরী জলাধার প্রকল্প

৫১৫। (অনুমোদিত প্রশ্ন নং ২১৬২।) **শ্রীদ্বিজপদ সাহাঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার খরাক্লিষ্ট রাজনগর থানার জমিতে সেচের জন্য সিদ্ধেশ্বরী পরিকল্পনার কাজ চালু করার কোন পরিকল্পনা আছে কি;

(খ) থাকিলে, এই পরিকল্পনার কাজ কবে নাগাত শেষ হইবে বলিয়া আশা করা যায়; এবং

(গ) এই প্রকল্পের কাজ শেষ হইলে রাজনগর থানার কোন্ কোন্ অঞ্চলের কোন্ কোন্ মৌজার কত একর জমি ইহার দ্বারা উপকৃত হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয়ঃ (ক) হ্যাঁ, সিদ্ধেশ্বরী জলাধার প্রকল্প নামে একটি প্রকল্প বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

(খ) সিদ্ধেশ্বরী জলাধার নির্মাণের জন্য প্রস্তাবিত এলাকার কিছু অংশ বিহারের মধ্যে পড়ায় উক্ত অঞ্চলে অনুসন্ধান কার্য চালাইবার জন্য বিহার সরকারের অনুমতি চাওয়া হইয়াছিল। কিন্তু এই অনুমতি এখনও পাওয়া যায় নাই। ফলে প্রকল্পটি প্রস্তুত করা এখনও সম্ভব হয় নাই। তাই প্রকল্পটির কাজ কবে নাগাত আরম্ভ বা শেষ হইবে তাহা বলা সম্ভব নয়। বিহার সরকারের অনুমতি লাভের জন্য বিষয়টি উচ্চতর পর্যায়ে গ্রহণ করা হইয়াছে।

(গ) প্রকল্পটির কাজ সমাপ্ত হইলে রাজনগর এবং দুবরাজপুর থানার শতকরা প্রায় ষাট ভাগ জমি উপকৃত হইবে বলিয়া আশা করা যায়। প্রকল্পটি প্রস্তুত না হওয়া পর্যন্ত বিশদ বিবরণ দেওয়া সম্ভব নয়।

পারাং নদীর সংস্কার

৫৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫৫।) **শ্রীরজনীকান্ত দলুইঃ** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার পারাং নদী সংস্কার করিলে কেশপুর থানার হাজার হাজার একর জমিতে বৎসরে দুই/তিন বার ফসল সম্ভব হইবে; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত নদী সংস্কার করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; ও থাকিলে কবে নাগাত উহা কার্যকর হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) পারাং খালের কিছু অংশ কংসাবতী সেচ এলাকার ভিতর পড়িয়াছে ও প্রকল্প সম্পূর্ণ হইলে কংসাবতী পরিকল্পনা হইতে সে অঞ্চলে সেচ সম্ভব হইবে।

বর্তমানে পারাং নদী সংস্কারের কোন পৃথক পরিকল্পনা নাই। কিন্তু পারাং নদীর জলের সাহায্যে, কংসাবতী মূল পরিকল্পনার সেচ এলাকার বহির্ভূত অঞ্চলে সেচের জল সরবরাহ করিবার জন্য একটি পরিকল্পনার সম্ভাব্যতা বিবেচনা করিয়া দেখা হইবে। কিন্তু এ বিষয়ে সমীক্ষার কাজ কংসাবতী মূল পরিকল্পনার কাজ সমাপ্ত হওয়ার পূর্বে শুরু করা সম্ভব হইবে না।

মেদিনীপুর জেলায় বন বিভাগের মোট বনভূমির পরিমাণ

৫৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৯৩।) **শ্রীঠাকুরদাস মাহাতোঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার মোট কত পরিমাণ জমি বন বিভাগের জমিরূপে চিহ্নিত হইয়াছে, ও উহার মধ্যে মোট কত জমিতে অরণ্য রহিয়াছে;

(খ) বন বিভাগের যে জমিতে অরণ্য নাই তাহার পরিমাণ কত;

(গ) উল্লিখিত অরণ্যবিহীন বন বিভাগের কত পরিমাণ জমিতে গত সনের শেষ পর্যন্ত স্থানীয় কৃষকগণ জবরদখল করিয়া চাষ করিতেছেন ও এইরূপ চাষীর সংখ্যা কত;

(ঘ) বন বিভাগের উল্লিখিত জমি যাহা সম্পূর্ণরূপে কৃষিজমিতে পরিণত হইয়াছে সেগুলি ঐ কৃষকদিগকে দেওয়ার কথা সরকার চিন্তা করিতেছেন কি;

(ঙ) ভূমি সংস্কার বিভাগের যে জমিতে অরণ্য রহিয়াছে এবং যাহা কৃষিযোগ্য নহে সেই জমিগুলি বন বিভাগের অন্তর্ভুক্ত করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(চ) এই জেলার কোন্ কোন্ ব্লকে গত ১৯৭২ সালের মার্চ মাস হইতে গত ৩১শে জানুয়ারি পর্যন্ত মোট কত জমিতে নূতন বনসৃষ্টির জন্য (প্ল্যান্টেশন) মোট কত টাকা বরাদ্দ করা হইয়াছে?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মেদিনীপুর জেলার মোট বনভূমির পরিমাণ ৪,২৫,২০৭;৭০ একর।

তন্মধ্যে মোট অরণ্যাবৃত অঞ্চল ৩,৬৭,৭৯৬;৯১ একর।

(খ) অরণ্য বিহীন—লতাগুল্ম সহ মোট বনভূমির পরিমাণ ৫৭,৪১০·৭৯ একর।

(গ) ৩১শে ডিসেম্বর, ১৯৭২ তারিখ পর্যন্ত জবরদখলীকৃত বনভূমির পরিমাণ ৯,৯২১·২৪ একর।

জবরদখলী চাষীর সঠিক সংখ্যা বলা সম্ভব নয়।

(ঘ) এই বিষয়ে বিগত ২৬শে জুন, ১৯৬৯ তারিখে মন্ত্রিমণ্ডলীর বৈঠকে সিদ্ধান্ত হইয়াছে এবং সেই অনুসারে বিষয়গুলি বিবেচিত হইতেছে। জবরদখলী বনভূমির মধ্যে কোন জমি কৃষিযোগ্য বলিয়া বিবেচিত হইলে উহা ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগকে হস্তান্তর করা হইবে এবং উক্ত বিভাগই পরবর্তী বণ্টন প্রভৃতির কাজ করিবেন।

(ঙ) রাজস্ব পর্ষদের নির্দেশানুসারে বনভুক্তির আধিকারিকগণ জেলা কর্তৃপক্ষের কাছে অরণ্যভূমি এবং কৃষিযোগ্য নহে এরূপ ভূমি বন বিভাগে হস্তান্তর করিবার জন্য যথারীতি প্রস্তাব পাঠাইতেছেন।

(চ) গত ১৯৭২ সালের মার্চ মাস হইতে গত ৩১শে জানুয়ারি পর্যন্ত নিম্নলিখিত ব্লকগুলিতে মোট ৬,৩২০·০০ একর জমিতে মোট ১৫,৮৩,১০৭ টাকা ব্যয় করিয়া নূতন বনসৃষ্টি করা হইয়াছেঃ

(১) গড়বেতা (১), (২) এবং (৩)
(২) কন্টাই
(৩) রামনগর
(৪) মেদিনীপুর
(৫) খেজুরী
(৬) শালবনী
(৭) বিনপুর (১)
(৮) ঝাড়গ্রাম
(৯) খড়্গপুর
(১০) কেশীয়াড়ী
(১১) সাঁকরাইল
(১২) নারায়ণগড়
(১৩) বিনপুর
(১৪) বেলপাহাড়ী
(১৫) নয়াগ্রাম
(১৬) গোপীবল্লভপুর

সাংবাদিক ও ফটোগ্রাফারদের পরিচয়-পত্র

৫৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২২৮।) **ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ** তথ্য এবং জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাপ্তাহিক পত্রিকার সাংবাদিক ও ফটোগ্রাফাররা যাহাতে কাজকর্ম অবাধে করিতে পারেন, তাহার জন্য কোন সরকারী পরিচয়-পত্র দরকার হয় কি; এবং

(খ) সাপ্তাহিক পত্রিকার ও দৈনিক পত্রিকার বার্তা-সম্পাদক, সম্পাদকরা নিজ নিজ পত্রিকার সাংবাদিক ও ফটোগ্রাফারদের দেয় পরিচয়-পত্র সরকারী সংবাদ সংগ্রহের ক্ষেত্রে সর্বত্র প্রযোজ্য কিনা?

তথ্য এবং জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বিশেষ বিশেষ স্থানে, ক্ষেত্র ও সরকারী অনুষ্ঠান যেখানে প্রবেশাধিকারের জন্য সরকারী পরিচয়পত্র প্রয়োজন হয় সেই সব ক্ষেত্র ছাড়া সাংবাদিক ও ফটোগ্রাফারদের অবাধে কাজকর্ম করিবার কোন বাধার কথা জানা নাই।

(খ) "ক" প্রশ্নের উত্তরে বর্ণিত কারণে সাপ্তাহিক পত্রিকা ও দৈনিক পত্রিকার বার্তা-সম্পাদক ও সম্পাদকের নিজ নিজ পত্রিকার সাংবাদিক ও ফটোগ্রাফারদের দেয় পরিচয়-পত্র সরকারী সংবাদ সংগ্রহের ক্ষেত্রে সর্বত্র প্রযোজ্য নয়।

মেদিনীপুর জেলার ভূমিহীন কৃষকদের মধ্যে জমি বণ্টন

৫৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫২।) **শ্রীঅজিতকুমার বসু** (মেদিনীপুর)ঃ ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় বর্তমানে কতজন ভূমিহীন চাষীকে সরকার কর্তৃক খাস জমি বন্দোবস্ত দেওয়া হয় নাই;

(খ) উক্ত ভূমিহীনদের ভূমি বণ্টনের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন; এবং

(গ) উক্ত জেলায় বিভিন্ন কোর্টে মোকদ্দমা থাকার জন্য কত পরিমাণ জমি বর্তমানে বণ্টন করা সম্ভব হইতেছে না?

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কতজনকে দেওয়া হয় নাই তাহার কোন তথ্য সরকারের হাতে নাই।

(খ) যাহাতে ভূমিহীনদের মধ্যে বিলি করার জন্য অধিক জমি পাওয়া যায় তাহার জন্য জমির উর্ধ্বসীমা কমানো হইয়াছে। ন্যস্ত জমি যত তাড়াতাড়ি সম্ভব বিলি করার ব্যবস্থা করা হইতেছে।

(গ) ২৫,১৩২.৭৭ একর।

ঝিল্লী ও সাদল অঞ্চলে সরকারে ন্যস্ত জমি

৬০০। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৮।) **শ্রীহরেন্দ্রনাথ হালদারঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খড়গ্রাম থানার ঝিল্লী ও সাদল অঞ্চলে কত জমি এ পর্যন্ত সরকারে ন্যস্ত হইয়াছে;

(খ) এই সমস্ত জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে কিনা ও না হইলে তাহার কারণ কি;

(গ) সরকার কি অবগত আছেন যে, বিনা লাইসেন্স ফি-তে কিছু লোক ঐ জমি (ভেস্টেড) ভোগদখল করছে; এবং

(ঘ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করছেন?

ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ঝিল্লী অঞ্চলে সরকারে ন্যস্ত জমির পরিমাণ ১৮২·৮৫ একর। সাদল অঞ্চলে সরকারে ন্যস্ত জমির পরিমাণ ২৮১·৭৮ একর।

(খ) ঝিল্লী অঞ্চলে ১৭৬·৩২ একর জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে এবং বাকি জমি বন্দোবস্ত দেওয়ার ব্যবস্থা হইতেছে। সাদল অঞ্চলে ৭৩·৫০ একর জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে। বাকি জমি বিশেষ চেষ্টা সত্ত্বেও ভূমিহীনদের মধ্যে বিতরণ করা সম্ভব হয় নাই। কারণ অধিকাংশ জমির রেকর্ডে জবরদখলকারী ও অনুমতিদখলকারীর নাম রেকর্ড করা আছে।

তাহাদের মধ্যে ন্যস্ত জমি বন্দোবস্ত পাইবার যোগ্য ব্যক্তি আছেন কিনা তাহা তদন্ত করিয়া দেখা হইতেছে।

(গ) হ্যাঁ।

(ঘ) পশ্চিমবঙ্গ জমিদারী দখল আইনের ১০(৬) ধারার বিধান অনুযায়ী খেসারত আদায়ের জন্য ঐ সমস্ত ব্যক্তিগণের বিরুদ্ধে সার্টিফিকেট দায়ের করা হইয়াছে।

পশ্চিমবাংলায় ইন্ডাস্ট্রি স্থাপনের জন্য লাইসেন্স

৬০১। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৮১।) **ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ** শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে পশ্চিমবাংলায় ইন্ডাস্ট্রি স্থাপনের জন্য কতগুলি লাইসেন্স দেওয়া হয়েছে; এবং

(খ) তন্মধ্যে—

(১) পশ্চিম দিনাজপুর জেলার জন্য কয়টি, ও

(২) উত্তর বাংলার পাঁচটি জেলার জন্য কয়টি লাইসেন্স দেওয়া হয়েছে?

শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৯০টি।

(খ) (১) একটিও নয়।

(২) তিনটি।

পুরুলিয়া জেলায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ

৬০২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩০৩।) **শ্রীকিংকর মাহাতঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পুরুলিয়া এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিসে ২১শে মার্চ, ১৯৭৩ তারিখ পর্যন্ত কোন্ শ্রেণীর কত বেকার যুবক-যুবতী চাকুরীর জন্য নাম রেজিস্ট্রি করিয়াছেন?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ শিক্ষাগত মান অনুযায়ী কর্মপ্রার্থীদের পরিসংখ্যান প্রতি বৎসর জুন ও ডিসেম্বর মাসে তৈরী করা হয়। সেই জন্য ২১শে মার্চ, ১৯৭৩ তারিখের পরিসংখ্যান দেওয়া যাচ্ছে না। তবে ৩১শে ডিসেম্বর, ১৯৭২ তারিখের পরিসংখ্যান অনুযায়ী পুরুলিয়া ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে শিক্ষাগত মান অনুযায়ী রেজিস্ট্রিকৃত কর্মপ্রার্থীর সংখ্যা নিম্নরূপঃ

(১) স্কুল ফাইন্যাল	...	৩,৫১৪
(২) হায়ার সেকেন্ডারি ও আন্ডার গ্রাজুয়েট	...	৪,২৮৭
(৩) গ্রাজুয়েট	...	১,৩৫০
(৪) স্কুল ফাইনালের নিম্নে (অশিক্ষিত সহ)	...	২৬,৭৩৫

মুর্শিদাবাদ জেলায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ

৬০৩। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫৭।) **শ্রীআদ্যচরণ দত্তঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সালের ২৮শে ফেব্রুয়ারী তারিখে মুর্শিদাবাদ জেলায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-গুলিতে তালিকাভুক্ত প্রার্থীর সংখ্যা কত ছিল;

(খ) উক্ত তালিকার মধ্যে মহিলা প্রার্থীর সংখ্যা কত; এবং

(গ) উক্ত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফৎ ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারী পর্যন্ত) কতজন কর্মপ্রার্থীর কর্মসংস্থান হইয়াছে (পুরুষ কতজন ও মহিলা কতজন)?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭৩ সালের ২৮শে ফেব্রুয়ারী তারিখে মুর্শিদাবাদ জেলার কর্মসংস্থান কেন্দ্রগুলিতে মোট তালিকাভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা ছিল ৪৭,৯৭৫ জন।

(খ) মহিলা কর্মপ্রার্থীর সংখ্যা ৩,০৮৮ জন।

(গ) ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারী পর্যন্ত) উক্ত কর্মসংস্থান কেন্দ্রগুলি মারফৎ ৫৫৫ জন পুরুষ ও ২৬ জন মহিলা কর্মপ্রার্থীর কর্মসংস্থান হইয়াছে।

আমতা ২নং ও উদয়নারায়ণপুরের জে এল আর ও অফিস

৬০৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮৫।) **শ্রীসরোজরঞ্জন কাঁড়ারঃ** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার আমতা ২নং ও উদয়নারায়ণপুরের বর্তমান জে এল আর ও অফিস পরিবর্তনের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে,

(১) তাহার কারণ কি; ও

(২) কতদিনে তাহার কাজ সম্পন্ন হবে?

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হাওড়া জেলার আমতা ২নং জে এল আর ও অফিস স্থানান্তরিত করার প্রস্তাব বিবেচনাধীন আছে। উদয়নারায়ণপুরের অফিস স্থানান্তরিত করার কোন প্রস্তাব নাই।

(খ) (১) বর্তমান আমতা ২নং জে এল আর ও অফিসে স্থানাভাব, যাতায়াতের অসুবিধা এবং অফিসটি থানা ও বি ডি ও অফিসের নিকটবর্তী না হওয়ার জন্য প্রশাসনিক এবং সর্বোপরি জনসাধারণের অসুবিধার জন্য প্রস্তাবটি বিবেচনা করা হইতেছে।

(২) এ ব্যাপারে আরও কিছু তদন্ত করার পর সিদ্ধান্ত লওয়া হইবে।

জেলাভিত্তিক স্টেডিয়াম

৬০৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪৭।) **শ্রীশঙ্করদাস পালঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্টেডিয়াম নির্মাণের কোন পরিকল্পনা সরকারের

(খ) (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে এ পর্যন্ত কোন্ কোন্ জেলাতে স্টেডিয়াম নির্মাণ করা হইয়াছে ও কোন্ কোন্ জেলাতে হয় নাই;

(গ) যে সমস্ত জেলাতে স্টেডিয়াম হয় নাই, তাহা না হওয়ার কারণ কি ও এই সমস্ত জেলাতে স্টেডিয়াম নির্মাণের কাজ কবে আরম্ভ হইবে; এবং

(ঘ) সমস্ত জেলাতে স্টেডিয়াম নির্মাণ করার জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে ও এ পর্যন্ত কত টাকা ব্যয় হইয়াছে?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) স্থানীয় উদ্যোক্তাগণের নিকট হইতে উপযুক্ত প্রস্তাব পাইলে সরকার তাহা বিবেচনা করিয়া থাকেন।

(খ) নিম্নোক্ত জেলায় স্টেডিয়াম নির্মিত হইয়াছেঃ

(১) ২৪-পরগণা

(২) বাঁকুড়া

(৩) বর্ধমান (অসমাপ্ত)

(৪) দার্জিলিং (অসমাপ্ত)

(৫) হুগলী (অসমাপ্ত)

(৬) কুচবিহার

(৭) মালদা

(৮) জলপাইগুড়ি

(৯) নদীয়া

(*১০) মেদিনীপুর (খড়্গপুরে রেলের স্টেডিয়াম আছে)

নিম্নোক্ত জেলায় স্টেডিয়াম নাইঃ

(১) বীরভূম

(২) হাওড়া

(৩) মুর্শিদাবাদ

(৪) পুরুলিয়া

(৫) পশ্চিম দিনাজপুর

*সম্প্রতি মেদিনীপুরে স্টেডিয়াম নির্মাণের জন্য টাকা মঞ্জুর কর হইয়াছে।

(গ) স্থানীয় উদ্যোক্তাগণের নিকট হইতে যথাযথ প্রস্তাবের অভাবই স্টেডিয়াম না হওয়ার কারণ। যথাযথ প্রস্তাব পাইলে সরকার বিবেচনা করিতে পারেন—নির্মাণ ব্যয়ে স্থানীয় ব্যয় থাকা আবশ্যক।

(ঘ) স্টেডিয়াম নির্মাণের খাতে এ পর্যন্ত সরকার আনুমানিক ৪.৩২,৮০০ টাকা ব্যয় করিয়াছেন। মেদিনীপুরে স্টেডিয়াম নির্মাণের জন্য সরকার মোট ১,০০,০০০ টাকা মঞ্জুর করিয়াছেন।

পুরুলিয়া জেলায় লাক্ষা শিল্প

৬০৬। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫৯।) **শ্রীকিংকর মাহাতঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কয়টি লাক্ষা শিল্প আছে;

(খ) উক্ত শিল্পগুলির মালিক কাহারা ও কত লোক ঐগুলিতে কাজ করে;

(গ) সরকারের তাহাতে বৎসরে কত আয় হয়;

(ঘ) সরকার কি অবগত আছেন যে, উক্ত শিল্পগুলি বর্তমানে ধ্বংসের পথে চলিয়াছে; এবং

(ঙ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) একটি বড় এবং ১৫৬টি ছোট ও মাঝারি লাক্ষার কারখানা আছে।

(খ) শিল্পগুলি ব্যক্তিগত মালিকানায় চলে এবং মোট প্রায় ৫,৪০০ জন কাজ করে।

(গ) সেলস্ ট্যাক্স ও ইনকাম ট্যাক্স আদায় ছাড়া এই শিল্প হইতে সরকারের আর কোন আয় হয় না।

(ঘ) হ্যাঁ।

(ঙ) গত বছর খরায় বীজ লাক্ষা নষ্ট হইয়া যাওয়ায় কারখানাগুলি চালাইবার জন্য ছড়ি লাক্ষার অভাব দেখা দিয়াছে। বীজ লাক্ষার চাহিদা মেটানোর জন্য সরকার ১,৯২,০০০ টাকা মঞ্জুর করিয়াছেন। তন্মধ্যে ৪৬,০০০ টাকার বীজ ক্রয় করিয়া লাক্ষা চাষীদের মধ্যে বিতরণ করা হইয়াছে। বাকি টাকার বীজ আগামী জ্যৈষ্ঠ মরসুমে বিতরণ করা হইবে।

হুগলি জেলার বিভিন্ন গ্রামে বিদ্যুৎ সরবরাহ

৬০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩০।) **শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১এ জানুয়ারী, ১৯৭৩ পর্যন্ত হুগলি জেলার কোন্ কোন্ গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে;

(খ) গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পে (আর ই) উক্ত জেলায় কোন্ কোন্ গ্রামে আগামী এক বৎসরের মধ্যে বিদ্যুৎ সরবরাহ করা হইবে (ব্লকভিত্তিক হিসাব);

(গ) যেসব গ্রামে বিদ্যুৎ গিয়াছে সেখানে সমস্ত অগভীর নলকূপ, কুয়া, গভীর নলকূপ এবং লিফট ইরিগেশন প্রকল্পে বিদ্যুৎ সরবরাহ করা হইতেছে কি;

(ঘ) যেসমস্ত জায়গায় লাগোয়া ছয়টি অগভীর নলকূপ বা কুয়া আছে, সেই সমস্ত জায়গা তদন্ত করিয়া সেখানে বিদ্যুতের লাইন গিয়াছে কিনা ও গেলে কোথায় কোথায় গিয়াছে;

(ঙ) সম্প্রতি ক্রস্টার কর্মসূচির জন্য কোথায় কোথায় বিদ্যুতের লাইন গিয়াছে কৃষিবিভাগ হইতে তাহা জানিতে চাওয়া হইয়াছে কি; এবং

(চ) হইলে, জেলার কোন্ কোন্ ব্লকের কোন্ কোন্ গ্রামের বা মৌজার তালিকা দেওয়া হইয়াছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই সম্পর্কে গ্রামভিত্তিক কোন তালিকা প্রস্তুত হয় নাই। সুতরাং মৌজাভিত্তিক তালিকা ১ নম্বর তালিকায় লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। মোট ৫৬১টি মৌজায় জানুয়ারী ১৯৭৩ পর্যন্ত বৈদ্যুতিকরণ সম্পন্ন হইয়াছে।

(খ) হুগলি জেলায় ১৯৭৩-৭৪ সালে যে গ্রামীণ বৈদ্যুতিকরণের নির্ঘন্ট প্রস্তুত করা হইয়াছে তাহার মৌজাভিত্তিক তালিকা ২ নম্বর তালিকায় লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। মোট ৬১৫টি মৌজা এই তালিকার অন্তর্ভুক্ত করা হইয়াছে।

(গ) হ্যাঁ; যথাযথ অধিযাচনপত্র (রিকুইজিশান) প্রাপ্তির ভিত্তিতে।

(ঘ) হ্যাঁ; আরামবাগ থানার বলরামপুর মৌজায় যেখানে অগভীর নলকূপের ক্লাস্টার আছে সেখানে বিদ্যুৎ সরবরাহ ইতিমধ্যেই পাঠান হইয়াছে। সরবরাহের আরও প্রসারণকার্য হাতে লওয়া হইয়াছে। যেমনঃ

(১) থানা আরামবাগ—(১) সাতপুর মৌজা, (২) কৃষ্ণবাটি মৌজা, (৩) পুরম মৌজা, (৪) দালাতপুর মৌজা।

(২) থানা ধনিয়াখালি—(৫) পশ্চিম নারায়ণপুর মৌজা, (৬) চানতারা মৌজা।

(৩) থানা তারকেশ্বর—(৭) ধলিয়ান মৌজা।

(ঙ) হ্যাঁ।

(চ) এই প্রকার মৌজার নামগুলি ৩ নম্বর তালিকায় লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

হস্ত নির্মিত কাগজ শিল্প

৬৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮৭।) **শ্রীসরোজরঞ্জন কাঁড়ারঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে কোন্ কোন্ জায়গায় হাতে তৈরি কাগজ শিল্প আছে;

(খ) তাদের জেলাওয়ারী সংখ্যা কত ও উক্ত কাজে নিযুক্ত শিল্পীর সংখ্যা কত;

(গ) এই শিল্প রক্ষার জন্য সরকার কি কি ব্যবস্থা নিয়েছেন; এবং

(ঘ) হাওড়া জেলায় এই শিল্পের কোন সুযোগ আছে কিনা?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক)

(১) পঞ্চগ্রাম সমবায় কুটিরশিল্প সমিতি, আমেদপুর, বর্ধমান।

(২) খাদি ও গ্রাম সেবা সংঘ শ্রীরামপুর, বর্ধমান।

(৩) দশঘরা হস্তনির্মিত কাগজশিল্প কেন্দ্র দশঘরা, হুগলি।

(৪) চন্দননগর সমবায় কাগজশিল্প প্রতিষ্ঠান, হুগলি।

(৫) "অনিক্স" চন্দননগর, হুগলি।

(৬) কল্যাণী হস্তনির্মিত কাগজশিল্প কেন্দ্র, নদিয়া।

(৭) রানাঘাট সমাজকল্যাণ সমিতি নদিয়া।

(৮) রামকৃষ্ণ সেবক চক্র, কৃষ্ণনগর, নদিয়া।

(৯) নেতাজী আশ্রম চরকা সংঘ, গাঙ্গীন, মুর্শিদাবাদ।

(১০) বারুইপুর হ্যান্ডমেড পেপারস ইন্ডাঃ ওয়ার্কস্ কো-অপারেটিভ সোঃ লিঃ চব্বিশপরগনা।

(১১) পল্লী শিল্প সমিতি, গড়িয়া, চব্বিশপরগনা।

(১২) অভয় আশ্রম, বিরাটি, চব্বিশপরগনা।

(১৩) রায়গঞ্জ কো-অপারেটিভ মহিলা সম্মিলনী লিঃ, রায়গঞ্জ, পশ্চিম দিনাজপুর।

(১৪) মাঝিহিরা ন্যাশনাল বেসিক এডুকেশন ইনস্টিটিউশন, পুরুলিয়া।

(১৫) মহিষাদল থানা খাদি গ্রামোদ্যোগ সমিতি, মেদিনীপুর।

(১৬) বেঙ্গল বোর্ড মিল, রামগড়, কলিকাতা।

(১৭) মৈনান কাগজশিল্পী সমবায় সমিতি, আমতা, হাওড়া।

(খ)

জেলার নাম	শিল্প সংখ্যা	কাজে নিযুক্ত শিল্পীর সংখ্যা
(১)	(২)	(৩)
বর্ধমান	দুই	২৭
হুগলী	তিন	৩৫
নদীয়া	তিন	৩৮
মুর্শিদাবাদ	এক	১৩
২৪-পরগনা	তিন	৩১
পঃ দিনাজপুর	এক	৬
পুরুলিয়া	এক	বন্ধ
মেদিনীপুর	এক	বন্ধ
কলিকাতা	এক	৯
হাওড়া	এক	বন্ধ

(গ) পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্যদ আইন, ১৯৫৯ (দি ওয়েস্ট বেঙ্গল খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ বোর্ড অ্যাক্ট, ১৯৫৯) অনুযায়ী পশ্চিমবঙ্গে হস্তনির্মিত কাগজ শিল্পের পরিচালনা ও উন্নতির দায়িত্ব পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্যদের হাতে ন্যস্ত রহিয়াছে। উক্ত আইন অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত কল্যাণী ও দশঘরাতে অবস্থিত হস্তনির্মিত কাগজ কেন্দ্র দুইটির পরিচালনার দায়িত্ব খাদি ও গ্রামীণ শিল্প পর্যদের হাতে দেওয়া হইয়াছে এবং এই কেন্দ্র দুইটি সরকারের অর্থ সাহায্যে চলিতেছে।

খাদি ও গ্রামোদ্যোগ কমিশন, এই শিল্পের উন্নতির জন্য পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামোদ্যোগ পর্যদকে অর্থ (ঋণ ও অনুদান) সাহায্য করিয়া থাকে। ঐ পর্যদ বিচার-বিবেচনা করিয়া এই শিল্পে নিযুক্ত কো-অপারেটিভ সোসাইটি এবং রেজিস্টার্ড ইনস্টিটিউশনগুলিকে ঐ অর্থ সাহায্য দিয়া থাকে। প্রয়োজন হইলে পর্যদ ঐ সংস্থাগুলিকে টেকনিক্যাল সাহায্যও দিয়া থাকে।

(ঘ) হাওড়া জেলায় হস্তনির্মিত কাগজশিল্প সংগঠনের সুযোগ আছে।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I am told that the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department is ill. As requested by him I permit the Hon'ble Minister-in-charge of the Parliamentary Affairs Department to make the statement on his behalf on the subject of non-availability of kerosene oil in Calcutta and other districts in West Bengal—attention called by Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Chandra Das and Dr. Sk. Omar Ali, on the 24th April, 1973.

[1-30—1-40 p.m.]

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, in response to the Calling Attention Notice given by Shri Kashinath Misra and others I beg to make the following statement:—

According to the prevailing practice, the Ministry of Petroleum and Chemicals, Government of India, makes State-wise allotment of superfine kerosene oil every month indicating the quantity that may be drawn by the respective States during the month in question through the different Oil Distributing Companies, viz. Indian Oil Corporation Ltd., Messrs. Burmah-Shell Oil Storage and Distributing Company of India Ltd., Messrs. Esso Standard Eastern Inc. and Messrs. Caltex Ltd. Normally the total quantity of kerosene oil, thus, made available to the State of West Bengal varies between 23,000 M.T. to 32,000 M.T. per month. While in February and March, 1973, no such company-wise allotment for the State was received from the Government of India, by their D.O. letter No. 26014/1/73-IOC, dated 27th February, 1973, the Ministry of Petroleum and Chemicals informed the Government of West Bengal that during the month of March, 1973 slightly more than 27,000 M.T. of kerosene oil would be available for consumption in the State. It was also stated in this letter that during April, 1973 the reduction in the State allocation may continue. Since we had earlier managed equitable distribution of the available State quota without any report of scarcity from anywhere even with a monthly allotment of slightly more than 23,000 M.T., it was considered that if the Government of India supply us slightly more than 27,000 M.T., as proposed, for March and April, there would be no scarcity in the State. But in the meantime, due to shortage of electric power, uncertainty in the supply of cooking gas and domestic soft coke, the popular demand for kerosene oil increased considerably. In this context, a section of the unscrupulous traders also conspired to divert a considerable portion of the available kerosene quota for adulteration of diesel oil and another section looked forward to earning extra profit by cornering.

In such a situation when reports of scarcity in the supply of kerosene oil and increasing retail price thereof were received from Calcutta and other districts of the State, the Food Commissioner, West Bengal, met the representatives of the Indian Oil Corporation, agents of the different oil companies and some dealers in kerosene oil in a conference on 17th April, 1973 when the stock and supply positions of kerosene oil in Calcutta as well as in the different districts were reviewed. In course of discussion in the meeting, it transpired that while most of the agents in Calcutta and elsewhere, either of the Indian Oil Corporation or of the foreign oil companies, had received nearabout 50 per cent. of their monthly quota in the month of April, 1973 during the first two weeks of the month in question; some of the agents of the Indian Oil Corporation and most of the agents of the foreign oil companies mentioned various difficulties arising from "power cut", so called discrimination between agents of the Indian Oil Corporation and the foreign oil companies, changed policy of the Indian Oil Corporation not to supply kerosene

oil in bulk in tank lorries of capacity below 8 kilolitres, etc. as the factors responsible for intermittent interruption in the supply line. It was also the plea of the agents that though they have not failed to maintain usual supplies to the retailers under them, such retailers and the hawkers of kerosene oil in particular were responsible for depriving of the consumers and diverting or cornering of stocks. Therefore, while according to the decisions in the conference departmental vigilance and stricter maintenance of accounts by the kerosene oil dealers of all categories have been introduced, the Enforcement Branch of the Police has also been requested to keep a careful watch over the situation every where. In consequence of the measures, as aforesaid, in Calcutta, the Enforcement Branch of the Police have already unearthed considerable quantities of hidden stocks of kerosene oil and vigilance of the Department's staff has resulted in more uniform supply of kerosene oil at the fixed price to the consumers.

Meanwhile, a section of the transport operators, neither belonging to the Indian Oil Corporation nor engaged by any licensed agent or dealer, staged demonstration at the Indian Oil Corporation's installation at Mourigram which is the main supply point for the South Bengal districts of the State, causing complete dislocation of supply from the installation for 3 days—from 21st April, 1973 to 23rd April 1973. The Officials of the Indian Oil Corporation with the help of the officers of the Directorate of Consumer Goods and the District Magistrate, Howrah, could end the situation not before many areas of the State went completely dry of kerosene oil. As normal supplies have been fully restored with effect from 24th April, 1973, it is reasonably expected that reports of scarcity would no longer come from any area.

In order to tackle the situation arising out of reduction in the State quota for March and April, the Food Commissioner has requested the Indian Oil Corporation to direct their field staff to keep careful watch over the situation every where and to rush extra supplies as considered necessary. Similar requests have been made to all the District Magistrates to ask their field staff to keep a careful watch over the situation in their respective districts and to report shortages directly to the Indian Oil Corporation with intimation to the Directorate of Consumer Goods for follow up measures.

Mr. Speaker: Hon'ble Minister-in-charge of the Education Department will please make a statement on the subject of delay in publication of results of different final examinations of the Calcutta and Burdwan Universities—attention called by Sarbashri Kashinath Misra, Abdul Bari Biswas, Sarat Chandra Das, Sukumar Bandyopadhyay, Asamanja De and Narayan Bhattacharya on the 25th April last.

শ্রীহরশংকর ভট্টাচার্য: স্যার, এই স্টেটমেন্ট-এর কপি চাইছিলাম।

Mr. Speaker: If I get copies I shall circulate.

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিবৃতিটি দুইভাগে বিভক্ত আছে। এক কলকাতা বিশ্ববিদ্যালয় সংক্রান্ত এবং অপরটি বর্ধমান বিশ্ববিদ্যালয় সংক্রান্ত। বিবৃতিটি এই রকম কলকাতা বিশ্ববিদ্যালয় সংক্রান্ত—বি এ, বি এস-সি ও বি কম পার্ট ওয়ান পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়ে গিয়েছে। পার্ট টু পরীক্ষার ফলাফলও অল্প কয়েকদিনের মধ্যে প্রকাশিত হবে আশা করা যাচ্ছে। প্রধানতঃ পরীক্ষকদের নিকট হতে যথাসময়ে উত্তরপত্র ফেরত না পাওয়ার জন্য ফল প্রকাশে এই অস্বাভাবিক বিলম্ব ঘটেছে।

বর্ধমান বিশ্ববিদ্যালয়ের বি এ, বি এস-সি ও বি কম পার্ট ওয়ান পরীক্ষার ফল কয়েকটি কেন্দ্রের পরীক্ষার্থীদের ছাড়া বাকী সমুদয় গত মাসের প্রথম সপ্তাহে প্রকাশিত হয়েছে। যেসব কেন্দ্রগুলির ফল প্রকাশিত হয় নি সেসব কেন্দ্রে পরীক্ষা হয় বাতিল করা হয়েছে নতুবা পরিত্যক্ত হয়েছে। বাতিল বা পরিত্যক্ত কেন্দ্রের পরীক্ষাগুলি গত জানুয়ারি এবং ফেব্রুয়ারি মাসে গৃহীত হয়েছে। এবং ইহাদের ফলাফল এই মাসের শেষাশেষি প্রকাশিত হবে বলে আশা করা যায়। পার্ট টু পরীক্ষার কয়েকটি কেন্দ্রের পরীক্ষা গণটোকাটুকির অভিযোগে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বাতিল করতে হয়। পরে পরীক্ষা বাতিলের আদেশ প্রত্যাহার করা হয় এবং বিষয়টি পর্যালোচনা করবার জন্য একটি কমিটি গঠিত হয়। কমিটির সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই মাসেই পার্ট টু পরীক্ষার ফল প্রকাশিত হবে বলে আশা করা যায়।

Mr. Speaker: Now, the Minister-in-charge of the Power Department will please make a statement on the subject of supply of electricity by a foreign concern resulting in loss of State revenue—attention called by Shri Md. Dedar Baksh, Shri Harendra Nath Halder and Shri Adya Charan Dutta on the 26th April, 1973.

Shri Gyan Singh Sohanpal: Sir, I am really sorry that both the Ministers are out of Calcutta and so I request you to kindly permit me to make the statement tomorrow.

Mr. Speaker: The Hon'ble Minister, Shri Chattoraj, gave me an information that he was going to Birbhum, perhaps with the Hon'ble Chief Minister, and he wanted to authorise some other Minister to make the statement on his behalf. The statement is here. So, I request the Minister-in-charge of Parliamentary Affairs to please make the statement on behalf of the Minister-in-charge of the Power Department.

Shri Gyan Singh Sohanpal: Sir, I am sorry for the inconvenience caused. The statement has just been made over to me and I read it out.

In reply to the calling attention motion regarding supply of electricity to a foreign concern resulting in loss of State revenue, I would like to inform the House as follows:

The tariff of the West Bengal State Electricity Board for bulk power supply to the Calcutta Electric Supply Corporation Ltd. at 132 KV at the three points, namely, Howrah, Lillooah and Kasba, is calculated on the following elements:—

(i) a demand charge at Rs. 15 per KVA per month plus,

(ii) an energy charge at 4.2 paise per KWH plus,

(iii) a fuel surcharge, the present rate of which is 1.56 paise per KWH.

It is wellknown that the load characteristics of a power system are such that the demand during the night lean hours is about one-third of the demand during the evening peak period. As modern large capacity boiler and Turbo Alternator sets cannot and should not be stopped and started at short intervals for technical reasons, it was found necessary to arrange for a sufficient load during the night lean hours also, so that the machines would run in a stable manner. The night lean hours cover a period from 10 p.m. to 6 a.m. next morning. There is hardly any possibility of inducing general consumers to take more power during this period, even if a concessional tariff is offered to them. But the system of the Calcutta Electric Supply Corporation being quite large, it can take some extra power during the night lean hours by reducing the power purchased by them from the DVC and also by reducing their generation to some extent. An arrangement was, therefore, made with the Calcutta Electric Supply Corporation with effect from the 1st January, 1971, under which they would draw some additional power from the Board and such power would be sold at a somewhat lower rate.

[1-40—1-50 p.m.]

They used to draw about 15 million KWH per month during the night lean period of 10 p.m. to 6 a.m. next morning and it was decided that for energy drawn in excess of 15 million KWH per month during the lean period, the Board would charge for the additional energy at 2 paise instead of 4.2 paise per KWH. The usual fuel surcharge of 1.56 paise would, however, be added to the lower rate of 2 paise.

The overall rate per KWH including demand charge, energy charge and fuel surcharge now comes to about 8.6 paise per KWH. The average cost of energy sent out at the Bandel Thermal Power Station of the State Electricity Board is 6.08 paise per KWH. Therefore, the question of any loss incurred by the Board does not arise. By offering a lower rate during the night lean hours, the additional cost of the Board to supply the additional amount of energy is towards fuel only. The incidental cost of generation i.e., cost of fuel, etc. is 3.01 paise per KWH. Against this, the, the Calcutta Electric Supply Corporation are paying at the rate of 3.56 paise per KWH made up of 2 paise basic energy charge plus 1.56 paise as fuel surcharge. Therefore, by offering a specially low rate to the Calcutta Electric Supply Corporation for additional drawal of power beyond 15 million KWH per month during the night lean hours, the Board has not incurred any loss. On the other hand, the Board has been able to reduce its expenditure towards oil consumption by arranging for the taking of some additional load by the Calcutta Electric Supply Corporation during the night lean period.

Mr. Speaker: I have received seven notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Death of animals in the Calcutta Zoo—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Sarat Das, Shri Abdul Bari Biswas and Shri Gautam Chakraborty;

(2) Closure of Silver Refinery at 47 Strand Road, Calcutta-47—from Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra and Shri Sarat Das;

(3) Sub-standard Boilers at the Santaldihi Thermal Power Plant—from Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra, Shri Sarat Das, Shri Abdul Bari Biswas and Shri Gautam Chakraborty;

(4) Outbreak of smallpox in Murshidabad and Birbhum districts—from Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Gautam Chakraborty, Shri Kashinath Misra and Shri Sarat Das;

(5) Reasons for the Santaldihi Thermal Power Plant being not likely to be opened on the target date of the 11th June, 1973—from Shri Sarat Das, Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra and Shri Abdul Bari Biswas;

(6) Starvation death of a person in Katwa—from Shri Subrata Mukherjee (Katwa); and

(7) Blood suckers in Hooghly district—from Shri Md. Safiulla.

I have selected the notice of Shri Subrata Mukherjee (Katwa) on the subject of starvation death of a person in Katwa. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal: On the 7th, Sir.

Presentation of Report of the Select Committee on the West Bengal Primary Education Bill, 1973

Shri Mrityunjoy Banerjee: Mr. Speaker, Sir, I beg to present the Report of the Select Committee on the West Bengal Primary Education Bill, 1973.

Mention Cases

শ্রীসত্যরঞ্জন বাপুলী: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পুলিস প্রশাসনের একটি চরম দুরবস্থার কথা হাউসের সামনে তুলে ধরছি। অ্যাডিশনাল এস পি, রুরাল, ২৪-পরগনা, মিঃ শর্মা তার বিরুদ্ধে একটা দুর্নীতির অভিযোগ আনা হয় এবং সেই অভিযোগ আনার পর পর যারা অভিযোগ এনেছিলেন তাদের বিরুদ্ধে একটা কেস দায়ের করা হয়। কেস নাম্বার জি আর ১০৪৭ অব ৭২ ডায়মন্ডহারবার সাবডিভিসান। এই অভিযোগের পর অভিযোগকারীরা ৫।৬ জন এম এল এ-র মাধ্যমে মাননীয় রাষ্ট্রমন্ত্রী সুব্রত মুখার্জীর কাছে অভিযোগটি পেশ করেন। তিনি তার উপর এস পি ২৪-পরগনাকে আদেশ দেন যে, এস পি, ২৪-পরগনা, টু লুক ইনটু দিস ম্যাটার অ্যান্ড ডিসকাস বিফোর টেকিং এনি অ্যাকসান। তিনি আদেশ দেন ২২শে জানুয়ারি, ১৯৭৩ তারিখে। দুর্ভাগ্যের বিষয়, এস পি যার বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছিল সেই অ্যাডিশনাল এস পি রুরালের কাছে সেটা পাঠিয়ে দেন। অ্যাডিশনাল এস পি, রুরাল, তিনি আবার পুলিস সাব-ইন্সপেক্টারকে দেন। পুলিস সাব-ইন্সপেক্টার তিনি রিপোর্ট দেন যে, সুপিরিয়ার অফিসারের বিরুদ্ধে অভিযোগ, সুতরাং আমি কিছু করতে পারছি না। মন্ত্রী আদেশ দিলেন অ্যাডিশনাল এস পি, রুরালের বিরুদ্ধে, তাঁর আদেশটা পালন করা হল না। তিনি যে আদেশ দিয়েছিলেন, নো অ্যাকসান উইল বি টেকন উইদাউট ডিসকাসান, সেখানে সর্বশেষে দেখা গেল, সেই অ্যাডিশনাল এস পি, রুরালের নেতৃত্বে মন্ত্রিমহাশয় আদেশ দেবার পরও গত ৩রা এপ্রিল, ১৯৭৩ তারিখে প্রায় তিন মাস বাদে সেই কেসের চার্জসিট দেওয়া হল মাননীয় মন্ত্রীর আদেশকে উপেক্ষা করে। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আজকে আই পি এস অফিসার যার বিরুদ্ধে অভিযোগ, তার বিরুদ্ধে অভিযোগ দায়ের করার পরে মন্ত্রী আদেশ দিলেও যদি পালন করা না হয়, তা হলে পুলিস প্রশাসন কোথায় গিয়ে দাঁড়িয়েছে, আমরা কোথায় আছি? স্যার, এ ক্ষেত্রে মাননীয় রাষ্ট্রমন্ত্রী পরিষ্কারভাবে আদেশ দিয়েছিলেন, কিন্তু তাঁর আদেশ দেবার ৪ মাস পরে সেই আদেশকে উপেক্ষা করে দেখা গেল সেই কেসের অভিযুক্ত ব্যক্তিদের চার্জসিট দেওয়া হয়েছে। তারপর অভিযুক্ত ব্যক্তিরা সেখানে গেলে তাদের বলা হল, আমার বিরুদ্ধে অভিযোগ তোমরা তুলে নাও, মন্ত্রীর কাছে অভিযোগ করেছ কেন? স্যার, আজকে আই পি এস অফিসাররা দৃঢ়-প্রতিজ্ঞ যে তাঁরা মন্ত্রীর আদেশ পালন করবেন না। মন্ত্রীর আদেশ যদি পালিত না হয়, তা হলে আমি জানতে চাই, আমরা কোথায় আছি? এর সঙ্গে সঙ্গে আরো জানতে চাই যে, আই পি এস অফিসার বড় না মন্ত্রী বড়? আজকে এই সমস্ত অফিসাররা কোন্ দলের, কার নির্দেশে এইসব কাজ করছেন এবং কেনই বা করছেন সেটা দেখা দরকার। এইজন্য আমার মনে হয় সেন্ট্রাল ইনভেস্টিগেসান ব্যুরোকে দিয়ে তদন্ত করানো দরকার। কারণ আজকে এ'রা সরকারকে অত্যন্ত নীচু স্তরে নামিয়ে দিচ্ছেন। সরকার যে আদেশ দিচ্ছেন তা পালিত হচ্ছে না। স্যার এই মিঃ শর্মা তাঁর বিরুদ্ধে অভিযোগ হল তিনি বিয়ের সময় যৌতুক হিসাবে গহনা গ্রহণ করেছিলেন। এই অভিযোগ আনার পরে মন্ত্রিমহাশয়ের আদেশকে উপেক্ষা করে যাঁরা অভিযোগ করেছিলেন তাঁদের অ্যারেস্ট করে কোর্টে চালান দেওয়া হয়েছে যেহেতু মন্ত্রীর কাছে আই পি এস অফিসারের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছিল। স্যার, এর পরে অবস্থা এমন দাঁড়িয়েছে যে আমাদের পুলিস প্রশাসনের উপর আর আস্থা নেই। কাজেই স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব যে, তিনি এটা নিজে গ্রহণ করে অবিলম্বে ব্যবস্থা করুন।

শ্রীরজনীকান্ত দলুই: মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকৃষ্ট করতে চাই। স্যার, আমলাতান্ত্রিক চক্রান্ত কিভাবে সরকারের ঘোষিত নীতিকে বানচাল করতে চাইছে তার একটি দৃষ্টান্ত আপনার মাধ্যমে তুলে ধরে অবিলম্বে প্রতিকার দাবি করছি। স্যার, আপনি জানেন, গত বছর এই জনপ্রিয় সরকার ঘোষণা করেছিলেন যে ১৫ হাজার বেকার যুবকদের তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর কর্মচারী হিসাবে নিয়োগ করা হবে স্যার, সেই কাজ চলছিল এবং আমরা দেখেছি কিছু কিছু বেকার যুবক তারা চাকুরি পাচ্ছিলেন স্যার, গত কয়েকদিন আগে ২৭শে এপ্রিল, ১৯৭৩ তারিখের কয়েকটি কেস আমার হাতে এসেছে যাতে দেখা যাচ্ছে কতকগুলি শিক্ষিত বেকার যুবক তারা ডাইরেক্টার অব হেল্থ সার্ভিসের কাছ থেকে অ্যাপয়েন্টমেন্ট লেটার পেয়েছেন বেসিক হেল্থ ওয়ার্কার হিসাবে। কিন্তু দুঃখের বিষয় যখন তারা মেদিনীপুরে জয়েন করতে গেলেন তখন মেদিনীপুরের ডিস্ট্রিক্ট হেল্থ অফিসার তাদের বলে দিলেন বেসিক হেল্থ ওয়ার্কারের কোন পোস্ট নেই বা ঐ পোস্টে কোন ভেকেন্সি নেই। ফলে এইসব বেকার যুবকরা অ্যাপয়েন্টমেন্ট লেটার নিয়ে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে মন্ত্রিমণ্ডলীর কাছে আমার আবেদন, এর যেন অবিলম্বে প্রতিকার করা হয়। তা ছাড়া যেখানে ভেকেন্সী নেই সেখানে কিভাবে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হল তারও তদন্ত হওয়া দরকার। আমি তাই দাবি করছি, অবিলম্বে নিরপেক্ষ তদন্ত হোক এবং এদের অ্যাপয়েন্টমেন্ট দেবার ব্যবস্থা করা হোক।

[1-50—2-00 p.m.]

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসের কাছে রাখছি। আমার বাঁকুড়া জেলাতে প্রতি ব্লকে যেখানে শ্রমিকরা কাজ করছিল বিভিন্ন সি আর এস এবং রুরাল ওয়ার্কস প্রোজেক্টে সেখানে আজকে কাজের সংখ্যা কমে গেছে। যার ফলে আগামী ২৯ তারিখে আমি আমার বাঁকুড়া জেলা ব্লক ২ অঞ্চলে গিয়েছিলাম এবং সেখানে ৪ শত শ্রমিকের দ্বারা ঘেরাও হয়েছিলাম। এ ছাড়া আমাদের বাঁকুড়া জেলার বিভিন্ন সদস্যরা যেমন বিষ্ণুপুরের মাননীয় সদস্য শ্রীভবতারণ চক্রবর্তী মহাশয়, ওন্দা কেন্দ্রের শ্রীশম্ভুচরণ গোস্বামী, কোতলপুর কেন্দ্রে শ্রীঅক্ষয় কোলে মহাশয়, এরা এইভাবে ঘেরাও হয়েছিলেন শ্রমিকের দ্বারা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বাঁকুড়া জেলাতে এর আগে দেখেছি মার্চ মাসে ২ হাজার ম্যান-ডেস-এর কাজ প্রতি ব্লকে হত। কিন্তু বর্তমানে কাজ হচ্ছে মাত্র ৭ শত ম্যান-ডেস। ফলে কি হয়েছে? ফলে সেখানে হাজার হাজার শ্রমিক আজকে কাজ পায় নি এবং তারা অনাহারে দিন কাটাচ্ছে। এ ছাড়াও দেখেছি রুরাল ওয়ার্কস প্রোজেক্টে গতবার আমরা ব্লকে ১ লক্ষ টাকা পেয়েছি সেখানে এবারে মাত্র ১২ হাজার টাকা বিভিন্ন ব্লক পেয়েছে এবং তার ফলে সেখানে কাজের সংখ্যা কমে গেছে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকে একটা দুরবস্থার সৃষ্টি হয়েছে এবং মানুষ অনাহারের মধ্যে আছে। এ ছাড়াও সেখানে আজকে জি আর-এর অভাবে দুস্থ লোকেরা অনাহারে দিন কাটাচ্ছে। গতবার আমরা দেখেছি প্রায় ৭ হাজার ২ শত জনকে আমরা প্রতি ব্লকে জি আর দিয়েছি সেখানে এবারে ২৮৬ জনকেও আমরা দিতে পারি নি, এই সমস্ত দুস্থ, খঞ্জ, পঙ্গু লোকেদের। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেখানে যে অবস্থা হয়েছে বিধানসভা প্রায় বন্ধ হতে চলেছে, কিন্তু আমরা সেখানে এলাকায় গিয়ে থাকতে পারবো না। তাই আমি অনুরোধ করছি বিধানসভা বন্ধ হলে আপনার আমাদের এখানে থাকবার ব্যবস্থা করে দিতে হবে। আমরা সেখানে গিয়ে আর মুখ দেখাতে পারব না মাননীয় অধ্যক্ষ মহাশয় আমরা আপনার কাছে প্রোটেকশান চাইছি আপনি আমাদের প্রোটেকশান দিন। তা না হলে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর দরজার পাশে বসে থাকতে হবে এবং আপনার কাছে প্রোটেকশান চাইছি বাঁচার জন্য। সেখানে আজকে দুরবস্থা দেখা দিয়েছে তার প্রতিকারের জন্য অনুরোধ করছি।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মান্ত্রমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় লজেন্স কুটির শিল্প ধ্বংসের মুখে এবং ৫০ হাজার নরনারী কর্মচ্যুত হতে চলেছেন। ইতিমধ্যে শতকরা ৭০টি কারখানা বন্ধ হয়ে গেছে এবং প্রায় ৩০ হাজার নরনারী বেকার হয়ে পড়েছেন। অধ্যক্ষ মহোদয়, আপনি নিশ্চয়ই জানেন যে, পূর্ববঙ্গের ছিন্নমূল উদ্বাস্তুরা এবং পশ্চিমবাংলার কিছু বেকার যুবক ২৪-পরগনা ও হাওড়ার শহরতলীতে সামান্য মূলধনে এই শিল্পটি গড়ে তুলেছেন। এই শিল্পে অল্প বিস্তর মূলধন বিনিয়োগ করে তারা এই ব্যবসায় গড়ে তুলেছেন। এই শিল্পটি বৃহৎ শিল্পের সাথে এ যাবত পাল্লা দিয়ে তাদের অস্তিত্ব টিকিয়ে রেখেছিল, কিন্তু আজ বোধ হয় তারা নিজেদের অস্তিত্ব টিকিয়ে রাখতে পারবেন না। তাদের প্রাণের প্রদীপ নিবে নিবে। এই শিল্পের অন্যতম কাঁচামাল চিনি ও গ্লুকোজ। এই দুইটি কাঁচামালের অত্যধিক মূল্যবৃদ্ধি ঘটায় ওরা প্রতিযোগিতায় হটে যাচ্ছে। শহরতলীগামী ট্রেনের কামরায় বিভিন্ন বয়সী বেকার যুবকগণ লজেন্স বিক্রয় করে তাদের জীবিকা অর্জন করেন। তারাও আজ বেকার হতে চলেছেন। গুণগত উৎকর্ষ ও স্বাদের দিক দিয়ে এই লজেন্সগুলি উৎকৃষ্ট এবং বাজারে প্রাপ্ত বৃহৎ কারখানায় প্রস্তুত লজেন্স অপেক্ষা বরং উৎকৃষ্ট বলা চলে। সরকার তাঁদের দাবিগুলি সহানুভূতি দিয়ে বিচার করে এই শিল্পটিকে বাঁচিয়ে হাজার হাজার নরনারীর জীবিকার পথ খুলে দেবেন আমি আপনার মাধ্যমে এই আবেদন রাখছি। আপনি নিজেও এই দুর্গত মানুষের আহ্বানে ছুটে গিয়েছিলেন এবং তাদের দুঃখ দেখে এসেছেন। কাজেই আমাদের সরকার এই মানুষগুলির পাশে এসে দাঁড়াবেন এই আশা রাখছি।

শ্রীবলাইলাল শেঠ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার হুগলী জেলা, নদীয়া জেলায় রক্তশোষক নামে একটা বিরাট উত্তেজনা এবং ভীতির সৃষ্টি হয়েছে। আপনি জানেন এবং সংবাদপত্রের মাধ্যমে দেখেছেন, আমার নিজের তারকেশ্বর কেন্দ্রে একটা রক্তশোষক সন্দেহে যাত্রী সাধারণের হাতে প্রাণ হারিয়েছেন। তার দূরবর্তী আর একটা গ্রামে সেখানে আর একজন প্রাণ হারিয়েছেন। তাজ্জব ব্যাপার, তারকেশ্বর রেলওয়ে স্টেশনে বাইরে থেকে প্রচুর যাত্রীর সমাগম হয়। সেখানে বিভিন্ন যাত্রীর মধ্যে উত্তেজনা হয় এবং 'রক্তশোষক, রক্তশোষক' এই উত্তেজনা ছড়িয়ে পড়ে এবং যাত্রী সাধারণের হাতে নিগৃহীত হয়ে একজন মারা যায়। আশ্চর্যের ব্যাপার, পুলিস কর্তৃপক্ষ সেখানে চুপচাপ রইলেন। যখন একজন লোক দিবালোকে মারা গেল তখন থানার সামনে জি আর পি এবং থানার মধ্যে দর কষাকষি হচ্ছে যে, এটা জি আর পি নেবে, না থানা নেবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একজন লোক মারা গেল সেখানে পুলিস এল না, কোন লোককে ধরা হল না। কোন একজনকেও ধরা হল না। বিশ্বাস করি হয়তো ঐ প্যাসেঞ্জারের মধ্যে প্রকৃত অপরাধীকে খুঁজে পাওয়া শক্ত। পরক্ষণে দেখলাম তার দুদিন বাদে কাঁদুড় গ্রামে আর একটা ঘটনা ঘটলো। একজন নিরীহ মানুষকে রক্তশোষক সন্দেহে পিটিয়ে মেরে ফেলা হল। আপনি আরও তাজ্জব হয়ে যাবেন, বিয়াড়া স্টেশনের সামনে একজনকে রক্তশোষক সন্দেহে পিটিয়ে দগ্ধ করে দেওয়া হয় জীবন্ত অবস্থায়। এই রকম উত্তেজনা হুগলী জেলার গ্রামাঞ্চলে ছড়াচ্ছে, পুলিসের যে গুপ্তচর দপ্তর আছে, সেই গুপ্তচর দপ্তর কিভাবে নিষ্ক্রিয় হয়ে রয়েছে, আমরা নিজেরা যখন পুলিসকে অনুরোধ করেছি যে, আপনারা মাইক দিয়ে প্রচার করুন যে, মানুষ যেন উত্তেজিত না হয় তখন পুলিস এই ব্যাপারে এগিয়ে আসে নি। আমরা স্থানীয় যুব কংগ্রেস, ছাত্র পরিষদ এবং কংগ্রেস কর্মীদের নিয়ে গ্রামে গ্রামে প্রচার করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যে, নিরীহ জনসাধারণ যারা এক গ্রাম থেকে অন্য গ্রামে যাবে, এক স্থান থেকে অন্য স্থানে যাবে, তাদের এই রকম আতঙ্কের মাঝখানে ফেলে দিলে মানুষ অকালে প্রাণ হারাবে এবং নিরীহ জনসাধারণের প্রাণ নষ্ট হচ্ছে এবং হবে। এই ব্যাপারে বিভিন্ন রকম প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। অনেকে বলছে যে, সরকারের নাকি ব্লাড ব্যাঙ্কে রক্তের অভাব হওয়ায় এইসব ঘটছে। অতএব মাননীয় মন্ত্রিমহাশয়ের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি যে, এই অপপ্রচার কঠোরহস্তে যেন দমন করা হয়।

শ্রীতৃপ্তিময় আইচঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় রাজ্য সরকারের স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। হীরাপুর এবং কুলটির মধ্যবর্তী এলাকা নিয়ামকপুর বলে একটা অঞ্চল আছে, সেখানে ৫৫ হাজার লোক বাস করে, ওখানে ছয়টি গুরুত্বপূর্ণ কোলিয়ারী আছে। ঐ এলাকায় মাত্র একটি ছোট ফাঁড়ি আছে, তাতে একজন এস আই, একজন এ এস আই এবং ৬ জন কনস্টেবল আছে। সেখানে গত এক বছরে ৫টি ডাকাতি হয়েছে এবং ৬ জন সন্ধ্যার সময় খুন হয়েছে। মানুষ সন্ধ্যার সময় সন্ত্রস্ত হয়ে পড়ে। ব্যবসায়ীরা সন্ধ্যার মধ্যে দোকান-পাট বন্ধ করে দেয়। ঐ এলাকার মানুষ কিভাবে দিন কাটাচ্ছে তা ভাষায় প্রকাশ করা যায় না. আমি দাবি করবো, মানুষের নিরাপত্তা যাতে ফিরে আসে এবং মানুষ যাতে নির্ভয়ে জীবন যাপন করতে পারে তার জন্য সেখানে একটা পৃথক থানা স্থাপন করা হোক।

ডাঃ সেখ ওমর আলিঃ মাননীয় স্পীকার মহাশয়, খুবই উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি যে, রাজ্য জুড়ে ভাগচাষী উচ্ছেদের হিড়িক চলেছে। জমির মালিক জোতদারদের কোথাও সম্পূর্ণ গায়ের জোরে, কোথাও দেওয়ানী ও ফৌজদারী আদালতে মামলার পর মামলা দায়ের করে আর কোথাও বা নানা কায়দায় হয় ভাগচাষীকে উচ্ছেদ করছে, আর না হয় যার পর নাই নাজেহাল করছে। বেশীর ভাগ ক্ষেত্রে পুলিস ভাগচাষীদের বিরুদ্ধে নানাভাবে সাহায্য করছে। আইন ও প্রশাসন ভগচাষীকে রক্ষা করতে পারছে না। অসংখ্য ঘটনার মধ্যে আমি মেদিনীপুর জেলার কয়েকটি নির্দিষ্ট ঘটনা আমি এখানে তুলে ধরছি। ডেবরা থানার সাতভামলী গ্রামে জোতদার শ্রীপ্রমথনাথ দেব ঐ গ্রামের দীর্ঘদিনের ভাগচাষী নগেন্দ্রনাথ পণ্ডিতকে জোর করে উচ্ছেদ করার জন্য গত ৮ই এপ্রিল সশস্ত্র হয়ে জমি দখল করতে আসে। ভাগচাষী বাধা দিতে গেলে তাকে নির্দয়ভাবে প্রহার করা হয়। নগেন্দ্রনাথ পণ্ডিত অতি কষ্টে থানায় গিয়ে এই ঘটনা ডায়েরী করে এবং জে এল আর ও-কে জানায়। এই রকম ঘটনা ঘটতে পারে এই আশংকায় ইতিপূর্বে ২১শে ফেব্রুয়ারি, ১৯৭৩ ও ৭ই এপ্রিল, ১৯৭৩ তারিখে ভাগচাষী থানায় এজাহার দিয়েছে এবং জে এল আর ও-কে জানিয়েছে। আইন অনুযায়ী মালিককে গ্রেপ্তার করা তো দূরের কথা, কোন তদন্তই আজ পর্যন্ত হয় নি। এই মালিক এখন স্বনামে বেনামে প্রায় ১০০ একর এবং ইতিপূর্বে যে জমি সরকারে ন্যস্ত হয়েছে তারও বেশীর ভাগ বেনামীতে বন্দোবস্ত নিয়ে নিজেই ভোগ করছেন। পাঁশকুড়া থানার আমদান গ্রামের জোতদার শ্রীগুণধর জানা ও কানাই জানা ৬০ একরের বেশী জমির মালিক। ভাগচাষী ঘোলআমদান গ্রামের শ্রীরমনীমোহন মাইতি ১৯৭০ সালে দরখাস্ত করে বর্গা রেকর্ড করায়। এর পর থেকে তার উপর শুরু হয় মামলা-ধামলা। ইতিমধ্যে মালিকেরা ভাগচাষীর বিরুদ্ধে মুনসেফ কোর্ট ও জেলা জজ কোর্টে পর পর তিনটি মামলা দায়ের করেছে। মালিক শ্রীজগন্নাথ চক্রবর্তী ও শ্রীবলরাম চক্রবর্তী, গ্রাম আমদান। এরা ঘোলআমদান গ্রামের শ্রীচণ্ডী মাইতি ও আমদান গ্রামের শ্রীনগেন দোলইকে জোর করে উচ্ছেদ করেছেন এবং শ্রীবাণেশ্বর মাইতির কাছ থেকে এই মর্মে স্বীকৃতি-পত্র লিখিয়ে নিয়েছেন যে, সে মালিকের টাকায় মালিকের হয়ে চাষ করে দিচ্ছে। ঐ একই মালিক নিজের জমি অন্য দুজন ছোট রায়তকে লোক দেখানো হস্তান্তর করে তাদের নিয়ে শ্রীবিজয় ভট্টাচার্য, শ্রীকালীপদ মাইতিকে উচ্ছেদ করার চক্রান্ত করছেন। থানা পুলিস এবং জে এল আর ও সব জেনেশুনেও নীরব। প্রকৃতপক্ষে ভাগচাষীকে রক্ষা করতে হলে এই রকম ঘটনার প্রতিবিধান এবং পুনরাবৃত্তি রোধ করতে হবে। আইনের ফাঁক বন্ধ করে এবং আইনের সংশোধন করে জমির মালিকদের আদালতে যাওয়ার অধিকার কেড়ে নিতে হবে। এই বিষয়ে তৎপর হবার জন্য আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহোদয়কে আহ্বান জানাচ্ছি।

[2-00—2-10 p.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আমাদের মুর্শিদাবাদ জেলায় বসন্ত রোগের প্রকোপে পড়ে ভয়াবহ অবস্থা দেখা দিয়েছে মুর্শিদাবাদ জেলার বহরমপুর মিউনিসিপ্যাল শহরের প্রতিটি বাড়িতে বাড়িতে আজকে বসন্ত রোগ দেখা দিয়েছে। এর সঙ্গে কান্দি মহকুমায় ব্যাপকভাবে

বসন্ত রোগ দেখা দিয়েছে, বিশেষ করে মিউনিসিপ্যাল এলাকায় এই রোগ দেখা দিয়েছে। এই বসন্ত রোগে আক্রান্ত হয়ে বহরমপুর সদর হাসপাতাল থেকে একজন রোগী কয়েকদিন আগে বাইরে চলে গিয়েছিল এবং পরে তাকে নদীর ধারে বাবলা বনে দেখা গেল মৃত অবস্থায় পড়ে আছে। ঐ জেলায় সরকারী হিসাব মত বসন্ত রোগে আক্রান্ত হয়ে মারা গিয়েছেন ৫০ জন, আর বেসরকারী হিসাব মত শত শত লোকের মৃত্যু ঘটেছে এবং ঐ জেলায় প্রত্যেক ঘরে ঘরে বসন্ত রোগ দেখা দিয়েছে। আজকে আমরা আশ্চর্য হয়ে যাচ্ছি যে, কোন সভ্য দেশে এই ধরনের ঘটনা ঘটলে সরকারী এই ব্যবস্থার প্রতি লোকে সাধারণত আদালতে চলে যায় এবং এর প্রতিকার দাবি করে, কিন্তু আজকে কি হচ্ছে, আমাদের দেশের লোক, আমাদের ঘরের লোক- এরা আজকে মৃত্যুকে বরণ করছেন এই সরকারী অবহেলার ফলে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুনলে আশ্চর্য হয়ে যাবেন, যিনি মুর্শিদাবাদ জেলার স্বাস্থ্য বিভাগের প্রশাসক আছেন (সি এম ও এইচ), তিনি কোন একটি হেল্থ সেন্টারের তদন্তের নাম করে উত্তর বাংলায় চলে গিয়েছেন। শোনা যায় যে, উত্তর বাংলায় তার কিছু জমি জমা আছে, পূর্ববাংলা থেকে আসার সময় বদল করে নিয়েছিলেন, আজকে তিনি নর্থ বেঙ্গলে চলে গেলেন এবং এইভাবে তিনি মাঝে মাঝে নর্থ বেঙ্গলে চলে যান। ফ্যামিলি প্ল্যানিং-এর যে গাড়িগুলি আছে, সেই গাড়িগুলির ড্রাইভারদের অন্য কাজে লাগানো হচ্ছে, গাড়িগুলি বসে রয়েছে, সেগুলি কোন কাজে লাগছে না। আজকে এই ভয়াবহ অবস্থায় এইগুলিকে চালু করার জন্য সরকারী তরফ থেকে কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। আজকে আশ্চর্যের বিষয় যে চিকেন পক্সে রোগী মারা যাচ্ছে, হাসপাতাল থেকে রোগী পালিয়ে গিয়ে পথে মারা যাচ্ছে, স্মল পক্স তো দূরের কথা, চিকেন পক্সে রোগী মারা যাচ্ছে। এই সমস্ত অব্যবস্থার জন্য দেখা যাচ্ছে যে, স্বাস্থ্য প্রশাসনে ওষুধ না থাকায় চিকিৎসার যদি ব্যবস্থা না থাকে আইসোলেশন থেকে রোগী যদি চলে যায় এবং পালিয়ে গিয়ে পথের ধারে, নদীর পাড়ে মৃত্যুকে বরণ করে শিয়াল কুকুরের মত তা হলে আমরা জানতে চাই এর থেকে মুক্তির জন্য সরকার অবিলম্বে কি ব্যবস্থা গ্রহণ করেছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে একটু আগে স্বাস্থ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মহাশয় ছিলেন, তিনি এই কিছুক্ষণ আগে চলে গেলেন, তাই আমি আপনার কাছে অনুরোধ করছি এবং আমাদের যে সমস্ত সদস্যরা আছেন তাদের কাছে অনুরোধ করছি এবং ঐ এলাকার যে সমস্ত এম এল এ-রা আছেন তাদের প্রত্যেকের বাড়িতে আত্মীয়-স্বজন রোগী আছেন বা এই রোগে আক্রান্ত হয়েছেন, সেই জন্য আমি তাদের কাছে অনুরোধ রাখছি যে, আপনারা সরকারকে এই বিষয়ে সচেতন করে তুলুন। এখানে অতীশচন্দ্র সিংহ মহাশয় আছেন তিনি নিশ্চয়ই জানেন তাঁর মিউনিসিপ্যাল এলাকায় কি অবস্থা হয়েছে। আজকে তাই আপনার মাধ্যমে চিফ হুইপ মহাশয়কে অনুরোধ করছি যে তিনি সরকারের তরফ থেকে এই বিষয়ে মন্তব্য দেবেন। আজকে কি ওষুধ নেই, ডাক্তার নেই, সরকার কি এই সংকটের সময় এই রকম সংকটকে উপলব্ধি করেও চুপ করে বসে থাকবেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি মনে করবেন না যে, এটা বারি সাহেবের একার দাবি এটা ২৯ লক্ষ লোকের দাবি। এই জন্যই বলছি যে, আজকে আমাদের ঘরের লোকেরা এই রোগে আক্রান্ত, সেই কারণে আমরা চুপ করে থাকতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কোন আত্মীয় বা মেয়ে যদি আজকে এই রোগে আক্রান্ত হত, তা হলে আপনি কি সহ্য করতে পারতেন, আপনি সহ্য করতে পারতেন না, সেই রকম আমরাও সহ্য করতে পারছি না। আমাদের মুর্শিদাবাদ জেলায় যেভাবে বসন্ত রোগ দেখা দিয়েছে তাতে পানীয় জলের সুষ্ঠুভাবে ব্যবস্থা করতে হবে তা যদি না হয়, তা হলে আপনি বসতে বললেও আমি ক্ষান্ত হব না। আমি বলতে চাই যে, এখানে চিফ হুইপ আছেন, তিনি বলুন যে, সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

Mr. Speaker: Mr. Biswas, I fully appreciate your point. You have very clearly made out your point and drawn the attention of the House. I think it is not necessary to repeat the same points.

Shri Gyan Singh Sohanpal: Sir, I will draw the attention of the Minister-in-charge with a request to take appropriate action in the matter.

শ্রীতপন চ্যাটার্জি: স্যার, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেলঘোরিয়া আজ সমাজ বিরোধীদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। সেখানে গত ২৯ তারিখে দুপুর ১২টার সময় প্রকাশ্য দিবালোকে ১৫০।২০০ রাউন্ড গুলি চলে। এর ফলে ২ জন কংগ্রেসের কর্মীকে মুমূর্ষু গুলিবিদ্ধ অবস্থায় হাসপাতালে ভর্তি হতে হয়েছে—প্রশান্ত মুখার্জি, সঞ্জীবন বিশ্বাস। পানিহাটিতে এই রকম ঘটনা ঘটতে চলেছে। আজ থেকে ৭ দিন আগে জয়দেব মল্লিক নামে আর একজনকে এ রকমভাবে গুলি খেতে হয়েছে। প্রকাশ্য দিবালোকে লোকের বাড়িতে বাড়িতে ঢুকে তারা গুলি ছুঁড়ছে। একজন মেয়েকেও গুলি করে হত্যা করা হয়েছে। সরকার যখন শান্তিশৃঙ্খলার কথা বলছেন তখন কেন প্রকাশ্য দিবালোকে দিনের পর দিন এরকম ঘটনা ঘটবে? এই সমাজ বিরোধীরা অনেকে কংগ্রেসের পতাকা হাতে নিয়ে নিজেদের কংগ্রেসী বলে পরিচয় দিচ্ছে এবং যারা আসল কংগ্রেসী তাদের গুলি করে হত্যা করছে। তাদের এ বিষয়ে অনেকে মদত দিচ্ছে। পুলিস এ সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণ করছে না। আমি যখন আর জি কর হসপিটালে গিয়েছিলাম তখনও সেখানে পুলিস যায় নি। বেলঘরিয়ার সাধারণ মানুষ প্রকাশ্যে চলা ফেরা করতে ভয় পাচ্ছে। এই ঘটনার জন্য আমার নির্বাচন কেন্দ্র পানিহাটিতেও ভীষণভাবে উৎপাৎ আরম্ভ হয়েছে। এই রকম অবস্থা যদি চলতে থাকে, তা হলে মাস খানেকের মধ্যে সেখানে একটা বিশৃঙ্খল অবস্থার সৃষ্টি হবে এবং সাধারণ মানুষ চলাফেরা করতে পারবে না। তরুণ যুবক সম্প্রদায়ের মধ্যে এমন অবস্থা হয়েছে যে, তারা বলছে যে, গুলি ছুঁড়ে ঐ ঘটনার মোকাবিলা করতে চাই। পুলিস এসব ঘটনা সম্পর্কে একেবারে নীরব। কিছুদিন আগে বেলঘরিয়াতে একজন অধ্যাপককে হত্যা করার বিষয়ে অধ্যক্ষ শান্তি দাসগুপ্ত এখানে প্রশ্ন করেছিলেন। কিন্তু সেই ঘটনারও কিছু করা হয় নি। আমি আমার নির্বাচন কেন্দ্রে প্রকাশ্যভাবে চলাফেরা করতে পারি না। মন্ত্রিসভাকে এই পরিস্থিতির মোকাবিলা করার জন্য অনুরোধ জানাচ্ছি। বোমা তৈরি একটা কুটিরশিল্প হিসাবে সেখানে দেখা দিয়েছে। বোমা, পিস্তল, পাইপ-গান নিয়ে তারা ঘুরে বেড়াচ্ছে। ২৯ তারিখে সেখানকার ২ জন কুখ্যাত গুন্ডাকে ধরা হয়েছিল বলে তারই প্রতিবাদে সেখানে প্রকাশ্যে গুলির মহড়া দেখা দিয়েছে। প্রশান্ত মুখার্জি ভাত খাচ্ছিল সে সময় তাকে গুলি করায় তার নাড়িভুঁড়ি সমস্ত বেরিয়ে যায় এবং আর জি কর হাসপাতালে সে মারা যায়। পুলিসকে বলা সত্ত্বেও তারা অ্যাডিশনাল এস পি, এস পি-কে কোন খবর দেয় না।

রাত ৮টা কি ৯টা নাগাত আমরা অ্যাডিসনাল এস পি এবং এস ডি পি ও-কে বলা সত্ত্বেও তারপর কাউকে গ্রেপ্তার করা হয় নি। বেলঘোরিয়ার ঘটনা পাশে সমস্ত পানিহাটিতে সন্ত্রাসের সৃষ্টি করেছে, সেখানকার মানুষ নিরাপত্তার অভাব বোধ করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে এই সম্পর্কে একটা বিবৃতি দান করতে আহ্বান করছি। এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনা। এক সপ্তাহের মধ্যে ৭ জন এইভাবে গুলি খেয়ে মারা গেল।

[2-10—2-20 p.m.]

শ্রীসত্যনারায়ণ সিংহ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এই সম্পর্কে একটি বিশেষ ব্যবস্থা এখনই অবলম্বন করা দরকার।

শ্রীলক্ষ্মীকান্ত বোস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রকম অবস্থা প্রায় সর্বত্র। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এই বিষয়টা উপেক্ষিত, এটা একটা ভাববার কারণ হয়ে দাঁড়িয়েছে। মাননীয় সদস্য যেমন ইনসিকিওর ফিল করলেন, সেই রকম দিবা-রাত্র গুলি চলছে কলকাতার সমাজ-জীবন অত্যন্ত বিপর্যস্ত। আমি একটা টেলিগ্রাম পেয়েছি, লোকসভার সদস্য শ্রীপ্রিয়রঞ্জন দাস-মুন্সি বলেছেন—ল অ্যান্ড অর্ডার সিচুয়েসান অব বেঙ্গল ইজ অ্যালারমিং। এটা ভাববার কথা। আমি মাননীয় সদস্যের সংগে একমত। আমাদের পশ্চিমবঙ্গে ল অ্যান্ড অর্ডার সিচুয়েসান ইজ অ্যালারমিং এই ব্যাপারে আমি বলব একটা বিশেষ ব্যবস্থা না নিলে এম এল এ-দের লাইফ অ্যান্ড সিকিউরিটি খুব একটা বিপজ্জনক অবস্থায় এসে পৌঁছেছে।

ডঃ শান্তিকুমার দাসগুপ্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে আমি কিছুদিন আগে একটা মেনসান করেছিলাম, এখনও বিশেষ কিছু ব্যবস্থা হয়েছে বলে শুনি নি। ঐ অঞ্চলটা একটা মারাত্মক অবস্থার মধ্যে যাচ্ছে। আমাদের রাষ্ট্রমন্ত্রী এখানে আছেন, তাঁকে আপনার মাধ্যমে স্মরণ করিয়ে দিতে চাই, ঐ অঞ্চলকে একটু ভালভাবে দেখা দরকার।

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অনুমতি দিলে আমি আগামী কাল এই ব্যাপারে একটা স্টেটমেন্ট দেব।

শ্রীলক্ষ্মীকান্ত বোসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বরাষ্ট্র দপ্তরের মাননীয় রাষ্ট্রমন্ত্রী কয়েক দিন আগে বলেছিলেন আই জি আমার কথা শুনে না। আমি বুঝতে পারছি না তিনি কি করে পুলিস ডিপার্টমেন্ট সম্বন্ধে কি বলবেন না বলবেন।

Mr. Speaker: At any rate, I hope the Hon'ble Minister Shri Subrata Mukhopadhayay will make a statement tomorrow on the subject raised on the floor of the House today.

শ্রীগৌতম চক্রবর্তীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতুলপ্রসাদের একটি কবিতার দুটি লাইন আপনাকে শোনাচ্ছি—নানা ভাষা নানা মত নানা পরিধান, বিবিধের মাঝে দেখ মিলন মহান। ভারতবর্ষের ধ্যান-ধারণা শুধুমাত্র অতুলপ্রসাদের নয়, ভারতবর্ষের বহু মুনি ঋষি আমাদের এই ভারতবর্ষে বিভিন্ন ভাষা-ভাষীর মাধ্যমে বিভিন্ন জাতির মাঝখানে বিরাট একটা ঐক্য স্থাপন করেছেন। আমরা দেখেছি পশ্চিমবঙ্গের যুবক সম্প্রদায় কখনও বা লাল ঝাণ্ডা নিয়ে কর্মসংস্থানের জন্য রাজপথে নেমেছেন, কখনও বা নকসাল আন্দোলন করে রিভলভার বন্দুক ছুঁড়েছেন। মানীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আজকে যে বক্তব্য আমি রাখতে চাই সেটা হচ্ছে থর মরুভূমির মাঝখানে তৃষ্ণার্ত মানুষ যখন ছোট্ট জলের সন্ধান পায়, তার তৃষ্ণা নিবারণ করার জন্য সে তখন সেই জল যেভাবে পান করার চেষ্টা করে ঠিক সেইভাবে সারা পশ্চিমবঙ্গের যুবক কখনও বা দুর্গাপুরে, কখনও বা ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্টে, কখনও বা হলদিয়া প্রকল্পে চাকুরির জন্য ঘুরে বেড়াচ্ছে। এই হলদিয়া প্রকল্প শুধুমাত্র পশ্চিমবঙ্গের মানুষরা নয়, সারা ভারতবর্ষের মানুষের বিরাট একটা স্বপ্ন, এই হলদিয়া রেফাইনারী প্রোজেক্টে সুন্দর সুন্দর শিল্প গড়ে উঠছে সুন্দর সুন্দর ব্যবসাবাণিজ্য সৃষ্টি হচ্ছে, কিন্তু অত্যন্ত দুঃখের এবং লজ্জার কথা, স্বাধীন ভারতবর্ষের একজন স্বাধীন নাগরিক হয়ে আজকে অ্যাসেম্বলী হাউসে দাঁড়িয়ে এই বক্তব্য রাখতে হচ্ছে বলে নিজে লজ্জা অনুভব করছি, আপনাকে জানাচ্ছি আমাদের যে জাতীয় সংহতি সেই জাতীয় সংহতিকে খর্ব করার জন্য আজকে চেষ্টা করা হচ্ছে। আমি একটা এক্‌জাম্পল আপনার কাছে দিচ্ছি। কিছুদিন আগে হলদিয়ায় পশ্চিমবঙ্গের চাকুরির ক্ষেত্রে বাঙ্গালীদের কিভাবে বঞ্চিত করা হচ্ছে তার একটা দৃষ্টান্ত তুলে ধরছি। গত ১৮ই এপ্রিল হলদিয়া ইন্ডিয়ান অয়েল কর্পোরেশানের হলদিয়া রিফাইনারী প্রোজেক্টের পাবলিক রিলেসানস বিভাগে সিনিয়ার অ্যাসিস্ট্যান্ট পদে লোক নিয়োগের জন্য নিয়মমাফিক পরীক্ষা নেওয়া হয় এবং তাতে একজন বাঙ্গালী পরীক্ষায় প্রথম হয়। তাঁর উপযুক্ত যোগ্যতা থাকা সত্ত্বেও তিনি চাকরি থেকে বঞ্চিত হলেন। কারণ হিসাবে কর্তৃপক্ষ বলেছেন শতকরা ৫০ ভাগ নম্বর নাকি তিনি পান নি সেজন্য তাঁকে চাকুরি দেওয়া যাবে না, এমন কি আজ পর্যন্ত ঐ পদে কাউকে নিয়োগ করা যাবে না।

এর আগে অনুরূপভাবে নাকি লোক নিয়োগ স্থগিত রাখা হয়। এখন শোনা যাচ্ছে একজন অবাঙ্গালীকে ওই পদে নিয়োগ করবার জন্য নাকি কর্তৃপক্ষ এই রকম চাল চালছেন এবং শেষ পর্যন্ত হয়ত দেখা যাবে অন্য প্রদেশের লোক নিয়োগ করা হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বক্তব্য রাখছি যখন অ্যাভার্টাইজমেন্ট করা হয় তখন যদি বলা হত বাঙ্গালী হলে ইন্টারভিউ দিতে পারবে না, যদি বলা হত শতকরা ৫০ ভাগ মার্কস না পেলে তুমি সিলেক্ট হবে না, তা হলে আমার বলার কিছু ছিল না। ওই প্রার্থী লিখিত পরীক্ষার প্রথম

হয়েছিল, কিন্তু শুধুমাত্র কারণ দর্শান হল তুমি পশ্চিমবাংলার মানুষ, সেই জন্য তোমাকে চাকুরি দেওয়া হবে না। মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য হচ্ছে পশ্চিমবাংলার যুবক সম্প্রদায় শুধু শুধু পাইপ গান ধরে নি, পশ্চিমবাংলার যুবক সম্প্রদায় শুধু শুধু লাল ঝান্ডা ধরে নি—দীর্ঘ দিন ধরে তাদের বঞ্চিত করা হয়েছে। পশ্চিমবাংলার যুবক সম্প্রদায় যাদের দীর্ঘ দিন ধরে শোষণ করা হয়েছে, ডিপ্রাইভ করা হয়েছে সেই শোষিত যুবক সম্প্রদায়ের কাছ থেকে আমি এসেছি। আমি আজকে তাদের হয়ে এখানে বক্তব্য রাখছি আগামী দিনে তাদের যেন আর ডিপ্রাইভ হতে না হয়, পশ্চিমবাংলার যুবক সম্প্রদায়ের উপর আর যেন স্টীম রোলার চালান না হয় এবং যে সমস্ত অবাঙ্গালীরা বাঙ্গালী এবং অবাঙ্গালীদের মধ্যে বিভেদ সৃষ্টি করতে চাচ্ছে তার যেন অবসান হয়। এই আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশরৎচন্দ্র দাস: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়া জেলা ১৯৫৬ সালে বঙ্গভুক্ত হয়েছে। আমাদের পুরুলিয়া জেলায় সঙ্গীত শিল্প একটি প্রধান শিল্প এবং সেখানে ঝুমুর এবং আরও নানা রকম সঙ্গীত প্রচলিত আছে। কিন্তু দুঃখের বিষয় আমাদের সেই সঙ্গীত শিল্পের সঙ্গে পশ্চিমবাংলার জনগণের পরিচিত হবার কোন সৌভাগ্য হয় নি। আমি সেই জন্য মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি, রাঁচী থেকে যেমন আদিবাসী সঙ্গীত, ঝুমুর সঙ্গীত প্রচারের ব্যবস্থা আছে সেই রকম আমাদের পুরুলিয়ার ঝুমুর সংগীত এবং আরও যেসব সংগীত আছে সেগুলি আমাদের আকাশবাণীর মাধ্যমে যেন প্রচার করা হয় এবং পশ্চিমবঙ্গবাসী যেন আমাদের পুরুলিয়া জেলার সঙ্গীতের সঙ্গে পরিচিত হবার সুযোগ পান।

শ্রীশিশিরকুমার ঘোষ: মাননীয় স্পীকার মহাশয়, আমি এর আগে হাউসে উল্লেখ করেছিলাম খড়দহে পাইওনিয়ার ওয়েয়ার ইন্ডাস্ট্রি ক্লোজার-এর নোটিস দিয়েছে। আমি তখন বলেছিলাম এখানে ১২০ জন লোক যাতে ছাঁটাইয়ের মুখে না পড়ে, তারা যাতে কর্মচ্যুত না হয় তার প্রতি মন্ত্রিসভা যেন দৃষ্টি দেন। কিন্তু দুঃখের বিষয় গত ২৭ তারিখ থেকে সেই ফ্যাক্টরী ক্লোজার হয়েছে। এটা যাতে ক্লোজার না হয় তার জন্য লেবার ডিপার্টমেন্ট সুপারিশ করেছিলেন। কিন্তু সেই সুপারিশ নাকচ করে মালিক পক্ষ ক্লোজার করেছে এবং তার প্রতিবাদে ১২০ জন শ্রমিক কারখানার ভেতরে অবস্থানরত। তারা ক্লোজারের যে যুক্তি দিয়েছে সেটা সিলি যুক্তি। তারা বলছে র মেটেরিয়ালস-এর অভাবে কারখানা চালাতে পারছি না। ১৯৭০, ১৯৭১, ১৯৭২ সালে তারা র মেটেরিয়ালস-এর কোটা পেয়েছে। কিন্তু তা সত্তেও ১৯৭৩ সালে কেন কারখানা বন্ধ করে এই ১২০ জন শ্রমিককে ছাঁটাই করল তার জন্য তদন্ত হওয়া দরকার। আমি জানতে চাই এবং দেখতে চাই লেবার ডিপার্টমেন্ট যদি কোন সুপারিশ করেন এবং মালিক পক্ষ যদি সেই সুপারিশ নাকচ করেন তা হলে সেই মালিকের কি শাস্তি হবে?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি এই ১২০ জনের ভাগ্যে যেন কর্মচ্যুত অবস্থায় যাতে না পড়তে হয় তার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। আমি অবিলম্বে এই বিষয়ে মন্ত্রি-সভার দৃষ্টি আকর্ষণ করছি। এই শ্রমিকরা বলেছিলেন যে, সত্যিই যদি র মেটেরিয়ালের অভাব হয়, তা হলে আমাদের ওয়ার্কিং ডেজ কমিয়ে দাও। আমরা সপ্তাহে চার দিন কাজ করতে রাজী আছি, তোমরা ছাঁটাই করো না, ক্লোজার করো না, লক-আউট করো না। কিন্তু তাদের সুপারিশকে নাকচ করে হীন চক্রান্ত করে তারা ক্লোজার করেছেন। আমি মনে করি লেবার ডিপার্টমেন্টের মাননীয় মন্ত্রিমহাশয় অবিলম্বে তদন্ত করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। এবং আজই সরকার এই বিষয়ে একটা বিবৃতি দেবেন।

[2-20—2-30 p.m.]

শ্রীরবীন্দ্র ঘোষ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। হাওড়া জেলা একটি ঘাটতি জেলা তার উলুবেড়িয়া থানা, বাউড়িয়া থানা এবং শ্যামপুর থানার জনসাধারণ আজকে অনাহারে, অর্ধাহারে দিন

কাটাচ্ছে। উলুবেড়িয়ার দক্ষিণ কেন্দ্রে শ্যামপুর থানায় কালো বাঘ বলে একজন ৬০ বছর বয়েসের লোক গত ২৫শে এপ্রিল, ১৯৭৩ তারিখে না খেতে পেয়ে মারা গিয়েছে। উলুবেড়িয়া থানায় এবং শ্যামপুর থানায় এবং বাউড়িয়া থানায় রেশনে সাড়ে চার সের করে চাল দেওয়া হচ্ছে। এবং সরকার যে চাল দিচ্ছেন তা অখাদ্য চাল। একদিকে অনাহারে, অর্ধাহারে তারা দিন কাটাচ্ছে, আর একদিকে সরকারের রেশন বন্ধ হতে চলেছে। মানুষ বেকার অবস্থায় দিন কাটাচ্ছে, ক্ষেত মজুররা, কৃষকরা না খেতে পেয়ে দিনের পর দিন অনাহারে, অর্ধাহারে থাকছে। রেশনে যে চাল দেওয়া হচ্ছে তা দেখাবার জন্য আমি এনেছি যদিও মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় এখানে নেই, রেশনে যে চাল দেওয়া হচ্ছে তাতে দু-তিন দিন মাত্র চলে। তারপর একটুখানি তেলের জন্য তারা অন্ধকারে দিন কাটাচ্ছে। ১৯৭২ সালে নির্বাচনের আগে প্রগতিশীল মোর্চা যে প্রতিশ্রুতি দিয়েছিল তা পূরণ না হওয়ার জন্য আজকে সাধারণ মানুষ হতাশায় দিন কাটাচ্ছে। বেকার অবস্থায় ক্ষেত মজুররা কাজ পাচ্ছে না, এই খরার দিনে পানীয় জলের কোন ব্যবস্থা নেই। মানুষ আজকে হতাশায় দিন কাটাচ্ছে। আজকে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাব, উলুবেড়িয়া, বাউড়িয়া এবং শ্যামপুর থানায় মানুষেরা কি অবস্থায় দিন কাটাচ্ছে। ১৭ হাজার চাকুরি বড় বড় গালভরা বুকুনি সরকার দিয়েছিলেন কিন্তু মানুষের চাকুরির কোন ব্যবস্থা হয় নি। ১৯৭২ সালে নির্বাচনের আগে সাধারণ মানুষ আশা করেছিল যে, তারা অন্ধকার থেকে আলো দেখবে, কিন্তু আজকে পশ্চিমবাংলার অনেক জেলা বিশেষ করে উলুবেড়িয়া, বাউড়িয়া এবং শ্যামপুর থানা হাওড়া জেলার সাধারণ মানুষের দুরবস্থার কথা আমি এই হাউসে তুলে ধরছি। আর যদি দু' একদিন এই রকম চলে, তা হলে আরও অনেক মানুষ না খেতে পেয়ে মরবে। কাল বাগের স্ত্রী রাস্তায় ভিক্ষা করে বেড়াচ্ছে। এই জেলায় যদি অবিলম্বে পুরা রেশন ব্যবস্থা না হয় তা হলে ১৯৬৪ সালের কথা স্মরণ করি যখন প্রফুল্ল সেন মহাশয় মন্ত্রী ছিলেন, তখন রেশন এবং কেরোসিনের জন্য বাংলার দিকে দিকে আগুন জ্বলেছিল—তখন নুরুল ইসলাম গুলি খেয়ে মরেছিল, বর্তমানে আবার সেই ১৯৬৪ সালে বাংলাদেশ ফিরে যেতে বসেছে। তাই অবস্থায় যাতে আর যেতে না হয়, সেজন্য আমি নিজে অনুরোধ করব, মাননীয় মন্ত্রিমহাশয় নিজে তদন্ত করার ব্যবস্থা করুন।

শ্রীঅরবিন্দ নস্করঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ও জরুরী ঘটনার প্রতি মাননীয় সেচ দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ২৪-পরগনা জেলার মগরাহাট নিকাশী যে প্রকল্প যার জন্য কেন্দ্রীয় সরকার কয়েক কোটি টাকা মঞ্জুর করেছেন এবং তার মধ্যে কুলতলী কেন্দ্রের হাবগা ড্রেনেজ স্কীম, তার জন্য কেন্দ্র থেকে সাড়ে বাইশ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে এবং এই কুলতলী-হাবগা ড্রেনেজ স্কীমের জন্য সাড়ে বাইশ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে পশ্চিমবঙ্গ সরকার থেকে। আজকে দীর্ঘ কয়েক মাস যাবার পর এই প্রকল্পের কাজ আজ পর্যন্ত চালু করা হচ্ছে না। আমি এখানে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে, এখানে বিভাগীয় সেচ দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয় আছেন, বার বার তাঁর নোটিসে এটা আনা সত্ত্বেও আজ পর্যন্ত এই কাজ চালু করা হচ্ছে না, এই প্রকল্পের কাজ বানচাল হতে বসেছে। গত ২৫শে এপ্রিল আনন্দবাজার পত্রিকায় "মগরার নিকাশী প্রকল্পের কাজ এত ধীর গতিতে হচ্ছে কেন" এই সম্পর্কে একটি আর্টিকল বা প্রবন্ধ বের হয়েছিল, আপনি হয়ত তা লক্ষ্য করে থাকবেন। তাই আজকে আপনার [illegible] বিভাগীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই যে হাজার হাজার মানুষ আজকে এই সরকারের দিকে তাকিয়ে রয়েছে সেই এলাকায় কোন কাজ নেই। আজ তারা গ্রাম ছেড়ে কাজের অভাবে শহরে খোলা আকাশের নীচে ফুটপাথের উপর সংসার পাতছে। তাই বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমাদের দাবি হচ্ছে যে, এই কাজ চালু হবে কোন দিন থেকে? এই মগরাহাট প্রকল্পের অধীনে যে হবগা বেসিন স্কীম তার কাজ কবে থেকে আরম্ভ করা হবে? আমি আজ আপনার মাধ্যমে—এখানে মন্ত্রিমহাশয় আছেন তিনি দীর্ঘ কয়েকদিন বাইরে থাকার জন্য সেখানে কাজ আরম্ভ হয় নি মাঝে মাঝে আমলাদের কাছে ছুটে গিয়েছি তাঁরা বলেন যে মন্ত্রিমহাশয় এখনও আসেন নি আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই, তিনি কয়েকদিন আগে গ্রিন সিগন্যাল দেওয়া সত্ত্বেও কেন এই কাজ আরম্ভ হয় নি কেন

হবগা ড্রেনেজ স্কীমের সাড়ে বাইশ লক্ষ টাকার কাজ আরম্ভ হয় নি, কোন্ প্রতিক্রিয়াশীল চক্রের হস্তক্ষেপের ফলে এই কাজ বন্ধ হয়েছে? তিন তিন বার টেন্ডার কল করার পরেও কেন সেই কাজ আজও আরম্ভ হচ্ছে না সে সম্পর্কে সেচ মন্ত্রিমহাশয়কে কিছু বক্তব্য রাখবার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীসুব্রত মুখার্জীঃ মাননীয় স্পীকার, স্যার, আমরা যখন সবুজ বিপ্লবের স্বপ্ন দেখছি, আজকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবার কথা বলছি, কৃষিতে আধুনিক বিজ্ঞানসম্মত করবার কথা বলছি ঠিক সেই মুহূর্তে কাটোয়ার ২নং ব্লকের অন্তর্গত অগ্রদ্বীপ অঞ্চলের রঘুনাথপুরে একটা স্লুইস গেটের দাবি দীর্ঘ ১০ থেকে ১২ বৎসর ধরে সেখানকার মানুষ বার বার আবেদন-নিবেদন করছে। বেদনার কথা, লজ্জার কথা যে, আমলাদের কাছে খোঁজ নিয়ে জানতে পারা যায় যে, সেই আবেদন এবং নিবেদন, পরীক্ষা-নিরীক্ষা হিমঘরে জমা আছে। মাননীয় স্পীকার স্যার, আমি জানাতে চাই আপনার মারফত এই কথা যে একটা বিস্তীর্ণ চর এলাকা যেখানে বাংলাদেশ থেকে হাজার হাজার ছিন্নমূল পরিবার যারা স্বাধীনতার লড়াইয়ে নিজেদের বাস্তুভিটা, আত্মীয়স্বজন হারিয়ে নূতন করে জীবনের স্বাদ পাবার জন্য যারা এই এলাকায় লড়াই শুরু করেছে এবং যেখানে ভাগীরথীর জল সারা বৎসর এই বিস্তীর্ণ এলাকার হাজার হাজার বিঘে জমিকে জলমগ্ন রাখে, এই একটা স্লুইস গেট হলে এই ভাগীরথীর জল প্রয়োজনে চাষের কাজে ব্যবহার করা যাবে এবং অপ্রয়োজনে অতিরিক্ত জলটা বের করে দেওয়া সম্ভব হবে। মাননীয় স্পীকার স্যার, আমি জানি না এই যে সেচ বিভাগের যারা আমলা রয়েছে তাদের কানে এই হাজার হাজার চাষীর কান্না পৌঁছায় কিনা। মাননীয় স্পীকার স্যার, আমি জানি না আমার এলাকার এই যে চাষীদের আর্তনাদ তা তাদের ঘুম ভাঙ্গাবে কিনা। মাননীয় স্পীকার স্যার, এই হাউসে সেচমন্ত্রী মহাশয় উপস্থিত আছেন, তাঁর অবগতির জন্য আমি জানাচ্ছি এই স্লুইস গেটের জন্য কয়েকদিন আগে ঐ বর্ধমানের সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ার মিঃ এন কে সার কাছে কয়েক ঘণ্টা বসে থাকবার পর তাঁর কাছে মেমো নাম্বার দেখান হল রেফারেন্স নাম্বার দেওয়া হল এবং তারপর তিনি বললেন, এই ফাইলটা খুঁজে পাওয়া যাচ্ছে না।

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ বিভাগের মন্ত্রীর উদ্দেশ্যে বলতে চাই, আপনার বিভাগের আমলারা যদি এইভাবে কাজ করেন, তা হলে সোনার পশ্চিমবংলা গড়ে তোলা সম্ভব হবে কিনা। আমি আশা করি মাননীয় সেচ বিভাগের মন্ত্রিমহাশয় এই সমস্ত দিকে নজর দিবেন এবং তৎপরতার সঙ্গে এই স্লুইস গেটটি নির্মাণের আদেশ দেবেন।

[2-30—2-40 p.m.]

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে পশ্চিমবাংলার গ্রাম হতে গ্রামান্তরে, কলকাতার অলিতে গলিতে ফুটপাথে সর্বত্র হত্যালীলা চলেছে। সেকথা বেশ কয়েকদিন থেকে এখানে সোচ্চার হয়ে উঠেছে, আজকেও মাননীয় সদস্যরা বলেছেন। মানুষ আশ্রয় নেয় বিপদগ্রস্ত হয়ে পুলিসের কাছে, কিন্তু পুলিসই আজকে হত্যাকারীদের সঙ্গে হত্যায় মেতে উঠেছে। আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যাদবপুর থানার অধীন সেলিমপুর, সেখানে একটা চায়ের দোকান থেকে জীবন দে-কে গ্রেপ্তারের পর সোনারপুর রেলওয়ে পুলিস তাকে পিটিয়ে মেরে ফেলেছে। দিন কয়েক আগে ঘটনাটা কালান্তর কাগজে প্রকাশিত হয়েছিল। জীবন দে-কে যে সময় গ্রেপ্তার করা হয়, তার ২০ দিন পর তার পরিবারবর্গকে তার মৃত্যু সংবাদ দেওয়া হয়। যদিও চাপ দেওয়া হয় যে তার মৃত্যু স্বাভাবিক মৃত্যু হয় নি, তার মৃতদেহও তার পরিবারবর্গকে দেখান হয় নি। মাননীয় স্পীকার মহাশয়, সেলিমপুর রেলওয়ে লেভেল ক্রসিং-এ তিনজন কনেস্টবল-এর উপর আক্রমণ হয়, তিনটি রাইফেলের ঘটনা প্রসঙ্গে জিজ্ঞাসাবাদের জন্য রেলওয়ে পুলিস তাকে ধরে নিয়ে যায়। যেহেতু সেখানে তিনজন পুলিসের উপর আক্রমণ হয়েছিল, সেজন্য সেখানে চায়ের দোকান থেকে তাকে ইনভেস্টিগেশন, ইন্টারোগেশন করবার জন্য নিয়ে যাওয়া হয়েছিল। কিন্তু তারপর দেখা গেল

তাকে পিটিয়ে মেরে ফেলা হল। তার বিরুদ্ধে অভিযোগ, জীবন দে নাকি নকশালপন্থী ছিল, কিন্তু প্রকৃতপক্ষে যদি অনুসন্ধান করে দেখা যায়, তা হলে দেখা যাবে রেলওয়ে পুলিসের সঙ্গে পশ্চিমবঙ্গের পুলিসের চালের চোরাকারবারীদের ষড়যন্ত্র আছে বলেই এই ঘটনা ঘটেছে। হতে পারে সে চোরাকারবারী, হতে পারে সে নকশালপন্থী, নকশালদের সমর্থনকারী, কিন্তু পশ্চিমবঙ্গে তথা ভারতবর্ষে এমন কোন কি আইন আছে যে তাকে অ্যারেস্ট করে নিয়ে যাবার পর তাকে হত্যা করে মেরে ফেলতে হবে? এত সাহস কি করে আসে? আজকের দিনে পুলিসের হাতে যদি এই রকম ক্ষমতা দেওয়া হয়, তা হলে তো রাস্তাঘাটে যে কোন মানুষকে ডেকে নিয়ে গিয়ে তাকে পিটিয়ে মেরে ফেলে দেবে। এইভাবে যদি পিটিয়ে মেরে ফেলে দেওয়া হয়, তা হলে সাধারণ মানুষ যাবে কোথায়? বিপদগ্রস্ত হয়ে মানুষ যায় পুলিসের কাছে আশ্রয় চাইতে, পুলিস যদি মানুষকে হত্যা করে, তা হলে আশ্রয়ের জন্য সাধারণ মানুষ যাবে কোথায়। আমি আশা করি জীবন দে-কে যে এভাবে মেরে ফেলা হল, এ সম্বন্ধে স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় একটা বিবৃতি দেবেন।

শ্রীপঙ্কজ ব্যানার্জীঃ মাননীয় স্পীকার মহাশয়, এখানে বার বার একথা বলা হয়েছে যে, বিধানসভায় যখন গুরুত্বপূর্ণ ঘটনাগুলি বলা হয়, তখন বিধানসভায় যেন বিভাগীয় মন্ত্রিমহাশয় এখানে থাকেন, যাতে ব্যাপারটা তাঁদের নজরে আনা হয়। যখন একজন সদস্য একটা বিষয় নিয়ে অভিযোগ করছেন, সেই বিভাগের মন্ত্রিমহাশয় দেখছি উপস্থিত না থেকে, অর্ধেক কথা শুনতে শুনতে চলে গেলেন। তা হলে এখানে বলে কি হবে, বিচারই বা চাইব কোথায়? আপনি যদি এ সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ না করেন, তা হলে কি আগামী দিনে আমরা আর বলবো না?

Mr. Speaker: Mr. Banerjee, the matters, raised on the floor of the House under rule 351 as mention cases, are being taken note of with all details by my office and are being sent to the respective departments for necessary action.

শ্রীপঙ্কজ ব্যানার্জীঃ বলার সময় যদি হাউস ছেড়ে চলে যান, পরে লিখিত কাগজে পাঠিয়ে কতদূর কি হবে সন্দেহ আছে।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষিবিভাগের মন্ত্রী ও সমগ্র মন্ত্রিসভার একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সবুজ বিপ্লবের কথা বলছি এবং আমি আপনার সামনে এখানে ঐ এগ্রিকালচারাল (সি ডি) ইরিগেশান ডিপার্টমেন্ট-এর অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারীর একটি সার্কুলার রাখছি। বোরো চাষ বা অন্যান্য চাষের জন্য মাইনর ইরিগেশন স্কীম থেকে পার্টিকুলারলি ডীপ টিউবওয়েলস—ক্লাস্টার শ্যালো টিউবওয়েলস অ্যান্ড রিভার লিফ্‌ট ইরিগেশান স্কীম থেকে যে জল দেওয়া হয়, সেই জলের জন্য কি রকম ট্যাক্স ধার্য করা হয়েছে তার একটা হিসেব এখানে দেওয়া আছে। আমি সেটা পড়ে দিচ্ছিঃ—

		একর প্রতি টাকা
(১) খারিফ প্যাডি/জুট	...	১৯·২০
(২) হুইট	...	২৪·০০
(৩) মাস্টার্ড	...	৯·৫০
(৪) পোটাটো অ্যান্ড ভেজিটেবলস্‌	...	৪০·০০
(৫) গ্রাউন্ড নাট	...	৪০·০০
(৬) আউস	...	৪০·০০
(৭) মেইজ	...	৩২·০০
(৮) প্রি-খারিফ ভেজিটেবলস্‌	...	৩২·০০
(৯) সামার খরিফ	...	৩২·০০
(১০) বোরো প্যাডি	...	৯৬·৫০
(১১) প্রি-খারিফ জুট	...	৯৬·৫০

মাননীয় অধ্যক্ষ মহাশয় যদি একটি জমিতে তিনটি ফসল হয়, তা হলে এখানে সরকারী হিসেব অনুযায়ী প্রায় আড়াইশো টাকার মত ট্যাক্স পড়ে। আর সেচ এলাকা বলে যেটাকে উল্লেখ করা হচ্ছে, সেখানে প্রায় তিনগুণ এই খাজনা বাড়ছে। অ্যাভারেজ দেখা যাচ্ছে পশ্চিমবাংলায় তিন বিঘা মানে এক একরে ৪৫ টাকা খাজনা বৃদ্ধি পাচ্ছে। এখানে মোটামুটি যদি ধরা যায় এক একর জমিতে চাষ করতে গেলে অমাকে ইনভেস্টমেন্ট করতে হবে তিন হাজার থেকে সাড়ে তিন হাজার টাকা। আর তার জন্য খাজনা, জলকর ইত্যাদি বাবত আরো আড়াইশো পৌনে তিনশো টাকা খরচ করতে হবে। অর্থনীতি অনুসারে এখানে কর ধার্যের নীতি লঙ্ঘিত হচ্ছে কিনা তার বিচার-বিবেচনা করে দেখবার জন্য আমি আপনাকে অনুরোধ করবো। আমাদের আশংকা হচ্ছে এই সেচকর অত্যধিক হচ্ছে।

আর একটি উল্লেখযোগ্য, এই নর্মাল ইরিগেশান ট্যাক্স পার একার যা ধার্য আছে, ক্যানাল ট্যাক্স থেকে এই কর অনেক ক্ষেত্রে বহুগুণ বৃদ্ধি পেয়েছে। কাজে কাজেই এখানে মাইনর ইরি-গেশানের ফল কারা ভোগ করছে? মাইনর ইরিগেশানের দ্বারা যে সবুজ বিপ্লব হবে বলে সরকার ঘোষণা করেছেন. সেখানে ডীপ টিউবওয়েল, লিফ্‌ট ইরিগেশান ক্লাস্টার ইত্যাদি থাকবে। লোকে সস্তায় জল পাবে। তা কিন্তু পাচ্ছে না। কাজে কাজেই সরকারকে অনুরোধ করবো এই ব্যাপারে একটা বিহিত ব্যবস্থা করুন।

শ্রীবীরেশ্বর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকাল শিক্ষা ও সভ্যতার যথেষ্ট উন্নতি হয়েছে। প্রগতিশীল সরকার এবং আমরা অনেক প্রগতিশীল আইন তৈরি করছি। কিন্তু আমাদের দেশের কারাভ্যন্তরে যে সমস্ত কারান্তরালবাসী কয়েদীরা আছেন. তাঁরা কি কষ্টে আছেন, তার একটা দৃষ্টান্ত বালুরঘাটের সদর-জেলের অবস্থা থেকে বোঝাবার একটু চেষ্টা করছি। আমি গত পরশু সেখানে গিয়েছিলাম. সেখানকার যে চিত্র দেখলাম সেটা অত্যন্ত ভয়াবহ অবস্থা। যেখানে পুরুষ কয়েদীর ৭৯ জন থাকবার ব্যবস্থা আছে. সেখানে ২৮৫ জন পুরুষ কয়েদীকে রাখা হয়েছে। আর যে রুমে ৩ জন মেয়ে কয়েদী থাকতে পারে অর্থাৎ থাকবার ব্যবস্থা আছে. সেখানে ৩১ জন মেয়েছেলে কয়েদী আছে। তারা সেখানে শুতে পারে না, বসে বসে রাত কাটায়। এমনি দাঁড়াবারও স্থান নেই বললে অত্যুক্তি হয় না। শুধু তাই নয়. ঘর দিয়ে বৃষ্টি পড়ে। এমন অবস্থায় কয়েদীরা সেখানে বাস করছে। আমার মনে হয় এতগুলো কোন পশুকেও সেখানে রাখা সম্ভব নয়। আর মেয়েদের কক্ষের পাশেই খাটা পায়খানা—সার্ভিস ল্যাট্রিন। তাও সময়মত পরিষ্কার করা হয় না। দুর্গন্ধে সেখানে থাকা দায়। সেখানকার ড্রেনও পরিষ্কার করা হয় না। আমি সেখানে ৫ মিনিটও থাকতে পারি নি। অথচ মাসের পর মাস সেই সব কয়েদীদের সেখানে বসবাস করতে হচ্ছে। এটা কি আজকে শিক্ষা ও সভ্যতার যুগে হাউসের মাননীয় সভ্যগণ অনুমান করতে পারেন?

আমি অনুরোধ করছি এখানে কারামন্ত্রী আছেন. তাঁকে অন্ততপক্ষে মেয়েদের থাকবার ব্যবস্থা যাতে হয় তার জন্য সেখানে যেন টেম্পোরারী শেড তৈরি করে দেওয়া হয়। সেখানে তা হলে মেয়েরা শুয়ে বসে থাকতে পারে। তা ছাড়া, সেখানে চিকিৎসার অত্যন্ত দুরবস্থা। সপ্তাহে তো নয়ই এমন কি ১০।১৫ দিনেও ডাক্তার অ্যাটেনডেন্স দেয় না। সংক্রামক রোগীরা পর্যন্ত এক জায়গায় বসবাস করছে। সেইজন্য প্রত্যেকের খোস-পাঁচড়া হয়ে গিয়েছে। সেখানে যারা কারারক্ষী আছেন তাদের অভিযোগ এইজন্য তাদেরও পর্যন্ত খোস-পাঁচড়া হয়ে গিয়েছে।

[2-40—2-50 p.m.]

শ্রীমহম্মদ দেদার বক্সঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজ আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সদস্যদের এবং সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় অনুপস্থিত থাকলেও মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গত ১লা মে বিদ্যুৎ সহ ঝড়ের জন্য পশ্চিমবাংলায় প্রচুর ঘরবাড়ি পড়ে গিয়েছে। অনেক জায়গায় ঘরবাড়ি

উড়ে গিয়েছে। গ্রামবাংলায় বাঁশ কেনা যায় না। দাম অত্যন্ত বেশি। কিন্তু অনেক বাড়ি নষ্ট হয়ে গিয়েছে। আমার কেন্দ্র ভগবানগোলা দু নম্বর ব্লকে একটা মুদি দোকানে বজ্রপাত হয়েছিল। সেই দোকানে বহু টাকার মাল নষ্ট হয়ে গিয়েছে। ভাগ্য ভাল যে সেই দোকানে যারা থাকে তাদের কেউ মারা যায় নি। আমার অনুরোধ জরুরীভাবে ব্লকের ভিত্তিতে একটা রিপোর্ট যাতে সংগ্রহ করা হয়। আরও উল্লেখ করতে চাই, অনেক আম গাছ সমূলে উৎপাটিত হয়েছে। আমি অনুরোধ করছি যারা দুঃস্থ পরিবার তাদের রিপোর্ট সংগ্রহ করে জরুরী ভিত্তিতে সাহায্য দেওয়ার জন্য।

শ্রীসোমেন্দ্রনাথ মিত্র: মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি গোচর করছি। আজ সকালে শিয়ালদহ এলাকায় কোন অজ্ঞাত কারণে বন্ধ পালিত হচ্ছে। এর জন্য সমস্ত এলাকায় যানবাহন চলাচল বন্ধ হয়ে গিয়েছে। এর ফলে আজকের স্কুল ফাইনাল পরীক্ষার্থীরা অত্যন্ত অসুবিধার সম্মুখীন হচ্ছে। এই অজ্ঞাত কারণে ছাত্রছাত্রীরা যে ক্ষতিগ্রস্ত হচ্ছে আমি আশা করবো শিক্ষামন্ত্রী নিশ্চয় তাদের জন্য একটা অলটারনেটিভ ডেট ঠিক করবেন। আমি এই অনুরোধ জানাচ্ছি শিক্ষামন্ত্রীকে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলিবাবার নাটকের একটি বিখ্যাত গান- 'ছিঃ ছিঃ, এত্তা জঞ্জাল'। সেই জঞ্জাল আজকে সারা পশ্চিমবঙ্গের পৌর প্রশাসনব্যবস্থা প্রায় ভেঙে পড়েছে বললেই চলে। আমি আপনার সামনে কিছু সুনির্দিষ্ট ঘটনার কথা বলছি। আসানসোলে যে আবর্জনার স্তূপ রয়েছে তা পরিষ্কার হচ্ছে না। সমস্ত মহল্লায় মহল্লায় স্মল-পক্স শুরু হয়ে গিয়েছে এবং সেখানে পৌর কর্তৃপক্ষ কোন কার্যকর ব্যবস্থা না গ্রহণ করার জন্য ১৯টি লোক মারা গিয়েছে। বহরমপুরে এবং কাঁদিতে এই আবর্জনা পরিষ্কারের কাজ না হওয়ার জন্য এমন একটা পূতিগন্ধময় অবস্থার সৃষ্টি হয়েছে এবং জনস্বাস্থ্য বিপন্ন হয়েছে যার ফলে প্রায় ৫০ জন মানুষ স্মল-পক্সে মারা গিয়েছে। পুরুলিয়ায় ঠিক এই অবস্থার জন্য প্রায় ৮ জন মানুষ মারা গিয়েছে। সেখানে পৌর প্রশাসন বিভাগ বিপর্যস্ত হয়ে পড়েছে। কলকাতা, হাওড়া, বাঁকুড়া, শ্রীরামপুরে সর্বত্র এই অবস্থা। আমি আপনার মাধ্যমে কি জিজ্ঞাসা করতে পারি পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ মানুষ তাদের স্বাস্থ্য রক্ষার জন্য যে কর দেন এবং সেই করের মাধ্যমে সেই সমস্ত পৌর প্রশাসন চলে, সেই পৌর প্রশাসন কি ঠুঁটো জগন্নাথ হয়ে পড়েছে? পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ মানুষ তারা আজকে এই আবর্জনাস্তূপের সম্মুখীন হয়ে তাদের স্বাস্থ্য হানি হয়ে মৃত্যুমুখে পতিত হবে? মাননীয় অধ্যক্ষ মহাশয় এক অবাক এবং ঐতিহাসিক ঘটনার কথা জানলাম যে, স্বাস্থ্যমন্ত্রী ৮টা লরি ভর্তি জঞ্জাল নিয়ে পৌর প্রশাসকের বাড়ি চড়াও হলেন ২৯শে এপ্রিল তারিখে। ফলাও করে খবরের কাগজে বের হল। আশা করতে পারি না মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারের মন্ত্রীদের অব্যবস্থা এমন হবে যে, মন্ত্রীর নির্দেশ আমলারা কার্যকর করবে না, তাঁর সুনির্দিষ্ট নির্দেশ মানবে না যার ফলে অনন্যোপায় হয়ে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় চলেছেন কমিশনার মহাশয়ের বাড়ি তার পিছনে ৮টি লরি। কি অদ্ভুত ব্যবস্থা।

আজকে প্রত্যেকটি সাধারণ মানুষ কোথায় কোন পর্যায়ে গিয়ে পৌঁছেছে সেটা কি সরকার উপলব্ধি করেন? আসানসোল বহরমপুর, কলকাতা, হাওড়া সব জায়গাতেই একই ব্যবস্থা। আমি কি সরকারকে জিজ্ঞাসা করতে পারি যে, কি প্রতিকারের ব্যবস্থা নেওয়া হয়েছে তার জন্য। আজকে অ্যাসেম্বলী শেষ হতে চলেছে। দেশের চারিদিকে দেখা যাচ্ছে প্রচণ্ড খরা, জলাভাব। পৌর প্রশাসন যে সব প্রতিষেধক জনস্বাস্থ্য রক্ষার কাজ তাদের হাতে আছে তারা তা করছে না। চারিদিকে জঞ্জাল আবর্জনার স্তূপ হয়ে রয়েছে। এগুলি জরুরী অবস্থার ভিত্তিতে আমাদের মন্ত্রিসভা প্রতিকার করার ব্যবস্থা গ্রহণ করতে পারেন না? আজকে কাগজে দেখলাম যে পৌর প্রশাসক নাকি বলছেন যে তিনি কোন ফাইলে সই করবেন না। তিনি সরকারকে চ্যালেঞ্জ করেছেন। একজন আমলা মন্ত্রিসভার বিরুদ্ধে চ্যালেঞ্জ করে। এ জিনিসটা আমাদের মন্ত্রিসভাকে একবার চিন্তা করে দেখতে বলি যে, আজকে পশ্চিমবাংলার মানুষ এই ব্যাপারে কি মনে করবে।

আজকে সেই চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করে সেই জঞ্জাল কমিশনারের বিরুদ্ধে অ্যাকসন নেওয়া প্রয়োজন। আর তা না করে কেবল ঠুঁটো জগন্নাথ হয়ে কি তাঁরা বসে থাকবেন? আর মিছিল করে মন্ত্রি-মহাশয় যাবেন তাকে সাধুবাদ জানানো হবে—এ জিনিস হবে না। পৌর সভার অবস্থা আজকে এমন অবস্থায় এসেছে যে একটু পানীয় জলের অভাবে লোকের স্বাস্থ্য ও জীবন বিপন্ন হচ্ছে—লক্ষ লক্ষ করদাতা জঞ্জালের ভরা জালে আবদ্ধ হয়ে পড়েছে। আমি জানতে চাই এই অবস্থার প্রতিকারের জন্য কি কি জরুরী ভিত্তিক ব্যবস্থা আপনারা গ্রহণ করেছেন। সেই সঙ্গে অত্যন্ত ক্ষোভের সহিত দুঃখের সঙ্গে বলছি, লজ্জার সঙ্গে বলছি যে, একটা প্রশাসনিক আমলা একটা পৌর প্রশাসন কর্মচারী তার বিরুদ্ধে কি কার্যকর পন্থা গ্রহণ করা হচ্ছে সেটা আমরা জানতে চাই। অবশ্য একটা সরকার রাতারাতি কোন অ্যাকসন নিতে পারে না, রাতারাতি বিপ্লব করতে পারে না। কিন্তু আজকে সরকারের উচিত অন্তত তারা একটু পানীয় জলের ব্যবস্থা, সাধারণ স্বাস্থ্য রক্ষা করার ব্যবস্থা করতে পারেন, বসন্তের, মহামারীর হাত থেকে, কলেরার হাত থেকে মানুষকে রক্ষা করতে পারেন। অন্ততঃ এই হীন দায়িত্বটুকু সরকার পালন করতে পারেন সে ক্ষমতা সরকারের আছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে, সে দায়িত্ব পালিত হচ্ছে না। তাই জরুরী অবস্থার ভিত্তিতে এই সব অবস্থার মোকাবিলা করার জন্য আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য-মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেই সঙ্গে সঙ্গে আমি একথা বলছি যে, যদি আজকে পশ্চিমবাংলার মন্ত্রিসভা একথা মনে করেন যে, দিনের পর দিন এই অবস্থা চলবে, তা হলে আমরা এই বিধানসভার সদস্যরা নিশ্চয় তা বরদাস্ত করবো না এবং সেই সঙ্গে যে সমস্ত কর্মচারী ও আমলারা আজকে এই পশ্চিমবাংলার জনজীবনকে মারাত্মক অভিশাপের দিকে নিয়ে চলেছে তাদের আমরা কোন দিনই ক্ষমা করবো না। আমরা জানতে চাই যে, এই সমস্ত কলেরা, বসন্ত, যে যে মহামারী রোগ মানুষকে মৃত্যুর দিকে নিয়ে চলেছে তার বিরুদ্ধে কি কার্যকর পন্থা গ্রহণ করা হচ্ছে। আমরা জানতে চাই বহরমপুর, আসানসোল, কলকাতা, হাওড়া, শ্রীরামপুর ইত্যাদি জায়গায় কি কি প্রতিষেধক ব্যবস্থা নেওয়া হয়েছে। আজকে পুরুলিয়ায় একজন লোক মারা গেছে, আসানসোলেও মানুষ মারা গেছে। তাই আমি আগামী কালের মধ্যে মন্ত্রিসভার কাছ থেকে একটি বিবৃতি দাবি করছি।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পূর্বে মাননীয় সদস্য শিয়ালদহ অঞ্চলে যে গোলমালের কথা বললেন আমি সে প্রসঙ্গে বলতে চাই যে, শিক্ষার্থীদের যাতে অসুবিধা না হয় তার জন্য আমরা ব্যবস্থা অবলম্বন করেছি। এবং কোন পরীক্ষার্থীই সেখান থেকে বাধা পায় নি।

[2-50—3-00 p.m.]

শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্ব-পূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি নিশ্চয় বর্ধমান শহরে গেছেন এবং মাননীয় সদস্যদের অনেকেই বর্ধমান শহরে গেছেন। বর্ধমান শহরে, প্রবেশ পথে জি টি রোডের উপর একটি তোরণ, গেট আছে। এই তোরণের একটি ছবি আমি গতকাল তুলে নিয়ে এসেছি এবং সেটা আপনার মাধ্যমে সরকারের কাছে উপস্থাপিত করবো। এই তোরণটির রং হচ্ছে পিঙ্ক কালারের এবং ১৫০ ফুট উচ্চ, ২৪ ফুট প্রশস্ত সুউচ্চ এই তোরণটি বিভিন্ন প্রকার মূর্তি দ্বারা খোদাই করা রয়েছে। এই তোরণটি ১৯১০ সালে তদানীন্তন গভর্নর লর্ড কার্জন যখন বর্ধমান শহরে আসেন তখন বর্ধমানের মহারাজা তাঁর সম্মানার্থে এই গেটটি নির্মাণ করেন এবং এই গেটের নামকরণ করা হয় কার্জন গেট। স্বাধীনতা প্রাপ্তির পর এই তোরণটির নামকরণ করা হয় বিজয় তোরণ—এই তোরণের একটা ঐতিহাসিক গুরুত্ব আছে। ১৯১০ সালে ৩ লক্ষ টাকা ব্যয়ে ইঁট, বালি, সুরকী, সিমেন্ট দিয়ে এই তোরণটি তৈরি করা হয়। বিদেশী কন্ট্রাক্টররা এর কাজ পরিচালনা করেন। এই তোরণে যে সমস্ত মূর্তি আছে সেগুলি করেন আর্কিটেক্ট—এই তোরণের একটি অংশ সম্প্রতি ভেঙ্গে গেছে, এই ছবির মাধ্যমে সেটা পরিষ্কারভাবে দেখা যাবে। সবকার যদি এটার মেরামত এবং সংস্কারের দায়িত্ব

না নেন, তা হলে এই তোরণ শীঘ্রই ধ্বংস হয়ে যাবে। বিগত যুক্তফ্রন্ট সরকারের সময় এটা মেরামতের জন্য ১ লক্ষ ২০ হাজার টাকা ব্যয় করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কিন্তু এই টাকা এখন কোথায় আছে তা আমি জানি না। আমি আপনার মাধ্যমে এই বিষয়ে সরকারের দৃষ্টি অকর্ষণ করছি এবং অবিলম্বে এটার মেরামত ও সংস্কারের দাবি জানাচ্ছি। গত মন্ত্রিসভার বৈঠক যখন বর্ধমানে অনুষ্ঠিত হয়েছিল তখন আমরা এই বিষয়ে মন্ত্রিসভার কাছে আবেদন রেখেছিলাম। মাননীয় স্পীকার মহাশয়, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এবং এটার একটা ঐতিহাসিক গুরুত্ব আছে। হায়দ্রাবাদের নিজাম চারমিনাব তৈরি করেছিলেন এবং এই তোরণেও সেই চারমিনারের খানিকটা প্যাটার্ন আছে এবং এটা রক্ষণাবেক্ষণ করা একান্ত প্রয়োজন। তাই আমি আপনার মাধ্যমে এই বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রিমহাশয় বিশেষ করে পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং বর্ধমান শহরের এই ঐতিহ্যমণ্ডিত গেটটির সংস্কার নিশ্চয় হবে, এই বিশ্বাস আমি রাখছি।

শ্রীতৃপ্তিময় আইচ: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি পয়েন্ট অব অর্ডার তুলছি। মাননীয় শিক্ষামন্ত্রী কিছুক্ষণ আগে বললেন যে, শিয়ালদহে স্ট্রাইকের ফলে যে পরিস্থিতির উদ্ভব হয়েছে তাতে কোন পরীক্ষার্থী বাধাপ্রাপ্ত হয় নি। আমি বেলা পৌনে ১২টার সময় ঐখান দিয়ে আসছিলাম, সেই সময় একটি যুবক যার সেন্টার পড়েছে পার্কসার্কাসে, শিয়ালদহে এসে তিনি কান্না-কাটি করছেন পরীক্ষা দিতে পারবেন না বলে। সেই জন্য আমি বলছি রাজ্য সরকারের কাছে যে রিপোর্ট এসেছে সে সম্বন্ধে আমাদের সন্দেহ আছে। এই পরিস্থিতির উদ্ভব যাতে আগামী দিনে না হয় এবং পরীক্ষার্থীরা যাতে ঠিক সময় মত যেতে পারেন তার জন্য উপযুক্ত ব্যবস্থা করবেন এবং আজকের ব্যাপারেও সরকার যাতে উপযুক্ত ব্যবস্থা নেন তার ব্যবস্থাও করুন।

শ্রীরবীন্দ্রনাথ ঘোষ: ট্রেন অবরোধের জন্য যেসমস্ত ছাত্র পরীক্ষা দিতে পারেন নি, আটকা পড়েছেন -মাননীয় সদস্য নিজে ১২টার সময় দেখে এসেছেন ছাত্ররা চোখের জল ফেলছে, তাদের সম্বন্ধে এখুনি মাননীয় মন্ত্রিমহাশয়ের বক্তব্য রাখা উচিত যে, তারা পরে পরীক্ষা দিতে পারবে।

শ্রীলক্ষ্মীকান্ত বসু: মন্ত্রিমহাশয় বললেন, কেউ বাধাপ্রাপ্ত হয় নি, অথচ মাননীয় সদস্য বলছেন বাধাপ্রাপ্ত হয়েছে। আমরা বুঝতে পারছি না যে কোনটা বিশ্বাস করবো এবং কোন্ সিদ্ধান্তে আসব। আমার মনে হয় এখানে একজন নিশ্চয় ভুল বলছেন—সেটা যদি সিদ্ধান্ত না হয়, তা হলে মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, বাধাপ্রাপ্ত হয় নি, মাননীয় সদস্য বলছেন বাধাপ্রাপ্ত হয়েছে এই রকম একটা অচল অবস্থার মধ্যে রয়েছি—আমরা ঠিক বুঝতে পারছি না যে, কোন্‌টা ঠিক।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: যারা পরীক্ষা দিতে পারে নি, পরে একদিন তারা পরীক্ষা দিতে পারবে এ আশ্বাস অন্ততঃ শিক্ষামন্ত্রী মহাশয় দিন এটাই আমরা আশা করছি।

ডাঃ শান্তিকুমার দাশগুপ্ত: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের অবগতিব জন্য জানাচ্ছি যে, আমাদের কলেজে আজকে অ্যানুয়াল পরীক্ষা ছিল। কিছু ছেলে এসেছিল, তারা বললে ওদিকে বন্ধ হয়ে আছে বহু ছেলে আসতে পারে নি, কাজেই স্যার, আজকে পরীক্ষা বন্ধ রাখুন। আজকে আমাদের পরীক্ষা বন্ধ রাখতে হয়েছে।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জী: যারা পরীক্ষা দিতে পারে নি তাদের ফিজিক্যালি হাজির করলে কোন ব্যবস্থা হবে কি, এটাই আমরা মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই।

শ্রীলক্ষ্মীকান্ত বসু: স্যার, মন্ত্রিমহাশয় অন্ততঃ একটা অ্যাসিওরেন্স দিন।

শ্রীতুষ্টিময় আইচঃ স্যার, এটা খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার। যারা পরীক্ষা দিতে পারে নি ভবিষ্যতে তাদের জন্য কি করা হবে সে সম্পর্কে শিক্ষামন্ত্রীর কাছ থেকে আমরা জানতে চাই।

(Noise.)

Mr. Speaker: Mr. Aich, you have drawn the attention of the Hon'ble Minister. Shri Jyotirmoy Mojumdar, Shri Pankaj Kumar Banerjee and Shri Lakshmi Kanta Bose also have drawn the attention of the Hon'ble Minister to the point. The Hon'ble Education Minister is here. It is a serious matter and so I would request the Hon'ble Minister to look into it. Now, I call upon Shri Aswini Roy:

শ্রীঅশ্বিনী রায়ঃ স্যার, গত ২৬ তারিখে এই সভায় হিন্দুস্থান পিলকিংটনে আমাদের যে ইউনিয়ন আছে সেই ইউনিয়নকে আক্রমণ করে আলোচনা করা হয়েছিল...........

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জীঃ স্যার, এই রকম একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রী অন্ততঃ একটা অ্যাসিওরেন্স দিন এই হাউসে এটাই আমরা চাইছি।

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ স্যার, আপনি নিজেই স্বীকার করলেন যে, এটা একটা সিরিয়াস ম্যাটার। অথচ এডুকেশান মিনিস্টার কোন বক্তব্য রাখছেন না, এটা কি রকম ব্যাপার স্যার?

Mr. Speaker: I have also requested the Education Minister to look into the matter as grave allegations have been made that some candidates could not go and sit for the examination. Certainly the Education Minister will look into the matter.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ যদি সত্য সত্যই কোন পরীক্ষার্থী গোলযোগের জন্য পরীক্ষা না দিতে পেরে থাকে, তা হলে তাদের সম্বন্ধে সুবিবেচনার জন্য বোর্ডকে অনুরোধ করা হবে।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, গত ২৬ তারিখে এই বিধানসভায় হিন্দুস্থান পিলকিংটনে এ আই টি ইউ সি-র যে ইউনিয়ন আছে তার কর্মীদের সম্পর্কে বলা হয়েছিল যে, এরা বোমা নিয়ে আই এন টি ইউ সি-র যে সমস্ত কর্মী অনশন করছেন তাদের উপর আক্রমণ করেছে। স্যার, আমি নিজে সেখানে গিয়েছি এবং তদন্ত করেছি। ওখানে পুলিসও তদন্ত করেছে। বোমা এ আই টি ইউ সি-র লোকেদের কাছে ছিল না, যারা অনশন করছিল তাদেরই কাছে ছিল। পুলিসের সেই রিপোর্ট আমি দেখেছি। কাজেই এই ধরনের অসত্য উক্তি এই বিধানসভাতে না করাই উচিত। আমি ঐ সমস্ত সদস্যদের বলব, ইতিপূর্বে ঐ ঘটনা সম্বন্ধে আমি কমিউনিস্ট পার্টি থেকে এবং কংগ্রেসের প্রেসিডেন্ট, সেক্রেটারী মিলে এই সমস্ত ঘটনার একযোগে তদন্ত করে সেখানে ফয়সালা করেছি।

এখানে এই ধরনের পরস্পর-বিরোধী উক্তি যদি করা হয়, তা হলে তিক্ততা বাড়ে। সে জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো, এই সমস্ত সদস্যদের আমরা যখন এলায়েন্সে আছি তখন এই ধরনের ঘটনা আমাদের রাজনৈতিক স্তরে, জেলাস্তরে বসে আলোচনা করে এখানে আসা উচিত, যদি আমরা এর মীমাংসা করতে পারি। অনুরূপ ঘটনা একটা দুর্গাপুরে ঘটেছিল। যাই হোক শ্রীতুহিন সামন্ত মহাশয় আমাদের দৃষ্টি আকর্ষণ করেন, আমরা গতকাল সেখানে গিয়েছিলাম এবং সেখানে গিয়ে কংগ্রেস এবং আমাদের যে সমস্ত ছেলেরা আছে, ইউনিয়নের ব্যাপার নিয়ে দুজনে বসে একটা আপোষে মীমাংসা হয়ে গেছে। কাজেই যে মাননীয় সদস্য এই রকম উক্তি ঘটনা তদন্ত না করে করেছেন এতে মোর্চার উপর কটাক্ষ করা হয়েছে। আমি অনুরোধ করব ভবিষ্যতে এই ধরনের জিনিস না নিয়ে এসে রাজনৈতিক স্তরে জেলাস্তরে এটা আলোচনা হওয়া উচিত। এই ধরনের উক্তি করা উচিত নয়।

(At this stage the House was adjourned for half an hour.)

(After adjournment)

[3-00—3-40 p.m.]

GOVERNMENT BILL

Legislation

The West Bengal Primary Education Bill, 1973, as reported by the Select Committee

Shri Mrityunjoy Banerjee: Sir, I beg to move that the West Bengal Primary Education Bill, 1973, as reported by the Select Committee, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতিক্রমে আমি ওয়েস্ট বেঙ্গল প্রাইমারী এডুকেশন বিল যা সিলেক্ট কমিটির দ্বারা বিবেচিত হয়েছে, যেভাবে সিলেক্ট কমিটি সুপারিশ করেছেন সেই ভাবে এই হাউসের বিবেচনার জন্য উত্থাপন করতে চাই। এই প্রসঙ্গে আমি দু-একটি কথা বিলের স্বপক্ষে এই হাউসের সামনে রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিলটি বহু প্রত্যাশিত, বহু বৎসর পূর্ব থেকে বহু সংস্থা এবং ব্যক্তি ও মহলে এইরকম একটি সার্বিক আইন প্রণয়নের দাবি উত্থাপিত হয়েছিল। অনেক সময় এই বিলের খসড়া প্রস্তুত হয়েছিল এবং তা বিবেচিত হয়েছিল। এই বিল যে আরো আগে প্রণয়ন করার প্রয়োজন ছিল সেটা এইটুকু কথা থেকে বোঝা যাবে। এই বিলের মাধ্যমে ১৯৩০ সালের প্রাথমিক আইনের বিলুপ্তি করতে চলেছি। সুতরাং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আজকে আপনার শুভেচ্ছা নিয়ে এবং মাননীয় সদস্যগণের সহযোগিতাকে ভিত্তি করে এই বিলটা উত্থাপন করতে সমর্থ হয়েছি। এই জন্য আমি এবং আমার সমগ্র মন্ত্রিসভা বিশেষ ভাবে আনন্দিত।

এই বিলটার মোটামুটি লক্ষ্য হল একদিকে প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন, অবৈতনিক এবং বাধ্যতামূলক করা, অপরদিকে প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ এবং উন্নয়ন সাধন। তবে আমরা এই বিল প্রণয়ন করলে ধীরে ধীরে এই দুটি লক্ষ্যে পেঁছতে পারবো, বিশেষ করে আমি বিশ্বাস করি যে, আইন করে বাধ্যতামূলক করার কতকগুলো অসুবিধা আছে। বিদ্যালয় থাকা সত্ত্বেও আমাদের দেশের অনেক দরিদ্র মানুষ তাদের ছেলেদের বিদ্যালয়ে পাঠাতে পারেন না, কারণ তাদের ছেলেরা তাদের রুজিরোজগারে সাহায্য করেন। সুতরাং আমরা আইন করলে ধাপে ধাপে এই বিলটাকে বিশেষ বিশেষ জায়গায় এর বিশেষ বিশেষ ধারা প্রয়োগ করবো। সার্বজনীন করার আরও একটা অসুবিধা হচ্ছে, আজকে কতকগুলো বিদ্যালয় আছে, যেগুলো সরকারী আওতার বাইরে, যেগুলো সরকারের কাছে অনুমোদনের জন্য আসে না। সেগুলো সম্পূর্ণ প্রাইভেট এন্টারপ্রাইজ দ্বারা স্থাপিত হয়েছে এবং প্রাইভেট ম্যানেজমেন্টের মধ্যে আছে। এইগুলো আমরা আমাদের সরকারী আওতায় এই বিলের পরিপ্রেক্ষিতে আপাততঃ আনতে পারবো না। ভবিষ্যতে প্রয়োজন বোধে এই সম্পর্কে আমরা ব্যবস্থা গ্রহণ করবো। মোটামুটি দুটি নীতির ভিত্তিতে এই বিলটা রচিত হয়েছে। একটা হচ্ছে ডিসেন্ট্রালাইজেশন বা বিকেন্দ্রীকরণ, আর একটা হচ্ছে ডেমক্র্যাটাইজেশন বা গণতান্ত্রিক নীতি। আমরা এই বিলের মাধ্যমে থ্রি-টায়ার অর্গানাইজেশন বা তিনটি স্তরে সংগঠন স্থাপন করতে চলেছি। একটা হচ্ছে সারা পশ্চিমবাংলার ক্ষেত্রে ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব প্রাইমারী এডুকেশন, যারা মোটামুটিভাবে আগামী দিনে প্রাথমিক শিক্ষা সংক্রান্ত নীতি নির্ধারণ করবেন। তার পরের স্তর হচ্ছে জেলা ভিত্তিক ডিস্ট্রিক্ট প্রাইমারী এডুকেশন কাউন্সিলস এবং তার সঙ্গে সঙ্গে মিউনিসিপ্যাল এলাকায় মিউনিসিপ্যাল প্রাইমারী কাউন্সিলস, এইগুলো মোটামুটি তাদের স্থানীয় এলাকা, জেলা বা মিউনিসিপ্যালিটির আওতার মধ্যে যে এলাকা আসে সেইসব জায়গায় প্রাথমিক বিদ্যালয়গুলোর উন্নয়ন করবে, তাদের সাহায্য করবে, তাদের অনুমোদন করবে ইত্যাদি। এবং এর পরবর্তী স্তর প্রতিটি বিদ্যালয়ের জন্য কাজ করতে ওয়েলফেয়ার কমিটি থাকবে, এর মূল উদ্দেশ্য হবে এই বিদ্যালয়গুলো ভাল ভাবে পরিচালনায় সাহায্য করা, যেমন বিদ্যালয়গুলোকে কি করে উন্নতির পথে এগিয়ে নিয়ে যাওয়া যায়, সেখানে ছেলেমেয়েদের কি করে মঙ্গল হয়। গণতান্ত্রিক ভিত্তি হল, এই তিনটি স্তরে যেসব

সংগঠনের কথা বলা হয়েছে, যেসব অর্গানাইজেশন্যাল সেট-আপের কথা বলা হয়েছে, সেইগুলো নির্বাচনের মাধ্যমে আসবেন, অনেক ক্ষেত্রে আইনসভার সদস্যরা আসবেন, অনেক ক্ষেত্রে শিক্ষকদের নমিনেশনের মাধ্যমে আসবেন, অভিভাবকরা নির্বাচনে অংশগ্রহণ করে তার মাধ্যমে আসবেন। কোন কোন ক্ষেত্রে নমিনেশনের কথা বলা হয়েছে। সেই মনোনয়নের উদ্দেশ্য মাইনরিটি ইন্টারেস্ট, সংখ্যালঘুদের জন্য শুধু সংরক্ষণ করা হয়েছে যেমন সিডিউলড কাস্ট এবং ট্রাইবস, এদের বিশেষ প্রতিনিধি মনোনয়ন করা বা বিভিন্ন যেসব অন্যান্য ভাষাভাষী লোক আছেন অবাঙ্গালী, তাদের থেকে প্রতিনিধি নির্বাচনের জন্য বিশেষ মনোনয়ন করা। আর একটা এই বিলের বিশেষত্ব হল, এতে যে সমস্ত সংগঠন স্থাপন করা হয়েছে, অর্গানাইজেশন স্থাপন করা হয়েছে, সেইগুলো মোটামুটি সেলফ সাপোর্ট, ফাইন্যান্স ডিপার্টমেন্টের কাছে তাদের যেতে হবে না। ওয়েস্ট-বেঙ্গল বোর্ড অব প্রাইমারী এডুকেশন, ডিস্ট্রিক্ট প্রাইমারী স্কুল কাউন্সিল, তাদের হাতে নিজস্ব ফান্ড থাকবে। যে ফান্ড আসবে কতকগুলো ট্যাক্স বা সেস-এর মাধ্যমে। জমি বা বাড়ির উপর ট্যাক্স এবং পি ডবলিউ রোড সেস দ্বারা, এই সমস্ত পথ থেকে যেসমস্ত আয় করবেন, যেসব আয় করবেন, সেই সব আয় সম্পূর্ণভাবে প্রাইমারী স্কুল কাউন্সিল বা ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব প্রাইমারী এডুকেশন, তাদের হাতে থাকবে। নিজেদের বিবেচনায়, নিজেরা যা ভাল বুঝবেন সেই অর্থ ব্যয় করবেন। এ ছাড়া সরকার এদের নানাদিক থেকে সাহায্য দিয়ে ক্ষমতা দিয়ে, কি করে ওরা ভালভাবে ফাংশান করতে পারে, সেদিকে সরকার নজর দেবেন। পরিশেষে আমি এটা বলতে চাই যে, আইন প্রণয়ন করে নিশ্চয়ই শিক্ষার উন্নতি করা যায় না। আইন কতগুলি সুযোগ সুবিধা সৃষ্টি করে। কিন্তু শিক্ষার উন্নতি করা যায় তখন, যখন শিক্ষকগণ সহযোগিতা করেন এবং তারা তাদের কর্তব্যনিষ্ঠা এবং সহযোগিতার মনোভাব নিয়ে করেন। তাই আমি মাননীয় সদস্যগণকে বলব যে, তাঁরা যখন এই বিলের উপর আলোচনা রাখবেন তখন যেন শিক্ষকদের দায়িত্ব সম্বন্ধে বিবেচনা করেন। এই কথা বলে আমি এই বিল সদস্যদের বিবেচনার জন্য রাখলাম।

[3-40—3-50 p.m.]

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, এই বিল আমাদের সামনে যেভাবে আনা হল তাতে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার রুলিং চাইছি। রুলস অ্যান্ড রেগুলেশনের ৭৮নং রুলে বলে দেওয়া হয়েছে যে, বিল ৫ দিন আগে আমাদের হাউসে প্লেস করা উচিত। কিন্তু এই বিলটা আমরা আজকে পেলাম যার ফলে এই বিলের উপর আমরা অ্যামেন্ডমেন্ট বা আলোচনায় কিভাবে অংশগ্রহণ করব বুঝতে পারছি না, ৫ দিনের জায়গায় ৫ ঘণ্টা সময় পেলাম না। আমি আপনার রুলিং চাইছি, আশা করছি যে, আপনি এই বিষয়ে আমাদের রুলিং দেবেন, যাতে আমাদের অধিকার কার্টেল না হয়।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সিলেক্ট কমিটি হয়েছিল, সেই সিলেক্ট কমিটিতে তিমির ভাদুড়ী মহাশয়ের দলের অন্যতম সদস্য শীশ মহম্মদ সাহেব ছিলেন, তিনি ৪ দিনই উপস্থিত ছিলেন এবং ধারাবাহিক আলোচনায় অংশগ্রহণ করেছিলেন। তারপর তিনি এই বিলের খসড়া দেখেছেন, তারপর পরশু দিন চূড়ান্ত তালিকা তৈরি হওয়ার পর চূড়ান্ত তালিকার নীচে তিনিও সাইন করেছিলেন। আর এখন এইসব কথা অন্য একজন সদস্যকে দিয়ে বলা হচ্ছে, আমরা কিছু বুঝতে পারছি না।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বোধ হয় জানেন না যে সিলেক্ট কমিটির রিপোর্ট অন্য কোন মেম্বার জানতে পারে না, এখানে আইনগত বাধা আছে।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল অরিজিনাল ফর্মে বহুদিন আগে এই সভার কাছে রাখা হয়েছিল। তারপর সিলেক্ট কমিটির রিপোর্ট বেশ কিছু সময় আগে এই হাউসে রাখা হয়েছে এবং সিলেক্ট কমিটি যে পরিবর্তন এনেছে, সেগুলি খুব বেশী সংখ্যায় নয় সুতরাং ইতিমধ্যে সিলেক্ট কমিটির রিপোর্ট পেয়ে গিয়েছেন এবং তারপর মাননীয় সদস্যরা সেইগুলি দেখে বিবেচনা করবার সময় পেয়েছেন।

Mr. Speaker: Honourable Members, so far as the original Bill is concerned, it was circulated long ago, and in a meeting of the Business Advisory Committee it was decided that the Bill would be introduced on last Friday. In a Select Committee consisting of 12 members the Bill was discussed and I see that there have been some minor changes in the Bill.

In that Select Committee some honourable Members, namely, Shri Shish Mohammad, Shri Pradyot Kumar Mahanti, Shrimati Ila Mitra, Shri Biswanath Chakraborty and others were the members. Now, a very technical point has been raised that the Bill as reported by the Select Committee has been circulated today after Question Hour, and that the Members should have been given sufficient time to give notices of amendments on the clauses and the schedules of the Bill which they are entitled to under rule 80. A grievance has been made by Shri Timir Baran Bhaduri that technically speaking, sufficient time has not been given after the Bill as reported by the Select Committee has been placed today and so he has not got sufficient time and scope to go through the Bill and to give notice of amendment. Now, it is a fact that the Primary Education Bill is a very important Bill and the Members are very eager to see that the Bill is enacted in this Session and for that reason, the Select Committee sat for a few days only and the members took much troubles to go through the Bill within a short time. They have reported back the Bill and it has been placed before the House. Certainly Shri Timir Baran Bhaduri can rightly argue that it has been reported just today and so he could not go through the Bill and give notice of amendment, etc. If Shri Bhaduri or any Member is not in a position to give notice of amendment on the Bill, I can, using my discretion, extend the time so that notices of amendments will be accepted if these are given by 12 noon to-morrow, i.e., any amendment can be tabled up to 12 noon tomorrow, on the clauses or on the schedule. If the Members, are really not in a position to table the notices by 12 noon, even then, I take the responsibility of cyclostyling the amendments if tabled by 2 p.m. to-morrow. I think this will satisfy all the Members. If some Members are not in a position to participate in to-day's discussion at the consideration stage of the Bill or if he says that he could not go through the Bill, I will allow him to speak at the consideration stage even to-morrow. The Members who were in the Select Committee and have gone through the Bill as reported by the Select Committee can speak to-day because they will have no difficulty as they have participated in the Select Committee and have already gone through the Bill. So, let these Members who have already gone through the Bill as reported by the Select Committee first participate in the debate, but as regards other Members, who wanted to participate today but are not in a position to do so as Shri Timir Baran Bhaduri, I will allow them to speak to-morrow also and, if necessary, time must be extended for discussion of the Bill on Saturday also. We will have to sit for some more time for the passing of this Bill. So, I will request the honourable Members not to raise any technical point of order. I am ready to extend all facilities to all the honourable Members so that they can participate and table their amendments, if any. They would get opportunity to discuss this Bill before it is passed by the House. I think, this will satisfy the honourable Members, and Shri Timir Baran Bhaduri also is agreeable to this.

[3-50—4-00 p.m.]

Shri George Albert vill not satisfy me, Sir. I am a Member of a minority community, and it is well-known that we are interested in education—we are affected by education—and we have a large number of schools that will fall within the definition given in this Bill. Sir, I was not on the Select Committee and so I had no opportunity to go before the Select

Committee and discuss the Bill. I went to the place where the Select Committee was meeting and I sent in a message to the Minister as to whether I could appear before the Select Committee to express my views. I may tell my friends here that I was not asked in. Sir, I move that this House be adjourned for a week so that this Bill which has many important provisions could be thoroughly examined because, Sir, constitutional points may arise. In fact, I am of opinion that when the Ministry is intending to touch the minority institutions, there may be lacuna in the Bill which may have that effect. Therefore, it requires thorough legal examination and as such I move that the House be adjourned for a week so that the matter may be thoroughly looked into.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে কথাটা বলেছেন তার উত্তরে আমি এই বক্তব্য রাখতে চাই যে, আমরা অরিজিন্যাল বিলে মাইনরিটি প্রভিসান একটা রেখেছিলাম, তার থেকে সিলেক্ট কমিটির দ্বারা কোন পরিবর্তন আসে নি, বরং পরিবর্তন এসেছে মাইনরিটির ফেভারে একটা ক্লজের উপর।

Mr. Speaker: After the statement that has been made by the Hon'ble Education Minister, I think Mr. De Roze will be satisfied.

Shri George Albert Wilson-De Roze: Sir, if the Minister says that he has no intention of touching the minority institutions, then I will be satisfied. Let him say that.

Mr. Speaker: The question that has been raised is whether honourable Members are getting sufficient time to give their views on the floor of the House. Regarding the provision of the minorities.

Shri George Albert Wilson-De Roze: Let me tell you something, Sir. The Bill was printed on the 31st March, 1973. The Bill was presented in the House on the 19th April, 1973. The Bill was available in the Government bookshops only on the 27th of April, 1973. The public has not had the chance to see this Bill, Sir.

Mr. Speaker: Mr. De Roze, so far as the matter of policy as to whether or not they will touch the minority institutions or include them or make some changes in the primary education stage of all institutions in our State, is concerned, I have nothing to say. The question is whether the Opposition or the honourable Members are getting sufficient time to go through the Bill and place their views on the floor of the House. That point was raised by Shri Timir Baran Bhaduri, and I think that if he is given sufficient time to go through the Bill and is allowed to give notices of his amendments on the clauses or the Schedule of the Bill up to 2 p.m. tomorrow, he will be satisfied. Today we shall have a meeting of the Business Advisory Committee at 4 p.m. where we may take up the matter and see if we can carry on the discussion on this Bill till Saturday or Monday because this is a Bill on which almost all the Members who have got serious concern on primary education will participate in descussion and give their views and enlighten this House about the problems connected with primary education in our State. Therefore, I would like to extend all the privileges and opportunities that the Members are entitled to for giving their views and placing their amendments because that will help this House to come to the correct decision. I fully appreciate the point raised by Shri Timir Baran Bhaduri and also the point raised by Mr. De Roze. I assure the Members that if necessary the Bill will be discussed till Monday and full scope will be given to them to place their views. In view of that, I think Shri Bhaduri will not press his point of order.

Mr. Speaker: So, If necessary, to-morrow also the Bill will be taken up for consideration and amendments will be accepted up to 2 p.m. to-morrow.

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সিলেক্ট কমিটির আমি একজন সদস্য। বঙ্গীয় প্রাথমিক শিক্ষা, ১৯৭৩ এই বিল ৪ দিন ধ'রে সিলেক্ট কমিটিতে আমরা বিশদভাবে আলোচনা করেছি এবং সেই আলোচনার ফল হিসেবে আজকে এই বিল শিক্ষামন্ত্রী মহাশয় এখানে উপস্থিত করেছেন। এই বিল সম্পর্কে কিছু যেমন ভাল দিক আছে, তেমনি কিছু ভাল দিক নেই। কাজেই আমি কতগুলি কথা হাউসের সামনে তুলে ধরতে চাই যাতে হাউসের মাননীয় সদস্যগণ এবং সিলেক্ট কমিটির সদস্যগণ পুনরায় বিবেচনা করতে পারেন যে আরও কিছু পরিবর্তন ক'রে যে উদ্দেশ্য নিয়ে এই বিল শিক্ষামন্ত্রী মহাশয় আমাদের সামনে রাখলেন সেই অবৈতনিক বাধ্যতামূলক এবং সার্বজনীন শিক্ষা সেটা যাতে ভালভাবে সাধিত হয়। পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষা বিল, ১৯৭৩ সাল এটা অনেক দিন ধ'রে মানুষের আকাঙ্ক্ষিত এবং প্রাথমিক শিক্ষক সমিতি দীর্ঘদিন ধ'রে আন্দোলন ক'রে বলেছিলেন যে, একটা কম্প্রিহেন্‌-সিভ প্রাথমিক শিক্ষা আইন পশ্চিমবাংলার জন্য হোক। কিন্তু স্বাধীনতার পর দীর্ঘ ২৫ বছর কেটে গেল, অথচ আজ পর্যন্ত সেই কম্প্রিহেনসিভ প্রাথমিক শিক্ষা আইন আমাদের রাজ্যে রচিত হয় নি। কাজেই বহুদিনের সেই আকাঙ্ক্ষিত বিল আজকে যে বিধানসভায় উপস্থিত করা হচ্ছে তার জন্য আজকে আমাদের রাজ্যের সমস্ত মানুষের মনে অত্যন্ত উৎসাহ এবং আগ্রহের সঞ্চার হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা হচ্ছে সর্বশেষ রাজ্য যেখানে স্বাধীনতার পর ২৫ বছর কেটে গেলেও প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক বাধ্যতামূলক এবং সার্বজনীন করার উদ্দেশ্যে আইন প্রবর্তন করা হয় নি এবং এই সর্বপ্রথম সেই আইন প্রবর্তিত হ'তে চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, পশ্চিম-বাংলায় কৃত্রিমভাবে শহরে এবং গ্রামে প্রাথমিক শিক্ষার মধ্যে একটা প্রাচীর সৃষ্টি করা হয়েছিল। শহর এলাকায় প্রাথমিক শিক্ষার কোন দায়িত্ব সরকারের পক্ষ থেকে এই পর্যন্ত গ্রহণ করা হয় নি এবং রাজ্য স্তরেও প্রাথমিক শিক্ষার দায়িত্ব সরকার তো গ্রহণ করেনই নি, কোন সংস্থার হাতেও প্রাথমিক শিক্ষার দায়িত্ব বা পরিচালনা ভার ছিল না। এই পরিচালনার ভার ছিল শিক্ষা অধিকারের হাতে এবং সমস্ত ক্ষমতা তাঁর হাতে কেন্দ্রীভূত ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সবচেয়ে আশ্চর্যান্বিত হবেন একথা শুনে যে, কোলকাতা মহানগরীর প্রাথমিক শিক্ষা পরিচালনার জন্য এপর্যন্ত কোন আইন রচিত হয় নি। এক কথায় পশ্চিমবাংলায় একাধিক প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে একাধিক আইন এপর্যন্ত চলছিল এবং তার ফলে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে এই পশ্চিমবাংলায় একটা নৈরাজ্য এবং বিশৃঙ্খলা সৃষ্টি ক'রে চলেছে।

[4-00—4-10 p.m.]

সেই দৃষ্টিভঙ্গি থেকে বর্তমানে যে খসড়া উপস্থিত করা হ'ল সত্যিই সেটার খুব প্রয়োজন ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একদিকে অন্যান্য রাজ্যগুলি যেমন স্বাধীনোত্তর যুগে একের পর এক আইন পাশ ক'রে প্রাথমিক শিক্ষার সুষ্ঠু ব্যবস্থার জন্য তারা আইন পাশ করেছিলেন এবং দীর্ঘদিন পূর্বে তারা এই প্রাথমিক শিক্ষা আইন পাশ করেছেন। অন্যদিকে ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলিতে শিক্ষার অগ্রগতি উল্লেখযোগ্যভাবে ঘটেছে। ঠিক সেখানে দেখা যায় সারা ভারতের শিক্ষার মানচিত্রে পশ্চিমবাংলা সকলের পিছনের সারিতে রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেখানে কেরালা, মহীশূর এবং অন্ধ্রে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা এবং মাধ্যমিক শিক্ষাকে তারা দশম এবং একাদশ শ্রেণী পর্যন্ত সেখানে তারা অবৈতনিক ঘোষণা করেছেন! পশ্চিমবাংলার শহরাঞ্চলে এক থেকে চতুর্থ শ্রেণীর ছেলেদের পর্যন্ত প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক করা হয় নি। কাজেই কাশ্মীর এবং নাগাভূমি ছাড়া অন্যান্য রাজ্যে প্রাথমিক শিক্ষা এবং মাধ্যমিক শিক্ষাকে যখন বহুদূর অবৈতনিক ঘোষণা করার কথা হয়েছে সেখানে তুলনামূলকভাবে বোঝা যায় যে, পশ্চিমবাংলায় সংবিধানের যে ৪৫তম ধারা সেই ধারাকে কার্যকর করার জন্য কিছুমাত্র চেষ্টা করা হয় নি এবং বহু প্রতিক্ষিত এই আইনটি পশ্চিমবাংলার শিক্ষানুরাগী মানুষের দীর্ঘদিনের যে আকাঙ্ক্ষা সেই স্বপ্নকে বাস্তবায়িত করতে চলেছে। সেদিক থেকে আমি মনে করি এই বিলটা প্রশংসার দাবি রাখে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিলটাকে সিলেক্ট কমিটিতে পাঠিয়ে বিভিন্ন ধারার আরো উন্নতি করার উদ্দেশ্যে এবং অন্যান্য রাজ্যের প্রাথমিক শিক্ষা আইনের ভাল ভাল যে দিকগুলি এই বিলে সন্নিবেশিত করবার যে প্রচেষ্টা আমাদের পক্ষ থেকে ছিল তা আংশিকভাবে সফল হয়েছে এবং বহুলাংশে

তা সফল হয় নি। আমাদির কি উদ্দেশ্য ছিল? আমাদের উদ্দেশ্য ছিল এই বিলটিকে আরো গণতান্ত্রিক ক'রে তোলা, শিক্ষকদের প্রতিনিধিত্ব বৃদ্ধি করা এবং আমাদের আরো উদ্দেশ্য ছিল যে, রাজ্যে সরকারের ক্ষমতাকে সীমিত করা এবং তার সঙ্গে সঙ্গে বোর্ডের এবং কাউন্সিলের ক্ষমতা বৃদ্ধি করা যাতে দ্বৈত কর্তৃত্বের জটিলতার ফলে প্রাথমিক শিক্ষাপ্রসার ব্যাহত না হয়। আমাদের আরো লক্ষ্য ছিল যে, প্রাথমিক শিক্ষাকে পশ্চিমবাংলার লক্ষ লক্ষ শিশুর মধ্যে যথোপোযুক্ত ভাবে ছড়িয়ে দেবার জন্য যে অর্থের প্রয়োজন তার নতুন উপায় উদ্ভাবন করা। যাতে ধনিক শ্রেণীর হাতে যে অর্থ আছে সেই অর্থকে প্রাথমিক শিক্ষা প্রসারের জন্য যথোপোযুক্তভাবে ব্যবহার করা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের আরো একটা লক্ষ্য ছিল যে, বেসরকারী পরিচালনাধীন প্রাথমিক বিদ্যালয়গুলিকে এই আইনের অন্তর্ভুক্ত করা। কোঠারী কমিশনের নির্দেশ আছে ওয়ান ফর্ম স্কুল সিস্টেম। আমরা তাই চেয়েছিলাম। এই আইনের অন্তর্ভুক্ত সমস্ত স্কুলগুলিকে এর আওতায় আনা হোক। সিলেক্ট কমিটিতে যেখানে যেখানে আইনটাকে প্রগতিশীল ও উন্নতি করা সম্ভব হয়েছে সেই প্রসঙ্গের উল্লেখ আমি প্রথমে বরতে চাই। বোর্ড এবং কাউন্সিল এবং তাদের অধীনে বিভিন্ন যেসমস্ত কমিটিগুলি হয়েছে প্রাথমিক শিক্ষকদের সেখানে যে সংখ্যক প্রতিনিধিত্ব হওয়া উচিত ছিল আমরা যে সকল সংশোধনী প্রস্তাব দিয়েছিলাম সেগুলি গ্রহণ করা হয় নি। বোর্ডে যাতে প্রত্যেকটি জেলা থেকে একজন ক'রে শিক্ষক প্রতিনিধি আসেন তার জন্য আমরা যে সংশোধনী প্রস্তাব দিয়েছিলাম সেটা গৃহীত হয় নি। তা সত্ত্বেও প্রস্তাবিত প্রতিনিধিত্বের যে সংখ্যা ছিল তার কিছুটা আমরা বৃদ্ধি করতে পেরেছি। আমরা আরো বলেছি, ফাইনান্স কমিটিতে একজন প্রাথমিক শিক্ষক গ্রহণ করতে। ২৯নং এবং ৫৮নং (ক) ধারাতে রাজ্যসরকারের ক্ষমতাকে সীমিত ক'রে বোর্ডের ক্ষমতা বৃদ্ধি করতে আমরা সক্ষম হয়েছি এবং জেলা কাউন্সিলের উপরে রাজ্য বোর্ডের নিয়ন্ত্রণ কিছুটা প্রতিষ্ঠিত করা সম্ভব হয়েছে। প্রাথমিক শিক্ষার সঙ্গে মাধ্যমিক শিক্ষার সমন্বয়ের উদ্দেশ্যে রাজ্য মাধ্যমিক শিক্ষা বোর্ডের প্রতিনিধি গ্রহণের প্রস্তাবটি সিলেক্ট কমিটিতে গৃহীত হয়েছে। অনুরূপভাবে কলকাতায় প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে সি এম ডি এ-র ভূমিকার প্রতি লক্ষ্য রেখে এই সংস্থার একজন প্রতিনিধিকে কলকাতা জেলা কাউন্সিলে গ্রহণ করা সম্ভব হয়েছে। জেলা কাউন্সিলের অধীনে উপ-সমিতিগুলি মধ্যে এটা নতুন উপ-সমিতি আমরা সংযোজন করতে পেরেছি, যেমন উন্নয়ন কমিটি বা ডেভেলপমেন্ট কমিটি। বোর্ডের এবং কাউন্সিলের বছরের মধ্যে ন্যূনতম আবশ্যিক সভা নির্দিষ্ট করা সম্ভব হয়েছে সিলেক্ট কমিটির দ্বারা। ৬৪(গ) এবং ৬৫(গ) ধারাতে কোলকাতা এবং অন্যান্য পৌর সভার পরিচালনাধীন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রস্তাবিত নবগঠিত প্রাথমিক কাউন্সিলে হস্তান্তরের ব্যাপারে স্থায়ী ও এক বছরের পূর্ববর্তী যে দুটি শিক্ষকদের স্বার্থের প্রতিকূল স্বার্থ ছিল তা আমরা বিলোপ ক'রে দিতে পেরেছি। মনোনীত সদস্যদের পদত্যাগপত্র রাজ্যসরকারের নিকট দাখিলের যে ধারা ছিল ১৩(১) এবং ৫৮(২) ধারাতে তার পরিবর্তে যথাক্রমে বোর্ড ও কাউন্সিলের নিকট পদত্যাগপত্র দাখিলের সংশোধনী আমাদের গৃহীত হয়েছে। বিলের ৯০নং ধারাতে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করার প্রশ্ন, আর একটা প্রস্তাব ছিল যা বাস্তব ক্ষেত্রে একটা অর্থনৈতিক সমস্যার সৃষ্টি করতো। এই ধারা অনুযায়ী কোন লোকের পক্ষে ছোট ছোট ছেলেমেয়েদের কোন আংশিক কাজে নিয়োগ করা আইনতঃ নিষিদ্ধ এবং দণ্ডনীয় করা হয়েছিল। আমাদের বক্তব্য যেসব ছোট ছোট ছেলমেয়েরা নিরুপায়ভাবে জীবিকার তাড়নায় কাজ গ্রহণ করতে বাধ্য হত তাদের কাজ হতে বিতাড়িত করার ব্যবস্থা এই ৯০নং ধারার মধ্যে ছিল। তাদের অবসরসময়ে শিক্ষিত করতে হবে, বিকল্প শিক্ষাদানের ব্যবস্থা ক'রে এবং সরকারকেই এই ব্যবস্থা গ্রহণ করতে হবে। কাজেই এই দিকে লক্ষ্য রেখে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়, একথা সিলেক্ট কমিটিতে বলেছেন। সেই দিক থেকে ৯০নং ধারাটি সম্পূর্ণ বাতিল করার প্রস্তাব আমাদের গৃহীত হয়েছে। বিশেষ ক্ষেত্রে যেখানে নিতান্ত আর্থিক দুরবস্থার তাড়নায় অভিভাবকেরা শিশুদের কাজে পাঠাতে বাধ্য হন, সেখানে সেই শিশুদের অবসর সময়ে লেখাপড়া শেখার ব্যবস্থা না ক'রে শাস্তিদান বাঞ্ছনীয় হতে পারে না। কিন্তু তা সত্ত্বেও কম্পালসান রাখার জন্য যাতে প্রত্যেকটি শিশু লেখাপড়ার সুযোগ পায়, এই ধারাকে আমরা রেখেছি, সঙ্গে সঙ্গে আমরা শিক্ষামন্ত্রীকে অনুরোধ করেছি, বিকল্প শিক্ষাদানের ব্যবস্থা করে তবেই যেন সেই অভিভাবকদের শাস্তিদানের ব্যবস্থা করা হয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেসব আপত্তিকর ধারা গ্রহণ করা সম্ভব হয় নি, বিলের খসড়াকে উন্নত করার জন্য নতুন সংশোধনী গ্রহণ করানো যায় নি বা খসড়া বহির্ভূত নতুন আপত্তিকর ধারা সন্নিবেশিত করা হয়েছে সেই সম্পর্কে আমি এখানে উল্লেখ করতে চাই বিধানসভার সদস্যদের অবগতির জন্য। প্রথমতঃ জেলা কাউন্সিলের সদস্যদের মধ্যে যেখানে বিধানসভার প্রতিনিধিদের সংখ্যা ২৪-পরগনা ও মেদিনীপুর জেলার ক্ষেত্রে ১০ জন ও অন্যান্য জেলার ক্ষেত্রে ৬ জন মূল খসড়ায় ছিল যা আমরা আরো হ্রাস করবার প্রস্তাব করেছিলাম সেটা আমাদের তীব্র আপত্তি সত্ত্বেও একটা সংশোধনী গৃহীত হয়েছে যে ধারাতে মন্ত্রী ব্যতীত জেলার সকল এম এল এ নিজ নিজ কাউন্সিলের সদস্য হবেন। অর্থাৎ

[4-10—4-20 p.m.]

২৪-পরগনায় ৫০ জন এম এল এ মন্ত্রী ছাড়া প্রায় ৫০ জন এম এল এ এই জেলার কাউন্সিলের সভ্য আছেন, তেমনি মেদিনীপুর জেলায়, তেমনি বর্ধমান জেলার ২৫ জন, এইভাবে কাউন্সিলগুলি এম এল এ-দের দ্বারা ভারাক্রান্ত হবে। এর বিরুদ্ধে তীব্রতম প্রতিবাদ করেছিলাম, এম এল এ-র সংখ্যা কাউন্সিলে বৃদ্ধি হলে ক্ষমতার ভারসাম্য নিয়ে লড়াই হবে, ঝগড়াঝাঁটি হবে, কাউন্সিলের কাজকর্ম বাতিল হবে, অচল হবে এবং এই বিলের উদ্দেশ্য ব্যর্থ হবে। আমি এই ব্যাপারে স্মরণ করিয়ে দিতে চাই, সত্যপ্রিয়বাবু যে বিল এনেছিলেন তার চেয়েই এই বিল ভাল হয়েছিল প্রথম দিকে। সত্যপ্রিয়বাবু ৩৩ জন বোর্ডের সদস্যের মধ্যে ১১ জন অফিসার রেখেছিলেন। এই বিলে সেই অফিসারের সংখ্যা বেশি নেই ঠিকই কিন্তু খসড়া পর্যন্ত বেশ ছিল, সিলেক্ট কমিটিতে গিয়ে তার চেয়েও খারাপ হয়ে গেল এই রূপে ৪০/৫০ জন করে এক একটি কাউন্সিলে এম এল এ-র সংখ্যা বৃদ্ধি করায়। এর তীব্রভাবে আপত্তি করেছি। তবে একথা দিবালোকের মত স্পষ্ট যে, শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষার দায়িত্ব সরকার পুরোপুরিভাবে গ্রহণ করেন নাই, ব্যক্তিগত পরিচালনাধীনে বহু প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হয়েছে। এরা শিক্ষা বিভাগের নিয়মকানুনের কোন ধার ধারেন না, উচু হারে ছেলেদের অভিভাবকদের নিকট থেকে বেতন আদায় করেন, শিশুদের মাতৃভাষার মাধ্যমে শিক্ষা না দিয়ে ইংরেজী ভাষায় শিক্ষা দেন। এখানকার কর্মরত শিক্ষকদের কোন নিরপত্তার ব্যবস্থা নাই এবং এই সমস্ত বিদ্যালয়ে শিক্ষা বিভাগের পরিদর্শনের অধিকারও নাই এবং এগুলি এক একটা বড় ব্যবসায় প্রতিষ্ঠানে পরিবর্তিত হয়েছে। প্রচুর পরিমাণ মুনাফা লুণ্ঠনের ক্ষেত্র হিসাবে এই বিদ্যালয়গুলি ব্যবহৃত হচ্ছে। এর ফলে প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে জাতিভেদ সৃষ্টি হয়েছে, ইউনিফর্মিটি বলে কোন জিনিস নেই এবং চরম এক নৈরাজ্য চলেছে। স্বাধীনতার পূর্বেও এই রকম ধরনের বিদ্যালয়গুলি ছিল, স্বাধীনতার পরে ২৫ বছরে অন্ততঃ এই ধরনের বিদ্যালয়ের সংখ্যা ৪ গুণ বৃদ্ধি হয়েছে। এরা সরকারের অনুদান গ্রাহ্যও করে না, নিজস্ব ধ্যান-ধারণা অনুযায়ী চলে থাকে। অন্য দিকে পাশাপাশি কিছু বিদ্যালয় আছে যেখানে শিক্ষার মান অত্যন্ত নীচু, শিশুদের বসবার জায়গা নাই, জল, আলো হাওয়ার কোন ব্যবস্থা নাই। এরা অভিভাবকদের শোষণ করে বিদ্যালয়ের নামে ব্যবসা চালায়। এরা কোন ক্ষেত্রে সরকারী অনুদান গ্রহণ করে, কোন ক্ষেত্রে গ্রহণ করে না। আপনি জানেন একটি ভোজনালয়, একটি হোটেল খুলতে হলে লাইসেন্স নিতে হয়, সরকারী আইনকানুন মানতে হয়, রেজিস্ট্রী রাখতে হয়, সরকারী পরিদর্শকের ক্ষমতাধীনে থাকতে হয়। কিন্তু বর্তমানে যে অবস্থা চলছে এবং এখন যেভাবে আইনটা এসেছে, এটা পাশ হলে পশ্চিমবাংলায় যে কেউ খুশীমত সাইনবোর্ড খুলে শিক্ষা ব্যবস্থা চালাতে পারবে না, এই অবস্থার প্রতিকারের জন্য সমগ্র প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে একই ধরনে আনবার জন্য, একটা ইউনিফর্মিটি আনবার জন্য কতকগুলি সংশোধনী দিয়েছিলাম। আপনার সাম্প্রতিকালের কামারপুকুর কলেজের ঘটনার জাজ্জ্বল্যমান প্রমাণ রয়েছে। এবং বেসরকারী পরিচালনা কি স্বেচ্ছাচারী এবং উদ্ধত হতে পারে তার উদাহরণ সেদিন আমরা দেখেছি। এই উদ্দেশ্যে বিধানসভায় ব্যক্তিগত মালিকানার হাত থেকে শিক্ষা প্রতিষ্ঠানকে সরকার স্বহস্তে গ্রহণ করার জন্য আইন পাশ করতে হয়েছিল। এই ধরনের আইন আমার ক্ষুদ্র অভিজ্ঞতায় জানি যে কেরল সরকারও পাশ করেছে। কেরালা এডুকেশন, অ্যাক্ট, ১৯৫৮, কেরালা অ্যাক্ট ৬ অব ১৯৫৯, এই আইনের ১৫/১৫ ধারায় টেকিং ওভার ম্যানেজমেন্ট অব স্কুল সংক্রান্ত ধারাটা এই সঙ্গে উল্লেখ করা প্রয়োজন।

আমি এই ধারাটা এখানে পড়ে দিতে চাই একটু। এই যে টেকিং ওভার অব ম্যানেজমেন্ট অব স্কুল সম্বন্ধে যে ধারাটা ওখানকার সরকার পাশ করেছেন, তাঁর নাম্বার ওয়ান হচ্ছে—

(1) Whenever it appears to the Government that the manager of any aided school has neglected to perform any of the duties imposed by or under this Act or the rules made thereunder, and that in the public interest it is necessary to take over the management of the school for a period of not exceeding five years they may after giving the manager and the educational agency, if any, a reasonable opportunity for showing cause against the proposed action and after considering the cause, if any, shown, do so, if satisfied that such taking over for the period is necessary in the public interest.

(2) In cases of emergency where the Government are satisfied that such course is necessary in the interest of the pupils of the school, they may, without any notice under sub-section (1) to the manager or the educational agency, take over the management of any school after the publication of a notification to that effect in the Gazette.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অনেক বড়, পড়তে গেলে অনেক সময় আমার চলে যাবে। এই ১৪ নম্বর ধারায় ৯টা ক্লজ আছে। আর ১৫ নম্বর ধারায় আছে—

If the Government are satisfied that for standardising general education in the State or for improving the level of literacy in any area or for more effectively managing the aided educational institution in any area or for bringing education of any category under their direct control, in the public interest it is necessary to do so, they may, by notification in the Gazette, take over with effect from any date specified therein any category of aided schools in any specified area or areas; and such schools shall vest in the Government absolutely with effect from the date specified in such notification.

আরো অনেক বড় আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু ধারার কথাটা এখানে উল্লেখ ক'রে দিলাম। আমি এর সমস্তটা পড়ে আমার সময় নষ্ট করতে চাচ্ছি না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ ছাড়া মাদ্রাজ, তামিলনাড়ু সরকার—১৯৬৬ সালে মাদ্রাজ প্রাইভেট এডুকেশনাল ইনস্টিটিউসন রেগুলেশন অ্যাক্ট, ১৯৬৬, অ্যাক্ট ২৩ অফ ১৯৬৬ এই উদ্দেশ্যে গ্রহণ করে এই আইনের তিন অধ্যায়ে পারমিশন ফর এস্টাবলিশিং অর রানিং প্রাইভেট এডুকেশনাল ইনস্টিটিউশন শীর্ষক অধ্যায়টি এই সম্পর্কে রচিত হয়। আমি শুধু এই মাদ্রাজ—তামিলনাড়ু সরকার—যেটা পাশ করেছেন, সেটা আমি একটু পড়ে দিতে চাই এই প্রসঙ্গে—

(a) No private educational institution in existence on that date shall, after the expiry of six months from the said date, be run; and

(b) no private educational institution shall be established.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারত সরকারের শিক্ষা মন্ত্রক ব্যক্তিগতভাবে মালিকানাধীন শিক্ষা প্রতিষ্ঠানগুলি নিয়ন্ত্রণ করবার উদ্দেশ্যে একটা মডেল আইন রচনা করেন। এটা চালু করবার জন্য প্রত্যেক রাজ্যসরকারের কাছে পাঠান। পশ্চিমবঙ্গ সরকার ঐ মডেল আইনের খসড়া আজ থেকে ৭ বৎসর আগে পেয়ে থাকলেও সেটা আজও ফাইলের মধ্যে বন্দী হয়ে আছে। বর্তমানে প্রাথমিক আইন চালু করবার সময় তার লক্ষ্য ও আদর্শগ্রহণ করবার যে সুযোগ এসেছিল আমাদের সেই সংশোধনী ও সংযোজনী সিলেক্ট কমিটিকে দিয়ে, দুঃখের বিষয় গ্রহণ করান সম্ভব হয় নাই। এই প্রসঙ্গে আমরা যে সংশোধনীগুলি দিয়েছিলাম, আমাদের আশা এই বিধানসভায় বিলটি নিয়ে আলোচনা করবার সময় আমাদের সেই বক্তব্য পুনরায় সরকার বিবেচনা ক'রে দেখবেন।

[4-20—4-30 p.m.]

আমরা বলেছিলাম ক্লজ ২(১৭)-তে—

imparted to children of class I to V and also of pre-primary class or classes for the children between 3 and 6 years of age all pre-primary classes be substituted.

এর আন্ডারে সমস্ত স্কুলকে আনবার দাবি করেছিলাম তা গ্রহণ করাতে আমরা সক্ষম হয় নি। আমরা আর দুটি ধারা এই প্রসঙ্গে দিয়েছিলাম, সেটার একটা হচ্ছে ১৯(কে)-এর পরে ১৯(কেকে)—

to investigate into the affairs of any privately managed pre-primary or primary schools, to issue instruction from time to time and to take over for a specified period the management of such schools along with its assets in case of consistent violation or, failure to perform any of the duties imposed by or under this Act.

এটা হয়ে যাবার পর পুনরায় সিলেক্ট কমিটিতে ১৯(এ) সাব-ক্লজ যুক্ত করার ব্যাপার সেটাও আমরা গ্রহণ করাতে পারি নি। সেটা হচ্ছে—

No private educational institution imparting pre-primary or primary education, in existence on or after the date of commencement of this Act shall after the expiry of six months from the said date be run: and no such private educational institution shall be established without permission of the Board and except in accordance with the prescribed terms and conditions.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ ছাড়া এই খসড়ায় রাজ্যসরকারের হাতে এখন কতকগুলো ক্ষমতা আছে যাতে বোর্ড এবং কাউন্সিলের পরিচালনা বিঘ্নিত হবে এবং তাদের স্বাধীন সত্তা এবং অটনমি ভঙ্গ ক'রে রাখবে। উদাহরণস্বরূপ, ১৩(৩)(খ) ধারা এবং ৫২(খ) ধারা সেখানে রাজ্যসরকার বোর্ড বা কাউন্সিলের কোন সদস্য অপসারণ করতে পারবেন। রাজনৈতিক দলীয় বিচারের দৃষ্টিভঙ্গীতে এই সদস্য অপসারণ ঘটতে থাকবে। উপরি-উক্ত ধারার ভাষা হচ্ছে—

The State Government may remove any elected, nominated or appointed member of the Board if he acts in a manner prejudicial to the Board or Council.

এই প্রেজুডিসিয়াল টু দি বোর্ড অর কাউন্সিল কে বিচার করবে? কাজেই রাজনৈতিক স্বার্থে এই ক্লজ ব্যবহার হবে। তাই এর বিরুদ্ধে তীব্রতম ভাষায় আপত্তি করেছিলাম। আমাদের চতুর্থ যে সংশোধনী গৃহীত হয় নি সেটা হচ্ছে এই প্রাথমিক শিক্ষার বিরাট কর্মকান্ড শুরু করতে হ'লে যে বিপুল অর্থের প্রয়োজন তা বেশি বিত্তবানদের থেকে নিশ্চয় সংগ্রহ করতে হবে। বিধানসভা কর্তৃক নিযুক্ত এস্টিমেট কমিটির ত্রয়োদশ রিপোর্ট যেটা ২২শে মার্চ বিধানসভায় উপস্থিত করা হয়েছে সেই রিপোর্টে এই কমিটি অনুমোদন করেছেন—

The committee would suggest that in order to meet such expenditure for according free education to the child population up to class VIII in this State, Government may impose education cess, tax and surcharges on land, property and profession at a rate not higher than that levied by Madras Corporation, Municipalities and Panchayats in Tamilnadu.

আমরা সেই দৃষ্টিভঙ্গি থেকে রাজ্যসরকারের ভান্ডারে নূতন সম্পদ সংগ্রহের উদ্দেশ্যে কতকগুলি করের প্রস্তাব করেছিলাম যা আঘাত করতো বিত্তবানদের, কিন্তু স্বল্প বিত্তদের রেহাই দিত। দি মাদ্রাস এলিমেন্টারি অ্যাক্ট, ১৯২০ (মডিফায়েড আপ টু ফার্স্ট মার্চ, ১৯৬৪)—এই আইনের ৩৪ ধারায় প্রাথমিক শিক্ষা বিকাশের জন্য তিনটি কর ধার্যের প্রস্তাব আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৩৪নং ধারা যদি দেখেন, তা হ'লে দেখবেন—

following has been, namely property tax, tax on companies and profession tax.

সুতরাং আমরা যেসকল কর প্রস্তাব করেছিলাম সেগুলি অভিনব প্রস্তাব ছিল না। এমন কি বংগীয় প্রাথমিক শিক্ষা আইনে যেটা ছিল

annual net profit from tramways, railways and other immovable properties as determined under this Act, 1880.

আমরা এর সংগে স্টেট ট্রান্সপোর্টকে যুক্ত করতে চেয়েছিলাম। কিন্তু সেটাও গৃহীত হয় নি। এই আইনে ট্রাম, রেলওয়ে ও অন্যান্য স্থাবর সম্পত্তির উপর যে কর ধার্যের প্রস্তাব ছিল যেটা এখনও চালু করা হয় নি, সেটা আমরা চালু করবার জন্য বলেছিলাম। এই আইনের ৩৪ ধারাতে শিক্ষা কর আদায়ের ব্যবস্থা আছে। এখানে আমাদের প্রস্তাব ছিল যে, বর্তমানে নিম্ন আয় সম্পন্ন ব্যক্তিদের উপর শিক্ষা কর না চাপিয়ে উচ্চ আয়ের ব্যক্তিদের উপর যেমন,

trade, business profession, employment, vocation calling.

এদের উপর শিক্ষা কর বসানো হোক, একথা আমরা বলেছিলাম—কিন্তু তার কোন বিহিত হয় নি। কেবলমাত্র কয়লাখনির ক্ষেত্রে এবং কিছু অন্যান্য ক্ষেত্রে যে কিঞ্চিৎ কর ধার্যের ব্যবস্থা আছে আমরা সেখানে আরও প্রস্তাব দিয়েছিলাম যে, চা-বাগান, জুট কলের মালিকদের উপর উৎপাদন আয়ের উপর কর ধার্য করা হোক। কিন্তু দুঃখের বিষয়, আমাদের এই প্রস্তাবও গৃহীত হয় নি। দুই ধারায় যেখানে সংজ্ঞায় দেওয়া আছে প্রাথমিক শিক্ষা ১ থেকে ৫ম শ্রেণী পর্যন্ত সেখানে চিহ্নিত করেছেন যেখানে আসাম অ্যাক্ট, ২(এইচ) ধারাতে আছে—

> elementary education means, education up to such class or standard not beyond the 8th class or standard as may be prescribed.

একথা সেখানে স্পষ্টভাবে লেখা হয়েছে। আর আমাদের এখানে দীর্ঘ দিন পরে প্রাথমিক শিক্ষা আইন যেখানে আমরা পাশ করতে চলেছি তখন কেন আমরা এই কথা ব'লে দিতে পারছি না যে, আমাদের এই প্রাথমিক শিক্ষা কতদূর পর্যন্ত হ'ব—পঞ্চম শ্রেণী, না তৃতীয় শ্রেণী।

আসাম অ্যাক্টে একথা পরিষ্কারভাবে বসানো আছে, এ ছাড়া ভারতবর্ষের সমস্ত রাজ্যে পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা রয়েছে। এ ছাড়া আমি আগেই ব'লে গেছি যে, ১০ম এবং ১১শ ক্লাস পর্যন্ত শিক্ষা অবৈতনিক হবে ব'লে ঘোষণা করা হয়েছে। আমরা প্রাথমিক শিক্ষাকে ৩ থেকে ৬ বছর পর্যন্ত এ বিলের আওতায় আনতে চেয়েছিলাম। কিন্তু এই সংশোধনী গৃহীত হয় নি। ৫(বি) ধারাতে আমরা এই সংশোধনী দিতে চেয়েছিলাম। যদি কোন নির্বাচনে অসমাপ্ত থাকে বা যদি ভন্ডুল হয়ে যায় সেখানে বোর্ডের কাজকর্ম নির্বাচনের পরিবর্তে সরকারকে সদস্য মনোনীত করবার অধিকার দেওয়াকে আমরা বিরোধিতা করেছিলাম। কিন্তু আমাদের প্রস্তাব সিলেক্ট কমিটি গ্রহণ করেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিশেষে আমি বলতে চাই দীর্ঘ ২৫ বছর পরে ভারতবর্ষের সর্বশেষ রাজ্য এই পশ্চিমবঙ্গে যখন আমরা একটা প্রাথমিক শিক্ষা আইন পাশ করতে চলেছি তখন সেটা সকল দিক থেকে যাতে সর্বাঙ্গসুন্দর হয় সেদিকে লক্ষ্য রেখে আমি বার বার বলতে চাই, বিধানসভার সদস্যদের বিবেচনা

[4-30—4-40 p.m.]

করবার জন্য এবং এই আইনটিকে আরো উন্নত করবার জন্য আমি পুনরায় এই কথা বলতে চাই যে, প্রাথমিক শিক্ষাকে যদি পঞ্চম শ্রেণী পর্যন্ত চিহ্নিত করা না যায়, এই আইনের মধ্যে যদি কোঠারী কমিশনের নির্দেশ অনুযায়ী সমস্ত শিশুদের ওয়ান কমন স্কুলের মধ্যে না আনা যায়, যদি ফ্রি প্রাইমারী প্রাথমিক শিক্ষা অন্তর্ভুক্ত করা না যায়, যদি প্রাইভেটলি ম্যানেজড শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে এই আইনে অন্তর্ভুক্ত না করা হয় এবং প্রাইভেটলি ম্যানেজড স্কুলগুলি টেক ওভার করার জন্য যদি কোথাও এতে যুক্ত না থাকে এবং ৫(১) ধারা অনুযায়ী সরকার যে কোন সময় যে কোন মনোনীত এবং নির্বাচিত সদস্যকে অপসারণ করতে পারবেন, এই মারাত্মক ধারাটি যদি পরিবর্তন না হয় জেলা কাউন্সিলে মন্ত্রী ব্যতীত সকল এম এল এ-কে যদি অন্তর্ভুক্ত করা হয় এবং শিক্ষক প্রতিনিধির সংখ্যা যদি বৃদ্ধি করা না হয় এবং বিত্তবানদের নিকট থেকে কলিং, প্রফেশন, ট্রেড, বিজনেস, এমপ্লয়মেন্টের উপর যদি কর ধার্য করা না হয় এবং চা-বাগান, চটকল মালিকদের আয়ের উপর যদি কর বসানো না হয় এবং ৯০ নম্বর ধারা

তুলে দিলে ৮৯নং ধারা অনুযায়ী জীবিকার জন্য নির্বিকার গ্রামের চাষীদের পড়বার স্বার্থে বিকল্প ব্যবস্থা নাইট স্কুলই হোক বা যে ভাবেই হোক, যদি এই ধরনের কোন ধারা এই আইনের মধ্যে যুক্ত না করেন, তা হ'লে প্রাথমিক শিক্ষা আইনের যে উদ্দেশ্য প্রারম্ভিক বক্তৃতা উপস্থিত করবার সময় শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন যে, অবৈতনিক বাধ্যতামূলক এবং সার্বজনীন —তাঁর সেই উদ্দেশ্য স্বার্থক হবে না। এই কথা বলে বিধানসভার সদস্যদের পুনর্বিবেচনার আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন করেছেন ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি এডুকেশন বিল, ১৯৭৩ তাকে আমি আন্তরিক সমর্থন জানাচ্ছি এবং এই সমর্থন জানাতে উঠে সর্বপ্রথমেই দু'একটি কথা বলতে চাই। এই কথা অনস্বীকার্য যে ১৯৫০ সালে শিক্ষাক্ষেত্রে পশ্চিমবাংলার স্থান ত্রিবাঙ্কুর, কোচিনের পরেই ছিল, আজ ১৯৭৩ সালে আমাদের স্থান দ্বাদশে এসে দাঁড়িয়েছে। এই কথা অনস্বীকার্য যে অনেক পরে অনেকটি টাকা খরচ করেও প্রাথমিক শিক্ষাক্ষেত্রে আমরা এগিয়ে যেতে পারি নি, মাননীয় সদস্যা শ্রীমতী ইলা মিত্র মহাশয়া যেকথা বললেন সেটা নিশ্চয় ঠিক যে, আমরা এগিয়ে যেতে পারি নি। কারণ, ১৯৩০ সালের যে বিল সেই এক রকম ছন্নছাড়া ছিল। শহরে এক রকম প্রাথমিক শিক্ষা, পাড়াগাঁয়ে এক রকম প্রাথমিক শিক্ষা, কলকাতায় এক রকম প্রাথমিক শিক্ষা, কোথাও বোর্ড ম্যানেজড টিচার, জি এস, কোথাও প্রাইভেট ম্যানেজড স্কুল, কোথাও এডেড স্কুল, কোথাও আবার নন-এডেড স্কুল, কিন্তু স্টাইপেনডারি নয়, কোনখানে মাইনে দেয় ইত্যাদি এই রকম ব্যবস্থা ছিল। এই কথা স্বীকার ক'রে নিয়ে আমি বলতে চাই যে, ইলা মিত্র মহাশয়া স্বীকার করেছেন যে, দীর্ঘ দিন ধ'রে এই প্রস্তাবিত বিল আসার কথা ছিল, কিন্তু আসে নি। এই সরকার নিশ্চয় গর্ব বোধ করতে পারে এই সেসানের শেষ প্রান্তে এসে সমস্ত সেই পুরানো ব্যবস্থাকে ভেঙ্গে দিয়ে পশ্চিমবাংলার জন্য একটি সামগ্রিক প্রাথমিক শিক্ষা বিল তৈরি ক'রে পশ্চিমবাংলার সমস্ত ছেলেমেয়েরা যাতে বিনাবেতনে পড়তে পারে প্রাথমিক পর্যায় পর্যন্ত তার একটা ব্যবস্থা করার জন্য এই বিল এনেছেন সে জন্য নিশ্চয় মাননীয় শিক্ষামন্ত্রী অভিনন্দনযোগ্য হবেন। এখানে মাননীয় সদস্যা ইলা মিত্র মহাশয়া যে কথা বললেন সে সম্বন্ধে আমি দু'একটি কথা বলতে চাই। টেবিলে খাবার আসে সবাই খেয়ে যান। কিন্তু কে রান্না করে সে কথা জানা থাকে না এবং জানার কথাও নয়। এখন সিলেক্ট কমিটিতে কি আলোচনা হয়েছিল সেটা যে এখানে আসবে তা আমি আশা করি নি। আমি এই প্রসঙ্গে শ্রীমতী মিত্রকে এই কথা স্মরণ করিয়ে দিতে চাই এবং সিলেক্ট কমিটির অন্যতম সদস্য হিসাবে এই কথা বলতে চাই যে, মাননীয়া সদস্যা যেসব ভাল কথা বলেন এবং তার যেসব সংশোধনী এসেছে এই সব কথা সত্য নয়।

রান্নাঘরের খবর আপনাদের একটু দিই। বোর্ডে শিক্ষক প্রতিনিধি ৬ থেকে ৮ জন করার যে অ্যামেন্ডমেন্ট সেটা আমাদের কংগ্রেস পক্ষ থেকেই দেওয়া হয়েছিল। তারপর নমিনেসানের ব্যাপারে যে কথা মাননীয়া ইলা মিত্র মহাশয়া স্বীকার করেছেন যে, সত্যপ্রিয় রায়ের প্রস্তাবিত বিলে সরকারী কর্মচারীদের সংখ্যা বেশী রাখার ব্যবস্থা হয়েছিল, কিন্তু এবারে এমন ক'রে বিল তৈরি করতে চাওয়া হয়েছিল বা এমন ক'রে অটোনমাস বডি করতে চাওয়া হয়েছিল যাতে ক'রে শিক্ষা জগতের সঙ্গে সত্যিকারের যাঁরা যুক্ত আছেন তাঁরা যাতে থাকতে পারেন এটাই ছিল শিক্ষামন্ত্রীর উদ্দেশ্য। এইজন্য শিক্ষা সংস্থা থেকে বেশী সংখ্যক লোক নেওয়া হয়েছে। তারপর মাননীয়া সদস্যা ইলা মিত্র মহাশয়া বললেন যে, জেলার সকল এম এল এ দের নিয়ে ডাইরেক্টর করা হয়েছে। স্যার, শিক্ষা ক্ষেত্রে গার্জিয়ানদের কোন প্রতিনিধিত্ব থাকবে না এটা হতেই পারে না। কাজেই অভিভাবকদের প্রতিনিধিত্ব করার জন্যই এখানে এম এল এ-দের রাখা হয়েছে। স্যার, রান্নাঘরের কথা যখন উঠেছে তখন বলি, সেদিন সিলেক্ট কমিটিতে এই ব্যাপারে বিরোধীদলের যেসব সদস্যরা ছিলেন—আর এস পি ও অন্যান্য দল আমরা সকলে একমত হয়ে সই করে এটা করেছিলাম। কাজেই একথা জোরের সঙ্গে বলতে চাই যে কনস্টিটিউয়েন্সীওয়াইজ—প্রাথমিক শিক্ষা যখন চারিদিকে প্রসার লাভ করতে চলেছে তখন সেই প্রসারের সঙ্গে জনপ্রতিনিধিরা যদি যুক্ত না থাকেন, তা হ'লে চলতে পারে না। কারণ কোথায় স্কুল হবে বা কোথায় স্কুল করার প্রয়োজন আছে, কোথায় শিক্ষক নিযুক্ত

করতে হবে ইত্যাদি ব্যাপারে যদি জনপ্রতিনিধিরা যুক্ত হতে না পারেন, তা হ'লে কিছুতেই এই প্রাইমারী এডুকেশান কাউন্সিল স্বয়ংসম্পূর্ণ হতে পারে না। এই প্রাইমারী এডুকেশান কাউন্সিলকে স্বয়ংসম্পূর্ণ করতে গেলে প্রতিটি অঞ্চলের বা গ্রাম-গ্রামান্তরের সংবাদ নিয়ে আসার প্রয়োজন আছে। আর সেই সংবাদ অভিভাবকদের প্রতিনিধি হিসাবে এম এল এ-রাই আনতে পারেন। তাই আমি বলব, এটা ক'রে এই বিলকে আরো বেশী গণতান্ত্রিক করা হয়েছে। তা ছাড়া পিপলস্ পার্টিসিপেসান ব'লে যেকথাটা আছে সেই পিপলস্ পার্টিসিপেসানেরও সুযোগ ক'রে দেওয়া হয়েছে। একটা কথা নিশ্চয় স্বীকার করবো যে, সমস্ত স্কুলকে আনতে পারছি না। কোলকাতায় বড় লোকেদের বড় বড় স্কুল—কে জি নার্সারী স্কুল ইত্যাদি টাইপের স্কুল আছে যেখানে বিরাট টাকা মাহিনা নিয়ে পড়ান হয়, একথা আমরা জানি। আমাদের সরকারের মূল উদ্দেশ্য হচ্ছে, গণতান্ত্রিক পদ্ধতিতে তারা তৈরি করতে চাচ্ছেন। তাদের মূল লক্ষ হচ্ছে, বিড়লার ছেলেকে সেই পাড়ার একটা গরিব ছেলের সংগে একই স্কুলে পড়তে বাধ্য করানো। এই অবস্থার সৃষ্টি করানোর জন্য শুধু এটা আশা করলেই হবে না এই অবস্থা আনতে গেলে—এখানে কেরলের কথা শ্রীমতী মিত্র বলেছেন আমিও সেই কেরলের কথা বলছি, সেখানে মিশনারী স্কুলগুলি টেক-ওভার করতে গিয়ে শিক্ষা জগতে একটা ব্যাপক নৈরাজ্যের সৃষ্টি হয়েছিল। কাজেই সেই ডিসপিউটের জন্য এই বিল হাইকোর্টে যাক এটা আমরা চাই না। এই ব্যাপারটা পরবর্তী কালে করা হবে এই উদ্দেশ্য নিয়েই এখন এটা বাদ দেওয়া হয়েছে। আমি মনে করি পরবর্তী কালে এই সমস্ত স্কুলগুলিকে এর আওতার মধ্যে নিয়ে আসা হবে এই দিকে দৃষ্টি রেখেই মাননীয় মন্ত্রিমহাশয় এগিয়ে গিয়েছেন। তারপর আরও একটি কথা মাননীয়া ইলা মিত্র মহাশয়া বলেছেন

> The State Government may remove any elected, nominated or appointed member of the Board, if he acts in a manner prejudicial to the interests of the Board.

[4-40—4-50 p.m.]

এটা নাকি অগণতান্ত্রিক হয়েছে। সেদিন বারবার আলোচনা হয়েছে যে একটা কমিটি যদি না থাকে যদি বোর্ডের খেয়ালখুশিমত চলে যেতে থাকে, যাদের কাছে লক্ষ লক্ষ টাকা শুধু নয়, গোটা পশ্চিমবাংলায় শিশু সমাজ গ'ড়ে তোলার দায়িত্ব যাদের হাতে, একটা নূতন সমাজ সৃষ্টি করার দায়িত্ব যাদের হাতে তারা যদি ভিন্ন পথে চলে যান, তা হ'লে তাদের কিছুতেই আটকান যাবে না। এর মধ্যে রাজনৈতিক উদ্দেশ্য সাধনের কিছু নেই। তা যদি থাকতো তা হ'লে এখানে গভর্নমেন্ট আরো বেশী নমিনেটেড মেম্বার দিয়ে বোর্ড তৈরি করতেন, আরো বেশী ক'রে তাদের নিজেদের উদ্দেশ্য সাধন করতে পারতেন। সুতরাং এখানে রাজনৈতিক উদ্দেশ্য সাধনের যেকথা বলা হয়েছে সেটা মোটেই শোভন নয় ব'লে আমি মনে করি। আর একটি কথা সেটা হচ্ছে এখানে কোঠারী কমিশন, সার্জেন্ট কমিশনের কথা উঠেছে। শিক্ষক হিসাবে আমি একথা বলতে চাই এখানে পঞ্চম শ্রেণীকে প্রাথমিক শিক্ষা পর্যায়ে নিয়ে আসা হোক ব'লে যেকথা বলা হয়েছে, শ্রীমতী ইলা মিত্র বলেছেন, সেখানে সার্জেন্ট কমিশন, কোঠারী কমিশন পর্যন্ত সমস্ত দিক আলোচনায় একটা জিনিস করা হয়েছিল যাতে সিক্স টু ইলেভেন যে এজ গ্রুপ সেই এজ গ্রুপটাকে আমরা যাতে কমপালসরি অ্যান্ড ফ্রি প্রাইমারী এডুকেশান পর্যায়ে আনতে পারি তার চেষ্টা করা হয়েছে। অর্থাৎ প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত এটাকে নিয়ে আসা হয়েছে। ক্যাটাগরিক্যালি পঞ্চম শ্রেণীর কথা বলা হয় নি। এজন্য ইট মে বি ফাক্ট আমরা এই স্বপ্ন দেখেছি একদিন হয়ত ৮ম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষাকে ১৪ এজ গ্রুপ পর্যন্ত নিয়ে আসতে পারি। তাই কোঠারী কমিশনের কথা না ব'লে আমি মনে করি এই বিলের মধ্যে আরো বৈপ্লবিক ইঙ্গিত দেওয়া হয়েছে। আমাদের যে উদ্দেশ সেটা হচ্ছে আমরা এখন বর্তমানে ১১ এবং পরবর্তী কালে ১৪ বছর পর্যন্ত নিয়ে যেতে পারি, সেজন্য ৫ম শ্রেণীর কথা উল্লেখ করেছিলাম। এই বিলে কি আরো বৈপ্লবিক পরিবর্তন করা হয় নি? বিলের আর কি ক্যারেকটার হত এটা আমি বুঝতে পারছি না। বরঞ্চ এটা রেখে ভাল কাজ করা হয়েছে ব'লে মনে করি। আর এই যে প্রি-প্রাইমারী স্টেজ-এর কথা বলা হয়েছে যখন আমরা সিক্স টু ইলেভন এজ গ্রুপ-কে আনতে পারছি না, সেটা আনতে হিমসিম

খেয়ে যাচ্ছি, যখন আমরা সমস্ত পশ্চিমবাংলাকে প্রাথমিক শিক্ষার পর্যায়ে আনতে পারছি না, তখন আবার এই অ্যাডিশনাল বার্ডেন এই ৩ থেকে ৫ বছরের ছেলেদের নিয়ে আসার দায়িত্ব নেওয়া অত্যন্ত কঠিন এবং গুরুত্বপূর্ণ ব'লে আমরা ঐ প্রি-প্রাইমারী কোর্স-এর কথা উল্লেখ করতে চাই না। যদি সত্যিসত্যি শিক্ষার বুনিয়াদকে দৃঢ় করে তুলতে হয়, তা হ'লে পরবর্তী কালে নিশ্চয়ই ঐ প্রি-প্রাইমারী এজ গ্রুপ-এর ছেলেদের ঐ বিলের আওতায় আসতে হবে এই বিষয়ে কোন সন্দেহ নাই। সর্বশেষ একথা আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে জানাতে চাই, পশ্চিমবাংলা শিক্ষাক্ষেত্রে আজকে অনগ্রসর। সারা ভারতবর্ষের শিক্ষার তুলনায় আমাদের যে পিছিয়ে পড়া ভাব সেটা যদি দূর করতে হয়, তা হ'লে এই বিলের মাধ্যমে আমরা নূতন ক'রে কাজ করতে পারি। আমি সকল সদস্যদের অনুরোধ করবো, এই বিলের মধ্যে যে বৈপ্লবিক দিক রয়েছে সেটা বিশেষভাবে অনুধাবন করার জন্য। গ্রামবাংলায় কেমন ক'রে নূতন ভাবে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা যায়, সকল ছেলেদের কেমন ক'রে সেই স্কুলে নিয়ে আসা যায়, কেমন ক'রে সকল ছেলেদের এই সোসাল কন্ডিশান তৈরি করা যায়, যার দ্বারা সকল ছেলেরা স্কুলে যেতে বাধ্য হয় এই ব্যবস্থা করা। আর একটি কথা সেটা হচ্ছে গ্রামীণ ঐসব যারা খেটেখাওয়া মানুষ উইকার সেকসান অব দি সোসাইটি—মুচী, হাড়ী, ঘুনো বাগদী ইত্যাদি তারা ঐ স্কুলে যেতে পারে না। তাদের কাপড়-চোপড়ের অভাবে তারা স্কুলে যেতে পারে না। অনেকে আবার সকালে অন্য কাজ করে, কাজেই কি ক'রে অল্টারনেটিভ টাইম-এ— সকালে, দুপুরে, সন্ধ্যায় ইত্যাদি। ভিন্ন ভিন্ন টাইমে স্কুল করা যায় সেদিকে লক্ষ্য রাখা দরকার। আর শুধু স্কুল করলেই শিক্ষা হয় না, শিক্ষার প্রসার করতে গেলে যে আবহাওয়া, সে পরিবেশ সৃষ্টির প্রয়োজন এই বিলে সেই সুযোগ আছে, পিপলস পার্টিসিপেশন-এর সুযোগ আছে। এই সুযোগের মাধ্যমে আমরা কি এমন অবস্থায় করতে পারি না; এমন স্বপ্ন দেখতে পারি না যে, ১৯৫০ সালে বাংলাদেশ যেখানে ভারতবর্ষে শিক্ষাক্ষেত্রে দ্বিতীয় ছিল, সেখানে ১৯৭৩ সালে বাংলাদেশ ভারতবর্ষের মধ্যে প্রথম হবে? সেজন্য বলছি তার ইঙ্গিত এই বিলে সূচীত হয়েছে। 'অয়মারম্ভঃ শুভায় ভবতু' এই কথা ব'লে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই এই কারণে, অনেক দেরীতে হ'লেও আজকে এই রকম একটা বিল উপস্থিত করা হয়েছে, যে বিলের মধ্যে দিয়ে গ্রামাঞ্চলের মানুষরা বিশেষ ক'রে আমাদের তফসিলী সম্প্রদায়ের মানুষদের ছোটো ছোটো ছেলেমেয়েদের মনের অন্ধকারকে দূর করবার যে প্রয়াস তা এই বিলের মধ্যে আমরা দেখতে পাচ্ছি। আমাদের ভারতবর্ষের পবিত্র শাসনতন্ত্রে পরিস্কার ভাবে ঘোষণা করা হয়েছে যে, শিক্ষাকে প্রাথমিক স্তরে বাধ্যতামূলক, অবৈতনিক এবং সার্বজনীন করতে হবে। দীর্ঘ ২৬ বছর চলে গেলেও পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের মানুষের কাছে শাসনতন্ত্রের এই ধারা আজও বাস্তবে রূপ নিল না, এটা অত্যন্ত দুঃখের কথা। অনেক দেরীতে হ'লেও বর্তমান পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রীর এই প্রয়াসকে পশ্চিমবঙ্গের মানুষ ধন্যবাদ জানাবে এবং প্রশংসা করবে। একটা কথা যেটা সব সময় অনুভব ক'রে থাকি, পৃথিবীর অন্যান্য বিদেশী রাষ্ট্রগুলোর প্রারম্ভিক স্তরে যে শিক্ষা ব্যবস্থা, সেই শিক্ষা ব্যবস্থার উপর সবচেয়ে বেশী জোর দেওয়া হয়। আমাদের দেশের শিক্ষা ব্যবস্থায় সব থেকে বেশী জোর দেওয়া হয় প্রথমে ইউনিভার্সিটি, তারপর কলেজ, তারপর মাধ্যমিক স্তর এবং তারপর প্রাথমিক স্তর, এটা ঠিক নয়। শিক্ষা ব্যবস্থায় সব থেকে বেশী জোর দেওয়া প্রয়োজন যেখানে প্রাথমিক শিক্ষার স্তর রয়েছে। এই বিলে সেই ভাবে চেষ্টা করা হয়েছে। এর জন্য সত্যই আমরা আনন্দ অনুভব করছি। এই বিলের আলোচনা প্রসঙ্গে আর এস পি বন্ধু মিঃ বেস্টারউইচ জনমত সংগ্রহের কথা বলেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের বিপুল সংখ্যক মানুষ আমাদের এখানে পাঠিয়েছে, তাদের কল্যাণের ভার আমাদের হাতে দিয়েছে। আমরা তাদের সব অধিকার নিয়েছি এবং আমরা বিধানসভার সদস্যরা আইন পাশ করে থাকি, কিন্তু আমি অবাক হয়ে যাই যে, আমাদের এই রকম জনমত সংগ্রহের কথা, এই সার্কুলেশনের মাধ্যমে আনার কথা কেন তুললেন এটা বুঝতে পারলাম না। তার উপর আর একটা কথা যেটা সিলেক্ট কমিটি গঠনের প্রসঙ্গে বলছি,

আমাদের মাননীয় সি পি আই বন্ধুরা কো-অপারেটিভ বিলের আলোচনা প্রসঙ্গে সিলেক্ট কমিটি গঠনের কথা বলেছিলেন এবং তারা সেই কো-অপারেটিভ বিলের বিরোধিতা করেছিলেন। কিন্তু আমাদের শিক্ষামন্ত্রী অত্যন্ত গণতান্ত্রিক উপায়ে একটা সিলেক্ট কমিটি গঠন করেছিলেন এবং সেই সিলেক্ট কমিটিতে সি পি আই-এর দুজন শিক্ষাবিদ ছিলেন এবং আর এস পি সদস্য এবং কংগ্রেস (সং) সদস্যও ছিলেন। এই ভাবে একটা অত্যন্ত গণতান্ত্রিক উপায়ে একটা সিলেক্ট কমিটির মাধ্যমে এই বিলের খসড়া রচনা করা হয়েছে। সেই পরিপ্রেক্ষিতে ঐ সিলেক্ট কমিটিতে সকলেই নিজেদের মতামত দিয়েছেন, সি পি আই সদস্যরা, তাঁরাও নিজেদের মতামত দিয়েছেন। আবার কেন আজকে এই হাউসে মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র কয়েকটি ক্ষেত্রে বিরূপ সমালোচনা করলেন বুঝতে পারলাম না। সেখানে সবাই আমরা আলোচনা করেছিলাম, আমাদের আলোচনার মাধ্যমে এটা হয়েছিল এবং সকলের মতামত আমাদের শিক্ষা-মন্ত্রীকে গ্রহণ করতে অনুরোধ করেছি এবং তিনি গ্রহণ করেছেন। বিলের খসড়ায় যা ছিল, কতকগুলো ভাল ভাল ক্ষেত্রে কতকগুলো নূতন যুগোপযোগী জনকল্যাণমূলক সংশোধন শিক্ষামন্ত্রী নিয়েছেন। সিলেক্ট কমিটিতে আমরা কয়েকটি বিষয় সংশোধনী এনেছিলাম তার মধ্যে শতকরা ৮০ ভাগ তিনি গ্রহণ করেছেন। যেমন ধরুন একটা উদাহরণ দিচ্ছি, ক্লজ ২(বি)-তে স্কুলে যাবার ক্ষেত্রে বয়সসীমার শিথিলতা, একজন শিশু ছাত্র ৬ বছরের জায়গায় আমরা ৫ বছর সুপারিশ করেছি। ৪(৭) ক্লসে আমরা পরিস্কার ভাবে বলেছি, ওয়ান মেডিকেল প্রাকটিশনার

[4-50—5-00 p.m.]

বা একজন চিকিৎসকের কথা, যে কথা ঐ কমিটি গ্রহণ করেছেন এবং যে কথা আমরা পেশ করেছিলাম, অন্য কেউ এটার জন্য কৃতিত্ব দাবি করলে নিশ্চয়ই সেটা অন্যায় হবে, খুব ভুল হবে। তারপর ক্লজ ৭এ, ৬-এর জায়গায় তিন জনকে নমিনেটেড করার কথা মাননীয় শিক্ষামন্ত্রী নিজে বলেছেন। কারণ এই স্কুলগুলিকে পরিচালনা করবার জন্য যে বোর্ড থাকবে, সেই বোর্ডের উপর সরকারী আমলাদের যাতে বেশি প্রভাব না থাকে বা সরকারী মনোনীত ব্যক্তিদের বেশি প্রভাব না থাকে তার জন্য এবং যাতে খুব বেশি সদস্য না থাকে তার জন্য ৬-এর জায়গায় ৩ জন করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই স্কুলগুলি পরিচালনার জন্য এই বিলের মধ্যে কতগুলি ধারা রয়েছে তাতে সেই ধারাগুলির মধ্যে আমরা পরিস্কারভাবে দেখতে পাই, ঐ গ্রামের মানুষ, যারা গ্রামে বাস করে, যাদের ঘরের চালে খড় নেই, যারা দুবেলা দুমুঠো খেতে পায় না, তাদের কথা চিন্তা করা হয়েছে এবং তাদের কথা চিন্তা করেই আজকে এই বিল রচনা করা হয়েছে। স্কুলগুলি পরিচালনা করবার জন্য স্টেট পর্যায় বোর্ড, জেলা পর্যায় কাউন্সিল এবং প্রতিটি স্কুলের ক্ষেত্রে ওয়েলফেয়ার কমিটি গঠন করা হয়েছে। এই কমিটিগুলি অত্যন্ত গণতান্ত্রিক উপায়ে গঠন করা হচ্ছে, পশ্চিমবঙ্গ ছাড়া অন্য কোন রাজ্যে এই রকম ব্যাপক কল্যাণমূলক বিল এসেছে বলে আমার জানা নেই। আজকে, এই বিলের মধ্যে আপনি দেখতে পাবেন যে, স্কুল পরিচালনার ক্ষেত্রে আগে যে বিল দেওয়া হয়েছিল তাতে ৬ জন শিক্ষকের কথা বলা হয়েছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একজন শিক্ষক, আমি গর্ব অনুভব করছি, কারণ মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানিয়েছিলাম আমরা যারা শিক্ষক প্রতিনিধি ছিলাম, আমরা বলেছিলাম, শিক্ষকরাই শিক্ষকদের স্বার্থ দেখতে পারে, সেই জন্য এই সংখ্যা ৬ জন থেকে বাড়িয়ে ৮ জন করুন এবং আজকে আট জনের কথা এই নতুন বিলে আছে। আর একটা কথা মাননীয়া সদস্যা ইলা মিত্র বার বার বলেছেন, সেটা হচ্ছে যে, জেলা কমিটিতে সমস্ত বিধানসভার সদস্যদের থাকার দরকার নেই। আমরা সিদ্ধান্ত নিয়েছি যে, বিধানসভার সমস্ত সদস্যরা জেলা কমিটির সদস্য হবেন এবং আমাদের এই দাবির পক্ষে এমন কি বিরোধী পক্ষের শ্রীশীশ মহম্মদ সাহেব পর্যন্ত স্বাক্ষর করেছিলেন এবং আরো একজন বিরোধী সদস্য শ্রীপ্রদ্যোৎ মহান্তি মহাশয়, তিনিও ঐ প্রস্তাবে সম্মতি জানিয়েছেন। আজকে শ্রীমতী মিত্র এটার উপর এত আপত্তি কেন করছেন সেটা বুঝতে পারছি না। জেলা কাউন্সিল একটা বড় হয়ে যাবে, এটা খুবই সত্য কথা কিন্তু এইভাবে যদি সমস্ত বিধানসভা সদস্যদের গ্রহণ করা হয় তা হলে জনমতকে নিশ্চয়ই এক দিকে যেমন মূল্য দেওয়া হবে সেই সঙ্গে সঙ্গে ঐসব বিধানসভার সদস্যদের ঐ কাউন্সিলের মতামত স্থান পাচ্ছে। আর ৬৭নং ক্লসে পরিস্কার

ভাবে বলা আছে কমিটি প্রয়োজন মনে করলে, কাউন্সিল প্রয়োজন মনে করলে অনেক সাব-কমিটি গঠন করতে পারবেন, যেমন ফাইনান্স কমিটি, ডিসিপ্লিন কমিটি, অ্যাপিল কমিটি এবং সর্বোপরি আমাদের যে একটা সংশোধনী বিল সেটা হচ্ছে, ডেভেলপমেন্ট কমিটি। এই সংশোধনীটা আমরা এনেছিলাম এবং এই সম্বন্ধে কৃতিত্ব আমরা ছাড়া অন্য কেউ দাবি করতে পারে না। আমরা কংগ্রেস সদস্য যারা ছিলাম, হেমন্তবাবু, শিবশঙ্করবাবু, এই কয়েকজন কংগ্রেস সদস্য আমরাই এই দাবি করেছিলাম। সিলেক্ট কমিটির অ্যামেন্ডমেন্টগুলি খুললে নিশ্চয়ই দেখতে পাবেন আমরা ডেভেলপমেন্ট কমিটি গঠন করতে চেয়েছি এবং আমরা স্কুলগুলিকে ওয়েলফেয়ারের মাধ্যমে নিয়ে যেতে চাই, তার জন্য আমরা বিলের মধ্যে বেশ কয়েকটি ধারা রেখেছি।

এখানে বারবার মহীশূর, তামিলনাড়ুর কথা শুনলাম। আমি সেসব কথা জানতে চাই না। আমি পরিষ্কারভাবে জানতে চাই পশ্চিমবঙ্গের দুঃখী মানুষের কথা এবং তাদের মনের অন্ধকার দূর করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন। সুতরাং অন্য প্রদেশের কথা বললে হবে না। আমাদের দেশের সমস্যার সঙ্গে উপযোগী ক'রে এর সমাধান করতে হবে। আমাদের জাতীয় গড় আয় ভারতবর্ষের তুলনায় অনেক নিচে। তাই আমাদের দেশের সমস্যার সমাধান করতে হবে আমাদের দেশের উপযোগী ক'রে। এই বিলের মধ্য দিয়ে যে ক'টি কমিটি আছে এবং প্রতিটি স্তরে যে কমিটিগুলি আছে তা সমস্ত গণতান্ত্রিক। তবে একটা নিবেদন হচ্ছে যে, গরিব মানুষ যাদের জন্য প্রাথমিক স্তরে শিক্ষা যখন বাধ্যতামূলক হচ্ছে তখন যাতে তারা অবসর সময়ে শিক্ষা গ্রহণ করতে পারে তার ব্যবস্থা করার জন্য মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি। সর্বশেষে মিশনারী স্কুলগুলি সম্পর্কে বলব। এখানে বড় বড় লোকের ছেলেরা পড়তে যায় এবং শিক্ষার ক্ষেত্রে এগুলি একটা বৈষম্য সৃষ্টি করে। এই বৈষম্য যাতে আর বেশীদিন চলতে না পারে সেইদিকে দেখতে হবে। শিক্ষার ক্ষেত্রে যাতে এই বৈষম্য না থাকে সেটার দিকে লক্ষ্য রাখতে হবে এবং বড় বড় লোকের ছেলেমেয়েরা এই সমস্ত মিশনারী স্কুলে গিয়ে শিক্ষার ক্ষেত্রে একটা তফাৎ সৃষ্টি করতে না পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে। সর্বস্তরের মানুষ যাতে এই শিক্ষা গ্রহণ করতে পারে সেদিকে দৃষ্টি আকর্ষণ ক'রে শিক্ষামন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে এবং এই বিলকে পুনরায় সমর্থন ক'রে আমি শেষ করছি।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ শিক্ষামন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা বিল, ১৯৭৩ যা এই সভায় উপস্থাপিত করেছেন তার জন্য আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ দিয়ে এই বিলকে সমর্থন ক'রে কিছু বলতে চাই। আপনি জানেন এই বিলে সার্বজনীন, অবৈতনিক, বাধ্যতামূলক শিক্ষার ব্যবস্থা করা হয়েছে—প্রাথমিক স্তরে প্রথম থেকে চতুর্থশ্রেণী পর্যন্ত। এই ক্ষেত্রে আমি উল্লেখ করতে চাই এই বিল সম্পর্কে যে সিলেক্ট কমিটি গঠিত হয়েছিল, সৌভাগ্যক্রমে আমি তার একজন সদস্য ছিলাম এবং ৪ দিনে ১৬ ঘন্টা ধ'রে আলোচনা ক'রে এই বিলের রিপোর্ট-এ আমরা সই করেছিলাম। সেখানে মাননীয়া ইলা মিত্র বিভিন্ন বিষয়ে সমালোচনা করেছিলেন। আমি বলব পশ্চিম বাংলায় শেষে এই শিক্ষা আইন শিক্ষামন্ত্রী মহাশয় যা নিয়ে এসেছেন সেটা দেরীতে হ'লেও অভিনন্দনযোগ্য। কারণ ১৯৩০ সালে যে বঙ্গীয় শিক্ষা আইন ছিল সেই শিক্ষা আইনে বিভিন্ন রকমের স্কুল ও বিভিন্ন ব্যবস্থার মাধ্যমে সেগুলি পরিচালিত হ'ত। এর দ্বারা বিশেষ ক'রে গ্রামবাংলায় যারা গরিব মানুষ যারা দু'মুঠো খেতে পায় না, যারা ছেলেদের স্কুলে যেতে দিতে পারে না তাদের জন্য কোন শিক্ষা ব্যবস্থা করা হয় নি।

[5-00—5-10 p.m.]

মাননীয় শিক্ষামন্ত্রী প্রগতিশীল সরকারের মন্ত্রিমণ্ডলীর সঙ্গে আলোচনা ক'রে যে দুঃসাহসের কাজ হাতে নিয়েছেন এবং সেই কাজে এগিয়ে যাওয়ার জন্য যে বিল উপস্থাপিত করতে সক্ষম হয়েছেন তার জন্য সত্যই তিনি অভিনন্দন পাওয়ার যোগ্য। তিনি যে সার্বজনীন বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা লক্ষ লক্ষ গরিব অসহায় ছেলেমেয়েদের কাছে, কি সিডিউল্ড কাস্ট, কি সিডিউল্ড ট্রাইবস, বিভিন্ন মাইনরিটি সম্প্রদায়ের লক্ষ লক্ষ গরিব ছেলে-মেয়েদের কাছে শিক্ষা পৌঁছে দেওয়ার জন্য যে বিল এনেছেন আমি বিশ্বাস করি এই হাউসের

সকল সদস্য তাকে সমর্থন করবেন এবং সঙ্গে সঙ্গে মাননীয় মন্ত্রিমহোদয়কে এবং প্রগতিশীল সরকারকে ঐ দরিদ্র জনসাধারণ আশীর্বাদ জানাবে এই বিষয়ে আমি নিঃসন্দেহ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা যারা কংগ্রেস সদস্য ছিলাম সিলেক্ট কমিটিতে আমরা প্রতিটি ক্ষেত্রে দেখেছি উনি যে বিভিন্ন সংশোধনী এনেছেন তাতে শিক্ষকদের সংখ্যা বৃদ্ধি করার কথা বলেছেন, আমরা প্রয়োজনীয় ক্ষেত্রে বৃদ্ধি করেছি, যেটা ছিল আগে শিক্ষা দপ্তরের আওতায় তাকে আমরা নিয়ন্ত্রণমুক্ত ক'রে অন্ততঃ গণতান্ত্রিক ছাঁচে নিয়ে যাবার চেষ্টা করেছি। যেখানে অটোনমাস বোর্ড মাধ্যমিক শিক্ষা পরিচালনা করে, সেখানে আমরা প্রাইমারী কাউন্সিল, ওয়েলফেয়ার কমিটি, তাঁদের এই সমস্ত ক্ষমতা দিয়ে সার্বজনীন এবং সাবলীল গতিতে যাতে জনসাধারণ ১ম থেকে ৪র্থ শ্রেণী পর্যন্ত শিক্ষা লাভ করতে পারে তার ব্যবস্থা করা হয়েছে। উনি একটা ধারায় ৫২(বি)-তে বলেছেন, প্রাইমারী কাউন্সিল-এ অ্যাকটিভিটি যদি বোর্ডের প্রেজুডিসিয়াল হয়, তা হ'লে যেকোন মনোনীত বা নির্বাচিত এই সমস্ত সদস্যকে অপসারণ করা যাবে। এই রকম ক্ষমতা যদি সরকারের হাতে না থাকে তা হ'লে অনেক ক্ষেত্রে এটা ব্যর্থ হবে উনি এম এল এ-দের কাউন্সিলের সদস্য হিসাবে না নিয়ে শিক্ষকদের নেওয়ার কথা বলেছেন। এই হ্যাউসে যাঁরা জনসাধারণের প্রতিনিধিত্ব করছেন তাঁরা সামগ্রিক স্বার্থের দিকে লক্ষ্য রেখে প্রতিনিধিত্ব করছেন, সুতরাং কেন যে তাঁরা ঝগড়ায় লিপ্ত হবেন তা আমি বুঝতে পারছি না। মাননীয়া সদস্য তাঁর নির্বাচিত এলাকার প্রতিনিধিত্ব করছেন এবং তাঁর এলাকার স্বার্থের কথা যেমন ভাবছেন তেমনি সামগ্রিক স্বার্থ কিভাবে রক্ষিত হবে সে সম্বন্ধে তিনি নিশ্চয়ই চিন্তা করছেন। এম এল এ-দের মধ্যে অনেক শিক্ষক সদস্য আছেন। আমার মনে হয় প্রাথমিক থেকে আরম্ভ ক'রে ইউনিভার্সিটি স্তর পর্যন্ত বিভিন্ন কলেজের শিক্ষক এখানে আনুমানিক ৮৬ জন আছেন। তা হ'লে বুঝতে পারা যাচ্ছে শুধু এম এল এ থাকছেন না, সেখানে শিক্ষকরা প্রতিনিধিত্ব করছেন। এর দ্বারা কোন রাজনৈতিক উদ্দেশ্য সাধিত করা হচ্ছে না। সেজন্য আমি সকল সদস্যকে এই বিল গ্রহণ করার জন্য আবেদন করব। আর একটা কথা তিনি বলেছেন সেটা হচ্ছে ফ্রি প্রাইমারী এডুকেশানে ক্লাস ৫ যোগ করতে বলেছেন। তিনি আমাদের সীমিত অর্থের কথা চিন্তা করেন নি। আমাদের প্রগতিশীল সরকারের যে সীমিত অর্থ তার দ্বারা আমরা বাস্তবে যতটুকু করতে পারব সেই চিন্তা করেই আমাদের এই বিল রচিত হয়েছে। আমরা ধাপ্পা দিতে চাই না, ধাপ্পা দিয়ে দিয়ে লোক নিরাশ হয়ে গেছে। সেজন্য আমাদের যে উৎস আছে সেই উৎস থেকে আমরা যতটুকু অর্থ পেতে পারি এবং তাতে যতটুকু বাস্তবে করতে পারব সেইভাবে বিল রচিত হয়েছে। সেজন্য মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আশ্বাস দিয়েছিলেন, আমরা সময় মত ফ্রি প্রাইমারী এডুকেশান ক্লাস ৬ পর্যন্ত ব্যবস্থা করতে পারব। অনেকে বলবেন, অনেক প্রাইভেট স্কুল আছে, যেগুলি এই বিলের আওতায় আনতে পারছেন না। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন, আমরা অতি শীঘ্র তার ব্যবস্থা করতে পারব। তাই বলে যদি তাড়াতাড়ি করে জগাখিচুড়ি করা হয়, তা হ'লে এটা ব্যর্থতায় পর্যবসিত হবে। আমি সিলেক্ট কমিটিতে ছিলাম, আর এস পি দলের মাননীয় সদস্য শ্রীশীশ মহম্মদ ছিলেন, ও'দের আমাদের সঙ্গে মতের মিল হয়ে এই সিলেক্ট কমিটির রিপোর্ট তৈরি হয়েছে।

আজকে আমি বুঝতে পারছি না তিনি কি উদ্দেশ্য নিয়ে এই বিলের সমালোচনায় কোমর বেঁধে নেমেছেন। আমি মাননীয় সদস্যকে বিনয়ের সঙ্গে জানাচ্ছি, এটা একটা বাস্তব জিনিস এই চিন্তা ক'রে তিনি নিশ্চয়ই এটা মেনে নেবেন। এই বিলের দ্বারা লক্ষ লক্ষ ছেলেরা এবং মেয়েরা শিক্ষা পাবে এবং গরিব ছেলেমেয়েরা শিক্ষার সুযোগ পাবে। একথা ব'লে মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানিয়ে, বিল সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই প্রাথমিক শিক্ষা বিল নিয়ে বহুদিন ধরে বহু আন্দোলন হয়েছে, বহু দাবি এসেছে এবং অবশেষে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় এই বিল এনেছেন এবং তার জন্য আমরা স্বস্তির নিঃশ্বাস ফেলে ভাবছি, অবশেষে একটা বিল এল। এই বিল সমর্থন করতে গিয়ে আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। এতদিন পর এই প্রথম প্রাথমিক শিক্ষা কম্প্রিহেনসিভ করবার একটা চেষ্টা হচ্ছে এবং একটা বডি

থাকবে এই জিনিসটা আমাদের চোখের সামনে তুলে ধরেছেন বলে আমরা অত্যন্ত আনন্দিত হয়েছি। আমরা দেখেছি বিলে প্রথমেই বলা হয়েছে---

to make better provision for the development expansion, management and control of primary education with a view to making it universal, free and compulsory.

প্রিয়েম্বেলের ভেতর উদ্দেশ্যের কথা বলা হয়েছে ফ্রি অ্যান্ড কম্পালসরি। আমাদের সংবিধান-সম্মত এই যে বক্তব্য এটা সমস্ত শিক্ষক সম্প্রদায় বলেছেন। আজকে সেই কথা প্রিএম্বেলের ভেতর উচ্চারণ করে তিনি আমাদের মনে খুব আনন্দ দান করেছেন। আমরা আরও কতগুলি ভাল ভাল জিনিস এর মধ্যে দেখেছি। অর্থাৎ পশ্চিমবাংলার শহরে প্রাথমিক বিদ্যালয় যেখানে বহু স্তরের ছিল সেগুলিকে এক করার চেষ্টা করা হয়েছে। তারপর, প্রাথমিক শিক্ষা সরকারী নিয়ন্ত্রণ করায় অর্থাৎ বেসরকারী বডির হাত থেকে নিয়ে এ'স এই যে বিকেন্দ্রীকরণ করা হয়েছে তার জন্য এই বিল অভিনন্দনযোগ্য। কিন্তু এই প্রসংগে একটা কথা বলব এবং সেটা হচ্ছে যদিও বলেছেন কর্মপ্রিহেনসিভ এবং সমস্ত বিদ্যালয়কে বেসরকারী নিয়ন্ত্রণ থেকে একটা নিয়ন্ত্রণে আনবার জন্য একটা সার্বিক প্রাথমিক শিক্ষা প্রবর্তনের প্রচেষ্টা তিনি করেছেন, কিন্তু বোর্ড এবং গ্রামে অন্যান্য যেগুলি রয়েছে তাকে ভাঙবার জন্য একটা জায়গায় তিনি কেন হাত দিলেন না? আমাদের প্রাইভেট ম্যানেজড বলে একটা সংস্থা আছে যার দরুন কয়েকটা অসুবিধা হচ্ছে। এই ধরনের শিক্ষা ব্যবস্থা থাকার দরুন আমরা দেখছি শিক্ষকরা বঞ্চিত হচ্ছেন। আমরা দেখেছি যদি শিক্ষকের বেতন ১৭৫ টাকা হয়, তা হলে সেই শিক্ষকরা ১২০ টাকার বেশী পান না। আর একটা শ্রেণীর লোক আছে তারা ভুয়ো লোক দেখিয়ে, ফলস গ্র্যান্ট, ফলস নাম্বার দেখিয়ে বহু সহস্র টাকার অপচয় করেন। এইভাবে সরকারী অর্থের অপচয় হচ্ছে এবং একজাতীয় শিক্ষা ব্যবসায়ী টাকা লুটে নিচ্ছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটা হিসেব দিচ্ছি কেন এই টাকা বেশী লাগছে। এটা দূর করা উচিত ছিল, কিন্তু কেন যে ভয় হল সেটা আমি বুঝতে

[5-10—5-20 p.m.]

পারছি না। আমি বর্ধমান জেলার একটা হিসাব দেখাচ্ছি, যদি প্রাইভেট ম্যানেজমেন্টের প্রাইমারী স্কুল ফ্রি করে দিই, যদি সরকার নিয়ে নেন, তা হলে ইনিসিয়াল পেমেন্ট দিতে বর্ধমান জেলায় লাগবে ৭ লক্ষ ৪৭ হাজার ৬০০ টাকা। আর এখন সরকার ফ্রি করেন নি, তবুও দিচ্ছেন ৮,১৭,৯৭০ টাকা। এখন সরকার ৬৯,৩৭০ টাকা বেশী দিচ্ছেন। আমি কয়েকদিন আগে মাননীয় শিক্ষামন্ত্রীকে বলেছিলাম যে, এই এডেড স্কুলগুলিকে ফ্রি করছেন না কেন, এবং যে সমস্ত প্রাইভেট ম্যানেজ স্কুল আছে সেগুলিকে ফ্রি করছেন না কেন, তিনি বলেছিলেন যে, বহু টাকা লাগবে। আমরা জানি সরকারের প্রশাসনে এই সমস্ত পরিসংখ্যান নাই, সরকার যখন মাধ্যমিক বিদ্যালয়গুলিকে ঘাটতিভিত্তিক অনুদান দেবার কথা হয়েছিল, তখন সরকারের প্রশাসন মিথ্যা কারচুপি দেখিয়েছিল এবং ভুল পরিসংখ্যান দেখিয়েছিল, বলে ছিল সাড়ে ৭ কোটি টাকা লাগবে, সমস্ত বিদ্যালয়কে এডেড করে দিতে। যেখানে দু কোটি টাকার মধ্যে মাধ্যমিক বিদ্যালয়-গুলিকে ঘাটতি অনুদান দেওয়া গেল, তেমনি আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে বলেছিলাম যে, ফ্রি করে দিন, যে টাকা এখন সরকারের লাগছে ততটা টাকা লাগবে না এমন কি টাকা বেঁচে যাবে। এখন ৬৯ হাজার টাকা বেশী দিচ্ছেন, সেটা বর্ধমান জেলায় লাগবে না। প্রাথমিক শিক্ষকদের বোর্ডের কাছ থেকে যে টাকা পাওয়ার কথা সেই টাকা তাঁরা পাচ্ছেন না। স্কুলের তরফ থেকে যে টাকা লিখিয়ে নেওয়া হয় সেই টাকা তারা পান না, অথচ তারা পাঁচশ ছাত্রসংখ্যা দেখিয়ে দিয়ে বেশী টাকা নিয়ে নেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বর্ধমান জেলায় রেমিশন অফ টিউশন ফি দিতে হয় ১ লক্ষ ৫৩ হাজার টাকা আর প্রাইমারী বিদ্যালয়ে রেমিশন অফ গার্লস টিউশন ফির জন্য টাকা দিতে হয়। আমি বলেছি যদি মাননীয় শিক্ষামন্ত্রী এই শিক্ষা বিলে কয়েক হাজার প্রাথমিক বিদ্যালয় যা আছে আর্বান এরিয়াতে এবং প্রাইভেটলী ম্যানেজ এবং সরকারী এডেড যেগুলি আছে সেগুলিকে যদি এই বিলের আওতায় আনতে পারতেন এবং আমি মনে করি যে, প্রভিশন আছে সার্বজনীন কর্মপ্রিহেনসিভ অ্যান্ড কম্পালসারি ফ্রি এডুকেশন করবার

যে প্রচেষ্টা তা সর্বাঙ্গসুন্দর বলে আমি মনে করি। কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে কয়েকটি কথা বলতে চাই যে, তিনি এখন যে শিক্ষা বিল এনেছেন এটা সত্যিই যুগান্তকারী ঘটনা, বহুদিন ধরে আমরা এটা চিন্তা করেছি, সেই জন্য মাননীয় শিক্ষামন্ত্রী সত্যিই অভিনন্দন পাওয়ার যোগ্য এই শিক্ষা বিল আনার জন্য, কিন্তু এতে একটা মহল অত্যন্ত অস্বস্তি বোধ করবে তা হচ্ছে প্রাইমারী শিক্ষক সংস্থাগুলি, যারা দীর্ঘদিন ধরে শিক্ষকদের নিয়ে নানা চিন্তা করছেন এবং নানাবিধ গবেষণা করছেন, তাদের কোন রিপ্রেজেনটেশন এর মধ্যে নেই। আমি মনে করি এটাতে তাদের প্রতি অত্যন্ত অবিচার করা হয়েছে। সেই জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমি বলব যে, প্রাথমিক শিক্ষক সংস্থা, যেটা স্বীকৃত সংস্থা, তাদের প্রতিনিধিত্ব প্রাথমিক শিক্ষক বিলে নেওয়া হোক। আজকে আমি একটা জিনিস এখানে শুনলাম মাননীয় সদস্য শিবশঙ্করবাবু, দেদার বক্স সাহেব এবং মনোরঞ্জনবাবুর বক্তৃতা এবং তাঁদের কথায় যুক্তিও আছে যে, আজকে যে জটিলতা সরকারী প্রশাসন যন্ত্রের মধ্যে আছে তার থেকে এই প্রশাসনযন্ত্রকে মুক্ত করে উদার চিন্তার ধারার মধ্যে নিয়ে যাওয়ার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী চেষ্টা করছেন। কিন্তু আজকে যে বিরাট বডি, মাথা ভারী প্রশাসন চাপাচ্ছেন, এই বোর্ডগুলি গঠন করতে গিয়ে, এই কাউন্সিলগুলি করতে গিয়ে, তার জন্য আজকে সরকারের যে শুভ প্রচেষ্টা আছে সেগুলি বানচাল হয়ে যেতে পারে টপ হেভি প্রশাসনের জন্য। আজকে ইলেকট্রিসিটি বোর্ডই বলুন আর ব্লক লেভেলেই বলুন কিংবা রাইটার্স বিল্ডিংস-এ বলুন সর্বত্র মাথা ভারী প্রশাসন। এই বিল দেখেও আমার মনে হচ্ছে সমস্ত এম এল এ যদি থাকে বোর্ডের মধ্যে, যদিও সমস্ত এম এল এ-র প্রতি আমার যথেষ্ট আস্থা আছে, তাঁদের প্রতি যথেষ্ট বিশ্বাস আছে, কিন্তু একটা কথা সব জিনিসের একটা মাত্রা থাকা চাই। পশ্চিমবাংলায় সব স্কুল বোর্ডে বা কাউন্সিলে যদি সমস্ত এম এল এ সদস্য হন নিশ্চয়ই তাদের পক্ষ থেকে প্রতিনিধিত্ব করা ভালো, কিন্তু ২৪-পরগনা জেলায় ৫০ জন এম এল এ আছেন, সেখানে তা হলে স্কুল বোর্ডের মিটিং-এ মাইকের ব্যবস্থা করতে হবে আবার ঘরের কনস্ট্রাকসনের ব্যবস্থা করতে হবে এবং মাননীয় শিক্ষামন্ত্রীকে আবার কনস্ট্রাকসন-এর জন্য টাকা দিতে হবে, সেখানে একটা বিরাট পেন্ডিমোনিয়াম হয় কিনা। শুধু সেখানে ৫০ জন এম এল এ নয়, আরো অনেক সদস্য আছেন, সেই একটা মাথা ভারী প্রশাসন আবার সেখানে হয়ে যাবে কিনা সেটা ভেবে দেখতে হবে শিক্ষামন্ত্রীকে এবং তিনি যেন এই সম্বন্ধে আবার চিন্তা করেন এই অনুরোধ তাঁর কাছে রাখব।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই, প্রাথমিক শিক্ষা বিলের ভিতর দিয়ে চিন্তা আমরা করতে চেয়েছি সার্বজনীন, বাধ্যতামূলক এবং কমপ্রিহেনসিভ প্রাইমারী শিক্ষা।

আজকে জানি আমাদের শুধু পশ্চিমবঙ্গেই নয় ভারতবর্ষে আজকে নানান রকমের প্লান প্রোগ্রাম, নানারকম উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। কিন্তু সমস্ত কিছুর মূলে আছে শিক্ষাব্যবস্থা। এই শিক্ষাব্যবস্থার ভেতরে একটা নৈরাজ্য বিরাজ করছে। আজকে শিক্ষা-ব্যবস্থার মধ্যে ভিন্ন ভিন্ন ভাবে অশান্তি চলছে, আজকে শিক্ষা ব্যবস্থার ভেতর দিয়ে একটা বিক্ষোভ চলছে দীর্ঘদিন ধরে। আজকে আমরা জানি প্রাথমিক শিক্ষার স্তর থেকে শুরু করে যে শিক্ষাব্যবস্থা দেখছি সেই শিক্ষা শিক্ষাই নয়। সেই শিক্ষায় ছেলেদের তৈরি করবার বন্দোবস্ত হয় নি, সেই শিক্ষায় জাতির উপযোগী করে গড়ে তোলবার, গণতন্ত্রকে উদ্বুদ্ধ করবার ব্যবস্থা হয় নি। সেই শিক্ষায় সাম্প্রদায়িকতার বিরুদ্ধে শিক্ষা দেবার জন্য ব্যবস্থা করা হয় নি। আমরা দেখেছি যে, দেশ স্বাধীন হবার পরেও সেই আগেকার শিক্ষাই চলছে। আজকে মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় যে বিল এনেছেন, আমি আনন্দিত হব সেই বিলের ভেতর দিয়ে শুধু যে শিক্ষাই পরিচালনা করতে হবে তাই নয়, কি শিক্ষা দিতে হবে, কি শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করা হবে--সেগুলি আমরা চাই, সেই চিন্তাধারা আমরা চাই। কে চালাবে, কেমন করে চালাবে--সেটা বড় কথা নয়, কি শিক্ষা দেওয়া হবে, আগামী দিনের শিশুদের কিভাবে সুনাগরিক করে তোলা হবে, কেমন করে আজকে ৩৮ হাজার গ্রামের যে ৩৯ হাজার প্রাথমিক স্কুল আছে সেখানকার ছেলেমেয়েরা নতুনভাবে শিক্ষা লাভ করে দেশের কাজে লাগতে পারবে, দেশকে সমৃদ্ধশালী করতে পারবে সেই ভাবে শিক্ষাকে যদি আমরা ঢেলে সাজাতে না পারি, তা হলে শুধুমাত্র এই প্রশাসনিক কাঠামোর মাধ্যমে কিছুই হতে পারবে না। মাননীয় উপাধ্যক্ষ

মহাশয়, সর্বশেষে আমি আপনার অনুমতি নিয়ে একটা কথা বলতে চাই, আজকে প্রাথমিক শিক্ষার জন্য গান্ধীজী যে চিন্তাধারা নিয়েছিলেন আমরা সেই চিন্তাধারা নিই নি। সেদিন আলোচনা হচ্ছিল রোটান্ডাতে, বহু শিক্ষক প্রতিনিধি এবং বহু শিক্ষানুরাগী সেখানে উপস্থিত ছিলেন, সেখানে কথা হচ্ছিল যে, প্রাথমিক বিদ্যালয়কে কেমন করে সরকারের পরিকল্পনা অনুযায়ী তৈরি করা যায়। আমার বক্তব্য হচ্ছে যে, গান্ধীজী বলেছিলেন, ছোটবেলা থেকে শিশুকে উপযোগী করে গড়ে তোলবার জন্য ফ্রম দি ভোর চাইল্ডহুড, তার অ্যাক্টিভিটির ভেতর দিয়ে, তার কর্মের ভেতর দিয়ে, তার ইচ্ছার ভেতর দিয়ে তাকে গড়ে তোলবার চেষ্টা করতে হবে, আর আজকে রবীন্দ্রনাথের ভাষায়, বিদ্যালয়ে জান চলে তো মন চলে না। আজকে শতকরা ৯০টি বিদ্যালয়ের মাথায় কোন ছাউনি নেই, আজকে সেইসব বিদ্যালয়ে পানীয় জলের ব্যবস্থা নেই, আজকে নানান রকমের সমস্যা সেখানে আছে। আজকে সেই সমস্ত সমস্যার দিকে যদি সম্পূর্ণভাবে দৃষ্টি দিতে না পারি—যে গণতন্ত্রের কথা শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছেন, আমরাও বলছি, সমস্ত দেশের মানুষ বলছে সমাজতন্ত্রের কথা, আজকে প্রাথমিক শিক্ষাকে যদি সেই অনুযায়ী কো-অর্ডিনেট করতে না পারি, তার সিলেবাস এবং তার সমস্ত রকমের শিক্ষার ব্যবস্থা যদি করতে না পারি, তা হলে এই বিল সার্থক হবে না। আমি মনে করি, আমলাতন্ত্রের উপর এতদিন যে প্রশাসনিক ব্যবস্থা নির্ভরশীল ছিল সেই আমলাতন্ত্রের হাত থেকে যদি সত্যিকারের নিয়ন্ত্রণ সরকারের হাতে আনতে পারা যায়, তা হলে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় নিশ্চয় আমাদের ধন্যবাদের পাত্র হবেন। জয় হিন্দ।

শ্রীহরিশচন্দ্র মহাপাত্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় যে ওয়েস্ট-বেঙ্গল প্রাইমারী এডুকেশন বিল, ১৯৭৩, এনেছেন তাকে আমি প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে সুবিন্যস্ত করার ক্ষেত্রে সুচিন্তিত পদক্ষেপ বলে মনে করে পূর্ণ সমর্থন করছি। বর্তমান প্রচলিত আইনসমূহ প্রাথমিক শিক্ষার উন্নয়ন ও পরিচালনের ক্ষেত্রে যথেষ্ট নয়, তাই প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজাবার জন্য এরকম একটি সার্বিক বিলের প্রয়োজন ছিল। সেই প্রয়োজন এই বিলের দ্বারা পূর্ণ হয়েছে বলে মনে করি। রাজ্যসরকার এই বিলের দ্বারা রাজ্য-স্তরে প্রাথমিক শিক্ষার দায়িত্ব একটি প্রাথমিক শিক্ষা পর্ষদের উপর ন্যস্ত করেছেন, যে পর্ষদ স্বয়ংশাসিত সংস্থার ন্যায় প্রাথমিক শিক্ষার উন্নয়ন এবং পরিচালনের ক্ষেত্রে সমূহ বিষয় নিয়ন্ত্রণ করবে। রাজ্যে প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন, অবৈতনিক এবং আবশ্যিক করার জন্য এই বিল একটি সময়োপযোগী, গুরুত্বপূর্ণ, বলিষ্ঠ পদক্ষেপ বলে মনে করি। স্বাধীনতা লাভের পর ২৫ বৎসর পর্যন্ত আমরা জাতীয় জীবনে প্রাথমিক শিক্ষার সুযোগ সংবিধানের নির্দেশ অনুযায়ী সম্প্রসারিত করতে পারি নি। এটা আমাদের পক্ষে লজ্জার কথা। নিম্নতম শিক্ষার আলো

[5-20—5-30 p.m.]

আমরা এ পর্যন্ত সকলের কাছে পৌঁছে দিতে পারি নি। নিরক্ষরতার অভিশাপমুক্ত ভবিষ্যৎ নাগরিক গঠনে আমাদের চিন্তা এবং প্রয়াসকে এই পর্যন্ত সুসংহত আমরা করতে পারি নি। এই পর্যন্ত প্রাথমিক শিক্ষাকে তার স্বীয় ঈপ্সিত ভূমিকায় প্রতিষ্ঠিত করতে পারি নি। এটা গৌরবের কথা নয়, লজ্জার কথা। এই বিল এনে মাননীয় মন্ত্রিমহাশয় কর্তব্যে ত্রুটিমুক্ত হওয়ার চেষ্টা করেছেন। এজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। প্রাথমিক শিক্ষা সমগ্র শিক্ষাব্যবস্থার ভিত্তি, এর প্রকৃত সংস্কার যদি না হয়, তা হলে গোটা শিক্ষা ব্যবস্থাই দুর্বল হয়ে পড়বে। তাই বর্তমান শিক্ষাব্যবস্থার গলদের মূলে প্রাথমিক শিক্ষার অব্যবস্থাই যে দায়ী এটা অস্বীকার করা চলে না। আজকে রাজ্যে বিভিন্ন শিক্ষাক্ষেত্রে অগ্রগতি স্তব্ধ হয়ে রয়েছে, পশ্চিমবাংলা ভারত-বর্ষের বিভিন্ন রাজ্য থেকে পিছিয়ে রয়েছে। তার মূলে আছে আমাদের শিক্ষাব্যবস্থায় গলদ এবং সেই গলদ দূর করতে হলে প্রাথমিক শিক্ষাব্যবস্থাকে নিশ্চয়ই ঢেলে সাজানো প্রয়োজন। মাননীয় মন্ত্রিমহোদয় এইরকম একটা বিল এনে প্রাথমিক শিক্ষাকে সার্থক করে তোলার চেষ্টা করেছেন। এই বহু আকাঙ্ক্ষিত বিল পশ্চিমবঙ্গের জনসাধারণের মনে উৎসাহ উদ্দীপনা সৃষ্টি করেছে এবং দীর্ঘকালের প্রাথমিক শিক্ষা সংস্কারের স্বপ্নকে বাস্তবায়িত করেছেন' এই বিলে ৪ নম্বর ক্লজে

রাজ্যে প্রাথমিক শিক্ষা বোর্ড গঠনের কথা বলা হয়েছে। সেখানে শিক্ষক, শিক্ষানুরাগী, বিধানসভার সদস্য, জেলা পরিষদের সদস্যদের দ্বারা নির্বাচিত ব্যক্তিদের নিয়ে পর্ষদ গঠন করা হয়েছে। এই উপধারায় একজন করে মহিলা, অ্যাংলো-ইন্ডিয়ান, শিডিউলড কাস্ট, সিডিউলড ট্রাইব, ভাষাগত সংখ্যালঘু, পার্বত্য এলাকার অধিবাসী, চিকিৎসক, মাধ্যমিক বোর্ডের সদস্য হবেন। এর দ্বারা বোর্ড গঠন প্রণালী উন্নততর হয়েছে। সমাজের সকল শ্রেণীর লোকেদেরই এর দ্বারা সুযোগ দেওয়া হয়েছে। এটা গণতান্ত্রিক এবং খুব ভাল ব্যবস্থা হয়েছে বলে মনে করি। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, ৪ (ডি) উপধারায় প্রত্যেক জেলায় একজন করে বিধানসভার সদস্য থাকার কথা বলা হয়েছে। মেদিনীপুর এবং চব্বিশপরগনা জেলায় সদস্যসংখ্যা সবচেয়ে বেশী। এই দুই জেলা থেকে যদি দুইজন করে সদস্য আসে, তা হলে এই দুই জেলার ক্ষেত্রে সুবিচার হবে বলে আশা করি। বোর্ড গঠনের ক্ষেত্রে বিভিন্ন ক্যাটেগরির সদস্যদের নির্বাচন করার যে ব্যবস্থা আছে তা আমি সন্তোষজনক বলে মনে করি। ৩৭ নম্বর ক্লজে জেলা প্রাথমিক স্কুল কাউন্সিল গঠনের কথা আছে, সেখানে যে পরিমাণ সদস্য এই কাউন্সিলে থাকছেন তাতে এই বিপুল সংখ্যক সদস্যদের টি এ ইত্যাদির জন্য বহু টাকা ব্যয় হবে। সেটা কমাতে পারা যায় কিনা, এই সদস্য সংখ্যা সীমিত করতে পারা যায় কিনা মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই একটু ভেবে দেখবেন। কেন না যে অর্থ আমরা লেভি করে আদায় করছি, সেটা যাতে সুষ্ঠুভাবে প্রাথমিক শিক্ষার উদ্দেশ্যে, প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে ব্যয়িত হয়, তার জন্য তিনি নিশ্চয়ই চেষ্টা করবেন। ৯১ নম্বর ধারা অনুযায়ী ট্রাইবুনাল গঠনের কথা বলা হয়েছে। এখানে দেখতে পাচ্ছি একজন জুডিসিয়াল অফিসার নট বিলো র‍্যাঙ্ক অব সাবোরডিনেট জাজ নিয়োগের কথা বলা হয়েছে। এর দ্বারা প্রকৃতপক্ষে শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের স্বার্থ রক্ষা করা হয়েছে। এটা কোন দলীয়, উপদলীয় কিংবা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে এই শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের কেউ যাতে স্বার্থ হানি করতে না পারে তার ব্যবস্থা এই ট্রাইবুনাল গঠনের দ্বারা হয়েছে বলে আমি মনে করি।

সম্পূর্ণ প্রাথমিক শিক্ষক সম্পর্কে যা কিছু ডিসপিউট হবে তা তাড়াতাড়ি ডিসপোজ অফ করবার জন্য ট্রাইবুনালের কাছে আসবে এবং তা বিচারের জন্য রাজনীতির প্রভাবের বাইরে একজন সাব জাজের উপর ভার দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এই ব্যবস্থাটা এই বিলের মধ্যে একটা সর্বোত্তম ব্যবস্থা বলে আমি মনে করি। ৮৭ নম্বর ধারায় প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করা হয়েছে। আর ৮৯ নম্বর ক্লজ অনুযায়ী পেনাল মেজার্স নেওয়ার কথা বলা হয়েছে। এ সম্বন্ধে খানিকটা সতর্কতার প্রয়োজন আছে। যে লোক দরিদ্র এলাকায় বসবাস করে, সেইসব দরিদ্র লোকের ছেলেমেয়েরা অভাবের তাড়নায় স্কুলে যেতে পারে না, তাদের ক্ষেত্রে খানিকটা সুযোগ থাকা প্রয়োজন। এই প্রাথমিক শিক্ষাকে কেবল অবৈতনিক করলেই চলবে না, তার সঙ্গে সঙ্গে স্কুলে খানিকটা টিফিনের ব্যবস্থা থাকা দরকার, তা হলে নিশ্চয়ই দরিদ্র লোকের ছোট ছোট ছেলেমেয়েরা স্কুলে যেতে উৎসাহ বোধ করবে এবং সরকারের এই স্কীমের মধ্যে স্বেচ্ছায় নিয়ে আসা যাবে।

আর ৭৭ ও ৭৮ ধারায় যে অর্থ সংগ্রহের ব্যবস্থা করা হয়েছে, তা অনেক ক্ষেত্রে সমালোচনা করা হয়েছে যে, এই অর্থ সংগ্রহের ব্যবস্থাটা সাধারণ দরিদ্র মানুষের কাছ থেকে করা উচিত নয়। এটা বিত্তশালীদের কাছ থেকেই করা উচিত। আমাদের প্রাথমিক শিক্ষার ব্যবস্থা সার্বজনীন করার ক্ষেত্রে যে বিপুল পরিমাণ ব্যয় হবে, সেই খরচের টাকা তুলতে হলে এই ধারা অনুযায়ী অর্থ সংগ্রহের ব্যবস্থা না থাকলে, সেটা সম্পূর্ণ সার্থক হবে বলে আমি মনে করি না।

পরিশেষে এই বিল আনার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীকে অসংখ্য ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী যে প্রাইমারী এডুকেশন বিল, ১৯৭৩ যে বিল নিয়ে এসেছেন, তাকে প্রথমে আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এই অভিনন্দন জানাচ্ছি এই কারণে যে, যে শিক্ষাব্যবস্থা আজকে চুরমার হতে বসেছিল,

বিশেষত প্রাথমিক শিক্ষা, তাকে একটা নতুন রূপ দেবার জন্য যে নতুন রূপের মধ্যে আজকে দরিদ্র গরিব সাধারণ ঘরের ছেলেমেয়েরা ও সবথেকে অনুন্নত সম্প্রদায়ের ছেলেমেয়েরা লেখাপড়া শিখবার সুযোগ পাবে, সেটা অভিনন্দনযোগ্য।

এ ছাড়া আর একটা জিনিস দেখছি এই বিলে যেটা কার্যকর রূপ নিয়েছে, সেটা ভাল হয়েছে কিনা তা খুঁটিয়ে বিচার-বিবেচনা করবার একটা সিলেক্ট কমিটি করা হয়েছিল, তার মধ্যে বিভিন্ন রাজনৈতিক দলের মাননীয় সদস্যরা আছেন। সেই কমিটিতে তাঁরা নানারকম বক্তব্য রেখেছেন এবং তার পরে যেটা এই বিধানসভার মাননীয় সদস্যদের কাছে উপস্থিত করা হয়েছে। এই যে গণ-তান্ত্রিক নিয়ম, সেই নিয়মানুযায়ী প্রতিটা সদস্যের যে অধিকার আছে, প্রত্যেকটা রাজনৈতিক দলের যে অধিকার আছে, তাঁকে সুপ্রতিষ্ঠিত করবার জন্য যেভাবে মাননীয় শিক্ষামন্ত্রী সাহায্য করেছেন এবং যেভাবে বিলকে আনবার সুযোগ দিয়েছেন তা বাস্তবিকই প্রশংসনীয়।

আজকে এই যে শিক্ষাব্যবস্থা যেটাকে অনেক দিন ধরে, ভেবেছিলাম অচল হতে বসেছে, এই শিক্ষা ব্যবস্থায় একটা পরিবর্তন হওয়া দরকার। তা না হলে চারিপাশে যে বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে, তা আরো বিশৃঙ্খল রূপ নেবে। তাঁদের মনে এই চিন্তা ছিল বলেই এর মধ্যে তাই একটা নতুন আশার আলো আমি দেখতে পাচ্ছি। এই শিক্ষাব্যবস্থায় দেখা যাচ্ছে প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত শিক্ষা বাধ্যতামূলক—যার মধ্যে গরিব ও অনুন্নত সম্প্রদায়ের ছেলেমেয়েরা শিক্ষার সুযোগ পাবে এবং দেশ থেকে নিরক্ষরতা দূর করবার জন্য একটা সুস্থ ভাল পথ আমরা এর মধ্যে দেখতে পাই। আমরা আরো লক্ষ্য করেছি, আজকে সমাজে যারা অন্ধকারের মধ্যে ছিল, যারা নতুন আলোর সন্ধান পাচ্ছিল না, তাদের আজকে আমাদের এই জনপ্রিয় সরকার একটা নতুন আলোর সন্ধান দিয়েছেন। এর জন্য সরকার অভিনন্দনযোগ্য। এছাড়া, আমরা

[5-30—5-40 p.m.]

দেখতে পাচ্ছিলাম এর আগে একটা জগাখিচুড়ির মতো অবস্থা ছিল এবং যার মধ্যে কোনরকম সিস্টেম ছিল না। অ্যাডভাইসরী বোর্ড হয়েছে। কিন্তু এক এক জেলার জন্য এক এক নিয়ম। কোন জেলায় পাঁচজন পাবলিক রিপ্রেজেনটেটিভ থাকবে, কোন জেলায় ৬ জন থাকবে। কিন্তু এখানে একরকম দেখা যাচ্ছে। ডিস্ট্রিক্ট প্রাইমারী বোর্ড তৈরি হচ্ছে এবং সেখানে জনপ্রতিনিধিরা স্থান পেয়েছেন এবং অভিভাবক এবং শিক্ষাবিদদের যেভাবে স্থান দেওয়া হয়েছে তা সত্যই প্রশংসনীয়। আমরা চেয়েছিলাম এইরকম বিল এবং যে বিল জনপ্রিয় সরকারকে নূতন চিন্তা-ধারার সুযোগ করে দেবে। প্রাইমারী শিক্ষার ব্যাপারে আজকে একটা পরিবর্তন এসেছে। এই সরকার নিশ্চয় চিন্তা করে উচ্চশিক্ষার ক্ষেত্রেও নূতন আলোকপাত করবেন। আজকে এই বিলের মধ্যে দেখতে পাই আমলাদের যে ক্ষমতা ছিল তা লোপ করা হয়েছে এবং তা যেভাবে জনসমাজের প্রতিনিধিদের ন্যস্ত করা হয়েছে তা অভিনন্দনযোগ্য। আর দেখা যায় যেটা প্রয়োজন ছিল সেই পৌর এলাকায় মিউনিসিপ্যাল প্রাইমারী কাউন্সিল হয়েছে। কারণ সেখানে যে বিভিন্ন শিক্ষক নিযুক্ত করা হচ্ছিল তা আমরা অজ্ঞাতই থাকছিলাম। তাই আজকে সরকার এবং শিক্ষামন্ত্রী মহাশয় যেভাবে পৌর এলাকার দিকে নজর দিয়েছেন তার প্রশংসা না করে পারা যায় না। আর একটা জিনিস পশ্চিমবঙ্গে দেখতে পাই, ২৯ হাজার প্রাথমিক বিদ্যালয় আছে। তারা যে নূতন আশার আলো পেলো তার সঙ্গে জুড়তে চাই এখনও গ্রামে গঞ্জে অনেক স্কুল আছে যেগুলো সরকারের নজরে আসে না, সেগুলো প্রাইভেটলি চলে—তার যাতে উপযুক্ত ব্যবস্থা হয় সেটা আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি। একটা বড় জিনিস আমার নজরে লেগেছে ইন্সপেকটিং স্টাফদের সুপারভাইস করবে কারা—এটা পরিষ্কারভাবে বুঝতে পারি নি। এটা মন্ত্রিমহাশয় যেন ক্ল্যারিফিকেসান ক'রে দেন। এছাড়া আরও জিনিস দেখতে পাই গঠন, অ্যাডমিনিস্ট্রেটিভ স্টাফ—সেগুলো ইমপরটেন্ট এবং তার কন্ট্রোলের ব্যাপারে সেটা কঠোর হতে হবে। সেটা যদি না করা যায়, তা হলে খুবই অসুবিধা হবে। দেখা যাচ্ছে ৫০টি স্কুলের জন্য একজন ইন্সপেক্টার। কিন্তু একজনের পক্ষে ৫০টি স্কুল পরিদর্শন করা খুবই কষ্টকর ব্যাপার। এটা কতদূর যে তারা করতে পারবে সেটা সন্দেহের ব্যাপার। তাই এই ইন্সপেকটাররা কতদূর কিভাবে নজর দিতে পারবেন জানি না। তাই এই ব্যাপারে কিছুটা হতাশ হচ্ছি। আরও স্কুল পরিদর্শনের সংখ্যা

কমিয়ে তারা যাতে ভালভাবে কাজ করতে পারে, স্কুলের যাতে বদনাম না হয়, এবং তাদেরও বদনাম না হয়—এটা আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে রাখলাম। তার সাথে দু-একটা কথা বলে শেষ করবো। আজকে অনুন্নত সম্প্রদায়ের এবং গরিব লোকদের ছেলেদের যাতে টিফিন দেওয়ার ব্যবস্থা করা যেতে পারে সেদিকে মন্ত্রিমহাশয় যেন চিন্তা করেন। নূতন দৃষ্টিভঙ্গি, নূতন চিন্তা, দীর্ঘদিনের চিন্তা, প্রত্যেকটি মাননীয় সদস্যের চিন্তা, আজকে সেইটা মাননীয় শিক্ষামন্ত্রী এখানে নিয়ে এসেছেন, সেইটা প্রশংসা না করে পারছি না। ভবিষ্যতের আশা নিশ্চয় করতে পারি এই শিক্ষাব্যবস্থাকে উন্নতির পথে নিয়ে যাচ্ছে। আজকে দরিদ্র, মেহনতী, ক্ষেত মজুরের ঘরের ছেলেরা নিরক্ষরতা দূরীকরণে এগিয়ে আসবে। এবং তারা যাতে অবৈতনিক শিক্ষা লাভ করতে পারে এবং তাদের যে এ বিষয়ে অধিকার আছে স্কুলে যাবার সেটা এতদিন যাবত অবহেলিত হয়েছিল। আজকে শিক্ষামন্ত্রী মহাশয় এই বিলটি এনে তিনি যে সুযোগ করে দিয়েছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। তিনি এই বিলটিকে সুন্দর সার্থক করে তুলুন—এই বলে আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ একটি গুরুত্বপূর্ণ দিন। তার কারণ খাদ্য ও বাসস্থানের মত শিক্ষাও প্রতিটি মানুষের দরকার। এবং তার ব্যবস্থা করা রাজ্য-সরকারের আবশ্যিক কর্তব্য যেটা এই বিলের মাধ্যমে রাজ্যসরকার স্বীকার করে নিয়েছেন। সত্যিই সত্যিই আমরা পশ্চিমবঙ্গের অধিবাসীদের কাছে একটা ভাল বিল উপস্থিত করতে পারলাম। তাই এই দিনটি একটি শুভ দিন। বিলের খুঁটিনাটির দিক আমি আলোচনা করবো না। কারণ অ্যামেন্ডমেন্টের সময় সেগুলি আলোচনা করতে হবে। তবুও সৎ আচরণ করার দরকার আছে। এই ভারতবর্ষের ইংরাজ আমলের প্রথম থেকেই লক্ষ্য ছিল শিক্ষা যাতে ভেঙ্গে যায় এবং তারপর থেকে দীর্ঘদিন ধরে জাতীয়তাবাদী আন্দোলনের নেতাদের জাতীয়তাবাদী বক্তৃতার মূল ছিল বাধ্যতামূলক সার্বজনীন শিক্ষা ব্যবস্থা করা। গোপালকৃষ্ণ গোখলে দীর্ঘদিন ধরে আন্দোলন করেছিলেন—কিন্তু ইংরাজরা কখনই বাধ্যতামূলক সার্বজনীন শিক্ষা করতে দেয় নি। যত দূর সম্ভব আমার স্মরণ আছে ১৮৯৩ সালে গাইকোয়াড অব বরোদা প্রথম বাধ্যতামূলক শিক্ষা প্রবর্তন করেন। ১৯১৭ সালে বম্বেতে প্রথম বম্বে প্রাইমারী এডুকেসন অ্যাক্ট চালু হয় বিটলভাই প্যাটেলের নেতৃত্বে। ১৯১৭ সালের পর থেকে ১৯৪৭ সাল স্বাধীনতার পর পর্যন্ত হিসাব করলে দেখতে পাই মাত্র ৮টি মিউনিসিপ্যালিটিতে ১৯১৭ সালের প্রথম দিকে এই সার্বজনীন শিক্ষা চালু ছিল। কিন্তু তারপর দেশ স্বাধীন হল এবং তখনও মাত্র ১৫৬টি স্তরে বাধ্যতামূলক সার্বজনীন শিক্ষা চালু ছিল। স্বাধীনতার পরও আমরা জানি ১০,৩৭৫টি স্কুলে এই বাধ্যতামূলক শিক্ষার অধীনে ছিল। এই বরোদার অভিজ্ঞতা থেকে দেখা যায় যা বিভিন্ন পত্রপত্রিকায় আমরা পাই যে, চাষীরা বরোদার মত শিক্ষায় অগ্রসর রাজ্যে চাষীরা তাদের নিজেদের ছেলেদের স্কুলে পাঠাতো না, তারা এমন কি ফাইন দিতে রাজী ছিল, তবুও তাদের ছেলেদের স্কুলে পাঠাতো না। স্বাধীনতার পর ১৯৪৭ সাল থেকে ১৯৭৩ সাল পর্যন্ত দেখা যায় প্রায় সমস্ত রাজ্যেই এই আইন পাশ হয়েছিল, শুধুমাত্র পশ্চিমবঙ্গে কেন যে এই আইন পাশ হয় নি, প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক সার্বজনীন করবার চেষ্টা করা হয় নি এটা বিস্ময়কর ব্যাপার। বোধ হয় ইংরাজী জানা সম্প্রদায়ের মনোভাব সরকারে পরিব্যাপ্ত ছিল। যাঁদের মনোভাব ইংরাজী প্রভাবান্বিত ছিল যাঁরা মনে করতেন ইংরাজী শিক্ষা প্রধান কর্তব্য, যাঁরা এই ইংরাজীর হাত থেকে নিজেদের মুক্ত করতে পারে নি। প্রাথমিক শিক্ষা সম্বন্ধে কোন সঙ্গত আইন ছিল না। ১৯১৭ সালে আরব্যান এরিয়ার জন্য এবং ১৯৩০ সালে রুর‍্যাল এরিয়ার জন্য আইন হয়েছিল। কিন্তু এই দুটি আইনকে সম্পূর্ণভাবে কোনদিন কার্যকর

[5-40—5-50 p.m.]

করা হয় নি। আমরা এই প্রথম দেখতে পাচ্ছি যে, প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করবার একটা চেষ্টা হচ্ছে। বাধ্যতামূলক শুধুমাত্র আইন পাশ করিয়েই হবে বলে মনে করি না, তবে আইন থাকা দরকার, যদিও আমরা মনে করি না যে, আইনের সাহায্যে এই ধরনের একটা বাধ্যতামূলক

শিক্ষা হতে পারে। কিন্তু আইন না থাকার থেকে আইন থাকাটা অত্যন্ত প্রয়োজনীয় সে বিষয়ে আমাদের মনে কোন সন্দেহ নেই। বর্তমান অবস্থা আমরা জানি। বর্তমানে এখানে নানারকম হিসাব আছে। কিন্তু আমরা যদি প্ল্যানিং কমিশনের হিসাব মানি, তা হলে দেখতে পাবো যে, যত ছেলে প্রাথমিক শিক্ষা লাভ করতে পারে তার ভিতর ৬৮·৪ পার্সেন্ট মাত্র স্কুলে যায়, অর্থাৎ এর উল্টো দিক যদি আমরা বিচার করি, তা হলে দেখতে পাবো যে, ৩১·৬ ভাগ ছেলে এখন পর্যন্ত কোন বিদ্যালয়ে যায় না। শুধু যে আন-কভার্ড থাকছে তাই নয়, সেইসব ছেলে কোনমতে ক্লাস ১-এ নাম লিখিয়েছে, কিছুদিন পরে তারা আর স্কুলে যাচ্ছে না, তাদের আন-কভার্ড হিসাবে ধরা উচিত। এইটা ওয়েস্টেড এবং স্ট্যাগনেসন। এই ওয়েস্টেড এবং স্ট্যাগনেসন যদি আন কভার্ডের সঙ্গে হিসাব করে দেখা যায়, তা হলে দেখতে পাবো, রাজ্যে বোধ হয় ৩০ পার্সেন্টের বেশী ছেলে প্রাথমিক শিক্ষা শেষ করে নি। অমর্ত্য সেন একটি হিসাব দিয়েছেন প্রতি বছর ৫৭ পার্সেন্ট ছেলে ড্রপ আউট করে। ক্লাশ ১-এ ঢুকল পরে বেরিয়ে গেল ৫৭ পার্সেন্ট ছেলে। এই যে প্রাথমিক শিক্ষা—শিক্ষা পর্যায় এইরকমভাবে বলতে পারি না। অ্যাপ্রোচ পেপার টু ফিফথ ফাইভ-ইয়ার প্ল্যান সেখানে আমরা দেখেছি, প্রাইমারী থেকে সেকেন্ডারী পর্যন্ত ৭৭·৩ পার্সেন্ট ছেলে ড্রপ আউট করে। ৩১ পার্সেন্ট ছেলে ঢোকেই না কোনদিন, আর যারা ঢুকলো, তাদের ৭৭·৩ পার্সেন্ট ড্রপ আউট করে, আমাদের দেশে প্রাথমিক শিক্ষা তারা শেষ করতে পারে না, এই হচ্ছে সিচুয়েশন। আমরা ন্যাশন্যাল কাউন্সিল অব অ্যাপ্লায়েড ইকনমিক রিসার্চ তার একটা হিসাব দেখেছি যে, ক্লাশ ১-এর পরে ৪২ পার্সেন্ট ছেলে পড়াশুনা ছেড়ে দেয়, ক্লাশ ২-এর পরে আরো ১৯ পার্সেন্ট ছেলে পড়াশুনা ছেড়ে দেয়। সুতরাং শুধু প্রাথমিক শিক্ষায় যেই মত্র নাম লেখাল সেটা সার্বজনীন হয়ে গেল এবং বাধ্যতামূলক হয়ে গেল তা নয়। ক্লাশ ১ থেকে ৪ পর্যন্ত যারা প্রবেশ করল তাদের প্রতিটি ছেলেকে সম্পূর্ণভাবে প্রাথমিক শিক্ষার শেষ স্তর পর্যন্ত পার করানোর দায়িত্ব রাজ্যসরকারের। গান্ধীজীর কথা এখানে উঠেছে। অনেকে বলেছেন ক্লাশ ৪ পর্যন্ত এখন থাকা ভাল, আমরা বলছি এলিমেন্টারি ফ্রি প্রাইমারী থাকবে এবং ক্লাশ ৫ পর্যন্ত হতে হবে। গান্ধীজী বলেছিলেন, ক্লাশ ৮ পর্যন্ত হতে হবে, ১৪ বছর বয়স পর্যন্ত হতে হবে বেসিক এডুকেসন, ৪ বছর পর্যন্ত শিক্ষা হয় না। গান্ধীজীর কথা হ'ল ১৪ বছর পর্যন্ত— ৮ বছর পর্যন্ত যদি শেখানো যায়, তা হলে একটি প্রাথমিক শিক্ষা কমপ্লিট হতে পারে। সুতরাং গান্ধীজীর কথা যারা চিন্তা করেন তাদের নিশ্চয় ৮ বছরের কথা ভাবতে হবে। আমরা শুধু ক্লাশ ৫ বা ৫ বছরের কথা বলছি। আমরা মনে করি না যে, শুধু আইন পাশ করলেই শিক্ষা দেওয়া যাবে। কারণ, যে প্রচণ্ড দারিদ্র্য আমরা পশ্চিমবঙ্গে দেখতে পাচ্ছি, এই দারিদ্র্যের মধ্যে সার্বজনীন বা বাধ্যতামূলক শিক্ষার ভিতর সকলকে আনা সম্ভব হবে না। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে দ্বাদশ স্থানে এসেছে তার কারণ কি? ১৯৬১ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত সেনসাস বিচার করলে আমরা কি দেখতে পাব? দেখতে পাব যে গ্রামাঞ্চলে ছোট ছোট জমির মালিক জমি হারিয়েছে, গ্রামাঞ্চলের ভাগচাষীরা উচ্ছেদ হয়ে কৃষি মজুর হয়ে গেছে। ভাগচাষী উচ্ছেদ, কোথাও ছোট ছোট জমির মালিক জমি হারিয়েছে, কোথাও শ্রমিক, বর্গাদারদের শিক্ষার মান নিম্নমুখী এবং প্রাথমিক শিক্ষার হার কমে গেছে এবং পশ্চিমবঙ্গ দ্বাদশ স্থানে এসে গেছে; সর্বভারতীয় গড়ে সমস্যাগুলি একইভাবে জড়িত।

ভূমি ব্যবস্থা, গরিব মানুষদের অর্থনৈতিক অবস্থা এইসমস্ত কিছুর সঙ্গে থেকে প্রাইমারী শিক্ষাকে বিচ্ছিন্ন করে ভাবা যায় না। পশ্চিমবাংলার আর্থিক দুর্গতি গত ১০ বছরে সেনসাসে আমরা যেরকম দেখতে পেয়েছি তাতে তার একটা ফলশ্রুতি হল শিক্ষার ক্ষেত্রে অবনতি। আমরা তাই মনে করি প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন এবং বাধ্যতামূলক করতে হলে কতকগুলি বিশেষ অবস্থা এবং ব্যবস্থা থাকা দরকার। শুধুমাত্র আইন করে এই জিনিসটা কিছুতেই হবে না। যতদিন না ছোট ছোট চাষী, ভাগচাষী, ক্ষেতমজুরদের আর্থিক অবস্থা একটা নিম্নতম স্তরে আনতে পারছি ততদিন পর্যন্ত এটা আকাশকসুম হয়েই থাকবে, যতই আমরা আইন পাশ করি না কেন, এটা করা কখনই সম্ভবপর হবে না। তা ছাড়া শুধুমাত্র অর্থনৈতিক উন্নতিই যথেষ্ট নয়। অর্থনৈতিক উন্নতির সঙ্গে সঙ্গে একটা সাংস্কৃতিক—কথাটা আপনাদের কাছে খারাপ শোনালেও বলছি—একটা সাংস্কৃতিক বিপ্লব দরকার, একটা চেতনা আনা দরকার। গ্রামাঞ্চলের প্রতিটি ঘরে

একথাটা পৌঁছানো দরকার যে, লেখাপড়া শেখাটা দরকার। এই চেতনা কেন আসছে না? শুধু কি টাকা পয়সার অভাবের জন্য আসছে না? না, তা নয়। এই শিক্ষা উৎপাদনমুখী নয়, লেখাপড়া শিখলে ছেলে বাবু হয়ে যায়, ঘরের কাজ করতে চায় না, শ্রমের কাজ করতে চায় না, উৎপাদনের কাজ করতে চায় না ইত্যাদির জন্যই বাবা মা তাদের ছেলেদের পড়াতে চায় না।

শ্রীমহম্মদ সফিউল্লা: স্যার, এইরকম একটা গুরুত্বপূর্ণ বিলের আলোচনা হচ্ছে, কিন্তু হাউসে কোরাম নেই।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: আর কখনই কোন শিক্ষা আপনি বাধ্যতামূলক করতে পারেন না যদি না এটাকে একটা গণ আন্দোলনের স্তরে আনেন। গ্রামে গ্রামে বিদ্যালয়ে বিদ্যালয়ে এই শিক্ষার আন্দোলন যদি না হয়, গ্রামের মানুষকে যদি না বোঝান যায়, তা হলে এটা আবশ্যিক বা সর্বজনীন আইন পাশ করে হবে না। তা ছাড়া আরো একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে, এটা আমরা করতে পারবো না যদি না আমরা বয়স্কদের নিরক্ষরতা দূর করতে পারি। যে ছেলে মেয়েকে স্কুলে পাঠাবে সেই বাবা-মা-ই যদি নিরক্ষর থাকে, তা হলে সে কোনমতেই ছেলেমেয়েকে স্কুলে পাঠাবে না। তাই বয়স্কদের নিরক্ষরতা দূর, গ্রামাঞ্চলে শিক্ষা আন্দোলন এবং চেতনার আন্দোলন এই তিনটি জিনিস না হলে আমরা কোন মতেই শুধু একটা আইন করে শিক্ষাকে সার্বজনীন এবং বাধ্যতামূলক করতে পারবো না। স্যার, এই বিল সম্পর্কে কয়েকটি কথা বলার দরকার আছে। যদিও কালকে অ্যামেন্ডমেন্ট-এর উপর আলোচনার সময় বেশী করে বলব, তবুও আজকে কয়েকটি কথা বলতে চাই। এই বিলে আমার কাছে যেটা সবচেয়ে আশ্চর্য লাগছে সেটা হচ্ছে, দেখছি মন্ত্রিমহাশয় পুরানো চিন্তা এখনও ছাড়তে পারছেন না। এখানে আমরা কি দেখছি? ওয়েস্ট বেংগলে রাজ্যস্তরে একটা বোর্ড হবে আবার জেলা স্তরে একটা বোর্ড হবে। সেখানে আরবান এরিয়ার জন্য একটা বোর্ড, রুর‍্যাল এরিয়ার জন্য আর একটা বোর্ড। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষার ক্ষেত্রে আরবান এরিয়া, রুর‍্যাল এরিয়া পৃথক করার মানে কি—শিক্ষামন্ত্রীর চেতনায় আরবান এরিয়ার শিক্ষার আর রুর‍্যাল এরিয়ার শিক্ষা পৃথক হবে এটা কি তাঁর চেতনায় আছে? আমরা কি মনে করতে পারি না যে, পলিটিক্যাল অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিট এটা এক একটা জেলা, এর সংগে শিক্ষার কি সম্পর্ক আছে? মহারাষ্ট্রের আইনে আছে যে এডুকেসনের ডিস্ট্রিক্ট আলাদা। অ্যাডমিনিস্ট্রেটিভ ডিস্ট্রেক্টের সংগে এডুকেসনের ডিস্ট্রেক্টের কি সম্পর্ক আছে? অ্যাডমিনিস্ট্রেসান একটা আলাদা জিনিস, আর এডুকেসান একটা আলাদা জিনিস। যেমন ধরুন একটা অঞ্চলের একটা এথনিক গ্রুপ, একটা লিংগুইস্টিক গ্রুপ যদি একসংগে থাকে—যদি দুটি জেলার ভেতরে বিভক্ত থাকে দুটি জেলার সেই লিংগুইস্টিক গ্রুপকে এক করে নিয়ে একটা এডুকেসান ডিস্ট্রিক্ট হতে পারে। কেননা একটা এথনিক গ্রুপ সেটা যদি দুটি জেলায় ছড়ানো থাকে, তা হলে এমন করে সেই ডিস্ট্রিক্ট তৈরি করা যায় যাতে পলিটিক্যাল দুটি ডিস্ট্রিক্ট মিলে একটা এডুকেসান ডিস্ট্রিক্ট হতে পারে। মহারাষ্ট্রে তাই আছে। যেখানে আজকে পশ্চিমবঙ্গে ২৬৭টি কথ্য ভাষা আছে—সাঁওতালি আছে, নেপালী আছে, এগুলি বড় বড় ভাষা, এ ছাড়া আরো অনেক ছোট ছোট ভাষা আছে, অনেক ভাষার লিপি আছে, অনেক ভাষার লিপি নেই, এই সমস্ত ভাষা কোনটা বাড়ানো যায় কোনটা বাড়ানো যায় না, কোন্ কোন্ জায়গা থেকে ছাত্ররা আসছে, ডিস্ট্রিক্ট যদি করতে হয়, এইসমস্ত নিয়ে ডিস্ট্রিক্ট করতে হবে।

[5-50—6-00 p.m.]

যদি সত্যি সত্যি আমরা প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক এবং সার্বজনীন করতে চাই, তা হলে এইভাবে পলিটিক্যাল ডিস্ট্রিক্টওয়াইজ-এ ভাগ করা আমাদের কাছে অত্যন্ত পুরানো চিন্তা বলে মনে হচ্ছে। এদিক থেকে নূতনভাবে চিন্তা করতে শিক্ষামন্ত্রী পারলেন না। আরবান এরিয়া, রুর‍্যাল এরিয়া এসব চিন্তা নূতন করে কোথা থেকে আসছে এটা আমরা মনে করতে পারি না। যদি এলিমেন্টারি এডুকেসন আপ টু ক্লাস ৫ বা ক্লাস ৪ এটা যদি সকলকে সমানভাবে দিতে চান তা হলে আরবান কাকে বলে আর রুর‍্যাল কাকে বলে এডুকেসন-এর ক্ষেত্রে এটা আমাদের চিন্তাতে কোনমতেই আসছে না। শুধু তাই নয়, আমাদের মাননীয়া ইলা মিত্র বলে গেছেন যে, এই বিলের অনেক ত্রুটি আছে। তা সত্ত্বেও প্রথমত এটা কবে থেকে

শুরু হবে বলা হয় নি—শিক্ষামন্ত্রী যেখানে ঘোষণা করতে পারেন যে, ১৯৭৪ সালের ১লা জানুয়ারি থেকে চলবে। এইরকম আইন উনি যদি রেখে থাকেন আমরা আশা করবো এটা এখানে ঘোষণা করবেন যে, ১৯৭৪ সালের ১লা জানুয়ারি থেকে এই আইনটা চালু হবে। প্রাইমারী এডুকেসন কতদূর পর্যন্ত চালু হবে এটা ডিফাইন করেন নি। উনি কি গান্ধীর শিষ্য হিসাবে বলতে পারেন না যে, আমরা ৮ বছরের এডুকেসনকে প্রাইমারী এডুকেসন বলবো আপ-টু ৬ থেকে ১৪ বছর। যদি এতদূর আর্থিক সঙ্গতিতে না কুলায়, তা হলে বলতে পারেন যে, ৫ বছর পর্যন্ত করবো। প্রি-প্রাইমারী এটাও অবৈজ্ঞানিক এবং এটাও সার্বজনীন এবং বাধ্যতামূলক স্তরের ভিতরে ঢুকবে। আর বিলের মূল কাঠামো নিয়ে বহু আলোচনা হয়েছে, এম এল এ-দের ঢোকান উচিত কি উচিত নয়—এটা কালকে অ্যামেন্ডমেন্ট-এর সময় আলোচনা হবে। এম এল এ-দের ঢুকিয়ে লাভ কি হবে আমি বুঝতে পারি না। আমার মনে হয় একেই এম এল এ-রা বিব্রত, তারপরে আবার তাদের এডুকেসন-এর ব্যাপার দিয়ে আরো বিব্রত করার দরকার নেই। এডুকেসনটা শিক্ষকদের ব্যাপার এবং যারা শিক্ষা সম্পর্কে চিন্তা করেন তাদের ব্যাপার। এটা ঠিক রাজনীতির ক্ষেত্র নয় বা রাজনীতির ব্যাপার নয়। সত্যি সত্যি যদি এটাকে আমরা একটু পৃথক রাখতে পারতাম, তা হলে ভাল হত। আজকে পি ডি এ-এর সরকার আছে। কালকে অন্য কোন দল আসবে, ফলে যদি আমাদের সমস্ত প্রাইমারী এডুকেসনের ক্যারেকটার পাল্টে যায় সেটা খুব ভাল কথা নয়। কাজেই এমনভাবে একটা আইন করা উচিত নয়, যে আইন সদা পরিবর্তনশীল, রাজনৈতিক অবস্থার প্রতিফলন শিক্ষা জগতে ঘটবে এটাও খুব সম্ভব ভাল নয়। এটা কালকে আলোচনা হবে। তবে শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো, একটা নির্দিষ্ট তারিখ তিনি ঘোষণা করুন। আয়তন এবং কাঠামো তিনি ঘোষণা করুন এবং ক্লাস ১ থেকে ৫ প্রি-প্রাইমারী—এগুলি যদি বিলের মধ্যে না এনে থাকেন, তবে ঘোষণা করুন বাংলাদেশের মানুষ তাকে সাধুবাদ জানাবে এবং তাঁর উদ্দেশ্য বুঝতে পারবে এবং সুস্পষ্টভাবে জানাবে যে, কবে থেকে এই আইন চালু হল। শিক্ষা জগতের বিশৃঙ্খলা কবে থেকে দূর হতে পারে সেটা তারা বুঝতে পারবে। সর্বশেষে আমি অনুরোধ করবো যে, কারিকুলাম, এটা আইন করে কিছু করতে পারবেন না যদি আমরা কারিকুলাম ভাল করে রচনা না করি। দুঃখের বিষয়, আমরা এখন পর্যন্ত কোন কারিকুলাম ভাল করে রচনা করার কোন চেষ্টা পশ্চিমবাংলায় দেখতে পাচ্ছি না। ওয়েস্ট বেঙ্গল সেকেন্ডারী এডুকেসন বোর্ড, যে সেকেন্ডারীর কারিকুলাম রচনা করেছেন তাতে আমার মনে হচ্ছে সবরকম অবস্কিউরেটিজম, সবরকম কমিউনালিজম, রিলিজিয়াস ফ্যানাটিসিজম ঢুকে যাচ্ছে। আমাদের কি রকম মনে হচ্ছে যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিতে গোটা কারিকুলাম রচনা হতে পারে।সেই বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে যারা চিন্তা করেন তাদের এইরকম লোকের হাতে কারিকুলাম রচনার ভার দিন। এম এল এ-দের হাতে কারিকুলাম রচনার ভার আমার কাছে অস্বস্তিকর বলে মনে হচ্ছে। আমি এম এল এ-দের যথাযোগ্য পাণ্ডিত্যের প্রতি সম্মান দিতে প্রস্তুত আছি, আমি কোন এম এল এ-কে অশিক্ষিত বলে মনে করি না। তবে শিক্ষাজগতের সঙ্গে জড়িত ব্যক্তি নয়, এই রকম লোকের হাতে কারিকুলাম রচনার ভার যেটা ওনার বিলে আছে, যদিও এটা কমিটিতে অ্যাপ্রুভড হবে, এম এল এ-দের বোর্ড আছে, কিন্তু আমি বলছিলাম উনি যদি এগুলি একটু ভাল করে চিন্তা করেন, তা হলে দেখবেন যে, পাঠ্যপুস্তক অ্যাপ্রুভ করা বা সিলেবাস রচনা করা—এই সমস্তগুলি থেকে এম এল এ-দের দূরে রাখলে বোধ হয় ভাল করতেন এবং পশ্চিমবাংলার শিক্ষাজগত উপকৃত হত।

শ্রীসুব্রত মুখোপাধ্যায় (কাটোয়া): মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় প্রাথমিক শিক্ষা বিল যে মাননীয় শিক্ষামন্ত্রী নিয়ে এসেছেন, আমরা সত্যকারের বহু দিন ধ'রে চাতক পাখীর মত তাকিয়ে ছিলাম আকাশের দিকে কখন বৃষ্টি হবে। আমাদের সেই প্রাথমিক শিক্ষা বিল আসার পর আমাদের এখন ভাবতে হচ্ছে যে, তৃষ্ণা যতখানি ছিল তার কতটুকু মিটেছে আমাদের। যেহেতু এই বিধানসভায় আমাদের সব ভাবনার নিরসন মাননীয় শিক্ষামন্ত্রী করেছেন, সেদিক থেকে তিনি নিশ্চয়ই অভিনন্দন পাবেন, কিন্তু এই শিক্ষা বিল আমার মনে হয় তৈরি কাদের দিয়ে হয়েছে, একটু বোধ হয় বিস্তারিতভাবে পড়লে বোঝা যাবে, এই বিল তৈরি হয়েছে ঐ রাইটার্স বিল্ডিংসের আমলাদের দিয়ে, এই বিষয়ে কোন ভুল নেই। আমরা আরও খুসী হতাম,

যদি এই বিল তৈরির ব্যাপারে প্রাথমিক শিক্ষার ব্যাপারে সংশ্লিষ্ট যারা শিক্ষাবিদ্, তাদের পরামর্শ, তাদের সাজেসন-গুলো যদি নেওয়া হত। আমার মনে হয় যে, প্রাথমিক শিক্ষার ব্যাপারে যে বিভিন্ন স্ট্রাকচার এর মধ্যে আছে, প্রথম হচ্ছে বোর্ড অব প্রাইমারী এডুকেসন, দ্বিতীয় হচ্ছে ডিস্ট্রিক্ট প্রাইমারী এডুকেসন কাউন্সিল, তৃতীয় হচ্ছে মিউনিসিপ্যাল প্রাইমারী এডুকেসন কাউন্সিল এবং ক্যালকাটা কর্পোরেশন প্রাইমারী এডুকেসন কাউন্সিল, মোটামুটি চার থেকে পাঁচটি স্তর আছে এবং এই স্তরে কটা কমিটি আছে, তার সংখ্যা কত, তা গুণতে গেলে অনেক সময় লাগবে। এই কমিটি এবং এই স্তর, এতগুলো থাকার কোন প্রয়োজন ছিল কিনা এই বিষয়ে যারা প্রকৃত শিক্ষাবিদ্ তারা অনেকে সন্দেহ প্রকাশ করবেন। কারণ যত বেশী কমিটি, যতবেশী স্তর, তত বেশী তাতে মতবিরোধ এবং মতান্তরের অবকাশ থাকবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের যে বোর্ড অব প্রাইমারী এডুকেশন কাউন্সিল আছে, ডিস্ট্রিক্ট প্রাইমারী এডুকেসন কাউন্সিল আছে, সেখানে দেখা যাচ্ছে এই যে চারজন প্রাথমিক শিক্ষক প্রতিনিধি হবেন আর তার সংগে এম এল এ-রা আছেন, সরকারী অফিসাররা রয়েছেন, আমার মনে হয় এই বিষয়ে অনেকে একমত হবেন যে, এই কমিটিগুলোতে, এই কাউন্সিলগুলোতে প্রাথমিক শিক্ষক প্রতিনিধি আরও অধিক সংখ্যায় থাকা উচিত ছিল এবং এই কমিটিতে এমন অনেক আমলা নেওয়া হয়েছে যারা সত্যকারের এই প্রাথমিক শিক্ষার কল্যাণ এবং প্রাথমিক শিক্ষকদের সমস্যার ব্যাপারে বাস্তবিক কোন খবর রাখেন না বা তাদের যে নিয়মমাফিক কাজ করতে হয়, সেই কাজের মধ্যে এই প্রাথমিক শিক্ষার ব্যাপারে নতুন ক'রে দায়িত্ব নেওয়া সম্ভব নয়। যেমন ধরুন, চিফ মেডিকেল অফিসার, একজন সরকারী অফিসার, যার হাতে সারা জেলার স্বাস্থ্য দপ্তরের ভার আছে, তাকে সকাল থেকে রাত পর্যন্ত হাসপাতালের কাজ সামলাতে হয়, তাকে নেওয়া হয়েছে এডুকেসন কাউন্সিলে। ছেলেদের

[6-00—6-10 p.m.]

স্বাস্থ্য ঠিক রাখা হবে তাই চিফ মেডিকেল অফিসার অব হেল্থ-এর দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছুদিন পরে প্রশ্ন দেখা দেবে যে, এই চিফ মেডিকেল অফিসার অফ হেল্থ, যিনি মিউনিসিপ্যাল প্রাইমারী এডুকেসন কাউন্সিলে থাকছেন, তিনি শতকরা কতক্ষণ সময় দিতে পারবেন এই বিষয়ে? এটা উদাহরণস্বরূপ বলছি, এই রকম অনেক অফিসারকে নেওয়া হচ্ছে, কিন্তু তারা সত্য সত্যই প্রাথমিক শিক্ষার ব্যাপারে কখনোই সময় দিতে পারবেন না। তাদের অলঙ্কার হিসাবে, অর্নামেন্টালভাবে রেখে কমিটিগুলিকে ভারাক্রান্ত ক'রে কি লাভ আছে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলে আমরা আরো খুসী হতাম, যদি দেখতাম যে, প্রাইভেট ম্যানেজমেন্টে যে প্রাইভেট স্কুলগুলি আছে এই শহরে বা যেগুলি রাতারাতি গজিয়ে উঠছে, যারা প্রকৃত পক্ষে শিক্ষার নামে ব্যবসা চালাচ্ছে, যারা শিক্ষাকে নিয়ে নিজেদের রুজিরোজগার করছে, তাদের কঠোর হাতে দমন করবার কোন ব্যবস্থা থাকছে। আজকে সরকারের অধীনে কোন জায়গায় একটা নতুন ক'রে ঘর করতে গেলে লাইসেন্সের দরকার হয়, কিন্ত আজকে সারা পশ্চিম-বাংলায় পর্যালোচনা করলে দেখা যায়—আমাদের কাটোয়া শহরে দেখছি রাতারাতি, তাদের বিন্দুবিসর্গ জানলাম না সাইন বোর্ড লটকে দিয়ে তারা প্রাইভেট ম্যানেজমেন্টে স্কুল খুলে বসলেন, সরকারী আইনকানুন, রীতিনীতির তারা ধার ধারেন না, সোজা কথায় তারা সরকারকে বুড়ো আঙ্গুল দেখান। আজকে এই প্রাথমিক শিক্ষা বিলে সর্বোপরি যেখানে এম এল এ নিয়োগের ব্যবস্থা রাখা হয়েছে, সেখানে আমার মনে হয় যে, এতখানি না করলেও চলত। কারণ আজকে যদি যে কোন কমিটির সদস্যসংখ্যা বাড়ানো যায়, তা হ'লে শেষ পর্যন্ত যে কারণ চিহ্ন ধরা পড়ে সেটা হচ্ছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কমিটির মিটিং-এ কোরাম হয় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে প্রাথমিক শিক্ষা বিলের ভিতর দিয়ে কতগুলি কাঠামো ছাড়া নতুন ক'রে শিক্ষা ব্যবস্থার কোন কিছুই দেখতে পাচ্ছি না। আজকে এর ভিতরে নতুন চিন্তা ধারার অনুপ্রবেশ ঘটানোর প্রয়োজন ছিল। আজকে যে বাচ্চা ছেলে প্রাইমারী স্কুলে যাচ্ছে তাকে প্রথম থেকে অক্ষর শেখার পরই ভূগোল এবং ইতিহাস পড়ানো হচ্ছে, এটার বদলে যদি তার যে টেনাসিটি, তার যে এপটিচুড, তার যে ফিসিক্যাল এফিসিয়েন্সি এইগুলির উপর লক্ষ্য রেখে, আমার মনে হয় প্রাথমিক শিক্ষা ব্যবস্থার কাঠামো করা উচিত ছিল। তা না হ'লে বাচ্চা ছেলেরা

স্কুলে যাচ্ছে, তারা প্রথম থেকে হতাশার মধ্য দিয়ে স্কুল-এ যাচ্ছে, যার ফলে গ্রামে গ্রামে এই প্রাথমিক স্কুলগুলিতে করুণ চিত্র দেখা যায়। তারপর গ্রামবাংলার স্কুলগুলিতে নামেই স্কুল আছে, স্কুলের কোন ঘর নেই, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দেখা যাবে সেখানে গাছের তলায়, রৌদ্রের মধ্যে, বৃষ্টির মধ্যে বাচ্চা বাচ্চা ছেলেরা চট নিয়ে বসে আছে। সেখানে ঘর হয় না, কেননা, বিল্ডিং গ্রান্টের জন্য আবেদন নিবেদন ক'রেও টাকা পাওয়া যায় না। আজকে সমাজের যে বিত্তবান মানুষরা মুনাফা করছে, তাদের উপর শিক্ষার জন্য কর বসাতে হবে। প্রাথমিক শিক্ষার যে আর্থিক সংকট আছে সেই সংকট মোচনের জন্য আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী কয়লা এবং কিছু কিছু অন্যান্য ক্ষেত্র থেকে কর আদায়ের ব্যবস্থা করেছেন, এই জন্য আমি তাঁকে অভিনন্দন জানাব। আরো অভিনন্দন পেতেন, যদি তিনি যারা সমাজের সত্যিকারের বিত্তবান মানুষ, তাদের কাছ থেকে—চট কলের মালিক, চা-বাগানের মালিক, তাদের কাছ থেকে শিক্ষাপ্রসার কল্পে কর আদায় করতেন। গ্রামবাংলায় যে স্কুলগুলিকে দেখা যায়, তাদের মাথার উপর একগোছা খড় পর্যন্ত, নেই, কোথাও বসবার জায়গা নেই। এই ব্যবস্থা করলে এই যে দুর্দশা তার হাত থেকে গ্রামবাংলার ছাত্ররা মুক্তি পেত, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরোজরঞ্জন কাঁড়া: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রিমহাশয় যে প্রাথমিক শিক্ষা বিল এনেছেন তাকে সমর্থন জানাবার আগে আমি এই বিল সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। আমি নিজে একজন প্রাথমিক শিক্ষক হিসাবে এই বিলে যা ত্রুটিবিচ্যুতি লক্ষ্য করেছি সেকথাই বলছি এবং সেগুলি সম্পর্কে সহানুভূতির সহিত বিচারবিবেচনা করার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার মনে হয় এই বিলের নাম প্রাথমিক শিক্ষা বোর্ড বিল না হয়ে এলিমেন্টারী এডুকেসন বিল দিলে ভাল হয়—যেকথা হরশঙ্করবাবুও বলেছেন। আজকের দিনে যে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চালু আছে, সেটা যদি সম্পূর্ণ না করা হয় তার উপরের শিক্ষা ব্যবস্থা যদি সুদৃঢ় করার চেষ্টা করা হয় তা হ'লে শিক্ষা ব্যবস্থা বানচাল হয়ে যাবে। আমাদের সংবিধানে আছে বয়সক্রম ১৬ থেকে ২৪ পর্যন্ত করা, যাতে বাধ্যতামূলক শিক্ষা ব্যবস্থা দেওয়া হবে। এই বিলে ৬ থেকে ১১ পর্যন্ত করা হয়েছে। ইতিপূর্বে হরশঙ্করবাবু যেকথা বলেছেন সে কথাই বলছি যে, আমরা যদি গান্ধীজীর আদর্শ মেনে চলতে চাই, তা হ'লে আমাদের এলিমেন্টারী এডুকেশান বিল আনলে ভাল হত। এ বিষয়ে যদি কোন সংশোধনী আনা সম্ভব হয়, তা হ'লে আমি বলব তিনি যেন এ বিষয়ে উপযুক্ত ব্যবস্থা করেন। পরবর্তী বক্তব্য হচ্ছে ক্লজ-৪ সেকসন বি-তে এখানে দেওয়া আছে জুনিয়ার বেসিক ট্রেনিং ও মাস্টার মহাশয়দের তরফ থেকে ২ জনকে প্রদেশ বোর্ডে নেওয়া হবে। কিন্তু আমি এখানে প্রস্তাব রাখছি যে, এটা একমত করা হোক এবং যারা মাধ্যমিক শিক্ষা ব্যবস্থায় ইন্টারেস্টেড তাঁদের মধ্য থেকে উপযুক্ত রিপ্রেজেন্টেসান নেওয়া হোক। এই বিলে দেওয়া আছে ডিস্ট্রিক্ট কাউন্সিল-এর মাধ্যমিক শিক্ষক নেওয়া হবে। কিন্ত ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিলে যা তৈরি হবে তাতে সে ব্যবস্থা নেই। এটা ক্লজ-৪ সেকসান এইচ-এ দেওয়া আছে যে, ১২ জন নেওয়া হবে। এখানে সিলেক্ট কমিটি ঠিক করেছে ১২ জন গভর্নমেন্ট নমিনি দেবে। এখানে আমার বক্তব্য হচ্ছে—এই যে ১২ জন মনোনয়ন দেওয়া হবে সেখানে যাঁরা মনোনীত হয়ে আসবেন তাঁরা সব যেন বেসরকারী হন। কারণ সরকারী কর্মচারী হ'লে আমাদের উদ্দেশ্য ব্যাহত হবে। মন্ত্রিমহাশয় যেন সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখেন এবং এ বিষয়ে যখন বিধান তৈরি হবে তখন যেন সুস্পষ্ট ক'রে সব ব'লে দেন যে, প্রত্যেকেই বেসরকারী ব্যক্তি হবেন। তারপর ক্লজ-৯(এ)-তে প্রেসিডেন্ট এবং ভাইস-প্রেসিডেন্ট এর ইলেকসান-এর কথা আছে—এ'রা স্টেট বোর্ডের মেম্বার থাকবেন। এখানেও আমাদের সজাগ থাকতে হবে। অর্থাৎ স্টেট বোর্ড-এ যিনি চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান হবেন তিনি যেন বেসরকারী হন। আমরা যেন কোনক্রমেই সরকারী আমলাদের হাতে না পড়ি। কারণ এ বিষয়ে আমরা ভুক্তভোগী। শিক্ষা সম্পর্কে কোন অধঃস্তন কর্মচারীর সংগে কথা বলতে গেলেও তাঁরাও মন্ত্রী, ডাইরেক্টার দেখিয়ে দেন। এ বিষয়ে আমি মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি তিনি যেন এ বিষয়ে উপযুক্ত ব্যবস্থা নেন যাতে আমাদের আর সরকারী আমলাদের হাতে নূতনভাবে আর নিগৃহীত হতে না হয়।

[6-10—6-20 p.m.]

এর পরে ক্লজ ১৭, সেকসন ৮ সম্পর্কে দেওয়া আছে যে স্কুল বোর্ডের কর্মচারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া যাবে, কিন্তু স্কুল বোর্ডের কর্মচারীদের বিরুদ্ধে কারা শাস্তিমূলক ব্যবস্থা নেবেন, তার অধিকর্তা কে হবেন এই বিষয়ে ভালভাবে বিচারবিবেচনা করতে হবে। এখানে সেক্রেটারি, ফাইনান্স অফিসারের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া যাবে না, কিন্তু এই প্রসঙ্গে এখানে থাকা উচিত ব'লে আমি মনে করি না। কারণ, অন্যান্য কর্মচারীদের সম্পর্কে ঐ বোর্ড ব্যবস্থা নিতে পারবে, কিন্তু সেক্রেটারি এবং ফাইনান্স অফিসারের বিরুদ্ধে কোন রকম ব্যবস্থা নেওয়া যাবে না এই ধারা সম্পর্কে নতুন করে ভাববার অবকাশ আছে। এর পরে ক্লজ ২০, সেকসান ৩এ-তে ব'লে দেওয়া আছে যে, স্টেট বোর্ডের যারা কর্মচারী তাদের বিরুদ্ধে কোন অভিযোগ এলে ট্রান্সফার করে দেওয়া হবে তাদের। কিন্তু তাদের কোথায় ট্রান্সফার করা হবে এই সম্পর্কে কোন স্পষ্ট ইঙ্গিত নেই এই বিলের মধ্যে। কেননা স্টেট বোর্ড যেটা হবে সেটা প্রাদেশিক ভিত্তিক, তাদের কি বোর্ড থেকে কেন জেলায় কিংবা জেলার কর্মচারীকে ট্রান্সফার করা প্রয়োজন, তাদের কি স্টেট বোর্ডে ট্রান্সফার করা হবে এই বিষয়ে সুস্পষ্ট কোন ইঙ্গিত নেই। তারপর ক্লজ ২৩, সেকসান ৮, এখানে ব'লে দেওয়া আছে দুজন এম এল এ রিপ্রেজেনটেটিভ থাকবেন। এর আগে হরশঙ্করবাবু ব'লে গেছেন, আমি তাঁর জের টেনে বলি, টিচার এম এল এ-দের ওখানে রাখা হোক যাঁরা শিক্ষা সম্পর্কে ওয়াকিবহাল এবং তাঁরা ব্যক্তিগতভাবে শিক্ষা সম্পর্কে হাতেকলমে অভিজ্ঞতা লাভ করেছেন, তাঁদের মধ্য থেকে মনোনয়ন থাকা উচিত। কারণ, যে সমস্ত সাব-কমিটি তৈরি হবে সেখানে শিক্ষক প্রতিনিধিরা তাঁদের বক্তব্য যথাযথভাবে তুলে ধরতে পারবেন এবং শিক্ষা ক্ষেত্রে কি অসুবিধা আছে সেটা তাঁরা নিশ্চয়ই ভালভাবে অনুধাবন ক'রে একটা সুচিন্তিত মত দিতে পারবেন। এর পরে ক্লজ ২৪, সেকসান ডি, এখানে দেওয়া আছে বেসিক ট্রেনিং কলেজ-এর প্রিন্সিপাল মেম্বার হবে। আমরা দেখেছি বেসিক ট্রেনিং কলেজের প্রিন্সিপল সাধারণত সরকারী কর্মচারী হয়। তা থেকে যদি স্টেট বোর্ড থেকে মনোনয়ন দেওয়া হয়, তা হ'লে আবার সরকারী আমলাদের হাতে পড়ব, এই বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে। এর আগে বলা হয়েছে অ্যাডভাইসারি ওয়েলফেয়ার কমিটি দেওয়া হয়েছে প্রত্যেকটি স্কুলের জন্য। সেখানে লক্ষ্য করা গেছে যেভাবে একটা সিদ্ধান্ত নেওয়া হয়েছে তাতে সেই সিদ্ধান্ত ঠিক নয়। কারণ, ৪ জন অভিভাবকদের তরফ থেকে মনোনয়ন দেওয়া হবে প্রত্যেক স্কুলের ক্ষেত্রে। পশ্চিমবঙ্গে বিভিন্ন গ্রামে গঞ্জে যেসব প্রাথমিক বিদ্যালয় গ'ড়ে উঠেছে সেখানে সরকারের দান অপেক্ষা বিদ্যালয়ের গৃহ নির্মাণের ব্যাপারে স্থানীয় জনসাধারণের দান বেশী। সেজন্য এই দাতাদের ব্যবস্থা যদি না থাকে, তা হ'লে দেখা যাবে সেই গ্রামের মানুষের মধ্যে উৎসাহের জোয়ার ছিল তাতে ভাঁটা পড়ে আসছে। যাই হোক, এই বিলকে আন্তরিকভাবে সমর্থন জানিয়ে নতুন কয়েকটি বিধান সংযোজিত হবে এই আশা নিয়ে এবং মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রফুল্ল মাইতিঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বহু প্রতীক্ষিত এবং বহু আকাঙ্ক্ষিত এই প্রাইমারী এডুকেসন বিলটি আনার জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। এই বিল প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে একটা বৈপ্লবিক পরিবর্তন নিয়ে আসবে সেই ইঙ্গিত রয়েছে এবং এই বিলে কতগুলি বৈপ্লবিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রাইমারী এডুকেসন বোর্ড গঠন একটা বৈপ্লবিক সিদ্ধান্ত যেটা ইতিপূর্বে কখনও ঘটে নি। এই বিলে অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তনের ইঙ্গিত রয়েছে। এই বিলে ডিস্ট্রিক্ট প্রাইমারী এডুকেসন কাউন্সিল গঠন করা হয়েছে সম্পূর্ণ নূতন দৃষ্টিভঙ্গি নিয়ে। এই বিলে শিক্ষকদের ট্রান্সফারের ব্যাপারে নূতন দৃষ্টিভঙ্গিতে একটা নির্দেশ দেওয়া হয়েছে এবং বিশেষ ক'রে কতগুলি কমিটি গঠন করা হয়েছে। রিকগনিসন কমিটি থেকে আরম্ভ করে এম এল এ কমিটি এগুলি বৈপ্লবিক পদক্ষেপ ব'লে মনে করি। এই বিল আমরা অনেক আগেই আশা করেছিলাম, তবে দেরীতে এলেও আমি একে অভিনন্দন জানাচ্ছি। দু'টি বিলের জন্য আমরা দীর্ঘ দিন ধ'রে অপেক্ষা করেছিলাম এবং তার একটা হচ্ছে প্রাইমারী এডুকেসন বিল এবং আর একটা হচ্ছে পঞ্চায়েত বিল। তবে দুঃখের সঙ্গে একটা কথা বলছি এমন সময় এই বিল আন

হয়েছে যে, সময় প্রায় সমস্ত সদস্যরাই ফেড আপ, চলে যাবার জন্য ব্যস্ত এবং বিধানসভা প্রায় শেষ হয় হয়। পঞ্চায়েত বিলের জন্য আমরা অপেক্ষা করছি এবং শুনেছি সেটা সর্বশেষে আসবে যখন মাননীয় সদস্যরা পাততাড়ি গুটাতে ব্যস্ত থাকবেন। যা হোক, যদিও দেরীতে এই বিল এল তবুও আমি ধন্যবাদ জানাচ্ছি। এই বিলে সিলেক্ট কমিটির কতগুলি সুপারিশ রয়েছে যেগুলি সম্বন্ধে আমি কিছু বলতে চাই। বলা হয়েছে ডিস্ট্রিক্ট কাউন্সিলে এম এল এ মিনিস্টার ছাড়া সব এম এল এ-রা থাকবেন। কিন্তু আমার মনে হয় তাঁরা এটা বিবেচনা ক'রে দেখেন নি যে, এটা করতে গিয়ে এক একটা ডিস্ট্রিক্ট কাউন্সিলের আয়তন কতটা বাড়বে। বিশেষ ক'রে ২৪-পরগনা এবং মেদিনীপুরে আমি হিসেব ক'রে দেখেছি ২৪-পরগনা ডিস্ট্রিক্ট কাউন্সিলে ১০০ সদস্যের কাছাকাছি হবে এবং মেদিনীপুরে ৮০-র মত হবে। কাজেই এতবড় কাউন্সিল নিয়ে কিভাবে কাজ হবে সেটা আমি চিন্তা করতে পারছি না। অনেক মাননীয় সদস্য বলেছেন যত বড় হবে মত বিরোধ, মতানৈক্য ততই বাড়বে। তারপর, এই বিলে মিউনিসিপ্যাল স্কুল কাউন্সিল গঠনের প্রস্তাব যেটা রয়েছে তাতে মনে হচ্ছে ছেলে থেকে ছেলের জামা কাপড় ভারি হচ্ছে। যেসব স্পেসিফাইড মিউনিসিপ্যাল এরিয়া আছে তাতে এক একটি মিউনিসিপ্যাল এরিয়ায় ১/২টি ক'রে স্কুল আছে। কিন্তু তার জন্য এক একটি কাউন্সিল গঠন করে যে ব্যয় হবে সেখানে যদি নূতন বিদ্যালয় স্থাপন করা হয় বা যে বিদ্যালয় আছে তার জন্য অর্থ বরাদ্দ করা হয় বা টিচার পিউপিল-রেশিও কমিয়ে ২০ঃ১ করা হয় এবং অধিক সংখ্যক শিক্ষক দেওয়া হয়, তা হ'লে সেই বিদ্যালয়ের দরিদ্র মানুষ এবং ছোট ছোট ছেলেমেয়েদের অশেষ উপকার করা হবে। এক একটা মিউনিসিপ্যাল এলাকায় এক একটা কাউন্সিল গঠন ক'রে অর্থ ব্যয়ের কোন মানেই হয় না। বরং সেই স্কুলগুলোকে ডিস্ট্রিক্ট স্কুল কাউন্সিলের আওতায় রেখে পরিচালনা করবার জন্য অনুরোধ করছি। বাধ্যতামূলক শিক্ষাব্যবস্থা প্রবর্তন অত্যন্ত সুচিন্তিত পন্থা সন্দেহ নেই। কিন্তু যে টিচার-পিউপিল-রেশিও রয়েছে ৪০ঃ১ সেই ব্যবস্থা যদি বহাল থাকে, তা হ'লে আমি বলব যে, এই বাধ্যতামূলক শিক্ষাব্যবস্থা সম্পূর্ণরূপে ব্যর্থতায় পর্যবসিত হতে বাধ্য।

[6-20—6-30 p.m.]

সেইজন্য আমার সাজেসান আমি রাখবো যে, ডিস্ট্রিক্ট কাউন্সিল-এর সদস্য সংখ্যা না বাড়িয়ে যাতে ছাত্র এবং শিক্ষকদের যে রেশিও রয়েছে ৪০ঃ১, সেটা কমিয়ে ২৫ঃ১ সেদিকে অর্থব্যয় করে দরিদ্র মানুষ তথা ছেলেমেয়েদের উপকার যাতে করা যায় সে দিকে যাতে নজর দেওয়া হয় সেই অনুরোধ আমি করবো। তা ছাড়া কতকগুলি কমিটি যা গঠন করার কথা হয়েছে যেমন রিকর্গানিসান কমিটি, সিলেকশান কমিটি, ফাইনান্স কমিটি, ডিসিপ্লিন কমিটি এবং অ্যাপিল কমিটি তা অত্যন্ত সুচিন্তিত পন্থা এবং তার সঙ্গে ডেভালপমেন্ট কমিটি সংযোজন করছেন, এজন্য আমি সিলেক্ট কমিটিকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে আমাদের গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষাব্যবস্থা যে অবস্থা বা চেহারা আমরা দেখছি সেই চেহারার যদি পরিবর্তন করতে হয়, তা হ'লে আমাদের অন্ততঃ দায়িত্বশীল পন্থা অবলম্বন করতে হবে। কেবল কমিটি বড় করার থেকে শিক্ষাব্যবস্থাকে উন্নততর করার জন্য শিক্ষালয়গুলির যে দৈন্য সেগুলি ঘোচাবার জন্য যদি অধিক পরিমাণে অর্থব্যয় করা যায় তবে প্রকৃতই উপকার হবে। অযথা শুধু কমিটির সদস্যসংখ্যা বাড়িয়ে কোন কাজ হবে না। এই কয়েকটি কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিমল পাইকঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাংলাদেশের কোটি কোটি মানুষের বহুদিনের বহু আশা প্রত্যাশা নিয়ে আজকে এই বিল এসেছে। এই বিল যিনি এনেছেন আজ অন্ততঃ বাংলাদেশের মানুষের কাছে তিনি একজন অবিস্মরণীয় ব্যক্তি। আমি পাড়ারা থেকে এসেছি, সেখানে দেখেছি স্কুলগুলি রুগ্ন, ভগ্ন দশা এবং ছাত্রদের দেখেছি জরাজীর্ণ এবং শিক্ষার নামে অশিক্ষা। শিক্ষকদের সঙ্গে অভিভাবকদের কোন সম্পর্ক নেই, তাই বড় হতাশ হয়েছিলাম পশ্চিমবাংলার শিক্ষাকে কেন্দ্র করে। আজকে এই বিল হয়ত সত্যি দোষ ত্রুটি আছে, কিন্তু তবুও এই বিল আজকে অভিনন্দনযোগ্য, কারণ এই বিলে সুসমঞ্জস্য ভাব

রাখবার চেষ্টা করা হয়েছে। ছাত্রদের সংগে শিক্ষকদের এবং শিক্ষকদের সংগে অভিভাবকদের এবং সরকারী কর্মচারীদের। আমরা যদি এই বিল পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা করি, তা হ'লে দেখবো ২/৩টি চেপ্টারে এটাকে ভাগ করা হয়েছে। প্রথম চেপ্টার টু থেকে ফাইভ পর্যন্ত একটা বোর্ড যে বোর্ডের মাঝে দেখেছি তার কনস্টিটিউসানের হয়ত অনেক দোষ আছে, কিন্তু তবুও একটা সুসামঞ্জস্য ভাব রাখবার প্রয়াস রয়েছে। যেখানে স্টেটের সর্বস্তরের লোককে নিয়ে একটা বোর্ড গঠন করা হয়েছে। সেখানে নেওয়া হয়েছে তফসিল থেকে, সেখানে নেওয়া হয়েছে ফিমেল থেকে, সেখানে নেওয়া হয়েছে সরকারী কর্মচারী, শিক্ষাবিদ থেকে—সর্বস্তরের লোককে নিয়ে বোর্ড গঠন করা হয়েছে। প্রকৃতপক্ষে সেই বোর্ডের মাঝখানে যে ক্যারিকুলাম কমিটি গঠন করা হয়েছে সেটা এর পূর্বের বিলে ছিল না। ছেলেরা কি পড়তো জানতাম না। পিকক রিডার সম্পর্কে অনেক গল্প শুনেছি। এই ক্যারিকুলাম কমিটি যেটা গঠন করা হয়েছে বিশিষ্ট শিক্ষাবিদদের নিয়ে তাঁদের সার্থক চেষ্টায় আমি মনে করি সিলেবাস সুন্দর ভাবে করতে পারা যাবে।

আমাদের সেই যে চেপ্টার দুই থেকে পাঁচ পর্যন্ত যে কথা বিলে আছে—তার মধ্যে অনেক হয়ত ত্রুটিবিচ্যুতি আছে, অন্ততঃ আইনের দিক থেকেও বটে, আমি কিন্তু সেই সবের ভেতর যাচ্ছি না। যাচ্ছি না এই জন্য যে, ইনটেনসানটা অত্যন্ত সুন্দর। তারপর আসছি কাউন্সিলে। প্রকৃতপক্ষে পশ্চিমবাংলার মানুষ চেয়েছিল যে, বাংলাদেশে একটা কম্পালসারী এবং ইউনিভার্সাল এডুকেসান হোক। তার একটা বিশেষ ব্যবস্থা রয়েছে যেটা কোনদিনই ছিল না। তার মাঝখানে যে একটা ওয়েলফেয়ার কমিটি করা হয়েছে সত্যি সেই ওয়েলফেয়ার কমিটি একটা সুন্দর জিনিস হয়েছে। এর পূর্বে আমি দেখেছি একটা ছেলে পড়তে গেল মাষ্টার মহাশয় সেখানে পড়ালেন না। কোন ডিসিপ্লিনিয়ারী অ্যাকসান নেবার মত ব্যবস্থা সেখানে ছিল না। সেকেন্ডারি এডুকেসান বোর্ডে ছিল, কেন ডিসিপ্লিনিয়ারী অ্যাকসান নিয়ে সেই মাস্টারকে ডিসচার্জ করা যেতে পারত, তাকে টার্মিনেট করা যেতে পারত, কিন্তু দেখা গিয়েছে কোন অভিভাবকের কাছে কোন শিক্ষক গিয়েছেন তার সংগে অভিভাবকের কোন সম্পর্ক নেই। অভিভাবক কিছু বলতে পারেন না, কারণ শিক্ষক জানেন তার বেতন আসবে সরকারের কাছ থেকে। অভিভাবকের সেখানে কিছু করবার নেই, শিক্ষক স্কুলে না গেলে অভিভাবকের কিছু বলার নেই, তার এগেনস্টে কোন ডিসিপ্লিনারী অ্যাকসান নেবার কিছু নেই। কিন্তু প্রকৃতপক্ষে এই যে কাউন্সিল তৈরি হয়েছে তার মধ্যে অন্ততঃ ডিসিপ্লিনের কথা আছে। সেখানে কমিটি অন্ততঃ তার এগেনস্টে ডিসিপ্লিনারী অ্যাকসান নিতে পারে, এটা এর পূর্বে ছিল না। এই যে অভিভাবকের সংগে শিক্ষকদের একটা সুসামঞ্জস্য ভাব গ'ড়ে তোলবার চেষ্টা হয়েছে সেটা এর পূর্বে ছিল না। সত্যি এইজন্য এই বিলটি অভিনন্দনযোগ্য। আমি যেকথা পূর্বে বলেছি যে, সর্বস্তরের লোকের মধ্যে একটা সুসমঞ্জস্য ভাবকে গ'ড়ে তোলবার চেষ্টা করা হয়েছে। আরো আনন্দের কথা যে শুধু কম্পালসারী অ্যান্ড ইউনিভার্সাল এডুকেসান দেবার অভিভাবককে যে শাস্তি দেবার কথা হয়েছে সত্যিই এটা বৈপ্লবিক। পূর্বে একথা চিন্তা করা যায় নি এবং এর উল্লেখও ছিল না যে, তোমার সন্তানকে যদি স্কুলে না পাঠাও, তোমাকে শাস্তি গ্রহণ করতে হবে। সত্যিই এটা বৈপ্লবিক ব'লেই আমি মনে করি। আজকে যদি দেখা যায়, তা হ'লে দেখা যাবে এই বিল প্রায় সব দিক দিয়েই সুন্দর হয়েছে। কিন্তু কতকগুলি বিষয়ে আমার মনে একটু ত্রাসের সঞ্চার করেছে। এই বিলে এত বেশী কমিটি, আইন সেখানে গঠিত হয়েছে যে, শেষ পর্যন্ত কি হবে তা বলা বড়ই মুশকিল। এই যে ডিস্ট্রিক্ট কাউন্সিল কমিটিগুলি হয়েছে সেই ডিস্ট্রিক্ট কাউন্সিল কমিটিতে যে কয়েকজন লোক এসেছে তার আবার কেউ রেজিগনেসান দিলে আবার কে হবে, কেউ মারা গেলে কি হবে, কার রেজিগনিসান অ্যাকসেপ্টড হবে এই যে আইনের ব্যবস্থা করেছেন এটা যখন কাজে রূপায়িত করতে যাবেন তখন দেখবেন যে, এর মধ্যে প্রচুর দোষত্রুটি থেকে গিয়েছে। আরো একটু সংক্ষিপ্ত ভাবে থাকলে এটা ভাল হত ব'লে মনে করি। অতএব এটাকে এত বিস্তারিত ক'রে মানে এত বেশী সুন্দর করার চেষ্টার চেয়ে যেন আমার মনে হচ্ছে যে, এটা একটা খিচুড়ি হয়ে যাবে শেষ পর্যন্ত। এই ভয় ও ভাবনা আমার মধ্যে এসেছে। তা হ'লেও পরে কোন দোষত্রুটি দেখা গেলে তার সংশোধন হতে পারে। আমার আর বেশী কথা বলবার নেই, আজকে

এই বিলকে আমি সম্পূর্ণরূপে এবং অন্তর দিয়ে সমর্থন জানাচ্ছি। এর পূর্বে যা ছিল না তা এখানে আছে এবং সেইজন্য এটা একটা ঐতিহাসিক এবং বৈপ্লবিক বিল। সত্যি কথা বলতে কি পশ্চিমবাংলার মানুষ যেন একটা নতুন আশার আলো দেখতে পেয়েছেন। তাদের সন্তান সন্ততিদের পাঠ্য বই পড়বার কিংবা স্কুলে পাঠাবার জন্য যে ব্যবস্থা, যে সকল কমিটি হয়েছে সেই কমিটির দ্বারা আমি মনে করি দেশের জনগণের যথেষ্ট উপকার সাধিত হবে। যা এর পূর্বে ছিল না পশ্চিমবঙ্গের আরবান এরিয়াতে বা রুরাল এরিয়াতে তা এর মধ্যে আছে এবং সেইজন্য সত্যিই এটা অভিনন্দনযোগ্য। তাই আমার বক্তব্য ইতি করবার পূর্বে আমার অন্তর দিয়ে, সর্বোতভাবে সমর্থন জানিয়ে একথা বলছি যে, এই বিল একটি বৈপ্লবিক বিল এবং এই বিল একটা নতুন অধ্যায় সৃষ্টি করেছে পশ্চিমবাংলার বুকে। জয় হিন্দ।

[6-30—6-40 p.m.]

শ্রীনিতাইপদ সরকারঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আমাদের বিধানসভায় এই যে একটা বিল এনেছেন, তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। কারণ আমাদের এই পশ্চিমবঙ্গের জনগণ বারে বারে বহু আকাঙ্ক্ষা নিয়ে বহু মন্ত্রিসভার কাছে এই প্রত্যাশা নিয়ে আছে যে, সার্বিক প্রাথমিক শিক্ষার প্রচলিত হবে, কিন্তু তা ২৫ বৎসরের মধ্যে হয় নি। এবারে এসেছে। প্রথমে সেই বিল এখানে উত্থাপন ক'রে পরে এটাকে সিলেক্ট কমিটিতে দিলেন, সিলেক্ট কমিটিতে দেওয়ার পর এই বিল আরও উন্নত হয়েছে, তিনি যে এই বিলকে সিলেক্ট কমিটিতে পাঠিয়েছেন, সেজন্যও তিনি ধন্যবাদ পেতে পারেন। তবে স্যার, এটুকু বলতে পারি, আমরা স্বাধীনতার রজত জয়ন্তী উৎসব পালন করেছি, বিধানসভার চত্বরে সারা রাত ধ'রে অনুষ্ঠান করেছি। এ সবই আমরা করেছি। কিন্তু স্বাধীনতার পর ২৫ বৎসর পার হয়ে গেল, আগেকার দিনে স্বাধীনতা আন্দোলনে যাঁরা অংশ গ্রহণ করেছিলেন, জাতীয় নেতা, শিক্ষাবিদ, চিন্তাশীল ব্যক্তি, তাঁরা যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেই প্রতিশ্রুতি কিন্তু ২৫ বৎসরেও পালিত হয় নি। আমরা ভাবতে পারি না এখনও আমাদের দেশের প্রায় ৭০ ভাগ লোক নিরক্ষর, অন্ধকারে রয়েছে, নিরক্ষতার অভিশাপের দরুন তাদের জীবন হতাশার মধ্য দিয়ে, দারিদ্র্যের মধ্য দিয়ে চলেছে। এখনও আমরা ভাবতে পারি না, আমাদের দেশের প্রায় ৩২/৩৩ ভাগ ছেলেমেয়ে স্কুলে যাবার মত বয়স হ'লেও স্কুলের দরজায় যেতে পারছে না। আর যারা যেতে পারছে তাদের একটা বিরাট অংশ প্রি-প্রাইমারী ক্লাস, ক্লাস ওয়ান, টুতেও শেষ পর্যন্ত পৌঁছুতে পারে না। সামগ্রিকভাবে বিচার ক'রে দেখলে শিক্ষার অগ্রগতি এমন একটা অবস্থায় আছে, যে অবস্থাটা অত্যন্ত জটিল এবং অত্যন্ত ভয়াবহ। কোন মতে একটা হ'ল--আইনটা হ'ল সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে সাধুবাদ জানাই, কিন্তু আইনটা ক'রেই আত্ম-সন্তুষ্টির মনোভাব নিয়ে বসে থাকলে চলবে না। এত দিন পরে আইন হয়েছে, ভাল কথা। কিন্তু সেটাই বড় কথা নয়। আইনটা হচ্ছে আমাদের হাতে একটা অস্ত্র, এই অস্ত্র ব্যবহার ক'রে যে সমস্ত মানুষ পিছিয়ে রয়েছে, যে সমস্ত মানুষের ছেলে মেয়ে স্কুলে যাবার সুযোগ পায় না, সেই নিরন্ন মানুষ, ক্ষেত মজুরের দল, যাদের সংখ্যা প্রতি ১০ বছরে ১০ ভাগ ক'রে বেড়ে চলেছে, সেই ক্ষেত মজুরের বাড়ির ছেলে মেয়েদের জন্য কেমন পরিবেশ এবং কেমন সাংস্কৃতিক পরিবেশ সৃষ্টি করতে পারলে তাদের স্কুলের দরজায় পৌঁছে দিতে পারা যায়, সেকথা মাননীয় মন্ত্রিমহাশয় এবং সরকারকে ভাবতে হবে। যদি ভেবে থাকেন যে, আইন পাশ ক'রে দিয়েই সমস্ত দায়িত্ব শেষ, তা হ'লে কিন্তু আমার মতে বড় ভুল হবে। এই ধরনের চিন্তা করা আমাদের ঠিক নয়। এই আইন সিলেক্ট কমিটির পরে অন্যান্য বিষয় নিয়ে যেটা এসেছে, তাতে অনেকগুলি ভাল বিষয় আছে। আমি এখন সে আলোচনায় যাচ্ছি না। অনেকগুলি ত্রুটি আছে, সে সম্পর্কে আমরা অ্যামেন্ডমেন্ট দিয়েছি, সেই অ্যামেন্ডমেন্টের আলোচনার সময় বিস্তৃতভাবে আলোচনা করব। কিন্তু কতকগুলি বিষয় না বললে চলছে না। আমরা স্বাধীনতার রজত জয়ন্তী পালন করছি, দেশের বরেণ্য নেতাদের স্মরণ করেছি এবং বিশেষ ক'রে যাঁদের জীবন দানের ফলে আমরা স্বাধীনতালাভ করেছি ব'লে বলি, তাঁদের আদর্শ যেটা ছিল সেটা হচ্ছে স্বাধীনতা পাবার পরে আমরা একটা সুন্দর ভারতবর্ষ গ'ড়ে তুলব, যে ভারতবর্ষে বৈষম্য থাকবে না, দারিদ্র্য থাকবে না, সকলেই হবে স্বাধীন এবং সকল মানুষকে লেখাপড়ার আলোকে নিয়ে আসতে পারব। এই সমস্তই বড় বড় কথা, আমরা

জানি, আমরা বক্তৃতাও দিই। সেই সমস্ত বিষয়ের কি হবে আজকে ভাবতে হবে। আজকে বিভিন্ন অ্যাংলো-ইন্ডিয়ান পাড়ায় গেলে দেখতে পাই বিরাট বিরাট স্কুল, ঢুকতে গেলে সেখানে ২৫ টাকা ক'রে মাইনে আরও পাঁচ টাকা ডেভেলপমেন্ট ফি, আরও পাঁচ টাকা ডমুক ফি, ফ্যান ফি ইত্যাদি দিতে হয়। সেগুলি একটা ব্যবসায়ে পরিণত হয়েছে। এই কলকাতার পাশে —বেশী দূরে যেতে হবে না, নামী দামী স্কুলে উচ্চ বেতন নিয়ে শিক্ষা ব্যবসা করছে। বৃটিশ আমল থেকেই এই ব্যবসা তারা ক'রে চলেছে। এই ব্যবসায়ের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া যায়, সে সম্বন্ধে আমরা কিন্তু নীরব। এই নীরবতা ভেঙ্গে আমরা তো একটা কিছু করতে পারি। এখনও আগেকার দিনের মত আই সি এস তৈরি করার জন্য ভাল ভাল ইংলিশ মিডিয়াম স্কুল বৃটিশরা যা করেছিল সেই আদর্শে এখানকার অ্যারোস্ট্রোক্রাটরা গড়ে তুলছে। এটা কল্পনা করা যায় না। আর আমাদের কেন্দ্র, এখানে বিভিন্ন এম এল এ-রা রয়েছেন সেখানে কি অবস্থা।

কোথাও বা গাছতলায় স্কুল চলছে, কোথাও বা কারো বাড়ির বারান্ডায় স্কুল বসছে। কোথাও বা স্কুল ঘরে কোন বসবার জন্য চেয়ার টেবিল বেঞ্চ কিছু নেই, এমন কি কোথাও বা মাষ্টারমশায়ও নাই। একটা সাংঘাতিক দারিদ্র্যের মধ্যে স্কুল চলছে। আমাদের ক্ষেত মজুরদের অবস্থা অত্যন্ত শোচনীয়, তারা খেতে পায় না, মাথা গোঁজবার মত চালাঘরও নাই; এমনই দুঃস্থ তারা। তেমনি দুঃস্থ অবস্থায় চলছে প্রত্যেক গ্রামের স্কুল। একদিকে দারুণ বৈষম্য, দারিদ্র্য, অন্যদিকে কলকাতায় বিরাট বিরাট ব্যাপার, স্কুলের নাম ক'রে বিরাট ব্যবসায় প্রতিষ্ঠান খুলে রেখেছে, ব্যবসা করে চলেছে। এখান থেকে তাঁরা আমলা তৈরি করছেন। এই সব স্কুলে পড়ার ফলে তারা ছেলেবেলা থেকে ভাল ইংরেজী বলতে পারে। তাদের এমনভাবে তৈরি করা হয়ে থাকে যাতে তারা সাধারণ লোকের সঙ্গে না মিশতে পারে, কোন যোগাযোগ না থাকে। এরাই সব ভবিষ্যতে আই এ এস হবে, অফিসার হবে। সাধারণ মানুষের সঙ্গে মেলামেশা করতে ঘৃণাবোধ করবে। বৃটিশের যুগে, সামন্ততান্ত্রিক যুগের মানসিকতা নিয়ে এখনো এই সব বিদ্যালয় তারা চালিয়ে যাচ্ছে। এর বিরুদ্ধে কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ এখনো মাননীয় শিক্ষামন্ত্রী পিছিয়ে আছেন কিনা—সেটা তিনি একটু ভেবে দেখবেন আজকাল আনন্দমার্গ ব'লে একটি প্রতিষ্ঠান তৈরি হয়েছে, বিভিন্ন জায়গায় তারা স্কুল গ'ড়ে তুলছে। সেখানে তারা কি আদর্শ ছেলেমেয়েদের শিক্ষা দেয় সে সম্বন্ধে পার্লামেন্টে আলোচনা হয়েছে। তাদের সঙ্গে সি আই এ-র যোগাযোগ রয়েছে, আমেরিকান আদর্শ ঐ ধরনের চিন্তাধারা ঐ আনন্দমার্গ স্কুলের মাধ্যমে আমাদের দেশের ছেলেমেয়েদের মধ্যে প্রবেশ করানোর চেষ্টা চলছে। এই ধরনের স্কুল সম্বন্ধে কি ব্যবস্থা নেওয়া হবে সে সম্বন্ধেও এই বিলের মধ্যে কিছু বলা হয় নাই।

চ্যাপ্টার থ্রি, সেক্সন ৯-তে পাওয়ার অ্যান্ড ফাংশান সম্বন্ধে বলা হয়েছে, এই সমস্ত স্কুলের ম্যানেজমেন্ট নেওয়া হবে কিনা—সেদিকে তিনি যান নাই। কামারপুকুর কলেজ সম্পর্কে সিক্রেট সেসনে একটা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তেমনি আজকে যখন একটা সার্বিক আইন করতে যাচ্ছেন, তখন এটা কেন করতে পারছেন না? এটা বাস্তবিকই বেদনার কথা গ্রামের ছেলেমেয়েরা ও অ্যাংলো-ইন্ডিয়ান স্কুলের ছেলে মেয়েদের মধ্যে দারুণ ফারাক। একটা দারুণ ব্যাপার—তারা বড বড় গাড়ি ক'রে যাচ্ছে, আসছে। এই অবস্থা যুগ যুগ ধ'রেই কি চলতে থাকবে? এই প্রশ্নের উত্তর শিক্ষামন্ত্রীকে দিতে হবে।

শিক্ষামন্ত্রীর উদ্দেশ্য সৎ—তিনি ফ্রি, কম্পালসারী অ্যান্ড ইউনিভার্সাল প্রাইমারি এডুকেশান করবেন। ভাল কথা। কিন্তু তার জন্য উপায় উদ্ভাবন করতে হবে। আমরা অ্যামেন্ডমেন্ট দিয়েছি কোথা থেকে পয়সা পাওয়া যায় এর জন্য। যদি সদিচ্ছা তাঁর থাকে, সুষ্ঠু পরিকল্পনা থাকে, তা হ'লে এটা রূপায়ণের জন্য পয়সার অভাব হবে না। আপনারা অনেক জায়গায় যে ট্যাক্স বসিয়েছেন, আরো ট্যাক্স বসানো সম্ভব। বড় বড় ধনী, বড় বড় ব্যবসায়ী প্রতিষ্ঠান, চা বাগান ও বড় বড় কারবারী মানুষ রয়েছে, শিক্ষার জন্য কেন তাঁরা পয়সা দেবেন না? বৃত্তি লোকেরা রয়েছেন যাঁরা মাসে পাঁচ-দশ হাজার টাকা উপায় করেন, শিক্ষার জন্য তাঁরা বেশ ক'রে ট্যাক্স দেবেন। তাঁদের ছেলেমেয়েদের লেখাপড়ার জন্য মাসে মাসে দু'শো পাঁচশো টাকা

খরচ করতে পারেন, গরিব মানুষের ছেলেমেয়েদের শিক্ষার জন্যও তাঁদের চিন্তা করতে হবে। কেন তাঁরা বেশী ক'রে এজন্য ট্যাক্স দেবেন না? মন্ত্রিমহাশয়কে বলবো যে, বলিষ্ঠ পদক্ষেপে আপনি এই ব্যাপারে নিয়েছেন, যে সমস্ত দুর্বলতা তাঁর এখনো রয়েছে, সেসব দূর ক'রে ঝেড়ে ফেলে দিয়ে তিনি আরো বলিষ্ঠতর পদক্ষেপ এই সম্পর্কে নিন—এজন্য আপনাকে আরো বেশী ক'রে সমর্থন জানাবো, আপনার পাশে এসে দাঁড়াবো।

আর একটা কথা চ্যাপ্টার সেভেন-এর সেক্সান ৬৭ সম্বন্ধে বলবো। সেখানে কমিটি ফরমেশান-এর কথা বলা হয়েছে। তাদের পাওয়ার, ফাংসান কি হবে, কাদের নিয়ে করা হবে তা বলা হয় নাই। তাই আমার আশঙ্কা, আবার আমলারা সব কিছু করবেন কিনা, তাদের দ্বারা সব কিছু হবে কি না। এটা তিনি কেন পরিস্কার ক'রে বলে দেন নাই জানি না। আইনের মধ্যে সে সম্বন্ধে একটি প্রভিসান থাকলে আরো ভাল হ'ত বিলটি আরো সুন্দর হত।

[6-40—6-53 p.m.]

আরও ভাল হত। আমলারা করবেন, আমলাদের উপর ছেড়ে দেওয়া বুদ্ধিমানের কাজ হবে না ব'লে আমাদের বক্তব্য। আর একটা কথা সর্বশেষে ব'লে আমার বক্তব্য শেষ করবো। নিরক্ষরতা দূরীকরণে যদি আগ্রহ সৃষ্টি না করতে পারি যতই ফ্রি অ্যান্ড কম্পালসারী প্রাইমারি এডুকেসনের কথা বলি, যতই আইন করি, গার্জেনদের শাস্তি দেওয়ার কথা বলি, কিন্তু একজন গার্জেন বা ক্ষেত মজুর, একজন কৃষক। একজন ভাগচাষী সে যদি বুঝতে না পারে অক্ষরজ্ঞানের আবশ্যকতা, তা হ'লে সে ছেলেকে স্কুলে নিয়ে যাবে না, নিয়ে যাওয়ার জ্ঞান তার জন্মাবে না। মাননীয় শিক্ষামন্ত্রী নদীয়া জেলার নিরক্ষরতা দূরীকরণ সম্মেলনে গিয়েছিলেন। তিনি সেখানে বলেছিলেন আমাদের প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার সর্বোতভাবে চেষ্টা প্রায় শতকরা ৭০ ভাগ মানুষ নিরক্ষর রয়েছে তাকে সাক্ষর ক'রে তোলার। কারণ এদের যদি সাক্ষর জ্ঞান না দেওয়া যায় তা হ'লে হবে না। আমি তাঁর সঙ্গে একমত হয়ে আজকে এখানে সেই কথাটাই তুলে ধরি। সোভিয়েট রাশিয়ার উদাহরণের কথা আনবো না, বা অন্যান্য জায়গার উদাহরণ আনবো না বা আফ্রিকার যে সমস্ত দেশে শিক্ষাক্ষেত্রে গুরুত্ব দেওয়া হচ্ছে সেসব কথাও বলবো না। কিন্তু আমাদের দেশে যে সীমিত সম্পদ আমরা তাতে যেটুকু পারি এই যে বিরাট নিরক্ষর মানুষ রয়েছে তাতে তাদের অক্ষরজ্ঞান দেওয়ার কথা বলবো। তার সঙ্গে ফ্রি অ্যান্ড কম্পালসারি ইউনিভার্সিয়াল এডুকেসান যাতে আস্তে আস্তে এগিয়ে যাওয়া যায় সেদিকে দেখতে হবে। পয়সা-কড়ি পাওয়া যাবে। সদিচ্ছা থাকলে পয়সা-কড়ির অভাব হবে না। এই যে বিলটা এনেছেন তাতে কিছু কিছু ত্রুটি রয়েছে যেকথা আমরা বলেছি সেগুলি বিবেচনা করবেন সেই অনুরোধ ক'রে মাননীয় শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানিয়ে সামগ্রিকভাবে বিলকে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Twenty-sixth Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the Twenty-sixth Report of the Business Advisory Committee which at its meeting held on 3rd May, 1973, in my Chamber considered the question of allocation of date and time for disposal of legislative business and recommended as follows:

Saturday, 5-5-73 ... (i) Business remaining from 4th May, 1973—2 hours.

(ii) The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1973 (Introduction, Consideration and Passing)—½ hour.

(iii) Motion under rule 185 by Shri Gyan Singh Sohanpal regarding appointment of Chief Justice of India—2 hours.

(As there has been some amendment the motion stands in the name of Shri Gyan Singh Sohanpal instead of Shri Satyranjan Bapuli and Shri Kumar Dipti Sen Gupta.)

There will be no Question, Calling Attention or Mention Cases on that day, i.e. on Saturday, the 5th day of May, 1973.

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that the Twenty-sixth Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

The West Bengal Primary Education Bill, 1973

শ্রীগিয়াসুদ্দিন আমেদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় ওয়েস্ট বেঙ্গল প্রাইমারী এডুকেসান বিল, ১৯৭৩ যা উপস্থাপন করেছেন তাকে আমি অকুণ্ঠভাবে সমর্থন জানাই। সমাজতন্ত্র প্রতিষ্ঠার পথে এই বিলটি একটি বলিষ্ঠ ও সুনির্দিষ্ট পদক্ষেপ। ইতিপূর্বে যে দুটি বিল পশ্চিমবঙ্গে চালু ছিল ১৯৩০ সালের বেঙ্গল রুর‍্যাল প্রাইমারী এডুকেসান অ্যাক্ট এবং ১৯৬৩ সালের ওয়েস্ট বেঙ্গল আর্বান প্রাইমারী এডুকেসান অ্যাক্ট—এগুলি কলিকাতা মহানগরীর ক্ষেত্রে প্রযোজ্য ছিল না। আজকে সমস্ত ধরনের প্রাইমারী শিক্ষাকে একই ব্যবস্থার মধ্যে আনার জন্য এবং শিক্ষাকে সার্বজনীন, অবৈতনিক ও বাধ্যতামূলক করার জন্য এই বিলটি উপস্থাপন করা হয়েছে। মাননীয় শিক্ষামন্ত্রী এই বিলটি উত্থাপন ক'রে তিনি অত্যন্ত আন্তরিকতার ও উদার মনোভাবের পরিচয় দিতে পেরেছেন। এই বিলটি প্রথমে যখন উপস্থাপন করা হয়েছিল এবং সেখানে যে সমস্ত অ্যামেন্ডমেন্ট উপস্থিত করা হয়েছিল তিনি সেগুলি গ্রহণ করেছেন এবং তিনি অত্যন্ত উদার দৃষ্টিতে এই সমস্ত অ্যামেন্ডমেন্ট গ্রহণ করেছেন। কিন্তু জনগণের সক্রিয় সহযোগিতা ভিন্ন কোন প্রচেষ্টাকে যথাযথ রূপ দেওয়া যায় না। এই বিলে যথাক্রমে শিক্ষাব্রতী, শিক্ষক, অভিভাবক সকলেরই সহযোগিতা গ্রহণ করার ব্যবস্থা করা হয়েছে। এই বিলে বিভিন্ন ভাষাভাষী সংখ্যালঘু অনুন্নত সম্প্রদায় সকলেরই প্রতিনিধিত্ব করার ব্যবস্থা করা হয়েছে। শিক্ষা বিস্তারের জন্য যে বিরাট ব্যয়ভার আসবে তা সংগ্রহ করার জন্য সেস এবং অন্যান্য ট্যাক্স বসানোর মাধ্যমে অর্থ সংগ্রহ করার ব্যবস্থা করা হয়েছে। ইতিপূর্বে ফাইন্যান্স ডিপার্টমেন্টের টাল-বাহনার ফলে গাফেলতির ফলে শিক্ষকদের মাহিনা মাসে মাসে দেওয়া সম্ভব হ'ত না। এখন থেকে প্রাথমিক শিক্ষক সম্পর্কে যে তহবিল সেটা ঐ কমিটির হাতে থাকবে। তাই অর্থনৈতিক ক্ষেত্রে বিপর্যয় ইতিপূর্বে দেখা দিত সেই বিপযয়ের হাত থেকে আমরা রক্ষা পেরে পারবো। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, সরকারী অর্থ যাতে যথাযথভাবে ব্যয়িত হয় তার তদারকি করার জন্য অডিটের ব্যবস্থা থাকা দরকার। এবং তার জন্য মাসে মাসে অডিট করার জন্য একজন স্পেশাল অফিসার নিয়োগ ক'রে এই ফান্ড-এর হিসাব-নিকাশ যাতে যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা হয় তার ব্যবস্থা করার দরকার আছে। এই বিলে একটি অভিনব জিনিসের ব্যবস্থা করা হয়েছে। সেটা হচ্ছে ওয়েল ফেয়ার কমিটি। ইতিপূর্বে শিক্ষক ও অভিভাবকদের মধ্যে সত্যিকারের কোন যোগসূত্র ছিল না। সেইজন্য শিক্ষা ব্যবস্থা ঠিকমত সুষ্ঠুভাবে চলতে পারে নি। অভিভাবক, শিক্ষক ও ছাত্রদের মধ্যে যোগসূত্র সৃষ্টি করবার জন্য এই ওয়েল ফেয়ার কমিটি গঠন করা হয়েছে। শিক্ষা ঠিকভাবে পরিচালিত হচ্ছে কিনা এই কমিটির মাধ্যমে সেটা যথাযথভাবে দেখা সম্ভব হবে। এই বিলে ছয় থেকে এগার বছরের ছেলেমেয়েদের শিক্ষা বাধ্যতামূলক করা হয়েছে। কিন্তু সর্বশ্রেণীর ছেলেমেয়েদের বাধ্যতামূলক শিক্ষা গ্রহণ করা সম্ভব নয়। অ্যামেন্ডমেন্টের মাধ্যমে সেদিকে লক্ষ্য করা হয়েছে। এবং আমি আশা করি যে, এই প্রাইমারী স্কুলে আসার যোগ্য তাদের অধিকাংশ এই বাধ্যতামূলক শিক্ষার সুযোগ গ্রহণ করতে পারবে ব'লে আমার ধারণা।

প্রাথমিক শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে বর্তমান বিলে যে ব্যবস্থা করা হয়েছে তাতে এক কারিকুলাম এবং এক সিলেবাস কলকাতা শহর, জেলা শহরগুলি এবং গ্রামাঞ্চলে একটি সিমেট্রিক্যাল কারিকুলাম সিলেবাস পরিচালিত হবে। তাতে সেম সেন্টিমেন্ট সমস্ত স্টুডেন্টসদের মধ্যে গড়ার একটা সুযোগ হবে এবং সেই শিক্ষা ব্যবস্থার মধ্যে আমার মনে হয় শারীরিক বিষয়ই বলুন এবং খেলাধুলোই বলুন তার যে ব্যবস্থা সেটা অবশ্যই একটা পাঠ্যসূচির

বিষয় হওয়া উচিত, এই কথা আমি একজন শিক্ষক হিসাবে বলছি। গ্রামের পাঠশালায় যেসমস্ত ছেলেমেয়ে লেখাপড়া করতে আসে তারা অত্যন্ত দরিদ্র। এই যখন একটি সামগ্রিক বিল আনা হচ্ছে তখন এই গ্রামের দরিদ্র ছেলেমেয়েদের জন্য অন্ততঃ একটা টিফিনের ব্যবস্থা এই বিলে থাকা উচিত ছিল ব'লে আমি মনে করি। ডিস্ট্রিক্ট কাউন্সিলগুলির উপর গ্রামাঞ্চলের অন্ততঃ প্রাইমারী বিল্ডিংগুলি গঠন এবং মেরামতের দায়িত্ব অর্পণ করার ব্যবস্থা এই বিলে থাকা উচিত ছিল। কারণ এই বিল্ডিংগুলি মেরামত এবং তৈরির জন্য সরকারের যে অর্থ ব্যয় হয় আমি গ্রামের লোক হিসাবে দৃঢ়তার সঙ্গে বলতে পারি যে, সেই টাকার অধিকাংশ অংশই অপব্যয় হয়। আমি সর্বশেষে মাননীয় সদস্য হরশঙ্করবাবুকে সমর্থন ক'রে একটি কথা বলতে চাই গ্রামের লোক হিসাবে আমরা ভুক্তভোগী, আমাদের জানা আছে বহু ছেলেমেয়ে প্রথম থেকে স্কুলে নিশ্চয় যায়, কিন্তু প্রাথমিক স্ট্যান্ডার্ড পর্যন্ত লেখাপড়া তারা কখন শেষ করে নি। আমরা যদি বাধ্যতামূলকভাবে ছেলেমেয়েদের স্কুলে পাঠাবার ব্যবস্থা করি, তার লাস্ট অ্যাচিভ-মেন্ট কি হ'ল সেটা তদারকির ব্যবস্থা যদি না করি, তা হ'লে আমাদের উদ্দেশ্য যতই মহৎ হোক না কেন আমরা যেটা করতে যাচ্ছি সেই উদ্দেশ্য কখনই সফল হতে হতে পারে না। কমিটিগুলি, কাউন্সিলগুলি আরো সঙ্কুচিত হওয়া উচিত। এই বিষয়ে মাননীয় অন্যান্য সদস্যরা যেমত প্রকাশ করেছেন সে বিষয়ে আমি একমত। বিভিন্ন সংস্থা গঠনকালে প্রথম দিকে যে উৎসাহ পরিলক্ষিত হচ্ছে দেখা যাবে বিভিন্ন কমিটিগুলির মধ্যে ভবিষ্যতে সুনামের সাথে কাজ করা কঠিন হয়ে পড়বে। মাননীয় শিক্ষামন্ত্রী অত্যন্ত সহানুভূতির সঙ্গে এবং উদার মনোভাব নিয়ে যে বিল উপস্থাপিত করেছেন—বহু প্রতীক্ষিত এই বিল আনার জন্য আমি তাঁকে আবার অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

Adjournment

The House was then adjourned at 6-53 p.m. till 1 p.m. on Friday, the 4th May, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 4th May, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 10 Ministers, 4 Ministers of State, I Deputy Minister and 133 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an oath or affirmation of allegiance may kindly do so.

(There was none to take oath.)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

বাঁকুড়া জেলায় পুলিসের সংখ্যা বৃদ্ধি

***১১৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৫৬।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বাঁকুড়া জেলায় থানাওয়ারী পুলিস কনস্টেবল, হাবিলদার, পুলিস ইন্সপেক্টর এবং সাব-ইন্সপেক্টরের সংখ্যা কত;

(খ) সরকার কি অবগত আছেন যে, উক্ত জেলায় বিভিন্ন থানায় প্রয়োজনীয়সংখ্যক পুলিস না থাকায় বিভিন্ন ঘটনাস্থলে সময়মত পুলিস হাজির হইতে পারে না এবং ফলে নানা অসুবিধা দেখা দিতেছে; এবং

(গ) অবগত থাকিলে,—

(১) প্রয়োজনীয়সংখ্যক পুলিস না থাকার কারণ কি, ও

(২) পুলিস বাড়ানোর কোন পরিকল্পনা আছে কি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ (ক) একটি বিস্তারিত বিবরণ সংশ্লিষ্ট করা হল।

(খ) পুলিসের অপ্রতুলতা থাকা সত্ত্বেও বিভিন্ন ঘটনাস্থলে পুলিস যথাসম্ভব ঠিক সময়মত হাজির হয়।

(গ) (১) উপযুক্ত অর্থাভাবই ইহার প্রধান কারণ।

(২) এ বিষয়ে মহা-আরক্ষা পরিদর্শক প্রয়োজনীয় তথ্যাদি পরীক্ষা করিতেছেন, এবং সময়মত সরকারের কাছে প্রস্তাব পেশ করিলে বিষয়টি বিবেচিত হইবে।

বিস্তারিত বিবরণ

থানার নাম	ইন্সপেক্টর	সাব-ইন্সপেক্টর	এ এস আই	হেড-কনস্টেবল	কনস্টেবল
(১) বাঁকুড়া	..	৬	৫	..	১৮
(২) বাঁকুড়া টি ও পি ..	..	১	..	৪	৪৭
(৩) স্কুলডাঙ্গা টি ও পি ..	..	..	..	২	২৩
(৪) রাজগ্রাম টি ও পি ..	..	..	..	২	১৭
(৫) ছাতনা	..	২	২	..	১২
(৬) ঝন্টিপাহাড়ী (ও পি) ..	..	..	১	..	৬
(৭) গঙ্গাজলঘাটি ..	..	১	১	..	৮
(৮) মেঝিয়া	..	১	১	..	৮
(৯) সালতোলা	..	১	১	..	৮
(১০) বড়জোড়া	..	২	২	..	১২
(১১) ওন্দা	..	২	২	..	১২
(১২) পানিশোল (ও পি) ..	..	..	১	..	৬
(১৩) তালডাঙ্গা	..	১	১	..	৮
(১৪) আমডাঙ্গা (ও পি) ..	..	..	১	..	৬
(১৫) রায়পুর	..	৩	৩	..	১৪
(১৬) বক্সি (ও পি) ..	..	..	১	..	৬
(১৭) মণ্ডলডিহা (ও পি) ..	..	..	১	..	৬
(১৮) খাৎরা	..	২	২	..	১২
(১৯) গড়বাড়ী (ও পি) ..	..	..	১	..	৬
(২০) রাণীবাঁধ	..	২	২	..	১২
(২১) ঝিলিমিলি (ও পি) ..	..	..	১	..	৬
(২২) ইন্দপুর	..	১	১	..	৮
(২৩) খাগ্‌ড়া (ও পি) ..	..	..	১	..	৬
(২৪) সিমলাপাল ..	..	২	২	..	১২
(২৫) বিষ্ণুপুর	..	৪	৪	..	১৬
(২৬) বিষ্ণুপুর (টি ও পি) ..	..	..	..	৫	৫৬
(২৭) রাধানগর (ও পি) ..	..	..	১	..	৬
(২৮) জয়পুর	..	২	২	..	১২
(২৯) কোটালপুর ..	..	২	২	..	১২
(৩০) সিরোমোমপুর (ও পি) ..	..	..	১	..	৬
(৩১) সোনামুখী	..	২	২	..	১২
(৩২) সোনামুখী (টি ও পি) ..	..	..	..	৩	৩৬
(৩৩) ইন্দাস	..	১	১	..	৮
(৩৪) পাত্রসায়ের ..	..	১	১	..	৮

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, পুলিসের অপ্রতুলতা থাকা সত্ত্বেও পুলিস ঠিকসময় হাজির হয়। মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি, বাঁকুড়ার বিভিন্ন থানাতে এমন ঘটনাও হয় যে, পুলিস দুদিন পরেও যেতে পারে না?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ এরকম কোন খবর আমার জানা নেই। তবে মাননীয় সদস্য যদি জানান, তা হলে তদন্ত করে দেখা হবে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ বর্তমানে বাঁকুড়া জেলার যে ৩৪টি থানার কথা বললেন তাতে সাব-ইন্সপেক্টার কতজন আছেন, এ এস আই কতজন আছেন, হেড কনস্টেবল কতজন আছেন মন্ত্রিমহাশয় জানাবেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে টোট্যালটা করা নেই, তবে যে লিস্ট দিয়েছি তাতে থানা-ওয়ারী সব কিছু দেওয়া আছে। সেখানে ইন্সপেক্টার, সাব-ইন্সপেক্টার, এ এস আই, হেড কনস্টেবল কতজন আছেন ডিটেলস দেওয়া আছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ৩৪টি থানায় ইন্সপেক্টার নেই, ১৪টি থানায় সাব-ইন্সপেক্টার নেই, ৫টি থানায় এ এস আই নেই, ২৯টি থানায় হেড কনস্টেবল নেই। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই না থাকার কারণ কি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যে সংখ্যা কম আছে তার একমাত্র কারণ হচ্ছে অর্থনৈতিক কারণ। তা সত্ত্বেও বাঁকুড়া জেলাতে ১৯৭০ সালে আমরা ৭ জন এস আই, ৬ জন এ এস আই এবং ১০ জন কনস্টেবল স্যাংসান করেছি ৭টি থানাতে। তা ছাড়া সরকারের প্রতি থানাতে ১ জন এস আই, একজন এ এস আই ও ৮ জন করে কনস্টেবল দেবার প্রস্তাব বিবেচনাধীন আছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ প্রতি থানাতে কি কি শ্রেণীর কত পুলিস কর্মচারী থাকার নিয়ম আছে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ প্রতি থানাতে একজন ও সি থাকবেন, কনস্টেবল, হেড-কনস্টেবল ইত্যাদি সব থাকবেন।

শ্রীকাশীনাথ মিশ্রঃ যেসব থানাতে নেই তা না থাকার কারণ হিসাবে বলেছেন অর্থনৈতিক কারণে নেই। কিন্তু নিয়ম তো আছে যে, এই এই ক্যাটাগরির লোক থাকবেন। তা হলে আমার জিজ্ঞাস্য, এখানে আর্থিক অপ্রতুলতার বা বিপর্যয়ের কথা আসছে কেন?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ পর্যাপ্ত পরিমাণে পুলিস পারসোন্যাল আমাদের নেই, সেইজন্য দিতে পারি নি। যাতে দিতে পারি সে চেষ্টা করছি। দিতে গেলে তো আমাদের রিক্রুটমেন্ট করতে হবে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি আজকে যেসব লোক লাগবে, পশ্চিমবাংলায় যে বেকার সমস্যা আছে তাতে এখানে কিছু লোককে নিয়োগ করা যায় এবং তাতে বেকার সমস্যা কিছু দূর হতে পারে। কাজেই এই ব্যাপারে আপনি চিন্তা করছেন কিনা?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ নিশ্চয়ই কিছু ছেলে নিতে পারলে বেকার সমস্যা কিছুটা সমাধান হবে। এখন প্রশ্ন হচ্ছে এখানে বেশী পয়সা খরচ করবো, না অন্য ডেভলপমেন্ট ওয়ার্কের কাজে বেশী খরচ করবো। কাজেই যেভাবে রিক্রুটমেন্ট হচ্ছে সেইভাবে অ্যালটমেন্ট হবে।

শ্রীফণীভূষণ সিংহবাবুঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, বাঁকুড়া জেলায় ১৯৭২ সালের মে মাসে কিছু কনস্টেবলের জন্য ইন্টারভিউ করে প্যানেল করা হয়েছে। এখন এই যে কনস্টেবলের অভাব সম্পর্কে যারা প্যানেলভুক্ত তারা পায় নি কেন?

ডাঃ মহম্মদ ফজলে হকঃ এটা আমার জানা নেই। আপনি নোটিস দিলে বলতে পারবো।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি এই যে পুলিস কর্মচারী প্রতিটি থানায় কম আছে বলে সংখ্যা বৃদ্ধি করার জন্য প্লেস করা হয়েছে এবং প্রস্তাব বিবেচনা করছেন। এখন এই বিবেচনা কতদিন ধরে করবেন দয়া করে সেটা জানাবেন কি?

ডাঃ মহম্মদ ফজলে হক: কতদিনে বলতে পারছি না। যত তাড়াতাড়ি হয় চেষ্টা করছি। তবে একটা প্রোপোজাল ফিনান্স ডিপার্টমেন্টে দেওয়া আছে; ফিনান্সের স্যাংশান হলেই হবে।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় মন্ত্রিমহাশয়, এই যে পরিস্থিতি হয়েছে, প্রত্যেক জায়গায় এইরকম দুর্ঘটনা ঘটছে। উনি বললেন যে, প্রত্যেক জায়গায় অপ্রচুর সংখ্যা থাকলেও নিয়মিত হাজির হয়। এটা প্রকৃত উত্তর নয়, মাননীয় মন্ত্রিমহাশয় কি এটা স্বীকার করবেন?

Mr. Speaker: This question is disallowed.

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—মেদিনীপুর, বাঁকুড়া জেলার যে এলাকায় বর্তমানে চুরি-ডাকাতি বেড়ে গেছে সেই এলাকায় বেশী পুলিস নিয়োগ করে চুরি-ডাকাতি যা হচ্ছে সেটা বন্ধ করার ব্যবস্থা হচ্ছে কিনা?

ডাঃ মহম্মদ ফজলে হক: মাননীয় সদস্য কোন্ এলাকার কথা বলছেন, সেটা আমি বুঝতে পারছি না। নিশ্চয়ই যদি সেইরকম এলাকার কথা বলা হয়, তা হলে নোটিস দিন আমি জানাবো।

শ্রীবীরেন্দ্রবিজয় মল্লদেব: মাননীয় মন্ত্রিমহাশয়, মেদিনীপুর, বাঁকুড়া জেলার বর্ডার এলাকা ঝাড়গ্রাম সেখানে অত্যন্ত চুরি-ডাকাতি হচ্ছে আমি সেই এলাকার কথা বলছি। এটা বন্ধ করা হচ্ছে কিনা?

ডাঃ মহম্মদ ফজলে হক: সেখানে যদি চুরি-ডাকাতি হয়ে থাকে, নিশ্চয়ই তদন্ত করে দেখবো এবং চুরি ডাকাতি যাতে বন্ধ হয় তার ব্যবস্থা করবো।

শ্রীখান নাসিরুদ্দিন: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—এই সরকার প্রতিষ্ঠিত হবার পর মাননীয় মুখ্যমন্ত্রী একটা স্টেটমেন্ট দিয়েছিলেন ১২৩ জন সাব-ইন্সপেক্টারকে রিক্রুট করছেন। এগুলি কি অ্যাপয়েন্টমেন্ট হয়েছে বা পোস্টিং হয়েছে কিনা?

ডাঃ মহম্মদ ফজলে হক: তাদের সব সিলেকশান হচ্ছে এখন ট্রেনিং হবে।

পেট্রোলের চোরাকারবার

***১১৭২।** (অনুমোদিত প্রশ্ন নং *২২২৭।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিক:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আলিপুর থানাধীন এলাকায় পেট্রোলের চোরাকারবারীদের নিকট হইতে আলিপুর থানা, নিউ আলিপুর থানা গোয়েন্দা বিভাগের অ্যান্টি-রাউডি সেকশন, ট্রাফিক, ওয়ারলেস সেকশন টাকা ঘুষ লইয়া চোরাকারবারীদের উক্ত কার্যে সহায়তা করিয়া থাকেন এইরূপ কোন সংবাদ সরকার অবগত আছেন কি; এবং

(খ) অবগত থাকিলে,—

(১) প্রথম কখন এবং কিভাবে এই সংবাদ সরকারের গোচরে আসিয়াছিল, ও

(২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: (ক) এইরূপ কোন তথ্য সরকারের জানা নাই।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

[1-10—1-20 p.m.]

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মন্ত্রিমহাশয় নিশ্চয়ই অবগত আছেন গত ১০ই জুন, ১৯৭২ তারিখে এই সংবাদ সর্বপ্রথম তর্পণ পত্রিকায় প্রকাশিত হয় এবং বিভিন্ন মন্ত্রী এবং বড় বড় সরকারী অফিসারকে এটা আন্ডার সার্টিফিকেট অব পোস্টিং করে পাঠানো হয়। গত ২৯এ এপ্রিল বসুমতী এবং যুগান্তর পত্রিকায় ফার্স্ট পেজে বড় বড় হেডলাইনে এটা প্রকাশ হয়, অমৃতবাজার পত্রিকাতেই এই সংবাদ সমানভাবে প্রকাশিত হয়েছে, তারপর কি আপনি বলতে চাইছেন যে, আপনার এবং সরকারের এই বিষয়ে জানা নেই?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এটা প্রমাণিত সত্য নয়, এটা তথ্য নয়, এটা সংবাদপত্রে বেরিয়েছে মাত্র।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন যে, গত ১৮ই এপ্রিল কলকাতার এনফোর্সমেন্ট ব্রাঞ্চের এস পি কমলেশ রায়ের নেতৃত্বে আলিপুর থানার অন্তর্গত একটা ভূগর্ভস্থ স্থান আছে, যেখানে কেরোসিন, ডিজেল, পেট্রল লুকানো আছে আন্ডারগ্রাউন্ড ট্যাঙ্কে এবং সেখান থেকে এইগুলোর চোরাকারবার চলছে, রূপায়ণ সিনেমার পাশে বেশ কিছু বিঘা জমির উপর আন্ডারগ্রাউন্ড ট্যাঙ্ক রয়েছে, সেখান থেকে বিগত চার বছর ধরে, বিগত যুক্তফ্রন্ট সরকারের আমল থেকে চোরাকারবারী চলছে এবং এটা রেড করা হয়েছে গত ১৮ই এপ্রিল, এর পরও কি আপনি বলতে চাইছেন যে, সে সম্বন্ধে কিছু জানেন না এবং এনকোয়ারী করে রিপোর্ট দেবেন? সে সম্পর্কে সত্য তথ্য কেন পরিবেশন করছেন না?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এটা আমি নোটিসে আনলাম, আমি এই বিষয়ে তদন্ত করে দেখবো।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: এই সংবাদ সংবাদপত্রে প্রকাশিত হবার পর জনৈক সাংবাদিক দেবাশীষ মুখার্জীকে ঐ থানার পুলিস অন্যায়ভাবে অত্যাচার করে এবং সে সম্বন্ধে এখানে হাউসে মেনশন করা হয়েছিল, সে সম্বন্ধে আপনি কোন ব্যবস্থা করেছেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এই বিষয় নিয়ে হাউসে একটা প্রশ্ন উঠেছিল, আমি তার পরিপ্রেক্ষিতে বলছি যে, ঐ সাংবাদিক দেবাশীষ মুখার্জীকে অন্য কেসে ধরা হয়েছে, এর সঙ্গে তার কোন সংযোগ নেই এবং আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে আমি নিজে এই বিষয়টা নোটিসে আনলাম, এটা তদন্ত করে দেখবো, এর বেশী কিছু বলতে চাই না।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: এই সংবাদ প্রকাশ করার জন্য ঐ সাংবাদিককে লাঞ্ছনা করা হয়েছে, এই কথা কি সত্য?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: কখনই নয়, এই কেসটা মেনশন হয়েছিল, একটা সিনেমা হলের তছরুপের দায়ে তাকে অ্যারেস্ট করা হয়েছিল।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: আজকে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে কেরোসিন, পেট্রল, ডিজেলের যখন দারুন অভাব দেখা দিয়েছে এবং সরকারের যেসমস্ত ট্যাঙ্কগুলো আসছে বুঝতে পেরে এইসব জিনিস যে আন্ডারগ্রাউন্ডে লুকিয়ে রাখা হল, এদের সম্বন্ধে কোন ব্যবস্থা সরকার থেকে করা হল না কেন?

(নো রিপ্লাই।)

শ্রীতৃপ্তিময় আইচ: মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, পেট্রল-এর চোরাকারবারের সঙ্গে যারা জড়িত আছে তাদের নাম এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট জানে এবং আমরা জানতে পারলাম যে স্থানীয় থানা যেকোন কারণেই হোক তাদের আইডেনটিফাই করে দিচ্ছে না, এই বিষয়ে মন্ত্রি-মহাশয় কিছু বলবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: নির্দিষ্ট অভিযোগ সম্বন্ধে আমাকে জানালে আমি স্টেপ নেব।

শ্রীমহম্মদ সফিউল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি জানাতে চাই যে, এই বিষয়টা আমি মেনশন করেছিলাম বিধানসভায় ডেফিনিটলি যে, রূপায়ণ সিনেমার পাশে এইভাবে এইসব জিনিসের চোরাকারবারী চলছে এবং আমরা যেটা এখানে মেনশন করি সেটা ডিপার্টমেন্টে চলে যায়, অথচ আপনি বলছেন যে, সংবাদপত্রে খবর বেরিয়েছে। তার ভিত্তিতে কোন ব্যবস্থা অবলম্বন করেছিলেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : এটা প্রমাণিত সত্য নয়, এটা তদন্ত করার ব্যবস্থা করবো এবং সেই বিষয়ে তথ্য আপনাদের জানাবো।

শ্রীমহম্মদ সফিউল্লা : আমাদের কাছে ফোটো আছে, তথ্য আছে এবং সংবাদপত্রের বহু কাটিংস আছে, এনফোর্সমেন্ট ডিপার্টমেন্টের বড় বড় অফিসাররা এর মধ্যে যুক্ত আছে, তিনি জানেন এই বিষয়টা সত্য, কিন্তু কেন তিনি আমাদের কাছে সত্য তথ্য পরিবেশন করছেন না বুঝতে পারছি না।

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : আমি নিজে বলছি বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এই বিষয়ে তদন্ত করবার ব্যবস্থা করবো এবং সত্যকারের ঘটনাটা কি তা যাতে উদ্ঘাটন হয় তার জন্য সরকারী প্রশাসন থেকে ব্যবস্থা অবলম্বন করা হবে।

শ্রীআবদুল বারি বিশ্বাস : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই পেট্রলের চোরা-কারবারীদের বিষয় নিয়ে যে ঘটনা চলেছে বলে অভিযোগ এসেছে এবং যা খবরের কাগজে বেরিয়েছে এবং যা কোশ্চেন আকারে মাননীয় সদস্য এনেছেন, এই সমস্ত বিষয়ে তদন্ত করে বিধানসভায় প্রকৃত ঘটনা কি, সে সম্পর্কে একটা স্টেটমেন্ট দেবেন কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : স্টেটমেন্ট দেওয়ার কথা এখনই দেওয়া যাচ্ছে না, তবে এর পর যদি আর একটা প্রশ্ন করেন, তা হলে সব জেনে তা উত্তর দেওয়ার সময় বলব।

শ্রীতুহিনকুমার সামন্ত : মাননীয় মন্ত্রিমহাশয় স্টেটমেন্টের কথা বলতে পারছেন না, তবে তিনি এই বিষয়ে কত দিনের মধ্যে তদন্ত করে তার ফল এই হাউসকে জানাবেন সেটা বলবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : নির্দিষ্ট দিন, তারিখ বলা যাচ্ছে না। তবে তদন্ত করব এই প্রতিশ্রুতি দিচ্ছি এবং তদন্ত হয়ে যাওয়ার পর প্রশ্ন করলে বিধানসভায় তার উত্তর দেব।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক : খবরের কাগজের হেড লাইনে সংবাদ বেরিয়েছে, তার ফটো রয়েছে এবং এই সকল তথ্য রয়েছে এবং এটা একটা বিরাট গুরুত্বপূর্ণ বিষয়, কারণ পেট্রলের অভাব রয়েছে, গ্রামাঞ্চলে কেরোসিন তেল পাওয়া যাচ্ছে না, সুতরাং এখন পর্যন্ত কোন তদন্ত হয় নি কেন বলবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : এটা একটা গুরুত্বপূর্ণ বিষয় এবং এই ঘটনার তদন্ত করা উচিত এবং এখন পর্যন্ত কোন তদন্ত করা হয় নি। এটা করা উচিত সেই জন্য ওনার কাছে যেসব মেটিরিয়াল, ডকুমেন্টস আছে সেগুলি উনি আমাদের দিয়ে সাহায্য করবেন এবং ঐগুলি পেলে আমাদের ডিপার্টমেন্টের তদন্ত করতে সুবিধা হবে।

শ্রীতৃপ্তিময় আইচ : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, পেট্রলের মত অন্যান্য জিনিসেরও চোরাকারবার চলছে এবং এর সাথে কিছু কিছু পুলিস জড়িত আছে, এদের সম্পর্কে কোন ব্যবস্থা নেওয়া হবে কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায় : প্রমাণ দরকার হয়, প্রমাণ ছাড়া হয় না।

শ্রীতুহিনকুমার সামন্ত : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি তেলের যে চোরাকারবার হচ্ছে এটা সম্পর্কে আপনার কাছে কোন রিপোর্ট আছে কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ সব জিনিসেরই চোরাকারবার হয়, সুতরাং তেলেরও হতে পারে।

শ্রীশরৎচন্দ্র দাসঃ মাননীয় মন্ত্রিমহোদয় (ক) প্রশ্নের জবাবে বললেন 'না'। কিন্তু সংবাদপত্রে এই সংবাদ বেরিয়েছে, হাউসে মেনশন হয়েছে, সুতরাং এই প্রশ্নের পরিপ্রেক্ষিতে তিনি কি করে বললেন যে, 'না'। এটার তাৎপর্যটা একটু বুঝিয়ে দেবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ তাৎপর্যের কিছুই নেই, মেটিরিয়াল ডকুমেন্টস দিয়ে প্রমাণ না থাকার জন্যই না বলা হয়েছে। আমি তো বলছি যে, তদন্ত হওয়া দরকার এবং আসল সত্যকে উদ্ঘাটিত করে সত্যকে আপনাদের সামনে আনা দরকার। আমরা তদন্ত করব এবং এই বিষয়ে যাদের হাতে মেটিরিয়াল ডকুমেন্টস আছে, তারা সেইগুলি নিয়ে আমাদের সঙ্গে যোগাযোগ করুন এবং সহ-যোগিতা করুন।

শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, তদন্ত করবেন, কিন্তু কিছুদিন থেকে দেখছি পুলিস প্রসাশনের বিশেষ করে উচ্চপদস্থ কর্মচারী যারা, তারা নানারকম অভিযোগে অভিযুক্ত বলে হাউসে বহু সদস্য বলছেন। সুতরাং আমরা এই বিষয়ে খুবই আশঙ্কাগ্রস্ত, এই তদন্ত যাদের বিরুদ্ধে অভিযোগ রয়েছে তাদের দিয়ে করাবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ অভিযোগ প্রমাণ হওয়া দরকার, অভিযোগ থাকলেই তাকে বের করে দেওয়া যায় না। অভিযোগ প্রমাণ করতে পারলে আমাদের সরকার যে কোন অফিসারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবেন এবং এইরূপ উদাহরণ আছে। সুতরাং তদন্ত করা হবে এবং এই সরকারের যে মেশিনারিস আছে তার দ্বারাই তদন্ত করা হবে।

[1-20—1-30 p.m.]

Mr. Speaker: I repeat the questions.

*1169 (Held over)
*1170 (Not called)
*1171 (Not called)
*1173 (Held over)
*1174 (Not called)
*1175 (Not called)
*1176 (Held over)
*1177 (Not called)
*1178 (Not called)

Mr. Speaker: I now allow Mr. Panja to give reply to the Starred Question No. *1171 in the public interest.

কলিকাতা করপোরেশনের নির্বাচন

*১১৭১। (অনুমোদিত প্রশ্ন নং *২৪০৯।) **শ্রীগণপতি সুরঃ** পৌরকার্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা করপোরেশনের পৌর প্রতিনিধি নির্বাচনের কোন বিষয় সরকার বিবেচনা করিতেছেন কি; এবং

(খ) করিয়া থাকিলে, পৌর নির্বাচন কবে নাগাত হইতে পারে?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ মাননীয় সদস্য শ্রী শূর অসুস্থ হয়ে পি জি হসপিট্যাল-এ আছেন। এটা ক্যালকাটা কর্পোরেশন-এর নির্বাচন নিয়ে প্রশ্ন, সুতরাং এর উত্তর দেওয়া ভাল।

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

ডাঃ এ এম ও গণিঃ বছরখানেক হল ক্যালকাটা কর্পোরেশন নিয়ে নিয়েছেন, এখন কি সেখানে ডেমোক্রেসি এস্টাব্লিশ করার কথা চিন্তা করছেন?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ নিশ্চয় ডেমোক্রেসি আনার জন্য আমরা চিন্তা করছি, তবে এখনও সময় আসে নি। অর্থাৎ যে যে কারণে কর্পোরেশন সুপারসিডেড হয়েছিল সেই কারণগুলি যতক্ষণ না দূর হচ্ছে বা বেশীর ভাগ দূর হচ্ছে ততক্ষণ পর্যন্ত এ প্রশ্ন ওঠে না।

শ্রীমতী ইলা মিত্রঃ সেই কারণগুলি কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ সেই কারণগুলি অনেক—তার মধ্যে রেটস অ্যান্ড ট্যাক্সেস ঠিকমত কালেকটেড হচ্ছিল না, কর্পোরেশন-এর মধ্যে এমপ্লয়ীদের সংগে সম্পর্ক নীচে নেবে আসায় কর্পোরেশন-এর কাজ ঠিকমত হচ্ছিল না ইত্যাদি অনেক কারণ আছে। সমস্ত কারণগুলি ফাইল থেকে টেবল লে করতে পারি।

শ্রীমতী ইলা মিত্রঃ সেই কাজগুলি কি এখন ভালভাবে হচ্ছে বলে মনে করেন?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ আমরা আপ্রাণ চেষ্টা করছি এগুলির উন্নতির জন্য এবং যথাসম্ভব পারসোনাল অ্যাটেনসান দিয়ে যাতে এর উন্নতি হয় তার জন্য যারা ভাল অফিসার তাঁদের দিয়ে কাজ করিয়ে দেখা হচ্ছে।

শ্রীমতী ইলা মিত্রঃ নির্বাচিত প্রতিনিধিদের প্রিভিলেজ তা থেকে তাঁরা বঞ্চিত। পারসোনাল অ্যাটেনশান দিয়ে উন্নতি করান যায় এতে আমরা বিশ্বাস করি না। সুতরাং নির্বাচনের তারিখ কি ঘোষণা করবেন?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এখন ঘোষণা করা যাচ্ছে না, চারিদিক বিবেচনা করা হচ্ছে।

ডাঃ এ এম ও গণিঃ এক বছরের মধ্যে হবে বলে কি আশ্বাস দিতে পারেন?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এখন আশ্বাস দিতে পারছি না।

'মিসা' আইনে আটক অসাধু ব্যবসায়ী, কালোবাজারী ও মুনাফাখোর

***১১৭৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২০২৭।) **শ্রীআফতাবুদ্দিন মণ্ডলঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) 'মিসা' আইন প্রবর্তন করার পর ২৩এ মার্চ, ১৯৭৩ পর্যন্ত কতজন অসাধু ব্যবসায়ী, কালোবাজারী ও মুনাফাখোরকে গ্রেপ্তার করা হইয়াছে; এবং

(খ) গ্রেপ্তারের পর আদালতের আদেশে ঐ সময় মধ্যে ঐরূপ কতজনকে সরকার ছাড়িয়া দিয়াছেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ এটা পাবলিক ইন্টারেস্টের প্রশ্ন বলে উত্তর দিতে চাই।

Mr. Speaker: If it is in the public interest that the reply should be given, I allow you to give the reply.

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ (ক) ২৯৭ জন।

(খ) ৯০ জন।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে ৯০ জনকে ছাড়া হয়েছে এর মধ্যে কালোবাজারী ব্যবসায়ী আছে কিনা?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়ঃ যথেষ্ট প্রমাণের অভাবে আদালত থেকে নির্দেশ দেওয়ায় ছেড়ে দেওয়া হয়েছে।

শ্রীমহম্মদ সফিউল্লা: আপনি গ্রেপ্তারের যে সংখ্যা দিলেন অর মধ্যে সমাজবিরোধী আছে কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এক সেন্সে সবাই সমাজবিরোধী।

শ্রীশিশিরকুমার সেন: এই যে ২৯৭ জনের মধ্যে ৯০ জনকে ছেড়ে দেওয়া বাদে যারা রয়েছে তাদের কি কারোর শাস্তি হয়েছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: মিসাটাই শাস্তি।

শ্রীশিশিরকুমার সেন: কোর্ট থেকে কোন পানিসমেন্ট হয়েছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: মিসার পর কোর্ট থেকে আর পানিসমেন্ট হয় না।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ৯০ জনকে আদালত থেকে ছেড়ে দেওয়া হয়েছে, তাদের বিরুদ্ধে অভিযোগ ছিল বলে ধরা হয়েছিল, হয়ত আইনের ফাঁক দিয়ে বেরিয়ে গেছে, তাদের বিরুদ্ধে আর কোন ব্যবস্থা গ্রহণের কথা ভাবছেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: তাদের কার্যকলাপের প্রতি লক্ষ্য রাখা হয়েছে, কিন্তু যথেষ্ট প্রমাণের অভাবে শাস্তি দেওয়া যেতে পারে নি।

শ্রীমহম্মদ সফিউল্লা: যেসমস্ত মুনাফাবাজী. কালোবাজারী আছে তাদের বিরুদ্ধে মিসা অ্যাপ্লাই করে গ্রেপ্তার করার সরকারের পরিকল্পনা আছে কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এটা তো পরিকল্পনা আছে, সেই অনুযায়ী কাজ হচ্ছে।

শ্রীনরেশচন্দ্র চাকী: হুইট প্রোকিওরমেন্ট আদেশ দেওয়ার পর সেই আদেশকে এক শ্রেণীর ব্যবসায়ী বিভিন্নভাবে অমান্য করে চলেছে এই সম্বন্ধে আপনার কাছে খবর আছে কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: নির্দিষ্ট কোন খবর নেই, আমরা বিভিন্ন লোক মুখে ইনফর্মাল সংবাদ পাচ্ছি।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন খাদ্য দপ্তর থেকে হোক ডিপার্ট-মেন্টকে জানান হয়েছে যে, বহু জেলায় গভর্নমেন্ট গমের যে রেট বেঁধে দিয়েছেন তার চেয়ে বেশী দামে গম কিনে অসাধু ব্যবসায়ীরা পশ্চিমবঙ্গের বাইরে গম চালান দিচ্ছে যার জন্য গমের প্রোকিওরমেন্ট ফেল করছে এটা কি ঠিক?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: সম্পূর্ণ ঠিক নয়, তবে এই সম্বন্ধে জনশ্রুতি আছে।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, যথেষ্ট ঠিক নয়, কিছু কিছু ঠিক, কিছু কিছু যদি ঠিক হয়, তা হলে এর জন্য হোম ডিপার্টমেন্ট থেকে কয়জনের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: আমি বলেছি লোকের কাছ থেকে শোনা আছে।

শ্রীখান নাসিরুদ্দিন: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন ৯০ জন আদালত থেকে ছাড়া পেয়েছেন! আমার প্রশ্ন হচ্ছে তারা হেবিয়াস কার্পাস করে ছাড়া পেল, না যে বোর্ড হয়েছিল সেই বোর্ড থেকে ছাড়া পেল?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: কিছু অ্যাডভাইসারী বোর্ড থেকে, কিছু আদালত থেকে।

শ্রীখান নাসিরুদ্দিন: সেটার সংখ্যা কত?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এগজাক্টলি বলতে পারছি না।

শ্রীখান নাসিরুদ্দিন: সেটা কি পরবর্তী কালে জানতে পারি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: তার জন্য নোটিস চাই।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, অসাধু ব্যবসায়ীদের মধ্যে যারা ভেজালকারী ধরা পড়েছে সেই ভেজালকারীদের উপর মিসা প্রয়োগ করে তাদের গ্রেপ্তার করার ব্যবস্থা করছেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এটা বহু পুরান প্রশ্ন, বহুবার বলা হয়েছে যে, এদের মিসায় গ্রেপ্তার করা হচ্ছে। আগামী দিনে প্রমাণ পেলে যেভাবে তদন্ত করছি ধরা পড়লে মিসায় শাস্তি দেওয়া হবে।

শ্রীতুহিনকুমার সামন্ত: বর্ধমান জেলার বরাকরে অনেক অসাধু ব্যবসায়ী হাজার হাজার টন চাল, গম চোরাকারবারী করছে, সেটা জনসাধারণ এবং যুবকদের তরফ থেকে হাতেনাতে ধরা হয় এবং তাদের থানায় দেওয়া হয়, কিন্তু তাদের বিরুদ্ধে মিসা করা হয় নি কেন মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: এটা অ্যালায়েড প্রশ্ন নয়, তবুও বলছি এই সম্পর্কে নির্দিষ্ট অভিযোগ যদি জানান, তা হলে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।

[1-30—1-40 p.m.]

শ্রীতুহিনকুমার সামন্ত: এর আগে আমরা দরখাস্ত করে জানিয়েছিলাম, কিন্তু কোন প্রতিকার পাই নি। আগামী দিনে মন্ত্রিমহাশয় আশ্বাস দেবেন কি যে তিনি নিশ্চয়ই করবেন?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: দিলাম।

শ্রীপরেশচন্দ্র গোস্বামী: মন্ত্রিমহাশয় খাদ্যের চোরাকারবারীদের সম্বন্ধে উত্তর দিলেন। আমার প্রশ্ন হচ্ছে ইদানিং কালে এই যে একটা বড় সমস্যা দেখা দিয়েছে তাঁত শিল্পে অর্থাৎ সুতো নিয়ে চোরাকারবারীরা সঙ্কট সৃষ্টি করেছে সে সম্পর্কে কোন আইন আনবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: বিশেষ বিশেষ কোন ব্যাপারে কোন পার্থক্য নেই। চোরাকারবারী-দের একটি মাত্র সংজ্ঞা এবং তাদের শাস্তি দেওয়া হবে।

শ্রীতৃপ্তিময় আইচ: হীরাপুর কেন্দ্র একজনের মিসা হয়েছিল, কিন্তু তিনি জেল খাটেন নি, বাইরে চলে গেলেন। তারপর দেখা গেল, তার মিসা ভ্যাকেট রইল। এটা কেন হল জানাবেন কি?

শ্রীসুব্রত মুখোপাধ্যায়: মাননীয় স্পীকার মহাশয়, যে প্রশ্ন করা হয়েছে সেটা থেকে এই প্রশ্ন আসে না।

Mr. Speaker: The question *986 is held over.

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

আলীপুর পুলিস ম্যাজিস্ট্রেটের আদালতে বিচারাধীন মামলা

*১১৭০। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৬৫।) **শ্রীজগদীশচন্দ্র দাস:** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার আলীপুর মহকুমায় পুলিস ম্যাজিস্ট্রেটের আদালতে ১৭ই জুলাই, ১৯৭২ তারিখে কতকগুলি মামলা বিচারাধীন ছিল;

(খ) তন্মধ্যে কতগুলি মামলা পুলিসী তদন্তের জন্য তারিখ দেওয়া আছে; এবং

(গ) ঐ মামলাগুলির দ্রুত নিষ্পত্তি করিবার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিতেছেন কি?

স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ৬,৫৭৩।

(খ) ১,৮৭৫।

(গ) মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য পুলিস ম্যাজিস্ট্রেট কর্তৃক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

ঝালদা-বাঘমুণ্ডি রাস্তা

*১১৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪৪।) **শ্রীকিংকর মাহাতঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝালদা-বাঘমুণ্ডি রাস্তার প্রথম তিন মাইল (ঝালদা হইতে ইচাগ) পর্যন্ত মাটি কাটার (আর্থ ওয়ার্ক) কাজ কবে নাগাত আরম্ভ হইবে; এবং

(খ) উক্ত রাস্তাটি এক্‌জিস্টিং রাস্তার উপর দিয়া পিচ রাস্তা হইবে কি?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্ষার পূর্বেই করার চেষ্টা করা হইতেছে।

(খ) শীঘ্রই প্রস্তাবিত পথরেখা চূড়ান্তভাবে স্থিরীকৃত হইবে বলিয়া আশা করা যায়। সুতরাং এক্‌জিস্টিং রাস্তার কতটুকু কাজে লাগান হইবে, এখনই বলা যায় না।

হরিহরপাড়া-প্রতাপপুর ঘাট রাস্তা

*১১৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *২২০৮।) **শ্রীশঙ্করদাস পালঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া থানার অন্তর্গত হরিহরপাড়া হইতে প্রতাপপুর ঘাট পর্যন্ত রাস্তাটি পাকা করিবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কবে নাগাত উহা কার্যকর হইবে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ, আছে।

(খ) আগামী বর্ষার পূর্বে কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

উত্তরবঙ্গে বিভিন্ন রাস্তার নির্মাণকার্য

৬০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৮০।) **শ্রীবিজয়কৃষ্ণ মহান্তঃ** পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নোক্ত রাস্তাগুলির নির্মাণকার্য আরম্ভ করিবার কোন পরিকল্পনা আছে কিনাঃ

(১) কোচবিহার রাণীরহাট থেকে সানুটিবাড়ী হাসপাতাল পর্যন্ত,

(২) শিছিমারী স্বাস্থ্যকেন্দ্র থেকে দোমহনী হইয়া জলপাইগুড়ি-আলিপুরদুয়ার জাতীয় সড়ক, ও

(৩) মেখলীগঞ্জ থেকে হেলাপাকড়ী হইয়া জোড়পাকড়ী পর্যন্ত;

(খ) থাকিলে, কোনটির কাজ কোন্ সময় আরম্ভ হইবে; এবং

(গ) তিস্তা সেতু (সড়ক সেতু) ১,৩৫৩ ফুট সম্প্রসারণের কার্য আরম্ভ হওয়ায় যে ৭০/৮০টি পরিবার ক্ষতিগ্রস্ত হইয়াছে তাহাদের ক্ষতিপূরণের ব্যবস্থা হইয়াছে ও হইলে তাহা কি কি?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) হ্যাঁ; রাণীরহাট হইতে সাপটিবাড়ী (সানুটিবাড়ী হ) হাসপাতাল পর্যন্ত।

(২) না।

(৩) হ্যাঁ; ভোটপট্টি হইতে মেখলীগঞ্জ ভায়া হেলাপাকড়ী।

(খ) সঠিকভাবে বলা সম্ভব নয়। তবে জরীপের কাজ শীঘ্রই আরম্ভ হইবে।

(গ) বিষয়টি বিভাগীয় কমিশনারের সঙ্গে পরামর্শক্রমে সরকারের বিবেচনাধীন আছে।

তালডাংড়া বিধানসভা কেন্দ্রের ভূমিহীন কৃষকদের রায়তী স্বত্ব

৬১০। (অনুমোদিত প্রশ্ন নং ২০৬২।) **শ্রীফণিভূষণ সিংহবাবুঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে তালডাংড়া বিধানসভা কেন্দ্র এলাকায় কতজন ভূমিহীন চাষীকে রায়তী স্বত্বে জমি দেওয়া হইয়াছে; এবং

(খ) উক্ত বিধানসভা কেন্দ্র এলাকায় কত পরিমাণ জমি সরকারের খাসে আসিয়াছে, ও উক্ত জমি কবে নাগাত বিলি করা সম্ভব হইবে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১,৬২১ জন।

(খ) ৪,৬৭৫·০৬ একর। এই জমির মধ্যে ২,০২৬·১৫ একর জমি বিলি করা হইয়াছে। বাকি জমি যথাশীঘ্র বিলির ব্যবস্থা করা হইতেছে।

কাটোয়া পৌরসভা

৬১১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৩৫।) **শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া)ঃ** পৌর কার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাটোয়া পৌরসভা ১৯৭১-৭২ সালে রাজ্য সরকারের নিকট হইতে বিভিন্ন খাতে কত টাকা ঋণ বা অনুদান পেয়েছেন;

(খ) ইহা কি সত্য যে, কাটোয়া পৌরসভা শিক্ষকদের মাহিনার টাকা অন্য খাতে খরচ করেছেন;

(গ) সত্য হলে, (১) এর কারণ কি, ও (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করছেন; এবং

(ঘ) ঐ পৌরসভা ১৯৭১-৭২ সালে কতজন কর্মী নিয়োগ করেছেন?

পৌর কার্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) অনুদানঃ

	টাকা
(১) মাসিক ৭·৫০ হিসাবে কর্মচারীদের বেতন বৃদ্ধি বাবত ...	১৫,৬৬৮
(২) মহার্ঘ ভাতা বাবত	১,৫০,২৪৭
(৩) উন্নয়ন খাতে	৬৫,৯১০
(৪) মোটর ভিহিকলস্ (কমিউনিকেশান) গ্রান্ট	২৫,৩০০
(৫) শিক্ষা খাতে	৮২,০০০
(৬) শিক্ষা খাতে পুস্তক ক্রয়	৭৬৭
মোট ...	৩,৪২,৮৯২

ঋণঃ

	টাকা
(১) বন্যা ঋণ	২,৮২,৩৬৫
(২) কর্মচারীদের মাসিক ২·৫০ হিসাবে 'পার্সোনাল পে' ...	৫,০৮৯
মোট ...	২,৮৭,৪৫৪

(খ) না, সত্য নহে, বরং ১৯৭১-৭২ সালে শিক্ষকগণের মাহিনা বাবত ৬২,০৮৩ টাকার ঘাটতি সাধারণ খাত হইতে মেটানো হইয়াছিল।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) একজনও না।

পশ্চিমবাংলায় সেচ ব্যবস্থার আওতাভুক্ত জমি

৬১২। (অনুমোদিত প্রশ্ন নং ২০৪৯।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবাংলায় কত একর জমিতে জলসেচ ব্যবস্থার দ্বারা বছরে দুই ও তিনটি ফসল উৎপাদনের ব্যবস্থা করা সম্ভব হইয়াছে; এবং

(খ) এইসব জমিতে সাধারণতঃ কি কি ফসল ফলানো হইয়া থাকে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) প্রায় ৪৬ লক্ষ ৫০ হাজার একর।

(খ) সাধারণতঃ উচ্চফলনশীল ধান, বোরো এবং অন্যান্য জাতের ধান, পাট, গম, আলু, সরিষা ও তরিতরকারীর চাষ হইয়া থাকে।

মেদিনীপুর জেলায় ক্র্যাশ প্রোগ্রাম

৬১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০১।) **শ্রীঠাকুরদাস মাহাতো:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বিভিন্ন ব্লকে ক্র্যাশ প্রোগ্রাম-এ কার্য করিবার জন্য বর্তমান অর্থনৈতিক বৎসরে মোট কত টাকা বরাদ্দ করা হইয়াছে ও তন্মধ্যে গত ২৮এ ফেব্রুয়ারী, ১৯৭৩ পর্যন্ত কত টাকা ব্যয় হইয়াছে;

(খ) ক্র্যাশ প্রোগ্রাম-এর স্কীমগুলি কি ভাবে নির্বাচন করা হইয়াছে; এবং

(গ) উক্ত প্রোগ্রামে লোক নিয়োগ সম্বন্ধে কোন নির্দেশ দেওয়া হইয়াছে কিনা?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৭২-৭৩ সালে ফেব্রুয়ারী পর্যন্ত ২৬,৩৪,৯০০ টাকা বরাদ্দ করা হইয়াছে এবং ১৬,১০,৪৪৫ টাকা ব্যয় হইয়াছে।

(খ) স্থানীয় প্রয়োজনের দিকে লক্ষ্য রাখিয়া স্কীমগুলি নির্বাচিত হইয়াছে।

(গ) একজনও উপার্জনক্ষম ব্যক্তি নাই, এইরূপ পরিবার হইতে কর্মি নিয়োগ করিতে এবং এক পরিবার হইতে একাধিক কর্মি নিয়োগ না করিতে নির্দেশ দেওয়া হইয়াছিল।

বৈকুণ্ঠপুর গ্রামে রেকর্ডভুক্ত শ্মশানভূমি

৬১৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০৯৫।) **শ্রীযতীন্দ্রমোহন রায়:** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কালিয়াগঞ্জ (পশ্চিম দিনাজপুর) থানার অন্তর্গত মৌজা বৈকুণ্ঠপুর গ্রামে রেকর্ডভুক্ত কোন শ্মশানভূমি আছে কি; এবং

(খ) রেকর্ডভুক্ত শ্মশানভূমি থাকিলে, তাহার বিস্তারিত বিবরণ?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) খতিয়ান নং ১ঃ

দাগ নং		পরিমাণ একর
৫১০	... ...	৫·৩৯
৫১১/৫২০	... ...	৪·৭৭
	মোট ...	১০·১৬

মেদিনীপুর জেলায় ক্র্যাশ প্রোগ্রামে পথ নির্মাণ ও খাল সংস্কার

৬১৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৩৪।) **শ্রীভূপালচন্দ্র পান্ডাঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন (কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত এক বছরে মেদিনীপুর জেলার কোন্ কোন্ থানায় ক্র্যাশ প্রোগ্রামে কত মাইল প নির্মাণ করা হইয়াছে;

(খ) আগামী বছরে (১৯৭৩-৭৪) কোন্ কোন্ থানায় (জেলা মেদিনীপুর) কোন্ কো পথকে এই ক্র্যাশ স্কীমে উন্নত করার প্ল্যান আছে; এবং

(গ) গত বছর কোন্ কোন্ নিকাশী খাল এই ক্র্যাশ স্কীমে সংস্কারের ব্যবস্থা হয়েছে ক কোন্গুলির সংস্কার আগামী বছরে সম্পন্ন করা হবে?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন (কৃষি) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক)

থানার নাম			মাইল
(১) মেদিনীপুর	...	...	৬
(২) এগরা	...	...	৮
(৩) চন্দ্রকোণা	...	...	৪·৫
(৪) পাঁশকুড়া	...	...	৭
(৫) ময়না	...	...	৪
(৬) সবং	...	...	৪
(৭) রামনগর	...	...	৪

(খ) ইহার উত্তর একটি তালিকায় নিম্নে দেওয়া হইল।

(গ)

নিকাশী খালের নাম ও থানার নাম

১৯৭২-৭৩

(১) বড়তলা জলসরবরাহ খাল—খেজুরী
(২) ওয়াসিলচক-বানবাসুরিয়া খাল—খেজুরী
(৩) সিলাবেড়িয়া-ছোটগরানিয়া খাল—খেজুরী
(৪) কুঞ্জপুর খাল—কাশতলা থেকে কার্তিকখালি—খেজুরী
(৫) জাহানাবাদ নিকাশী খাল—খেজুরী
(৬) মালদহ-বড়তলা খাল—খেজুরী
(৭) গঙ্গোত্রী-যমুনোত্রী খাল—সুতাহাটা
(৮) কুমারখালি-বরুতর হিংলিনামা খাল—সুতাহাটা

১৯৭৩-৭৪

(১) হোরেখালি খাল—সুতাহাটা
(২) ত্রিপুরাখালি খাল—মহিষাদল
(৩) সাহেবখালি খাল—মহিষাদল
(৪) সয়াদিঘি খাল—তমলুক ও পাঁশকুড়া

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 615.

সংযোজনপত্র

পথের নাম ও থানার নাম

(১) বানপুর-বিশ্বনাথপুর রোড—বেনাপুর
(২) চকফটুউল্লা-ভবানীপুর রোড—ডেবরা
(৩) ধনেশ্বরপুর-সন্তোষপুর রোড—দাঁতন
(৪) পেসতাপুর-দেহাতী বালিকক রোডের নিকটস্থ ও টি রাস্তা—নারায়ণগড়
(৫) দাঁতন-তুরকা রোড—দাঁতন
(৬) করকা-ধনেশ্বরপুর রোড—পিংলা
(৭) নারাজোল-হরেকৃষ্ণপুর রোড ভায়া কেশপুর—দাসপুর
(৮) ঘাটাল-রানীচক রোড—ঘাটাল
(৯) নন্দীগ্রাম-চণ্ডীপুর রোড—নন্দীগ্রাম
(১০) নয়া গ্রাম-এঘোড় রোড—গোপীবল্লভপুর
(১১) গোবর্ধনপুর-ললাট রোড—পটাশপুর
(১২) কামারদা-বীরবন্দর রোড—খেজুরী
(১৩) বালিজোরিয়া-বেরাজোল রোড—নয়াগ্রাম
(১৪) দাদিকা-বেনাচাপড়া রোড—গরবেতা
(১৫) খোজারবাঁধ রাস্তা—তমলুক
(১৬) বিনপুর-ভৈরবকুণ্ডু রোড—বিনপুর
(১৭) সংকরহার-বালিডিহা রোড—জামবনী
(১৮) কেশিয়াপোতা-রোহিনি রোড—সাঁকরেল
(১৯) মরিসদা-বিলপুরঘাট রোড—কাঁথি
(২০) ছাতিনাসোল-উড়িষ্যা বর্ডার রোড—গোপীবল্লভপুর
(২১) মহিষাদল-ইরিখালি রোড—মহিষাদল

মুর্শিদাবাদ জেলায় ক্র্যাশ প্রোগ্রামে রাস্তা

৬১৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৮৭।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ক্র্যাশ প্রোগ্রামে ১৯৭৩-৭৪ সালে মোট কয়টি রাস্তার কাজ সম্পূর্ণ করার প্রস্তাব আছে;

(খ) উক্ত রাস্তাসমূহ ঐ জেলার কোন্ কোন্ বিধানসভা কেন্দ্রে; এবং

(গ) ভগবানগোলা বিধানসভা কেন্দ্রে কোন্ কোন্ রাস্তা অন্তর্ভুক্ত হইয়াছে ও হইলে কত লোকের কর্মসংস্থান হওয়ার সম্ভাবনা?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) মোট তেরটি।

(খ) বিধানসভা কেন্দ্রওয়ারি উক্ত রাস্তাগুলির নাম একটি বিবরণীতে নিম্নে দেওয়া হইল।

(গ) মহিষাদল রেলগুমটি হইতে দক্ষিণ নয়া খরিদা বাবুপাড়া রাস্তা (বি ও পি ক্র্যাশ) পর্যন্ত রাস্তাটির পুনর্নির্মাণ প্রকল্পটি এই কেন্দ্রে গৃহীত হইয়াছে।

এই প্রকল্পে প্রতিদিন মোট ৩০০ লোকের কর্মসংস্থান হইবে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 616.

Serial No.	No. and name of the Assembly Constituency.	Name of the Block Office.	Name of the scheme.
1.	48—Jangipore A.C. ..	Suti-I ..	Road from south-east junction at N. H. 34 to north-east at N. H. 34 via Ahiron Babupara and extended up to Ahiron Health Centre.
2.	49—Sagardighi A. C. ..	Sagardighi ..	Improvement of road from Sagardighi P. O. to N. H. 34 at Ratanpur via Brahamanigram.
3.	52—Nabagram A.C. ..	Nabagram ..	Road with picked jhama bricks from Simanapara to Kiriteswari.
4.	52—Nabagram A. C. ..	Nabagram ..	Road with jhama khoa consolidation from Ayra Bus Stand to Gura Bus Stand.
5.	52—Nabagram A. C. ..	Nabagram ..	Road with jhama khoa consolidation from Nabagram More to Digori.
6.	56—Nowda and part of 59—Beldanga A. C.	Beldanga-II ..	Rejinagar Sarbangapur Road.
7.	57—Hariharpara A. C. ..	Berhampore ..	Development of road from Hatinagar-I to Hatinagar-II Deep Tubewell under Berhampore Block.
8.	59—Beldanga A. C. ..	Beldanga-I ..	Sagardighi-Sattarpur Road.
9.	60—Kandi A. C. ..	Kandi ..	Construction of road with jhama metal consolidation from Gokorna to Asua via Mahalandi.
10.	60—Kandi A. C. ..	Kandi ..	Improvement of road with jhama consolidation from Mahalandi Colony to Mahalandi village.
11.	62—Burwan A. C. ..	Burwan ..	Andi-Kundal Road.
12	63—Bharatpore A. C. ..	Bharatpore-II ..	Improvement of road from Khargram to Tenya Ferryghat excluding the length of alignment of Salar-Talibpur Road proposed to be taken by Public Works (Roads).
13.	63—Bharatpore A. C. ..	Beldanga-II ..	Improvement of road from Narikelbarighat to Gholla J. B. High School via Manikyahar High School.

পশ্চিমবঙ্গে ব্লকওয়ারী পানীয় জলের নলকূপ

৬১৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৭৬।) **শ্রীহেমন্ত দত্ত:** স্বাস্থ্য (গ্রামীন জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ১৯৭২-৭৩ সালে পশ্চিমবঙ্গের প্রতি ব্লকে কয়টি করিয়া পানীয় জলের নলকূপ বরাদ্দ করিয়াছিলেন;

(খ) উক্ত সময়ে কাঁথি মহকুমার প্রতিটি ব্লকে কয়টি করিয়া নলকূপ বসান হইয়াছে;

(গ) একথা কি সত্য যে, অনেক নলকূপ হেড বা স্ট্রেনারের অভাবে বসান সম্ভব হয় নাই;

(ঘ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন;

(ঙ) উক্ত সময়ে যেসব ব্লকে নির্ধারিত সংখ্যক নলকূপ বসান যায় নাই সেইসব ব্লকের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(চ) বর্তমান ১৯৭৩ আর্থিক বৎসরে প্রতিটি ব্লকে কয়টি করিয়া নলকূপ বসানর পরিকল্পনা সরকারের আছে?

স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) প্রতিটি ব্লকের জন্য কূপ এবং নলকূপে মোট ৩৫টি বরাদ্দ ছিল। স্বতন্ত্রভাবে কেবলমাত্র নলকূপের কোনও বরাদ্দ মঞ্জুর হয় নাই।

(খ) একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

(গ) হ্যাঁ।

(ঘ) এবং (ঙ) ১৯৭৩-৭৪ সালে বসাইবার পরিকল্পনা আছে।

(চ) প্রতিটি ব্লকে ৩১টি করিয়া জলউৎস স্থাপনের সিদ্ধান্ত হইয়াছে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 617.

ব্লকের নাম	বসানো নলকূপের সংখ্যা
১। কাঁথি-১	৩৫
২। কাঁথি-২	৩৫
৩। এগরা-১	৫৮
৪। ভগবানপুর-২	৩৫
৫। এগরা-২	৩৫
৬। পটাশপুর	৩৫
৭। কাঁথি-৩	৩১
৮। রামনগর-১	৩১
৯। ভগবানপুর-২	৩০
১০। রামনগর-২	৩০
১১। খেজুরী	৩৩

ঝালদা ও পুরুলিয়ায় ক্ষুদ্র ও কুটির শিল্প

৬১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২০।) **শ্রীকিঙ্কর মাহাতোঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝালদা (পুরুলিয়া) ১নং ও ২নং ব্লকের অধীন কয়টি কি ধরনের ক্ষুদ্র ও কুটির শিল্প আছে ও কোথায় কোথায়;

(খ) কোন্ শিল্প ১৯৬৭ হইতে ১৯৭৩-এর ফেব্রুয়ারী পর্যন্ত সরকার হইতে অনুদান ও ঋণ বাবত কত টাকা পাইয়াছে;

(গ) আরও নূতন ছোট ছোট শিল্প এই অঞ্চলে স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(ঘ) থাকিলে, কি কি পরিকল্পনা ও ঐ শিল্পগুলিতে কত নূতন লোকের চাকুরী হইবার সম্ভাবনা?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পুরুলিয়ার ঝালদা ১নং ও ২নং ব্লকের কুটির ও ক্ষুদ্র শিল্পের সংখ্যা ও ধরন নির্ধারণের জন্য সম্প্রতি কোন সমীক্ষা হয় নাই। সকল ক্ষুদ্র শিল্প ইউনিটও ক্ষুদ্র ও কুটির শিল্পের আধিকারের সহিত রেজিস্টার্ড হয় নাই। যাহা হউক এই দুইটি ব্লকে বেশ কিছু শিল্প ইউনিট আছে। অনুমান, ঝালদা ১নং ব্লকে প্রায় ১,০০০ ও ঝালদা ২নং ব্লকে প্রায় ৬০০ শিল্প ইউনিট আছে। এই সকল ক্ষুদ্র ও কুটির শিল্প ইউনিটের ধরন অনুযায়ী অবস্থান নিম্নরূপঃ

শিল্পের ধরন		অবস্থান
(১) ছুরি, কাঁচি ইত্যাদি ও ছুতোরের ব্যবহার্য যন্ত্রপাতি নির্মাণ	...	ঝালদা ও বেগুনকোডার
(২) মৃৎশিল্প	...	ঝালদা, বড়তলিয়া, মাসিনাও দুর্গু
(৩) তাঁত শিল্প	...	বেলাদি, বেলাদি, পানরানা, বুড়িবির বাহু-লোহার, গড়িয়া, মধুপুর, মাড়ামু জিউদারু ও বেংগো
(৪) ঘানি শিল্প	...	চিতমু ও গড়িয়া
(৫) (ক) লাক্ষা শিল্প (কুটির শিল্প)	...	তুলিন
(খ) ঐ (বড় আকারের যন্ত্রায়িত)	...	ঝালদা
(৬) কর্মকার	...	বেগুনকোডার, ইলু্লু, তুলিন, ঝালদা, উপর বাটারি
(৭) জুতা তৈরী	...	পাটঝালদা, চোরিয়া, তুলিন ও ঝালদা
(৮) বেকারী (রুটী, বিস্কুট ইত্যাদি)	...	ঝালদা ৩টি, ডুমুরদি ১টি ও তুলিন ১টি
(৯) স-মিল (কাঠ চেরাই কল)	...	ঝালদা ২টি, তুলিন ১টি ও তোড়ে ১টি
(১০) চুনাপাথর	...	ঝালদা ১, ফোটসীলা
(১১) মোমবাতি তৈরী	...	ঝালদা ৩টি
(১২) গম পেষাই	...	ঝালদা ও তুলিন
(১৩) ছুতোরের কাজ	...	ঝালদা ও তুলিন
(১৪) প্রতিমা তৈরী	...	ঝালদা
(১৫) রুপার কাজ	...	ঝালদা ও বেগুনকোডার
(১৬) ঝুড়ি তৈরী	...	সিনুনি, জাওয়ার ও গোপালপুর

এই তালিকা ছাড়া আরও কয়েকটি শিল্পের উল্লেখ করা যাইতে পারে। যেমন বিড়ি তৈরী। প্রায় সকল গ্রামের বিড়ি কারিগরেরা ঝালদার বড় বড় বিড়ি ব্যবসায়ীদের কমিশন এজেন্টের অধীনে কাজ করে। এ সব ছাড়া দরজি, মিষ্টি তৈরী, সাইকেল সারানো ইত্যাদি শিল্প ব্লক দুইটির সকল উল্লেখযোগ্য গ্রামেই চালু আছে।

(খ) ঝালদা ১নং ও ২নং ব্লকে বি এস এ আই অ্যাক্ট অনুযায়ী ব্লক অফিস, জেলা শিল্প অফিস ও জেলার ডেপুটি কমিশনারের অফিস হইতে প্রদত্ত শিল্পভিত্তিক ঋণদানের তালিকা পৃথকভাবে লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইলঃ

(১) ঝালদা ১নং ব্লকে বি ডি ও অফিস হইতে শিল্পভিত্তিক প্রদত্ত ঋণের তালিকা (এপ্রিল, ১৯৬৭—ফেব্রুয়ারী, ১৯৭৩);

(২) ঝালদা ২নং ব্লকে বি ডি ও অফিস হইতে শিল্পভিত্তিক প্রদত্ত ঋণের তালিকা (এপ্রিল, ১৯৬৭—ফেব্রুয়ারী, ১৯৭৩); এবং

(৩) জেলা শিল্প অফিস হইতে ঝালদা ১নং ও ২নং ব্লকে প্রদত্ত ঋণের তালিকা জেলা ডেপুটি কমিশনারের অফিস হইতে ঝালদা ১নং ও ২নং ব্লকে প্রদত্ত ঋণের তালিকা।

(গ) হ্যাঁ, আছে।

(ঘ) ষোল দফা কর্মসূচী অনুযায়ী অক্টোবর, ১৯৭২ হইতে সেপ্টেম্বর, ১৯৭৩-এর মধ্যে আনুমানিক ২০টি শিল্প ইউনিট ঐ অঞ্চলে স্থাপন করিবার পরিকল্পনা আছে। গড়ে প্রতিটি ইউনিটে ২ জন করিয়া লোকের কর্মসংস্থান হইবার সম্ভাবনা আছে।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-charge of the Municipal Services Department will please make a statement on the subject of cease work by the employees of the Calcutta Corporation—attention called by Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas, Shri Kartic Chandra Biswas, Shri Adya Charan Dutta and Shri Kashinath Misra on the 27th April, 1973.

শ্রীঅজিতকুমার পাঁজাঃ মাননীয় স্পীকার মহাশয়, কোলকাতা কর্পোরেশনের কর্মচারীদের কর্মবিরতি এবং তার ফলে কর্পোরেশনের কাজে অচল অবস্থা এবং জনসাধারণের দুর্গতি সংক্রান্ত দৃষ্টি আকর্ষণী নোটিস প্রসঙ্গে মন্ত্রিমহাশয়ের উত্তরের খসড়া গত ২৬এ এপ্রিল, বেলা সাড়ে ১১টা হইতে ২৮এ এপ্রিল বেলা সাড়ে ১১টা পর্যন্ত কর্পোরেশনের কর্মচারিগণ কর্মবিরতি পালন করেন। এর ফলে কর্পোরেশনের কাজ অচল হয়ে পড়ে এবং জনসাধারণের দুর্গতি বেড়ে যায়। কর্মচারিগণ অনেকগুলি দাবিদাওয়া পূরণ করতে চেয়েছেন। তাদের দাবিদাওয়ার মধ্যে এক নম্বর হচ্ছে অ্যানোমালি বোর্ডের রিপোর্ট প্রকাশ করা। দুই নম্বর হচ্ছে, অস্থায়ী কর্মচারীদের স্থায়ীকরণ। তিন নম্বর হচ্ছে, কর্মচারীদের দৈনিক ৮ ঘণ্টা কাজের প্রথা চালু করা। চার নম্বর হচ্ছে, কর্মচারীদের পোশাকপরিচ্ছদ সরবরাহ করা। কর্পোরেশনের কর্মচারীগণ ১৯৭২ সালের জুলাই মাস হইতে ১৯৭৩ সালের জানিয়ারি মাস পর্যন্ত ধর্মঘট পালন করেন। এই দুই বারই কর্মচারীদের সংগে কর্পোরেশনের দুইবার চুক্তি হয় এবং তার ফলে কর্মচারীদের কিছু দাবি পূরণ হয়। যেমন, পূজার পূর্বে এক্সগ্রাসিয়া পেমেন্ট, ১লা এপ্রিল, ১৯৭০ সাল হইতে নূতন পে স্কেল চালু করা এবং চুক্তি অনুযায়ী বকেয়া মাহিনা মিটিয়ে দেওয়া। ১লা জুলাই, ১৯৫১ সাল থেকে বর্ধিত মহার্ঘভাতা বাবত বকেয়া অর্থ কিস্তিতে প্রদান করা। অ্যানোমালি বোর্ডের রিপোর্ট প্রকাশ করবার ব্যাপারে সরকার যথাযথ ব্যবস্থা নেবার চিন্তা করছেন। অস্থায়ী কর্মচারীদের স্থায়ী করবার বিষয়ে যারা কর্মচারী নিয়োগবিধি মাফিক নিযুক্ত হয় নি এবং যাদের নিয়মবিধি অনুযায়ী স্থায়ী করা সম্ভব নয়, তাদের বিষয়ে কর্পোরেশন ক্যালকাটা মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনকে একটি অ্যাড-হক রেগুলেসন করবার জন্য বলেছেন।

এই সকল কর্মচারীদের গত ২৮এ ফেব্রুয়ারির মধ্যে স্থায়ী করিবার কথা ছিল, কিন্তু মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন কিছু আইনগত প্রশ্ন তুলিয়া সরকারের মাধ্যমে অ্যাডভোকেট-জেনারেলের মতামত জানিতে চান। অ্যাডভোকেট-জেনারেলের মতামত কমিশনকে জানান হইয়াছে। এই মতামত সম্বন্ধে কমিশনের চেয়ারম্যান, কর্পোরেশনের অ্যাডমিনিস্ট্রেটর এবং পৌর বিভাগের সচিবের সঙ্গে গত ২৫এ এপ্রিল আলোচনা করেন। কমিশন আবার কিছু আইনগত প্রশ্ন তুলিয়াছেন এবং এই সম্বন্ধে সরকারের মন্তব্য জানিতে চাহিয়াছেন। বিষয়টি বিবেচনাধীন আছে। দৈনিক ৮ ঘণ্টা কাজ প্রথা চালু করা এবং পোশাকপরিচ্ছদ সরবরাহের কর্পোরেশন চুক্তি অনুযায়ী ব্যবস্থা লওয়ার জন্য সচেষ্ট আছেন।

Mr. Speaker: I have received 12 notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Disturbances at the School Final Examination on 3rd May, 1973, leading to police action—from Sri Kashinath Misra, Shri Sarat Das, Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Md. Dedar Baksh, Shri Harendra Nath Halder and Dr. Md. Ekramul Haque Biswas;

(2) Bursting of Transformer at the Chittaranjan Power House, resulting in the death of three workers—from Shri Abdul Bari Biswas, Shri Kashinath Misra, Shri Sarat Das, Shri Sukumar Bandyopadhyay, Shri Md. Dedar Baksh and Dr. Md. Ekramul Haque Biswas;

(3) Power crisis due to conspiracy of the foreigners—from Shri Kashinath Misra, Shri Sarat Das, Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Dr. Md. Ekramul Haque Biswas and Shri Md. Dedar Baksh;

(4) Reasons for the Santaldih Thermal Power Plant being not likely to be commissioned on the target date of the 11th June, 1973—from Shri Sarat Das, Shri Kashinath Misra, Shri Md. Dedar Baksh, Shri Abdul Bari Biswas and Shri Sukumar Bandyopadhyay;

(5) Threatened civil disobedience movement of primary teachers of West Bengal from the 8th May next—from Shri Sambhu Narayan Goswami;

(6) Adulteration of petrol, diesel, and kerosene oil in Calcutta—from Shri Md. Safiullah;

(7) Intra-union clash at the Calcutta State Transport Corporation causing part suspension of bus service—from Dr. Md. Ekramul Haque Biswas;

(8) Thunder storm on 1st May, 1973 causing heavy damages in the villages —from Shri Kartic Chandra Biswas, Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas;

(9) Scarcity of rice, wheat in the district of Bankura—from Shri Phani Bhusan Singha Babu, Shri Sudhansu Keshar Tewari and Shri Gour Chandra Lohar;

(10) Unemployment in Bankura district—from Shri Phani Buhsan Singha Babu, Shri Sudhansu Sekhar Tewari and Shri Gour Chandra Lohar:

(11) Naxalite activities in Ranaghat police-station area—from Shri Naresh Chandra Chaki; and

(12) Scarcity of drinking water in Calcutta—from Shri Kashinath Misra. Shri Sarat Das, Shri Abdul Bari Biswas and Shri Sukumar Bandyopadhyay.

I have selected the notice of Shri Kashinath Misra and others on the subject of disturbances at the School Final Examination on 3rd May, 1973 leading to police action. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohonpal: On the 9th, Sir.

[1-40—1-50 p.m.]

Mention Cases

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাষ্ট্রায়ত্ত করার পর প্রায় ১৫-২০ দিন যাবত বর্ধমান জেলার প্রায় সব জায়গাতেই বিশেষ করে গ্রামাঞ্চলে গম, আটা পাওয়া যাচ্ছে না। রাষ্ট্রায়ত্ত করার আগে হরিয়ানা, পাঞ্জাব, মধ্যপ্রদেশ থেকে গম আসতো, এখন এই গম পশ্চিমবঙ্গে আসছে না। বর্ধমানের বাজারে গম, আটার যথেষ্ট অভাব রয়েছে, রাষ্ট্রায়ত্ত ব্যবসা শুরু করার ফলে গমের ভয়ঙ্কর অভাব দেখা দিয়েছে। অথচ গত বৎসর এই সময়ে বাজারে প্রচুর পরিমাণে গম পাওয়া যেতো ১·৫০ পয়সা কেজি দরে। বর্তমানে গ্রামে গ্রামে সরকার গম প্রকিয়োর করছেন ৭৬ টাকা কুইন্টাল দরে। কাজেই চাষী এই দর দিতে পারছে না, কারণ তাদের গম উৎপাদনের জন্য আরো বেশী খরচ পড়ে যায়। বর্তমানে বর্ধমান জেলায় গমের অভাবের ফলে দু হাজার মুটে মজুর যারা দিন আনে দিন খায় তারা বেকার হয়ে পড়েছে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, বিশেষ করে এই বিষয়ের প্রতি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গমের অভাবে ঐ জেলায় প্রায় ৫০০ আটাচাকী বন্ধ হয়ে গিয়েছে। এই আটাচাকী মানুষরা ব্যাংক থেকে টাকা ধার করে চাকীগুলি কিনেছে, চাকীগুলি বন্ধ হয়ে যাওয়ার জন্য তারা এখন টাকা শোধ দিতে পারছে না। এই আটাচাকীদের কিছু কিছু গমের কোটা দেবার জন্য আমি আবেদন জানাচ্ছি। গমের অভাবে আসানসোল মহকুমায় এবং ঐ অঞ্চলে র্যাশন ব্যবস্থা ব্যাহত হয়েছে। এই এলাকায় গম প্রয়োজন মত পাওয়া যাচ্ছে না। র্যাশনে প্রয়োজন হয় যেখানে ৯০৭ মেট্রিক টন, সেখানে গত সপ্তাহে মাত্র ১০০ টন গম বর্ধমানের গ্রামাঞ্চলে দেওয়া হয়েছে এবং ২২০ মেট্রিক টন এই সপ্তাহে দেওয়া হয়েছে। গ্রামবাসীদের মধ্যে এই অভাবের ফলে একটা বিরাট অসন্তোষ দেখা দিয়েছে। জেলা কর্তৃপক্ষ বর্ধমানের সার্বাডিভিশনাল কন্ট্রোলার এবং ডিস্ট্রিক্ট কন্ট্রোলারকে এই বিষয়ে জরুরী তারবার্তা পাঠিয়েছেন ২৬এ ফেব্রুয়ারি যে, বর্ধমানে সমস্ত মজুত গম শেষ হয়ে গিয়েছে যার ফলে সম্পূর্ণ র্যাশন ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। আমি এই গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং বর্ধমান জেলার গ্রামাঞ্চলের মানুষ যাতে গম ও আটা পায় তার ব্যবস্থা করার জন্য আবেদন জানাচ্ছি।

Shri Satyanarayan Singh :

स्पीकर सर, आपको याद होगा ई० एस० आई० अस्पताल श्रमिकों के कल्याण के लिए किया गया है। उपरोक्त कल्याण निधि में श्रमिकों के द्वारा चन्दा जमा किया जाना है, जिसका रेट १९५ पैसा और २५० पैसा प्रत्येक हफ्ते में देना पडता है। यहां तक कि यदि एक श्रमिक को २-३ डिपार्टमेन्ट में काम करना पडता है तो उसे तीन बार उपरोक्त निधि में भुगतान देना पड़ता है। लेकिन दुख के साथ कहना पड़ता है कि डोनेशन देने के बाद भी उन श्रमिकों को औषधि की दुकान से औषधि नहीं मिलती है। इस कोष में पैसा देना और दवा न पाना श्रमिकों के साथ अत्यन्त बड़ा अत्याचार होता है। बड़े बड़े आफिसर कहते है कि सरकार सन्तोषजनक रूपमें दवा सप्लाई करती है। लेकिन न मालूम वह दवा कहाँ चली जाती है। सुना जाता है कि कुछ असाधु दुकानदार और कुछ चोर दलाल जो है, वे दवा उड़ा देते है। दवा का ब्लैक करना समाज के साथ, सरकार के साथ और श्रमिक वर्ग के साथ विश्वासघात करना है।

यही हालत अस्पतालों की भी है। वहाँ पर सन्तोषजनक व्यवस्था नही है। बड़े दुख के साथ कहना पड़ता है कि श्रमिकों के बिमार होने पर भी वहाँ पर उचित व्यवस्था नहीं होती। इसीलिए बिमार होने पर भी श्रमिक अस्पताल में जाने से आनाकानी करता है। मैं आपके माध्यम से विभागीय मंत्री महोदय से निवेदन करता हूँ कि उपरोक्त अस्पताल में उचित व्यवस्था कराने की कृपा करें जिससे श्रमिक वर्ग का कल्याण हो।

एक बात की ओर और भी ध्यान देने की आवश्यकता है कि पैसे के भुगतान देने पर भी चन्दा देने के बाद भी, जिस दुकान से दवा नहीं मिलती है और दुकान पर फिर भी पैसा देना पड़ता है तो क्या कहा जायगा—उसे छिन्ताई कहा जायगा या डकैती कहा जायगा। श्रमिक वर्ग जो गरीब हैं—जो बिल्कुल बे सहारे हैं—जो कुछ कहना भी नहीं जानते हैं, वे दुकान पर जाने के बाद दवा नही पाते हैं और उनसे पैसा ले लिया जाता है। इसलिए मैं कहूँगा कि यह जो कानून बना हुआ है, यह जो व्यवस्था है, इस व्यवस्था को तुरन्त बन्द कर देना चाहिए। यह गरीबों के साथ सरासर अन्याय है, उनके साथ सरासर अत्याचार है। इसलिए मैं आपके माध्यम से विभागीय मंत्री का ध्यान आकर्षित करना चाहता हूँ कि वे इसकी उचित व्यवस्था तुरन्त करें।

শ্রীরমেন্দ্রনাথ দত্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুর জেলায় উল্লেখযোগ্য কোন বড় শিল্প নাই, ইন্ডাস্ট্রিয়াল প্ল্যানিং-এর ব্যবস্থা নাই। বর্তমান শিল্পমন্ত্রী ১৯৬৫ সালেও শিল্পমন্ত্রী ছিলেন। তিনি ১৯৬৫ সালে এই জেলায় রায়গঞ্জ শহরে একটা ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট চালু করবার জন্য বিল্ডিং-এর কাজ আরম্ভ করেন। ১৯৬৬ সালে ট্রেনিং ইনস্টিটিউট বিল্ডিং, হোস্টেল, ওয়ার্কশপ তৈরির কাজ কমপ্লিট করা হয়েছিল। প্লাস্টার হোয়াইট ওয়াশ সব কাজ কমপ্লিট হয়ে পড়ে আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৭ সাল থেকে আজ পর্যন্ত সেই বিল্ডিং পড়ে আছে, কোন অজ্ঞাত কারণে ইন্ডাস্ট্রিয়াল ইনস্টিটিউট চালু করা হয় নি। ১৯৭২ সালে আমাদের মাননীয় শিল্পমন্ত্রী মহাশয় এই হাউসে বলেছেন যে, ১৯৭৩ সালের আগস্ট মাসে আই টি আই চালু করবেন। কিন্তু আজ পর্যন্ত দেখতে পেলাম সেই ইন্ডাস্ট্রিয়াল ইনস্টিটিউট চালু করবার জন্য কোন ব্যবস্থা করা হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিল্পমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, তিনি যেন এই আই টি আই এই বছর আগস্ট মাসেই স্টার্ট করেন। আপনি জানেন এই জেলায় কোনরকম ট্রেনিং-এর সুযোগ কোন ছাত্র পাচ্ছে না। সেজন্য আমি বিশেষভাবে মাননীয় মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করছি এই আই টি আই স্টার্ট করবার জন্য। জয় হিন্দ।

Mr. Speaker: Before I take up other mention cases, I draw the attention of the House to the fact that just 2 or 3 minutes before the House started at 1 p.m., I received a notice from Shrimati Geeta Mukhopadhyay—a notice of privilege motion—for raising a matter of privilege in the House over the statement that had been made by the Hon'ble Minister, Shri Gyan Singh Sohanpal on behalf of the Minister-in-charge of Power Department in response to a Calling Attention notice. Just a notice of a privilege motion has been given but no document has yet been placed before me and I could not examine the actual point involved in it. But, so far as I could understand it, it was a matter regarding the statement in response to the Calling Attention notice by Members of this House. Now, I will request Shrimati Geeta Mukhopadhyay just to refer to the matter in one or two sentences.

(At this stage Shri Gyan Singh Sohanpal rose to speak.)

শ্রীমতী ইলা মিত্র: যিনি এই প্রিভিলেজ মোশন উপস্থিত করেছেন, তাঁকে সেটা বলতে দিন।

Mr. Speaker: Please take your seat. Rule 227 of the Rules of Procedure and Conduct of Business, reads as follows—

"If the Speaker is satisfied that there is a prima facie case that a breach of privilege has been committed and that the matter is being raised at the earliest opportunity he may allow the Member to raise the matter as a question of privilege."

Now, if there is no prima facie case, it is the duty of the Chair not to allow a Member to raise the matter as a question of privilege. Before I make any observation over this matter, I will request Shrimati Geeta Mukhopadhyay just to refer the matter in short, preferably in one or two sentences, without raising the matter as a matter of privilege.

[1-50—2-00 p.m.]

Shri Gyan Singh Sohanpal: Sir, on a point of order. Before you call upon the honourable Member to speak on the subject, I would like to make my submission. Just now, while speaking on this subject, you have mentioned that the honourable Member has not submitted any document and as such you have not been able to examine the document. Now, Sir, you have referred to rule 227 which says that—

> "If the Speaker is satisfied that there is a prima facie case that a breach of privilege has been committed and that the matter is being raised at the earliest opportunity he may allow the member to raise the matter as a question of privilege."

Sir, you have yourself said that no document has been placed before you. Therefore, it is not understood how you have come to the conclusion that there is a prima facie case and that you can allow the Member to mention. The rules provide that if a privilege motion is to be raised on the floor of the House, the Member concerned must give a notice and that notice must accompany the document. This has not been done as has been stated by you. As such I would request you to give your ruling as to whether allowing her to mention the matter in the absence of this document is in order.

Mr. Speaker: I have been misunderstood by some Members. I have already referred to rule 227 because I am not allowing any Member to raise the matter as a question of privilege. I have made that very clear. I have not said there is a prima facie case, nor am I allowing Shrimati Geeta Mukhopadhyay to raise the matter as a question of privilege. I have only stated that I have not got the document and I am not as yet satisfied that a prima facie case is there. I have only requested her to state in one or two sentences as to what the matter is that she wants to raise, not as a question of privilege, but to enable me to come to a conclusion as to whether there is any prima facie case or not because I will have to decide the matter of privilege.

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এই ম্যাটারটা যেভাবে আমাকে রেফার করতে বলেছেন, আপনি যা বলেছেন, তার চৌহদ্দির মধ্যে থেকে ব্যাপারটা আমি এখানে বলবো। আমি যে প্রিভিলেজ মোশানটা এনেছি তার প্রাইমাফেসী কেসটা জাস্টিফাই করবার জন্য যেসব প্রয়োজনীয় ডকুমেন্টস বলেছেন, আমি তার পুরো ডকুমেন্ট দিতে পারি। আমি যে বিষয়টা বলতে চাই, তা হল এই গতকাল মন্ত্রিমহাশয় যে তথ্য তাঁর বক্তৃতার মাধ্যমে আমাদের কাছে পরিবেশন করেছেন, তাতে দেখতে পাচ্ছি—স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের পাওয়ার সরবরাহ সম্বন্ধে গুরুতর কন্ট্রাডিকসন রয়েছে। আপনি বললেই আমি ডকুমেন্ট দিয়ে দেব।

(Interruptions)

আপনি যেভাবে এটা দিতে বলেন, আমি সেইভাবে দিতে রাজী আছি। আপনারা এত ভয় পাচ্ছেন কেন আমার এই রেফারেন্সের জন্য? স্টেট ইলেকট্রিসিটি বোর্ড যদি "পাওয়ার" যথাযথ দামে বিক্রি না করে থাকেন, সেটা আমাদের দেখার দরকার আছে। পাবলিক এক্সচেকার এইভাবে নষ্ট হয়—এটা আমরা কেউ চাই না।

Shri Gyan Singh Sohonpal: Sir, rules have been laid down for conduct of the business of this House and we cannot act or function beyond those rules. A privilege motion can only be submitted before this House under certain conditions and under certain rules. That has not been done. If Shrimati Geeta Mukhopadhyay just wants to mention something, that is a different matter—she can do it under rule 351. But a question of privilege cannot be raised and the rules do not permit that. Sir, I want your ruling on the subject.

Shrimati Geeta Mukhopadhyay: (In Bengali) reference—

(Noise and interruptions.)

Mr. Speaker: Regarding the question that has been raised by Shri Gyan Singh Sohonpal as to whether the Chair has got the right to hear a Member to find out whether there is any pirma facie case or not, the rules provide that first of all from the privilege motion itself and the documents and other papers submitted along with the motion I will have to come to a conclusion as to whether there is a prima facie case or not, and if I find that there is a prima facie case, then I can allow the Member to raise the matter as a question of privilege. Now, sometimes the convention of the House is that without committing that there is a prima facie case or without coming to the conclusion from the matter already submitted to me, namely, the motion and the papers, that there is a prima facie case, a Member can be allowed to speak on the subject to enlighten the House and the Chair as to whether really there is any point of privilege involved in it or not. The convention in the Lok Sabha also is that without the Chair's coming to any final conclusion, as to whether a particular matter involves a question of breach of privilege, a Member is also sometimes allowed to explain and clarify the points he wants to raise as matters of privilege, and after hearing him the whole question is decided. In this House a point of privilege was raised by Mr. A. H. Besterwitch. I received the notice from him but without coming to the conclusion that there was a prima facie case involved, I allowed Mr. Besterwitch to make his submission because that would help me to come to the conclusion if there was a prima facie case or not for raising a question of privilege. After hearing the statement of Hon'ble Shri Subrata Mukhopadhyay I came to the conclusion that there was no question of breach of privilege, nor was there any prima facie case and so I did not allow the matter to be raised on the floor of the House as a matter of privilege and it was rejected. Now, in the Lok Sabha there are hundreds of ruling to this effect that a Member is given a hearing by the Chair to come to the conclusion whether there is any breach of privilege involved in a particular matter. In this particular case, under rule 227 I have never said that there is a prima facie case or that the matter is being allowed to be raised as a matter of privilege. But the whole question is whether the Chair has the right to hear a Member. I think the Chair has always the right to hear a Member, without allowing him to raise a matter as a matter of privilege, for the purpose of finding out or coming to the conclusion whether there is any prima facie case or not. I also want to say in this connection that the statement was made by the Hon'ble Gyan Singh Sohonpal on behalf of the Minister-in-charge of Power Department in response to a calling attention notice given by a Member.

[2-00—2-10 p.m.]

Just for the guidance of the House I would like to point out the exact procedure that is being followed in the Lok Sabha. When a Minister finds that an incorrect information has been given to the House by him in answer to a starred question, unstarred question, short-notice question or a supplementary question, or during a debate, he may make a statement or lay it on the table correcting his earlier reply or information. The Minister has to give

to the Secretary an advance notice of his intention and furnish a copy of the proposed statement for the information of the Speaker. If the Minister himself wants to rectify his statement, that is the procedure. A Member is also at liberty to point out any mistake or inaccuracy in a statement made by a Minister or any other member, but he has to write to the Speaker seeking his permission to raise the matter in the House. Here also the case is exactly the same. The Member will have to write to the Speaker seeking his permission to raise the matter in the House. In support of his or her allegation the Member is required to furnish particulars of the mistake or inaccuracy and may also place before the Speaker such evidence as may be in his or her possession. Now, the Speaker in his discretion may bring the matter to the notice of the Minister or the Member concerned for the purpose of ascertaining the factual position in regard to the allegation made. Where the Member is permitted by the Speaker to raise the matter in the House, the Member is required, before doing so, to inform the Minister or the Member concerned. The item is included in the list of business for the day fixed in consultation with the Minister or the Member concerned.

So, I want to know from her that actually the statement she is referring to is a statement made by the Hon'ble Minister in response to the calling attention notice. Following the convention that is being followed in the Lok Sabha, I would request Shrimati Geeta Mukhopadhyay to place the documents where the inaccuracy or mistake occurs. I would also request her to inform the Hon'ble Minister concerned all the details so that he may also make preparation for the purpose. Thereafter, a date will be fixed in the list of business. In the meantime the Hon'ble Minister will be prepared with the factual information, if there is any inaccuracy or mistake in the statement. I gave Shrimati Mukhopadhyay only that permission to state whether the statement was in response to a calling attention notice. This is the procedure that is being followed in the Lok Sabha. So, let me have all the documents and let a copy be sent to the Hon'ble Minister also. Thereafter, if necessary, a date will be fixed and the Hon'ble Minister will be in a position to give his reply.

Shri Gyan Singh Sohanpal: Thank you very much for your ruling, Sir. The Speaker is competent enough to allow a Member to speak. The authority of the Speaker is not at dispute. My submission was that Mr. Besterwitch brought a privilege motion. Mr. Besterwitch gave notice stating clearly what was the discrepancy. He also provided an opportunity to the Minister and the Members concerned to clarify their position.

Shrimati Geeta Mukhopadhyay has just given a notice without fulfilling the conditions prescribed under the rules. The notice itself does not show what was the discrepancy. Had she mentioned what was the discrepancy we could have expressed regret and corrected the position. Our submission is that correct procedure should be followed in the House. Just because Shrimati Geeta Mukhopadhyay happens to be a senior Member we should not allow this as this will be going against the conventions and the rules set forth in this House. I therefore thank you for the ruling and the conventions that you have read. That is the correct procedure. If she wants to bring a privilege motion she will have to give a notice enclosing all the documents.

Mr. Speaker: Thank you. I have not treated this matter as a matter of privilege. There is inaccuracy I would like to have all the information from Shrimati Geeta Mukhopadhyay and then I will decide after going through the documents.

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভার কাছে রাখছি। আজকে এই সরকারের সবচেয়ে যেটা বড় জিনিস সেটা হল প্রচার বিভাগ এবং সেই প্রচার বিভাগ আজকে অচল হতে বসেছে। এই প্রচার বিভাগের প্রায় ২৫

থেকে ৩০টি গাড়ি আছে। সেই গাড়িগুলি প্রায় ১লা মে থেকে বন্ধ হয়ে আছে এবং ৮০ হাজার টাকার মত পেট্রোলের বিল বাকি আছে, যার জন্য পেট্রোল আনতে গিয়ে গাড়িগুলিকে ফিরে আসতে হয়েছে এবং তাই ড্রাইভারদের নানারকম কথা শুনতে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাবলিক রিলেসান্স অ্যান্ড ইনফর্মেসন ডিপার্টমেন্টের হেডহোয়ার্টার্সে ২৫ থেকে ৩০টি গাড়ি আছে এবং ইউনিট আছে এবং নাম্বার অব ইউনিট হচ্ছে ৮৭। এর মধ্যে বড় ইউনিট হচ্ছে ২০, আর ছোট ইউনিট হচ্ছে ৬৭। দেখা যায় এই ইউনিটে ৩০০ জনের মত গাড়ি কর্মচারী থাকে। তাদের বসিয়ে বসিয়ে টাকা দিতে হচ্ছে এবং এদের জন্য একদিনে খরচ হচ্ছে ৫০ হাজার টাকার মত। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই প্রচারযন্ত্রকে সফল করার জন্য এই সরকার চেষ্টা করছেন, সেখানে গাড়ি অচল হয়ে বসে আছে দেখা যাচ্ছে। ড্রাইভাররা আজকে বসে আছে এবং সেখানে লক্ষ লক্ষ টাকা অপব্যয় হচ্ছে। যেখান থেকে তারা পেট্রোল আনতে যাচ্ছে সেই পেট্রোল পাম্প হচ্ছে চৌরঙ্গীর কাছে। সেখানে ড্রাইভারদের আজকে কথা শুনতে হচ্ছে, এই সরকারকে অকথ্য কথা শুনতে হচ্ছে, কেননা সরকারের বিল বাকি আছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অবিলম্বে এই বিল যাতে দিয়ে দেওয়া হয় এবং গাড়িগুলি যাতে সচল করা হয় এবং সরকারের প্রচারযন্ত্রকে যাতে সফল করা হয় সেই জন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি যেন এই হাউসে এ বিষয়ে একটি বিবৃতি রাখেন।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে যে সময় দিয়েছেন তার জন্য আমি আপনার প্রতি কৃতজ্ঞ। আমি যে বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে এই, বিগত দু-এক দিন ধরে খবরের কাগজে বিভিন্ন রকমের সংবাদ বেরোচ্ছে। কেননা, বিধান-সভায় মাননীয় সদস্য শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় গতকাল এই বিষয়টি নিয়ে খানিকটা দৃষ্টি আকর্ষণ করেছিলেন। এই পশ্চিমবাংলার চারিদিকে কলেরা অস্বাভাবিকভাবে দেখা দিয়েছে দেখা যাচ্ছে। আমি কালকে বলেছিলাম মুর্শিদাবাদ জেলার বহরমপুরে বহু লোক বসন্ত রোগে আক্রান্ত হচ্ছে। ৫০ জনেরও বেশী লোকের মৃত্যু ঘটেছে। কলকাতার চারিদিকে আবর্জনার স্তূপ দেখা যাচ্ছে, যেটা মানুষের একটি দুর্বিষহ যন্ত্রণার কারণ হয়ে দাঁড়িয়েছে।

বেশ কিছুদিন ধরে এই কোলকাতা কর্পোরেশন এলাকায় আমরা যারা বাইরে থেকে আসি, আমরা ভাবতাম বা এখনও ভাবি যখন কোন কোন এলাকা দিয়ে যাই—আজ সকালবেলাতেই দেখেছিলাম লিন্ডসে স্ট্রীটের পূর্ব ধারে ও ফ্রি স্কুল স্ট্রীটের সামনে আবর্জনার স্তূপ থেকে এমন গন্ধ বেরুচ্ছে যে, যদি কোন মানুষকে ট্যাক্সি করে সেই এলাকা দিয়ে যেতে হয়, তা হলে তাকে রুমাল দিয়ে দু নাক চেপে ধরে যেতে হবে। তবে চেপে ধরলেও তার মধ্যে দিয়েও গন্ধ চলে যাবার যথেষ্ট সম্ভাবনা রয়েছে। আর সেই গন্ধ এতই ভয়াবহ যে, সেই গন্ধ মানুষের শরীরের মধ্যে গেলে যদি তার পেটে কিছু খাবার থাকে, তা হলে তা বমি হয়ে বেরিয়ে যাবে আর যদি খাবার না থাকে, তা হলে সে রোগাক্রান্ত হয়ে পড়বে। আজকে এইরকম একটা অস্বাভাবিক পরিস্থিতি যখন গোটা কোলকাতা শহর জুড়ে চলেছে সেই সময় আমরা দেখলাম কোলকাতা কর্পোরেশনের যিনি কমিশনার মিঃ আর পি গাঙ্গুলী, তাঁর শৈথিল্য, অবহেলা, কর্তব্যচ্যুতি এমনি নানান কারণে এই মিউনিসিপ্যাল এলাকার আবর্জনা স্তূপ দিনের পর দিন বেড়ে চলেছিল। এর ফলে যে অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হয়েছিল তারপর বোধ হয় গত ২৯ তারিখে আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যিনি এখন পৌর বিষয়ক ভারপ্রাপ্ত মন্ত্রীও, তিনি কিছু লোকজন সহ সেই পৌর কমিশনার মিঃ গাঙ্গুলীর বাড়িতে গিয়েছিলেন, অফিসে গিয়েছিলেন এবং তাঁকে এই ঘটনার জন্য প্রতিবাদ জানিয়েছিলেন। এই প্রতিবাদ জানানোর পর দেখা যাচ্ছে কোলকাতা শহরে আবর্জনা দ্রুত পরিষ্কারের পথে এগিয়ে চলেছে। স্যার, সরকারী প্রশাসনের কর্তৃত্বে যাঁরা রয়েছেন সরকারী নিয়মাবলী পালন করবার জন্য যে, নির্দেশনামা দেন সেই নির্দেশনামা কেন পালিত হয় নি বা কেন জঞ্জাল এতদিন ধরে যথাযথভাবে পরিষ্কার করা হয় নি এটা দেখা দরকার। আমি মনে করি এই পৌর কমিশনার মিঃ গাঙ্গুলীর এইসব ব্যাপারের জন্য আজকে তদন্ত কমিশন হওয়া উচিত। কারণ মন্ত্রিমহাশয়কে আজকে রাজকাজ ছেড়ে রাজপথে নামতে হয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে বলব, আপনার এই কর্মতৎপরতার জন্য নিশ্চয় আপনাকে ধন্যবাদ দেব, প্রশংসা

করবো। অনেকে হয়ত রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির জন্য নানান বিরূপ মন্তব্য করতে পারেন বা বলতে পারেন সস্তার রাজনীতি করতে নেমেছেন, কিন্তু একথা ঠিক যে, পশ্চিমবাংলার মানুষ আজকে বুঝতে পেরেছেন যে, মাননীয় মন্ত্রী অজিত পাঁজা মহাশয় রাস্তায় নেমে ঐ পৌর কমিশনারকে কাজ করতে বাধ্য করেছেন। কিন্তু এখানে প্রশ্ন, তা হলে কি ভেবে নেব পশ্চিম-বাংলা সরকারের অধীনে যতগুলি দপ্তর আছে সেই দপ্তরগুলির মধ্যে যে দপ্তরে কাজ হবে না সেই দপ্তরের মন্ত্রীকে গিয়ে হামলা করে জনসাধারণের কাজ করাতে হবে? না, তা নয়, এটা ভাবা উচিত নয়। আজকে মন্ত্রীই বড়। কিন্তু মন্ত্রীরা যে অর্ডার দিচ্ছেন, আমলারা ওখানে বসে তা ডাস্টবিনে ফেলে দেবার জন্য ব্যবস্থা করছেন, তাদের বিরুদ্ধে সক্রিয় ব্যবস্থা আজকে গ্রহণ করতে হবে। আজকে তাই এই বিধানসভায় দাঁড়িয়ে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে, শুধু ডেপুটেসান দিয়ে ঐ আবর্জনার স্তূপ পরিষ্কারের জন্য ব্যবস্থা করলেই হবে না, যে সমস্ত কর্তব্যহীন কর্মচারী যেমন ঐ আর পি গাঙ্গুলী, যাঁর জন্য এতবড় সর্বনাশ হতে চলেছে, যেখানে আপনাকে ডাক্তার, ঔষধ ইত্যাদির ব্যাপার ছেড়ে যেতে হচ্ছে সেখানে এর বিরুদ্ধে কি কার্যকর ব্যবস্থা নিচ্ছেন সে জবাব আপনাকে দিতে হবে। কেন তদন্ত কমিটি হবে না যেখানে এইরকম জনস্বার্থবিরোধী কাজ করেছে সেখানে আপনাকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করে নজির স্থাপন করতে হবে। এই সমস্ত উর্ধ্বতন কর্তৃপক্ষ যারা মাথার উপর বসে থেকে জনসাধারণের দেয় টাকায় মাহিনা নিয়ে জনসাধারণকেই কুকুরের মত মারবার ব্যবস্থা করছে তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিচ্ছেন সেই জবাব আপনাকে দিতে হবে, সে জবাব আমরা চাই। আমি আশা করি বিধানসভার সকল মাননীয় সদস্য যাঁরা পৌর এলাকায় থাকেন তাঁরা আমার সঙ্গে এ ব্যাপারে একমত হবেন। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে আবার বলব, এই কমিশনারের বিরুদ্ধে কি কি কার্যকর ব্যবস্থা নিচ্ছেন তা আমাদের জানান। যারা মানুষের জীবন নিয়ে ছিনিমিনি খেলছে, যারা মায়ের কোল খালি করে দিচ্ছে, স্ত্রীর মাথার সিঁদুর মুছে দিচ্ছে, তাদের বিরুদ্ধে আজকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতেই হবে।

শ্রীগৌতম চক্রবর্তী: শুধু স্টেটমেন্ট দিলেই হবে না। তাকে ঐ পদে থাকতে হবে এবং এনকোয়ারী কমিশন বসিয়ে ঐ সমস্ত অপদার্থ অফিসারদের সরাতে হবে।

শ্রীসুব্রত মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা গুরুত্বপূর্ণ বিষয় সে বিষয়ে কোন সন্দেহ নেই। বিশেষ করে শুধু এই বিষয়টাই নয়, বেশ কয়েকদিন যাবত একটা ভুল বোঝাবুঝি বিভিন্ন মহল থেকে হচ্ছে এবং রাজনৈতিক মহল থেকে বাইরে চলে গেছে। সব থেকে আশ্চর্যের কথা যেটা নিয়ে আমি ব্যক্তিগতভাবে উদ্বিগ্ন যে, মাননীয় সদস্যদের মধ্যে সেই ভুলবোঝাবুঝি আজকে স্থান করে নিয়েছে। এটা একটা সুযোগ এই ভুল বোঝাবুঝির পরিসমাপ্তি ঘটাবার। আমি সবচেয়ে আগে অনুরোধ করতে চাই যে, সংবাদপত্রের সমস্ত বক্তব্য যেন মাননীয় সদস্যদের মনকে ইনফ্লুয়েন্স করতে না পারে, কারণ সংবাদপত্রই সব কিছু নয়। ইট ইজ এ ম্যাটার অব প্যাসোন্যাল ওপিনিয়ন এবং আমাদের দেশের ফ্রি জার্নালিজম আজকে এমন একটা জায়গায় গেছে, সেখানে যদি এই নিয়ে বিধানসভায় এবং লোকসভায় হৈচৈ হয়, তা হলে নিছক সংবাদপত্র এবং রেডিও মারফত প্রচার হতে পারবে এটা সত্যি কথা, কিন্তু বাস্তবে যে জিনিস আমি, আপনি এবং আমরা সকলে চাই, যে বিশেষ লক্ষ্যে আমরা পেঁছাতে চাই, সেখানে যেতে পারবো না। কোন মন্ত্রী বা কোন দায়িত্বপূর্ণ সদস্যর ভুল হতে পারে, কোন ভুলকে কেন্দ্র করে আমলাতন্ত্রের হাতকে শক্তিশালী করার চেষ্টা যেন না হয়। এটা ঠিক যে, আমি মূলত কোন ব্যক্তিকে কোনসময় আক্রমণ করতে চাই নি। পক্ষান্তরে বহু ঘটনা, উপ-ঘটনার সৃষ্টি হয়েছে এবং তাকে নিয়ে বহু সাংবাদিক সংবাদপত্রে একটা ইসু করে তুলেছেন। আমি পরিষ্কারভাবে আপনার মাধ্যমে জানাতে চাই, শুধু সি পি আই, আর এস পি, কংগ্রেস নয়, আমরা যারা প্রগতিতে বিশ্বাস করি, আমরা জানি এখানে ব্যক্তিবিশেষ বা ব্যক্তি স্বার্থ এবং ব্যক্তিকে শাস্তি দেবার কোন প্রবণতা আমাদের কারোর নেই। আমি বলছি যে, আই জি সম্পর্কে সমালোচনা হয়েছে, নট দ্যাট পার্টিকুলার ম্যান। কিন্তু আমরা টোটালি পরিবর্তন চাই, স্ট্রাকচারের পরিবর্তন চাই, আমরা সিস্টেমের পরিবর্তন চাই, আমরা স্ট্যান্ডিং অর্ডারের পরিবর্তন চাই, আমরা পলিসি এবং প্রিন্সিপ্যালসের পরিবর্তন চাই। আমরা এই

জিনিস বারবার উল্লেখ করেছি। আমরা বলেছি পিপল-এর সমস্ত ক্ষমতা যেটা আমরা চাইছি, যেটা মানুষের ধারনা হয়ে আছে পিপলস রিপ্রেজেনটেটিভস-এর সমুদয় ক্ষমতা এই সিস্টেমের মধ্যে নেই। উদাহরণস্বরূপ হোম সেক্রেটারী, আই জি কখনও বা সেক্রেটারীকে পয়েন্ট আউট করা হয়েছে, কিন্তু সেই বক্তব্য প্রথম এবং শেষ কথা নয়, সেই বক্তব্য কোন ফ্যাক্টর নয়, এটা সাধারণ কথার মধ্যে পড়ে। তবুও শুধুমাত্র আভিধানিক অর্থে এবং সমস্ত বক্তব্যে ঘটনা এবং উপঘটনাকে কেন্দ্র করে বিচ্ছিন্নভাবে যদি একটা লাইনকে সাংবাদিকরা ব্যাখ্যা করেন এবং সেই ব্যাখ্যাকে অপব্যাখ্যা করেন, আপনারা যদি তাতে ইন্ধন যোগাতে থাকেন, তা হলে যে উদ্দেশ্য আমি অন্তর দিয়ে বিশ্বাস করি সেই লক্ষ্যপথে আমরা পৌঁছুতে পারবো না। আজকে সংবাদপত্র আমি দেখেছি একজন মন্ত্রীকে আঘাত করতে গিয়ে পরিষ্কারভাবে তারা প্রত্যক্ষভাবে একজন আমলা-তন্ত্রের হাতকে শক্ত করেছেন। এর প্রতিবাদ করবেন না হতে পারে কোন জিনিস অতিরঞ্জিত, হতে পারে দৃষ্টিকটু, কিন্তু সেই দৃষ্টিকটুকে সমালোচনা করবার জন্য, একজনকে দুর্বল করার জন্য একটা চরমতম শত্রুকে এইরকমভাবে দিনের পর দিন তার হাতকে মজবুত করবেন কাজেই আমি শ্রদ্ধার সঙ্গে, বিনয়ের সঙ্গে আপনাদের কাছে অনুরোধ করতে চাই, আমরা যে ইমেজ নিয়ে পলিটিক্স করি, বাংলাদেশের সাংবাদিকরা সাংবাদিক ইমেজ নিয়ে সাংবাদিকতা করেন, এটা একেবারে পরিষ্কার। সুতরাং এখানে কোন সত্য অসত্যের প্রশ্ন নেই এবং আমাদের দেশের সাংবাদিকরা ফ্রি জার্নালিজমের সুযোগ নিয়ে তারা গীতা, বাইবেল, মহাভারতের মত হয়ে গেছে, তারা যা বলবেন সেটা মহাসত্য, অন্য কিছু সত্য নয়। যাচাই করুন, বিচার করুন, বিশ্লেষণ করুন। আমাদের উদ্দেশ্য এবং লক্ষ্য সম্পর্কে যদি আমরা চিন্তা না করি, শুধুমাত্র গরম করা রাজনীতি আজকের দিনে নয়। আমি ব্যক্তিগতভাবে কাউকে আঘাত করতে চাই না। আমাদের কলিগস, আমাদের নেতৃস্থানীয় নেতা অজিত পাঁজা মহাশয় কিছুদিন আগে যে জিনিস করেছেন, আমি সেই সম্পর্কে যেতে চাই না। শুধু একটা জিনিস ঠিক করে বলুন তো, কথায় কথায় আপনারা বলেন—আমি নিজে স্টেটমেন্ট দেখেছি ক্যাবিনেটে। প্রত্যেকটি স্টেটমেন্ট অনুযায়ী সাসপেন্ড করা দরকার বলে মনে করি। আমি জানি না, সরকার কি করবেন। কিন্তু একটা সেক্রেটারীকে

[2-20—2-30 p.m.]

এই সিস্টেমে শাস্তি দেবেন, একটা আই জি পি-কে যে শাস্তি দেবেন, একটা অফিসারকে আপনারা যে দাবি করছেন প্রসিকিউশন করবেন, অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার তো দরকার। কিন্তু এই অ্যাডমিনিস্ট্রেশনকে রেখে এই কাঠামোর মধ্যে দিয়ে হ্যামার করে পরিবর্তন করতে চাই। কমিউনিস্ট পার্টির সঙ্গে নকশালবাড়ির সঙ্গে বারে বারে বলেছি এটাই আমাদের তফাত। আমরা পুরোনো সমস্ত কিছু পুড়িয়ে দিয়ে সংস্কার করতে চাই না। আই জি পি-র গলা কেটে ব সেক্রেটারীর গলা কেটে বা সাসপেন্ড করে তার প্রতিবিধান করতে চাই না। আমরা চাই ব্রিটিশ চলে গেছে ২৫ বছর আগে, ১৮৬৬ সালের যে পুলিসের আইনকানুন রয়েছে, আজ পর্যন্ত তার দাঁড়ি, কমা, ফুলস্টপ পরিবর্তন হয় নি। সাজ পোশাকের রং থেকে আরম্ভ করে, তার টুপির রং থেকে আরম্ভ করে তার সমস্ত দৃষ্টিভঙ্গি রয়ে গেছে, তার কিছু পরিবর্তন হয় নি। এই পরিবর্তন আমরা চাইছি এবং এই পরিবর্তন করতে গেলে আমরা নূতন নূতন যারা মন্ত্রী হয়েছি, আমাদের যদি কোন চুলচের ভুলত্রুটি হয়ে যায়, সেই আঘাত করতে গিয়ে, সেই আঘাতের মাত্রা যদি কম বেশী হয়ে যায়—প্রতিদিন সংবাদপত্রে এবং তার সঙ্গে আপনারা এবং সাধারণ মানুষ আমাদের চার্জ করতে থাকে, তা হলে আমাদের আঘাত করার প্রবণতা কমে আসবে। এবং এই মূল সিস্টেমের পরিবর্তন করতে আমরা যা সকলে চাইছি, সেখান থেকে আমরা অনেক দূরে সরে যাবো। আমি তাই আপনাদের সকলের কাছে করজোড়ে শ্রদ্ধার সঙ্গে আবেদন করছি, একটা মূল জিনিসকে আঘাত করতে গিয়ে আমরা যেন একটা সার জিনিসকে আঘাত বেশী করে না করি। এটা আমার কোন আক্রমণ নয়, কোন অভিযোগ নয়, কিন্তু সুযোগ আমি খুঁজতে চাই, আসুন না, আমি তো এই বিষয় রাজনীতির বিতর্ক সৃষ্টি করতে চাই, এই ব্যাপারে ঝড় তুলুন, কেন এই জিনিস হয়। শুধুমাত্র একদিনের একটা আর্টিকল সংবাদপত্রে নয়, আমরা আতঙ্কিত, সংবাদপত্রের এই

জার্টিকলের ভাবে আমরা কোন আঘাত হানতে পারবো না এবং যে জিনিস সৃষ্টি হয়েছে—আমাদের ভুলত্রুটি থাকতে পারে, আমি তা অস্বীকার করতে পারি না, একটা মন্ত্রী, মন্ত্রী, কিন্তু সে ভগবান হতে পারে না,
to err is human and to err is Minister also
সুতরাং একটা মন্ত্রী ১০ বছর মন্ত্রীত্ব করলেও তার হাজার কাজের মধ্যে একটাও ভুল হবে না এই গ্যারান্টি শ্রীমতী ইন্দিরা গান্ধীও দিতে পারেন না, আমাদের মত নূতন মন্ত্রীরা তো দিতে পারবেনই না। কিন্তু সেই ভুলটা সবচেয়ে বড় ক্যাপিটাল হবে, আর আসল বক্তব্যটা নয়? আর সমস্ত ভুলটাকে ইন্ধন জোগাবে, এই যে একটা প্রবণতা, এটা থেকে বিরত থাকুন। অস্বীকার করতে পারবেন না আমার কোন মন্ত্রী সহকর্মী মহাশয় যে জিনিসের দীর্ঘদিনের ফলে দুর্বল হয়ে যাবে, আমলাতন্ত্রের হাত শক্তিশালী হয়ে যাবে এবং এই জিনিস যদি চলতে থাকে, তা হলে আমি বলতে পারি, আপনাদের কাছে যে এক দেড় বছর পরে রাজ্যপালের শাসনের চেয়ে বেশী আমলাতন্ত্রের শাসন এখানে স্থাপন হয়ে যাবে। যা প্রত্যক্ষ এবং পরোক্ষ ভাবে আমরা সবাই দেখবো। আমরা শুধু মন্ত্রী হয়েছি বলে তো অপরাধ করি নি, কোন দায়িত্ব তো আমাদের একার নয়, এই পরিবর্তন, বিবর্তন, সংস্কারের দায়িত্ব আপনাদের সকলের দায়িত্ব, সমস্ত পার্টির দায়িত্ব, সমস্ত রাজনৈতিক দলগুলোরও দায়িত্ব রয়েছে। সুতরাং সেই দায়িত্ব পালন করবার জন্য আমরা বারে বারে বলেছি যে, আসুন কংগ্রেস, কমিউনিস্ট পার্টি, আর এস পি, পি এস পি ভুলে গিয়ে এই মূল দায়িত্বকে পেঁৗছে দেবার জন্য আমরা একাকার হয়ে যাই। আমি তাই আবার আবেদন জানাচ্ছি আপনাদের কাছে, মূল জিনিসটা আজকে অনুসন্ধান করুন, যে জিনিস করতে যাচ্ছি, সেটা অনুসন্ধান করুন। সংবাদপত্রের পেছনে রাজনীতি আছে, কে অস্বীকার করবে আজকে, এই কথা আমি জানি যে, আমার বক্তব্যকে নিয়ে টুইস্ট হতে পারে, হাঁসজারু বলে অনেক সাংবাদিক গল্প লিখতে পারে এবং তার কাউন্টার দেবার মত আমার পয়সা নেই এবং ক্ষমতাও নেই, এটাও ঠিক কথা। যা সত্য, নগ্ন সত্য তা বলবার মত ক্ষমতা আপনারা আমাকে দিন, এই ভিক্ষা আমি চাইছি সকলের হয়ে। জয় হিন্দ।

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় শ্রী বিশ্বাস যে কথা বললেন এবং অন্যান্য সদস্যরা যে উদ্বেগ দেখিয়েছেন, এর মধ্যে অনেকটা সত্যতা রয়েছে, তবুও আমাদের উত্তেজিত হবার কিছু নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিস্তারিত ভাবে বলতে চাই এই জন্য যে, কিছু কিছু সংবাদপত্র যাদের আমরা সম্মান করি গণতন্ত্রের একটা বিরাট থাম হিসাবে, তারা এতদূর নীচে নেবে গিয়ে নিজের নিজের বক্তব্য তুলে ধরতে গিয়ে সম্পূর্ণ অলীক এবং অসত্য কথা জনসাধারণের কাছে তুলে ধরবেন এই জিনিস আমরা তো ছোটবেলা থেকে শিখি নি। মাননীয় সদস্য যারা আছেন তারা এই জিনিস এতদিন দেখেন নি, যে জিনিস দেখলাম যুগান্তর পত্রিকায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক কিছু বলা হয়েছে দুটি কাগজে, সত্যযুগ এবং যুগান্তরে তা খুব দুঃখের অসত্য এবং যুগান্ত সৃষ্টিকারী। সত্য কখনই প্রকাশিত হল না, যার ফলে এমন জিনিসে পেঁৗছে গেল যা আপ্রাণ চেষ্টা করা সত্ত্বেও স্মল পক্স কন্ট্রোল করা যাচ্ছে না, ছেলেরা নেমে পড়েছে রাস্তায়, অনেক টাকা খরচ হয়েছে জনসাধারণের টিকা দেবার জন্য। তখন পর্যন্ত যদিও এক্সপার্টরা বলেছিলেন যে, গারবেজ একমুলেশন রয়েছে, কিন্তু সেটার স্মল পক্সের সঙ্গে ততটা যোগাযোগ নেই, কিন্তু কলেরার সঙ্গে অত্যন্ত ঘনিষ্ঠ যোগাযোগ রয়েছে। এটা যদি পরিষ্কার না হয়, তা হলে কলকাতা শহরকে কলেরার মহামারীর হাত থেকে এই বারে রোখা যাবে না। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি নিজে গত ২১এ এপ্রিল তারিখে কলকাতা শহরের নানান জায়গায় ঘুরে ঘুরে একটা লিস্ট তৈরি করেছিলাম, প্রায় ৫০ জায়গার লিস্ট। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেখানে আমি প্রতিটি নম্বর দিয়ে দিয়েছিলাম, ওয়ার্ড নম্বর দিয়েছিলাম, প্রেমিসেস নম্বর দিয়েছিলাম যে, ঐ প্রেমিসেস নম্বরের সামনে ময়লা জমে আছে এবং কত লরী ময়লা জমে আছে তার লিস্ট দেওয়াও সম্ভব হয়েছিল, কারণ কর্পোরেশনের বেস কর্মীরা এতে আমাদের সাহায্য করেছিলেন। ২১এ এপ্রিল তারিখে যখন লিস্ট তৈরি হল, তখন ২২এ এপ্রিল তারিখে আমি একটি অর্ডার দিয়েছিলাম, তাতে আমি অর্ডার দিয়েছিলাম এই যে, এই লিস্টের এই জায়গায় ময়লা জমে আছে, এই লিস্টের ময়লা ৭ দিনের মধ্যে পরিষ্কার করা চাই। যদি কোন অসুবিধা থাকে পরিষ্কার করতে, তা হলে আমার সঙ্গে যে কোন জায়গায় যে কোন

সময় সরাসরি অফিসাররা এসে কথা বলতে পারবেন, এই হচ্ছে ঘটনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই লিস্টের কপি, এই অর্ডারের কপি অ্যাডমিনিস্ট্রেটর ও কমিশনার, তাদের দু-জনকেই পাঠানো হয়েছিল এবং যিনি ডি সি আছেন, অর্থাৎ ডেপুটি কমিশনার, তার কাছেও পাঠানো হয়েছিল। এই লিস্ট দেখার কিছুদিন আগে আমি হিন্দুস্থান স্ট্যান্ডার্ড কাগজে দেখেছিলাম যে গারবেজ আবার পাইল আপ করছে। অর্থাৎ ১০ই ফেব্রুয়ারি যখন কার্যভার গ্রহণ করতে হয়েছিল, মাননীয় পৌরমন্ত্রী অসুস্থ হয়ে পড়ার জন্য, তখন স্ট্রাইক প্রিয়ড চলছিল, সুতরাং স্ট্রাইক প্রিয়ডের পর এত গারবেজ একুমুলেটেড হয়েছিল যে, আমি দায়িত্ব হাতে নিতে কলকাতার সমস্ত এম এল এ আমাকে সাহায্য করতে এগিয়ে এসেছিলেন এবং যে যার নিজের এলাকায় নিজে দাঁড়িয়ে গারবেজ ক্লিয়ার করবার ব্যবস্থা করেছিলেন তারপর গারবেজ স্টার্টেড পাইলিং আপ, এই রিপোর্ট হিন্দুস্থান স্টান্ডার্ডে বেরিয়েছিল। কিন্তু আমি নিজে রিপোর্ট নিয়ে দেখলাম যে, এটা অসত্য, তাই কমিশনারকে পাঠানো হয়েছিল। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ কাগজওয়ালারা যখন লেখেন, তখন তারা কোথায় বসে লেখেন, কি জেনে লেখেন তা জানি না, বিশেষ করে যুগান্তর এবং সত্যযুগ, তারা কোথা থেকে লিখলেন জানি না, কিন্তু সম্পূর্ণ ভুল তথ্য লিখলেন। অর্থাৎ কমিশনারকে যে অর্ডার দেওয়া হয়েছিল, তিনি ২৩ তারিখে সেটা পেয়ে লিখলেন যে, এই মাননীয় মন্ত্রী বলেছেন যে, কলকাতায় গারবেজ জমে আছে, আমার ধারনা, অর্থাৎ কমিশনারের ধারণা কিন্তু অন্যরূপ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যদি আমি সেটার উপর লিখে দিতাম যে, সিন, থ্যাংকস এবং ঐ কাগজের রিপোর্টাররা যখন জিজ্ঞাসা করতেন আমাকে যে, কলকাতা কি পরিষ্কার হয়েছে আর আমি যদি বলতাম, হ্যাঁ হয়ে গিয়েছে, তখন তারা কি আমাকে ছেড়ে দিয়ে কথা বলতেন, না ছেড়ে দেওয়া উচিত ছিল? তখন গণতন্ত্রের জয় হত, যখন চোখে আঙ্গুল দিয়ে আমাদের দেখিয়ে দিতে পারতেন যে আমরা ভুল করেছি, একজন অফিসারের রিপোর্টের উপর কলকাতা পরিষ্কার বলে দিয়েছে। আজকের খবরের কাগজে আছে মাননীয় অধ্যক্ষ মহাশয় যে ১০০-র উপর লোক কলেরায় আক্রান্ত হয়েছে। কাদের দোষে হয়েছে, আমি জানতে চাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, যারা আজকে সমর্থন করছেন গণতন্ত্র বলে, এই গণতন্ত্রের পুণ্যমন্দিরে, এই যে আমাদের সুন্দর মন্দির তার মাঝে দাঁড়িয়ে আমি সারা পশ্চিমবাংলার মানুষের কাছে প্রশ্ন রাখছি যে, এই গণতন্ত্রের ধ্বজাধারীদের সাক্ষী কোন দিকে হবে? আমি জনগণের কাছে সমস্ত দায়িত্ব ছেড়ে দিতে চাই। আমি জনসাধারণের কাছ থেকে চিঠি পাচ্ছি, তা আমি পাবলিশ করতে চাই না। কিন্তু আমি জানিয়ে দিতে চাই যে, আজকের স্টেটসম্যান কাগজ যাদের গিমিক বলেছেন, যদি কলকাতার গারবেজ পরিষ্কার না হয়, তা হলে এক্সপার্ট রিপোর্ট আছে যে কলেরা রোগ এমন মহামারী আকার ধারণ করবে যে, তা স্টেটসম্যানের লোক বলে বা স্টেটসম্যানের এডিটর বলে ছেড়ে দেবে না, সত্যযুগকে ছেড়ে দেবে না, যুগান্তর কাগজকে ছেড়ে দেবে না। গণতন্ত্র যখন এখানে তখন আজকে সংসদীয় গণতন্ত্রের সংসদের ভিতরে দাঁড়িয়ে আমাদের সমস্ত সদস্যরা যা ভাবছেন এবং বাইরে জনগণের যে ভাবনা তার সংগে আমি একমত। কিছু কিছু আমলা তাদের বলেছেন, স্টেটসম্যান কাগজের এডিটোরিয়ালে যে, আমি নাকি ভুল করেছি, আমার নাকি কোন এক্তিয়ার নেই অর্ডার দেবার, আমার শুধু রিকোয়েস্ট করবার ক্ষমতা আছে অ্যাডমিনিস্ট্রেটরকে। কিন্তু কোন আইনের ধারা থেকে এই আইন এলো, আমি তো এই আইনের কোন হদিশ খুঁজে পেলাম না সারা মিউনিসিপ্যাল অ্যাক্টের মধ্যে। যাই হোক, আমায় যখন আপনারা ভার দিয়েছিলেন, তখন আমি জানিয়ে দিতে চাই পরিষ্কারভাবে, মাননীয় অধ্যক্ষ মহাশয় কাজ আমি আপ্রাণভাবে করবার চেষ্টা করেছি। যখন ২৯ তারিখ আমি ঠিক করলাম জয়েন্ট ইন্সপেক্টর-এর বিষয়ে তখন আমার কাছে রিপোর্ট এলো কলকাতা পরিষ্কার, শুধু বড়বাজার এলাকায় নাকি কিছু কিছু ময়লা আছে।

[2-30—2-40 p.m.]

ভিজিলেন্স কমিশনার শ্রী সেনগুপ্তকে বলেছিলাম, তিনি যেন প্রতিদিন রিপোর্ট দিয়ে যান। কারণ আমি লক্ষ্য করেছি কর্পোরেশন-এ নীচের যাঁরা অফিসার রয়েছেন তাঁরা অত্যন্ত দুষ্ট।

কিন্তু তাঁরা ভয় পাচ্ছেন কাজ করতে। কাদের জন্য? দু-একজন আমলা কমিশনার ইত্যাদি অফিসারদের জন্য তাঁরা কাজ করতে পারছেন না। এঁদেরই ভয়ে আজকে বড় বড় কাগজের এডিটোরিয়ালে সমস্ত কথা লেখা হচ্ছে। অর্থাৎ আমলাদের ভয়ে কাগজ কুঁকড়ে গেছে। এটা অত্যন্ত দুঃখের কথা। আজ গণতন্ত্র কোথায় যাচ্ছে? এখানে আমরা চিৎকার করছি, প্রশ্ন দিচ্ছি, ফাইল-এ সই করছি। কিন্তু এই ফাইল-এ সই করছি কাদের জন্য? জনসাধারণ যাঁরা আমাদের পাঠিয়ে দিয়েছেন তাদের জন্য সই করছি। কলকাতার বস্তিবাসী মা-ভাই-বোন যাঁরা মারা যাচ্ছেন তাঁদের জন্য আমরা সই করছি। আমি গারবেজ নিয়ে লেক টাউন-এ গিয়েছিলাম সেজন্য প্রশ্ন করেছেন। যুগান্তর বলেছেন, আমার নাকি এক্তিয়ার নেই কর্পোরেশন এলাকার বাইরে অস্বাস্থ্যকর জিনিস নিয়ে যাওয়ার। লেক টাউন-এ নিয়ে গিয়েছিলাম এই কারণে যে দু-চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দিতে যে সেই সমস্ত অফিসারদের যারা আগেকার দিনে ভুল রিপোর্ট দিয়ে মন্ত্রীদের বানচাল করতেন তারা এখন তা যাতে না করতে পারেন। কে বলেছে কলকাতা পরিষ্কার? কিন্তু তিনি লিখেছেন কলকাতা পরিষ্কার। আমি নিজে বাড়ি থেকে বেরিয়ে খালি লরী নিয়ে ডেপুটি কমিশনারকে সঙ্গে নিয়ে তাঁকে দিয়ে সই করিয়ে নিয়ে পথের স্পট থেকে পুরানো গারবেজ নিয়ে গিয়ে তাঁর বাড়িতে গিয়েছিলাম। লেক টাউন-এর মত সুন্দর জায়গায় যেখানে অফিসাররা থাকেন সেখানে আমার কি এক্তিয়ার আছে এই সমস্ত অস্বাস্থ্যকর জিনিস নিয়ে যাবার? আমার এটা নাকি একটা অস্বাস্থ্যকর অভিযান হয়েছে। এটা যুগান্তরের এডিটোরিয়ালে লিখেছেন। আমরা গণতন্ত্রকে ধরে রাখার চেষ্টা করছি তা নয় আমরা বলছি যে, আমাদের অত্যন্ত শ্রদ্ধেয় যে সমস্ত বড় বড় কাগজ আছে তাদেরও একটা বিরাট দায়িত্ব আছে। আজ খুব দুঃখের কথা যে, একটা রিপোর্টার আমাকে ফোন করে বললেন, আপনার বিরুদ্ধে লিখতে হচ্ছে, কোন উপায় নেই, উপর থেকে নির্দেশ এসেছে লিখতে হবে সরকারকে ভীষণভাবে একটু বিব্রত করার জন্য। আমরা জানতে চাই যে, কলম থেকে বেরিয়ে এল আমার নামে কমিক যেটা যুগান্তরের প্রথম পাতায় আছে। ছোট ছেলে চিৎকার করে জানাচ্ছে আর আমি কমিক করছি। সে বলেছে আপনার প্রতি আমার পূর্ণ সমর্থন আছে, কিন্তু উপায় নেই। আমি বস্তিতে থাকি, আমার বস্তি অপরিষ্কার। এ জিনিস হচ্ছে। এদের শাস্তি কারা দেবে? আজ নক্সালাইট-এর প্রতি বিচার ব্যবস্থা করছি। কিন্তু তারা যখন একটা কলমের খোঁচায় লিখে পাঠিয়ে দিত অমুক কাজ করা চলবে না। মাও-সে-তুং লাল সেলাম, এই দেখুন ছুরির চিহ্ন রক্তের ফোঁটা পড়ছে তখন কাগজ সব কুঁকড়ে যেত। যুগান্তর, সত্যযুগ কি একটা কথা লিখেছেন তাদের বিরুদ্ধে। যখন আমাদের ছেলেরা পথেঘাটে খুন হয়েছে তখন গণতন্ত্র কোথায় ছিল? জিজ্ঞাসা করি ঐ সমস্ত এডিটারদের যে, তখন গণতন্ত্র কোথায় ছিল? আজ তাঁরা গণতন্ত্র দেখছেন। একজন আমলা, আই এ এস অফিসার লেক টাউন-এ তাঁর বাড়ি, নন্দর বাগান, তার সামনে মন্ত্রী এসেছেন ময়লা নিয়ে—এটা তো আশ্চর্য ব্যাপার—এ জিনিস হতে পারে না। কারণ যত তাড়াতাড়ি যে মন্ত্রী হেনস্তা হবে, যত তাড়াতাড়ি জনসাধারণকে ভুল বুঝিয়ে একটা কিছু ব্যবস্থা করা যাবে ততই আমলাদের হাতে পাওয়ার আসবে এবং তখনই চাকুরির দরখাস্ত করে ঐ আমলার কাছে চুপিসাড়ে গিয়ে পেছনের দরজা দিয়ে লোক ঢোকান সুবিধা হবে। এটা অত্যন্ত লজ্জার কথা। আজ যদি স্টেটসম্যান-এর ভাষায় এটা গিমিক হয়, তা হলে আমি বলব আমি পরিষ্কার নিজের চোখে যা দেখেছি এক্সপার্টস রিপোর্ট কন্সিডার করেছি তাতে জানি যে কলকাতা শহরকে বাঁচান যাবে না। স্টেটসম্যান সত্যযুগ, যুগান্তরের অফিস কলকাতা শহরের মধ্যে। আমি আপ্রাণ চেষ্টা করে ৬০০ ছেলেকে লাগিয়েছিলাম তখনই চিৎকার করা হল। ঠিক যে সময় ডবলিউ এইচ ও এর স্মল পক্স এক্সপার্ট-রা ফেব্রুয়ারি মাসে আমার কাছে এসে তাঁরা বলে গেলেন—

Mr. Minister, 10,000 attacks and 5,000 deaths in every week will start from the first of March.

গ্যারান্টি দিয়ে বলে গেলেন, কিছুতেই বন্ধ করতে পারবেন না, বলে দিয়ে বেরিয়ে চলে গেলেন। কারণ কর্পোরেশনে কেন কাজ হয় নি সেই জন্য আজ গারবেজ ইজ কনসার্নড। তাই তাড়াতাড়ি আমরা স্পটে নেমেছিলাম একসঙ্গে কাজ করার জন্য। আজকে সেটা কন্ট্রোলের মধ্যে এসে গেছে,

আজকে তারা নামতে শুরু করে দিয়েছে। এই কাজ একদিকে করা হবে, না সেই একজন আমলার হাতে কাগজ আছে বলে, টাকা আছে বলে এবং কাগজগুলি জনসাধারণকে বিভ্রান্ত করবার জন্য যথেষ্ট বলে তাতে যা ইচ্ছা তাই লিখে আমাদের হাত ছোট করে দেবেন। আমরা বন্ধু শ্রী মুখার্জী বলেছেন যে, আমরা বুঝি এতে হতাশ হয়ে পড়েছি। আমি বলছি, আমরা হতাশ হচ্ছি না, আমরা হতাশ হচ্ছি না এইজন্য যে, যত বেশী আমাদের বিরুদ্ধে লিখবেন আমি জানি পশ্চিমবঙ্গের বীর মানুষ যারা এতদিন ধরে সংগ্রাম করে এসেছেন তাঁরা বুঝতে পারবেন, দলমতনির্বিশেষে প্রত্যেক মাননীয় সদস্যের উপর আমার বিশ্বাস আছে যে, আমরা যে কাজ করছি সেটা তাদের চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দেবার জন্য যে, আমলারা যা লিখে দেবেন আমরা সেই অনুযায়ী সরকার চালাতে বাধ্য নই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ইঙ্গিত দিন আমি হাউসের সেন্স চাই, আজকে আমি হাউসের সমস্ত সদস্যের সমর্থন দাবি করছি। কারণ, আমি যা কাজ করেছি নিজের বিচারবুদ্ধিতে সবকিছু ভেবে সেই আমলাকে চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দিতে চেয়েছি যে, যা রিপোর্ট তিনি দিয়েছিলেন সেটা মিথ্যা। তিনি লিখেছিলেন—

Minister has ordered. I do not welcome such decision. The decision is improper.

একথা তিনি লিখেছেন। কারণ, আমি ভিজিলেন্সের একজন লোককে বলেছিলাম, ঠিক রিপোর্ট দিতে। তাঁর নিচের যিনি অফিসার তাঁকে যদি আমি রিপোর্ট দিতে বলতাম, তা হলে তাঁর মাথাটা নেড়া করে দিতেন। কারণ কাগজ তাঁর আছে, সত্যযুগ তাঁর বিরুদ্ধে খুব ভাল করে লিখতে শুরু করে দেবে। তা হলে বেচারা অন্য একজন ইঞ্জিনিয়ারের প্রাণ আইঢাই অবস্থা হবে। তাই ভিজিলেন্স ডিপার্টমেন্টকে দিয়েছিলাম যিনি সরাসরি আমার কাছে দায়ী হবেন, কোন দিক দেখতে তিনি বাধ্য নন। আজকে অনেক কথা বলা হয়েছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা পশ্চিমবঙ্গের মানুষ জানুক আপনার মাধ্যমে যে, আমরা আপ্রাণ চেষ্টা করছি কলকাতার মানুষকে বাঁচাবার জন্য, আর কলকাতার মানুষকে যখন বাঁচাবার কথা বলছি, তখন শুধু টালিগঞ্জ এলাকার, নিউ আলিপুর এলাকার, বিড়লা, টাটা, ঝুনঝুনওয়ালার বাড়ির লোকদের বাঁচাবার কথা নয়, আমরা বস্তিবাসী, গ্রামের মানুষ যাঁরা মারা গেছেন, আমার কাছে খবর আছে একটিও মারা যান নি, টাটা, বিড়লার লোক বা বড় বড় লোক কলেরাতে মারা গেছেন বস্তিবাসী মানুষ, মারা গেছে ডাঃ কানাই সরকারের এলাকার মানুষ, অত্যন্ত গরীব মানুষ জালদা এলাকার তাদের বাঁচাবার জন্য আজ কথা বলতে গেলে নিউজ পেপারের এডিটর গিমিক বলেন, আশ্চর্য লাগে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পূর্ণ দায়িত্ব নিয়ে মন্ত্রী হিসাবে হলপ করে বলতে পারি, যদি এর বিরুদ্ধে সারা জনমত জাগ্রত না হয় এবং আপনার মাধ্যমে প্রতিটি মানুষের কাছে এর বিরুদ্ধে সাড়া না জাগে, তা হলে এই গিমিক, অস্বাস্থ্যকর অভিযান ভিন্ন রূপ নেবে এবং যখন তাদের লিডারশিপ দিতে পারব নিজেকে ধন্য মনে করব। সেই ভিন্ন রূপের জন্য সারা পশ্চিমবঙ্গের মানুষ আজকে তৈরি হয়ে আছে। তাই আপনার কাছে এবং সারা হাউসের কাছে আমি সেন্স চাচ্ছি। প্রতিটি পার্টির কাছে আমি জানতে চাই, আমি যা করেছি তা ঠিক করেছি কিনা এবং আমরা এই জিনিস করব কিনা, না, মাথা নিচু করে আমলাদের কাছে বসে থাকব।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে পরিস্থিতির উপর দাঁড়িয়ে আমি মেনসান করেছিলাম তাতে মাননীয় মন্ত্রিমহাশয় আজকে সেন্স অব দি হাউস চেয়েছেন। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দিই সেন্স অব দি হাউস আপনার পাওয়ার দরকার নেই, যেদিন আপনারা শপথ গ্রহণ করেছিলেন সেদিন পশ্চিমবঙ্গের মানুষ আপনাদের আশীর্বাদ জানিয়েছিল। কলকাতার ঐ বস্তি এলাকার মানুষকে বাঁচাবার জন্য গ্রামের মানুষকে বাঁচাবার জন্য আপনাদের অভিযানের দরকার আছে। যারা বিড়লা, টাটার দালালি করে তারা যদি আপনাদের

কণ্ঠ রোধ করার জন্য চেষ্টা করে, তা হলে তার বিরুদ্ধে পশ্চিমবঙ্গের ৪ কোটি ৪৪ লক্ষ জাগ্রত মানুষ আপনাদের পাশে দাঁড়িয়ে আছে, থাকবে এবং আমরা যারা ২১৬ জন আছি এবং মোর্চার শরীক যাঁরা আছেন তাঁরাও নিশ্চয়ই থাকবেন, আপনি সেই সেন্স অব দি হাউস নিয়ে যান।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় অধ্যক্ষ মহাশয় ,অবিলম্বে আমরা এই অফিসারের সাসপেন্ড দাবি করি।

শ্রীবিজয়সিং নাহার: মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এখানে দুই মন্ত্রী শ্রীঅজিত পাঁজা এবং শ্রীসুব্রত মুখোপাধ্যায় নিজেদের অভিজ্ঞতার কথা এবং ভবিষ্যতে কিভাবে দেশে নতুন জিনিস নিয়ে আসবেন তার কথা বিবৃত করেছেন।

[2-40—2-50 p.m.]

যে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন তার জন্য আমি তাঁদের দু-জনকেই অভিনন্দন জানাই। তবে শুধু পরিষ্কার করবার কথা নয় বা এখানে বসে আলোচনা করা নয়, সুব্রতবাবু যেকথা বললেন. সেটা খুব ভাববার বিষয় যে, আজকে আমলাতন্ত্রের শাসন যেটা চলছে তার জন্য কোন কাজ করা সম্ভবপর হচ্ছে না, লালফিতা কখনও খুলছে না। আজকে দেখছি একটা কাজের কথা যদি মন্ত্রিমহাশয় বলেন এবং আমলাতন্ত্র যদি মনে করেন এটা করা ঠিক হবে না বা এটা করব না, তা হলে মন্ত্রিমহাশয়ের কোন সাধ্য নেই তাঁদের দিয়ে সেই কাজ করিয়ে নেবেন। তবে আমি দেখলাম এই অবস্থার দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি গেছে। আমি মনে করি এখানে কতগুলি কথা বলে কোন লাভ হবে না, এর জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা দরকার সেটা বিবেচনা করে হাউসে রাখুন এবং আমি আশা করি, সর্বসম্মতিক্রমে তাঁকে সমর্থন জানান হবে। এই শাসন ব্যবস্থা কিভাবে তাড়াতাড়ি চলতে পারে, যারা স্বার্থপর রয়েছে তারা বাধা দিয়ে যাতে বন্ধ করতে না পারে, দেশের মানুষের মঙ্গলের জন্য যাতে তাড়াতাড়ি কাজ হয় এবং লালফিতার বন্ধন দূর হয়, আমূল পরিবর্তন হয়, তার জন্য ব্যবস্থা করুন। ভারতবর্ষের অন্যান্য প্রদেশ এটা আরম্ভ করতে পারে নি, আসুন, বাংলাদেশ থেকে এটা আমরা আরম্ভ করি। বাংলাদেশ হচ্ছে একমাত্র দেশ যেখানে পদে পদে বিপ্লব হয়েছে। আমরা ভারতবর্ষকে দেখিয়ে দিতে চাই বাংলাদেশের এই নূতন ধারা এবং আজকে স্বাধীন দেশের ধারা হবে কাজ করবার। আমলাতন্ত্র যাঁরা কাজ করবেন তাঁরা যেন অনুভব করেন আমরা দেশের সেবক, আমরা "না" লিখবার জন্য নয়, আমরা "হ্যাঁ" লিখবার জন্য এবং কি করে কাজ হবে তার জন্য আমরা। কর্পোরেশনের ব্যাপারে বললেন অনেক দুরূহ ব্যাপার। মন্ত্রিমহাশয় কাজে নেমেছেন, তাঁর মনে বল আছে, জোর আছে, তিনি হয়ত করতে পারবেন। একথা ঠিক, কর্পোরেশনে অনেক দিন ধরে জঞ্জাল জমে রয়েছে। নেতাজী বলেছিলেন, আমি ওখানকার অজিয়ান স্টেবল ক্লিন করব, কিন্তু পারেন নি, কারণ ওখানকার চক্রের মধ্যে এরকম অবস্থা হয়েছে। কাজেই যতক্ষণ পর্যন্ত কর্পোরেশনের আমূল পরিবর্তন না করতে পারবেন, ততক্ষণ পর্যন্ত কিছুই করা যাবে না। কর্পোরেশনের সম্বন্ধে আমার অনেক দিনের অভিজ্ঞতা রয়েছে, কাজেই আমি জানি সেখানে কি অবস্থা। এখানে কেবল জঞ্জাল নয়, এরা সরকারের দপ্তরের চেয়ে আরও অনেক অধম দপ্তরে নেমে গেছে। কাজেই বলছি খুব তাড়াতাড়ি করুন। এখানে বসে কেবল আলোচনা করা নয়, যাতে সত্যিকারের কাজ হয় সেই পরিবর্তন তাড়াতাড়ি নিয়ে আসুন, আমরা আপনাকে অভিনন্দন জানাব।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় স্পীকার মহাশয়, সেই কর্মচারী সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে সেকথা কিন্ত মন্ত্রিমহাশয় বললেন না।

শ্রীঅজিতকুমার পাঁজা: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য বললেন তাঁর বিরুদ্ধে কি ব্যবস্থা হল? আমি আপনার মাধ্যমে জানাতে চাই, আমি তাঁর সি সি রোলটা নিয়ে তাতে তাঁর বিরুদ্ধে লিখে দিতে পারি তাঁকে হয়ত সাসপেন্ড করা যেতে পারে, তাঁকে পশ্চিমবাংলার বাইরে পাঠান যেতে পারে। কিন্তু আমি চাচ্ছি নূতন নিয়ম। আমরা জনসাধারণের দ্বারা

নির্বাচিত হয়েছি, তাদের রায়ে মন্ত্রী হয়েছি, কাজেই যাঁরা এইভাবে অর্ডাসিটি দেখাবেন, মিথ্যা কথা বলবেন, সিন, থ্যাঙ্কস করবেন, আমরা ঠিক করেছি সেই অফিসারকে ওখানে রেখে তাঁকে দিয়েই কাজ করাব, তাঁকে দিয়েই গারবেজ ক্লিয়ার করাব যে কথা শ্রীবিজয়সিং নাহারও বলেছেন।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এই সভায় বার বার সুতার অভাবের কথা, শান্তিপুরের তন্তুজীবীদের হাহাকারের কথা উল্লেখ করা হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার থেকে সম্প্রতি শান্তিপুরে সুতা সরবরাহ করা হয়েছে, কিন্তু বড়বাজারের সেই সুতা শান্তিপুরের ডিলারদের কাছে যা দামে দেওয়া হয়েছে তার উপর ২ পার্সেন্ট কমিশন ধরে যে দামে দেওয়া হয়েছে, তা সাধারণ তন্তুজীবীদের নাগালের বাইরে। এবং ব্ল্যাক মার্কেটে যে দামে সুতা বিক্রি হচ্ছে বর্তমান দামের সাথে তার বিন্দুমাত্র হেরফের নেই। সুতার দাম কমানোর দাবিতে গত পরশুদিন শান্তিপুর হ্যান্ডলুম ডেভেলপমেন্ট অফিসের ডেপুটি ডিরেক্টর অব হ্যান্ডলুম ইন্ডাস্ট্রিজ তাকে দশ ঘণ্টা ধরে ভুখা জনতা ঘেরাও করে রাখে এবং গতকাল দাম কমানোর দাবিতে শান্তিপুরের ভুখা জনতা দলমতনির্বিশেষে ২৪ ঘণ্টা ব্যাপী এক সর্বাত্মক বন্ধ পালন করে। যদি সুতার দাম অবিলম্বে না কমানো হয়, তা হলে আমি পরিষ্কার আপনার মাধ্যমে জানাচ্ছি শান্তিপুরের তন্তুজীবীদের বাঁচানোর দাবিতে দলমতনির্বিশেষে সেখানকার বৃহত্তর আন্দোলনে নামবে এবং তাতে দেশের প্রশাসন যন্ত্র পুরোপুরি অচল হবার সম্ভাবনা আছে। এবং মাননীয় স্পীকার মহাশয়, আমি আরো জানাতে চাই যে, গতকাল শান্তিপুরে ২৪ ঘণ্টা সর্বাত্মক বন্ধ এটা সরকারের কাছে একটা হুঁশিয়ারীর প্রথম পদক্ষেপ মাত্র। তাই আমি দাবি করছি অবিলম্বে ইকনমিক সাবসিডি দিয়ে শান্তিপুরের তন্তুজীবীদের সুতা সরবরাহের ব্যবস্থা করুন এবং তাদের ফাইনান্সিয়াল হেল্প দিন। যখন পশ্চিমবঙ্গে বেকার সমস্যার সমাধানের দাবিতে ইকনমিক সাবসিডি বহু সীক এবং ক্লোজড ইন্ডাস্ট্রিজের দরজা খুলে দিয়ে লক্ষ লক্ষ ক্ষুধিত শ্রমিকদের কাজে লাগিয়েছেন, তখন পশ্চিমবাংলার শান্তিপুরের ৬০ লক্ষ তন্তুজীবী সম্প্রদায় সুতার অভাবে বেকার হয়ে পড়ছে, তাদের ইকনমিক সাবসিডি দিয়ে সুতা সরবরাহ যদি না করা যায়, তা হলে গতকাল শান্তিপুরে ২৪ ঘণ্টা যে বন্ধ পালিত হয়েছে সেই বন্ধ সারা পশ্চিমবাংলার বুকে ছড়িয়ে পড়বে এবং পশ্চিমবাংলার প্রশাসন যন্ত্র অচল হয়ে পড়বে এটা পরিষ্কারভাবে জানিয়ে দিতে চাই। এবং এই ইকনমিক সাবসিডি দিয়ে যদি সুতা সরবরাহের ব্যবস্থা না করা যায়, তা হলে শান্তিপুর আবার অশান্ত হয়ে পড়বে এবং আবার গণবিদ্রোহ দেখা দেবে।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু দাবি, বহু আবেদন-নিবেদনের পরেও এবং সেই আবেদন-নিবেদন ব্যর্থ হবার পরে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে বিনীত আবেদন রাখছি যে, বাঁকুড়া জেলায় বর্তমানে দুর্বিসহ অবস্থা চলেছে, খরা চলেছে। সেখানে অধিকাংশ খেটে খাওয়া মানুষের কর্মের কোন সংস্থান নাই। গতকাল আমাদের মাননীয় সদস্য ঘেরাও হয়েছেন, আমিও ঘেরাও হয়েছি। এবং আরো অনেক সদস্য ঘেরাও হয়েছেন এই কথা তারা বলেছেন। আজকে বাঁকুড়ার খেটে খাওয়া মানুষের অবস্থা দুর্বিসহ। আপনার মাধ্যমে আমি বিনীতভাবে মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করতে চাই যে, আপনি নিজে বাঁকুড়ায় যান এবং সেখানে সাধারণ মানুষের এবং খেটে খাওয়া মানুষের অবস্থা পর্যালোচনা করে আসুন। আজকে বাঁকুড়ায় অধিকাংশ জায়গায় পানীয় জলের অভাব। আমি বিশেষ করে একটি অঞ্চলের কথা মন্ত্রিমহাশয়ের কাছে তুলে ধরতে চাই যে, গত বছর খরার সময় মন্ত্রিমহাশয়ও জানেন, সকল সদস্যও জানেন এবং খবরের কাগজের রিপোর্টাররাও জানেন যে, কল্যাণী অঞ্চলে দুর্বিসহ জলের অভাব সৃষ্টি হয়েছিল। কল্যাণী অঞ্চলে গরু এবং পশু জলাভাবে মারা গিয়েছিল এবং ঐ জলের অভাবের জন্য প্রতি বছর ঐ গ্রামের দশ থেকে বারো হাজার মানুষ গ্রাম ছেড়ে চলে যায়। আমরা গতবারে দেখেছিলাম যে, কেন্দ্রীয় সরকার থেকে একটা বিভাগীয় সার্ভে টিম এসেছিল, এবং ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের একটা সার্ভে টিম গিয়েছিল কল্যাণীতে। আশা করেছিলাম

যে, এই দশ বারো হাজার মানুষের পানীয় জলের অভাব দূর হবে, কিন্তু অত্যন্ত দুঃখ এবং ব্যাথার সংথে বলতে চাই, আজ পর্যন্ত পানীয় জলের অভাব দূর হল না। ঐ এলাকায় শীঘ্রই যাতে ডিপ টিউবওয়েল করে পানীয় জলের অভাব দূর করা যায় তার জন্য মন্ত্রিমহাশয় নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করবেন।

[2-50—3-35 p.m. including adjournment]

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বিশেষ গুরুত্বপূর্ণ সংবাদের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং পশুপালন মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে আমি এর প্রতিকার দাবি করছি। কলকাতার অন্যতম আকর্ষণ আলিপুর পশুশালায় কয়েকটি দুষ্প্রাপ্য মূল্যবান পশুপক্ষী এবং সরীসৃপ মারা গিয়েছে। প্রচণ্ড গরমই নাকি এই সমস্ত মৃত্যুর কারণ বলে বলা হয়েছে। এটা বিশ্বাস-যোগ্য নয়। কিছুদিন থেকে চিড়িয়াখানার পরিচালন ব্যাপারে নানারকম ত্রুটিবিচ্যুতি দেখা যাচ্ছে এবং পশুপক্ষীর অযত্ন শুরু হয়েছে। সমস্ত পূর্বভারতের এই চিড়িয়াখানা একটা গর্বের বস্তু, কিন্তু দুঃখের বিষয়, কয়েক বৎসর যাবৎ এই চিড়িয়াখানায় নানারূপ গোলযোগ ও বিশৃংখলা দেখা দেওয়ায় কতকগুলি মূল্যবান প্রাণী মারা পড়ে, তাদের মধ্যে অনেকগুলি রিপ্লেস করা সম্ভব হয় নি। তার উপর নূতন করে যে প্রাণিগুলি মারা পড়েছে তার মধ্যে পুরাতন কুমীর, দুটি শ্বেত ব্যাঘ্রশাবক, একটি হিমালয়ান পান্ডা, ক্যাঙ্গারু এবং কয়েকটি চিতল হরিণও নাকি আছে। সম্প্রতি এই প্রাণিগুলির মৃত্যু সংবাদ সমস্ত বড় বড় সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। চিড়িয়াখানার প্রাণিদের উপযোগী পরিবেশ আগে ভালই ছিল, কিন্তু এখন সেই পরিবেশ কেন প্রতিকূল হয়ে উঠেছে, খাদ্যাভাব ঘটছে এবং বাসস্থানের যত্ন নেওয়া হচ্ছে না, এটা আমার বুদ্ধির অগম্য। চিড়িয়াখানায় আগত শীতপ্রধান অঞ্চল থেকে যাযাবর পাখিদের মধ্যে শিস দেওয়া হাঁস, পেলিকান পাখিদের খাদ্যাভাব ঘটেছে এবং নিরাপত্তার অভাব দেখা দেওয়ায় তাদের সংখ্যা কমে গিয়েছে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো, এই চিড়িয়াখানার পুষ্করিণীতে পর্যাপ্ত পরিমাণ ত্যালাপিয়া জাতীয় দ্রুতবর্ধনশীল মাছ ছাড়া হোক এবং সমস্ত প্রাণীর যত্ন নেওয়া হোক এবং তাদের বাঁচার উপযোগী পরিবেশ গড়ে তুলে চিড়িয়াখানার আকর্ষণ পূর্বের ন্যায় বৃদ্ধি করা হোক। আপনার মাধ্যমে এই বক্তব্য নিবেদন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের একটা ব্যবস্থা আছে যারা খুব বৃদ্ধ এবং নিরুপায়, নিঃসহায়, এমন বৃদ্ধ নিঃসহায়দের জন্য ওল্ড এজ পেনসনের ব্যবস্থা আছে, কিছু কিছু টাকা দেওয়া হয়, তাও পশ্চিমবঙ্গে যত মানুষ ওল্ড এজ পেনসন পেতে পারে তার একটা সামান্য ভগ্নাংশকে সরকার ওল্ড এজ পেনসন দিয়ে থাকেন। এই যে নিঃসহায় বৃদ্ধ বৃদ্ধারা যারা মাত্র ২০ টাকা করে সাহায্য সরকারের পায়, কিন্তু এখন এইসব বৃদ্ধ বৃদ্ধা ফেব্রুয়ারি মাস থেকে সে টাকাও পাচ্ছে না, ফেব্রুয়ারি ও মার্চ মাস থেকে টাকা পাচ্ছে না, সেই সামান্য টাকাও পাচ্ছে না। এটা খুবই লজ্জার কথা, খুবই দুঃখের কথা। যারা তাদের দিন শেষ করে আনলেন, জীবনকে শেষ করে আনলেন, যাদের কোন রকম উপায় নেই, অবলম্বন নেই সরকারের মাত্র ২০ টাকা মাসিক সাহায্যের উপর নির্ভর করে তারাও মাসে মাসে টাকা পাচ্ছে না, দু-মাস, তিন মাস বন্ধ হয়ে থাকছে—এর চেয়ে লজ্জার কথা আর কিছু হতে পারে না। আমরাও তো দেশ সেবা করবার জন্য এখানে ২০ টাকা করে ডেলি অ্যালাউন্স পাই। কাজেই তাদের এই অবস্থার কথা ভাবতেই লজ্জা লাগে। আমি আপনার মারফত সরকারের ত্রাণমন্ত্রী যিনি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এইসব মানুষ যারা সামান্য টাকা পায়, নিঃসহায় বৃদ্ধ বৃদ্ধারা, ওল্ড এজ পেনসনের টাকাটা মাসে মাসে পায় এবং তাদের যে দু-তিন মাসের বকেয়া টাকা আছে সেই টাকা অবিলম্বে দিয়ে দেওয়ার আদেশ দেওয়া হয় সেই ব্যবস্থা যেন তিনি করেন। এই কথা বলে আপনার মারফত আমি ত্রাণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ত্রাণ বিভাগের দৃষ্টি আকর্ষণ করতে চাই মেদিনীপুর জেলার ত্রাণ ব্যবস্থা সম্পর্কে। আমি সম্প্রতি গিয়েছিলাম সদর মহকুমায় নারায়ণগড়, মোহনপুর ও দাঁতন এলাকায় ঘুরে এলাম। গত বৎসর সে জায়গাতে ভাল ধান হয় নি। এখনও রিলিফের কাজ একদম আরম্ভ হয় নি এবং বেশীর ভাগ লোক যারা আদিবাসী, যারা দিনমজুরী করে খায় তাদের জিনিসপত্রের দাম অত্যন্ত বেড়ে যাচ্ছে, তারা জিনিসপত্র কিনতে পারছে না। অধিকাংশই আটা কিনে খাচ্ছে, সেই আটার দামও বেড়েছে, ময়দার দামও বেড়েছে এবং চালের দাম তো বেড়েছেই। এখনি যদি সেখানে ত্রাণের কাজ না আরম্ভ করা যায়, তা হলে তাদেরকে মৃত্যুর মুখে পতিত হতে হবে। বিশেষ করে দেখতে পাচ্ছি এই সময়ে আগুনে আবার ঘর পুড়ে যায়। ত্রাণ বিভাগের টাকা এখনো জেলা কর্তৃপক্ষের কাছে গিয়ে পেঁছায় নি এই সমস্ত ফায়ার রিলিফ ওয়ার্ক করবার জন্য। এখন পর্যন্ত একটি টাকাও কলেকটারের কাছে পেঁছায় নি, যদি পেঁছায় তা বছরের শেষের দিকে। টাইমলি যে সময় টাকা দরকার সে সময় যদি না পাঠানো হয়, ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় যদি এদিকে দৃষ্টি না দেন, তা হলে এই বৃষ্টি হবার সময় হয়ে এসেছে যে সমস্ত ঘরগুলি পুড়ে গিয়েছে ক্ষতিগ্রস্ত লোকদের যাদের কোন ক্ষমতা নেই সেই ঘরগুলিকে রিপেয়ার করতে পারে বা ছেয়ে নিতে পারে সেইজন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি যে, ইমিডিয়েটলি দু-চার দিনের মধ্যে এই কাজ আরম্ভ করে দেওয়া হোক। বিশেষ করে আমি দাঁতন, মোহনপুর থানা ঘুরে দেখেছি। সেজন্য আপনার মাধ্যমে এটা দাবি করছি।

শ্রীতৃপ্তিময় আইচঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন যাবত আসানসোল মহকুমায় চালের অভাব এবং গমের অভাব দেখা দিয়েছে। আসানসোল শিল্পাঞ্চল এলাকা, এই এলাকায় কোলিয়ারী এবং কারখানাগুলিতে সাধারণতঃ যারা কাজ করে তারা গম খেয়ে দিন যাপন করে। রেশনে গম দিচ্ছেই না এবং রেশনের যে চাল দিচ্ছে সে চালে যে জিনিস তৈরি হয় তাকে ভাত বলা যায় না।

দুর্ভিক্ষের সময় খাদ্যের পরিবর্তে অখাদ্য খেত, বর্তমানে জানি না কি অবস্থা হয়েছে। আসানসোল মহকুমার ইস্কো কোম্পানী, এক লক্ষ লোক। চাল দিচ্ছেন এমন যে খুব দুর্গন্ধযুক্ত, এমন দুর্গন্ধ যে নাড়িভুঁড়ি বেরিয়ে আসে, এক দিকে রেশনের এই অবস্থা অন্য দিকে গ্রামের অবস্থা অত্যন্ত খারাপ।, জলের অভাব, অন্য দিকে চাল, গম পাচ্ছে না ,সব মিলে তাদের জীবন দুর্বিসহ হয়ে পড়েছে। আসানসোলে দিনে ১৫ বার বিদ্যুতের আলো নিভে যায়, সন্ধ্যার পর প্রতিদিন ডাকাতি হয়। মানুষ এই সরকারের কাছে অনেক কিছু প্রত্যাশা করেছিল, সেই বঞ্চিত মানুষ, শোষিত মানুষ এই আশা করেছিল যে, হয়ত এই সরকার কিছু করবেন, কিন্তু তাদের সেই আশা ব্যর্থ হতে চলেছে। আমি এখানে স্মরণ করিয়ে দিতে চাই, এই সরকার যদি কিছু না করেন, তা হলে এই বঞ্চিত মানুষেরা বেশী দিন বঞ্চিত থাকবে না, তারা বিদ্রোহ ঘোষণা করবে। যেদিন সরকার সজাগ হবেন, সেদিন হয়ত আর সময় থাকবে না। আমি তাই স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে সরকারকে সচেতন করে দিয়ে বলতে চাই, গরিব মানুষের খাদ্যাভাব দূর করতে হবে, তাদের চিকিৎসার সুব্যবস্থা করতে হবে এবং সংগে সংগে চালের এবং পানীয় জলের ব্যবস্থা করতে হবে।

শ্রী[illegible] সামন্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আছেন। প্রত্যেক জেলা থেকে আমরা লক্ষ্য করেছি, আমরা যারা সেকেন্ডারী বোর্ডের মেম্বার আছি জেলা সেকেন্ডারী পর্যতে, অনেকদিন হয়ে গেল, ডিসেম্বর মাসের মধ্যে আমরা প্রত্যেক জেলা থেকে ৮ম শ্রেণী এবং ১০ম শ্রেণী পর্যন্ত স্কুলগুলির অনুমোদনের জন্য পাঠিয়েছিলাম, এর মধ্যে বালিকা বিদ্যালয়ও আছে মাদ্রাসা হাই স্কুল আছে, জুনিয়ার হাই স্কুল আছে, কিন্তু দুঃখের

সঙ্গে দেখতে পাচ্ছি যে, শিক্ষাব্যবস্থায় খুব দুরবস্থা, তার প্রধান প্রমাণ হচ্ছে, এই সমস্ত স্কুল-গুলিকে এখন পর্যন্ত অনুমোদন দেওয়া হল না, কেন হল না বুঝতে পারলাম না। আমার মনে হয়, শিক্ষামন্ত্রী মহাশয় যদি সেই স্কুলের শিক্ষক হতেন, তা হলে বুঝতেন, এই শিক্ষকদের কি জ্বালা, তিনি যদি শিক্ষক হতেন, তা হলে বুঝতেন গ্রামের যে ছেলে স্কুলে পড়ে, তাদের পিতা-মাতার কি উদ্বেগ, আজকে সারা পশ্চিমবাংলায় বিভিন্ন জেলায় যেসমস্ত জেলা স্কুল বোর্ড আছে, হাই স্কুল বোর্ড আছে, সেকেন্ডারী স্কুল বোর্ড আছে, যে স্কুলগুলিকে আজকে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এবং তার কাছে দাবি জানাব যে, তিনি এই স্কুলগুলিকে অনুমোদনের জন্য পাঠাবেন কিনা, অথবা বলে দিন যে আগামী দিনে হাই স্কুল দেব না, জুনিয়ার স্কুল দিতে পারব না, তা হলে অন্য পন্থা অবলম্বন গ্রহণ করতে বাধ্য হব। তাই আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি এ বিষয়ে আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সাত বছর হতে চলল, ১৯৬৬ সালে অবসরপ্রাপ্ত পশ্চিমবাংলার শিক্ষকদের জন্য পেনসন ব্যবস্থা চালু হয়, কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি, এই পেনসন পাবার আশায় প্রায় ১০ হাজার শিক্ষক বসে আছে, তাদের মধ্যে শতাধিক শিক্ষক আর ইহজগতে নাই—আজকে ৪ঠা মে, ১৯৭৩ সাল, কিন্ত সেই পেনসন দেওয়ার ব্যবস্থা এখনও ঠিক হল না। আজ তারা অর্ধাহারে, অনাহারে দিন কাটাচ্ছেন, তাঁদের বৃদ্ধ অবস্থায় প্রাইভেট টিউশনও করতে পারেন না, তাঁদের কোন রকম সংস্থান নাই। তাই এ বিষয়ের প্রতি আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের এবং মাননীয় মন্ত্রিমণ্ডলীর এবং প্রগতিশীল সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে তাঁরা এমন অবস্থায় এসে পৌঁচেছেন যে, তাদের ভিক্ষাবৃত্তি অবলম্বন করতে হচ্ছে তাঁদের ছেলেমেয়েরাও বিশেষ কিছু করতে পারছেন না।

তাঁরা এক দুর্বিসহ ভয়ানক শোচনীয় অবস্থার মধ্যে দিন কাটাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একজন শিক্ষক—আমি তাঁদের মর্মান্তিক অবস্থাটা বুঝতে পারছি। দশ হাজারের মধ্যে শতাধিক ইতিমধ্যেই কবরে গেছেন, এ'রা শিগ্‌গীর যাবেন যদি ইতিমধ্যে তাঁদের পেনসন দেওয়ার ব্যবস্থা করা না হয়। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে অতি সত্বর এ'দের সম্বন্ধে একটা সুব্যবস্থা হয়। ইতিমধ্যে ৭ বৎসর কেটে গেছে, এর পরে যদি আরো ৭ বৎসর চলে যায়, তা হলে এই দশ হাজারের একজন এই পেনসনের টাকা নেবার জন্য পৃথিবীতে বেঁচে থাকবেন না। মাননীয় শিক্ষামন্ত্রী যদি এখনই এই সম্পর্কে আমাদের হাউসকে আশ্বস্ত করে একটা বিবৃতি দেন, তা হলে বাধিত হবো।

শ্রীআবদুল বারি বিশ্বাস: স্যার, আমি পয়েন্ট অব অর্ডারে আগেই দাঁড়িয়েছিলাম, আমি আশা করেছিলাম আপনি আমাকে বলবার সুযোগ দেবেন। আমরা একটা অস্বাভাবিক অবস্থার মধ্যে রয়েছি। আমরাও সাফারার, আপনিও স্যার সাফারার............

(Interruptions)

(Shri Paresh Chandra Goswami, Shri Abdul Bari Biswas and several other Members rose to speak.)

Mr. Speaker: Mr. Goswami, please take your seat. Is this the proper way to address the Chair?

Shri Paresh Chandra Goswami: I wanted your permission, Sir.

Mr. Speaker: Were you on a point of order or on a point of privilege I called Mohammad Dedar Baksh to speak. You had not sought for my permission to say anything nor did I give you the permission. I find that several honourable Members are standing up on their legs at the same time.

Now, I call upon Shri Subrata Mukhopadhyay to make a statement under rule 346.

Statement under rule 346

Shri Subrata Mukhopadhyay: Mr. Speaker, Sir, on 29th April, 1973, Manick Mukherjee and Hiten Sarkar, 2 notorious Naxalites wanted in connection with many cases of Belghoria and Dum Dum police-stations were arrested by the police. After this arrest the Naxalites of Nimta-Belghoria areas became restive. One Sanjib Biswas, son of Shri Gouranga of Adarshanagar, was fired upon at about 11.00 hours of 29th April, 1973 when he was passing through Jatindas Nagar, police-station Belghoria. He was injured and removed to R. G. Kar Hospital. He is reported to be supporter of Yuba Congress. Over this incident Belghoria P.S. case No. 49, dated 29th April, 1973, under sections 147/148/326/307, I.P.C. and 25/27, Arms Act and 10 of W.B.M.P.O. Act was started. On 29th April, 1973, at about 11.30 hours one Prasanta Mukherjee of Seva Dal Road under Nimta I/C received gun-shot injury while he was looking through the window to see what was happening outside. He was removed to R. G. Kar Hospital where he succumbed to his injuries on 2nd May, 1973. A case under sections 326/307/304, I.P.C., has been started over this incident. All the accused persons are absconding. Raids were held by the police on 29th April, 1973, and 30th April, 1973, to arrest the accused person; but the raids proved futile. Senior Police Officers are supervising the cases. Further efforts are being made to trace out the accused persons.

(At this stage the House was adjourned for 30 minutes.)

(After adjournment)

[3-35—3-45 p.m.]

GOVERNMENT BILL

LEGISLATION

The West Bengal Primary Education Bill, 1973

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 20th day of May, 1973.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল একটা পূর্ণাঙ্গ বিল এসেছে যেটা পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের আশা-আকাঙ্ক্ষা-স্বপ্ন নিয়ে এসেছে এবং আপনি যে গতকাল রুলিং দিয়েছেন তার জন্য যে সময় আমি পেয়েছি সেই সময়ের মধ্যে তন্ন তন্ন ক'রে দেখে এই বিলের প্রতিটি পাতা এবং প্রতিটি অক্ষর তাতে বলতে পারি পশ্চিমবঙ্গের মানুষের স্বপ্ন এবং আকাঙ্ক্ষা যা ছিল এই বিলের মধ্যে তার এক কপর্দকও দেখতে পেলাম না। এই বিলের অর্থাৎ প্রাইমারী এডুকেসন বিলের আলোচনার আগে সামগ্রিক দৃষ্টি দিয়ে দেখা উচিত ছিল বা দীর্ঘ ১৯৩০ সালের পর থেকে প্রাইমারী এডুকেসন সম্বন্ধে যে সমস্ত ঘটনা এবং ছবি আমাদের সামনে আছে তা যদি বিচার ক'রে এই বিল দেখি, তা হ'লে আমাদের বিচারের নিরিখে বলতে পারি, এই বিলে পশ্চিমবাংলার সাধারণ মানুষের পশ্চিমবাংলার সমস্ত জনসাধারণের কোন আশা পূরণ এতে হবে না। উপরন্তু তা সম্পূর্ণ দলীয় রাজনীতির ক্ষেত্রে প্রযোজ্য হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবাংলায় যেখানে ৪ কোটি ৪৪ লক্ষ লোকের বাস তার মধ্যে আমরা দেখতে পাই ২ কোটি ৯৭ লক্ষ ৫১ হাজার ৩৫০ জন নিরক্ষর।

এই যে সংখ্যা—এই ভয়াবহ সংখ্যা কাদের? যারা পশ্চিমবাংলার মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত এবং অগণিত পশ্চিমবাংলার চাষী, সাধারণ গরিব তাদের। আমরা জানি পশ্চিমবাংলার ১০ ভাগ লোক আছে যারা উচ্চ মানে তাদের ছেলেদের শিক্ষা দেয় ঐ সমস্ত কে জি স্কুলে। আমরা দীর্ঘ দিন ধ'রে দেখছি ভারতবর্ষের সঙ্গে পশ্চিমবাংলাকে যে সারা পৃথিবীতে যত নিরক্ষরের সংখ্যা আছে তার মধ্যে ৫০ ভাগ আছে এই ভারতবর্ষে। আমাদের ভারতবর্ষ স্বাধীন হয়েছে আজ প্রায় ২৬ বছর। স্বাধীনতা লাভের পর একটা ডাইরেক্টিভ প্রিন্সিপল অব দি স্টেট ঘোষণা করা

হয়েছিল যে, ১০ বছরের ভিতর তারা অবৈতনিক বাধ্যতামূলক শিক্ষা চালু করবেন। কিন্তু আজকে ১৯৭৩ সালে এসে দেখছি যে, যদিও প্রতিশ্রুতি ছিল, কিন্তু সেখানে একটা মস্ত বড় ফাঁক, ফাঁকিবাজী থেকে গিয়েছে। কোন টাইম লিমিট ক'রে দেওয়া হয় নি। তাঁরা বলেছেন যে, আমরা করবো। এই ব বে বা, আমরা দীর্ঘ ২৬ বছর ধ'রে শুনে আসছি, এবং এইভাবে তারা ২৬ বছর ধ'রে পশ্চিমবাংলার জনসাধারণকে ভাঁওতা দিয়ে আসছে। কোন টাইম লিমিট ক'রে দেওয়া হচ্ছে না। একটা ঠিক করুন বা ব'লে দিন যে, ১০।৫।২।১ বছর, কিংবা ছয় মাস— এই সময়ের মধ্যে চালু করা হবে। যদি একটা টাইম লিমিট ক'রে দিতেন, তা হ'লে আমরা এই বিলকে সমর্থন করতে পারতাম। এই টাইম লিমিট এই বাধ্যতামূলক অবৈতনিক প্রাইমারী এডুকেসন বিলে উল্লেখ করা উচিত ছিল। সেটা না থাকার জন্য আমরা এই বিলকে সমর্থন করতে পারি না। আজকে পশ্চিমবাংলায় ভয়াবহভাবে নিরক্ষরের সংখ্যা বেড়েছে। মাত্র শতকরা ৩০ ভাগ লোক কিছু লেখাপড়া শিখেছে। বাকী ৭০ ভাগ লোক আজও নিরক্ষর আছে। এই অবস্থা যদি কাটিয়ে উঠতে হয়, তা হ'লে একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গি নিয়ে এই প্রাইমারী এডুকেসন বিল আনা উচিত ছিল। সেটা না ক'রে সেই আমলাদের হাতে মাননীয় শিক্ষামন্ত্রী শ্রীমৃত্যুঞ্জয়বাবু দলীয় স্বার্থে এটা তুলে দেবার জন্য এই বিলটি এনেছেন। আবার দেখছি নিজেদের দলীয় স্বার্থে কোন কোন জায়গায় এম এল এ-দের সংখ্যা বৃদ্ধি করেছেন। এই বিল আনবার পর পশ্চিমবাংলার মানুষ এটা কবে মেটিরিয়েলাইজ হবে, কবে বাস্তব রূপে নেবে সেটা বুঝতে পারছে না। আমাদের যে শিক্ষককুল আছেন, যেসব শিক্ষাবিদ আছেন, যেসব শিক্ষানুরাগী আছেন তাদের কাউকে এখানে দেখতে পাচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয় ভারতবর্ষের বাইরে যেসমস্ত দেশ আছে সেদিকে যদি দেখেন, তা হ'লে দেখবেন যে, সেখানে প্রাইমারী এডুকেসনে সমস্ত শিক্ষাবিদ, শিক্ষানুরাগী, যে সমস্ত শিক্ষাবন্ধু আছেন, যে সমস্ত শিক্ষক আছেন, তাঁদের উপর এই দায়িত্ব অর্পিত হয়েছে। তাঁরা জানেন যে, জাতির মেরুদণ্ড গঠন করতে গেলে শিশুদের মেন্ট্যাল প্রিপারেসন দরকার। আমরা সবাই জানি প্রাইমারী এডুকেসনের মাধ্যমে কোন ছেলে পণ্ডিত হবে না। এর মাধ্যমে তাদের একটা ভিত বা কাঠামো তৈরি হবে এবং এরই ভিত্তিতে তারা আমাদের ভবিষ্যৎ রচনা করবে। কিন্তু সেদিকে মৃত্যুঞ্জয়বাবু যান নি; তিনি তাঁদের দলীয় স্বার্থে সংকীর্ণ রাজনীতির স্বার্থে এই বিল এনেছেন।

[3-45—3-55 p.m.]

এম এল এ-দের অধিকার দিয়েছেন। ভারতবর্ষের অন্যান্য স্টেটের দিকে যদি তাকিয়ে দেখা যায়, তা হ'লে দেখা যাবে যে সেই সমস্ত রাজ্যের তুলনায় পশ্চিমবাংলার শিক্ষার স্থান কোন্ জায়গায় গিয়ে পৌঁছেছে। ভারতবর্ষের নেতৃবৃন্দ যেখানে পশ্চিমবাংলার দিকে তাকিয়ে থাকতেন এবং মহাপুরুষরা যেখানে ঘোষণা করতেন যে, বাংলাদেশ যা ভাবে কালকে ভারতবর্ষের অন্যান্য রাজ্য তাই ভাববে। এটা যদি সত্য হয়, তা হ'লে ২৬ বছর পরে পশ্চিমবাংলার মানুষকে আজকে কোথায় নিয়ে এসেছেন সেটা একবারটি ভেবে দেখুন। পশ্চিমবাংলার মানুষের শিক্ষার স্থান হয়েছে অষ্টম কি নবম এবং এখন দেখা যাচ্ছে নবম থেকে দশমের দিকে যাচ্ছে। শিক্ষামন্ত্রী নাকি শিক্ষা সম্পর্কে একটি নতুন বিল এনেছেন এবং এই বিলের দ্বারা তিনি শিক্ষা সম্পর্কে একটি নতুন আবহাওয়া সৃষ্টি করবেন। এই বিলের দ্বারা কিনি শিক্ষককুলের কাছে আহ্বান জানিয়েছেন। কিন্তু এই বিলের ভিতর কোন একটি জায়গায় শিক্ষককুলকে মর্যাদা দিয়েছেন? কাউন্সিলের জায়গায় দেখা যাচ্ছে মাত্র ৩ জন শিক্ষক। এই শিক্ষকরাই প্রাইমারী শিক্ষাকে নতুনভাবে ঢেলে সাজাতে চান, যা নাকি তাদের দীর্ঘ দিনের দাবি এবং তারা জানেন শিশুরা কি চায়, শিশুদের মন কিসে আকৃষ্ট হয়, কিন্তু সে জায়গায় আমাদের মতন এম এল এ-দের দেওয়া হয়েছে। যদি জানতাম যে, আমরা শিক্ষা নিয়ে রাজনীতি করি না, শিক্ষা নিয়ে সংকীর্ণ দলবাজী করি না, তা হ'লে একটা বুঝতাম। কিন্তু সে পরিচয় কি আমরা দিয়েছি? কিছুদিন আগে প্রাইমারী স্কুলে যেসমস্ত শিক্ষক নিয়োগ হয়েছে সেখানে আমরা দেখেছি যে, কি ধরনের সংকীর্ণ দলবাজী চলেছিল। প্রমাণ আমাদের কাছে আছে, যদি চান, তা হ'লে মন্ত্রিমহাশয়কে একটির পর একটি প্রমাণ দিয়ে ইতিহাসের পাতা খুলে দেব যে, সেখানে কি ধরনের সংকীর্ণ রাজনীতি নিয়ে গেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গোটা পশ্চিমবাংলার সাধারণ মানুষের স্বার্থ

যেখানে জড়িত, পশ্চিমবাংলার সাধারণ গরিব মানুষ এবং শিশুদের স্বার্থ জড়িত, যেখানে অসংখ্য শিশুর জীবন জড়িত, সেখানে আমরা চেয়েছিলাম যে, এই বিল সার্কুলেসনে পাঠানো হোক এবং এই বিল সাধারণ মানুষের কাছে গিয়ে পেঁছাক এবং তারা সকলে এই বিলের চেহারা দেখুক এবং তারা তাদের সুচিন্তিত বক্তব্য এই বিলের ভিতরে রাখুন এবং সেই জন্যই আমরা আমাদের তরফ থেকে সার্কুলেসনের কথা তুলেছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শিক্ষামন্ত্রী সেটা গ্রহণ করতে পারেন নি এবং হয়ত গ্রহণ করতেনও না। কেননা, তা হ'লে সেখানে তাঁদের স্বার্থ রক্ষিত হবে না, তাঁর দলীয় স্বার্থ সেখানে রক্ষিত হবে না। তাঁরা কথায় কথায় খালি টাকার কথা বলেন। টাকা নেই, কি ক'রে আমরা প্রাইমারী এডুকেসনকে সেই জায়গায় নিয়ে যাব। আপনারা যদি একটুখানি টাটা, বিড়লা, গোয়েঙ্কার দিকে তাকিয়ে দেখেন তা হ'লে দেখতে পাবেন যে, প্রতি বছর তারা কোটি কোটি টাকার ইনকাম ট্যাক্স ফাঁকি দিচ্ছে। শুধু টাটা, বিড়লা কেন, সেদিন মুখ্যমন্ত্রী আমাদের বহরমপুরে গিয়ে ঘোষণা ক'রে এলেন, ডাক্তাররাও নাকি সমস্ত কর ফাঁকি দেয়। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে নেই, তাই আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করি যে, লইয়াররাও কি ফাঁকি দেন না? আমরা দু' বছর আগে কাগজে দেখেছিলাম, ১ লক্ষ টাকা সিদ্ধার্থশঙ্কর রায়ের বাকি পড়েছে। কাজেই শুধু ডাক্তারদের দোষ দিলে চলবে না। গোটা বাংলাদেশে যেসমস্ত কলকারখানার মালিক আছে, তাদের প্রতি বছর বিদ্যুতের ট্যাক্স হাজার হাজার টাকা রাইট অফ ক'রে দেওয়া হয়। এই হাজার হাজার টাকা একচেটিয়া পুঁজিপতি যারা আছে তাদের টাকা। সুতরাং টাকা নেই, এটা ঠিক নয়, টাকা আছে। আজকে যারা জোতদার, জমিদার, যারা জমি লুকিয়ে রেখেছে তারা আজকে হাইকোর্টে মামলা করেছে। মামলা করার পরে যখন মামলার নিষ্পত্তি হয় পশ্চিমবঙ্গ সরকারকে তখন থেকে সেই টাকার সুদ হিসাবে জোতদারদের দিতে হয়। সুতরাং টাকা ব্যয়ের জন্য যে দৃষ্টিভঙ্গি থাকা দরকার, সেই দৃষ্টিভঙ্গি নেই, তাঁরা সেদিকে তাকাবেনও না। মানুষের মনের ভিতরে একটা আশা-আকাঙ্ক্ষার ভাব তাঁরা জাগাতে পারতেন। কিন্তু সেটা জাগাতে গেলে, বাস্তবে রূপায়িত করতে গেলে যে দৃষ্টিকোণ থাকা দরকার সেই দৃষ্টিকোণ থেকে এটাকে বিচার করা উচিত ছিল। শিশুরাই যেখানে জাতির ভবিষ্যৎ, যেখানে পশ্চিমবাংলার শিক্ষার মান যে অষ্টম থেকে নবমে এসে দাঁড়িয়েছে সেখানে যে দৃষ্টি দিয়ে এটাকে বিচার করা উচিত ছিল, এই বিলের মধ্যে আমরা সেই দৃষ্টিভঙ্গি দেখতে পাচ্ছি না।

আমি তার জন্য এই বিলের বিরোধিতা করছি। এখানে টাইম লিমিট নেই, আবার স্যার, এরা ফাঁকি দিতে চায়, আবার সাধারণ মানুষকে ধাপ্পা দিতে চায় এই ব'লে যে, দেখ আমরা বিল এনেছি। কিন্তু বিলের সারমর্ম কি—কবে থেকে এই বিল কার্যকর ক'রে বাধ্যতামূলক ভাবে অবৈতনিক প্রাইমারী শিক্ষা চালু করা হবে সেকথা ঘোষণা করা নেই। ওরা স্যার, আবার নতুন ক'রে জনসাধারণকে ধাপ্পা দিচ্ছেন। হয়তো ওরা বলবেন, আমরা নবকংগ্রেসী সরকার, নতুন এসেছি, এসেই দেখুন নতুন ভাবে চেষ্টা করছি, বিল এনেছি। আমি স্যার, ওদের বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করছি, তখন কি বিজয়বাবু, অজয়বাবু, সাত্তার সাহেব যাঁরা আজকে আছেন সেদিন কি তাঁরা কংগ্রেসে ছিলেন না? হয়ত সিদ্ধার্থবাবু একটু রংটা পালটেছিলেন মাঝখানে, আমি সিদ্ধার্থবাবুর কথা ধরছি না, তিনি এরকম রং অনেকবার পালটেছেন, আবার সময়সুযোগমত হয়ত পালটাবেন, আমি তো আর ঠিকুজি-কোষ্ঠী তৈরি করতে জানি না, কাজেই ভবিষ্যতে তিনি কি করবেন জানি না, কিন্তু আজকে পশ্চিমবাংলার মানুষ যাঁরা শাসনক্ষমতায় বসে আছেন, তাঁদের কাছে জবাব চান, সে জবাব আপনাদের দিতে হবে। আপনাদের বলি, এরকম রাজনীতির খেলা আর খেলবেন না, পশ্চিমবাংলার মানুষকে আর ধাপ্পা দেবেন না. পশ্চিমবাংলার জাগ্রত মানুষ আজ সচেতন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শিক্ষামন্ত্রীকে বলি, বাঘের লেজ দিয়ে আর কান খোঁচাবেন না, দিন পাল্টাচ্ছে। পশ্চিমবাংলার জাগ্রত মানুষ হয়তো মাঝে ভয়ে শঙ্কিত হয়ে পড়েছিলেন, কিন্তু দিন পাল্টাচ্ছে, পশ্চিমবাংলার মানুষের মুখে আবার কথা ফুটেছে। খুব চিৎকার করছেন—দেখছেন না যে, ফ্র্যাঙ্কেনস্টাইন তৈরি করেছিলেন সেই ফ্র্যাঙ্কেনস্টাইন আজকে কি করছে? কি হচ্ছে শিয়ালদহ এলাকায়? কাদের সঙ্গে মারামারি? সেখানে তো বামপন্থীরা কেউ নেই, তা হ'লে কারা করছে এসব? তারপর ঐ ডাঃ রমেন দত্তের বাড়িতে কংগ্রেসী সদস্যরা পাইপগান নিয়ে গিয়ে কি করছে জানেন না এসব?

(গোলমাল)

আজকে তাই স্যার, বলছি শিক্ষামন্ত্রিমহাশয়কে যে, বাঘের লেজ দিয়ে আর কান খোঁচাবেন না। অনেক ধাপ্পা দিয়েছেন—যতসব ভুঁইফোঁড়ের দল তারা আজকে শাসনক্ষমতায় বসে নতুন ক'রে সাধারণ মানুষকে আবার ধাপ্পা দেবার চেষ্টা করছে।

(গোলমাল)

Mr. Speaker: Honourable Members, please take your seats. As far as I can recollect, the honourable Member, Shri Timir Baran Bhaduri, has made a reference to the effect,

'যত সব ভুঁইফোঁড়ের দল।'

I will request Shri Timir Baran Bhaduri not to use any such word or language which will offend any honourable Member of the House. This cardinal principle of Parliamentary etiquette is to be followed by all the honourable Members. May I now request Shri Bhaduri to withdraw the words.

Shri Asamanja De: These words should be expunged.

[3-55—4-05 p.m.]

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বক্তব্য আপনি রাখলেন, আমার 'ভুঁইফোঁড়ের দল' কথার উপর যদি মাননীয় সদস্যরা আঘাত পেয়ে থাকেন, তা হ'লে আমি এটা উইথড্র করছি।

(At this stage many honourable Members rose in their seats.)

Mr. Speaker: Please take your seats. He has withdrawn the word. That is enough and I have accepted it. I hope honourable Members will accept it. Now, I request Shri Bhaduri to resume his speech.

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউস খুব উত্তপ্ত হয়েছিল। স্বাভাবিক কারণ যারা যে লোক তাদের ঐসব কথা বললে একটু অসন্তুষ্ট হবেন বৈকি। তারা আমার বন্ধুস্থানীয় মাননীয় সদস্য, আমি আর ঐসব কথা নিশ্চয়ই বলবো না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আবার পুরোনো বক্তব্যে ফিরে যাচ্ছি। এই প্রাইমারী এডুকেসন বিল আমাদের সামনে এসেছে ভাল কথা। কিন্তু এটা আসার পরে এই বিলে আমরা কি দেখছি? এই বিলের ভিতরে সাধারণ মানুষের স্বার্থ যেখানে জড়িত, পশ্চিমবাংলার অগণিত মানুষের স্বার্থ যেখানে জড়িত, পশ্চিমবাংলার অগণিত শিশুর ভবিষ্যৎ যেখানে জড়িত, সেই দিকে তাকিয়ে যদি বিলকে পর্যালোচনা করি, তা হ'লে দেখা যাবে যে, এই বিলের মধ্যে একটা ফাঁক এবং ফাঁকিবাজী রয়ে গেছে। এবং দেখা যাবে যে, সেটা ইচ্ছাকৃতভাবে করা হয়েছে। যারা সরকারী ক্ষমতায় বসেছে তাদের কাছে আমি জবাব চাই সেটা হচ্ছে পশ্চিমবাংলার সাধারণ মানুষের যে বাধ্যতামূলক শিক্ষা যেটা আমরা সংবিধানে দেখতে পাচ্ছি তার টাইম বাউন্ড করতে হবে। সেখানে ভেগ কথা, ভেগ টার্মস্ আমরা শুনতে চাই না। আমরা শুনতে চাই যে, অমুক সালের অমুক তারিখ থেকে বা অমুক দিন থেকে বাধ্যতামূলক শিক্ষা প্রবর্তন করবো। প্রাইমারী এডুকেসন বিলে আজকে তা নেই। প্রাইমারী শিক্ষকদের সম্বন্ধে আমরা কি দেখছি? মাননীয় শিক্ষামন্ত্রী বিল ইন্ট্রোডিউস করবার জন্য শিক্ষককুলের কাছে আহ্বান জানিয়েছেন যে, পশ্চিমবাংলার শিক্ষাকে যাতে সামগ্রিকভাবে আমাদের সরকার যে বিল এনেছেন তার সঠিকভাবে রূপায়িত করা যায়। আমি শিক্ষামন্ত্রীকে কয়েকটা প্রশ্ন করতে চাই। পশ্চিমবাংলায় যে অগণিত প্রাইমারী শিক্ষক আছেন তারা মাসের ১/২ তারিখে মাইনা পান কিনা? এই বিলের ভিতর এই দায়িত্বের কথা লেখা নেই। এমন কি কলকাতা শহরেও এখন পর্যন্ত মার্চ এপ্রিল মাস অতিবাহিত হতে চলেছে, অনেক শিক্ষক মাইনা পান নি। গ্রামবাংলার দিকেও সেই রকম অবস্থা। সেখানে মাসের ১৫, ২০ তারিখ পর্যন্ত মাইনা পায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, চিন্তা করুন পশ্চিমবাংলার শিক্ষককুল যারা ১৭৫ টাকা ক'রে মাইনা পান তাদের যদি ৪।৫ জন পরিবারের সভ্য থাকেন, তা হ'লে সেই শিক্ষক কি ক'রে চলবেন! সেই শিক্ষকরা কি ক'রে পারবে প্রাইমারী এডুকেসনকে ঠিক জায়গায় নিয়ে যেতে। সেই শিক্ষকরা যখন স্কুলে যায় তখন তাদের দিকে

আমি অবাক হয়ে তাকিয়ে থাকি। পুরাকালে যে সব শ্রদ্ধেয় শিক্ষকরা ছিলেন তাঁদের দেখলে আমাদের মাথা নত হয়ে যেত। আজকে এই শিক্ষককুলকে যখন দেখি তারা যেন উদ্দেশ্যহীন এবং অপলক দৃষ্টিতে তাকিয়ে থাকে। এই হচ্ছে প্রাইমারী শিক্ষকদের অবস্থা। আজকে আনন্দবাজার পত্রিকাতে খবর বেরিয়েছে যে, মাধ্যমিক শিক্ষক যাঁরা রিটায়ার করেছেন প্রায় ১০ হাজার শিক্ষক হবেন, তাঁরা এখনও পর্যন্ত পেনসন পান নি। মাননীয় শিক্ষামন্ত্রী, তিনি তো শিক্ষানুরাগী এবং শিক্ষাবিদ। তিনি মন্ত্রিত্ব নেবার আগে একজন শিক্ষক ছিলেন। তাঁর কি দায়িত্ব ছিল না এইসব বিলের মধ্যে প্রযোজ্য করা। তিনি একটা ভেগ কথা সংবাদে লিখেছেন এবং আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম এবং তাতে তিনি বললেন যে, না, আমি কিছু জানি না। অফিসার্স র‍্যাঙ্কের আমলাতন্ত্রের বিরুদ্ধে এখানে জেহাদ দেখতে পাই। সেই আমলাতন্ত্রের কাছে সেই সাংবাদিক জিজ্ঞাসা করেছেন যে, এই পেনসন কবে থেকে চালু হবে? তাঁরা তাতে বলেছেন, মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করুন, আমরা কিছু জানি না। এই ভয়াবহ চিত্র আর কতদিন চলবে এবং এই শিক্ষককুলকে একটা মৃত্যুর গহ্বরে তাঁরা যে টেনে নামাচ্ছেন সেটা কবে বন্ধ হবে বুঝতে পারছি না। এই বিষয়ে তাঁর লজ্জা থাকা উচিত, কারণ এই শিক্ষামন্ত্রী একজন শিক্ষানুরাগী এবং শিক্ষাবিদ। আজকে শিক্ষকরা যদি ঠিক মত পারিশ্রমিক না পান— যদি তুলনামূলক ভাবে বিচার ক'রে দেখি একজন ব্যাঙ্কের চতুর্থ শ্রেণীর কর্মচারীর সংগে এবং সেন্ট্রাল গভর্নমেন্টের একজন চতুর্থ শ্রেণীর কর্মচারীর সঙ্গে প্রাইমারী শিক্ষকের মাহিনার তুলনা করি, তা হ'লে দেখা যাবে কি ভীষণ ফারাক। মন্ত্রিমহাশয় হয়ত বলবেন এই সরকার প্রতিষ্ঠা লাভ করার পর ৭ টাকা ক'রে মাগ্গী ভাতা বাড়ানো হয়েছে। কিন্তু ঐ ৭ টাকা বাড়ানোর পর বাংলাদেশে জিনিসপত্রের দাম কি হয়েছে? পশ্চিমবাংলার নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম আজকে কোন জায়গায় গিয়ে পেঁাছেছে? সরষের তেল আজকে ৭॥ টাকা ক'রে, কাপড়-চোপড়ের অবস্থা যে কি সেটা তো বলাই যায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরা কোন্‌টা পারলো? আজকে যদি দেখেন, তা হ'লে দেখতে পাবেন আলো পর্যন্ত এ'রা সাধারণ মানুষকে দিচ্ছেন না, আজকে খাবার জল পর্যন্ত ঠিক মত পাওয়া যায় না। এ'রা শিক্ষার যে মৌলিক নীতি, যে শিক্ষানীতির উপর জাতি গঠন হবে, ভবিষ্যত তৈরি হবে, দেশ তৈরি করবে যেসমস্ত শিশুরা তাদের জন্য কিছুই করা হয় নি। তিনি বলেছেন যে, অবৈতনিক চালু করবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, পশ্চিমবাংলায় ৭০ ভাগ মানুষ এখনও পর্যন্ত দারিদ্র্য সীমার নীচে বাস করে। তা হ'লে এই অবৈতনিক কথাটা কতখানি ভেগ সেটা আপনি বিচার ক'রে দেখুন। আমি দায়িত্ব নিয়ে বলছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার চেয়ে আপনি বেশী জানেন, আপনার অভিজ্ঞতা আছে, সিডিউল কাস্ট এবং ট্রাইবসদের ঘরের যেসমস্ত ছেলেরা আছে তারা খাদ্যের অভাবে, ঠিকমত জিনিসপত্র না পাবার জন্য, বই কেনার অভাবে, কাপড়-চোপড়ের অভাবে এখনও পর্যন্ত স্কুলে আসতে পারে না। আমি দায়িত্ব নিয়ে বলছি যে, সমস্ত টি আর স্কিম চালু আছে গ্রামে সেখানে দরিদ্র ব্যক্তি বা দীন দরিদ্র চাষীকূল যারা আছেন তারা তাদের ছেলেদের বলেন, তোদের স্কুলে গিয়ে কিছু হবে না, আমার সঙ্গে চল, গেলে অন্ততঃ এক কে জি গম আর একটা ক'রে টাকা পাব। আজকে অবৈতনিক কথাটা ভেগ কথা। অবৈতনিক করতে গেলে যেমন মাহিনা দিতে হয় না, তেমনি বিনা পয়সায় পুস্তকও দিতে হবে, তবেই সেই সাধারণ ৭০ ভাগ লোক তারা শিক্ষার জায়গায় আসতে পারবে। আপনি দেখুন ৩৫০(ক) ধারায় সাঁওতালদের সম্পর্কে বলা হয়েছে যে, তাদের মাতৃভাষা চালু হবে। কিন্তু আজকে এই বিলের মধ্যে কি

[4-05—4-15 p.m.]

আমরা সেই ৩৫০(ক) ধারার কোন উল্লেখ দেখতে পাচ্ছি? সেখানে মাতৃভাষার মাধ্যমে শিক্ষার অধিকারের কথা আছে, পশ্চিমবঙ্গে প্রায় ১৪ লক্ষ সাঁওতাল বাস করে, তাদের ঘরে যে শিশুরা আছে তারা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে এবং হবে। এই বিলকে সেই ভাবে আনা উচিত ছিল আজ যদি এই বিলে সেই সমস্ত দৃষ্টিভঙ্গির পরিচয় পেতাম, তা হ'লে নিশ্চয়ই আমরা এই বিলকে সমর্থন করতাম। আজকে এই বিলের মধ্যে শিডিউল্ড ট্রাইবদের কোন স্থান নেই। আজকে এই জিনিসগুলি দেখতে হবে, শুধু অবৈতনিক হ'লেই হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আনন্দবাজার এবং যুগান্তর পত্রিকায় দেখেছি একটি স্কুলের ছবি, সেই স্কুলটির গত দু'বারের বন্যায় ঘর ভেঙে গিয়েছে, সারানো হয়নি, বিল্ডিং নেই, ঘর নেই এমন কি শিক্ষক

বসতে পারে এই রকম একটা টুল পর্যন্ত নেই। এটা আমাদের কথা নয়, আমাদের কথায় তো আপনারা রেগে যান। প্রো-ভাইসচান্সেলর ডঃ পি কে বসু, তিনি দেড় হাজার স্কুলের সমীক্ষা করেছেন, সেই সমীক্ষার রিপোর্টে তিনি বলেছেন যে পশ্চিমবাংলার ৮০% শিশুকে এক মাইল থেকে দুই মাইল হেঁটে আসতে হয় পড়বার জন্য এবং পশ্চিমবাংলায় এমন অনেক স্কুল আছে যেখানে একটা মাত্র ঘর আছে, সেই ঘরে স্কুল হয় চারটি ক্লাশের। এই যে অবস্থা এই দিকে কোন দৃষ্টি দেওয়া হয় নি। কেন হয়নি, না টাকা নেই, আমরা জানি মাননীয় অধ্যক্ষ মহাশয়, টাকা যে জায়গা থেকে আসবে সেই জায়গায় এরা হাত দেবেন না। ঐ ভূমিচোর দলের গায়ে হাত দেবেন না, যারা ইনকাম ট্যাক্স ফাঁকি দেয় তাদের গায়ে হাত দেবেন না। যদি সেই দৃষ্টিভঙ্গি থাকত, তা হ'লে নিশ্চয়ই এটা হত, ঘোড়া থাকলে চাবুকের অভাব হয় না। যদি ইচ্ছা থাকত, তা হ'লে এই বিলকে নিশ্চয়ই সেই ভাবে আনতেন, কিন্তু তা না ক'রে সাধারণ মানুষকে আর একটা নতুন ধাপ্পা দিচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছু দিন আগে যে সমস্ত স্কুল স্যাংসন হয়েছে—আমার কাছে উদাহরণ আছে, আমার এলাকায়—আমি দায়িত্ব নিয়ে বলছি এবং শিক্ষামন্ত্রীর কাছে প্রশ্ন রাখছি যে, গ্রামবাংলায় কয়েকটি স্কুলে যে মিল্ক বিলি করা হয় শিশুর খাদ্য হিসাবে, সেই খাদ্য অনেক শিক্ষক এবং তাদের লোকেরা আজকে ১ টাকা কে জি ক'রে বিক্রি করছে। স্পেসিফিক কেস দিয়েছি, কিন্তু আজ পর্যন্ত তাদের সাসপেন্ড করা হয় নি। এই যে অবস্থা এই বিষয়ে এই বিলে বলা উচিত ছিল। আজকে আপনারা যেখানে বলছেন 'গরিবী হটাও-র' কথা, 'গণতান্ত্রিক সমাজবাদের' কথা, অবশ্য আমি সে প্রশ্নে আসছি না তবে গরিবী হটাও-র উপর আমি বলছি যে কলকাতায় আমরা দেখতে পাই ৭৫ টাকা মাস মাইনে দিয়ে ছেলেরা কিন্ডারগার্টেন স্কুলগুলিতে পড়ছে। কিন্তু ঐসব স্কুলে পড়বার সুযোগ ক'টা ছেলে পাচ্ছে, মাত্র শতকরা ১০ ভাগ ছেলে ঐসব স্কুলে পড়বার সুযোগ পাচ্ছে। আর আমাদের মত বাকি ৯০ ভাগ লোকের জন্য কি হচ্ছে, না একটা ক'রে স্কুল খুলে রাখা হয়েছে, এই ভাবে ভবিষ্যৎ রচনা করতে যাচ্ছি, টাকার নাম ক'রে ধাপ্পা দিচ্ছি। 'গরিবী হটাও' স্লোগান দিচ্ছেন, কিন্তু গরিবী হটানোর একটিও কার্যকরী ব্যবস্থা করেছেন কি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, সিলেক্ট কমিটি হয়েছে, সেখানে কি দেখছি, না ভোটের জোরে সেখানেও পাশ করিয়ে নেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কালকে একটি বিষয়ের প্রতি আপনার রুলিং চেয়েছিলাম, তখন মনোরঞ্জনবাবু বললেন যে, তিমিরবাবু এই প্রশ্ন কি ক'রে তুলছেন, কারণ শীশ মহম্মদ সাহেব ওদের দলের সদস্য এবং তিনি সেই কমিটিতে ছিলেন। কিন্তু তিনি জানেন না যে, সিলেক্ট কমিটির রিপোর্ট বাইরে প্রকাশ করলে সেখানে প্রিভিলেজের প্রশ্ন এসে যায়। ওরা আজকে 'অ', 'আ' পড়ুন, তা হ'লে বুঝতে পারবেন এই জিনিসটা কি হ'ল, কেননা ওদের মাথায় কিছু নেই, বিশেষ ক'রে মনোরঞ্জনবাবুকে একটু পড়ান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সময় শেষ হয়ে এসেছে ব'লে আমি আমার বক্তব্য এবার শেষ করব, তবে তার আগে একটি কথা বলব।

আমরা ইউনিফর্ম পলিসি চাই। ইউনিফর্ম-এর কথায় বলব যে একটা ইউনিফর্ম নীতি সব স্কুলে হওয়া উচিত। বিলে দু'-একটা জায়গায় ভাল কথা আছে—ঠিক। আপনারা বলবেন, আমি কি সেই ভালগুলি দেখতে পেলাম না? বিড়লাসাহেব যে বিড়লাভবন, চন্ডীভবন, গীতাভবন করেছেন, তা হ'লে কি বলব বিড়লাসাহেব প্রোগ্রেসিভ? ফিউডাল লর্ড যে সমস্ত কান্ড করেছেন তাতে কি বলব যে, ফিউডাল লর্ডরা ভাল কাজ করেছেন? শিক্ষামন্ত্রী বলেছেন যেসমস্ত শিশু স্কুলে আসবে না তাদের ৫০ টাকা ক'রে ফাইন হবে। কিন্তু তারা আসবে কি ক'রে? তারা খেতে পায় না, বই পায় না, জামাকাপড় পায় না, পেন্সিল, কলম পায় না সেসবের দায়িত্ব নেবেন না? ভাত দেবার ঠাকুর নেই, কিল মারার গোঁসাই। সংখ্যাগরিষ্ঠতার জোরে আপনারা কিল মারছেন। দিন পাল্টাচ্ছে। এসব জিনিস আর হবে না। সময় হয়ে গেছে ব'লে আমি আমার মোসান মুভ ক'রে শেষ করছি।

Motion for extension of time for presentation of Reports of Public Accounts Committee

Shri Deo Prakash Rai: Mr. Speaker, Sir, with your permission I beg to move that the time for presentation of the Reports of the Committee on Public Accounts on the Accounts of the State for 1968-69 and 1969-70 and the Reports of the Comptroller and Auditor-General of India thereon be extended till the 16th April, 1974.

Sir, I would like to mention, in this connection, that the Accounts for the year 1968-69 and Audit Report thereon was laid before the House on the 17th May, 1971, while the Accounts for 1969-70 and the Report of the Comptroller and Auditor-General of India thereon was laid on the 10th August, 1972. But the preceeding committee could not examine those Accounts owing to its pre-occupations in preparing Reports of the Accounts of the State for the earlier years.

The present committee would thus have to take up the examination of the Accounts of the State for 1968-69 together with that for 1969-70 and would, therefore, require some time to examine these accounts and submit the Reports. Hence the present motion for extension of time.

Mr. Speaker: I hope the House has no objection to extend the time.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল প্রাইমারী এডুকেসন বিল বিলম্বে হ'লেও এই অধিবেশনে যে উত্থাপন করেছেন তার জন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি এজন্য যে, বর্তমান পশ্চিমবাংলায় একটা জনকল্যাণকামী বিল অনেক দিন পরে এই বিধানসভায় উত্থাপিত হ'ল। আমাদের সংবিধানের ১৪ বছর পর্যন্ত বয়সের বালকবালিকাদের যাতে প্রাথমিক বাধ্যতামূলক এবং ফ্রি এডুকেসন দিতে পারা যায় তার নির্দেশ আছে। কিন্তু এই কাজ যে কত গুরুত্বপূর্ণ তা সকলেই জানেন। ইংল্যান্ডের দিকে যদি তাকিয়ে দেখি, তা হ'লে দেখব, সেখানে প্রগতিশীল জাতি হওয়া সত্ত্বেও ইংল্যান্ড-এর ৫০ বছর লেগেছিল তাদের দেশে ফ্রি এডুকেসন স্থাপন করতে। সি পি আই সদস্যারা জানেন যে, রাশিয়াতে ফ্রি অ্যান্ড কম্পালসারী এডুকেসন করতে তাদের ৭ বছর সময় লেগেছিল। ২৫ বছরের মধ্যে আমরা খুব বেশী শিক্ষার দিকে অগ্রসর হতে পারি নি, এটা সত্য কথা, কিন্তু অন্যান্য রাজ্যের তুলনায় আমরা যে খুব পিছিয়ে আছি তা নয়। তার কারণ আমরা দেখতে পাচ্ছি একমাত্র মাদ্রাজ আমাদের চেয়ে বেশী প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে এগিয়ে আছে। আমাদের রাজ্যসরকার এইদিকে সচেতন আছেন, অর্থনৈতিক বিপর্যয়ের মধ্যেও তাঁরা এই প্রাথমিক শিক্ষার প্রকল্প গ্রহণ করেছেন। আমাদের দেশ যখন স্বাধীনতা লাভ করে ১৯৪৭-৪৮ সালে, তখন সমগ্র বাংলাদেশে প্রাথমিক বিদ্যালয় ছিল মাত্র ১২ হাজার, এখন সে তুলনায় আমরা দেখছি ৩৯ হাজার ৫ শোর বেশী প্রাথমিক বিদ্যালয় এই পশ্চিমবঙ্গে স্থাপিত হয়েছে। স্বাধীনতার সময় আমাদের ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল মাত্র ১২ লক্ষের মত, এখন আমাদের ছাত্র-ছাত্রী হচ্ছে ৫০ লক্ষের মত। আমাদের প্রাথমিক শিক্ষা গ্রহণ করবার মত যে সমস্ত ছাত্র-ছাত্রী আছে তাদের সংখ্যা হচ্ছে ৬০ লক্ষের মত, তার মধ্যে ৫০ লক্ষ প্রাথমিক শিক্ষা গ্রহণ করছেন। কেবল ১০ লক্ষ ছাত্র-ছাত্রীর প্রাথমিক শিক্ষার সুযোগ এখন পর্যন্ত পাচ্ছে না। এই বিলের দ্বারা সেই সুযোগ আসবে, এই বিষয়ে আমরা নিশ্চিত। তা ছাড়া যখন ১৯৬৩ সালে আর্বান প্রাইমারী এডুকেসন অ্যাক্ট পাশ হয়, তখন আমি বলেছিলাম তৎকালীন শিক্ষামন্ত্রী রায় হরেন্দ্রনাথ রায়চৌধুরী মহাশয়কে যে, এই বিল আপনারা পূর্ণাঙ্গভাবে আনুন, আজকে ১০ বছর পরে সেই বিল পূর্ণাঙ্গভাবে এল। ক্যালকাটা কর্পোরেশন ছাড়া বাংলাদেশের ৮৮টি আর্বান মিউনিসিপ্যালিটির মধ্যে মাত্র ৮।১০টি মিউনিসিপ্যালিটিতে এই আইন চালু আছে এবং রাজ্যসরকার থেকে স্কীম দেওয়ার জন্য বার বার অনুরোধ করা সত্ত্বেও কোন স্কীম আসে নি। আমি আপনার কাছে নিবেদন করব যে, দু'একজন সদস্য বললেন যে, কর বৃদ্ধি করা হচ্ছে। কর বৃদ্ধি করা হচ্ছে ঠিকই, আমাদের যা অবস্থা তাতে আমাদের জাতির উন্নতির জন্য যে কর বৃদ্ধি করছি সাধারণ মানুষ সেই কর গ্রহণ করবেন। আমরা মনে করি একটা জাতির শিক্ষা যদি না থাকে, তা হ'লে সেই জাতির উন্নতি হওয়া অসম্ভব। শিক্ষাই জাতির মেরুদণ্ড। সেজন্য সাধারণ মানুষ সেই ট্যাক্স দিতে কার্পণ্য করবেন না। সার্বজনীন বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষার যে প্রয়াস এর দ্বারা গ্রামাঞ্চলে এতদিন যে শিক্ষার অপ্রসার ছিল তা দূর হবে এবং ইউনিভার্সাল ক্যারেক্টর অব টিচিং-এর ফলে দেখা যাবে, এতদিন ধ'রে শহরের এবং পাড়াগাঁয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে যে প্রভেদ ছিল সেটা নষ্ট হবে। তা ছাড়া আপনাদের কাছে নিবেদন করব, সংবিধানে নির্দেশ আছে সার্বজনীন বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা, এটা ব্যর্থ হওয়ার প্রধান কারণ হচ্ছে অর্থাভাব। আমি মনে করি এই বিলের দ্বারা তা দূর হবে। একটি বিষয়ে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ

করব, সেটা হচ্ছে আমাদের অরিজিন্যাল বিলে যে সদস্য সংখ্যা ছিল এম এল এ-দের জন্য সেটা সিলেক্ট কমিটির পর দেখলাম সমস্ত বিধানসভার সদস্য এর মেম্বার হবে, এটা আমার মনে হয় খুব বেশী হয়ে যাচ্ছে। পূর্বে যেটা রেখেছিলেন সেটাই রাখবার জন্য অনুরোধ ক'রে, বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং শিক্ষামন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-15—4-25 p.m.]

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রী যে প্রাথমিক শিক্ষা বিষয়ক বিল উপস্থিত করেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। দু'টি কারণে ধন্যবাদ জানাই, একটি হচ্ছে এই বিল উপস্থিত করার জন্য এবং দ্বিতীয়ত এই বিলটা পুঙ্খানুপুঙ্খভাবে বিবেচনা করার জন্য সিলেক্ট কমিটি গঠনে রাজী হওয়ার জন্য। কেননা, এর আগেও দেখেছি সমবায় সংক্রান্ত বিল যখন অ্যাসেম্বলীতে এসেছিল সেই সময় আমাদের পক্ষ থেকে বার বার বলা সত্ত্বেও সিলেক্ট কমিটি গঠিত হয় নি। মন্ত্রিমহাশয় প্রাথমিক শিক্ষা আইন-এর মত গুরুত্বপূর্ণ বিষয়ে সিলেক্ট কমিটি গঠনে রাজী হওয়ায় আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এই বিলের সিলেক্ট কমিটিতে আমি ছিলাম, অনেক আলোচনা করেছি, প্রথমে আমার যে কথাটা বলতে ইচ্ছা করছে সেটা হচ্ছে, এই কালকে কেউ কেউ বক্তৃতার সময় এই বিলটাকে বৈপ্লবিক বিল বলেছেন, বিপ্লব কথাটাকে এত সহজে ব্যবহার করতে আমি রাজী নই। বিলটাকে মোটেই বৈপ্লবিক বিল বলা যায় না, তবে এটুকু বলা যায় যে, মোটামুটি একটা প্রগতিশীল আইন, পশ্চিমবঙ্গের প্রয়োজনের তুলনায় অনেক কম হ'লেও এতদিন ধরে যে বিষয়টিকে স্বীকৃতি দেওয়া হয় নি, সরকারের যে দায়িত্ব আছে আমাদের রাজ্যে বিনাবেতনে আবশ্যিক প্রাথমিক শিক্ষা চালু করা, সেই স্বীকৃতি দিয়ে এই বিলটা উপস্থিত হয়েছে এবং যখন আমরা আলোচনা করব, তখন দেখতে পাব যে, বিলটা আইনে পাশ হ'লেও ঘোষিত উদ্দেশ্য সাধিত হয়ে যাবে না, তার জন্য আরো প্রচুর পরিশ্রম আরো ব্যাপকতর আইন রচনা ক'রে নতুন ধারা সংযোজন ক'রে সামগ্রিকভাবে দৃষ্টিভঙ্গি বদলানো এবং সঙ্গে সঙ্গে সারা পশ্চিমবাংলার অর্থনৈতিক এবং সমাজজীবনে বিপুল পরিবর্তন না হ'লে কিছুতেই এই আইনকে কার্যকর করা যাবে না। এটাকে বৈপ্লবিক আইন বলতে রাজী নই, আমি এটুকু বলতে পারি, আগের তুলনায় অনেকখানি প্রগতিশীল বিল মন্ত্রিমহাশয় এনেছেন। পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষকরা দীর্ঘকাল ধ'রে আন্দোলন করেছেন, সেই আন্দোলনের একটা দাবি ছিল, সারা পশ্চিমবঙ্গের জন্য একটা কম্প্রিহেন্সিভ সার্বজনীন বাধ্যতামূলক অবৈতনিক একটা প্রাথমিক শিক্ষা আইন তৈরি করা হোক। বাংলাদেশের প্রাথমিক শিক্ষকরা এই নিয়ে আন্দোলন করেছেন, সরকারের কাছে আবেদন-নিবেদন করেছেন, শোভাযাত্রা করেছেন, এমনকি জেলে গেছেন।

এর আগে কিন্তু এ সম্পর্কে কোন চিন্তা করা হয় নি। আমাদের মন্ত্রিমহাশয় এবারে মোটামুটিভাবে একটা বিল আনছেন যাতে পশ্চিমবাংলার সর্বস্তরের প্রাথমিক শিক্ষাকে তিনি ধরতে পারেন, ছুঁতে পারেন, সেই আশা করছেন। তাঁর সেই আশার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গতকাল খবরের কাগজে পড়েছিলাম, দিল্লীতে নিরক্ষরতা সম্পর্কে একটা সেমিনার হয়েছিল এবং সেই সেমিনারে যে তথ্য বেরিয়েছে তাতে দেখছি ১৯৪৭ সালে আমাদের দেশ যখন স্বাধীন হয়, তখন আমাদের দেশে যে লোকসংখ্যা ছিল তাই হচ্ছে এখন সারা ভারতের নিরক্ষরতার সংখ্যা। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ব্যাপারটা খুব গুরুত্বপূর্ণ এবং গভীর, ভাবতে ভয় লাগে। আমাদের দেশে যত নিরক্ষর লোক আছে তত লোক পৃথিবীতে এমন অনেক দেশ আছে যেখানে বাস করে না। কাজেই এই সমস্যাটা কত ভয়াবহ সেটা একবার আপনি চিন্তা করুন। পশ্চিমবাংলার মত রাজ্যে আমরা বৃটিশ আমলে গর্ব করেছি যে, আমরা শিক্ষা, দীক্ষায় এগিয়ে আছি। মধ্য শ্রেণী যাঁরা আমাদের রাজনৈতিক জীবনে নেতা ছিলেন, তাঁরা মোটামুটিভাবে শ্রমিক, কৃষকদের কথা বললেও আমরা অধিকাংশ যে শ্রেণী থেকে এসেছি তাদের একটা গৌরব ছিল এই শিক্ষাদীক্ষার ব্যাপারে। কিন্তু সেই পশ্চিমবাংলায় আজকে দেখছি, প্রায় আড়াই কোটির মত লোক নিরক্ষর। তা হ'লে এই পরিবেশের মধ্যে সমাজতন্ত্রের কথা, গণতন্ত্রের অগ্রগতির কথা, সমাজের পুনর্গঠনের কথা এবং সমস্ত জাতিকে ঐক্যবদ্ধভাবে উদ্বুদ্ধ করার কথা ভাবতে ভয় লাগে। আমাদের মনে রাখা দরকার, এই অবস্থার মধ্যে থেকে আমরা প্রাথমিক শিক্ষার প্রচলন, তার বিস্তার এবং শিশুদের তার আওতায় আনার চেষ্টা করছি। আমার প্রথমে মনে হয়েছিল আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়

যে বিল এনেছেন তাতে বিভিন্ন ধরনের সাংগঠনিক পদ্ধতি এবং প্রাথমিক শিক্ষার বিস্তার এবং প্রচারের উপর জোর দেওয়া হয়েছে। কিন্তু এই বিলের পিছনের উদ্দেশ্য যে গুরুত্বপূর্ণ এবং

[4-25—4-35 p.m.]

ভয়াবহ সমস্যার কথা আমি বলেছিলাম, সেটা কি স্বীকৃতি পেয়েছে—সে কথা একটু ভাবতে হবে। আজকে পৃথিবীতে ধীরে ধীরে শম্বুকের গতিতে অগ্রসর হওয়া চলবে না। আজকে অগ্রগতি অত্যন্ত দ্রুত অগ্রগতি এবং দ্রুত অগ্রগতিতে পৃথিবী দ্রুত এগিয়ে চলেছে এবং অন্যান্য দেশও এগিয়ে চলেছে। আজকে যদি আমরা ভাবি যে, আমরা আস্তে আস্তে এগোব সঙ্গে সঙ্গে দেখবো যে, আরো নতুন থেকে নতুনতর সামাজিক অবস্থা সৃষ্টি হয়েছে। আজকে দ্রুত গতিতে এগোতে হবে। আজকে যদি আমরা ভাবি যে, একটা মিউনিসিপ্যালিটিতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু করলাম ২ বছর বাদে আর ৫টা মিউনিসিপ্যালিটিতে চালু করলাম, ৩ বছর বাদে আর ৭টা মিউনিসিপ্যালিটিতে করলাম, এই ভাবে এগুলে আমরা দেখবো নিরক্ষরতার সংখ্যা আরো বেড়ে চলেছে। সেই অবস্থা যদি হয়, তা হ'লে আজকে এটা একটু ভেবে দেখতে হবে। পশ্চিমবাংলায় আমরা যতই চেষ্টা করি না কেন সামাজিক পরিবর্তন আনবার জন্য যেখানে পশ্চাৎপদ কোটি কোটি মানুষের মনের জানালাগুলি এখন বন্ধ, যাদের মনে আলো এখন ঢোকে নি, তারা জানে না সমাজতন্ত্রের কথা, তারা জানে না গণতন্ত্রের কথা, উন্নত জীবন কি তা জানে না, উন্নত অর্থনৈতিক কর্মসূচি কি তা জানে না, এই সব মানুষদের পিছনে রেখে কিছুতেই আমরা দেশের পরিবর্তন আনতে পারব না। তাই রবীন্দ্রনাথ বলেছেন, 'যারে তুমি পিছে ফেল সে তোমারে পশ্চাতে টানিছে'। আমাদের সমস্ত কর্মকান্ড, কর্মসূচি তারা নষ্ট ক'রে দেবে। সুতরাং আমি যেটা আপনার মাধ্যমে সদস্যদের কাছে এবং শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে উপস্থিত করতে চাই সেটা হচ্ছে যে, বিলটা আনার যে পশ্চাদ্‌ভূমি, যে রাজনৈতিক, সামাজিক পশ্চাদ্‌ভূমি, যে জাতীয় কর্তব্যের পশ্চাদ্‌ভূমি- এই সম্পর্কে আপনি যদি সম্যকভাবে অবহিত না থাকেন, তা হ'লে এই বিলের দ্বারা কোন জিনিস করা যাবে না। প্রশাসনিক কাঠামোকে আরো উন্নত করা যাবে না, কারণ নিরক্ষরতার যে ভয়াবহ রাক্ষসী আমাদের শিশুদের রক্ত শোষণ করছে প্রতিদিন গ্রামে গ্রামে এবং এই আদিবাসীদের মধ্যে, ঐ বাঁকুড়ায়, পুরুলিয়া, মেদিনীপুরের দূরতম গ্রামের মধ্যে তার সঙ্গে লড়াই করা যাবে না। এই লড়াই একটা ভয়ানক কঠিন লড়াই। এই কথাটা প্রথমতঃ মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুধাবন করবার জন্য অনুরোধ করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আর একটি প্রশ্ন রাখছি। আসলে যে বিলটি আপনি উপস্থিত করেছেন আমি খুব ভাল ভাবে পড়েছি। আমি নিজেও সিলেক্ট কমিটিতে ছিলাম। তাতে আসলে কি করেছেন? ১৯৩০ সালে একটা অ্যাক্ট রুরাল প্রাইমারী এডুকেসন অ্যাক্ট যেটা ছিল, আর একটা যেটা ১৯৬৩ সালে আর্বান প্রাইমারী অ্যাক্ট এই দুটোকে আপনি মিলিয়েছেন অ্যামালগ্যামেটেড করেছেন। দুই ধরনের আইন ছিল, গ্রামাঞ্চলে একটা প্রাথমিক শিক্ষা পরিচালনা চলছিল, আর সহরাঞ্চলে প্রাথমিক শিক্ষা পরিচালনা চলছিল এই দুটোকে আপনি মিলিয়েছেন। একটা প্রাদেশিক বোর্ড আপনি তৈরি করেছেন, অবশ্য সেই আইনের মধ্যে এটা ছিল না। সেই আইনের পারপাজ হিসাবে ইউনিভার্সাল ফ্রি কম্পালসারি প্রাইমারী এডুকেসন ছিল না। এই ঘোষণার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু প্রকৃতপক্ষে প্রাদেশিক স্তরে একটা সংগঠন করা ছাড়া দেখা গেল নতুন কিছু পরিবর্তন হয় নি এই আইনে। সেই পরিবর্তনের কথা আজকে ভাবতে হবে এবং আমি দুই চারটি কথা সেই সম্পর্কে বলব। পশ্চিমবাংলায় প্রাথমিক শিক্ষার অবস্থা কি ছিল? কে কর্তা ছিল? আমি হিসাব ক'রে দেখেছি প্রায় ১০ থেকে ১১ ধরনের কর্তা ছিল। তাতে ইনিসিয়েটিভ কার ছিল? কলকাতা কর্পোরেশন এলাকায় কর্পোরেশন কিছু স্কুল করেছে, মিউনিসিপ্যালিটিগুলিতে মিউনিসিপ্যালিটি কিছু কিছু স্কুল করেছে, গ্রামাঞ্চলে স্কুল বোর্ড এবং শহরাঞ্চলের মিশনারীদের কিছু স্কুল আছে। দেশী মাড়োয়ারী ব্যবসায়ীদের কিছু স্কুল আছে, প্রাইভেট ম্যানেজড কিছু স্কুল আছে, এডেড স্কুল কিছু আছে, স্টাইপেন্ডারী কিছু স্কুল আছে, রিফিউজি স্পনসোর্ড কিছু স্কুল আছে, এই অসংখ্য ধরনের স্কুল, তার অসংখ্য ধরনের কর্তা। এই প্রাথমিক শিক্ষায় একটা নৈরাজ্য বিরাজ করছিল সে বিষয়ে কোন সন্দেহ নেই। এই প্রাথমিক শিক্ষার ইনিসিয়েটিভ বা প্রবর্তক বা উদ্যোগ ছিল না। একটা উদ্যোগের কথা বলি। আমরা অনেক বড় বড় কথা বলি।

১৯৩৪ সালে ১৪ই নভেম্বর যেটা পণ্ডিত নেহেরুর জন্মদিন বর্তমানে যেটা শিশু দিবস হিসাবে উৎযাপিত হয়, আজ থেকে প্রায় ৪০ বছর আগে ১৪ নভেম্বর কোলকাতা কর্পোরেশন একটা সভায় সিদ্ধান্ত করেন যে, তারা কোলকাতায় প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করবেন। ৪০ বৎসর আগে এবং ৯নং ওয়ার্ড থেকে তারা এই কাজ শুরু করবেন সিদ্ধান্ত করেন। আজকে ১৯৭৩ সাল, যে কোলকাতা মহানগরীতে লক্ষ লক্ষ শিশু আছে সেই কোলকাতা কর্পোরেশন মাত্র ২৬১টি প্রাইমারী স্কুল চালায়। তাও চালাবার কোন ক্ষমতা নেই, উদ্যোগ নেই। তা হ'লে সরকারের শিক্ষাধিকার কি প্রাইমারী স্কুল তৈরি করবেন নতুন নতুন? না। এখন প্রাইমারী বিদ্যালয় স্থাপনের পদ্ধতি হচ্ছে গ্রামের লোক বা শহরের লোক যাঁরা মনে করেন আমাদের এখানে একটা প্রাথমিক বিদ্যালয় করা উচিত, ছেলেমেয়েদের লেখাপড়া শেখা উচিত, তাঁরা একটা জমি সংগ্রহ করেন, তাঁরা চাঁদা তুলে একটা ঘর তোলেন, সেখানে কয়েকটি ছেলে বা মেয়ে বিনাপয়সায় কিছুদিন মাস্টারি করেন, সরকারের কাছে দরখাস্ত করেন, সেই দরখাস্ত নিয়ে অনেক রাজনীতি হয়। ৬/৭ বৎসর ধ'রে স্কুল পড়ে থাকে, অ্যাফিলিয়েটেড বা অনুমোদিত হয় না, সরকারের। তারপর যদি সরকার দয়া ক'রে অনুমোদন করেন, তা হ'লে সেই স্কুলটা চলে এবং তারা প্রাথমিক শিক্ষা দেয়। অর্থাৎ, আমার যেটা প্রশ্ন যে আজকে বিল পাশ করার সময় ভাবতে হবে এই ইনিসিয়েটিভটা কার হাতে? এখনও কি এই জনসাধারণের সামান্য প্রচেষ্টা অথবা বড়লোকের দয়া অথবা ব্যবসায়ীদের ব্যবসায়ী বুদ্ধির উপরে পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষা প্রবর্তন ও প্রসার নির্ভর করবে? অত্যন্ত স্পষ্ট ও সুনির্দিষ্ট প্রশ্ন আমি মন্ত্রিমহাশয়ের কাছে করছি এবং করছি যে, এই যে বিল, যে বিল উত্থাপিত হয়েছে, সেই বিল আজকে কি সরকার বা প্রাথমিক বোর্ড বা কাউন্সিল তার হাতে পুরোপুরি উদ্যোগটা আসবে? তা হ'লে কোন নির্দিষ্ট সময়ের মধ্যে আমাদের এই পশ্চিমবাংলার লক্ষ লক্ষ কোটি কোটি শিশুকে আমরা শতকরা একশো ভাগ শিশুকে প্রাথমিক শিক্ষা দিতে পারবো না। অত্যন্ত স্পষ্ট প্রশ্ন, ইনিসিয়েটিভ কার হাতে থাকবে? আমার সমস্ত বিল পড়ে যা মনে হয়েছে যে এখন পর্যন্ত ইনিসিয়েটিভ বা উদ্যোগ প্রাথমিক শিক্ষা প্রসারে, অন্যান্য স্কুল স্থাপনের, ছেলেমেয়েদের স্কুলে নিয়ে আসার উদ্যোগ এখন পর্যন্ত জনসাধারণের অসংগঠিত প্রচেষ্টার উপরে দাঁড়িয়ে থাকবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই প্রশ্নটা আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে স্পষ্ট ক'রে জানতে চাই যে, তিনি এই সম্পর্কে কি ভাবছেন, তাঁর বিভাগ এই সম্পর্কে কি ভাবছেন। বলুন নতুন যে আইন হয়েছে, নতুন যে বিল তিনি এনেছেন এতে দাঁড়ালো কি? গ্রামাঞ্চলের জন্য জেলা স্কুল কাউন্সিল তারা কাজ করবেন—জেলার প্রাইমারী কাউন্সিল। ভাল কথা, এবং নন-স্পেসিফায়েড মিউনিসিপ্যালিটিতে তারা কাজ করবেন। শহরাঞ্চলগুলিতে অবস্থা কি? আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে স্পষ্ট ক'রে এটা জানতে চাই। আমি এই বিল ভাল ক'রে পড়ে দেখেছি এবং দেখেছি, এই বিলে শহরাঞ্চলের প্রাথমিক শিক্ষাকে নেবার কোন ব্যবস্থা এখনও পর্যন্ত হয় নি, নেই। সুতরাং কম্প্রিহেন্সিভ যাকে বলি, ব্যাপক যাকে বলি, সর্বব্যাপী যাকে বলি, একটা কর্তৃত্বের অধীনে সমস্ত প্রাথমিক শিক্ষাকে নিয়ে আসবার কথা যা বলি, যা এই বিলের অন্যতম বিঘোষিত উদ্দেশ্য ছিল, তা কিন্তু এই বিলে হ'ল না। ধরুন একটা উদাহরণ দিই, আমি যেখান থেকে নির্বাচিত হয়েছি বেহালা সাউথ সুবার্বন মিউনিসিপ্যালিটি, পশ্চিমবাংলার দ্বিতীয় বৃহত্তম মিউনিসিপ্যালিটি হাওড়ার পরে সেখানে প্রায় ৩॥ লক্ষ লোক বাস করে এবং কয়েক সহস্র শিশুর জন্য এখানে কোন প্রাইমারী স্কুল নেই। মিউনিসিপ্যালিটি সেখানে মাত্র ১৬টি প্রাইমারী স্কুল চালায়। ৩॥ লক্ষ লোক যেখানে বাস করে সেখানে মিউনিসিপ্যালিটি ১৬টি প্রাইমারী স্কুল চালায়। যে নতুন বিল এসেছে তাতে সরকার মিউনিসিপ্যালিটির সঙ্গে একটা কন্ট্রাক্টে ঢুকছেন, কয়েকটা এগ্রিমেন্ট করছেন যে, তার অধীনের স্কুলগুলি মিউনিসিপ্যাল প্রাইমারী কাউন্সিলের হাতে চলে আসবে। বাকি প্রায় ১০০-র বেশী স্কুল, কি আরো বেশী, বেহালা মিউসিপ্যালিটি-তে প্রায় ১৫০টি অনুমোদিত স্কুল আছে যার অধিকাংশই হচ্ছে এডেড স্কুল, সরকার অনুমোদিত

[4-35—4-45 p.m.]

সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়। সেখানে স্কুলগুলি আইনের আওতার মধ্যে আসছে না। কি হ'ল? ১৬টি মাত্র মিউনিসিপ্যালিটি স্কুল আছে, যারা এখনও মাইনে নিচ্ছে না, বিনাবেতনে ছেলে মেয়েদের পড়ান, সেই স্কুলগুলি আসছে এই বিলের আওতায়। আর বাকী ১৩৪টি স্কুল

যেগুলি প্রাইভেটলি-ম্যানেজড স্কুল, এডেড স্কুল, ছেলেদের কাছ থেকে মাইনে নেয়, মেয়েদের বেলায় ফ্রী, সেই স্কুলগুলি এই বিলের আওতার মধ্যে আসছে না। অদ্ভুত ব্যাপার। সার্বজনীন আবশ্যিক প্রাথমিক শিক্ষা প্রচলন করবেন কি রকম, তার একটা উদাহরণ দেখালাম। এই বিলের কোথাও প্রভিশন নাই যাতে ক'রে এই স্কুলগুলিকে এর অধীনে আনা যায়। সরকার যদি বিবেচনা করেন টাইম টু টাইম ঘোষণা করেন যে, অমুক স্কুলগুলিকে প্রাথমিক শিক্ষার আইনের আওতায় আনছেন, তবেই সেখানকার স্কুলগুলিকে আনা যেতে পারে, আদারওয়াইজ নট। কি অদ্ভুত ব্যাপার, আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুভব করতে এবং বুঝতে অনুরোধ করি। আমি কর্পোরেশনের কথা আগেই বলেছি, ১৬১টি স্কুল আছে, ডিস্ট্রিক্ট কাউন্সিল, ক্যালকাটা কর্পোরেশনের সঙ্গে একটা এগ্রিমেন্ট হ'ল এবং এই ক'রে কাউন্সিলের অধীনে আনা হ'ল, বাকী সমস্ত হাজার হাজার এডেড প্রাইমারী স্কুল বাইরে চলে গেল, যে এডেড স্কুলে ছেলেরা মাইনে দিতে থাকবে। সেসব ফ্রী অ্যান্ড কম্পালসারি এডুকেসনের মধ্যে এল না। এই অবস্থায় বিল তৈরি হচ্ছে। এই বিলের মধ্যে ত্রুটি আছে, অনেক ভাল ভাল জিনিস থাকা সত্ত্বেও এবং সেটা খুব প্রকট হয়ে আছে। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এ সম্বন্ধে সুস্পষ্টভাবে বক্তব্য রাখুন—শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষার স্কুলগুলি, এডেড স্কুল, স্টাইপেন্ডারী স্কুল, যেখানে এখন পর্যন্ত ছেলেদের কাছ থেকে মাইনে নিয়ে সরকারী সাহায্য নিয়ে চলছে, সেই স্কুলগুলিকে এই আইনের আওতায় বা অধীনে আনতে পারছেন কিনা এবং অবিলম্বে আবশ্যিক প্রাথমিক শিক্ষা চালু করতে পারছেন কিনা সুস্পষ্টভাবে বলুন। এই বিল পড়ে যা মনে হয়েছে, তা কোথাও নেই। এই আইনের ফলে জটিলতার সৃষ্টি হবে। প্রাথমিক শিক্ষকদের একটা অভিমত আছে। শহরাঞ্চলে অনেক স্কুল আছে যেখানে সহস্র সহস্র শিক্ষক সেই এডেড স্কুলে পড়ান, কম মাইনে নিয়ে, সেখানে নিয়ম হচ্ছে ম্যানেজিং কমিটি একটা শেয়ার দেন, ৩০/৪০/৫০ পার্সেন্ট, সেটা শিক্ষাবিদরা বেঁধে দিয়েছেন, বাকী টাকা সরকার দেন। অধিকাংশ জায়গায়, প্রাইমারী স্কুলে ম্যানেজিং কমিটি যে টাকা লিখে দেন সেই টাকা দেন না, অর্থাৎ স্কুলের শেয়ার যেখানে ৫০ টাকা বেঁধে দিয়েছেন, সেখানে ১০ টাকা দিয়ে ৫০ টাকা লিখিয়ে নেন, এমন অসংখ্য স্কুল আছে বাংলাদেশের মিউনিসিপ্যাল এবং শহরাঞ্চলে, ৯০ পার সেন্ট স্কুলই কর্পোরেশন এলাকায় এই রকম, এই সমস্ত স্কুলের শিক্ষকরা সরকারী অধীনে আসতে চায়, এইসমস্ত স্কুলে পি এফ-এর সুযোগ নাই, সরকারী পে-স্কেল থেকে মাইনে কম পায়, কিন্তু এরা, এইসমস্ত স্কুলের হাজার হাজার শিক্ষক এই আইনের আওতা থেকে বাদ থেকে গেল। এই আইনের ফলে এল কারা? মিউনিসিপ্যালিটির এবং কর্পোরেশনের নিজের শিক্ষকরা যারা সরকারী শিক্ষকদের চেয়ে বেশী মাইনে পান, যারা আসতে চয় না, যারা রেজিস্ট করবে। আমার বেহালা মিউনিসিপ্যাল এলাকার আর একজন এম এল এ আছেন যিনি ভাইস-চেয়ারম্যান, তিনি জানেন একজন শিক্ষকের ন্যূনতম বেতন ২০৬/২০৭ টাকা, এই টাকায় শুরু করেন- আজকাল একটু বেড়েছে, ২১৫/২২০ টাকা হয়েছে, তাঁরা যেখানে সরকারী শিক্ষকদের মাইনে কম, অসুবিধা, আসবেন কেন? বোনাস পান, বাড়িভাড়া পান, অন্যান্য সুবিধা আছে, তাঁরা আসতে পারেন না, বরং প্রতিরোধ করবেন। এই যে সেখানে ১৬টি স্কুল, ৬৫/৭০ জন শিক্ষক যারা আইনের আওতায় পড়ছে, কিন্তু আসতে চায় না, আর হাজার হাজার শিক্ষক যাদের কোন পি এফ-এর সুবিধা নাই, সরকার-নির্দিষ্ট স্কেলের চেয়ে কম মাইনে পান, যাঁরা সরকারের অধীনে আসতে চান, তাঁদের আপনারা সুযোগ দিচ্ছেন না কেন? আমি জানি না মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আইনটা তৈরি করবার সময় এই সমস্ত অবস্থার কথা ভেবেছিলেন কিনা। আমি আশা করবো, এখনো সময় আছে। তিনি যদি মনে করেন, এই বিলের প্রয়োজনীয় সংশোধনী এনে আরো যাতে এটা উন্নত করা যায়, শহরাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়গুলিকে এর মধ্যে আনা যায়, তার চেষ্টা করবেন। এডেড স্কুলের কথা বাদই দিলাম। শহরাঞ্চলে যে সমস্ত প্রাইভেটলি ম্যানেজড স্কুল আছে—যেমন কোলকাতা শহরের—অবস্থা কী? আমরা তো মুখে গণতন্ত্রের কথা বলি। আমরা তো চাই যে, শিক্ষাব্যবস্থার মধ্যে যে ভেস্টেড ইন্টারেস্টস্—কায়েমী স্বার্থ— আছে তা বিলুপ্ত হোক। আপনি জানেন স্যার, পশ্চিমবঙ্গের অবস্থা কী! ভারতবর্ষের সর্বত্রই একই অবস্থা। একদল পয়সাওয়ালা লোক বৃটিশ আমলে প্রচুর পয়সা খরচ ক'রে তাঁদের ছেলেমেয়েদের লেখাপড়া শেখাত, ভাল ভাল বড় বড় চাকরিগুলো এইসব ছেলেমেয়েরা পেত। ইংলিশ মিডিয়ামের স্কুলে প্রচুর পয়সা খরচ ক'রে এইসব ছেলেদের পড়াত। গাঁয়ের বা মিউনিসিপ্যালিটির প্রাথমিক স্কুলে একসঙ্গে ৬০।৭০ জন ছেলে পড়ে। সুযোগ-সুবিধা ওদের

তুলনায় অনেক কম। এই যে বড়লোকের ছেলেদের প্রচুর পয়সা খরচ ক'রে লেখাপড়া শেখান হয় ইংরেজী স্কুলে, তারাই বড় বড় চাকুরি পায়। পাঠশালায় যেসব ছেলেদের মাথা ভাল, সেইসব ছেলেরা আই এ এস বা আই সি এস হতে পেরেছে। ঐ সমস্ত স্কুলে পড়ার ফলে তারা ভাল ইংরেজী জানে। এইসব বড়লোকের ছেলেরা এডুকেসনের ক্ষেত্রে একটি প্রিভিলেজড্ সেকসন হয়ে আছে। আমরা যারা মধ্যবিত্ত সম্প্রদায়ের লোক, আমরাও অনেক সময় প্রলুব্ধ হই—সঙ্গতির বাইরেও সেইসব স্কুলে ছেলেমেয়েদের পড়াতে। একটা আনইভেন কম্পিটিসান বা প্রতিযোগিতা আছে, সেখানে দিলে আমার ছেলেও ভাল করতে পারবে—এইরকম একটা প্রলোভন আমাদের সামনে রয়েছে। সেইসব স্কুল সম্বন্ধে কি ব্যবস্থা করা হচ্ছে আমি মন্ত্রিমহাশয়ের কাছ থেকে সেটা জানতে চাই। এ সম্পর্কে তাঁকে একটু ভেবে দেখতে বলি আমরা যে সংশোধনী এনে বলেছিলাম যে—

> All primary schools in the State managed by the Government or non-Government associations or trustees or societies or private bodies shall be affiliated to and recognised by the Board.

এইটুকু বলেছিলাম, তাঁরা যে ট্রাস্টীরা, সোসাইটীরা যাঁরা এইসব স্কুল চালান অন্ততঃ এটা বিধান করুন যে, সরকারী একটি অনুমোদন তাদের নিতে হবে। এখনই হয়ত পারবো না গ্রামাঞ্চলের সঙ্গে শহরাঞ্চলের স্কুলের পড়াশুনার মধ্যে একটা সমতা বিধান করতে। তার জন্য বিরাট অর্থনৈতিক পরিবর্তন দরকার দেশের। একটু যদি চেষ্টা করা যায় আমরা যে সাম্য চাই, আমরা যে সমাজতান্ত্রিক ধ্যান ধারণায় উদ্বুদ্ধ, আমাদের সাধারণ দরিদ্র বস্তিবাসীর ছেলে, বড় বড় অফিসারের ছেলে, পুঁজিপতিদের ছেলে সকলকে একই ধরনের শিক্ষার সুযোগ ক'রে দিতে চাই—এই ঘোষণা আমরা ক'রে দিতে চাই, তাহা হয় নাই। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর জ্ঞাতার্থে জানাচ্ছি, আগের কোঠারী কমিশনের কাছে যখন পশ্চিমবঙ্গ সরকার মেমোরেন্ডাম সাবমিট করেন, তাতে তাঁরা বলেছিলেন, "অ্যাংলো-ইন্ডিয়ান এডুকেসন" ব'লে কথা বলেছিলেন। আমাদের ভীরোজ সাহেব রয়েছেন, আমি অ্যাংলো-ইন্ডিয়ান কমুনিটি সম্বন্ধে কিছু বলছি না -

> There is a particular type of education which is termed in our society as Anglo-Indian education. It does not mean education imparted to Anglo-Indian community, but a particular type of education known as Anglo-Indian education.

কি বলা হচ্ছে যে,

> "Anglo-Indian schools (formerly called European schools) have been running long in this State. Though still called Anglo-Indian, these institutions do not in any sense of the term restrict their activities to any particular community or section, but are open to all children irrespective of caste, creed or community. Even when originally started, their earliest recorded history indicates that they gave admission to children of all Indian communities. At present 76.4 per cent. students of these institutions belong to communities other than Anglo-Indian. Anglo-Indian education means a particular type of education imparted through English medium which has certain characteristic traditions of its own."

[4-45—4-55 p.m.]

ইত্যাদি ইত্যাদি দিয়েছিলেন। এই স্কুলগুলি রয়েছে অর্থাৎ গ্রামাঞ্চলের চাষী বা শহরাঞ্চলের শ্রমিকের ছেলে নয়, কালা সাহেবের ছেলেদের পড়াবার জন্য ওই সমস্ত স্কুলগুলো এবং তারা সেখানে পড়াশুনা ক'রে

They will jump into higher Government service.

তাদের জন্য স্কুল রয়েছে এবং তারা সেখানে প্রচুর টাকা মাইনে নেয়, দু'-একটা স্কুল বাদ দিলে মোটামুটিভাবে এটা ব্যবসায়িক প্রতিষ্ঠানের মতো চলে। আমি সাধারণ কলেজের মাস্টার হয়েও যদি সুযোগ পাই আমার সাধ্যের বাইরে পড়াবো। কারণ আমি যতই সমাজতন্ত্রের কথা বলি,

সাম্যের কথা বলি আমার ছেলে বড় হয় আমি চাই

if he jumps into administrative service

মধ্যবিত্ত শ্রেণী প্রলুব্ধ হচ্ছে, এইভাবে আহত হচ্ছে। এই সমস্ত স্কুলের কন্ট্রোল আইনের মধ্যে নেই। বড়বাজারে মাড়ওয়াড়ীদের স্কুল আছে। আপনি শুনলে অবাক হয়ে যাবেন সেখানে শিক্ষক শিক্ষিকারা কিভাবে থাকেন। সমস্ত ব্যবসায়িক স্কুল। শিক্ষকদের কম মাইনে দেন, প্রভিডেন্ড ফান্ড নেই, বেশি টাকা লিখিয়ে নিয়ে কম মাইনে দেন। যদি সরকার এই স্কুলগুলো নিয়ে নেন, তা হ'লে তারা এই ব্যবসা ছেড়ে দিয়ে অন্য ব্যবসায়ে নামবে। আপনি যে কাউন্সিল করছেন তাতে কি বলতে পারেন বাংলাদেশের যে প্রাণকেন্দ্র তার প্রাথমিক শিক্ষা ব্যবস্থার উপর কোন কন্ট্রোল স্থাপিত হবে। পুরোপুরি ৭৫ ভাগ ছেলে মেয়ে আপনার প্রস্তাবিত বিলের আওতার বাইরে থাকবে। আমরা প্রি-প্রাইমারী এডুকেসনের কথা বলেছিলাম। শহরাঞ্চলের বড়লোকরা নার্সারী, কে জি এবং কিছু মধ্যবিত্ত শ্রেণীর লোকও প্রি-প্রাইমারী এডুকেসন দিতে পারেন। আমরা ৬ থেকে ১১ বছরের জন্য প্রাথমিক শিক্ষার কথা বলছি। কিন্তু তার আগের যে সকল জিনিস তার ব্যবস্থা করছি না। অথচ প্রাথমিক শিক্ষা আইনে সমগ্র ব্যবস্থা করতে গেলে প্রাক-প্রাথমিক শিক্ষা সম্পর্কে একটা ব্যবস্থা আইনে করতে হবে। এটা আমি শুধু বলছি না। পশ্চিমবঙ্গ সরকারও স্বীকার করেছেন কোঠারী কমিশনের কাছে দেওয়া তাঁদের স্মারকলিপিতে। আরও তাঁরা বলছেন—

"the importance of pre-primary education is recognised by the State Government."

অবশ্য

paucity of funds

এর জন্য কিছু বলতে পারেন নি। তাঁরা বলেছেন—

"out of 200 such institutions existing in the State now only two are managed by Government."

এই হচ্ছে অবস্থা। অবশ্য শহরাঞ্চলে আমার মতো বাবারা একটু লেখাপড়া শিখিয়ে পাঠাতে পারি। কিন্তু গ্রামে কি অবস্থা হবে? যে বাবা তার ছেলেকে খেতে দিতে পারে না, যে অভিভাবকের শিক্ষা নেই সে কি করবে? এই ব্যবস্থা করতে হবে। তা না হ'লে প্রাথমিক শিক্ষা আইনের বাধ্যতামূলক ব্যবস্থা ব্যর্থ হবে। সেইজন্য শিক্ষামন্ত্রীকে চিন্তা করতে অনুরোধ করছি। একটা কথা কালকে হরশঙ্করবাবু বলেছিলেন যে, শুধু আইন করলেই হবে না, অর্থনৈতিক অবস্থা যা অভিভাবকদের তাতে তারা পাঠাতে পারবেন না এবং গেলেও ড্রপ-আউট করবে। হয়তো ক্লাস ওয়ান-এ কিছু দিন ক'রে চলে এলো বা ক্লাস টু-তে উঠে চলে এলো। পুরোপুরি এইভাবে করে ব'লে প্রাথমিক শিক্ষা পায় না। আমাদের পশ্চিমবঙ্গ সরকার তাঁদের মেমোরেন্ডামে বলেছিলেন যে, অন্য ব্যবস্থা করতে হবে। যে সমস্ত শিশুরা গ্রামে রাখালের কাজ করে বা চায়ের দোকানে কাজ করে তাদের জন্য অন্য অ্যারেঞ্জমেন্ট করতে হবে। আমি শুধু পড়ে দিই—

> "As regards boys that have now to be brought in, this will again not be an easy task, since those remain out of school at present or who fail to continue after joining school once, come mostly from the backward classes. Economic reasons hold them back from schools, as instead of attending schools, they are to earn by working in other people's houses for adding to the income of the family. Attempts are being made to solve the difficulty by providing free mid-day meals.

সেই ছেলেদের আনা একটা কঠিন ব্যাপার হয়ে দাঁড়াবে। তিনি কি বলেছিলেন—

> "But there are families where even this may not be sufficient. There is no doubt that this last few steps will be very uphill work."

তারপর বললেন—

> "Arrangements for schooling in shifts in other than regular day time, to allow children who cannot attend school during normal hours to come in."

সন্ধ্যাবেলায় স্কুল করতে হবে। কাজের সময় ছাড়া তাদের স্কুলে আনতে হবে। এবং তার জন্য যে বিপ্লবের প্রয়োজন, যে সাংগঠনিক কাজের প্রয়োজন সেটা করতে হবে। এই ব্যাপারে সমাজকে উদ্বুদ্ধ করতে হবে। শুধুমাত্র এই শাসন কাঠামোর মাধ্যমে তা করা সম্ভব নয়। তাই আমি মন্ত্রিমহাশয়কে এই ব্যাপারে একটু ভাল ক'রে ভাবতে বলছি। শেষে আমি এই কথাই বলি যে, শরৎচন্দ্রের বইতে জ্যাঠাইমা যেমন রমেশকে বলেছিলেন যে, আলো জেবলে দে, সেইভাবে আমি বলি যে, যদি ক্ষমতা থাকে, তা হ'লে এই পশ্চিমবাংলায় আলো জেবলে দিন।

শ্রীশরদিন্দু সামন্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় প্রাথমিক শিক্ষা সংস্কারের জন্য আজকে অর্ধশতাব্দী পরে যে আইন পাশ হতে চলেছে তার জন্য আমি এই বিধানসভায় দাঁড়িয়ে সর্বোপরি পশ্চিমবাংলার মন্ত্রিসভাকে এবং শিক্ষামন্ত্রী মহাশয়কে এবং সিলেক্ট কমিটিতে যেসব মেম্বাররা ছিলেন তাঁদের সবাইকে আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। অর্ধ শতাব্দী এই জন্য বলছি অনেক বন্ধুও বলেছেন যে, ১৯৩০ সালে একটা আইন ছিল এবং তার পর থেকে আর একটা আইন হোল ১৯৬৩ সালে টেম্পোরারী প্রভিসন—তার পর আর একটা আইন হ'ল আর্বান প্রাইমারী এডুকেসন অ্যাক্ট। এই মাঝখানে তিনটি আইন ছিল এই তিনটি আইনের প্রভিসন খুঁটিয়ে আমাদের এই আইনের ১০৫ ধারায় বলা হয়েছে। আজকে সমস্ত আইন রিপেলসড হয়ে একটি মাত্র আইন হচ্ছে যে আইন আজকে এই বিধানসভায় রাখা হয়েছে। এই বিলে অনেকেই তাঁদের বক্তব্য রেখেছেন। আজকে হাউসে যখন গন্ডগোল হচ্ছিল, তিমিরবাবু যিনি এখন এখানে নেই তিনি যখন বক্তৃতা দিচ্ছিলেন তখন তাঁর বক্তৃতা আমি শুনলাম। তিনি বিলের উপর আলোচনা না ক'রে মুখ্যমন্ত্রী কতবার দল বদল করেছিলেন, এইসব নানা কথা ব'লে গেলেন। আমি বিশ্বনাথবাবুর বক্তৃতাও শুনলাম। তিনি যে কথা ব'লে গেলেন সেটা ঠিক আমিও তাঁর সঙ্গে এক মত এবং অধিকাংশ সদস্যই একমত হবেন যে, শহরাঞ্চলে বিশেষ ক'রে কলকাতা শহরে এক একটি কে জি স্কুল আছে সেখানে কেউ ১৭ টাকা কেউ ২০ টাকা ক'রে মাইনে দেন। সেখানে যেভাবে শিক্ষা পদ্ধতি চালু আছে তা আমাদের জানা আছে, রামায়ণ মহাভারত সব ইংরাজীতে শিক্ষা দেওয়া হয়। এবং সেখানে কে জি ১, কে জি ২, কে জি ৩—এইভাবে একটা স্ট্যান্ডার্ড করা হয়েছে। এই স্কুলগুলিকে যদি এই আইনের আওতায় আনা হয় এবং একই পদ্ধতিতে শিক্ষা দেওয়া হয়, তা হ'লে দেখা যাবে যে, এটা খুব ফলপ্রসূ হ'ত ব'লে আমার ধারণা। আর একটা কথা তিমিরবাবু বলেছেন যে, এই যে আইন হাউসের সামনে রাখা হয়েছে এতে শিক্ষকদের প্রতিনিধি দেওয়া হয় নি। চ্যাপটার ৬-এর পার্ট ৩-তে ক্লজ জি-তে শিক্ষকদের সম্বন্ধে বলা হয়েছে—

One teacher of a Junior Basic Training Institution in the district, elected in the prescribed manner.

তিমিরবাবু মনে হয় বক্তৃতার খাতিরে বক্তৃতা ক'রে বললেন সর্বশ্রেণীর কথাও আছে,

(h) three teachers of whom one shall be a woman, elected in the prescribed manner.

শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইবস্ মহিলা ইত্যাদি যারা আছেন তারা প্রত্যেকেই ডিস্ট্রিক্ট এডুকেসন কাউন্সিল আছে তাতে সকলেই সুযোগ সেখানে করতে পারবেন। আমি জানি ১৯৩০ সালে যে আইন ছিল সেই আইনে প্রাইমারী টিচারদের রক্ষাকবচ ব'লে কিছু ছিল না।

[4-55—5-05 p.m.]

আজকে আমাদের পশ্চিমবাংলা বিধানসভা যে আইন পাশ করছে সেখানে দেখছি অ্যাপিলের প্রভিসন আছে। শুধু অ্যাপিলের প্রভিসন নয়, ট্রাইব্যুনালের প্রভিসনও আছে। অ্যাপিল কমিটি আছে। কোন শিক্ষক, শুধু শিক্ষক নয়, শিক্ষক ছাড়া অন্য কোন লোক প্রাথমিক স্কুলে যিনি চাকুরি করেন, এমন কোন লোকের চাকুরিতে যদি গন্ডগোল হয়, তা হ'লে সেখানে তার রক্ষাকবচ হিসাবে অ্যাপিল কমিটি আছে। অ্যাপিল কমিটি ছাড়াও ট্রাইব্যুনাল আছে। সার্বার্ডিনেট জাজ বা জুডিসিয়্যারি ট্রাইব্যুনালের প্রভিসন আছে, এই জিনিসগুলি আছে। আমার মনে হয় পশ্চিমবাংলার লক্ষ লক্ষ যে প্রাথমিক শিক্ষক আছেন এবং গ্রামাঞ্চলের মানুষ এই আইনকে অভিনন্দন না জানিয়ে থাকতে পারবেন না, এটুকু আমরা বিশ্বাস করি। তিমিরবাবু বার বার উদ্বেগ প্রকাশ করেছেন যে, কবে থেকে এই আইন চালু হবে। কবে থেকে চালু হবে

সেটা আইনে লেখা আছে এবং রুলস্ পাবলিস হবে যবে থেকে সেটা পরিষ্কার ক'রে বলা আছে এবং সেদিন থেকে চলবে। [ভয়েস (শ্রীশীশ মহম্মদ): কত নম্বর ক্লজে আছে সেটা বলুন।] আপনি যখন ক্লজের কথা উল্লেখ করলেন তখন আমি ব'লে দিচ্ছি। প্রিলিমিনারী চ্যাপটার ১-এ আছে—

it shall come into force in such areas and such dates as the State Government may by notification appoint and different dates may be appointed for different areas or for different provisions of this Act.

সবে আইন নিয়ে আলোচনা চলছে এবং বিলটি আইনে পরিণত হওয়ার জন্যই এখানে এসেছে। আমি সেই জন্য মাননীয় সদস্যকে বলছি যে, এখানে একটি রুলে প্রভিসন আছে, শুধু আইন পাশ হ'লেই সাধিত হবে না। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে বিল এনেছেন আমি সেই বিলকে সমর্থন করি। সমর্থন করি এই জন্য যে ভারতবর্ষের সংবিধানে ভারতবর্ষের মানুষের আবশ্যিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার কথা বলা হয়েছে ফ্রি প্রাইমারী শিক্ষা হবে এবং সেই শিক্ষাকে কার্যকর ক'রে প্রবর্তন করা সম্ভব হবে এই বিলের দ্বারা। আমরা দেখেছি অবৈতনিক এবং আবশ্যিক শিক্ষা প্রবর্তনের ক্ষেত্রে যে বাধা ছিল, বিভিন্ন রকমের যেসব বাধা আসত, সেই সমস্ত বাধাগুলিকে দূর করবার কথা এই বিলের মধ্যে বলা হয়েছে। সর্বশ্রেণীর মানুষের কাছ থেকে যে বাধা আসত সেই বাধা দূর করবার ব্যবস্থা এতে রয়েছে। সর্বোপরি কথা হ'ল আজকে যে আবশ্যিক এবং অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তন করতে গেলে যে প্রচুর পরিমাণ অর্থের প্রয়োজন, সেই অর্থ যোগানোর জন্য সেসের কথা বলা হয়েছে। আজকে আর এস পি-র বন্ধুরা আবশ্যিক এবং অবৈতনিক প্রাথমিক শিক্ষার কথা বলেন। কিন্তু আবশ্যিক অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তন করতে গেলে যে অর্থের প্রয়োজন সেই অর্থের জন্য যখন বিল আসে তখন কিন্তু ওরা প্রগতিশীল সেজে বাধা দান করেন, অথচ আবশ্যিক এবং অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তন করতে হবে এই কথা বলেন। এটা রূপদান করতে গেলে যে অর্থের প্রয়োজন হয় সেজন্য যে বিল আসে তখন কিন্তু বাধা সৃষ্টি করেন। আমরা বুঝি না যে, এদের কি চরিত্র, এরা কি বলতে চান, এরা কি করতে চান। আমি আশা করবো যে, আর এস পি-র বন্ধুরা এই রকম দুমুখো নীতি না নিয়ে যদি মনে-প্রাণে পশ্চিমবাংলার উন্নতি চান, তা হ'লে নিশ্চয় এই বিলকে সমর্থন করবেন এবং এই বিলকে কার্যকর করতে গেলে যে আর্থিক দিকটা আছে, সে সম্পর্কে যে বিল আসবে সেই বিলকেও সমর্থন করবেন এটা আশা করি। কাজেই এই বিল একটি দৃঢ় পদক্ষেপ এবং আমরা শিক্ষার সঙ্গে যারা জড়িত আছি তারা অনুভব করেছিলাম, এই রকম একটা বিল আনবার কথা বার বার শিক্ষামন্ত্রীকে বলেছিলাম। ভারতের সংবিধানে যেসব ভাল ভাল কথা আছে—শুধু কথা থাকলেই চলবে না, দিন পালটেছে, সময় পালটেছে, মানুষের রুচিবোধ পালটাচ্ছে এবং মানুষের রুচিবোধের পরিপ্রেক্ষিতে যদি আমরা সেই ধরনের আইন তৈরি করতে না পারি, তা হ'লে কখনই সমাজের পরিবর্তনের সঙ্গে খাপ খাইয়ে চলতে পারব না এবং সময়োপযোগী শিক্ষাব্যবস্থা করতে পারব না। আমি মনে করি এই বিল দ্বারা সময়োপযোগী শিক্ষাব্যবস্থা চালু করা সম্ভব হবে। এই জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে সাধুবাদ জানাই, ধন্যবাদ জানাই এই বিলটি আনবার জন্য।

তবে এই সঙ্গে সঙ্গে দু'-একটি ত্রুটির কথাও আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টিতে আনতে চাই। একটা জিনিস আমরা দেখছি, পশ্চিমবাংলায় প্রাথমিক শিক্ষক যাঁরা আছেন তাঁদের সবাই-এর কিন্তু এক স্ট্যাটাস নয়, সবাই কিন্তু এক মাহিনা পান না। এটা হয়ত অনেকেই জানেন না যে, পশ্চিমবাংলার সমস্ত প্রাথমিক শিক্ষক একই মাহিনা পান না, এখানে বিভিন্ন ক্যাটাগরি আছে। মিউনিসিপ্যালিটিতে যে সব শিক্ষক কাজ করেন তাঁদের অনেকেই অনেক কম মাহিনা পান। তাঁরা মিউনিসিপ্যাল কন্ট্রিবিউসান পান না, আরো অনেক ধরনের যা পাবার কথা পান না। গ্রামাঞ্চলের শিক্ষকরা যা মাহিনা পান তার সঙ্গে শহরাঞ্চলের শিক্ষকদের মাহিনার মিল নেই। কোলকাতার সঙ্গে গ্রামাঞ্চলের শিক্ষকদের মাহিনার মিল নেই। এই যে শিক্ষকে শিক্ষকে বিভেদ এটা দূর করার কথা কিন্তু এই বিলের মধ্যে কিছু নেই। বিশ্বনাথবাবু একটা কথা বলেছেন যে, কোলকাতার সমস্ত প্রাথমিক স্কুলকে এই বিলের মধ্যে আনা হয় নি। আমি

তার সঙ্গে আরো বলতে চাই যে, মিউনিসিপ্যালিটির অধীনে যত প্রাইমারী স্কুল অ... সমস্ত প্রাইমারী স্কুল এবং গ্রামাঞ্চলে যত প্রাইমারী স্কুল আছে সমস্ত প্রাইমারী স্কুল ... এর আওতায় আসছে না, এটা একটা ত্রুটি ব'লেই আমি মনে করি। আমি তাই শিক্ষামন্ত্রী ...শয়কে বলব, যদি ইউনিভার্সাল ফ্রি প্রাইমারী এডুকেসনের প্রবর্তন করতে চান, তা হ'লে আপ... এমন ব্যবস্থা করুন যাতে পশ্চিমবাংলার সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে একই ধরনের শিক্ষা দেওয়া যায় এবং শিক্ষকরা একই রকম মাহিনা পান। এরকম একটা ব্যবস্থা করুন যাতে বিলের এই ত্রুটি দূর করা যায়। তারপর আর একটা ত্রুটির কথা বলছি। আজকে ডিস্ট্রিক্ট প্রাইম... স্কুল কাউন্সিল করা হচ্ছে আবার মিউনিসিপ্যাল প্রাইমারী স্কুল কাউন্সিল করা হচ্ছে। এটা আমার কাছে ভাল লাগছে না। আমার মনে হয় ডিস্ট্রিক্ট স্কুল কাউন্সিল যেটা করা হচ্ছে তার অধীনে যদি মিউনিসিপ্যালিটি এলাকার স্কুলগুলি আনা হত, তা হ'লে ইউনিফরমিটি মে... করা সম্ভব হত। এখানে একটা ত্রুটি থেকে গিয়েছে এইজন্য যে, মিউনিসিপ্যালিটির ...ধীনের স্কুলগুলি মিউনিসিপ্যালিটি ম্যানেজ করছেন, ডি আই ম্যানেজ করছেন আবার গ্রা...লের স্কুলগুলি ডিস্ট্রিক্ট স্কুলবোর্ড ম্যানেজ করছেন। ম্যানেজমেন্টের পার্থক্য থাকার ফ... স্কুলে স্কুলে পার্থক্য রয়ে গিয়েছে, শিক্ষকে শিক্ষকে পার্থক্য রয়ে গিয়েছে। তাই যদি একটা ...স্ট্রিক্ট কাউন্সিল করা হত, তা হ'লে আমার মনে হয় এই ডিসপ্যারিটি দূর করা সম্ভব হত। আজকে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টরের সঙ্গে সম্পর্ক কি হবে ডিস্ট্রিক্ট কাউন্সিলের একথা এখানে বলা হয় নি। তবুও বলছি, এই বিলটা ভাল, সেইজন্য সমর্থন করছি। আজকে সমাজের যে বৃহত্তর ...কসান সেই জাগ্রত জনতার অংশগ্রহণ এতে দরকার। আমরা দেখেছি সমাজের সমস্ত শ্রেণীর ...ষের প্রতিনিধিত্বের ব্যবস্থা এতে আছে। সব শেষে বলি, প্রাথমিক শিক্ষা প্রবর্তনের ক্ষেত্রে বৃহত্তর জনসমাজ, শিক্ষকমণ্ডলী এবং প্রগতিশীল মানুষরা যদি দায়িত্ব নেন, তা হ'লেই এই আইন সার্থক হবে, তা না হলে নয়।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় কর্তৃক উপস্থাপিত দি ওয়েস্ট বেঙ্গল প্রাইমারী এডুকেশন বিল, ১৯৭৩, এই বিল আমি সমর্থন করছি। সমর্থন করছি এই জন্য যে, আজকে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে একটা পরিবর্তন এই বিলের মধ্যে দিয়ে সূচিত হয়েছে। স্যার, এখানে আমার অনেক বন্ধু বলেছেন যে, ১৯৩০ সালের আর্বান প্রাইমারী অ্যাক্ট, রুরাল প্রাইমারী অ্যাক্ট ১৯৬৩ সালে হয়েছিল ইত্যাদি এগুলিকে একসঙ্গে জড় ক'রে এখানে একটা বিল এসেছে। আমি আপনার মাধ্যমে একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে আইনটা ১৯৩০ সালের ছিল না, আইনটা ১৮৬০ সালের ছিল এবং ঐ আইন, ১৯৩০ সালের যে আইন সেই আইনের জন্ম ভারতবর্ষের মাটিতে বাংলা দেশের মাটিতে হয় নি।

[5-05—5-15 p.m.]

এই প্রসঙ্গে আমি আর একটা কথা নিবেদন করছি যে, মাননীয় সদস্য বিশ্বনাথ চক্রবর্তী মহাশয় যেখানে প্রি-প্রাইমারী এডুকেশন-এর কথা বলেছেন সেখানে সেই কথার উপর একটু গুরুত্ব আমি দিতে চাই। আপনি ও শিক্ষামন্ত্রী জানেন আমাদের দেশে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা যা ছিল তাতে যেকোন কমিটির রিপোর্ট-এর পর, জ্ঞান কমিশনের রিপোর্ট-এর পর যে শিক্ষা ব্যবস্থা এল বিশেষ ক'রে ১৮৫০ সালের পর যে শিক্ষা ব্যবস্থা এল সেই শিক্ষা ব্যবস্থার আগে ১৮২৩ থেকে ১৮৭০ সাল পর্যন্ত আমাদের দেশে কি ধরনের শিক্ষা ব্যবস্থা প্রচলিত আছে সে নিয়ে তদানীন্তন ইস্ট ইন্ডিয়া কোম্পানীর ... সি অ ই একটা পরিসংখ্যান দিয়েছিল। সেসময় মহামতি রামমোহনের বন্ধু আদম সাহেব একটা রিপোর্ট দিয়েছিলেন এবং সেই রিপোর্ট-এ আমাদের দেশে তদানীন্তন যে শিক্ষাব্যবস্থা, তার ভূয়সী প্রশংসা করা হয়েছিল। সেই অ্যাডহক রিপোর্ট যদি দেখি তা হ'লে দেখব ১৯৩০ সালের রুরাল প্রাইমারী এডুকেসন অ্যাক্ট অব বেঙ্গল কিংবা ১৯১৯ সাল থেকে ১৯... সাল পর্যন্ত সারা ভারতবর্ষে যে প্রাইমারী এডুকেসন এল সেখানে ৬ থেকে ১১ বছর প্রাইমারী এডুকেসন-এর ঐ বয়স বেঁধে দেওয়া হল। ১ থেকে ৫ বছর যে যে বয়স সেই বয়স ...ট করা হ'ল না। শিক্ষা মন্ত্রী জানেন এডুকেসনাল সাইকোলজি বলতে বলে এজ গ্রুপ ১ থেকে ৫

বছর পর্যন্ত এই এজ গ্রুপ-এর শিশুদের ইনটেলিজেন্স ফ্লোরিশ করে আমরা সেই কালটা এতদিন পর্যন্ত অবহেলা ক'রে এসেছি বিশেষ ক'রে ১৮৫০ সাল থেকে অবহেলা ক'রে আসছি। কাজেই আজকে অনুরোধ করব যখন দৃষ্টিভঙ্গির পরিবর্তন হচ্ছে তখন আমরা আমাদের দেশে শিক্ষাব্যবস্থার যে ইতিহাস সেই ইতিহাসের শিক্ষা যেন না ভুলি এবং সেখানে প্রি-প্রাইমারী এডুকেসন-এর কথা যেন ভাবি। তা যদি হয় তা হ'লে আমাদের সার্বজনীন শিক্ষাব্যবস্থার কথা বললে সেটা যথার্থ হবে না। এই বিল আইনে পরিণত হবে। কিন্তু আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এই বিল আইনে পরিণত হবার পর আজকে টোটাল বিহেভিয়ার প্যাটার্ন, টোটাল অ্যাপ্রোচ শিক্ষার প্রতি সেটা কি হবে। প্রাইমারী এডুকেসন হচ্ছে ভাইটাল পার্ট অব এডুকেসানাল সিসটেম সেই ভাইটাল পার্ট কি অবস্থার মধ্যে যাবে। শিক্ষকদের কেমন আচরণ হবে, কারিকুলাম কি হবে শিক্ষা দপ্তরকে সেসব রুলস করতে হবে। তবে যে আইন হোক না কেন তা যেন রাইটার্স বিল্ডিংস-এ মাথা খুঁড়ে না মরে এই অনুরোধ আমি তাঁকে করব। আমরা প্রগতিশীল আইন নিয়ে অনেক আলোচনা করি। কিন্তু আজ এই বিলের সঙ্গে যার সম্পর্ক সেই এডুক্যান্টস অ্যান্ড এডুকেটরস যাঁরা তাঁদের প্রতি কি বিহেভিয়ার প্যাটার্ন হবে সেটা জানার কথা। আজ কতখানি প্রগতিশীল হচ্ছে গণতান্ত্রিক হচ্ছে সেকথা বলছি না। আমি জানি যে, আমাদের শিক্ষামন্ত্রীর প্রাকটিক্যাল অ্যাপ্রোচ আছে। কাজেই এই আইন নিয়ে যখন কাজ করতে যাবেন তখন সেখানে সেই প্র্যাকটিক্যাল অ্যাপ্রোচ থাকে। এই অনুরোধ ক'রে আমি শেষ করছি।

শ্রীশম্ভুনারায়ণ গোস্বামীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের বহু প্রতীক্ষিত এই যে প্রাথমিক বিলটা আমাদের কাছে এল এটা ১৯৩০ সালের কালা আইন, তাকে বাদ দিয়ে যে, নতুন ভাবে আমাদের কাছে এল তার জন্য আমি প্রথমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অভিনন্দন জানাচ্ছি এবং এই বিলকে স্বাগত জানাচ্ছি, সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষকদের আন্দোলনের সঙ্গে দীর্ঘদিন জড়িত আছি এবং এই বিলটিকে আমি ভাল ক'রে পড়েছি। এই বিলটাকে সমর্থন করতে গিয়ে দু'-একটি কথা আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে না ব'লে পারছি না। স্টেট লেভেলে যে বোর্ড হয়েছে সেই বোর্ডে শিক্ষক প্রতিনিধি কম করা হয়েছে। যেখানে গভর্নমেন্ট নমিনি ১২ জন সেখানে শিক্ষক প্রতিনিধি ৬ জন করা হয়েছে। আমি বলব, ঐ ১২ জনকে শিক্ষক প্রতিনিধি ক'রে ৬ জন গভর্নমেন্ট নমিনি করলে ভাল হবে। তাতে শিক্ষার সঙ্গে যারা যুক্ত তাদের প্রাধান্য দেওয়া যাবে। ডিস্ট্রিক্ট কাউন্সিলেও অনুরূপ ভাবে করা হয়েছে। আর একটা জিনিস আপনার মাধ্যমে স্যার, মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে রাখতে চাই, এই বিলটাতে যে স্টেট লেভেল কমিটি, ডিস্ট্রিক্ট লেভেল কাউন্সিল রয়েছে সেটা ভাল ক'রে পড়ে দেখলুম। সেখানে আবার কতকগুলো কমিটি অব দি বোর্ড করা হয়েছে। এখানে যেন মনে হচ্ছে আমরা যে যতই প্রগতির কথা বলি না কেন এই বিলটাতে যেন আমলাতন্ত্রের বেশী প্রভাব রয়েছে, ঘুরিয়ে প্রভাব রাখা হয়েছে ব'লে মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করি স্টেট লেভেল-এ এবং জেলা লেভেলে একটা ক'রে ফাইনান্স কমিটি ছাড়াও অন্য কোন কমিটি রেখে সেখানে অধিকাংশ সরকারী কর্মচারীকে বেশী ক'রে রাখা হয়েছে।, এটা না করলে চলত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা বলা হয়েছে যে, এই বিলে শিক্ষকদের জন্য আর্থিক চিন্তা কম করা হয়েছে। এই প্রসঙ্গে আমার এই বন্ধুর কথা মনে পড়ছে। তিনি অবশ্য আজকে বেঁচে নেই। তিনি খুব কবিগুরুর ভক্ত ছিলেন। তিনি একটা কবিতার বই লিখে কবিগুরুর কাছে দিয়েছিলেন এবং কবিগুরু সেই বইটা দেখে তাকে ডেকে পাঠালেন এবং বললেন, বইটা কি আমাকে দিয়েছ? কবিগুরু বললেন, তোমার প্রথম কবিতাটা তোমার মায়ের নামে, তোমার দ্বিতীয় কবিতাটা তোমার বাবার নামে, তৃতীয় কবিতাটা ভাইবোনদের নামে।—এইভাবে মামা, কাকা সকলের নামেই কবিতা রয়েছে। তা হ'লে কি তুমি আমাকে মলাটটা দিতে চেয়েছ?— তাই মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার মনে হচ্ছে স্টেট লেভেল কমিটিতে যে জেলা কাউন্সিল গঠিত হয়েছে এইগুলো শেষ করলে মলাটগুলোও পাবে না। ঐ যে বিভিন্ন কমিটি করা হয়েছে কমিটির অব দি বোর্ড কমিটি অব দি কাউন্সিল তাতে যেন কমিটির ক্ষমতাকে ঘুরিয়ে খর্ব করা হয়েছে ব'লে মনে হচ্ছে। শিক্ষার ক্ষেত্রে শিক্ষকদের আর্থিক বিষয় খুব বেশী

বলা হয় নি। সবচেয়ে বড় কথা গ্রামের মানুষ আমরা, আমরা দেখেছি যে বিলে যে অর্থের সংস্থান করা হয়েছে তাতে গ্রামের অধিকাংশ স্কুল জর্জরিত। সেইসব স্কুলের কোন বাড়ি-ঘর-দোর নেই। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইসব স্কুলের বাড়ি ইত্যাদির গ্রান্টের জন্য যে আর্থিক সাহায্য প্রয়োজন, আর্থিক সংস্থান প্রয়োজন তা হয়ত সম্ভব নয়, তবুও আমি এই কথা বলব যে, এতদিন প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে একটা যে দুর্দশা চলছিল সেটা অন্ততঃ এই বিলের মাধ্যমে কিছুটা দূর হবে। কাজেই সেই পরিপ্রেক্ষিতে এই বিল নিশ্চয়ই সমর্থনযোগ্য। আগামী দিনে আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় আমার বক্তব্যগুলি চিন্তা ক'রে সে দিকে দৃষ্টি দেবেন। এই ব'লে আজকে যে বিল এসেছে তাকে সমর্থন জানিয়ে আমি শেষ করলাম।

[5-15—5-25 p.m.]

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী ওয়েস্ট বেঙ্গল প্রাইমারী এডুকেসন বিল (১৯৭৩), সিলেক্ট কমিটি হয়ে যাওয়ার পর তার রিপোর্ট সহ হাউসের সামনে এনেছেন। সাধারণ ভাবে এই বিলটাকে সমর্থন করবার জন্য আমি দাঁড়িয়েছি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি জানেন এই বিলটাকে এই হাউস অত্যন্ত বিচক্ষণতার সঙ্গে অত্যন্ত গুরুত্বপূর্ণ ব'লে সিলেক্ট কমিটিতে রেফার করেছিল এবং সেই সিলেক্ট কমিটির সদস্য হিসাবে আমার বিলের আলোচনায় অংশগ্রহণ করবার সুযোগ ঘটেছিল। সেই সিলেক্ট কমিটির রিপোর্ট সহ এই বিলকে সমর্থন করতে গিয়ে দু-চারটি ত্রুটি বিচ্যুতির কথা আমার মনে হচ্ছে এবং সেইগুলি আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর গোচরীভূত করতে চাই। আপনি জানেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা সিলেক্ট কমিটিতে যখন বসেছিলাম, তখন আমাদের হাতে খুব কম সময় ছিল, মাত্র ২/৩ দিন সময় পেয়েছিলাম, তা সত্বেও মাননীয় শিক্ষামন্ত্রী যে ওপেন মাইন্ড নিয়ে, যে লিবারেল আউটলুক নিয়ে আমাদের সঙ্গে আলোচনা করেছিলেন এবং তাঁর সঙ্গে সঙ্গে শিক্ষা বিভাগের কর্মচারীরা এবং আপনার সেক্রেটারিয়েটের কর্মিবৃন্দ যেভাবে কাজ করেছেন তার জন্য সত্যিই তাঁরা প্রশংসার দাবি করতে পারেন, এই কথা না বললে অত্যন্ত অন্যায় করা হবে, তাই আমি এই কথা বলছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রাথমিক শিক্ষা সম্বন্ধে বলতে গেলে প্রথমেই বলতে হয় ১৮৩৫ সালে রেভারেন্ট অ্যাডাম রিপোর্টের কথা। বাংলাদেশে যে প্রাথমিক শিক্ষা সম্বন্ধে আইন তৈরি হচ্চে তার মূলসূত্র খুঁজতে গেলে সেই ১৮৩৫ সালের সেই রেভারেন্ট অ্যাডামের রিপোর্টের কথা বলতে হয়, যেটা এই বিলের ফার্স্ট রিপোর্ট, সেই রিপোর্টের কথা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন। তিনি বলেছিলেন যে বাংলাদেশে সেই সময় প্রতি ৪০০ জনের জন্য একটা ক'রে প্রাথমিক বিদ্যালয় ছিল। ১৮৩৫ সাল থেকে আজ পর্যন্ত ১৮৭৩ সালের মধ্যে প্রায় ১৫০ বছরের ব্যবধান। এই ১৫০ বছর ব্যবধানের মধ্যে ১৮৫৪ সালে উড্-এর ডেসপাচ এসেছিল, ১৮৫৯ সালে স্ট্যানলী ডেসপাচ এসেছিল, ১৮৮৩ সালে হান্টার কমিশন রিপোর্ট এসেছিল। তারপর এই ১৫০ বছর পরে ১৯৭৩ সালে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী ১৯৩০ সালের বেঙ্গল রুরাল প্রাইমারী এডুকেসন অ্যাক্ট এবং ১৯৬৩ সালের আর্বান প্রাইমারী এডুকেসন অ্যাক্টকে এক ক'রে একটা বিল আনতে যাচ্ছেন।

আপনি আশ্চর্য হয়ে যাবেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ১৫০ বছর পরেও বিশেষ ক'রে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে এখনও পর্যন্ত প্রাথমিক বিদ্যালয়ে শতকরা ৫৫ ভাগ মেয়েছেলে যেতে পারে না বা যায় না। গ্রামাঞ্চলে আজকে শতকরা ৩০ জন বেটাছেলে প্রাথমিক শিক্ষার সুযোগ গ্রহণ করে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমাদের পশ্চিমবাংলায় আদিবাসী এবং তফসিলীর সংখ্যা প্রায় শতকরা ৬ ভাগ। সেই শতকরা ৬ ভাগের মধ্যে প্রায় অর্ধেক অর্থাৎ শতকরা ৩ ভাগ প্রাথমিক শিক্ষার সুযোগ পায় না বাংলাদেশের গ্রামাঞ্চলে। শহরের অবস্থা কি? কলকাতার মত জায়গায় শতকরা ৪০ জন ছেলেমেয়ের প্রাথমিক শিক্ষার সুযোগ নেই। যদিও ১৮৩৫ সাল থেকে আরম্ভ ক'রে ১৫০ শত বছর আমরা অতিক্রম ক'রে এসেছি কিন্তু এর জন্য সিদ্ধার্থশঙ্কর রায়ের সরকার বা শিক্ষামন্ত্রী মৃত্যুঞ্জয়বাবু দায়ী নন। এটা লজ্জার কথা। দুঃখের কথা যে ২৫ বছর ভারতবর্ষ স্বাধীন হওয়া সত্বেও আজকে ১৯৭৩ সালে দাঁড়িয়ে, আজকে প্রাথমিক শিক্ষার যে অগ্রগতি হবার কথা ছিল, যে উদ্দেশ্য সাধিত

হবার কথা ছিল সেটা আমরা করতে পারি নি। শুধু সিদ্ধার্থশঙ্কর রায়ের লজ্জা পাবার কথা নয়, পশ্চিমবংগবাসী হিসাবে, ভারতবাসী হিসাবে এটা আমাদের লজ্জার কথা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন শিক্ষামন্ত্রী তাঁর স্টেটমেন্ট-এ বলেছেন ১৯৩০ সালের যে বঙ্গীয় প্রাথমিক শিক্ষা আইন, ১৯৬৩ সালের যে আর্বান প্রাইমারী এডুকেশান অ্যাক্ট তার দ্বারা উদ্দেশ্য সাধন করা যায় নি এবং তার জন্য নূতন বিল আনতে হয়েছে, তার সংগে আমি একমত। কিন্তু যে সমস্ত কারণে উদ্দেশ্য সাধন করা যায় নি এই বিলের মধ্যে সেই ত্রুটিগুলি দূর করার জন্য সামান্য মাত্র চেষ্টা হয়েছে। মেনলি হান্টার কমিশন রিপোর্ট অনুযায়ী এবং উড ডেসপাচ, ১৮৮৪ অনুযায়ী সেই ডুয়েল কন্ট্রোল ইন প্রাইমারী এডুকেসন রাখা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজকে যে আইন তৈরি করা হয়েছে সেই আইনের মধ্যে নূতন ক'রে প্রাদেশিক স্তরে একটা বোর্ড তৈরি করার কথা বলা হয়েছে। আমরা অতীতের অভিজ্ঞতা থেকে জানি দেশ স্বাধীন হবার পর বোর্ড অব সেকেন্ডারী এডুকেসন তৈরি করা হয়েছিল। তৎকালীন সরকার পশ্চিমবাংলায় কি বলেছিলেন? বলেছিলেন যে, এই মাধ্যমিক শিক্ষাকে বিকেন্দ্রীকরণ করার জন্য সরকারের হাতে যাতে পুরো কর্তৃত্ব না থাকে স্থানীয় বিশেষজ্ঞদের হাতে, স্থানীয় নির্বাচিত প্রতিনিধিদের হাতে শিক্ষাব্যবস্থা তুলে দেবার জন্য প্রাদেশিক স্তরে বোর্ড অব সেকেন্ডারী এডুকেসন গঠন করা হয়েছিল এবং তাদের হাতে প্রথম প্রথম সমস্ত টাকাকড়ির দায়িত্ব দেওয়া হয়েছিল। কিছুকাল পরে কি দেখা গেল? সমস্ত টাকাকড়ি এবং দায়িত্ব যে সরকার দিয়েছিলেন সেই সরকার আবার সমস্ত উইথড্র ক'রে নিজের হাতে রাখলেন। ত্রুটি ছিল এই যে, শুধুমাত্র প্রাদেশিক স্তরে ডি পি আই-এর পাশাপাশি একটা বোর্ডের প্রেসিডেন্ট ক'রে দিলেই শিক্ষার বিকেন্দ্রীকরণ হ'ল না। যদি না জেলা স্তরে, সার্কেল স্তরে সেই শিক্ষাকে বিকেন্দ্রীকরণ করা হয়। আজকে এই বিলের মধ্যে চেষ্টা করা হয়েছে বেংগল প্রাইমারী এডুকেসন অ্যাক্ট, ১৯৩০-তে যা ছিল ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড সেই স্কুল বোর্ড-এর মত একটা নূতন ক'রে ডিস্ট্রিক্ট কাউন্সিল করা হয়েছে। কিন্তু বোর্ড এর ফাংসন-এ যা বলা হয়েছে প্রাকটিক্যালি আমার মতে দিস বডি ইজ নাথিং বাট অ্যান অ্যাডভাইসরি বডি, ইট ইজ অর্নামেন্টাল ওর কোন কাজ আছে ব'লে মনে হয় না, এটা একটা

[5-25—5-35 p.m.]

নন-ফাংসানিং বডি হবে। এর কোন প্রয়োজন আছে ব'লে আমি মনে করি না, বরং এটা সুষ্ঠু কাজে ব্যাঘাত সৃষ্টি করতে পারে। ডুয়েল অ্যাডমিনিস্ট্রেশন আমরা দেখেছি স্কুল বোর্ড চালাতে গিয়ে। সেখানে যিনি ডিস্ট্রিক্ট ইনসপেক্টর অব প্রাইমারী এডুকেসন, তিনি ছিলেন এক্স অফিসিও সেক্রেটারী এবং ইলেক্টেড প্রেসিডেন্ট যিনি ছিলেন সেই প্রেসিডেন্ট এবং সেক্রেটারীর মধ্যে অনেক ক্ষেত্রে এমন সম্বন্ধ স্থাপিত হয়েছিল যে, বোর্ডের ডিসিসান সেক্রেটারী যদি কার্যকর না করেন, তা হ'লে সেই সেক্রেটারীকে দিয়ে কার্যকর করার কোন আইন, বিধান ছিল না, কোন চেক দেওয়ার ক্ষমতা ছিল না ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের প্রেসিডেন্ট এবং ভাইস-প্রেসিডেন্ট, ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড অ্যাক্ট এ হেল এর। আজকে যে সেক্রেটারী নিয়োগ করতে চাইছেন তাতে বিধান সভার ভেতরে, বাইরে এবং বাইরে আমলাদের সংগে ইলেকটেড রিপ্রেজেনটেটিভদের ক্লাস হওয়ার সম্ভাবনা আছে। আমরা হচ্ছি ইলেকটেড বডি, কিন্তু—

We are popular element in the Administration and they are the Executive element in the Administration.

এই যে ক্লাস এই ক্লাস যদি কখনও দুর্ভাগ্যবশতঃ ঘটে, তা হ'লে আইনের মধ্যে কোন বিধান দেওয়া নেই যে ডিসিসন অব দি ডিস্ট্রিক্ট প্রাইমারী কাউন্সিল উইল প্রিভেল, কোন জায়গাতে এই জিনিস দেওয়া নেই এবং তাঁরা যে আইন করলেন বোর্ডের সমস্ত কর্মচারীকে কন্ট্রোল করবার জন্য, সেক্রেটারী, ফাইনান্স অফিসারকে এক্সক্লুড ক'রে দিলেন আইন দ্বারা, তার উপর কোন কন্ট্রোল ডিস্ট্রিক্ট কাউন্সিলের থাকবে না। আমি এবিষয়ে আপনাকে সাবধানবাণী উচ্চারণ ক'রে দিয়ে যাচ্ছি, আমি দেখেছি মেদিনীপুর জেলায় ১৯৫৬-৫৭ সালে প্রেসিডেন্ট এবং ডি আই এ-র মধ্যে যে সম্বন্ধ ছিল সেটা অহিনকুলের সম্বন্ধ ছিল, কারোর সংগে কারোর মুখ দেখাদেখি হ'ত না, বা হত সেটা ফাইলের মাধ্যমে হত এবং আজকে যে জিনিস দাঁড়িয়েছে

তাতে দেখছি আমলাতন্ত্রের সংগে নির্বাচিত প্রতিনিধিদের সংঘর্ষ। ডিসিসান অব দি মিনিস্টার ইজ ইম্প্রপার', একথা বলতে আজকে আমলাতন্ত্র স্পর্ধা রাখে। আজকে সেই বিধান আমলাদের চেক অ্যান্ড ব্যালেন্সের বিধান যদি না থাকে, তা হ'লে যতই বিকেন্দ্রীকরণের চেষ্টা করুন না কেন, নির্বাচিত প্রতিনিধিদের সেখানে নিয়ে যান না কেন, নির্বাচিত প্রতিনিধিরা সেখানে কাজ করতে পারবেন না, পদে পদে বাধা সৃষ্টি হবে। সেজন্য মন্ত্রিমহাশয়কে আমি সাবধান ক'রে দিতে চাই যে, আজকে আমলাতন্ত্রের সংগে নির্বাচিত প্রতিনিধিদের স্বপ্ন সমাজতন্ত্র আনবার পথে, ওয়েলফেয়ারের পথে যে বাধা সৃষ্টি করছে, যে ট্যাক্টিস আছে সেই ট্যাক্টিসকে প্রতিহত করার জন্য, সেই এক্সিকিউটিভ, প্রিন্সিপ্যাল অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসারদের কন্ট্রোল করবার কোন বিধান এই আইনে নেই।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আর একটা কথা ব'লে শেষ করছি এবং সেটা হচ্ছে আইনের মধ্যে পেনাল মেজার আছে এবং সেটা করতে গিয়ে সোসিও-ইকনমিক কন্ডিসনের কথা শিক্ষামন্ত্রী মহাশয় আমাদের সিলেক্ট কমিটিতে বললেন যে, সহানুভূতির সঙ্গে বিবেচনা করা হবে। আমার বক্তব্য হচ্ছে আমাদের দেশে যে ইকনমিক কন্ডিসন তাতে পেনাল মেজার এখনই করা ঠিক হবে না। তবে আমি মনে করি এই বিলের মধ্যে একটা টার্গেট ডেট থাকা উচিত ছিল। সার্জেন্ট কমিশন ১৯৪৩-৪৪ সালে হয়েছিল এবং তাঁরা বলেছিলেন ৪০ বছরের মধ্যে কমপালসরি ইউনিভার্সাল প্রাইমারী এডুকেসন আনতে হবে ভারতবর্ষে। কোঠারি কমিশন তাঁদের রিপোর্টে বলেছিলেন, উইদিন দি ইয়ার নাইনটিন-ফিফটিফাইভ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার প্রবর্তন করতে হবে। কিন্তু এই বিলের মধ্যে একটা টার্গেট ডেট না থাকায় সরকারের দিক থেকে একটা ইমপ্রোপার অ্যাকসন হয়ে যাচ্ছে। একথা ব'লে মোটামুটিভাবে এই বিল সমর্থন করছি এবং ত্রুটিবিচ্যুতি যেগুলো আছে সেগুলো দূর করবার জন্য শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri George Albert Welson-De Roze: Mr. Deputy Speaker, Sir, I am very grateful to my friend, Mr. Biswanath Chakraborti for having raised squarely the issue of the Anglo-Indian schools. This is something on which I am glad to be able to have an opportunity to speak. I am also very happy at the sympathetic approach of the whole C.P.I. Members towards the Anglo-Indian Community. The concept of cultural autonomy was evolved in the U.S.S.R. In Russia there is no problem regarding languages. They have got 120 languages but they have no language problem because one of the things Mr. Lenin did was to get Stalin work on the basis of one nationality and they have solved the problem. I am glad my friends here in Bengal are not giving us trouble as they are giving in Kerala.

What Bengal thinks to-day India thinks to-morrow. Now, the problem in education as far as English goes, is this, that in Bengal as in the rest of India, the standard of English teaching has fallen very considerably. That is one general aspect of the matter outside the Anglo-Indian school system the standard of teaching in English is very poor. It was not so 50 years ago. I mean, there are people to-day who came out of schools which are not Anglo-Indian schools in which they learnt English and their English is as good as any English that can be found anywhere in the world. Those kinds of masters and those kinds of teachers are perhaps not to be found now-a-days. This is one of the difficulties. The second difficulty is that in the Anglo-Indian school system, due to the fact that my community was largely an urban community, these schools became concentrated in the urban areas. You will find them largely in five districts, viz., Calcutta, Howrah, Burdwan, Midnapore, and Darjeeling. Outside these districts you will find very little of these schools, and to these schools, to our surprise, after the independence, people flocked, as Biswanath Babu has said that the very rich peoople tried to get in there as much as they could, perhaps that is not rather a correct impression. If one

makes a sociological survey of the children in our schools one will find that there is a wide variety of people. When I go to Howrah station or Howrah district—one of my friends is there who is the owner of a tea shop—I must have a cup of tea in his shop because he is one of my class-friends.

Now, the problem is this that this situation has to be dealt.........

(At this stage the bule light was lit.)

Sir, I would require a little more time. We are not unaware of these facts, we are not unaware of these problems and we are trying to deal with these problems. We have, in the State, an Official Board constituted by the Government which is known as State Board for Anglo-Indian Education. On the 7th February, this year, under the Chairmanship of our Minister for Education, we met in one of our regular meetings and there was a resolution by me in which this very problem was raised that the difficulty was that the boys in the districts were facing lack of facilities for education in English and that something else has got to be done about this. We have agreed in principle that there will be expansion of facilities for education in English and we are trying to place an English-medium school in every district that we can. Already, in the last few months, I have addressed the Heads of the Association of Anglo-Indian schools and I have explained the problem to them exactly in the same terms as Mr. Chakravarti has that the children of the good families in the districts take the best possible education they can locally, go to the best possible colleges they can locally. As for example, in the Nadia district Krishnagar College has a history of its own as the Presidency College here. As Derozio was long here so Captain D. L. Richardson was in Krishnagar. These are famous names in Bengal. But the boys from these best of the families having got best education come and find that they have difficulty and that they cannot compete and that they have no opportunities in contrast to those who get into the Anglo-Indian schools in the city. This is one problem. There is also another problem which is that the Anglo-Indian schools in the city have got very limited accommodation and we need more schools for more children to get more opportunities. Well, I have addressed both Heads of our schools and also the Association of the teachers in Anglo-Indian schools, and I can tell my friends in the House that what I have got is utmost encouragement, and I would say that amongst our teachers even great enthusiasm to try to move forward in this field. Already I have offer for three schools. I am hoping that in Ranaghat, which is the home town of Mr. Chaki, we shall be able to place a school within a year's time. We shall

[5-35—5-45 p.m.]

place one at Asansol and another at Durgapur. I am making a list of the main places where I can try to place schools. I am hoping that with the co-operation of all my friends in the House we will be able to give every boy in West Bengal the opportunity of having education in English, who wishes to have such opportunity, if he wants to go for the I.A.S. or the I.I.T. or Medical College, whatever it may be. Our aim is that we will try to serve the people of West Bengal to the best of our ability in the best possible way and we hope to have encouragement and the help of the Government in that direction. Thank you, Sir.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দু'জন ছাড়া প্রায় সকল সদস্য এই বিলকে স্বাগত জানিয়েছেন, সেই কারণে আমি আপনার মাধ্যমে তাঁদেরকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। অধিকাংশ সদস্য প্রাথমিক শিক্ষার উন্নতিকল্পে এই বিলটিকে আরো সুন্দর রূপ দেবার উদ্দেশ্যে কতগুলি গঠনমূলক প্রস্তাব এবং পরামর্শ এই হাউসে রেখেছেন। তাঁদের এই পরামর্শ আগামী দিনে এই বিলের আওতায় যখন রুলস্ এবং রেগুলেসনস্ তৈরি করা হবে, নিশ্চয়ই

সুবিবেচনার সঙ্গে সেগুলি দেখা হবে এবং পরবর্তিকালে যদি প্রাথমিক শিক্ষা আরো বিস্তারের উদ্দেশ্যে কোন পৃথক আইনের প্রয়োজন হয়, তা হ'লে নিশ্চয়ই এই সব বক্তব্য সেই সময় বিবেচনা করা হবে। এই বিলের উপর কিছু কিছু সমালোচনামূলক মন্তব্য রাখা হয়েছে, যেগুলির প্রধান প্রধান অংশের আপনার অনুমতিক্রমে দু'-একটি বক্তব্য এই হাউসের সামনে রাখতে চাই।

প্রথম সমালোচনার বিষয় হ'ল, স্কোপ অফ দি বিল, অর্থাৎ এই বিলটিকে কেন বাড়িয়ে নীচের দিকে প্রাক-প্রাথমিক শিক্ষা এবং উপরের অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাকে এর সঙ্গে আজকে অন্তর্ভুক্ত করা হ'ল না। বাস্তবিকই আজকে শিক্ষার যে সাধারণ অবস্থা, যদি প্রাক-প্রাথমিক শিক্ষা অবস্থা থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত সব শিক্ষাকে আমাদের সরকার তার নিজের আওতায় এনে ভাল রূপ দিতে পারতেন, তা হ'লে আমরা মন্ত্রিসভার সদস্যগণ এবং আইন সভার সদস্যগণ এবং সকল কল্যাণকামী জনসাধারণ সুখী হতেন। বস্তুত সমাজতান্ত্রিক রাষ্ট্রের লক্ষ্য মানুষের কল্যাণসাধন তার জন্ম থেকে মৃত্যু পর্যন্ত। যাকে ইংরাজীতে বলে ফ্রম ক্রাডেল টু গ্রেভ। কিন্তু লক্ষ্য যখন বিরাট, শক্তি যখন সীমিত, তখন নিশ্চয়ই সেই লক্ষ্যের উপর বেশী গুরুত্ব দিতে হবে, যেটাতে সর্বাধিক কল্যাণ হবে সরকারের সীমিত শক্তিতে জনসাধারণের সীমিত ক্ষমতায়। সেই বিবেচনায় আপাততঃ যে বিলটি এই হাউসের সামনে রাখা হয়েছে সেটা প্রাইমারী এডুকেসন বিল। এই প্রাইমারী এডুকেসন বলতে যা বোঝায়, নিশ্চয়ই সব কিছু এই বিলের দ্বারা তা অন্তর্ভুক্ত করা হবে। প্রাক্-প্রাথমিক শিক্ষাক্ষেত্রে শিক্ষার উন্নতি প্রয়োজন, আমরা সেটা মনে করি, এবং সেই বিষয়ে ব্যবস্থা অবলম্বন করা দরকার। কিন্তু বর্তমান অবস্থায় ব্যাপক হারে সেই বিষয়ে কিছু গঠনমূলক করা যাবে ব'লে মনে হয় না। ঊর্ধ্বতন পর্যায়ে কোন্ শ্রেণী পর্যন্ত আপাততঃ প্রাথমিক শিক্ষাকে আমরা সীমাবদ্ধ রাখবো সে বিষয় কোন বিশেষ নির্দেশ এই আইনে নেই এবং ইচ্ছা ক'রে সেটাকে রাখা হয় নি। তার কারণ আমরা যেরকম বুঝবো, আমাদের যে রকম শক্তি হবে—শুধু আর্থিক শক্তি নয়, শিক্ষাগত শক্তি, শিক্ষকদের শক্তি ইত্যাদি বিভিন্ন অবস্থা বিবেচনা ক'রে আমরা প্রয়োজন হ'লে পঞ্চম শ্রেণী কেন, ষষ্ঠ শ্রেণী কেন, অষ্টম শ্রেণী পর্যন্ত এই বিলের আওতাকে বাড়িয়ে দিতে পারবো। আর একটি সমালোচনামূলক বিষয় এখানে উল্লিখিত হয়েছে সেটা হচ্ছে এই বিলে যেসব ট্যাক্স বা সেসের কথা কথা বলা হয়েছে সেগুলি ছাড়াও আরো অনেক ট্যাক্স এবং আরো অনেক আয়ের পথ ছিল যেগুলি এই বিলে বলা উচিত ছিল। যেমন উল্লেখ করা হয়েছে যে, জুট মিলগুলির উপর বা টি-গার্ডেনগুলির উপর ট্যাক্স অথবা কম্পানিগুলির উপর ট্যাক্স অথবা ট্রেড লাইসেন্সের উপর ট্যাক্স, হয়ত এই সবগুলি এই আইনের আওতায় আনলে নিশ্চয়ই প্রাথমিক সংগঠনগুলি যে উদ্দেশ্যে গঠিত হবে সেগুলি আরো অর্থবান এবং ক্ষমতাবান হত। কিন্তু এটাও ঠিক যে বর্তমানে করের ভার জনসাধারণের উপর যথেষ্ট পরিমানে চাপান হয়েছে এবং এই বিলের আওতায় না হ'লেও যে এই করগুলি চাপান যাবে না সেকথা বলা চলে না। রাজ্যের তালিকার মধ্যে যে সব বিষয় আছে সব সময়েই সরকার তাদের উপর খাজনা চাপাতে পারবেন। ভবিষ্যৎকালে যদি আমাদের মন্ত্রিসভা, আমাদের সরকার সামগ্রিকভাবে মনে করেন যে, এইসব বিষয়ের উপর খাজনা আদায় ক'রে কিছু অর্থ সংগ্রহ করা প্রয়োজন, তবে নিশ্চয়ই তা তাঁরা করবেন এবং সেই অর্থ সংগ্রহ থেকে যদি তার কিছুটা অংশ প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে ব্যয় করার প্রয়োজন হয় তাও করবার যথেষ্ট সুযোগ এই বিলের মধ্যে আছে এবং সে ক্ষমতা সরকারের সব সময়ে আছে ও থাকবে। আর একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করা হয়েছে, ব্যাপারটি সত্যি সত্যিই গুরুত্বপূর্ণ, সেটি হচ্ছে এই যে এই বিলটিকে সম্পূর্ণভাবে, নিখুঁতভাবে সার্বিক করা হয় নি। অর্থাৎ বেশ কিছু সংখ্যক শিক্ষাপ্রতিষ্ঠান এই বিলের আওতার বাইরে রয়ে গিয়েছে। একথা সত্য এবং একথা গতকাল এই বিলের মুখবন্ধে আমি নিজেও স্বীকার করেছিলাম। আপাততঃ যেসব বিদ্যালয়গুলি এই বিলের আওতায় আসবে সেগুলি হ'ল রেকগনাইজড স্কুল। কারণ এটাও ঠিক যে পশ্চিমবঙ্গে বর্তমানে যেসব বিদ্যালয় চালু আছে তাদের অধিকাংশ বিদ্যালয়ই এই বিলের দ্বারা আমরা নিয়ন্ত্রণ করতে পারবো। গ্রামাঞ্চলের প্রায় সব বিদ্যালয় এবং শহরাঞ্চলের অনেকগুলি বিদ্যালয় এই আইনের আওতায় আসবে। নিশ্চয়ই একথা সকলেই জানেন এবং অনেক সদস্যই একথা উল্লেখ ক'রে গিয়েছেন যে বহু বিদ্যালয় আছে, বিশেষ ক'রে শহরাঞ্চলে এবং কলকাতা

শহরে যেগুলি প্রাইভেট ম্যানেজমেন্টের আওতায় আছে। এটা ঠিক যে আমাদের দেশে শিক্ষা-দীক্ষা অনেক ক্ষেত্রেই প্রাইভেট ইনাসয়েটিভে সম্ভব হয়েছে এবং এখনো অনেক বিদ্যালয় এবং শিক্ষা প্রতিষ্ঠান, শুধু প্রাথমিক স্তরে কেন, আরো উচ্চতর পর্যায়েও প্রাইভেট ম্যানেজমেন্টের আওতায় আছে। বর্তমানে প্রাথমিক স্তরে যেসব বিদ্যালয়গুলি এই আইনের আওতার বাইরে থাকবে সেগুলির কতকগুলি বিশেষত্ব আছে। তাদের মধ্যে একটি হ'ল এই সেখানে যেসব ছেলেমেয়েরা পড়ে তাদের অভিভাবকদের অবস্থা ভল। তাদের অভিভাবকদের বাধ্য ক'রে জোর ক'রে এই সব বিদ্যালয়ে ছেলেমেয়েদের পাঠাতে হয় না, তারা স্বেচ্ছামূলকভাবেই এখানকার যে-সব ফি ধার্য আছে, যেসব বেতন ধার্য আছে, তারা দিয়ে থাকে। দ্বিতীয় জিনিস হ'ল এইসব প্রাইভেট ম্যানেজমেন্টের অধিকাংশ বিদ্যালয়েই শিক্ষার মান মোটামুটি উ'চু ধরনের। এর কারণ হয়ত এই যে, সেখানে যেসব শিক্ষকগণ পড়েন তাঁদের যোগ্যতা বেশী বা তাঁদের পারিশ্রমিকের হার বেশী বা যেকোন কারণেই হোক এখানকার শিক্ষার মান মোটামুটি প্রশংসনীয়।

[5-45—5-55 p.m.]

আর একটা উল্লেখযোগ্য বিষয় এই প্রসংগে হ'ল এই, প্রাইভেটলি ম্যানেজড বিদ্যালয়গুলির মধ্যে অনেকগুলি বিদ্যালয় আছে, যেগুলি মাইনরিটি কমিউনিটি বিশেষ ক'রে অ্যাংলো-ইন্ডিয়ান ভাই ও ভগিনদের দ্বারা পরিচালিত, যদিও বর্তমান অবস্থায় এইসব বিদ্যালয়ের মধ্যে প্রায় অধিকাংশ ছাত্রই নন-অ্যাংলো ইন্ডিয়ান। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই অবগত আছেন—আমাদের সংবিধানে মাইনরিটি কমিউনিটি, মাইনরিটি ইন্টারেস্ট, মাইনরিটি সংক্রান্ত শিক্ষার ব্যাপারে কতকগুলি স্বার্থ সংরক্ষিত আছে। আমরা চাই, আমাদের লক্ষ্য, সরকারের লক্ষ্য, জাতীয় উদ্দেশ্য সমাজতন্ত্র এর অর্থ এই যে প্রায় শিক্ষায়তনগুলিই একই ধরনের হোক, সব শিশুরই শিক্ষার সমান সুযোগ হোক, অন্ততঃ যেসব ভাল শিশু আছে, মেধাবী শিশু আছে, তাদের ভাল শিক্ষা পেতে হ'লে তাদের আর্থিক দুর্গতি যেন বাধা সৃষ্টি না করে। কিন্তু যেহেতু প্রাইভেটলি ম্যানেজড বিদ্যালয়গুলির মান উ'চু ধরনের, যেহেতু অবিলম্বে আমরা যে বিদ্যালয়গুলিকে এই আইনের আওতায় নিতে চলেছি সেগুলির মান দ্রুত উন্নতি করতে পারব না, যেহেতু সংবিধান ও অন্যান্য ক্ষেত্রে কতকগুলি মাইনরিটি স্বার্থ সংরক্ষিত আছে, সেজন্য অবিলম্বে সেই বিদ্যালয়গুলির উপর হস্তক্ষেপ করা সম্ভবপর হ'ল না। কিন্তু নিশ্চয়ই আগামী দিনে লক্ষ্য থাকলে আমাদের শিক্ষায়তনগুলিতে যতদূর সম্ভব সমান শিক্ষা পদ্ধতি, সমান শিক্ষার মান, যতদূর সম্ভব শিক্ষকদের সমান পারিশ্রমিক এবং চাকরির সমান ব্যবস্থা প্রবর্তন করা। তাই ভবিষ্যৎকালে হয়ত সব দিক বিবেচনা ক'রে আমাদের কোন পৃথক আইন প্রণয়নের প্রয়োজন হবে। তবে এটুকু আমি ব'লে দিতে পারি, যখন সেই রকম আইন প্রণয়ন করব, সবারই আমাদের লক্ষ্য হবে মাইনরিটি ইন্টারেস্টকে যতদূর সম্ভব প্রটেকশন দেওয়া। আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন এই বিলের মধ্যে সেই রকম উদ্দেশ্য যথেষ্টভাবে সামনে রেখে কতকগুলি ধারা সন্নিবেশিত হয়েছে। যেমন অধিকাংশ নমিনেশনের ক্ষেত্রে আমাদের বলা আছে যাদের নমিনেশন করব, তাঁরা কোন রকম সংখ্যালঘু সম্প্রদায়ের হবেন—যেমন শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইব অ্যাংলো-ইন্ডিয়ান কমিউনিটির সদস্য না হয় কোন সংখ্যালঘু ভাষাভাষীর সদস্য হবেন। ভবিষ্যৎকালে পৃথক বিলের ক্ষেত্রেও সেই মাইনরিটির স্বার্থ স্মরণ রাখব। এই কথাগুলি ব'লে আপনার মাধ্যমে সকল সদস্যকে এই বিল সমর্থন করতে অনুরোধ জানাব।

Shri A. H. Besterwitch: On a point of information, Sir. Regarding the revenue from the tea gardens which the Hon'ble Minister has just mentioned, I want to inform the Education Minister through you, Sir, that the tea gardens are paying the education cess through the Land Revenue Department. I think the Education Minister did not know this and that is why he was talking about this tax. Sir, the tea gardens pay the education cess along with land revenue and the Land Revenue Department hand over that cess to the Education Department.

শ্রীমতী ইলা মিত্রঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রিমহাশয়কে একটা কথা ব'লে দিতে অনুরোধ করছি। আমাদের ক্লজ টু-তে অ্যামেন্ডমেন্ট আছে। যে সমস্ত জায়গা স্পেসিফায়েড এরিয়ার মধ্যে পড়ছে না, মিউনিসিপ্যাল কি ডিস্ট্রিক্ট কাউন্সিলের মধ্যেও পড়ছে না—যেমন পানাগড়, সেগুলি ডিস্ট্রিক্ট কাউন্সিলের মধ্যে আসছে কিনা সেটা ব'লে দিন, তা হ'লে অ্যামেন্ডমেন্ট প্রেস করতে হয় না। সিলেক্ট কমিটিতে আমাদের বলেছিলেন যেগুলি স্পেসিফায়েড এরিয়া ছাড়া সমস্ত ডিস্ট্রিক্ট কাউন্সিলের মধ্যে পড়বে। কিন্তু দেখা যাচ্ছে ৩/৪টি স্থান এমন থাকছে যা স্পেসিফায়েড এরিয়ার মধ্যেও পড়ছে না আবার ডিস্ট্রিক্ট কাউন্সিলের মধ্যেও পড়ছে না। সে সম্বন্ধে কি আপনি এখন কিছু বলতে পারেন?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ প্রয়োজন হ'লে কোন রেগুলেসন দ্বারা সেগুলি পরে এর আওতায় আনা সম্ভব হবে।

The motion of Shri Timir Baran Bhaduri that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of Shri Mrityunjoy Banerjee that the West Bengal Primary Education Bill, 1973, as reported by the Select Committee, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

Shri Timir Baran Bhaduri, Sir, I beg to move that in clause 1(3), in line 1, after the words "into force" the words and letters "with effect from 1974" be inserted.

I also move that in clause 1(3), the words beginning with "in such areas" and ending with "of this Act" be omitted.

Shri Mrityunjoy Banerjee: Sir, I oppose the amendments.

The motions were then put and lost.

The question that clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 2

Shri Aswini Roy: Sir, I beg to move that after clause 2(xiv) the following new clause be added, namely:—

"Non-specified area" means the area excluding the areas under the West Bengal Municipal Act, Calcutta Municipal Act and the West Bengal Panchayat Act but includes the area under the notified authorities, Cantonment area, area under Town Committees.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার যে সংশোধনী সেটা হচ্ছে ক্লজ ২-তে উনি যেভাবে এডুকেসন ব্যবস্থা পরিচালনার জন্য করেছেন সেটা হচ্ছে একটা মিউনিসিপ্যাল এরিয়া, স্পেসিফাইড মিউনিসিপ্যাল এরিয়া, ক্যালকাটা কর্পোরেশন এবং রুরাল এরিয়া—এই তিনটা উনি করেছেন। এই যে এরিয়াগুলি এর জন্য বিভিন্ন আইন থাকার জন্য ক্যালকাটা মিউনিসিপাল অ্যাক্ট আছে, স্পেসিফাইড মিউনিসিপালিটি আছে—তার জন্য ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপাল অ্যাক্ট আছে।

[5-55—6-05 p.m.]

আবার বাকি অংশগুলি পঞ্চায়েত অ্যাক্ট দ্বারা পরিচালিত হয়। আমাদের রাজ্যে বা বিভিন্ন রাজ্যে এটাও আছে পঞ্চায়েত অ্যাক্ট বা মিউনিসিপ্যাল অ্যাক্ট যেখানে চালু নেই সেখানে আলাদা আইন আছে। সেই আইন দ্বারা পরিচালিত যে অঞ্চল রয়েছে, সেই সব স্থানের স্কুলের অবস্থা কি হবে। যেমন আমার জেলা দুর্গাপুরে। সেখানে পঞ্চায়েত অ্যাক্টও নেই আবার মিউনিসিপ্যাল অ্যাক্টও নেই। সেটা হচ্ছে দুর্গাপুর নটিফায়েড এরিয়া অথরিটি, তারাই সেখানে নাগরিক জীবন

কন্ট্রোল করে। যেমন চিত্তরঞ্জন আছে এবং আরও বহু জায়গা আছে। আবার যেভাবে কল-কারখানা বাড়ছে আগামী দিনে যেখানে পেট্রো-কেমিকেলস্ হচ্ছে সেই হলদিয়াতে সেখানেও এই ধরনের অবস্থা। এই এলাকায় যেসব স্কুল রয়েছে, প্রাইমারী স্কুল বোর্ড রয়েছে, তারাও দায়িত্ব নেয় না, আবার মিউনিসিপ্যাল স্কুল বোর্ড তারাও দায়িত্ব নেয় না। দেখা গিয়েছে ১০ বছর ধ'রে এই নটিফায়েড এরিয়াতে যে স্কুল রয়েছে তারা রেকোগনাইজেসান পায় না, কারণ তাদের কোন লোকাস্ স্ট্যান্ডি নেই। সেই জন্য দু' নম্বর ক্লজে একটা নূতন জিনিস দিতে চাই, নন-স্পেসিফায়েড এরিয়ার ডেফিনেসান দিচ্ছি,—

It means an area excluding the area under the West Bengal Municipal Act, Calcutta Municipal Act and West Bengal Panchayat Act but includes the area under the Notified Authority, Cantonment area or area under the Town Committee.

এখন পানাগড়ে ক্যান্টনমেন্ট হবে। সেটা আইন অনুযায়ী তখন ক্যান্টনমেন্ট কমিটি বা টাউন কমিটি হবে। এই রকম কতকগুলো স্পেসিফায়েড এরিয়া আছে যেগুলো মিউনিসিপ্যাল অ্যাক্ট বা পঞ্চায়েত অ্যাক্টের মধ্যে আসে না। তার প্রাথমিক শিক্ষার দায়িত্ব কারা নেবে? সেইজন্য ডেফিনেসান ক্লজের মধ্যে রেখেছিলাম নন-স্পেসিফায়েড এরিয়া। বর্তমানে এই অসুবিধা আছে। বর্ধমান স্কুল বোর্ডের আমি একজন সদস্য। যখনই এদের কথা আসে তখনই অন্যান্য সদস্যরা বলেন এরা তো কোন এডুকেসন সেস বা লেভী দেয় না, কাজেই এদের দায়িত্ব নেবো কেন? কাজেই ওই সমস্ত অঞ্চলের প্রাথমিক শিক্ষার দায়িত্ব কে নেবে? এই রকম ধরনের একটা অ্যামেন্ড-মেন্ট রয়েছে। সেইটা পরিষ্কারভাবে দেওয়ার জন্য এই অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আশা করি মন্ত্রিমহাশয় বিবেচনা ক'রে আমার সংশোধনী গ্রহণ করবেন।

Shri Harasankar Bhattacharyya: I beg to move that in clause 2(xvii), lines 1 and 2, for the words beginning with "in such" and ending with "prescribed" the words "imparted to children of class One to Five and also of pre-primary class or classes (for the children between three to six years of age of pre-primary class or classes)" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, আমি অশ্বিনীবাবুর অ্যামেন্ডমেন্টের সমর্থনে একটা সেনটেন্স বলছি। আপনি তো টাকাও পাচ্ছেন না। গ্রামাঞ্চলে এডুসেন সেস আছে, শহরাঞ্চলে মিউনিসি-প্যাল ট্যাক্স আছে। কিন্তু নোটিফায়েড এরিয়া অথরিটির এলাকাগুলোতে তো মিউনিসিপ্যাল ট্যাক্সও নেই বা পঞ্চায়েতের করও নেই। কাজেই আপনি তো টাকা পাচ্ছেন না। টাকা আদায় করা দরকার। সুতরাং এটা গ্রহণ করলে আমরা খুসী হবো।

আর ৭ এবং ৮ নম্বর অ্যামেন্ডমেন্ট এটা গ্রহণ করা খুব দরকার। প্রাথমিক শিক্ষা কোথায় আরম্ভ হবে এবং কোথায় শেষ হচ্ছে—এই আইনের মধ্যে সেটা লেখা নেই। এবং তাই আমি পরিষ্কার বলতে চাই যে, আপনি এখানে ঘোষণা করুন যে, প্রেসক্রাইবের শেষে এক এবং দুই লাইনে প্রেসক্রাইবের শেষে—

"imparted to children of class One to Five and also of pre-primary class or classes (for the children between three to six years of age of pre-primary class or classes."

তা হ'লেই আইনটা সম্পূর্ণ হয়। আমি এই অ্যামেন্ডমেন্ট মুভ করছি।

Shri Mrityunjoy Banerjee: I oppose the amendments.

The motion of Shri Aswini Roy that after clause 2(xiv) the following new clause be added, namely:—

"Non specified area" means the area excluding the areas under the West Bengal Municipal Act, Calcutta Municipal Act and the West Bengal Panchayat Act but includes the area under notified authorities, Cantonment area, area under Town Committee, and

the motion of Shri Harasankar Bhattacharyya that in clause 2(xvii), lines 1 and 2, for the words beginning with "in such" and ending with "prescribed" the words "imparted to children of class One to Five and also of pre-primary class or classes (for the children between three to six years of age of pre-primary class or classes)" be substituted.

were then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় স্পীকার মহাশয়, ক্লজ ৩-এর দুই-এর পরে আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে এটা যোগ ক'রে নিন

"All primary schools in this State managed by Government or non-Government Associations or trustees or societies or private bodies shall be affiliated to and recognised by this Board."

আমি বলতে চাই না যে, আপনি সমস্ত স্কুলে একই রকম শিক্ষা দিন। কিন্তু যেভাবে আমাদের নেত্রী শ্রীমতী ইলা মিত্র বল্লেন যে, একটা হোটেল খুলতে গেলে পারমিসন দরকার হয়। অথচ একটা শিক্ষা প্রতিষ্ঠান খুলতে আপনাদের পারমিসন দরকার হচ্ছে না। অন্তত রিকগনিসন-এর জন্য এটা যোগ ক'রে দিন।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করা সম্ভব নয়।

[6-05—6-15 p.m.]

The motion of Shri Harasankar Bhattacharyya that after clause 3(2) the following be inserted, namely:—

"(3) All primary schools in this State managed by Government or non-Government Associations or trustees or societies or private bodies shall be affiliated to and recognised by this Board.".

was then put and a division taken with the following result:—

Ayes

Bhattacharyya, Shri Harasankar.
Chakrabarti, Shri Biswanath.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Karan, Shri Rabindra Nath.
Lahiri, Shri Somnath.
Mitra, Shrimati Ila.
Mondal, Shri Anil Krishna.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Roy, Shri Aswini.
Sarkar, Shri Netaipada.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Noes

Abdul Bari Biswas, Shri.
Ali Ansar, Shri.
Bharati, Shri Ananta Kumar.
Chaki, Shri Naresh Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Dolui, Shri Hari Sadhan.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Lohar, Shri Gour Chandra.
Mahbubul Haque, Shri.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Misra, Shri Ahindra.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Naskar, Shri Ardhendu Sekhar.
Nurunnesa Sattar, Shrimati.
Paul, Shri Bhawani.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Quazi Abdul Gaffar, Shri
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shrimati Amala.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.
Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 14 and Noes 34, the motion was lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that for item (a) of clause 4 the following item be substituted, namely:—

"(a) an officer not below the rank of a Deputy Director of Public Instruction, Government of West Bengal, to be nominated by the State Government."

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that in clause 4(g), line 1, for the words "one member from each of the fifteen districts" the words "two members from each of the districts of Midnapur and 24-Parganas and one member from each of the other districts, from among the members of the West Bengal Legislative Assembly," be substituted.

Mr. Speaker: I understand that Shri Puranjoy Pramanik is not going to move his amendment.

Shri Puranjoy Pramanik: Yes, Sir. That is already moved by the Chief Whip.

Mr. Speaker: I understand Shri Prafulla Kumar Maity is not also going to move his amendment on the same ground.

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মিঃ স্পীকার, স্যার, উনি দুটো অ্যামেন্ডমেণ্ট একসঙ্গে মুভ করলেন, এতে আমাদের অসুবিধা হচ্ছে, কারণ উনি যদি একটি ক'রে মুভ করেন, তা হ'লে ভাল হয়. প্রথমটা আমরা গ্রহণ করতে পারি, কিন্তু দ্বিতীয়তে আমাদের আপত্তি আছে।

Mr. Speaker: That is quite O.K.

Shri Harasankar Bhattacharyya: Sir, I beg to move that in clause 4(c), line 1, for the word "six" the words "sixteen teachers one from each district to be elected directly by the teachers of the respective districts" be substituted.

I also beg to move that for clause 4(g) the following be substituted, namely:—"(g) four members elected by the members of the Assembly".

I also beg to move that for clause 4(h)(v) the following be substituted, namely:—

"(v) five shall be members of different linguistic minority communities in the State such as Nepali, Saunthali etc.:

Provided that not more than one member shall be elected from any of the linguistic minorities."

স্যার, আমার ১৩ ও ১৪নং অ্যামেন্ডমেন্টে বলা হয়েছে, ক্লজ ৪(সি)-তে যে—

eight teachers of primary schools of whom at least two shall be women

জায়গায় আমরা বলছি

sixteen teachers one from each district to be elected directly by the teachers of the respective districts.

এই অংশটা জুড়ে দিতে হবে। শিক্ষক প্রতিনিধি যাতে বাড়ে এইজন্যই এই অ্যামেন্ডমেন্ট আনা। আমরা মনে করি যে, শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনায় শিক্ষকদের প্রধান ভূমিকা থাকা দরকার। প্রাথমিক শিক্ষায় শিক্ষকদের ভূমিকাকে যদি অস্বীকার করা হয়, তা হ'লে এই বোর্ড সম্পূর্ণ অকার্যকর হয়ে যাবে। এই বোর্ডে শিক্ষা ছাড়া দলীয় রাজনীতি প্রাধান্য পাবে। সেইজন্য এই উদ্দেশ্য নিয়ে এই অ্যামেন্ডমেন্ট এনেছি, আশা করি মাননীয় শিক্ষামন্ত্রী এটা গ্রহণ করবেন।

তারপর ১৭ ও ১৮নং যে অ্যামেন্ডমেন্ট সেখানে আছে নন-স্পেসিফায়েড এরিয়া অর্থাৎ দুর্গাপুর, পানাগড়, চিত্তরঞ্জন এই ধরনের শহর থেকে একজন ইলেকটেড মেম্বারকে বোর্ডে আনা উচিত। তারপর ১৯ ও ২০নং অ্যামেন্ডমেন্টে সেখানে অ্যাসেম্বলী থেকে মেম্বারদের সংখ্যা ১৬জন না ক'রে আমরা চাইছি ৫ জন আসুক, ৪ জন মফঃস্বল থেকে আর একজন কোলকাতা থেকে। কোন শিক্ষাবোর্ড যাতে এম এল এ প্রধান না হয় সেই জন্যই এই অ্যামেন্ডমেন্ট এনেছি। এ ছাড়া ২৪ ও ২৫নং-এর যে অ্যামেন্ডমেন্ট লিংগুইস্টিক মাইনোরিটিসের নমিনেসানের কথা যেখানে বলা হচ্ছে সেখানে আমরা বলছি পরিষ্কারভাবে ব'লে দেওয়া হোক—

five shall be members of different linquistic minority communities in the State such as Nepali, Saunthali, etc.

Provided that not more than one member shall be elect from any of linquisitic minorities.

মাননীয় স্পীকার মহাশয়, আমরা মনে করি পশ্চিমবাংলায় এইরকম একটা শিক্ষা বোর্ড যেখানে তৈরি হতে চলেছে এবং সেই শিক্ষাবোর্ডের প্রধান কাজ হবে শিশুদের প্রাথমিক শিক্ষা দান, তখন বিশেষ ক'রে মাইনরিটিস্ যাদের ভাষাগত, ঐতিহ্যগত পার্থক্য আছে তাদের ক্ষেত্রে অর্থাৎ পশ্চাৎপদ জাতি ও উপজাতির রিপ্রেজেন্টেসানে যাতে এখানে আসতে পারে, তারা যাতে

নেগলেকটেড না হয়, শিক্ষা প্রসারের ব্যাপারে তাদের ভয়েসটা যাতে তারা বোর্ডে প্লেস করতে পারে সেইজন্য এটা বলেছি। তাদের বক্তব্য যদি তারা নিজেরা উপস্থিত করতে না পারে তা হ'লে ডিস্ট্রিক্টের প্রয়োজনটা বা বক্তব্যটা উপেক্ষিত হতে পারে। এই কারণে মাইনরিটিদের প্রতি জোর দেবার জন্য ও তাদের শিক্ষা প্রসারের সুবিধার জন্য আমি মনে করি এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করা উচিত এবং আশা করি মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করবেন।

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that in clause 4(c), for the words beginning with "eight teachers" and ending with "Primary School Council" the following words be substituted,—

"One primary teachers from each of the fifteen districts elected by the primary teachers of respective district and one primary teacher elected by the primary teacher of Calcutta."

I also beg to move that after clause 4(c) a new sub-clause 4(c)(i) be added,—

"4(c)(i) The two women primary teachers elected in the prescribed manner in accordance with the system of proportional representation by means of single transferable votes by the members of the Primary School Councils who are the representatives of teachers of primary schools in Primary School Councils."

I also beg to move that for clause 4(g), the following be substituted namely:—

"(g) Five members of West Bengal Legislative Assembly be elected by the members of the West Bengal Legislative Assembly".

স্যার, আমার ৪(সি), ক্লজ ৪(সি), ক্লজ ৪(জি) ব্যাপারে হরশঙ্করবাবু যে বক্তব্য রেখেছেন আমার বক্তব্যও হচ্ছে তাই। এর আগে জেনারেল ডিসকাসানের সময় বলেছিলাম যে, প্রাইমারী এডুকেসনকে যদি ঠিকমত এগিয়ে নিয়ে যেতে হয়, তা হ'লে সমস্ত দিকে নজর দিতে হবে। তাতে দায়িত্বটা যদি প্রাইমারী শিক্ষকদের হাতে দেওয়া না হয়, তা হ'লে দেখা যাবে সেখানে একটা দলীয় সংকীর্ণ রাজনীতি উদ্ভব হবে। সুতরাং আমরা চেয়েছিলাম ১৬টি জেলা থেকে কলকাতা সমেত ১৬ জন টিচার সেই বোর্ডের মেম্বার হবে। এটাই আমাদের অ্যামেন্ডমেন্ট ছিল। আমরা আমাদের অ্যামেন্ডমেন্ট মুভ করছি এবং আমরা আর একটা চেয়েছিলাম সেটা হচ্ছে টু ইউমেন তাদেরও সিংগল ট্রান্সফারেবল ভোট-এর মাধ্যমে নিয়ে আসা হোক। এই ১৬ জন আর ২ জন ১৮ জন। আশা করি মাননীয় শিক্ষামন্ত্রী আমাদের অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করবেন। এই কথা বলে আমাদের অ্যামেন্ডমেন্ট মুভ করছি।

Shri Aswini Roy: Sir, I beg to move that after clause 4(f) the following new clause be added, namely:—

"(ff) one person elected in the prescribed manner by the members of the Committee of the non-specified area,"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি প্রথমে অ্যামেন্ডমেন্ট নিলেন না। এখন বোর্ড-এ সকলকে প্রতিনিধিত্ব করবার জন্য অধিকার রাখছেন যারা মিউনিসিপাল এরিয়া থেকে, ক্যালকাটা কর্পোরেশন থেকে, রুলাল এরিয়া থেকে আসছেন তাদের সকলের অধিকার থাকছে বোর্ড-এ রিপ্রেজেন্ট করবার কিন্তু ঐ যে স্পেসিফায়েড এরিয়া দুর্গাপুর, নোটিফাইড, এরিয়া আসানসোল, চিত্তরঞ্জন এরিয়া, ক্যান্টনমেন্ট এরিয়া এদের প্রতিনিধি হিসাবে অন্ততঃ একজনকে রাখা যায়, এখানে কনস্টিটুয়েন্সি অনেকগুলি আছে। এই ধরনের যারা ঐ সব আইনের মধ্যে পড়ছে সেজন্য আমরা ঐ অ্যামেন্ডমেন্টটা মুভ করছি এবং মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি যে, আপনি যখন এতখানি পরিবর্তন করেছেন রিপ্রেজেন্টেশন-এর ক্ষেত্রে তখন ঐ যে একজন অন্ততঃ সারা পশ্চিমবাংলা থেকে আসতে পারে সেই ধরনের একটা ক্লজ আপনি রাখুন যেটা আমরা অ্যামেন্ডমেন্ট হিসাবে দিয়েছি।

Shri George Albert Wilson-de Roze: Sir, I beg to move that in clause 4(g), in line 6, after the words "from Calcutta" the words "and the nominated member, if any, representing the Anglo-Indian Community" be inserted.

Sir, I know that the Anglo-Indian Community will be represented on the Board by a nominated member. But the member in the House representing the Anglo-Indian Community should be there because all the other district constituencies are represented districtwise and this is the only constituency which is not so represented. I feel that the presence of Anglo-Indian member in the House and on the Board will be useful in addition to other persons who may serve as educational experts.

Mr. Speaker: There are amendments by Shri Deo Prakash Rai. He is not here. So, his amendments are not moved.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংশোধনী নম্বর ১১ এবং ১০৮ গ্রহণ করছি, বাকীগুলি আমি প্রত্যাখ্যান করছি। এই প্রসঙ্গে বলতে চাই শিক্ষকদের সংখ্যা আমরা সিলেক্ট কমিটিতে বাড়িয়ে দিয়েছি এবং এম এল এ-দের সংখ্যাও বাড়ান হয়েছে। এম এল এ-দের মধ্যেও বহু সংখ্যক শিক্ষক আছেন, তাদের যখন নেওয়া হবে তারা যখন আসবেন তখন অটোমেটিক্যালি শিক্ষকরা রিপ্রেজেন্ট করবেন।

The motions of Shri Gyan Singh Sohanpal—

that for item (a), clause 4 the following item be substituted, namely:—

"(a) an officer not below the rank of a Deputy Director of Public Instruction, Government of West Bengal, to be nominated by the State Government,"

and

that in clause 4(g), line 1, for the words "one member from each of the fifteen districts" the words "two members from each of the districts of Midnapore and 24-Parganas and one member from each of the other districts, from among the members of the West Bengal Legislative Assembly" be substituted,

were then put and agreed to.

The motion of Shri Harasankar Bhattacharyya that in clause 4(c), line 1, for the word "six" the words "sixteen teachers one from each district to be elected directly by the teachers of the respective districts" be substituted,

and

The motions of Shri Timir Baran Bhaduri—

that in clause 4(c), for the words beginning with "eight teachers" and ending with "Primary School Councils" the following words be substituted,—

"one primary teacher from each of the 15 Districts elected by the primary teachers of the respective district and one primary teacher elected by the primary teacher of Calcutta",

And

that after clause 4(c) a new sub-clause 4(c)(i) be added,—

"4(c)(i) The two women primary teachers elected in the prescribed manner in accordance with the system of proportional representation by means of single transferable votes by the members of the Primary School Councils who are the representatives of teachers of primary schools in Primary School Councils",

And

that for clause 4(g), for the following be substituted namely:—

"(g) Five members of West Bengal Legislative Assembly be elected by the members of the West Bengal Legislative Assembly" be substituted,

were then put and a division taken with the following results:

Noes

Abdul Bari Biswas, Shri.
Ali Ansar, Shri.
Banerjee, Shri Mrityunjoy.
Bharati, Shri Ananta Kumar.
Chatterjee, Shri Kanti Ranjan.
Dolui, Shri Hari Sadhan.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hemram, Shri Kamala Kanta.
Lohar, Shri Gour Chandra.
Mahbubul Haque, Shri.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Misra, Shri Ahindra.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Quazi Abdul Gaffar, Shri.
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shrimati Amala.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.

Abstention

Wilson-de Roze, Shri George Albert.

Ayes

Bhattacharyya, Shri Harasankar.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Karan, Shri Rabindra Nath.
Mitra, Shrimati Ila.
Mondal, Shri Anil Krishna.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Roy, Shri Aswini.
Sarkar, Shri Netaipada.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

The Ayes being 12 and the Noes 29, the motions were lost.

The motion of Shri Aswini Roy that after clause 4(f) the following new clause be added, namely:—

"(ff) one person elected in the prescribed manner by the members of the Committees of the non-specified area.",

was then put and lost.

The motion of Shri Harasankar Bhattacharyya that for clause 4(g) the following be substituted, namely:—

"(g) four members elected by the members of the Assembly.",

was then put and lost.

The motion of Shri George Albert Wilson-de Roze that in clause 4(g), in line 6, after the words "from Calcutta" the words "and the nominated member, if any, representing the Anglo-Indian Community" be inserted, was then put and lost.

The motion of Shri Harasankar Bhattacharyya that for clause 4(h)(v) the following be substituted namely:—

"(v) five shall be members of different linguistic minorityy communities in the State such as Nepali, Saunthali etc.:

Provided that not more than one member shall be elected from any of the linguistic minorities.",

was then put and lost.

The question that clause 4, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

[6-25—6-35 p.m.]

Clause 5

Shri Harasankar Bhattacharyya: Sir, I beg to move that for clause 5(1) the following be substituted, namely:—

"(1) If because of any exigency there arises any difficulty in the election of any section of the representatives to the board, that will not invalidate the functioning of the board. The vacancies will be filled up in the ordinary procedure as soon as the conditions are created for such elections."

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এই ২৮ এবং ২৯ নং অ্যামেন্ডমেন্ট আমরা মুভ করছি এবং এর ক্লজ ৫(১)-এতে যেখানে লেখা আছে যে যদি কখনো ইলেকসান না হয় বা ইলেকসান ভন্ডুল হয়ে যায়, তা হ'লে গভর্নমেন্ট সেই জায়গায় ইলেকশন না ক'রে একজনকে নমিনেট করতে পারবেন, এটা কোন বিলের ভিতর থাকতে পারে এটাই আমাদের আশ্চর্য লাগছে। কোন জায়গায় যদি ইলেকশন না হয় বা ইলেকশন ভণ্ডুল হয়ে যায় তা হ'লে বোর্ড ইনভ্যালিড হবে না, সেখানে আবার ফ্রেস ইলেকশন হবে। যদি কোন ইলেকটেড মেম্বার আসতে পারছেন না, তা হ'লে বোর্ড চলতে থাকবে এবং ৬ মাসের ভিতর আবার সেই জায়গায় স্টেট গভর্নমেন্ট বলতে পারবেন যে, ৬ মাসের ভিতর তিনি আবার নির্বাচিত হয়ে আসতে পারবেন। এই কারণে আমরা এই অ্যামেন্ডমেন্ট মুভ করছি। আমার মনে হচ্ছে এটা শিক্ষামন্ত্রী ভুল করেন নি, এটা ড্রাফটিং-এর ভুল এবং তাই আমি এই অ্যামেন্ডমেন্ট মুভ করছি। আমি আশা করছি যে শিক্ষামন্ত্রী মহাশয় এই অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করবেন।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যকে অভিনন্দন জানাচ্ছি তিনি ড্রাফটিং-এর ভুল বোঝাবার চেষ্টা করেছেন ব'লে। তবে তার এই সংশোধনী প্রস্তাবের আমি বিরোধিতা করছি।

The motion of Shri Harasankar Bhattacharyya that for clause 5(1) the following be substituted, namely:—

"(1) If because of any exigency there arises any difficulty in the election of any section of the representatives to the board, that will not invalidate the functioning of the board. The vacancies will be filled up in the ordinary procedure as soon as the conditions are created for such conditions."

was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 6 *to* 12

The question that clauses 6 to 12 do stand part of the Bill was then put was then put and agreed to.

Clause 13

Shri Harasankar Bhattacharyya: Sir, I beg to move that for clause 13(3)(b), the following be substituted, namely:—

"(b) acts in a manner violating the basic principles of education and the principles of smooth functioning of the Board".

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা মারাত্মক ধারা, আপনি যদি এই ধারাটা একটু দেখেন, তা হ'লে বুঝতে পারবেন এখানে আছে

State Government may by notification and after giving the member concerned an opportunity of being removed.

কি কি কারণ যদি স্টেট গভর্নমেন্ট মনে করেন—

that member acts in a manner prejudicial to the interest of the Board.

স্টেট গভর্নমেন্ট জাস্ট মনে করলেন যে, একজন সদস্য প্রিজুডিসিয়াল, তা হ'লে তিনি ইলেকটেড মেম্বার হওয়া সত্ত্বেও তাকে সরিয়ে দেবেন, এই ধরনের ডিমনিক ক্ষমতা কেন আমাদের শিক্ষা-মন্ত্রী নিতে যাচ্ছেন বা লোক হাসাতে যাচ্ছেন তা আমি বুঝতে পারছি না, তাই আমি এই ক্লজের উপর একটা অ্যামেন্ডমেন্ট দিচ্ছি, আমার অ্যামেন্ডমেন্টটা হচ্ছে—

acts in a manner prejudicial to the interest of the Board, acts in a manner violating the basic principles of education and principles of smooth functioning of the Board.

অন্ততঃ এটা ক'রে একটু সফট ক'রে দিন, আদারওয়াইজ স্টেট গভর্নমেন্ট মনে করলে, এটা করতে পারলে এটা নিয়ে রাজনীতি হয়ে যাবে। সুতরাং যেখানে শিক্ষা ব্যবস্থায় আমরা ইলেকটেড মেম্বার নিতে যাচ্ছি এবং তার দ্বারা বোর্ড গঠন করতে যাচ্ছি সেখানে দলীয় রাজনীতি যাতে না থাকতে পারে সেটা আমাদের দেখতে হবে। কারণ আপনি মনে করবেন না যে, এই সরকার চিরকাল থাকতে পারবে, আজকে এই দলের সরকার আছে কালকে অন্য দলের সরকার আসতে পারে এবং তখন তারা এই ধারার পরিপূর্ণ সুযোগটা ব্যবহার করবে নিজেদের দলীয় রাজনীতির স্বার্থে। আমি মনে করি আইন করবার সময় এটা মনে করা উচিত নয় যে, আমরা চিরকাল থাকব। সুতরাং আপনি এটা চিন্তা ক'রে একটু দেখবেন এবং এটা গ্রহণ করবেন।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাঁর সংশোধনী প্রস্তাব গ্রহণ করতে পারছি না। এই কারণে যেটা ছিল সেটা যদি মারাত্মক হয়, তা হ'লে ও'র প্রস্তাবটা আরও মারাত্মক। আমাদের আইনে ছিল—

violation of the general principles of education and the principles of smooth functioning of the Board.

সেটা প্রমাণ করা তত সহজ নয় যতটা সহজ—

violation the general principles of education and the principles of smooth functioning of the Board.

এতে অবস্থা আরও খারাপ হবে। এই ঠিক কথাটা তাঁকে বোঝাবার জন্য আমি এর বিরোধিতা করছি।

The motion of Shri Harasankar Bhattacharyya that for clause 13(3)(b), the following be substituted, namely:—

"(b) acts in a manner violating the basic principles of education and the principles of smooth functioning of the Board",

was then put and a division taken with the following result:—

Ayes

Bhattacharyya, Shri Harasankar.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Karan, Shri Rabindra Nath.
Mitra, Shrimati Ila.
Mondal, Shri Anil Krishna.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Roy, Shri Aswini.
Sarkar, Shri Netaipada.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Noes

Abdul Bari Biswas, Shri.
Ali Ansar, Shri.
Banerjee, Shri Mrityunjoy.
Bharati, Shri Ananta Kumar.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Dolui, Shri Hari Sadhan.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Lohar, Shri Gour Chandra.
Mahbubul Haque, Shri.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.

Misra, Shri Ahindra.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Quazi, Abdul Gaffar, Shri.
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shrimati Amala.
Singhababu, Shri Phani Bhusan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.

Abstention

Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 12 and the Noes 31, the motion was lost.

The question that clause 13 do stand part of the Bill, was then put and agreed to.

[6-35—6-45 p.m.]

Clauses 14, 15, 16, 17, *and* 18

The question that clauses 14 to 18 do stand part of the Bill was then put and agreed to.

Clause 19

Mr. Speaker: I understand Shri Saroj Ranjan Karar, who is not here, is not moving his amendment No. 32.

Shri Harasankar Bhattacharyya: I beg to move that after clause 19(1)(k) the following new sub-section 19(kk) be inserted, namely:

"(kk) to investigate into the affairs of any privately managed pre-primary or primary schools, to issue instructions from time to time, and to take over for a specified period the management of such schools along with its assets, in case of consistent violation or failure to performancy of the duties imposed by or under this Act."

মিঃ স্পীকার স্যার, পাওয়ারস অ্যান্ড ফাংসানস অব দি বোর্ড চ্যাপ্টার ৩-তে আলোচিত হয়েছে এবং এই পাওয়ারস অ্যান্ড ফাংসানস অব দি বোর্ড ১৯ নং ক্লজের ভেতরে আছে। আমি এই ১৯ নং ক্লজে একটা নতুন ক্লজ যোগ করতে বলছি। এই নতুন ক্লজের উদ্দেশ্য হচ্ছে যদি কোন প্রাইমারী স্কুল অন্যায় কাজ করে, শিক্ষাবিরোধী কাজ করে, টাকা-পয়সা মেরে দেয় বা দুর্নীতিগ্রস্ত হয়ে যায়, তা হ'লে সেই শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কে তার দুর্নীতির সম্পর্কে খোঁজ-খবর নেওয়ার ক্ষমতা বোর্ডের হাতে থাকতে হবে। শুধু তাই নয়, সাময়িকভাবে সেই শিক্ষা প্রতিষ্ঠানকে দুর্নীতিমুক্ত করবার জন্য সরকারের হাতে বা বোর্ডের হাতে তার পরিচালন ভার নিয়ে আসতে হবে। আমি তাই এইভাবে অ্যামেন্ডমেন্ট এনেছি যে বোর্ডের একটা অ্যাডিসনাল ক্ষমতা থাকবে। মিঃ স্পীকার স্যার, এই সেদিন আমরা কামারপুকুর কলেজের ক্ষেত্রে কি দেখলাম, কামারপুকুর কলেজ আমাদের কি শিক্ষা দিল? এই রকম অনেক শিক্ষা প্রতিষ্ঠান থাকে যারা ব্যবসা করে, দুর্নীতিগ্রস্ত অবস্থায় থাকে। তাদের সাময়িকভাবে নিয়ে নেওয়ার

একটা ক্ষমতা বোর্ডের হাতে বা সরকারের হাতে থাকা দরকার। যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কে আমরা খোঁজখবর নেওয়ার ক্ষমতা বোর্ডের হাতে না দিই বা সাময়িকভাবে সেটার পরিচালন ভার বোর্ডের হাতে না দিই, তা হ'লে সেটা অচল হয়ে যাবে, বোর্ড কিছু ইন্টারফিয়ার করতে পারবে না। উনি তো বেশী ক্ষমতা চাচ্ছেন, সেই বেশী ক্ষমতা ও'র হাতে তুলে দেওয়া হ'ল। আমি আশা করব, এই ক্ষমতাটুকু উনি নেবেন এবং নিয়ে দুর্নীতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানকে উনি দমন করবার জন্য এবং সেগুলিকে টেম্পোর্যারিলি টেক ওভার করবার জন্য প্রভিসান হাতে রাখবেন।

Shri Netaipada Sarkar: I beg to move that after clause 19 the following new clause be added, namely:

"19A(a) No private educational institution imparting pre-primary or primary education, in existence, on or after the date of commencement Act, shall, after the expiry of six months from the said date, be run; and

(b) No such private educational institution shall be established, without permission of the Board and except in accordance with the prescribed terms and conditions."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, হরশঙ্করবাবু আগের অ্যামেন্ডমেন্ট মুভ করার সময় বলেছেন যে, এই সমস্ত প্রাইভেটলি ওনড যেসব স্কুলগুলি এখনও থেকে যাচ্ছে সেইগুলিকে কন্ট্রোল করবার জন্য এবং তারা যাতে আমাদের সরকারের আইন-কানুনের মধ্যে সেই স্কুলগুলি চালায় তার জন্য আমরা এই ধরনের অ্যামেন্ডমেন্ট দিয়েছি। হরশঙ্করবাবু বলেছেন, তবে এটা কোন নতুন ঘটনা নয়! আপনি যদি দেখেন ম্যাডরাস অ্যাক্ট নং ২৫ অব ১৯৬৬, তাতে তাঁরা সেকসান ৩(এ)(বি) ক'রে এই ধরনের প্রভিসন তাঁদের আইনের মধ্যে রেখেছেন। এটা আমি নূতন কথা কিছু বলছি না, তাঁরা রাখতে পেরেছেন। কাজেই শিক্ষামন্ত্রীর কাছে আমার বক্তব্য হচ্ছে মাদ্রাজ অ্যাক্ট-এর মধ্যে যখন তাঁরা প্রভিসন রাখতে পেরেছেন, মাদ্রাজ সরকার যখন এটা করেছেন তখন সেই জিনিস আপনিও করুন। কামারপুকুর কলেজের কথা আপনি জানেন এবং যেকথা এখানে হরশঙ্করবাবুও বলেছেন। আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই, আপনার সুবিধা হবে এবং এই প্রভিসন যদি থাকে, তা হ'লে সরকারের পক্ষে এই সমস্ত বেসরকারী স্কুলগুলোকে কন্ট্রোল করবার সুবিধা হবে এবং সেইজন্যই আমি এই অ্যামেন্ডমেন্ট মুভ করলাম। আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করব অন্ততঃ মাদ্রাজ অ্যাক্টে যে প্রভিসন রয়েছে আমাদের অ্যাক্টে সেই প্রভিসন গ্রহণ করুন এতে আইন আরও উন্নত হবে।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: মাননীয় স্পীকার মহাশয়, ২ জন সহৃদয় সদস্যের অতিরিক্ত ক্ষমতা দেবার প্রস্তাব আমি স্থির চিত্তে গ্রহণ করতে পারছি না, কারণ এই প্রস্তাব বর্তমান আইনের বহির্ভূত। আমি যদি ভুলক্রমে এই প্রস্তাব গ্রহণ করি, তা হ'লে আইনের ঝনঝাট বাড়বার সম্ভাবনা রয়েছে।

[6-45—6-55 p.m.]

The motion of Shri Harasankar Bhattacharyya that after clause 19(1)(k) the following new sub-section 19(kk) be inserted, namely:—

"(kk) to investigate into the affairs of any privately managed Pre-primary or Primary Schools, to issue instructions from time to time, and to take over for a specified period the management of such schools along with its assets, in case of consistent violation or failure to performancy of the duties imposed by or under this Act."

And

The motion of Shri Netaipada Sarkar that after clause 19 the following new clause be added, namely:—

"19A(a) No private educational institution imparting pre-primary or primary education, in existence, on or after the date of commencement of this Act, shall, after the expiry of six months from the said date be run; and

(b) No such private educational institution shall be established, without permission of the Board and except in accordance with the prescribed terms and conditions."

were then put and a division taken with the following results:—

Ayes

Bhattacharyya, Shri Harasankar.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Karan, Shri Rabindra Nath.
Mitra, Shrimati Ila.
Mondal, Shri Anil Krishna.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Roy, Shri Aswini.
Sarkar, Shri Netaipada.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Noes

Abdul Bari Biswas, Shri.
Banerjee, Shri Mrityunjoy.
Bharati, Shri Ananta Kumar.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Lohar, Shri Gour Chandra.
Mahbubul Haque, Shri.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Misra, Shri Ahindra.
Mohammad Dedar Baksh, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shrimati Amala.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 12 and the Noes 26, the motions were lost.

The question that clause 19 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 20 *to* 22

The question that clauses 20 to 22 do stand part of the Bill was then put and agreed to.

Clause 23

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that for item (b) of sub-clause (1) of clause 23 the following item be substituted, namely:—

"(b) an officer not below the rank of a Deputy Director of Public Instruction, Government of West Bengal, to be nominated by the State Government."

Mr. Speaker: I understand Shri Puranjoy Pramanik is not going to move his amendment as it is moved by Shri Gyan Singh Sohanpal.

Shri Puranjoy Pramanik: Yes, Sir.

Shri Harasankar Bhattacharyya: Sir, I beg to move that in clause 23(1)(h), line 1, for the word "sixteen" the word "five" be substituted.

যেখানে কমিটি অব দি বোর্ড সেখানে কারিকুলাম কমিটি সেখানে দেখছি— আমি আমার অ্যামেন্ডমেন্ট মুভ করছি,

two out of sixteen members of the Board.

সেখানে বলেছেন সেখানে টু আউট অব ফাইভ মেম্বার্স এটা তো তার আগেই বলেছেন, ৫ জন এম এল এ আছেন সেখানে ১৬ জনের বদলে আমি চাইছি যে ৫ জনের ভেতর ২ জন কারিকুলাম কমিটিতে আসবে।

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that after clause 23(1)(h) the following new clause be added namely:—

(i) "one member from Scheduled Tribe Community referred to sub-clause (h) of section (4) nominated in the prescribed manner by State Government."

এই অ্যামেন্ডমেন্ট আমি মুভ করছি এই কারণে, আমি অ্যামেন্ডমেন্টে বলেছি যে, সিডিউল্ড কাস্ট অ্যান্ড সিডিউল্ড ট্রাইবস্ এই যে ক্লাস যেখানে আমাদের পশ্চিমবাংলার জনসংখ্যার ভেতর ১৯ লক্ষের উপর, সুতরাং তাদের রিপ্রেজেনটেটিভ যদি না রাখা হয়, তা হ'লে তাদের স্বার্থ বিঘ্নিত হতে পারে। আমি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় আমার অ্যামেন্ডমেন্ট অ্যাকসেপ্ট করবেন। কিন্তু আমি দেখছি যতগুলি অ্যামেন্ডমেন্ট আমরা দিয়েছি তিনি একটাও গ্রহণ করছেন না। এটা যেন মনে হচ্ছে তিনি রিজিড ওয়েতে আমাদের অ্যামেন্ডমেন্ট নিচ্ছেন না। পরিষদীয় গণতন্ত্রে এই চেহারা তো হওয়া উচিত নয়। যেটা সত্য কথা, যেটা সুন্দর সেটা কেন তিনি গ্রহণ করছেন না? অর্থাৎ বামপন্থীরা যদি কোন সত্য কথাও বলে বা সৎ বুদ্ধি বা সৎ পরামর্শ দেন, তা হ'লেও তিনি গ্রহণ করবেন না। এই বলে আমি আমার অ্যামেন্ডমেন্ট মুভ করছি।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত দুঃখিত যে, এই সমস্ত সংশোধনী প্রস্তাব আমি গ্রহণ করতে পারছি না। আমি আরো বেশী দুঃখিত যে, একটাও গ্রহণযোগ্য সংশোধনী তাঁরা আনেন নি। আমি শুধু শ্রীজ্ঞান সিং সোহনপালের সংশোধনী প্রস্তাব গ্রহণ করছি।

The motion of Shri Gyan Singh Sohanpal that for item (b) of sub-clause (1) of clause 23 the following item be substituted, namely:—

"(b) an officer not below the rank of a Deputy Director of Public Instruction, Government of West Bengal, to be nominated by the State Government;":

was then put and agreed to.

The motion of Shri Harasankar Bhattacharyya that in clause 23(1)(h), line 1, for the word "sixteen" the word "five" be substituted, was then put and lost.

The motion of Shri Timir Baran Bhaduri that after clause 23(1)(h) the following new clause be added namely:—

"(i) One member from Scheduled Tribe Community referred to sub-clause (h) of section (4) nominated in the prescribed manner by the State Government."

was then put and a division taken with the following results:—

Ayes

Bhattacharyya, Shri Harasankar.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Karan, Shri Rabindra Nath.
Mitra, Shrimati Ila.
Mondal, Shri Anil Krishna.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Roy, Shri Aswini.
Sarkar, Shri Netaipada.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Noes

Abdul Bari Biswas, Shri.
Banerjee, Shri Mrityunjoy.
Bharati, Shri Ananta Kumar.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Dolui, Shri Hari Sadhan.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.

Lohar, Shri Gour Chandra.
Mahbubul Haque, Shri.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Misra, Shri Ahindra.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Pramanick, Shri Gangadhar.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Quazi Abdul Gaffar, Shri.
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shrimati Amala.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 12 and the Noes 29, the motion was lost.

The question that clause 23, as amended, do stand part of the Bill was then put and agreed to.

[6-55—7-06 p.m.]

Clause 24

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that for item (b) of sub-clause (1) of clause 24, the following item be substituted, namely:—

"(b) an officer not below the rank of a Deputy Director of Public Instruction, Government of West Bengal, to be nominated by the State Government".

Mr. Speaker: There is an amendment by Shri Puranjoy Pramanik. I understand that Shri Pramanik is not moving his amendment.

Shri Harasankar Bhattacharyya: Sir, I beg to move that in clause 24(1)(j), line 1, for the words "sixteen", the word "five" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, আমি যেখানে সিক্সটিন এম এল এ আছে সেই জায়গায় কমিয়ে পাঁচ করতে চাইছি এবং এটাই হচ্ছে মূল কথা। আমি এই প্রসঙ্গে সামান্য দুই-একটি কথা বলতে চাই। ইভ্যালুয়েশন কমিটি পরীক্ষার ব্যাপারে অমিট করতে পারলেই ভাল হত, এম এল এ-এরা পরীক্ষার ব্যাপারে কি করবেন, ইভ্যালুয়েশন খাতা দেখার ব্যাপারে এম এল এ-দের ঢুকাচ্ছেন। পুরোটা অমিট করতে পারলেই ভাল হত, কিন্তু টেকনিক্যালি পুরোটা করতে পারি না, এই কারণেই এই অ্যামেন্ডমেন্ট মুভ করছি।

Mr. Speaker: There is an amendment by Shri Saroj Karar. Shri Karar is not here. So, his amendment is not moved.

Shri Mrityunjoy Banerjee: Sir, I accept the amendment of Shri Gyan Singh Sohanpal and reiect the others.

The motion of Shri Gyan Singh Sohanpal that for item (b) of sub-clause (1) of clause 24 the following item be substituted, namely:—

"(b) an officer not below the rank of a Deputy Director of Public Instruction, Government of West Bengal, to be nominated by the State Government",

was then put and and agreed to.

The motion of Shri Harasankar Bhattacharyya, that in clause 24(1)(j), line 1, for the word "sixteen", the word "five" be substituted, was then put.

Shri Timir Baran Bhaduri: Division, Sir.

(At this stage when the division bell was ringing.)

শ্রীমতী ইলা মিত্রঃ যার নামে অ্যামেন্ডমেন্ট তিনিই তো ডিভিসন ডাকবেন। আমাদের একটু মুশকিল হচ্ছে। এটাতো মাইনর পয়েন্ট, এটাতে আমরা ডিভিসন ডাকতে রাজী নই।

Mr. Speaker: When an amendment is moved by a Member it becomes the property of the House. Any honourable Member can stand up and call for a division.

The motion of Shri Harasankar Bhattacharyya, that in clause 24(1)(j), line 1, for the word "sixteen", the word "five" be substituted, was then put and a division taken with the following results:

Ayes

Ghosh, Shri Sisir Kumar.
Mitra, Shrimati Ila.
Mondal, Shri Anil Krishna.
Mukhopadhyaya, Shri Girija Bhusan.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Noes

Abdul Bari Biswas, Shri.
Banerjee, Shri Mrityunjoy.
Bharati, Shri Ananta Kumar.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Kanti Ranjan.
Dolui, Shri Hari Sadhan.
Dutta, Shri Hemanta.
Ekramul Haque Biswas, Shri.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Habibur Rahaman, Shri.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Mahbubul Haque, Shri.
Mazumdar, Shri Indrajit.

Md. Safiullah, Shri.
Misra, Shri Ahindra.
Mitra, Shri Haridas.
Mohammad Dedar Baksh, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Pramanick, Shri Gangadhar
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Quazi Abdul Gaffar, Shri.
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shrimati Amala.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 6 and the Noes 28, the motion was lost.

The question that clause 24, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

শ্রীমতী ইলা মিত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার আমার পয়েন্ট অব অর্ডার হ'ল এই যে ৪৩ নম্বব এবং ৪৪ নম্বর অ্যামেন্ডমেন্ট দুটি আমরা দিয়েছিলাম, সেই অ্যামেন্ডমেন্ট-এর উপর আর এস পি সদস্যরা ডিভিসন ডেকেছেন। এই অ্যামেন্ডমেন্ট এই জন্য আমরা দিয়েছিলাম যে, আগে আমরা বলেছিলাম ২৪(১)জে-তে যে ১৬ জন এম এল এ-র বদলে ৫ জন এম এল এ দেওয়া হোক; সেই অ্যামেন্ডমেন্ট-এ আমরা হেরে গেছি, ১৬ জন এম এল এ-ই সেখানে রয়ে গেছে। কাজেই এখন আমাদের ঐ অ্যামেন্ডমেন্টএ-র কোন মূল্য নাই এবং এই ডিভিসন ডাকারও কোন মূল্য নাই। যেহেতু ওটা অ্যাকসেপটেড হয় নাই। আমি আশা করি মন্ত্রেমহাশয় বুঝতে পেরেছেন আমার কথা।

Mr. Speaker: At the time of moving amendment, you ought to have pointed out.

Clause 25

The question that clause 25 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 26 *to* 36

The question that clauses 26 to 36 do stand part of the Bill, was then put and agreed to.

Twenty-seventh Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the Twenty-seventh Report of the Business Advisory Committee, which at its meeting held on the 4th May, 1973, in my chamber, considered the question of allocation of dates and time for the disposal of legislative and other business for the 7th May, 1973, and recommended as follows:—

Monday, the 7-5-73 ... (1) The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1973—Introduction, consideration and passing—1 hour.

(2) Motion under rule 185 regarding the statement made by the Chief Minister before the Sixth Finance Commission by Shri Sukumar Bandyopadhyay—1 hour.

(3) Private Members' Bills—1½ hours.

The Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that the Twenty-seventh Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then adopted.

Adjournment

The House was then adjourned at 7-06 p.m. till 1-00 p.m. on Saturday, the 5th May, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the 5th May, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 14 Ministers, 6 Ministers of State, 2 Deputy Ministers and 81 Members.

Oath or Affirmation of Allegiance

[1-00—1-10 p.m.]

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath.)

LEGISLATION

GOVERNMENT BILL

The West Bengal Primary Education Bill, 1973, as reported by the Select Committee

Clause 37

Shri Harasankar Bhattacharyya: I beg to move that in clause 37(1), in line 3, after the words "and specified Municipalities" the words "but including the areas included in the non-specified area" be inserted.

I also beg to move that after clause 37(1) the following new clause be added, namely:—

"37(1A) one member elected in the prescribed manner by the members of the Committees of the non-specified areas of the district."

I also beg to move that in clause 37(2)(h), line 1, for the word "three" the word "six" be substituted.

I also beg to move that in clause 37(2)(i), line 1, for the word "ten" the word "five" be substituted.

I also beg to move that in clause 37(2)(j), line 1, for the word "six" the word "three" be substituted.

মাননীয় স্পীকার স্যার, এই দুটি অ্যামেন্ডমেন্ট আগে থেকেই আসছে। আমরা চেয়েছিলাম নোটিফায়েড এরিয়ায় অর্থাৎ পানাগড় ক্যান্টনমেন্ট এরিয়া, চিত্তরঞ্জন নোটিফায়েড এরিয়া, দুর্গাপুর নোটিফায়েড এরিয়ায় কি হবে তা এই বিলে লেখা নেই। সেটা আমরা এই বিলে ইনক্লুড করতে চেয়েছিলাম। আর একটি অ্যামেন্ডমেন্ট দিয়েছি যে, টিচারদের সংখ্যা বাড়ানোর জন্য। আশা করি মন্ত্রিমহাশয় এটা গ্রহণ করবেন। এবং আর একটি অ্যামেন্ডমেন্ট আমি দিয়েছি যে, এম এল এ-দের সংখ্যা কমানোর জন্য। আশা করি এটাও মন্ত্রিমহাশয় গ্রহণ করবেন।

Mr. Speaker: There are amendments in the name of Shri Saroj Ranjan Karar—amendments No. 54 and 59. He is not here and so his amendments are not moved.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: আমি অ্যামেন্ডমেন্টগুলির বিরোধিতা করছি।

The motions of Shri Harasankar Bhattacharyya—

that in clause 37(1), in line 3, after the words "and specified Municipalities" the words "but including the areas included in the non-specified area" be inserted;

And

that after clause 37(1) the following new clause be added, namely:—

"37(1A) One member elected in the prescribed manner by the members of the Committees of the non-specified areas of the district.";

And

that in clause 37(2)(h), line 1, for the word "three" the word "six" be substituted.

And

that in clause 37(2)(j), line 1, for the word "six" the word "three" be substituted.

were then put and lost.

The motion of Shri Harasankar Bhattacharyya that in clause 37(2)(i), line 1, for the word "ten" the word "five" be substituted was then put and a division taken with the following result:—

Ayes

A. M. O. Ghani, Dr.
Basu, Shri Ajit Kumar (Hoog.).
Bhattacharyya, Shri Harasankar.
Ganguly, Shri Ajit Kumar.
Karan, Shri Rabindra Nath.
Mitra, Shrimati Ila.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.

Noes

Abdur Rauf Ansari, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Abul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri.
Aich, Shri Triptimay.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Mrityunjoy.
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharya, Shri Sakti Kumar.
Biswas, Shri Kartic Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Bijoy.
De, Shri Asamanja.
Dutta, Shri Hemanta.
Fazle Haque, Dr. Md.
Gayen, Shri Lalit.
Ghose, Shri Sankar.

Ghosh, Shri Prafulla Kanti.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
Mahbubul Haque, Shri.
Maitra, Shri Kashi Kanta.
Md. Safiullah, Shri.
Mitra, Shri Haridas.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Anil Krishna.
Mukhopadhaya, Shri Subrata.
Nurunnesa Sattar, Shrimati.
Palit, Shri Pradip Kumar.
Panja, Shri Ajit Kumar.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Santosh Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Sen, Shri Bholanath.
Singha, Shri Satyanarayan.
Sinha, Shri Atish Chandra.
Talukdar, Shri Rathin.
Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 9 and the Noes 42, the motion was lost.

The question that clause 37 do stand part of the Bill was then put and agreed to.

[1-10—1-20 p.m.]

Clauses 38 *and* 39

The question that clauses 38 and 39 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 40

Shri Harasankar Bhattacharyya: Sir, I beg to move that for clause 40(1) the following be substituted, namely:—

"(1) If because of any exigency there arises any difficulty in the election of any section of the representatives to the Council, that will not invalidate the functioning of the Council. The vacancies will be filled up in the ordinary procedure as soon as the conditions are created for such elections".

স্যার, সেই একই আশ্চর্যজনক ধারা। এই আশ্চর্যজনক ধারা আমি আশা কববো মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বদলে দেবেন। ধারাটা হচ্ছে, বোর্ডের ক্ষেত্রে গতকাল যেটা বলেছিলাম, এখানে কাউন্সিলের ক্ষেত্রে সেই একই ব্যাপার। কথাটা হচ্ছে, যদি কোন ইলেকসান নালিফায়েড হয়ে যায় বা ভণ্ডুল হয়ে যায়, তা হলে গভর্নমেন্ট আবার ইলেকসানের ব্যবস্থা না করে সেই ইলেকটেড মেম্বারের জায়গায় একজন মেম্বাব নমিনেট করে দিতে পারেন। এখানে ইণ্টারেস্ট হচ্ছে, আপনি ধারাটা একবার দেখুন, যদি কোন ইলেকসান ভণ্ডুল হয়ে যায়, কোন মেম্বারের ইলেকসান ইন দি কোর্ট অব ল অথবা অন্য কোন কারণে না হতে পারে, তা হলে—

A person appointed under this section shall be deemed to be a member of the Primary School Council duly elected by the authority concerned.

একজন মেম্বার তাকে নমিনেট করা হল যেন তিনি ইলেকটেড হয়েছেন, এটা আশ্চর্যজনক ধারা। একটা ইলেকসান হল না, ইন দি কোর্ট অব ল আটকে গেল, তারপব রার একজনকে নমিনেট করে বলা হল ধরে নেওয়া হবে তিনি ইলেকটেড হয়েছেন, এটা একটা অদ্ভুত ব্যাপার। আমি বলছি এটা করা উচিত নয়। ইলেকসান যদি ভন্ডুল হয়ে যায়, তা হলে ইলেকসান হয় নি বলে কাউন্সিল ইনভ্যালিডেটেড হবে না, কাউন্সিলের কাজকর্ম চলতে থাকবে, আবার ইলেকসানের কাজও চলতে থাকবে, তাড়াতাড়ি ইলেকসান হবে। আশা করি মাননীয় শিক্ষামন্ত্রী অবস্থাটা বুঝতে পারবেন। এখানে একটা লোক ইলেকটেড হল না, কিন্তু আইন করে বলা হচ্ছে, তাকে ইলেকটেড বলে ধরে নেওয়া হবে বা তাকে নমিনেট কবে বলা হচ্ছে ইলেকটেড বলে ধরে নিতে হবে—এটা আপনি একটু দেখুন। ৪০(২) টা দেখুন—

A person appointed under this section shall be deemed to be a member of the Primary School Council duly elected by the authority concerned.

তাকে নমিনেট করা হচ্ছে, করে তাকে ইলেকটেড বলে ধরে নিতে হবে—এটা একটা আশ্চর্যজনক ধারা। আমি আশা করি মাননীয় শিক্ষামন্ত্রী অবস্থাটা বুঝবেন। আমি এই জন্য আমার অ্যামেন্ডমেন্ট মুভ করলাম।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: আমি এটা বিরোধিতা করছি।

The motion of Shri Harasankar Bhattacharyya that for clause 40(1) the following be substituted, namely:—

"(1) If because of any exigency there arises any difficulty in the election of any section of the representatives to the Council, that will not invalidate the functioning of the Council. The vacancies will be filled up in the ordinary procedure as soon as the conditions are created for such elections",

was then put and lost.

The question that clause 40 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 41 *to* 51

The question that clauses 41 to 51 do stand part of the Bill was then put and agreed to.

Clause 52

Shri Harasankar Bhattacharyya: Sir, I beg to move that for clause 52(b) the following be substituted, namely:—

(b) the words "acts in a manner violating the basic principles of education and the principles of smooth functioning of the Council."

মাননীয় স্পীকার স্যার, কালকে এই ব্যাপারে বোর্ডের মেম্বারদের ক্ষেত্রে জিনিসটা আলোচনা হয়েছে। আমি আজকে আবার সেটা প্লেস করছি। সেটা হচ্ছে স্টেট গভর্নমেন্ট যেকোন নোটিফিকেসান দিয়ে যেকোন মেম্বারকে ইলেকটেড হোক বা নমিনেটেড হোক তাকে সরিয়ে দিতে পারবে যদি স্টেট গভর্নমেন্ট মনে করে দ্যাট মেম্বার অ্যাক্টস ইন এ ম্যানার প্রেজুডিশিয়েল টু দি ইন্টারেস্ট অব প্রাইমারী স্কুল কাউন্সিল—আফটার অল স্টেট গভর্নমেন্ট একটা পলিটিক্যাল অ্যাডমিনিস্ট্রেসান চালাচ্ছে। এই পলিটিক্যাল অ্যাডমিনিস্ট্রেসান একটা শিক্ষা বোর্ডের উপর কতটা হস্তক্ষেপ করবেন, কেন না কোন কারণ থাকুক বা না থাকুক। কোন বিশেষ কারণ যদি নাও থাকে যদি শুধুমাত্র স্টেট গভর্নমেন্ট মনে করে দ্যাট ইজ অ্যাকটিং প্রেজুডিশিয়েল টু দি

ইন্টারেস্ট অব দি কাউন্সিল, তা হলে তাকে সরিয়ে দিতে পারবে যেহেতু ওমিট করা যাবে না। টেকনিক্যালি ওমিট করার নিগেটিভ অ্যামেন্ডমেন্ট হয় নি। এই কারণে আমি একটি নূতন অ্যামেন্ডমেন্ট আনতে বাধ্য হচ্ছি সেটা হচ্ছে, এটাকে সফ্ট করে—

'The words "acts in a manner violating the basic principles of education and the principles of smooth functioning of the council."

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল অন্য একটি ধারার ক্ষেত্রে ঠিক এই রকম সংশোধনী প্রত্যাখ্যাত হয়েছে। আজকেও আমার যুক্তি ঠিক এই রকম। আমরা যে ক্লজ রেখেছি—

act in a manner prejudicial to the interest of the Primary School Council.

এই ক্লজ বলে অপসারণ করা আরো শক্ত। উনি যে ক্লজ দিয়েছেন তাতে অপসারণ করা সহজ হবে, সুতরাং আমি এই সংশোধনীর বিরোধিতা করছি।

The motion of Shri Harasankar Bhattacharyya that for clause 52(b) the following be substituted, namely:—

(b) the words "acts in a manner violating the basic principles of education and the principles of smooth functioning of the Council,"

was then put and lost.

The question that clause 52 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 53 *to* 59

The question that clauses 53 to 59 do stand part of the Bill was then put and agreed to.

Clause 60

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that for item (r) of sub-clause (1) of clause 60, the following item be substituted, namely:—

"(r) to exercise supervision and control over the primary schools and the work of the Welfare Committees; and".

Shri Mrityunjoy Banerjee: Sir, I accept the amendment.

The motion of Shri Gyan Singh Sohanpal that for item (r) of sub-clause (1) of clause 60, the following item be substituted, namely:—

"(r) to exercise supervision and control over the primary schools and the work of the Welfare Committees; and",

was then put and agreed to.

The question that clause 60 as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clauses 61 *to* 64

The question that clauses 61 to 64 do stand part of the Bill was then put and agreed to.

[1-20—1-30 p.m.]

Clause 65

Shri Timir Baran Bhaduri: Mr. Speaker, Sir, I beg to move that in clause 65(1)c, in lines 9 and 10, after the words "State Government" the words "but which shall in no way adversely affect the interest of the existing teachers and shall in no way be disadvantageous to the existing terms and conditions of service" be inserted.

Sir, I also move that in clause 65(2)c, line 3, the words "of atleast one year" be omitted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কথা হচ্ছে কালকে আমরা যে সমস্ত অ্যামেন্ডমেন্ট এনেছিলেম তাতে শিক্ষামন্ত্রী মহাশয় একটা ভাষা ব্যবহার করেছিলেন "প্রত্যাখ্যান করছি"। আজকে তিনি ভাষাটা একটু পাল্টেছেন এবং বলছেন "বিরোধিতা করছি"। সুতরাং এই বিষয়ে বলে আর কি বলবো। অ্যামেন্ডমেন্ট দিতে হয় দিচ্ছি। সুতরাং আমি আমার অ্যামেন্ডমেন্ট মুভ করছি।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ আমি এই সংশোধনের সঙ্গে একমত হতে পারছি না।

The motions of Shri Timir Baran Bhaduri—

that in clause 65(1)c, in lines 9 and 10, after the words "State Government" the words "but which shall in no way adversely affect the interest of the existing teachers and shall in no way be disadvantageous to the existing terms and conditions of service" be inserted.

And

That in clause 65(2)c, line 3, the words "for at least one year" be omitted.

were then put and lost.

The question that clause 65 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 66

The question that clause 66 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 67

Shri Timir Baran Bhaduri: Mr. Speaker, Sir, I beg to move that in clause 67(i)(f), the following be added, namely:—

"The Grievances and Appeal Committee."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার অ্যামেন্ডমেন্ট মুভ করছি।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ আমি এই অ্যামেন্ডমেন্টটা অপোজ করছি। তার কারণ, আপীল কমিটিতে গ্রীভান্স কমিটি বুঝিয়ে যাচ্ছে।

The motion of Shri Timir Baran Bhaduri that in clause 67(i)(f), the following be added, namely:—

"The Grievances and Appeal Committee."

was then put and lost.

The question that clause 67 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 68

The question that clause 68 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 69

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্লজ ৬৯, অ্যামেন্ডমেন্ট মুভ করছি—

Mr. Speaker, Sir, I beg to move that in clause 69(2), in line 4, after the words "School Council" the words "after taking into account the financial requirements for introducing universal free and compulsory Primary Education within the jurisdiction of the respective councils" be inserted.

I also move that in clause 69(2), in line 7, after the words "State Government" the words "said Budget estimates to be returned shall specify the reasons thereof" be inserted.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: আমি এই অ্যামেন্ডমেন্টের বিরোধিতা করছি।

The motions of Shri Timir Baran Bhaduri—

that in clause 69(2), in line 4, after the words "School Council" the words "after taking into account the financial requirements for introducing universal free and compulsory Primary Education within the jurisdiction of the respective councils" be inserted.

And

That in clause 69(2), in line 7, after the words "State Government" the words "said Budget estimates to be returned shall specify the reasons thereof" be inserted,

were then put and lost.

The question that clause 69 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 70 *and* 71

The question that clauses 70 and 71 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 72

Shri Timir Baran Bhaduri: Mr. Speaker, Sir, I beg to move that in clause 72, in line 26, after the word "Act" the words "Eighthly for supplying books equipment to students free of cost" be inserted.

এই যে অ্যামেন্ডমেন্টটা আমরা দিয়েছি সেখানে একটা ভুল হয়েছে. সেখানে রাইটলি বলে একটা কথা আছে। কিন্তু আমার অ্যামেন্ডমেন্টে সেটা এইট্থলি আছে। সুতরাং এটা এইট্থলি হবে। আমি আমার এই অ্যামেন্ডমেন্ট মুভ করছি।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: স্যার, আমি বিরোধিতা করছি।

The motion of Shri Timir Baran Bhaduri that in clause 72, in line 26, after the word "Act" the words "Eighthly for supplying books equipment to students free of cost" be inserted, was then put and lost.

The question that clause 72 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 73 *and* 74

The question that clauses 73 and 74 do stand part of the Bill was then put and agreed to.

Clause 75

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that in clause 75, in line 2, after the words "it may think fit" the words "as may be found necessary" be inserted.

I also beg to move that in clause 75, in line 3, after the words "Primary Education" the words "in order to ensure free, Primary Universal Compulsory Education in the respective jurisdiction in accordance with the approved Budget estimate" be inserted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্লজ ৭৫, অ্যামেন্ডমেন্ট নং ৭১ এবং ৭২-এ আমার যে অ্যামেন্ডমেন্ট তা আমি মুভ করছি।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৭১নং সংশোধনীতে যা বলা হচ্ছে তাতে আমাদের যেটা দেওয়া আছে তাই বোঝাচ্ছে, আর ৭২নং অ্যামেন্ডমেন্টের আমি বিরোধিতা করছি।

The motion of Shri Timir Baran Bhaduri that in clause 75, in line 2, after the words "it may think fit" the words "as may be found necessary" be inserted,

And

The motion of Shri Timir Baran Bhaduri that in clause 75, in line 3, after the words "Primary Education" the words "in order to ensure free, Primary Universal Compulsory Education in the respective jurisdiction in accordance with the approved Budget estimate" be inserted,

were then put and a division taken with the following results:

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.

Noes

A. M. O. Ghani, Dr.
Abdur Rauf Ansari, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Abul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri.
Aich, Shri Triptimay.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Mrityunjoy.
Bapuli, Shri Satya Ranjan.
Basu, Shri Ajit Kumar (Hoog.).
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharya, Shri Sakti Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Biswas, Shri Kartic Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Bijoy.
De, Shri Asamanja.
Dutta, Shri Hemanta.
Fazle Haque, Dr. Md.
Ganguly, Shri Ajit Kumar.

Gayen, Shri Lalit.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Prafulla Kanti.
Ghosh, Shri Sisir Kumar.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Hemram, Shri Kamala Kanta.
Karan, Shri Rabindra Nath.
Karar, Shri Saroj.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lakra, Shri Denis.
Mahbubul Haque, Shri.
Maitra, Shri Kashi Kanta.
Md. Safiullah, Shri.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Ila.
Molla Tasmatulla, Shri.
Mondal, Shri Amarendra.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhaya, Shri Subrata.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Nahar, Shri Bijoy Singh.
Nurunnesa Sattar, Shrimati.
Palit, Shri Pradip Kumar.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Roy, Shri Santosh Kumar.
Samanta, Shri Tuhin Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Sarkar, Dr. Kanai Lal.
Sen, Shri Bholanath.
Singha, Shri Satyanarayan.
Sinha, Shri Atish Chandra.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 2 and the Noes 61, the motions were lost.

The question that clause 75 do stand part of the Bill was then put and agreed to.

[1-30—1-40 p.m.]

Clause 76

The question that clause 76 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 77

Shri Harasankar Bhattacharyya: Sir, I am not moving my amendment.

The question that clause 77 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 78

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that in clause 78(2)(a) the following proviso be added, namely:

"Provided that the cess shall not be levied on a family with not more than 6 acres of land in irrigated area and 10 acres in a non-irrigated area."

Shri Harasankar Bhattacharyya: Sir, I beg to move that in clause 78(2)(b), line 1, for the words "fifty paise" the words "two hundred and fifty paise" be substituted.

I also beg to move that after clause 78(2)(c), the following be added, namely:

"(d) in respect of income from profession and calling five paise on each rupee on an annual income of more than rupees three thousand and six hundreds only."

I also beg to move that after clause 78(2)(c) the following be added, namely:

"(d) in respect of Jute Mills, not more than Rs. 2.50 on each bale of Jute sold annually; in respect of tea gardens not more than Rs. 10.00 on each tonne of tea sold annually."

I also beg to move that in clause 78(2)(c) the following be added, namely:

"(e) in respect of tramways, railways, State Transport and other immovable property as determined under Cess Act, 1880 at the rate of five paise on each rupee of annual net profit."

স্যার, আমি আমার সমস্ত অ্যামেন্ডমেন্ট মুভ করছি। আমার অ্যামেন্ডমেন্ট-এ আমি বলতে চাই যেখানে কয়লার ক্ষেত্রে আপনারা ৫০ পয়সা পার টন রেখেছেন আমরা এখানে

not more than Rs. 2.50 per ton.

বলছি। মণ প্রতি হিসাব করলে দেখবেন রাফলি ১০ পয়সা করে পড়ে। পশ্চিমবঙ্গে কয়লা একটা প্রধান সম্পদ। সার্বজনীন ও বাধ্যতামূলক শিক্ষা করার জন্য যে পরিমাণ কয়লা উত্তোলিত হয় তাতে মণ প্রতি ১০ পয়সা এমন একটা খুব বেশী ট্যাক্স নয়। মণ প্রতি ১০ পয়সা যদি আদায় করা যায়, তা হলে খুব ভালই হয় এবং তাতে সরকারের যথেষ্ট টাকা হবে। পরবর্তী অ্যামেন্ডমেন্ট হচ্ছে প্রাথমিক শিক্ষার জন্য আমি বলতে চাই—

in respect of income from profession and calling of five paise on each rupee on an annual income of more than rupees three thousand and six hundred only.

মাসে যাদের ৩০০ টাকার বেশী আয় তাদের কিছু দিতে হবে। যার যেরকম প্রফেসানও কলিং তার উপর—

not more than .05 p. on each rupee annually.

বছরে প্রতি টাকার উপর ৫ পয়সা খুব বেশী নয়। তারা দুর্গতদের শিক্ষার জন্য যারা চাকুরি ও ব্যবসা বাণিজ্য করে বছরে ৩০০ টাকার উপর আয় করেন তারা নিশ্চয় এই ব্যয়ভারটা বহন করতে পারবেন। এ যদি না হয় তা হলে সার্বজনীন প্রাথমিক শিক্ষার উন্নতি করা রাজ্য সরকারের আওতার মধ্যে থাকবে না। তারপর জুট মিল-এর ক্ষেত্রে বলতে চাই—

not more than Rs. 2.50 on each bale of Jute sold annually.

পশ্চিমবাংলা থেকে যত পাট বিক্রি হয় তার প্রতিটি বেল-এর উপর আড়াই টাকা বেশী নয়। স্টেট গভর্নমেন্ট বাই এ নোটিফিকেসান এটা এক টাকা করতে পারেন, ৫০ পয়সাও করতে পারেন —আড়াই টাকা আপার লিমিট। যে পরিমাণ পাট উৎপাদন হয় সেই পরিমাণ পাটের উপর—

not more than Rs. 2.50 p. per bale of jute sold annually.

চা-বাগানের ক্ষেত্রে আমাদের সাজেশন আছে, প্রতি টন চা যা তৈরি হয় তা হচ্ছে ১০ টাকার বেশী নয়। ১০ টাকার যে চা তৈরি হয় তার খরচ ১০ টাকার বেশী পড়ে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি হিসাব করেন, তা হলে দেখবেন, আমি সোজা হিসাবটা বলে দিই, এই পশ্চিমবাংলার চা-বাগানে ৪৮ মিলিয়ন কেজি চা উৎপাদন হয়। যদি কেজি প্রতি ৩ পয়সা করে ধরেন, তা হলে দেখবেন সাড়ে ১৪ কোটি টাকা পাওয়া যাবে। এটা প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন করবার জন্য রাজ্য সরকার পেতে পারেন। সুতরাং আমরা চাইছি যে, পশ্চিমবাংলার কমার্শিয়াল ক্রপের মধ্যে যে দুটো হচ্ছে প্রধান সে দুটো হচ্ছে জুট এবং টি। এদের উপর কর আরোপ করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সম্প্রতি রাজ কমিটির রিপোর্ট বের হয়েছে, সেই রিপোর্টে বার বার বলা হচ্ছে কমার্শিয়াল ক্রপের উপর ট্যাক্স ধার্য করা হোক। সেই ট্যাক্সেসান অন্তত সার্বজনীন শিক্ষা এবং বাধ্যতামূলক শিক্ষার জন্য আমরা করতে পারি। রাজ্য সরকার কমার্শিয়াল ক্রপসের উপর ট্যাক্স যদি না করেন, তা হলে পর আরো বেশী টাকা ওঠানো সম্ভব নয়। আমরা জানি যে, পাঞ্জাব কমার্শিয়াল ক্রপের উপরে ট্যাক্স বসিয়েছে। যেটা পাঞ্জাবে হতে পারে, আমরা সেটা জুট এবং টি-এর উপর করতে পারব না, এটা ঠিক নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি রাজনীতির ছাত্র হিসাবে এটুকু জানেন যে, জুট, টি এবং কোলের উপর যদি আমরা ট্যাক্সেসান না করতে পারি, তা হলে পরে রাজ্য সরকারের হাতে যথেষ্ট পরিমাণ অর্থ তুলে দিতে পারা যাবে না। তারপর ইমুভেবল প্রপার্টিজ যেখানে আছে ১৯৩০ সালে যে অ্যাক্ট প্রাইমারী এডুকেসন-এর জন্য আছে, প্রাইমারী এডুকেসন সেস, সেটা

net profits from tramways, railways and other immovable property as determined under the Cess Act, 1880.

১৯৩০ সালের পর থেকে এটা ১৯৭৩ সাল, আরো বেশী ট্যাক্সেসান হবার কথা এই সামাজিক ব্যয়ভার বহন করবার জন্য, অথচ এই বিল থেকে কেন জানি না ১৯৩০ সালের যে প্রগতিশীল ব্যবস্থা ছিল সেটিকেও বাদ দেওয়া হয়েছে, বাদ দিয়ে ট্রামওয়েজ, রেলওয়েজ, শুধু তাই নয়, স্টেট বাস পর্যন্ত এই সমস্ত কিছু ইমুভেবল প্রপার্টিজ-এর উপর একটা সেস বসানো উচিত, এটাই আমি মুভ করছি। আশা করি মাননীয় শিক্ষামন্ত্রী এটা গ্রহণ করবেন, কাল থেকে আমাদের কোন দাবিই তিনি মানছেন না, এটা ভাল জিনিস, এটাতে কোন বাধা দেখি না, সুতরাং এটা আশা করি উনি মানবেন। আর একটা জিনিস দেখছি যে, এস্টিমেটস কমিটি, তার ১৩ রিপোর্টে বলেছেন—

> The Committee would suggest that in order to meet such expenditure for according free education to the child population up to class VIII in the State, Government may impose education cess, tax on surcharges on land, property and profession at a rate not higher than that of Madras Corporation and municipalities and panchayats in Tamil Nadu.

মাদ্রাজে যেটা সম্ভব হয়েছে, পাঞ্জাবে যেটা সম্ভব হয়েছে, ওয়েস্ট বেঙ্গলে প্রাইমারী এডুকেসন বিল তো সব শিষে আসছে, সমস্ত বিলগুলির ভাল দিকগুলি নিয়েই তো আমাদের বিল রচিত হওয়া উচিত। আর এস্টিমেটস কমিটি, যেটা এই হাউসেরই কমিটি, তারা যে সাজেশন দিয়েছেন, যে রেকমেন্ডেশন দিয়েছেন গভর্নমেন্ট সেটা অন্তত মানবেন। এই সমস্ত বিচার করে আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব যে, তিনি অন্তত এই অ্যামেন্ডমেন্টটি গ্রহণ করবেন এবং রাজ্য সরকারের এক্সচেকারকে আরো বেশী রিচ করবেন এবং এই পশ্চিমবাংলার বাধ্যতামূলক সার্বজনীন প্রাথমিক শিক্ষার পথ প্রশস্ত করে দেবেন।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সংশোধনী প্রস্তাবের বিরোধিতা করছি, গতকাল সাধারণ বিতর্কের উত্তরে বলেছি যে, আমি এইসব খাজনাগুলিকে এই আইনের আওতায় আনতে চাই না, পরে সরকার ইচ্ছা করলে এই রকম খাজনা চাপিয়ে তার থেকে যে অর্থ হবে তা শিক্ষার উন্নতিকল্পে দিতে পারবেন, এই মর্মে যুক্তি দেখিয়েছিলাম।

[1-40—1-50 p.m.]

The motion of Shri Timir Baran Bhaduri that in clause 78(2)(a) the following proviso be added, namely:

"Provided that the cess shall not be levied on a family with not more than 6 acres of land in irrigated area and 10 acres in a non-irrigated area.",

was then put and a division taken with the following result:

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.

Noes

A. M. O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Aich, Shri Triptimay.
Bandopadhaya, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Bapuli, Shri Satya Ranjan.
Basu, Shri Ajit Kumar (Hoog.).
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharya, Shri Sakti Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Biswas, Shri Kartic Chandra.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Bijoy.
Das, Shri Bimal.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Hemanta.
Gayen, Shri Lalit.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Prafulla Kanti.
Ghosh, Shri Sisir Kumar.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Hemram, Shri Kamala Kanta.
Karan, Shri Rabindra Nath.
Karar, Shri Saroj.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lakra, Shri Denis.
Mahbubul Haque, Shri.
Md. Safiullah, Shri.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Ila.
Molla Tasmatulla, Shri.
Mondal, Shri Amarendra.

Mukherjee, Shri Sibdas.
Mukhopadhaya, Shri Subrata.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Nahar, Shri Bijoy Singh.
Nurunnesa Sattar, Shrimati.
Palit, Shri Pradip Kumar.
Panja, Shri Ajit Kumar
Patra, Shri Kashinath.
Roy, Shri Santosh Kumar.
Samanta, Shri Tuhin Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Sarkar, Dr. Kanai Lal.
Sen, Shri Bholanath.
Singha, Shri Satyanarayan.
Sinha, Shri Atish Chandra.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 2 and Noes 60, the motion was lost.

The motion of Shri Harasankar Bhattacharyya that after clause 78(2)(c), the following be added, namely:

"(d) in respect of income from profession and calling five paise on each rupee on an annual income of more than rupees three thousand and six hundreds only.";

And

The motion of Shri Harasankar Bhattacharyya that after clause 78(2)(c), the following be added, namely:

"(d) in respect of Jute Mills, not more than Rs. 2.50 on each bale of Jute sold annually; in respect of tea gardens not more than Rs. 10.00 on on each tonne of tea sold annually.",

were then put and a division taken with the following result:

Ayes

A. M. O. Ghani, Dr.
Basu, Shri Ajit Kumar (Hoog.).
Bhattacharyya, Shri Harasankar.
Das, Shri Bimal.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Karan, Shri Rabindra Nath.
Mitra, Shrimati Ila.
Mukhopadhyaya, Shrimati Geeta.

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Aich, Shri Triptimay.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Bapuli, Shri Satya Ranjan.
Bharati, Shri Ananta Kumar.

Bhattacharya, Shri Sakti Kumar.
Biswas, Shri Kartic Chandra.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Bijoy.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Hemanta.
Gayen, Shri Lalit.
Ghosh, Shri Prafulla Kanti.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Hemram, Shri Kamala Kanta.
Karar, Shri Saroj.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay, Kumar.
Lakra, Shri Denis.
Mahbubul Haque, Shri.
Md. Safiullah, Shri.
Mitra, Shri Haridas.
Molla Tasmatulla, Shri.
Mondal, Shri Amarendra.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhaya, Shri Subrata.
Nahar, Shri Bijoy Singh.
Nurunnesa Sattar, Shrimati.
Palit, Shri Pradip Kumar.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Roy, Shri Santosh Kumar.
Samanta, Shri Tuhin Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Saren, Shrimati Amala.
Sarkar, Dr. Kanai Lal.
Sen, Shri Bholanath.
Singha, Shri Satyanarayan.
Sinha, Shri Atish Chandra.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

Abstention

Bhaduri, Shri Timir Baran.

The Ayes being 9 and the Noes 50, the motions were lost.

The motions of Shri Harasankar Bhattacharyya—

that in clause 78(2)(b), line 1, for the words "fifty paise" the words "two hundred and fifty paise" be substituted.;

And

that in clause 78(2)(c) the following be added, namely:

"(e) in respect of tramways, railways, state transport and other immovable property as determined under the Cess Act, 1880 at the rate of five paise on each rupee of annual net profit.",

were then put and lost.

The question that clause 78 do stand part of the Bill was then put and agreed to.

Clause 79

Shri Timir Baran Bhaduri: I beg to move that in clause 79, lines 1 and 3, the words beginning with "in accordance" and ending with "in this behalf", be omitted.

I also beg to move that in clause 79, in line 5, after the word "Provide" the word "Universal" be inserted.

I also beg to move that in clause 79, in line 6, after the words "such area" the word and letter "by 1974" be inserted.

I also beg to move that in clause 79, line 8, for the wodrs "within such time" the words "in three months' time" be substituted.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: আমি এটা গ্রহণ করতে পারছি না।

The motions were then put and lost.

The question that clause 79 do stand part of the Bill was then put and agreed to.

Clause 80

The question that clause 80 do stand part of the Bill was then put and agreed to.

Clause 81

Shri Timir Baran Bhaduri: I beg to move that in clause 81(1), in line 3, after the word and letters "section 79" the words "three months' time" be inserted.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: আমি এটা অ্যাকসেপ্ট করতে পারলাম না।

The motion was then put and lost.

The question that clause 81 do stand part of the Bill was then put and agreed to.

Clause 82

Shri Timir Baran Bhaduri: I beg to move that in clause 82(1), in line 5, after the word "scheme" the words "in order to improve operational efficiency" be inserted.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: আমি এটা অপোজ করছি।

The motion was then put and lost.

The question that clause 82 do stand part of the Bill was then put and agreed to.

[1-50—2-00 p.m.]

Clause 83

Shri George Albert Wilson-de Roze: Sir, I beg to move that the following proviso be added to clause 83, namely:—

"Provided that nothing in this section shall apply to any school established or administered by any linguistic minority recognised as such by the State."

Sir, clause 83 reads as follows:—

"When a scheme sanctioned by the State Government comes into force in any area no fee shall be charged in respect of any child attending a primary school in such area managed or aided by the Primary School Council or a local authority or the State Government."

Sir, the language is very wide. Although the Hon'ble Minister yesterday stated that minority schools will not come within the scope of the Bill, the language of the clause is wide enough to include minority schools which receive any aid from the State. Sir, the concept of cultural autonomy was evolved in the USSR and evolved in the highest level—this was worked out by Stalin on the direction of many. In a socialist state the concept of cultural autonomy has the highest sanctity. Now each country has to evolve a concept of cultural autonomy in its own way to fit in with the circumstances. In India this concept of cultural autonomy has been set out in Articles 29 and 30 of the Constitution and each minority is entitled to evolve its own culture and in order to do so can establish and administer schools of its own choice. This is the way in which cultural autonomy has been brought into the Indian Constitution and, therefore, this is a right and guarantee to every minority. If the minorities exercise this right by establishing and administering schools of their own to bring up their children in their own culture then in that case they cannot be deprived of the same aid from the State as other communities would get. Therefore, Sir, this clause requires to have a proviso that this will not apply to minority schools, otherwise that very concept of cultural autonomy might be damaged and the assurance given by the Hon'ble Minister might not work out in practice because of the interpretation and the Hon'ble Minister will be ultimately in the hands of the administrators and of the Courts.

Shri Mrityunjoy Banerjee: Mr. Speaker, Sir, in the clause itself it comprehends only primary school which is managed and aided by the Primary School Council or a local authority or the State Government. If any school established by any liguistic minority comes within the scope of such a school to be managed or aided by Primary School Council or the State Government then only the scheme will apply. But if it is managed otherwise then evidently it will not be within its purview.

Therefore, I consider that this amendment is unnecessary.

The motion of Shri George Albert Wilson-de Roze that the following proviso be added to clause 83, namely:—

"Provided that nothing in this section shall apply to any school established or administered by any linguistic minority recognised as such by the State."

was then put and lost.

The question that clause 83 do stand part of the Bill was then put and agreed to.

Clause 84

The question that clause 84 do stand part of the Bill was then put and agreed to.

Clause 85

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that in clause 85(1)(a), in line 1, after the word "teacher" the word "teachers" be inserted.

I also beg to move that in clause 85(1)(b), line 1, for the word "one" the word "two" be substituted.

I also beg to move that in clause 85(e)(i) and (ii) be omitted.

Shri George Albert Wilson-de Roze: Sir, on the same principle I beg to move that the following proviso be added to clause 85, namely:—

"Provided that nothing in this section shall apply to any School established or administered by a linguistic minority recognised as such by the State."

Mr. Speaker: I understand that Shri Saroj Ranjan Karar is not going to move his amendment.

Shri Saroj Ranjan Karar: No, Sir, I am not moving the amendment.

Shri Harasankar Bhattacharyya: Sir, I beg to move that in clause 85(1)(9b), in line 1, after the words "assistant teacher" the words "and two such teachers, where the total number of the teachers exceeds five" be inserted.

I also beg to move that in clause 85(2), line 1, the words "and a secretary" be omitted.

I also beg to move that in clause 85(3), line 2, the word "Assistant" be omitted.

এখানে আমি বলতে চাচ্ছি এই যে ওয়েলফেয়ার কমিটির কম্পজিশনটা কি রকম হবে। এই ওয়েলফেয়ার কমিটির কম্পজিশন সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে যে, একজন অ্যাসিস্টান্ট টিচার-এর জায়গায় তাতে দু'জন অ্যাসিস্টান্ট টিচার নিন। তার মানে টিচার্স রিপ্রেজেন্টেশন এই ওয়েলফেয়ার কমিটিতে একজনের জায়গায় দু'জন থাক। এটা কলেজেও আছে, সেকেন্ডারী স্কুলে ৩ জন আছেন। প্রাইমারী শিক্ষকরা এমন কি অপরাধ করলেন যে একজন থাকবেন! তাই বলছি এখানে দু'জন শিক্ষক প্রতিনিধি থাক।

তারপর বক্তব্য হচ্ছে যে, সেক্রেটারী, প্রাইমারী স্কুলের হেডমাস্টার তিনি সেক্রেটারী হোন। অন্য কোন আলাদা একজন সেক্রেটারীর দরকার নাই।

তারপর এখানে হয়েছে কমিটির কম্পজিসনে সেক্রেটারী হবেন একজন বাইরের লোক। আর হেডমাস্টার মশায় অ্যাসিস্টান্ট সেক্রেটারী হবেন। আর সেখানে চাইছি ফর স্মুথ রানিং অব দি ইনস্টিটিউসন এই অ্যাসিস্টান্ট কথাটা উঠিয়ে দিন। হেডমাস্টার মশায় কমিটির সেক্রেটারী হোন। এটা সমস্ত স্কুলের ক্ষেত্রে হয়ে গেছে। অথচ কলেজের ক্ষেত্রেও হয়েছে। যদি প্রিন্সিপ্যাল সেক্রেটারী না হন, হেডমাস্টার সেক্রেটারী না হন, প্রথম থেকে যদি একজন সেক্রেটারী হন, তা হ'লে একটা কনফ্লিক্ট হবে। উপরে ডিস্ট্রিক্ট কাউন্সিল মেট্রোপলিটান, মিউনিসিপ্যাল কাউন্সিল আছে। আবার কোন বাইরের একজনকে ওয়েলফেয়ার কমিটির সেক্রেটারী ক'রে শিক্ষকদের ইনিসিয়েটিভ-এ বাধা দেওয়া বা অধিকার কার্টেল করার ব্যবস্থা করবেন? তাই চাচ্ছি তিনটি অ্যামেন্ডমেন্ট যে কম্পজিসান অব দি কমিটির ভেতর দু'জন শিক্ষক প্রতিনিধি থাকুক। সেক্রেটারী হেডমাস্টার হন ১০৫, ১০৬ এবং ১০৭ আমি মুভ করছি।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ৯১ নম্বর সংশোধনীতে মাননীয় তিমিরবরণ ভাদুড়ী মহাশয় যে প্রস্তাব রেখেছেন, তার তো মানে কিছু আমি বুঝতে পারছি না। একটা প্রাইমারী স্কুলে দু'জন হেড টিচার তিনি কোথা থেকে খুঁজে পেলেন বুঝতে পারছি না।

আর হরশংকরবাবু যেগুলি বললেন তার ও আমি বিরোধিতা করছি। প্রাইমারী বিদ্যালয় থেকে একজন হেড টিচার ও একজন অ্যাসিস্টান্ট টিচার আসছেন। সেখানে হেড টিচার

অ্যাসিস্টান্ট সেক্রেটারী হবেন। হেড টিচার সেখানে মোর অর লেস এক্স-অফিসিও হিসেবে থাকবেন। উনি যে সেখানে দু'-তিন জন টিচার রাখবার কথা বলেছেন, এর কোন যুক্তি নাই। কাজে কাজেই আমি এ সংশোধনীর বিরোধিতা করছি।

[2-00—2-10 p.m.]

The motions of Shri Timir Baran Bhaduri—

That in clause 85(1)(a), in line 1, after the word "teacher" the word "teachers" be inserted,

And

That in clause 85(1)(b), line 1, for the word "one" the word "two" be substituted,

And

That clause 85(e)(i) and (ii) be omitted,

were then put and a division taken with the following result:—

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Rai, Shri Deo Prakash.
Shish Mohammad, Shri.

Noes

A. M. O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Aich, Shri Triptimay.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Bapuli, Shri Satya Ranjan.
Basu, Shri Ajit Kumar (Hoog.).
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharya, Shri Sakti Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Biswas, Shri Kartic Chandra.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Bijoy.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Hemanta.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Hemram, Shri Kamala Kanta.
Karar, Shri Saroj.
Khan, Shri Gurupada.
Lakra, Shri Denis.
Mahbubul Haque, Shri.
Md. Safiullah, Shri.
Mitra, Shri Haridas.

Mitra, Shrimati Ila.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Amarendra.
Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Nahar, Shri Bijoy Singh.
Nurunnesa Sattar, Shrimati.
Palit, Shri Pradip Kumar.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Phulmali, Shri Lalchand.
Roy, Shri Santosh Kumar.
Sajjad Hussain, Shri Haji.
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shrimati Amala.
Sen, Shri Bholanath.
Sharafat Hussain, Shri Sheikh.
Singha, Shri Satyanarayan.
Sinha, Shri Atish Chandra.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

Abstention

Karan, Shri Rabindra Nath.

The Ayes being 4 and the Noes 57, the motions were lost.

The motion of Shri George Albert Wilson-de Roze that the following proviso be added to clause 85, namely:—

"Provided that nothing in this section shall apply to any school established or administered by a linguistic minority recognised as such by the State",

was then put and lost.

The motions of Shri Harasankar Bhattacharyya—

that in clause 85(1)(b), in line 1, after the words "assistant teacher" the words "and two such teachers, where the total number of the teachers exceeds five" be inserted,

And

that in clause 85(2), line 1, the words "and a secretary" be omitted,

were then put and lost.

The motion of Shri Harasankar Bhattacharyya that in clause 85(3), line 2, the word "Assistant" be omitted, was then put and a division taken with the following results:—

Ayes

A. M. O. Ghani, Dr.
Basu, Shri Ajit Kumar (Hoog.).
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Karan, Shri Rabindra Nath.
Mitra, Shrimati Ila.

Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Biswanath.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Phulmali, Shri Lalchand.

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Aich, Shri Triptimay.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Bapuli, Shri Satya Ranjan.
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharya, Shri Sakti Kumar.
Biswas, Shri Kartic Chandra.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Bijoy.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Hementa.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Hemram, Shri Kamala Kanta.
Karar, Shri Saroj.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lakra, Shri Denis.
Mahbubul Haque, Shri.
Md. Safiullah, Shri.
Mitra, Shri Haridas.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Amarendra.
Mukherjee, Shri Ananda Gopal.
Nahar, Shri Bijoy Singh.
Nurunnesa Sattar, Shrimati.
Palit, Shri Pradip Kumar.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Roy, Shri Santosh Kumar.
Sajjad Hussain, Shri Haji.
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shrimati Amala.
Saren, Shri Dasarathi.
Sen, Shri Bholanath.
Sharafat Hussain, Shri Sheikh.
Singha, Shri Satyanarayan.
Sinha, Shri Atish Chandra.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.

Abstention

Rai, Shri Deo Prakash.

The Ayes being 12 and the Noes 47, the motion was lost.

The question that clause 85 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 86

The question that clause 86 do stand part of the Bill was then put and agreed to.

Clause 87

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that in clause 87(2)(b), in line 2, after the words "of sickness" the words "or continuous starvation due" be inserted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আশা করি মন্ত্রিমহাশয় খানিকটা সম্মতি দেবেন। এখানে বলেছেন সিকনেসের কথা, আমি তার একটা ওয়ার্ড স্টারভেসান রাখতে চাইছি। আপনি তো জানেন দেশের অবস্থা কোথায়। অনেক সময় গ্রামাঞ্চলে ছাত্ররা আসতে পারে না ডিউ টু স্টারভেসান। আপনি এই কথাটা অন্তত গ্রহণ করবেন আশা করছি।

Shri George Albert Wilson-de Roze: Sir, I beg to move that the following proviso be added to clause 87(2)(c), namely:—

"Provided that for the purpose hereof education in any school established or administered by any linguistic minority recognised as such by the State shall be deemed to satisfactory."

Sir, this clause provides that in any area where a scheme sanctioned by the State Government comes into force, the guardian of every child, residing in the area, will have to cause his child to attend a primary school within the area. The recognised primary school, as defined under the Act, would exclude the minority schools. The result would be that no child will be able to attend a minority school. Every child will have to attend the recognised primary school within the area. Now, the State Government has reserved the power under sub-section (2) to declare, "that a child receiving education in some other manner declared to be satisfactory by the State Government", etc. etc. It might be that the State Government has intention to declare that education in the minority institution is satisfactory education for the purposes of this clause. But the fact is that, Sir, an assurance has been given by the Hon'ble Minister which binds only this Government, and when the question of interpretation of law comes up and even when nothing is said in this House, the assurance given by the Hon'ble Minister has no value in the interpretation of law. So, I am asking that this clause be clarified and that this assurance should be put into words and that has to be made abundantly clear in the Act itself that education in minority institutions, recognised as such, by the State Government is sufficient for the purpose of this clause to exempt such children from the operation of this portion of the Act. The reason as to why we do this is that the interpretation of this clause is not left to the Government, nor to any Court. The interpretation of this clause will be guided by the Welfare Committee in each school, that is to say, at a very low level. The result might be, the committee in each school will try to exceed the power and many people may be needlessly harrassed because of lack of authority in the Bill itself.

With these words, Sir, I move my amendment. Thank you, Sir.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তিমিরবাবুর সঙ্গে একমত হতে পারছি না যে, কনটিনিউয়াস স্ট্যারভেসান হবে। হবে না ব'লেই আমরা ধরছি।

As regards Shri Wilson-de Roze, I no doubt appreciate the quality of education in the institutions run by the minority community particularly the Anglo-Indian Community. But, unfortunately we cannot give a flat certificate like this on behalf of the Government; the Government will have to reserve the right about its opinion about the satisfactory or unsatisfactory nature of any institution which shall come within the scope of this Act. Therefore, I cannot agree to his amendment.

[2-10—2-20 p.m.]

The motion of Shri Timir Baran Bhaduri that in clause 87(2)(b), in line 2, after the words "of sickness" the words "or continuous starvation due" be inserted, was then put and a division taken with the following results:—

Ayes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Noes

A. M. O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Aich, Shri Triptimay.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Bapuli, Shri Satya Ranjan.
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Bhattacherjee, Shri Susanta.
Biswas, Shri Kartic Chandra.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Barid Baran.
Das, Shri Bijoy.
Dolui, Shri Hari Sadhan.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Hemanta.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Hembrom, Shri Benjamin.
Hemram, Shri Kamala Kanta
Karar, Shri Saroj.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lakra, Shri Denis.
Mahbubul Haque, Shri.
Md. Safiullah, Shri.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Ila.
Molla, Tasmatulla, Shri.

Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Nahar, Shri Bijoy Singh.
Nurunnesa Sattar, Shrimati.
Palit, Shri Pradip Kumar.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Phulmali, Shri Lalchand.
Ram, Shri Ram Peyare.
Roy, Shri Santosh Kumar.
Sajjad Hussain, Shri Haji.
Samanta, Shri Tuhin Kumar.
Saren. Shrimati Amala.
Sen, Shri Bholanath.
Sharafat Hussain, Shri Sheikh.
Singha, Shri Satyanarayan.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.

Abstention

Rai, Shri Deo Prakash.
Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 3 and the Noes 57, the motion was lost.

The motion of Shri George Albert Wilson-de Roze that the following proviso be added to clause 87(2)(c), namely:—

"Provided that for the purposes hereof education in any school established or administered by any linguistic minority recognised as such by the State shall be deemed to be satisfactory."

was then put and a division taken with the following result:—

Ayes

Wilson-de Roze, Shri George Albert.

Noes

A. M. O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Aich, Shri Triptimay.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Bapuli, Shri Satya Ranjan.
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharya, Shri Sakti Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Bhattacherjee, Shri Susanta.
Biswas, Shri Kartic Chandra.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.

Das, Shri Barid Baran.
Das, Shri Bijoy.
Dolui, Shri Hari Sadhan.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Hemanta.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Sisir Kumar.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Hembrom, Shri Benjamin.
Hemram, Shri Kamala Kanta.
Karan, Shri Rabindra Nath.
Karar, Shri Saroj.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lakra, Shri Denis.
Mahbubul Haque, Shri.
Mandal, Shri Arabinda.
Md. Safiullah, Shri.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Ila.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Nahar, Shri Bijoy Singh.
Nurunnesa Sattar, Shrimati.
Palit, Shri Pradip Kumar.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Phulmali, Shri Lalchand.
Ram, Shri Ram Peyare.
Roy, Shri Santosh Kumar.
Sajjad Hussain, Shri Haji.
Samanta, Shri Tuhin Kumar.
Sen, Shri Bholanath.
Sharafat Hussain, Shri Sheikh.
Singha, Shri Satyanarayan.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.

Abstention

Bhaduri, Shri Timir Baran.
Rai, Shri Deo Prakash.
Shish Mohammad, Shri.

The Ayes being 1 and the Noes 58, the motion was lost.

The question that clause 87 do stand part of the Bill was then put and lost.

Clauses 88 *to* 90

The question that clauses 88 to 90 do stand part of the Bill was then put and agreed to.

Clause 91

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that in clause 91(1), line 3, the words "appointed by the State Government" be omitted.

I also beg to move that in clause 91(1), in line 2, after the words "a person" the following words be added, namely:—

"three persons, one being the nominee of the employer, one the nominee of the employee, one to act as a Chairman, to be agreed to by both of the parties".

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ আমি এই অ্যামেন্ডমেন্টের বিরোধিতা করছি।

The motion of Shri Timir Baran Bhaduri that in clause 91(1), line 3, the words "appointed by the State Government" be omitted, was then put and lost.

The motion of Shri Timir Baran Bhaduri that in clause 91(1), in line 2, after the words "a person" the following words be added, namely:—

"three persons, one being the nominee of the employer, one the nominee of the employee, one to act as a Chairman, to be agreed to by both of the parties",

was then put and lost.

The question that clause 91 do stand part of the Bill was then put and agreed to.

Clause 92

Mr. Speaker: There is an amendment of Shri Saradindu Samanta on this clause. I understand he is not moving his amendment.

The question that clause 92 do stand part of the Bill was then put and agreed to.

[2-20—2-30 p.m.]

Clause 93

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that in clause 93(1), line 5, for the words "one year" the words "six months" be substituted.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সংশোধনীর সঙ্গে একমত হতে পারছি না।

The motion of Shri Timir Baran Bhaduri that in clause 93(1), line 5, for the words "one year" the words "six months" be substituted, was then put and lost.

The question that clause 93 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 94 *to* 98

The question that clauses 94 to 98 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 99

Shri George Albert Wilson-de Roze: Sir, I beg to move that the following proviso be added to clause 99, namely:—

"Provided that nothing in this section shall apply to any School established or administered by any linguistic minority recognised as such by the State."

Shri Mrityunjoy Banerjee: Sir, I have already given my arguments against amendments of this nature. So, I oppose this amendment.

The motion of Shri George Albert Wilson-de Roze that the following proviso be added to clause 99, namely:—

"Provided that nothing in this section shall apply to any School established or administered by any linguistic minority recognised as such by the State.",

was then put and a division taken with the following result:—

Ayes

Wilson-de Roze, Shri George Albert.
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Noes

A. M. O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Aich, Shri Triptimay.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Bapuli, Shri Satya Ranjan.
Basu, Shri Ajit Kumar (Hoog.).
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharya, Shri Sakti Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Biswas, Shri Kartic Chandra.
Chakraborty, Shri Gautam.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Barid Baran.
Das, Shri Bijoy.
Dolui, Shri Hari Sadhan.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Hemanta.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Prafulla Kanti.
Ghosh, Shri Sisir Kumar.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Hembrom, Shri Benjamin.
Hemram, Shri Kamala Kanta.
Karan, Shri Rabindra Nath.
Karar, Shri Saroj.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lakra, Shri Denis.
Mahbubul Haque, Shri.
Mandal, Shri Arabinda.
Md. Safiullah, Shri.

Md. Shamsuzzoha, Shri.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Ila.
Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Nurunnesa Sattar, Shrimati.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Phulmali, Shri Lalchand.
Ram, Shri Ram Peyare.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Santosh Kumar.
Sajjad Hussain, Shri Haji.
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shrimati Amala.
Sen, Shri Bholanath.
Sen, Shri Sisir Kumar.
Sharafat Hussain, Shri Sheikh.
Singha, Shri Satyanarayan.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.

The Ayes being 4 and the Noes 61, the motion was lost.

The question that clause 99 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 100 *to* 106

The question that clauses 100 to 106 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

Shri Harasankar Bhattacharyya: I beg to move that in Preamble, in line 3, after the word "compulsory" the following be inserted, namely:—

"Whereas the aim of school education is to create a new citizen who is able to command an over all view of the processes of production and social relations and to inspire the new generations with a deep sense of love of the motherland, a sense of identification with the interests of the masses, a spirit of struggle against all sorts of divisive and discriminatory ideas and practices and a belief in national unity and confidence in the nation's future; whereas the constitutional directives is to provide free compulsory elementary education to all children up to fourteen years of age, to provide which it is necessary to build up a system of schooling from pre-primary stage to the stage of class eight;

Whereas the immediate perspective it is necessary to universalise primary education up to class five."

মাননীয় স্পীকার স্যার, এতবড় একটা গুরুত্বপূর্ণ বিল কিন্তু এই বিলের প্রিএম্বলটা অত্যন্ত খারাপ ভাবে লেখা হয়েছে ইন ফ্যাক্ট প্রিএএম্বল-এ এতবড় গুরুত্বপূর্ণ বিলের যে উদ্দেশ্য হওয়া উচিত ছিল সেই উদ্দেশ্যটা কিছুমাত্র লেখা হয় নি। আমার অ্যামেন্ডমেন্ট-এ তাই এই বিলের উদ্দেশ্যটা কি হবে, লক্ষ্য কি হবে, সেই লক্ষ্যের অংশ রেখেছি। তা ছাড়া এই লক্ষ্যে পেঁছাবার জন্য সাংবিধানিক নির্দেশ কি হবে সেটাও উল্লেখ করেছি এবং সাংবিধানিক

নির্দেশ অনুযায়ী বর্তমানে আমরা কতটা করতে পারছি এটারও উল্লেখ করেছি। এই তিনটি যদি যুক্ত না হয়, তা হ'লে এই বিলের গুরুত্ব কমে যাবে। আমাদের অ্যামেন্ডমেন্টে বলা হয়েছে প্রাইমারী শিক্ষার উদ্দেশ্য কি? উদ্দেশ্য হচ্ছে একটা নতুন ধরনের নাগরিক তৈরি করা, যে নাগরিক তার আশেপাশের পরিবেশ উৎপাদন, চাষবাস, শিল্প, কৃষি—এই সমস্ত সম্পর্কে সচেতন হবে এবং সমাজ সম্পর্কে সচেতন হবে। এই সচেতনতা যদি না থাকে, যদি এটা সৃষ্টি করতে না পারি প্রকৃতি এবং সমাজ সম্পর্কে, তা হ'লে শিক্ষার লক্ষ্য সম্পূর্ণ হবে না। তা ছাড়া আমাদের শিক্ষার লক্ষ্য হচ্ছে একটা নতুন জেনারেশন তৈরি করা যে নতুন জেনারেশনের ভিতর দেশপ্রেম থাকবে, দেশকে ভালবাসতে শিখবে এবং দরিদ্র জনসাধারণ সকলের সম্পর্কে তারা যে আমাদের দেশের অংশ, সমাজের অংশ, এবং জনসাধারণের অংশ, জনসাধারণ থেকে বিচ্ছিন্ন নয়—এই বোধ তাদের মধ্যে আসবে এবং যতরকম পক্ষপাতমূলক ধ্যান-ধারণা আছে বা কু-সংস্কারমূলক ধ্যান-ধারণা আছে সেই সমস্ত ধ্যান-ধারণা থেকে মুক্ত হবে এবং কু-সংস্কারের বিরুদ্ধে সংগ্রাম করতে উদ্বুদ্ধ থাকবে এবং জাতির যে সংহতি সেই সংহতি এবং ঐক্যতার সম্পর্কে সচেতনতা আসবে—এই হচ্ছে শিক্ষার মূল লক্ষ্য। আমরা এই মূল লক্ষ্য বলবার জন্য বলেছি। দ্বিতীয় অংশে বলেছি, আমাদের সংবিধানে লেখা আছে যে, ১৪ বছর বয়স পর্যন্ত অর্থাৎ ক্লাস ৮ পর্যন্ত ফ্রি এবং কম্পালসারি এডুকেসান করতে হবে।

[2-30—2-40 p.m.]

এই সাংবিধানিক নির্দেশটুকু আমাদের বিলির প্রিএম্বলে উল্লেখ থাকার দরকার। তারপর সবশেষে আছে যে ইমিডিয়েটলি পার্সপেকটিভ, এই সংবিধানের নির্দেশ এই বিলে সম্পূর্ণ রূপে আনতে পারছে না। ইমিডিয়েটলি পার্সপেকটিভ হচ্ছে যে পঞ্চম শ্রেণী পর্যন্ত যে সার্বজনীন প্রাথমিক শিক্ষা তাকে অবৈতনিক করা, এই তিনটি ভাগ করা। একটা হচ্ছে, শিক্ষার মূল লক্ষ্য। এটা সংবিধানের নির্দেশ। আর একটা হচ্ছে, এই বিলে কতটুকু করতে চাচ্ছেন এই তিনটি ভাগে ভাগ ক'রে প্রি-এম্বেল করা। সর্বশেষ অংশ হচ্ছে—

> "Whereas the aim of school education is to create a new citizen who is able to command an over all view of the processes of production and social relations and to inspire the new generations with a deep sense of love of the motherland, a sense of identification with the interests of the masses, a spirit of struggle against all sorts of divisive and discriminatory ideas and practices and a belief in national unity and confidence in the nation's future; whereas the constitutional directives is to provide free compulsory elementary education to all children up to fourteen years of age, to provide which it is necessary to build up a system of schooling from pre-primary stage to the stage of class eight;
>
> Whereas the immediate perspective it is necessary to universalise primary education up to class five."

এটা প্রি-এম্বলের সঙ্গে যুক্ত করা দরকার। এই বিলের গুরুত্ব অনুযায়ী যুক্ত থাকলে পরে বিলটা সম্পূর্ণ হতে পারে। আমি আশা করি শিক্ষামন্ত্রী মহাশয় সর্বশেষ এটাকে গ্রহণ করবেন।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ এই সংশোধনীটাতে অনেক ভাল ভাল কথা, অনেক ভাল ভাল নীতি আছে। আমি সেইগুলির প্রশংসা করছি, মাথায় তুলে রাখছি। আমাদের সংবিধানের অনেক ভাল ভাল নীতি আছে, তবে আইনের মুখবন্ধে এই রকম বিস্তীর্ণ একটা উপক্রমণিকা আছে ব'লে আমি মনে করি না। তা ছাড়া প্রাথমিক শিক্ষা বিলে সব ভাল ভাল নীতিগুলি যদি দিয়ে দিই, তা হ'লে অন্য শিক্ষা বিলে আর কিছু দেবার থাকবে না। এই কারণে এই সংশোধনীটা আমি গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Harasankar Bhattacharyya that in Preamble, in line 3, after the word "compulsory" the following be inserted, namely:—

> "Whereas the aim of school education is to create a new citizen who is able to command an over all view of the processes of production and

social relations and to inspire the new generations with a deep sense of love of the motherland, a sense of identification with the intersts of the masses, a spirit of struggle against all sorts of divisive and discriminatory ideas and practices and a belief in national unity and confidence in the nation's future; whereas the constitutional directives is to provide free compulsory elementary education to all children up to fourteen years of age, to provide which it is necessary to build up a system of schooling from pre-primary stage to the stage of class eight;

Whereas the immediate perspective it is necessary to universalise primary education up to class five."

was then put and lost.

The question that Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Mrityunjoy Banerjee: Sir, I beg to move that the West Bengal Primary Education Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion of Shri Mrityunjoy Banerjee that the West Bengal Primary Education Bill, 1973, as settled in the Assembly be passed, was then put and a division taken with the following result:—

Ayes

A. M. O. Ghani, Dr.
Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Aich, Shri Triptimay.
Bandopadhayay, Shri Shib Sankar.
Bandyopadhyay, Shri Sukumar.
Banerjee, Shri Mrityunjoy.
Bapuli, Shri Satya Ranjan.
Basu, Shri Ajit Kumar (Hoog.).
Bharati, Shri Ananta Kumar.
Bhattacharya, Shri Sakti Kumar.
Bhattacharyya, Shri Harasankar.
Biswas, Shri Kartic Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Dolui, Shri Hari Sadhan.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Hemanta.
Ghosal, Shri Satya.
Ghosh, Shri Prafulla Kanti.
Ghosh, Shri Sisir Kumar.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Hatui, Shri Ganesh.
Hembrom, Shri Benjamin.
Hemram, Shri Kamala Kanta.
Karan, Shri Rabindra Nath.
Karar, Shri Saroj.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lakra, Shri Denis.
Mahbubul Haque, Shri.

Mandal, Shri Arabinda.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Ila.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Anil Krishna.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Sibdas.
Mukhopadhaya, Shri Subrata.
Nurunnesa Sattar, Shrimati.
Panja, Shri Ajit Kumar.
Patra, Shri Kashinath.
Phulmali, Shri Lalchand.
Pramanik, Shri Puranjoy.
Ram, Shri Ram Peyare.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Santosh Kumar.
Sajjad Hussain, Shri Haji.
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shrimati Amala.
Sen, Shri Bholanath.
Sen, Shri Sisir Kumar.
Sharafat Hussain, Shri Sheikh.
Singha, Shri Satyanarayan.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.

Noes

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Abstention

Wilson-de Roze, Shri George Albert.
Deo Prakash Rai.

The Ayes being 60 and the Noes 3, the motion was carried.

The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1973

Shri Mrityunjoy Banerjee: Sir, I beg to introduce the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1973.

(Secretary then read the title of the Bill.)

Shri Mrityunjoy Banerjee: Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1973, be taken into consideration.

[2-40--2-50 p.m.]

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রস্তাব করছি পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ সংশোধনী বিল, ১৯৭৬* বিবেচনা করা হোক। এই প্রসঙ্গে আপনার অনুমতি ক্রমে আমি দু একটি কথা এই হাউসের সামনে রাখতে চাই। আপনারা জানেন যে, আমরা মাধ্যমিক শিক্ষার কাঠামো সম্পূর্ণভাবে পরিবর্তন করব এই সিদ্ধান্ত গ্রহণ করেছি। এতদিন যে কাঠামো চলছে তাতে মাধ্যমিক শিক্ষা পর্ষদ কর্তৃক দু'টি পরীক্ষা নেওয়া হয়—একটা উচ্চতর

মাধ্যমিক পরীক্ষা, আর একটা স্কুল ফাইনাল পরীক্ষা। এরপর ছেলেরা কলেজে গিয়ে কেউ পি ইউ পড়ে, কেউ থ্রি-ইয়ার ডিগ্রী কোর্সে চলে যায়। আমরা এই মাধ্যমিক কাঠামো বা ইন্টারমিডিয়ারি স্টেজ-এর পরিবর্তন করতে বলছি। যেসব ক্লাস ১১ তাতে ক্লাস ১২ যোগ করে একাদশ ও দ্বাদশ শ্রেণী এই দুই সম্বলিত করে একটা স্টেজ হবে। এটা ব্যবস্থা করার উদ্দেশ্য আমরা যে কাঠামো পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছি সেটা যাতে রূপায়িত করতে পারি তার জন্য এনেব্লিং মেজার হিসাবে ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেণ্ডারি এডুকেসন বিল-এর সংশোধনী করছি। এর ফলে যারা ক্লাস ১১ এবং ক্লাস ১২ পাশ ক'রে যাবে তাদের একটা স্বতন্ত্র সার্টিফিকেট দেবার ব্যবস্থা করা হবে। ঠিক কোথায় কোথায় এসব পড়ান হবে সেটা এখনও আমরা ঠিক করি নি। এই কথা ব'লে আপনার মাধ্যমে এই সংশোধনী বিলকে সমর্থন করার জন্য আমি সদস্যদের অনুরোধ করছি।

Mr. Speaker: There are motions for circulation of the Bill by Shri A. H. Besterwitch, Shri Timir Baran Bhaduri, Shri Shish Mohammad, Shrimati Ila Mitra and Shri Harasankar Bhattacharyya. The motions are in order. I call upon Shri Shish Mohammad to speak.

Shri Shish Mohammad: Mr. Speaker, Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th day of May, 1973.

শ্রীশীশ মহম্মদঃ স্যার, পশ্চিমবঙ্গ মাধ্যমিক পর্ষদ (সংশোধন) বিধেয়ক, ১৯৭৩ যা এই হাউসে উত্থাপন করা হয়েছে তাতে বলা হয়েছে "সরকার কর্তৃক এই শব্দগুলির পর অথবা কোন সাংবিধিক প্রতিষ্ঠান কর্তৃক এই শব্দগুলি সন্নিবিষ্ট হইবে।" খুব সামান্য একটা সংশোধনী আনা হয়েছে, শিক্ষা সংক্রান্ত বিরাট বিরাট সমস্ত সমস্যা পড়ে থাকল, আর সামান্য একটা স্ট্যাটুটরি বডি এটা নিয়ে আসার জন্য একটা বিল নিয়ে আসা হল। এইভাবে চোরাগোপ্তা আকারে এক একটা জিনিস আসছে এর অর্থ আমরা কিছুই বুঝতে পারছি না। আমার মনে হয় সরকার বুঝেছেন যে, তাঁদের ২১৭ জন আছেন—ব্রুট মেজরিটি—সেহেতু যাই বলবেন তাই করবেন এবং সেটাই মঞ্জুর হয়ে যাবে। এইভাবে একটা স্ট্যাটুটরি বডি-র সংশোধন আনা হ'ল। কলেজ, মাধ্যমিক স্কুল, জুনিয়র স্কুলগুলির মধ্যে বহু সমস্যা আছে যেগুলির সংশোধন করা একান্ত দরকার এবং অবশ্য করণীয়। কিন্তু সেসব দিকে সরকার দৃষ্টি দেন না। অথচ গিনিপিগ হিসাবে একটা জেনারেশনকে নষ্ট করা হচ্ছে। ১৯৬৩ সালে হাইয়ার সেকেন্ডারি সিসটেম যখন চালু করা হ'ল, তখন দেখা গেল কতকগুলি ছেলেকে গিনিপিগ হিসাবে ব্যবহার ক'রে একটা জেনারেশনকে নষ্ট করা হ'ল। এবিষয়ে শিক্ষকদের সঙ্গে একটা আলোচনা করার প্রয়োজন বোধ ক'রেন না। এই বিলই আবার কদিন পরে নিয়ে আসবেন রাটন্ডা হলে, বসে আলোচনা করে কেবিনেট-এর ডিসিসন নিয়ে আসবেন এবং আমাদের কিছু বলার এক্তিয়ার থাকবে না।

এই যে হায়ার সেকেন্ডারী থেকে কমিয়ে কতকগুলিকে ক্লাস ১০-এ নিয়ে চলেছেন আবার কতকগুলিকে খানিকটা প্রোমোসান দিয়ে ১২ ক্লাসে নিয়ে যাওয়ার জন্য, তার জন্য সার্টিফিকেট দেওয়ার জন্য একটা নতুন সংশোধনী বিল নিয়ে এসেছেন, এই সময়ের মধ্যে কতকগুলি ছেলের যে অপরিমেয় ক্ষতি হয়ে যাবে সেদিকে মাননীয় মন্ত্রিমহাশয় লক্ষ্য রাখেন নি এবং রাখার প্রয়োজন মনে করেন নি। কাজেই এতে সঙ্কীর্ণতার পরিচয় দেওয়া হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হায়ার সেকেন্ডারী স্কুলগুলিতে কি সমস্যা আছে দেখুন, আজকে স্কুলের শিক্ষকদের বেতন সম্বন্ধে কোন প্রকার ব্যবস্থা করা হয় নি, তাঁরা মাসের ১লা তারিখে বেতন পান না। সেকথা চিন্তা করার কোন প্রয়োজন বোধ করলেন না, এসে গেল স্ট্যাটুটরী বডি। শিক্ষকরা মাত্র ৮ টাকা ডি এ পাচ্ছেন, অথচ প্রত্যেক দিন দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে। সেদিকে উনি চিন্তা করলেন না, চিন্তা করলেন স্ট্যাটুটরি বডির কথা। আজকে হায়ার সেকেন্ডারী স্কুলের শিক্ষকদের, কলেজের শিক্ষকদের কি অবস্থা, তাঁদের ২৯টি ক্লাস নিতে হয় ১ সপ্তাহের মধ্যে। কত পরিশ্রম তাঁদের করতে হয় অথচ সামান্য বেতনের মধ্য

দিয়ে তাঁদের জীবিকা নির্বাহ করতে হয়। এই সরকার নিয়ম করেছিলেন যে, ১৯৬৬ সালে যাঁদের চাকরির বয়স পূর্ণ হয়ে গেছে ১০ বছর কিংবা ৪০ বছর বয়স পূর্ণ হয়ে গেছে তাঁদের বি টি ট্রেনিং না নিলেও বি টি-র স্কেল দেওয়া হবে, কিন্তু তারপরে ১ দিন হয়ে গেলে আর নয়। এটা কোন দেশী রীতি? এই সমস্ত জিনিসগুলির দিকে না তাকিয়ে আনলেন স্ট্যাটুটরী বডি। এইভাবে চোরগোপ্তা পথে বিল না নিয়ে এসে আরো যে সমস্যা আছে সেই সমস্যাগুলি তুলে ধরুন, সেই সমস্যা সমাধানের জন্য এগিয়ে আসুন। কিন্তু এগিয়ে আসার কোন প্রয়োজন বোধ করেন নি, কেবল নিয়ে এসেছেন সামান্য এতটুকু একটা জিনিস। এতটুকু জিনিসের জন্য যে বিরাট আকারে ঢাক পিটিয়ে দিয়েছেন তাতে মনে হচ্ছে ঢাক থেকে ঢাকের বাজনাটা বেশী। মাননীয় স্পীকার মহাশয়, বাসনা হয়ত ছিল এই বিলকে সাপোর্ট করব, কিন্তু যেহেতু বৃহৎ বৃহৎ সমস্যাকে অ্যাভয়েড করে গিয়ে সামান্য এতটুকু জিনিস নিয়ে তিনি বিধানসভায় উত্থাপন করেছেন সেহেতু আমি এই বিলকে সমর্থন করতে পারছি না। সেই কারণে আমি আমার মোশান মুভ করছি এবং এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shrimati Ila Mitra: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st September, 1973.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অ্যামেন্ডমেন্ট বিল আনার সময় এর স্টেটমেন্ট অব অবজেক্টস্ অ্যান্ড রিজিনস্-এ কিন্তু ব'লে দেওয়া হয় নি যে, এই স্ট্যাটুটরী বডি কি হবে। কিন্তু অ্যামেন্ডমেন্ট আনা হচ্ছে, মূল বিলে স্ট্যাটুটরী বডি যোগ ক'রে দেওয়া হচ্ছে। শুনতে খুব ছোট্ট কথা কিন্তু এর পিছনে যে কারণ আছে সেটা আমি সংক্ষেপে বলতে চাই। আমি বলতে চাই যে, আমাদের সিদ্ধান্ত হয়েছে যে, ১১ ক্লাস তুলে দেওয়া হচ্ছে এবং ১৯৭৪ সাল থেকে শুধু ক্লাস টেন পর্যন্ত পরীক্ষা দিতে পারবে, ১১ ক্লাস আর থাকবে না এবং এখন সরকার পক্ষ থেকে ইনিসিয়েটিভ নিয়ে আলোচনা চলছে, কতকগুলি সেমিনার হয়েছে, সেই সেমিনারে আমরাও উপস্থিত আছি, সেখানে আলোচনা চলছে এবং এই যে ১০ ক্লাস এটা হয়ে যাওয়ার পর ১১ এবং ১২ ক্লাস এই দুটো ক্লাস কি স্কুলের সংগে থাকবে, না সেটা কলেজের সংগে যুক্ত হবে সে সম্বন্ধে আলোচনা চলছে এবং সেই আলোচনাতে শিক্ষামন্ত্রী, মুখ্যমন্ত্রী সকলেই উপস্থিত ছিলেন, সেখানে পরিষ্কারভাবে আমাদের পক্ষ থেকে আমরা বলেছি যে, এই দুটি শ্রেণীকে স্কুলের সংগে রাখা উচিত নয়, একে কলেজের সংগে যুক্ত ক'রে দেওয়া উচিত, ইউনিভার্সিটির আন্ডারে থাকা উচিত। এবং সেই সেমিনার যখন হচ্ছিল তখন কাগজে

[2-50—3-00 p.m.]

দেখলাম যে, ৮ লক্ষ টাকা খরচ ক'রে এই ইনটারমিডিয়েট বোর্ড তৈরি করবার কথা গভর্নমেন্ট ভাবছেন। সেই সময় আমাদের সেমিনার চলছিল এবং সেই সেমিনারে আমরা বলেছিলাম কেন এই ৮ লক্ষ টাকা খরচ ক'রে এই বোর্ড তৈরি হবে? যেখানে প্রাথমিক শিক্ষা হচ্ছে না, প্রি-প্রাইমারী বাচ্চা ছেলেদের আমরা পড়া-শুনার মধ্যে আনতে পারছি না, সেখানে গভর্নমেন্টের যদি ৮ লক্ষ টাকা উদ্বৃত্ত থাকে, তা হ'লে সেই টাকা প্রাইমারী এবং প্রি-প্রাইমারীর জন্য খরচ করা হোক এবং এই দুটি ক্লাস নিয়ে কলেজের সংগে যুক্ত করা হোক। আমরা এই সম্পর্কে কারণ দেখিয়েছিলাম শুধুমাত্র ইনটারমিডিয়েট বোর্ডের আন্ডারে যদি এই দুটি ক্লাস থাকে, তা হ'লে টিচার বা লেকচারের দিক থেকে ম্যানপাওয়ার ওয়েস্ট হবে। আমরা যাঁরা কলেজে অধ্যাপনা করি আমাদের ২৪টি ক'রে ক্লাস নেবার কথা। কিন্তু মাত্র দু'টি ক্লাসের জন্য যদি আবার একটা স্ট্যাটুটরী বোর্ড হয় এবং তার আন্ডারে যদি এই দু'টি ক্লাস থাকে, তা হ'লে এই সমস্ত লেকচারারদের ওয়েস্টেজ হবে এবং গভর্নমেন্টের টাকা বেশী খরচ হবে। কাজেই আমরা এর বিরোধিতা করেছিলাম এবং পরিষ্কারভাবে বলেছিলাম, ইউনিভার্সিটির অথরিটির আন্ডারে এই দু'টি ক্লাস কলেজের সংগে যুক্ত করা হোক। আমরা মেজরিটি এই অভিমত প্রকাশ করেছিলাম এবং গভর্নমেন্টের পক্ষ থেকে কোন সিদ্ধান্ত ঘোষণা করা হয় নি। আমরা আমাদের অভিমত প্রকাশ করতে গিয়ে এইসব কথা বলেছিলাম। আজকে যখন এই বিল আসছে এবং হঠাৎ কাগজে দেখলাম—কোন কাগজ মনে নেই—গভর্নমেন্ট একটা ইন্টারমিডিয়েট

বোর্ড করতে যাচ্ছেন অর্থাৎ এই স্ট্যাটুটরী বডি যার কথা এই বিলে উল্লেখ করেছেন। আমরা এটা দেখে অবাক হয়েছি। আমি জানি এটা একটা ছোট বিল এবং আধ ঘণ্টার মধ্যে হয়ে যাবে, এটা এমন কিছু নয়। আমার বক্তব্য হচ্ছে, এটা যখন গভর্নমেন্টের আলোচনার স্তরে রয়েছে, সমস্ত শিক্ষাবিদদের নিয়ে আলোচনা করছেন এবং এটা যখন ওয়েলকাম করবার জিনিস, তখন দেশের সমস্ত লোকের মতামত নিন, কারণ থ্রি-ইয়ার ডিগ্রি কোর্স এবং ইলেভেন ক্লাস ফেইলহওর হয়েছে। আমরা তখন বিরোধিতা করেছিলাম, কিন্তু তখন একগুয়েমি ক'রে এই সমস্ত জিনিস চালু করে এইসব করা হয়েছিল। কাজেই আমরা যদি কিছু কাজ করতে চাই, তা হ'লে সকলের মতামত নিয়েই সেটা করা উচিত এবং ভুল করলে শুধরে নেব। কাজেই যখন কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয় নি, তখন এই স্ট্যাটুটরি বোর্ড করে আমাদের হাত-পা বেঁধে কেন এই কাজ করবেন বুঝতে পারছি না। এখনও সেমিনার চলছে, কাজেই জনমত সংগ্রহের জন্য অপেক্ষা করুন এবং সকলের মতামত নিন এবং মেজোরিটি মিলে যেটা ওয়াইজ সিদ্ধান্ত হবে সেটা গ্রহণ করুন, আর একটু সময় নিন। একথা ব'লে সার্কুলেট করবার জন্য আমি যে সংশোধনী দিয়েছি সে সম্বন্ধে আমার বক্তব্য রাখলাম।

শ্রীহেমন্ত দত্তঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে সেকেন্ডারী এডুকেসন বিল যেটা এসেছে তার সমর্থনে কিছু বক্তব্য রাখছি। আমাদের প্রথমে ক্লাস টেন পর্যন্ত ক্লাস ছিল তারপর দীর্ঘ কয়েক বছর ধরে উচ্চতর মাধ্যমিক ক্লাস চলছে। এতে দেখলাম ক্লাস এইট পর্যন্ত পড়াশুনা করে ক্লাস নাইন থেকে সাবজেক্ট চয়েস-এর অধিকার ছিল ছেলেদের এবং তাতে ৮টি স্ট্রিম ছিল এবং ছেলেরা তাদের চয়েস মত সাবজেক্ট নিতে পারত। কিন্তু দেখা গেল ক্লাস এইটে যে ছেলেরা পড়াশুনা করে তাতে তাদের যা বয়স সেটা বিষয় নির্বাচনের পক্ষে যথেষ্ট নয়। কাজেই আমাদের চিন্তা করতে হবে যে, ১০ শ্রেণীর পর ১১ শ্রেণী থেকে তাদের বিষয় নির্বাচনের সুযোগ দেওয়া উচিত। ভারতবর্ষের অন্যান্য প্রদেশে দেখেছি সেখানে ডিগ্রি কোর্স লাভ করতে হলে অনেক জায়গায় ১৫।১৬ বছর বয়স আছে এবং সেইভাবেই ক্লাস নেওয়া হয়। কিন্তু আমরা যে একাদশ শ্রেণী পর্যন্ত করেছিলাম তার ফলে আমরা দেখেছি যে, যথেষ্ট ভাল ফল পাই নি। তার জন্য জাতীয় সংহতি সারা ভারতবর্ষে এল রাউন্ড ডেভালপমেন্ট ছাত্রদের একই ধাঁচে ঢালবার জন্য একই শিক্ষাব্যবস্থা ভারতবর্ষে প্রচলিত হওয়া উচিত। আজকে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী যে বিল এনেছেন সেটা আমি সমর্থন করি। এবং যেসমস্ত স্কুল যা অনেক টাকাকড়ি নিয়ে বিল্ডিং বা অনেক যন্ত্রপাতি করেছিলেন সেই স্কুলগুলি যারা সেন্ট্রালি সিচুয়েটেড সেই সমস্ত স্কুলগুলিকে সুযোগ দেওয়া উচিত বলে আমি মনে করি। তবে অনেক শিক্ষকদের মনে আশংকা জেগেছে যে, যেসমস্ত স্কুল এগার শ্রেণী ছিল তাদের যদি দশম শ্রেণীতে নামিয়ে দেওয়া যায়, তা হলে যেসমস্ত স্কুলে তিন চার বা পাঁচ রকমের স্ট্রিম ছিল তাদের শিক্ষকরা কোথায় যাবেন। এই সম্পর্কে তারা যথেষ্ট ভীত হয়ে পড়েছেন। তা ছাড়া আমাদের যদি অন্য একটা সংস্থা হয়, তা হলে আরেকটা সংস্থার অধীনে পরিচালিত হবে। আর আমাদের সেকেন্ডারী স্কুলগুলি এটা ম্যানেজিং কমিটির আন্ডারে আছে, সুতরাং এই সমস্ত স্কুল থেকে যেসমস্ত নতুন সেট আপ হচ্ছে সেখানে যেতে হলে শিক্ষকদের নিয়োগপত্র কারা দেবেন বা এই স্কুল থেকে অন্য স্কুলে তাদের নিতে পারা যাবে কিনা বা তাদের যেসমস্ত সার্ভিস কন্ডিশান আছে সেগুলি পূরণ করতে পারবে কিনা। এ সম্পর্কে যথেষ্ট বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব যাতে এই সম্পর্কে কোন অসুবিধা না হয় সেদিকে তিনি দৃষ্টি দেবেন। কয়েক-দিন আগে আমাদের এখানে রোটান্ডাতে সেমিনার হয়েছিল তাতে বিভিন্ন শিক্ষাবিদদের মতামত নেওয়া হয়েছিল, যারা সিলেবাস করবেন সেই সমস্ত সিলেবাস যাতে প্রোডাকটিভ হয় বা জীবন-মুখী হয় যাতে ভবিষ্যতে যে আদর্শের জন্য আমরা এই নতুন বিল আনছি সেই দৃষ্টিভঙ্গি যাতে থাকে সেই উদ্দেশ্যে যাতে শিক্ষা আদর্শমুখী বা জব-অরিয়েন্টেড বা প্রোডাকটিভিটি-অরিয়েন্টেড করতে পারি সেই বিষয়ে ভেবে যাতে সিলেবাস তৈরি হয় সেদিকে নজর রাখবার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি এবং এই বিলকে সমর্থন জানাচ্ছি।

শ্রীতপন চ্যাটার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেটা আমি সমর্থন করে দুই-একটি কথা বলতে চাই। দীর্ঘদিন আলোচনা করে ১৯৬০ সালে হায়ার সেকেন্ডারী সিস্টেম আমাদের এখানে চালু করা হয়েছিল। বৃটিশের দেখাদেখি আমাদের এখানেও হায়ার সেকেন্ডারী প্রথা চালু করা হয়েছিল। কিন্তু তাতে এই কয়েক বছরে অন্তত ১৩ লক্ষ ছাত্রছাত্রীর সর্বনাশ হয়েছে। এতে গণটোকাটুকি বেড়েছে শিক্ষার মান নেমেছে এবং বহু অর্থের অপব্যয় হয়েছে। এই বিলটি আলোচনার জন্য আপাতদৃষ্টিতে খুব অল্প সময় দেওয়া হয়েছে। যদিও আমার মনে হয় এই বিলটি খুব ক্ষুদ্র নয়। এই বিলের উপর আগামী দিনের ছাত্রদের ভবিষ্যৎ নির্ভর করছে। কারণ এই রকমভাবে যখন ১৯৬০ সালে যখন আমাদের দেশে হায়ার সেকেন্ডারী সিস্টেম চালু করা হয়েছিল তখনকার মাননীয় শিক্ষা-মন্ত্রী মহাশয় এই রকম প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, হায়ার সেকেন্ডারী সিস্টেমই ভাল সিস্টেম। আবার এখন তের বৎসর পরে বলছেন যে, এই সিস্টেম ভাল নয়, বলছেন আবার স্কুল ফাইন্যাল সিস্টেমে ফিরে যাও। উড়িষ্যাতেও এই রকম হায়ার সেকেন্ডারী সিস্টেম চালু করা হয়েছিল এবং তারা এর অনেক আগে আবার স্কুল ফাইন্যালে ফিরে গেছে। এবং ভারতবর্ষের অন্যান্য প্রদেশেও তারা এর অনেক আগে ফেরত চলে গেছে। হায়ার সেকেন্ডারী বাতিল করে আবার স্কুল ফাইন্যাল প্রথায় চলে গিয়েছে। এখন প্রশ্ন হচ্ছে যে সমস্ত হায়ার সেকেন্ডারী স্কুলের শিক্ষক আছে বা যে সমস্ত স্কুলে অনেক বড় বড় ল্যাবরেটরি করা হয়েছে তাদের নিরাপত্তার প্রশ্ন এখানে দেখা দিয়েছে। আমাদের সেইসমস্ত শিক্ষকদের চাকুরির নিরাপত্তা দেখতে হবে, অপর দিকে সেই স্কুলগুলিতে যাতে ইন্টারমিডিয়েট কলেজ করা যায় সেদিকে মাননীয় শিক্ষা-মন্ত্রীর দৃষ্টি দিতে হবে। তা না হলে বিভ্রান্তির সৃষ্টি হবে। এবং ছাত্রদের ভবিষ্যৎ নিয়ে যেভাবে ছিনিমিনি খেলা হচ্ছে এবং রাজনীতিবিদরা আবার তারা ছাত্রদের ভবিষ্যৎ নিয়ে ছিনিমিনি খেলবেন। আমি বলব স্কুল ফাইন্যাল সিস্টেমের অনেক ভাল দিক আছে, কারণ তাতে ছাত্ররা ক্লাস টেন পর্যন্ত সমস্ত বিষয়ে পড়াশুনা করতে পারে। তাতে তাদের একটা জেনারেল স্ট্যান্ডার্ড গড়ে তোলা যায়। কিন্তু হায়ার সেকেন্ডারী সিস্টেমে ক্লাস এইট পর্যন্ত জেনারেল স্ট্যান্ডার্ড-এ পড়াশুনা করানো হয়। সেই বয়সে ছাত্ররা তাদের কোন্ বিষয়ে ন্যাক আছে তা তারা বুঝতে পারে না। এবং যার ফলে অনেক ছাত্র যাদের কমার্সে ন্যাক আছে তাদের সায়েন্স নিয়ে তাদের অনেক দুর্ভোগ ভুগতে হয়েছে।

[3-00—3-10 p.m.]

সুতরাং স্কুল ফাইন্যালের পরে তাদের ইংরাজীর জ্ঞান একটা সাধারণ স্ট্যান্ডার্ডে আসে। আমাদের এখন উচ্চতর সমস্ত পরীক্ষাই ইংরাজীর মাধ্যমে হয় এবং তারা জীবনে একটা পড়া-শুনার সুযোগ পেতে পারে এবং তাদের যেদিকে যার যোগ্যতা আছে সেদিকে তাদের জীবনের প্রতিভাটাকে কাজে লাগাতে পারে। সুতরাং স্কুল ফাইন্যাল পরীক্ষার অনেক ভাল দিক আছে। আজকে যাঁরা মন্ত্রী তাঁরা প্রত্যেকেই স্কুল ফাইন্যাল অথবা ম্যাট্রিক পাশ, কিন্তু এই হায়ার সেকেন্ডারী স্কুল করায় আজকে সর্বনাশ হয়েছে দেশের, সেই সর্বনাশের জন্য দায়ী কে, এই সর্বনাশের কৈফিয়ত দেবে কে? তাই আমি প্রত্যেকটি আইন করার আগে বলি যে, অত্যন্ত চিন্তা করতে হবে মন্ত্রীদের। এখানে বসে যে আইন করে দেন তার ফলে সমগ্র জনসাধারণের উপর একটা গভীর প্রভাব আসে। আমি স্কুল ফাইন্যাল প্রথাকে সম্পূর্ণ সমর্থন করে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রীচন্দ্রশঙ্কর ভট্টাচার্য: মিস্টার স্পীকার স্যার, ইস্যুটা কি? ইস্যুটা হচ্ছে, ১১ ক্লাস থেকে ১০ ক্লাসে ফিরে আসা নয় দ্যাট ইস্যু হ্যাজ বিন সেটেল্ড। আমরা ১০ ক্লাসে ফিরে আসছি। ইস্যুটা হচ্ছে যে ইন্টারমিডিয়েট ক্লাসগুলি কোথায় যাবে? এটা কি ইন্টারমিডিয়েট বোর্ড নামে কোন নতুন স্ট্যাটুটরী অথরিটির হাতে যাবে, অথবা এটা ইউনিভার্সিটির হাতে যাবে? আমাদের প্রশ্ন হচ্ছে যে, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় কোন মনঃস্থির না করেই অথবা গোপনে গোপনে মনঃস্থির করে ফেলেছেন সেটা আমাদের প্রকাশ্যে না জানিয়ে গোপনে চুপিসাড়ে এই বিলটা এনেছেন যে, তিনি ইন্টারমিডিয়েট বোর্ড করতে যাচ্ছেন। আমাদের পয়েন্ট হচ্ছে যে,

এটা ইউনিভার্সিটিতে যেতে হবে। তার কারণ ইউনিভার্সিটিগুলির ফাইনানসিয়াল অবস্থা। আজকে একটা উদাহরণ দিই, বর্ধমান ইউনিভার্সিটির ছাত্রদের যে পরীক্ষার ফি তার থেকে ১৩ লক্ষ টাকা পায়। ৯ লক্ষ টাকা সেই পরীক্ষার জন্য খরচ হয়, ৪ লক্ষ টাকা ইউনিভার্সিটির রেভিনিউ। ক্যালকাটা ইউনিভার্সিটির হাত থেকে যদি আদার পরীক্ষা সরিয়ে নিয়ে যান, তা হলে ক্যালকাটা ইউনিভার্সিটির অবস্থা আরো খারাপ হয়ে যাবে। শুধু ইউনিভার্সিটির রেভিনিউ নয় এটা হচ্ছে কলেজের রেভিনিউ। যে কলেজগুলি বা সেই কলেজগুলি যদি আরো একটা ক্লাস পায়, তা হলে তাদের ফাইনানসিয়াল স্ট্রিনজেনসিটা কমতে পারে। শুধু তাই নয়, স্ট্যান্ডার্ডের কথা, লেখাপড়ায় স্ট্যান্ডার্ডের একটা কথা আছে, কলেজগুলি সংগে যুক্ত থাকলে লেখাপড়ার স্ট্যান্ডার্ডটা আগে যেমন ভাল ছিল তেমনি ভাল হতে পারে। মিস্টার স্পীকার স্যার, আরো একটা পয়েন্ট, আমাদের এই ওয়েস্ট বেংগলে তিন তিনটি অ্যাফিলিয়েটেড ইউনিভার্সিটি আছে—নর্থ বেংগল, বর্ধমান, ক্যালকাটা ইউনিভার্সিটি। এই বড় বড় তিনটি বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিলের সংগে কোন আলোচনা হল না, তাদের সামনে কোন কিছু পেশ করা হল না, এটা একটা ভাইটাল অ্যাকাডেমিক ম্যাটার, শিক্ষামন্ত্রী মহাশয় অথবা মন্ত্রিমণ্ডলী একটা রাজনৈতিক সিদ্ধান্ত নিয়ে নিলেন। আপনার পয়েন্টটা হচ্ছে যে, এতবড় একটা ব্যাপার—বিশ্ববিদ্যালয়গুলি, কলেজের অধ্যাপক, শিক্ষক সমিতি অথবা সাধারণভাবে যে ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেন্ডারী এডুকেসন প্রত্যেকের তো একটা ওপিনিয়ন দিতে হবে যে, আমরা এটা কলেজে দেব বা দেব না। কথাটা হচ্ছে যে উনি বলেছেন, জুনিয়ার কলেজ খুলে দেবেন, কিন্তু জুনিয়ার কলেজ খুলে দিলেই প্রবলেমটা সল্ভ হবে না। সেই কলেজগুলি কোথায় অ্যাফিলিয়েটেড হবে, সেই জুনিয়ার কলেজগুলি ইউনিভার্সিটিতে অ্যাফিলিয়েটেড হবে কি? দ্যাট ইজ দি পয়েন্ট অব ইস্যু। আমি আশা করবো মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এখানে ঘোষণা করবেন যে, উনি এই বিলটা, যদিও আজকে পাশ হয়ে যাচ্ছে, তবুও ইউনিভার্সিটির সংগে কথা না বলে এই ব্যাপারে একটা সিদ্ধান্তে আসবেন না।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ছোট্ট বিলটা নিয়ে অযথা বিতণ্ডা বা বিরোধিতা সুতীব্র করা হচ্ছে। আমি শীশ মহম্মদ সাহেবের সংগে একমত যে, বিলটা বাস্তবিকই সামান্য। এটা একটা ফরম্যাল এনেবেলিং মেজার। তবে মুশকিল হচ্ছে এই যে, আমাদের আসলে ইন্টারমিডিয়েট স্টেজটা কোথায় যাবে এই নিয়ে পালে বাঘ পড়ার মতন একটা আবহাওয়া হয়ে আছে অলরেডি। ব্যাপারটা হচ্ছে এই যাঁরা বিদ্যালয়ে কাজ করেন, বিশেষ করে যাঁরা প্রধান শিক্ষক আছেন, তাঁরা চান যে, ইন্টারমিডিয়েট স্টেজটি আসুক স্কুলে এবং যাঁরা কলেজে কাজ করেন, অধ্যাপকমণ্ডলী আছেন, তাঁরা চান এই ইন্টারমিডিয়েট স্টেজটি আসুক ইউনিভার্সিটিতে।

অথচ সকলেই স্বীকার করছেন একটা ইন্টারমিডিয়েট স্টেজ হওয়া দরকার। যদি সত্যিই এই ইন্টারমিডিয়েট স্টেজ হওয়া দরকার হয়, তা হলে এই ইন্টারমিডিয়েট কোর্স যারা পড়বে, তাদের একটা সার্টিফিকেট বা ডিপ্লোমা দেওয়া দরকার হবে। সেই সার্টিফিকেট বা ডিপ্লোমা দেওয়ার জন্য একটা বিশেষ বডি থাকা দরকার; সেই বডিটা স্কুল-কলেজও হতে পারে, ইউনিভার্সিটিও হতে পারে—এমন কি এই দুইয়ের মাঝামাঝি একটা সংস্থাও হতে পারে। তবে কি হতে পারে তা নিয়ে আমরা আলাপ-আলোচনা করছি, বিচার-বিবেচনা করছি। এই ব্যাপারে আমরা অনেক দূর এগিয়েছিও। আরো কিছুদিন আলাপ-আলোচনা শেষ করতে লাগবে, যে কোন্ বডি এই সার্টিফিকেট বা ডিপ্লোমা দেবেন, এই সিদ্ধান্তে আসতে একটু সময় দরকার হবে।

এ ভয়েসঃ আপনি তো মন ঠিক করে ফেলেছেন।

কোন পার্টিকুলার বডি এটা দেবে একজিস্টিং বডি? স্কুল, কলেজ, ইউনিভার্সিটি? না নতুন কোন বডি এই ইন্টারমিডিয়েট সার্টিফিকেট বা ডিপ্লোমা দেবে? একজন কাউকে তো দিতে হবে।

শ্রীআনন্দগোপাল মুখার্জি: তবে মন্ত্রিমহাশয়ের একটা কথা মনে রাখা দরকার যে, এই দো-টানার মাঝে পড়ে ছাত্র ও অভিভাবক মারা যাচ্ছে। কি করলে তাঁর বাঁচবেন তার ব্যবস্থা সত্বর করুন।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: বর্তমান মধ্যশিক্ষা পর্ষৎ যে সার্টিফিকেট দেন সেটা চলবে না। আমরা তার বদলে একটা নতুন ইন্টারমিডিয়েট কোর্স চালু করতে যাচ্ছি। তার জন্য প্রয়োজনীয় সার্টিফিকেট বা ডিপ্লোমা কিভাবে দেওয়া যেতে পারে সেই মর্মে আজকে এখানে আইন পাস করছি।

Mr. Speaker: The half-an-hour time allowed by the Business Advisory Committee is going to be over at 3-10. So, with the leave of the House I extend the time by 15 minutes.

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী: আমি যেটা বলেছিলাম, এটা বডিতে যাবে তার কোন কথা এই বিলে বলা নাই। তবে এই সম্পর্কে একটা বডি হবার সম্ভাবনা আছে এটা আমি স্বীকার করছি। আমি এ সম্বন্ধে আগে যুক্তি দেখিয়েছি, এই বিলের প্রয়োজনীয়তা আছে। এটা সম্পূর্ণ ফর্মাল ব্যাপার, একটা এনেব্লিং মেজার। আমি আশা করবো সকল সদস্য এটা সমর্থন করবেন যাঁরা অন্ততঃ নতুন মাধ্যমিক শিক্ষার কঠামো সম্বন্ধে বিশ্বাস রাখেন।

শ্রীআনন্দগোপাল মুখার্জি: এই যে প্রি-ইউনিভার্সিটি কোর্স স্কুলের পর কলেজে পড়ান হয় এটা আর কতদিন পড়ান হবে?

শ্রীবিশ্বনাথ মুখার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রিমহাশয়কে একটা কথা বলছি অনুরোধ জানাচ্ছি। এই যে তিনি বললেন এখনো মনঃস্থির করতে পারেন নি। আমিও ইউনিভার্সিটিতে পড়াই না, উনিও পড়ান না—আমরা সমগোত্রীয়। আপনি যখন মনঃস্থির করতে পারেন নি, খুব শীঘ্র আমরা একটা সেসন করছি পঞ্চায়েতের ব্যাপারে, আপনিও ইতিমধ্যে সকলকে নিয়ে বসে এই সম্পর্কে আরো ডিসকাসান করে মনঃস্থির করে হাউসের কাছে আসুন। তাতে বড়জোর এক মাস পিছিয়ে যাবে নট মোর দ্যান দ্যাট। তাতে কি এমন সর্বনাশ হয়ে যাবে? ততদিন এটা সার্কুলেসনে দেন। কাজেই এটা নিয়ে এক মাস পরে এলে কি এমন ক্ষতি হবে?

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জি: এই সম্পর্কে সিদ্ধান্ত নিতে আরো এক মাসেরও বেশী সময় আছে কারণ ক্লাস ১১ সিস্টেম থেকে ইন্টারমিডিয়েট স্টেজে যেতে আগামী বছর। সুতরাং এটা একটা এনেবলিং মেজার, এটা নিয়ে বিরোধিতা করবার কোন কারণ দেখি না।

শ্রীআনন্দগোপাল মুখার্জি: বিশ্বনাথবাবু, আপনার ছেলেপেলে কি আছে জানি না, কিন্তু যাদের ছেলেপেলে আছে সেইসব ছেলেমেয়ের ভবিষ্যৎ কি হবে এখনো সেটা স্থির করা যাচ্ছে না। তাই মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাই এদের ভবিষ্যৎ কি হবে?

শ্রীবিশ্বনাথ মুখার্জি: এ বিল তো আমিও সমর্থন করছি না। আমিও মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাই—

Mr. Speaker: I draw the attention of both the honourable Members. You cannot address yourself. You are addressing to each other. How is this possible? You must address through the Chair.

[3-10—3-50 p.m.]

শ্রীতুহিন সামন্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ ইনফর্মেশান, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় জানেন যে আমাদের ক্লাস ইলেভেন যেটা, তা ফেল করেছে। অধিকাংশ স্কুলে শিক্ষক ক্লাস ইলেভেনে শিক্ষণপ্রাপ্ত শিক্ষক পাওয়া যায় না। গ্রামের শিক্ষকরা শহরে

চলে আসতে চান, ফলে উপযুক্ত শিক্ষণপ্রাপ্ত শিক্ষক সেখানে পাওয়া যায় না। ইন্টারমিডিয়েট সিস্টেম তা রাখবেন কিনা—এ সমস্তটা যেন জার্মানী জিবনেসিয়ামের মত। এই যে দুটো সিস্টেম—স্কুল ও কলেজ এটার বিষয় আলোচনা করান প্রয়োজন আছে।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result:—

Ayes

Basu, Shri Ajit Kumar (Hoog.).
Bhattacharyya, Shri Harasankar.
Bhowmik, Shri Kanai.
Ghosh, Shri Sisir Kumar.
Karan, Shri Rabindra Nath.
Mitra, Shrimati Ila.
Mukherjee, Shri Biswanath.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Phulmali, Shri Lalchand.
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Timir Baran.
Shish Mohammad, Shri.

Noes

Abdul Bari Biswas, Shri.
Abdur Rauf Ansari, Shri.
Abedin, Dr. Zainal.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Mrityunjoy.
Biswas, Shri Kartic Chandra.
Chakravarty, Shri Bhabataran.
Chatterjee, Shri Tapan.
Das, Shri Barid Baran.
Das, Shri Bijoy.
De, Shri Asamanja.
Dolui, Shri Hari Sadhan.
Dutt, Shri Ramendra Nath.
Dutta, Shri Hemanta.
Ghose, Shri Sankar.
Goswami, Shri Sambhu Narayan.
Gyan Singh, Shri Sohanpal.
Hembrom, Shri Benjamin.
Hemram, Shri Kamala Kanta.
Khan, Shri Gurupada.
Kolay, Shri Akshay Kumar.
Lakra, Shri Denis.
Mahbubul Haque, Shri.
Mazumdar, Shri Indrajit.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Mitra, Shri Haridas.
Mondal, Shri Anil Krishna.
Mondal, Shri Khagendra Nath.
Mukherjee, Shri Ananda Gopal.
Mukherjee, Shri Bhabani Sankar.
Mukherjee, Shri Sibdas.
Nurunnesa Sattar, Shrimati.
Palit, Shri Pradip Kumar.
Panja, Shri Ajit Kumar.
Pramanik, Shri Puranjoy.

Ram, Shri Ram Peyare.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Santosh Kumar.
Samanta, Shri Tuhin Kumar.
Saren, Shrimati Amala.
Singha, Shri Satyanarayan.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Talukdar, Shri Rathin.
Tirkey, Shri Iswar Chandra.
Wilson-de Roze, Shri George Albert.

The Ayes being 12 and the Noes 46, the motion was lost.

The motion of Shri Mrityunjoy Banerjee that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1973, be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2 *and Preamble*

The question that clauses 1, 2 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Mrityunjoy Banerjee: Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for half an hour.)

[3-50—4-00 p.m.]

(After adjournment)

Motion under rule 185

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, the recent appointment of the Chief Justice of India is being discussed and debated all over the country. While the appointment have been hailed and welcomed by all those who have faith in democracy and who have accepted socialism as their goal, some reactionaries who are out to create trouble, who are out to frustrate the efforts of the Government have joined hands and are trying to term the appointment as politically motivated. It is an important matter, very important indeed. I thought it would be proper if the issue of appointment of the Chief Justice of India is discussed and debated in this August Assembly where the Members of the Legislature may express their views free and frank without fear or favour. With this object in view, with your permission, Sir, I have brought this issue before the House in the form of a motion for the consideration of the House. My own views are embodied in the text of the resolution. I am of the firm conviction that the appointment of the Chief Justice of India is fully in accord with the letter and spirit of the Constitution of India, the recommendations of the Law Commission and the practice prevailing in democratic countries of the world.

With these words, Sir, I formally move the motion for the consideration of the House—

"That this Assembly welcomes the recent appointment of the Chief Justice of India and expresses its firm conviction that the said appointment is fully in accord with the letter and spirit of the Constitution, the recommendations of the Law Commission and the practice prevailing in democratic countries of the world."

Thank you, Sir.

শ্রীবিশ্বনাথ মুখার্জি: অধ্যক্ষ মহোদয়, আমি আমাদের সংসদীয় মন্ত্রী শ্রীজ্ঞানসিং সোহনপালের প্রস্তাব দৃঢ়তার সঙ্গে সমর্থন করছি। স্যার, আজকে আমরা একদা অদ্ভুত দৃশ্য দেখছি। যাঁরা কিছুদিন আগে সুপ্রীম কোর্টের জজ ছিলেন, আমি আইন জানি না, এখন তাঁরা আছেন কিনা, তাঁদের রেজিগনেসন অ্যাকসেপটেড হয়েছে কিনা, না অ্যাকসেপটেড হওয়া পর্যন্ত তাঁরা জজ আছেন কিনা—তাঁরা প্রকাশ্যে একটা ক্যামপেন করছেন, অভিযান করছেন ভারতবর্ষ ব্যাপী যে, তাঁদের প্রতি অবিচার করা হয়েছে। শুধু তাই নয়, গণতন্ত্র ধ্বংস হয়ে গেল—তাঁদের ডিঙ্গিয়ে আর একজন বিচারপতিকে প্রধান বিচারপতি নিয়োগ করার ব্যাপারে অভিযান করছেন ভারতবর্ষ ব্যাপী। আমাদের দেশে ভারী একটা মজার ব্যাপার ছিল এতদিন যে, জজরা সব কিছুর উর্ধে। তাঁরা ইন্ডিপেন্ডেন্ট, তাঁরা নিরপেক্ষ এবং এই মাটি, ধুলো, কাদার মধ্যে তাঁরা নেই, সব কিছুর উর্ধে এবং তাঁরাই সবচেয়ে বিজ্ঞ এবং দেশের মানুষের যা কিছু অধিকার তাঁরা নাকি সব কিছু রক্ষা করবার পবিত্র দায়িত্ব পালন করছেন। জজদের সম্বন্ধে কোন আলোচনা করা যেত না, তাঁরাও কোন আলোচনা করতেন না। তবে এইবারে দেখা গেল, জজেরাও আসরে নেমে পড়েছেন। শুধু তাই নয়, অ্যাডভোকেটদেরও লাগিয়ে দিয়েছেন। এলাহবাদ হাইকোর্টের অ্যাডভোকেটরা জাস্টিস সেলাট, জাস্টিস গ্রোভার, জাস্টিস হেগড়েকে নিয়ে মিছিল করে বলছেন জাস্টিস সেলাট, গ্রোভার হেগড়ে জিন্দাবাদ, জিন্দাবাদ এটাও আমরা দেখলাম। আমরা জিন্দাবাদ করি চাষীরা করে সাধারণ মানুষ করে, তাতে জজরা নাক সিটকান জিন্দাবাদ কি কথা? কিন্তু এখন দেখছি ওরাই সব জিন্দাবাদ বলছেন। একটা ভালই হয়েছে। জনসাধারণের কোন সুযোগ ছিল না এই জজদের সম্বন্ধে আলোচনা করার। রাষ্ট্রপতি সম্বন্ধে আলোচনা করতে পারেন, প্রধানমন্ত্রী সম্বন্ধে আলোচনা করতে পারেন, মুখ্যমন্ত্রী সম্বন্ধে আলোচনা করতে পারেন, সংসদ সম্বন্ধে আলোচনা সব কিছুর মধ্যে আসতে পারে, কিন্তু জজরা ছিলেন সব কিছুর উর্ধে, তাঁদের ব্যাপরটা নিয়ে আলোচনা করা চলবে না। এখন নিজেরাই আলোচনার মধ্যে নেমে পড়ে দেশসুদ্ধ মানুষকে বুঝিয়ে দিয়েছেন, তোমাদের সকলের সম্বন্ধে আলোচনা করছি, আমাদের সম্বন্ধেও তোমরা আলোচনা করতে পার। তো ভালই হল। আর একটু ভাল হল ওরা এই পদত্যাগ করে আসবে নেমে যেসব কাণ্ড কীর্তি করলেন তাতে দেশ বুঝতে পারল যে, এদের চরিত্র কি, প্রকৃতি কি। ওঁরা যদি এটা না করতেন, তা হলে অনেক লোকের মনে বোধ হয় সন্দেহ থাকত যে, ভারত সরকার বোধ হয় অন্যায় করে কতকগুলি ভাল জজকে ডিঙ্গিয়ে একজনকে প্রধান বিচারপতি করে দিলেন, কিন্তু আসরে নেমে যা বললেন এবং এদের সম্বন্ধে যেসব খবর প্রকাশিত হল এদেরই সাহায্যে তাতে বোঝা গেল এদের ৩ জনকে ডিঙ্গিয়ে শ্রীঅজিতনাথ রায়কে প্রধান বিচারপতি করা হয়েছে। তো এরা ৩ জন কি রকম মানুষ? আমি শুধু একজনের কথাই বলি বাকিদের কথা সব কাগজেই বেরিয়েছে। স্টেটসম্যান পত্রিকায় এদের প্রেস কনফারেন্সের ব্যাপারটি একেবারে ডিটেলস বেরিয়েছে মে মাসের ৩ তারিখে এবং সেই প্রেস কনফারেন্সের পুরো কপিটি আমি এনেছি। ওঁরা কি বলছেন ওঁদের সম্বন্ধে কি কথা বের করে দিচ্ছেন এবং প্রকাশিত হচ্ছে তাতে ওঁরা কি রকম জজ কি রকম নিরপেক্ষ, কি রকম ইন্ডিপেন্ডেন্ট, কি রকম চরিত্রবান, কি রকম যোগ্য তা তাঁরা নিজেরাই প্রকাশ করেছেন। ওঁরা বলছেন কি? বলছেন, আমাদের ৩ জনকে ডিঙ্গিয়ে কেন শ্রী এ এন রায়কে প্রধান বিচারপতি করা হল—এই কথা ভারতবর্ষের প্রধানমন্ত্রী এবং আরো অনেকে বলেছেন যে, আপনারাও সকলকে ডিঙ্গিয়ে ডিঙ্গিয়ে এসেছিলেন। এই হেগড়ে মাইশোর কোর্টে জুনিয়র জাজ ছিলেন, প্রেস কনফারেন্সে স্বীকার করেছেন। তিনি দিল্লীর প্রধান বিচারপতি হয়ে গেলেন কি করে? কতকগুলি লোককে ডিঙ্গিয়ে ডিঙ্গিয়ে তিনি হলেন। শুধু তাই নয়, প্রেস কনফারেন্সে যেটা চেপে গেছেন সেটা হচ্ছে এই যে উনি মাইশোর কোর্ট থেকে কখনই সুপ্রীম কোর্টে আসতে আসতে পারতেন না। উনি দিল্লী কোর্টে এসেছেন। সুতরাং জুনিয়ার জাজ অন্য সকলকে ডিঙ্গিয়ে ডিঙ্গিয়ে দিল্লীর প্রধান বিচারপতির পদে এসেছেন এবং দিল্লীতে এসে তারপরে সুপ্রীম কোর্টে এসেছেন।

[4-00—4-10 p.m.]

এম সি চাগলা—তিনি দারুণ এদের পক্ষে ওকালতি করছেন। আজকেই খবরের কাগজে প্রকাশিত হয়ে গিয়েছে অনেক কিছু তাঁর সম্বন্ধে। এদের কাছে জিজ্ঞাসা করেছেন, মশাই এই

যে এম সি চাগলা এত কথা বলছেন সিনিয়রিটির ব্যাপারে, তিনি হাইকোর্টের প্রধান বিচারপতি কি করে কতজনকে ডিঙ্গিয়ে হয়েছেন? যারা অনেক লোককে ডিঙ্গিয়ে ডিঙ্গিয়ে প্রধান বিচারপতি হয়েছেন বা সুপ্রীম কোর্টে এসেছেন আজকে তাঁরাই বলছেন, আমাদের ডিঙ্গিয়ে হল কেন? এসব তো গেল জজেদের ব্যাপার, কিন্তু সাধারণ মানুষের ব্যাপার কি? কত কর্মচারী, কত অফিসার এই তিনজন জজের কাছে মামলা করেছে সুপ্রীম কোর্টে যে গভর্নমেন্ট আমাদের সিনিয়রিটি ডিঙ্গিয়ে আমার জুনিয়র অফিসারকে আমার উপর বসিয়ে দিয়েছে, আমি তোমার কাছে বিচার প্রার্থনা করছি। এখানে জজেরা কি রায় দেয়েছেন? বাপু হে, এগুলি সব সিলেকসান পোস্ট, এখানে সিনিয়রিটি বললে কিছু হবে না, কেস ডিসমিস। তাঁদের আবেদন বাতিল করে দিয়েছেন এই বলে যে এগুলি সিলেকসান পোস্ট, এখানে সিনিয়রিটির কথা থাকবে না। যাঁরা নিজেরা অপরকে ডিঙ্গিয়ে এসেছেন, যাঁরা আদলতে বসে সাধারণ বিচারপ্রার্থীর প্রার্থনা ডিসমিস করেছেন এই গ্রাউন্ডে যে সিলেকসান পোস্টে সিনিয়রিটি দাবি করে কোন মামলায় তিনি টিকতে পারবেন না, তাঁরাই আজকে বলছেন, আমাদের সিনিয়রিটি ডিঙ্গিয়ে আর একজনকে করে দিয়েছ কেন? স্যার, আমাদের বাংলা ভাষায় একটা কথা আছে—"নিজের বেলায় আঁটিসুঁটি, পরের বেলায় দাঁতকপাটি।" নিজের বেলায় কোন অপরাধ নেই—আমাকে যদি পাঁচজনতে ডিঙ্গিয়ে প্রধান বিচারপতি করে দিত, তা হলে সেটা ভাল হত, তিনি আমাকে ডিঙ্গিয়ে অন্যকে করলে কেন? এটা যে সর্বনাশ হয়ে গেল। এই যদি সুপ্রীম কোর্টের তিনজন বিচারপতি—ভাগ্যিস তাঁরা পদত্যাগ করেছিলেন সেই জন্য বলবার বা জানবার সুযোগ পাওয়া গেল, এই যদি তাঁদের অ্যাটিচিউড হয় যে, নিজের সম্বন্ধে এক রকম হবে আর অপরদের সম্বন্ধে আর এক রকম হবে, তা হলে ভারতবর্ষের এই যে জুডিসিয়ারি যাকে একেবারে সেই সিংহাসনে বসিয়ে রাখা হয়েছে সেই জুডিসিয়ারির চরিত্রটা কি সেটা এর মধ্য দিয়ে প্রকাশ পাচ্ছে, অন্ততঃ এই তিনজন জজের চরিত্র কি তা প্রকাশ পাচ্ছে। দেখুন এঁরা কি করছেন। প্রেস কনফারেন্সের ভিতর দিয়ে প্রেস জেরা করছেন এবং তার ভিতর দিয়ে সমস্ত জিনিস প্রকাশিত হয়েছে। এই কনস্টিটিউসন অ্যামেন্ড করার প্রশ্নের উপরে এঁরা কি করেছেন দেখুন। এঁরা জাস্টিস বেগকে বাদ দেবার চেষ্টা করেছিলেন এবং অত্যন্ত অন্যায়ভাবে বাদ দেবার চেষ্টা করেছিলেন যেটাকে সোজা কথায় বললে বলা যায় একটা কন্সপিরেসি। তারপর নিজেই বলেছেন, ওঁর ভীষণ অভিযোগ চারজন জজ সম্বন্ধে, তার মধ্যে জাস্টিস বেগ একজন। যে জজ সম্বন্ধে তাঁর আপত্তি আছে, তিনি বেঞ্চের মধ্যে রয়েছেন, ১৩ জনের বেঞ্চ, তাঁকে তাঁর অসুস্থতার সুযোগে কি করে এক্সক্লুড করা যায় তার চেষ্টা—আমি একজন সাধারণ মানুষ, আইনসভার সদস্য, আমি যদি বলি এটা ষড়যন্ত্র। কে না বলবে এটা ষড়যন্ত্র? তারপর দেখুন যে জাজমেন্ট দিলেন এ কথা সিলভাই পরিষ্কার বলে দিয়েছেন বম্বের প্রেস কনফারেন্সে যে জাজমেন্টটা দেওয়া হল তাতে ৭ জন অর্থাৎ মেজরিটির যে মতটা ছিল যে কনস্টিটিউসন অ্যামেন্ড করার অধিকার পার্লামেন্টের আছে, অর্ডার সিটে সেটা লেখা হল না। অথচ হেগড়ে অভিযোগ করেছেন অন্য ৪ জন জজের বিরুদ্ধে, তোমাদের উচিত ছিল এই অর্ডার সিটে সই করা। তাঁরা এই অর্ডার সিটে সই না করে অন্যায় করেছেন। মেজরিটির যে ওপিনিয়ন সেই ওপিনিয়নটা অর্ডার সিটে তাঁরা রেকর্ড করাতে রাজী হলেন না। আরো কি খবর প্রকাশিত হয়েছে? আপনারা জানেন পৃথকভাবে বসে এঁরা পরামর্শ করেছেন, প্রেস যখন জিজ্ঞাসা করেছে অস্বীকার করেন নি, ১৩ জনের বেঞ্চ, তার মধ্যে তোমরা ৭ জন কেন আলাদাভাবে বসেছিল? না, আলাদা করে পরামর্শ করছিলাম এই জন্য যে ১৩ জনে পরামর্শ করলে খবরটা বাইরে বেরিয়ে যায়, প্রমাণিত হয়েছে পরের দিন যখন আমরা ১৩ জনে একসঙ্গে পরামর্শে বসেছিলাম। তা হলে তোমরা গোপনে পরামর্শ করবার জন্য বসেছিলে? ১৩ জনের কালেকটিভ ডিসকাসান নয়, তার ভিতর একটা ফ্যাকসান, একটা উপ-দল, একটা চক্র, তাদের গোপন ডিসকাসনে ভারতবর্ষের ভাগ্য নির্ধারিত হবে? ভারতবর্ষের জনসাধারণের ভোটে নির্বাচিত পার্লামেন্টের সংবিধান সংশোধন করবার অধিকার আছে কিনা, সেই ভাগ্য নির্ধারিত হবে ১৩ জন বেঞ্চের ভিতর ৭ জন গোপনে পৃথকভাবে বসে সলাপরামর্শ করে, তাঁদের দ্বারা ঠিক হবে? আজকে তাদের পদত্যাগের জন্য এইসব জিনিস প্রকাশিত হয়েছে। প্রেস কনফারেন্সের প্রেসের

প্রশ্নের সামনে তারা এই উত্তর দিয়েছে যে, হ্যাঁ, আমরা বসেছিলাম, বেশ করেছি বসেছি। কেন বসেছি, ১৩ জন বসলে খবরটা বাইরে লিক আউট করবে। দেখুন কিভাবে এই জজেরা ফাংশান করেছেন, কিভাবে জজেরা ফাংশান করেন। পার্লিয়ামেন্টে এবং ভারতবর্ষের জনসাধারণের চোখ খুলে গেল এবারে। ভবিষ্যতে সতর্ক দৃষ্টি রাখতে হবে যে, জুডিসিয়ারীকে সমস্ত দৃষ্টির বাইরে রাখা হয়েছে তারা কিভাবে ফাংশান করে, হাউ ডু দে ফাংশান? এই প্রেস কনফারেন্সের ঘটনা যখন আমি পড়ছিলাম, তখন আমার মনে হচ্ছিল যে, আমি কোন ডিটেকটিভ নভেল পড়ছি। কিন্তু তা নয়, দেখুন, যখন বেগের ব্যাপার নিয়ে তারা প্রসিডিউর‍্যাল আলোচনা করছেন, এই আলোচনার সময় তারা রিপোর্টারদের ডেকেছিলেন, উকিলদের থাকতে দিয়েছিলেন এবং রিপোর্টারদের থাকতে দিয়েছিলেন। যখন প্রচণ্ড তর্কবিতর্ক হচ্ছে অ্যাডভোকেট-জেনারেলের সঙ্গে, পাল্কীওয়ালার সঙ্গে এবং আরো কয়েকজন জাজের সঙ্গে, তখন তারা রিপোর্টারদের এবং উকিলদের বলেছিলেন, বেরিয়ে যাও। পরে রিপোর্টারদের ডেকে নিয়ে এসে ধমকে দিলেন যে, আমাদের মধ্যে যে তর্কবিতর্ক, ঝগড়া হয়েছে সেটার কথা যদি কিছুমাত্র তোমরা লেখ, তা হলে কোর্ট অব কনটেম্পট-এ পড়বে। সেটা প্রেস কনফারেন্সে বেরিয়েছে কোর্ট অব কনটেম্পট হবে,, তোমাদের সামনে আমরা ঝগড়া করেছি সেই ঝগড়ার এক অক্ষরও যদি তোমরা লেখ, তা হলে কোর্ট অব কনটেম্পট হবে। এ এক মজার জিনিস ইংরাজ আমাদের দিয়ে গেছে। তাদের যা কিছু ভাল আছে আমরা নেব না, তাদের যা কিছু পুরানো দিনের রাজার আমলের ব্যবস্থা আছে যে, জাজেদের সম্পর্কে কেউ কিছু বললে কোর্ট অব কনটেম্পট হবে। বেশ ভাল কথা, তা আমি জিজ্ঞাসা করি, এই ৪ জনকে যাদের সম্বন্ধে প্রকাশ্যে হেগড়ে সমালোচনা করেছেন, নিন্দা করেছেন, জাস্টিস এ এন রায় যিনি এখনও ভারতের প্রধান বিচারপতি হয়েছেন তার সম্পর্কে প্রকাশ্যে নিন্দা করেছেন। আমার কাছে স্টেটসম্যান পত্রিকা আছে, তিনি প্রকাশ্যে নিন্দা করেছেন, গভর্নমেন্টের দালাল বলেছেন, ভার্চুয়ালি তাদের ডিকটেটে চলে, তাদের মন খুসী করবার চেষ্টা করেছেন। এখনও এ এন রায় ভারতবর্ষের প্রধান বিচারপতি, এখনও রাষ্ট্রপতি এ এন রায়কে বাতিল করে দিয়ে হেগড়েকে প্রধান বিচারপতি মনে করেন নি। তা হলে যদি হেগড়ের অধিকার থাকে রিজাইন করে এসে প্রধান বিচারপতিকে প্রকাশ্যে নিন্দা করার, কুৎসা করার, তা হলে বিশ্বনাথ মুখার্জীর অধিকার নেই কেন জজেদের সম্পর্কে সমালোচনা করার এই প্রশ্ন ভবিষ্যতে আসবে, কারো সাধ্য নেই যে তার মুখ চেপে দিতে পারে। যে মুখ খুলে গেছে এই মুখকে চেপে দিতে পারবেন না। সকলের সামনে মন্তব্য করেছেন যে, এটা একটা পলিটিক্যাল অ্যাপয়েন্টমেন্ট। গভর্নমেন্ট অবশ্য বলবেন, পলিটিক্যাল অ্যাপয়েন্টমেন্ট নয়। আমি বলি, হলে দোষ কি? কিন্তু আপনি কি নন-পলিটিক্যাল, আপনি কি করেছেন, আপনি এই প্রেস কনফারেন্সে কাকে বাদ দিয়েছেন? প্রাইম মিনিস্টার, আইনমন্ত্রী গোখলে, তাদের সম্পর্কে জঘন্য মন্তব্য করেছেন যে ওরা মানুষ নয়, ওর কথা নেই, বক্তব্য নেই, ও খালি দালালি করেছে, একটা ইনস্ট্রুমেন্ট হিসেবে কাজ করেছে। মোহন কুমারমঙ্গলম সম্বন্ধে, ভূপেশ গুপ্ত সম্বন্ধে কাকে বাদ দিয়েছেন এবং তাদের রাজনীতি কি সেটা তিনি তার ভিতর দিয়ে প্রকাশ করেছেন, ওহে বাবু, কংগ্রেসের মধ্যে বহু লোক আমার পক্ষে আছে তারা সব গোপনে আমার কাছে এসে বলেছে যে, তুমি ভাল কাজ করেছ, তোমাকে সরিয়ে দেওয়া অন্যায়, তারা মুখ খুলতে পারছে না, তাদের দাবিয়ে রাখা হয়েছে। আর মোহন কুমারমঙ্গলম, তার সম্পর্কে প্রকাশ্যে প্রেস কনফারেন্সে বলেছেন।

[4-10—4-20 p.m.]

তাঁর সম্বন্ধে প্রকাশ্যে প্রেস কনফারেন্সে বলেছেন, উনি ভেতরে ঢুকেছেন ভাঙ্গবার জন্য। ভেতর থেকে উনি দখল করবার জন্য কংগ্রেসে এসেছেন—আমি ডেমোক্রাট, উনি নন। ভেতর থেকে কি দখল করবার জন্য মোহন কুমারমঙ্গলম এসেছেন? তাঁর দলটা কি? তিনি দখল করবার জন্য এসেছেন। ভূপেশ গুপ্ত সম্বন্ধে বলেছেন, তিনি এই গভর্নমেন্টকে ইনফ্লুয়েন্স করছেন কমিউনিস্ট হিসাবে এইসব করছেন, পুরোপুরি রাজনীতি যা কিছু করবার তিনিই করছেন। তারপর বলছেন আমি এবারে রাজনীতিতে যোগ দেব ভাবছি। আমিও ভাবছি যে,

আপনি কোন দলে যাবেন। নিশ্চয়ই গভর্নমেন্ট যখন আপনাকে সুপারসিড করেছে আপনি সরকারী দলে যাবেন না। আর ভুপেশ গুপ্ত যখন বজ্জাৎ, ভুপেশ গুপ্ত যখন এত বলেছেন, তখন নিশ্চয়ই তাঁর কাছে যাবেন না। তা হলে অপোজিশন দল তো অনেকগুলো আছে, অপোজিশন দল আছে জনসংঘ, অপোজিশন দল আছে স্বতন্ত্র, অপোজিশন দল আছে মধু লিমায়ে, অপোজিশন দল আছে এ কে গোপালনের। আদি কংগ্রেস, সিন্ডিকেট, জনসংঘ থেকে আরম্ভ করে এ কে গোপালন পর্যন্ত সকলেই আপনাকে সমর্থন করেছেন, কোন দলে যাবেন, দাদু? সেটা আমি একটু জানতে চাই। সেটা আমি একটু বিশেষ করে জানতে চাই, কারণ বেশী বেশী সমর্থন করেছেন মধু লিমায়ে এবং এ কে গোপালন। আমার দাদা হেগড়ে সাহেব, তিনি কি শেষ পর্যন্ত গোপালনের দলে যেতে প্রস্তুত আছেন? আমি এটাই জিজ্ঞাসা করি। তা হলে তো পলিটিক্স আপনার মধ্যে পুরোপুরি আছে, আপনি এখন রিজাইন করে বলছেন, আমি দলে যোগ দিয়ে পলিটিক্স করবো। তা হলে গভর্নমেণ্টকে বলছেন কেন যে, পলিটিক্যাল অ্যাপয়েন্টমেন্ট করেছেন? দেখুন, একটা কথা আমি বলি, ওতে তো অভিযোগ করছেন যে বিচার বিভাগের যে স্বাধীনতা, সেই স্বাধীনতা কেড়ে নেওয়া হয়েছে, এই রকমভাবে যদি সুপারসিড করে দেওয়া হয়, তা হলে তারা দালালী করবে, ডিকটেট চলবে। অবিচারটা কি করছেন? আমি অবশ্য ব্যক্তিগতভাবে তাঁকে চিনি না, আমি উকিল নই, আদালতের খবর রাখি না, কিন্তু কাগজে যা বেরিয়েছে তাতে আমরা কি দেখছি? এ এন রায়, তিনি ব্যাংক ন্যাশনালাইজেশনে সমর্থন করেছিলেন, তিনি রাজন্য ভাতা বিলোপ আইন সমর্থন করেছিলেন, তিনি সংবিধান সংশোধনের ক্ষমতা গভর্নমেন্টের আছে, সেই রায় সমর্থন করেছিলেন। কিন্তু তিনি গভর্নমেন্টের বিরুদ্ধে এঁদের সঙ্গে মিলে রায় দিয়েছেন বলে এঁরা নিজেরা স্বীকার করছেন প্রেস কনফারেন্সে। নিউজ প্রিন্টের ব্যাপারে রায় দিয়েছেন বলে এঁরা স্বীকার করেছেন। এই সেদিন মিসা আইনের সম্বন্ধে উনি নিজে বলেছেন যে, আমরা সাতজন একমত হয়ে রায় দিয়েছি। তা হলে সেই অজিতনাথ রায়কে যদিও আমি ব্যক্তিগতভাবে চিনি না, হীরেনবাবু তাঁর একটা বর্ণনা দিয়েছেন, কিন্তু সেই অজিতনাথ রায় একটা ব্যাপারে কনসিস্ট্যান্ট ছিলেন, তাঁর উদারনীতির দিক থেকে লিবারেলিজমের দিক থেকে তিনি অন্ততঃ কনসিস্ট্যান্ট ছিলেন, তা হলে আপনি বলছেন যে, সেই লোকটা কে? এই লোকটা গভর্নমেন্টের দালাল বলে এঁকে সন্তুষ্ট করা হয়েছে। আমি গভর্নমেন্টের দালালী করি নি বলে আমাকে বাদ দেওয়া হয়েছে। গভর্নমেন্ট কি দেশের একমাত্র কথা? আমাদের দেশে কিছু বাম-পন্থী দল আছে এবং গোপালনের বক্তৃতা পড়ে তো তাজ্জব হয়ে গেলাম, তিনি একেবারে পুরো মার্কসিস্ট এবং এই দল ভারতবর্ষের মধ্যে কেন সারা পৃথিবীর মধ্যে সবচেয়ে বিপ্লবী দল। তিনি কি বললেন, সব জজই তো সমান, ঐ বুর্জোয়া ক্লাসের আউটলুক সব জজের মধ্যেই আছে। আর সার্কাস হচ্ছে রিঅ্যাকশনারী প্রগ্রেসিভ, ওটা কি ব্যাপার? কিছুই নয়, বলে কি বললেন? কেন ঐ তিনজন জজকে ডিঙিয়ে ওঁকে করলেন? আর, সবই যদি তোমার কাছে সমান, তা হলে এ এন রায়ের কি অপরাধ হল? এমন চমৎকার বিপ্লবী, এ এন রায় ভীষণ অপরাধী হেগড়ের তুলনায়। কারণ হেগড়ে ব্যাংক জাতীয়করণে অপোজ করেছে, এ এন রায় সমর্থন জানিয়েছেন, হেগড়ে রাজন্যবর্গের ভাতা বিলোপের বিরোধিতা করেছেন, এ এন রায় তার সমর্থন করেছেন, হেগড়ে পার্লামেন্টের অধিকার আছে সংবিধান সংশোধন করার, সেটা সমর্থন করেছেন, এ এন রায় সেটা সমর্থন করেছেন। হেগড়ে তাতে নানা রকম কন্ডিশন দেবার চেষ্টা করেছেন। সুতরাং দেয়ার ইজ নো ডিফারেন্স, হেগড়ের সংগে এ এন রায়ের কোন ডিফারেন্স নেই, কারণ দুজনেই বুর্জোয়া, দুজনেরই ওপর দিকে আউটলুক। তা হলে সি পি এম-কে জিজ্ঞাসা করি, ইউ আর নট ইন্টারেস্টেড এবং তোমার জনতার কোন ইন্টারেস্ট নেই যে, প্রগ্রেসিভ রিফর্ম হোক? কেরালার ভূমিসংস্কার আইন আইনসিদ্ধ হবে কি হবে না, সে বিষয়ে কেরালার কৃষকের কোন স্বার্থ নেই? কেরালার প্ল্যান্টেশন গ্রহণের আইন আইনসিদ্ধ হবে কি হবে না, সংবিধান সিদ্ধ কি সংবিধান সিদ্ধ নয়, তাতে তোমার কেরালার জনগণের এবং কেরালার শ্রমিকের কোন ইন্টারেস্ট নেই, পশ্চিম-বাংলার নেই, সারা ভারতের নেই? অর্থাৎ কেউ যদি কোন প্রগতিশীল ব্যবস্থা পার্লামেন্টে

বা কোন আইনসভায় সমর্থন করে আর অন্য কেউ যদি বিরোধিতা করে আর কেউ যদি সিস্টেমেটিক্যালী বার বার সব কটার বিরোধিতা এবং সকল বুর্জোয়া এক তাদের মধ্যে কোন ডিফারেন্স নেই, একই ক্লাস আউটলুক, এই কথা বলে, তা হলে সে মার্কসিস্ট নয়, সে বিপ্লবী নয়। কিন্তু তাই বলেও যদি থেমে যেতেন, তা হলে এক রকম বুঝতাম, কিন্তু তারা তা না করে এক পক্ষকে সমর্থন করেছেন, যে পক্ষ কনসিস্টেন্টলী অ্যান্টি-প্রগ্রেসিভ স্ট্যান্ড নিয়েছেন, যে পক্ষ কনসিস্টেন্টলী কনজারভেটিভ স্ট্যান্ড নিয়েছেন, যে পক্ষ কনসিস্টেন্টলি পার্লামেন্টের সুপ্রিমেসীকে চ্যালেঞ্জ করেছেন, যে পক্ষ কনসিস্টেন্টলি অ্যান্টি-পিপল স্ট্যান্ড নিয়েছেন সেই পক্ষকে সমর্থন করলেন এ এন রায়ের বদলে। এই এক চমৎকার রাজনীতি আমাদের দেশে চলছে। ইন্দিরা গান্ধী খারাপ, ইন্দিরা গান্ধী রি-অ্যাকসানারী, তাঁর গভর্নমেন্টকে চাই না, তাই তাদের বিরোধিতা করছি, ভ.ল কথা। কিন্তু তার বিরোধিতা জনসংঘ করল, তুমিও করলে সেটা এক হয়ে গেল? তার বিরোধিতা সিন্ডিকেট কংগ্রেস করল আর তুমি করলে সেটা এক হয়ে গেল? স্বতন্ত্র করল আর তুমি করলে, এক হয়ে গেল? তোমাদের নয়া মার্কসবাদ কি এই কথা বলে যে, ইউনাইটেড ফ্রন্ট করতে হবে এদের সকলকে নিয়ে ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে এবং সেটা হচ্ছে সব চেয়ে বিপ্লবী ব্যবস্থা। ইন্দিরা গান্ধীর গভর্নমেন্টের বিরুদ্ধে ফাইট করতে হয় কর, তাদের অন্যায় নীতির বিরুদ্ধে ফাইট করতে হয় কর, কিন্তু তুমি কার সংগে হাত মেলাচ্ছ এবং কি অজুহাতে হাত মেলাচ্ছ? আমি ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে ফাইট করতে চাই বলে কি হেগড়ের সংগে হাত মেলাব, গ্রেভ.রকে সাপোর্ট করব, সেলাটকে সাপোর্ট করব, আমি জনসংঘ, স্বতন্ত্র সিন্ডিকেট কংগ্রেস তাদের সংগে হাত মিলিয়ে করব? আজকে এই পজিশনে সি পি এম চলে এসেছে, অপারচুনিস্টিক পলিটিকস্ একটা দলকে এই জায়গায় নিয়ে এসে দাঁড় করিয়েছে এবং তাকে ঢাকবার জন্য এ কে গোপালন যে বক্তৃতা করলেন তাতে তিনি কাকে সমর্থন করলেন? যাই হোক আমি এই কথা বলতে চাই যে, আর এস পি-র বন্ধুরা হয়ত তাই করবেন। কিন্তু আমি তোমাকে এই কথা ভেবে দেখতে বলি যে, নিশ্চয়ই এই দুয়ের মধ্যে তোমার শ্রমিকের কাছে, তোমার কৃষকের কাছে পার্থক্য আছে। আমরা যখন আইনসভায় বসে জনতার অনুকূলে একটা আইনের সামান্য সংশোধন করতে চাই তখন তার কি কোন ইম্পর্টেন্স নেই? নেই তো ডিভিশন চান কেন, সারাদিন বসে থেকে ভোট দেন কেন? নিশ্চয়ই ইম্পর্টেন্স আছে। যদি সেই জিনিসকে কেউ আপহোল্ড করে, সেই জিনিসের কেউ বিরোধিতা করে, তা হলে আপনার কাছে কি তার কোন মূল্য নেই, আপনার অনুসরণকারী কৃষকের কাছে কোন মূল্য নেই, আপনার অনুসরণকারী শ্রমিকের কাছে কি কোন মূল্য নেই? সুতরাং এটা একটা অন্ধ রাজনীতি; অন্ধ বাম রাজনীতি; অন্ধ কংগ্রেস বিরোধিতা। কংগ্রেস অন্যায় করলে নিশ্চয়ই আপোস করবেন, ফাইট করবেন কিন্তু পার্লামেন্টে যদি একটা ভাল আইন করেন - আপনার আর এস পি কি আপোস করেছিলেন ব্যাঙ্ক ন্যাশানালাইজেশন করায়, করেন নি। তা হলে আপনারা সমর্থন করেছিলেন আর যারা কোর্টে আপোস করেছিলেন তাদের মধ্যে কোন পার্থক্য থাকবে না, কোন পার্থক্য টানবেন না? আপনাদের আর এস পি সমর্থন করেছিলেন প্রিভি-পার্স অ্যাবোলিশন আইন, সমর্থন করেন নি যে জজ, তা হলে তার মধ্যে আপনি কোন পার্থক্য টানবেন না? গোপালন বলেছেন, মিসায় আটকদের ছেড়ে দেওয়ার কথা সুপ্রীম কোর্ট বলেছেন, কিন্তু গভর্নমেন্ট তাদের ছেড়ে দেন নি। আমার কথা যদি বলেন, তা হলে আমি বলব, মিসার যে ধারা সুপ্রীম কোর্ট বাতিল করে দিয়েছেন সেখানে এ এন রায় সমেত সকলে মিলে এই মত দিয়েছেন। সেই ডিসিশনকে মর্যাদা দেওয়া উচিত এবং সেই ধারায় যাদের ধরা হয়েছিল তাদের সকলকে ছেড়ে দেওয়া উচিত, যাদের বিনা বিচারে আটক রাখা হয়েছে তাদের সেটাই যথেষ্ট শাস্তি হয়েছে।

[4-20—4-30 p.m.]

কিন্তু গোপালন সে নিয়ে কি বলতে চান? মিসায় আটকের উপর সুপ্রীম কোর্টের জাজমেন্ট এখনও মানা হয় নি। এখনও ১,৪০০ জন আটক আছে। সুতরাং এর সংগে কোন তফাত নেই। শ্রী এ এন রায় এই রায় দিয়েছেন। এতে কি প্রমাণিত হল? গোপালনকে আমি

বুঝলাম, কিন্তু হেগড়ে একটা সাংঘাতিক কথা বলেছেন, যে কথার বিচার সারা দেশ করবে। এটা সীমাবদ্ধ থাকবে না। তিনি বলেছেন—

Judiciary was the last bastion of democracy because the opposition was not strong, because public was not enlightened, because of high rate of illiteracy and because press was free only to press the Government.

ভারতবর্ষের গণতন্ত্র লাস্ট ব্যাস্টিয়ন, ভারতবর্ষের গণতন্ত্র পিছু হটতে হটতে শেষ হয়ে গেছে, কিন্তু শেষ দুর্গ হিসাবে ভারতবর্ষের গণতন্ত্র রক্ষা করছে জুডিসিয়ারি, কি কারণে—না, পার্লিয়ামেন্টের সেখানে স্ট্রং অপোজিসন নেই। সুতরাং, পার্লিয়ামেন্ট বাতিল, কোটি কোটি মানুষ ভোট দিয়ে যা করেছে সেটা বাতিল। তারপর কিনা জনমতের কোন মূল্য নেই। গণতন্ত্র সম্বন্ধে তিনি বলেছেন, আই অ্যাম এ ডেমোক্র্যাট—ডেমোক্র্যাসী রক্ষা করতে চাই কিন্তু ডিসমিস চাই না। ভারতবর্ষের জনসাধারণ মূর্খ, গাধা, অন্ধ, অক্ষম। পার্লামেন্ট বাদ—স্ট্রং অপোজিসন নেই, বোগাস প্রেস—গভর্নমেন্টের তোষামোদ করেন, কিন্তু প্রেস? ব্যাংক ন্যাশানালাইজেসন যখন সুপ্রীম কোর্ট বাতিল করেছিল—প্রেস যখন তাদের তোষামোদ করেছিল, রাজা মহারাজাদের ভাতা দেবার আইনে সুপ্রীম কোর্ট আপত্তি করায় প্রেস যখন তাদের তোষামোদ করেছিল, তখন কি হয়েছিল? প্রেস খালি গভর্নমেন্টকে তোষামোদ করেছে। এই অবস্থায় পার্লামেন্ট, জনমত কিছুই না? সুতরাং জুডিসিয়ারি ইজ দি লাস্ট ব্যাস্টিয়ন অব ডেমোক্র্যাসী, ভারতবর্ষের ৫৭ কোটি মানুষের ভেতর ৩০ কোটি লোক যারা ভোট দেয়, আন্দোলন করে, সংগঠন করে, লড়াই করে স্বাধীন হয়েছে, যাদের জন্য ভারতবর্ষে গণতন্ত্র টিকে আছে তারা কেউ নয়—তারা অজ্ঞ, গাধা, পার্লামেন্ট, আইনসভা, প্রেস কিছু নয়? শ্রী এ এন রায় তিনি গণতন্ত্র রক্ষা করবেন না, বেগ গণতন্ত্র রক্ষা করবেন না, কিন্তু—

a few judges like Shellat, a few judges lige Hegde, a few judges like Grover

তাঁরাই গণতন্ত্রের ব্যাস্টিয়ন এবং লাস্ট ব্যাস্টিয়ন অব ডেমোক্র্যাসী, দেশবাসীকে তাঁরা এসব বলছেন। তাঁরা ডিসমিস করে দিচ্ছেন ইন্দিরা গান্ধীকে, কমিউনিস্টদের। মোহন কুমারমঙ্গলম এক্স-কমিউনিস্ট হিসাবে পেছনের দরজা দিয়ে ঢুকছে, গোখলে কোন মানুষই নয় এবং এদের পাল্লায় পড়ে লাস্ট ব্যাস্টিয়ন অব ডেমোক্র্যাসীকে এরা স্ম্যাস করে দিচ্ছে, কিন্তু আমি বলব, এরা হচ্ছে লাস্ট ব্যাস্টিয়ন অব রি-অ্যাকসন। ভারতবর্ষে জনতা যখন প্রগতিশীল পথে অগ্রসর হবার জন্য ছটফট করছে, যখন পার্লামেন্ট, আইনসভা কিছুটা পরিমাণে নেগলেক্ট করার চেষ্টা করছে, তখন তাঁদের যাঁরা এসব সম্বন্ধে কিছু উদার—আমি সব জজকেই বলছি না তাঁদের মধ্যে অনেকে প্যাট্রিয়টিক থাকতে পারেন, কিন্তু জুডিসিয়ারিতে যাঁরা বসে আছেন তাঁদের এটা বলা উচিত নয় যে, উই আর দি লাস্ট ব্যাস্টিয়ন অব ডেমোক্র্যাসী। জনতা কিছু নয়, মানুষ কিছু নয়, পার্লামেন্ট কিছু নয়, আইনসভা কিছু নয়, প্রেস কিছু নয়, উই আর এ ফিউ ব্যাস্টিয়ন অব ডেমোক্র্যাসী; আমি বলছি দ্যাট ইজ দি লাস্ট ব্যাস্টিয়ন অব দি রি-অ্যাকসনারী। আমি বেশী দূর যেতে চাই না, এই সুপ্রীম কোর্টের কিছু জাজ সমস্ত প্রগতিশীল ব্যবস্থাকে আটকাবার জন্য যে চেষ্টা করছেন সেই ইতিহাস আপনারা সকলে জানেন। আমাদের এখানে হাইকোর্ট কি করে—আমি আইনসভায় স্পীকার মহাশয়ের দ্বারা আশ্রিত, রক্ষিত সেজন্য একথা বলার সাহস করছি, জমিদারী দখল আইন হল, ভূমিসংস্কার আইন হল, ৭।৮ বছর ধরে চোখ বুজে একতরফা ইনজাংশান দিয়ে গভর্নমেন্টের ভেস্টেড ল্যান্ড আটকে দিচ্ছে। ভেস্টিং-এর আগে আপনি ইনজাংশন দিতে পারেন, স্টে করতে পারেন, কিন্তু ভেস্টেড হয়ে গেছে ২।৩।৪।৫ বছর, গভর্নমেন্টের হাতে জমি রয়েছে, সেই জমি গভর্নমেন্ট টেম্পোরারী বন্দোবস্ত দিয়েছে, তারা খাজনা দিয়েছে তাদের কাছে রসিদ রয়েছে, সেখানে ইনজাংশন দিয়ে দিলেন, স্টে অর্ডার হয়ে গেল। এটা কি করে হল? হাউ ইট ইজ স্টেড, বাই হুইচ ল? কোন দেশের আইন অনুসারে, কোন সংবিধান দেখাচ্ছেন যে, একটা ঘটনা ঘটে যাওয়ার পরে সেটা স্টে হয়ে যায় কি করে? ৩।৪ বছর গভর্নমেন্টের হাতে একটা জমি থাকার পর সেটা কি করে স্টে হয়ে গেল? আপনি নিশ্চয়ই বিচার করতে পারেন, এটা ভেস্টেড হওয়ার যোগ্য নয়, গভর্নমেন্ট অন্যায় করে ভেস্ট করিয়েছে, আপনি

আপনি সেটা বাতিল করতে পাবেন, ইউ ড্ দ্যাট, কিন্তু সেটা স্টে করতে পারেন কি করে? অথচ ৭।৮ বছর ধরে স্টে করে রেখেছেন। এই পদাঙ্ক অনুসরণ করে ডিস্ট্রিক্ট জজ, মুনসেফরা মনে করছেন তাঁরা যা খুশী তাই করতে পারেন। আমাদেব দেশে ভূমিসংস্কার আইন অনুসারে ভাগচাষী এবং মালিকের সম্পর্ক কিনা তাই নিয়ে কোন ডিসপিউট হলে তার বিচার করবার অধিকার দেওয়া হয়েছে ভাগচাষ কোর্টের উপর। তার উপর অ্যাপিল আছে। আগে মুনসেফ অ্যাপিল ছিল, এখন এস ডি ও অ্যাপিল আছে। তারপরে আপনি হাইকোর্টে আসতে পারেন। কিন্তু গাদি গাদি কেস গত কয়েক বছরের মধ্যে দেখছি মুনসেফরা নিচ্ছেন। জে এল আর ও রিপোর্ট দিচ্ছেন যে, সে ভাগচাষী, কিন্তু মুনসেফ স্টে অর্ডার করছেন। সে ভাগচাষী কি ভাগ-চাষী নয় জে এল আর ও রিটিন অর্ডার দিচ্ছেন, ফাইলে লিখছেন যে, সে ভাগচাষী, সে ভাগচাষী কি ভাগচাষী নয় আপনার সেই বিচার করবার কথা নয়, সেটা ভাগচাষ কোর্ট করবে, তার উপর অ্যাপিল আছে, তার উপর হাইকোর্ট কেস আছে, কিন্তু শক্ত মামলা ব'লে ক'রে যাচ্ছে, মানি স্যুট ব'লে করে যাচ্ছে, যা খুশী তাই করে যাচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শেষ করে এনেছি, একটা পয়েন্ট বলেই আমার বক্তব্য শেষ করব। সকলেই যেমন আমরা সমালোচনা করি, সমালোচনা করবার অধিকার আছে, তেমনি ৩ জন সুপারসিডেড জাজ তাঁরা এই বক্তৃতার ভেতর দিয়ে, এই আন্দোলনের ভেতর দিয়ে আমাদের কাছে সুযোগ দিয়েছেন যে, জুডিসিয়ারীর ভেতরে যেসব অন্যায় চলছে তারও আমরা সমালোচনা করতে পারি। এই সূত্রে আমি জানি না কি হবে, ও'রা বলছেন একটা নর্মস স্টে কর, হীরেনবাবু বলেছেন যে, পার্লামেন্টকে কোনভাবে ইনভলভ করা যায় কিনা ইন দি অ্যাপয়েন্টমেন্ট অব জাজেস্, গভর্নর, অ্যাম্বাসাডরস, সেটা ভেবে দেখা দরকার। হেগড়ে বলেছেন, হ্যাঁ আমেরিকায় রুজভেল্ট করেছিলেন, আমেরিকায় নিক্সন করছেন, তবে তাঁদের দেশের ব্যবস্থা আলাদা, আমাদের দেশের ব্যবস্থা আলাদা। তাঁদের দেশে ১০০ জনের সিনেট আছে, তাঁরা কনফার্মেসান করেন। আমি এই বিষয়ে কিছু বলতে চাই না, আমি শুধু বলতে চাই নাউ ইট ইজ ওপেন। আজকে একথা ভেবে দেখা দরকার আছে কোন ডেমোক্র্যাটিক মেসিনারি এই বিষয়ে করা যায় কি যায় না। কিন্তু আমি একটা কথা বলব যে, ও'রা সংবিধান সম্বন্ধে বলেছেন যে, আমরা সংবিধান ধরে বসে আছি এবং সংবিধান কি বদলান যাবে, কি বদলান যাবে না তার ইন্টারপ্রিটেসান করার অধিকার আমাদের এবং সেখানে লিখছেন আওয়ার রাইটস আই ওয়ান্ট টু নো—সংবিধান কি একথা বলে দিয়েছে আপনাদের রাইটস অনুসারে আপনারা সংবিধান বদলান যাবে কিনা ঠিক করতে পারবেন, পার্লামেন্ট তার রাইটস অনুসারে ঠিক করতে পারবে না? খুব লিমিটেড সাফরেজের খুব সীমাবদ্ধ ভোটাধিকারের ভিত্তিতে বহুদিন আগে কনস্টিটিয়েন্ট অ্যাসেম্বলী নির্বাচিত হয়েছিল, সেই কনস্টিটিয়েন্ট অ্যাসেম্বলী যা করেছিল তার পরবর্তী কালে ইউনি-ভার্সাল সাফরেজের ভিত্তিতে ইলেকটেড পার্লামেন্ট সেটা বদলাতে পারবে না এবং ইন্টারপ্রিটে-সান করবার অধিকার একমাত্র আপনাদের ইন ইওর রাইটস একথা মেনে নিতে আজকে আমাদের দেশ প্রস্তুত নয় আমরা প্রস্তুত নই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একথা বলে শেষ করব যারা প্রগতিশীল বলে মনে করেন, বামপন্থী বলে নিজেদের মনে করেন তাঁদের বিবেককে আমি একথা জিজ্ঞাসা করব, আজকে জুডিসিয়ারীর নাম দিয়ে এই কনজারভেটিজমকে রাখবার এই চেষ্টা, জুডিসিয়ারীর নাম দিয়ে--মোহনের কি অপরাধ হয়েছে বলেছেন উইন্ড অব চেঞ্জ এটাক ফরওয়ার্ড লুকিং,

[4-30—4-40 p.m.]

আমরা কমিটেড জাজ চাই না একথা বললে কি গালাগালি দেওয়া হল? তা হলে কি আমাদের ফরওয়ার্ড লুকিং জজদেব বাদ দিয়ে ব্যাকওয়ার্ড লুকিং ছোট ছোট জজ রাখতে হবে এবং তার জন্য জনসাধারণ হাত তুলে নৃত্য করবে? তাঁরা বলছেন, চুলোয় যাক জনসাধারণ আমরা ডেমো-ক্র্যাসীকে রক্ষা করব। জনসাধারণকে বাদ দিয়ে তাঁরা ডেমোক্র্যাসীকে রক্ষা করবেন আর আমরা হাততালি দেব এটা হতে পারে না। আমি বলব এই যে ওপেনিং করা হয়েছে এটা যেন শেষ

না হয়, এটা যেন দেখা হয়। আমাদের দেশের মানুষের চিন্তাধারা, আমাদের দেশের অর্থনৈতিক এবং রাজনৈতিক সমস্যা, আমাদের দেশের অগ্রগতির সমস্যা, আমাদের পার্লামেন্টের চিন্তাধারা, আমাদের জনগণের চিন্তাধারা তার সঙ্গে তাল রেখে আমাদের দেশের জজ যাঁরা অগ্রসর হবার চেষ্টা করবেন তাঁদের কাছে যেন বাধা কিছু না থাকে, তাঁদের যেন কায়েমী স্বার্থ না রুখতে পারে সেই ব্যবস্থা আমাদের করতে হবে। আমার শেষ বক্তব্য হচ্ছে হীরেনবাবু যেকথা বলেছেন— ফাস্ট স্টেপ থরোলি সেটা যেন গভর্নমেন্ট বিবেচনা করেন।

Shri A. H. Besterwitch: Mr. Speaker, today it is a precedent in this House and, I hope, this precedent will continue forever. The Hon'ble Minister, Shri Gyan Singh Sohanpal has brought this motion under rule 185. Of course, we on our part have got very little scope as we think that something very peculiar has happened in this House today. Sir, I do not know whether this House has got the jurisdiction to discuss the matter of Supreme Court or the appointment of the Chief Justice of India. According to the Seventh Schedule of the Constitution of India it is a matter for the Parliament.

Sir, for the West Bengal Legislative Assembly to discuss the issue of Supreme Court is something unique and it is as the behest of the Ruling Party which is always up at preventing discussion on any topic that may be raised by the Opposition on the ground that it is not within the 'scope' of the State Legislature. Now we learn that the appointment of Supreme Court Judges including the Chief Justice is a fit matter for discussion by the West Bengal Legislative Assembly. The Government Party has brought forward this issue in order to strengthen the hands of Mrs. Indira Gandhi in the exercise of her arbitrary power. Mr. Siddhartha Shankar Ray assured Mrs. Indira Gandhi of securing the support of the Calcutta Bar to Mrs. Indira Gandhi's arbitrary action. He actually canvassed frantically for the same but failed miserably. We realise that this Assembly resolution is to make up for this loss of face with his boss. We only hope that in future Mr. Ray and his party men would not raise the question of Assembly's 'scope' off and on and it would be befitting for him not to utilise this as an occasion for flattering Mrs. Indira Gandhi. We do not feel any necessity in adopting such a resolution from this House and we, therefore, object to it very strongly.

We know that the Government appoints only its trusted men to man the Judiciary as well. To us, the independence of the Judiciary in a capitalist class society is a myth. We are happy that Mrs. Gandhi has exploded the myth most effectively by her arbitrary and highhanded action. If the Judiciary is independent, could Mrs. Gandhi have the scope for such highhandedness? The myth of the sanctity of the election process was thoroughly exploded in the 1972 elections in West Bengal. There is not a single person who now harbours any illusion on the sanctity of the election process, at least in this State. Some doubts might still have lingered on the question of the so-called independence of Judiciary. We have no doubt that the Judiciary is equally an instrument of bourgeois class rule in an exploitative society.

The question of the so-called 'social philosophy', 'commitment', etc., in order to bring about social change is purely misleading. It is simply to hoodwink the people. We know and everyone knows that the exploitative system continues and the question of change is all a hoax.

The current conflict is between the instruments of class rule. We can have and have no preference for any particular person or group because all of them subserve the interest of the ruling class. The conflict is on the issue of narrow interest of the ruling clique. The quarrel on this issue has brought to light many dirty episodes connected with the appointment of Judges and the revelations have been made by no less a person than the Prime Minister

herself. These stories only confirm that the Judges have, like other mortals, full quota of vices, avarice and partiality and there is nothing as "impartial judgements".

Sir, it is of course true that the Congress can, with a brute majority, take this resolution. But I am certain, the whole thing should not have been discussed in this House. It is against the Seventh Schedule of the Constitution, and we are here discussing a matter which we have no authority whatsoever to do that, I think, Shri Siddhartha Shankar Ray will agree with me, as he is a learned Barrister, and even you too, Sir, will agree with me on this point. Of course, it is true that I did not want to raise this point of order, but still when the discussion is going on I am certain, all legal practitioners will agree with me if they go through the Constitution, that we have no right whatsoever to discuss the matter which is purely a part and parcel of the Parliament.

Shri Kumar Dipti Sen Gupta: On a point of order, Sir. This motion has been admitted by your goodself. Can an honourable Member raise the question that this cannot be discussed? It is already in the possession of the House, and to my mind, Sir, the learned Member has no right to raise this question that this is a matter which we cannot discuss.

[4-40—4-50 p.m.]

Shri A. H. Besterwitch: I have got my right to do that.

Mr. Speaker: Mr. Sen Gupta, allow him to speak, I will give my ruling.

Shri A. H. Besterwitch: I know that the Speaker has given a ruling for discussion, but with due respect I say that although I do not want any ruling on the subject, I am of opinion that we have no right whatsoever to interfere with the functions of the Parliament, we have no jurisdiction to do that. Whoever is the Judge appointed, whoever he may be or whatever he may be—I do not know him. We are here neither to support the resolution nor to condemn it. But, in my personal feeling and my party's feeling it is not right whatsoever that the West Bengal Legislative Assembly should discuss a matter which is purely within the jurisdiction of Parliament.

Shri Kumar Dipti Sen Gupta: Sir, we want to know whether the learned Member is opposing the resolution.

Mr. Speaker: He is neither supporting nor opposing it. Honourable Members, while the speech was being given by Shri A. H. Besterwitch, he has made the observation that he has not asked for any ruling from me. But, when he has made certain observations challenging the authority of this Assembly as to whether we can discuss this particular point and whether we are interfering with the functions of the Parliament, I think, I should clarify the point.

First of all, the Chief Justice of the Supreme Court is not appointed by the Parliament. Article 124 is the Article according to which the Chief Justice of India is to be appointed by the President and it is not the subject-matter of the Parliament that it will discuss about the appointment of the Chief Justice. Nowhere in the Seventh Schedule has it been sand that it is the subject-matter of the Lok Sabha. It is the subject-matter which has been clearly defined in Article 124.

Now, as regards the question whether this State Legislature has got any right to discuss the motion that has been moved by the Hon'ble Gyan Singh Sohanpal, let me first of all point out that in this Assembly, on a number of

occasions, in the past, we had practically discussed—and the convention is well settled that we can discuss—international problems that come under the Ministry of Foreign Affairs of the Government of India. Let me point out the instances one by one.

First of all, as far back as 2nd April, 1941 there was a very interesting observation by the then Speaker. When Hon'ble Mr. A. K. Fazlul Haque went to move a similar motion and Mr. Niharendu Dutt Majumdar raised a point of order that "this House has got no jurisdiction to do so because it does not come within the jurisdiction of any Minister or of this House because it is not the concern of the State of Bengal", the observations made by the then Speaker was that "I have heard Mr. Dutt Majumdar very carefully while he was making out a case in support of his point of order that the motion which the Hon'ble the Chief Minister is going to place before the House is out of order, being a subject which does not relate to any department of this Government or to any Minister. I must admit that so far as the movement of any Army, Navy or Air Force is concerned, that does not concern any department of this Government or fall within the portfolio of any of our Ministers. But surely a matter as to whether we in Bengal or any section of people in Bengal or this Assembly can give expression to their feeling in congratulating the Indian soldiers on their achievement is a question which, although these Indian soldiers may not concern any department of this Government or come under the portfolio of any Minister, is certainly within the jurisdiction of the House. The expression of your feeling—whether some of you agree with that feeling or not is altogether a different question—is a matter which, although it may not concern the portfolio of any Minister, can certainly be a concern of this House. I hold, therefore, that for the time being this motion is in order".

In 1964 there was another resolution which was moved by Shri Gour Chandra Kundu, a member of this House at that time, condemning the proposed despatch of the 7th Naval Fleet by the U.S.A. for cruise in the Indian Ocean, and that was allowed to be discussed on the floor of this House. **(Shri A. H. Besterwitch:** Because that was in the Bay of Bengal.)

Then, I refer to one of the leaders of the R.S.P., Shri Jatin Chakravorty who on November 16, 1965, moved a resolution on the floor of this Assembly to this effect: "In view of the role of the British Government in taking an overt and covert pro-Pakistan and anti-Indian attitude during the recent Pakistani aggression of India, this Council is of opinion that the State Government should urge upon the Union Government to approach other members of the Commonwealth of Nations to take steps for expulsion of the United Kingdom from that body." That was the matter—a completely Foreign Affairs subject—on which a resolution was moved on the floor of this House by no less a person than Shri Jatin Chakravorty.

(Noise and interruptions.)

Shri A. H. Besterwitch: On a point of order, Sir.........

Mr. Speaker: When I am making my observation there cannot be any point of order.

Again, on January 14, 1966, I find that a resolution standing in the name of Shri Monoranjan Hazra was moved by Dr. Narayan Chandra Roy to this effect:

'যেহেতু মার্কিন যুক্তরাষ্ট্র দক্ষিণ ভিয়েৎনামে বিশ্বযুদ্ধের সম্ভাবনাকে ত্বরান্বিত করিয়া তুলছে, সেই হেতু বিধানসভার সুস্পষ্ট অভিমত এই যে, যাহাতে কোনক্রমেই বিশ্বযুদ্ধের সম্ভাবনা রূপায়িত হইতে না পারে তজ্জন্য দক্ষিণ ও উত্তর ভিয়েৎনামে—এই মার্কিন বর্বরতা বন্ধ করার এবং উক্ত দেশ

হইতে সমগ্র মার্কিন সৈন্য ও সমরসম্ভার অপসারণের দাবিতে পৃথিবীর অন্যান্য জোট নিরপেক্ষ এবং সমাজতান্ত্রিক দেশগুলির সহিত সম্মিলিতভাবে কার্যকর পন্থা গ্রহণের উদ্দেশ্যে ভারত সরকারকে অনুরোধ জানানো হউক"

This is a matter not within the jurisdiction of any Minister concerned but even then this House being vitally interested in it discussed the matter and the resolution was adopted.

Then, on the 7th May, 1971—you know who was the then Speaker—Shri Ajoy Kumar Mukherjee moved a resolution to this effect in this House: "বিগত ডিসেম্বর মাসে অনুষ্ঠিত নির্বাচনে মুজিবর রহমানের নেতৃত্বে পরিচালিত আওয়ামী লীগের অসামান্য ও ঐতিহাসিক সাফল্যের মধ্যে প্রকাশিত জনগণের সুস্পষ্ট রায়কে পদদলিত করিয়া বাংলাদেশের সাড়ে সাত কোটি জনগণের বিরুদ্ধে পাকিস্তানের সামরিক শাসকচক্র যে নারকীয় গণহত্যা অভিযান চালাইতেছেন পশ্চিমবঙ্গ বিধানসভা তাকে তীব্র ধিক্কার জানাইতেছে এবং বাংলাদেশের জনগণ পূর্ণ জাতীয় স্বাধীনতার জন্য যে মরণপণ সশস্ত্র সংগ্রাম চালাইতেছেন, তার প্রতি অকুণ্ঠ সমর্থন ও সেই সঙ্গে সংগ্রামী জনগণকে আন্তরিক অভিনন্দন জানাইতেছে।"

Then, on the 3rd May, 1972, Shrimati Ila Mitra moved that—

"This Assembly is of opinion that appropriate authorities should be urged upon for according full diplomatic recognition to and for establishing diplomatic relations with the German Democratic Republic and the Provisional Revolutionary Government of South Vietnam".

That resolution was supported, I understand, by a huge majority—rather an absolute minority and it was carried. So in this House since 1941 we have got the observation of the then Speaker that if we have got some feeling, we must express our opinion. But in this case, we are not going to discuss about the conduct of any Supreme Court Judge or of any Judge. We are not discussing about what judgment they have given in respect of a particular case. That is not our issue. It is an abstract point that we are discussing. The only point is whether the appointment is justified or not. It is an abstract point. This is not on any judgment of a judge of the Supreme Court or High Court. Not the conduct of a Judge but an abstract point about the appointment—I think this House has got full jurisdiction to discuss this point as per established convention. The House is fully justified in expressing its feelings over the issue.

Shri A. H. Besterwitch: On a point of order, Sir.

Mr. Speaker: Mr. Besterwitch, there cannot be any point of order on the observation made by the Chair. We are expressing our feeling over the appointment made by the President of India just as in 1941 this House expressed its feeling over the war. By this motion we are expressing our feeling as to how we feel over the appointment.

[4-50—5-00 p.m.]

শ্রীআবদুস সাত্তার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সুপ্রীম কোর্টের চীফ জাস্টিসের এ্যাপয়েন্টমেন্ট নিয়ে সারা ভারতবর্ষে একটা আলোড়ন আরম্ভ হয়েছে এবং বিভিন্ন পত্র-পত্রিকা মারফত সেই আলোড়নের সংবাদ আমরা পাচ্ছি। আজকে আশ্চর্যের কথা এই যে আর, এস পি-র যে তিনজন সদস্য এবং তাঁদের নেতা মিঃ বেষ্টরউইচ এই মোশানকে সমর্থন করবেন কি করবেন না তা কিছুই জোর করে বললেন না। তা না বলে তার উপর তিনি সংবিধানের সেভেন্থ সিডিউলের কথা চাপিয়ে তিনি বাগড়া দেবার চেষ্টা করেছেন। আমি জানি না আর এস পি-র পিছনে কার গোপন হস্ত আছে। আর এস পি-র সদস্যরাও কি মিঃ গোপালন পার্লামেন্টে যেকথা বলেছেন আজকে কি আর এস পি সেই পথ অবলম্বন করেছেন? দেখে দুঃখ হয়—এই বিপ্লবী পার্টির অবস্থা দেখে। তাঁরা দেওয়ালের লিখন দেখলেন না। তাঁরা আজ কোথায়

ঠেকেছেন? তাঁরা এখনও নিজেদের প্রগতিশীল এবং বিপ্লবী বলেন। অথচ সুপ্রীম কোর্টের চীফ জাস্টিসের এ্যাপয়েন্টমেন্ট নিয়ে তারা খেলাধুলি কিছু বলতে পারছেন না। আমি বলবো তাঁরা কনসটিটিউসান দেখে বলুন। উনি কি কাগজ পড়ে বললেন জানি না, তবে কনসটিটিউসান দেখে বলেন নি। যাহোক, চীফ জাস্টিসের এ্যাপয়েন্টমেন্টে যে আলোড়ন সৃষ্টি হয়েছে সত্যই এতে জুডিসিয়ারিকে খর্ব করার জন্য করা হয় নি। সত্য সত্যই এই বিচার বিভাগকে একজিকিউটিভের অধীনে করবার জন্য যেকথা বলা হচ্ছে তা ঠিক নয়। সত্যই কি এই এ্যাপয়েন্টমেন্টে বিচার বিভাগের স্বাধীনতাকে খর্ব করা হয়েছে? যদি তা না হয়ে থাকে তাহলে এই এ্যাপয়েন্টমেন্ট নিয়ে এতো আলোড়ন কেন? কারা আছেন এই আলোড়নের পিছনে? ৩রা মে তারিখের পত্রিকায় আছে যা দেখলে দুঃখ হয় জজ গ্রেভার ৩১শে মের কথা বলেছেন। যদি কেউ জুডিসিয়ারিকে ছোট করে থাকেন বা জুডিসিয়ারির স্বাধীনতা খর্ব করার নির্দেশ দিয়ে থাকেন তা সরকার করেন নি, প্রেসিডেন্ট করেন নি, বা কেন্দ্রীয় সরকার করেন নি। এই সমস্ত জজ যারা রেজিগনেশান দিয়েছেন তাঁরা কেউ ৩১শে মে'র পরে, আবার কেউ সঙ্গে সঙ্গে দিয়েছেন। সেই সমস্ত জজেরা এবং মহাজোটের যে সমস্ত শরিক—সোস্যালিষ্ট পার্টি, সংগঠন কংগ্রেস, স্বতন্ত্র, জনসঙ্ঘ ইত্যাদি যারা প্রগতিশীল নীতিতে বিশ্বাস করেন না তাঁরাই জুডিসিয়ারিকে ছোট করছেন।

আপনি শুনলে আশ্চর্য হবেন মিঃ ডেপুটি স্পীকার স্যার, গত ৩রা মে একটা মিটিং হয়েছে, সেই মিটিং-এ কে কে উপস্থিত আছেন। সেই মিটিং হচ্ছে

to undermine the Ruling Party's attempt. to undermine the independence of the judiciary and ushering in a totalitarian regime. Present at the meeting where the call to virtually oust the Government was given were former Chief Justice of India, Mr. Sikri, two of the three superseded Judges of the Supreme Court, Mr. Grover, Mr. Hegde and legal luminaries like N. K. Palkivalla, leaders of the Jan Sangh, Swatantra, D.M.K. and Acharya J. B. Kripalani. Mr. M. C. Chagla presided over the public reception organised by the Delhi Citizens Council.

তাদের ফটো আছে টাইমস অব ইণ্ডিয়াতে। দুঃখের কথা মিঃ গ্রেভার যার রেজিগনেসন এ্যাকসেপ্ট হয় নি, এখনও জজ আছেন তিনি পলিটিক্যাল লীডারদের সঙ্গে বসে গভর্নমেন্টকে কনডেম করছেন। ভেবে দেখুন এদের চরিত্র। তাঁরা যেভাবে পলিটিক্সে নেমে পড়েছেন তাতে তাঁদের অতীত ইতিহাস বিচার করে তাঁদের সত্যিকার সুপ্রীম কোর্টের জাসটিস করা যায় কিনা। জুডিসিয়ারিকে ছোট সরকার করে নি, জুডিসিয়ারির স্বাধীনতা সরকার খর্ব করে নি, সরকার বলে দিয়েছেন জুডিসিয়ারি সবার উপরে। কিন্তু জুডিসিয়ারি সবার উপরে মানে এই নয় ভারতবর্ষের মানুষের কাছ থেকে বিচ্ছিন্ন হবে, ভারতবর্ষের মানুষের আশা-আকাঙ্খা যা পার্লামেন্টের মাধ্যমে পূর্ণ হচ্ছে তাকে নস্যাৎ করে দেবে। জাস্টিস থাকার অধিকার তাঁদেরই থাকবে দোজ হু আর নট কমিটেড টু এনি পার্টি, জুডিসিয়ারিতে তারই থাকবে,

Those who are committed to the constitution, those who are committed to the people, those who are committed to the ideals and aspirations of the people, those who are committed to the desire of the people.

এরাই হবে আসল জুডিসিয়ারি। জুডিসিয়ারিকে পার্লামেন্ট থেকে বিচ্ছিন্ন করলে চলবে না। পার্লামেন্ট সমস্ত মানুষের প্রতিনিধি স্থানীয়। পার্লামেন্টের অধিকার আছে সংবিধান পরিবর্তন করার। ৬ বছর পর পর আলোচনা করলে দেখতে পাবেন কতগুলো প্রগ্রেসিভ এ্যামেন্ডমেন্ট নেওয়া হয়েছে দেশকে সমাজবাদের পথে নিয়ে যাওয়ার জন্য তাঁরা বাধা দিয়েছে, কারণ তারা কমিটেড টু দি পার্টি, কারণ মহাজোট যে মিটিং করছে তাতে তারা উপস্থিত থাকছে, তাকে সমর্থন করছে আর এস পি, সি পি এম—যারা বিশেষ করে বলে মার্কসবাদী, কিন্তু যারা প্রগতিশীল আইনের প্রতিবন্ধক তাদের সমর্থন করছে। একে একে যদি দেখেন ৬ বছরের ইতিহাস সেই গোলকনাথ কেস থেকে সুরু হয়েছে। আর্টিকেল ৩৬৮-তে যেটা ছিল সেখানে পার্লামেন্টের অধিকার ছিল টু এমেন্ড দি কনসটিটিউসন। সে আর্টিকেল ৩৬৮, যেখানে

[5-00—5-10 p.m.]

পার্লামেন্টের অধিকার সম্বন্ধে লেখা আছে সেখানে দেওয়া আছে যে পার্লামেন্টের অধিকার আছে সংবিধান পরিবর্তন করার যা আগে বিচার করা হয়েছে সুপ্রীম কোর্টে শঙ্কর প্রসাদ কেসে, তারপর মেজরিটি ডিসিসনে সুজন সিং কেসে, কিন্তু মেজরিটি ডিসিসনে গোলকনাথ কেসে পূর্বের সমস্ত রায় আপসেট করে দেওয়া হোল যে পার্লামেন্টের কোন অধিকার নেই। জাজমেন্ট সম্বন্ধে আমাদের বলবার কিছু নেই—কিন্তু লোকের যে আশা আকাঙ্ক্ষা, আমরা যে প্রগতিশীল সমাজ-বাদের পথে এগিয়ে যাচ্ছি, সমাজবাদ যে আমাদের আসল আশা তাকে সামনে রেখে আমরা যে অগ্রসর হচ্ছি তা এই সমস্ত রায়ের ফলে নস্যাৎ করে দেওয়া হয়েছে। তারপর আরও জানেন স্যার, ব্যাঙ্ক ন্যাশনালাইজেসন অ্যাক্ট যা করা হয়েছিল দেশের অগ্রগতির জন্য দেশকে প্রগতির ও সংহতির পথে নিয়ে যাবার জন্য যেটা সমাজবাদের একটি ধাপ সেই ব্যাঙ্ক ন্যাশনালাইজেসন অ্যাক্টকে সুপ্রীম কোর্টের একটা জাজমেন্টে—শান্তিলাল মোহন দাস কেসে যে জাজমেন্ট ছিল সেই বেসিসে করা হয়েছিল, তার পর দেখা গেল সুপ্রীম কোর্ট—ইট হ্যাজ ষ্ট্রাক ডাউন দি ব্যাঙ্ক ন্যাশনালাইজেসন অ্যাক্ট, নস্যাৎ করে দেওয়া হোল। এর পরে আরও আছে। যে অর্ডার গভর্নমেন্ট দিয়েছিলেন ক্যানসেলিং দি রেকগনিসন অব দি প্রিন্সেস, সমস্ত ভাতা বন্ধ করে দেওয়া হয়েছিল আগেকার সুপ্রীম কোর্টের একটা রুলিংয়ের বেসিসে, দ্যাট ইজ বেসড অন দি ওসমান আলি'জ কেস, ওসমান আলির কেসে যে বিধান ছিল সুপ্রীম কোর্ট সেটা ষ্ট্রাক ডাউন করে দিল। এইভাবে এক এক করে ঐসব প্রগতিশীল আইনগুলি এক ধার থেকে নস্যাৎ করে দেওয়া হয়েছিল। এর পরে তখন থেকে ২৪, ২৫, ২৬ এমেন্ডমেন্ট অব দি কনষ্টিটিউসন করা হয়েছে যা করায় পার্লামেন্টের অধিকারও আছে, সেগুলি যখন নস্যাৎ করে দেওয়া হোল তখন আমাদের নেত্রী ইন্দিরা গান্ধী এক বছর সময় থাকতেও তিনি চলে গেলেন জনগণের রায় নেবার জন্য নির্বাচনে এবং সেই নির্বাচনে ⅔ মেজরিটির বেশী মেজরিটি নিয়ে এলেন এবং আসবার পর তিনি এই সমস্ত সংবিধান আবার এমেন্ডমেন্ট করেন। এখানে উল্লেখ থাকতে পারে যে যদি সুপ্রীম কোর্টের বিচারপতি নিয়োগ করার অধিকার প্রেসিডেন্টের থেকে থাকে এবং সে অধিকার নিশ্চয় আছে। আর্টিক্যাল ১২৪ রেড উইথ ১২৬, তাঁকে সম্পূর্ণ অধিকার দেওয়া হয়েছে—কিন্তু এটা নিয়ে কেউ কিছু বলছেন না। যদি সেই অধিকার তিনি পেয়ে থাকেন তাহলে আজকে কেন জজ-সাহেবেরা এত হৈচৈ করছেন, কনষ্টিটিউসন সব আইনের উপরে এবং আমরাও বলি সেই কনষ্টিটিউসনে প্রেসিডেন্টকে অধিকার দেওয়া হয়েছে অর্থাৎ প্রেসিডেন্ট ক্যান এ্যাপয়েন্ট জাজেস অব দি সুপ্রীম কোর্ট যার জন্য কোন কনসালট করা দরকার হবে না। এই প্রসঙ্গে ল কমিশন যে রিপোর্ট দিয়েছে সেই রিপোর্টটা সব চেয়ে ইম্পর্টেন্ট। ল কমিশনের রিপোর্ট-এ বলছে

"we have referred to the high and important duties which the Chief Justice of India is called upon to perform. It is obvious that succession to an office of this character cannot be regulated by mere seniority. For the performance of the duties of Chief Justice of India there is needed not only a Judge of ability and experience but also a competent administrator capable of handling complex matters that will arise from time to time, a shrewd judge of personality and above all a person of study, independence and towering personality who would when occasion arises be watch-dog of the independence of the judiciary. It is well accepted that the qualifications needed for a successful Chief Justice are very different from the qualifications which go to make an erudite and able judge. The considerations which must, therefore, prevail in making the selection to this office must be basically different from those that would govern the appointment of other judges of the Supreme Court.

এখানে পরিষ্কার আছে। যদি আমাদের সংবিধানে থাকে, যদি ল কমিশন অব ইন্ডিয়ায় থাকে, সেই অনুসারে যদি এ্যাপয়েন্টমেন্ট হয়ে থাকে তাহলে যারা সংবিধানের কথা বলছেন, যারা চিৎকার করছেন, তাঁরা কি সত্যিকারের সংবিধানের নামে এই সব করছেন, না রাজনীতি করছেন? আজকে দুঃখের কথা যে জাজেস অব দি সুপ্রীম কোর্ট যাদের প্রতি আমাদের সকলের রিগার্ড

থাকা উচিত, তারা আজকে পলিটিক্যাল পার্টির সঙ্গে মিশছেন। তারা যখন বুঝলেন যে সিনিয়র-মোষ্টরা সুপারসিডেড হয়েছেন তখন যদি রেজিগনেসন দিয়ে আলাদা থাকতেন তাহলে বুঝতাম যে তারা সত্যিকারের ইনডিপেনডেন্ট মাইনডের লোক, কিন্তু দেখা যাচ্ছে একজন বলছেন যে আমি এবার পার্টির মধ্যে ঢুকে রাজনীতি করব এবং অন্যান্য পার্টি যে সমস্ত মিটিং ডাকছেন তাতে এ্যাটেন্ড করছেন। আর সব চেয়ে দুঃখের কথা যাদের রেজিগনেসন এখনও এ্যাকসেপ্টেড হয় নি বা যিনি এখনও রেজিগনেসন দেন নি তিনিও ঐ পলিটিক্যাল পার্টির লিডারদের মিটিং-এ এ্যাটেন্ড করছেন। আমি আজকে বলব যে বিচার বিভাগকে পলিটিক্যাল ক্লাচেসের মধ্যে ফেলে দিয়েছেন, এটা তারাই করেছেন। সরকার এটা করেন নি, প্রেসিডেন্ট এটা করেন নি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের দেশে এটাই যে নতুন হচ্ছে তা নয়। আপনি যদি অন্যান্য ডেমোক্র্যাটিক কান্ট্রির দিকে তাকিয়ে দেখেন তাহলে দেখতে পাবেন যে সেখানে কি আছে—এই চীফ জাস্টিস এ্যাপয়েন্টমেন্টের ব্যাপারটি কি ভারতবর্ষে এই প্রথম হচ্ছে? অন্যান্য ডেমোক্র্যাটিক কান্ট্রি কি বলছে? আমি কয়েকটি ডেমোক্র্যাটিক কান্ট্রির উদাহরণ আপনার কাছে তুলে ধরছি।

In the United States, the President appoint judges of Supreme Court subject to confirmation of the Senate. In England, the Crown appoints High Court judges on the recommendations of the Lord Chancellor and appoints Lord Justice of Appeal and Lord of Appeal according to the recommendations of the Prime Minister. In Australia, judges of the High Court are appointed by the Governor-General in the Council. In Canada the judges of the Supreme Court are appointed by the Governor-General. In Switzerland, judges in the Federal Tribunal are elected by the Federation institutions for six years. In Ceylon, the Chief Justice and the puisny judges of the High Court are appointed by the Governor. In Burma, the Chief Justice of Union is appointed by the President by giving order under his hand and seal with the approval of both the chambers of Parliament in joint sitting. In our view, therefore, the filling of vacancy in the office of the Chief Justice of India should be approached with paramount vigour to the considerations we have mentioned above. It may be that seniormost puisny judges felt this requirement. If so, there could be no objection to his being appointed to fill the office but very often it is necessary to set a healthy convention for appointment to the office of the Chief Justice on this special consideration and does not as a matter of course go to the seniormost puisny judges. If such convention were established it would be no reflection on the seniormost puisny judges if he is not appointed to the office of the Chief Justice. We are in another place suggesting that such a convention should be established even in the appointment of judges of the High Court.

সুতরাং এতগুলি দেশ—এ ছাড়া পাকিস্তানে পাবেন, বাংলাদেশে পাবেন, চারিদিকে পাবেন। কাজেই সম্পূর্ণ সংবিধান মতে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। এ্যাপয়েন্টমেন্ট দেবার সময় বিচার বিবেচনা করে থাকেন প্রেসিডেন্ট। নিশ্চয়ই প্রেসিডেন্টের সেই অধিকার আছে। আজকে যারা গণতন্ত্র বিশ্বাস করে না, যারা গণতন্ত্র চায় না, যারা গণতান্ত্রিক পদ্ধতিকে বিশ্বাস করে না, যারা সমাজবাদের পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করবার জন্য বার বার সমস্ত প্রগতিশীল আইনকে বাধা দিচ্ছে, যারা মহাজোটের অংশীদার, সেই সমস্ত লোকদের সঙ্গে একজোট হয়ে, অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি, তথাকথিত মার্কসবাদী কম্যুনিস্ট পার্টির নেতা গোপালন ও তাদের সঙ্গে হাত মিলিয়েছেন এবং তারা হাত মিলিয়েছেন বলেই আর এস পি-র বন্ধুরা চুপ-চাপ আছেন, কিছু বলছেন না। আজকে এই তাদের ভাগ্য। আজকে আর এস পি-র যে দুজন সভ্য এখনও

[5-10—5-20 p.m.]

উপস্থিত আছেন তাদের বলছি প্লিজ কাম টু ইওর সেন্সেস—এখনও চিন্তা করার সময় আছে, এখনও ভাবুন যে আপনারা কোন পথ বেছে নেবেন—সেই মহা-জোটের পথ না অন্য পথ? আমাদের নেত্রী ইন্দিরা গান্ধীর পার্সোনাল ভিলিফিকেসন পর্যন্ত তারা করছেন। তা ছাড়া

অন্যান্য কেন্দ্রীয় মন্ত্রী যেমন শ্রীকুমার মঙ্গলম, গোখলে, এদের পার্সোনাল ভিলিফিকেসনে এই সব জজেরা নেমে পড়েছেন। এই সব দলের লোকেরা এই কাজে নামতে পারেন জানি কিন্তু দেখুন জজেরা কত নীচে নেমে এই সমস্ত কাজ করছেন—তাঁরা পার্সোনাল ভিলিফিকেসন অব দি প্রাইম মিনিস্টার অ্যান্ড মিনিস্টারস করছেন। তাহলে কি বলতে পারেন যে এরা সত্যিকারের জজ ছিলেন? না, এরা মেয়ারলি ফর এ পার্টিকুলার পারপাস দে ওয়ার জাজেস। সরকারের প্রগতিশীল আইনগুলিতে কি করে বাধা সৃষ্টি করা যায় তার জন্য তাঁরা সেখানে ছিলেন। তাঁরা আজকে ধরা পড়েছেন। আমাদের নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী অতীতে অনেক আঘাত প্রতিক্রিয়াশীলদের অনেককে দিতে দ্বিধাবোধ করেন নি। আমরা দেখেছি ঐ মোরারজী দেশাই-এর মতন লোককেও তিনি এক কলমের খোঁচায় সরিয়ে দিয়েছিলেন। কাজেই তিনি যখন যেটা মনে করবেন, বিশ্বাস করবেন—এ'রা প্রগতির পথে বাধাস্বরূপ, সমাজবাদ কায়েমের পথে বাধাস্বরূপ, দেশের কল্যানের জন্য, ভারতবর্ষের মানুষের জন্য যদি দরকার হয় তাহলে সেই পথে যাবেন। সেটা জুডিসিয়ারীকে খর্ব করার জন্য নয়। আমি মনে করি জুডিসিয়ারী যদি আজকে দেশের কল্যাণের দিকে অগ্রসর হয় তাহলে তার স্বাধীনতা কেউ নিতে পারবে না বা নেবার প্রশ্নও উঠে না। কিন্তু আজকে তারা যে কমিটেড টু আইডিয়াস অব সাম পলিটিক্যাল পার্টিজ সেটা পরবর্তীকালে ধরা পড়েছে। এটা হয়ত আমরা আজকে জানতে পারছি কিন্তু আমাদের প্রেসিডেন্ট তথা কাউন্সিল অব সেন্ট্রাল মিনিস্টার্স তারা আগেই জেনেছিলেন যে এরা বাধা দিতে পারেন। কাজেই আজকে ঐ তিনজন, জজকে ডিঙিয়ে যদি করে থাকেন সেটা সংবিধান বিরোধী কাজ হচ্ছে না বা ল মিশনের রিপোর্ট বিরোধী কাজ হচ্ছে না। সর্বোপরি মানুষের দিকে তাকিয়ে আজকে করতে হয়েছে। সবার উপরে মানুষ সত্য একথাটা আজকে জজ যারা আছেন তিনি হাইকোর্টেই থাকুন বা যেখানেই থাকুন এটাকে মনের মধ্যে গেঁথে রাখতে হবে। তাই আমি বলব জাজেজ মাস্ট বি কমিটেড টু দি কনস্টিটিউসন যে কনস্টিটিউসন প্রগতিশীল কনস্টিটিউসন যে কনস্টিটিউসন সমস্ত ভারতবর্ষের মানুষকে নির্দিষ্ট পথের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছে যে পথ সমাজবাদের পথ। এই বলে আজকে যে মোশান আমাদের মাননীয় মন্ত্রী শ্রীজ্ঞান সিং সোহনপাল মহাশয় এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে শেষ করলাম।

Shri Siddhartha Shankar Ray: Mr. Deputy Speaker, Sir, I am speaking in English because I shall have to quote from various authorities for the purpose of clearing the jungle which has been created by certain politically motivated persons.

Sir, we would never have brought this resolution in this House if the controversy arising out of the appointment of Mr. A. N. Ray as the Chief Justice of India was restricted to lawyers and judges only. But unfortunately some of these superseded judges thought it fit to come out into the political arena to make a political point about their supersession. When such a political point has been made by some of these judges, it is only natural that this Assembly of the elected representatives of the people of West Bengal should record its views on the subject. It was a sacred duty and if this duty was not performed, the people would have misunderstood us.

Sir, today we witness a peculiar scene, today we witness an absurd situation. We are faced today with a situation where at least two of the three superseded judges have attended a meeting which was addressed by political leaders, addressed by Shri Morarji Desai, addressed by Shri Piloo Modi of the Swatantra Party, addressed by Shri Madhu Limaye of the S.S.P. and addressed by Shri Atal Behari Bajpayee of Jan Sangh. Mr. Hegde himself had made a blistering attack against our Prime Minister, our leader, and I hope when he thought of doing it he realised that we shall also come up in the open and place before the country and the people all the facts

concerning Mr. Justice Hegde—facts concerning his appointment, facts concerning his promotion, facts concerning whether in the case of his promotion as the Chief Justice of Delhi High Court or as a Justice of the Supreme Court the rule of seniority has at all been followed. I shall ask, Sir, at the end of my speech four or five questions to Mr. Hegde in the hope that he will answer them for the benefit of the people and the country. Sir, what is this fuss about? It is being said that three judges have been superseded. Is there any bar in doing that? What is the position? What wrong has been committed by the Government? Am I not entitled to ask these questions? Sir, two things must be clearly borne in mind. The first is that seniority can never be the only determining factor in so far as the appointment of the Chief Justice of the Supreme Court is concerned. This is supported by the report of the Law Commission which the Law Minister has just placed before the House. This is also supported by the Constitution because the Constitution gives complete discretion to the President who acts on the advice of the Government in the matter of making this particular appointment. Seniority, therefore, Sir, cannot be and must not be the determining factor in the matter of such an appointment. Secondly, Sir, if seniority is not the determining factor, what should be the determining factor? Is it being suggested that the Government should be only a rubber stamping authority and that it must appoint the judges with its eyes closed and ears plugged and appoint whoever happens to be the seniormost judge at a particular time? What is the provision in the Constitution in so far as this aspect of the matter is concerned? Article 124(2) controls the subject. In this Article it has been said that every judge of the Supreme Court shall be appointed by the President. Then there is a proviso. The proviso says that in the case of the appointment of a judge other than the Chief Justice, the Chief Justice of India shall always be consulted, or, in other words, with regard to puisne judges, the Chief Justice of India is to be consulted before they are appointed, but with regard to the Chief Justice of India, no consultation with anybody is necessary. There has been a suggestion that the last Chief Justice, Mr. Sikkri was not even consulted about the new Chief Justice.

[5-20—5-30 p.m.]

Sir, may I, with great respect and in all humility, ask these venerable gentlemen, who are making this allegation, as to where have they found this provision of the Constitution that the appointment of the Chief Justice requires the prior consultation with the outgoing Chief Justice? On the contrary, the proviso to Article 124(2) is absolutely clear and it categorically states that in the matter of appointment of only puisne judges, the Chief Justice shall be consulted but not with regard to the matter of appointment of the Chief Justice. Now, Sir, this being the position, the discretion of the Government to advise the President as to who should be appointed as Chief Justice is totally and completely unfettered and unrestricted. Now, how is this discretion to be exercised? The Government obviously has a mind to exercise its discretion. The Government obviously has to do considerable amount of thinking before appointing anybody as the Chief Justice of India. Government obviously has to discharge its duties and functions under Article 124(2) in an appropriate manner and in accordance with certain principles. What are these principles—has anybody once thought of asking himself? When I say 'anybody' I mean these venerable gentlemen, this galaxy of superseded judges and dismissed politicians—the politicians who have been dismissed by the people and the judges who have been superseded by the Government. This galaxy of frustrated people, these men had met together, some ex-Ministers, some ex-judges, some politicians like Mr. Piloo Modi, who hopes to become the Prime Minister one day. They have directly made certain allegations and there are indirect allegations also—indirect

egations by Shri A. K. Gopalan in the hope that some day perhaps a man re from the C.P.I.(M), whom the people have thrown into the gutter, will come the Chief Minister of West Bengal—Shri Jyoti Basu. So, all these ople have got together only with this intention of misleading the people, of nfusing the people and of politically making propaganda against our Prime inister, our Government, the Congress Party and the Communist Party of dia. Today Mr. Hegde has called our Steel and Mines Minister as a secret ommunist and something of that kind. He has not had the courage to say at directly, but he has given a veiled threat to Mr. Kumarmangalam that he ust be a communist, he must be guided by principles accepted by the C.P.I. making a speech that he had made in Parliament. Mr. Hegde has gone rther to say that Mr. Gokhle is not a man of law at all, and, of course, th regard to the Prime Minister, he has gone on to say—he had the audacity say—that she has not read the report of the Law Commission because she not interested either in democracy or in the judiciary. Mr. Hegde has also clared that His Royal Highness will now enter into politics. Well, we elcome that, we shall place Mr. Hegde before the people and also see what e people have to say about him. But before I do that, I shall place certain ry relevant matters before this House.

As I was saying, what are the considerations relying upon which the overnment should appoint the Chief Justice of India? Sir, in my submission, ere are six considerations which will have to be taken into account, namely,) his ability, (ii) his administrative experience, (iii) his honesty and integrity,) his age and the likelihood of his retiring very early, (v) his state of health, d (vi) his commitment not to the social philosophy of any particular party t to the social philosophy of the Constitution as interpreted by Parliament, interpreted by the lawfully elected representatives of the people. These are e six considerations which have to be taken into account by any sensible overnment, by any sane Government, by any honest Gonverment, for the rpose of appointing any person to that high office of the Chief Justice of dia. These were the considerations which must have been taken into count by the Central Government and after taking into account these six nsiderations the Central Government in its wisdom had thought it fit to commend to the President that Mr. Justice Ajit Nath Roy should be pointed the Chief Justice of India. What is wrong there? What is all this litical talk by frustrated people? Do they think that they shall gain pularity by addressing a motley crowd of reactioneries, by making wild d sweeping allegations against our Prime Minister, our leader, against some our colleagues in the Central Government, against our party as a whole or gainst the C.P.I.? Do they think that by doing so they shall be able to tablish themselves in the hearts of the people? Sir, this is a matter which ould not be dealt with in a cheap manner; this is a matter which should ot be dealt with in such a manner as to create a sensation. This is a matter hich has to be dealt with in a thoughtful manner; this is a matter which has be dealt with after reference to the state of the law, to the state of the ractice existing in such matters in all the democracies of the world. What o we find, what is the position? Let us take England first. The Jan Sangh d the Swatantra leaders, of course, in this House are not seen now: they all never be seen. The C.P.I.(M) is absent but its echo—the R.S.P.—is resent. Perhaps the R.S.P. would like to hear as to what reputed scholars ave said about the practice in England. I shall take you, Sir, through every ountry where we have the same system. I shall take you through England, shall take you through Canada, I shall take you through Australia and I all take you through the United States of America. I have with me the ystems in other countries but I do not want to waste the time of the House, ir, and from what I shall place before the House, I have no doubt whatsoever

that every person will agree with me that what India has done is nothing novel, nothing new. It is, in fact, the only practice which is sensible, which is logical, which is reasonable and which is legal.

[5-30—5-40 p.m.]

Mr. Morarji Desai's party is absent—not in the House here. I take it that they have noticed that this resolution has come, but I suppose, they thought, it is no use going to the House because if we do so we will have to say something and if we do not toe Morarji Desai's line we shall be in difficulty, but our conscience says that Morarji is absolutely wrong. Therefore, the best thing is not to go to the House at all. So, Congress (O) is absent. Those vacant benches have no occupants.

England—Sir, I am reading from the Machinery of Justice in England, by Mr. R. M. Jackson, LL.D.—it is on pages 209 and 210. I shall only read a few sentences. Talking about the practice in England the author says, "It is noticeable that when political claims cannot be ignored on an appointment there is a marked tendency for the candidate to go direct to one of the special posts, such as, Master of the Rolls, or into appellate work, and not to the High Court. The best post of all, that of Lord Chief Justice, is virtually a reward for political service. Hence, politics may not only secure a greater chance of judicial office but may lead direct to the more desirable offices. A system of promotion would have perhaps led to worse results. The pressing of political claims to appointment in England does at least and when the appointment is made, the debt is paid and the political account is closed. Sir, I am not saying that this should be the practice in India. I am not for a moment suggesting that our appointment should be political. I want to make this clear. I am saying that our appointment should be absolutely non-political based on the six principles which I have mentioned, but I am trying to say that worse practices are to be found in other great democracies.

Then, Sir, if we come into the facts we will see that Sir Rufus Issaacs, who was the Attorney-General, as you know, Sir, he is a member of the Ministry in England—was appointed as Chief Justice under the designation of Lord Reading. Sir Gordon Hewart, who was the Attorney-General, was appointed Chief Justice under the designation of Lord Hewart. Lord Goddard was appointed Justice of Appeal and was junior, certainly, to the Master of the Rolls, but he was appointed Lord Chief Justice and thus became President of the Court of Appeal. Lord Parker was not the seniormost Lord Justice, but he was appointed Chief Justice and Lord Justice Widgery was junior to Lord Denning, Master of the Rolls, but he was appointed Lord Chief Justice, Lord Denning remaining the Master of the Rolls. Not only have Attorneys-General been appointed directly to the office of the Chief Justice, thus superseding Lord Justices of Appeal but Members of the Bar have superseded Lord Justices of Appeal having been made Master of the Rolls directly. Sir W. A. Greed was directly appointed Master of the Rolls. Again, Redcliffe, who gave us the award during partition—Sir Cyril Redcliffe—was appointed a member of the highest Court of Appeal, namely, House of Lords, directly from the Bar, thus going over the heads of the Master of the Rolls. Sir, as regards England, the principle of appointing the seniormost judges even of the Court of Appeal as Chief Justice has never been followed.

Come, now, Sir, to Canada. I shall quote from that very well known book, by that very well known author, Porter, "Vertical Mosaic"—pages 415-416. As far as the senior judiciary selected are concerned, there were five who held other political elite roles during 1940-60, four former Cabinet Ministers and one former Provincial Premier. Sir, can you imagine what would have happened if in India Cabinet Ministers were appointed Chief

Justice or a State Chief Minister was appointed a Chief Justice? Can you imagine, Sir, the tremendous hue and cry that would have been raised? Yet, this is the practice in Canada. I do not think that we should have that practice. I do not think Ministers or Chief Ministers should be appointed judges. In so far as we are concerned, we are politically committed to a particular political party and politicians should not be appointed judges. We should not, politicians should not, be appointed judges. There should be no political motivation in the appointment of judges. As I said earlier, I am trying to show from other countries that even that principle has not been accepted by them and politicians have been appointed judges. A further three had been provincial Premiers before 1940, one of whom had also been Federal Cabinet Minister. Thus the overlaps during the careers of 44 senior judiciary numbering 8 is less than one-fifth. There are, however, other political roles from which individuals move into the judiciary, provincial Cabinet Ministers. Of the 44 judges, 25 had known political affiliations and 22 of 25 held elected political positions, many of which were in provincial cabinets. It is likely, however, that the number of political affiliations is greater because it is recognised that appointments to the Bench are patronage appointments. The judiciary is the end of the line for a political career. This is prevalent in Canada. In so far as Australia is concerned, there have seven chief justices up till now in the Federal Court of Australia, and I find that Chief Justice Griffith, the first Chief Justice, was appointed Chief Justice while he was an MLA. He was appointed after he had been an MLA, a provincial Minister, a Chief Justice of a provincial court and a Governor. Chief Justice Knox, the second Chief Justice, was appointed as Chief Justice when he was an MLA in one of the provincial State Assemblies. Chief Justice Isaacs, the third Chief Justice, was appointed Chief Justice when he was an MLA and a Minister in a State Cabinet. Chief Justice Lathom was appointed Chief Justice when he was a Minister of the Federal Government. Chief Justice Barwick was appointed Chief Justice when he was a Minister of the Federal Government. Similarly in the matter of appointment of puisne judges, I find that majority of them were either MLAs or members of the Federal Parliament or a Minister in the State or a Minister in the Centre. This is the practice in so far as Australia is concerned. I have the names, I have the dates and I have all the details with me here.

In so far as America is concerned, it is still different. Sir, we have to go through American history for the purpose of knowing what Mr. Piloo Mody or the Jan Sangh or Mr. Atal Behari Vajpayee says, gentlemen who swear by the U.S. Judiciary, and it is also necessary for them to know what the real position is in the U.S.A. Sir, their talk of democracy is lip talk. I have seen Mr. Hegde saying, "Mrs. Gandhi is a dictator but I am a democrat". The difficulty with the people who have no following whatsoever is that they always see a person who has the greatest following in India as a dictator. Sir, what can we do if the people support us, if the alliance here between the Congress and the C.P.I. have captured almost all the seats in the House? The people are with us but just because the people sent us in with a vast majority, just because the people have extended tremendous support, it does not mean that we have become dictators. It means we have tremendous support from the people and by having tremendous support from the people if it means that it turns one into a dictator, then I am sorry for Mr. Hegde, I am sorry for Mr. Morarji Desai, I am sorry for Mr. Piloo Mody, I am sorry for Atal Behari Vajpayee and the whole jing bang lot.

[5-40—5-50 p.m.]

You know, in America before the Civil War there was a Missoorie Compromise in the middle of last century. The Compromise was that slavery was

abolished. Immediately a man went to the Supreme Court—"Slavery is being abolished? Slaves are property, my slave is my property, how can you abolish slavery without paying the compensation under the 4th Amendment of the American Constitution, viz., the due Process of Law, he challenged before the Supreme Court, and Chief Justice Taney, one of those gallant reactioneries, set aside that Compromise on the ground that slaves were property and since slaves were property you could not do away with slavery without compensation in as much as that violated the 5th Amendment of the American Constitution, viz., the due Process of Law. What happened thereafter? America was in total confusion. It required a civil war, a Lincoln and an amendment of the Constitution to bring America back to sanity. The 13th Amendment was passed after the Civil War whereby slavery was abolished and by the 14th Amendment equal rights were given, equal protection was guaranteed. After this came the Legal Tender Act. The Legal Tender Act was declared ultra vires by the Supreme Court. That threw America into economic confusion, there was total chaos in the internal economy of America, as a result of which President Grant acted swiftly. What did he do? He immediately appointed two new judges of his own choice, made them members of the Supreme Court and the Supreme Court then again heard the case, reversed the old decision and declared that the Legal Tender Act was perfectly intra vires. This had happened in America. But what is the use of taking you to histories of long past? I shall come to more recent times, I shall come to 1933—President Roosvelt and his New Deal Legislation. Sir, in 1933 industrial production in America was off by 45 per cent., employment was off by 41 per cent., factory pay rolls were off by 63 per cent. and 17 million people were unemployed in America in March 1933. Therefore, President Roosvelt brought forward his New Deal Legislations which included among others the New York Minimum Wage Law, the Wagner Labour Relations Act and the Social Security Act. Reactionerics then described Mr. Roosvelt in the same manner as Mr. Hegde has described Mohan Kumarmangalam—Mr. Roosvelt was described as a communist and they said that this man must go, he must face an election, the Supreme Court thought that this man was a communist, that the people had believed it and said "let us set aside all these legislations", and the Supreme Court one by one set aside the New York Minimum Wage Law, the Wagner Labour Relations Act and the Social Security Act. In 1936, after these laws were declared ultra vires, just as our Prime Minister Mrs. Indira Gandhi had gone to the country after the Privy Purse and the Bank Nationalisation matters were declared ultra vires, President Roosvelt went to the country and told the people that this is what I wanted for you, I have been called a communist, I wanted to enact these laws for you, they have been set aside, the Supreme Court has set them aside, I want your verdict and the result that came out after the Presidential election showed that no other President uptil that time had received the majority which President Roosvelt had received. He won 46 out of 48 seats in the United States of America.

On the 9th of March, 1937 after assuming office as President he spoke over the wireless, giving what is known as in a State of the Union message. I would like Mr. Hegde, Mr. Shelat and Mr. Grover to read this. But I do not want Mr. Morarji Desai to read this because he would not understand it, I do not want Mr. Piloo Mody to read this because he would not understand it but I would like these venerable ex-Judges of the Supreme Court—of course Mr. Grover is not an ex-Judge because he is to retire only on the 31st of May—to read this and for their benefit may I, Sir, place before this House what President Roosvelt had to say, on the 9th of March, 1937 what he had to say to the Supreme Court of America. We have done nothing of that sort. We have not used language as strong as the language used by President Roosvelt. This is what President Roosvelt said, "The Court in addition to the proper

use of its judicial functions has improperly set itself up as a third House of the Congress—a super Legislature, as one of the Justices had called it—reading into the Constitution words and implications which are not there and which were never intended to be there. We have, therefore, reached the point as a nation when we must take action to save the Constitution from the Court and the Court from itself. We must find a way to take an appeal from the Supreme Court to the Constitution itself. We want a Supreme Court which will do justice under the Constitution and not over it". That is exactly what he said, "We want a Chief Justice of Supreme Court who will do justice under the Constitution and not over it". "In our Courts we want a Supreme Government of laws and not of men". That is exactly what I say. In our Courts we want supreme Government of laws and not of men like Mr. Justice Hegde, Mr. Justice Grover and Mr. Justice Shelat, who are committed to a particular political philosophy. Then he said, "I want as all Americans want, an independent judiciary as proposed by the framers of the Constitution." That is exactly what we want. We want an independent judiciary as proposed by the framers of our great Constitution. Then again he said, "That means a Supreme Court that will enforce the Constitution as written, that will refuse to amend the Constitution by an arbitrary exercise of judicial power—amendment by judicial say-so". That is exactly what we want.

Mr. Speaker: Mr. Roy, I am sorry, I have to interrupt you for a minute. Under rule 289 of the Rules of the Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly the allocation of time for discussion on to-day's motion is due to expire at 5-50 p.m. There are quite a number of speakers who will participate in the debate. I, therefore, call upon Shri Gyan Singh Sohanpal to move his motion for extension of time.

Shri Gyan Singh Sohanpal: Sir, Under Rule 290 of the Rules of Procedure and Conduct of Business of the West Bengal Legislative Assembly I beg to move that with your consent the allocation of two hours' time in respect of the motion which is due to expire at 5-50 p.m. may be extended up to 7-30 p.m.

The motion was then put and agreed to.

Mr. Speaker: The discussion will continue up to 7-30 p.m. I now call upon the Chief Minister to resume his speech.

Shri Siddhartha Shankar Ray: At that time President Roosvelt had said, "I am going to appoint more judges to the Supreme Court of America". An allegation was made against him that President Roosvelt was going to pack the Court with his own men. To that President Roosvelt was answered: What

[5-50—6-00 p.m.]

do they mean by the words 'packing the court'? Let me answer this question with a bluntness that will end all honest misunderstanding that if by this it is meant that I wish to place on the Bench spineless puppets who would disregard the law and would decide specific cases as I wish them to decide, I make this answer that no President fit for his office would appoint and no Senate of honourable men fit for their office would confirm that kind of appointees to the Supreme Court. But if by that phrase the charge is made that I would appoint and the Senate would confirm Justices worthy to sit beside the present members of the Court who understand those modern conditions, that I will appoint Justices who will not undertake to override the judgment of the Congress on legislative policy and that I will appoint Justices

who will act as Justices and not as Legislators—if the appointment of such Justices can be called 'packing the Court',—then I say that I and, with me, the vast majority of American people favour doing just that thing right now."

That is what he stated. But in so far as the Supreme Court of America was concerned, the message had reached them, and therefore, after the speech on the 9th March, 1937, the Minimum Wages Act was re-heard by them in the end of March, 1937 and it was declared intra vires, in April, 1937 the Labour Relations Act was reconsidered and declared intra vires and in May, 1937 the Social Security Act case was reconsidered and declared intra vires. That is how America has functioned. In America the appointment of judges is political. But in so far as India is concerned, it is nothing of that sort. It is not a political appointment, it is an appointment in accordance with the six principles which I have just placed before this House.

Now, Sir, a great cry has been raised by these superseded Judges and by Shri Morarji Desai; it was raised by Shri Piloo Modi, Shri Atal Behari Bajpai and etc. etc.—all honourable men no doubt. They have raised this cry. Where were they when the appointment of Supreme Court Judges were made from time to time? Take the case of Mr. Justic Hegde. He was appointed as a Judge of the Mysore High Court. Where was he then? What was he doing then when he was appointed as Judge to the Mysore High Court? He was a Member of the Rajya Sabha. Where was Mr. Hegde's conscience then; his principle that 'you cannot appoint a politician to that high office of a Judge'? Where were Mr. Hegde's great principles then that such an appointment should never be made? He gladly accepted the office and went to Mysore. From Mysore he was appointed Chief Justice of the Delhi High Court in October, 1966. How many Judges did he supersede then? He superseded the Chief Justice of Mysore High Court and two other Judges of the Mysore High Court and also numerous Judges in other High Courts of India. At that time his conscience did not bother him, at that time all these high sounding principles did not attract his notice or attention. He promptly went there and gladly accepted the office and sat as the Chief Justice of the High Court of Delhi. He was, as I said, appointed as Chief Justice of the High Court of Delhi only in October, 1966 and—within November, December, January, February, March, April, May, June and July—within nine months he suddenly was elevated to the Supreme Court. Did it ever strike him, "How many Chief Justices am I superseding in this way?" At that time he was a Buchha Chief Justice, he was a very minor Chief Justice—a Chief Justice for nine months only. How he could be appointed to the post of a Supreme Court Judge superseding many other Chief Justices all over India? Did it strike him that "This is something wrong, I shall not accept it?" Today he wants to join politics; today he wants to attack the Prime Minister, our leader; today he wants to attack the Congress Party and the C.P.I. He must prove his credentials before he can criticise us. He will have to prove his credentials before he can criticise us and he will have to answer these four questions which I will put to him for the benefit of our people and our country.

First, Mr. Hegde, were you a member of the Rajya Sabha when you were appointed as a Judge of the Mysore High Court?

Secondly, before you became a Judge—we want to know what kind of a lawyer you were. What was your gross income from your profession as disclosed by income tax during the last ten years before you became a Judge of the Mysore High Court? The people must know this. I am not saying that it was nil, may be he had a very good practice, but we do not know anything about it. We want to know it—the people must know it. Therefore,

my second question is what was your gross income from your 'legal profession', not property income or anything of the kind—during the last ten years before you became a Judge of the Mysore High Court?

My third question is, how many Judges of the Mysore High Court and the other High Courts did you supersede when you were appointed the Chief Justice of the Delhi High Court in October, 1966?

My fourth and the last question is, how many Chief Justices and how many Judges of the other State High Courts did you supersede when you were appointed to the Supreme Court in July, 1967?

These questions have to be answered—we must know this—and after he answers these questions, we shall try and find out who was the Chief Minister of Mysore at that time. I am not going to mention his name now. (A voice: Nijalingappa). I am not going to mention his name now. Let him answer these four questions. And then we shall do a little more research. He has attacked our Prime Minister, he has attacked our leader, he has attacked the Congress Party, he has attacked our allies, and he will have to face our criticisms and answer our criticisms for the benefit of our people and our country.

Sir, so far as Mr. Justice Grover is concerned, how did he become a Judge of the Supreme Court? All this has now come in the open. As I have said, we wouldn't have said this if they had not sided with politicians to create this unnecessary controversy. But since they have brought the whole thing out in the open, they will have to answer certain questions.

Mr. Justice Grover was a Judge of the Punjab and Haryana High Court, and he was appointed to the Supreme Court on the 12th February, 1966. Will Mr. Justice Grover kindly tell us how many Judges did he supersede at that time in the Punjab and Harayana High Court itself? Actually there were two —he superseded two—and how many Judges did he supersede in the other State High Courts in becoming a Judge of the Supreme Court? I will give you the number. His number was 39 in the list. He superseded 38 Judges to become a Judge of the Supreme Court. I don't question his appointment nor do I question, mind you, Mr. Justice Hegde's appointment because it seems that has been the practice throughout. I have the names here. Mr. Justice Mudholkar—his number was 7 in the list. Mr. Justice Vaidialingam —his number was 23. Mr. Justice A. N. Roy himself—his number was 30. Mr. Justice Palekar—his number was 34. Mr. Justice Mathew—his number was 70. Mr. Justice Dwivedi—his number was 10. Mr. Justice Arun Mukherjee—his number was 31. Mr. Justice Chandrachud—his number was 19. Mr. Justice Alagiriswami—his number was 72.

[6-00—6-07 p.m.]

This is happening in the Supreme Court. I am only giving you some instances. Seniority has never been accepted as a criterion. What is this talk about senority? Wasn't Mr. Justice Imam superseded by Mr. Justice Gajendragadkar, on one of the grounds which I have mentioned as consideration, namely, health? Didn't Mr. Justice Chagla become the Chief Justice of Bombay High Court after superseding Mr. Justice K. C. Sen? Did Mr. K. C. Sen come out in the open and start a political hue and cry? Wasn't Chief Justice P. B. Mukherjee superseded twice in the Calcutta High Court? Did he come out in the open and create a political controversy? Judges must behave like Judges and Judges should know what is the practice of appointment and what is the practice of seniority. If they try to confuse the people by placing the situation before them as if something outrageous has happened,

something novel has happened, something unheard of has happened, we shall have to place the facts before the country, we shall have to tell the people that these superseded Judges are emitting poisons bcause they are jealous, because they have lost their office which in any case they had obtained by superseding numerous others.

I, therefore, Sir, fully and wholeheartedly support this resolution. It is not the social philosophy of the party in power which is important. The social philosophy of the Constitution has to be followed and it should be ensured that whoever is appointed as Judge—apart from the five considerations that I have mentioned the last consideration is most important—he must be committed to the social philosophy of the Constitution as interpreted by the Members of Parliament, as interpreted by the representatives of the people, as interpreted by the people of India. Fifty-five crores of people of India have a social philosophy which can't be brushed aside to say that the social philosophy of three or four Judges will rule India and not the social philosophy of fifty-five crores of people of India.

With these words, Sir, I have great pleasure in supporting this resolution moved by our Transport Minister and ably seconded by Shri Biswanath Mukherjee of the C.P.I.

Mr. Speaker: Shri Kumar Dipti Sen Gupta.

(Voices from the Congress Bench: Our Chief Minister has said everything, we have nothing more to say....We want to keep this impression into our mind....We don't want to say anything more).

Shri Siddhartha Shankar Ray: Sir, I am very grateful to the Members for this kind and indirect compliment, but if any Member wanted to say anything he could do so.

(Voices: No.)

Very well, let people see, let the whole of India see that the West Bengal Legislative Assembly has unanimously passed this resolution. I will request the members of the R.S.P. not to vote against this resolution.

Mr. Speaker: They have not opposed it—I know, they wouldn't oppose it.

Shri Siddhartha Shankar Ray: I hope, they are doing it not by way of protest.

Mr. Speaker: If the sense of the House is that no speaker is going to speak then it can be passed unanimously.

Before I put this motion, I just present before you one Report of the Business Advisory Committee.

Twenty-eighth Report of the Business Advisory Committee

I beg to present the Twenty-eighth Report of the Business Advisory Committee, which at its meeting, held on the 5th May, 1973 in my chamber, considered the question of allocation of date and time for the disposal of legislative business and recommended as follows:—

Thursday, 10-5-1973 .. (i) The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1973. (Introduction, Consideration and Passing.)—½ hour.

(ii) The West Bengal Panchayat Bill, 1973. (Introduction and reference to Select Committee.)—½ hour.

The Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg to move that the Report of the Twenty-Eight Report of the Business Advisory Committee presented this day, be agreed to by the House.

Mr. Speaker: I think the motion is accepted.

The mover may now speak by way of reply, if necessary.

Shri Gyan Singh Sohanpal: Sir, I only thank the Members.

Mr. Speaker: I now put the motion.

The motion of Shri Gyan Singh Sohanpal that this Assembly welcomes the recent appointment of the Chief Justice of India and expresses its firm conviction that the said appointment is fully in accord with the letter and spirit of the Constitution, the recommendations of the Law Commission and the practice prevailing in democratic countries of the world, was then put and agreed to unanimously.

Adjournment

The House was then adjourned at 6-07 p.m. till 1 p.m. on Monday, the 7th May, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 7th May, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 11 Ministers, 5 Ministers of State, 2 Deputy Ministers and 98 Members.

Oath or Affirmation of Allegiance

[1-00—1-10 p.m.]

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath.)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

ক্র্যাশ প্রোগ্রাম ও আনএমপ্লয়মেন্ট স্কীমে কর্মী নিয়োগ

***১১৭৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮৪।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন (কৃষি) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে ক্র্যাশ প্রোগ্রাম ও আনএমপ্লয়মেন্ট স্কীম-এ লেবার এবং অন্যান্য কর্মীনিয়োগ কিভাবে ও কিসের ভিত্তিতে করা হচ্ছে;

(খ) এ বিষয়ে কোন কমিটি আছে কি না;

(গ) অঞ্চল রিলিফ ও ব্লক রিলিফ কমিটির মাধ্যমে ঐ কর্মিগণকে নিয়োগের বিষয় সরকারের কোন পরিকল্পনা আছে কি; এবং

(ঘ) থাকিলে, এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হয়েছেন?

শ্রীআবদুস সাত্তার: (ক) কেন্দ্রীয় সরকারের নির্দেশাবলী অনুযায়ী গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের (সি এস আর ই) মুখ্য উদ্দেশ্য যে পরিবারের কোন প্রাপ্তবয়স্ক কর্মরত নাই সেই পরিবারভুক্ত অন্তত একজনের আমরা যে সমস্ত পরিবারের অন্য কোন কাজে নিয়োজিত হইবার সম্ভাবনা কম, তাহাদের জন্য কর্মসংস্থান করা। এই উদ্দেশ্যে অঞ্চল প্রধানগণের সহায়তায় ও নির্বাচিত জনপ্রতিনিধিদের পরামর্শক্রমে ব্লকভিত্তিক শ্রমিক তালিকা প্রস্তুত করিয়া জেলাশাসকের অনুমোদন অনুসারে শ্রমিক নিয়োগ করা হয়।

অন্যান্য তদারকি কর্মিগণের নিয়োগের বিষয়েও নির্বাচিত জন প্রতিনিধিদের সুপারিশ বিবেচনা করিয়া জেলাশাসকের অনুমোদন অনুসারে কর্মী নিয়োগ করা হয়।

(খ) এবং (গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

শ্রীমহম্মদ দেদার বক্স: এই যে ক্র্যাশ প্রোগ্রামে শ্রমিক নিয়োগ করা হচ্ছে, সেখানে অনেক গণ্ডগোল হচ্ছে, সেখানে একটা কমিটি করলে ভাল হয়। বি ডি সি মাধ্যমে এবং প্রধানদের মাধ্যমে রিলিফ মিনিস্টার যে ব্যবস্থা করছেন সেটা ভাল হচ্ছে না। তাই ঐ রিলিফ কমিটির মাধ্যমে না ক'রে উনি কি মনে করছেন না যে কমিটি ক'রে এইসব শ্রমিকদের নিয়োগ করা উচিত এবং তা ক'রে থাকলে কবে থেকে সেই কমিটি হবে?

শ্রীআবদুস সাত্তার: আপনি কি একটা কমিটির মাধ্যমে করলে ভাল হয় বলছেন?

মিঃ স্পীকার: আপনি তো অনেক অভিমত নিজের মত এই সব ব'লে যাচ্ছেন। এই সব না ক'রে পিন পয়েন্টে আপনি সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন করুন।

শ্রীমহম্মদ দেদার বক্স: আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে, এই ব্যাপারে সুষ্ঠু ব্যবস্থা করার জন্য একটি কমিটি করে এই সব নিয়োগ করবেন কিনা?

শ্রীআবদুস সাত্তার: আপনি যে প্রশ্ন করলেন তার উত্তর আমার ঐ 'খ' এবং 'গ'-এর উত্তরে পাবেন।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন বর্তমানে ক্রাশ প্রোগ্রাম এবং স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে কি ধরনের কাজ করা হচ্ছে এবং কি কি কাজ হচ্ছে?

শ্রীআবদুস সাত্তার: স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম আমার দপ্তরের হাতে নেই, এটা ডেভেলাপমেন্ট মিনিস্টার দেখেন। তবে মোটামুটি যেটুকু কাজ হয় সেটা আমি ব'লে দিচ্ছি। রাস্তা, পুকুর, সেচের ব্যবস্থা ইত্যাদি যেগুলি আছে অর্থাৎ এগ্রিকালচারাল ওরিয়েন্টেড প্রোগ্রাম যেগুলি আছে, মোটামুটি গ্রামের দিকে সেগুলিতে নজর দেওয়া হয়।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—এটা কি সত্যি ব্লক লেভেল থেকে ক্রাশ প্রোগ্রাম-এর স্কীম ঠিক ক'রে বি ডি ও পাঠালেন ডি এম-এর কাছে এবং তিনি রেকমেন্ড ক'রে দিলেন. কিন্তু কলকাতা থেকে সেই স্কীম অনুমোদন না পেয়ে ফিরিয়ে দেওয়া হয়, এটা কি ঠিক?

শ্রীআবদুস সাত্তার: আপনার যদি সেরকম স্পেশাল কেস থাকে দেবেন আমি দেখবো। এখন প্রশ্ন হচ্ছে অ্যালটমেন্ট যদি হয়, তা হ'লে সেই অ্যালটমেন্টের মধ্যেই স্কীম হবে। অনেক স্কীম আমাদের কাছে আসে। কিন্তু টাকার অ্যালটমেন্ট সেই স্কীমে ততটা নেই, সেই জন্য সেই স্কীমগুলি সব নিতে পারা যায় না। তবে যদি আমাদের টাকার অ্যালটমেন্টের মধ্যে থাকে, তা হ'লে তখন আমরা নিতে পারব।

শ্রীনরেশচন্দ্র চাকী: টাকা থাকা সত্ত্বেও অনুমোদন দেওয়া হয় না, এই রকম ঘটনা ঘটেছে এবং সেখানে যুক্তি দেখানো হয়েছে যে, পি ডবলিউ ডি-র কোথাও রাস্তা ক্রাশ প্রোগ্রামে দেওয়া হয়? সেখানে টাকার অনুমোদন দেওয়া হ'ল না এই যুক্তিতে যে, পি ডবলিউ ডি ঐ রাস্তার উপর আপত্তি জানিয়েছে। এই পি ডবলিউ ডি-র আপত্তির ভিত্তিতে টাকা থাকা সত্ত্বেও রাস্তার স্কীম দেওয়া হয় নি, এটা কি ঠিক?

শ্রীআবদুস সাত্তার: যদি ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যানের ভিতর থাকে, তা হ'লে সে রাস্তা আমরা নিতে পারব।

শ্রীনরেশচন্দ্র চাকী: ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যানের ভিতর নেই। পি ডবলিউ ডি ১৪ বছর আগে আগামী ২০ বছরের মধ্যে কি কি রাস্তা করা হবে তার যে একটা লিস্ট টাঙিয়েছে সেই লিস্টের মধ্যে রুরাল এরিয়া পড়লে ক্রাশ প্রোগ্রাম হবে, না পড়লে হবে না—এই রকম একটা লিস্ট আছে, সেটা কি ঠিক?

শ্রীআবদুস সাত্তার: সেটা আপনি আমাকে দেবেন আমি দেখবো। ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যানের মধ্যে না থাকে হবে না এবং সেটা আছে কিনা জানি না। যদি না থাকে, তা হ'লে তার স্পেসিফিক কেস আমাকে দেবেন, সেটার কি অবস্থা আছে আমি তা দেখবো।

শ্রীনরেশচন্দ্র চাকী: ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যানের মধ্যে সেটা ইনক্লুডেড হয় নি, ফিফ্‌থ ফাইভ-ইয়ার প্ল্যানেও ইনক্লুডেড হয় নি। একটি রুরাল রাস্তা যেহেতু কোন প্ল্যানে ইনক্লুডেড হয় নি সেই জন্য ক্রাশ স্কীমের মাধ্যমে করবার জন্য দেওয়া হয়েছিল। কিন্তু পি ডবলিউ ডি-র আগামী ২০ বছরের রাস্তার লিস্টের মধ্যে নেই ব'লে এটার অনুমোদন দিতে পারছে না এবং এই পি ডবলিউ ডি-র আপত্তির ভিত্তিতে সেই রাস্তাটি ক্যানসেল ক'রে দেওয়া হ'ল—এই ধরনের কোন ঘটনা ঘটেছে কিনা মন্ত্রিমহাশয় সেটা জানেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ প্রশ্ন হচ্ছে পি ডবলিউ ডি-র ভেটিং দরকার হয়। কেন দরকার হয়? এই রাস্তাটি আমরা ইঁট পর্যন্ত করবো, তারপরে তারা টেক আপ করবেন এবং টেক আপ ক'রে পিচ দেবেন, মেনটেন করবেন ঠিকমত ভাবে। সুতরাং পি ডবলিউ ডি ভেটিং করবেন এবং সেই ভেটিং-এর দায়িত্ব আমরা নিতে পারবো না।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় জানেন যে, এই ক্রাশ প্রোগ্রামে যেসমস্ত রাস্তা তৈরি হচ্ছে তাতে অনেক পাবলিক মানি মিসঅ্যাপ্রোপ্রিয়েসন, মিসইউজ হচ্ছে সেটা বিবেচনা ক'রে এটাকে ডিপার্টমেন্ট থেকে নিয়ে নিজের ডিপার্টমেন্টে করার কোন পরিকল্পনা সরকার নিচ্ছেন কিনা জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ ক্রাশ প্রোগ্রাম স্কীম ডিপার্টমেন্ট থেকে করার কোন ব্যাপার নেই। তবে মোটামুটি একটা ডিপার্টমেন্ট থেকেই হচ্ছে। একদিক দিয়ে ডিপার্টমেন্টের দায়িত্ব নিশ্চয় আছে, তারা সুপারভিসন করেন। কিন্তু এটা এমপ্লয়মেন্ট টু দি আনএমপ্লয়েড পিপল অব দি লোকালিটি—সেই জন্য এই স্কীম নেওয়া হয়েছে। সুতরাং যেসমস্ত লোক নিয়োগ করা হবে ডিপার্টমেন্ট থেকেই নেওয়া হোক বা বাইরে থেকেই নেওয়া হোক সেখানকার লোকদেরই নেওয়া হবে। একদিক দিয়ে আমাদের ডিপার্টমেন্টই করছে।

[1-10—1-20 p.m.]

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় মন্ত্রিমহাশয় যে কথা বললেন যে, কৃষিভিত্তিক অর্থাৎ কৃষিকে সামনে রেখে এই ক্রাশ প্রোগ্রামগুলি নেওয়া হয়েছে। তা যদি হয়, তা হ'লে আপনি কি জানাবেন পশ্চিমবাংলার সমস্ত ব্লকে বা অঞ্চলে এই ধরনের স্কীম নেবার কোন আইন করছেন কিনা?

শ্রীআবদুস সাত্তারঃ পশ্চিমবাংলার প্রত্যেক ব্লকে নেবার আইনের প্রশ্ন কিছু নেই। তবে দরকার হ'লে জেলা থেকে ঠিক করবে এবং প্রত্যেক ব্লকে আমার মনে হয় খোঁজ করলে দেখা যাবে রাস্তা আছে।

পানিফলা মৌজায় আর্টিজীয় কূপের সন্ধান

*১১৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯২।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য বর্ধমান জেলার আসানসোল মহকুমার বারাবনী ব্লকের অন্তর্গত পানিফলা মৌজায় দোমহানীস্থ জি এস আই (জিওলজিক্যাল সারভে অফ ইন্ডিয়া) ক্যাম্প একটি আর্টিজীয় কূপের সন্ধান পাইয়াছেন;

(খ) সত্য হইলে, উক্ত আর্টিজীয় কূপটির জল দ্বারা বারাবনী ব্লকের গ্রামে সেচ কার্যের ব্যবস্থা করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে, তাহা কি?

শ্রীআবদুস সাত্তারঃ (ক) হ্যাঁ।

(খ) না।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে আর্টিজীয় কূপ সেই কূপের জলের যে উৎস সেই উৎস স্থায়ী না অস্থায়ী?

শ্রীআবদুস সাত্তারঃ এখন পর্যন্ত স্থায়ী পাওয়া গেছে, পরে ভবিষ্যতে অস্থায়ী হতে পারে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় স্থায়ী ব'লে মনে করছেন, তা হ'লে ঐ জল সেচের কাজে ব্যবহার করতে আপত্তি কোথায় সেটা জানাবেন কি?

শ্রীআবদ্‌স সাত্তার: মোটামুটি আমাদের আপত্তি আছে একথা বলি নি। তবে আপনার প্রশ্ন হচ্ছে সত্য হ'লে এই জল খরাপীড়িত বারাবনী ব্লকের গ্রামসমূহের পানীয় জল হিসাবে ব্যবহার করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা—এই পানীয় জলের কথা বলেছেন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয়, ইহা কি সত্য যে, বর্ধমান জেলার আসানসোল মহকুমার বারাবনী ব্লকের পানিফলা মৌজায় জি এস আই ক্যাম্পে একটি আর্টিজীয় কূপের সন্ধান পাওয়া গিয়াছে? (খ) যদি সত্য হয়, তা হ'লে উক্ত কূপের জলদ্বারা বারাবনী ব্লকের সেচকার্যের জল দেবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং (গ) থাকিলে, তাহা কি?

শ্রীআবদ্‌স সাত্তার: (ক) হ্যাঁ।

(খ) ও (গ) ঐ স্থানে একটি জলাধার নির্মাণ ক'রে উক্ত আর্টিজীয় কূপের জলকে ঐ জলাধারে ঠান্ডা এবং পরিশোধন করার পরে স্থানীয় চাষীদের মধ্যে সরবরাহ করা যেতে পারে কিন্তু এই সম্পর্কে কোন পরিকল্পনা গ্রহণ করা হয় নি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন করা হবে—এটা ঠিক কিনা বলবেন কি?

শ্রীআবদ্‌স সাত্তার: করা যেতে পারে।

বর্ধমান বিশ্ববিদ্যালয়ে কৃষি গবেষণা খামার

***১১৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪৮।) **শ্রীঅশ্বিনী রায়:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে একটি কৃষি গবেষণা খামার স্থাপিত হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, (১) উক্ত খামারের প্রতিষ্ঠার সময়, (২) ২৩শে এপ্রিল, ১৯৭৩ পর্যন্ত যেসকল বিষয়ে গবেষণা করা হইয়াছে তাহার ফলাফল, (৩) রাজ্য ও অন্যান্য সরকারী সাহায্যের পরিমাণ এবং (৪) উক্ত খামারের উন্নয়নের কোন প্রকল্প থাকিলে, তাহার বিবরণ?

Mr. Speaker: Starred question No. *1186 is held over.

শ্রীঅশ্বিনী রায়: স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে একটি কথা বলতে চাই। এখন যদি এই প্রশ্নের জবাব এসে থাকে, সেটা যদি দেন, তা হ'লে খুব ভাল হয়। আর তা না হ'লে আমি আপনার মাধ্যমে তাঁকে রিকোয়েস্ট করবো যে, নেক্সট রোটেশনাল ডে-তে বোধ হয় আর পাওয়া যাবে না। সেই জন্য ৯/১০ তারিখের মধ্যে যদি রিপ্লাই দেন, তা হ'লে ভাল হয়।

Mr. Speaker: The admitted question No. *2488 is held over. The Minister could not collect all the matters so he has asked for time.

শ্রীঅশ্বিনী রায়: স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো ১০ তারিখের মধ্যে এটার জবাব দিতে পারবেন কিনা চিন্তা ক'রে দেখুন। কেননা, রোটেশনাল ডে-তে হ'লে আর হচ্ছে না।

শ্রীআবদ্‌স সাত্তার: ১০ তারিখে যদি সম্ভব হয়, তা হ'লে দেওয়া যেতে পারে।

মিঃ স্পীকার: ১০ তারিখে উনি দিতে পারবেন না ব'লে মনে হচ্ছে।

The written answer will be placed on the table. The Minister says, "if possible, I will give the answer on the floor of the House; if not, the answer wil be placed on the table".

বর্ধমান কৃষিবিভাগের কতিপয় কর্মচারীর উপর সাসপেনসন অর্ডার

***১১৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৫০।) **শ্রীঅশ্বিনী রায়** এবং **শ্রীহরশঙ্কর ভট্টাচার্য:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি অবগত আছেন যে, বর্ধমান কৃষি বিভাগের কয়েকজন কর্মচারীকে ১৯৬০ সালে তাহাদের চাকুরী হইতে সাসপেন্ড করিয়া এখনও তাহাদের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় নাই; এবং

(খ) অবগত থাকিলে, (১) ইহার কারণ কি ও (২) এ বিষয়ে কি ব্যবস্থা লওয়া হইয়াছে?

Mr. Speaker: Starred question No. *1187 is held over.

আর্টিজীয় কূপ দ্বারা বারাবনী ব্লকে পানীয় জল সরবরাহ

***১১৮৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪৬।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়:** স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার আসানসোল মহকুমায় বারাবনী ব্লকের অন্তর্গত পানীফলা মৌজায় একটি আর্টিজীয় কূপের সন্ধান পাওয়া গিয়াছে এবং উহা হইতে প্রচুর পরিমাণে জল নির্গত হইতেছে; এবং

(খ) সত্য হইলে, ঐ জল খরাপীড়িত বারাবনী ব্লকের গ্রামসমূহে পানীয় জল হিসাবে সরবরাহ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: ওটা সেচের জলের ব্যাপার ছিল, এটা পানীয় জলের ব্যাপার।

শ্রীআবদুস সাত্তার: পানীয় জল এটা হবে না, গরম জলের ব্যাপার।

'সঙ্কর' পাট উৎপাদন বিষয়ে গবেষণা

***১১৯০।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪৯।) **শ্রীঅশ্বিনী রায়:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে সঙ্কর পাট উৎপাদন গবেষণার কাজ সমাপ্ত হইয়াছে;

(খ) সত্য হইলে, উক্ত গবেষণার ফলাফল কি; এবং

(গ) গবেষণার ফলাফলের ভিত্তিতে কি কি ব্যবস্থা লওয়া হইয়াছে?

Mr. Speaker: Starred question No. *1190* is held over.

HELD OVER STARRED QUESTIONS

(to which oral answers were given)

কৃষি দপ্তরে কর্মচারী নিয়োগ

***৩৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৯।) **শ্রীনরেশচন্দ্র চাকী:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(গ) গত ১লা এপ্রিল, ১৯৭২ তারিখ হইতে ৩১এ জানুয়ারী, ১৯৭৩ তারিখের মধ্যে কৃষি দপ্তরের অধীনে কোন নূতন লোক নিয়োগ করা হইয়াছে কিনা এবং হইলে, কত লোক কিভাবে নিয়োগ করা হইয়াছে; এবং

(খ) ঐ সংখ্যার মধ্যে কোন্ জেলায় কত?

শ্রীআবদ্‌্স সাত্তার: (ক) হ্যাঁ। মোট ১,৬৪৪ জন। ২৮ জন পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক মনোনীত।

বর্তমান নিয়মান্‌যায়ী ও কৃষিমন্ত্রী মহাশয়ের অন্‌মোদনক্রমে ১,৬১৬ জনকে নিয্‌ক্ত করা হইয়াছে।

(খ) এই বিষয়ে একটি বিবরণী প্‌থকভাবে দেওয়া হইল।

Statement as stated at (kha) of Assembly question No. *449.

Name of district		No. of Posts.
(1) 24-Parganas	...	197
(2) Burdwan	...	173
(3) Midnapore	...	337
(4) Birbhum	...	41
(5) Nadia	...	235
(6) Murshidabad	...	162
(7) Howrah	...	46
(8) Hooghly	...	130
(9) Bankura	...	28
(10) Purulia	...	81
(11) Malda	...	114
(12) West Dinajpur	...	27
(13) Jalpaiguri	...	16
(14) Cooch Behar	...	31
(15) Darjeeling	...	13
(16) Calcutta	...	13
	Total:	1,644

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন ২৮ জন পি এস সি-র বাদে ১,৬১৬ জনকে নিয়োগ করেছেন। এই নিয়োগ কি ভাবে করা হয়েছে বলবেন কি?

শ্রীআবদ্‌্স সাত্তার: অ্যাপয়েন্টমেন্টের যে নিয়ম আছে সেই ভাবে করা হয়েছে।

শ্রীনরেশচন্দ্র চাকী: সেখানে কোন সিলেকসান কমিটি ছিল কিনা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীআবদ্‌্স সাত্তার: এখানে সেন্ট্রাল কমিটি আছে। আমাদের এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং বিভাগ তারা ইন্টারভিউ নেন এবং তাঁরাই সিলেক্ট করেন এবং সেই সিলেকসানের পরে মিনিস্টারের অ্যাপ্র্‌ভাল দেওয়া হয়।

শ্রীনরেশচন্দ্র চাকী: এগ্‌লি কি টেকনিক্যাল, না নন-টেকনিক্যাল?

শ্রীআবদ্‌্স সাত্তার: অলমোস্ট টেকনিক্যাল

শ্রীনরেশচন্দ্র চাকী: এই ডিপ টিউবওয়েল অপারেটরের পদগ্‌লি কি টেকনিক্যাল পদ?

শ্রীআবদ্‌্স সাত্তার: সবই টেকনিক্যাল পোস্ট।

[1-20—1-30 p.m.]

শ্রীনরেশচন্দ্র চাকী: সেখানে স্কুল ফাইন্যাল পাশ নেওয়া হয়েছে, এটা কি টেকনিক্যাল কোয়ালিফিকেশন?

শ্রীআবদুস সাত্তার: স্কুল ফাইন্যাল পাশ এবং তার সঙ্গে টেকনিক্যাল জানে ব'লে নেওয়া হয়েছে।

শ্রীপ্রদীপকুমার পালিত: এই যে বললেন যে নিয়োগ করা হয়েছে, তার ক'দিন বাদে এদের মধ্যে থেকে কতজনকে কর্মচ্যুত করা হয়েছে?

শ্রীআবদুস সাত্তার: কর্মচ্যুতির কথা আমার জানা নেই।

শ্রীপ্রদীপকুমার পালিত: কাজে যোগদান করেছেন, কিন্তু তাদের সঙ্গে সঙ্গে নোটিস দিয়ে কর্মচ্যুত করা হয়েছে, এই রকম খবর জানেন কি?

শ্রীআবদুস সাত্তার: না, আমার এই বিষয়ে জানা নেই।

শ্রীনরেশচন্দ্র চাকী: কোন কোন ক্ষেত্রে রিভার পাম্প বা ডিপ টিউবওয়েলে বি ডি ও টেম্পোরারী নাইট গার্ড বা অপারেটর নিয়োগ করেছিলেন তাদের নাম আপনাদের কাছে পাঠানো হয়েছিল, কিন্তু পরবর্তীকালে দেখা গেল সেই অ্যাপয়েন্টমেন্টগুলো ক্যানসেল হয়ে গেছে এবং ওপর থেকে লোক নিয়ে গিয়ে জয়েন করানো হয়েছে?

শ্রীআবদুস সাত্তার: বি ডি ও-র কোন অ্যাপয়েন্টমেন্ট দেবার অধিকার নেই, একটা সেন্ট্রাল বডি নিয়োগ ক'রে থাকেন। রিভার লিফ্‌ট পাম্পের অপারেটর বেশীর ভাবে এল এম ই পাশ টেকনিক্যাল হ্যান্ড এবং কোন কোন জায়গায় বি এস-সি নেওয়া হয়েছে। কিন্তু বি ডি ও-র সিলেক্ট করার কোন ক্ষমতা নেই।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ১৯৭০ সালের ডিসেম্বর এবং ১৯৭১ সালের জানুয়ারির মধ্যে এ কে দত্ত, কৃষি দপ্তরের অধিকর্তা, কাবুল যাবার আগে কতজনকে নিয়োগপত্র দিয়ে গেছেন?

শ্রীআবদুস সাত্তার: নোটিস চাই।

বকেয়া ঋণ আদায়

***৫৩২।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৪।) **শ্রীরজনীকান্ত দলুই:** কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার বর্তমান বৎসরে সব রকম বকেয়া ঋণ আদায়ের জন্য আদেশ জারী করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, (১) সরকার কর্তৃক প্রদত্ত ঋণের পরিমাণ কত (১৯৬৭ সালের জানুয়ারি হইতে ১৯৭২ সালের ডিসেম্বর পর্যন্ত); (২) কত টাকা জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত আদায় হইয়াছে; (৩) ঋণের সুদ মকুবের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং (৪) ৪।৫ বৎসরের কিস্তিতে ঋণ আদায়ের কোন পরিকল্পনার কথা সরকার বিবেচনা করিতেছেন কি?

শ্রীআবদুস সাত্তার: (ক) এইরূপ কোন বিশেষ আদেশ জারী করা হয় নাই। সাধারণ নিয়ম অনুসারে ঋণের টাকা পরিশোধ করিতে হয়।

(খ) (১) এই সময়ে চাষের জন্য সরকার প্রদত্ত বিভিন্ন ঋণের মোট পরিমাণ ৩২ কোটি ৮৫ লক্ষ ৪৬ হাজার ৫ শত ৪৯ টাকা।

(২) মোট আদায়ের পরিমাণ ৩ কোটি ৬৮ লক্ষ ৯৪ হাজার ৫ শত ৫ টাকা

(৩) ও (৪) বর্তমানে নাই।

শ্রীরজনীকান্ত দলুই: যে সমস্ত এলাকা বন্যাবিধ্বস্ত এলাকা, যেখানে প্রতি বছর বন্যা হচ্ছে উপর্যুপরি, সেই সমস্ত বন্যাবিধ্বস্ত এলাকার লোক যারা ঋণ দিয়েছে, সেই ঋণ মকুব করবার কোন পরিকল্পনা আছে কি?

শ্রীআবদুস সাত্তার: উত্তর তো পেয়েছেন। ঋণ মকুবের কোন প্রশ্ন ওঠে না, তবে যেখানে বন্যা বা খরা হয়েছে, সেখানে স্থগিত রাখার প্রশ্ন উঠতে পারে।

শ্রীরজনীকান্ত দলুই: আমরা দেখেছি কিছু কিছু লোক বিভিন্ন খাতে ঋণ নেবার ফলে সেই ঋণের পরিমাণ দাঁড়িয়েছে, তার সংগে সুদের জন্যও অনেক টাকা হয়েছে, জমি জমা বিক্রি করলেও তারা তা শোধ করতে পারবে না, সেই জন্য সরকার কি পরিকল্পনা করছেন যে, সেই সমস্ত আর্থিক দুর্দশাগ্রস্ত লোকদের ঋণ বাবত সুদটা বাদ দিয়ে শুধু ঋণটা আদায় করা হবে?

Shri Abdus Satter: I have already answered.

Typists and Copyists

***714.** (Admitted question No. *1317.) **Shri TIMIR BARAN BHADURI:** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to refer to the reply to question No. *757 (Admitted question No. *2163) given on 26th August, 1969 and state—

(a) what were their demands;

(b) the action taken by the Government in implementing their demands; and

(c) if these employees are being treated as regular Government employees?

Shri Abdus Sattar: (a) The typists Copyists Association submitted a charter on 13th June, 1969 before the then Judicial Minister consisting of 20 demands. A list of those demands is enclosed at Annexure "A".

(b) The demands Nos. 1, 2, 3, 4, 12 and 20 have been accepted by Government. The demands Nos. 5, 6, 7, 8 and 9 have been rejected. The demands Nos. 10 and 11 are in conformity with the existing practice. No administrative directions has been considered necessary. The demand No. 13 was not pursued as the issue was settled otherwise. Rest of the demands are still under consideration of Government.

(c) No.

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: এই ডিমান্ডের যে কটা মেনে নিয়েছেন বললেন তাতে এই ৪নং, ১২নং এবং ২০নং সম্বন্ধে গভর্নমেন্ট কোন অর্ডার দিয়েছেন কিনা এবং তা কার্যকর হয়েছে কিনা জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তার: মোটামুটি সেগুলি অ্যাকসেপ্ট করেছি, এবং সেগুলি পাঠিয়ে দেওয়া হয়েছে, এইটাই আমরা জানতে পেরেছি।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: কোন সালের কত তারিখে এটা পাঠিয়ে দেওয়া হয়েছে জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তার: এখন ডেট বলতে পারব না, নোটিস দিলে বলতে পারব।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় স্পীকার মহাশয়, এটা এই প্রশ্নের সংগে যুক্ত, সুতরাং এটা আমরা বুঝতে পারছি না যে এর জন্য নোটিস লাগবে কেন?

Shri Abdus Sattar: We have accepted it. If you want to know the date, we shall inform you that.

শ্রীতিমিরবরণ ভাদ্ড়ীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নটা বাতিল হয়ে যাচ্ছে এবং হাউস বন্ধ হয়ে যাচ্ছে এবং আমরা এখন পর্যন্ত এই প্রশ্নটার উপযুক্ত উত্তর পেলাম না। সুতরাং আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি যে, এইটা কি হবে এবং ৫, ৬, ৭, ৮ এবং ৯ কি কারণে বাতিল হ'ল এটাও একটু বিস্তারিতভাবে জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ ফাইনান্স সেখানে স্যাংশন করে নি ব'লে বাতিল হয়েছে, এতে বিস্তারিত ভাবে জানাবার কিছু নেই।

Shri A. H. Besterwitch: Sir, I think the answer to the question is not correct and satisfactory. I think you should give a date for half-an-hour discussion on this matter tomorrow or day after.

Mr. Speaker: Mr. Besterwitch, you know, the answer may not be sometimes satisfactory but even then the answer is there. It is the Minister's own way of answering it. I cannot dictate him to answer in a fashion that will satisfy you. That is my difficulty. But if you are not satisfied, you can put supplementaries. If you not satisfied with the answer, then you can draw your own conclusion.

Shri A. H. Besterwitch: That is why on the 9th we will ask for half-an-hour discussion.

Mr. Speaker: That is a separate matter, you know because you are in the Business Advisory Committee.

চীনাবাদাম চাষ

***১০৬৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৩।) **শ্রীমহম্মদ সফিউল্লাঃ** কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের কোন্ কোন্ জেলায় সরকারীভাবে চীনাবাদামের চাষ শুরু হয়েছে' এবং

(খ) এই রাজ্যের চীনাবাদামের চাহিদা, উৎপন্ন চীনাবাদামের দ্বারা পূরণ হচ্ছে কিনা?

শ্রীআবদুস সাত্তারঃ (ক) ২৪-পরগনা (উত্তর) ও (দক্ষিণ), হাওড়া, হুগলী, মেদিনীপুর (পূর্ব ও পশ্চিম) জেলায় রবিখন্দে আমনধানের জমিতে সরকারী প্রচেষ্টায় চীনাবাদাম চাষ প্রচলনের জন্য একটি পরিকল্পনা লওয়া হইয়াছে।

(খ) এই রাজ্যে চীনাবাদাম চাষের প্রচলন বিশেষ না হওয়াতে উৎপন্ন ফসলের দ্বারা চাহিদার অতি সামান্য অংশই পূরণ হয়।

[1-30—1-40 p.m.]

শ্রীমহম্মদ সফিউল্লাঃ এই পরিকল্পনা অনুযায়ী কত একর জমিতে এ পর্যন্ত চীনাবাদাম চাষ করা হয়েছে?

শ্রীআবদুস সাত্তারঃ এ বছরে চীনাবাদাম চাষ করার জন্য ঐ সমস্ত অঞ্চলে এক হাজার একর জমিতে প্রদর্শন ক্ষেত্রের ব্যবস্থা করা হয়েছে। এ ছাড়া ১১১ একরে চাষীদের প্রচেষ্টায় চীনাবাদাম চাষ করা হচ্ছে।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ সরকার চীনাবাদাম চাষের জন্য কোন্ কোন্ ব্লক বেছে নিয়েছেন ঐ ঐ জেলাতে?

শ্রীআবদুস সাত্তারঃ নোটিস চাই।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ চীনাবাদাম চাষের পূর্বে মাটি পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে কি?

শ্রীআবদুস সাত্তারঃ নিশ্চয়।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ চীনাবাদাম চাষের জন্য কোন ধরনের মাটি উপযুক্ত এ সম্পর্কে বিশেষজ্ঞদের রিপোর্ট নেওয়া হয়েছে কি?

শ্রীআবদুস সাত্তারঃ হ্যাঁ, সমস্ত পরীক্ষার পর এই সমস্ত জমিতে চাষ আরম্ভ করা হয়েছে। যেসমস্ত জমিতে ধানের পর কোন ফসল হয় না সেখানে এই চাষ হচ্ছে।

শ্রীবলাইলাল শেঠঃ হুগলী জেলায় কোন্ কোন্ ব্লকে এই চাষ করা হচ্ছে ব'লে রিপোর্ট আছে কি?

শ্রীআবদুস সাত্তারঃ সে হিসাব নেই —নোটিস চাই।

শ্রীবলাইলাল শেঠঃ চীনাবাদামের বীজ নিয়ে চাষ না ক'রে বাজারে ভাজা হয়ে বিক্রি হচ্ছে জানেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ সে রকম কোন রিপোর্ট নেই।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ নদীয়া জেলায় নবদ্বীপের চরে উৎকৃষ্ট ধরনের চীনাবাদাম হয় জানেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ না, জানা নেই।

শ্রীনরেশচন্দ্র চাকীঃ সেখানে বিঘার পর বিঘা জমিতে চীনাবাদামের চাষ হচ্ছে সে খবর নেবেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ কৃষিদপ্তর থেকে যেখানে যেখানে লাগান হয়েছে সে খবর দিয়েছি। চাষীরা নিজের প্রচেষ্টায় হয়ত করছেন। কিন্তু যেখানে হচ্ছে সেসব জেলার নাম দিয়েছি, তবে আপনি যখন বলছেন, তখন দেখব।

করিমপুর ব্লক

*১০৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭৫।) **শ্রীঅরবিন্দ মণ্ডলঃ** কৃষি এবং সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার করিমপুর ব্লককে দুইটি ব্লকে বিভক্ত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাত তাহা কার্যকরী হইবে?

শ্রীআবদুস সাত্তারঃ (ক) আছে।

(খ) পশ্চিমবঙ্গ জিলা পরিষদ আইন, ১৯৬৩-এর বলে আইনগত বাধা থাকার দরুন এই পরিকল্পনা কার্যকর করা সম্ভব হচ্ছে না। নতুন পঞ্চায়েত আইন চালু হ'লে পর ইহা কার্যকর করার ব্যবস্থা হবে।

শ্রীঅরবিন্দ মণ্ডলঃ জেলা থেকে পানীয় জলের যে নলকূপ, শ্যালো টিউবওয়েল এবং ডিপ টিউবওয়েল ইত্যাদির যে-সমস্ত কোটা, সরকারী অনুদান এবং সাহায্য ব্লকভিত্তিক ভাগ করা হয় যতদিন পর্যন্ত এই ব্লক ভাগ না করা হচ্ছে ততদিন পর্যন্ত দু'টো ব্লক যে পরিমাণ সাহায্য পায় সেই পরিমাণ সাহায্য দেওয়ার কোন নির্দেশ মন্ত্রিমহাশয় দেবেন কিনা?

শ্রীআবদুস সাত্তারঃ দু'টো ব্লকে সাহায্য দেওয়ার কথা এখানে বলেন নি, বলেছেন দু'টো ব্লকে ভাগ করার কোন পরিকল্পনা আছে কিনা, আমি বলেছি আছে। তারপরে প্রশ্ন করেছেন থাকিলে, কবে নাগাত তাহা কার্যকর হইবে—আমি বলেছি পঞ্চায়েত অ্যাক্ট হ'লে হবে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন করিমপুর ব্লককে যে দু'টো ভাগে ভাগ করার প্রস্তাব আছে তার ভিত্তিটা কি?

শ্রীআবদুস সাত্তার: মোটামুটি আমাদের বর্তমানে ৩৩৫টি ব্লক আছে। লোকসংখ্যার হিসাবে গড়ে প্রতি ব্লকে ৬৬ হাজার ধরা হয়। কিন্তু কয়েকটি ব্লক আছে, (৬টি বড় ব্লক আছে) যার লোকসংখ্যা অনেক বেশী। এই ব্লক ভাগ করার ব্যাপারটা সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার। এই ৬টি ব্লকের লোকসংখ্যা বেশী ব'লে এবং অ্যাডমিনিস্ট্রেটিভ পারপাসের জন্য ভাগ করার প্রয়োজন বোধে আমরা এই প্রস্তাবটা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে পাঠিয়েছি অনুমোদনের জন্য। তবে যেহেতু জেলা পরিষদ অ্যাক্ট অনুসারে প্রত্যেক আঞ্চলিক পরিষদ ব্লকের সঙ্গে একসঙ্গে আছে সেই হিসাবে জেলা পরিষদ অ্যাক্ট পরিবর্তন না করার ফলে এটা কার্যকর করতে পারছি না। পঞ্চায়েত অ্যাক্ট হওয়ার পর এটা কার্যকর করতে পারব।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ৬টি ব্লককে ভাগ করার প্রস্তাব আছে সেই ৬টি ব্লকের নাম কি?

শ্রীআবদুস সাত্তার: সেই ৬টি ব্লক হচ্ছে, মেদিনীপুর জেলার পটাশপুর, খেজুরী; হুগলী জেলার ধনেখালি এবং গোঘাটা; নদীয়া জেলার করিমপুর এবং কুচবিহার জেলার তুফানগঞ্জ।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মুর্শিদাবাদ জেলার ডোমকল ব্লকে ১ লক্ষ ২০ হাজার লোক বাস করে, ঐ ব্লককে ভাগ করার কথা বিবেচনা করবেন কি?

শ্রীআবদুস সাত্তার: এই যে প্রস্তাব এই প্রস্তাবটা অনেক আগেকার প্রস্তাব এবং সেই বিষয়টা আগে বিবেচিত হয়েছে। আমি জানি এছাড়া আরো বড় বড় ব্লক আছে কেবল মুর্শিদাবাদ নয়, অন্যান্য জেলাতে। যদি দরকার হয় আমরা সেই সমস্ত ব্লকগুলিকে দুই ভাগে ভাগ করা যেতে পারে কিনা সেই বিষয়ে নিশ্চয়ই বিবেচনা করব।

Money allotted for minor irrigation works in drought affected areas

***1075.** (Admitted question No. *1646.) **Shri RAJANI KANTA DOLOI:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) the total amount of money allotted by the Union Government in 1972-73 for minor irrigation works in the drought affected areas of West Bengal for installation of deep tubewells, river-lifts, shallow tubewells, etc.;

(b) the percentage of the above amount that has so far been spent by the State Government; and

(c) the amount of the said money so far spent in Midnapore district?

Shri Abdus Sattar: (a) Rs. 14.00 crores.

(b) 95.7 per cent. (up to February).

(c) Rs. 82,70,636 up to 28th February 1973.

শ্রীরজনীকান্ত দলুই: মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে, কেন্দ্রীয় সরকার ১৯৭২-৭৩ সালে ক্ষুদ্র সেচের জন্য পশ্চিমবঙ্গকে ১৪ কোটি টাকা সাহায্য দিয়েছিলেন। এই ১৪ কোটি টাকাতে কতগুলি ডিপ টিউবওয়েল, রিভার লিফ্ট, শ্যালো টিউবওয়েল হয়েছে সেটা জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তার: ডিটেলস্ বলতে গেলে নোটিস লাগবে।

[1-40—1-50—p.m.]

শ্রীরজনীকান্ত দলুই: ১৯৭২-৭৩ সালে কেন্দ্রীয় সরকার আমাদের যে ১৪৭ কোটি টাকা দিয়েছিলেন তার নাইনটিফাইভ পয়েন্ট সেভেন পার্সেন্ট আমরা খরচ করেছি। আমার প্রশ্ন হচ্ছে ১৯৭৩ সালের জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে কোন রকম সাহায্যের আবেদন করেছি কিনা?

শ্রীআবদুস সাত্তার: ১৯৭২-৭৩ সালে যে টাকা বরাদ্দ করা হয়েছিল তার চেয়ে বেশী হয়েছে। নাইনটিফাইভ পয়েন্ট সেভেন এটা আগের উত্তর, ফেব্রুয়ারি পর্যন্ত। তারপর মার্চে আমরা পেয়েছি। এবছর এই ধরনের পরিকল্পনা নেবার জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে লিখেছি যে, এর চেয়েও যাতে বিগার ওয়েতে আমরা কর্মসূচি গ্রহণ করতে পারি।

শ্রীরজনীকান্ত দলুই: এই বিষয় কেন্দ্রীয় সরকার আমাদের কোন রকম অ্যাসুরেন্স দিয়েছেন কি যে কত টাকা তাঁরা সাহায্য করবেন ১৯৭৩-৭৪ সালে?

শ্রীআবদুস সাত্তার: কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা টাকার অ্যাসুরেন্স পাই নি। কেন্দ্রীয় সরকারের প্ল্যানিং মিনিস্টার আমাদের স্কীম পাঠাতে বলেছেন এবং আমরা সেই অনুসারে স্কীম দাখিল করেছি। তাঁরা আবার সেই স্কীমকে আরও ডিটেলস্-এ দাখিল করবার জন্য বলেছেন, আমরা সেটাও করেছি। তবে কত টাকা পাব সে সম্বন্ধে কোন অ্যাসুরেন্স পাই নি।

শ্রীরজনীকান্ত দলুই: আমরা যে স্কীম পাঠিয়েছিলাম সেটা কত টাকার স্কীম এবং বিগার স্কীম যেটা বলছেন সেটা কত টাকার স্কীম?

শ্রীআবদুস সাত্তার: মোটামুটি সেই স্কীম ৩৫ কোটি টাকার।

শ্রীরজনীকান্ত দলুই: আমরা যে ১৪ কোটি টাকা পেয়েছিলাম এবং যেটা শেষ করেছি তার ফলে আমরা কি ধরনের উপকার পেয়েছি জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তার: আপনি নিজেই বলতে পারবেন কি উপকার পেয়েছি।

হাওড়া জেলার শ্যামপুর থানায় ডীপ বা শ্যালো টিউবওয়েল বসানোর ব্যবস্থা

*১০৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২৪।) **শ্রীশিশিরকুমার সেন:** কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলায় শ্যামপুর থানায় (১) ডীপ বা শ্যালো টিউবওয়েল-এর কোনটাই সরকারীভাবে করা হয় নাই, এবং (২) পরীক্ষামূলকভাবে একটি ডীপ টিউবওয়েল করার জন্য অযোধ্যা মৌজায় গত ১৯৭২ সালে স্থান নির্ণয় করা হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি, এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

শ্রীআবদুস সাত্তার: (ক) (১) হ্যাঁ।

(২) না।

(খ) শ্যামপুর অঞ্চলের জল লবণাক্ত; ঐ অঞ্চলের লবণাক্ততা পরীক্ষা করিবার জন্য একটি প্রকল্প সরকারের বিবেচনাধীনে আছে। কিন্তু পরীক্ষামূলক প্রকল্পের ফলের উপরে গভীর নলকূপ স্থাপনের বিষয়টি নির্ভরশীল।

শ্রীশিশিরকুমার সেন: মন্ত্রিমহাশয় জানালেন যে, জল লবণাক্ত কিনা সেটা পরীক্ষা করবার জন্য একটা প্রকল্প নেওয়া হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে, জলটা যে লবণাক্ত সেটা তা হ'লে কি ক'রে জানলেন?

শ্রীআবদ্‌স সাত্তার: আমি যে নোট পেয়েছি তাতে দেখছি আছে—

Sub-soil water of the area of Shyampur has been analysed chemically and high percentage of salinity has been detected in the water. The Senior Geologist of the Government has recommended that deep tube-well below the depth of 1,000 feet will remove salinity and he has chalked out a scheme for the purpose. Result will be available only when the scheme will be executed.

শ্রীশিশিরকুমার সেন: ওই এলাকায় ২ জন চাষী তাদের ব্যক্তিগত উদ্যোগে ২টি ডিপ টিউবওয়েল করেছে ৩ ইঞ্চি ডায়মেটার পাইপ দিয়ে এবং ৭৯০ ফুট যাবার পর তারা ভাল জল পেয়েছে এবং চাষ করছে। তা হ'লে লবণাক্ত জল কেন বলা হচ্ছে?

শ্রীআবদ্‌স সাত্তার: হাজার ফুট ডেফ্‌থ-এ ডিপ টিউবওয়েল করলে স্যুইট ওয়াটার পাওয়া যেতে পারে। তবে আমরা সাধারণতঃ ১ হাজার ফুটের কম জায়গায় যাই।

শ্রীশিশিরকুমার সেন: ওটা দেখে কত তাড়াতাড়ি বলা যেতে পারে—কারণ ঐ এলাকায় এখনও পর্যন্ত কোন ডিপ টিউবওয়েল নেই।

শ্রীআবদ্‌স সাত্তার: যত শীঘ্র সম্ভব দেখবো।

কৃষি উন্নয়ন পরিকল্পনা

*১০৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯৩।) **শ্রীহরশঙ্কর ভট্টাচার্য:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য পরিকল্পনা পর্ষৎ কর্তৃক রচিত একটি কৃষি-উন্নয়ন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন রহিয়াছে; এবং

(খ) সত্য হইলে, ঐ পরিকল্পনাটি গৃহীত হইয়াছে কি?

শ্রীআবদ্‌স সাত্তার: (ক) হ্যাঁ।

(খ) রাজ্যসরকার নীতিগত ভাবে এই পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। তবে কোন কোন জেলায় এই পরিকল্পনা কার্যকর করা হইবে, কি ধরনের সংগঠন স্থাপনের প্রয়োজন এবং কি ধরনের ব্যবস্থার মাধ্যমে এই পরিকল্পনা সুষ্ঠু ভাবে চালু করা যায় এই সমস্ত বিষয়ে এখনও সরকারের বিবেচনাধীন আছে।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় এত বড় একটা বিরাট পরিকল্পনা যা কৃষি কাঠামোতে আমূল রূপান্তর আনবে সেটা সম্পর্কে বিধানসভার সদস্যরা যদি আলোচনা ক'রে নিজস্ব একটা মতামত দিতে চান তার জন্য কি এটা বিধানসভায় আনার ইচ্ছা আছে?

শ্রীআবদ্‌স সাত্তার: এত বড় পরিকল্পনা এর জন্য আইনের দরকার হবে। তাতে বিধানসভায় আসতেই হবে। আমরা আপনাকে বলতে পারি যে, ক্যাবিনেট থেকে নীতিগত ভাবে এটাকে মেনে নেওয়া হয়েছে। এখন কার্যকর করার সময় অনেক এমারজেন্সী স্কীম আমাদের হাতে থাকার ফলে এই জিনিসটা আমরা হাতে নিতে পারি নি। তবে আপনাকে বলতে পারি যে, একটা কমিটি আমরা করেছি জেলা হিসাবে তাতে কমিশনার, প্ল্যানিং বডির মেম্বার, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং ডিস্ট্রিক্ট এগ্রিকালচার অফিসার এবং যে ব্যাঙ্ক থেকে টাকা পাব সেই ব্যাঙ্কের একজন রিপ্রেজেনটেটিভ নিয়ে একটা কমিটি প্রত্যেক জেলাতে করেছি। তাদের অ্যাপ্রোচ ব্যাপারটা হয়ে গেলেই আমরা কাজ আরম্ভ করবো। তখন বিধানসভায় নিশ্চয় নিয়ে আসবো।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: আমাদের এখানে একটু ক্ষোভ আছে। যে পরিকল্পনা গৃহীত হ'ল নিশ্চয় সেটা ভাল। কিন্তু বিধানসভায় আলোচনা হ'লে আমাদের মতামত দিতে পারতাম। কিন্তু আইন হিসাবে যখন এখানে আসবে, তখন সমগ্র পরিকল্পনা সম্বন্ধে আমরা কোন মতামত

দিতে পারবো না। তাই আমাদের জিজ্ঞাস্য. তার পূর্বে স্বল্প অধিবেশন ক'রে আপনি সমস্ত এম এল এ-দের মতামত নিলে এত বড় একটা পরিকল্পনা যেটা সুদূরপ্রসারী ফলাফল শুধু একটা সাধারণ প্রশাসনিক ব্যাপারে নয় সেটা সম্বন্ধে আলোচনা ক'রে নেবার জন্য আপনার কোন পরিকল্পনা বা ইচ্ছা আছে কি?

শ্রীআবদুস সাত্তার: পরিকল্পনা আলোচনা করবার এবং আপনাদের বক্তব্য রাখবার সুযোগ পাবেন। সেই সময় বিশদ ভাবে আপনারা আলোচনা করতে পারবেন, তখন যদি বলেন, তা হ'লে রাখবো, তা না হ'লে ছেড়ে দেব। আমাদের আগে অগ্রসর হতে দিন, তারপর বিধানসভায় নিয়ে আসবো।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: আপনারা কি বিধানসভাকে এড়িয়ে যেতে চাইছেন?

শ্রীআবদুস সাত্তার: না, বিধানসভায় আনবার জন্য প্রস্তুত হতে পারি নি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: ঐ পরিকল্পনার ভিতরে জমির খণ্ডগুলি যেগুলি দূরে দূরে অবস্থিত অর্থাৎ ফ্রাগমেন্টেড হোল্ডিং যেগুলি যাতে বলে কনসোলিডেসান করা এবং কো-অপারেটিভ ফার্মিং সোসাইটির মাধ্যমে নিয়ে আসা—এটাকে কি আপনারা পরিকল্পনার ভেতরে যোগ করেছেন? অর্থাৎ মন্ত্রিসভার কি এই দু'টিকে কনসোলিডেসান অব হোল্ডিং এবং কো-অপারেটিভ ফার্মিং পরিকল্পনার ভেতরে সংযুক্ত করবার ইচ্ছা আছে?

শ্রীআবদুস সাত্তার: আমাদের এখনও বিবেচনাধীন আছে। আপনি যে মত প্রকাশ করেছেন সেখানে আবার অন্য মতও আছে। যারা ডেভেলপমেন্ট এরিয়াতে থাকবেন

all farmers must be compulsorily the members of the project.

কো-অপারেটিভ আইন বর্তমানে যা আছে সেখানে অপসান আছে। এখানে যদি অপসান রাখা হয়, তা হ'লে কিছু লোক বাগড়া দেবে, বলবে আমরা ঐ কো-অপারেটিভের মধ্যে ঢুকবো না এবং বর্তমান কো-অপারেটিভ অ্যাক্ট অনুসারে আমি তাদেরকে বাধ্য করতে পারি না। সেই হিসাবে আমাকে সাপোর্টিং অ্যাক্ট করতে হবে। যার ফলে বৃহত্তর স্বার্থের জন্য, ডেভেলপমেন্টের জন্য আমি তাদেরকে বাধ্য করাতে পারি। সেইজন্য এখানে বিভিন্ন মত আছে। পারসুয়েসানের দ্বারা মেম্বার যতে করাতে পারি সেটাই সবচেয়ে ভাল। কারণ ফার্মারদের ইচ্ছার বিরুদ্ধে কিছু করা ঠিক নয়, সকলকে নিয়ে করাই ভাল এবং সেই হিসাবে আমাদের সকলের প্রচেষ্টা হবে এবং সভ্যদেরও এই অনুরোধ করবো চেষ্টা করতে এই পরিকল্পনা যাতে পারসুয়েড ক'রে আমরা সকলকে মেম্বার করতে পারি।

[1-50—2-00 p.m.]

শ্রীঅশ্বিনী রায়: এই যে, এই রকম যে পরিকল্পনা আপনি নিচ্ছেন—কমপ্যাক্ট এরিয়া, ব্লক ইত্যাদি এই রকম নাম হবে, তা হ'লে সেই পরিকল্পনা কার্যকর করতে গেলে আপনি কনসোলিডিয়েশন অব ল্যান্ড আনছেন, সেটা না ক'রে হবে না, এখন এই যে কনসোলিডিয়েশন অব ল্যান্ড আপনি করবেন তখন যারা ছোট চাষী বা গরিব চাষী বা অল্প জমির মালিক, কনসোলিডিয়েশনের ক্ষেত্রে তাদের কি অগ্রাধিকার দেবার কথাটা ভাবছেন?

মিঃ স্পীকার: মিঃ রায়, সমস্ত বিষয়টা আনসার থেকে যা বুঝলাম বিবেচনাধীন আছে। এখন বিবেচনাধীন স্তরে আছে ব'লে আপনার এই সমস্ত প্রশ্ন তো হাইপথেটিক্যাল হয়ে যাচ্ছে।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: সব জিনিসটা যখন বিবেচনাধীন আছে তখন আমরা যতটুকু ঐ পরিকল্পনাটা দেখলাম তাতে ব্যাঙ্ক থেকে লোন এনে চাষীদের দেওয়া হবে এবং চাষীরা সেই লোনটা ইউটিলাইজ করবে। পুরানো তো অনেক লোন আছে, আজকেই একটা প্রশ্নের উত্তরে বললেন ৩২ কোটি টাকা লোন তার ভিতর ৩ কোটি টাকা আদায় হয়েছে, তার মানে ২৯ কোটি টাকা লোন চাষীদের মধ্যে আছে, তা হ'লে সাময়িকভাবে এই পরিকল্পনা কার্যকর করার সময়ে পুরানো ঋণগুলির উপরে মরেটোরিয়াম একটা ঘোষণা করবেন কি?

শ্রীআবদুস সাত্তার: আপনাকে আমি আগেই বলেছি যে, সমস্ত বিষয়টা বিবেচনাধীন আছে, তবে এটাও বলছি আমরা যে ঋণটা দেবো চাষীদের অর্থাৎ ব্যাঙ্ক যে ঋণ দেবে সেই ঋণটা যাতে ফসল উঠার পরে পরেই শোধ হয় সেই ব্যবস্থা রাখার জন্যও আমরা চিন্তা করছি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: এখানে ঋণের ভিতর একটা কম্‌পালসশন আছে। এই যে ঋণ—এই পরিকল্পনায় চাষীরা যে ঋণ নিতে পারবে না তা তো নয়, ঋণ নেবার ভিতর একটা বাধ্যতামূলক দিক আছে। সুতরাং আমার প্রশ্নটা হচ্ছে যে, পুরানো ঋণের সম্বন্ধে মরেটোরিয়াম কথাটা ঘোষণা করার কথাটা ভাবছেন কিনা?

শ্রীআবদুস সাত্তার: বলছি সবই বিবেচনাধীন আছে।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, আমরা জানি রাজ্যের পরিকল্পনা কমিশন বিশেষজ্ঞ ও অভিজ্ঞ লোকদের নিয়ে করা হয়েছে অথচ তাঁদেরই রচিত পরিকল্পনা সরকার গ্রহণ করবেন, কি বর্জন করবেন চিন্তা-ভাবনা করছেন। এটা একটা নীতিগত প্রশ্ন, স্যার, রাজ্য পরিকল্পনা পর্যৎ অভিজ্ঞ ও বিশেষজ্ঞদের নিয়ে করা সত্ত্বেও তার কোন সিদ্ধান্ত বা পরিকল্পনাকে রূপদান করা সরকারের পক্ষে কি অপ্‌সোনাল, না অবলিগেটোরি?

শ্রীআবদুস সাত্তার: পর্যৎ কোন পরিকল্পনা নিলেই যে পশ্চিমবঙ্গ সরকারকে তা করতে হবে তার কোন মানে নেই। এটা নির্ভর করছে পশ্চিমবঙ্গের সরকারের উপর। তার আর্থিক দিকও আছে এবং অন্য দিকও আছে। পরিকল্পনা পর্যৎ করলেই আমাদের গ্রহণ করতে হবে—এই রকম কোন অবলিগেশন নেই।

শ্রীনরেশচন্দ্র চাকী: অভিজ্ঞ এবং বিশেষজ্ঞদের নিয়ে যে বোর্ড করা হ'ল সেই বোর্ডের পরিকল্পনা যদি আমরা অর্থের দিক বিবেচনা ক'রে আমরা রূপদান করতে না পারি, তা হ'লে অভিজ্ঞদের নিয়ে এই বোর্ড করার সার্থকতা কোথায়?

Mr. Speaker: This question does not arise.

খরার ফলে অর্থনৈতিক সঙ্কট মোচনের জন্য কৃষি উন্নয়ন

*১০৯০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬৪।) **শ্রীশিবজপদ সাহা** এবং **শ্রীশচীনন্দন সাউ:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, দীর্ঘদিন ধরে বীরভূম জেলার উত্তর-পশ্চিমাঞ্চল যথা রাজনগর, খয়রাশোল, দুবরাজপুর এবং মুরারৈ প্রভৃতি অঞ্চলের জনসাধারণ খরার ফলে চরম অর্থনৈতিক সঙ্কটের সম্মুখীন হয়েছেন; এবং

(খ) অবগত থাকলে, উক্ত এলাকায় কৃষিকার্যের উন্নতির জন্য বিশেষ কোন প্রোগ্রাম লওয়ার পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীআবদুস সাত্তার: (ক) হ্যাঁ এবং দুর্দশার প্রতিকারের জন্য উপযুক্ত ব্যবস্থাদিও লওয়া হইয়াছে।

(খ) যদিও চলতি প্রকল্প ছাড়া উক্ত অঞ্চলের জন্য কোন বিশেষ কৃষিকার্যের উন্নতির প্রোগ্রাম লওয়া হয় নাই; তথাপি সি এস আর ই প্রকল্পের মাধ্যমে উক্ত অঞ্চলের রাস্তাঘাট সংস্কারের মাধ্যমে জনসাধারণের দুঃখদুর্দশা দূর করিবার চেষ্টা করা হইতেছে।

শ্রীশিবজপদ সাহা: মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, বীরভূম জেলার উত্তর-পশ্চিম অঞ্চলে—রাজনগর, খয়রাশোল, দুবরাজপুর এবং মুরারৈ-তে দীর্ঘদিন খরার ফলে সেখানে জনসাধারণের অত্যন্ত আর্থিক সঙ্কটের সম্মুখীন হতে হয়েছে, এটা তিনি স্বীকার করেছেন, কিন্তু স্পেসিফিক কিছু বলেন নি সমস্যা সমাধান করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন। আমি জানতে চাইছি এই যে একটা বিরাট এলাকা দীর্ঘদিন ধরে অবহেলিত হয়ে পড়ে আছে, অচিরে কোন পরিকল্পনা তার জন্য গ্রহণ করবেন কিনা যাতে এই সমস্ত এলাকার লোকগুলি বাঁচতে পারে?

শ্রীআবদুস সাত্তার: আমি মোটামুটি বলেছি, (খ)-তে দেখুন এই অবস্থার লাঘব করার জন্য সি এস আর ই. ক্র্যাশ প্রোগ্রাম-এর কাজ ব্লকে করছি, তার মধ্যে রাজনগরে দু'টি কাজ চলছে দুবরাজপুরে একটি চলছে, মুরারৈ এক এবং দুইয়েতে প্রায় পাঁচটি রাস্তার কাজ চলছে, কেবল খয়রাশোলে নাই, সেটা যাতে এ বছর হয় তা দেখব।

শ্রীশিবজপদ সাহা: রাজনগরে, খয়রাশোলে, দুবরাজপুরে ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল, বাঁধ পরিকল্পনা কিছু নাই, কোন সেচের ব্যবস্থা নাই। দীর্ঘদিন এই এলাকায় সেচের ব্যবস্থা না থাকার জন্য এবং খরার জন্য সেখানকার জনসাধারণ অর্থনৈতিক সমস্যার সম্মুখীন হয়েছে, চাষাবাদ হচ্ছে না, স্পেসিফিক চাষাবাদ করার জন্য সেচের জন্য পরিকল্পনা করছেন না, সাময়িকভাবে লেবারার কাজ করছে, রাস্তার কাজ কিছু হচ্ছে, কিন্তু ব্যাপকভাবে যে চাষের ক্ষতি হচ্ছে, কৃষির ক্ষতি হচ্ছে, তার সমাধান করার জন্য কি স্পেসিফিক প্রোগ্রাম গ্রহণ করেছেন বলবেন কি?

শ্রীআবদুস সাত্তার: কৃষির ব্যাপারে আপনাদের জেলায় টাকা পাঠাই, অবস্থা দেখে সেই টাকা বিভিন্ন ব্লকে বন্টন ক'রে দেওয়া হয়, এখান থেকে আমরা ব্লক হিসাবে ভাগ ক'রে দিই না ফলে যাঁরা আছেন আপনারা বীরভূমে সভ্য, আপনারা প্ল্যানিং কমিটিতে বসে, দরকার হ'লে ব্লক ডেভেলপমেন্ট কমিটিতে বসে, আমার মনে হয় কোথায় কি দরকার ঠিক করলে ভাল হয়। যখন আমরা টাকা পাঠাই জেলাতে বরাদ্দ কি আছে, আমি অফ্ হ্যান্ড বলতে পারি না, তবে কৃষিখাতে কৃষির জন্য সেচ ব্যবস্থা ইত্যাদির জন্য আমরা টাকা দিয়েছি, আমরা অনেক টাকা দিয়েছি ফার্টিলাইজার লোনের জন্য, আমরা এগ্রিকালচারাল গ্রুপ লোন দিয়েছি, ক্যাটল পারচেজ লোন দিয়েছি, সিড লোন দিয়েছি, ১৯৭২-৭৩ সালের জন্য পেস্টিসাইড লোন ব্লকওয়াইজ বীরভূম জেলায় কত দেওয়া হয়েছে তা বলা এখন সম্ভব নয়।

শ্রীশিবজপদ সাহা: এই সমস্ত এলেকার অবস্থা নিশ্চয়ই মন্ত্রিমহাশয় উপলব্ধি করেছেন তার জন্য আপনারা যদি স্পেসিফিক চিন্তা করেন তবে ডিস্ট্রিক্ট চিন্তা করবে, ব্লক এবং ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কমিটির কোন রিপোর্ট পেয়েছেন কিনা, এই সমস্ত এলেকাকে খরা প্রপীড়িত ব'লে ঘোষণা করা হয়েছে কিনা, তা যদি হয়ে থাকে যে সমস্ত টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট-এর থেকে আসে এবং তা দিয়ে কাজ হয়, তা দ্বারা এই এলেকায় কোন কাজ ক'রেছেন কিনা বলতে পারেন কি?

[2-00—2-10 p.m.]

শ্রীআবদুস সাত্তার: আপনি যেটা বলেছেন, সেটা ঠিক নয়। গত বৎসর ১৯৭২-৭৩ সালে শ্যালো টিউবওয়েল অলরেডি হয়েছে এই রকম সংখ্যা অনেক। তবে আমি আপনাকে কয়েকটি সংখ্যা দিচ্ছি, দুবরাজপুরে ৮টি হয়ে গিয়েছে, খয়ড়াসোলে তিনটি হয়ে গিয়েছে মুরারই-১ ৪০টা হয়ে গিয়েছে, মুরারই-২ ৭০টি, এই হয়েছে। পাম্প সেট দেওয়া হয়েছে ১৯৭২-৭৩ সালে, রাজনগরে ১২টি, দুবরাজপুরে ২২টি, খয়ড়াসোলে ৪২টি, মুরারই-১ ২০টি মুরারই-২ ৭৪টি আর ডিপ টিউবওয়েল কেবল আছে দুবরাজপুরে ৬টি, আর এল আই স্কীমে দুবরাজপুরে একটি, খয়ড়াসোলে তিনটি, মুরারইতে পাঁচটি, এই আমাদের মোটামুটি আছে এইগুলি ১৯৭২-৭৩ সালেতে আছে, ১৯৭৪ সালের লিস্ট দিলে দেখবেন যে, আরো অনেক আছে।

শ্রীশিবজপদ সাহা: মাননীয় মন্ত্রিমহাশয়, যা বললেন তা আমি পুরাপুরি বুঝতে পারলাম না, কিছু হয় নি এই কথা আমি বলি নি, দুবরাজপুরের স্পেসিফিক কয়েকটি অঞ্চলে হয়েছে, কিন্তু আমার কেন্দ্রে যে সমস্ত অঞ্চল রয়েছে বা এখানে মাননীয় উপমন্ত্রী মহাশয় যিনি আছেন, মাননীয় সুনীতি চট্টোরাজ মহাশয়ের যে এলাকা সেই অঞ্চলে ডিপ টিউবওয়েল কিছু হচ্ছে না রাজনগরেও কিছু হচ্ছে না, খয়ড়াসোল-এর স্পেসিফিক কয়েকটি অঞ্চলে হয়েছে। এই সমস্ত এলাকায় জলসেচের ব্যবস্থা নেই, কাজেই আমার প্রশ্ন হচ্ছে যে, সেখানে

অবস্থা দেখুন এবং এই সম্বন্ধে অফিসারদের রিপোর্ট দিন। জেলার অফিসারদের ইমিডিয়েটলি তদন্ত করে রিপোর্ট দিতে বলুন এবং রিপোর্ট নিয়ে রাজনগরকে ইমিডিয়েটলি এই প্রোগ্রামের মাধ্যমে এনে যাতে ইরিগেশনের ব্যবস্থা করা যায়, সেই জন্য আমি মন্ত্রিমহাশয়কে নজর দিতে অনুরোধ করছি।

(নো রিপ্লাই)

গরিব চাষীদের দুনী বিতরণ পরিকল্পনা

***১০৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৮২।) **শ্রীসুব্রত মুখার্জী** (কাটোয়া)**ঃ কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

(ক) পশ্চিমবঙ্গের গরিব চাষীদের কৃষিকার্যে সাহায্য করিবার জন্য যে দুনী বিতরণ পরিকল্পনা ছিল তাহা বন্ধ করার কারণ কি;

(খ) এই প্রকল্পে কেন্দ্রীয় সরকার যে পৃথকভাবে কৃষিকার্যের জন্য লৌহ ইস্পাত কোটা বরাদ্দ করিতেছেন তাহা কিভাবে ব্যবহৃত হইতেছে; এবং

(গ) গরিব চাষীদের জলসেচের জন্য পাম্প বিতরণ প্রকল্পের অনুকরণে স্বল্পমেয়াদী ঋণে দুনী বিতরণ পরিকল্পনা পুনরায় চালু করিবার বিষয় সরকার চিন্তা করিতেছেন কি?

শ্রীআবদুস সাত্তার ঃ (ক) কয়েক বৎসর পূর্বে গরীব চাষীদের সাহায্যার্থে দুনী বিতরণের যে পরিকল্পনা ছিল, তাহা প্রকৃতপক্ষে নীতিগত ভাবে পরিত্যক্ত হয় নাই। স্বল্পদামে বিক্রয়ের পরিবর্তে স্বল্প মেয়াদী ঋণের মাধ্যমে ক্ষুদ্র চাষীদের হাতে দুনী পৌঁছাইয়া দিবার পরিকল্পনা সরকারের আছে। এসম্বন্ধে যথোপযুক্ত চিন্তা করা হইতেছে।

(খ) এই প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার পৃথক ভাবে কোন লৌহ ইস্পাত কোটা রাজ্য সরকারকে বরাদ্দ করেন নাই।

(গ) (ক) অংশের উত্তর দ্রষ্টব্য।

শ্রীসুব্রত মুখার্জী (২)**ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে রাজ্যসরকার ছোট ছোট চাষীদের যে শিল্প ঋণ বিতরণের জন্য যে ব্যবস্থা করেছেন এই ঋণ কবে নাগাত দেওয়া সম্ভব হবে?

শ্রীআবদুস সাত্তার ঃ মোটামুটি এটা নিয়ে কিছু দিন ধরে আমরা আলোচনা করছিলাম, আমরা ডিরেকটরদের সঙ্গে আলোচনা করেছি যাতে নাকি ছোট চাষীদের দুনী দিয়ে চাষের ব্যবস্থা করা যায় সে সম্বন্ধে আমরা মোটামুটি একটা সিদ্ধান্ত নিয়েছি। কি পরিমাণ টাকা তারা পেতে পারেন তার উপর নির্ভর করছে এবং টাকা পেলে আমরা দুনী দেবার জন্য ব্যবস্থা করব। ডেট বা কোন তারিখে তা বলতে পারব না, তবে এই সম্বন্ধে আমাদের একটা পরিকল্পনা আছে, আগে ৫০ শতাংশ ভর্তুকি দিয়ে দেওয়া হত, এখন ঋণ দিয়ে দেওয়া হচ্ছে, ঋণ হিসাবে তারা নেবেন।

শ্রীসুব্রত মুখোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন গ্রামসভার অধ্যক্ষদের কাছে ৬/৭টি করে দুনী রেখে দিয়ে সেটা ঋণ হিসাবে নয় চাষীরা যাতে তাদের নিজেদের প্রয়োজনের সময় ব্যবহার করতে পারে এবং পরে ফেরত দেবে এই রকম কোন চিন্তা রাজ্যসরকারের আছে কিনা?

শ্রীআবদুস সাত্তার ঃ আপনি সাজেসান্স পাঠাবেন, চিন্তা করে দেখবো।

তুলাচাষ

***১০১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৪।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** কৃষি বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের কোন্ কোন্ জেলায় তুলার চাষ শুরু হয়েছে;

(খ) গত তিন বৎসরে এই রাজ্যে কত তুলা উৎপন্ন হয়েছে এবং এই তুলার মান উন্নত ধরনের কিনা' এবং

(গ) সুন্দরবন অঞ্চলে তুলা চাষের বর্তমান অবস্থা কি?

শ্রীআবদুস সাত্তার: (ক) ২৪-পরগনা. হাওড়া ও মেদিনীপুর জেলা।

(খ)

বৎসর		উৎপন্ন তুলার পরিমাণ (মেট্রিক টন)
১৯৬৯-৭০	...	৪·৬
১৯৭০-৭১	...	২৩৫·০
১৯৭১-৭২	...	১৪০·০

হ্যাঁ, উন্নত মানের।

(গ) ১৯৭২-৭৩ সালে সুন্দরবন অঞ্চলে ৪,৬৩৯ একর জমিতে তুলা চাষ হইয়াছে। ফসলের অবস্থা এখন পর্যন্ত মোটামুটি ভাল।

শ্রীমহম্মদ সফিউল্লা: তুলা চাষের পূর্বে এই রাজ্যে তুলা চাষ লাভজনক হবে কিনা বা তুলার ফলন ভাল হবে কিনা—সে বিষয়ে সরকার সমীক্ষা করেছিলেন কি?

শ্রীআবদুস সাত্তার: তুলা চাষে লাভ হবে কিনা সেই ব্যাপারে আমি বলতে পারি মথুরাপুর ফার্মে এই বছরে যে উৎপাদন হয়েছে সেটা গোটা ভারতবর্ষের অন্যান্য জায়গার যে রিপোর্ট পাওয়া গিয়েছে তার থেকে টপ।

শ্রীমহম্মদ সফিউল্লা: আমরা জানি দাক্ষিণাত্যের কৃষ্ণ-মৃত্তিকা অঞ্চলে ভাল তুলা চাষ হয়। পলি এবং বালিমাটির দেশ এই বাংলাতে এই চাষ ফলবান হবে কিনা এর জন্য এক্সপার্ট ওপিনিয়ান নেওয়া হয়েছিল কি?

শ্রীআবদুস সাত্তার: তুলা চাষ এখানে হবে সেটা কেন্দ্রের এক্সপার্ট আছেন তিনি বলেছেন হবে এবং বৃটিশ এক্সপার্ট তিনিও বলেছেন হবে।

শ্রীমহম্মদ সফিউল্লা: সুন্দরবনের তুলা চাষ কি বিশেষজ্ঞদের দ্বারা পরীক্ষার পর পরিচালিত হয়েছিল, না আগেই হয়েছিল?

শ্রীআবদুস সাত্তার: ১৯৬৯-৭০ সালের আগে বিশেষজ্ঞরা কি বলেছিলেন সেটা নোটিস দিলে জানাবো। তবে বাংলাদেশে তুলা চাষের ইতিহাস আছে। সরকারের তরফ থেকে নূতন করা হচ্ছে। তবে আমি বলবো মহারাষ্ট্র এবং গুজরাটে তুলা চাষে যে টাকা ইনভেস্ট করা হয় তাতে অনেক ক্ষতি হয়। কিন্তু সে ইনভেস্ট করা হয় এই কারণে যে অন্য দিকে তার এমপ্লয়মেন্ট পোটেনসিয়ালিটি আছে বলে।

[2-10—2-20 p.m.]

আজকে তুলা চাষের ব্যাপারে অনেক কথা উঠেছে। তবে এইটুকু বলতে পারি যে, আমাদের ২৫ লক্ষ একর জমিতে কোন রকম দো-ফসল হয় না। আমরা যদি তার পাঁচ ভাগের এক ভাগ জমিতে তুলা চাষ করতে পারি, তা হ'লে আমাদের এই পশ্চিমবাংলাতে যে তুলা হবে তাতে আর আমাদের গুজরাট বা মহারাষ্ট্রে যেতে হবে না। এবং ঐ সুন্দরবন এলাকাতে এই রকম বহু জায়গা আছে।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কিনা যে, ঐ গুজরাট ও মহারাষ্ট্রের তুলা ব্যবসায়ীরা পশ্চিমবাংলার তুলা চাষকে বানচাল করার জন্য লক্ষ লক্ষ টাকা ঢালছে?

শ্রীআবদুস সাত্তারঃ আমার কাছে অফিসিয়ালি এই রকম কোন খবর নেই। তবে শুনেছি এই রকম যে এখানে তুলা চাষ যাতে না হয়, তুলা চাষকে ডিসকারেজ করার চেষ্টা হচ্ছে এবং তার জন্য দৈনিক পত্রিকাতেও লেখা হচ্ছে। আমি এই ব্যাপারে প্রত্যেককে জানাচ্ছি যে, পরীক্ষা-নিরীক্ষা করার জন্য কিছু গোলমাল হতে পারে—হয়তো পোকা লাগতে পারে—যেমন বোরো ধানের প্রথম চাষের সময় পোকা লেগেছিল, কিন্তু আজকে বোরো ধান অর্ডার অব দি ডে—সত্যিকারের যোগান দিচ্ছে। এবং সব ডেভেলপ কাণ্ট্রিতে পৃথিবীর সমস্ত ডেভেলপিং কাণ্ট্রিতে পরীক্ষা-নিরীক্ষার সময় কোটি কোটি টাকা যায় এবং অনেক সময় ফেলিওর হতে পারে। কিন্তু পরীক্ষা-নিরীক্ষার জন্য টাকা ইনভেস্ট করতে হয়েছে, এক্সপেরিমেন্ট করতে হয়েছে। আমরা এক্সপেরিমেন্ট ক'রে দেখেছি যে, এখানে তুলার চাষ অসম্ভব। অবশ্য তার জন্য ক্রপিং পেটার্ন চেঞ্জ হয়তো করতে হবে এ ধারনা আমাদের হয়েছে। সুন্দরবন বেল্টে, হাওড়া কোস্টাল বেল্টে, এবং মেদিনীপুর এলাকায় এই রকম সেকেন্ড ক্রপ হতে পারে।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় যে কথা বললেন তা আমি শুনেছি। কিন্তু মহারাষ্ট্র ও গুজরাটের ব্যবসায়ীরা যাদের স্বার্থ আছে তারা এই সরকারী প্রচেষ্টাকে বানচাল করবার চেষ্টা করছে। এবং আমার কাছে খবর আছে যে, তারা শুধু এই ধরনের পয়সা খবরের কাগজ বা অন্যান্য সংস্থাকে দিচ্ছে না, সরকারের যেখান থেকে ঔষধ তৈরি হয় সেখানে পয়সা দিয়ে ঐ সমস্ত পোকা লাগার ঔষধকে ব্যর্থ ক'রে দিচ্ছে—এই ব্যাপারে সরকারী ভাবে তদন্ত করা হবে কিনা?

শ্রীআবদুস সাত্তারঃ অফিসিয়ালি আমার কোন তথ্য এই রকম নেই। তবে আপনি যদি দেন, তা হ'লে আমি নিশ্চয় তদন্ত করবো।

মুর্শিদাবাদ জেলায় কৃষি কলেজ স্থাপন

*১০৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭১।) **শ্রীমহম্মদ দেদার বক্সঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষিভিত্তিক মুর্শিদাবাদ জেলায় একটি কৃষি কলেজ খোলার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি;

(খ) থাকলে, মুর্শিদাবাদ জেলার কোন্ জায়গায় উক্ত কলেজ স্থাপিত হবে; এবং

(গ) কৃষি কলেজ খোলার জন্য কত টাকা অনুমোদন করা হয়েছে?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

শ্রীমহম্মদ দেদার বক্সঃ মেদিনীপুর জেলা মূলত কৃষির উপর নির্ভরশীল। এবং এই জেলায় কোন শিল্পও নাই। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, তিনি এখানে কোন কৃষি কলেজ স্থাপনের কথা চিন্তা করছেন কিনা?

শ্রীআবদুস সাত্তার: শিল্পের সঙ্গে এই কলেজের কোন সম্পর্ক নাই।

শ্রীগৌতম চক্রবর্তী: মাননীয় মন্ত্রিমহাশয় 'খ' প্রশ্নের উত্তরে বললেন, প্রশ্ন উঠে না। তিনি এই উত্তর কেন দিলেন তা জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তার: কথা হচ্ছে দেখতে হবে 'ক' প্রশ্নের উপর 'খ' প্রশ্ন নির্ভরশীল কিনা। যদি তা থাকে, তা হ'লে পরের দু'টি প্রশ্ন অটোমেটিক্যালি উঠে না, যদি প্রথম প্রশ্নের উত্তর 'না' হয়।

শ্রীগৌতম চক্রবর্তী: প্রশ্নকর্তা দেদার বক্স সাহেব বলেছেন যে, মুর্শিদাবাদ জেলা কৃষিভিত্তিক জেলা। আমার প্রশ্ন হ'ল, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে সমস্ত জেলা কৃষিভিত্তিক জেলা সেখানে কৃষি বিদ্যালয় স্থাপন করা উচিত এটা চিন্তা করছেন না কেন?

শ্রীআবদুস সাত্তার: কৃষি কলেজ থেকে বেরুবার পর যদি ছাত্ররা মাঠে নেমে পড়ে, তা হ'লে লাভ আছে, কিন্তু যদি চাকরি চায়, তা হ'লে অসুবিধা আছে। তবে বলছি, সেই রকম সময় যদি আসে অর্থাৎ কৃষি কলেজ করার দরকার হয়, তখন দেখবো। আমরা যে কৃষি ইউনিভার্সিটি করার পরিকল্পনা করেছি তারপর দেখবো কোথায় কোথায় কলেজ করা সম্ভব। তবে মুর্শিদাবাদেই যে হবে তার কোন মানে নেই। সেটা মুর্শিদাবাদ, বর্ধমান যে কোন জেলাতেই হতে পারে। কারণ পশ্চিমবাংলার সব জেলায় কৃষির উপর নির্ভরশীল। সুতরাং মুর্শিদাবাদকে আলাদা ক'রে কৃষির জায়গা বলাটা ঠিক হবে না।

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, যদি তারা মাঠের কাজে নেমে যায়, তা হ'লে কোন অসুবিধা হয় না। আমার জিজ্ঞাস্য, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, তারা মাঠের কাজে নামতে চায় না এরকম কোন রিপোর্ট আপনার কাছে আছে কিনা?

Mr. Speaker: This question does not arise.

শ্রীআবদুল বারি বিশ্বাস: ভারতবর্ষের অন্যান্য অঙ্গ রাজ্যের তুলনায় এই কৃষি কলেজ ও বিদ্যালয় স্থাপন করার ব্যাপারে পশ্চিমবাংলার স্থান বর্তমানে কোথায় মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তার: এটা এখনই বলতে পারবো না, তবে এটা বলতে পারি কতকগুলি প্রদেশ আমাদের চেয়ে এগিয়ে আছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: তা যদি হয়, তা হ'লে এই কৃষি কলেজ ও বিশ্ববিদ্যালয় খোলার জন্য পশ্চিমবাংলা সরকার কেন ব্যবস্থা নেবেন না মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তার: প্রশ্নটা ছিল মুর্শিদাবাদ জেলা সম্বন্ধে, এখন দেখছি সারা পশ্চিম-বাংলাও এসে গিয়েছে। এই ব্যাপারে আপনাদের বলছি, কল্যাণীতে যে বিশ্ববিদ্যালয় আছে তাকে দ্বিখণ্ডিত ক'রে ওখানে একটা কৃষি বিশ্ববিদ্যালয় করার পরিকল্পনা দিয়েছি। কৃষি বিশ্ববিদ্যালয়টা হতে দিন, তারপর বিবেচনা করবো কলেজ কোথায় হবে।

শ্রীগৌতম চক্রবর্তী: মাননীয় মন্ত্রিমহাশয় দুঃখ ক'রে বললেন যে, যারা কৃষি বিদ্যালয় থেকে পাশ করছে তারা মাঠে না নেমে শুধুমাত্র চাকুরির জন্য সরকারের কাছে আবেদন করছে। যে সমস্ত ছাত্ররা কৃষি কলেজ অথবা বিদ্যালয় থেকে বেরুচ্ছে তাদের বিশেষ কোন রকম ফেসিলিটিস দিয়ে যেমন ধরুন কলেজ থেকে বেরুবার পর ১০/১৫ বিঘা জমি, কৃষি ঋণ ইত্যাদি দিয়ে ইন্টারেস্টেড করানোর কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীআবদুস সাত্তার: যারা কৃষি স্নাতক তারা যদি স্বাধীন ভাবে ব্যবসা করতে চান, তা হ'লে আমাদের এগ্রো-ইন্ডাস্ট্রিজ সার্ভিসের থ্রু দিয়ে সে ব্যবস্থা আছে। সেখানে ট্রেনিং ইত্যাদির ব্যাপারে বিধান আছে। আর জমি দেবার কথা যেটা বললেন এটা আমাদের ভূমিরাজস্ব মন্ত্রীর ব্যাপার। তবে এই প্রসঙ্গে আমি বলতে পারি যে, আমাদের সেই রকম জমি নেই যে,

আমরা ঐ সমস্ত ছেলেদের দিতে পারবো। কারণ খাস জমি মোটামুটি আমরা ভূমিহীন চাষীদের মধ্যে বিতরণ করছি। তবে ঐ সমস্ত ছেলেরা কৃষি বিদ্যা আয়ত্ব করার পর যদি সত্যিকারের স্বাধীনভাবে ব্যবসা করতে চান, তা হ'লে আমি বলতে পারি সেখানে বিরাট স্কোপ আছে।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, পশ্চিমবাংলা সরকার কৃষি বিভাগের অধীনে যে সি এ ডি পি প্রোগাম করছেন সেখানে ঐ সমস্ত কৃষি স্নাতকদের ক্রপের শেয়ার দিয়ে তাদের উপর দায়িত্ব দেবার কথা চিন্তা করছেন কিনা, এই সি এ ডি পি প্রোগ্রাম সাকসেসফুল করার জন্য?

শ্রীআবদুস সাত্তার: আগে সেটা হোক, তারপর কি হবে না হবে দেখা যাবে।

রাজ্যে ছোট এলাচ, দারুচিনি, গোলমরিচ প্রভৃতি মশলা উৎপাদন

*১১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯০।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এই রাজ্যে লবঙ্গ, ছোট এলাচ, দারুচিনি, গোলমরিচ প্রভৃতি মশলা উৎপাদনের কোন প্রচেষ্টা হইয়াছে কিনা?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: গোলমরিচ ও বড় এলাচের চাষ সম্প্রসারণের জন্য দুইটি প্রকল্পের কাজ চলিতেছে।

লবঙ্গ, ছোট এলাচ ও দারুচিনি উৎপাদন সম্বন্ধে কোন প্রকল্প এখনও হাতে লওয়া হয় নাই।

শ্রীমহম্মদ সফিউল্লা: এ রাজ্যে মশলার দাম অত্যধিক বৃদ্ধি পেয়েছে। এই বৃদ্ধির পরিপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, বড় এলাচ ও গোলমরিচ চাষের যে পরিকল্পনা নিয়েছেন সেই পরিকল্পনা কবে নাগাত কার্যকর করবেন?

শ্রীআবদুস সাত্তার: এক হাজার গোলমরিচের কাটিং এবং ২/৩ হাজার বড় এলাচের চারা প্রতি বছর দার্জিলিং জেলার চাষীদের মধ্যে বিতরণ করা হয়। সমতলে বড় এলাচ হয় না।

শ্রীমহম্মদ সফিউল্লা: দার্জিলিং জেলাতে বড় এলাচ চাষের বিরাট সম্ভাবনা আছে। সেই পরিপ্রেক্ষিতে দার্জিলিং-এ বড় এলাচ চাষ করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি?

শ্রীআবদুস সাত্তার: আমি আগেই বলেছি যে, দার্জিলিং জেলার চাষীদের মধ্যে সরকার থেকে বিতরণের জন্য এক হাজার গোলমরিচের কার্টিং ও প্রায় তিন হাজার বড় এলাচের চারা দেওয়া হয়। আমি আরো বলেছি, সমতল ভূমিতে বড় এলাচ হয় না। গোলমরিচের কার্টিংটা আমরা অন্যান্য জেলাতেও দিয়েছি। যেমন উত্তরবঙ্গের যে সব এলাকায় বেশী বৃষ্টি হয় পাহাড়ের সানুদেশ সেখানে এটা হয়।

শ্রীমহম্মদ সফিউল্লা: ছোট এলাচ এবং লবঙ্গ এই দুটি মশলার দাম অত্যন্ত বৃদ্ধি পেয়েছে। এই দুটি মশলা কোন রাজ্য থেকে আমাদের এই রাজ্যে আমদানি করা হয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তার: এটা আমি বলতে পারবো না, কাশীবাবু বলতে পারেন।

শ্রীআবদুল বারি বিশ্বাস: এই সমস্ত মশলা যার দাম অত্যধিক হয়েছে এবং যেগুলি পাওয়া যাচ্ছে না, মানুষের চাহিদা পূরণের জন্য এর বিকল্প কিছু চাষ করার বিষয়ে সরকার কোন সমীক্ষা করেছেন কিনা বা করবেন কিনা জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তার: ভেজাল ছাড়া এর কোন বিকল্প নেই।

পানীয় জলসরবরাহের জন্য নলকূপ বসানোর পরিকল্পনা

***১১০৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯১।) **শ্রীরজনীকান্ত দলুই:** স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার পানীয় জল সরবরাহের জন্য গত বছরের মত বর্তমান বৎসরেও প্রতিটি ব্লকে ৩৫টি ক'রে নলকূপ বসানোর পরিকল্পনা গ্রহণ করেছেন; এবং

(খ) সত্য হলে, (১) কতদিনের মধ্যে উক্ত নলকূপ বসানোর কাজ আরম্ভ হবে, এবং (২) যেসমস্ত অকেজো নলকূপ রয়েছে সেগুলি সারানোর ব্যবস্থা উক্ত পরিকল্পনার মধ্যে আছে কি?

স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৭৩-৭৪ সালের বাজেটে বরাদ্দকৃত অর্থের পরিমাণ সাপেক্ষে এবং একটিও জল উৎস নাই এইরূপ গ্রামগুলিকে অগ্রাধিকার দেওয়ার ভিত্তিতে জল সরবরাহের একটি প্রকল্প রচনার কথা বিবেচিত হইতেছে।

(খ) এই প্রকল্পটি মঞ্জুর হওয়ার পর উহার কাজ আরম্ভ হইবে। এই প্রকল্পের মাধ্যমে যথাসম্ভব নূতন নলকূপাদি খনন ও অকেজো নলকূপাদি পুনর্খননের ব্যবস্থা করা হইবে। নলকূপ বা কূপগুলির সাধারণ মেরামতির কাজ যাহাতে শীঘ্র সম্পন্ন হয় সেই সম্পর্কে বিভাগীয় নির্দেশ দেওয়া আছে।

তবে স্যার, আমি এই সম্পর্কে বলছি এটার উত্তর দিয়েছিলাম। তারপরে আমরা সিদ্ধান্ত নিয়েছি ১৯৭৩-৭৪ সালে প্রতিটি ব্লকে ৩১টি নলকূপ বা কূপ খনন বা পুনর্খনন করার জন্য এবং সেই হিসাবে আমরা প্রত্যেক জেলাভিত্তিক টাকা পাঠিয়ে দিয়েছি।

[illegible] বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় গত অধিবেশনে আমার প্রশ্নের উত্তরে বলেছিলেন যে, যেখানে ৩৫টি ক'রে নলকূপ বসান সম্ভবপর নয় মাটি শক্ত ব'লে সেখানে ৩১টি ক'রে কুয়ো খনন করা হবে। আমি তখন বলেছিলাম যে, আসানসোল মহকুমায় এই রকম কোন পরিকল্পনা নেওয়া হয়েছে কিনা, তাতে তিনি বলেছিলেন, হ্যাঁ, কূপ খনন করা হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি এখন আবার বলছি, গতবার কুয়ো তৈরি করার জন্য যে স্কীম নিয়েছিলেন আসানসোল ব্লকেব অধিকাংশ জায়গায় সেখানে কুয়ো খনন করা হয় নি। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন কেন গতবার এই কুয়োগুলি খনন করা হ'ল না?

শ্রীআবদুস সাত্তার: আমরা গত বছরে নিয়েছিলাম প্রতিটি ব্লকে ৩৫টি ক'রে টিউবওয়েল সিংকিং কিংবা রিসিংকিং হবে। টিউবওয়েল অথবা কূপ তাতে ৩৩৫ গুণিত ৩৫-এ থেকে হয়েছিল ১১ হাজার ৭ শত কত যেন হয়েছিল। মোটামুটি হিসাব করে। সেখানে ১৯৭২-৭৩ সালে শেষ পর্যন্ত যা হয়েছিল তাতে প্রায় ১৮ হাজার নলকূপ খনন বা পুনর্খনন হয়েছে ঐ টাকার মধ্যে। কাজেই সেই টাকাতে অনেক বেশী কাজ আমরা করতে পেরেছি। কিন্তু কতকগুলি ডিফিকাল্ট এরিয়া আছে যেখানে নীচে পাথর থাকার ফলে অনেক কাজের ব্যাঘাত সৃষ্টি হয়েছে, অনেক জায়গায় ৩৫টি পারি নি তার কিছু কম হয়েছে। আবার সব জায়গায় যে ৩৫টি হয়েছে তা নয়, অনেক জায়গায় ৩৫টির বেশী এমনকি ১৫০, ১০০টিও হয়েছে। তবে আসানসোলের অবস্থা আপনি ভাল জানেন, আমার মনে হয় আমরা প্রতিটি ব্লকে দিচ্ছি। মাননীয় সদস্যকে আমি অনুরোধ করবো আপনাদের প্রত্যেকের—যার যার এলাকা আছে সেখানে তারা বসে কিভাবে করা যেতে পারে তার ব্যবস্থা নেবেন, আমরা তাদের সহযোগিতা চাই যাতে ৩১টি তো হবেই তার বেশী যদি করতে পারেন, তা হলে ভাল হয় এবং সেখানে গতবারে পুরুলিয়া, বাঁকুড়াতে পাথর থাকার ফলে রিগের অভাব ছিল, এই রিগের জন্য আমরা বলেছি। সেই রিগ সম্পর্কে আমরা খবরের কাগজে দেখেছি, কিন্তু এখন পর্যন্ত অফি-

সিয়ালি কিছু পাই নি। তবে ২টি রিগ নাকি পশ্চিমবাংলার জন্য স্যাংশন করা হয়েছে। যদি রিগ আসে, তা হ'লে সেখানকার কাজ অর্থাৎ যে ডিফিকাল্ট এরিয়া আছে, যেখানে পাথর আছে সেখানকার কাজ ত্বরান্বিত করা সহজ হবে। তবে দুটোতে সম্ভব হবে না, আমাদের আরো রিগের দরকার এবং আমরা প্রায় ১২টা রিগ চেয়েছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, কলকাতা জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার দপ্তরে ২টি শক্তিশালী রিগ দীর্ঘদিন ধ'রে পড়ে আছে। সেই রিগ দুটি ব্যবহার করার কথা পশ্চিমবঙ্গ সরকার চিন্তা করছেন কিনা?

শ্রীআবদুস সাত্তারঃ আমার এই সম্পর্কে কিছু জানা নেই।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় আমি উল্লেখ করেছিলাম এবং আনন্দবাজার পত্রিকায় ছবি বেরিয়েছিল যে, দুটো বড় রিগ যে রিগে ৭ দিনে একটা ডিপ টিউবওয়েল হয় এবং শ্যালো টিউবওয়েল হয় একদিনে। সেই রিগ দুটো আজকে অনেকদিন থেকে জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়াতে অব্যবহৃত অবস্থায় পড়ে আছে এবং বিধানসভায় আমি মেনশান করেছিলাম খবরের কাগজে বেরিয়েছিল। সেই মেনশান করার পরে তার কপি নিশ্চয়ই মাননীয় মন্ত্রিমহাশয়ের দপ্তরে গিয়েছিল—সেই মেনশানের কপি দেখার পরে সেই সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণ করেছিলেন কিনা সেটা জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ সেখানে যেটা পড়ে আছে সেটাতো ইন্ডিয়া গভর্নমেন্টের ব্যাপার। আমাদের কোন দপ্তরে যদি থাকে, তা হ'লে আপনি বলুন আমরা তা হ'লে চেষ্টা করবো। তবে আপনি বলেছেন আমরা চেষ্টা করবো যদি পাওয়া যায়।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয়, অন্য জায়গা থেকে রিগ এনে বাঁকুড়া, পুরুলিয়ার বহু জায়গায় টিউবওয়েল করা হয়েছে এবং পাথর হওয়া সত্বেও—তা মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই বাঁকুড়া, পুরুলিয়াতে টিউবওয়েল করার জন্য যে রিগ আনা হয়েছিল সেটা কোথা থেকে—কেন্দ্রীয় সরকারের কাছ থেকে না অন্য কোন জায়গা থেকে?

শ্রীআবদুস সাত্তারঃ সেটা বোধ হয় বিহার গভর্নমেন্টের কাছ থেকে বাঁকুড়ায় এবং পুরুলিয়াতে সেই রিগ দিয়ে আমরা কাজ করেছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন বিহার থেকে রিগ এনে যদি বাঁকুড়া এবং পুরুলিয়াতে কাজ করা হয়—কেন্দ্রীয় সরকারের এই শক্তিশালী রিগ দুটো যদি পাওয়া যেত, তা হ'লে ৮/৯ মাস আগে এই রিগ দুটো দিয়ে ডিপ টিউবওয়েল এবং শ্যালো টিউবওয়েল-এ পশ্চিমবঙ্গ ভর্তি হয়ে যেত—সেই কেন্দ্রীয় সরকারের রিগ দুটো কেন মন্ত্রিমহাশয় ব্যবহার করলেন না?

শ্রীআবদুস সাত্তারঃ কেন্দ্রীয় সরকারকে টেলেক্স পাঠিয়েছি যাতে রিগ অন্তত পক্ষে ১০টি পাওয়া যায় এবং টেলেক্সের উত্তর এখনও পাই নি। খবরের কাগজে দেখেছি যে দুটো রিগ আমরা ইউনিসেফ থেকে পাবো, তবে এখন পর্যন্ত আমাদের কোন কনফার্মেশান নেই।

[2-30—2-40 p.m.]

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, এই বিধান সভায় আমি এই বিষয়ে উল্লেখ করেছিলাম, তার অনুলিপি আপনি পেয়েছেন কিনা?

শ্রীআবদুস সাত্তারঃ কপি আমি ভাই পাই নি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বলা হয়েছিল বিধানসভার যে কোন সদস্য যদি কোন জরুরী বিষয় সম্পর্কে উল্লেখ করেন তার অনুলিপি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে দেওয়া হবে, এবং আমি যে উল্লেখ করেছিলাম, নিশ্চয়ই তার অনুলিপি গেছে, আমি যে রিগ সম্পর্কে উল্লেখ করেছিলাম তার অনুলিপি কি মন্ত্রিমহাশয় দেখেন নি?

শ্রীজ্ঞান সিং সোহনপালঃ তখন এই সিস্টেম ছিল না।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ কোন ব্লকের সীমা বড়, কোন ব্লকের সীমারেখা ছোট, কোন কোন ব্লক আছে যেমন হাওড়া, হুগলী এবং মেদিনীপুরের বিভিন্ন বন্যা এলাকা আছে যেখানে ১৯৬৮ সাল থেকে বহু টিউবওয়েল খারাপ হয়ে পড়ে রয়েছে। কিছু রিফিউজি বেল্ট আছে যেখানে রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট টিউবওয়েল ক'রে দেন। অনেক বড় ব্লক আছে যেখানে জনসংখ্যা বেশী এবং প্রবলেম বেশী এবং অনেক ছোট ছোট ব্লক আছে যেখানে জন-সংখ্যা কম, সেই সব এলাকায় কি একই হারে নূতন টিউবওয়েল সিংকিং বা রিসিংকিং হবে। মাননীয় মন্ত্রিমহাশয়, এই সব এলাকার জন্য কি একটা স্পেশাল কোটা দেবেন?

শ্রীআবদুস সাত্তারঃ স্পেশাল কোটা নয়, স্পেশাল অবস্থার সৃষ্টি হবে তখন দেখা যাবে। তবে আমাদের বলা আছে ডি এম কে যদি স্পেশাল সার্কমস্টেনসেস-এ দরকার হয়, তখন তারা কিছু পরিবর্তন করতে পারবেন।

শ্রীরজনীকান্ত দলুইঃ মন্ত্রিমহাশয় বললেন যে, গত বছর ৩৫টি ক'রে নলকূপ প্রতি ব্লকে করা হয়েছে এবং এবারে ৩১টি নলকূপ সিংকিং-এর পরিকল্পনা করেছেন। আমার প্রশ্ন হচ্ছে অকেজো নলকূপগুলো সারানোর কোন ব্যবস্থা সরকার করেছেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ অকেজো বলতে দুরকম বোঝায়। একেবারে অকেজো বলতে সেটা রিসিংকিং করার কথা বোঝায় এবং আর একটা অকেজো হচ্ছে পেটি রিপেয়ারস। গত বছর আমরা প্রায় ২৬ হাজার করেছিলাম। আমরা বলেছি এই বছর ৩১টা সিংকিং অথবা রিসিংকিং প্রতি ব্লকে করাবো। কোন ব্লক যদি ওয়াটার সাপ্লাই কমিটিকে বলে যে আমরা কোন নূতন সিংকিং করাবো না, আমরা রিসিংকিং করাবো, তা হ'লে তারা তা করতে পারেন। আর অকেজো কতগলো আছে, সেটার হিসাব নেই, নোটিস দিলে বলতে পারবো।

শ্রীবলাইলাল শেঠঃ ওয়াটার সাপ্লাই কমিটিতে মেম্বার কে কে আছেন?

শ্রীআবদুস সাত্তারঃ আমি ভুলে গেছি।

শ্রীশরদিন্দু সামন্তঃ মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি যে গত বছর যেসমস্ত ব্লকে ৩৫টি করা সম্ভব হয় নি, মেটিরিয়েলসের অভাবে—যেমন আমি একটা উদাহরণ দিচ্ছি মেদিনীপুরের একটা ব্লকে নন্দীগ্রাম ৩ নং ব্লক সেখানে ৮টি টিউবওয়েল সিংকিং করা বাকি ছিল বিকজ অব দি নন অ্যাভলেবিলিটি অব মেটিরিয়েলস, এই বছর সেই আটটি এবং এই বছরের কোটা যা আছে ৩১টি সেইগুলো একসঙ্গে করার ব্যবস্থা মন্ত্রিমহাশয় করবেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ আমি ৩৫টি নির্দেশ দিয়েছিলাম ডি এম-কে এবং সেখানে অবস্থা হিসাবে ডি এম-কে বলা হয়েছিল, যদি দরকার হয় কোন জায়গায় বেশীও করতে পারেন। সেখানে মেটিরিয়েলস না পাবার কোন কারণ নেই। আপনি আমার কাছে এসে বলেছিলেন—৩৫টি হবার পরে যেটা আপনি করতে চেয়েছিলেন সেটা ডি এম করতে দেয় নি। মেটিরিয়্যালস নিশ্চয়ই থাকবে। যদি না পেয়ে থাকেন, তা হ'লে একটা জেলার হিসাব নিয়ে বলতে পারবো শুধু একটা ব্লক নিয়ে কিছু বলা যাবে না।

শ্রীশরদিন্দু সামন্তঃ আমার যে পয়েন্ট, সেটা হচ্ছে কমপ্লিট হয় নি মেটিরিয়েলসের অভাবের জন্য। যদি মেটিরিয়েলস পাওয়া যায়, তা হ'লে এই বছর যে ৩১টি পাওয়া যাবে তার সঙ্গে গতবছরের বাকি আটটি করা যাবে কিনা?

শ্রীআবদুস সাত্তারঃ ৩৫টার জায়গায় যদি কোথাও বেশী ক'রে থাকে, তা হ'লে আমাদের সেখানে কিছু করণীয় নেই। ঐ ৩৫টাই আমরা কমিটমেন্ট করতে পারি নি, আমরা ৩১টা বলেছিলাম।

শ্রীসকুমার বন্দ্যোপাধ্যায়ঃ প্রতি ব্লকে ৩১টি কুয়া এবং ৩৫টি টিউবওয়েল তৈরি করবার জন্য পশ্চিমবঙ্গের প্রতিটি জেলার জেলাশাসকদের কাছে আপনি নির্দেশ দিয়েছিলেন—তা হ'লে মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, জেলাশাসকরা তাদের নির্দেশ যথাযথ ভাবে পালন করেছেন কিনা এবং তার কোন হিসাব আপনি রাখেন কিনা?

শ্রীআবদুস সাত্তার: মোটামুটি জেলাশাসকরা এটা ব্লকে ব্লকে দিয়ে দেন এবং ব্লক-এর হিসাব রাখেন। তবে নির্দেশ যে পালন করেছেন তার প্রমাণ হচ্ছে সাড়ে ১১-র জায়গায় ১৮ হাজার হয়েছে। তা হ'লেই বুঝতে পারছেন যে নির্দেশ ভাল ভাবে পালন করা হয়েছে। যেখানে টিউবওয়েল বসানো অসম্ভব প্রায় সেখানে ঠিক মত করতে পারা যায় নি। আবদুল বারি সাহেব আছেন, উনি জানেন, উনি গিয়েছিলেন অ্যাসিউরেন্স কমিটির চেয়ারম্যান হিসাবে পাথরপ্রতিমা প্রভৃতি জায়গায়, সেই সব জায়গায় ১,৬০০, ১,৭০০ ফিট নীচে যেতে হয় যার ফলে সেখানে কন্ট্রাকটাররা কাজ করতে চায় না, কন্ট্রাকটারদের থ্রেটেন করা হয়েছে, অনেক কিছু করা হয়েছে, তবুও তারা কাজ করতে চায় না এবং লোকাল কন্ট্রাকটার না থাকার ফলে এই অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। তবে মোটামুটি প্রতিটি জেলার জেলাশাসক থেকে আরম্ভ ক'রে বি ডি ও এবং আমাদের সদস্যদের সাহায্য আমরা পেয়েছি, তারা আমাদের সহযোগিতা করেছেন এবং তাদের সহযোগিতার জন্যই আমার মনে হয় সাড়ে ১১ হাজারের জায়গায় ১৮ হাজার করা সম্ভব হয়েছে।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় যে সাড়ে ১১ হাজার থেকে ১৮ হাজার করা হয়েছে বললেন, সে সম্বন্ধে আমি কিছু মন্তব্য করতে চাই না, শুধু আমি একটা কথা জিজ্ঞাসা করতে চাই যে, কোন ব্লকে ১ হাজারটি টিউবওয়েল হয়ে গেল আর কোন ব্লকে হয়ত ৫টিও হ'ল না, এই রকম যদি হয়ে থাকে, তা হ'লে মন্ত্রিমহাশয় কি বলবেন যে, জেলাশাসক যা করেছেন ঠিকই করেছেন?

Mr. Speaker: That is a matter of opinion. Mr. Bandopadhyaya, you have not sought for any information. You have given your opinion only.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমাশয় জানেন কি যে, আসানসোল মহকুমায় ৯নং ব্লকে এখন পর্যন্ত ১০টি কুয়াও হয় নি?

শ্রীআবদুস সাত্তার: নোটিস দেবেন, তা হ'লে ব'লে দেব।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, কলিঙ্গ টিউবস থেকে যে সমস্ত পাইপ নেওয়া হয়েছিল, সেই সমস্ত পাইপস কাজের অযোগ্য ব'লে কোন কোন জেলার জেলাশাসকরা রিপোর্ট দিয়েছিলেন এবং যে সমস্ত পলিথিনের পাইপ দেওয়া হয়েছে সেগুলি উপযুক্ত নয় এটা সকলেই জানেন ব'লে আমি মনে করি। এই অবস্থায় টাটার পাইপ জল সরবরাহ করার কাজে যাতে ব্যবহার করা যায় তার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন কি?

শ্রীআবদুস সাত্তার: কলিঙ্গ পাইপের বিরুদ্ধে যদি কোন অভিযোগ থাকে তা হ'লে নিশ্চয়ই দেখা হবে এবং যদি সত্যিই অভিযোগ পাওয়া যায়, তা হ'লে সেই পাইপ নেওয়া হবে না।

বাঁকুড়া জেলায় বিভিন্ন ব্লকে বি ডি ও না থাকায় কাজকর্মে অসুবিধা

***১১০৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৬৭।) **শ্রীকাশীনাথ মিশ্র:** কৃষি এবং সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কোন্ কোন্ ব্লকে বি ডি ও নাই;

(খ) সরকার কি অবগত আছেন যে, বি ডি ও না থাকার জন্য ব্লকের কাজকর্মে খুবই অসুবিধা দেখা দিয়াছে; এবং

(গ) ব্লকের বিবিধ কাজকর্মের গুরুত্ব উপলব্ধি করিয়া বি ডি ও প্রেরণ করার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

কৃষি এবং সমষ্টি-উন্নয়ন (সমষ্টি-উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) বাঁকুড়া ২নং ব্লকে বর্তমানে বি ডি ও নাই।

(খ) সরকার অবগত আছেন। পার্শ্ববর্তী ব্লকের বি ডি ও তদারকী করিতেছেন।

(গ) স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) দপ্তরের অধীনস্থ ডবলিউ বি জে সি এস অফিসারদের দ্বারা বি ডি ও পদ পূরণ করা হয়। ঐ বিভাগকে ডবলিউ বি জে সি এস অফিসার পাঠাইবার জন্য অনুরোধ করা হইয়াছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, বাঁকুড়ার ব্লক ২-এ কত দিন ধ'রে বি ডি ও নেই।

শ্রীআবদুস সাত্তারঃ নোটিস দেবেন, তা হ'লে জানিয়ে দেব।

[2-40—2-50 p.m.]

শ্রীকাশীনাথ মিশ্রঃ শুধু ব্লক-২ নয়, আরও দুটো ব্লকে নেই। টোটাল ৩টা ব্লক-এ বি ডি ও নেই। কতদিন যাবৎ এসব ব্লক-এ বি ডি ও নেই?

শ্রীআবদুস সাত্তারঃ আমি দিন দিতে পারছি না। অনেক ব্লক-এ বি ডি ও নেই। আমরা বারবার স্বরাষ্ট্র দপ্তরকে লিখেছি তারাও দিতে পারছে না। আমরাও দেখেছি এর জন্য অনেক ব্লক অসুবিধা ভোগ করছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ বি ডি ও না থাকার জন্য বাঁকুড়ার মত খরা জায়গায় সেখানে সরকার যে টাকা দিচ্ছেন তার সদ্ব্যবহার হচ্ছে না, সেখানে নানা রকম গাফিলতি দেখা দিচ্ছে এবং সরকারী কাজ হচ্ছে না ব'লে জনসাধারণ আতঙ্কগ্রস্ত। এবিষয়ে তদন্ত করবেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ কাজের হয়ত অসুবিধা হচ্ছে। বি ডি ও না থাকলেও অন্যান্য বিভাগের লোক কাজ করেন। তবে বি ডি ও হচ্ছেন টিম মাস্টার—তিনি না থাকার ফলে সুপারভিসন এর অসুবিধা হচ্ছে। কিন্তু কাজ ঠিক হচ্ছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ বি ডি ও না থাকলে যদি কাজ হয়, তা হ'লে বি ডি ও পদ তুলে দেবার জন্য চিন্তা করছেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ আমি বলেছি অসুবিধা হচ্ছে, কাজ হয় না তা ঠিক নয়। কারণ তিনি হচ্ছেন টিম মাস্টার, তিনি সমস্ত সুপারভাইজ করেন এবং তিনি না থাকায় কাজের অসুবিধা হয়।

শ্রীকাশীনাথ মিশ্রঃ আমি বলছি ব্লক ২-তে নানারকম অসুবিধা দেখা দিয়েছে। সেখানে গত বছরের কুয়াগুলি ইনকমপ্লিট আছে। সেখানে কৃষি ঋণ বিলি হচ্ছে না। এবিষয়ে আমি কৃষি কমিশনার মিঃ মেনন, চীফ মিনিস্টার, আমার জেলার মন্ত্রীকেও বলেছি, কিন্তু কোন সুরাহা হয় নি। সুতরাং এবিষয়ে আপনি কি ব্যবস্থা করছেন?

শ্রীআবদুস সাত্তারঃ আপনি যে চাইছেন সেটা অস্বীকার করছি না। আপনি চাইবার পর আমি চেয়েছি। কিন্তু আমি না পেলে আমি কোথা থেকে দেব।

শ্রীগৌতম চক্রবর্তীঃ মোটামুটিভাবে ব্লক-এর বি ডি ও-দের জুতা সেলাই থেকে চণ্ডীপাঠ পর্যন্ত করতে হয়। সেখানে অ্যাডিশন্যাল বি ডি ও বা বি ডি ও-এর পর কোন নূতন পোস্ট ক্রিয়েট করার কথা চিন্তা করছেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ এখনও করা হয় নি। তবে মোটামুটিভাবে চিন্তা করা হচ্ছে।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ প্রতিটি ব্লক-এ একজন ক'রে বি ডি ও দেওয়া সরকারী কর্তব্য। সেখানে সে নীতি পূরণ করতে পারছেন না। এক্ষেত্রে এটা কি ধরনের যে বি ডি ও হবার জন্য যে উপযুক্ত শিক্ষার প্রয়োজন সেরকম উপযুক্ত শিক্ষিত লোকের পশ্চিমবাংলায় অভাব, না বি ডি ও প্রোডাকসান বন্ধ হয়ে গেছে?

শ্রীআবদুস সাত্তার: পি এস সি মাধ্যমে এই সমস্ত পরীক্ষা হয়। পি এস সি না দিলে আমরা পাই না। কেবল বি ডি ও কেন অন্যান্য চাকুরি যেসব পি এস সি-র মাধ্যমে হচ্ছে প্রত্যেক চাকুরি বেলায় এইরকম দেরী হচ্ছে। আমি নিজে জানি বি ডি ও না থাকলে কাজের অসুবিধা হয়। অতএব এইসব জায়গা পূরণ করার জন্য অন্যভাবে কি করা যায় সেটা দেখছি। ডবলিউ বি জে সি এস ছাড়া যদি পূরণ করা সম্ভব হয়, তা হ'লে আমরা মোটামুটি তা পূরণ করব।

শ্রীবলাইলাল শেঠ: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি বিভিন্ন ব্লকে বি ডি ও এবং জয়েন্ট বি ডি ও দুজন আছেন, যেসব ব্লকে বি ডি ও নেই সেই জায়গায় জয়েন্ট বি ডি ও-কে বদলি ক'রে এই সমস্যার সুরাহার ব্যবস্থা করবেন কি?

শ্রীআবদুস সাত্তার: আপনি যে সাজেসান দিলেন সে সম্বন্ধে দেখব।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি অনেক ই ও পি যাদের যোগ্যতা আছে তাদের জয়েন্ট বি ডি ও করা হয়। এই রকম এক্সপিরিয়েন্সড ই ও পি-দের বিষয়ে তদন্ত ক'রে তাদের জয়েন্ট বি ডি ও করবেন কি?

শ্রীআবদুস সাত্তার: আপনার সাজেসান বিবেচনা ক'রে দেখব।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন কিছু জয়েন্ট বি ডি ও, বোধ হয় ১১ জন, তাঁদের বি ডি ও হিসাবে প্রোমোসান দেবার জন্য আলোচনা চলছে, সেটা আপনার ওখানে পেন্ডিং আছে, সেই জয়েন্ট বি ডি ও-দের বি ডি ও ক'রে এই সমস্যার সুরাহার ব্যবস্থা করবেন কি?

শ্রীআবদুস সাত্তার: জয়েন্ট বি ডি ও তো বি ডি ও হিসাবে আছেন।

শ্রীকাশীনাথ মিশ্র: আপনি বলেছেন বাঁকুড়া ২ নং ব্লকে শুধু বি ডি ও নেই, কিন্তু বাঁকুড়া জেলার ইঁদপুর ব্লকেও বি ডি ও নেই আজ পর্যন্ত এবং বাঁকুড়ার ১ নম্বর ব্লকের বি ডি ও ইঁদপুর ব্লকের বি ডি ও-র কাজ চালাচ্ছেন। এই যে অসত্য তথ্য দেওয়া হচ্ছে বিধানসভায় এগুলি কি হচ্ছে?

শ্রীআবদুস সাত্তার: আপনি উত্তরটা মন দিয়ে শুনুন—সরকার অবগত আছেন, পার্শ্ববর্তী ব্লকের বি ডি ও তদারকি করছেন। পার্শ্ববর্তী বি ডি ও যে ওটাই হবে তার মানে কি আছে?

শ্রীকাশীনাথ মিশ্র: প্রশ্ন ছিল বাঁকুড়া জেলার কোন্ কোন্ ব্লকে বি ডি ও নেই, আপনি বলেছেন বাঁকুড়া জেলার শুধু ব্লক ২-তে বি ডি ও নেই। আমি বলছি বাঁকুড়া জেলার ইঁদপুর ব্লকেও বি ডি ও নেই। সুতরাং আপনি যে তথ্য দিয়েছেন সেটা অসত্য।

শ্রীআবদুস সাত্তার: আপনার ওখানে বাড়ি, আপনি ঠিক কথাই বলছেন, কিন্তু আমার কাছে অফিসিয়াল যে রিপোর্ট আছে, জেলাশাসক পাঠিয়েছেন তাতে দেখা যাচ্ছে বাঁকুড়ার ২নং ব্লকে বি ডি ও নেই। কাজেই মন্ত্রীরা তো কোন্ কোন্ ব্লকে বি ডি ও আছে বা কোন্ কোন্ ব্লকে বি ডি ও নেই সেটা ঘুরে ঘুরে দেখতে যান না। আপনি যখন প্রশ্ন করছেন তখন নিশ্চয়ই সেটা ডিপার্টমেন্টের কাছে পাঠিয়েছে, ডিপার্টমেন্ট জেলাশাসকের কাছে পাঠিয়েছে, জেলা থেকে এই রিপোর্ট এসেছে। হতে পারে বাঁকুড়ার ইঁদপুর ব্লকে বি ডি ও নেই।

শ্রীকাশীনাথ মিশ্র: বাঁকুড়া জেলার কোন্ কোন্ ব্লকে বর্তমানে বি ডি ও নেই?

শ্রীআবদুস সাত্তার: ২ নম্বর ব্লকে বি ডি ও নেই।

শ্রীকাশীনাথ মিশ্র: আমি বলছি শুধু ২ নম্বর ব্লক নয়, ইঁদপুর ব্লকেও বি ডি ও নেই। সুতরাং আপনাকে যে অসত্য তথ্য সরবরাহ করা হয়েছে সে সম্বন্ধে তদন্ত করবেন কি?

শ্রীআবদুস সাত্তার: আপনি যেটা বলছেন সে সম্বন্ধে তদন্ত ক'রে দেখব।

[2-50—3-00 p.m.]

শ্রীকাশীনাথ মিশ্র: মন্ত্রিমহাশয়ের উত্তরে আমি সন্তুষ্ট হই নি এবং দেখছি এইসব অসত্য তথ্য দিয়েছে আমলারা। আমার দাবি হচ্ছে এই সম্বন্ধে তদন্ত ক'রে বিধানসভায় উত্তর দিন।

শ্রীআবদুস সাত্তার: আপনি যে প্রশ্ন করেছেন সে সম্বন্ধে আমি তদন্ত ক'রে দেখব এবং যেভাবে খুসী হন সেটা করব।

শ্রীকাশীনাথ মিশ্র: বিধানসভায় এটা জানাবেন কি?

(নো রিপ্লাই।)

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

রেজিস্ট্রেশন সার্ভিসে সাব-রেজিস্ট্রারের শূন্য পদ

***১১৮০।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৫৬।) **শ্রীআফতাবুদ্দিন মণ্ডল:** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ রেজিস্ট্রেশন সার্ভিসে বর্তমানে অনেকগুলি সাব-রেজিস্ট্রারের পদ খালি আছে; এবং

(খ) সত্য হইলে, (১) কয়টি পদ খালি আছে, ও (২) খালি থাকার কারণ কি?

বিচার বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ইহা সত্য।

(খ) (১) ৩৩টি।

(২) পাবলিক সার্ভিস কমিশন প্রার্থী না দিতে পারায় এবং কতিপয় প্রার্থী নিয়োগপত্র পাইয়াও কার্যে যোগদান না করায়, এই পদগুলি খালি থাকিয়া গিয়াছে।

পৌরসভাসমূহের উন্নয়নকল্পে সি এম ডি এ কর্তৃক অর্থ বরাদ্দ

***১১৮১।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৬৬।) **শ্রীতপন চ্যাটার্জী:** উন্নয়ন ও পরিকল্পনা (শহর ও নগর পরিকল্পনা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জনসংখ্যা ও এলাকা অনুপাতে ছোট-বড় পৌরসভাগুলিকে উন্নয়ন বাবত একই হারে সি এম ডি এ-র অর্থবরাদ্দ হইয়া থাকে; এবং

(খ) সত্য হইলে, এই বরাদ্দ ব্যবস্থার পরিবর্তনের জন্য সরকার কোন পরিকল্পনা করিয়াছেন কি না এবং করিয়া থাকিলে, তাহা কি?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) উন্নয়ন প্রকল্প বাবত পৌরসভাগুলিকে যুক্তিসংগত ভিত্তিতে অর্থ বরাদ্দের প্রশ্নটি বর্তমানে সি এম ডি এ-র বিবেচনাধীন আছে।

সরকারী চাকুরিতে মাহাত (কুর্মি ক্ষত্রিয়) শ্রেণীভুক্ত লোক নিয়োগ

***১১৮২।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪২১।) **শ্রীঠাকুরদাস মাহাত:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে বিভিন্ন সরকারী চাকুরীতে গত ১৯৭২ সাল পর্যন্ত মাহাত (কুর্মি ক্ষত্রিয়) শ্রেণীভুক্ত কতজন লোক নিযুক্ত হইয়াছেন?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ পশ্চিমবঙ্গের বিভিন্ন অফিসে প্রয়োজনীয় তথ্য পাঠাইবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছিল। এখন পর্যন্ত সমস্ত অফিস হইতে সংবাদ পাওয়া যায় নাই। এ পর্যন্ত (৫ই মে, ১৯৭৩) যে সমস্ত অফিস হইতে সংবাদ পাওয়া গিয়াছে তাহাদের ভিত্তিতে জানা যায় যে, বিভিন্ন সরকারী চাকুরিতে গত ১৯৭২ সাল পর্যন্ত মাহাত (কুর্মি ক্ষত্রিয়) শ্রেণীভুক্ত ১৬৯ জন নন-গেজেটেড কর্মচারী নিযুক্ত ছিলেন।

পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রকাশিত সর্বশেষ সংস্করণ 'সিভিল লিস্ট' হইতে দেখা যায় যে, বিভিন্ন সরকারী চাকুরিতে ১৯৭২ সাল পর্যন্ত ৭ জন গেজেটেড অফিসারও মাহাত শ্রেণীভুক্ত আছেন।

"ডেমনাসোল" ও "বনকাটা" লিফ্‌ট ইরিগেশন স্কীম

*১১৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২১৮।) **শ্রীগৌরচন্দ্র লোহারঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) 'ডেমনাসোল' ও 'বনকাটা' লিফ্‌ট ইরিগেশন স্কীম দুইটির কাজ কখন আরম্ভ হইবে; এবং

(খ) স্কীম দুইটি বিদ্যুৎ চালিত হইবে কিনা?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ডেমনাসোল নদীসেচ প্রকল্পের এস্টিমেট প্রস্তুত করিবার জন্য এবং কারিগরি বিষয় অনুসন্ধানের জন্য বিভাগীয় ইঞ্জিনীয়ারকে নির্দেশ দেওয়া হইয়াছে। বনকাটা প্রকল্পের অর্থ অনুমোদনের প্রস্তাব পরীক্ষা করা হইতেছে।

(খ) বনকাটা প্রকল্পটি বিদ্যুৎচালিতরূপে গ্রহণ করার জন্য অর্থ অনুমোদনের প্রস্তাবটি পরীক্ষা করা হইতেছে। ডেমনাসোল প্রকল্পের এস্টিমেট পাওয়া গেলে এ বিষয়ে জানা যাইবে।

বাঁকুড়া জেলায় মঞ্জুরীপ্রাপ্ত রিভার লিফ্‌ট প্রকল্প

*১১৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬৪।) **শ্রীফণীভূষণ সিংহবাবুঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে বাঁকুড়া জেলায় কয়টি রিভার লিফ্‌ট প্রকল্প মঞ্জুর করা হইয়াছে;

(খ) ১৯৭৩-৭৪ সালে উক্ত প্রকল্পে আরও কয়টি মঞ্জুর করিবার পরিকল্পনা আছে; এবং

(গ) উক্ত মঞ্জুরীকৃত প্রকল্পের প্রয়োজনীয় যন্ত্রপাতি কোন্‌ কোম্পানী সরবরাহ করিয়াছে এবং ঐ যন্ত্রপাতি বর্তমানে কি অবস্থায় আছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৮টি।

(খ) এখনই বলা সম্ভব নয়।

(গ) মেসার্স জেমস ইঞ্জিনীয়ারিং কোং, ২২, ব্র্যাবোর্ন রোড, কলিকাতা-১; এবং (২) মেসার্স আরকো পাম্প কর্পোরেশন, ১৬জে, ফার্ন রোড, কলিকাতা-১৯।

১৮টি প্রকল্পের মধ্যে ১৪টি প্রকল্পের যন্ত্রপাতি নিজ নিজ জায়গায় বসাইয়া সেচের জল দেওয়া হইতেছে। একটি প্রকল্পের যন্ত্রপাতি জরুরী ভিত্তিক কাজের জন্য সেচ ও জলপথ বিভাগে সাময়িকভাবে ব্যবহারের জন্য দেওয়া হইয়াছে। বাকি তিনটি প্রকল্পের যন্ত্রপাতির অতি সম্প্রতি সরবরাহ পাওয়া গিয়াছে এবং এইগুলি নিজ নিজ স্থানে বসানোর ব্যবস্থা করা হইতেছে।

ডিস্ট্রিক্ট রেজিস্ট্রার ও ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রারের শূন্য পদ

***১১৮৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩৫৮।) **শ্রীআফতাবুদ্দিন মণ্ডলঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রারের ৩টি পদ (কোচবিহার, মালদহ, পশ্চিম দিনাজপুর) এবং ডিস্ট্রিক্ট রেজিস্টারের একটি পদ (মেদিনীপুর) দীর্ঘদিন যাবৎ খালি পড়ে আছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত কোন্ পদ কতদিন যাবত খালি পড়িয়া রহিয়াছে ও উক্ত পদগুলি পূরণ না করার কারণ কি?

বিচার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রার (মালদহ)-এর পদ বর্তমানে খালি নাই। অবশিষ্ট পদগুলি খালি পড়িয়া আছে।

(খ) ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রার (কোচবিহার ও পশ্চিম দিনাজপুর)-এর পদ দুইটি যথাক্রমে গত ২৯এ আগস্ট ১৯৭১ ও ২২এ এপ্রিল ১৯৭১ তারিখ হইতে খালি পড়িয়া আছে। যাঁহাদিগকে ঐ পদ দুইটিতে নিযুক্ত করা হইয়াছে তাঁহারা যোগদান না করায় ঐ পদ দুইটি খালি পড়িয়া আছে।

ডিস্ট্রিক্ট রেজিস্ট্রার (মেদিনীপুর)-এর পদটি গত ১লা মার্চ ১৯৭৩ তারিখ হইতে খালি পড়িয়া আছে। ঐ পদটি পূরণের বিষয়টি এখন সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

জলপাইগুড়ি বিভাগের ইন্সপেক্টর অব রেজিস্ট্রেশন-এর পদ সৃষ্টি

***১১৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩৬০।) **শ্রীআফতাবুদ্দিন মণ্ডলঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে রেজিস্ট্রেশন সার্ভিসের অন্তর্গত জলপাইগুড়ি বিভাগের অফিসের জন্য একটি ইন্সপেক্টর অব রেজিস্ট্রেশন-এর পদ সৃষ্টির সিদ্ধান্ত দীর্ঘদিন পূর্বে গ্রহণ করা হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে, (১) কোন্ সালে গ্রহণ করা হইয়াছিল, ও (২) এখনও পর্যন্ত উহা কার্যকরী না হওয়ার কারণ কি?

বিচার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না, সত্য নহে। এইরূপ কোন সিদ্ধান্ত এখনও গ্রহণ করা হয় নাই।

(খ) (১) এবং (২) প্রশ্ন উঠে না।

খরাকবলিত এলাকায় সেচের জন্য কেন্দ্রীয় সাহায্য

***৩৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৩।) **শ্রীশরৎ দাসঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার খরাকবলিত এলাকায় সেচের ব্যবস্থার জন্য ১৪ কোটি টাকা (ডি পি এ পি) রাজ্যসরকারকে দিয়াছেন;

(খ) সত্য হইলে, উক্ত ১৪ কোটি টাকার মধ্যে পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কত টাকা খরচ করা হইয়াছে তাহার জেলাওয়ারী হিসাব; এবং

(গ) উক্ত টাকা পুরুলিয়া এবং বাঁকুড়া জেলায় কোন্ কোন্ পরিকল্পনার জন্য কত টাকা বরাদ্দ ও কত টাকা খরচ হইয়াছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত খরচের জেলাভিত্তিক একটি তালিকা লাইব্রেরী টেবিলে সংস্থাপিত করা হইল।

(গ)

বাঁকুড়াঃ

	বরাদ্দ টাকা		খরচ টাকা
(১) পাম্পসেট	১৬,০০,০০০	...	১৫,৫০,০০০
(২) অগভীর নলকূপ	১,০০,০০০	...	৫০,০০০
(৩) গভীর নলকূপ	—		—
(৪) রিভার লিফট ইরিগেশন	৯,৪৯,৪৮৪	...	৫,৮২,৪২০

পুরুলিয়াঃ

(১) পাম্পসেট	১২,০০,০০০	...	১১,৯৯,৮৮
(২) অগভীর নলকূপ	—		—
(৩) গভীর নলকূপ	—		—
(৪) রিভার লিফট ইরিগেশন	১,৬৭,৫৫৬	...	১,৩৫,৪৪১

Statement in reply to Clause (Kha) *of the Starred question No. 367.*

Name of the district	Pump Sets Nos.	Expenditure.	Shallow Nos.	Tubewell Expenditure	Deep Nos.	Tubewells expenditure	River Lift Nos.	Irrigation expenditure
		Rs.		Rs.		Rs.		Rs
(1) 24-Parganas (North)	1,064	37,27,647	1,200	15,05,136 }	12	2,17,478	20	{ 6,31,410
(2) 24-Parganas (South)	400	16,00,000	28	22,300 }				{ 2,06,056
(3) Nadia	437	15,96,940	540	4,05,000	20	3,54,042	48	18,71,144
(4) Murshidabad	1,089	38,60,757	937	9,09,819	10	..	43	16,98,067
(5) Malda	725	30,00,000	160	2,75,000	..	..	49	24,93,258
(6) West Dinajpore	695	29,87,219	548	5,71,000	..	..	59	24,57,041
(7) Howrah	478	18,64,514	109	2,40,221	12	4,25,558	5	2,06,056
(8) Hooghly	846	31,20,756	658	3,89,485	..	..	17	7,54,715
(9) Burdwan	924	34,97,578	735	7,69,600	25	4,64,90	40	17,25,496
(10) Birbhum	340	13,60,000	197	2,28,371	..	..	20	8,85,642
(11) Bankura	385	15,50,000	46	50,000	..	..	13	5,82,425
(12) Midnapore (East)	619	25,50,200	50	2,00,000 }	33	8,72,711	63	{ 7,67,679
(13) Midnapore (West)	549	27,00,000	100	2,00,000 }				{ 9,80,046
(14) Purulia	314	11,99,886	..	..	..	..	3	1,35,411
Total ..	8,865	3,46,11,497	5,308	57,65,93	112	23,38,649	380	1,53,94,477

শ্যালো টিউবওয়েল ও পাম্পসেট

***৫১২।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৯০।) **ডাঃ রমেন্দ্রনাথ দত্তঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষি দপ্তর থেকে ১৪ কোটি টাকার 'স্যালো টিউবওয়েল' এবং পাম্পসেট-এর জন্য যে কোম্পানীগুলিকে অর্ডার দেওয়া হয়েছে সেই কোম্পানীগুলির (১) কয়টি পশ্চিম বাংলায়; ও (২) কয়টি পশ্চিম বাংলার বাহিরের এবং কোন্ কোন্ প্রদেশের; এবং

(খ) এই শ্যালো টিউবওয়েল এবং পাম্পসেট সাপ্লাই করার জন্য কোম্পানী সিলেকশন কে করেন?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) এবং (২) জরুরী কৃষি উৎপাদন প্রকল্প রূপায়ণের জন্য যে ১৪ কোটি টাকা বরাদ্দ করা হইয়াছে তাহার মধ্য হইতে অগভীর নলকূপ খনন প্রকল্প ও পাম্পসেট ক্রয় প্রকল্প বাবত মোট ৭ কোটি ৮১ লক্ষ ১২ হাজার টাকা বরাদ্দ করা হইয়াছে।

ডিজেল পাম্পসেট সরবরাহের জন্য প্রথম পর্যায়ে ১২টি, দ্বিতীয় পর্যায়ে ৩৪টি এবং বিদ্যুৎ-চালিত পাম্পসেট সরবরাহের জন্য ১২টি কোম্পানী মনোনীত করা হয়। এইসব কোম্পানীগুলির মধ্যে ৫২টি পশ্চিমবাংলায়, ৫টি মহারাষ্ট্রে এবং ১টি মহীশূরে অবস্থিত।

সরকার পরিচালিত অগভীর নলকূপ প্রকল্প রূপায়ণের জন্য প্রয়োজনীয় বিভিন্ন কাজ এবং নানাবিধ সরঞ্জাম ও যন্ত্রপাতি সরবরাহ করিবার জন্য মোট ১৩৩টি কোম্পানী নিয়োজিত হয়। পাইপ সরবরাহের জন্য ভারত সরকার অনুমোদিত মূল্যে ইন্ডিয়ান টিউব কোম্পানীকে নিযুক্ত করা হয়। উক্ত ১৩৩টি কোম্পানীর মধ্যে ১২৭টি পশ্চিমবাংলায়, ৫টি মহারাষ্ট্রে এবং ১টি মহীশূরে অবস্থিত।

(খ) বিভাগীয় জেলা আধিকারিক কর্তৃক প্রদত্ত পাম্পসেট-এর কর্মক্ষমতা সম্পর্কিত প্রতি-বেদনের ভিত্তিতে এবং বিভাগীয় ও জেলা কৃষি অফিসারদের পরামর্শক্রমে প্রথম পর্যায়ে ডিজেল পাম্পসেটগুলি মনোনীত হয়। দ্বিতীয় পর্যায়ে পাম্পসেট এনকোয়ারী কমিশনের সুপারিশের ভিত্তিতে মনোনয়ন হয়।

বিভাগীয় টেন্ডার কমিটি বিদ্যুৎচালিত পাম্পসেটগুলি মনোনয়ন করেন। যে কোম্পানী-গুলি সরকার নির্ধারিত ন্যায্য মূল্যে পাম্প সরবরাহ করিতে স্বীকৃত হইয়াছিল তাহাদেরই মনোনয়ন দেওয়া হয়।

অগভীর নলকূপ রূপায়ণের জন্য বিভিন্ন কাজে এবং যন্ত্রপাতি ও সরঞ্জাম সরবরাহের ব্যাপারে নিয়োজিত কোম্পানীগুলি টেন্ডার কমিটির দ্বারা মনোনীত।

গভীর নলকূপ ও লিফ্‌ট ইরিগেশন প্রকল্প

***৫১৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৩।) **শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার চলতি আর্থিক বৎসরে জেলাওয়ারী কতগুলি গভীর নলকূপ এবং লিফ্‌ট ইরিগেশন প্রকল্প মঞ্জুর করিয়াছেন;

(খ) কিভাবে গভীর নলকূপ এবং লিফ্‌ট ইরিগেশন প্রকল্পের স্থান জেলায় নির্বাচন করা হয়; এবং

(গ) এই আর্থিক বৎসরে ঐ বাবতে হুগলী জেলায় কিভাবে স্থান নির্বাচন করা হইয়াছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এই বিষয়ে একটি তালিকা নিম্নে সন্নিবেশিত হইল।

(খ) স্থান নির্বাচনের জন্য প্রত্যেক জেলায় একটি করিয়া নির্বাচনী কমিটি আছে।

সেই কমিটি অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নলিখিত বিষয়সমূহ যথাযোগ্য ভাবে বিবেচনা করিয়া স্থান নির্বাচন করিয়া থাকেনঃ—

(১) প্রকল্পটি যেন সারা বৎসর জল দিতে সক্ষম হয়।

(২) প্রকল্পটির খুবই নিকটে যেন গভীর নলকূপ, নদী-সেচ প্রকল্প বা অন্য কোন সেচ প্রকল্প না থাকে, কারণ তাহাতে প্রকল্পটির কাজ ব্যাহত হয়।

(৩) গভীর নলকূপের ক্ষেত্রে বিদ্যুৎ লাইন যেন নিকটেই থাকে।

(৪) প্রকল্পের সেচ এলাকাধীন জমি যেন বছরে একাধিক ফসল ফলাইবার উপযোগী হয়।

(গ) উপরে উল্লিখিত পদ্ধতিতে স্থান নির্বাচন করা হইয়াছে।

জেলার নাম	ডিপ টিউবওয়েলের সংখ্যা (১৯৭২-৭৩) (স্পেশাল মাইনর ইরিগেশান প্রোগ্রামের অন্তর্গত)	নদী সেচ প্রকল্পের সংখ্যা (১৯৭২-৭৩) (স্পেশাল মাইনর ইরিগেশান প্রোগ্রামের অন্তর্গত)
মুর্শিদাবাদ	৪০টি	... ৭০টি
নদীয়া	২০টি	... ৫২টি
২৪-পরগনা	৩২টি	... ৫৮টি
হাওড়া	২০টি	... ১৬টি
হুগলী	১০টি	... ১৭টি
বর্ধমান	৪১টি	... ৪০টি
বীরভূম	২০টি	... ৩০টি
বাঁকুড়া	—	... ১৭টি
পুরুলিয়া	—	... ৩টি
মেদিনীপুর	৫০টি	... ৮২টি
মালদহ	১০টি	... ৭০টি
পশ্চিম দিনাজপুর	১০টি	... ৭০টি
মোট	... ২৫৩টি	মোট ... ৫২৫টি

নদিয়া জেলায় ইক্ষুচাষ

*৭০০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৩।) **শ্রীঘিয়াসুদ্দিন আহম্মদঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলায় বর্ডার অঞ্চলে ইক্ষুচাষ বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, এই প্রস্তাবিত ইক্ষুচাষ হইতে উৎপাদিত ইক্ষু সরকার কিরূপভাবে ব্যবহার করিবেন?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমানে এরূপ কোন পরিকল্পনা সরকারের নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

নদিয়া জেলায় ব্লকওয়ারী বরাদ্দকৃত ডীপ ও শ্যালো টিউবওয়েল এবং রিভার পাম্প

*৭০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৯।) **শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৭২ সালে নদিয়া জেলায় ব্লকওয়ারী কতগুলি ডীপ টিউবওয়েল, রিভার পাম্প ও বিদ্যুৎচালিত শ্যালো টিউবওয়েল বরাদ্দ করা হইয়াছিল;

(খ) কিসের ভিত্তিতে বরাদ্দ করা হইয়াছে এবং কাহার দ্বারা করা হইয়াছে; এবং

(গ) কালীগঞ্জ ব্লকে বিদ্যুৎচালিত শ্যালো টিউবওয়েল বরাদ্দ করা হইয়াছে কিনা এবং না হইলে, তাহার কারণ কি?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) গত১৯৭২-৭৩ সালে নদীয়া জেলায় ব্লকওয়ারী ডিপ টিউবওয়েল, রিভারপাম্প ও বিদ্যুৎচালিত স্যালো টিউবওয়েলের বরাদ্দ নিম্নরূপ ছিলঃ

ব্লক	ডিপ টিউব-ওয়েল	রিভারপাম্প	বিদ্যুৎচালিত স্যালো-টিউবওয়েল
(১) কৃষ্ণনগর-(১)	১	৫	৭২
(২) কৃষ্ণনগর-(২)	১	৫	৭২
(৩) নবদ্বীপ	..	..	..
(৪) নাকাশিপাড়া	১	২	৬০
(৫) বালিগঞ্জ	১	২	.
(৬) তেহট্ট-(১)	৩	৩	৯৬
(৭) তেহট্ট-(২)	৪	৪	৬০
(৮) করিমপুর	১	২	..
(৯) চাপড়া	২	৩	..
(১০) কৃষ্ণগঞ্জ	.	৬	..
(১১) শান্তিপুর	১	৩	১০৮
(১২) হাঁসখালি	১	৭	৪৮
(১৩) রাণাঘাট-১	১	৬	৭৮
(১৪) রাণাঘাট-২	১	২	৮৪
(১৫) চাকদহ	১	২	৫৪
(১৬) হরিণঘাটা	১	..	১০৮
	২০	৫২	৮৪০

(খ) জেলা সাইট সিলেকসন কমিটির সুপারিশের ভিত্তিতে এবং বি ডি ও জেলা লেবেল অফিসারদের মিলিত সভার সুপারিশ অনুযায়ী যথাক্রমে ডিপ টিউবওয়েল ও রিভারপাম্প এবং স্যালো টিউবওয়েল প্লাস্টার প্রকল্পগুলির জন্য বি ডি ওদের অর্থ বরাদ্দ করা হইয়াছিল।

(গ) না। রাজ্য বিদ্যুৎ পর্ষদ এই ব্লকে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার উন্নতি না করা পর্যন্ত বিদ্যুৎচালিত অগভীর নলকূপ স্থাপন করা সম্ভবপর হইবে না।

ইন্দাস থানায় কৃষিঋণ

*৭০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৮।) **শ্রীসনাতন সাঁতরাঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ১৯৭০-৭১ ও ১৯৭১-৭২ সালে বাঁকুড়া জেলায় ইন্দাস থানায় কতজনকে কৃষি-ঋণ বাবত কত টাকা দেওয়া হইয়াছে;

(খ) উক্ত ঋণের কত টাকা কতজন লোক ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত পরিশোধ করিয়াছেন; এবং

(গ) বাঁকুড়া জেলায় খরাজনিত কারণে উক্ত কৃষিঋণ মকুব করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ইন্দাস ব্লকে প্রদত্ত ঋণঃ

১৯৭০-৭১ সাল

ঋণের নাম	ঋণগ্রহীতার সংখ্যা	টাকার পরিমাণ
বলদ ক্রয় ঋণ	৫০	৫,০০০
সার ঋণ	২৬০	৩৭,৫০০
সাধারণ কৃষিঋণ	২৯	২,১৭,৫০০
বিশেষ কৃষিঋণ ..	৪৩৪	২০,০০০
১৯৭১-৭২ সাল		
বলদ ক্রয় ঋণ	১১	২,৩০০
সার ঋণ	৩২৪	৭,৫০০
সাধারণ কৃষিঋণ	১১২	২১,০০০
বিশেষ কৃষিঋণ	৬৬৪	৩১,৫০০

(খ) ১৯৭৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত পরিশোধিত ঋণের হিসাবঃ

ঋণের নাম	ফেরৎদাতার সংখ্যা	টাকার পরিমাণ
বলদ ক্রয় ঋণ	২	১১০
সার ঋণ	৫	২৬১
সাধারণ কৃষিঋণ	২	৮৮
বিশেষ কৃষিঋণ	..	..

(গ) এরকম কোনও পরিকল্পনা সরকারের আপাতত নাই।

বাঁকুড়া জেলায় গ্রামীণ জলসরবরাহ প্রকল্প

*৭১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩৪।) **শ্রীফণীভূষণ সিংহবাবুঃ** স্বাস্থ্য (গ্রামীণ জলসরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে বাঁকুড়া জেলায় গ্রামীণ জলসরবরাহ বাবত কত টাকা মঞ্জুর করা হইয়াছে;

(খ) উক্ত টাকার কি পরিমাণ ব্যয় করিয়া পাতকুয়ার পাট (রিং-ওয়েল) তৈয়ারি করা হইয়াছে এবং ঐ পাটগুলি বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(গ) উক্ত সময়ে গ্রামীণ জলসরবরাহ খাতে কয়টি টিউবওয়েল মঞ্জুর করা হইয়াছে; এবং ঐ টিউবওয়েলগুলি বর্তমানে কি অবস্থায় আছে?

স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নগদ ১৬,৫০,০০০ টাকা এবং কিঞ্চিদধিক আনুমানিক ৭ লক্ষ টাকার পাইপ ও অন্যান্য সরঞ্জামাদি।

(খ) উক্ত টাকা হইতে ৩,৪৩,১৬১ টাকার পাতকুয়া এবং পাতকুয়ার পাট তৈয়ারি করা হইয়াছে। ঐ পাটগুলি ভাল অবস্থায় রাখা হইয়াছে।

(গ) মোট ৭৭০টি জল উৎস (কূপ ও নলকূপ) মঞ্জুর করা হইয়াছিল। ইহার মধ্যে নলকূপের সংখ্যা ২৫৯টি। এই প্রকল্পের মাধ্যমে নির্মিত সবকটি নলকূপই চালু আছে।

রিভার লিফট ইরিগেশনের অকেজো পাম্প-ইঞ্জিন

***৭১৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪০।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য:** কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে, আলিপুরদুয়ার ১নং ব্লকের বিবেকানন্দ অঞ্চলে পূর্ব ভোলারডাবরী গ্রামে নোনাই নদীতে রিভার লিফট ইরিগেশন-এর জন্য তিনটি পাম্প-ইঞ্জিন গত তিন মাস যাবত উক্ত স্থানে অকেজো অবস্থায় রহিয়াছে;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) কবে নাগাত ঐ প্রকল্প চালু করা হইবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) মেসিনগুলি চালানোর জন্য প্রয়োজনীয় কর্মচারী না থাকায় মেসিনগুলি চালানো সম্ভব হয় নাই।

(গ) প্রকল্পটি এই মাসের মধ্যেই চালু করা সম্ভব হইবে।

House rent allowance of the Employees of Block Development Office

***1069.** (Admitted question No. *1747.) **Shri GIRIJA BHUSAN MUKHOPODHYAYA:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development (Community Development) Department be pleased to state—

(a) whether the house rent allowance as provided by the Government to the employees of Block Development Office has been increased recently; and

(b) if so, the reason thereof?

Minister for Agriculture Department: (a) No

(b) Does not arise.

"স্লাজ" সার প্রকল্প

***১০৭১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯১।) **শ্রীসুধীরচন্দ্র দাস:** কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার "স্লাজ" সার প্রকল্প বর্তমানে বন্ধ রাখিয়াছেন: এবং

(খ) সত্য হইলে, কারণ কি?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ।

(খ) বর্তমানে বৈজ্ঞানিক কৃষি পদ্ধতির যুগে জৈব সার অপেক্ষা রাসায়নিক সার ব্যবহারের উপর অধিকতর গুরুত্ব আরোপ করা হইতেছে। সেইজন্য "স্লাজ" তথা অন্যান্য জৈব সার প্রকল্পগুলি তুলিয়া দিয়া, তৎপরিবর্তে ব্যাপকভাবে রাসায়নিক সার ব্যবহারের জন্য একটি উন্নয়ন প্রকল্প গৃহীত হইয়াছে।

বাঁকুড়ায় প্রান্তিক চাষী ও কৃষি শ্রমিক উন্নয়ন প্রকল্প

***১০৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭১।) **শ্রীভবতারণ চক্রবর্তী:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কোন্ কোন্ ব্লকে মার্জিনাল ফার্মার্স অ্যান্ড এগ্রিকালচারাল লেবারার্স প্রোগ্রাম চালু হইয়াছে;

(খ) কি নীতি ও কোন্ বিচারে এই ব্লকগুলি নির্বাচন করা হইয়াছে;

(গ) উক্ত ব্লকগুলিতে কি কি কাজ হইয়াছে;

(ঘ) এই পরিকল্পনা অন্যান্য ব্লকে চালু করার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঙ) থাকিলে, কবে নাগাত চালু হইবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) বাঁকুড়া জেলার গঙ্গাজলঘাটি, মেজিয়া, সালতোড়া এবং ছাতনা এই চারিটি উন্নয়ন ব্লকে প্রান্তিক চাষী ও কৃষি শ্রমিক উন্নয়ন প্রকল্প চালু হইয়াছে।

(খ) কেন্দ্রীয় সরকারের নির্দেশে নিম্নোক্ত নীতি ও বিচার অনুযায়ী উপরি-উক্ত ব্লকগুলিতে এই প্রকল্প চালু করা হইয়াছেঃ

(১) এলাকার অবস্থিতি কোন বৃহৎ সেচপ্রকল্পাধীন এলাকার বাহিরে হইতে হইবে;

(২) নির্বাচিত এলাকার এমন সান্নিহিত ও সামগ্রিক হইতে হইবে যাহাতে প্রশাসনিক দিক দিয়া প্রকল্প পরিচালনের যথেষ্ট সুবিধা হয়;

(৩) এলাকাধীন প্রান্তিক চাষী ও কৃষি শ্রমিকগণ যাহাতে দুগ্ধোৎপাদন, হাঁস-মুরগি পালন, সব্জী উৎপাদন প্রভৃতি দ্বারা অতিরিক্ত উপার্জনের এবং উৎপন্ন পণ্য বিক্রয়ের সুবিধা পান; এবং

(৪) এলাকাটি তফসিলী জাতি ও উপজাতি ভুক্ত প্রান্তিক চাষী ও কৃষি শ্রমিক অধ্যুষিত হইতে হইবে।

(গ) এতদসম্পর্কীয় একটি বিবরণী বিধানসভার টেবিলে উপস্থাপিত হইল।

(ঘ) বাঁকুড়া প্রান্তিক চাষী ও কৃষি শ্রমিক উন্নয়ন সংস্থা বাঁকুড়া ১নং, বাঁকুড়া ২নং এবং বড়জোরা—এই তিনটি ব্লককেও এই প্রকল্পের অধীন আনয়নের জন্য সুপারিশ করিয়াছেন।

(ঙ) উক্ত সুপারিশ এখনও কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

Statement in reply to clause (Ga) *in question No.* *1086.

Statement showing progress of work done under Merginal Farmers' and Agricultural Labourers' Development Agency, Bankura

	Gangajal-ghati Block	Mejia Block	Saltora Block	Chhatna Block
1. Number of Marginal Farmers identified.	4,866	2,257	3.003	4,024
2. Number of Agricultural Labourers identified.	287	173	130	293
3. Number of farmers benefitted by—				
(a) Irrigation well scheme ..	162 Acres	30 Acres	15 Acres	181 Acres
Area benefitted	100	20	10	110
(b) Dairy scheme	18	20	33	1
(c) Poultry scheme	1	..	1	8
(d) Piggery scheme ..	..	..	..	3
(e) Orchard scheme ..	3	2	..	..
(f) Reclamation scheme ..	..	3	..	..
4. Dairy units established and other works done—				
(a) Dairy	14	15	2	1
(b) Poultry	1	..	..	3
5. Total amount of short term and mid-term loan granted by Co-operative Bank and Commercial Banks—				
(a) Co-operative Bank—	Rs.	Rs.	Rs.	Rs.
(i) Short-term	1,81,719	23,500	1,24,379	1,15,882
(ii) Mid-term	..	.	88,998	8,737
(b) Land Mortgage Bank—				
(i) Long-term	..	22,312	24,000	19,946
(c) Commercial Banks—				
(i) Short-term	1,00,961	8,675	..	1,000
(ii) Mid-term	1,95,700	69,340	..	1,17,050

6. Number of cases sanctioned by the Agency disciplinewise but pending with the Commercial Banks

Nature of scheme	Nos	No. of farmers likely to be benefitted.
1. Dug Well ..	106	106
2. Dairy ..	18	18
3. Poultry ..	8	8
4. Piggery ..	..	..
Total ..	132	132

7. Progress of work under Rural Works Programme undertaken in M.F.A.L.D. areas of Bankura ..

Under the Rural Works Programme the Agency has sanctioned three marketing link roads and eight tank improvement schemes and soil conservation schemes covering an area of about 300 acres. Of these, the work in respect of three road schemes, two tank improvement schemes and soil conservation schemes is in progress. A sum of Rs. 3.52 lakhs has been released to the executing agencies by the Marginal Farmers' and Agricultural Labourers' Development Agency, Bankura so far. Nearly 583 agricultural labourer families are being benefitted by these projects undertaken so far.

The total number of marginal farmers and agricultural labourers who have been benefitted so far by all schemes taken together inclusive of short-term loans comes to 5,446.

মালদহ জেলায় ডিপ টিউবওয়েল

***১০৮৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭৮।) **শ্রীসামসুদ্দিন আহামদঃ** কৃষি বিভগের **মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় বর্তমানে কয়টি ডিপ টিউবওয়েল আছে এবং উহার মধ্যে কয়টি জলসেচ করিতেছে;

(খ) কালিয়াচক ১নং, ২নং ও ৩নং ব্লকে কয়টি ডিপ টিউবওয়েল আছে এবং প্রতি ব্লকে কতগুলি ডীপ টিউবওয়েল জমিতে জলসেচ করিতেছে; এবং

(গ) কালিয়াচক ৩নং ব্লকে যেসকল ডিপ টিউবওয়েল বহুদিন যাবত অচল অবস্থায় আছে সেগুলিকে চালু করিবার জন্য সরকার হইতে কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মালদহ জেলায় মোট ডিপ টিউবওয়েল সংখ্যা—৯২টি এবং উহার মধ্যে জলসেচ করিতেছে—৫২টি।

(খ) ব্লকের নাম,	মোট ডিপ টিউবওয়েল সংখ্যা	জলসেচকারী টিউবওয়েলের সংখ্যা
কালিয়াচক-১	৮	৪
কালিয়াচক-২	৯	—
কালিয়াচক-৩	১৯	৮

(গ) অচল ডিপ টিউবওয়েলগুলি বৈদ্যুতিকরণ দ্বারা চালু করিবার চেষ্টা করা হইতেছে। এজন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদকে বিশেষভাবে অনুরোধ করা হইয়াছে।

পুরুলিয়া জেলায় জোড় বাঁধ

***১০৮৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৪২।) **শ্রীশরৎ দাসঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পুরুলিয়া জেলায় ১৯৭২ মার্চ হইতে ১২ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত মোট কতগুলি জোড় বাঁধ তৈরি হয়েছে এবং ঐগুলি কোন্ কোন্ বিধানসভা কেন্দ্রে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ উক্ত সময়ের মধ্যে পুরুলিয়া জেলায় দুইটি জোড়বাঁধ নির্মাণ করা হইয়াছে। একটির নাম তেয়ানসী ও অপরটি পোপো নামে পরিচিত।

তেয়ানসী জোড়বাঁধটি আর্সা বিধানসভা কেন্দ্রে এবং পোপো বাঁধটি বান্দোয়ান বিধানসভা কেন্দ্রে।

বীরভূম জেলায় ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট শাখা

***১০৯২।** (অনুমোদিত প্রশ্ন নং ২২৮৮।) **শ্রীশচীনন্দন সাউঃ** কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় কৃষি বিভাগের অধীন 'ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট' শাখায় বর্তমানে কতজন কর্মী আছেন;

(খ) উক্ত শাখা কি কি কার্য করেন;

(গ) জেলায় ১৯৭০-৭১ সালে এবং ১৯৭১-৭২ সালে এই শাখা হইতে কি কি কাজ হয়েছে;

(ঘ) ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) কি কি কাজ হয়েছে; এবং

(ঙ) উক্ত শাখার জন্য বাৎসরিক সরকারের কত টাকা খরচ হয়?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পুষ্করিণী উন্নয়ন আধিকারিক ব্যতীত মোট ৬২ জন কর্মী কর্মরত আছেন।

(খ) পুষ্করিণী উন্নয়ন, সংস্কারকৃত পুষ্করিণীর অনধিক পঁচিশ বৎসর মেয়াদী তত্ত্বাবধান এবং রাজস্ব আদায়।

(গ) পূর্ব হইতে সংস্কারকৃত পুষ্করিণীগুলির তত্ত্বাবধান ছাড়া ১৯৭০-৭১ সালে ২৪টি পুষ্করিণী উন্নয়ন করা হয় এবং ৬১,৯৮৬·৮৯ টাকা রাজস্ব হিসেবে আদায় করা হয়।

১৯৭১-৭২ সালে সংস্কারকৃত পুষ্করিণীর সংখ্যা ৩ এবং ঐ বৎসরে আদায়কৃত রাজস্বের পরিমাণ মোট ৪২,৬৭০·৯৭ টাকা।

(ঘ) ১৯৭২-৭৩ সালে ৯টি পুষ্করিণীর পূর্ণ সংস্কার এবং ৩৭টি পুষ্করিণীর আংশিক সংস্কার করা হইয়াছে। ঐ সালের রাজস্ব আদায়ের পরিমাণ মোট ৬৪,৪৩১·৮৮ টাকা।

(ঙ) গত বৎসর ১৯৭২-৭৩ সালে মোট ৩০০,৭৩৪·৪৭ টাকা খরচ করা হইয়াছিল।

ধনেখালি ও দাদপুর থানায় ঘিয়া নদীর উপর লিফট ইরিগেশন স্কীম

*১০৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯০।) **শ্রীকাশীনাথ পাত্রঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘিয়া নদীর উপর ধনেখালি ও দাদপুর থানার মধ্যে কোন 'লিফট ইরিগেশন'-এর পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাত কাজ আরম্ভ হইবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ঘিয়া নদীর উপর পোলবা, দাদপুর ও ধনেখালি থানায় ৫টি "লিফট ইরিগেশন" বর্তমানে চালু আছে এবং আরও ৮টি প্রস্তাবিত প্রকল্প পরীক্ষা করিয়া দেখা হইতেছে।

(খ) ১৯৭৩-৭৪ সালে গ্রহণযোগ্য প্রকল্পগুলি কার্যকর করার সম্ভাবনা আছে। কিন্তু পর্যাপ্ত অর্থ বরাদ্দ না হইলে সে সম্ভাবনা ফলপ্রসূ হইবে না।

বাঁকুড়া জেলায় "বোরো বাঁধ" প্রকল্প

*১০৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪৯।) **শ্রীফণীভূষণ সিংহবাবুঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকে "বোরো বাধ' প্রকল্পে কত টাকা মঞ্জুর করা হইয়াছে;

(খ) উক্ত টাকা সম্পূর্ণ খরচ করা হইয়াছে কিনা; এবং

(গ) না হইলে, তাহার কারণ কি?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭২-৭৩ সালে বাঁকুড়া জেলায় 'বোরো বাঁধ' প্রকল্পের জন্য দুই লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছিল।

(খ) হ্যাঁ।

(গ) প্রশ্ন উঠে না।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

চেতলা এলাকায় পেট্রোলের চোরাকারবার

৬১৯। (অনুমোদিত প্রশ্ন নং ২২৩১।) **শ্রীজগদীশচন্দ্র দাসঃ** গত ২রা মার্চ, ১৯৭৩ তারিখে প্রদত্ত তারকা চিহ্নিত ৩২০নং (অনুমোদিত প্রশ্ন নং ৫১২) প্রশ্নোত্তর অনুসরণে স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আলিপুর থানাধীন চেতলা এলাকায় পেট্রোলের চোরাকারবারের সংবাদ সরকার কবে পাইয়াছেন;

(খ) চোরাকারবার বন্ধ করার জন্য প্রয়োজনীয় পুলিসী ব্যবস্থা কবে হইতে লওয়া হইয়াছে;

(গ) যে নয়জনকে গ্রেপ্তার করা হইয়াছে তাহাদের কবে গ্রেপ্তার করা হইয়াছে;

(ঘ) সরকার কি অবগত আছেন যে, রূপায়ণ সিনেমার পাশে এখনও পেট্রোলের চোরাকারবার চলিতেছে; এবং

(ঙ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৭০ সালের শেষের দিকে।

(খ) ঐ সময় হইতে।

(গ) একজনকে ১২ই মে, ১৯৭২ তারিখে, ছয়জনকে ৫ই জুলাই, ১৯৭২ তারিখে এবং দুই-জনকে ২৫শে নবেম্বর, ১৯৭২ তারিখে গ্রেপ্তার করা হইয়াছে।

(ঘ) না।

(ঙ) প্রশ্ন উঠে না।

বাঁকুড়া জেলায় পুলিস কেস

৬২০। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫২।) **শ্রীফণীভূষণ সিংহবাবুঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সাল হইতে ১৯৬৯ সাল পর্যন্ত বাঁকুড়া জেলায় কতগুলি পুলিস কেসের ঘটনা নথিভুক্ত হইয়াছিল; এবং

(খ) উক্ত কেসগুলি বর্তমানে কি অবস্থায় আছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৬৭ সালে ২,৬২১টি, ১৯৬৮ সালে ২,৩২৯টি এবং ১৯৬৯ সালে ২,৩৩৬টি পুলিস কেস নথিভুক্ত হইয়াছিল।

(খ) বিস্তৃত বিবরণ নিম্নে দেওয়া হইলঃ—

বৎসর	কেসের সংখ্যা	চার্জশীট হইয়াছে	এফ আর টি	তদন্তাধীন
১৯৬৭	২,৬২১	১,৪০৯	১,২০৫	৭
১৯৬৮	২,৩২৯	১,৩৪৯	৯৭৭	৩
১৯৬৯	২,৩৩৬	১,২৭৪	১,০৬১	১

মুর্শিদাবাদ জেলার বিভিন্ন থানা এলাকায় ডাকাতি

৬২১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৭৩।) **শ্রীআদ্যচরণ দত্তঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে (জানুয়ারি মাস পর্যন্ত) মুর্শিদাবাদ জেলার বিভিন্ন থানায় ডাকাতি সংঘটিত হওয়ার ঘটনার সংখ্যা কত; এবং

(খ) এ বিষয়ে বিভিন্ন থানায় কতজন ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৯৬টি।
(খ) ৭৮৬ জন।

বন্যা প্লাবিত এলাকায় খয়রাতি সাহায্য

৬২২। (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৩।) **শ্রীরজনীকান্ত দলুইঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে সরকার দাসপুর-১ ব্লকের কোন্ কোন্ অঞ্চলে বন্যা এলাকা বলিয়া ঘোষণা করিয়াছেন;

(খ) বন্যা এলাকার বন্যাক্লিষ্ট ব্যক্তিরা কিরূপ সাহায্য সরকারের নিকট হইতে প্রাপ্ত হন; এবং

(গ) বন্যাক্লিষ্ট এলাকার খাজনা মকুব ইত্যাদির জন্য সরকার কোন রকম সিদ্ধান্ত লইতেছেন কি?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কোন অঞ্চলকেই বন্যাপীড়িত বলিয়া ঘোষণা করা হয় নাই।

(খ) বন্যাপীড়িত ব্যক্তিদের খয়রাতী সাহায্য গৃহনির্মাণ অনুদান ও বিভিন্ন প্রকারের ঋণ দেওয়ার ব্যবস্থা আছে।

(গ) (ক)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে প্রশ্ন উঠে না।

কাটোয়া বিধানসভা কেন্দ্রে গ্রামীণ বৈদ্যুতিকরণ

৬২৩। (অনুমোদিত প্রশ্ন নং ২১৮৮।) **শ্রীসুব্রত মুখার্জি** (কাটোয়া)ঃ বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৬ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত কাটোয়া বিধানসভা কেন্দ্রের কতগুলি গ্রাম পল্লী-বৈদ্যুতি-করণ পরিকল্পনার তালিকাভুক্ত করা হইয়াছে;

(খ) তন্মধ্যে কাটোয়া ১নং ব্লকে ও কাটোয়া ২নং ব্লকে কতগুলি ও কোন্ কোন্ গ্রাম; এবং

(গ) চলতি বৎসরে কাটোয়ার আর কতগুলি গ্রাম তালিকাভুক্ত হইবার সম্ভাবনা আছে এবং কোন্ কোন্ গ্রাম?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিধানসভা কেন্দ্র অনুযায়ী পরিসংখ্যান রাখে না, রাখে থানাভিত্তিক। সেইজন্য কাটোয়া বিধানসভা কেন্দ্রের পরিসংখ্যান দেওয়া গেল না। ১৯৭৩ সালের মার্চ পর্যন্ত কাটোয়া থানার ৩৭টি মৌজা পল্লী-বৈদ্যুতিকরণ প্রকল্পের অন্তর্ভুক্ত করা হইয়াছে।

(খ) (ক)-এর উল্লিখিত কারণে ব্লকভিত্তিক পরিসংখ্যান দেওয়া গেল না। কাটোয়া থানার ৩৭টি মৌজার নামের তালিকা নিম্নে দেওয়া হইল।

(গ) নিম্নে উল্লিখিত ১৭টি মৌজাঃ

১। চাণ্ডিলি

২। চরপুনি

৩। কালীগ্রাম

৪। নানাগড়

৫। গোয়াই

৬। ছোটমেড়গাছি

৭। ওকারসা

৮। মালতীকৃষ্ণনগর

৯। সিংঘি

১০। শ্রীবাটী

১১। নতুনগ্রাম

১২। পূর্ববেজনগর

১৩। পশ্চিমবেজনগর

১৪। কল্যাণবাটী

১৫। সুদপুর

১৬। রাধাকৃষ্ণপুর

১৭। মুস্তাফাপুর

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 623

Name of Mouza and J. L. No.

Karajgram, 37
Agradwip, 112
Akhna, 99
Bhishnupur, 100
Kesia, 20
Atuhatchak, 19
Panuhat, 23
Khojurdihi, 28
Nasipur, 86
Paikpara, 92
Ekaihat, 25
Nalati,85
Kshetpur-Palashi, 110
Ramdaspur, 103
Chotokulgachia, 114
Barakulgachia, 115
Suagachhi, 117
Gopkanji, 833
Tikarkhaji, 82
Deypara, 80
Charpataihat, 89
Makhaltor, 107
Mandalhat, 24
Musthuli, 78
Jagadanandapur, 79
Barakhanji, 84
Amdanga, 77
Goai, 15
Palasani, 63
Pataihat, 88
Ghoshhat, 22
Islampur, 93
Gazipur, 113
Gharanas, 122
Mulgram, 74
Sreekhanda, 7
Bandra, 16

সাগরদীঘি থানা এলাকায় বৈদ্যুতিকরণ

৬২৪। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬৩।) **শ্রীনৃসিংহকুমার মণ্ডল:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩ সালের গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পের আওতায় মুর্শিদাবাদ জেলার সাগরদীঘি থানার কোন্ কোন্ মৌজা লওয়া হয়েছে; এবং

(খ) এই বৈদ্যুতিকরণের কাজ কবে আরম্ভ হবে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ৪২টি মৌজা লওয়া হয়েছে। মৌজার নামের তালিকা নিম্নে দেওয়া হইল।

(খ) ইতিমধ্যেই কাজ হাতে লওয়া হয়েছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 624

POLICE-STATION: SAGARDIGHI

Name of Mouza and J. L. No.

Chakrabilpur, 142
Utadanga, 146
Chamunda, 150
Balagachhi, 151
Charmathurapur, 143
Sinheswari Gouripur, 153
Paitkaldanga, 159
Hukarhat, 176
Diarbalagachhi, 154
Chartalitakuri, 179
Choapukuria, 181
Chaitpur, 182
Dasturhat, 188
Gobardhandanga, 187
Bhunirhat, 177
Arazi Jadavpur, 186
Fulbari, 60
Telangal, 61
Imamnagar, 65
Jalbanda, 64
Brahmanigram, 81
Ratanpur, 71

POLICE-STATION: SAGARDIGHI

Name of Mouza and J. L. No.

Bergram, 90
Buzrug Debagram, 80
Dakshin Debagram, 79
Jugor, 86
Harhari, 101
Bayor, 104
Baragara, 102
Baraia, 50
Ekrakhi, 51
Kherur, 48
Jhuguridanga, 170
Barala, 128
Bajitpur, 165
Alankar, 164
Buora, 195
Chandanbati, 92
Katherpara, 97
Samsabad, 96
Binod, 190
Uttar Ramnagar, 148

ময়ূরেশ্বর থানা এলাকায় গ্রামীণ বৈদ্যুতিকরণ

৬২৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৭০।) **ডাঃ মোতাহার হোসেনঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় ময়ূরেশ্বর থানায় গ্রামীণ বৈদ্যুতিকরণের কোন পরিকল্পনা আছে কিনা; এবং;

(খ) থাকিলে,

(১) কোন্ কোন্ গ্রাম এই পরিকল্পনার অন্তর্ভুক্ত হইয়াছে, ও

(২) ১৯৭৩ সালের ডিসেম্বর মাসের মধ্যে কয়টি গ্রামে বৈদ্যুতিকরণ হওয়ার সম্ভাবনা আছে ও কোন্ কোন্ গ্রামে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(ক) (১) ৫০টি মৌজা। মৌজার নামের তালিকা নিম্নে দেওয়া হইল। মৌজাভিত্তিক কর্মসূচী রাজ্য বিদ্যুৎ পর্ষদ গ্রহণ করে থাকে।

(২) উপরি-উক্ত ৫০টি মৌজার সকলগুলিতেই বৈদ্যুতিকরণ হওয়ার সম্ভাবনা আছে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 625

District Birbhum

POLICE-STATION: MURARAI

Name of the Mouzas which are proposed to be electrified

Mouza and J. L. No.

Duria, 117

Ramchandrapur, 100

Murarai, 104

Kopal, 135

Bhadishta, 144

Narachanti, 143

Rudranagar, 137

Ammudda, 149

Chatina. 150

Sohara, 131

Dakshinamohuzapur, 128

Bhogpur, 129

Palsa, 39

Badebalia, 38

Sumarpur, 30

Bagtra, 27

Rahgram, 25

Ambhua, 14

Uttar Kasila, 15

Gorse, 16

Gopalpur, 102

Bhadiswar, 103

Paikar, 76

Lakshmidanga, 80

Bhagall, 81

Mitrapur, 79

Bradhapara, 75

Kamarkhur, 74

Panchahar, 71

Name of the Mouzas which are proposed to be electrified—Concld.

Mouza and J. L. No.

Jajigram, 72
Gopanandigram, 51
Bhoranandigram, 54
Paniara, 105
Dumurgram, 106
Dhitora, 40
Dulandi, 34
Habispur, 133
Raghunathpur, 35
Kalaharpur, 56
Sibrampur, 57
Harispur, 60
Amdol, 59
Kamalpur, 66
Narattampur, 63
Sankhulia, 58
Ruptompur, 42
Kathia 47
Mukhlishpur, 45
Bara Gopalpur, 1
Banarampur, 12.

পশ্চিমবঙ্গে পুলিস কর্মচারী.

৬২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১৯।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বরাষ্ট্র (পুলিস) **বিভাগের মন্ত্রিমহাশয়** অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে পুলিস কর্মচারীর সংখ্যা কত;

(খ) তন্মধ্যে কলিকাতা পুলিসের (সি পি) সংখ্যা কত;

(গ) বিভিন্ন জেলায় এবং জেলার বিভিন্ন থানায় কতজন করিয়া কি কি শ্রেণীর কর্মচারী আছেন;

(ঘ) কলিকাতা পুলিসের (সি পি) মধ্যে কি কি শ্রেণীর কর্মচারী আছেন;

(ঙ) শ্রেণী বিভাগ অনুযায়ী পুলিস কর্মচারীদের মাসিক বেতন কত;

(চ) বর্তমানে পুলিস কর্মচারীদের কি কি সুযোগ-সুবিধা দেওয়া হয়;

(ছ) কলিকাতা পুলিস এবং পশ্চিমবঙ্গ পুলিসের মধ্যে বেতনগত ও অন্যান্য সুযোগ-সুবিধাগত পার্থক্য আছে কি;

(জ) কলিকাতা পুলিসের অধীনে কি কি শ্রেণীর কতগুলি যানবাহন আছে; এবং

(ঝ) উক্ত যানবাহনগুলি রক্ষণাবেক্ষণের জন্য কত টাকা মাসিক ব্যয় হয়?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় (ক) ৬৬,৪৬৩ জন।

(খ) ১৯,২৪১ জন।

(গ) জেলাভিত্তিক বিভিন্ন কর্মচারীর সংখ্যা (স্টেটমেন্ট—১) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। থানাওয়ারী বিভিন্ন কর্মচারীর সংখ্যা (স্টেটমেন্ট—২) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঘ) কলিকাতা পুলিসের বিভিন্ন কর্মচারীর সংখ্যার বিবরণ (স্টেটমেন্ট—৩) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঙ) কলিকাতা পুলিসের বিভিন্ন কর্মচারীদের বেতনের হার একটি বিবরণীতে (স্টেটমেন্ট—৪) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। পশ্চিমবঙ্গ পুলিসের বিভিন্ন কর্মচারীদের বেতনের হার (স্টেটমেন্ট—৫) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(চ) কলিকাতা পুলিসের কর্মচারীদের সুযোগ-সুবিধার বিবরণ (স্টেটমেন্ট—৬) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। পশ্চিমবঙ্গ পুলিসের কর্মচারীদের সুযোগ-সুবিধার বিবরণ (স্টেটমেন্ট—৭) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ছ) হ্যাঁ।

(জ) যানবাহনের বিবরণ (স্টেটমেন্ট—৮) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঝ) গাড়িগুলি কেনা ও রক্ষণাবেক্ষণের জন্য আনুমানিক ২৯,৬০০ টাকা মাসিক ব্যয় হয়।

হুগলি জেলায় গ্রামীণ বৈদ্যুতিকরণ

৬২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০১৫।) **শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার কত গ্রামের মধ্যে কতগুলির গ্রাম গ্রামীণ বৈদ্যুতিকরণের সুযোগ পাইয়াছে;

(খ) ব্লকওয়ারী এই গ্রামগুলির নাম কি কি;

(গ) চলতি আর্থিক বৎসরে এবং আগামী আর্থিক বৎসরে (১৯৭৩-৭৪) কোন্ কোন্ ব্লকের কোন্ কোন্ গ্রাম বৈদ্যুতিকরণের সুযোগ পাইয়াছে এবং পাইবে;

(ঘ) বর্তমানে আর ই সি এই জেলায় কোন প্রকল্প মঞ্জুর করিয়াছে কি;

(ঙ) করিলে, কোন্ কোন্ গ্রাম ইহার আওতায় আসিয়াছে; এবং

(চ) আর ই সি-র কাছে কতগুলি প্রকল্প পড়িয়া আছে এবং সেইসব প্রকল্পে কোন্ কোন্ গ্রাম বৈদ্যুতিকরণের সুযোগ পাইবে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১,৯১০টি মৌজার মধ্যে ১৯৭৩-এর জানুয়ারি পর্যন্ত ৫৬১টি মৌজা বৈদ্যুতিকরণ হইয়াছে।

(খ) থানাওয়ারী মৌজার তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল (সংযোজনী 'ক')।

(গ) রাজ্য বিদ্যুৎ পর্ষদ থানাভিত্তিক গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্প তৈরি করে, ব্লকভিত্তিতে নয়।

(১) ১৯৭২-এর এপ্রিল হইতে ১৯৭৩-এর জানুয়ারি পর্যন্ত ১৭৬টি মৌজায় বৈদ্যুতিকরণ হইয়াছে। থানাওয়ারী মৌজার তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। (সংযোজনী 'খ')।

(২) ১৯৭৩-এর ফেব্রুয়ারি হইতে ১৯৭৩-৭৪ আর্থিক বৎসরের শেষ পর্যন্ত ৭০৫টি মৌজা বিদ্যুতায়িত করার পরিকল্পনা আছে। থানাওয়ারী মৌজার তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঘ) হ্যাঁ।

(ঙ) ৭০৫টি মৌজা। লাইব্রেরী টেবিলে উপস্থাপিত তালিকার 'গ', 'ঘ' ও 'ঙ' দ্রষ্টব্য।

(চ) একটিও প্রকল্প আর ই সি-র কাছে পড়িয়া নাই।

বীরভূম জেলায় গ্রামীণ বৈদ্যুতিকরণ

৬২৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০০৭।) **শ্রীশচীনন্দন সাউ:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় ১৯৭১-৭২ সালে এবং ১৯৭২-৭৩ সালে (১৩ই মার্চ, ১৯৭৩) পর্যন্ত কতগুলি গ্রামে বৈদ্যুতিকরণ করা হইয়াছে;

(খ) এই জেলায় উক্ত সময়ে কয়টি ডিপ টিউবওয়েল বৈদ্যুতিকরণ করা হইয়াছে;

(গ) নানুর ব্লকে কোন বৈদ্যুতিকরণের কাজ বর্তমান সরকার করিয়াছেন কিনা এবং করিয়া থাকিলে, কোন্ কোন্ মৌজায়; এবং

(ঘ) ইলামবাজার ও দুবরাজপুর থানায় ডিপ টিউবওয়েলগুলিতে বৈদ্যুতিকরণ করা হইয়াছে কিনা এবং (১) কতগুলিতে হইয়াছে, (২) কতগুলি এখনও বাকী আছে ও (৩) কোন্ তারিখ নাগাত বাকীগুলিতে বিদ্যুৎ সরবরাহ সম্পন্ন হইবে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ১৯৭১-৭২ সালে ২৫টি মৌজা ও ১৯৭২-৭৩ সালে **১৪১টি** মৌজা বৈদ্যুতিকরণ করা হইয়াছে। রাজ্য বিদ্যুৎ পর্ষদ মৌজাভিত্তিক কর্মসূচী গ্রহণ করিয়া থাকে।

(খ) ১৯৭১-৭২ সালে পাঁচটি ও ১৯৭২-৭৩ সালে একটি ডিপ টিউবওয়েল বৈদ্যুতিকরণ করা হইয়াছে।

(গ) (১) না এবং (২) এ প্রশ্ন ওঠে না।

(ঘ) হ্যাঁ।

(১) ইলামবাজার থানায় কুড়িটি ও দুবরাজপুর থানায় পাঁচটি।

(২) ইলামবাজার থানায় তিনটি ও দুবরাজপুর থানায় ছয়টি।

(৩) শীঘ্রই; প্রয়োজনীয় সরঞ্জাম পাওয়া সাপেক্ষে।

রায়পুর থানা এলাকায় বৈদ্যুতিকরণ

৬২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬৫।) **শ্রীমাণিকলাল বেস্রা:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) বাঁকুড়া জেলার রায়পুর থানায় ১৯৭৩-৭৪ সালে কতগুলি মৌজা বৈদ্যুতিকরণ করা হবে;

(খ) উক্ত মৌজাগুলির নাম কি;

(গ) কবে নাগাত উহা কার্যকর করা যাবে;

(ঘ) রাইপুর থানার মেলেড়া অঞ্চলের বড়কলা, ধর্মপুর, মেলেড়া, লুড়কা, গোচদা, মোলা-শোল, এবং শিরসা—এই সাতটি মৌজা ১৯৭৩-৭৪ সালের বৈদ্যুতিকরণ তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে কি; এবং

(ঙ) কবে নাগাত রাইপুর থানার সমস্ত মৌজাতে বৈদ্যুতিকরণের কাজ শেষ হতে পারে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ২৮টি মৌজা।

(খ) (১) ছোটসারেঙ্গা, (২) সারেঙ্গা, (৩) খয়ের পাহাড়ী, (৪) বড়গাড়িয়া, (৫) মণ্ডলদিহা, (৬) ফুলকুসুমা, (৭) শিরিষপানি, (৮) কমলপুর, (৯) অসুরগেড়িয়া, (১০) বেনাগেড়িয়া, (১১) সাতপাট্টা, (১২) লেদরা, (১৩) মণ্ডলকুলি, (১৪) খড়িগেড়িয়া, (১৫) লাকত, (১৬) শ্যাম-সুন্দরপুর, (১৭) মাতগোদা, (১৮) কুলাদিহা, (১৯) অসুরগেড়িয়া উত্তর, (২০) মারসা, (২১) লোহামেড়িয়া, (২২) সোনাগড়া, (২৩) দুন্দার, (২৪) পাঁড়া, (২৫) পানরারী, (২৬) রাই-পুরবাজার, (২৭) উপর বান্দা এবং (২৮) সিমলি।

(গ) ১৯৭৩-৭৪ সালের মধ্যে।

(ঘ) না।

(ঙ) অর্থের যোগান ও এলাকাগুলিতে বিদ্যুৎ চাহিদার গুরুত্ব সাপেক্ষে ধাপে ধাপে মৌজা-গুলিতে বৈদ্যুতিকরণের কাজ হবে।

মুর্শিদাবাদ জেলায় বেকারের সংখ্যা

৬৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭১।) **শ্রীআদ্যচরণ দত্তঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী মুর্শিদাবাদ জেলায় বর্তমানে বেকারের সংখ্যা কত;

(খ) আগামী আর্থিক বৎসরে ঐ জেলায় কতজন বেকারের কর্মসংস্থান হতে পারে বলে আশা করা যায়;

(গ) মার্চ, ১৯৭২ হতে ২৮এ ফেব্রুয়ারি, ১৯৭৩ পর্যন্ত উক্ত জেলায় কতজন বেকারের কর্মসংস্থান হয়েছে; এবং

(ঘ) চাকুরি ছাড়া এ জেলায় অন্য কোন কর্মসংস্থান প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে কি?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সরকারী হিসাব অনুযায়ী ২৮এ ফেব্রুয়ারি, ১৯৭৩ তারিখে মুর্শিদাবাদ জেলায় মোট কর্মপ্রার্থীর সংখ্যা ৪৭,৯৭৫ জন।

(খ) বর্তমান আর্থিক বৎসরে বিশেষ নিয়োগ প্রকল্পে ৩,৫০০ জন কর্মপ্রার্থীর কর্মসংস্থান হতে পারে বলে আশা করা যায়।

(গ) ১৯৭২ সালের মার্চ থেকে ১৯৭৩ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত উক্ত জেলায় কর্ম-সংস্থান কেন্দ্রের মারফত মোট ৫১৭ জন কর্মপ্রার্থীর কর্মসংস্থান হয়েছে।

(ঘ) চাকুরি ছাড়া ঐ জেলায় অতিরিক্ত নিয়োগ প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে।

ভগবানগোলা ১নং ও ২নং ব্লকের বাস্তুভিটাহীনদের বাস্তুভিটা দান

৬৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪১।) **শ্রীমহম্মদ দেদার বক্স:** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ১নং ও ২নং ব্লকের বাস্তুভিটাহীনদের ৮ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত মোট কতখানা আবেদনপত্র জমা হইয়াছে, এবং ঐ তারিখ পর্যন্ত কতজনকে বাস্তুভিটা দেওয়া হইয়াছে; এবং

(খ) উক্ত সংখ্যা সমগ্র মুর্শিদাবাদ জেলায় কত?

ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ভগবানগোলায় ১নং ব্লকে আবেদনপত্র পাওয়া গিয়াছে ৯০টি এবং বাস্তুজমি দেওয়া হইয়াছে ৭২ জনকে। ২নং ব্লকে আবেদনপত্র পাওয়া গিয়াছে ৫৩টি এবং বাস্তুজমি দেওয়া হইয়াছে ৪৩ জনকে।

(খ) ভগবানগোলার ১নং ও ২নং ব্লক সহ সমগ্র জেলায় আবেদনপত্রের সংখ্যা ৩,৬৩৫ এবং বাস্তুজমি দেওয়া হইয়াছে ২,৪৩১ জনকে।

সোনারপুর-ভাঙ্গড় অঞ্চলে চাষের জন্য গভীর নলকূপ

৬৩২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২৬।) **শ্রীকংসারী হালদার:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সোনারপুর-ভাঙ্গড় অঞ্চলের বিস্তৃত এলাকায় আমন ধানের চাষ না হওয়ায় বিকল্প চাষের জন্য গভীর নলকূপের কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহা কার্যকর হবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) (ক) প্রশ্নের উত্তরের ভিত্তিতে এ প্রশ্ন উঠে না।

বন বিভাগের অধীনস্থ বনে পশুর সংখ্যা

৬৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯১।) **শ্রীআবদুল বারি বিশ্বাস:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে বন বিভাগের অধীনে যেসব বন আছে সেইসব বনের কোন্‌টিতে ১৯৬৯, ১৯৭০, ১৯৭১ ও ১৯৭২ সালের মার্চ মাসে কয়টি গণ্ডার, এক-শৃঙ্গ গণ্ডার, হরিণ ও হাতি ছিল;

(খ) বর্তমানে কোন্ প্রকারের পশু কয়টি আছে;

(গ) গত ৫ বৎসরে চোরাশিকারী দ্বারা কোন্ পশু কয়টি মারা হইয়াছে; এবং

(ঘ) ঐ চোরাশিকারীদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এইরূপ কোনও গণনা করা হয় নাই।

(খ) গণনা ব্যতিরেকে বলা সম্ভব নয়।

(গ)

এক-শৃঙ্গ গণ্ডার	...	৩৩*
হরিণ	...	৩৯
সম্বর	...	১৩
বরাহরিণ	...	৪
কাঁকর	...	৪
গউর	...	১
বাঘ	...	৪
চিতাবাঘ	...	২
হেঁড়ল, নেকড়ে বাঘ	...	৫
বাঘডাঁসা, গোবাঘা,	...	২
বুনোশুয়োর	...	২৮
শেয়াল	...	৪
খেঁকশেয়াল	...	১২

*১৯৬৮-৬৯ হইতে ১৯৭১-৭২ পর্যন্ত।

(ঘ) আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

রাণাঘাটে বৈদ্যুতিক এবং হস্তচালিত তাঁতশিল্প

৬৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫৯।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, নদিয়া জেলায় বিশেষত রাণাঘাটে অধিকসংখ্যক বৈদ্যুতিক তাঁত, হস্তচালিত তাঁত ও প্রসেসিং মিল অবস্থিত এবং ঐ তাঁতে ও মিলে চাহিদামত সুতা সরবরাহ করা সম্ভব হয় না;

(খ) অবগত থাকিলে, রাণাঘাটে একটি সুতাকল স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) বে-সরকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঐরূপ কল স্থাপনে সরকার হইতে কোন সাহায্য দেওয়া হয় কিনা এবং হইলে, কি কি সাহায্য দেওয়া হয়?

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গে চাহিদার অনুপাতে সুতা সরবরাহের ঘাটতি সম্পর্কে সরকার অবগত আছেন। নদিয়া তথা রাণাঘাটের সমস্যা সম্পর্কেও সরকার সচেতন।

(খ) আপাতত নাই।

(গ) পরিকল্পনার গুণাগুণ বিচার করে সরকার হইতে লাইসেন্স, আর্থিক ও কারিগরি সাহায্য দেওয়া যাইতে পারে।

কুচবিহার জেলায় গ্রামীণ বৈদ্যুতিকরণ

৬৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪০।) **শ্রীমধুসূদন রায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে কুচবিহার জেলায় যে ৫০টি গ্রামের বৈদ্যুতিকরণের প্রস্তাব ছিল তন্মধ্যে কতগুলির কাজ ২৩এ মার্চ ১৯৭৩ পর্যন্ত সম্পূর্ণ হইয়াছে; এবং

(খ) ১৯৭৩-৭৪ সালে কুচবিহার জেলায় থানাভিত্তিক কোন্ কোন্ গ্রামের বৈদ্যুতিকরণের প্রস্তাব আছে?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) প্রশ্নোক্ত তারিখের মধ্যে ১৯৭২-৭৩ সালে কুচবিহার জেলায় ৫২টি মৌজায় বৈদ্যুতিকরণের কাজ সম্পূর্ণ হইয়াছে। মৌজাভিত্তিক কর্মসূচী রাজ্য বিদ্যুৎ পর্ষদ গ্রহণ করে থাকে।

(খ) ১০৮টি মৌজায়। মৌজার নামের তালিকা নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (Kha) of Unstarred question No. 635

District Cooch Behar

POLICE-STATION—COOCH BEHAR

Name of Village and J.L. No.

Jhiraidanga, 932
Dawajuri, 933
Daluadasgir, 992
Talliguri, 937
Falimari, 938
Ghargharia-2nd 936
Dhaluabari, 909
Kalakata, 955
Latkarpur, 922
Panisala, 928
Gangaler Kuthi, 907
Natarpur, 923
Nawabganjbalasi, 924
Jirampur, 952
Barapak, 949
Panimarar Kuthi, 957
Chatra-Chekardara, 951
Dhumpur-Balasi, 956
Kursomari, 896
Ghugumari, 910
Hanargori, 899
Charakar Kuthi, 988
Chhat Dudhar Kuthi, 881
Sonakhali, 890

Name of Village and J. L. No.

Simulguri, 898
Haribanga, 864
Jongara, 865
Bara Nalangibari, 859
Pattchhara, 855
Jhatihali, 856
Kharija-Naldhandra, 854
Kalabarirghat, 884
Chhoto Aharakobha, 868
Bara-Aharakobha, 883
Dudhar Kuthi-Diwanbas, 882
Bhogdabri Keshribari, 872
Managuri Sinhalhatichhat, 869
Elajan, 870
Takagachh, 915
Kaminirghat, 1029
Tongnamari, 1030
Maranadir Kuthi, 1054
Banchu Kamari, 967,
Mahishbathan, 1028
Jatrapur, 1033
Jibdhanorkuthi, 1032
Dadearpur, 964
Chapaguri, 1003
Kharija-Kakerbari, 966,
Nageswaguri, 974
Ikarchala, 976
Chhagalbar, 979
Ichhamari, 977,
Hadiduba, 978
Baribari 1st, 1018
Dhalaguri, 1019
Gopalpur, 980
Bokalirmath, 1022
Ambari, 1023
Kholba, 1024
Marichabari, 987
Dudumari, 983
Bhogramguri, 968
Harimchora, 911
Gariahati, 953
Kharimala Khagrabari, 954

POLICE-STATION SITAI

Name of Village and J.L. No.

Bharali, 505
Sitai, 506
Sat-Bhandari, 509
Bala Pukhari, 510
Chamta, 529
Barthar, 532

POLICE-STATION SITALKUCHI

Mahismari, 413
Sonarchalun, 414
Changerkuthi Khalasamari, 415
Bara Koimari, 427
Rangamati, 428
Sitalkuchi, 449

POLICE-STATION DINHATA

Khalisachohanimari, 542
Bhitorkamta, 545
Alokghori, 546
Bramhmanirchouki, 579
Putimari, 711
Baranachina, 598
Polta, 563
Dwitikhanda Barasolmari, 604
Dwitikhanda Bhangi, 720
Kharubhanj, 781
Pakhihaga, 578
Bara Bhita, 584
Shingiani Bhelaguri, 708
Kharija Baladanga, 729
Parathamkhanda Jarabati, 725
Koalidaha, 723
Khattimari, 761
Pratham Khanda Jitpur, 764
Pratham Khanda Kumchi, 767
Gitaldaha Aliabari, 718
Karda, 655
Pikridhara, 658
Hokadaha, 701

POLICE-STATION MEKHLIGUNJ

Name of Village and J.L. No.

Dhulia Baldiahati, 168

POLICE-STATION HALDIBARI

Mekhliganja, 69

POLICE-STATION MATHABHANGA

Khalisamari, 257
Baisguri, 263
Jorpalki, 407
Sibpur, 432
Nalangibari, 272

Calling Attention to Matters of Urgent Public Importance

[2-50—3-00 p.m.]

Mr. Speaker: The Minister-in-charge of Relief and Welfare Department will please make a statement on the subject of starvation death of a person in Katwa—attention drawn by Shri Subrata Mukherjee of Katwa on 3rd May, 1973.

Shri Santosh Kumar Roy: Sir, in reply to calling attention notice by Shri Subrata Mukherjee I rise to say that Shrimati Kusumbala Dasi, a resident of village Ronda, under Katwa II Block actually died on 1st Baishak, 1380 B.S. It transpired on enquiry by the Block Development Officer in presence of local people including the Adhyaksha of Gram Panchayat that she was about 70 years old and had been suffering from various ailments due to old age. Her son, Faring Das alias Faring Nath, who earns his livelihood as a daily wage earner, used to maintain her. It is not, therefore, correct that Shrimati Dasi died of starvation.

Shri Subrata Mukherjee: (Katwa) With your permission, Sir,

মাননীয় স্পীকার মহাশয়, আমি যে দৃষ্টি আকর্ষণী নোটিস দিয়েছিলাম তার উত্তর মন্ত্রিমহাশয় দিয়েছেন। কিন্তু আমার কাছে সংবাদ আছে, "সাপ্তাহিক কাটোয়া" ব'লে একটি সংবাদপত্র আছে সেখানে এই সংবাদ বেরিয়েছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি কাটোয়ার সাধারণ মানুষ দুর্গতির সামনে এসে দাঁড়িয়েছে এবং ক্ষেতমজুরদের কাজ নেই। কাজেই আমার আবেদন হচ্ছে সেখানকার সাধারণ মানুষের জন্য কিছু অতিরিক্ত খয়রাতি সাহায্য বরাদ্দ করুন।

Mr. Speaker: No discussion is allowed. Please take your seat.

I have received 11 notices of calling attention on the following subjects, namely:—

(1) Failure of Fishery Corporation to import fish from Bangladesh—from Shri Kashi Nath Misra, Shri Gautam Chakraborty, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Kartic Chandra Biswas.

(2) Scarcity of drinking water in Bankura, Birbhum and Purulia districts from Shri Gautam Chakraborty, Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay and Shri Kartic Chandra Biswas.

(3) Bengali patients neglected in the matter of admission to the Ranchi Hospital—from Shri Sukumar Bandyopadhyay, Shri Gautam Chakraborty, Shri Abdul Bari Biswas, Shri Kashinath Misra and Shri Kartic Chandra Biswas.

(4) Closure of weaving mills in West Bengal—from Shri Kashinath Misra, Shri Gautam Chakraborty, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Kartic Chandra Biswas.

(5) Serious power cut by DVC—from Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Kartic Chandra Biswas and Shri Md. Safiullah.

(6) Black-marketing in oil-seeds at Haldia—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Kartic Chandra Biswas.

(7) Reported death of 5 men of Chittaranjan Locomotive Works—from Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra and Shri Abdul Bari Biswas;

(8) Apprehended failure of commissioning the Santaldih Thermal Power Plant within the target date—from Shri Sarat Chandra Das;

(9) Non-clearance of garbage from the bustee areas of Calcutta—from Shri Md. Safiullah and Shri Harasankar Bhattacharyya;

(10) Theft of materials from the newly constructed Ranaghat subdivision hospital building—from Shri Naresh Chandra Chaki; and

(11) Starvation death in Sagardighi police-station in Murshidabad district—from Shri Timir Baran Bhaduri and Shri Shish Mohammad.

I have selected the notice of Shri Sarat Chandra Das on the subject of apprehended failure of commissioning the Santaldih Thermal Power Plant within the target date.

The Hon'ble Minister-in-charge may please make a statement today, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal: A statement will be made on the 10th.

Mention Cases

শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় এই বিধানসভায় উত্থাপন করতে চাই। স্যার, আপনি জানেন যে, পশ্চিমবাংলায় পাঁচটি ডিস্ট্রিক্ট হোম সেন্টার আছে। যেসব মেয়েরা পুলিস কেসে আসে কিংবা যেসব মেয়েরা বাপ মা পরিত্যক্ত তারা এই হোম সেন্টারে থাকে। আমি দীর্ঘদিন ধ'রে এই বিভাগের মন্ত্রীর কাছে অনুরোধ করছি যে, এর একটা ব্যবস্থা করুন। এইসব হোম সেন্টারে যেসব টীচার থাকেন তারা কি করেন? তারা মেয়েদের যেসব কাপড় দেওয়া হয়. কম্বল দেওয়া হয়, ঠিক মত তাদের দেয় না, তারা অন্য জায়গায় বিক্রি করে দেয়। এইসব মেয়েদের খাবার দেবার জন্য যে ব্যবস্থা করা হয় সেই খাবারও তারা ঠিক মত পায় না, তাদের খারাপ কোয়ালিটির খাবার দেওয়া হয়, তা ছাড়া তাদেরকে অনেক সময় অর্ধাহারে বা অনাহারে রাখা হয়, আর একটা বিষয় আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বলতে চাই যে, সেটা হচ্ছে অত্যন্ত লজ্জার ব্যাপার, এটা আমি বিভাগীয় মন্ত্রীর কাছে জানাতে চাই, এই সব শিক্ষকের আন্ডারে যেসব মেয়েরা থাকে বিশেষ করে যারা গার্ডিয়ানলেস তাদেরকে দিয়ে যা ভাষায় প্রকাশ করা যায় না এমন কাজে ব্যবহার করা হয় এবং তাদেরকে দিয়ে টাকা রোজগার করান হয়। আমরা জানি যে, এই সব প্রতিটি হেল্‌থ সেন্টারে ৭/৮/১০ বছর ধ'রে যেসব শিক্ষকরা রয়েছে তাদের এখনি ট্রান্সফারের ব্যবস্থা করা হোক।

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীকার্তিক বিশ্বাস মহাশয় আজ এই সভার সামনে আপনার মাধ্যমে যে অভিযোগ রাখলেন যেটা উনি ভাসা ভাসা বললেন, সেটা উনি যদি বিস্তারিত ভাবে আমার কাছে দেন, তা হ'লে আমি যথাযথ তদন্ত ক'রে আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাব এবং যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করা হবে, যারা এই সমস্ত অপরাধ করছে তারা যাতে উপযুক্ত শাস্তি পায় তার ব্যবস্থা গ্রহণ করা হবে।

শ্রীগৌতম চক্রবর্তীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যে বক্তব্য রাখছি তা হচ্ছে খবরের কাগজে দেখেছি তদানীন্তন মন্ত্রী এবং এখনও দেখছি কিছু কিছু গভর্নমেন্টের অফিসারদের সাথে কালো বাজারীরা যোগসাজস ক'রে শুধুমাত্র এই দেশেই নয়, আমাদের পাশে যে দেশ অর্থাৎ বাংলাদেশ তাদেরও বিরাট ক্ষতি ক'রে দিয়েছে। আমরা দেখছি কৃষি দপ্তরের যিনি কৃষি অধিকর্তা তার সাথে কয়েকজন কালোবাজারী মিলে যে পাটের বীজ সরবরাহ করা হয়েছিল শুধু ওয়েস্ট বেঙ্গলে নয় বাংলাদেশে, সেই পাটের বীজ থেকে দেখতে পেলাম যে, শতকরা ৮০ ভাগ বীজের থেকে চারা পাওয়া গেল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মধ্যমে আমি মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে জানাচ্ছি যে, যিনি কৃষি অধিকর্তা আছেন তিনি একজন কালোবাজারী, নদীয়া জেলায় যার নাম অনেকেই জানেন, সেই চন্দ্রকান্ত

[3-00—3-10 p.m.]

গুপ্তর সাথে যোগসাজস ক'রে কৃষি অধিকর্তা এবং সেই কালোবাজারী লক্ষ লক্ষ টাকা উপার্জন করেছে। আমি আপনার মাধ্যমে এই বক্তব্যই রাখতে চাচ্ছি যে, আমাদের দেশের সুনাম রক্ষা করতে যারা আমাদের সঙ্গে সহযোগিতা করছে না, যে সমস্ত অফিসার এবং যে সমস্ত কালো-বাজারীর সঙ্গে হাত মিলিয়ে আমাদের সুনামকে নষ্ট করার চেষ্টা করছে তার বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা অবলম্বন ক'রে আগামী দিনে আমাদের দেশের সুনাম যাতে বৃদ্ধি পায় এবং আমাদের দেশে যে সমস্ত পাটের বীজ সরবরাহ করা হয় তা যাতে সত্যিকারের বীজ হয় তার জন্য আমি আবেদন করছি।

শ্রীঅনন্তকুমার ভারতীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। মানিকতলা অঞ্চলে উল্টাডাঙ্গা স্টেশনের কাছে একটা বিরাট জায়গা আছে, জায়গাটা জজবাগান ব'লে পরিচিত। এই জায়গা দীর্ঘদিন ধ'রে বহু ছোট ছোট ব্যবসা গ'ড়ে উঠেছে। এই ব্যবসাগুলি অ্যাসিড, কেমিক্যালস, রবার, প্লাসটিক, ইঞ্জিনিয়ারিং, পেন্টস ইত্যাদি এইরকম বহুবিধ ব্যবসা গড়ে উঠেছে। আজকে এই সমস্ত ব্যবসাগুলি, ছোট ছোট বিজিনেসগুলি সরকারের বা ব্যাঙ্কের কোন সাহায্য না নিয়ে আপনা থেকেই গড়ে উঠেছে। কিন্তু এটা অত্যন্ত দুঃখের কথা যে আজকে কিছু মনোপলি হাউসের অত্যাচারে ওরা কাঁচামাল পাচ্ছে না। যেগুলি ওরা পাচ্ছে সেগুলির ডবল, ট্রিবিল দাম দিয়ে তাদের কারবার করতে হচ্ছে। তাই সরকারের কাছে আমার বিশেষভাবে অনুরোধ আজকে এই জায়গাটা, উল্টাডাঙ্গা স্টেশনের কুছেই অবস্থিত এবং ৪০/৪২ একর জমি নিয়ে, এবং ১৯৬৭ সালে সি এম পি ও এই জায়গা নিয়ে বিবিধ ধরনের প্ল্যান এবং প্রোগ্রাম করেছে এবং বিগত কয়েক দিন আগেও সি এম পি ও-র তবফ থেকে এবং আমাদের স্মল অ্যান্ড কটেজ ইন্ডাস্ট্রিজ-এর তরফ থেকে জয়েন্ট ডাইরেকটার সাহেব নাকি সেখানে গিয়েছিলেন শুনলাম। আমি অনুরোধ করব আজকে সরকারের তরফ থেকে এখানে একটা ইন্ডাস্ট্রিয়াল এস্টেট গড়ে তোলা হোক এবং এই সমস্ত ছোট ছোট ব্যবসায়ীরা যাতে সরকারের সাহায্য পায় এবং বিভিন্ন কাঁচামাল পায় যেগুলি অ্যাসিড, কেমিক্যালস তৈরি করতে দরকার হয়, এইগুলির জন্য যাতে তারা সুযোগসুবিধাগুলি পায় তার ব্যবস্থা দেন সরকার করেন। এখানে ৩ হাজার লোক ইমিডিয়েটলি প্রভাইড হয়েছে, সরকার যদি একটু দৃষ্টি দেন এবং সেখানে ১৩৫টি ছোট ছোট ইন্ডাস্ট্রিজ রয়েছে তাতে আমি মনে করি যে, সেখানে অন্তত ১০ হাজার লোক প্রভাইড হতে পারবে। তাই সরকারের কাছে আপনার মাধ্যমে আমার বিশেষ অনুরোধ যে, তাঁরা নিশ্চয়ই অতিশীঘ্র এদিকে নজর দেবেন।

শ্রীকাশীনাথ মিশ্র: অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এই সভার কাছে রাখছি। এটা হচ্ছে আজকে পশ্চিমবঙ্গ সরকার চেষ্টা করছেন গ্রামের ছোটখাটো চাষীদের, বিশেষ ক'রে দুঃস্থ অসহায় যে সমস্ত চাষীরা যারা নিজেদের চেষ্টায় চাষ করছে সেই চাষের জন্য যে সকল পাম্প-সেট দেওয়া হচ্ছে সেই পাম্প-সেটগুলির বেশীর ভাগই অকেজো হয়ে যাচ্ছে। এই অকেজো হয়ে যাওয়ার জন্য গ্রামবাংলায় একটা অর্থনৈতিক বিপর্যয় দেখা দিচ্ছে। এই বিপর্যয়ের জন্য দেখা যাচ্ছে যে, আমাদের চাষবাসে নানারকম ব্যাঘাত এগিয়ে আসছে। আজকে আমাদের সরকার চেষ্টা করছেন ভাল পাম্প-সেট দেওয়া হোক, কিন্তু কি কারণে কাদের চক্রান্তে এবং কোন আমলাদের চক্রান্তে আজকে এই যে খারাপ পাম্প-সেটগুলি দেওয়া হচ্ছে জানি না। আজকে যেখানে কথা ছিল গত বিধানসভাতে আমাদের এই পাম্প-সেট নিয়ে প্রশ্ন হয়েছিল এবং এখানে একটা রিপোর্ট দেবার কথা ছিল, কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে, বিধানসভাতে সেই রিপোর্ট প্লেস করা হ'ল না কিন্তু বাইরের কয়েকটি কাগজে এর পুরো রিপোর্টটি ফাঁস করা হয়েছে। আজকে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই পাম্প-সেটের জন্যে, আমাদের সরকার সেচ ব্যবস্থার জন্য নানারকম ভাবে চেষ্টা করছেন, তখন এই পাম্প-সেটে দেখা যায় ১৯৬৬ সালে বিশেষজ্ঞ কমিটির মতামতকে অস্বীকার ক'রে আজকে অনেক পাম্প-সেটকে তালিকাভুক্ত করা হয়েছে এবং সেই বিশেষজ্ঞ কমিটির যে রিপোর্ট সেই কমিটির রিপোর্টকেও ঠিকভাবে প্রয়োগ করতে দেখতে পাচ্ছি না। ১৯৬৯ সালে এবং তারপরে যে মোট ৯২টি বিশেষজ্ঞ কমিটি যে রিপোর্ট দিয়েছিল এর থেকে কাটলেও আপনার ১২টিতে দাঁড়ায়, ১২টির মধ্যে দেখতে পাই যেখানে ১২টি নিতে বলা হয়েছিল তার মধ্যে দুটি অনুমোদনের মধ্যে দেখতে পাই যে ছিল না। এর থেকে আমরা দেখতে পাচ্ছি যে, আমাদের বিশেষজ্ঞ কমিটি যা অনুমোদন করছে তা দেওয়া হচ্ছে না। আর একটা কথা হচ্ছে যে, আমাদের বাঙ্গালীর উপর যে দুর্ভোগ আসছে, বাঙ্গালীরা যে ব্যবসাটা করছে সেই ব্যবসার উপর ঘা দেওয়া হচ্ছে। যেখানে পশ্চিমবঙ্গ সরকার চেষ্টা করছেন বেকারত্ব দূর করার জন্য, আজকে সেখানে আমরা দেখতে পাচ্ছি এই ব্যাঘাত সৃষ্টি হচ্ছে এবং সেইজন্য এই বিষয়ের উপর মাননীয় কৃষিমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর মতামত জানতে চাই।

শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া): মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্যই সকল সুখের সম্পদ, একথা সকলে মানলেও সরকারের যাঁরা আমলা আছেন, তাঁরা এটা মানতে রাজী নন। কাটোয়ার এক নম্বর ব্লকের অন্তর্গত সুদপুর গ্রামে একটা হেল্‌থ সেন্টার আছে। অত্যন্ত বেদনার কথা, আজকে দীর্ঘদিন যাবৎ—প্রায় চার মাস যাবৎ, সেই হেল্‌থ সেন্টারে কোন চিকিৎসক নাই এবং এই হেল্‌থ সেন্টারের ১০ থেকে ১৫ মাইলের মধ্যে অন্য কোন চিকিৎসাকেন্দ্র নাই। ফলে হাজার হাজার গ্রামবাংলার মানুষ সেখানে দিনের পর দিন লাইন দিয়ে সেখানে গিয়ে দাঁড়িয়ে থাকছে। একজন কম্পাউন্ডার সেখানে আছেন, কিন্তু তিনি এক রোগের ঔষধ আর এক রুগীকে দিচ্ছেন, যেটা তার পক্ষে নিশ্চয়ই অন্যায় নয়। আজকে সেখানে এই অবস্থা। বর্ধমানের গ্রামবাংলার মানুষ সি এম ও এইচ এবং এখানকার ডিরেকটার অব হেল্‌থ সার্ভিসের কাছে বার বার আবেদন নিবেদন করেছে হেলথ সেন্টারে ডাক্তারের জন্য। আজকে সেখানে তিন চার মাস যাবৎ কোন চিকিৎসক নাই, যে চিকিৎসক ছিলেন তিনি অন্যত্র বদলী হয়েছেন, তাঁর জায়গায় আর একজনের যাবার কথা এবং সেই রকম নির্দেশও দেওয়া হয়েছিল, কিন্তু অত্যন্ত বেদনার কথা সরকারের সেই নির্দেশকে বুড়ো আঙগুল দেখিয়ে যে ডাক্তারের যাবার কথা তিনি কাজে যোগ দিচ্ছেন না। অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যিনি আছেন, তাঁর এদিকে দৃষ্টি আকর্ষণ করছি। এখানে স্বাস্থ্যমন্ত্রী উপস্থিত নাই, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অবং মন্ত্রিসভার অন্যান্য সদস্যরা উপস্থিত আছেন, আমি আপনার মাধ্যমে তাঁদের দৃষ্টি আকর্ষণ ক'রে একথা বলতে চাই যে, অবিলম্বে এই হেল্‌থ সেন্টারে চিকিৎসক পাঠানো যেন হয় যাতে ক'রে গ্রামবাংলার মানুষেরা চিকিৎসার সুযোগ পায়, এ বিষয়ে সরকার নিশ্চয়ই সজাগ দৃষ্টি দেবেন, এই ব'লে আমি বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রদ্যোৎ মোহান্তি: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে পশ্চিমবাংলার মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে আমাদের পশ্চিমবাংলার স্কুল কলেজের এন সি সি ইনস্ট্রাক্টারদের বেতন সম্পর্কে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এ'রা ১৯৭১ সালের মে মাসের পূর্বে ১২ মাস কাজ করলেও ৯ মাসের বেতন পেতেন এবং ৫০ টাকা অনারারিয়াম পেতেন। কিন্তু ১৯৭১ সালের মে মাসে ভারত সরকারের নোটিফিকেশন অনুযায়ী ৯ মাসের জায়গায় ১২ মাসের বেতনের ব্যবস্থা হয়েছিল এবং সে অনুযায়ী সার্কুলারও দিয়েছিলেন। কিন্তু আমাদের শিক্ষা বিভাগ পুরানো রীতি অনুযায়ী তাদের ১২ মাসের বেতন না দিয়ে নয় মাসেরই বেতন দিয়ে চলেছেন। আমি তাই মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি যে, ভারত সরকারের সার্কুলার অনুযায়ী স্কুল কলেজের এই এন সি সি ইনস্ট্রাক্টারদের ৯ মাসের স্থলে ১২ মাসের বেতন দেবার যেন ব্যবস্থা করা হয়।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিশেষ একটা বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন আগে এই হাউসে মুর্শিদাবাদের সাগরদীঘি থানার একটা মর্মান্তিক ঘটনার খবর, অনাহারের মৃত্যুর খবর দিয়েছিলাম, গতকাল এই সাগরদীঘি থানায় কাজের অভাবে এবং খাদ্যের অভাবে তিন জন মারা গিয়েছে। আমি তাদের নাম এবং বয়সও দিচ্ছি—বোধন মুচি, বয়স ৪০, ইয়াদুন শেখ, বয়স ৩৫, এবং জাবর শেখ, বয়স ৪২। এই সাগরদীঘি থানার খবর এই হাউসে দাঁড়িয়ে আমি আগেও বলেছিলাম, আমি এই ঘটনার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে এই সম্বন্ধে সরকার উপযুক্ত ব্যবস্থা নেন। আমি এই প্রসঙ্গে জানাই যে, এই অঞ্চলে শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবদের লোকসংখ্যাই বেশী, প্রায় ৭০ ভাগ, কাজের অভাবে এই সমস্ত সম্প্রদায়ের লোকেরা নেপাল পর্যন্ত চলে গিয়েছে, মাত্র টি আর স্কীম চালু আছে, কাজের অভাবে মানুষ দিনের পর দিন অত্যন্ত দুরবস্থার মধ্যে পড়েছে, ওখানকার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং এস ডি ও-এর দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও এই ব্যাপারে তাঁরা উপযুক্ত দৃষ্টি এখন পর্যন্ত দিচ্ছেন না। আমি আজকে আবার এই মর্মান্তিক ঘটনার কথা আপনার সামনে রাখলাম। আশা করি এর পর সরকার এই সম্পর্কে ব্যবস্থা নেবেন। সেই মর্মান্তিক ঘটনার কথা আমি মন্ত্রী মহাশয়ের সামনে ও হাউসের সামনে রাখলাম। আশা করি সরকার এবিষয়ে ব্যবস্থা নেবেন। আরো আশা করবো মুখ্যমন্ত্রী এখানে আছেন, তিনি এ ব্যাপারে দৃঢ় পদক্ষেপ নেবেন এবং সুস্পষ্ট বক্তব্য হাউসের সামনে রাখবেন।

[3-10—3-20 p.m.]

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বর্ধমান জেলার লেলোজোরা হাইয়ার সেকেন্ডারী (হিউম্যানিটিজ) স্কুল, ইহা দোমহানীবাজারে অবস্থিত, এ সম্বন্ধে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ফেব্রুয়ারি, ১৯৭৩ থেকে শিক্ষকরা সেখানে বেতন পান নি। তার কারণ ম্যানেজিং কমিটির সভ্যরা গত ১৮ই ফেব্রুয়ারি, ১৯৭৩-তে পদত্যাগ করেছেন বেতন না দিয়ে, সেখানে কোন নূতন কমিটিও হয় নি, ফলে তিন মাস হয়ে গেল সেখানকার শিক্ষকরা কোন বেতন পাচ্ছেন না। এখনও অবধি সেখানে কোন অ্যাডমিনিস্ট্রেটরও নিয়োগ করা হয় নাই। শোনা যায় পুরান ম্যানেজিং কমিটি-র সদস্যরা বহু টাকা বে-আইনী ভাবে খরচ করেছেন, এভাবে বহু টাকা বিভিন্ন ফান্ডের টাকা ভাঙ্গা হয়েছে, অনিয়মিত নিয়োগ করেছেন। সেখানে সত্বর ব্যবস্থা অবলম্বন করা দরকার ও সত্বর অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ ক'রে সুস্থ পরিচালন ব্যবস্থা করা দরকার। শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা সত্বর পূরণ করা দরকার। হিসাব পরীক্ষার জন্য সেখানে সত্বর অডিটর নিয়োগ করা হোক। সেখানে জেলার ডি আই-কে নির্দেশ দেওয়া হোক যাতে তাঁরা বেতন পান ও শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা যা খোয়া গিয়েছে তা যাতে শিক্ষকদের কাছে রেস্টোর করা হয়। আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যাতে তিনি এ বিষয়ে একটা দ্রুত সিদ্ধান্ত নেন।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের ভয়াবহ বেকার সমস্যার পরিপ্রেক্ষিতে আমরা স্বভাবতই কেন্দ্রীয় সরকারের ৪৭ স্ট্র্যান্ড রোডস্থিত রৌপ্য শোধনাগার বন্ধের সংবাদে উদ্বিগ্ন। উক্ত রৌপ্য শোধনাগারের প্রতিষ্ঠালগ্নে ইহাই স্থিরীকৃত ছিল সামগ্রিক রৌপ্য শোধনের অব্যবহিত পরেই ইহাকে তাম্র শোধনাগারে রূপান্তরিত করা হইবে।

১৯৭২ খৃঃ এপ্রিল মাসে লোকসভায় "ইন্ডিয়ান কপার করপোরেশন (ম্যানেজমেণ্ট) বিল" পাশের সময় মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী শ্রীমোহন কুমারমঙ্গলম ঘোষণা করিয়াছিলেন যে, সরকার কলিকাতার ৬,৮০০ টন বার্ষিক উৎপাদন ক্ষমতাযুক্ত রৌপ্য শোধনাগারটি তাম্র শোধনাগারে রূপান্তরিত করিবার কথা চিন্তা করিতেছেন। স্বভাবতই জনগণ ইহাই আশা করে বর্তমান জনপ্রিয় সরকার তাহার প্রতিশ্রুতি রক্ষা করুক।

সেই উদ্দেশ্যেই কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করা দরকার, যাহাতে কেন্দ্রীয় সরকার লোকসভায় ঘোষিত সিদ্ধান্তের পরিবর্তন না করেন।

আমলাতান্ত্রিক তথাকথিত সরেজমীন তদন্তে সঠিক মূল্যায়ন কখনই সম্ভব নয়।

রৌপ্য শোধনাগারকে তাম্র শোধনাগারে রূপান্তরণের তথ্যপূর্ণ যুক্তি সকলের মধ্যে কয়েকটি উল্লেখ্য ঃ—

(১) দেশের মাত্র ১০ শতাংশ তামার চাহিদা বর্তমানে ভারতে উৎপাদন হয়। তাহার মধ্যে বিদ্যুৎ শোধিত তামার উৎপাদন অতি নগন্য।

(২) হিন্দুস্থান কপার লিমিটেডের উপদেষ্টা মিঃ ব্রিংটন-এর মতানুসারে সামান্য কিছু যন্ত্রাংশের লগ্নী সাপেক্ষে এই সংস্থাটিকে অতি সহজেই ১০,০০০ টন বার্ষিক উৎপাদনক্ষম তাম্র শোধনাগারে রূপান্তরিত করা যায়।

(৩) কেন্দ্রীয় সরকার রাজস্থান ক্ষেত্রীতে একটি তাম্র শোধনাগার প্রতিষ্ঠা করিয়াছেন। বিহারের ঘাটশীলায় তামা প্রতিষ্ঠানটির ভার কেন্দ্রীয় সরকার গ্রহণ করিয়াছেন। দেশের প্রতিরক্ষা ও শিল্পে তামার গুরুত্ব উপলব্ধি করিয়া সরকার সিংভূমে মধ্য-প্রদেশ প্রভৃতি স্থানে ব্যাপক খনিজ তাম্র আহরণের প্রস্তুতি গ্রহণ করিয়াছেন। উক্ত খনিজ তাম্রের শোধন কেবলমাত্র, ক্ষেত্রী ও ঘাটশীলায় সম্ভব নয়, এই সংস্থাটি বিদ্যুৎ শোধিত তাম্রের উৎপাদনে মূল্যবান অবদান যোগাইতে পারে।

(৪) তাম্রের চাহিদার কারণে পূর্বাঞ্চল বিশেষত পশ্চিমবাংলার বহুশিল্প ক্ষতিগ্রস্ত। হাওড়া, ২৪-পরগনার ছোটবড় অনেক শিল্প প্রতিষ্ঠান বর্তমানে বন্ধের মুখে।

(৫) বর্তমানে কেন্দ্রীয় সংস্থা হিন্দুস্থান কপার লিমিটেডের প্রধান কার্যালয় রাজস্থান ক্ষেত্রী হইতে কামাক স্ট্রীটের কলিকাতায় স্থানান্তরিত হইয়াছে। সেই কারণে এই প্রতিষ্ঠানকে তাম্র শোধনাগারে পরিবর্তিত করিলে বিস্তৃত ১৪ একর পরিমিত এলাকার মধ্যেই হিন্দুস্থান কপার লিমিটেডের প্রধান কার্যালয় স্থাপন করিতে পারে।

তাহা হইলে ভাড়া হিসাবে সরকারের যাহা ব্যয় হইতেছে তাহার সাশ্রয় হইবে। প্রধান কার্যালয়ের সহিত যুক্ত থাকায় তাম্র শোধনাগারের পরিচালন ব্যয় হইবে নগন্য।

(৬) রৌপ্য শোধনাগার বর্তমানে বস্তুতঃ পরিত্যক্ত। তাম্র শোধনাগারে রূপান্তরিত হইলে বহু শিক্ষিত বেকারের অবিলম্বে চাকুরিতে যোগদান সম্ভব হইবে।

(৭) পুরাপুরি তাম্র শোধনাগার হিসাবে ব্যবহার না করিয়া ইহার মূল্যবান যন্ত্রপাতি খুলিয়া ফেলিলে তাহাদের মূল্য অতি নগন্য হইবে। তাহা হইলে সরকার তথা জনগণের বহু অর্থের অপচয় ঘটিবে।

আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যাতে তিনি আলোচনা করে স্ট্র্যান্ড রোডের রৌপ্য শোধনাগারটি বন্ধ না হয় তা দেখেন। তিনি যাতে কেন্দ্রীয় সরকারের সহিত আলোচনা করেন ও মন্ত্রিমহাশয়কে বলেন, সে অনুরোধ করবো।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একদিকে ভয়াবহ সর্বনাশের কথা, অন্যদিকে একটু আশার আলো। ডি ভি সি ৪৩ মেগাওয়াট বিদ্যুৎ কম ক'রে দিয়েছে এবং ব্যান্ডেলে ৪০ মেগাওয়াট বাড়লো। ডি ভি সি বিদ্যুৎ বন্ধ করার ফলে আসানসোল এবং দুর্গাপুর মহকুমায় সর্বনাশ হতে চললো। সেখানে প্রতিনিয়ত বিদ্যুৎ বন্ধের ফলে আসানসোল এবং দুর্গাপুরের শিল্পাঞ্চল যেখানে লৌহ এবং ইস্পাত শিল্প, কয়লাশিল্প, কাগজ এবং অ্যালুমিনিয়াম কাজ রয়েছে ফায়ার ব্রিকস রয়েছে, সাইকেল, বিদ্যুতের তার এবং রেল এঞ্জিন-এর কারখানা রয়েছে দেখা যাচ্ছে দৈনিক ৬।৭ হাজার টন উৎপাদন নষ্ট হচ্ছে। যেখানে কয়লাখনিতে দৈনিক উৎপাদন ছিল ৭২ হাজার টন এখন হচ্ছে ৬৮ থেকে ৬৯ হাজার টন এবং দৈনিক ক্ষতির পরিমাণ হচ্ছে আড়াই লক্ষ টাকা। কয়েকদিন আগে পান্ডবেশ্বরের কয়লাখনি অঞ্চলে ১৫ হাজার শ্রমিককে লে-অফ করতে হয়েছিল ডি ভি সি-র বিদ্যুৎ বন্ধের জন্য। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, এই বিদ্যুৎ বন্ধের ফলে আসানসোল-দুর্গাপুর শিল্পাঞ্চলের কয়লাখনিতে মেসিনারির ক্ষতি হয়েছে ৫০ লক্ষ টাকার মতো। বিদ্যুৎ যদি বন্ধ হয়ে যায় তবে ২/৩ হাজার ফুট নীচের কয়লাখনিতে যে শ্রমিকরা কাজ করেন সঙ্গে সঙ্গে ওদের ওই নীচে থেকে ওপরে আনতে হয় এবং তার ব্যবস্থা করা সম্ভব হয় না তাড়াতাড়ি এবং তার ফলে বিনাকুটির মতো অবস্থা হতে পারে। আসানসোল শিল্পাঞ্চলের সেন-র‍্যালে সাইকেল কারখানার সমস্ত প্রোডাকসন নষ্ট হচ্ছে, বেঙ্গল পেপার মিলে ১০ লক্ষ টাকার পেপার পাল্প নষ্ট হয়েছে এবং আসানসোল-দুর্গাপুর শিল্পাঞ্চল মিলিয়ে এই বিদ্যুৎ সঙ্কটের ফলে ৩৫ থেকে ৪০ লক্ষ টাকা প্রতিদিন ক্ষতি হচ্ছে। আজকে ডি ভি সি-র বিজ্ঞাপন বেরিয়েছে এরা বিদ্যুৎ দিতে পারবে না। তার সঙ্গে সঙ্গে আমরা লজ্জার সঙ্গে দেখছি তারা উল্লেখ করেছেন ডি ভি সি-র এলাকার বাইরে চন্ডিতলাতে বিহার গভর্নমেন্ট, বিহার স্টেট ইলেকট্রিসিটি বোর্ড তারা ৪০ মেগাওয়াট বিদ্যুৎ নিয়ে চলে যাচ্ছে। আজকে যখন বিদ্যুতের এই অবস্থা তাতে ডি ভি সি আজকে যে অবস্থা সৃষ্টি করেছে তার ফলে আসানসোল শিল্পাঞ্চল বিরাট সঙ্কটের সম্মুখীন এবং সেখানে শিল্পাঞ্চল রক্ষা করার জন্য মন্ত্রীকে হস্তক্ষেপ করতে অনুরোধ করছি।

Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury: Sir, in reply to honourable member's statement I would like to tell the House that we are keeping a close watch on the matter. As the House is aware, the D.V.C. is a Government of India baby, but even then we are doing what is humanly possible.

শ্রীতপন চ্যাটার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। পানিহাটি নির্বাচন ক্ষেত্রে সুখচর-চন্দ্রচূড় হায়ার সেকেন্ডারী স্কুল নামে একটা হায়ার সেকেন্ডারী স্কুল আছে এবং সেখানকার শিক্ষকরা বিগত ৫ মাস যাবত বেতন না পাওয়ার ফলে অনশন ধর্মঘট করছেন। শুধু চন্দ্রচূড় নয় এই রকম বহু হায়ার সেকেন্ডারী স্কুল এবং প্রাইমারী স্কুলের শিক্ষকরা মাসের পর মাস মাইনে পাচ্ছে না। আমাদের লজ্জায় মাথা হেঁট হয়ে যায়। আমাদের সরকারের সময় আমরা যে উন্নততর সমাজ গড়ে তোলার আশার সঞ্চার করেছিলাম তা আমাদের সময়ই যদি শিক্ষকরা এইরকম মাসের পর মাস বেতন না পান, তা হলে আমাদের লজ্জা লাগে। সরকারকে বহুবার অবহিত করা হয়েছে, কিন্তু অদ্যাবধি কোন ব্যবস্থা হয় নি। এই স্কুলে অ্যাডমিনিস্ট্রেটর আছে। এই স্কুলে হেড মাস্টার আছেন বা অন্যান্য মাস্টাররা আছেন, তাঁরা বেতন পাচ্ছেন না। প্রাইমারী স্কুলের মধ্যে যেসব মিউনিসিপ্যাল স্কুল ছিল সরকার নির্দেশ দিয়ে সেইসব প্রাইমারী স্কুলগুলোকে সরকারের অধীনে এনেছেন। কিন্তু তাদের ভবিষ্যৎ কি হবে তা সরকার থেকে নির্ধারিত করা হয় নি। তার ফলে একদিকে যেমন প্রাইমারী টিচাররা মাইনে পাচ্ছেন না, অপরদিকে তেমনি হায়ার সেকেন্ডারী স্কুলের যেসব স্কুল ডেফিসিট গ্রান্টে ছিল সেইসব স্কুলের শিক্ষকরাও বেতন পাচ্ছেন না। সুতরাং আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যাতে অবিলম্বে এই সমস্ত স্কুলে যেসব শিক্ষক কর্মরত আছেন তাঁদের বেতন প্রদানের ব্যবস্থা করা হয়।

[3-20—3-30 p.m.]

শ্রীরজনীকান্ত দলুই: মিঃ স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। বাংলার নববর্ষের শুরুতে দেখতে পাচ্ছি যে, মেদিনীপুর জেলায় ভারতের কমিউনিস্ট পার্টি নূতনভাবে জমি দখলের আন্দোলনে নেমে পড়েছেন। গত ৪ঠা মার্চ, ১৯৭৩ তারিখে সকাল ৯ ঘটিকায় কেশপুর ব্লকের অন্তর্গত ১১নং অঞ্চলের ইটাহার গ্রামের শ্রীফকরুদ্দিন মল্লিকের নিজস্ব জমিতে যখন শ্রী মল্লিক মজুরদের নিয়ে জমি চাষ করাচ্ছিলেন তখন সি পি আই-এর প্রায় ২।৩ শত কর্মী ও সমর্থক লাঠি, তীর, ধনুক, হাত বোমা, সোডার বোতল, বল্লম ইত্যাদি নিয়ে শ্রী মল্লিককে আক্রমণ করে। শ্রী মল্লিক ও তার কর্মীদের চিৎকারে গ্রামবাসীরা মল্লিকের সাহায্যার্থে এগিয়ে আসেন। তখন ঐ উদ্ধত সি পি আই সমর্থকগণ তাদেরকেও প্রহার করতে ও হাত বোমা, তীর ইত্যাদি ছুঁড়তে থাকে। তাদের প্রায় ৬।৭ জন ব্যক্তি সঙ্গে সঙ্গে আহত হয়ে পড়ে এবং তার সাথে সাথে নিরীহ গ্রামবাসীরা তাদের জীবন বিপন্ন জেনে আত্মরক্ষার্থে বন্দুক নিয়ে শূন্যে দু-তিনটি গুলি ছোঁড়ে এবং তারপর সি পি আই সমর্থকগণ স্থান ত্যাগ করতে বাধ্য হয়। সি পি আই-এর এই তাণ্ডব নৃত্যের ফলে ঐ এলাকায় এখন জনগণের মধ্যে সন্ত্রাসের সৃষ্টি হয়েছে। অবিলম্বে যদি আইনানুগ ব্যবস্থা না নেওয়া হয়, তা হলে সি পি আই সমর্থকরা যেভাবে সরকারী নিষেধাজ্ঞা অমান্য করে জমিতে জোর করে চাষ করবার আন্দোলন শুরু করেছে যা বন্ধ হবে না এবং তাতে আইন-শৃঙ্খলার সাংঘাতিক অবনতি ঘটবে। এই ব্যাপারে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীওমর আলি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে কথা বললেন তা আদৌ ঠিক নয়। আমি ওখানে নিজে গিয়েছিলাম। উনি বরং যান নি। আমি হাসপাতালে গিয়ে দেখে এসেছি যে, ৬ জনকে গুলিতে আহত করা হয়েছে এবং ঐ গোলাম মোস্তাফা ওরফে মস্তান মল্লিক তিনি আরও দু-তিনজন বন্দুক নিয়ে গুলি চালিয়েছে।

শ্রীশিশিরকুমার ঘোষ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হচ্ছে গত তিন মাস যাবত খড়দহ অঞ্চলের শিবনাথ হাইস্কুলের শিক্ষক কর্মচারী ও অশিক্ষক কর্মচারীরা বেতন এবং ডি এ কিছুই পান নি। এই বেতন না পাবার কারণ হচ্ছে এই স্কুলের কর্তৃত্ব কার তা নিয়ে অ্যাড হক কমিটি এবং অ্যাডমিনিস্ট্রেটারের সঙ্গে বিবাদ। এই বিবাদ যাই থাকুক না কেন মাস্টার মহাশয়দের হক টাকা এবং তাদের যে ১৮ মাস যাবত ডি এ পড়ে রয়েছে সেটা কেন পাবেন না? এই ব্যাপারে সরকারীভাবে এবং বেসরকারীভাবে ডি আই-কে বার বার বলা সত্ত্বেও এবং বিভিন্ন জায়গায় লেখা সত্ত্বেও কোন ব্যবস্থা হল না। এই ব্যাপারে সুরাহা হবে কিনা ঐ সমস্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীরা বেতন এবং ১৮ মাসের ডি এ যে পান নি তা মুখ্যমন্ত্রী মহাশয়কে নিজে এ দায়িত্ব নিয়ে দেখতে অনুরোধ করছি। মাস্টার মহাশয়রা গত ১৮ মাস যাবত ডি এ পান নি এবং সেই টাকা সরকারী খাতে পড়ে আছে। সেই টাকা তারা দিতে বাধ্য। আজকে আমলাদের কারচুপির জন্য এই অবস্থা ঘটেছে। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে এ বিষয়ে বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker: On the 3rd May, 1973, on the subiect of supply of electricity by a foreign concern resulting in loss of State revenue in response to the Calling Attention Notice of Shri Md. Dedar Baksh, Shri Harendra Nath Halder and Shri Adya Charan Dutta, tabled on the 26th April, 1973, I call upon Shrimati Geeta Mukhopadhyay to point out the alleged inaccuracy.

শ্রীমতী গীতা মুখার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৩রা মে তারিখে একটি দৃষ্টি আকর্ষণী নোটিসের জবাবে কলকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে রাজ্য বিদ্যুৎ পর্ষদ যে দরে বিদ্যুৎ সরবরাহ করেন তার ব্যাখ্যা দিতে গিয়ে সংসদীয় মন্ত্রী জ্ঞানসিং সোহনপাল যেসমস্ত

তথ্য উল্লেখ করেছেন তাতে ব্যক্ত তথ্যের মধ্যে কতকগুলি ভুল আছে এবং কতকগুলি তথ্য অব্যক্ত রেখে একটি ভুল ইম্প্রেসন দিতে চেষ্টা করা হয়েছে যে, বিদেশী কোম্পানী সি ই এস সি-কে বিদ্যুৎ পর্ষদ যে দামে বিদ্যুৎ সরবরাহ করেন তাতে পর্ষদের কোন লোকসান নাই। এই বিবৃতিতে প্রকৃত সি ই এস সি-কে যে বিদ্যুৎ দেওয়া হয় তার ওভারঅল রেট অব রেভিনিউ দেখানো হয়েছে কিলোওয়াট-ঘণ্টা পিছু ৮·৬ পয়সা, আর সেটা যে কোন লোকসান নয় তা দেখানোর জন্য বলা হয়েছে অ্যাভরেজ কস্ট অব এনার্জি সেন্ট আউট অ্যাট ব্যান্ডেল থার্মাল পাওয়ার স্টেসন অব দি বোর্ড ইজ ৬·০৮ পয়সা পার কিলোওয়াট-আওয়ার। অর্থাৎ বোঝাতে চাওয়া হয়েছে যে ওভারঅল রেট সি ই এস সি-র কাছে যখন ইউনিট পিছু ৮·৬ পয়সা পাওয়া যায় এবং ব্যান্ডেল থেকে দিতে যখন তার চেয়ে অনেক কম অর্থাৎ ইউনিট পিছু ৬·০৮ পয়সা খরচ পড়ে তখন লোকসানের কথাই উঠে না। এই বিবৃতির মধ্যে দু রকম ভুল তথ্য বলা হয়েছে। প্রথমত সি ই এস সি-কে যে বিদ্যুৎ রাজ্য বিদ্যুৎ পর্ষদ দেন তা কেবল ব্যান্ডেলের বিদ্যুৎ থেকে পরিবেশিত হয় না। তার মধ্যে ডি পি এল-এর কোক-ওভেন প্ল্যান্ট থেকে উৎপন্ন বিদ্যুৎও থাকে। ফলতঃ সেই বিদ্যুতের দাম এবং ব্যান্ডেলে আনা ট্রান্সমিসন খরচও থাকে। এক কথায় যাকে বলা হয় ওয়েস্ট বেঙ্গল সিস্টেম তাই থেকে এই বিদ্যুৎ পরিবেশিত হয়। তাই যদি না হত, তা হলে ডি পি এল-এর বিদ্যুৎ কমতি এলে কলকাতায় সর্টেজের যে কথা একাধিকবার বিদ্যুৎমন্ত্রীর বিভিন্ন প্রকাশ্য বিবৃতিতে পাওয়া গিয়েছে তার কোন মানেই থাকত না। কাজেই হিসাবটাও সেক্ষেত্রে হওয়া উচিত ছিল গোটা সিস্টেমের কস্ট নিয়ে। সেই ওয়েস্ট বেঙ্গল সিস্টেমের কস্ট সম্পর্কে রাজ্য বিদ্যুৎ পর্ষদের শেষ প্রকাশিত অ্যানুয়্যাল অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্ট ১৯৭০-৭১ (যেটি বিধানসভার সদস্যদের মধ্যে ইতিপূর্বে প্রচারিত হয়েছে) তাতে দেখা যাচ্ছে ১৭ পৃষ্ঠার পর দ্বিতীয় টেবলে তাঁরা রাজ্য বিদ্যুৎ পর্ষদের ১৯৬৯-৭০ সালের কস্ট পার ইউনিট সোল্ড দেখিয়েছেন ১০·৭৪ পয়সা। ১৯৬৯-৭০ সালের কস্ট পার ইউনিট সোল্ড সংক্রান্ত এই প্রমাণ্য প্রচারিত তথ্যের পর আজ ১৯৭৩ সালে কস্ট কমবার কোন কারণ তো নেইই বরং বাড়তে বাধ্য, একথা যে কেউ বুঝতে পারে। এই ওভারঅল কস্ট অনুযায়ী তো অপরাপর ক্ষেত্রে বুক কনজিউমারদের ট্যারিফ ঠিক হয়। তবে সি ই এস সি-র ক্ষেত্রে তা না করে বিদেশীয় কোম্পানীর প্রতি এই বিশেষ আনুকূল্যের কারণ কি? আর সেই অনুকূল্য ঢাকার জন্য সি ই এস সি-কে প্রদত্ত সাধারণ (অর্থাৎ রাস্তার লিন আওয়ার ছাড়া) ইউনিটের দামটা উল্লেখ করা হয়েছে ৮·৬ পয়সা। অথচ তার সংগে তুলনা করা হয় নি পর্ষদের নিজস্ব প্রকাশিত তথ্য ওভারঅল কস্ট পার ইউনিট সোল্ড ১০·৭ পয়সা, তুলনা করা হয়েছে তথাকথিত ব্যান্ডেল থেকে সেন্ট আউট এনার্জি কস্ট-এর মধ্য দিয়ে সঠিক রের পরিস্থিতি সম্বন্ধে সত্য গোপন করা হয়েছে। দ্বিতীয় যদি ব্যান্ডেলের কস্ট-এর কথাও ধরা হয়, তা হলে সেখানেই বা ব্যান্ডেল থেকে বিদ্যুৎ উৎপন্ন হয়ে সি ই এস সি-র তিন জায়গায় সরবরাহ হতে যে কস্ট হয় তার পুরো বিবরণ কেন দেওয়া হয় নি? ১৩২ কেভি লাইনে হাওড়া লিলুয়া ও কসবাতে যে বিদ্যুৎ দেওয়া হয় তার খরচের আপ কমপোনন্ট দেখাতে গিয়ে মন্ত্রী উল্লেখ করেছেন ডিম্যান্ড চার্জের, এনার্জি চার্জের ও ফিউয়েল সারচার্জের। এনার্জি চার্জ দেখানো হয়েছে ইউনিট পিছু ৪·২ পয়সা। এই এনার্জি চার্জ কি বিদ্যুৎ উৎপাদন খরচা? তা যদি হয় তবে রাজ্য বিদ্যুৎ পর্ষদের উল্লিখিত ১৯৭০-৭১ সালের রিপোর্টের ১৭ পাতার পর প্রথম টেবলে ব্যান্ডেলের জেনারেশন কস্ট পার ইউনিট ১৯৬৯-৭০-এ ৫·২৩ পয়সা ও ১৯৭০-৭১-এ ৫·২৬ পয়সা বলা আছে কেন? তার সংগে হিসাবের কোনও মিল নাই কেন? আর যদি বলা হয়—না, এনার্জি চার্জের উপর কোনও কোনও উপাদান বিদ্যুৎ উৎপাদন খরচার মধ্যে পড়তে হয়, তা হলে সি ই এস সি-কে ব্যান্ডেল থেকে একেবারে তার সিস্টেমে পৌঁছে দেবার সময় খরচটি দেখান হয় নি কেন? ব্যান্ডেল থেকে হাওড়া লিলুয়া বা কসবায় পৌঁছতে কি ট্রান্সমিসন ডিস্ট্রিবিউট-এর কোনও খরচ নেই? সে সব খরচ না ধরে ব্যান্ডেল থেকে তথাকথিত পাওয়ার সেন্ট আউট-এর খরচ বলা কি হাউসকে ভুল ইম্প্রেশন দেয় না?

এইবার আসনু নাইটলি লিন আওয়ারস্ বলে রাত ১০টার পর থেকে পরদিন সকাল ৬টা পর্যন্ত সি ই এস সি-কে অসাধারণ কনসেসনাল রেটে যে বিদ্যুৎ দেবার কথা উল্লিখিত আছে তার তথ্য ও যুক্তিগুলির কথায় এখানে মন্ত্রিমহাশয় বলেছেন যে, ইন্সিডেণ্টাল কস্ট অব জেনারেশন, অাই ই কস্ট অব ফুয়েল ই টি সি ইস ৩·৩১ পয়সা পার ইউনিট (এখানে বোধ হয় কস্ট ইন্সিডেন্টাল হবে না, হবে ইনক্রিমেন্টাল অর্থাৎ বাড়তির জন্য বাড়তি খরচ)। সে যাই হোক, এই ৩·৩১ পয়সার এগেনস্টে মন্ত্রী দেখিয়েছেন যে, সি ই এস সি ৩·৫৬ পয়সা পার ইউনিট দিচ্ছে, এবং ২ পয়সা বেসিক এনার্জি চার্জ। ১·৫৬ পয়সা ফুয়েল সারচার্জ ধরে এই ৩·৫৬ পয়সা পার ইউনিট হয়েছে। তাদের সি ই এস সি-র কাছ থেকে নাইটলি লিন আওয়ার্সে ১৫ মিলিয়ন কে ডাবলু এইচ পার মান্থের বেশী বিদ্যুতের জন্য ইউনিট পিছু এই দাম ধরায় কোন লোকসান নেই।

এখানে কথা তিনটি সি ই এস সি-কে এই কনসেসনাল রেটে দেবার প্রথম যুক্তি হল নাইটলি লিন আওয়ার্সে যন্ত্রপাতি চালু রাখার খরচা এমনিতেই পড়ত অথচ ওই সময়ে অত বিদ্যুৎ (যা উৎপন্ন করতেই হবে যন্ত্র চালু রাখতে হলে) তা নেবার মত অন্য কোনও খদ্দের নেই, কাজেই নর্মাল রেটে বা ওর চেয়ে বেশী রেটে বিদ্যুৎ বিক্রির কোনও সম্ভাবনা ছিল না। ১৯৭৩ সালে কি এ যুক্তি বিগত ৩ বছরের বিদ্যুতের যে সর্টেজ নিয়ে অবিরত আলোচনা চলছে তার পটভূমিকায় গত দু বছরে বহু কারখানাকে রাত্রের সিফট চালু করতে হয়েছে - তাতে নাইটলি লিন আওয়ার্সে লোড ডিমাণ্ড আগের চেয়ে বেড়েছে কিনা সেই পটভূমিকায় সি ই এস সি-র চেয়ে কম একেবারে কনসেসনাল রেটে অন্যান্যদের কাছে বিদ্যুৎ বিক্রি করা যেত কিনা এ প্রশ্নকে একেবারে এড়িয়ে যাওয়ার মধ্যে দিয়ে আজকে বিদ্যুৎ পর্ষদের উপরোক্ত বিদ্যুৎ বিক্রির পোটেনশিয়াল প্রফিটেবিলিটি কি হতে পারত তা হাউসকে বলা হয় নি, তার মধ্যে দিয়েও হাউসকে ইনএ্যাকিউরেট ইম্প্রেসন দেওয়া হয়েছে।

দ্বিতীয়তঃ যে ফুয়েল কস্টের কথা বলা হয়েছে তা কোন্ বছরের কস্ট? তা যদি ১৯৭১ সালের কস্টের কথা হয়ে থাকে তবে কে না জানে যে, বিগত দু বছরে ফুয়েল কস্ট অন্ততঃ ৩০ থেকে ৪০ শতাংশ বেড়েছে? তার হিসাব কোথায় যাবে?

তৃতীয়ত যে যুক্তি দেওয়া হয়েছে অর্থাৎ বাড়তি খরচ যা হচ্ছে তার চেয়ে বেশী সি ই এস সি-র কাছে পাওয়া যাচ্ছে তা যদি প্রমাণ করতে হত, তা হলে যে তথ্যের প্রয়োজন হত তা হলঃ

(ক) সি ই এস সি-র সঙ্গে চুক্তি করার আগে কি তেল জ্বালানো হত ব্যাণ্ডেলের বয়লার লিন আওয়ারে চালু রাখার জন্য, ও তার খরচ কত এবং চুক্তি হবার পর কি তেল জ্বালানো হচ্ছে ও তার খরচ কত—এই দুইয়ের মধ্যে তফাৎ কত এবং এই কনসেসনাল রেটে দেওয়া বিদ্যুৎ থেকে যে রেভিনিউ সি ই এস সি-র কাছ থেকে পাওয়া যাচ্ছে তাতে করে সেটা জাস্টিফায়েড হয় কিনা—এ বিষয়ে এই সূত্রে কোন তথ্য দেওয়া হয় নি, কারণ তাতে প্রতিপাদ্য প্রমাণ করা যেত না।

(খ) রাত্রে ক্ষীণ সরবরাহের সময়ে ইউনিট পিছু ফুয়েল কস্ট হিসাবে যে ৩·০১ পয়সা পার কিলোওয়াট দেখানো হয়েছে সেটাও সঠিক নয়, কারণ তাতে বাড়তি অন্যান্য খরচ ধরা হয় নি, যথা লুব্রিকেটিং অয়েল, ওয়াটার এবং অপরাপর কনজিউমেবল স্টোর্স (যথা চট, গ্যাস ইত্যাদি ধরনের জিনিস), তা ছাড়া আরো ধরা হয় নি এই বাড়তি বিদ্যুৎ দেবার দরুন ট্রান্সমিসন লাইন লস। মন্ত্রিমহাশয়ের জবাবে এসব খরচের উল্লেখ নেই, তা আকস্মিক নয়। কারণ সেগুলি ধরলে অঙ্কটি ৩·০১ পয়সার চেয়ে অনেক বেশী হবার সম্ভাবনা, এমন কি সি ই এস সি-র কাছ থেকে ঐ সময়ে বিদ্যুতের জন্য যে রেট পাওয়া যাচ্ছে অর্থাৎ ৩·৫৬ পয়সা কিলোওয়াট-আওয়ার তার চেয়েও বেশী হতে পারে। কাজেই এই তথ্য দিলে হাটে হাঁড়ি ভেঙ্গে সত্য কথা প্রকাশ হয়ে যেত।

অধ্যক্ষ মহাশয়, উপরোক্ত তথ্য ও যুক্তির ভিত্তিতে আমি এই দাবি করছি যে, ওরা মে-র বিবৃতিতে একটি বিদেশী কোম্পানীকে বিশেষ কনসেসন দেওয়ার মারফৎ সত্যই রাজ্য বিদ্যুৎ পর্ষদের উপর তা আর্থিক প্রতিক্রিয়া কি হচ্ছে সে সম্পর্কে ভুল ধারণারই সৃষ্টি করা হয়েছে। সেই কারণে এই সব ইনকনভেনিয়েন্ট রিজিয়নে এই তথ্য মন্ত্রিমহাশয়ের দেওয়া তথ্য যায় না। যেহেতু একটা তথ্য দেওয়া তার ভিতরে ভুল থাকা আর একটা তথ্য না দিয়ে সেই তথ্য গোপন করা তার ভিতর দিয়ে ভুল করা—এই দুটো ভুলের ফল হল এক মানুষের উপর ভুল ইম্প্রেসান করা। কাজেই আমি দাবি করছি যে, মাননীয় মন্ত্রিমহাশয় এইদিন যে তথ্য পরিবেশন করেছিলেন তাতে যে গুরুতর ইনঅ্যাকিউরেসি আছে। সেই গুরুতর ইনঅ্যাকিউরেসি আসলে সত্যিসত্যি সি ই এস সি-কে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড যে হারে বিদ্যুৎ দিয়েছেন সেই হারে বিদ্যুৎ দেবার জন্য এদের উপর ফাইন্যানসিয়াল কি প্রতিক্রিয়া হচ্ছে সেটা গোপন করা হয়েছে। আমি যে তথ্য এখানে উপস্থিত করলাম পাল্টা যুক্তি দিয়ে তা যদি পূর্ণ তথ্য পরিবেশিত হয়, তা হলে দেখা যাবে যে, ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড এই বিদেশী কোম্পানীকে এই ধরনের কনসেসনাল রেটে বিদ্যুৎ দেবার দরুন আমাদের স্টেট এক্সচেকার থেকে প্রকৃত ক্ষতি হচ্ছে। কাজেই এই সাবমিশন আমি আপনার কাছে করছি

Mr. Speaker: I now call upon Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs to make a statement.

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, before I reply to the points raised by Shrimati Geeta Mukhopadhyay ....

Shri Kumardipti Sen Gupta: On a point of order, Sir. May I seek certain clarifications from Shrimati Geeta Mukhopadhyay? We could not follow her. She has said something about omission; she could not say anything regarding any point of allegation. She has mentioned about omission, omission by way of comparison. (Shrimati Geeta Mukhopadhyay: Omission and commission both,) She has mentioned about omission—not exactly commission. She has also mentioned lastly............

যে হারে বিদ্যুৎ দেওয়া দেখান হয়েছে সেই হারে বিদ্যুৎ দিয়ে নাকি কোম্পানীকে সুবিধা দেওয়া হয়েছে।

But matters like this must be specific, must be cogent and must be pointed to sustain the charge she has argued for full fifteen minutes. So, until and unless the matter is specific, which the gracious lady, the honourable member drew by way of conclusion, which is materially false, until and unless this is made clear to us it is not possible for us to know what are exactly the difficulties which have been put forward by way of answer or what illegal or illogical thing the Hon'ble Parliamentary Affairs Minister has committed.

Mr. Speaker: On 3rd May last Shri Gyan Singh Sohanpal, on behalf of the Minister-in-charge of the Department of Power, made a statement in response to a calling attention matter and over that Shrimati Geeta Mukhopadhyay pointed out that there are some inaccuracies in the statement that has been made by the Parliamentary Affairs Minister. She gave that in writing. After that one copy was given to the Hon'ble Minister to clarify the position, whether really, as has been alleged by Shrimati Geeta Mukhopadhyay, there is any inaccuracy or whether the statement is totally correct. For that I have admitted and allowed her to point out inaccuracies and let the Hon'ble Minister say whether there is any inaccuracy or whether the statement made on 3rd May is perfectly correct. If he makes a statement then everything will be made clear.

[3-40—3-50 p.m.]

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, before I reply to the point raised by Shrimati Mukherjee I seek your indulgence and through you the indulgence of the Honourable Members of this House to make a few submissions. Sir, you will please recall that on the 3rd May I made a statement in reply to the Call Attention Notice. Sir, you will also remember the circumstances in which I made the statement. Sir, when you called upon the Minister-in-charge of Power to make a statement in response to that Call Attention Notice I informed the House that both the Power Minister as also his Deputy were out of station. At the same time your office handed over to me a statement which, I understand, was sent by the Deputy Minister for Power to your office who was leaving Calcutta then. You permitted me, Sir, to read out that statement. I say this not with the idea of passing away the baby to our Minister but I am just trying to give you the background of it. Whatever I have said on that day I once again reiterate with all responsibilities I have said it and I am prepared to shoulder all the responsibilities and the consequence. Sir, next day Mrs. Mukherjee gave a notice for a privilege motion. Though the notice was defective which could have been rejected straightaway but you were kind enough to give her a hearing and after hearing me also you were kind enough to observe that there was no question of privilege involved in these. That was the correct position, that was the position which I was submitting before you, Sir. I have said that no attempt was made to mislead the House. I once again repeat it today, Sir. Today again you have permitted her to raise this point—not a privilege motion but just to raise this point, just to explain the inaccuracies. Sir, you have done this in your magnanimity —I may be permitted to say this—because if rules are to be followed she cannot enjoy this privilege also. Sir, I draw your attention to the practice and procedure in Parliament where it is clearly stated—

> "When a member points out a discrepancy in any statement made by a Minister and desires that it be corrected the Member may be directed to raise the matter in the House only if the matter challenged has an intimate relation to his own statement or arises out of a question asked by him."

Unfortunately it was not done. No statement was made by Mrs. Mukherjee or it does not relate to the question put forward in this connection. Since you have permitted to raise the issue I think it my duty to answer those points.

Sir, the reply which was given in response to the Call Attention Motion was in relation to the specific question which was tabled. 'The question stated that the Government (S.E.B.) was being subjected to a loss of Rs. 4 crores due to the sale of energy to a foreign concern namely C.E.S.C. and Government's attention was invited to undertake the measures so as to avoid this loss.' In the statement that was made in this connection earlier, it was made clear that the rates at which energy was being sold to C.E.S.C. from Bandel Thermal Power Station was higher than the actual cost of generation there. We had sought to submit before the House that in this transaction there was no question of the State Electricity Board suffering any loss.

Three basic points have been raised by Mrs. Geeta Mukhopadhyay:

(1) That the generation cost of 6.08 paise as mentioned in the reply to the Call Attention Motion was not correct. That the cost was 10.74 paise as mentioned in the Annual Administration Report of the West Bengal State Electricity Board (1970-71) and that there was a wilful attempt on our part to mislead the House.

(2) That the incremental cost as mentioned in the original reply was not correct for 'non-inclusion of certain other elements of costs like consumable stores, transmission loss factors, etc.'

(3) That the State Electricity Board could have found out load other than that offered by C.E.S.C. during the night lean period and could have realised revenue at a rate higher than that of C.E.S.C.

I will take up the points one by one—

(a) The rate of 6.08 paise as mentioned in the original reply was the actual cost of generation at Bandel Power Station in 1971-72. The cost of 6.08 paise should be distinguished from the cost-figure of 10.74 paise as shown in the Annual Administration Report. The cost of 10.74 paise is arrived at after taking into consideration the cost of generation, purchase, transmission, distribution, etc. for the entire areas served by the Board. Besides, this includes the cost of generation from hydel-stations, diesel stations, steam stations; purchases from the D.P.L. and D.V.C. and also the expenditure on Extra-High Voltage Transmission, High Medium and Low Voltage Distribution. Consumers' Meter Reading, Billing, etc. as well as the General Establishment and Administration charges.

[3-50—4-30 p.m. including adjournment.]

The Board has extensive transmission and distribution systems at different voltages, namely, 130, 66, 33, 11, 6.6 and 3.3 K.V. as well as 400 and 230 volts for meeting the power requirements of all types of consumers—domestic, commercial, industrial, etc. It is obvious that most of these overheads would not apply to the Board's supply to the C.E.S.C. which takes place at 132 K.V. only involving a comparatively small length of the transmission line from Bandel to Calcutta. While working out the cost of energy supplied to the C.E.S.C., the cost of generation at Bandel and the cost of its transmission to Calcutta should only be considered. For purpose of supply to the C.E.S.C., the actual cost of generation at Bandel which is 6.08 paise has been taken into consideration and the overall expenditure in the entire system of S.E.B. has not been added on to it. There has, therefore, been no attempt to mislead the House on this score. In this connection, it may also be stated that any increase in the cost would mostly relate to fuel, which would be realised under the Fuel Surcharge Clause. I may also add that even if the price at which power is purchased by S.E.B. from D. P. L. is taken into consideration the average cost of supplying electricity to the C.E.S.C. will be still less than our rate of 8.61 paise for supplying power to the C.E.S.C.

(b) With reference to the second point, I beg to state that for proper and correct appreciation of the issue in question, the incremental cost of supply during night lean hours and incremental rate of supply during the same period should be considered. I confirm that in arriving at the incremental cost, consumable stores, transmission loss, etc. have been included. As the special rate came into effect from 1st January, 1971, it would be reasonable to consider the figure for 1971-72 in this connection. During the year the incremental cost was about 3.01 paise per KWH, while the incremental rate was 3.56 paise per KWH.

(c) So far as the third point is concerned, I submit that this forms no part of the original Call Attention Motion. Whether there could be an alternative way of getting the night load for the S.E.B. is an entirely different exercise and falls outside the purview of the Call Attention Motion as it was tabled.

To sum up, I would again like to say that by supplying to the C.E.S.C. electricity at the present rate, the Board is not incurring any loss. It was explained earlier that modern large-capacity boilers and turbo-alternators need a minimum level of load. It was, therefore, necessary for the Board to arrange for some additional night load. Had the additional night load been not available generating units could become unstable and the operations could be affected adversely resulting in extra and unremunerative expenditure. The cost of oil consumption would also have been more.

I submit, therefore, that there was no attempt to mislead the House.

Even after hearing this, Sir, if Mrs. Mukherjee has any doubt and claims that her figures are correct and the Power Department also feel that they are correct, I do not wish to enter into that controversy. The best course would be that she should sit with the Power Minister so that they could come to a correct understanding and after that we could make a fresh statement, if necessary.

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি এখনো মনে করি আমার ফিগরটাই ভ্যালিড, কিন্তু আমি সব সময়েই পাওয়ার মিনিস্টারের সংগে বসতে রাজি আছে।

শ্রীমতী ইলা মিত্রঃ অধ্যক্ষ মহাশয়, এর একটা কপি পেলে ভাল হত।

Mr. Speaker: If I get a copy, certainly I will supply the same to you.

LAYING OF REPORTS

Annual Report on the Working and Affairs of the Electro-Medical and Allied Industries Ltd., for the year 1971-72

Dr. Zainal Abedin: Sir, I beg to lay the Annual Report on the Working and Affairs of the Electro-Medical and Allied Industries Ltd. for the year 1971-72.

Statements of the Estimated Capital and Revenue Receipts and Expenditure (Budget Estimate) for the year 1973-74 and Statement of Accounts for the year 1971-72 of the West Bengal State Electricity Board

Shri Suniti Chattaraj: Sir, I beg to lay—

(a) the Statements of the Estimated Capital and Revenue Receipts and Expendiutre (Budget Estimate) of the West Bengal State Electricity Board for the year 1973-74, and

(b) the Statement of Accounts of the West Bengal State Electricity Board for the year 1971-72.

(At this stage the House was adjourned for 30 minutes).

(After adjournment)

LEGISLATION

[4-30—4-40 p.m.]

The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1973.

Shri Sankar Ghose: Sir, I beg to introduce the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1973.

(Secretary then read the title of the Bill.)

Shri Sankar Ghose: Sir, I beg to move that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1973, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই বিলটা এনেছি যাতে করে বিক্রয় করের ক্ষেত্রে এই কর ফাঁকি দেওয়ার বিরুদ্ধে আমরা আরো জোরদার ব্যবস্থা নিতে পারি। আমরা যখন সরকারে এলাম তখন দেখলাম এই বিক্রয় করের ক্ষেত্রে নানা রকম কর ফাঁকির একটা প্রথা যেন চলে আসছে। সেইজন্য আমরা এই কর ফাঁকির বিরুদ্ধে কতকগুলি ব্যবস্থা এমনি নিয়েছিলাম যেগুলি প্রশাসন ব্যবস্থা। আমরা ব্যুরো অব ইনভেস্টিগেসনকে জোরদার করেছিলাম এবং কিছু কিছু অসাধু ব্যবসায়ীর প্রেমিসেসে হানা দিয়ে আমরা কাগজপত্র পেয়েছিলাম, কিছু কিছু প্রোসিকিউ-সন আরম্ভ করেছিলাম। গত বছরে আমাদের সমস্ত কর বিশেষ করে এই বিক্রয় কর থেকে রাজস্ব বেশী আসে এবং সমস্ত কর নিয়ে প্রায় সাড়ে সাত কোটি টাকা আমরা বেশী রাজস্ব পেয়েছিলাম। গত বছরে এই টাকার বেশীর ভাগ আমরা বিক্রয় কর থেকে পেয়েছিলাম। এই কর আদায় করবার ব্যাপারটাও আমরা জোরদার করেছি। এখানে যা কিছু নূতন কর ধার্য হয়েছে তাতে আপনাদের জানাচ্ছি গত বছর জুন এবং জুলাই মাসে ১০ কোটি টাকা নূতন কর ধার্য করেছিলাম। তার আগে যে নূতন কর ধার্য হয়েছে অকট্রয় বাদ দিয়ে এবং বাংলাদেশের লেভি বাদ দিয়ে তাতে দেখছি ২ কোটি টাকার বেশী নূতন কর ধার্য কোনদিন হয় নি। এই কর ফাঁকি বিশেষ করে বিক্রয় কর ফাঁকি বন্ধ করে আমরা গত বছর সাড়ে সাত কোটি টাকা পেয়েছি, যেটা ২ কোটি টাকার বেশী কোনদিন হয় নি। আমরা কর ফাঁকির বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে আদায় ব্যবস্থা জোরদার করে প্রায় তিন গুণেরও বেশী অর্থাৎ সাড়ে সাত কোটি টাকা বেশী রাজস্ব আদায় করেছি। এতে আমাদের বিশ্বাস জন্মেছে যে. এই কর ফাঁকির বিরুদ্ধে ব্যবস্থা জোরদার করতে হবে এবং তার জন্য কেন্দ্রীয় সরকার একটা কমিটি গঠন করেছিলেন সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতির নেতৃত্বে, যাঁর নাম হচ্ছে জাস্টিস ওয়ানচি কমিটি। সেটা ছিল ডাইরেক্ট ট্যাক্স এনকোয়ারী কমিটি এবং সেই কমিটি যে রিপোর্ট দিয়েছিল ১৯৭১ সালের ডিসেম্বর মাসে তাতে সেই কমিটি বিশেষ করে ইনকাম ট্যাক্সের কথা বলেছিলেন। কিন্তু কতকগুলি যে প্রস্তাব রেখেছিলেন সেটা কেবলমাত্র আয়করের ক্ষেত্রেই প্রযোজ্য নয় বিক্রয় করের ক্ষেত্রেও হতে পারে। কর ফাঁকির বিরুদ্ধে ব্যবস্থা জোরদার করবার জন্য আমরা এই আইন এনেছি। এই কমিটি বলেছেন যে, কর ফাঁকির বিরুদ্ধে আমাদের দেশে যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থা অন্যান্য দেশের তুলনায় অনেক মাইল্ড. অনেক নরম ব্যবস্থা। আমরা সমাজতন্ত্রের কথা বলি কিন্তু যুক্তরাষ্ট্রে কর ধার্যের যে ব্যবস্থা আছে তাতে এই কমিটি বলেছেন যে, সেই ব্যবস্থা আমাদের দেশে নেই। তাঁরা একথাও বলেছেন—

> We have no doubt in our mind that a provision on the lines of section 7201 of the United States Internal Revenue Act will be extremely helpful in countering devices of tax evaders and we recommend that such a provision should be incorporated in the Indian Income Tax Law also.

যুক্তরাষ্ট্রের মত পুঁজিবাদী ব্যবস্থায় কর ফাঁকি দিলে ৫ বছর জেল হতে পারে কিন্তু আমাদের এখানে রয়েছে ৬ মাসের বেশী জেল হতে পারে না। এই নরম ব্যবস্থা কর ফাঁকিকে প্রশ্রয় দেয়,

সেই জন্য আমরা কতগুলি পরিবর্তন করতে চাই এবং তার মাধ্যমে আইনকে জোরদার করতে পারব। আমরা একটা জিনিস দেখেছি, নানা রকম ফল্স ডিক্লারেশন পয়েন্ট ব্যবহার করা হয়, এই ফল্স ডিক্লারেশন পয়েন্ট ধরতে গেলে, যারা অসাধু ব্যবসায়ী আছে তাদের সমস্ত খাতাপত্র আমাদের ধরতে হবে। কিন্তু অসুবিধা হচ্ছে তাদের খাতাপত্র যখন ধরতে যাই সার্চ ওয়ারেন্ট নিয়ে আমাদের অফিসাররা, তখন ব্যবসায়ীরা তাদের যে কাগজপত্র দেখান, তা ছাড়া আমরা আর কিছুই দেখতে পাই না। একটা যদি গদরেজের আলমারী থাকে, তা হলে সেটা ভেঙ্গে আমাদের কাগজপত্র বার করবার কোন অধিকার নেই। সেই অধিকার আমাদের দিতে হবে, এবং সেজন্য এই বিল এনেছি এবং তাতে বলেছি যে সমস্ত কাগজপত্র ঢাকা থাকবে, সেটা দেখবার আমাদের অধিকার থাকবে এবং এই ক্ষমতা আমরা দিচ্ছি, ব্রেক ওপেন এনি ডোর অর উইনডো, অর এনি আলমিরা, সেফ অর কন্টেনার। যেখানে একটা আলমারী কি একটা সিন্দুকে কি একটা বাক্সে এই জাতীয় কাগজপত্র থাকবে, যার থেকে আমরা বুঝতে পারব যে, কর ফাঁকি দিচ্ছে, সেই সমস্ত সিন্দুক ভেঙ্গে যাতে কাগজপত্র বের করতে পারি তার বন্দোবস্ত করতে পারি তা আমরা এই বিলে এনেছি, এবং এই একটা পরিবর্তন। আর একটা পরিবর্তন আমরা আনতে চাই, আমরা দেখতে পাচ্ছি যে, কর ফাঁকি সম্বন্ধে বর্তমানে যা কিছু ব্যবস্থা রয়েছে সেগুলিকে বেশী গুরুত্ব দেওয়া হয় না। যদি আমরা কারো বিরুদ্ধে প্রসিকিউসন করি, তখনি জামিনের একটা দরখাস্ত হবে এবং তখন খালাস হয়ে যাবে এবং জামিনে খালাস হয়ে আমরা যেসমস্ত তদন্ত করতে চাই তারা সেই তদন্তে বাধা সৃষ্টি করে, ট্যাম্পারিং করে। সুতরাং এখন যা কিছু অফেন্স আছে সব বেলেবল, জামিন পায়। আমরা স্থির করেছি এই আইনে যেখানে গুরুতর অপরাধ আছে সেখানে জামিনে খালাস হবে না, বেল পাবে না। যাতে বেলে এসে আমরা যে অনুসন্ধান চালাচ্ছি তাতে বাধা সৃষ্টি না করতে পারে, গুরুতর অপরাধের ক্ষেত্রে নন্‌বেলেবল হবে। তারপরে এই সাজার বন্দোবস্ত আছে, সমস্ত পানিশমেন্টের বন্দোবস্ত আছে, আমি আগেই বলেছি যে ৬ মাসের বেশী বেল হতে পারে না, কিন্তু আমরা দেখতে পাচ্ছি যেখানে গুরুতর অপরাধ রয়েছে, ধরুন একটা খাতাপত্র দেখাচ্ছে সেটা সঠিক খাতাপত্র নয়, সেখানে ফল্স অ্যাকাউন্ট দেখাচ্ছে, সেখানে আমরা বলেছি ৬ মাস থেকে ২ বছর পর্যন্ত জেল হতে পারে, এই একটা পরিবর্তন আমরা আনতে চাই। ফল্স অ্যাকাউন্ট ফল্স রেজিস্টার কর্তৃপক্ষের কাছে অসাধু ব্যবসায়ীরা দেখাচ্ছে, তারপরে আর একটা ব্যাপার কর স্বেচ্ছাকৃতভাবে ফাঁকি দেওয়া হচ্ছে, উইল ফুল ইভেশন যেখানে হচ্ছে সেখানে বর্তমান আইনে কোন ব্যবস্থা নাই। আমরা ওয়াংচু কমিটি যেখানে ডাইরেক্ট ট্যাক্সেসন এনকোয়ারী কমিটি একটা প্রস্তাব দিয়েছে সেটা ইনকাম ট্যাক্সের ক্ষেত্রে, আমরা বিক্রয় করের ক্ষেত্রেও আনতে চাই, সেখানে ইন্ডিয়ান পেনাল কোডের সেকসান ৪০৩-তে সাজার বন্দোবস্ত আছে, সেই শাস্তি যাতে হয় তার জন্য, দু বছর শাস্তির জন্য আমরা এই বিলে বলেছি। সেখানে এখন কোন শাস্তির ব্যবস্থা নাই। আর একটা কথা যেটা খুব বেশী গুরুতর অপরাধ, কর ফাঁকি খুব বেশী রকম দেয়, বোগাস ডিক্লারেশন ফর্মে, ফল্স ডিক্লারেশন ফর্মের এই-ভাবে ডিক্লারেশন ফর্মের মিস-ইউস হচ্ছে। একজন রেজিস্টার্ড ডিলার যদি আর একজন রেজিস্টার্ড ডিলারকে বিক্রয় করে, তা হলে আমরা ট্যাক্স আদায় করতে পারি না, সুতরাং ফল্স ডিক্লারেশন ফর্ম দিয়ে একটা বিরাট অসাধু ব্যবসা চলছে, এই যে ফল্স ডিক্লারেশন ফর্ম অর্থাৎ মিস-ইউস অব ডিক্লারেশন ফর্ম তার বিরুদ্ধে আমরা বলেছি ৬ মাস নয় তিন বছর পর্যন্ত জেল হতে পারবে। আগে যেটা ছিল সিম্পিল ইম্প্রিজনমেন্ট, আমরা সমস্ত ক্ষেত্রে যাতে রিগারাস ইম্প্রিজনমেন্ট হতে পারে তার বন্দোবস্ত করেছি। সুতরাং মূল যা পরিবর্তন আনতে চাই তা হচ্ছে এই যে, যেখানে কাগজপত্র লুকানো আছে সেখানে সিন্দুক ভেঙ্গে আমরা তা বের করতে পারব। যেখানে ডিক্লারেশন ফর্ম বোগাস, বোগাস ডিক্লারেশন ফর্ম দিচ্ছে সেখানে তাদের তিন বছর পর্যন্ত জেল হতে পারবে। যেখানে গুরুতর অপরাধ আছে সেখানে অফেন্সটা নন্‌বেলেবল হবে এবং আগে যে শাস্তির ব্যবস্থা ছিল জেল ছাড়া কিছু ফাইনের বন্দোবস্ত ছিল, এই ফাইনটা ৫০ টাকার উর্ধ্বে হতে পারত না, প্রতিদিন রেজিস্ট্রেশন সার্টিফিকেট নিয়ে ব্যবসা করে যাচ্ছে, সেখানে ৫০ টাকার বেশী দিনে ফাইন করা যেতে পারত না, সুতরাং রেজিস্ট্রেশন সার্টিফিকেট ছাড়াও তারা ব্যবসা চালিয়ে যেত এবং তাতে দেখত তাদের লাভ হচ্ছে, সুতরাং ফাইন

যাতে বাড়তে পারে ৫০ টাকার জায়গায় ১০০ টাকা হয় তার বন্দোবস্ত করেছি। এই রকম নানাবিধ পরিবর্তন আমরা এনেছি, যাতে কর আদায়ের ক্ষেত্র আমরা জোরদার করতে পারি এবং এইগুলি যে একটা সামাজিক অপরাধ এই চেতনা অনেকের নেই, এই অপরাধের জন্য সমাজ এদের ক্ষমা করবে না এবং সরকারের উন্নয়নমূলক কাজ ব্যাহত হচ্ছে এবং সরকারের যা কিছু প্রাপ্য তা পাচ্ছে না, এই সমস্ত কারণে আমরা এই বিল এনেছি এবং আদায়ের যেটা মেশিনারী আছে সেটাকে যাতে জোরদার করতে পারি এবং সরকারের ন্যায্য টাকা যাতে আমরা পেতে পারি এটা দেখতে হবে. এই কথাগুলি বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাব আমি সভার সামনে পেশ করছি।

[4-40—4-50 p.m.]

Shri Shish Mohammad: Sir, I beg to move that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1973, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th day of May, 1973.

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মিঃ স্পীকার, স্যার, আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তা সমর্থন করি। এই বিলে আছে আমাদের দেশে বিক্রয় কর ফাঁকি দিলে কিছু কিছু শাস্তি হওয়া উচিত। আগে শাস্তির পরিমাণ ছিলই না বা খুব কম ছিল, এখন সেই শাস্তির পরিমাণটা বাড়ান হয়েছে। আর যারা ইনভেস্টিগেটিং অফিসার তাদের সার্চ করতে অসুবিধা হত, কোন দোকানে গেলেন মালিকই হয়ত বসে আছেন, সেই মালিকই বললেন যে না, মালিক এখন উপস্থিত নেই. খাতাপত্র বাক্সে আছে, কি করে হাত দেব। সুতরাং নানারকম অসুবিধার ভিতর কর্মচারীদের কাজ করতে হত। সেই অবস্থায় একটা ওয়ারেন্ট বা কাজ করার সুবিধা এই যে আইনগত ক্ষমতা তা ইনভেস্টিগেটিং অফিসারের হাতে থাকা প্রয়োজন। অসাধু ব্যবসায়ীদের শাস্তি দিতেই হবে। মাননীয় স্পীকার স্যার এই কারণে আমি বলছি যে সেলস্ ট্যাক্স ফাঁকি দেওয়া আর ইনকাম ট্যাক্স ফাঁকি দেওয়া একই ধারার ভিতর দিয়ে ঘটে। যারা খাতাপত্রে হিসাব না রেখে বিক্রি করে সেলস্ ট্যাক্স ফাঁকি দেবার জন্য তারা এই বিক্রয়ের টাকাটা ইনকাম ট্যাক্স রিটানেও দেখাতে পারে না। সুতরাং কালো টাকা বা ব্ল্যাক মানি সেই ব্ল্যাক মানির উৎস একই ধারার ভিতর দিয়ে হয়। সুতরাং সেলস্ ট্যাক্স ফাঁকিটা যতটা আমরা সহজ বলে মনে করি বা যতটা খুব দুর্বল অফেন্স, ততটা খারাপ কিছু নয়, এই ধারণা থাকাটা আমাদের ঠিক নয়। বিক্রয় কর ফাঁকি দেবার মানেই হচ্ছে ইনকাম ট্যাক্স ফাঁকি দেওয়া। তার কারণ খাতাপত্রে কোন ট্রানজাকশনটাই উঠান যায় না। সুতরাং আমরা মনে করি যে, এই ধরনের বিল আনা ভালই হয়েছে। আমাদের বিক্রয় কর থেকে আদায় বাড়ছে এবং বিক্রয় কর থেকে আদায় বাড়া আরও বেশী বৃদ্ধি পেতে পারে এবং সেটা দরকার। তবে আমি নিশ্চয় বলব, আমরা অর্থমন্ত্রী মহাশয়কে বার বার বলে বোঝাতে পারছি না যে, বিক্রয় করটা অ্যাট সোর্স আপনি আদায় করুন. যতদিন না আপনি অ্যাট সোর্স, উৎসমুখে বিক্রয় কর আদায় করে নেবেন, ততদিন আপনি কিছুতেই পুরো টাকাটা আদায় করতে পারবেন না। আর যদি সেটা না করেন, তা হলে মাল্টিপয়েন্ট ট্যাক্স করুন যতবার ট্যাক্স হবে ততবার তারা ট্যাক্স দিক। অল্প মূল্যের ট্যাক্স লো রেট অব ট্যাক্সেসান, কিন্তু মাল্টিপয়েন্ট ট্যাক্স আপনি করে দিন। কিন্তু বর্তমানে যে অবস্থায় আছে, কে কখন সেলস্ ট্যাক্স দিচ্ছে কোন পয়েন্টে দিচ্ছে, কোন্‌টা ফাইন্যাল বিক্রির জন্য দিচ্ছে এই সমস্ত ট্রানজাকসান ডিটারমাইন্ড করা খুবই শক্ত। সুতরাং মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বুঝতে হবে যে, হয় তাঁকে অ্যাট সোর্স আদায় করে নিতে হবে অথবা নিশ্চয় মাল্টিপয়েন্ট ট্যাক্স তাঁকে করতে হবে। যাই হোক আজকে এই যে বিল, এই বিলটি খুবই ভাল, অনেকগুলি ধারাতে বেল দেওয়া হবে না বলা হয়েছে অনেকগুলি ধারাতে বলা হয়েছে তাকে তিন বৎসর জেল দেওয়া হবে। অনেক ক্ষেত্রে বলা হয়েছে যে ৫০ টাকা করে রোজ জরিমানা হবে এবং ৬ মাস জেল। আবার অনেক ক্ষেত্রে বলা হয়েছে জরিমানা হবে। সুতরাং আমরা মনে করি যে অসাধু ব্যবসায়ীদের শাস্তি দেবার জন্য এই বিলটা আনা ভালই হয়েছে। কিন্তু আমার শুধু একটা সন্দেহ মনে

লাগছে, আমার কিছু কিছু উকিল ব্যারিস্টার বন্ধু আছেন। তাদের কাছে আমি জিজ্ঞাসা করেছিলাম, তাঁরা বিলটা পড়ে বললেন যে, এইসব বিলে তোমাদের অর্থমন্ত্রী কিছুই আটকাতে পারবেন না. আমরাই ফি নিয়ে সমস্ত কেসগুলি করে দেব। আমি তাদের জিজ্ঞাসা করেছিলাম যে, তা হলে এই বিলের ত্রুটি কি? তাতে তারা আমাকে যেভাবে বললেন, আমি নিজে আইনজ্ঞ নই, আপনি ভাল আইনজ্ঞ ছিলেন, আপনি নিজেও এই জিনিসটা একটু বিচার করে বুঝতে পারেন।

ইন্ডিয়ান ক্রিমিন্যাল প্রসিডিওর কোডের সেকেন্ড সিডিউলে একটা চার্ট আছে, তাতে কতকগুলি অফেন্সের নাম আছে—তাতে বলা আছে কোন্‌টা বেইলেবল, কোন্‌টা ওয়ারেন্টেবল, কোন্‌টা কগ্নিজেবল আর আছে ক্লাসিফিকেশন অব কোর্টস—কোন্‌টা কোন্‌ কোর্টে যাবে। এই সেকেন্ড সিডিউলের লাস্ট পোরশনে কতকগুলি অফেন্সের নাম আছে যেগুলি অফেন্সেস আদার দ্যান ইন্ডিয়ান পেনাল কোড, বিক্রয় কর, ইত্যাদি, এগুলি চার্টে দেওয়া আছে। এই সমস্ত অফেন্সের ক্ষেত্রে দেখা যাচ্ছে এই রকম লেখা আছে, অফেন্সেস পানিশেবল ফর ওভার থ্রী ইয়ার্স, যেগুলি থ্রী ইয়ার্স-এর উপর, সেগুলি নন্‌বেইলেবল। এই বিলের সাব-সেকসন ৩(৬) এবং ৩(৭) তাতে যে পানিশমেন্টের কথা বলা হয়েছে সেগুলি হচ্ছে বিলো থ্রী ইয়ার্স, কিন্তু নন্‌বেইলেবল করা হয়েছে, এটা সেকেন্ড সিডিউলে যেটা আছে তার বিরোধী হয়ে যাচ্ছে। আমার উকিল বন্ধুরা বললেন, জজেরা যখন বিচার করেন তখন সেলস ট্যাক্স অ্যামেন্ডমেন্ট বিল সেখানে থাকবে না, বেইলেবল আর নন্‌বেইলেবল, সেটাই দেখবেন, ইন্ডিয়ান পেনাল কোডের যে চার্ট আছে তাতে যে বেইলেবল এবং নন্‌বেইলেবল আছে সে অনুযায়ী জাজমেন্ট দেবেন। সুতরাং এ'রা বলছেন, ওয়েস্ট বেঙ্গলের ক্ষেত্রে ইন্ডিয়ান ক্রিমিন্যাল প্রসিডিওর কোডের সেকেন্ড সিডিউলে যদি ঢুকান থাকে যে, এইসমস্ত অফেন্স বেইলেবল এবং এইসমস্ত নন্‌বেইলেবল, তা হলে হবে, এই রকম ধরনের বিল যদি আনা হয়, তা হলে নন্‌বেইলেবল করা যাবে, নইলে বাস্তব ক্ষেত্রে নন্‌বেইলেবল থাকবে না। এই হচ্ছে ও'দের বক্তব্য। অধ্যক্ষ মহাশয় আপনি একজন নিজে আইনজ্ঞ, অর্থমন্ত্রী মহাশয়ও আইনজ্ঞ, আপনারা যদি আমাদের এ বিষয়ে এক্সপ্লেইন করেন তো ভাল হয়। ইন্ডিয়ান ক্রিমিন্যাল প্রসিডিওর কোডের সেকেন্ড সিডিউলে অফেন্সগুলি ঢুকিয়ে দেন এবং নন্‌বেইলেবল করে দেন বিক্রয় কর ইত্যাদি যেগুলি করছেন তবে হবে, নইলে যতই নূতন বিল আনুন কার্যক্ষেত্রে উকিলদের মতে সেগুলি কার্যকর হবে না। আমি আশা করব অর্থমন্ত্রী নিজেও আমাদের এ বিষয়ে একটু জানাবেন।

Mr. Speaker: I think the Hon'ble Minister will clarify the position. You have referred to the chart of offences in the Second Schedule. In the original statute it is stated that even if it is not amended, if the actual Act is placed before the Court the Court must take cognizance of the offences.

শ্রীনরেশচন্দ্র চাকীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বিক্রয় কর ফাঁকি বন্ধ করার জন্য যে বিল আজকে আমাদের সামনে এনেছেন, আমি সেই বিলকে স্বাগত জানাই, সমর্থন জানাই। আজকে সমাজের উন্নয়নমূলক কাজ করার জন্য সরকারের দারুন অর্থের প্রয়োজন আছে। তবে যেসব কর দেশে চালু আছে সেই সব কর থেকে ঈপ্সিত অর্থ পেতে পারি সে একটা বিরাট সমস্যা, এবং আজকে বড় সমস্যা হচ্ছে কি করে কর ফাঁকি দেওয়া বন্ধ করা যেতে পারে। আমরা নূতন নূতন কর বসানোর কথা ভাবি আমার মনে হয় দেশে যত প্রকার কর বসানো আছে তা যদি ঠিক ঠিক মত আদায় হয় এবং আদায়ের ব্যবস্থা করতে পারা যায়, তা হলে অনেক ক্ষেত্রে নূতন কর বসানোর কথা হয়ত আমাদের ভাবতে হবে না। আমাদের অর্থমন্ত্রীর বক্তব্য থেকে এটা পরিষ্কার, নূতন কর বসিয়ে পাওয়া গেছে দু কোটি টাকা, আর পুরাণো কর ফাঁকি দেওয়া বন্ধ করে পেয়েছেন সাত কোটি সাড়ে সাত কোটি টাকা।

দ্বিতীয় আর একটা বিরাট সমস্যা আছে সরকারের। যাদের অর্থ আছে বুদ্ধি আছে তাদের এক দল লোক সরকারী আইনকে ফাঁকি দিয়ে দেশের অগ্রগতি ব্যাহত করতে চাইছে।

[4-50—5-00 p.m.]

তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে, কি ব্যবস্থা আমরা গ্রহণ করতে পারি কি করে অপরাধ বন্ধ করতে পারি, এটা আজ একটা বিরাট সমস্যা আমাদের সামনে এসেছে এবং এইরূপ একটা সমস্যার সমাধান করবার জন্য মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন, সেই বিলকে সমর্থন না করে পারি না। তবে এই প্রসঙ্গে একটা কথা বলা দরকার যে, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আইন বিশেষজ্ঞ—আমার বন্ধুরা একটা দিকের কথা বলেছেন, আমি আর একটা দিকের কথা বলতে চাই, সেই দিকটা হল এই যে আইনবিদ অর্থমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেই বিলের দ্বারা যে উদ্দেশ্য তা পুরোপুরি চরিতার্থ করতে পারবেন বলে আমি মনে করি না। তার কারণ হল এই যে, কর ফাঁকি দেওয়ার যে বিশেষ প্রবণতা সেলস ট্যাক্স এবং ইনকাম ট্যাক্স, এটা একটা ধারায় চলে এবং এটা টপ থেকে বটম পর্যন্ত প্রতি স্তরেই এইরূপ শাখা-প্রশাখা বিস্তার করে বিস্তৃত হয়েছে। সেই রোগের যদি প্রতিকার করতে হয়, যদি রোগকে সমাজ থেকে দূর করতে হয়, তা হলে আরো ব্যাপক এবং কঠোর আইন করা প্রয়োজন। এই প্রসঙ্গে আমি বলতে চাই, এই আইনটা যদিও খানিকটা কঠোর তবুও সে রোগ দূর করবার ব্যাপারে এই আইন পুরোপুরি সঠিক আইন নয় বলে আমি মনে করি। আমাদের ধারণার কারণ হলো এই যে, আমরা দেখেছি এই বিলের আওতায় অনেক অপরাধী আছেন যাদের আমরা আটকাতে পারব না। তাই আমার মনে হয় এই বিলে এইরূপ ধারা রাখা উচিত ছিল যাতে তাদের আরো সাজা হয়। একটা দোকানদার তার গদি এক জায়গায় আর তার ব্যবসা আর এক জায়গা থেকে চলে। আমি বড়বাজারের বহু দোকানদারের বহু গদি দেখেছি, সেখানে শুধু খাতা লেখা হয়। যেখানে বেচাকেনা হচ্ছে সেখানে নয়, খাতা লেখা হচ্ছে আর এক জায়গায় আর এক বাড়িতে, অন্য এক গোপন জায়গায়। এই খাতা কারা তৈরি করে জানেন? আমাদেরই মতন একদল বুদ্ধিমান শিক্ষিত লোক, তারা সেখানে খাতা তৈরি করবার কারখানা খুলে বসেছে এবং আমার মনে হয় সেই খাতার কারখানা খুলে যারা অবৈধভাবে, অন্যায়ভাবে সমাজবিরোধী কাজ করে চলেছেন ও সেইসব অসাধু দুষ্কৃতকারীদের যারা সাহায্য করছেন তাদেরও এই আইনের আওতায় আনা উচিত ছিল। সেই কারণে আইনকে আরো কঠোরভাবে যাতে আমরা প্রয়োগ করতে পারি সেটা দেখা উচিত। কিন্তু আমরা দেখছি যে, এই আইনের দ্বারা সেইসব লোককে আটকাতে পারব না। শুধু তাই নয় আজকে মাল্টিপয়েন্ট ট্যাক্স ইমপোজ করার কথা আমার বন্ধু বলেছেন, আমার মনে হয় যে মাল্টিপয়েন্ট ট্যাক্স ইমপোজ যদি নাও করি তবুও আজকে সেই যে সোর্স অফ প্রোডাকশন সেই সোর্স অফ প্রোডাকশন থেকে—যেখান থেকে এই রোগটা আসছে সেখানটা দেখা উচিত। আমি সেলস ট্যাক্স কমোডিটি কিনে নিয়ে এলাম সেখানে রসিদে আনলাম ১০ হাজার টাকার জিনিস আর বিনা রসিদে আনলাম আরো ১০ হাজার টাকার জিনিস। কাজেই আমাদের এমন ব্যবস্থা গ্রহণ করতে হবে যাতে সোর্স অফ প্রোডাকশন বা যারা পাইকারী ব্যবসা করেন সেখানে যাতে এই ধরনের ম্যাল-প্রাকটিশ চলতে না পারে। সেই ম্যাল-প্রাকটিশ স্টপ করবার জন্য এই ধরনের ধারা থাকা উচিত ছিল। যদি আমরা আজকে তা করতে পারতাম, তা হলে আমার মনে হয় এই আইনের যে উদ্দেশ্য যে উদ্দেশ্যে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই বিল এনেছেন সেই উদ্দেশ্য সাধুভাবে চরিতার্থ হত। আর একটা জিনিস সেটা হল এই যে যুক্তরাষ্ট্র অত্যন্ত উন্নত রাষ্ট্র, সেখানে অর্থ প্রাচর্যের অভাব নেই, সেখানে কোন পরিকল্পনাই অর্থের জন্য আটকায় না তবু সেদেশে কর ফাঁকি বন্ধ করবার জন্য কঠোরতর আইন আছে কিন্ত আমি কিছুতেই বুঝতে পারছি না আমাদের মাননীয় আইনজ্ঞ অর্থমন্ত্রী মহাশয় আমাদের দেশে এই অপরাধ দমন করবার জন্য যে বিল আনলেন, তাতে যুক্তরাষ্ট্রের আইনকে কেন অনুসরণ করলেন না। বিশেষ করে যুক্তরাষ্ট্রে যে ধরনের আইন ফাঁকি দেওয়া হয় সেই ধরনের চেয়েও অনেক বেশী গুরুতর আকারের অপরাধ সহকারে আমাদের দেশে আইন ফাঁকি দেবার প্রথা চালু আছে। সুতরাং আরো গুরুতর ও বিরাট চক্রের মাধ্যমে কর ফাঁকি দেওয়া বন্ধ করার জন্য কঠোর ব্যবস্থা, যুক্তরাষ্ট্রের চেয়েও কঠোর ব্যবস্থা আমাদের দেশে নেওয়া উচিত

ছিল বলে আমি মনে করি, সেটা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কেন করলেন না সেটা আমি বুঝতে পারলাম না। তবুও এই আইনকে সমর্থন করে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে কিছু আবেদন রাখব।

আজকে সোর্স অফ প্রোডাকশন শুধু দোষী নয়। আজকে শুধু ওইসব অসাধু ব্যবসায়ী নয় আপনার দপ্তরের একদল কর্মচারী তারা অন্ধকারে এইসব ব্যবসায়ীদের সঙ্গে যোগসাজস করে সাধারণ মানুষের অর্থ এবং স্বার্থ ব্যাহত করে। কর ফাঁকি দেওয়ার বুদ্ধি জুগিয়ে দেয়। অফিসার বলেন এইভাবে করুন এবং অফিসারকে ভেট দিয়ে আসে। আপনার বিলে এই ব্যবস্থা থাকা উচিত ছিল যে শুধু অসাধু ব্যবসায়ীরা নয় যারা কর ফাঁকিতে উৎসাহিত করে সাধারণ মানুষের স্বার্থ ব্যাহত করে। আজকে এই বিলে এমন ব্যবস্থা থাকা উচিত ছিল যে সমাজে দুষ্কৃতকারী এবং সমাজবিরোধীদের কঠোর শাস্তির দ্বারা দমন করতে পারি। এই যদি থাকতো, তা হলে আইনের পুরোপুরি উদ্দেশ্য সফল হত। এই ব্যবস্থা না থাকার জন্য উদ্দেশ্য পুরোপুরি সফল হবে কিনা সে বিষয়ে সন্দেহ আছে। যাতে এটা পূর্ণ কার্যে পরিণত হয় সেদিকে অর্থমন্ত্রীকে দৃষ্টি রাখতে অনুরোধ করে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীতুহিনকুমার সামন্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী আজকে যে বিল পেশ করেছেন তাকে আমি সর্বান্তঃকরণে অভিনন্দিত করছি। আমরা দেখেছি কালো খাতার দৌরাত্ম্য এবং পূর্বে যে আইন ছিল তিন মাসের আইন অর্থমন্ত্রী অনুভব করেছেন বলে তিনি আজকে বেশ শক্ত হাতে ধরতে চান বলে সেটা তিন বছর করেছেন। নিঃসন্দেহে এটা একটা স্টেপ। শুধু তাই নয়, আগে নোটিস লাগতো, বলতে হতো, তারপর খাতাপত্র সিজ করা যেত। খুব আনন্দের কথা যেকোন সময়, যেকোন মুহূর্তে খাতাপত্র বের করা যাবে এর ইঙ্গিত অর্থমন্ত্রী দিয়েছেন। এর চেয়ে ভাল জিনিস হয় না। আমরা ছোটবেলায় যে জিনিস শুনতাম তা হয় নি। জওহরলাল নেহরু বলতেন, অসাধু ব্যবসায়ীদের বা দুর্নীতিগ্রস্ত চোরাকারবারীদের ল্যাম্প পোস্টে ঝুলিয়ে গুলি করে মারা হবে। গণতান্ত্রিক দেশ, আইনের মধ্য দিয়ে চলতে হয়, তাই আজকে বিক্রয় কর ফাঁকি দেওয়ার যে প্রসেস তাকে রোখার জন্য যে বিল অর্থমন্ত্রী পেশ করেছেন তাকে সমর্থন জানাচ্ছি। সঙ্গে সঙ্গে কয়েকটি কথা বলতে চাই। শুকোপাতার বিজনেস করছে, ঘরের সামনে শুকোপাতা রয়েছে, কিন্তু পিছনে পিছনে চাল, গম, চিনির বিজনেস করে থাকে। এই যে টোট্যাল ফাঁকি দেওয়া বন্ধের জন্য অর্থমন্ত্রীর হাতকে শক্তিশালী করবার জন্য এটা তিন বছর কেন পাঁচ করলে খারাপ হত না। তাই বিক্রয় কর সংক্রান্ত বিষয়ে আপনার এনফোর্সমেন্ট ব্রাঞ্চকে আরও শক্তিশালী করুন। আপনার যে সমস্ত ইন্সপেক্টর আছেন দোকানে দোকানে পরিদর্শন করেন, চিন্তা করুন তাদের পক্ষে দোকানে দোকানে পরিদর্শন করা বা বিক্রয়ের একটা হিসাব রাখা সম্ভব কিনা। আমার মনে হয়, তা হলে অনেক কিছু দেখতে পাবেন। অনেক সময় আছে ব্যবসায়ীর সামনে দোকান ঘর, ভিতরে ঘর আছে এবং ঘরের নীচেও ঘর আছে। সমস্ত জিনিস অনুসন্ধান করতে হবে। অর্থমন্ত্রী পুলিস দিয়ে সামনের আলমারী ভাঙ্গতে পারেন, কিন্তু তলার যে ঘর আছে সেটা ধরা পড়লো না। সেইজন্য যতক্ষণ এনফোর্সমেন্ট ব্রাঞ্চকে শক্তিশালী করতে না পারছেন, ততক্ষণ মনে হয় এটার কার্যকর ফল হবে না। তবে মনে হয় অর্থমন্ত্রী যে বিল আনলেন এটা নূতন পদক্ষেপ। সমাজে দুর্নীতি বা চোরাকারবারী রোধ করবার জন্য যেটা সেন্ট্রাল গভর্নমেন্ট করেন সেইটা স্টেট গভর্নমেন্টও নিচ্ছেন এটা অভিনন্দনযোগ্য।

[5-00—5-10 p.m.]

প্রকৃতপক্ষে যে লোকটি দোষী সে তিন মাসের মধ্যে কোর্টে গিয়ে ছাড়া পেয়ে গেল, বেল পেয়ে গেল। আজকে সেই লোককে আমরা তিন বছর আটকে রাখতে পেরেছি। অন্তত যারা অসাধু ব্যবসায়ী চোর ব্যবসায়ী, যারা সরকারের ট্যাক্স ফাঁকি দেয় এবং দিয়ে নিজেদের উদর স্ফীত করতে চায় তাদের এই সরকার কঠিন হস্তে দৃঢ়ভাবে তার মোকাবিলা করতে পারছেন।

এবং এই রাইট আজকে এই বিধানসভায় নয়, পশ্চিমবঙ্গের জনসাধারণ আজকে আমাদের অর্থ-মন্ত্রীর হাতে তুলে দিয়েছেন। সমগ্র মানুষের কল্যাণের জন্য আমি জানি আমাদের সরকার গঠিত হবার পর আমরা বিভিন্ন জিনিসের মোকাবিলা করেছি। আমাদের মুখ্যমন্ত্রী এই কথা বলেছেন যে, সেলস্ ট্যাক্সের মধ্য দিয়ে আমরা খরার মোকাবিলা করেছি—সেলস্ ট্যাক্স থেকে যে টাকা আসছে তার থেকে বিভিন্ন ডেভেলপমেন্ট ওয়ার্ক করেছি। সেলস্ ট্যাক্সের বর্তমান যে কালেকসান করার প্রসিডিওর এবং তাতে যে কালেকসন হয় তার দ্বারা বর্তমানে পশ্চিমবঙ্গ সরকার মেনলি এই সেলস্ ট্যাক্সের কালেকসনের উপর নির্ভর করে আজকে মিনিমাম ডেভেলপমেন্ট-এর কাজ চালাতে পারছে। যদি সেলস্ ট্যাক্স আরও ভালভাবে আমরা কালেকসন করতে পারি, তা হলে আমাদের এটুকু আশা আছে যে, আমরা পশ্চিমবাংলার মানুষকে দেখতে পারবো যে, ন্যায্য পথে থেকে আমরা অনেক উন্নতি করতে পেরেছি। আমরা অনেক সময় গণতন্ত্রের কথা বলি অথচ আমরা পুলিস অফিসারদের ভয় পাই, সরকারী কর্মচারীদের ভয় পাই। কি দরকার আছে তার, কোর্টে আইন আছে, জনমত কালেকসন করার ক্ষমতাও আছে। কয়েকদিন আগে আমি বলেছিলাম প্রশ্নোত্তরের সময় বলে-ছিলাম বরাকরের কয়েকটি ঘটনার কথা বলেছিলাম। ঐ বরাকরের অসাধু ব্যবসায়ীরা কত রকম যে চোতাখাতা রাখে তার ইয়ত্তা নেই। একই লোক সুগার বিজনেস করছে, গমের বিজনেস করছে কন্ট্রোলের ব্যবসা রেখেছে আবার তিনিই চোরাকারবার করছেন। সেইসব লোকদের ধরবার জন্য জনসাধারণ যুবক ছেলেরা সঙ্ঘবদ্ধ হয়ে যখন তার প্রতিরোধ করার চেষ্টা করছে এনফোর্সমেন্ট ব্রাঞ্চ যাচ্ছে তারা অন্য খাতা দিচ্ছে বা দোকান থেকে বেরিয়ে যাচ্ছে। আবার পরে নিজের পজিসনে এসে নরম্যাল হয়ে বিজনেস করছে। এমন অবস্থা যে ছেলেরা তাদের যে দুর্নীতিগুলি ধরার চেষ্টা করছে তখন তারাই আবার তাদের বিরুদ্ধে ইউনিয়ন তৈরি করে ফেলেছে। তাদের বিরুদ্ধে একটা দল তৈরি করে ফেলেছে, বলছে কিয় হোগা হাম তো হ্যায় হিঁয়াপে। এই ধরনের যে প্রচেষ্টা ছেলেরা করছে তাদের জব্দ করার চেষ্টা করছে তারা। গণ-তন্ত্রের নাম করে এই ধরণের প্রচেষ্টাকে জব্দ করার চেষ্টা আজও আমাদের দেশে হচ্ছে। এই প্রচেষ্টাকে স্তব্ধ করার জন্য আজকে অর্থমন্ত্রী যে বিল এনেছেন- আর কোন কথা নয়, তিন মাসের ব্যাপারে নয় একেবারে সোজা তিন বছর করে ফেলুন। আমি আরও আনন্দ প্রকাশ করতে পারতাম যদি অর্থমন্ত্রী এটাকে পাঁচ বছর করতেন। এই ডেঞ্জারাস লোক আজকে সমাজের মধ্যে প্রতিটি অলিতে-গলিতে আমাদের সামাজিক জীবন চলার পথে রয়েছে। এরা যে কি দারুন সর্বনাশ করছে কি ব্রাইভ, বা ঘুষের মধ্যে দিয়ে হোক, ছেলেদের লেলিয়ে দেবার মধ্যে দিয়ে হোক বা বিভিন্ন প্রকার ম্যাল-প্রাকটিসের মধ্যে দিয়ে হোক তার আজ আর কাউকে বলে জানাতে হবে না। এই অসাধু ব্যবসায়ীরা চিরকাল ১নং, ২নং, ৩নং, ৪নং চোতাখাতা ব্যবহার করে। এই চোতাখাতা যাতে ব্যবহার করতে না পারে তার জন্য আমরা অর্থমন্ত্রী মহাশয়ের হাতকে শক্ত করতে চাই, প্রচার করতে চাই এলাকায় এলাকায়, মহল্লায় মহল্লায় যে, এই যে আইন এসেছে এই আইন সর্ব-সাধারণের উন্নতির জন্য কল্যাণের জন্য। প্রত্যেকটি চোরাকারবারী যারা বিক্রয় কর ফাঁকি দেয় বা অসাধু ব্যবসায়ী, যারা বিক্রয় কর ফাঁকি দেয় এবং নিজেদের উদর স্ফীত করার চেষ্টা করে সরকারী তহবিলকে শক্ত করার পথে যারা প্রতিবন্ধকতা সৃষ্টি করছে তাদের জন্য অর্থমন্ত্রী মহাশয় এই বিল এনেছেন। নিশ্চয় এই প্রচেষ্টা নিঃসন্দেহে অভিনন্দনযোগ্য। দেরী হলেও আজকে অর্থমন্ত্রী মহাশয় যেটা এনেছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আমি তার চেয়েও অভিনন্দন জানাবো যদি এটাকে প্রকৃতভাবে কার্যকর করা হয়। প্রকৃতভাবে আমরা যদি দেখতে পাই যে এই তিন মাসের মধ্যে অন্তত বেশ কিছু সংখ্যক অসাধু ব্যবসায়ী যারা বিক্রয় কর ফাঁকি দেয় তারা অ্যারেস্ট হয়েছে। তা হলে মনেপ্রাণে আমি আনন্দ উপভোগ করবো যে, বিধানসভায় আমরা এই বিলটি পাশ করেছিলাম। আরও আনন্দ পাব যে, হ্যাঁ, বিধানসভায় অর্থমন্ত্রী মহাশয় যে নূতন স্টেপ যে বোল্ড স্টেপ নিয়েছেন যে, হাইকোর্টে গেলেই বেল হয়ে যাবে জজ কোর্টে গেলেই বেল হয়ে যাবে, পুলিসকে বলে দিলে কেসটি নরম হয়ে যাবে তা আর হবে না। এই অনুরোধ করে যে সাইট যে পদ্ধতি অবলম্বন করা দরকার, সেই পদ্ধতি

কার্যকরভাবে রূপায়িত যাতে হয় যাতে আমরা দেখতে পাই তিন মাসের মধ্যে যে অর্থমন্ত্রী মহাশয় এই ধরনের নির্দেশ তাঁর প্রশাসন যন্ত্রকে দিয়েছেন এনফোর্সমেন্ট ব্রাঞ্চকে দিয়েছেন তা হলে সেদিন নিশ্চয় আমি খুশী হবো। এই বলে আজকে অর্থমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তা আমি সর্বান্তঃকরণে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশঙ্কর ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভার সমস্ত সদস্যরা যে বক্তব্য রেখেছেন এবং তাঁরা এই বিলটিকে সমর্থন করেছেন বলে আমি তাদেরকে অভিনন্দন জানাচ্ছি। আর এস পি-র সদস্য তিনি সারকুলেসনের জন্য একটি প্রস্তাব রেখেছিলেন। তারপরে সে বিষয়ে কোন বক্তব্য রাখেন নি, কারণ যেখানে অসাধু ব্যবসায়ীদের ৬ মাস জেলের ব্যবস্থা ছিল সেখানে ৩ বছর হবে সেটার জন্য সারকুলেশনের দরকার হয় না। জনসাধারণ আমাদের যে রায় দিয়েছেন, দুর্নীতির বিরুদ্ধে প্রচেষ্টার জন্য যে রায় দিয়েছেনন তারই ভিত্তিতে আমরা এই বিল এনেছি। মাননীয় সদস্য হরশঙ্কর ভট্টাচার্য মহাশয় এই বিলটিকে খুব ভাল বিল বলেছেন। একটি কথা তিনি বলেছেন আমরা যেখানে বলেছি নন-বেলেবল—এই বিষয়ে তাঁর কিছু কিছু আইনজ্ঞ বন্ধু তাঁকে অন্য রকম কথা বলেছেন। তবে এই বিষয়ে আমাদের মাননীয় অধ্যক্ষ মহাশয়, যিনি একজন এমিনেন্ট ল'ইয়ার তিনি পরিষ্কার করে দিয়েছেন। এর ভিতর বিলের সেকসান ৩(১১)-তে বলা হয়েছে—

the offences punishable under sub-sections (11), (6) and (7) shall be cognizable and not bailable.

এটা পরিষ্কারভাবে বলেছি এগুলির বেল হবে এবং ইন্ডিয়ান পেনাল কোডে যাই থাকুক, ইন্ডিয়ান ক্রিমিন্যাল প্রসিডিওর কোডে যাই থাকুক এইটা আইন—এই আইন যদি বিচারককে দেখানো হয় বিচারকের কর্তব্য হবে এই আইন অনুসারে কাজ করা। এই আইনে আমরা বলেছি যে, যেখানে ডিক্লেরেসন ফর্ম ঠিকমত পাই না, বোগাস ডিক্লারেসন ফর্ম পজেসান হয়ে এসেছে সেটার অফেন্স একটা ক্রিমিন্যাল ব্রিচ অব ট্রাস্ট-এর মত হবে এবং সেটা সেকসান ৪ অ্যান্ড ৫ অব দি ইন্ডিয়ান পেনাল কোড-এর মত অফেন্স হবে এবং সেক্ষেত্রে এটা নন-বেলেবল হবে। এতে বেল আবেদন করে আসামী বেরিয়ে আসতে পারবে না, অসাধু ব্যবসায়ী বেরিয়ে আসতে পারবে না। আমাদের অভিজ্ঞতা যেটা হয়েছে, আমরা ব্যুরো অব ইনভেস্টিগেসনের যা কিছু মামলা করেছি, যেখানে বেল চেয়েছি বেল অপোজ করেছে, যেখানে জিতেছি সেখানে বেল দেয় নি। যেখানে বেল চেয়েছি, ফিরে এসেছি, নানা রকম বাধা সৃষ্টি করেছে নন-বেলেবল হচ্ছে। এইটা একটা বিরাট পদক্ষেপ যাতে করে এই অসাধু ব্যবসায়ীদের একটা ভয় সৃষ্টি হবে যে, অন্যায়ের পথে চললে আইনের যেটা আর্মস, শক্ত হাতে আইন তার মোকাবিলা করতে পারবে। আর যেখানে ইনকারেক্ট অ্যাকাউন্টস, রেজিস্টারস অর ডকুমেন্টস দেবে সেখানে আমরা নন-বেলেবল বলেছি পরিষ্কারভাবে সেকসান ৩(১১)-এ এবং অপরাধীদের আমাদের অফিসাররা সার্চ করতে গেলে তাদেরকে বাধা দিচ্ছে সেক্ষেত্রেও আমরা বলেছি সেটা নন-বেলেবল হবে, এই রকম ব্যবস্থা করেছি। হরশঙ্কর ভট্টাচার্য মহাশয় বলেছেন যে, তাঁর আইনজ্ঞ বন্ধু বলেছেন যে, এতে হয়ত অসাধু ব্যবসায়ীরা পালিয়ে যেতে পারবেন। অসাধু ব্যবসায়ীরা পালিয়ে যায় দু-ভাবে। একটা হয়ত যখন খাতাপত্র অনুসন্ধান করতে গেলাম, খাতাপত্র তালাচাবি দেওয়া আছে, চাবি আমার কাছে নেই। অফিসার সার্চ করতে গিয়ে সিন্দুকের তালাচাবি ভেঙ্গে কাগজপত্র বের করতে পারবে। খাতাপত্র যেখানে থাকবে সেখান থেকে ভেঙ্গে খাতাপত্র নিতে পারবে। আর তার জন্য যে অপরাধী হবে তাকে হাজতে থাকতে হবে, সে বেল পাবে না। আর ইন্ডিয়ান পেনাল কোডে আছে ৩ বছরের বেশী যেখানে পানিসমেন্ট সেখানে বেল পাবে না, আমরা ৩ বছরের কম যেখানে ২ বছর সেখানেও পানিসমেন্ট দিয়েছি এবং সেখানে আমরা বলেছি নন-বেলেবল হবে সেটা বিস্তারিত-ভাবে বলে দিয়েছি। কারণ, এটা সামাজিক অপরাধ এবং আমরা ধরে নিয়েছি সোস্যাল অফেন্স তার জন্য পেনাল্টি দিতে হবে। আয় ফাঁকির ক্ষেত্রে বলে দিয়েছি। কারণ এটা সোস্যাল অফেন্স তার জন্য পেনাল্টি দিতে হবে। আয় ফাঁকির ক্ষেত্রে ওয়াংচু কমিটি যা বলেছেন বিক্রয় কর, আয়করের ক্ষেত্রে নতুন নতুন আইন হওয়া উচিত। ওয়াংচু

কমিটির রিপোর্ট অনুযায়ী সেলস ট্যাক্সের উপর পদক্ষেপ নিতে যাচ্ছি, এই জন্য তুহিন সামন্ত মহাশয় এবং নরেশচন্দ্র চাকী মহাশয় এটাকে সমর্থন জানিয়েছেন। আমরা এটাকে নতুন পদক্ষেপ বলেছি, এজন্য ধন্যবাদ জানিয়েছেন। এই বলে আমি এই বিলটি হাউসের সামনে রাখছি যাতে বিলটি পাশ হয়ে যায়।

[5-10—5-20 p.m.]

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of Shri Sankar Ghose that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 4 and Preamble.

The question that clauses 1 to 4 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Sankar Ghose Sir, I beg to move that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Motion under rule 185

Shri Sukumar Bandyopadhyay: Sir, I beg to move that this Assembly welcomes the statement that Shri Siddhartha Sankar Ray, Chief Minister, made before the Sixth Finance Commission while presenting the case of West Bengal and expresses its full support for the principles that he formulated for the devolution of divisible Central taxes and duties and the distribution of Central grants.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ষষ্ঠ অর্থ কমিশনের কাছে পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় যে প্রতিবেদন রেখেছেন সেই প্রতিবেদনকে সমর্থন ক'রে এবং সেই প্রতিবেদন রাখার জন্য তাঁকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য রাখছি। স্যার, এটা খুবই সুস্পষ্ট এবং পরিষ্কার যে, বিভিন্ন অর্থ কমিশন পশ্চিমবঙ্গের উপর সুবিচার করেন নি এবং এটাও খুব পরিষ্কার যে, পশ্চিমবঙ্গের যে পাওনা হওয়া উচিত ছিল সেটা না পাওয়ার ফলে কৃষি, শিল্প, শিক্ষা সব দিক থেকে পশ্চিমবঙ্গ অনগ্রসরতার পথে ক্রমান্বয়ে পিছিয়ে পড়েছে। আজকে সেই মহাজনের কথা যদি মনে হয়, মহামতি গোখলের কথা, 'হোয়াট বেঙ্গল থিংকস্ টু ডে, ইন্ডিয়া থিংকস্ টুমরো', সেই মহাজনের বাক্য স্মরণ করতে গিয়ে আজকে একথা মনে হতে পারে, হয়ত মানসিকতার দিকে বা চিন্তার দিক থেকে আমরা পিছিয়ে পড়ি নি, কিন্তু আজকে সারা ভারতবর্ষ অর্থনৈতিক অগ্রগতির পথে এগিয়ে চলেছে আর আমরা ক্রমান্বয়ে পিছিয়ে পড়ছি। এই পর্যায়ে আমাদের প্রতি যে অবহেলা এবং বৈষম্য বারংবার দেখানো হয়েছে সে সম্পর্কে আজকে পশ্চিমবঙ্গ বিধানসভা নিশ্চয় সোচ্চার হবেন। সঙ্গে সঙ্গে সেই বৈষম্য দূরীকরণের জন্য যে প্রতিবেদন পেশ করা হয়েছে ষষ্ঠ অর্থ কমিশনের কাছে, করেছেন আমাদের মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়, তাঁকে সমর্থন করার সময় এসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গ ক্ষুধায় জীর্ণ এবং দারিদ্র্যে শীর্ণ। পশ্চিমবঙ্গ সরকারের হিসাব অনুযায়ী যদি দেখেন, তা হ'লে দেখতে পাবেন এই পশ্চিমবঙ্গে ১৯৭১ সালের ডিসেম্বর মাসের হিসাব অনুযায়ী রেজিস্ট্রিকৃত বেকার হচ্ছে ৮ লক্ষ ৬৮ হাজার ১২১ এবং ইউ পি যেটা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বড় রাজ্য সেখানে বেকার হচ্ছে ৫ লক্ষ ৩১ হাজার ৭০১। এই পশ্চিমবাংলায় আজকে আমরা দেখতে পাচ্ছি ১৩৭ লক্ষ একর চাষযোগ্য জমি রয়েছে এবং সেখানে সেচ পায় মাত্র ২৬·৫ ভাগ যেখানে পাঞ্জাবে সেচসেবিত জমির সংখ্যা হচ্ছে ৫৫·৫ ভাগ। আজকে পশ্চিমবাংলায় আমরা লক্ষ্য করলে দেখতে পাবো যে, খাদ্য সংকট চূড়ান্ত হয়েছে, সেখানে পাঞ্জাবে যেখানে ২৫ বছর আগে খাদ্য ঘাটতি ছিল সেখানে

৩৫ হাজার টন গম উদ্বৃত্ত করছে। এই দিক থেকে আজকে আমরা অনগ্রসর হয়ে আছি। সেই সঙ্গে সঙ্গে আমরা লক্ষ্য করছি যে, পশ্চিমবাংলার শতকরা ৫০ জন মানুষ দারিদ্র্য সীমারেখার নীচে আছে এটা আমরা স্বীকার করছি। এটা আমরা সরকারী পরিসংখ্যান অনুযায়ী স্বীকার করছি। সেই সঙ্গে সঙ্গে এটাও লক্ষ্য ক'রে দেখেছি যে, পশ্চিমবাংলায় শিল্পে অগ্রগতি হচ্ছে না। পশ্চিমবাংলা থেকে ৮ শত কোটি টাকার মূলধন সরিয়ে নেওয়া হয়েছে। ১৯৬৯ থেকে ১৯৭২ সালের মধ্যে ৮ শত কোটি টাকার মূলধন এই রাজ্য থেকে অন্য রাজ্যে সরিয়ে নেওয়া হয়েছে। এই যে চিত্র, এই চিত্রের মধ্যে আমরা লক্ষ্য করেছি হতাশা, এই চিত্রের মধ্যে আমরা লক্ষ্য করেছি বিষাদ এবং সেজন্য আজকে পশ্চিমবাংলাকে সব থেকে শক্তিশালী করার জন্য, সর্বদিক থেকে পশ্চিমবাংলাকে স্বনির্ভর করার জন্য আজকে ষষ্ঠ অর্থ কমিশনের কাছে বক্তব্য রাখা হয়েছে এবং বক্তব্য রাখা হয়েছে পশ্চিমবাংলাকে রক্ষা করার জন্য, তাকে বাঁচাবার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬১ সালে ডঃ বিধানচন্দ্র রায় একটা পরিসংখ্যান দিয়েছিলেন তাতে তিনি বলেছিলেন যে, একশত টাকার মধ্যে যেখানে অন্ধ্র পায় ১৩২·৩ টাকা, আসাম পায় ১৩৩·১ টাকা, বিহার পায় ১৮২·৮ টাকা, কেরালা যেখানে পায় ৮৮·৫ টাকা, মধ্যপ্রদেশ যেখানে পায় ১৮৭·৮ টাকা, উড়িষ্যা যেখানে পায় ৩৯৩·১ টাকা, পাঞ্জাব যেখানে পায় ১০৩·৯ টাকা, রাজস্থান যেখানে পায় ১৯২·৫ টাকা, উত্তরপ্রদেশ যেখানে পায় ২১৬·৪ টাকা সেখানে পশ্চিমবাংলার ভাগ্যে জোটে মাত্র ১৬·২ টাকা। সুতরাং এদিক থেকে লক্ষ্য করলে এটা উপলব্ধি করতে পাচ্ছি যে, যদিও পশ্চিমবাংলার কোন কোন ক্ষেত্রে অগ্রগতি হয়েছে, কিন্তু পশ্চিমবাংলার সামগ্রিক অগ্রগতি, পশ্চিমবাংলার সার্বিক অগ্রগতি হওয়া সম্ভবপর নয়। ১৯৬৭ থেকে ১৯৭১ সাল পর্যন্ত যে সময় গেছে সেই সময়ের মধ্যে আমরা কি দেখেছি? দেখেছি বিধ্বস্ত পশ্চিমবঙ্গ। অর্থনৈতিক দিক থেকে বিধ্বস্ত, বেকারির যন্ত্রণা বেড়েছে, শিল্পের ক্ষেত্রে অশান্তি বেড়েছে, নূতন শিল্প হওয়ার ক্ষেত্র সংকুচিত হয়েছে এবং কৃষিক্ষেত্রে যে শিল্প বিপ্লবের কথা মুখে ব'লে থাকি সেই শিল্প বিপ্লব আজও সম্ভবপর হয় নি। এর মধ্যে এলেন ষষ্ঠ অর্থ কমিশন এবং এরই মধ্যে পেশ করতে হ'ল আমাদের বক্তব্য। সেই ষষ্ঠ অর্থ কমিশন তৈরি হয়েছে ব্রহ্মানন্দ রেড্ডি মহাশয়কে চেয়ারম্যান ক'রে এবং তার সভ্য হিসাবে ক্যালকাটা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি, শ্রীমাসুদ এবং আরো অনেকে আছেন। তাঁদের কাছে ষষ্ঠ অর্থ কমিশনের কাছে আমাদের বক্তব্য পেশ করা হয় এবং সেই বক্তব্য পেশ করলেন আমাদের মুখ্যমন্ত্রী। পরিষ্কার ভাষায় তিনি বলেছিলেন দ্ব্যর্থহীন ভাষায় যে, আমরা বিচার পাচ্ছি না, বিচার পাই নি, পশ্চিমবাংলার প্রতি সুবিচার করা হয় নি। যে অর্থ পশ্চিমবাংলার পাওয়া উচিত ছিল সেই অর্থ পশ্চিমবাংলা পায় নি এবং তাই নূতন বিচারের জন্য আপনাদের কাছে দাঁড়িয়েছি, আমি আমার মন্ত্রিসভার হয়ে দাঁড়িয়েছি, সরকারের হয়ে দাঁড়িয়েছি, তিনি পরিষ্কারভাবে সে কথা বলেছিলেন। আজকে ট্যাক্স আদায়ের ক্ষেত্রে, সেন্ট্রাল লোন-এর ক্ষেত্রে তারা আজকে প্রমাণ করেছেন, তাঁর বক্তব্য তিনি রেখেছেন বলিষ্ঠভাবে এবং সাংবিধানিক উপায়ে, সংবিধানসম্মত উপায়ে তিনি তাঁর বক্তব্যের মধ্যে দিয়ে প্রমাণ করেছেন। আমি মনে করি এই প্রথম ষষ্ঠ অর্থ কমিশনের কাছে সংবিধানকে উদ্ধৃত ক'রে আমাদের যে টাকা পাবার অধিকার আছে এবং সেটা যে সংবিধানসম্মত অধিকার সেই বক্তব্য পেশ করা হ'ল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ট্যাক্স শেয়ার আমরা পাই, যেটা আমাদের পাওয়া উচিত সেটা আমরা পাই না। আমরা দেখেছি যে, আমাদের পশ্চিমবাংলা থেকে যে ট্যাক্স আদায় করা হয়, যে ইনকাম ট্যাক্স, একসাইজ ডিউটি যে পরিমাণ পাওয়া উচিত ছিল সেই পরিমাণ ট্যাক্স আমরা পাই না। আমরা আরো কি দেখেছি? আরো দেখেছি, এই ট্যাক্স না পাবার জন্য, এই ট্যাক্স যদি আমরা না পাই, তা হ'লে পশ্চিমবাংলায় ইন্ডাস্ট্রিকে রক্ষা করা, যে সমস্ত কেন্দ্রীয় সরকারের ইন্ডাস্ট্রি রয়েছে সেই ইন্ডাস্ট্রিকে রক্ষা করার জন্য, তার মিউনিসিপ্যাল সার্ভিসের জন্য, রাস্তাঘাট-এর জন্য বহু টাকা খরচ করতে হয়। কাজেই সেই টাকা যদি আমরা খরচ করতে না পারি, তা হ'লে এই ইন্ডাস্ট্রিগুলিকে বাঁচান যাবে না এবং এগুলিকে আমরা বাঁচাতে পারবো না। তাই আমি বলছি, আমরা যারা ট্যাক্স হিসাবে ইনকাম ট্যাক্স দেই, একসাইজ ডিউটি দেই, সেটা যাতে পুরোপুরি আমরা পাই তার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করছি এবং সেই অনুরোধ করছেন আমাদের মুখ্যমন্ত্রী ষষ্ঠ অর্থ কমিশনের কাছে তাঁর প্রতিবেদনের মাধ্যমে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি যে পশ্চিমবঙ্গ থেকে যে ট্যাক্স আদায় করা হয়, ইনকাম ট্যাক্স এবং একসাইজ ডিউটি বাবত যে পরিমাণ আমাদের পাওয়া উচিত ছিল সেই পরিমাণ ট্যাক্স আমরা পাই নি। আমরা আর কি দেখেছি? এই ট্যাক্স না পাবার জন্য আমরা কি দেখছি?

এই ট্যাক্স যদি আমরা না পাই, তাহলে আমাদের পশ্চিমবঙ্গের ইন্ডাস্ট্রিকে রক্ষা করার জন্য যে সমস্ত কেন্দ্রীয় সরকারের ইন্ডাস্ট্রি রয়েছে পশ্চিমবাংলায়, সেই ইন্ডাস্ট্রি রক্ষার জন্য, তার মিউনিসিপ্যাল সার্ভিসের জন্য, তার রাস্তাঘাটের জন্য বহু টাকা খরচ করতে হয়, সেই টাকা যদি আমরা খরচ করতে না পারি, তা হ'লে ইন্ডাস্ট্রিগুলো বাঁচবে না এবং সেই ইন্ডাস্ট্রিগুলো আমাদের পক্ষে রক্ষা করা সম্ভবপর হবে না। তাই আমরা বলেছি ট্যাক্স হিসাবে যে ইনকাম ট্যাক্স দিই, এক্সাইজ ডিউটি দিই, তা যাতে পুরোপুরি আমরা পাই তার জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করেছি। মুখ্যমন্ত্রী মহাশয় অর্থ কমিশনের কাছে তাঁর প্রতিবেদন রেখেছেন। আমরা দেখেছি পশ্চিমবাংলা থেকে যে প্রোডাকসান হয় তা আমরা পাই না। কৃষি ভিত্তিক রাজ্য হরিয়ানা, পাঞ্জাব, এদের ইনকাম ট্যাক্স কম, একসাইজ ডিউটি কম। এগ্রিকালচারাল যে ইনকাম ট্যাক্স সেটা তারা নিজেরাই পায়, কিন্তু আমাদের যে একসাইজ ডিউটি এবং ইনকাম ট্যাক্স সেটা একটা বিরাট পরিমাণ টাকা সেই টাকা আমরা পাই না। আমাদের টাকা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের জন্য বণ্টন করা হয়, অথচ হরিয়ানা, পাঞ্জাবের মত রাজ্য যারা এগ্রিকালচারে চূড়ান্ত উন্নতি করেছে তারা নিজেরাই সেই ট্যাক্সটা ভোগ করে। সুতরাং অর্থ কমিশনের কাছে স্পষ্ট ভাষায় এবং দৃঢ় কণ্ঠে মুখ্যমন্ত্রী মহাশয় বক্তব্য রেখেছেন যে, কালেকসান করা হয় পশ্চিমবঙ্গ থেকে সেই কালেকসানের ভাগ আমাদের পাওয়া উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে লোন নিতে হয় রাস্তাঘাটের জন্য, হাসপাতালের জন্য, শিক্ষার জন্য। আমরা ধার নিই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এবং সেই টাকা আমাদের পরিশোধ করতে হয় এবং সুদ দিতে হয়। মুখ্যমন্ত্রী তাই বলেছেন এই অর্থ কমিশনকে যে, এই যে শিক্ষার জন্য টাকা খরচ করছি, রাস্তাঘাটের জন্য টাকা খরচ করছি, টাকা খরচ করছি অন্যান্য প্রতিষ্ঠানের জন্য তা আমরা নিশ্চয় শোধ করবো। কিন্তু তা এখনই ফেরত দিতে পারবো না। আমাদের ২০।২৫ বছর টাইম দিতে হবে। আজকে অন্যান্য নানা দিক থেকেও বলিষ্ঠভাবে অর্থ কমিশনের কাছে মুখ্যমন্ত্রী বক্তব্য রেখেছেন। আজকে পশ্চিমবাংলায় নকশালবাড়ি হবে না, পশ্চিমবঙ্গে সি আর পি দরকার হবে না, যদি আজকে সেন্ট্রাল লোন যা দেওয়া হয় তা যদি দীর্ঘমেয়াদী ভাবে পরিশোধের জন্য সময় দেওয়া হয়। তা যদি হয়, তা হ'লে কিন্তু পশ্চিমবাংলায় অশান্তি আসবে না, পশ্চিমবাংলায় হিংসা এবং সন্ত্রাস আসবে না। মাননীয় মুখ্যমন্ত্রী আজকে বলিষ্ঠভাবে সংবিধান উদ্ধৃত ক'রে পশ্চিমবাংলার মন্ত্রিসভার তরফ থেকে, পশ্চিমবাংলার বিধানসভার পক্ষ থেকে যে প্রস্তাব ষষ্ঠ অর্থ কমিশনের কাছে রেখেছেন তাকে অভিনন্দন জানাবার জন্য আমি এই বিধানসভার সমস্ত সদস্যকে আহ্বান জানাতে চাই। সরকারী পক্ষ এবং সরকারের বিরোধী পক্ষ এবং মোর্চায় যারা আছেন এই রকম সকলের কাছে আমার আবেদন পশ্চিমবঙ্গকে রক্ষা করার জন্য মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশংকর রায় তাঁর বক্তব্য রেখেছেন ষষ্ঠ অর্থ কমিশনের কাছে। কেন্দ্রীয় সরকারের কাছে বলেছেন যে, এই অবিচার করা চলবে না। এই অবিচারের বিরুদ্ধে প্রতিবাদ করার জন্য যে বক্তব্য তিনি রেখেছেন এবং অর্থ তিনি দাবি করেছেন তাকে সকলে সমর্থন করুন সর্বসম্মতিক্রমে, এই বিশ্বাস রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশংকর রায় ষষ্ঠ অর্থ কমিশনের কাছে আমাদের পশ্চিমবঙ্গের ন্যায্য যে পাওনা সেই পাওনার যে দাবি তুলেছেন সেই সম্পর্কে আলোচনায় সুকুমারবাবু একটা লম্বা চওড়া বক্তৃতা দিলেন এবং শেষ কালে সুপারিশ করলেন যাতে সকলে এটা সমর্থন করেন। সুকুমারবাবু তো একথা বলবেনই, কারণ তিনি সিদ্ধার্থবাবুর পার্টির লোক। কাজেই সিদ্ধার্থবাবু যদি একটা ছেঁড়া কাগজ দেন তা হ'লেও সেটা তাকে ভাল কাগজ বলতে হবে। ঢাকটা যেমন সুকুমারবাবুর গলায় বেঁধে দেওয়া হয়েছে তিনি সেই রকমই বাজালেন। কি লেখা আছে রিপোর্টের মধ্যে সেটা হয়ত তিনি দেখেন নি। কিন্তু তাঁর বক্তব্যের মধ্যে যা শুনলাম তা তিনি মাঝে মাঝে বেশ উষ্মা প্রকাশ করেছেন যেন এটা তিনি সমর্থন করতে পারছেন না। সমর্থন করছেন শুধু দলের খাতিরে। এর মধ্যে যতটুকু সত্য কথা তিনি বলতে পেরেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কথায় আছে বাঁশের চেয়ে কঞ্চি দড়। আমাদের শ্রীমতী গান্ধী নির্বাচনের পূর্ব মুহূর্তে ব'লছিলেন যে, পশ্চিমবঙ্গের সমস্ত অভাব পূরণ করে দেওয়া হবে, কোন দাবিই রাখবেন না তিনি। তারপর দেখা গেল, দীর্ঘদিন চলে যাবার পরেও পশ্চিমবঙ্গের একই হাল। মাননীয় সদস্যরা সকলেই জানেন পশ্চিমবঙ্গ থেকে কত প্রকারে ট্যাক্স তারা

আদায় করে নিয়ে যায়। এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স, সেলস ট্যাক্স, এই দুটো ছাড়া আর কোনটা পশ্চিমবাংলার ভাগ্যে জোটে না। যাবতীয় ট্যাক্স শুধু পশ্চিমবঙ্গে আদায় করতে হয়, নেয় কেন্দ্রীয় সরকার, আর কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গকে কোথায় রেখেছে একবার দেখুন। ভারতের সংবিধানের কথা তিনি বলেছেন।

মাননীয় স্পীকার স্যার, এটা একটা গ্রান্ট ইন এড হিসাবে পশ্চিমবঙ্গকে দেওয়া হয়। পশ্চিমবঙ্গ থেকে যে ট্যাক্স আদায় করা হয় এবং যে টাকা দেওয়া হয় বা যা আমাদের পাওনা কেন্দ্রীয় সরকার ধার্য করেন তাতে সেই টাকার বৃহত্তর অংশ কেন্দ্র নিয়ে নেন, সামান্য টাকা কেবলমাত্র রাজস্ব হিসাবে দেন। আমাদের মুখ্যমন্ত্রী সিক্সথ ফিনান্স কমিশনের কাছে যে বক্তব্য বা দাবি পেশ করেছেন, তাতে এটা দেখা গিয়েছে যে, একটা ভিক্ষার ঝুলি নিয়ে হাজির হয়েছেন এবং সুপারিশ করেছেন যে, আমাদের পশ্চিমবঙ্গকে বাঁচাও। মাননীয় স্পীকার স্যার, আমি এই কথা বলতে চাই যে তিনি সাকসেসফুল ব্যারিস্টার, তিনি কৌসুলী ভাল—তিনি জানেন পণ্ডিত জহরলাল নেহেরু যখন ১৯৪৫ সালে আমেদাবাদ দুর্গে ছিলেন এবং সেই অবস্থায় যখন কংগ্রেসের নির্বাচনী ম্যান্ডেট দিয়ে গিয়েছিলেন, তখন তাতে বলা হয়েছিল, পশ্চিমবঙ্গ সমেত সমস্ত প্রভিন্সকে পাওয়ার অটোনমি দেওয়া হবে। ১৯৪৭ সালের স্বাধীনতার পর ভারতবর্ষের তিনিই প্রথম প্রধান মন্ত্রী এবং ১৯৫০ সালে ভারতের সংবিধান রচিত হল! তাই মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি হাউসকে বলতে চাই যে, তাঁর উত্তরসুরী ইন্দিরা গান্ধী আজ ভারতের প্রধান মন্ত্রী এবং কংগ্রেস দলের নেত্রী। আমাদের মুখ্যমন্ত্রী নিশ্চয়ই তাঁর এজেন্ট হিসাবে এখানে আছেন। মাননীয় স্পীকার স্যার, কিন্তু সুদীর্ঘ দিন চলে গেল তারা পাওয়ার অটোনমি সম্বন্ধে কিছু চিন্তা করেছেন কি? আমরা যে স্বাধীনতা পেয়েছি এবং তা পাওয়ার পর আমাদের সংবিধানে স্বায়ত্বশাসনের যে ধারাগুলি আছে সেগুলি পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কেন ভারতবর্ষের কোন রাজ্যের ক্ষেত্রেই পর্যাপ্ত নয়, সমস্ত অধিকার কেন্দ্রীয় সরকারের।

শ্রীআবদুল বারি বিশ্বাস: অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, উনি স্বায়ত্বশাসনের কথা বলছেন, দয়া করে যদি পরিষ্কার করে দেন যে, কিসের স্বায়ত্বশাসন সম্বন্ধে বলেছেন এবং কাদের স্বায়ত্তশাসন সম্বন্ধে বলছেন, তা হলে আমাদের বুঝতে সুবিধা হয়।

শ্রীশীশ মহম্মদ: আমি ক্লিয়ার করে দিচ্ছি, আপনি বসুন। মাননীয় স্পীকার স্যার, এই যে রাজস্ব, এই রাজস্ব ধার্যের কাঠামো এবং রাজস্ব বিভাজনের সম্বন্ধে যে মৌলিক একটা বিভেদ থেকে গিয়েছে, সেটাকে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় মেনে নিয়ে আমাদের কাছে একটা বিরাট ফর্দ সুকুমারবাবুর মাধ্যমে পাঠিয়ে দিয়েছেন। কিন্তু আজকে আমাদের মনের মধ্যে প্রশ্ন জাগছে যে, ধানের জমিকে পাটের জমিতে পরিণত করা হয়েছে বৈদেশিক মুদ্রা অর্জন করবার জন্য, আমাদের ধানের জমিকে চায়ের জমিতে পরিণত করেছে বৈদেশিক মুদ্রা অর্জন করবার জন্য। কিন্তু মাননীয় স্পীকার স্যার, এই যে ধানের জমিকে পাটের জমিতে পরিণত করে কেন্দ্রীয় সরকারের অর্থ ভাণ্ডারকে পূর্ণ করে দিচ্ছি, আজকে ধানের জমিকে চায়ের জমিতে রূপান্তরিত করে কেন্দ্রীয় সরকারের অর্থ ভাণ্ডার ভরে দিচ্ছি, সেই বিষয়ে আমি আজকে আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি যে, আমরা সেই অর্থের রাজস্ব হিসাবে কতটা অংশ পেয়ে থাকি? নিশ্চয়ই তিনি পরিষ্কার করে বলতে পারবেন না যে, আমরা ন্যায্য পাওনা পাই না। শুধু পশ্চিমবঙ্গ কেন কেন্দ্রীয় সরকার ভারতবর্ষের সমস্ত রাজ্যকে লুটেপুটে খাচ্ছেন আর তাদের ন্যায্য অধিকার দিচ্ছেন না। মাননীয় স্পীকার স্যার, আজ আপনার মাধ্যমে এই হাউসে একটা কথা বলতে চাই যে, ১৯৪৭ সালের পূর্বে যে ইংরাজ শাসন ব্যবস্থা ছিল এবং তার পূর্বে আমরা দেখেছি এখানে ইস্ট ইন্ডিয়া কোম্পানী দেখিয়ে ছিলেন যে, এখানে অর্থ সংগ্রহ করে এবং সঞ্চয় করে ইংলন্ডে নিয়ে যেতে হয় কি করে। তারপর ১৯৪৭ সালে আমাদের দেশে একটা নতুন সরকার হল—জাতীয় সরকার, সেই সরকার তারপর থেকে আমাদের পশ্চিমবঙ্গ থেকে যে টাকা নিয়ে যান সেই টাকাই আবার আমাদের লোন আকারে দেন।

[5-30—5-40 p.m.]

চতুর্থ পরিকল্পনার শেষে কেন্দ্রীয় সরকার আমাদের ২২০ কোটি টাকা লোন দিয়েছিলেন এবং তার আগে থেকে দাবি করেছিলেন ২৩৪ কোটি টাকা লোন তাড়াতাড়ি শোধ করতে হবে। ২৩৪ কোটি টাকা লোন শোধ করার জন্য দেখা গেল ১৪ কোটি টাকা ডেফিসিট থেকে গেল। ১৯৪৭ সালের পর থেকে পশ্চিমবাংলা কত পেয়েছিল সেটা আমি হাউসকে জানাতে চাই। ১৯৪৭ সালের পর থেকে ১৯৬৫ সাল পর্যন্ত যে টাকা পেয়েছিল তার পরিমাণ ৪৭১ লক্ষ ৯৭ হাজার টাকা। পশ্চিমবাংলা থেকে যে টাকা নিয়ে গেলেন তার হিসাবে দেখা যাবে যে, শত শত গুণ টাকা কেন্দ্রীয় সরকারের কাছে থেকে গেল। পশ্চিমবঙ্গের শিল্পের উপরে নির্ভর করে পার্শ্ববর্তী রাজ্যগুলি বেঁচে আছে। পশ্চিমবাংলা থেকে যে রোজগার হয় কেন্দ্রীয় সরকার যদি সে টাকা না নেন, তা হ'লে আমরা বেকার সমস্যার সমাধান করতে পারি। নূতন নূতন শিল্প প্রতিষ্ঠান করতে পারি, শিক্ষা ও কৃষির ক্ষেত্রে উন্নতি করতে পারি। কিন্তু সেই টাকা আমাদের কোথায়? বরং কেন্দ্রীয় সরকার আমাদের মুষ্টি ভিক্ষা হিসাবে, লাম্প গ্রান্ট হিসাবে একটা পার্সেন্টেজ দিচ্ছেন। আবার বারি সাহেব হয়ত একটা পয়েন্ট অব অর্ডার তুলবেন। তিনি তুলুন আমার আপত্তি নেই। সুতরাং আমাদের যে ন্যায্য দাবি সেটা আমরা করছি। আমাদের যখন সংবিধান তৈরি হয়েছিল তখন প্রত্যেক প্রভিন্স-এর সঙ্গে যুক্তি করে করা হয় নি। এমনভাবে সংবিধান করা হ'ল যাতে সমস্ত টাকা তারা নিয়ে আমাদের সামান্য সামান্য দেবে। আমার প্রশ্ন হচ্ছে আমাদের টাকা তারা নিয়ে যাবে আর আমরা তাদের কাছে ভিক্ষার ঝুলি নিয়ে কি যাব? আমি প্রশ্ন করছি আমাদের নিজেদের করের টাকা যদি আমাদের নিজেদের ঘরে রাখার চেষ্টা করি, তা হ'লে মুখ্যমন্ত্রী কি আমাদের নেতৃত্ব দেবেন? কিন্তু তা তিনি দেবেন না। কারণ তিনি আমাদের প্রধান মন্ত্রীর নিজস্ব লোক—বিরোধীতা করতে গেলে আবার বিপদ হবে। আমি প্রশ্ন করছি আমাদের মন্ত্রিসভাকে যে তাঁরা ক্ষমতাসীন থাকতে চান, না দেশকে ভালবাসতে চান? যদি দেশকে ভালবাসতে চান, তা হ'লে নিজস্ব ব্যানার নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি উত্থাপন করুন, আমাদের যে ন্যায্য পাওনা সেটা আমাদের দিতে হবে, ভিক্ষার ঝুলি নিয়ে যেতে আমরা রাজী নই। এই কথা ব'লে আমি শেষ করছি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মিঃ স্পীকার, স্যার, সুকুমারবাবু যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের উপর আলোচনা কবতে গিয়ে প্রথমেই মনে হচ্ছে যে, সুকুমারবাবু প্রস্তাব এনেছেন মুখ্যমন্ত্রী যে স্টেটমেন্ট করেছেন তার উপর। কিন্তু মেমোরেন্ডাম পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে যেটা পাঠান হয়েছে সেটা এখনও আমরা চোখে দেখতে পারি নি। সিদ্ধার্থবাবুর স্টেটমেন্টের প্রথম পৃষ্ঠায় দ্বিতীয় প্যারাগ্রাফে বলা হচ্ছে

"The memorandum submitted to the Finance Commission along with other documents sums up West Bengal case. Here I will only confine myself to certain salient features of our case".

তাই অরিজিন্যাল মেমোরেন্ডামের ভিত্তিতে আলোচনা হলে ভাল হত। সেটা কিন্তু বিধান-সভার মাননীয় সদস্যদের কাছে প্লেসড হয় নি, যদিও অন্যান্য বছর সমস্ত মুখ্যমন্ত্রীর মেমোরেন্ডামগুলি বিধানসভার সদস্যদের ভিতর দেওয়া হত। এবছর আজ পর্যন্ত লাইব্রেরী টেবিলে অরিজিন্যাল মেমোরেন্ডাম প্লেসড হয় নি, কেন প্লেসড হচ্ছে না বুঝতে পারছি না। অরিজিন্যাল মেমোরেন্ডামে কি আছে না জেনে আমাদের আলোচনা করতে হচ্ছে। মিঃ স্পীকার, স্যার, এটা আমাদের কুইনকোনিয়াল রিচুয়্যাল, পঞ্চবার্ষিক ব্রত পালনের মত হয়ে দাঁড়িয়েছে, প্রতি ৫ বছর অন্তর অন্তর এক একটা ফাইনান্স কমিশানের সামনে পশ্চিমবঙ্গ তার কেস রিপ্রেজেন্ট করবে, কিন্তু কুইনকোনিয়াল রিচুয়্যাল এটা মুখ্যমন্ত্রী ভালভাবে পালন করবেন। ব্রত পালন ভালভাবে করা দরকার। সেইভাবে বলতে পারি মোটামুটি মেমোরেন্ডামটা সুলিখিত হয়েছে, এর বাইরে এই মেমোরেন্ডামটা অভূতপূর্ব একটা কিছু হয়েছে দুঃখের বিষয় এই রকম কিছু সিদ্ধার্থবাবুর স্টেটমেন্ট পড়ে আমার মনে হয় নি। তবে এটা ভাল লেখা হয়েছে মাত্র এটুকু আমার ধারণা হয়েছে। মিঃ স্পীকার, স্যার, আমি দেখতে পেলাম ফাইনান্স কমিশানের যে ৩টি বিষয় সেটা হচ্ছে ইনকাম ট্যাক্স এবং অন্যান্য

ট্যাক্স সম্পর্কে আলোচনা, গ্র্যান্ট-ইন-এড সম্বন্ধে আলোচনা, লোনস সম্বন্ধে আলোচনা। ইনকাম ট্যাক্সের ব্যাপারে পঞ্চম ফাইনান্স কমিশানের রেকমেন্ডেসান ছিল যে সমস্ত রাজ্যগুলি ৭৫ ভাগ শেয়ার পাবে, এই ৭৫ ভাগের ভেতর ৯০ ভাগ জনসংখ্যা এবং ১০ ভাগ ট্যাক্স কালেকশান, এটার বিরোধিতা ক'রে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে বলা হয়েছে যে, রাজ্যগুলির শেয়ার ৯০ পার্সেন্ট বাড়ান হোক, পপুলেশানের ভিত্তিতে ৬০ ভাগ দেওয়া হোক এবং সোর্স অব কালেকশানের ভিত্তিতে ৪০ ভাগ দেওয়া হোক। আমরা মনে করি এটা ভালই হয়েছে। কিন্তু সোর্স অব কালেকশান যদি আরো একটু বাড়ান হত, যদি ৫০ ভাগ পপুলেশান এবং ৫০ ভাগ সোর্স অব কালেকশান রাখা হত, তা হ'লে খারাপ কিছু হত না, ভালই হত এবং পশ্চিমবঙ্গ যে পাঁচ-পাঁচবার বঞ্চিত হয়েছে সেই বঞ্চনার হাত থেকে অনেকটা রক্ষা পেত। মিঃ স্পীকার, স্যার, মেমোরেন্ডামে কর্পোরেশান ট্যাক্সটাকে যোগ করার কথা বলা হয়েছে ,সোর্স সুড বি দি বেসিস বলা হয়েছে। কিন্তু যে দু'টি পয়েন্ট এক্ষেত্রে বলা হয় নি তার জন্য আমাদের একটু দুঃখ হচ্ছে, জানি না কেন এই দু'টি পয়েন্ট আমাদের মেমোরেন্ডাম থেকে বাদ গেল। সেন্টার আর্টিকেল ২৬৯ অনুযায়ী যে সমস্ত টাকা রাজ্যসরকার পেতে পারে সেই সমস্ত উৎসের উপর কোন ট্যাক্স বসান নি এই অভিযোগ পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে করা উচিত ছিল। তা ছাড়া ইনকাম ট্যাক্সের সারচাজ যেটা রাজ্যগুলিকে দেওয়া হয় না, রাজ্যগুলি এর থেকে বঞ্চিত হয়, এটা নিশ্চয়ই উল্লেখ করা উচিত ছিল। এক্সাইজ ডিউটির ক্ষেত্রে মুখ্যমন্ত্রীর মেমোরেন্ডামে দেখলাম যে, সেখানে এখন যা নিয়ম আছে ২০ পার্সেন্ট অন অল ডিউটিজ, পপুলেশান ৪০ পার্সেন্ট, ব্যাকওয়ার্ডনেস অব স্টেট ৪০ পার্সেন্ট, এই ২০ পার্সেন্ট অন অল ডিউটিজ, এটা বাড়াবার কথা মেমোরেন্ডামে বলা উচিত ছিল; শুধু বলা হয়েছে কনজাম্পসান সুড বি দি বেসিস, ব্যাকওয়ার্ডনেস বেসিস হওয়া উচিত নয় একথা বারবার বলা হয়েছে। অ্যাডিসনাল এক্সাইজ ডিউটির ক্ষেত্রে আমার মনে হয় আমাদের মেমোরেন্ডামে, আমি এখনও মেমোরেন্ডাম দেখি নি, কারণ, মেমোরেন্ডামটা আমাদের দেওয়া হয় নি, ঠিকই বলা হয়েছে যে, অ্যাডিসনাল এক্সাইজ ডিউটির নাম ক'রে রাজ্যসরকার যেসব বিষয়ের উপর এক্সাইজ আরোপ করতে পারে সেইসব বিষয়গুলির উপর সেন্টার আরোপ ক'রে যাচ্ছে, অথচ টাকাটা পরিপূর্ণ দেওয়া হচ্ছে না। সুতরাং অ্যাডিসনাল এক্সাইজ ডিউটি আরোপ করলে যে পরিমাণ টাকা আদায় করতে পারত সেই পরিমাণ টাকা রাজ্যসরকারকে দিতে হবে, মেমোরেন্ডামে এই বক্তব্য ঠিকই আছে।

[5-40—5-50 p.m.]

কিন্তু স্টেটমেন্টের ১২ পাতায় বলা হচ্ছে—আদার ট্যাক্সেস অ্যান্ড ডিউটিজ -

"We have in our memorandum indicated the principles for the distribution of other taxes and duties and I am not repeating the same here"

মেমোরেন্ডামে কি বলা হয়েছে আমি জানি না, কাজেই কি আলোচনা আর করব, তারপর সেলস ট্যাক্স অন এস্টেট ডিউটি এটা আমার কাছে খারাপ লেগেছে। মিসলেনিয়াস ট্যাক্স ইন লিউ অব রেলওয়ে ফেয়ারস, এ ব্যাপারেও কিছু বলা হয় নি। আমার সব চেয়ে খারাপ লেগেছে জুট এক্সপোর্ট ডিউটি সম্পর্কে একেবারে সাইলেন্ট। যদি গ্রেটেস্ট বিট্রেয়াল হয়ে থাকে পশ্চিমবাংলার ক্ষেত্রে, সেন্টারের তরফ থেকে কোন বিট্রেয়াল হয়ে থাকে, তা হ'লে সেটা হয়েছে ১৫ই আগস্ট নিমিয়ার্স এওয়ার্ডে। আমরা সাড়ে বাহাট্টি পার্সেন্ট জুট গ্রোয়িং স্টেট, কিন্তু স্বাধীনতার দিন রাত্রে সেটা গোপনে জুট এক্সপোর্ট ডিউটি টুয়েন্টি পার্সেন্ট করা হয়েছে। এটা আমার বড় দুঃখ। এখানে একটা স্টিপুলেটেড এমাউন্ট দেওয়া আছে, কিন্তু জুট এক্সপোর্ট ডিউটি সম্পর্কে খুব জোরের সঙ্গে বলা উচিত ছিল, কিন্তু সেটা কিছুই বলা হয় নি। তারপর টি এক্সপোর্ট ডিউটি কি হবে, সেটা মেমোরেন্ডামে দেখতে পাই নি। গ্রান্ট-ইন-এইড-এর ক্ষেত্রে ওয়েস্ট বেঙ্গলের কেস ভালভাবেই প্লেসড হয়েছে, অর্থাৎ পশ্চিমবাংলার যে স্পেশাল প্রবলেম, সেটা বেশ ভালভাবেই প্লেসড হয়েছে। আর্টিকল ২৭৫-এ গ্রান্ট-ইন-এইড দেবার কথা, এবং দেখলাম সিদ্ধার্থশংকর রায়ের স্টেটমেন্টের ১৯ পাতাতে এটা মোটামুটি সাজান আছে। গ্রেটার ক্যালকাটার জন্য স্পেশাল গ্রান্ট দেওয়া উচিত, এটাও সাজান আছে।

ক্যালকাটা কর্পোরেশনের জন্য স্পেশাল গ্রান্ট দেওয়া উচিত, এটাও আছে। এক্সপেন্ডিচার অন ডিসপ্লেসড পার্সনস্, তার জন্য স্পেশাল গ্রান্ট দেওয়া উচিত এটা আছে। জি আর, টি আর-এর জন্য স্পেশাল গ্রান্ট দেওয়া উচিত, এটাও আছে। আনএমপ্লয়মেন্ট অ্যান্ড রিসেশন-এর জন্য আছে। মাননীয় স্পীকার মহাশয়, এগুলো ছাড়া সিদ্ধার্থশঙ্কর রায়ের স্টেটমেন্টে লোনস ফ্রম সেন্টার যা আছে, সেই লোনের রিপেমেন্ট সম্পর্কে কিছু কিছু নূতন কথা বলা হয়েছে। অর্থাৎ বলা হয়েছে যে, আমরা এই সাজেশন দিয়েছি যে, লোনগুলো আরও বেশি বছর ধ'রে শোধ করা হোক। ইন্টারেস্ট সেই র‍্যাশনলাইজড করা হোক, এগুলো ঠিক। তবে গ্রান্ট-ইন-এইড এই চ্যাপটারটা পড়ে আমি দুঃখিত হয়েছি, আমাদের যে প্রাপ্য সেটা আদায়ের ভিত্তিতে আমাদের মেমোরেন্ডাম তৈরি হয় নি। আমাদের আরও কিছু দিন, আমাদের অবস্থা বুঝুন, এই রকম ভিত্তিতে স্টেটমেন্ট গঠিত হয়েছে। এতে যে রকম কথা থাকা উচিত ছিল সেটা নেই। জানি না ওরিজিন্যাল মেমোরেন্ডামে আছে কিনা যেটা আমরা দেখতে পাচ্ছি না। তারপর বেস অব ডিভোলিউশন সুড হ্যাভ বিন ওয়াইডেন্ড, এটা বলা দরকার ছিল। বলা দরকার ছিল, কর্পোরেশন ট্যাক্স ঠিক আছে কিন্তু কাস্টম অ্যান্ড এক্সপোর্ট ডিউটির কি হবে? এটা কেন ডিভোলিউশনের ভিতর আসবে না, এটা বলা উচিত ছিল। তারপর ট্যাক্স অন ক্যাপিট্যাল ভ্যালু অব এস্টেট এটা কেন ডিভিজিবল পুলের ভিতর আসবে না, এটা বলা দরকার ছিল। তারপর সারচার্জ অব ইনকাম ট্যাক্স কেন বেসিক রেট অব ইনকাম ট্যাক্স-এর সংগে মার্জড হবে না, এটা বলা উচিত ছিল। তারপর সমস্ত এক্সাইজ ডিউটি কেন শেয়ারেবল্ হবে না, এটা বলা উচিত ছিল। তারপর অল কমোডিটিজের উপরে সেলস ট্যাক্স ইম্পোজ করা দরকার এবং সেই রাইট এসার্ট করা দরকার ছিল।

শুধু তাই নয় আমাদের এই মেমোরানডামে বলা আছে যে, নন-প্রোডাকটিভ স্কীমে সেন্টার ধার দেয়, লোন দেয়, তা হলে তার উপরে কেন ইন্টারেস্ট নেবে, সেটা কেন রি-পেয়েবেল হবে না? আমার মনে হয় আমাদের বলা দরকার ছিল যেগুলি প্রোডাকটিভ লোন, সেই প্রোডাকটিভ স্কীমের জন্য লোনগুলি সেগুলো নন-রিপেয়েবেল হবে। প্রোডাকটিভ লোনের জন্য নন-রিপেয়েবেল হোক, এটা কিন্তু ওয়েস্ট বেঙ্গলের পুরানো মেমোরানডামে আছে, সেখান থেকে আমাদের সিফ্ট করা কেন দরকার—আমার মনে হয় এটা একটা পদক্ষেপ সামনের দিকে হয় নি, পিছনের দিকে হল। যত জোরের সংগে আমরা কেন্দ্রের কাছে বলতে পারতাম এইসব কথা, সেই-সব কথাগুলি বাদ দেওয়া হল। আমাদের বলা দরকার ছিল, কেন্দ্রীয় সরকারের একটা ফাইন্যান-সিয়াল ডিসিপ্লিন আনা প্রয়োজন। ফাইন্যানসিয়াল ডিসিপ্লিন শুধু স্টেটগুলি আনছেন, কেন্দ্রীয় সরকারের আনা উচিত ছিল। ডেফিসিট ফিন্যানসিং করে সমস্ত জিনিস-পত্রের দাম বাড়িয়ে ডি এ বাড়াতে বাধ্য হচ্ছে রাজ্য সরকার। কিন্তু সেই ফাইন্যানসিয়াল ইনডিসিপ্লিন কেন্দ্রীয় সরকারের তৈরি এই কথাটা বলা দরকার ছিল। শুধু তাই নয়, অন্যান্য যে প্রথম ফাইন্যান্স কমিশনের কাছে পশ্চিমবাংলার যে আবেদন, দ্বিতীয় ফাইন্যান্স কমিশনের কাছে যে আবেদন, তৃতীয় ফাইন্যান্স কমিশনের কাছে বিধানবাবুর যে আবেদন, সেই আবেদন অত্যন্ত ভাল। চতুর্থ ও পঞ্চম প্রত্যেকটি আবেদনের ক্ষেত্রে মেমোরানডামের যে ফান্ডামেন্টাল ইস্যুগুলি উঠেছিল আমাদের সিদ্ধার্থবাবুর স্টেটমেন্টের সেই ফান্ডামেন্টাল ইস্যু সম্পূর্ণভাবে উপেক্ষিত হয়েছে। দুঃখের কথা সেই ফান্ডামেন্টাল ইস্যু নিয়ে সমস্ত রাজ্য জুড়ে আলোচনা হচ্ছে, সমস্ত ভারতবর্ষের প্রতিটি রাজ্যে মন্ত্রিসভা আলোচনা করছে, সেই ফান্ডামেন্টাল ইস্যুগুলি একেবারে অবহেলিত হয়েছে। ফান্ডামেন্টাল ইস্যু হচ্ছে যে, প্ল্যানিং কমিশন-এর ফাংসান কি, ফাইন্যান্স কমিশনের ফাংসান কি? ফাইন্যান্স কমিশনের ফাংসান হচ্ছে, প্ল্যানিং কমিশনের ফাংসান হচ্ছে প্ল্যান করা এবং ফাইন্যান্স কমিশন সেই অনুযায়ী টাকা বরাদ্দ করবে। কিন্তু বর্তমানে কিছু টাকা ফাইনান্স কমিশন দেবে প্ল্যানের জন্য এবং টাকা প্ল্যানিং কমিশন ঠিক করবে, এই দুটো জিনিস চলে না। এই ফান্ডামেন্টাল ইস্যু আজকে প্রতিটি রাজ্য সরকার তুলছে। আমরাও গতবারে উঠিয়েছিলাম, এটা বিধানবাবুর আমল থেকে উঠেছে। বিধানবাবু বলতেন, একবার এক্স-াসপারেটেড হয়ে বলে ফেলেছিলেন, কমিশনের কাজ কি হবে? আমি সেটা পড়ে শোনাচ্ছি।

কমিশনের কাজ হবে শুধুমাত্র সেন্টারের পাওনা ঠিক করা, রাজ্যের পাওনা ঠিক করা নয়। বিধান-বাবু এক্সপ্রেসলি এক্সসাসপারেটেড হয়ে বলেছিলেন—

'In our view one of the major tasks of the Finance Commission would be to assess the needs of the Centre according to the functions it is required to discharge under the Constitution and to allow to retain so much and so much only.'

ইস্যুটা বিধানবাবু তুলে ধরেছিলেন। তার পরবর্তী কালে প্রফুল্ল সেনের আমলে প্রত্যেকটি সরকার যুক্তফ্রন্টের আমল থেকে প্রত্যেকটি রাজ্য সরকার যে ইস্যু বার বার তুলেছে যে, ফাইন্যান্স কমিশনের কাজ কি হবে, প্ল্যানিং কমিশনের কাজ কি হবে? এই ফান্ডামেন্টাল ইস্যু আমাদের এই ওয়েস্ট বেঙ্গলের স্টেটমেন্টের মধ্যে কিছু দেখতে পাচ্ছি না, জানি না মেমোরানডামের ভিতরে কিছু আছে কিনা। শুধু তাই নয়, সেন্ট্রালি স্পনসর্ড স্কীম যেগুলি স্টেট সাবজেক্টের উপরে এনক্রোচমেন্ট করছে, বিধানবাবু তার স্টেটমেন্টে বার বার বলেছেন, এগ্রিকালচার, ইরিগেশন স্টেট সাবজেক্ট তোমরা প্ল্যান করে টাকা খরচা করছ কেন? আমরা প্ল্যান করবো, আমাদের টাকা দিতে হবে। তোমরা প্ল্যান করছ, তোমরা স্কীম করছ, এতে স্টেট অটোনমি থাকছে না। এই ফান্ডামেন্টাল ইস্যুটা আমরা সিদ্ধার্থবাবুর স্টেটমেন্টে দেখতে পেলাম না। আর একটা কথা আছে, ফাইন্যান্স কমিশনকে একটা পার্মানেন্ট বডি হতে হবে। এটা যদি সর্ট লিভ বডি হয়, এক মাস বা ৬ মাসের জন্য যদি হয়, তা হলে তার কোন পার্মানেন্ট সেক্রেটারিয়েট থাকে না তাদের কোন রেসপনসিবিলিটি থাকে না। তারা একটা রিপোর্ট দিয়ে চলে গেল, তার কি কন্সিকোয়েন্ট হল, স্টেটগুলির উপরে সেটা থাকে না। আব আজকের দিনে ৫ ইয়ারস্ ইজ এ লং পিরিয়ড। প্রতি দু বছর অন্তর আলোচনা হতে পারে। ডিভ্যালুয়েসন নিউ স্কীম হতে পারে। সুতরাং পার্মানেন্ট ফাইন্যান্স কমিশন দরকার। তাই যেটা

Major issue whether Constitution should be amended or not on these points.

কনস্টিটিউসন অ্যামেন্ড হওয়া উচিত। আমাদের ভবতোষ দত্ত উনি ফোর্থ ফাইন্যান্স কমিশনের মেম্বার ছিলেন। তার একটা নিজস্ব অ্যাপেন্ডেড আছে।

[5-50—6-00 p.m.]

He has raised the question that immediately the Constitution should be amended.

যে ইমিডিয়েটলি কনস্টিটিউসন শুড বি অ্যামেন্ডেড। সুতরাং আমরা দেখতে পাচ্ছি যে সিদ্ধার্থ-বাবুর স্টেটমেন্টে এই ফান্ডামেন্টাল ইস্যুগুলি কিছুই রেজ হয় নি, অনেক কিছু বাদ পড়ে গিয়েছে। তবে তিনি আগে ফাইন্যান্স কমিশন থেকে শেষ পর্যন্ত ওয়েস্ট বেঙ্গলের স্পেশাল প্রবলেমস যে সমস্ত জিনিস বলা হয়েছে তার কিছু এবল সামারি এই স্টেটমেন্টে আছে। এই-টুকু বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশংকর ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী ফিনান্স কমিশনের কাছে পশ্চিমবাংলার সমগ্র পরিস্থিতি তুলে ধরেছিলেন এবং আমাদের যেটা দাবি, সংবিধানের ধারা অনুযায়ী পশ্চিমবাংলার যে দাবি, সেটা পরিষ্কারভাবে তুলে ধরেছেন এবং যে কেউ আগে যা কিছু মেমোরানডাম পশ্চিমবাংলা সরকার দিয়েছেন তার সাথে এই মেমোরানডাম যদি পড়ে দেখেন —হরশংকরবাবু কেবল মুখ্যমন্ত্রীর বক্তৃতাটা পড়েছিলেন, আমাদের যে কোন মেমোরানডাম যেটা আমরা হাউসের কাছে দেব সেই পুরো মেমোরানডাম যেটা হচ্ছে ১৩৩ পাতার মেমোরানডাম, যেখানে সমস্ত কথাটা লেখা আছে, তাতে পশ্চিমবঙ্গের পুরো দাবি তুলে ধরা হয়েছে। দাবিটা কি এবং এই ফিনান্স কমিশন কি কাজ করেন? ফিনান্স কমিশন তিনটি জিনিস করেন। একটা হচ্ছে, যেটা ডিভিজেবল পুল অব ট্যাকসেস্ অ্যান্ড ডিউটিস্, বিভাজনযোগ্য যে আয়কর এবং শুল্ক সেটা কিভাবে বিভিন্ন ভারতবর্ষের অংগরাজ্যের ভিতর বণ্টন হবে সেটাই প্রথম কথা।

দ্বিতীয় কথা, তারা বলেন, কেন্দ্র থেকে রাজ্যব্যাপী ভাগটা নেয় সেই ভাগটা শোধ দিতে হবে কিনা, সেটা রাইট-অফ করা হবে কিনা দিতে হলে কতদিনের মধ্যে দিতে হবে। তৃতীয় কথা যে, গ্রান্ট-ইন-এড আর্টিকেল ২৭৫ অব দি কনস্টিটিউসন অনুযায়ী সে থেকে কতটা পশ্চিমবঙ্গ সরকার পারে। গতবার ফিনান্স কমিশনের কাছ থেকে প্রায় ৭০ কোটি টাকা বেশি পেয়েছিলেন. এবারে আমরা কিছু বেশি টাকা দাবি করেছি। এখন প্রথম কথা যেটা, যেটা ডিভিজেবল ট্যাক্সেস্ অ্যান্ড ডিউটিস্, আয়কর এবং এক্সাইজ ডিউটি সেটাই হচ্ছে প্রধান, অন্যান্য যে ছোট ছোট কর আছে তাতে বেশি টাকা আসে না সেটা আমরা মেমোরানডামে বড় করে বিশদভাবে লিখেছি। কিন্তু আসল প্রশ্নটা হচ্ছে আয়কর এবং এক্সাইজ ডিউটি এবং সেটা কিভাবে বণ্টন হবে সেটাই হচ্ছে সমস্যা। এই যে বণ্টনের জন্য সংবিধানে কতকগুলি ধারা রয়েছে. সংবিধানে পরিষ্কার করে বলেছে যে. কিভাবে এই বণ্টন হবে। আমরা বলেছি ফিনান্স কমিশনের কাছে. মেমোরানডামেও বলেছি যে, বণ্টনটা হবে বিশেষ করে যেখান থেকে আয়করটা পাওয়া গিয়েছে. আদায় করা হয়েছে, কালেকটেড হয়েছে সেখানে সেটা ফিরে আসবে। যেখান থেকে এক্সাইজ ডিউটিটা আদায় করা হয়েছে, কালেক্ট করা হয়েছে, সেখানে সেটা ফিরে আসবে, সেখানে সেটা প্লাউ ব্যাক হবে, এটাই হচ্ছে প্রধান কথা। এবং কনস্টিটিউসনের যে সমস্ত ধারাতে এই টাকাগুলি আসবে বিভিন্ন ট্যাক্স এবং ডিউটি সেটা ৪টি আর্টিকেলে আছে—আর্টিকেল ২৬৮. ২৬৯, ২৭০ এবং ২৭২ এই সমস্ত আর্টিকেলে কিভাবে আসবে বলা হয়েছে, সেটা বিশ্লেষণ করে ফিনান্স কমিশনের কাছে বলা হয়েছে যে, কালেকসানের উপর বিশেষ গুরুত্ব দিতে হবে। এই পর্যন্ত পঞ্চম ফিনান্স কমিশন যেটা করেছে তাতে কালেকসানের উপর গুরুত্ব দেয় নি। তারা বলেছে যে. ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে রিজিওনাল ইমব্যালেন্স আছে. রিজিওনাল ইমব্যালেন্স দূর করতে হবে এবং সেইজন্য বিভিন্ন রাজ্যকে তাদের যে প্রয়োজন যে নিডস সেই অনুযায়ী টাকা দিতে হবে। যেটা প্রধান কথা, ফিনান্স কমিশনের কাছে যেটা মুখ্য কথা এই যে ৪টি আর্টিকেল ২৬৮, ২৬৯, ২৭০ এবং ২৭২ এইটার যে টাকাটা এটা বণ্টন হবে একটা ন্যায়নীতির ভিত্তিতে. যে রাজ্য থেকে যে টাকাটা এসেছে সে টাকাটা সেখানে ফেরত যাবে। সেখানে রিজিওনাল ইমব্যালেন্স দূরীকরণের কোন কথা উঠে না। কোন্ রাজ্য কত উন্নত. কাকে কত টাকা দিতে হবে. নিডস কি, তার জন্য আলাদা আর্টিকল ২৭৫ আছে। এই ২৭৫ অনুসারে বিভিন্ন রাজ্যকে গ্রান্ট দেওয়া হয়, অনুদান দেওয়া হয়। কিন্তু গ্রান্ট দেওয়ার আগে যে যে রাজ্য থেকে এক্সাইজ ডিউটি আসছে, তাদের কাছে তাদের ন্যায্য পাওনা বুঝিয়ে দিতে হবে। ফিফ্থ ফিনান্স কমিশন ভুল করেছিল। আর্টিকল ২৬৮, ২৬৯, ২৭০ এবং ২৭২ এই কয়টিতে যে কনস্টিটিউসনাল প্রিন্সিপল রয়েছে তাতে কালেকসনের ভিত্তিতে টাকা দিতে হবে, এটাকেই ইগনোর করেছিলেন. সমস্ত জিনিসটাই নিডসের ভিত্তিতে এবং রিজিওনাল ইমব্যালেন্সের ভিত্তিতে রায় দিয়েছিলেন, এটা একটা বিরাট ভুল করেছিলেন। একথা মেমোরানডামে আমরা রেখেছি। আর্টিকল ২৭৫ অনুযায়ী যে গ্রান্ট দেওয়া হয় সেটা রাজ্য অনুন্নত. উন্নত এটা দেখে দেওয়া হয়. কিন্তু যেখানে ইনকাম ট্যাক্স ডিসক্রিশনারী নয়. ইনকাম ট্যাক্সের ন্যায্য অংশ. এক্সাইজ ডিউটির ন্যায্য অংশ দিতে হবে, ডিসক্রিশনারী গ্রান্টের কথা নাই. ন্যায্য পাওনার টাকা সেইভাবেই দিতে হবে, সেখানে গ্রান্টের প্রশ্ন আসছে না রিজিওনাল ইমব্যালেন্সের প্রশ্ন আসছে না। তা হলে কি হচ্ছে? দেখতে পাচ্ছি পঞ্চম ফিনান্স কমিশন ভুল করেছিল। তারা কি করেছিল? যেসব রাষ্ট্র উন্নত রাষ্ট্র শিল্পায়িত রাষ্ট্র. ইন্ডাস্ট্রিয়েল স্টেট. অ্যাডভান্সড স্টেট তাকে কম দিলেই চলবে এবং ব্যাকওয়ার্ড স্টেট হলে বেশি দিতে হবে। বিচারে ভুল করার কারণ হল এই। সংবিধানে যে চারটি আর্টিকল ২৬৮, ২৬৯. ২৭০ এবং ২৭২. প্রথমে বিচার করতে হবে ন্যায্য নীতি অনুসারে কনস্টিটিউসন এবং তার পারপাস. সেখানে নিডসের প্রশ্ন আসে না. ইন্ডাস্ট্রিয়েল স্টেট কি ব্যাকওয়ার্ড স্টেট কি এগ্রিকালচারাল স্টেট. সে প্রশ্ন আসে না ন্যায্য দাবির প্রশ্ন সেখানে নন-ইন্ডাস্ট্রিয়েল স্টেট এই প্রশ্ন আসে না. এই প্রশ্ন আসে গ্রান্টের প্রশ্নে ২৭৫. যদি ইনকাম ট্যাক্সের এবং এক্সাইজ ডিউটির বণ্টন কালেকসন অনুসারে হয় পশ্চিমবাংলা অনেক বেশি টাকা পাবে। পঞ্চম ফার্স্ট কমিশন ভুল করেছিল সেটা হচ্ছে প্রথম কথা। আর্টিকল ২৭০ ও ২৭২-তে ইনকাম ট্যাক্স এবং এক্সসাইজ ডিউটি বণ্টনের ক্ষেত্রে যদি ২৭৫-এর নীতি

আরোপ করা না হয়, নিডসের ভিত্তিতে বিচার করা হয়, সব রাজ্যকে সমান করে দিতে হবে, তা হলে আদার আর্টিকলস থাকার প্রয়োজনীয়তা ছিল না। ৫টি আর্টিকলে ২৬৮—২৭২-এর ভিতর ন্যায্য পাওনা পাব বলে ২৭৫-কে আলাদা করে দেখছি। দেশ উন্নত, শিল্পায়িত একথা বলে পশ্চিমবাংলার ন্যায্য দাবিকে এড়িয়ে যাতে না যাই যাতে পশ্চিমবাংলার উপর অবহেলা না হয়, সেজন্য ২৭৫-কে আলাদা করে দেখছি।

আর একটা প্রশ্ন ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল, প্রধানমন্ত্রীর নেতৃত্বে তখন এ বিষয়ে আলোচনা হয়েছিল যে, পশ্চিমবঙ্গকে তার ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করার কারণ এই হতে পারে না যে, পশ্চিমবাংলা শিল্পায়িত, কারণ সারা পশ্চিমবাংলা তো আর শিল্পায়িত নয়, পশ্চিমবাংলার একটা অংশ শিল্পায়িত। সুতরাং পশ্চিমবাংলা রাষ্ট্র উন্নত রাষ্ট্র, এই কথা বলে তার ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করা ঠিক হবে না। প্রধান কারণ হচ্ছে প্ল্যানিং কমিশন কিছুদিন আগে ঘোষণা করেছে পশ্চিমবাংলার তিনটি জেলা ছাড়া, পশ্চিমবাংলার আর সমস্ত জেলা ব্যাকওয়ার্ড, অনুন্নত। কলকাতা, হাওড়া, ২৪-পরগনার কিছু অংশ কেবল উন্নত। তিনটি জেলা ছাড়া পশ্চিমবঙ্গ অনুন্নত। একটা রাষ্ট্রকে শিল্পায়িত রাষ্ট্র, ইন্ডাস্ট্রিয়েল স্টেট বলে ইনকাম ট্যাক্স, এক্সাইজ ডিউটির ডিউ শেয়ার থেকে বঞ্চিত করা ঠিক হবে না।

[6-00—6-10 p.m.]

ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলে যখন বিচার হয় তখন বলেছিলেন বিষয়টা মেক্রো লেভেলে নয়, মাইক্রো লেভেলে দেখতে হবে, রাষ্ট্র হিসাবে নয় জেলা হিসাবে দেখতে হবে। জেলা হিসাবেই যদি দেখতে হয়, তা হলে পশ্চিমবাংলার বেশিরভাগ জেলাই অনুন্নত এবং এই বিষয়ে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া প্ল্যানিং কমিশনের কাছে একটা পেপার দিয়েছিল, তাতে তারা বলেছিল যে, পশ্চিমবাংলাকে উন্নত বলে তার যদি ন্যায্য দাবি না দেওয়া হয়; তা হলে ভুল হবে। কারণ এগ্রিকালচারাল স্টেট হিসাবে তাদের পার ক্যাপিটা ইনকাম যদি দেখি, পশ্চিমবাংলার চেয়েও বেশি পাঞ্জাবের পার ক্যাপিটা ইনকাম, সুতরাং পশ্চিমবাংলা ইনকাম ট্যাক্স এবং এক্সসাইজ ডিউটির কি অংশ পাবে সেটা দেখা দরকার, তাকে বঞ্চিত করা উচিত হবে না, এই বলে যে শিল্পায়িত রাজ্য। রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, তাদের পেপার যেটা দিয়েছিলেন, তাতে তারা বলেছিল যে—

> Too often our thinking gets confused by talking of backard States and by equalising backwardness with lack of convenience not actually affected. In every State there are areas which are prosperous and areas which are poor. It would be much better to focus attention on areas defining them in terms of districts rather than on State for this purpose.

সুতরাং যদি জেলাওয়ারী বিচার করা যায়, তা হলে পশ্চিমবাংলার তিনটি জেলা ছাড়া যেটা প্ল্যানিং কমিশন বলেছেন অন্যান্য সমস্ত জেলা অনুন্নত। সুতরাং পশ্চিমবাংলাকে ইন্ডাস্ট্রিয়াল স্টেট বলে তার আসল এবং ন্যায্য পাওনা, সেটা থেকে তাকে বঞ্চিত করা ঠিক হবে না। আর একটা কথা এই প্রসঙ্গে উল্লেখযোগ্য। পঞ্চম অর্থ-কমিশন যেটা করেছিলেন যে, রিজিওনাল ইমব্যালেন্স সেটা দূর করতে হবে, সুতরাং সবাইকে সমান করে দিতে হবে, কালেকসনের উপরে জোর দিতে হবে। এই নীতি চলতে পারে না, তার আর একটা করণ, ফিফ্থ প্ল্যানে যেটা অ্যাপ্রোচ, যেটা প্ল্যানিং কমিশন করেছেন এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল-এ যেটা গৃহীত হয়েছে, সেটা হচ্ছে যে, একটা মিনিমাম নিডস প্রোগ্রাম ঠিক করে বলা হয়েছে যে এই সমস্ত জায়গা অনুন্নত, রাস্তা নেই, খাবার জল নেই, শিক্ষা ব্যবস্থা নেই, স্বাস্থ্যকেন্দ্র নেই সেইখানে এই সমস্ত মিনিমাম নিডস প্রোগ্রাম-এর জন্য ৩,৩৫০ কোটি টাকা ধরা হয়েছে। ফিফ্থ প্ল্যানে এই ৩,৩৫০ কোটি টাকা চতুর্থ অর্থ কমিশন সারা ভারতবর্ষকে বণ্টন করেছিল। তা চতুর্থ অর্থ কমিশন সারা ভারতবর্ষে বণ্টন করেছিলেন ২,৮০০ কোটি টাকা মিনিমাম নিডস প্রোগ্রামের জন্য।

কিন্তু এই ৩,৩৫০ কোটি টাকা সারা ভারতবর্ষে বণ্টন করা হবে এই মিনিমাম নিডসের জন্য, এই মিনিমাম নিডসের প্রধান লক্ষ্য হচ্ছে রিজিওনাল ইমব্যালেন্স দূর করা, যে অঞ্চল অনুন্নত সেই অঞ্চলকে উন্নত করা এবং দেশের সব কিছু সমান করা। সুতরাং নিডসের প্রশ্ন বিচার করতে হবে আর্টিকল ২৭৫-এ, সেখানে গ্রান্ট দেওয়া হয়েছে, নিডসের প্রশ্ন সেখানে বিচার করেছেন। প্ল্যানিং কমিশন ৩,৩৫০ কোটি টাকা মিনিমাম নিডস প্রোগ্রামে সেটা ব্যয় করেছেন, সুতরাং নিডস বা প্রয়োজন গরিব দেশ, অনুন্নত দেশ, তার জন্য দুটো প্রোগ্রাম রয়েছে গ্রান্টস আর্টিকল ২৭৫-এ যেটার ফিনান্স কমিশন দেবে ৩,৩৫০ কোটি টাকা। যেহেতু প্ল্যানিং কমিশন দেবে মিনিমাম নিডস প্রোগ্রামে, যেহেতু নিডস-এর প্রশ্নটা আর আসতে পারে না, যখন আর্টিকল ২৭০-এ কি আর্টিকল ২৭২-তে ইনকাম ট্যাক্স এবং এক্সসাইজ ডিউটিটা কিভাবে বণ্টন হবে সেটা বিচার্য। সুতরাং আমরা বলছি যে, ইনকাম ট্যাক্স যেটা পশ্চিমবাংলা থেকে আসে—কারণ এখানে অনেক শিল্প আছে, এক্সাইজ ডিউটি আছে। কারণ এখানে অনেক শিল্প আছে, কাজেই এই টাকাটা যদি পশ্চিমবাংলা থেকে নিয়ে সারা ভারতবর্ষে ছড়িয়ে দেওয়া হয়, তা হলে এই টাকা উপার্জন করবার জন্য পশ্চিমবাংলাকে যে বিরাট খরচ করতে হয় একটা শিল্প রাজ্য বলে ইন্ডাস্ট্রিয়াল ইনফ্রা-স্ট্রাকচার রাখতে হয়। সেখানে রাস্তাঘাট রাখতে হয়, তার স্কুল, হাসপাতাল, স্যানিটেশন, ড্রেনেজ ইত্যাদিতে নানান রকম খরচ করতে হয় এবং কনসেন্ট্রেসন অফ পপুলেশনের জন্য অনেক লোক থাকার ফলে আইনশৃঙ্খলার প্রশ্ন থাকে। ফলে পুলিসের জন্য অনেক টাকা খরচ করতে হয়। এই যে বিরাট খরচ পশ্চিমবাংলাকে করতে হয় সেই খরচের জন্য পশ্চিমবাংলা থেকে যে টাকা আদায় হয় সেটা পশ্চিমবাংলাকে ফিরিয়ে আনতে হলে প্ল্যাও ব্যাক করতে হবে। তা না হলে ঐ যে আমাদের শিল্প আছে সেটায় বেনিফিট হবে না, বার্ডেন হবে। শিল্প থেকে যে ইনকাম ট্যাক্স এবং এক্সাইজ ডিউটি আসে এবং সারা ভারতবর্ষে যেটা যায় সেটা যদি পশ্চিমবাংলায় ফিরে না আসে, তার ন্যায্য যে পাওনা তা না পেলে এই শিল্প রাখার যে খরচ তা কোথা থেকে সে করবে? যদি শিল্পগুলি থেকে যে ইনকাম ট্যাক্স আসে, এক্সসাইজ ডিউটি আসে সেটা যদি ভারতবর্ষে চলে যায়, পশ্চিমবঙ্গে না আসে তা হলে শিল্পগুলি রাখার জন্য যে বিরাট খরচ হবে সেটা কোথা থেকে আসবে? তা হলে এই শিল্পগুলি ব্লেসিং না হয়ে বার্ডেন হয়ে আসবে। সুতরাং এটা বিচার করে দেখতে হবে। শিল্পায়িত যে অঞ্চল আছে সরকারকে সে শিল্পগুলিকে রাখার জন্য খরচ করতে হবে। তৃতীয় অর্থ কমিশন বলেছেন শিল্পায়িত অঞ্চলগুলিতে সোস্যাল ওভারহেডের জন্য টাকা দিতে হবে। থার্ড ফাইন্যান্স কমিশন বলেছিলেন-

It has been observed by us that industrial and urban States, in whose territory large amounts are collected by way of income-tax should have an incentive and the wherewithal to maintain the environments which would preserve and promote industrial and trade activities. Large concentration of population, particularly of industrial labour, creates problems of law and order and gives rise to an increased demand for the administrative and social services.

আমাদের অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যান্ড সোস্যাল সার্ভিসেস, মিউনিসিপ্যাল সার্ভিসেস অনেক খাতে আমাদের অনেক খরচ করতে হচ্ছে। সুতরাং যে সমস্ত শিল্পায়িত অঞ্চল আছে সেখান থেকে ইনকাম ট্যাক্স আদায় করা হচ্ছে সেই শিল্পায়িত অঞ্চল রক্ষা করার জন্য যদি কালেকসানের ভিত্তিতে ন্যায্য টাকা না পাই, তা হলে এই অঞ্চলকে রাখতে পারবো না। সেইজন্য আমরা বলছি—

Mr. Speaker: Mr. Ghose, the allocated time is to expire at 6-11 p.m. According to rule 290, I take the sense of the House that the time be extended by half-an-hour.

Shri A. H. Besterwitch: If the time is extended in this manner everyday there will be difficulty.

Mr. Speaker: I extend the time by 15 minutes. I thing the Honourable Members have no objection.

(The Members agreed to the extension of time by 15 minutes.)

শ্রীশংকর ঘোষ: আমাদের তৃতীয় এবং চতুর্থ অর্থ কমিশন কালেকসানের উপর ২০ শতাংশ জোর দিয়েছিলেন, কিন্তু পঞ্চম অর্থ-কমিশন ১০ পার্সেন্ট দিয়েছিলেন। কেবল কালেকশানের ভিত্তিতে আমরা এইবার বলেছি অন্তত ৪০ পার্সেন্টের ভিত্তেতে দিতে হবে এবং সেটা ন্যায্য হবে। এইটা হচ্ছে আয়করের ক্ষেত্রে। তারপর আসছে এক্সাইজ ডিউটির কথা। যেখান থেকে এক্সাইজ ডিউটি আদায় হয় গরিব মানুষ কেরোসিন কেনে, দেশলাই কেনে, চিনি এবং অন্যান্য জিনিষ কেনে, তখন এক্সাইজ ডিউটি দেওয়া হয়। সুতরাং এক্সাইজ ডিউটি যে রাজ্য থেকে আসছে সেই রাজ্যকে এক্সাইজ ডিউটির একটা মোটা অংশ দিতে হবে- এই দাবি রেখেছি। সেই ক্ষেত্র বিভাজনের ক্ষেত্র। আর একটা বড় বিষয় ফাইন্যান্স কমিশন ঠিক করবেন যেগুলো ঋণ আমরা কেন্দ্রের কাছ থেকে নিই, সেই ঋণ কিভাবে শোধ দিতে হবে। আমরা ফোর্থ প্ল্যানের সময় কেন্দ্রের কাছ থেকে পাঁচশো কোটি টাকা পাবো, কিন্তু প্রায় চারশো কোটি টাকা আমাদের ঋণ শোধ দিতে হবে। সেইজন্য বলেছি ঋণের ক্ষেত্রে একটা নূতন নীতি হবে যে, ঋণ দেওয়া হবে সোস্যাল সার্ভিসে রাস্তা, শিক্ষাকেন্দ্র, স্বাস্থ্যকেন্দ্র ইত্যাদি ক্ষেত্রে সেই সোস্যাল সার্ভিসে যে ইনভেস্টমেন্ট করছি তা থেকে রোজগার হতে পারবে না।

[6-10—6-20 p.m.]

সুতরাং এই যে টাকা যেটা দিয়ে আমরা রাস্তা যে লোন নিয়ে আমরা হাসপাতাল করি সেটা ফেরত দেবার প্রশ্ন আসে না। এটা ধরে নিতে হবে যে, পশ্চিমবাংলায় যদি রাস্তা হয় এটা ভারতবর্ষের উন্নতি হল, পশ্চিমবাংলায় যদি স্বাস্থ্যকেন্দ্র হয়, তা হলে সেটা ভারতবর্ষের উন্নতি হল। এটা একটা ন্যাশনাল অ্যাসেট হল এটা শোধ দেবার কোন প্রশ্ন আসতে পারে না। সুতরাং আমরা এই বলছি যে, এই লোনগুলি গ্রান্ট হিসাবে কনভার্ট করে দিতে হবে। এই অ্যাক্টের দ্বিতীয় হচ্ছে আমাদের যে টাকাটা একটা ননপ্ল্যান গ্যাপ আছে যেটা ১৫৫ কোটি টাকা ছিল ফোর্থ প্ল্যানে যে লোন সেটা গ্রান্ট হিসাবে কনভার্ট করে দিতে হবে। তারপর এ কথাও আমরা বলেছি যে, রিলিফের যে খরচ করতে হয় রিলিফে ১৩ কোটি টাকা পশ্চিমবঙ্গকে প্রতি বছর খরচ করতে হচ্ছে। এই রিলিফের এ টাকা ফেরত যেতে পারে না। এই রিলিফের পুরো টাকা গ্রান্ট হিসাবে ধরে নিতে হবে। এই তিনটি কথা আমরা বলেছি। আর একটি কথা হচ্ছে যে, যে টাকা কেন্দ্রের কাছ থেকে নিয়ে আমরা কোন কমার্সিয়াল এন্টারপ্রাইসের কাজ করেছি ইরিগেশন প্রোজেক্ট ইত্যাদিতে তার একটা জেস্টেসন পিরিয়ড আছে, লাভ হবার সময় লাগে। সুতরাং যতদিন পর্যন্ত লাভ না হচ্ছে ততদিন পর্যন্ত শোধ দেবার কোন প্রশ্ন আসে না। সুতরাং এই যে সমস্ত টাকা শোধ দিতে হবে সেখানে আমরা বলেছি যে, সেখানে অন্তত ২০।৩০ বছর পরে সেটা শোধ দেওয়া হবে। আর একটা কথা আমরা পরিষ্কারভাবে বলেছি যে, আমাদের যে নীতি-গুলি নিয়েছি সেই নীতিগুলি যদি কেন্দ্র গ্রহণ করেন, তা হলে কেন্দ্রের যে খুব বেশি ক্ষতি হবে তা নয়, কেননা ৫০০ কোটি টাকা এই ফোর্থ প্ল্যানে কেন্দ্রের কাছ থেকে আমরা ঋণ হিসাবে পাচ্ছি। আবার ৪০০ কোটি টাকা ঋণ শোধ হিসেবে দিয়ে দেব। সুতরাং ঐ ঋণগুলি যদি গ্রান্ট হয়ে যায় তা হলে পর ক্ষতি হবে। কেননা ঋণ নিয়ে আমাদের এইসব ঋণ শোধ করতে হচ্ছে। এ বিষয়ে একটা কমিটি হয়েছিল সেই কমিটি বলেছিল যে, সমস্ত জিনিসটা আনরিয়েল হয়ে যাচ্ছে। কারণ এতে ঋণের বোঝা হয়ে গেছে সমস্ত রাজ্যে, যে ঋণ শোধ দেবার জন্য কেন্দ্রের কাছ থেকে আবার ফান্ড নিয়ে ঋণ শোধ দিতে হচ্ছে। সুতরাং আমরা বিশেষ করে বলেছি যে. ঐ টাকার লোনগুলি গ্রান্ট হয়ে যাবে আর কতকগুলি ২০।৩০ বছর পরে শোধ দেওয়া হবে। কতকগুলি প্রশ্ন হরশঙ্কর ভট্টাচার্য মহাশয় বলেছেন—তিনি আর্টিকল ২৬৯ সম্বন্ধে বলেছেন। আর্টিকল ২৬৯ ব্যাপারে যে টাকা পাওয়া যায় সেটা খুব বেশি নয় যেটা বড় মেমোরান্ডামে

বলেছে আর্টিকল ২৬৯, পিপি ৭১ টু ৭৬। এটা বিশেষভাবে আলোচনা করা হয়েছে। হরশঙ্করবাবু আরও বলেছেন এস্টেট ডিউটি সম্বন্ধে। এস্টেট ডিউটি সম্বন্ধে আমি বিশেষ করে বলেছি। আগে ফাইন্যান্স কমিশন ঠিক বর্ণিত করে নি। তারপর রেলওয়ে প্যাসেঞ্জার ফেয়ার সম্বন্ধে আমাদের যা বক্তব্য তা আমরা এখানে রেখেছি। জুট এক্সপোর্ট ডিউটি সম্বন্ধে যেটা বলেছি সেটা আমাদের মেমোরানডামে বলেছি। যেসমস্ত প্রশ্ন হরশঙ্কর ভট্টাচার্য মহাশয় তুলেছেন সেগুলি তিনি আমাদের বড় মেমোরানডাম দেখলেই সেখানে সমস্ত জিনিসটি পাবেন। এবং সমস্ত জিনিসটি যা আগের মেমোরানডামে ছিল সেগুলি তো আছেই তার উপর অনেক নূতন দাবি রাখা হয়েছে। কারণ পুরাণো ফাইন্যান্স কমিশন আমাদের যে কিছু বর্ণিত করেছিল সেটাও এখানে আছে। তার উপর আবার কতকগুলি নূতন বক্তব্য এখানে রাখা আছে। এবং আমি আশা করবো যে, এই নূতন ফাইন্যান্স কমিশন হয়েছে ষষ্ঠ ফাইন্যান্স কমিশন এতে যেসব মেম্বাররা রয়েছেন তাদের কাছে আমাদের বিরাট প্রত্যাশা রয়েছে। পঞ্চম অর্থ কমিশন বাংলার উপর সুবিচার করতে পারেন নি— কিন্তু ষষ্ঠ ফাইন্যান্স কমিশন আমাদের পশ্চিমবাংলার সমস্যাটা বুঝতে পেরেছেন যেখানে আমাদের মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্য রেখেছিলেন। আমাদের পূর্ণ বিশ্বাস আছে যে, পশ্চিমবঙ্গের উপর এবার সুবিচার হবে।

Mr. Speaker: I now call upon Shri Kumar Dipti Sen Gupta to speak. I allow him to speak for only two minutes.

Shri Kumar Dipti Sen Gupta: Sir, I welcome the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1973. Sir, we all speak about Socialism and, in fact we are all wedded to Socialism. As a matter of fact, socialism is a matter which we have heard since a long time.

Shri Abdul Bari Biswas: Sir, we would like to know on which motion he is speaking.

Mr. Speaker: Mr. Sen Gupta, you ought to speak on the motion of Shri Sukumar Bandyopadhyay moved under rule 185 which is at present before the House. You had been allotted two minutes time and that is going to be over.

Shri Kumar Dipti Sen Gupta: Sir, in that case I will not be speaking.

Mr. Speaker: So, I now call upon Shri Sukumar Bandyopadhyay to speak by way of reply.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে যে প্রস্তাব রাখা হয়েছে আজকের বিধানসভায় আমি আশা করবো আলোচনার শেষে সকলেই তা সর্বসম্মতিক্রমে গ্রহণ করবেন। আলোচনা করতে গিয়ে কেউ কেউ সমালোচনা করেছেন। আর এস পি-র বন্ধু শীশ মহম্মদ সাহেব বলেছেন। ইন্দিরা গান্ধী নাকি বলেছিলেন পশ্চিম বঙ্গের সব অভাব পূরণ ক'রে দেবেন। নির্বাচনে কি প্রতিশ্রুতি দিয়েছিলেন? মিথ্যা ভাষণ দেবার অল-ইন্ডিয়া থ্রি মাসকেটিয়ার্স পার্টির জুড়ি আর নেই। সেই জন্য আমরা মনে করি তিনি যে কথা বলেছেন সে কথার জবাব দেবার কোন প্রয়োজন নেই। অবশ্য বলেছেন দুর্ভিক্ষের ঝুলি নিয়ে ষষ্ঠ অর্থ কমিশনের কাছে তাঁদের বক্তব্য রেখেছেন কংগ্রেস সরকার এবং সিদ্ধার্থ রায়। এই কথা কি আমি শীশ মহম্মদ সাহেবকে জিজ্ঞাসা করতে পারি আপনাদের যখন ঐ যুক্তফ্রন্টের নেতা, মন্ত্রীরা দিল্লীতে গিয়ে ধর্ণা দিয়েছিলেন চালের জন্য এবং তাঁরা যে আবেদন রেখেছিলেন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর কাছে, তখন কি তাঁরা সেখানে বিপ্লব করতে গিয়েছিলেন, না সেখানে আবেদন নিয়ে গিয়েছিলেন? আমরা জানি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যিনি প্রধানমন্ত্রী আছেন, নেত্রী আছেন, তাঁর কাছে সুবিচার নিশ্চয় পাবো, এ বিশ্বাস আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আজকে এটা লক্ষ্য করেছি এবং দেখেছি যে, এই পশ্চিমবঙ্গে যে সমস্যা আছে সেই সমস্যা দূর করার ব্যাপারে আমাদের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সহানুভূতির কোন অবধি নেই। ১৪০ কোটি টাকা খরচ করে এই পশ্চিমবঙ্গে টিউব রেল

তৈরি হচ্ছে, ৪৪ কোটি টাকা খরচ ক'রে সেকেন্ড হ্ুগলী ব্রীজ তৈরি হচ্ছে এবং ফরাক্কায় ৪০ হাজার কিউসেক জল আসবে কিনা তা নিয়ে অনেকেই সন্দেহ প্রকাশ করেছিলেন, মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ রায় ফরাক্কার জন্য সেই জল এনে প্রমাণ ক'রে দিয়েছেন যে, মুখ্যমন্ত্রী কেন্দ্রের কাছ থেকে যা চান তা তিনি আদায় করতে পারেন। তিনি অক্ষম দাবি রাখেন নি, তিনি সক্ষম দাবিই রাখেন। শীশ মহম্মদ সাহেব বলেছেন যে, বর্তমান শাসন এবং ইংরাজ শাসন এক। বিদেশী আদর্শের কাছে যাদের টিকি বাঁধা আছে তারা এই কথা না বললে বুঝতে হবে, 'একি কথা শুনি আজি মন্থরার মুখে'—তাই তারা যা বলেছেন তাকে কিন্তু আমরা কোন গুরুত্বই দিচ্ছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সিদ্ধার্থ রায়ের যোগ্যতা আছে, কৃতিত্ব আছে, সৎ সাহস আছে, পশ্চিমবঙ্গের সমস্যা বোঝার ক্ষমতা তাঁর আছে সেটা ঢাক বাজিয়ে বলার প্রয়োজন হয় না। তিনি দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের দোহিত্র, শুধু তাই নয়, তিনি পশ্চিমবঙ্গের ৪॥ কোটি মানুষের আশার আলো। আজকে তিনি যে বলিষ্ঠ কর্মপন্থা গ্রহণ করেছেন তাঁর পিছনে পশ্চিমবঙ্গের জনগণ আছেন। সেই জন্য তার ঢাক পিটিয়ে বলার প্রয়োজন হয় না। হরশঙ্কর ভট্টাচার্য মহাশয় কিছু কিছু কথা বলেছেন। আমি শ্রদ্ধেয় হরশঙ্করবাবুকে বলি যে, সব সময় সব জিনিস মনোমত হয় না। রুশ বিপ্লবের পরে কয়েক লক্ষ মানুষ মারা গেছেন রাশিয়ায় দুর্ভিক্ষে, যখন মহাত্মা লেনিন ছিলেন রাশিয়ার কর্ণধার, তার জন্য মহাত্মা লেনিনের ঐতিহাসিক ভূমিকা সেখানে খর্ব হয় নি। তাই আজকে এই কথা বলছি ষষ্ঠ অর্থ-কমিশনের কাছে পশ্চিমবঙ্গের স্বার্থ রক্ষার জন্য, পশ্চিমবঙ্গের দাবি আদায়ের জন্য, সংবিধান উদ্ধৃত ক'রে নিজেদের দাবিকে জোর গলায় যেভাবে প্রতিষ্ঠিত করেছেন, মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় এবং তাঁর মন্ত্রিসভার সদস্যবৃন্দ তাঁকে আজকে সকলে মিলে সমর্থন জানানোর প্রয়োজন আছে। পশ্চিমবঙ্গের স্বার্থ রক্ষার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে তিনি যে দাবি রেখেছেন, ষষ্ঠ অর্থ কমিশনের কাছে যে দাবি রাখা হয়েছে তার দ্বারা যে কল্যাণ আসবে সেই কল্যাণের অংশীদার হবেন পশ্চিমবঙ্গের ৪॥ কোটি মানুষ। শীশ মহম্মদ সাহেব একটি বিধানসভা কেন্দ্রের প্রতিনিধি। তিনি সব ঝুটা হ্যায় ইত্যাদি যাই বলুন না কেন অন্তরে অন্তরে জানেন যে, এই অর্থ কমিশনের মাধ্যমে যে কল্যাণ আসবে সেই কল্যাণের অংশীদার হবেন পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ।

[6-20—6-30 p.m.]

আজকে হলদিয়া তৈরি হয়েছে, বন কেটে দুর্গাপুরে বসতি তৈরি হয়েছে। সারা পশ্চিমবাংলায় যে শিল্পোন্নতি হয়েছে সেখানে কেন্দ্রীয় সরকারের যদি বিমাতৃসুলভ মনোভাব থাক'তা, তা হলে এটা সম্ভব ছিল না। আজকে এটাকে জোর করার —না, শক্তিশালী করার জন্য লড়াই করছেন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়, লড়াই করছেন তাঁর মন্ত্রিসভা এবং লড়াই করছেন পশ্চিমবঙ্গ বিধানসভার সমস্ত সদস্যবৃন্দ। আর তাঁদের পেছনে আছেন পশ্চিমবাংলার ৪॥ কোটি মানুষ। তাই বলি, ষষ্ঠ অর্থ কমিশনের কাছে যে বক্তব্য রাখা হয়েছে সে বক্তব্য রাখা হয়েছে পশ্চিমবঙ্গের ভেঙ্গে পড়া অর্থনীতিকে পুনরুজ্জীবিত করার জন্য। আমি আশা করি আমার এই প্রস্তাব সকলে গ্রহণ করবেন। এই ভরসা নিয়ে আমি এই প্রস্তাব হাউসের কাছে রাখলাম।

The motion of Shri Sukumar Bandyopadhyay that this Assembly welcomes the statement that Shri Siddharta Shankar Ray, Chief Minister, made before the Sixth Finance Commission while presenting the case of West Bengal and express its full support for the principles that he formulated for the devolution of divisible Central taxes and duties and the distribution of Central Grants, was then put and agreed to.

PRIVATE MEMBERS' BILLS

The West Bengal Comrades Court Bill, 1972

Shri Kumar Dipti Sen Gupta: Sir, I beg leave to introduce the West Bengal Comrades Court Bill, 1972.

Now, Sir, it is known to all that we people of West Bengal are always progressive waded to socialistic economy.

Dr. Zainal Abedin: Sir, I beg to oppose the introduction of this Bill.

Mr. Speaker: This is a motion for leave to introduce the Bill. Now it has been opposed by Dr. Zainal Abedin, i.e., the leave should not be granted to introduce the Bill on the floor of the House. [Now, according to rule 73(1) if a motion for leave to introduce a Bill is opposed, the Speaker, after permitting, if he thinks fit, a brief explanatory statement from the Member who moves and from the Member who opposes the motion, may, without further debate, put the question. So, now I call upon the mover, Shri Kumar Dipti Sen Gupta who has asked for leave to introduce the Bill, to make a brief explanatory statement.]

শ্রীসোমনাথ লাহিড়ীঃ অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আমরা এই বিলের কোন কপি পাই নি। আমাদের এই হাউসের অতীতে একটা পদ্ধতি ছিল যে, ইনট্রোডাকসান স্টেজেও যদি অপোজড হয় বিল—কিন্তু বিল সাবমিট করলে যদি অপোজড না হয় অথবা যদি গভর্নমেন্ট করেন, তা হ'লে গেজেট করতে পারেন। কিন্তু যদি নন-অফিসিয়াল বিল হয় এবং তা যদি অপোজডও হয় ইন্ট্রোডাকসান স্টেজে অ্যাসেম্বলী সেই বিল ছেপে বিলি ক'রে দিতেন, এই ছিল আমাদের হাউসের প্রিসিডেন্ট। আমি আপনাকে প্রিসিডেন্ট বলতে পারি, আমি নিজেই মুভ করেছিলাম ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যামেন্ডমেন্ট বিল, বছরটা ঠিক মনে নেই সামটাইমস ইন ১৯৬০-৬১, সেই বিল স্বভাবতঃই ইন্ট্রোডাকসান স্টেজেই অপোজড হবে জানা ছিল এবং নন-অফিসিয়াল বিল ছিল, কাজেই গেজেট হয় নি। কিন্তু অ্যাসেম্বলী সেটা ছাপিয়ে সার্কুলেট করেছিলেন। এটা খুবই স্বাভাবিক, কারণ তা না হ'লে কোন মেম্বারের পক্ষে বোঝা সম্ভবপর নয় যে, কি বিলের ইন্ট্রোডাকসান মেম্বাররা চাচ্ছেন। আমি দেখেছিলাম অ্যাসেম্বলী অ্যাডমিনিস্ট্রেশান পরিবর্তন হওয়ার সঙ্গে সঙ্গে আমাদের রুলেরও অনেক পরিবর্তন হয়েছে। কিন্তু আমাদের হাউসের প্রিসিডেন্ট ইন প্রাকটিস যদি আপনি দেখেন রুলে এমন কিছু লেখা নেই যে, ইন্ট্রোডাকসান স্টেজে হ'লেও তা অ্যাসেম্বলী সার্কুলেট করবে কি করবে না এই ধরনের কথা লেখা নেই, গেজেট কোন ক্ষেত্রে করবে শুধু এইটুকু লেখা আছে। কিন্তু বিল সার্কুলেটেড হবে কি হবে না—বাই দি অ্যাসেম্বলী সেক্রেটারী সেই সম্পর্কে কোন কিছু লেখা নেই। হতেও পারে আবার নাও হতে পারে দেয়ার ইজ নো বার এবং প্রাকটিস ইন দি পাস্ট আমরা এনজয় করেছি, আমার নিজের পরিষ্কার নলেজে আছে অ্যাসেম্বলী সেক্রেটারিয়েটে ছাপিয়ে বিলি করেছি। সেই প্রাকটিস কেন এখন তুলে দেওয়া হ'ল, কি কারণে তুলে দেওয়া হ'ল সেটা জানবার অধিকার আমাদের নিশ্চয়ই আছে।

Mr. Speaker: [Now, I would like to draw the attention of the House that previously the system as the rule enjoined was that if the House granted leave to introduce the Bill, thereafter, it was published in the official gazette and copies were naturally circulated to each and every Member. In the case of the Private Members' Bill that has been given notice of by Shri Somnath Lahiri, he personally approached me and I also told him that if it was not possible for him to supply the copies to the Members I would look into the matter and supply copies to each and every Member of the House. I found later on that the honourable Member took the trouble himself and copies of the Private Members' Bill that he had given notice of were circulated to each and every Member. But so far as the Private Members' Bill of Shri Dipti Sen Gupta is concerned, that has not been circulated because the latest stand that has been taken by the Lok Sabha is not to print and not to circulate the Private Members' Bill whenever notice is given on the floor of the House because ultimately that Bill may not be moved at all. There have been cases in the Lok Sabha where notice has been given but ultimately the Bill has not been moved. The present practice which is being followed in the Lok Sabha is that advance publicity to the provisions of the Bill by a Member before its

introduction in the Housing is contrary to the established parliamentary conventions. So this is the established parliamentary convention in the Lok Sabha and other State Legislatures and we are generally trying to follow the same parliamentary convention. It is the latest convention that has been developed in the Lok Sabha as also in all other State Legislatures and we are trying to follow that particular convention as far as possible.)

Shri Somnath Lahiri: Sir, may I interrupt you just for a moment before you give your ruling?

কথা হচ্ছে ইউনিফরমিটি একটা ভীষণ ব্যাপার নয়। ব্যাপার হচ্ছে, আমাদের এই হাউসে একটা ফেসিলিটি ছিল সেটা কমনসেন্স ফেসিলিটিও বটে। কারণ একটা বিল-এর ইন্ট্রোডাকশান মুভ করতে গিয়ে মেম্বাররা যদি সম্পূর্ণ অজ্ঞাত থাকে যে বিলটা কি তা হ'লে তো তাদের চোখ বুজে থাকতে হয়। সেই জন্য আমাদের হাউসে পদ্ধতি ছিল যে, ইন্ট্রোডাকশান স্টেজে যেহেতু গেজেট হবে না সেহেতু অ্যাসেম্বলী সেক্রেটারিয়েট ছাপিয়ে বিলি ক'রে দেবে যদি মেম্বাররা নিজেরা না ক'রে আনতে পারে। কাজেই এই যে ফেসিলিটিটা আজকে পার্লামেন্টের ঐ প্রাকটিস তুলে ধ'রে মেম্বারদের কি সুবিধাজনক হবে, সেটা কেন আমরা বদলাতে যাব। আমার বিল যেহেতু আপনার সেক্রেটারিয়েট ছাপাতে রাজী হয় নি, আমি নিজে ছাপিয়ে দিয়েছি এবং আপনার অনুমতিসহকারে বিলি হয়েছে। কাজেই সব সময় সব মেম্বারের পক্ষে এটা করা সম্ভবপর হয় না। এই যে প্রোসিডিওরটা ছিল, এই প্রোসিডিওরটা বদলাবার এমন কি দরকার হ'ল, পার্লামেন্টের সঙ্গে ইউনিফরমিটি ক'রে মেম্বারদের অসুবিধা সৃষ্টি করতে হবে এটা আমি ঠিক বুঝতে পারলাম না।

[6-30—6-40 p.m.]

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার স্যার, আমার একটা ছোট্ট নিবেদন আছে আপনার মাধ্যমে বলতে চাই। আমাদের অ্যাসেম্বলী প্রসিডিওর রুলস আছে এবং সঙ্গে সঙ্গে এই হাউসের রুলসের বাইরে একটা কনভেনশন আছে এবং সেই কনভেনশন আপনি যদি দেখেন, তার জন্য আমরা গর্ব করতে পারি। বাইরে যে এই হাউসের এমন কিছু নজির আছে বা পার্লামেন্টারী প্রাকটিশ শুধু ভারতবর্ষেই নয়, যাদের কাছ থেকে এই প্রাকটিশ আমরা নিয়েছি—বাইরেও সেই নজিরকে আমরা তুলে ধ'রে পরিষ্কার ভাবে দেখাতে পারি। আপনি জানেন স্যার, এই হাউসের রিজন অব দি মোশন হয়েছে যা বাংলাদেশের বাইরে ভারতবর্ষের কোন লেজিসলেচারে হয় নি এবং পার্লামেন্টেও হয় নি এবং হাউস অব দি কমনসেও বহুদিন পূর্বে একবার হ'য়েছে। যদি এই হাউসে অ্যাসেম্বলী প্রসিডিওর রুলস যা আছে তা ছাড়া আমাদের কোন কনভেনশন থাকে, যে কনভেনশন আমরা মনে করি যে, অনেক দিনের দীর্ঘ অভিজ্ঞতার ফলে আস্তে আস্তে আমরা সেটাকে এস্টাবলিশ করেছি, আজকে যদি তার মধ্যে ভাল কিছু থাকে, তা হ'লে সেটাকে যখন আমরা অন্যদের সঙ্গে বিচার ক'রে একটা সাধারণ পদ্ধতির মধ্যে নিয়ে এসে তার সঙ্গে এক করতে যাবো, নিশ্চয়ই আমাদের যদি কিছু ভাল থাকে, সেটাকে বাদ দেব কিনা দেখতে হবে। এখন এটা সেই ভালর পর্যায়ে পড়বে কি পড়বে না, সেটা নিশ্চয়ই আপনি বিচার ক'রে দেখবেন কিন্তু বিধানসভার একজন সদস্য হিসাবে সবিনয়ে আপনার কাছে নিবেদন করবো যে, অন্যদের সভায়, কি পার্লামেন্টে, বর্তমানে কি নজির আছে সেটা দেখিয়ে এখানকার কনভেনশন যেন পরিবর্তন না হয়।

Mr. Speaker: I have not changed any convention. When honourable Member, Shri Somnath Lahiri, approached me, I also decided, though not officially, that the Bill may be circulated after cyclostyling the same. In the meantime, Shri Lahiri took the trouble of cyclostyling the same and my office distributed it amongst the Members. Now, regarding the Private Members' Bill of Shri Kumar Dipti Sen Gupta, I thought that he would similarly hand over the copies or he would make a request to me for circulating it. But I was under the impression that he might also take the trouble, as honourable Member Shri Somnath Lahiri has done, of cyclostyling the Bill and take the

help of my office in circulating the same. I am not going against this convention. But the difficulty is this whenever we go to any Speakers' Conference, generally we see that a rule be evolved in India which we can follow in each and every State. We try to establish a consensus in the Speakers' Conference where different problems from different States are there and we try to see, as far as possible, without curtailing the privilege of any Member, whether a common convention can be evolved all over India. I have not curtailed any convention. I have seen that this is the practice that is being followed in the Lok Sabha and in other State Legislatures. My office has circulated the cyclostyled copies of the Bill of Shri Somnath Lahiri. If he had not given the copies to the Members, the Bill would have been certainly cyclostyled and copies circulated to Members by my office.

শ্রীসোমনাথ লাহিড়ী: মিঃ স্পীকার, সেটাও আমরা চেয়েছি। আপনার অফিস রাজী হয় নি। আমার বিল যখন আমি সাবমিট করেছি, তখন আমি অফিসকে বলেছি যে, আমাদের প্রাকটিশ এই যে কোন বিল ব্যালটে উঠলে, সেই বিল যদি অপোজ হয় অন দ্যাট স্টেজ, অফিস ছাপিয়ে সার্কুলেট করবে। কিন্তু আপনার অফিস জানিয়েছে যে, আমরা নূতন আইন করেছি যে, আমরা করবো না। তখন আমি বাধ্য হয়ে আপনার পার্মিশন নিয়ে সাইক্লসটাইল ক'রে সার্কুলেট করেছি। এই বিষয়ে কুমারদীপ্তি সেনগুপ্ত মহাশয় বোধ হয় জানেন না, সেই জন্য তিনি করার সময় পান নি।

Mr. Speaker: Mr. Lahiri, when you approached me I also told my office that you could have it cyclostyled and circulated. Whatever may be the rule, you should have told me that it is convenient for all the Members.

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন রুলসে আটকাচ্ছে না এবং যখন আপনি বলছেন যে, কনভেনশন আমাদের একটা রয়েছে এবং লোকসভার আর একটা কনভেনশন রয়েছে, সুতরাং আমরা আমাদের কনভেনশনকে ফলো করব, এতে স্যার, কোন অসুবিধাতো নেই।

Mr. Speaker: The only difficulty is that we are trying to reach a consensus all over India, in all State Legislatures. We are generally trying to follow the Lok Sabha and in my humble opinion, we should do that because more important and eminent persons, eminent speakers are there in the Lok Sabha —they are trying to develop a convention which should be followed in all the State Legislatures. That should be our outlook. At least, in my humble opinion, I must say that if there is any ruling on any particular point, given by the Speaker of the Lok Sabha, we must try to follow that ruling as a proper guidance. You perhaps know that if a Supreme Court Judge gives any ruling, that judgement is not binding even on the Judges of the Calcutta High Court; it is not obligatory. But we can expect that the ruling given by the Supreme Court should be followed and given due importance by the other High Court Judges. So, in case if any convention is developed in the Lok Sabha or if there is some ruling on any particular point, or some words have been declared unparliamentary by the Lok Sabha, generally we should give proper importance to that and try our utmost to abide by the directions of the Lok Sabha on that particular issue. Though I may think that the ruling is inappropriate yet that should also be duly considered by the other State Legislatures. The only point which we must abide by is that there should be evolved an all India convention. As far as I understand, there should be no separate convention for each State Legislature and separate convention for the Lok Sabha as this will only create difficulty. At any rate no further discussion is necessary.

শ্রীসোমনাথ লাহিড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভবিষ্যতে যদি মেম্বার নিজে সাইক্লোসটাইল করে ব্যবস্থা না করতে পারে এবং সে যদি আপনার অফিসকে রিকোয়েস্ট করে তা হলে অফিস সাইক্লোসটাইল করে দেবে এটা আপনি বলে দিন।

Mr. Speaker: I think this matter should not be left open. I have got no objection in circulating this thing. If the Member himself prints and gives us the copies, we will circulate them. But, if the Member tells us that it is not possible for him to cyclostyle and makes a request to me for that, then I will direct my office to cyclostyle it and circulate copies. I would like to refer the entire matter to the Rules Committee. For future guidance let the Rules Committee sit together and look to the conventions as developed in the Lok Sabha and in other State Legislatures and give us directions so that for all time to come this matter may be settled.

শ্রীআনন্দগোপাল মুখার্জী: অন এ পয়েন্ট অফ ইনফরমেশন, স্যার, এই হাউসেই আমার ঠিক তারিখ বা সন মনে নেই, প্রথম যখন প্রাইভেট মেম্বার বিল আসে— সম্ভবত ১৯৫৩ কিংবা ১৯৫৪ সালে, বোধ হয় কংগ্রেস পক্ষের কোন সদস্য সেই বিল এনেছিলেন এবং সেটা যখন হাউসে সাবমিট হয় তখন অ্যাসেম্বলী সেক্রেটারিয়েটের তরফ থেকে হয় নি, কিন্তু যখন সেই বই হাউসে সার্কুলেট হয়েছিল দো ইট (ইং) এবং তিনি বললেন হাউসের মধ্যে যে প্রপার্টি আমরা ডিস্ট্রিবিউট করব না, সে প্রপার্টি ডিস্ট্রিবিউট হতে পারবে না। কেন, না যদি কোন প্রাইভেট মেম্বার কোন ছাপা জিনিস বা সাইক্লোসটাইল করে কোন জিনিস দেন, তা হ'লে সেটা এমন জিনিস হতে পারে যে, তার ভিতরে তার পার্টি ম্যাটার থাকতে পারে। ধরুন আমি যে পার্টি থেকে দিলাম তাতে সেই পার্টির সিম্বল ছাপিয়ে দিতে পারি বা পার্টির ফ্ল্যাগ তাতে ছাপিয়ে দিতে পারি। এই সিদ্ধান্ত স্পীকার নিয়েছিলেন এবং সেই কনভেনশন এই হাউসের আছে। লেজিসলেচার ইস বাউন্ড, সুতরাং আপনি পরে যদি রুলস চেঞ্জ করে দেন, তা হ'লে এটা তখন হতে পারবে না। তাই আপনার কাছে আমি নিবেদন করব যে, যতক্ষণ আপনি রুলস চেঞ্জ না করছেন ততক্ষণ যে কনভেনশন আছে সেটাই চলুক।

[6-40—6-50 p.m.]

Mr. Speaker: I have decided already that I am not going against the convention of the House but the entire matter should be gone into by the Rules Committee. The Rules Committee should examine what are the difficulties and what are the conventions in all the State Legislatures and in the Lok Sabha and then come to the final conclusion so that there may not be any confusion over the matter in future. Now, Mr. Kumar Dipti Sen Gupta.

শ্রীআনন্দগোপাল মুখার্জী: স্যার, এটা সম্বন্ধে আপনার রুলিং পরিষ্কারভাবে বুঝতে পারলাম না, হয় আপনি আপনার রুলিং রিজার্ভ করুন, না হয় পরিষ্কার ক'রে বলুন।

Mr. Speaker: I have already given my ruling that if the Member who introduces the Bill, cyclostyles it and hands the copies to my office, my office will take the trouble of circulating them to the Members. If any Member fails to do that and tells me that it is not possible for him to cyclostyle copies thereof, then my office will take the responsibility of cyclostyling the same and circulating copies to the Members. But in this matter the conventions that have been developed in the Lok Sabha and other State Legislatures should be examined by the Rules Committee and it must give its own findings and recommendations before the House so that there may not be any confusion in future over the matter and the rule should be finally settled. Shri Kumar Dipti Sen Gupta.

Shri Kumar Dipti Sen Gupta: Sir, since we the people of West Bengal are wedded to socialism and to socialist economy, it is a step forward to what we were earlier accustomed to know—that is, nationalisation. Sir, whenever we talk of socialism, either we talk knowing the thing or we just mention the thing not knowing what we are mentioning. For instance, to make socialist economy successful and socialism successful, certain sorts of education, certain sorts of motivation and certain sorts of cultivation are absolutely essential; otherwise socialism cannot be enforced.

Shri Abdul Bari Biswas: On a point of order, Sir,
উনি বোধ হয় নন-অফিসিয়াল মেম্বার্স বিল মুভ করছেন। কিন্তু মুভ করার আগেতো লিভ অব দি হাউস নিতে হবে।

Mr. Speaker: The mover has already asked for leave of the House and that has been opposed by Dr. Zainal Abedin. But I have allowed him to make a brief explanatory statement on the Bill.

Shri Kumar Dipti Sen Gupta: Sir, this socialist economy is absolutely important today because we are having public undertakings—public undertakings to the extent of making new establishments and also establishments which existed earlier. Sir, under the leadership of our beloved Chief Minister we will be having 16-point package programme of eight growth in Midnapore, Nadia, Purulia, Murshidabad and Darjeeling, and under the Industrial Reconstruction Corporation of India we will be having the responsibility of taking over the service of one lakh of people. Apart from this, we have already taken 71 private sectors and they also been incorporated as private sector undertakings. In addition to that, we are having the factories at Kulti and Burnpur—not exactly factories of the State Government but in a way of the Government of India.

Sir, in these undertakings what do we find? In these undertakings what is our experience? Sir, if I am permitted to say, in the year 1971 Durgapur Projects Ltd. incurred a loss of Rs. 12 crore 40 lakh. Thanks to the able administration on the part of our new Minister, I mean Dr. Zainal Abedin, this loss has been substantially curtailed. This is a very great achievement, I must say, in the history of public undertakings. Now, Sir, in the year 1973-74, what do we find in Greater Calcutta Milk Supply Scheme? We find a loss of Rs. 2 crore 64 lakh and, in many other undertakings we find losses and losses. Socialist economy does not mean subsidised economy. So, Sir, I am inclined to mention what is happening in the homeland of Socialism, I mean, Soviet Union. In Soviet Union there is a court known as Comrade Court. This court has won acclamation of the International Commission of Jurists. It will be found in the 1964 Special, Volume V, No. 2, published from Geneva. It is not a Communist handbook, but it is coming from Geneva, the citadel of capitalist economy. In this publication these courts have been complimented in this manner: "The comradely court is our conscience. Offenders who would even prefer dismissal, rather than appear before the court composed of the fellow workers, are not few." By the whole of their activity these courts educate the citizens of the USSR in a spirit of devotion to the country and the Communist cause, in a spirit of strict and resolute observance of Soviet laws, in a spirit of respect for socialist property, of maintenance of labour discipline, a honest fulfilment of public and social tasks, of respect for the rights, honour and dignity of citizens and for the rules of socialist community of life. Sir, if we are to make socialist economy a success in public undertakings, we will have to introduce this type of courts, which are nothing but courts presided over by three persons, which deal with very small and infintely small matters, but very much big in the matter of making the economy a success in public undertakings. There are 2 lakh such courts in the Soviet Union. I do not say that because it is from the Soviet Union we accept it, but we equally expect that because it is from the Soviet Union it should not be rejected. As a matter of fact, Sir, you will be happy to learn that same principles have been embodied in this Act for the purpose of taking recourse to this court in matters which are a headache to the management—go slow, insubordination, drunkenness, theft, negligence on the part of the persons to look after their parents or their children, theft of tools, all these things will be found, not in Soviet Union, by the side of the river Dawn, but

by the side of the river Ganga, or by the side of the river Bhagirathi in Uttar Pradesh. The Uttar Pradesh Industrial Employment Standing Order, 1972, is also an order which has got same provisions. Sir, if you compare both these Acts you will find there is a striking similarity between the two.

Therefore, to prevent clossal losses friends of socialism should not be compelled to turn to the enemies of socialism. Sir, no Government can survive if crores and crores of rupees are lost. There is mounting unemployment problem. There are other serious problems connected with the reconstruction work. We can ill afford to incur loss in this way.

[6-50— 7-00 p.m.]

So, Sir, if this body is presided over by three persons and if this body takes up punitive measures of imposing fines for the conduct of things as already mentioned, then I beg to say that there will be a check, there will be eradication of corruption, there will not be insubordination, there will be discipline and there will be cleanliness. In that view of the matter, I would like to urge upon Hon'ble Minister Dr. Zainal Abedin, who has taken great pain to improve the working of the public undertakings and where he has also obtained sound success in a very big way, to consider as to what should be the fate of this Bill.

ডাঃ জয়নাল আবেদিনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য কুমারদীপ্তি সেনগুপ্ত যে বিল ইন্ট্রোডিউস করতে চেয়েছেন তার উদ্দেশ্য বা হেতু নিয়ে তাঁর সঙ্গে আমার কোন বিরোধ নেই, আমি এই বিলের প্রণেতা সদস্যকে প্রশংসা করি। তবে উদ্দেশ্য এক হলেও এর পদ্ধতি নিয়ে মতবিরোধ আছে। যে পদ্ধতিতে উনি আমাদের ঈপ্সিত এবং বাঞ্ছিত উদ্দেশ্য সফল করতে চেয়েছেন তার সঙ্গে আমি একমত নই। সোভিয়েত রাশিয়া আমাদের বন্ধু, কিন্তু সেখানে যে আইন কার্যকর হয়েছে পশ্চিমবাংলায় বা ভারতবর্ষের মাটিতে এই ৭০ দশকে সেই একই প্রকারে সেই আইন কার্যকর করা যায় না। এই বিলের মোটামুটি দুটি উদ্দেশ্য রয়েছে। একটি উদ্দেশ্য হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকসনকে বুস্ট আপ করবার জন্য এবং ইন্ডাস্ট্রিয়াল অফেন্স, ডিসপুট যদি কখনও হয়, তা হলে তাকে কার্ব করবার জন্য একটা চেষ্টা আছে এবং অন্যদিকে সোস্যাল অফেন্স, পার্সনাল অফেন্স যদি কোন ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কার করে থাকে, তা হলে সেটাকে কার্ব করবার জন্য চেষ্টা একটা আছে। আমরা দেখেছি সোভিয়েট রাশিয়ায় এই ব্যবস্থা প্রচলিত আছে। সোভিয়েট রাশিয়ায় বিচার ব্যবস্থায় লেম্যান এবং লিগ্যাল জুরিস্ট এই দুটির মধ্যে পার্থক্য খুব হেজি, ডিস্টিংকট পার্থক্য নেই। আমরা দেখেছি বৃটিশ শাসনে আমাদের দেশে জুরি সিস্টেম প্রবর্তিত হয়েছিল। কিন্তু পরবর্তী কালে দেখলাম এই জুরি কোর্ট বিশেষ বিশেষ মহানগরী ছাড়া প্রত্যাহার করে নেওয়া হয়েছে। এই বিলে যে কোর্টের কথা বলা হয়েছে, ইট উইল বি মেইনলী অ্যান ইলেকটিভ কোর্ট। বিচার ব্যবস্থায় নির্বাচিত বিচারক এবং লিগ্যাল বিচারক যাঁরা বিচার ব্যবস্থায় কম্পিটেন্সী অর্জন করেছেন, বিচার ব্যবস্থায় দক্ষতা অর্জন করেছেন দেশের আইন-কানুন সম্বন্ধে ওয়াকিবহাল আছেন তাদের মধ্যে পার্থক্য আছে। পশ্চিমবাংলায় পঞ্চায়েত ব্যবস্থা প্রবর্তিত হয়। এই ব্যবস্থা প্রবর্তিত হবার সময় ন্যায় পঞ্চায়েত ছিল। কিন্তু সেই ন্যায় পঞ্চায়েত ব্যাপক আকারে এখানে প্রবর্তিত হয় নি, কারণ সাধারণ বিচার এবং নির্বাচিত বিচারকের ব্যবস্থায় একটা পার্থক্য আছে এবং সেই কারণেই এর প্রসার সম্ভবপর হয় নি। তবে এটা আমাদের লক্ষ্য আছে। মাননীয় সদস্য কুমারদীপ্তি সেনগুপ্ত চেয়েছেন প্রোডাকসনকে বুস্ট আপ করবার জন্য, আমি তার সঙ্গে একমত। তিনি যদি বলে থাকেন, আইদার উই প্রডিউস অর উই পেরিস, এর সঙ্গেও আমি একমত। কিন্তু সেই প্রোডাকসন বুস্ট আপ করবার জন্য যে মেথড উনি প্রোপোজ করেছেন, সেটা এখানে কার্যকর হবে না। আমাদের এখানে ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্ট, নাইনটিন ফর্টি-সেভেন-এর যেটা আছে তাতে উনি যেটা প্রোপোজ করেছেন সেটা এর কার্বন কপি না হলেও সেই

অ্যাক্টের ৩নং ধারায় আছে সরকার যে কোন ইন্ডাস্ট্রিয়াল অর্গানাইজেসন-এ কমিটি নিয়োগ করতে পারেন

for improving the relation between the management and the employees and for better production and some other terms that Government may, from time to time, prescribe.

কিন্তু এখানে অনেকগুলোর প্রয়োগ আমরা সীমিত দেখেছি। এই ব্যাপারে ট্রেড ইউনিয়নের মটিভেসনের এডুকেসন প্রোপোগেট না করায় এই ব্যবস্থা সাফল্য লাভ করতে পারে নি।

আমরা সেইজন্য চাইছি যে, আমাদের দেশে ট্রেড ইউনিয়নে যাদের দায়িত্ব যাতে তারা সেটা পুরোপুরি পালন করে এবং এই ট্রেড ইউনিয়নের মধ্যে যদি এই বোধ সৃষ্টি করে বাই প্রোপাগান্ডা অ্যান্ড বাই মোটিভেসন, বাই হায়ার প্রোডাকসান যে আজকে তাদের অস্তিত্ব দেশের অস্তিত্ব নির্ভর করে বাই হায়ার প্রোডাকসান। কিন্তু এই দাবি বেশী নয় আমাদের বোধ এগ্রিকালচার অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল সেকটরে আজকে যদি আমরা বেশী প্রোডাকসান না করতে পারি আজকে আমাদের মহাদনব শত্রু দারিদ্র্যের সঙ্গে আমরা লড়াই করতে পারব না। ওয়ার্কার্সদের অস্তিত্ব একদিকে নির্ভর করছে, অন্যদিকে দেশের প্রগতি এবং সমৃদ্ধি নির্ভর করছে এই প্রোডাকসনের উপর আইদার ইন দি ফিল্ড অর ইন দি ফ্যাক্টরি। সুতরাং আমাদের ট্রেড ইউনিয়ন এবং ওয়ার্কার্সদের

by mass education, by propaganda, by motivation, by seminers, by conference, by periodical meetings and of necessary under Industrial Disputes Act—section 3.

আমরা যেখানে যেখানে মনে করবো কমিটি নিয়োগ করে আমরা যদি উৎপাদনের মোটিভেসন বাড়াতে পারি, তা হলে বোধ হয় এই সাইডটা আমরা ইন্ডাস্ট্রিয়াল অফেন্স অন প্রোডাকসান যেটায় বক্তব্য রাখতে চেয়েছেন মাননীয় কুমারদীপ্তি সেনগুপ্ত মহাশয় সেটাতে পারপাস সিদ্ধ হতে পারে। অন্যদিকে সোস্যাল অফেন্স কিংবা পারসোনাল অফেন্স এই কমরেড কোর্ট-এর আন্ডারে এক্তিয়ারভুক্ত করতে চেয়েছেন। আজকে দেশের বোধ সি-আর পি সি এবং ইন্ডিয়ান পিনাল কোর্ট এবং এই দেশে অন্যান্য যে প্রতিষ্ঠিত আইন প্রচলিত আছে এই আইনের মাধ্যমে কিন্তু আমরা ঐ অফেন্সগুলি

either in the factory or in the field, either in the ordinary society.

আমরা কিন্তু প্রতিটি কাজ করতে পারি। আর একটি বিপদ আছে যদি এই পিপল কোর্টে যে বিচার ব্যবস্থা চাওয়া হয়েছে, যে যে এক্তিয়ার এবং অধিকার এই পিপল কোর্টের নিয়ন্ত্রণে আনার কথা বলা হয়েছে এবং এই পিপল কোর্টের বিলে আছে, প্রস্তাবনা আছে সেখানে কিন্তু ডুপলিকেসন-এর সম্ভাবনা—পিপলস কোর্টের অফেন্স ইজ কগনিজেন্স পার্টিকুলার অফেন্স অ্যাট দি সেম টাইম অর্ডিনারি ল অব দি ল্যান্ডে আমরা ডিপেন্ড করতে পারছি না। যেখানে আমাদের ভারতীয় সংবিধানে আছে ভারতের আই পি সি এবং ক্রিমিন্যাল প্রসিডিওর কোর্ট তাই দিয়ে কিন্তু আমরা এটাকে প্রিভেন্ট করতে পারছি না। সুতরাং ডুপলিকেসন অব বিচার ব্যবস্থার একটা সম্ভাবনা আছে। এবং আজকে আমাদের সমাজ যদি শিক্ষা হার এবং উদ্দেশ্য আমরা না বাড়াতে পারি, আমাদের কিন্তু সুষ্ঠু নাগরিক জীবন সম্ভব নয়। নাগরিক জীবনের সঙ্গে, দায়িত্বশীল নাগরিক জীবনের সঙ্গে আজকে এই বিলের উদ্দেশ্য সম্বন্ধে একটা নিগূঢ় সম্পর্ক আছে। আজকে আমরা সেই জন্য মনে করি দেশে যে প্রচলিত আইন ব্যবস্থা আছে এবং ১৯৭৫ সালের যে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট আছে বিশেষ করে ৩নং ধারা এই বিল সবগুলি ওয়ার্কার্স কমিটির মাধ্যমে আমরা সবগুলির উদ্দেশ্য সাধন করতে পারি। তার জন্য সোভিয়েত রাশিয়া কমরেড কোর্ট ব্যবস্থা ভারতবর্ষে পুরো নকল করার প্রয়োজন নাই।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্যার, বাই ওয়ে অব ক্লারিফিকেসন আমি পানিসমেন্টের কথাটা, সাজার কথাটা ওনাকে বলতে বলছি।

ডাঃ জয়নাল আবেদিনঃ অত ব্যস্ত হবেন না, ডোন্ট বি ইমপেস্যান্ট প্লিজ, সাজার কথা যেটা তুললেন, আমরা আজকে যাদের এই বিচারের দায়িত্ব দিতে চাইছি তারা কিন্তু শুধু বিচারক নন, তারা সমাজের সাধারণ মানুষ। সমাজের সাধারণ মানুষের কাছে আজকে অফেন্স যেটা বিশেষ বিচার ব্যবস্থা—বিচারক নিয়োগ নিয়ে যেখানে গন্ডগোল হচ্ছে, আজকে সারা ভারতবর্ষ যেখানে উত্তাল, এই বিচারক নিয়োগ করলে সম্পূর্ণ বিচার ব্যবস্থা পর্যুদস্ত হয়ে যাচ্ছে। আজকে এই রকম একটা সাংঘাতিক দায়িত্ব আমরা সাধারণ মানুষের হাতে দেব কিনা সেটা নিশ্চয় ভাববার কথা। যেখানে পানিসমেন্ট দেবার প্রভিসন আছে এই পানিসমেন্টের দায়িত্ব সাধারণ লে ম্যানকে দেব কিনা সেই জিনিসও বিচার করতে হবে। কারণ আমাদের কলকাতা ছাড়া বাইরে থেকে

[7-00—7-10 p.m.]

ফ্রম দি পেরিফেরি জুরি ব্যবস্থা তুলে দিতে হয়েছে। এর প্রিন্সিপল ছিল যে, সাধারণ মানুষও এই অফেন্সে কি কথা বলে। আজকে এই ব্যবস্থা এখানে ফলপ্রসূ হয় নি বলেই এই সংকোচ করতে হয়েছে এই জুরির বিচার ব্যবস্থা। আজকে সেই দায়িত্ব হাজার মানুষের হাতে দেবো কিনা এবং আজকে সমাজের যে অবস্থা, যে অস্থিরতা, আজকে এই অবস্থায় সেই গুরুতর শাস্তি দেবার দায়িত্ব একটা নির্বাচিত প্রতিনিধির হাতে দেবো যাদের বিচারের কোন জ্ঞানগম্বী নেই, থাকার কথা নয়, সেইজন্য আমি মনে করি যে, ঐখানে সাজা দেবার কথা নেই, এই সাজা দেবার কথা এখানে আছে বলে এটা আরো সাধারণ নাগরিকের ক্ষেত্রে এবং এই ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কারদের পক্ষে বিপজ্জনক বলে আমি মনে করি। এখনি সমাজের সেই অবস্থা আসে নি। কারণ এর এই অনুরূপ বিধান জীবনের অন্য ক্ষেত্রেও আসতে পারে। আজকে একজন লব্ধ প্রতিষ্ঠ—যাঁকে আমরা ক্রিমিন্যাল ল-ইয়ার বলে জানি, তাঁর ইনিসিয়েটিভে জুরির বিচার সেশন কোর্ট থেকে তুলে দিতে হল। আজকে ঐখানে সংকুচিত করে ইন্ডাস্ট্রিয়াল অর্গানাইজেশনে এই ব্যবস্থা প্রবর্তিত করা যায় কি? আমি অনুরোধ করবো এটা দেখতে, সেইজন্য বলছিলাম যে, দেশে যে প্রচলিত আইন আছে বোথ ক্রিমিন্যাল ল এবং আই পি সি, সর্বোপরি আমাদের কনস্টিটিউশন এবং ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট এবং এর সংগে যদি আমরা সততা এবং ট্রেড ইউনিয়নের মটিভেসন নিয়ে এগোই, আইদার উই প্রডিউস অর উই পেরিস এই স্লোগান যদি আমরা তুলি, তা হলে প্রপাগেন্ডা, মটিভেসন, সেমিনার-এর মাধ্যমে অন্য কিছু বোধ চান্স পাবে না। বরং এই গন্ডগোলের মধ্যে না গিয়ে বাস্তব চেতনাবোধ অধিক উৎপাদনের জন্য সহায়ক হবে। আর একটা আইনের মূল কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একজন বিশিষ্ট আইনজীবী ছিলেন, আপনি জানেন যে, আইনের রেসপেক্ট মানুষ করে কিনা, এই আইন ঠিক ঠিক যথাযথভাবে প্রযোজ্য হয় কিনা, মানুষ সেটা মেনে চলছে কিনা তারই উপর সেই আইনের সাফল্য নির্ভর করে। আইন সব সময়ই আমরা সফল করতে পারি না যদি পিপলস রেসপেক্ট এবং অ্যাডমিরেসান ফ্রম দি পিপল, যদি কমন মাস থেকে না আসে। আজকে এমনই একটা অবস্থা যে নতুন আইন যদি আমরা প্রয়োগ করতে চাই অ্যাট দি পিপলস কোর্ট, আমরা দেখেছি যুক্তফ্রন্টের সময় বহু নিন্দিত গণআদালত লাইক দিস। যুক্তফ্রন্টের আমলের আর এস পি, সি পি আই, সি পি এম সকলে মিলে গণ আদালত বলে একটা জিনিস করবার চেষ্টা করেছিল, সেগুলি কিন্তু বহু নিন্দিত এবং অবাঞ্ছিত বলে পরিগণিত হয়েছিল। সেই আদালতগুলির কথা এই অ্যাসেম্বলীতে দাঁড়িয়ে পর্যন্ত বলা হয়েছিল। আমরা দেখেছি সেই জিনিস। আজকে এতবড় বিচারের ক্ষমতা সাধারণ মানুষের যাদের বিচার বিভাগ সম্বন্ধে কোন জ্ঞান নেই, কোন অভিজ্ঞতা নেই, আজকে তাদের হাতে তুলে দিতে আজকে যুক্তফ্রন্ট সরকার কার্যকালের সেই যে অরাজকতা সেই অবস্থাকে আমরা পুনরাবৃত্তি করতে চাইছি না। এই সমস্ত কারণে আমি মাননীয় কুমার-দীপ্তি সেনগুপ্ত মহাশয়, তিনি একজন লব্ধ আইনজীবী, অনুরোধ করবো, দেশে যে প্রচলিত আইন আছে তার সার্থক প্রয়োগকে আমরা উৎসাহিত করে আজকে যে নতুন প্রস্তাবনা উনি করেছেন সেটাকে এখনই আমরা গ্রহণ না করে প্রচলিত আইনগুলিকে সার্থক করে তোলার উদ্যোগ করি, ট্রেড ইউনিয়নকে মটিভেটেড করি, ট্রেড ইউনিয়ান তার দায়িত্ব পালনের জন্য এগিয়ে আসুক সেইজন্য আমরা উদাত্ত আহ্বান জানাই এবং আরো যে বিধান আছে—দরকার হলে ওয়ার্কার্স কমিটি করে একর্ডিং টু সেকশান থ্রি অব ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট আমরা এই অভিপ্সিত

পথে এগিয়ে যেতে পারি। কিন্তু এত কথা বলার পরে যে বিলপ্রণেতা মাননীয় সদস্যের সদিচ্ছা এবং তিনি যে হেতুবাদ এখানে উপস্থাপিত করেছেন তার উদ্দেশ্যের সঙ্গে, হেতুর সঙ্গে আমাদের কোন তফাত নেই শুধু পদ্ধতির সঙ্গে বিরোধ আছে ব'লে আমি এই বিল অপোজ করছি এবং তাঁকে অনুরোধ করবো তিনি যেন এই বিল প্রত্যাহার করে নেন।

Shri Kumar Dipti Sen Gupta: Sir, in view of the statement made by the Hon'ble Minister, Dr. Zainal Abedin that it is not the proper time to bring the Bill now though he is in unison with the objective of the Bill, then, Sir, it is no use moving this Bill. The application has got to be done through his Department but he is opposing it. So, in that view of the matter, I beg to withdraw the Bill.

Mr. Speaker: Mr. Sen Gupta, I would request you to move your motion under rule 111.

Shri Kumar Dipti Sen Gupta: Mr. Speaker, Sir, I beg leave to withdraw the West Bengal Comrades Court Bill, 1972 on the ground that the legislative proposal contained in the Bill is to be dropped.

(Pause.)

Mr. Speaker: I take it that leave is granted. The Bill is withdrawn.

The motion of Shri Kumar Dipti Sen Gupta that the West Bengal Comrades Court Bill, 1972 be withdrawn by leave of the House, was then put and agreed to.

The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1973

Shri Somnath Lahiri: Mr. Speaker, Sir, I beg leave to introduce The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1973.

Shri Gurupada Khan: Mr. Speaker, Sir, I beg to oppose the leave to introduce the Bill.

Mr. Speaker: Mr. Lahiri, if you like, you can make a brief explanatory statement.

শ্রীসোমনাথ লাহিড়ীঃ স্যার, আমি সংক্ষেপে আমার বিলের উদ্দেশ্যটা সদস্যদের কাছে রাখছি। যদিও অনেক সাইক্লোস্টাইল কপি বিলি করা হয়েছিল, সকল সদস্য পড়ে উঠতে পেরেছেন কিনা জানি না। আমাদের কলকাতায় ১ লক্ষ ৩০ হাজার পাকা বাড়ি আছে। তাতে প্রায় ৮০ হাজার বাড়িওয়ালা আছে, এই বাড়িওয়ালাদের পরিবারে গড়ে যদি ৫ জন করে ধরি, তা হলে তাদের পরিবারবর্গের সংখ্যা দাঁড়ায় ৪ লক্ষ অর্থাৎ কলকাতার জনসংখ্যার ১০-১২ ভাগ মাত্র। বাকি সকলেই ভাড়াটে, কলকাতার ৯০ ভাগই হল ভাড়াটে। সুতরাং এই ভাড়াটেদের রক্ষাকল্পে কলকাতার ওভার হোয়েলমিং মেজরিটির স্বার্থে এই বিলের যে প্রয়োজন এটা বুঝান—কঠিন ব্যাপার নয়, বিশেষ করে যেখানে কলকাতায় ভাড়া অত্যন্ত বৃদ্ধির প্রবণতার ফলে ভাড়াটেদের কোন ছুতো করে ঘর থেকে তাড়িয়ে দিয়ে বেশী ভাড়ায় বাড়ি বিলি করার ঝোঁক প্রচণ্ডভাবে দেখা দিয়েছে। সেক্ষেত্রে ভাড়াটেদের রক্ষা করার ব্যবস্থা যে আরও দৃঢ় করা দরকার এ বিষয়ে সন্দেহ থাকতে পারে না।

[7-10—7-20 p.m.]

এখনও পর্যন্ত আমাদের যে আইন আছে তা বহুকাল আগে হয়েছিল। বহুদিন এর কোন বিশেষ সংস্কার হয় নি। ১৯৬৯ সালে যুক্তফ্রন্টের আমলে সামান্য কিছু সংস্কার হয়েছিল, তাও যথেষ্ট নয়, তার পরে দু-একটা সংশোধনী যা হয়েছিল সেটাও বিশেষ কিছু এগোয় নি। মনে হয় এখন

সময় এসেছে বিশেষ করে যখন একটা গভর্নমেন্ট এসেছে এবং যে গভর্নমেন্ট ঘোষণা করেছেন যে, আমরা দরিদ্র জনসাধারণের স্বার্থ রক্ষা করবার জন্য সরকার গঠন করেছি, সেই সরকারের ভাড়াটিয়াদের সমস্যা সমাধানের জন্য আইনের নানা বিষয় সংশোধন করার প্রয়োজন আছে। আমি যে বিল উপস্থিত করেছি তার মূল কয়েকটি কথা উপস্থিত করছি। বিশদ বিশ্লেষণে যাচ্ছি না। প্রথমত ভাড়া ডিফল্ট হলে ভাড়া দিতে গাফিলতি করলে বাড়িওয়ালা ভাড়াটেকে ঘর থেকে তাড়িয়ে দেবার ব্যবস্থা কোর্ট মারফত করতে পারে। বর্তমান আইনে যা আছে তাতে ২ মাস ভাড়া বাকি পড়লে আইনে আদালতের আশ্রয় বাড়িওয়ালা নিতে পারে। আর প্রথমবারে যদি তিনি ভাড়া দিয়ে দেন, তা হলে তাকে বাস্তুচ্যুত করা হবে না এ বিধান আছে। কিন্তু দ্বিতীয় বার যদি তার কোন সময় এক বছরে ৪ মাস বাকি পড়ে যায়, তা হলে তার রেহাই নেই, তাকে বাস্তুচ্যুত করার হুকুম কোর্ট দেবেন, এই হল বর্তমান যে আইন আছে তার ব্যবস্থা। হয়ত শুনেছেন যে এ ব্যবস্থার সুযোগ বাড়িওয়ালারা অনেক সময় করে দেন এবং গরিব মানুষ ভাড়াটিয়া আছেন যাদের এরকম বিপদ হয়ে যায়, তাদের বাস্তুচ্যুত হতে হয়, ফুটপাথে গিয়ে দাঁড়াতে হয় অনেক সময়। আমার এই বিলে এ বিষয় একটা সহজ ও সরল পদ্ধতি বার করার চেষ্টা করেছি, প্রথমত হচ্ছে যে, ভাড়া বাকি পড়লে ভাড়া আদায় করার অধিকার নিশ্চয়ই বাড়িওয়ালার, তাতে আপত্তি কেউ করছে না। কিন্তু ভাড়া বাকি পড়লে যদি আদালতেও যায়, আদালতের ডিগ্রিও যদি হয় সেই ডিগ্রি অনুসারে ভাড়াটেকে এভিক্ট না হওয়া পর্যন্ত সময়ের মধ্যে কোন ভাড়াটে যদি ভাড়া শোধ করে দেয়, সুদ শুদ্ধ, তা হলে তাকে আর উচ্ছেদ করা হবে না, ঐ সহজ সরল ধারা এর মধ্যে ইন্ট্রডিউস করতে চাচ্ছি। বাড়িওয়ালা ভাড়া পাক কিন্তু ভাড়াটা কোন কোন সময় দিতে পারেন নি বা ২ বার দিতে পারেন নি, কিন্তু পরে যেমন করে হোক কষ্টেসৃষ্টে জোগাড় করে দিলেন, তা হলে যেন তাকে জোর করে ঘর থেকে তাড়িয়ে দেওয়া না হয় এভাবে সহজ সরল সংশোধন করতে চাচ্ছি। মন্ত্রিমহাশয়, আপনি আইনজ্ঞ লোক হয়ত জানেন যে বোম্বেতে ভাড়াটে আইন আছে তাতেও এমন কি ৬ মাস ভাড়া বাকি, ভাড়া না মিটিয়ে দিতে পারেন, তা হলে উচ্ছেদ চলবে, তা না হলে নয়। অর্থাৎ নোটিস দিলে তবে তাকে উচ্ছেদ করা যায় এবং অনবরত উচ্ছেদ হয়। আপনি আদালতে গেলে জানতে পারবেন। আমাদের এই পশ্চিমবাংলার হয়ত মনে আছে যে, স্বাধীনতা প্রাপ্তির অল্পদিন পরে গভর্নমেন্টের পক্ষ থেকে বিখ্যাত আইনজীবী অতুল গুপ্তকে নিয়ে একটা কমিশন গঠন হয়েছিল, সে কমিশন যে রিপোর্ট দিয়েছিলেন তাতে তারাও মত দিয়েছিলেন যে—

> We have, therefore, provided that any suit for ejectment of tenant will have relief against for future if all rents due up to date he paid with interest at the rate of 12½ per cent.

অর্থাৎ ভাড়াটে ভাড়াটা ইজেক্টমেন্টের আগে পর্যন্ত দিয়ে যদি দিতে পারে তাকে তা হলে উচ্ছেদ করা হবে না, এটা অতুল গুপ্ত কমিশনের রায়, এটা দিল্লী ও বোম্বে আইনের রায়। আমাদের আইনে কেন দ্বিতীয় বারের খাঁড়াটা ঝুলিয়ে রেখেছেন ভাড়াটেদের মাথার উপরে তা আমি বুঝতে পাচ্ছি না। আমাদের বর্তমান সরকার বিশেষ করে এর মধ্যে আশা করি বাড়িওয়ালার সংখ্যা কম সুতরাং তাঁরা ভাড়াটের স্বার্থে এগিয়ে আসবেন এটা আমি আশা করতে পারি।

তা ছাড়া আপনিও জানেন নিশ্চয় ট্রান্সফার অফ প্রপার্টি অ্যাক্টে এই ধরনের প্রভিসান আছে তার সেকসান ১১৪তে। তারপর দ্বিতীয় পয়েন্ট যেটা বিলে আছে সেটা লিজ সম্বন্ধে। অর্থাৎ ভাড়াটিয়া আইনে তবু ভাড়াটিয়াদের অল্পস্বল্প প্রটেকসানের ব্যবস্থা আছে। কিন্তু লিজ হিসাবে যদি বাড়ির স্বত্ব কন্ট্রাক্ট হয় বাড়িওয়ালার সাথে ভাড়াটিয়ার, তা হলে কুড়ি বছরের উপর লিজের মেয়াদের যে কন্ট্রাক্ট তা ভাড়াটিয়া আইনের আওতার মধ্যে পড়ে না। সুতরাং সেখানে বাড়িওয়ালা যা ইচ্ছে তাই করতে পারেন, কারণ কন্ট্রাক্টে লিখিয়ে নিতে পারেন। তা ছাড়া আপনি জানেন আজকের দিনে বাড়ি পাওয়া কি কষ্টকর। সুতরাং মানুষ বাধ্য হয় সেইরকম কন্ট্রাক্টে সই করতে এবং তারপর রেন্ট অ্যাক্টের কোন প্রটেকসান থাকে না। তাই এই বিলে লিজকে প্রেমিসেস টেনেন্সী অ্যাক্টের আওতায় আনতে চেয়েছি যা আমার মনে হয় কলকাতার বর্তমান অবস্থায় অত্যন্ত সঙ্গত। তারপর চার নম্বর হচ্ছে উচ্ছেদের ব্যাপার। উচ্ছেদ মানে ডিফলটার উচ্ছেদ নয়।

এখানেও আইন আছে দুটি ক্ষেত্রে উচ্ছেদ করা চলে। এক হচ্ছে রিপেয়ার, চেঞ্জ, কনস্ট্রাকসান ইত্যাদি গ্রাউন্ডে সেকসন ১৩(এফ) আর হচ্ছে বাড়িওয়ালা নিজের প্রয়োজনে নিজে থাকবেন সেই অজুহাতে ১৩(এফএফ) ধারা অনুসারে ভাড়াটেকে উচ্ছেদ করতে পারেন। এখানে আপনি নিশ্চয় জানেন এই সেকসান ১৩(এফএফ) অর্থাৎ নিজ প্রয়োজনের নামে ভাড়াটে উচ্ছেদ বোধহয় আদালতের মামলার শতকরা ৯০ ভাগ এই গ্রাউন্ডে হয়ে থাকে এবং অনুসন্ধান করলে জানতে পারবেন তার অধিকাংশই না হলেও বহু ক্ষেত্রেই এইভাবে উচ্ছেদ করার পর বাড়িওয়ালা আবার নানা কায়দা-কানুন করে সেই বাড়িটি বেশি ভাড়ায় ভাড়া দিয়ে থাকেন। এইরকম ঘটনা প্রচুর ঘটে থাকে। এখানে আমাদের যুক্তফ্রন্টের আমলে বোধ হয় আমার যতদূর মনে আছে সেটার একটা অ্যামেন্ডমেন্ট আমরা করেছিলাম যে, যদি বাড়িওয়ালা ওই নিজ ব্যবহারের অজুহাতে কোর্ট থেকে ডিক্রি করিয়ে ভাড়াটে উচ্ছেদ করেন, তা হলে অন্তত আর ১০ বছর তিনি আর বাড়ি কাউকে ভাড়া দিতে পারবেন না, নিজে থাকতে পারবেন। এই ধরনের একটা অ্যামেন্ডমেন্ট যেটা বর্তমানে অ্যাক্টের অংশ। সেই আইনে যেটুকু করা হয়েছিল সেটা ভাল, কিন্তু সেই আইনের দুর্বলতা এইখানে যদি বাড়িওয়ালা ১০ বছরের মধ্যে আবার নূতন করে ভাড়াটে বসান অর্থাৎ মিথ্যা অজুহাতে ভাড়াটে তুলে দিয়ে বেশি ভাড়া পাওয়ার জন্য নূতন ভাড়াটে বসান ১০ বছরের মধ্যে, তা হলে কোর্ট কি করতে পারে? যিনি ভাড়াটে ছিলেন, যিনি বাস্তুচ্যুত হয়েছিলেন তিনি যদি কোর্টে গিয়ে মামলা করেন, তা হলে সেই মামলা ধরুন নিচের মুনসেফ কোর্ট থেকে আরম্ভ হবে এবং হাইকোর্ট পর্যন্ত যাবে। তাতে বছর পাঁচ সাত লেগে যাবে। পাঁচ-সাত বছর সেই ভাড়াটে যদি টাকাপয়সা খরচা করে লড়তে পারেন তারপর কোর্ট কি করবে কোর্ট রায় দিতে পারে যে, যদি সত্যি প্রমাণ হয় তিনি নূতন ভাড়াটে বসিয়েছেন, তা হলে কিছু কমপেনসেসান দিতে পাবে। কিন্তু কোর্টের মামলায় সে তো প্রায় নাজেহাল হয়ে গিয়েছে। দ্বিতীয়ত কমপেনসেসান তার লাভ কি? এই আইনের প্রধান দুর্বলতা এই যে, কোর্টকে কোন ক্ষমতা দেওয়া হয় নি যে, যিনি সেই পুরানো ভাড়াটে তিনি যদি সেই বাড়িতে ফিরে যেতে চান প্রমাণ হওয়ার পর তাকে সেই বাড়িতে ফিরে যাওয়ার ব্যবস্থা করার। এইরকম কোন প্রভিসান আইনের মধ্যে নেই। শুধু মাত্র কমপেনসেসান পেতে পারে। এটা আইনের একটা প্রকান্ড বড় ত্রুটি এবং দুর্বলতা। সেইজন্য আমার বিলে সেকসান ১৮(বি)-তে বলেছি, রেস্টোরেসান হবে। পুরানো টেনান্ট যিনি অন্যায়ভাবে বাতিল হলেন এবং অন্য ভাড়াটে বসালেন বাড়িওয়ালা পুরানো টেনান্ট প্রমাণ হলে কোর্ট তাকে সেই বাসা ফিরিয়ে দিতে পারবেন। এই প্রভিসান আমার মনে হয় বর্তমানে নেই। বর্তমানে বাড়িওয়ালা ১৩(এফএফ)-এর অন্যায় সুযোগ যে নেয় তাকে প্রিভেন্ট করার জন্য খুবই দরকারী এবং একে আরও কড়া করার জন্য আমি সেকসান ১৮ যেখানে সামান্য জরিমানার ব্যবস্থা ছিল বাড়ীওয়ালার সেখানে আমি এই ব্যবস্থা করতে চেয়েছি। এইরকম ক্ষেত্রে যদি প্রমাণ হয় বাড়িওয়ালা ভাড়াটে বসিয়েছেন, তা হলে তার জেল হবে এবং সাজার অন্তর্ভুক্ত হবে। যাতে এই প্রথা যা কলকাতা শহরের বহু জায়গায় দেখা যায় এবং হাওড়াতেও দেখা যায় তা যাতে রদ হয় এবং ভাড়াটেরা কিছুটা প্রটেকসান পায় তার জন্য এই ব্যবস্থা। তারপর আমি আরও কিছু এ সম্পর্কে রেখেছি যে, যখন ঐ বাড়ি

[7-20—7-30 p.m.]

মেরামতের জন্য বা নিজ প্রয়োজনে বাড়ি ব্যবহার করার জন্য ভাড়াটে উচ্ছেদ করবার জন্য মামলা করে, তখন কোর্টকে দেখতে হবে উচ্ছেদ করতে গেলে যে, বাড়িওয়ালার প্রয়োজন এবং ভাড়াটের প্রয়োজন—এই দুই প্রয়োজনের মধ্যে প্রয়োজনটা কার বেশী। রেসপনসিবল আকমোডেসন পয়েন্ট অব ভিউ—এই রেসপনসিবল অ্যাকমোডেসন বাড়িওয়ালার বেশি হবে না, ভাড়াটের বেশী হবে। বাড়ি পেল বা না পেল এ জিনিসটা দেখতে হবে কোর্টকে। দেখতে হবে যে ল্যান্ডলর্ডের বাস্তবিক ইচ্ছা কি তাও কোর্টকে জাজ করতে হবে যে, সেটা সতিই সত্যি কি নিজের প্রয়োজন, না ভাড়াটে তোলবার মতলবে এটা করছে। এবং মোটের উপর বিচার করে দেখতে হবে যে, হার্ডসিপটা কার বেশী হবে। এখানে যদি আমার এই বিধি দেওয়া হয়—আমি এই বিলে সম্পূর্ণরূপে সেটা দিয়েছি। এ জিনিস নূতন নয়, আমি বম্বে, দিল্লীর আইন থেকে নিয়েই দিয়েছি,

সেখানে এই প্রভিসন আছে। তারপর আমি আর একটা বিধান দিয়েছি যে, অনেক ক্ষেত্রে বাড়িওয়ালা মারা গেছে। হয়তো সে দুটি ফ্লাটে ছিল বাকি চারটে ফ্লাট ভাড়া দিয়েছিল—তিনি মারা যাবর পর ছেলেরা বললো যে, আমাদের আরও ফ্লাট চাই। সেইজন্য তারা ফ্লাট অকুপাই করতে চায়। তাই আমি একটা প্রভিসন করতে চেয়েছি যে. তিনি যদি মারা যান, তার পর তার উত্তরাধীকারীরা আরও অন্য ফ্লাট দাবি করতে পারবে না। তা না হলে ভাড়াটেদের অবস্থা অত্যন্ত সংগীন হয়ে দাঁড়াবে। আরও হচ্ছে পারচেজার ল্যান্ডলর্ড সম্বন্ধে। অর্থাৎ যদি কেউ বাড়ি কেনেন—যিনি বাড়ির মালিক হলেন তিনি সেই বাড়িতে ভাড়াটে আছে জেনে-শুনে সেই বাড়ি কিনলেন। সে ক্ষেত্রে তার কোন অধিকার থাকা উচিত নয় যে. সেই ভাড়াটেদের তিনি তাড়িয়ে দিতে পারবেন। তিনি শুধু মাত্র ভাড়া কালেক্ট করতে পারবেন এইটুকু অধিকার থাকা উচিত। তার বেশী অধিকার তার থাকা উচিত নয়। কারণ ভাড়াটে আছে জেনেশুনে তিনি বাড়ি কিনেছেন। আর একটা ধারা দিয়েছি—তার মূল কথা হল বাড়ি মেরামত ইত্যাদি ব্যাপারে বাড়িওয়ালার যে ডিউটি সে সম্বন্ধে। অবশ্য আমাদের প্রচলিত আইনে কিছু কিছু ব্যবস্থা আছে। কিন্তু সেই ব্যবস্থাটা বেশ পরিষ্কার নয়। অর্থাৎ এটা যে বাড়িওয়ালার কর্তব্য, এভাবে কিছু নাই। আমি সেইজন্য দিল্লী অ্যাক্টের সেকসন ৪৪-এতে যেটা আছে আমার বিলের সেকসন ১৫ হিসাবে সেটা দিয়েছি। তাতে পরিষ্কার করে দিয়েছি এটা হুবহু কপি ফ্রম দি দিল্লী অ্যাক্ট-এর সেকসন ৪৪- তা হচ্ছে

> every landlord shall be bound to keep the premises in good and tenantable order.

যদি ল্যান্ডলর্ড নেগলেক্ট করে বা ফেল করে, তা হলে কি হবে তা দিয়ে দিয়েছি যা আমাদের বর্তমান আইনে যেটুকু প্রভিসন আছে তার তুলনায় অনেক স্পষ্ট এবং দায়িত্ব অনেকখানি বাড়িওয়ালার উপর পরিষ্কারভাবে ন্যস্ত করা হয়েছে যা বর্তমানে দেওয়া দরকার। বাড়িওয়ালা রিপেয়ার তো করেই না, আমি আমার নিজের অভিজ্ঞতায় বলতে পারি, আমার নিজের বাড়ি যেখানে আমি ভাড়াটে বাড়িতে থাকি তার উপর তলায় বাড়িওয়ালা থাকে। উপর তলা ভেঙে গিয়েছে সেখান থেকে আমার নিচের তলায় জল পড়ছে। কিন্তু বাড়িওয়ালা মেরামত করবেন না। আজকাল বাড়িওয়ালা বেশীর ভাগ ক্ষেত্রে মেরামতের খরচ ভাড়াটেদের ঘাড় থেকে চালায় এখন তার বাড়িতে আমি কি করে মেরামত করবো? আমি তাঁকে বার বার বলছি যে. মেরামত করুন, আমিই না হয় পয়সা দেবো। বাড়িওয়ালার ধারনা যে, এই রকমভাবে বেশী বেশী হতে থাকলে ভাড়াটে বিরক্ত হয়ে বাড়ি থেকে চলে যাবে এবং তা হলে সে বেশী পয়সায় ভাড়া দিতে পারবে। এ বিষয়ে আমাদের আইনে কিছু কিছু প্রভিসন আছে। কিন্তু সেটা বড্ড পেঁচালো—বার বার কোর্টে যাবার মত। সেই কথাই স্মরণ করে আমি দিল্লী অ্যাক্টের মত রাখতে চেয়েছি। আরও হচ্ছে দিল্লী অ্যাক্টের অবস্ট্রাকসন এবং এসেনসিয়াল সাপ্লাইজ সম্বন্ধে যা আছে সে সম্বন্ধে। এখানে জল, আলো ইত্যাদি এসেনসিয়াল সাপ্লাইজ বাড়িওয়ালা দিতে বাধ্য। সেখানে আমরা দেখেছি যে, অনেক সময় এ ব্যাপারে গাফিলতি হয়।

আমার নিজের অভিজ্ঞতায় আমি জানি পাম্পের ব্যাপারটা কিরকম দেখুন—বাড়িওয়ালা বলল, পাম্প খারাপ হয়ে গেছে আর জল তুলতে পারব না। তখন আমাদের হ্যান্ড পাম্প দেওয়া হল, এইরকম ঘটনা ঘটেছে। সেটাও বাড়িওয়ালা গ্রাহ্য করেন নি কখনো। কারণ. কোর্টে যাবে, সামান্য কিছু ফাইন হবে, আর কিছু হবে। কাজেই দেখা যাক কতদূর কি হবে। সেই জন্য আমি এখানে প্রভিসন করেছি আমার বিলে যে, এইরকম অবস্ট্রাকসান টু এসেনসিয়াল সাপ্লাই—যেটা আমার বিলের সেকসান ১৬-এ দিয়েছি, এটাকে কগনিজেবল অফেন্স করতে হবে এবং পানিসেবল উইথ ইমপ্রিজনমেন্ট করতে হবে, তা হলে বাড়িওয়ালা অনেক বেশি সতর্ক থাকবেন, অনেক সহজে সেই জিনিস করতে আর সাহস করবেন না। লাস্টলি হচ্ছে ইলেকট্রিসিটি গ্যাস টেলিফোন ইত্যাদি নেবার জন্য—ইলেকট্রিসিটি সম্বন্ধে পারমিসন নিতে হয় যদিও একটা বিধান আছে ঘোরা-ফেরা করার মত করতে হয় না। তারপরে গ্যাস, টেলিফোন ইত্যাদির জন্য বাড়িওয়ালার পারমিসন লাগে, না হলে কানেকসান পাওয়া যায় না। অনেক ক্ষেত্রেই বাড়িওয়ালা টেনান্টদের

পারমিসন দেন না, বিশেষ করে ঝগড়া যদি হয়ে যায়, তা হলে তো দেনই না। কিন্তু আমি ভাড়া দিয়ে থাকবো আর সেখানে ঘরে টেলিফোন আনতে পারব না বাড়িওয়ালার আপত্তি থাকলে, গ্যাস আনতে পারব না রান্না করার জন্য, ইলেকট্রিসিটি আনতে পারব না, আলো জ্বালবার জন্য—এর কোন মানেই হয় না। সেই জন্য আমি আমার বিলে বিধান করেছি যে, ইলেকট্রিসিটি গ্যাস, টেলিফোন ইত্যাদি এই সবের জন্য ল্যান্ডলর্ডের পারমিসন দরকার হবে না। এই হল সংক্ষেপে আমার বিলের কথা, ডিটেলসে আরো অনেক কথা যদিও আছে, কিন্তু তার মধ্যে যাবার সময় নেই। মন্ত্রিমহাশয় যদি মনে করে থাকেন বর্তমান বিধানই যথেষ্ট, তা হলে আমি তাকে বলব আপনি দয়া করে যেকোন ভাড়াটিয়াকে জিজ্ঞাসা করবেন, কোর্টের যেকোন সাধারণ উকিলকে জিজ্ঞাসা করবেন, সেখানে ভুক্তভোগীরা নিশ্চয় বলবেন যে, বর্তমান বিধান যথেষ্ট নয়। তা ছাড়া বর্তমানে আরো অনেক জায়গায় এমনভাবে পেঁচিয়ে পেঁচিয়ে কোর্টের কাছে দেবার ব্যবস্থা আছে যে, সাধারণ দরিদ্র ভাড়াটিয়াদের পক্ষে সেটা করা প্রায় অসম্ভব। কাজেই সহজ সরল করে নিয়ে আইনে তার মধ্যে যে বড় বড় ল্যাকুনাগুলি আছে সেই ল্যাকুনগুলিকে ফিল-আপ করে আমি এই সংশোধনী বিল উপস্থিত করেছি এবং আমাদের পিপলস ডেমোক্রাটিক ফ্রন্টের অ্যালায়েন্সের যে কর্মসূচী দরিদ্র মানুষের পক্ষে এবং কায়েমী স্বার্থের বিরুদ্ধে- ছোট বাড়িওয়ালা নিশ্চয় আছে, কিন্তু বড় বড় বাড়িওয়ালা—আপনারা জানেন কলকাতা শহরে প্রকাণ্ড প্রকাণ্ড কায়েমী স্বার্থ আছে সেই প্রকাণ্ড প্রকাণ্ড কায়েমী স্বার্থের বিরুদ্ধে কিছুটা আঘাত করে এই গরিব মানুষ, যারা কলকাতা শহরের জনসংখ্যার শতকরা ৮০।৯০ ভাগ তাদের আরো পরিষ্কারভাবে প্রোটেকসান দেবার ব্যবস্থা করুন। সুতরাং কেন যে তিনি এটা গ্রহণ করতে পারছেন না জানি না, আশা করি তা এক্সপ্লেন করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য হাউসের সামনে রাখলাম।

Shri Md. Safiulla: On a point of order, Sir.

Mr. Speaker: There is no point of order.

শ্রীগুরুপদ খাঁঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সদস্য শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় এখানে যে ওয়েস্টবেঙ্গল প্রেমিসেস টেনান্সি (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৩ যেটা ইন্ট্রোডিউস করতে চাইলেন সেটা আমি শুনলাম। তিনি তার উদ্দেশ্য বর্ণনা করতে গিয়ে স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজনসে বলেছেন,

to make such provision in the West Bengal Premises Tenancy Act, 1956 as would enable tenants to live in the rented premises without any harrassment and without any threat of eviction, if he pays rent.

সেখানে তিনি রেন্ট পেমেন্ট করবার বেলায় এমন বিধান রেখেছেন দেখা যাচ্ছে যে, তাঁর সংশোধনী যদি গ্রহণ করা হয়, তা হলে যেমন নিশ্চয় কলকাতায় গরিব ভাড়াটিয়া আছে অনেক তেমনি গরিব বাড়িওয়ালাও আছে অনেক, সেখানে ভাড়াটিয়া যদি ইচ্ছা করেন অনেক বেশী দিন ধরে ভাড়া ফেলে রাখতে পারবেন- কাজেই আমরা যদি সোমনাথবাবুর সংশোধনীটা গ্রহণ করতাম, তা হলে ভাড়াটিয়াদের ভাড়া না দেবার একটা প্রবণতা তাদের মনের মধ্যে সৃষ্টি করে দেওয়া হত, এই কথা নিশ্চয় বলতে পারা যায়। তার মধ্যে বড় বড় প্রকাণ্ড প্রকাণ্ড বাড়িওয়ালার কথা আমাদের সোমনাথবাবু বলেছেন—আমি সেই বড় বড় প্রকাণ্ড প্রকাণ্ড বাড়িওয়ালার কথা উল্লেখ করে বলছি, মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন এবং আমাদের মাননীয় সোমনাথবাবু ও অন্যান্য মাননীয় সদস্যরাও জানেন যে, কিছুদিন আগেই এই বিধানসভায় আর্বান প্রপার্টি সিলিং যাতে করা যায় তার জন্য আইন প্রণয়ন করবার ক্ষমতা কেন্দ্রীয় সরকারকে আমরা দিয়েছি। এই আইন আমরা আশা করছি কেন্দ্রীয়

[7-30—7-46 p.m.]

সরকার যতদূর সম্ভব প্রণয়ন করবেন। তখন এই বড় বড় বাড়িওয়ালারা আর বড় বড় বাড়িওয়ালা থাকবেন কিনা সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। ছোট ছোট বাড়িওয়ালা যারা, সোমনাথ-

বাবু নিশ্চয় জানেন, ছোট ছোট বাড়িওয়ালা তাদের অনেক অসুবিধা নিশ্চয় হয় যদি ঠিক মতন ভাড়া আদায় পেয়ে না থাকেন। তেমনি তারই সঙ্গে সঙ্গে ভাড়াটে যারা রয়েছেন তাদেরও উচ্ছেদ থেকে রক্ষা করার জন্য যথেষ্ট বিধান আমাদের এই আইনে আছে বলেই আমি মনে করে থাকি; সেই কারণেই আমি সোমনাথবাবুর যে সংশোধনী সেগুলি গ্রহণ করতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সোমনাথবাবু যে সংশোধনীগুলি নিয়ে এসেছেন সেগুলি আমি আলোচনা করে দেখছিলাম। তিনি যে আশঙ্কা প্রকাশ করেছেন যে, অত্যন্ত ঘোরপ্যাঁচ করে বিভিন্ন দিক থেকে কোর্টে যাবার রাস্তা বাতলানো হয়েছে, তিনি যদি আইনটা ঠিকভাবে দেখেন, তা হলে দেখবেন ঘোরপ্যাঁচ কিছুই এই আইনের মধ্যে নেই। সোজাসুজি যে-কোন পক্ষ যিনি অ্যাফেকটেড হবেন তিনি নিশ্চয় কোর্টে যেতে পারবেন। সোজা প্রভিসান এখানে তার দেওয়া আছে। স্যার, সোমনাথবাবু যে ক্লজগুলি নিয়ে এসেছেন আমি একটি একটি করে তার সবগুলি আলোচনা করতে চাচ্ছি না বিশেষ করে তিনি যেগুলির উপর জোর দিয়েছেন তার দু-একটি পয়েন্ট সম্বন্ধে আমার বক্তব্য আপনার মাধ্যমে সভায় উপস্থিত করছি। প্রথমতঃ তাঁর দু নম্বর ক্লজে তিনি যেটা বলেছেন --

> Provision relating to fair rent and the provision of section 13, section 31 and section 36 of this Act shall apply to any premises for any lengths of time for residential or business purposes of the lessee.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমাদের সেকসান ১৩ যেটা প্রেমিসেস টেনান্সি অ্যাক্টের, সেটা অত্যন্ত উল্লেখযোগ্য ধারা। কোন্ খানে কোন্ খানে বা কি কি কারণের জন্য ভাড়াটেকে উচ্ছেদ করা যায় বা কি কি কারণের জন্য ভাড়াটিয়া তিনি প্রোটেকসান পাবেন তার অধিকাংশ ধারা এখানে দেওয়া আছে। তিনি যে 'এফ এফ'-এর কথা উল্লেখ করলেন সেটা এই ধারারই অন্তর্ভুক্ত। প্রথমেই তিনি 'এফ' ধারাটির কথা উল্লেখ করেছেন। আমি স্যার, এই-টুকুই আপনার মাধ্যমে জানাচ্ছি যে, এখানে পরিষ্কারভাবে বলা আছে যে—

> Subject to the provision of section 3(a) and section 18(a) where premises are reasonably required by the landlord reasonably required for the purpose of building or re-building, etc. etc.

এই রিজিনেবল এই কথাটার উপর জোর দেওয়া হয়েছে। কোর্ট এটা বিচার করবেন। আমি যদি বলি, আমি বাড়িওয়ালা হলেও সেটা রিজিনেবল কিনা সেটা যেমন কোর্ট বিচার করবেন তেমনি ভাড়াটিয়া হলেও রিজনেবল কিনা সেটাও নিশ্চয় কোর্ট বিচার করবেন। এই রিজিনেবল কথাটার উপর আমরা যদি জোর দিই, তা হলে দেখতে পাব কোর্ট সেখানে নিশ্চয় বিচার করে দেখবেন যে, এই ক্ষেত্রে বিল্ডিং অর রি-বিল্ডিং-এর জন্য তার এই বাড়ি নেওয়ার প্রয়োজন হচ্ছে কিনা। দ্বিতীয়ত, এফ এফ-এর যেখানে বলছেন—

> subject to the provision of section 3(a) where premises are reasonably required by the landlord.

রিজিনেবল কথাটা আবার দেওয়া আছে, কোর্ট বিচার করে দেখবেন।

> For his own occupation or for the occupation of any person for whose benefit the premises are held, etc. etc.

তারপর যিনি পারচেজ করবেন তাকে ওনার বলে স্বীকার করতে তিনি অস্বীকার করেছেন। আমি আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করে দেখলাম, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক্সপ্লানেসানে ওনার এই কথাটা এক্সপ্লেন করতে গিয়ে আমাদের মাননীয় সোমনাথবাবু বলেছেন—

> **Owner does not mean or include a person who has become an owner or who has acquired interest in the premises.**

তা হলে একটা বাড়ি যেটা কেনা হয়ে গেল তার ওনার কে থাকবেন বুঝতে পারছি না। তাঁর নিজের কথার মধ্যেই উল্টোপাল্টা হয়ে যাচ্ছে।

Owner does not mean a person who has become an owner. He is not becoming the owner.

এ তো মহা মুশকিলের ব্যাপার। এইসব সংশোধনী যদি সোমনাথবাবু বলেন গ্রহণ করতে, তা হলে খুবই মুশকিলে আমরা পড়ে যাব।

দ্বিতীয় কথা হচ্ছে ঐ এক্সপ্লানেশানে তিনি বলেছেন—

"Owner" mean use of permanent nature by self, dependent parents, unmarried daughters and minor sons only.

আর যদি কেউ থাকে তা হলে সে কিন্তু তার সঙ্গে বসবাস করতে পারবে না। এটা কেমন ধারা আইনের সংশোধন করতে চাচ্ছেন আমি ঠিক বুঝতে পারছি না। ভারতবর্ষে আমরা অনেক আত্মীয়স্বজন নিয়ে বসবাস করি। আমরা শুধু ডিপেন্ড্যান্ট প্যারেন্টস, আনম্যারেড ডটার্স নয়, ম্যারেড ডটার্স যদি ২ মাসের জন্য বসবাস করে, তা হলে তো ঐ বাড়িওয়ালা মুস্কিলে পড়ে যাবে, তাকে শাস্তি পেতে হবে। কাজেই সোমনাথবাবুকে অন্তত বিনীতভাবে নিবেদন করবো যে, সোমনাথবাবুর মেয়ে-জামাই যদি আসে বাড়িতে কিছুদিন থাকবার জন্য, তা হলে তাদের নিশ্চয়ই রাস্তায় বার করবার মত কোনরকম আইন আপনি করতে পারেন না, এটা আপনি একটু ভেবে দেখবেন। আমাদের এখানে সোমনাথবাবু যেটায় আশংকা প্রকাশ করেছেন আমি সেটা পড়ে দেখছিলাম। তার ক্লজ ৪ এ যেটা রয়েছে—

Of sub-section (1) of section 13 in clause (f), after the words "such buildings or re-building or additions or alterations", the words "for which plans and funds are ready with the owner", shall be inserted.

এটা ইন্সার্টেড করতে চেয়েছেন, খুব ভাল কথা। আমাদের যে আইন আছে তাতে কি বিধান নেই? মাননীয় সোমনাথবাবুকে আমাদের আইনের সেকসান ১৮এ-র দিকে দৃষ্টিপাত করতে বলি। সেকসান ১৮এ-তে পরিষ্কার বলা আছে—

Where the Court passes a decree for delivery of possession under clause (f) of sub-section (1) of section 13 it shall specify the period within which—

তিনি এক মাসের মধ্যে করতে চেয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বড় বড় বাড়ি আর ছোট ছোট বাড়ি যাই হোক না কেন প্ল্যান একটা থাকবে, তা ভিন্ন নিশ্চয়ই করতে যাবেন না। সেটা কোর্ট নিশ্চয়ই বিচার করে দেখবেন। কিন্তু এক মাসের মধ্যে করতে হবে এটা যদি জোর করে বলে দেওয়া হয়, তারপরে একমাস একদিন যদি হয়ে যায়, তা হলেও সেজন্য শাস্তি পেতে হবে। সেজন্য কোর্ট-এর উপর ভার দেওয়া হয়েছে। আশা করি সোমনাথবাবু নিশ্চয়ই কোর্ট-এর উপর বিশ্বাস রাখবেন। এখানে বলা আছে—

It shall specify the period within which the building or re-building, additions or alterations, etc. etc. is completed and may on the application of the landlord extend such period from time to time for good and sufficient reasons.

কাজেই কোর্ট-এর উপর ভার দেওয়া হয়েছে। যদি কখনও সময় নিতে হয় কোর্ট থেকে সময় নিতে হবে। অন্ডার সেকসন ১৮এ ঐখানে পরিষ্কার বিধান দেওয়া আছে কতদিনের মধ্যে করতে হবে কোর্ট সেই বিধান দেবেন। কাজেই সোমনাথবাবুর এই সংশোধনী বিলে আরও বেশী কি লাভ হবে আমি বুঝতে পারছি না। মাননীয় সোমনাথবাবু ১০ বছরের জায়গায় ২০ বছর করতে চেয়েছেন, এই ২০ বছর পর্যন্ত সাবলেট দেওয়া চলবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১০ বৎসরই

একটা দীর্ঘকাল সময়। যে ভাড়াটিয়া আইনসঙ্গতভাবে বাড়ি ছেড়ে যেতে বাধ্য হবেন, ১০ বৎসর পরে আবার তার

construction or re-construction or building or re-building.

এর জন্য যেটা নেওয়া হল ১০ বৎসর ধরে সেই বাড়িওয়ালা বা অন্য কেউ ভাড়া দিতে পারবে না এটা আইনে বিধান আছে। এই জায়গায় তিনি ২০ বছর করতে চেয়েছেন। ২০ বছর ধরে যদি তাকে খুঁজে বেড়াতে হয় কোথায় সেই ভাড়াটিয়া আছে না আছে, এজন্য ১০ বৎসর সময়ই তো একটা দীর্ঘ সময় হচ্ছে। তারপর যদি ২০ বছর করতে হয় আশা করি সোমনাথবাবু যদি বাড়িওয়ালা হতেন, তা হলে ২০ বছর ধরে সেই ভাড়াটিয়া কোথায় আছেন, ছোটাছুটি করতে তিনিও বোধ হয় পারতেন না। সেজন্য সোমনাথবাবুকে বলি ছোট ছোট বাড়িওয়ালা যারা আছেন তাদের স্বার্থের প্রতিও খানিকটা নিশ্চয়ই সহানুভূতি সম্পন্ন হবেন। আর প্রকাণ্ড প্রকাণ্ড বাড়িওয়ালা সম্পর্কে আমরা তো বলেছি যে, আমরা যত শীঘ্র সম্ভব প্রকাণ্ড প্রকাণ্ড বাড়িওয়ালা না রেখে তাদের আইনের সাহায্যে আরবান প্রপার্টি সিলিং করে তাদের বাড়ি আমরা হয়ত সরকারে বর্তিয়ে দিতে পারবো।

কোন একজন বাড়িওয়ালা যদি মৃত্যুমুখে পতিত হয়, তার উত্তরাধীকারের সংখ্যা যদি বেশী হয়ে যায়, তা হলে সোমনাথবাবুর কি উদ্দেশ্য যে তার সন্তান-সন্ততি বাড়ি থাকা সত্ত্বেও পথে বসবেন, ফুটপাতে যাবেন? নিশ্চয়ই সেটা তিনি চাইবেন না। এইসব বিভিন্ন দিক আলোচনা করে দেখেছি, এখন যে প্রচলিত আইন এখানে রয়েছে, সেই আইনটা একদিক থেকে যেমন যারা ভাড়াটিয়া রয়েছেন তাদের স্বার্থ রক্ষা করবার জন্য সম্পূর্ণভাবে অধিকার দেওয়া হয়েছে, আবার যাতে করে আমাদের এই দেশে যেখানে গৃহসমস্যা অত্যন্ত বেশী হয়ে রয়েছে, যারা গৃহ নির্মাণ করতে পারবেন তাদের মধ্যে একটা ইম্পিটাস দেবার জন্য কিছুটা সুযোগ-সুবিধা দিয়ে কলকাতার যে গৃহসমস্যা রয়েছে তাকে রোধ করার জন্য যাতে তারাও এগিয়ে আসেন বাড়ি তৈরি করবার জন্য, সেদিকে দৃষ্টি রেখে উভয়পক্ষের স্বার্থ রক্ষা করবার জন্য আমাদের যে বিল রয়েছে সেটাকেই আমি যথেষ্ট বলে মনে করি। বিশেষ করে এই বিলে যেসব বিধান আছে সেইগুলো মারাত্মক বিধান। যদি কোন বাড়িওয়ালা অন্যায়ভাবে ভাড়াটিয়াকে উচ্ছেদ করতে চায়, তা হলে তার জন্য মারাত্মক এখানে সমস্ত বিধান আছে। এর চেয়ে বেশী সোমনাথবাবু যে প্রস্তাব করেছেন, এইসমস্তগুলো নিয়ে আসার কোন প্রয়োজন আছে বলে মনে করি না, এই বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সংশোধনী বিল তিনি এনেছেন তার বিরোধিতা করছি। আমি সোমনাথবাবুকে আপনার মাধ্যমে অনুরোধ করছি, তিনি যেন এই বিল প্রত্যাহার করেন।

শ্রীসোমনাথ লাহিড়ী: আমি এর প্রত্যুত্তরে কয়েকটি কথা বলতে চাই।

শ্রীগুরুপদ খাঁন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওনার বলার কোন স্কোপ নেই। রিপ্লাই দেবার কোন স্কোপ নেই।

শ্রীসোমনাথ লাহিড়ী: হ্যাঁ, আছে। প্রত্যেক মোসানের মুভার-এর রাইট অব রিপ্লাই থাকে।

Mr. Speaker: On a point of explanation you can speak, but there is no right of reply.

শ্রীসোমনাথ লাহিড়ী: আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী যে বক্তৃতা দিলেন তাতে মনে হবে যে, কলকাতা শহরের বাড়িওয়ালারা সবচেয়ে দুঃখী লোক—

Mr. Speaker: I am sorry Mr. Lahiri, there is no right of reply. I will not allow you to continue.

শ্রীগুরুপদ খাঁন: রুলস অনুযায়ী এখানে মোসান-এর প্রশ্নই উঠছে না।

Mr. Speaker: Honourable Members, in this connection I quote rule 73 wherein it is stated, "if a motion for leave to introduce a Bill is opposed, the Speaker, after permitting, if he thinks fit, a brief explanatory statement from the Member who moves and from the Member who opposes the motion, may, without further debate, put the question. So I will now put the question before the House.

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি প্রশ্ন করলেন, তার জবাব আমাকে তো দু-একটা দিতে হবে, তা না হলে কি করে হবে? এটা তো কমন সেন্স, যখন আমি একটা মোসান মুভ করবো, উনি অপোজ করবেন। রুলস-এ কোথাও লেখা নেই যে, বলতে পারবেন না, আপনি আমাকে দেখান কোথায় লেখা আছে?

শ্রীগুরুপদ খাঁনঃ ওনার এখানে বলার কোন স্কোপ নেই।

Mr. Speaker: I will not allow any person neither Mr. Lahiri nor the Hon'ble Minister to speak.

শ্রীসোমনাথ লাহিড়ীঃ আমি মন্ত্রিমহাশয়ের অনুরোধ রক্ষা করতে পারছি না, বাড়িওয়ালাদের স্বার্থে তিনি যা বক্তৃতা করলেন তাতে আমি খুব দুঃখিত। পিপলস ডেমোক্রেটিক অ্যালায়েন্সের বক্তা যে এইরকম বাড়িওয়ালাদের স্বার্থে কথা বলবেন, এটা আমার ধারনা ছিল না।

শ্রীগুরুপদ খাঁনঃ আমি কেবল বাড়িওয়ালাদের স্বার্থ রক্ষা করবার জন্য বলি নি, ভাড়াটিয়াদের স্বার্থ রক্ষা করার জন্যও বলেছি, সুতরাং আমি এই বিল অপোজ করছি।

Mr. Speaker: I will again say that I will not allow any discussion. Discussion is over.

Shri Gyan Singh Sohanpal: Sir, on a point of information. Will these form the part of the proceedings?

Mr. Speaker: After the statement made by Shri Somnath Lahiri and the statement made by Shri Gurupada Khan I am not allowing any further discussion on this matter and I will not take any cognizance of the statement made.

The motion of Shri Somnath Lahiri that leave be granted to introduce The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1973, was then put and lost.

Adjournment

The House was then adjourned at 7-46 p.m. till 1 p.m. on Wednesday, the 9th May, 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 9th May, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 8 Ministers, 5 Ministers of State, 2 Deputy Ministers and 169 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members who have not yet taken Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take oath.)

Obituary

Mr. Speaker: Honourable Members, it is my melancholy duty to inform you about the passing away of an ex Member of this House Shri Kumar Chandra Jana.

Born on the 28th November, 1889, he was 84 years of age at the time of his death. He fell down unconscious suddenly on the 30th April last and died on the 6th May at the S. S. K. M. Hospital at 9-10 p.m. He never regained his consciousness.

A veteran Congress Leader of Midnapore, he started his political career while a student. He joined Gandhiji's Movement for boycott of schools and colleges. Starting with his arrest during the visit of the Prince of Wales in 1921 his total period of incarceration covered 12 years. He was President of the Midnapore District Congress Committee for 14 years. He was also a Member of the Provincial Congress Committee and the All India Congress Committee. He establised a National High School in Anantapur village. Ultimately, he joined the Krishak Mazdoor Proja Party and was returned to the Assembly as a member of that party in the year 1952.

I would now request you, ladies and gentlemen, to rise in yours seats and observe silence for two minutes as a mark of respect to the departed soul.

(The Members rose in their seats and observed silence for two minutes.)

Thank you, Secretary will do the needful.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

বাংলাদেশ শরণাথী শিবিরে পাইকারী ক্রেতাভাণ্ডারের মাধ্যমে খাদ্য ও অন্যান্য জিনিস সরবরাহ

***১১৯৩।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৫২।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলা সরকার ১৯৭০ সালে 'বাঙ্গলাদেশ শরণাথী শিবিরের' জন্য যেসকল পাইকারী ক্রেতাভাণ্ডারকে খাদ্য ও অন্যান্য জিনিস সরবরাহের দায়িত্ব দিয়েছিলেন তাহাদের নাম কি;

(খ) উক্ত ক্রেতাভাণ্ডারগুলির কোনটিকে কি কি ও কত পরিমাণ খাদ্য ও অন্যান্য জিনিস বণ্টনের দায়িত্ব দেওয়া হয়েছিল ও সেই সকল জিনিসগুলির মূল্য কত ছিল; এবং

(গ) উক্ত ক্রেতাভাণ্ডারগুলির লাভের পরিমাণ কত?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ (ক)—

(১) ক্যালকাটা হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ক্যালকাটা।

(২) হাওড়া হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, হাওড়া।

(৩) যাদবপুর হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা।

(৪) বারাসাত হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা।

(৫) বারাকপুর সেন্ট্রাল জোন হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা।

(৬) কে পি কে হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা।

(৭) বেহালা হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা।

(৮) বসিরহাট হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা।

(৯) ন্যাশনাল হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ।

(১০) কৃষ্ণনগর হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ।

(১১) বাঁকুড়া হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ।

(১২) কুচবিহার হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ।

(১৩) ওয়েস্ট দিনাজপুর-মালদা হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ।

(১৪) জলপাইগুড়ি হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ।

(খ)—

পাইকারী ক্রেতা ভাণ্ডারের নাম	জিনিসের নাম	পরিমাণ	দাম টাকা
(১) ক্যালকাটা হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ক্যালকাটা	ডাল ..	৩,৯৪৮.৭৫ কুইঃ	৮,১৭,২১৮.৫০
	মশলা ও লবন ..	৮১৭.৫৯৫ কুইঃ	১,৪৯,০০৭.৬৫
	শাকসব্জি ..	১০,১৪১.৫৭ কুইঃ	৯,৪২,৪৭৮.৬৩
			১৯,০৮,৭০৪.৭৮
(২) হাওড়া হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, হাওড়া।	ডাল ..	৩,০০৮.০০ কুইঃ	৬,৩৮,৪০৮.৫০
	মশলা ও লবণ ..	৭১৮.৪১৩ কুইঃ	১,২৩,৮৬৩.৯
	শাকসসব্জি .	৭,১৫২.৬৯২ কুইঃ	৬,৪১,৭৬২.৪
			১৪,০৪,০৩৪.৮
(৩) যাদবপুর হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা।	ডাল ..	৩০.২৫ কুইঃ	৬,৩৩,১৭১.০
	মশলা ও লবণ ..	৭২২.৮৪ কুইঃ	৮২,৮৭১.০
	শাকসব্জি ..	৬,৭৭৪.০০ কুইঃ	৬,২৩,৭৫৯.০০
			১৩,৩৯,৮০১.০
(৪) বারাসাত হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা।	ডাল ..	৫,৩৮৮.৫৭৪ কুইঃ	২৫,৩৩,৩৯৪.০০
	মশলা ও লবণ ..	২৮১.৫১ কুইঃ	
	শাকসব্জি ..	১৪,৮০১.৮৬৪ কুইঃ	
	গম ..	৩,৮০৬.৩৪৩ কুইঃ	
	জ্বালানি কাঠ	১৩,১৮৫.২২৫ কুইঃ	

পাইকারী ক্রেতা ভাণ্ডারের নাম	জিনিসের নাম	পরিমাণ	দাম
			টাকা
(৫) বারাকপুর সেণ্ট্রাল জোন হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা।	ডাল ..	৫৮০.৩০ কুইঃ	১,২০,৯৭০.০০
	মশলা ও লবণ ..	২৭৪.৯৬ কুইঃ	১৮,৮৮১.৮০
	শাকসব্জি ..	২,৮৯৮.২৫ কুইঃ	২,১৮,৮১২.৫০
	সরিষার তৈল ..	১৩.৩০ কুইঃ	৭,৩১৫.০০
			৩,৬৫,৯৭৯.৩০
(৬) কে পি কে হোলসেল কনজিউমার্স কো-অপাবেটিভ সোসাইটি লিঃ, ২৪-পর-পরগনা।	ডাল ..	৪,৯১৬.৮৬ কুইঃ	
	মশলা ও লবণ ..	১,০৯১.১৪৮৫ কুইঃ	১৯,৮৫,০০০.০০
	শাকসব্জি ..	১২,৫৮৩.১৫৭ কুইঃ	
(৭) বেহালা হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা।	ডাল ..	৩,১৪১.৭০৫ কুইঃ	
	মশলা ও লবণ ..	৭৫১.৭৬৫৪ কুইঃ	১৬,১০,৩৩৬.০৫
	শাকসব্জি ..	৯,১৬৬.০৯৫ কুইঃ	
	রেডিমেড পোশাক ..	১,৩০,৮০০০ টি	২,৯৫,৩৫০.৪৮
			১৯,০৫,৬৮৬.৫৩
(৮) বসিরহাট হোলসেল কনজিউমার্স কো-অপ্যারটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা।	ডাল ..	৭,৩৯৯.৯২ কুইঃ	১২,২৫,৩১০.৩৫
(৯) ন্যাশনাল হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ।	ডাল ..	১.১৩৩ কুইঃ	
	মশলা ও লবণ ..	৫১০ কুইঃ	৮,০৭,১৫৮.৩০
	সাকসজি ..	৬.৬০১ কুইঃ	
(১০) কৃষ্ণনগর হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ।	ডা'ল ..	১,৪১৬.৪৯ কুইঃ	২,৮১,৭১১.৫৩
	শাকসজি ..	৪,৪৯৯.৫৩ কুইঃ	৩,৩০,১৬৯.২০
	লবণ ..	১৫৮.৩০ কুইঃ	৩,৯১৪.৭৫
	রেডিমেড পোশাক ..	..	৩,০০,০০০.০০
			৯,১৫,৭৯৫.৪৮

পাইকারী ক্রেতা ভাণ্ডারের নাম	জিনিসের নাম		পরিমাণ	দাম
				টাকা
(১১) বাঁকুড়া হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ।	ডাল	..	১,৭৯৩.৩২ কুইঃ	
	শাকসব্জি	..	৩,৪৭১.৯৮ কুইঃ	
	মশলা	..	৩৮.২৭৬ কুইঃ	
	চিনি ও গুড়	..	৫৯৯.১৪১ কুইঃ	
	চিড়া	..	৪৮.৫৩১ কুইঃ	
	আটা	..	২,৭৮৮ ব্যাগ	
	সরিষার তৈল	..	৪,৩৮৪ টিন	
	লবণ	..	৩২২ ব্যাগ	১৮,৩০,২৫৬.৬৩
	কয়লা ও জ্বালানী কাঠ		১৫,০২৮.৫৮১ কুইঃ	
	সাগু	..	১.৯১ কুইঃ	
	দেশলাই	..	২৭,৮৩৬ বাক্স	
	কেরাসিন তৈল	..	২,৯১৩ টিন	
	বার্লি	..	৩৭৬ টিন	
	জি পি ট্রে	..	১৫ টি	
	এম, এস রড	..	৬২.৮৫৭ কুইঃ	
	রেডিমেড্ পোশাক	..	২৫,০০০ টি	
(১২) কুচবিহার হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ লিঃ।	..		..	৫,৮০,০০০.০০
(১৩) ওয়েষ্ট দিনাজপুর-মালদা হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ।	ডাল	..	১৩,৮০৯.৫১১ কুইঃ	২১,১৬,৬৫৯.০৮
	চাল	..	৬,০৯০.৭ কুইঃ	৭,৫৩,৩৮৮.০৪
	সরিষার তৈল	..	৬৫৩.৯২৩ কুইঃ	৪,২০,২৮১.২০
	চিনি	..	২৫৩.০৮৯ কুইঃ	৬০,৩৯০.০০
				৩৩,৫০,৭১৮.৩২
(১৪) জলপাইগুড়ি হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ।	ডা'ল	..		
	মশলা ও লবণ	..		
	তৈল	..	২৯,১১,৮৫৩.৪১	
	চিনি ও গুড়	..		

(গ)—

ক্রেতা ভান্ডারের নাম	লাভের পরিমাণ টাকা
১। ক্যালকাটা হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ক্যালকাটা	৫,৮৫,৭৮১·০০
২। হাওড়া হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, হাওড়া	৪,১৫,৯৭২·০২
৩। যাদবপুর হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা	১,৬০,০০০·০০ (নীট)
৪। বারাসাত হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা	৩,৮০,০০০·০০ (নীট)
৫। বারাকপুর সেন্ট্রাল জোন হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা	৬১,৭৬৫·৮৫
৬। কে পি কে হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা	৩৫,০০০·০০ (নীট)
৭। বেহালা হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা	২,৫০,০০০·০০
৮। বসিরহাট হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ২৪-পরগনা	৩৪,২৮৬·১১ (নীট)
৯। ন্যাশানাল হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ	৪০,৩৫৬·৩০ (নীট)
১০। কৃষ্ণনগর হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ	৫৪,০০০·০০ (নীট)
১১। বাঁকুড়া হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ	৪৩,৭৬৫·০০ (নীট)
১২। কুচবিহার হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ	৪৩,০০০·০০ (নীট)
১৩। ওয়েস্ট দিনাজপুর-মালদা হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ	১৫,০৬৭·৬৮ (নীট)
১৪। জলপাইগুড়ি হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ	২,৯১,১৮৫·৩৪ (নীট)

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় মন্ত্রিমহাশয় যে সমস্ত হোলসেল সমিতিগুলির নাম বললেন তাদের কি সম-পরিমাণ জিনিস দেওয়া হয়েছিল?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ না।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ পার্থক্য কেন হ'ল?

শ্রীঅতীশচন্দ্র সিংহঃ যেখানে যেরকম চাহিদা, যেখানে যেরকম রিফিউজি এসেছিল সেখানে সেরকম দেওয়া হয়েছে। যেখানে কনসেনট্রেসান বেশী এসেছিল সেখানে বেশী দেওয়া হয়েছে।

দুর্গাপুর কেমিকেলসের ম্যানেজিং ডাইরেক্টর

***১১১৪।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৬৮।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** সরকারী সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে দুর্গাপুর কেমিকেলসের ম্যানেজিং ডাইরেক্টর শ্রী এ দাসগুপ্তকে সম্প্রতি চাকুরী হইতে অপসারণ করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

ডাঃ জয়নাল আবেদিনঃ (ক) হ্যাঁ।

(খ) শ্রীদাসগুপ্তকে অপসারণের কারণগুলি হ'লঃ

(১) পরিচালনায় ব্যর্থতা,

(২) অবৈধ লেনদেন,

(৩) ক্ষমতা বহির্ভূত কার্যকলাপ, এবং

(৪) নিয়োগের শর্ত লঙ্ঘন।

শ্রীঅশ্বিনী রায়ঃ আপনি (ক) প্রশ্নের উত্তরে বললেন, হ্যাঁ, তা হ'লে শ্রীদাসগুপ্তকে যখন ম্যানেজিং ডাইরেক্টর আপনারা নিয়োগ করেন তখন কি এই দাসগুপ্তের যেসব গুণাবলী ম্যানেজিং ডাইরেক্টর হিসাবে থাকা দরকার সেগুলি কি ছিল এবং থাকলে কি কি গুণাবলী ছিল সেটা বলবেন কি?

ডাঃ জয়নাল আবেদিনঃ আমাদের যে প্রেসক্রাইবড কোয়ালিফিকেসান ছিল ইট ফিটস্ ইন দেয়ার।

শ্রীঅশ্বিনী রায়ঃ সেগুলি কি কি ছিল?

ডাঃ জয়নাল আবেদিনঃ আপনার নোটিসে ছিল না কি কি গুণাগুণ থাকা দরকার। আমাদের আগেও উনি নিযুক্ত হয়েছিলেন. ও'র যে কোয়ালিফিকেসান থাকা দরকার হি ওয়াজ সিলেকটেড ইন দি বেসিস অব রিকুইজিট কোয়ালিফিকেসান।

শ্রীঅশ্বিনী রায়ঃ শ্রীদাসগুপ্ত কি ম্যানেজিং ডাইরেক্টর নিযুক্ত হবার আগে এই দুর্গাপুর কেমিক্যালস লিমিটেডের সঙ্গে কোন রকম জড়িত ছিলেন?

[1-10—1-20 p.m.]

ডাঃ জয়নাল আবেদিনঃ না। আপনাদের জানা দরকার তিনি জেনারেল ম্যানেজার হিসেবে ফার্স্ট জয়েন করেন। আমাদের লিস্টেড আন্ডারটেকিং ১০টি। দুর্গাপুর কেমিক্যালস-এ পোস্ট ছিল জেনারেল ম্যানেজারের. ম্যানেজিং ডিরেক্টরের পোস্ট ছিল না। ফর অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাডভান্টেজ আমরা সবগুলি আন্ডারটেকিং ম্যানেজিং ডিরেক্টরের আন্ডারে আনি এবং বোর্ডের ডিরেক্টররা না হ'লে মেম্বার হিসেবে থাকতে পারছেন না। বিয়িং জেনারেল ম্যানেজার হি কুড নট পার্টিসিপেট ইন দি ডেলিবারেসন। সেইজন্য ওটাকে ম্যানেজিং ডিরেক্টর ক'রে দেই ইন কনফর্মিটি উইথ আদার আন্ডারটেকিং, নাথিং এলস।

শ্রীঅশ্বিনী রায়ঃ ম্যানেজিং ডিরেক্টর হবার আগে মিঃ দাশগুপ্ত ওখানকার পরিচালনা বোর্ড যেটা ছিল তার সদস্য ছিলেন কি?

ডাঃ জয়নাল আবেদিনঃ অফিসার হিসেবে তিনি পার্টিসিপেট করতে পারতেন, বোর্ডের মেম্বার হিসেবে পার্টিসিপেট করতে পারতেন না।

শ্রীমহম্মদ সফিউল্লাঃ দাশগুপ্তের বিরুদ্ধে সরকার থেকে মামলা রুজু করা হয়েছে কি?

ডাঃ জয়নাল আবেদিন: না। এটা এখনও আইনজীবীদের পরীক্ষার বিষয় হয়ে রয়েছে। তাঁরা দেখছেন আর কি প্রতিকার করা যায়—অর্থাৎ ডিসচার্জ করা ছাড়া আর কিছু করা যায় কিনা সেটা দেখা হচ্ছে।

শ্রীমহম্মদ সফিউল্লা: মন্ত্রিমহাশয় জানাবেন কি, তাঁর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ বেশী ছিল কি?

ডাঃ জয়নাল আবেদিন: আমি ৪টি ক্যাটিগরিক্যালি বলেছি। আমি বলেছি পরিচালনায় ব্যর্থতা, অবৈধ লেনদেন, ক্ষমতা বহির্ভূত কার্যকলাপ, নিয়োগের শর্ত লঙ্ঘন।

শ্রীমহম্মদ সফিউল্লা: অবৈধ লেনদেন মানে তো দুর্নীতি?

ডাঃ জয়নাল আবেদিন: আমি সমস্ত জিনিস আপনাদের জানতে চাই। আমাদের ওখানে যে ইউনিটগুলো আছে তার মধ্যে একটি ইউনিটে থ্যালিক অ্যানহাইড্রাইট তৈরি হয়। এই থ্যালিক অ্যানহাইড্রাইট ভারতবর্ষের আর দু'টি জায়গায় তৈরি হয়। এই থ্যালিক অ্যানহাইড্রাইটের যে র মেটেরিয়ালস হট প্রেসড ন্যাপথা এটার মাঝে মাঝে সংকট দেখা দেয়। হিন্দুস্থান স্টিল লিমিটেড এই থ্যালিক অ্যানহাইড্রেটের র মেটেরিয়ালস হট প্রেসড ন্যাপথা বন্ধ ক'রে দেয়। তখন আমরা সকলে মিলে ইনক্লুডিং আওয়ার অনারেবল চিফ মিনিস্টার মাইন্স অ্যান্ড স্টিলের মন্ত্রীকে ধরি এবং আমরা এর কিছু কোটা পাই। আমরা চেয়েছিলাম ৩৩০ টন, কিন্তু তাঁরা আমাদের ১৫০ টন দিতে রাজী হয়েছেন। এটা যখন ফাক্টরী প্রোডিউস করতে শুরু করল ৩ মাস বন্ধ থাকার পর, তখন এর বাজারে চাহিদা খুব বেশী। তখন এটা বাজারে বিক্রি হচ্ছে ৫ হাজার ৮০০ টাকা পার মেট্রিক টন, কিন্তু তিনি বিক্রয় করলেন ৪ হাজার টাকা পার মেট্রিক টন। তিনি এটা ইন্ডাস্ট্রিয়ালিস্টদের বিক্রি করলেন না, বিক্রি করলেন মিডল-ম্যানদের। কি ব'লে বিক্রি করলেন? না, স্টক ক্লিয়ারেন্স। শুধু তাই নয়, যত থ্যালিক অ্যানহাইড্রাইট হবে সেটা পরবর্তী আরও দু'বছর বিক্রি করবে অ্যাট দি রেট অব ৪২০০ টাকা পার মেট্রিক টন। বাজারে যখন এই থ্যালিক অ্যানহাইড্রাইটের বেসরকারী মার্কেট ১০ টাকার উপর পার কেজি অর্থাৎ ১০ হাজার টাকা মেট্রিক টন, তখন তিনি ওয়েস্টার্ন কমার্শিয়াল নামে একটা বাইরের ফার্মকে দিচ্ছেন। তিনি স্মল কনজিউমার্সদের দেবেন না, তিনি এন্টায়ার মিডলম্যানকে নিযুক্ত করছেন অ্যাট লো কস্ট। এই জিনিস যদি ম্যাটেরিয়ালাইজ করে, তা হ'লে ওই যে ৩০০ টন সাপ্লাই করেছে তাতে ২ লক্ষ ৫৮ হাজার' টাকা ক্ষতি হচ্ছে। অ্যাট দি রেট অব ৫ হাজার ৮০০ টাকা পার মেট্রিক টন তিনি যদি আরও ২ বছর বিক্রি করতেন অর্থাৎ আমরা যদি তাঁকে এখনই ডিসচার্জ না করতাম, তা হ'লে এই কোম্পানী আরও ১৮ লক্ষ টাকা লোকসান খেত। এই থ্যালিক অ্যানহাইড্রাইট খুব স্কেয়ার্স ম্যাটেরিয়াল এবং এর বাজার দর মার্চে ছিল ১০ টাকা পার কেজি। অবশ্য এটা বেসরকারী দর, আমি এটা কনফার্ম করতে পারছি না। তবে এটা আপনারা জানেন স্কেয়ার্স ম্যাটেরিয়ালস হ'লে তার দাম বেশী হয়। অনেকে বলছেন এটার ১৫ টাকা দর হয়েছিল বাজারে। আমরা ইন্ডাস্ট্রিকে বাঁচাতে চাই ব'লে আমরা অ্যাট এ ফিক্সড রেট টু স্মল কনজিউমার্স, টু ইন্ডাস্ট্রিয়াল কনজিউমারদের দিচ্ছি। এটা হ'ল একটা। আর একটা হচ্ছে হার্ডেলিয়া। তিনি একটা চুক্তি করেছেন উইদাউট দি নলেজ অব মিনিস্টার, অর দি বোর্ড অব ডিরেক্টর্স অর দি কমিটি অব ম্যানেজমেন্ট। হার্ডেলিয়া ক্রুড ন্যাপথা সাপ্লাই করবে, সেটা আমাদের এখানে প্রোসেস হবে এবং তারপর এন্টায়ার থ্যালিক অ্যানহাইড্রাইট চলে যাবে বোম্বেতে। অর্থাৎ এখানকার ইন্ডাস্ট্রিয়ালিস্টরা পাবে না, সারা পূর্ব ভারত শুকিয়ে মরবে এই ব্যবস্থা করেছেন।

শ্রীমহম্মদ সফিউল্লা: আমরা দেখতে পাচ্ছি সংবাদপত্রে যে শ্রীদাশগুপ্ত নানা রকম বিবৃতি দিচ্ছেন নিজের পক্ষে সাফাই গাইবার জন্য, এ বিষয়ে সরকার অবহিত আছেন কিনা এবং যথেষ্ট সাবধানতা অবলম্বন করছেন কিনা?

ডাঃ জয়নাল আবেদিন: পুরো অবহিত আছি। তিনি যদি ইচ্ছা করেন আদালতে যেতে পারেন। আমাদের দেশে বলা হয় চোরের মায়ের ডাঙর গলা, এতো সবাই জানে। যারা নর্দমা

থেকে কাদা ছোঁড়ে তাদের গায়ে আমরা কাদা দিতে যাব না। আমি চেষ্টা করছি বাই লিগ্যাল মেজারস দিয়ে করতে, তার যদি ক্ষমতা থাকে যেতে প্যরেন। আমি আরো চাই এ সম্বন্ধে উত্তর দিতে, আপনারা জিজ্ঞাসা করুন।

শ্রীঅশ্বিনী রায়ঃ থ্যালাইক অ্যানহাইড্রেট যেটা বিক্রী করলেন রেট ঠিক করে, তা হ'লে ওখানে কি কোন এই ধরনের বিক্রি বা পারচেজ করবার পারচেজ কমিটি বা সেলস কমিটি আছে?

ডাঃ জয়নাল আবেদিনঃ যা কিছু আছে ও'র বিক্রি করবার বা সেলস করবার ক্ষমতা নেই। গভর্নমেন্ট ডিরেকসান দেবেন, গভর্নমেন্ট পলিসি ডিটারমিন করবেন এবং একজিকিউট করবেন বোর্ড অব ডিরেক্টরস। তিনি বোর্ড অব ডিরেক্টরসের সঙ্গে কোন পরামর্শ করেন নি।

শ্রীঅশ্বিনী রায়ঃ তা হ'লে এটা বোর্ড অব ডিরেক্টরসের অনুমতি না নিয়ে তিনি এই কাজ করেছেন?

ডাঃ জয়নাল আবেদিনঃ হ্যাঁ।

শ্রীঅশ্বিনী রায়ঃ এই যে প্ল্যান্টে আগস্ট মাসে ১৯৭০ সালে এই ক্লোরিন ডিজেসটার্স যে প্ল্যান্টে হ'ল তারপর প্ল্যান্টটা তো অচল হয়ে গিয়েছিল। এই যে ক্লোরিন ডিজেসটারস-এ যে প্ল্যান্টটা অচল হয়ে গেল একে নিয়োগের পর সেই প্ল্যান্টটা কি পুনরুদ্ধার করা হয়েছিল?

ডাঃ জয়নাল আবেদিনঃ আপনি যে প্রশ্নটা করেছেন তার থেকে এটা আসে না। কিন্তু আই লাইক টু স্যাটিসফাই এগেন, ক্লোরিন ডিজেসটারস হয়েছিল যখন যুক্তফ্রন্টের বন্য নীতি চালু ছিল, ওয়াইল্ড ক্যাটস স্ট্রাইকের জন্য। কিন্তু সেই প্ল্যান্ট এমন জায়গায় পোঁছেছে যন্ত্রপাতি নষ্ট হয়েছে সেগুলি আর ব্যবহার হচ্ছে না। এখন ইমপিরিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ডিভাইসে প্ল্যান্টটা চলছে। এই প্ল্যান্ট সারাবার জন্য হাতের বাইরে চলে যায় নি। ইট হ্যাজ দি ইন্ট্রিন্সিক ক্যাপাসিটি টু বি রিকমিশন্ড।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ আপনি যা বললেন তা ছাড়া আমার দু'টো প্রশ্ন জিজ্ঞাস্য আছে। একটা হচ্ছে ৩১শে মার্চ ওর সার্ভিস টারমিনেট ক'রে আপনি নোটিস দিলেন তাতে যেসব কারণগুলি বলেছেন—কিন্তু সেই টারমিনেসন নোটিসে কোন কিছু উল্লেখ করলেন না, এটা আমার কাছে আশ্চর্যজনক মনে হচ্ছে। যে কোন টারমিনেসন নোটিসে যে অপরাধী পক্ষ বা অভিযুক্ত পক্ষ তাকে তার আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া কর্তব্য। আমরা মনে করি যে, তাকে এই আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দেওয়াটা কি ঠিক ব'লে আপনি মনে করেন?

ডাঃ জয়নাল আবেদিনঃ এটা অত্যন্ত সঙ্গত এবং ন্যায়সঙ্গত হয়েছে ব'লে আমি মনে করি। যে লোক গোটা প্ল্যান্টটাকে ২ বছরের জন্য এবং সারা পূর্বভারতকে দু' বছরের জন্য বাইরে বিক্রি করতে চাইছিল, এই রকম দুর্নীতিবাজ কোন মানুষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া অন্যায় ব'লে আমি মনে করি এবং এই প্ল্যান্ট বিকিয়ে যেতে বসেছিল ব'লে দৃঢ়তা এবং ক্ষিপ্রতা নিয়ে এই কাজ করতে হয়েছে।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ আমার আর একটা প্রশ্ন আছে। সেটা হচ্ছে এই, এটা নিয়ে যখন পাবলিকের মধ্যে আলাপ-আলোচনা হচ্ছে, ডিসকাসনের স্তরে এসে গিয়েছে খবরের কাগজের মাধ্যমে, তখন ফর দি সেক অব গুড নেম অব দি গভর্নমেন্ট আপনি কি একটা পাবলিক এনকোয়ারি এই বিষয়ে বসাবেন?

ডাঃ জয়নাল আবেদিনঃ এটা পাবলিকের মধ্যে আলোচনা হচ্ছে ব'লে আমি জানি না এবং এটা নিয়ে পাবলিক এনকোয়ারি বসাবার কোন কারণ আছে ব'লে আমি মনে করি না। গভর্নমেন্ট তার সম্পূর্ণ এক্তিয়ারের মধ্যে কাজ করেছে এবং গভর্নমেন্ট ইজ কমপিটেন্ট টু ডু দ্যাট।

[1-20—1-30 p.m.]

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি: মাননীয় মন্ত্রিমহাশয় দয়া ক'রে বলবেন কি, ২৩শে মার্চ তাকে রিমুভ করার চিঠি দেওয়া হ'ল এবং পুনরায় ৩১শে মার্চ তাকে চিঠি দিয়ে বলা হ'ল যে, তাকে ৩ মাসের মাইনে দেওয়া হবে?

ডাঃ জয়নাল আবেদিন: তাই।

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি: একথা যদি সত্য হয় মন্ত্রিমহাশয় বললেন, তা হ'লে দুর্নীতির অভিযোগের যে কথা তিনি আগে বলছেন তাতে যদি তার চাকুরি গিয়ে থাকে, তাকে যদি রিমুভ করা হয়ে থাকে, তা হ'লে ৩১শে মার্চ তাকে আবার তিন মাসের মাইনে দেবার ব্যবস্থা কেন করা হ'ল?

ডাঃ জয়নাল আবেদিন: শর্ত চাকুরির। আমরা লিটিগেশন অ্যাভয়েড করতে চাই। অনেকেই এই আইনের সুযোগ নিয়ে কোর্টে ঝুলিয়ে রেখে আমাদের আরো সর্বনাশ করে। খাদি কমিশনে আমি দেখেছি আর একটা, যে এনকোয়ারি কমিশন বসেছিল, কিন্তু আজ দু' বৎসরেও তা শেষ করতে পারে নি। আজকে এই দেশে যে প্রচলিত আইন আছে এর সুযোগ নিয়ে আজকে আমাদের অনেক দিন হয়রান করতে পারে। এর চাকুরির শর্ত ছিল তিন মাসের মাইনে দিয়ে আমরা তাকে যে কোন মুহূর্তে রিমুভ্ করতে পারি, উই হ্যাভ অ্যাডপ্টেড আওয়ার ওয়ে।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রশ্ন হ'ল যে, আপনি ৩১শে মার্চ আরো তিনজন সিনিয়ার অফিসারের চাকুরি একসঙ্গে টারমিনেট করেছেন এবং তার ৭ দিন পর ৭ই এপ্রিল আরো তিনজন অফিসারের চাকুরি আপনি টারমিনেট করেছেন, এই সবশুদ্ধ ৭ জন অফিসারের চাকুরি অল উইদিন এইট ডেজের মধ্যে যদি সরিয়ে দেওয়া হয়, তা হ'লে কি সেটা একটা পাবলিক এনকোয়ারির বিষয়বস্তু হয় না?

ডাঃ জয়নাল আবেদিন: আমি সরাই নি, সরিয়েছে বোর্ড অফ ডাইরেক্টরস, প্রথম এই জিনিসটা জানা উচিত। সরিয়েছে বোর্ড অফ ডাইরেক্টরস এবং সরকার তাতে আপত্তি করে নি, পূর্ণ সম্মতি দিয়েছে, এটা প্রথম জানা দরকার। দু' নম্বর, বলা দরকার আছে ৮টির জায়গায় আমরা ৭টি করিয়েছি, আমি এই হাউসে চিঠি পড়ে দেখিয়েছি ওয়ার্কার্স ইউনিয়ন থেকে দাবি করেছে যে, এটা তো আপনারা করেছেন আরো বেশী করুন এবং আমরা মনে করি যে, এটা এতো বড় ঘটনা নয় যে, পাবলিক এনকোয়ারী করার প্রয়োজন আছে।

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তি: মন্ত্রিমহাশয় দয়া ক'রে বলবেন কি, এই ম্যানেজিং ডাইরেক্টরের অ্যাপয়ন্টিং অথরিটি কে? সরকার, না বোর্ড অফ ডাইরেক্টরস?

Dr. Zainal Abedin: Board of Directors, according to articles of association Board of Directors happens to be the appointing authority.

শ্রীঅশ্বিনী রায়: তা হ'লে এখানে বোর্ড অফ ডাইরেক্টরস যে সার্ভিস থেকে রিমুভ করল বা অন্যান্য অফিসারদের রিমুভ করল, সেখানে বোর্ড অফ ডাইরেক্টরস কি দাশগুপ্ত বা অন্যান্য অফিসারদের কাছ থেকে লিখিত ভাবে কোন এক্সপ্লানেশন নিয়েছিলেন কি যে, আপনাদের এই কারণে আমরা রিমুভ করছি। এটা কি বোর্ড-এ আলোচনা হয়েছিল?

ডাঃ জয়নাল আবেদিন: বোর্ডের মিটিং-এ এই সিদ্ধান্ত হয়েছে, আমার যতটা সংবাদ আছে। আপনি এখানে এই প্রশ্ন করেন নি, তবুও বলছি যে, তিনি কোন কো-অপারেশন বোর্ড অফ ডাইরেক্টরদের সঙ্গে করেন নি।

He has flouted the decisions of the Board of Directors.

তাকে বলা হয়েছিল, তুমি এই সম্বন্ধে তোমার বক্তব্য বল,

He has overlooked and ignored the decision of the Board of Directors.

শ্রীঅশ্বিনী রায়ঃ তাকে কি লিখিত ভাবে বক্তব্যটা দিতে বলা হয়েছিল যে, এই এই কারণে চার্জসিট আকারে তাকে এটা দেওয়া হয়েছিল?

ডাঃ জয়নাল আবেদিনঃ সেই সংবাদ এখানে নাই,
It may be recorded in their resolution but it was not given to him.

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই ম্যানেজমেন্টের সুবিধার জন্য, এই ম্যানেজিং ডাইরেক্টর সাহেব দুর্গাপুরে কত দিন থাকবেন?

ডাঃ জয়নাল আবেদিনঃ অশেষ ধন্যবাদ, মাননীয় স্পীকার মহাশয়, আপনি আমাকে এই সুযোগ দিয়েছেন, এই ম্যানেজিং ডাইরেক্টর দুর্গাপুরে এক বৎসরের মধ্যে—এক বৎসর নয়, ৬০৪ দিন কার্যকালের মধ্যে ১০৪ দিন দুর্গাপুরে ছিলেন। রিপিটেড ডাইরেকশন, গভর্নমেন্টের ডাইরেকশন, বোর্ড অফ ডাইরেক্টরদের ডাইরেকশন লঙ্ঘন ক'রে ৬০৪ দিনের মধ্যে ৬ই আগস্ট, ১৯৭১ সালে জেনারেল ম্যানেজারের পদে অধিষ্ঠিত হবার পর থেকে কার্যকালের শেষ দিন অর্থাৎ ৩১শে মার্চ, ১৯৭৩ সাল পর্যন্ত ৬০৪ দিনের মধ্যে আমরা যে তথ্য পেয়েছি, এর তো অ্যাটেন্ডেন্স রেজিস্টার নেই, ১০৪ দিন মাত্র তিনি দুর্গাপুরে ছিলেন।

শ্রীশিবশঙ্কর বন্দ্যোপাধ্যায়ঃ যদি এ কথা সত্য হয় যে, তিনি অধিকাংশ দিন এখানে ছিলেন, তা হ'লে তার অনুপস্থিতির জন্য কোন কৈফিয়ত চাওয়া হয়েছিল কি?

ডাঃ জয়নাল আবেদিনঃ ফ্রম টাইম টু টাইম আমরা তাকে ডেকে বলেছি এবং বোর্ড অফ ডাইরেক্টরস তাকে ডেকে বলেছেন। কিন্তু ওয়ান প্লি অর দি আদার তিনি এটা অ্যাভয়েড ক'রে চলে গিয়েছেন এবং মাননীয় সদস্যকে জানাতে চাই যে, তারা এনকোয়ারী ক'রে একটা রিপোর্ট দিয়েছিল যে, এই জেনারেল ম্যানেজার তখন বোর্ড অফ ডাইরেক্টরস হয় নি, বলেছিলেন,
General Manager must be the whole-time employee.
কিন্তু তিনি তাও মানেননি, দুঃখের কথা।

শ্রীপ্রদ্যোৎকুমার মহান্তিঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ৬০৪ দিনের মধ্যে উনি ১০৪ দিনের মত দুর্গাপুরে ছিলেন। মাননীয় মন্ত্রিমহাশয়, খোঁজ নিয়ে দেখবেন কি, তিনি যে টি এ এবং ডি এ বিল করেছেন তা ১০৪ দিনের বেশী?

ডাঃ জয়নাল আবেদিনঃ এটা আমার দেখবার কথা নয়, বোর্ড অফ ডাইরেক্টরস এগুলি খুঁজে খুঁজে দেখছেন।

শ্রীঅশ্বিনী রায়ঃ দুর্গাপুর কেমিক্যালস-এর হেড অফিস কলকাতায়, তা হ'লে মন্ত্রিমহাশয় বলবেন কি ম্যানেজিং ডিরেক্টরের কলকাতায় থাকার কোন রকম আইনতঃ সুযোগ আছে কিনা?

ডঃ জয়নাল আবেদিনঃ বোর্ড অব ডিরেক্টরস-এর যে অফিস আছে, সেটা মনগড়া হেড অফিস,
Government had directed that the head office, if it was at all here, must be shifted and only a skeleton liaison office would be allowed to remain in Calcutta.

শ্রীঅশ্বিনী রায়ঃ তা হ'লে যে অফিস শিফট করার জন্য অর্ডার দেওয়া হয়েছিল, সেটা কার্যকরী হয়েছিল কি?

ডাঃ জয়নাল আবেদিনঃ এ থাকাকালে কার্যকর হয় নি, এখন করার চেষ্টা হচ্ছে।

Mr. Speaker: Let me repeat *1192.

HELD OVER STARRED QUESTIONS

(to which oral answers were given)

শ্রীখণ্ড-আলমপুর বিল সংস্কার

*১১০২। (অনুমোদিত প্রশ্ন নং *২১৮৪।) **শ্রীসুব্রত মুখার্জী** (কাটোয়া): সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাটোয়া ১নং ব্লকের অন্তর্গত শ্রীখণ্ড-আলমপুর বিল সংস্কারের কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকিলে, কি নাগাত ঐ কাজ শুরু হবে; এবং

(গ) ঐ বিল সংস্কারের সার্ভে করার নির্দেশ সরকার দিয়াছেন কি?

শ্রীসুনীতি চট্টরাজ: (ক) নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) না।

শ্রীসুব্রত মুখার্জী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই শ্রীখণ্ড-আলমপুর বিল সংস্কারের জন্য রাজ্যসরকারের পরিকল্পনা না থাকার কারণ কি?

শ্রীসুনীতি চট্টরাজ: সেটা গ্রহণ করা হয় নি, পরিকল্পনা হবে কি করে?

শ্রীসুব্রত মুখার্জী: মাননীয় মন্ত্রিমহাশয় এই খবর রাখেন কিনা যে, শ্রীখণ্ড-আলমপুর বিল সংস্কার করলে এই এলাকার ন্যূনতম ৩ হাজার একর বিঘার ফসল রক্ষা পাবে?

শ্রীসুনীতি চট্টরাজ: মাননীয় বিধানসভার সদস্য যদি আমাদের এই তথ্য দেন, তা হলে উপযুক্তভাবে বিবেচনা করবার চেষ্টা করব।

শ্রীসুব্রত মুখার্জী: মাননীয় মন্ত্রিমহাশয় এই খবর রাখেন কিনা শ্রীখণ্ড-আলমপুর বিল সংস্কারের জন্য ইতিপূর্বে একবার বর্ধমান জেলা পরিষদ থেকে সার্ভে করা হয়েছিল?

শ্রীসুনীতি চট্টরাজ: বর্ধমান জেলা পরিষদ ইরিগেশন বিভাগের অন্তর্ভুক্ত নয়।

শ্রীসুব্রত মুখার্জী: মাননীয় মন্ত্রিমহাশয় এই খবর রাখেন কিনা এই শ্রীখণ্ড-আলমপুর বিল সংস্কার হলে বহুমুখী পরিকল্পনা হবে, এ দ্বারা বন্যা নিয়ন্ত্রণ হবে, সেচের উপকার হবে, ছোট ছোট মৎস্যজীবীদের মৎস্য চাষের সুবিধা হবে, এটাকে তিনি বহুমুখী পরিকল্পনা বলে স্বীকার করতে রাজী আছেন কিনা?

শ্রীসুনীতি চট্টরাজ: যতক্ষণ পর্যন্ত না রিপোর্ট পাচ্ছি, ততক্ষণ পর্যন্ত সেটা গ্রহণ করতে পারছি না। মাননীয় সদস্যের কথা শুনে একথা বলতে পারি যে, উপযুক্ত রিপোর্ট পেলে বিবেচনা করব।

শ্রীতুহিনকুমার সামন্ত: সেচ বিভাগ থেকে এই ধরনের বিল সংস্কার করা হয় কিনা, যদি হয়, তা হলে কেন এই শ্রীখণ্ড-আলমপুর বিল সংস্কার করা হবে না, এ সম্বন্ধে সেচ দপ্তর থেকে উত্তর পাব কি?

শ্রীসুনীতি চট্টরাজ: এইরকম বিল সংস্কার করা হবে না, এই উত্তর আমি দিই নি। এখন পর্যন্ত এটা সার্ভের অন্তর্ভুক্ত করা হয় নি, এটা বলেছি।

শ্রীসুব্রত মুখার্জীঃ মাননীয় মন্ত্রিমহাশয় প্রথমে বলেছেন, এই পরিকল্পনা রাজ্যসরকারের আপাততঃ নাই. মাননীয় মন্ত্রিমহাশয়ের নিকট আমি প্রশ্ন রাখছি, এই পরিকল্পনা না থাকার বিভিন্ন কারণ থাকতে পারে, হয়ত অর্থ নাই, নতুবা রাজ্যসরকার মনে করছেন, এই পরিকল্পনা গ্রহণ করলে চাষের কোন উপকার হবে না, যাই হোক, নিশ্চয়ই কোন কারণ আছে, মাননীয় মন্ত্রিমহাশয় তাই দয়া করে জানাবেন কি এই পরিকল্পনা রাজ্যসরকারের পরিকল্পনাধীন না থাকার কারণ কি?

মিঃ স্পীকারঃ এই রকমতো হাজার হাজার আছে যা গভর্নমেন্টের পরিকল্পনার অন্তর্ভুক্ত হয় নি।

Is it possible for the Government to give reasons for non-inclusion of so many projects? I think the question does not arise.

[1-30—1-40 p.m.]

শ্রীসুব্রত মুখার্জীঃ এর জন্য কোন পরিকল্পনা না থাকার কারণ কি?

Mr. Speaker: That does not arise.

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ এ সম্বন্ধে কোন স্কীম না থাকার কারণ সম্বন্ধে মন্ত্রিমহাশয় কোন তদন্ত করবেন কি?

শ্রীসুনীতি চট্টরাজঃ আমি নিশ্চয়ই তদন্ত করবো, অফিসারের রিপোর্ট পেলে পর।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ যদি তদন্ত করে দেখা যায় যে স্কীমটি ভায়েবল এবং চাষীদের অত্যন্ত উপকার হবে, তা হলে..................

Mr. Speaker: It is a hypothetical question. I do not allow it.

শ্রীঅশ্বিনী রায়ঃ বর্ধমান জেলা পরিকল্পনা কমিটি যেটা আছে, তাঁরা এটা আলোচনা করে আপনার দপ্তরে কোন স্কীম পাঠিয়েছেন কিনা?

শ্রীসুনীতি চট্টরাজঃ আমরা এখনো সেরকম কোন স্কীম পাই নি।

শ্রীঅশ্বিনী রায়ঃ এইরকম স্কীম যদি পান, তা হলে সেটা তাড়াতাড়ি ইমপ্লিমেন্ট করবার চেষ্টা করবেন কি?

Mr. Speaker: That does not arise.

শ্রীসুব্রত মুখার্জীঃ মাননীয় মন্ত্রিমহাশয় এ খবর রাখেন কি—এই বিল সংস্কারের জন্য বর্ধমান জেলা প্লানিং কমিটি একটি প্রস্তাব রাজ্যসরকারের বিবেচনার জন্য পাঠিয়েছিলেন?

Mr. Speaker: It is already answered.

STARRED QUESTION

(to which answer was laid on the table)

কানখুলি পীরডাঙ্গায় মনিখালের উপর সেতু

***১১৯২ঃ** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৫১।) **শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ২৪-পরগনা জেলার সন্তোষপুর-সার্কুলার গার্ডেনরীচ রোডে কানখুলি পীরডাঙ্গায় (পীরের সমাধির নিকট) মনিখালের উপর যে অস্থায়ী বাঁশের সেতুটি আছে তাহাতে পারাপারে জনসাধারণের খুবই অসুবিধা হইতেছে ও প্রায়ই ঐ স্থানে দুর্ঘটনা ঘটিতেছে;

(খ) অবগত থাকিলে, ঐ স্থানে একটি পাকা সেতু নির্মাণ করিবার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) থাকিলে, কবে নাগাত উহার কার্য আরম্ভ হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ, আছে।

(খ) এই কাজের এস্টিমেট মঞ্জুর হইয়াছে ও টেন্ডার মারফত ঠিকাদার নিযুক্ত করিয়া ১৬ই এপ্রিল, ১৯৭৩ তারিখ হইতে কাজ আরম্ভ করিবার আদেশনামা দেওয়া হইয়াছে।

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

নদীয়া জেলার আইসমালি-বিষ্ণুপুর রাস্তা

৬৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪১।) **শ্রীনিতাইপদ সরকারঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলার আইসমালি-বিষ্ণুপুর রাস্তাটি অসম্পূর্ণ রহিয়াছে;

(খ) সত্য হইলে, ইহা সম্পূর্ণ করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(গ) কতদিনের মধ্যে উক্ত রাস্তাটির কাজ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) হ্যাঁ; ৮½ মাইল দীর্ঘ এই রাস্তাটির আধ মাইল এখনও পাকা হয় নাই। তিনটি ক্ষেত্রে জমির অধিগ্রহণ সম্ভব না হওয়ায় কাজ সম্পূর্ণ হয় নাই; অধিগ্রহণের চেষ্টা চলিতেছে।

(গ) জমির দখল পাওয়ার উপর নির্ভর করিতেছে।

নন্দীগ্রাম থানা এলাকায় পাকা রাস্তা

৬৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯৭।) **শ্রীভূপালচন্দ্র পাণ্ডাঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত নন্দীগ্রাম থানার বর্তমানে কত মাইল পাকা রাস্তা আছে;

(খ) কোন পাকা রাস্তা না থাকিলে, তাহার কারণ কি; এবং

(গ) ঐ থানার তিনটি ব্লক কেন্দ্রের মধ্যে সংযোগের জন্য অগ্রাধিকার দিয়ে কোন রাস্তা নির্মাণের পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে কোন্ রাস্তা?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৪ মাইল।

(খ) প্রশ্ন উঠে না;

(গ) হ্যাঁ, পরিকল্পনা আছে এবং সেই রাস্তাগুলি হইল—

(১) নন্দীগ্রাম-গোকুলনগর-মালদা,

(২) নন্দীগ্রাম-রোয়াপাড়া-চণ্ডীপুর,

(৩) ভগবানপুর-তেরপেখিয়া।

চর্ম শিল্পে কাঁচামালের অভাব

৬৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৫৮।) **শ্রীসৌমেন্দ্রনাথ মিশ্র:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কাঁচামালের অভাবে চপ্পল, ফুটবল, জুতা প্রভৃতি কুটীর শিল্পে নিযুক্ত কলিকাতা ও তার পার্শ্বস্থ বস্তীসমূহের হাজার হাজার হরিজন শিল্পীরা বেকার অথবা আধা বেকার হইয়া দিনে দিনে অনাহারে মৃত্যুর দিতে অগ্রসর হইতেছেন; এবং

(খ) অবগত থাকিলে, সরকার এই সকল শিল্পীদের ন্যায্যমূল্যে চামড়া যোগানের কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

কুটির ও ক্ষুদ্রায়তন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) চপ্পল, ফুটবল, জুতা প্রভৃতি শিল্পে নিযুক্ত হরিজন শিল্পীরা কাঁচামালের অভাবে যে সংকটের সম্মুখীন হয়েছেন সে সম্পর্কে সরকার অবহিত আছেন।

(খ) অনিয়ন্ত্রিত ফিনিশড চামড়া ও আধা-ফিনিশড চামড়া রপ্তানির দরুন বাজারে চামড়ার অভাব দেখা দেয় এবং এর ফলে ঐ দ্রব্যের মূল্য ঊর্ধ্বমুখী হয়েছে। এ বিষয়ে রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারের সংগে যোগাযোগ করেছেন এবং কেন্দ্রীয় সরকার ১৯৭৩ সালের ১লা এপ্রিল হতে পর্যায়ক্রমে রপ্তানীর উপর নিয়ন্ত্রণ-বিধি চালু করার সিদ্ধান্ত নিয়েছেন। রপ্তানী নিয়ন্ত্রিত হলে কাঁচামালের সঙ্কট অনেকাংশে দূর হবে বলে আশা করা যাচ্ছে।

রাজ্যসরকার পশ্চিমবঙ্গে আধা-ফিনিশড চামড়া উৎপাদনের সম্ভাব্যতা সম্পর্কে পরীক্ষা করিবার জন্য একটি কমিটি গঠন করেছেন। ঐ কমিটির রিপোর্ট এখনও পাওয়া যায় নি।

পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে কিছু চামড়া ফিনিশিং সেন্টার স্থাপিত হবে বলে আশা করা হচ্ছে এবং এর ফলে ছোট শিল্পী ও কারবারীদের অভাব অনেকটা মিটবে।

কাশীপুর ও বেলগাছিয়া পৌর এলাকায় পার্ক

৬৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৪১১।) **শ্রীগণপতি সুর:** পৌর কার্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাশীপুর ও বেলগাছিয়া পৌর এলাকাধীন অঞ্চলে দুইটি পার্ক নির্মাণ করিবার সিদ্ধান্ত হইয়াছিল;

(খ) সত্য হইলে—

(১) কোন্ কোন্ স্থানে ঐ পার্ক নির্মাণের পরিকল্পনা ছিল;

(২) কোন্ কোন্ স্থানে পার্ক নির্মাণ করা হইয়াছে; এবং

(গ) কোন্ পার্কের জন্য কত টাকা (১) মঞ্জুরী ছিল; এবং (২) ব্যয় হইয়াছে?

পৌর কার্য বিভাগের মন্ত্রিমহাশয়: (ক), (খ) ও (গ)—সি এম ডি এ-র দেওয়া টাকায় কলকাতা পৌরসভা নিম্নলিখিত পার্কগুলি তৈরী অথবা উন্নয়নের জন্য এক পরিকল্পনা গ্রহণ করেছেন। প্রয়োজনীয় ব্যয়-বরাদ্দও সি এম ডি এ অনুমোদন করেছেন।

পার্কের নাম		ব্যয় বরাদ্দ
(ক) নলিনীমোহন উদ্যান (টালা পার্কের উত্তর-পশ্চিমে)	...	০·৯৮ লক্ষ
(খ) নিউ নরদার্ন পার্ক (নিউ নর্দান পার্ক)	...	০·২৮ লক্ষ
(গ) বিশ্বনাথ কলোনীর পার্ক	...	০·১৮ লক্ষ
(ঘ) ৩১ ও ৩২নং পাইকপাড়া রো'র পার্ক	...	০·২০ লক্ষ

(ক)-এ বর্ণিত পার্কটির কাজ চলছে। কিছু বাকী আনুষঙ্গিক কাজ শেষ করে অবশিষ্ট পার্কগুলির কাজও শীঘ্রই আরম্ভ করা হবে।

বাঁকুড়া জেলায় জমি জরিপ

৬৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৬।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** ভূমি সম্ব্যবহার ও **সংস্কার বিভাগের** মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় কোন্ কোন্ ব্লকে বর্তমানে জমি জরিপের কাজ আরম্ভ হইয়াছে;

(খ) উক্ত কাজের জন্য কতজন নূতন লোক নিয়োগ করা হইয়াছে; এবং

(গ) জেলাওয়ারী জমি জরিপের জন্য কতজন নূতন লোক নিয়োগ করা হইয়াছে?

ভূমি সম্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নিম্নলিখিত ১১টি থানায় জমি জরিপের কাজ আরম্ভ হইয়াছে—

(১) গঙ্গাজলঘাটি, (২) বড়জোরা, (৩) সোনামুখী, (৪) পাত্রসায়ার, (৫) ইন্দাস, (৬) কোতলপুর, (৭) জয়পুর, (৮) বিষ্ণুপুর, (৯) ওন্দা, (১০) তালডাংরা এবং (১১) সিমলাপাল।

(খ) ১৩০ জন ক্যাম্পগার্ড এবং ১২৮ জন চেনম্যান নিয়োগ করা হইয়াছে।

(গ) বাঁকুড়া জেলা ছাড়া নিম্নলিখিত চারিটি জেলায় জমি জরিপের কাজ শুরু হইয়াছে এবং সেখানে নিম্নসংখ্যক নূতন লোক নিয়োগ করা হইয়াছেঃ—

জেলা	ক্যাম্পগার্ড	চেনম্যান
হুগলি	১২৮	৭৬
মুর্শিদাবাদ	১২৫	১১৬
দার্জিলিং	৬	৬
পশ্চিম দিনাজপুর	২৭	২৭
মোট	২৮৬	২২৫

পশ্চিমবঙ্গের কর্মসংস্থান কেন্দ্রগুলিতে রেজিস্ট্রিকৃত কর্মপ্রার্থী

৬৪১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪০।) **শ্রীইন্দ্রজিৎ মজুমদারঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২০এ মার্চ, ১৯৭২ হইতে ১৯এ মার্চ, ১৯৭৩ পর্যন্ত বিভিন্ন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ কত লোক নাম রেজিস্ট্রেশন করাইয়াছেন;

(খ) উক্ত সংখ্যা কোন্ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ কত; এবং

(গ) ইহারা কি স্থানীয় লোক না বিভিন্ন প্রদেশের?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১লা মার্চ, ১৯৭২ তারিখ হইতে ২৮এ ফেব্রুয়ারী, ১৯৭৩ তারিখ পর্যন্ত ৮,১৫,৬৯১ জন কর্মপ্রার্থী পশ্চিমবঙ্গের বিভিন্ন কর্মসংস্থান কেন্দ্রসমূহে নাম রেজিস্ট্রি করিয়াছেন।

(খ) বিভিন্ন কর্মসংস্থান কেন্দ্রে রেজিস্ট্রিকৃত কর্মপ্রার্থীর সংখ্যা নিম্নরূপঃ—

কর্মসংস্থান কেন্দ্রের নাম	রেজিস্ট্রিকৃত কর্মপ্রার্থীর সংখ্যা
(১) কলিকাতা	৭৬,৯৬৯
(২) খিদিরপুর	৫৬,৩১০
(৩) হাওড়া	৪৬,৯৩৯
(৪) ব্যারাকপুর	৩৭,২৬৬
(৫) আসানসোল	২০,৪২৫
(৬) দার্জিলিং	৮,৩৪৩
(৭) উত্তর কলিকাতা	২১,৪৪০
(৮) দুর্গাপুর	৫১,৮৬০
(৯) শ্রীরামপুর	২৭,৯৫৭
(১০) খড়্গপুর	৩৪,৭৫৯
(১১) বর্ধমান	৩৫,৭৭৭
(১২) দক্ষিণ কলিকাতা	১৮,৮৩৭
(১৩) শিলিগুড়ি	১১,৩০০
(১৪) পুরুলিয়া	২৮,২২৪
(১৫) কল্যাণী	৬০,৭৪০
(১৬) মালদা	১৯,২৫৪
(১৭) বহরমপুর	২২.১৬৫
(১৮) কুচবিহার	১৭,৬১৬
(১৯) সিউড়ি	২২,৭৩২
(২০) বাঁকুড়া	২৭,৮৩০
(২১) জলপাইগুড়ি	৯,৫১০
(২২) চুঁচুড়া	২৫,১২৯
(২৩) দমদম	৪৮,৩২৪
(২৪) পূর্ব কলিকাতা	২,৯৪৫
(২৫) রাণীগঞ্জ	১১,০৯১
(২৬) সীতারামপুর	১,৮৮০
(২৭) ফারাক্কা	১৪,৪১৫
(২৮) হলদিয়া	৩৩,৫০৬
(২৯) রায়গঞ্জ	১৪,৮৩৭
(৩০) প্রফেশন্যাল এক্জিকিউটিভ সেকশান ...	৫,৫৪১
(৩১) উলুবেড়িয়া	২৩
(৩২) ইউনিভার্সিটি এমপ্লয়মেন্ট ইনফরমেশন অ্যান্ড গাইডেন্স ব্যুরো, কলিকাতা ...	৪১২
(৩৩) ইউনিভার্সিটি এমপ্লয়মেন্ট ইনফরমেশন অ্যান্ড গাইডেন্স ব্যুরো, বর্ধমান ...	৪১২
(৩৪) ইউনিভার্সিটি এমপ্লয়মেন্ট ইনফরমেশন অ্যান্ড গাইডেন্স ব্যুরো, যাদবপুর ...	৩৩৯
(৩৫) বিকলাঙ্গ কর্মসংস্থান কেন্দ্র, কলিকাতা ...	৫৮৪

(গ) এইরূপ পরিসংখ্যান রাখা হয় না। তবে ধরা যাইতে পারে যে, ইহারা অধিকাংশই স্থানীয় লোক।

ভূষি উপদেষ্টা কমিটি

৬৪২। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৬৯।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** গত ১লা মার্চ ১৯৭৩, তারিখে প্রদত্ত তারকিত *২৭৬ নং (অনুমোদিত প্রশ্ন নং *২৯৪) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

(ক) উক্ত ভূষি উপদেষ্টা কমিটির সদস্যদের নাম ও যোগ্যতা কি কি; এবং

(খ) কমিটির কাজের পরিধি?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ভূষি উপদেষ্টা কমিটির সদস্যদের নাম নিম্নে দেওয়া হইলঃ—

চেয়ারম্যান

(১) ডাইরেক্টার অব ডিস্ট্রিক্ট ডিস্ট্রিবিউশন, প্রোকিওরমেন্ট অ্যান্ড সাপ্লাই, ফুড অ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্ট।

মেম্বার

(২) শ্রীসোমেন মিত্র, এম এল এ, ৪৫ আমহার্স্ট স্ট্রীট, কলিকাতা।

(৩) শ্রীএরসাদ খান, ৪২ ওয়েস্টার্ন স্ট্রীট, কলিকাতা-১৩।

(৪) শ্রীসুদীপ বন্দ্যোপাধ্যায়, ৭৭ আচার্য জগদীশচন্দ্র বোস রোড, কলিকাতা।

(৫) শ্রীগিয়াসুদ্দিন আহমেদ, এম এল এ, পোঃ চাপরা, জেলা নদিয়া।

(৬) শ্রীদেবপ্রসাদ রায়, ৭৭ আচার্য জগদীশচন্দ্র বোস রোড, কলিকাতা।

(৭) শ্রীশিবদাস মুখার্জি, এম এল এ, পোঃ কৃষ্ণনগর, জেলা নদিয়া।

(৮) শ্রীশিবু চৌধুরী, মিউনিসিপ্যাল কমিশনার, পোঃ কৃষ্ণনগর, জেলা নদিয়া।

(৯) শ্রীঅনিল গুহ নিয়োগী, প্রাক্তন এম এল এ, পোঃ এবং জেলা জলপাইগুড়ি।

(১০) শ্রীকমল লাহিড়ী, ৮ পি এন মিত্র স্ট্রীট, শ্রীরামপুর, হুগলী।

(১১) শ্রীসুধীর রায়, ৪৬ বাঞ্ছারাম অক্রুর লেন, কলিকাতা-১২।

(১২) শ্রীসঞ্জয় ঘোষ, ২৬বি চক্রবেড়িয়া রোড সাউথ, কলিকাতা।

(১৩) শ্রীপীযূষ বোস, পোঃ শিলিগুড়ি, জেলা দার্জিলিং।

(১৪) শ্রীস্বরাজবন্ধু ভট্টাচার্য, পোঃ রায়গঞ্জ, জেলা পশ্চিম দিনাজপুর।

(১৫) শ্রীঋষিপদ সরকার, গ্রাম ও পোঃ মদনপুর, জেলা নদিয়া।

(১৬) শ্রীআবদুল বারি বিশ্বাস, এম এল এ, গ্রাম উত্তর ঘোষপাড়া, পোঃ মুরাদপুর আর্জি, জেলা মুর্শিদাবাদ।

(১৭) শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়, এম এল এ, গ্রাম ও পোঃ মাকালপুর, জেলা হুগলী।

(১৮) শ্রীকাশীনাথ তা, এম এল এ, গ্রাম ও পোঃ মির্জাপুর, জেলা বর্ধমান।

(১৯) শ্রীকাজী আবদুল গফ্ফর, এম এল এ, গ্রাম রাজবেড়িয়া, পোঃ যদুরহাটি, জেলা ২৪-পরগনা।

(২০) শ্রীশম্ভুনারায়ণ গোস্বামী, এম এল এ, গ্রাম গোপীনাথপুর, পোঃ মাজদিহা (ওন্দা হইয়া), জেলা বাঁকুড়া।

মেম্বার সেক্রেটারী

(২১) শ্রী পি কে সেনগুপ্ত, ডাইরেক্টর অব এন সি ই সি।

সাধারণতঃ সরকার গঠিত কমিটিগুলিতে সরকারী এবং বে-সরকারী সদস্য থাকেন। সরকারী সদস্য নিয়োগের বিষয়ে সরকার যাঁহাদের যোগ্য বলিয়া বিবেচনা করেন তাঁহাদের সদস্য হিসাবে কমিটিতে স্থান দেন। যোগ্যতার কোন নির্দিষ্ট মাপকাঠি নাই।

(খ) সমগ্র পশ্চিমবঙ্গ।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: The Minister-in-charge of the Education Department will please make a statement on the subject of disturbances at the School Final Examination on the 3rd May, 1973, leading to police action—attention called by Shri Kashinath Misra, Shri Sarat Das, Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Md. Dedar Baksh, Shri Harendra Nath Halder and Dr. Ekramul Haque Biswas on the 4th May, 1973.

Shri Mrityunjoy Banerjee: Sir, on the 3rd May last (Thursday), a 'bundh' was declared in Sealdah station area. As a result there was a stoppage of public conveyance in the morning which continued till about 1 p.m. This caused great inconvenience to the examinees in the morning in reaching their centres of examinations in the areas which are two in number, (1) Udayanarayan Institution, 16 Gomes Lane, Calcutta-14, (2) Victoria Institution, 78 Acharya Prafulla Chandra Roy Road, Calcutta-19. Examination in English Second Language, Papers I and II, was fixed for this day. The authorities of the Board of Secondary Education, West Bengal, have informed us that they have received no reports so far that due to this 'bundh' the examinees could not actually reach the centres or failed to appear in the examination. They have, however, assured us that they would consider sympathetically such cases of absence, if any.

এই প্রসঙ্গে আরো দুটি কলিং অ্যাটেনশন নোটিস আমার অফিস পেয়েছে—সাত তারিখ বিকাল পাঁচটার সময়। নদীয়া, দার্জিলিং প্রভৃতি দূরবর্তী জেলা থেকে আমরা বিবরণী আনতে দিয়েছি। সেসব আসতে একটু দেরী হবে; তাই আজকে আর তার উত্তর দিতে পারছি না।

[1-30—1-40 p.m.]

Mr. Speaker: All right. I have received 14 notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Non-payment of salary to the teachers of the Damohani Kalijore H. S. School—from Shri Aswini Roy, Shri Harasankar Bhattacharyya and Shri Niranjan Dihidar;

(2) Disruption in supply of electricity in West Bengal — from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay, Shri Adya Charan Dutta and Shri Gautam Chakraborty;

(3) Leakage of boiler-tube at D.V.C. Thermal Plant—from Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Adya Charan Dutta, Shri Md. Safiullah, and Shri Gautam Chakraborty;

(4) Acute scarcity of drinking water in Asansol—from Shri Sukumar Bandyopadhyay;

(5) Distribution of foodgrains through M.R. shops at Jalangi—from Shri Abdul Bari Biswas;

(6) Distribution of seized Dal and Mustard seed through fair price shops in West Bengal—from Shri Kashinath Misra;

(7) Attack of Hydrophobia in parts of South 24-Parganas district—from Shri Gautam Chakraborty, Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Adya Charan Dutta and Shri Sukumar Bandyopadhyay;

(8) Deadlock in Hosiery industry due to want of thread—from Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra, Shri Md. Safiullah, Shri Abdul Bari Biswas, Shri Adya Charan Dutta and Shri Gautam Chakraborty;

(9) Disruption in train service due to power failure—from Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas, and Shri Adya Charan Dutta;

(10) Non-availability of doctors in Sodepur Subsidiary Health Centre—from Shri Subrata Mukherjee;

(11) Piling of iron filings and stone chips in rice supplied through ration—from Shri Mohammad Dedar Baksh, Dr. Ekramul Haque Biswas, and Shri Adya Charan Dutta;

(12) Cut in ration of rice due to shortage of central supply—from Dr. Ekramul Haque Biswas, Shri Mohammad Dedar Baksh, and Shri Adya Charan Dutta;

(13) Murder of a person at the Howrah Railway Station on Monday last—from Shri Adya Charan Dutta, Shri Mohammad Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas; and

(14) Lock out in Nadia Textile Mills Ltd. of Ranaghat without prior notice by the management—from Shri Naresh Chandra Chaki.

I have selected the notice of Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra, Shri Md. Safiullah, Shri Abdul Bari Biswas, Shri Adya Charan Dutta and Shri Gautam Chakraborty on the subject of deadlock in Hosiery industry due to want of thread.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpal: To-morrow, Sir.

Mention Cases

Mr. Speaker: Today I have received 30 notices under rule 351 from the honourable Members. I request all the Members to be as brief as possible. I shall try to accommodate all the Members if the Members also do co-operate with me. I now call upon Shrimati Geeta Mukhopadhyaya.

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জয় ইঞ্জিনীয়ারিং ওয়ার্কস লিমিটেডের ফ্যান এবং সেলাই কল কারখানা দুটোতে প্রায় সাড়ে পাঁচ হাজার শ্রমিক তারা ৫ সপ্তাহের উপর আজ বেকার। সেখানে লক আউট ঘোষণা করা হয়েছে। আমাদের শ্রমমন্ত্রী মহাশয় এ বিষয়ে ওদের বলেছিলেন, কিন্তু ওদের মালিক লালা চরৎরাম, তারা আদৌ কিছু মানতে চান না। এবং এমন কি শ্রমমন্ত্রী মহাশয় যা বলেছিলেন শ্রমিকরা তা মেনে নিলেও অন্য দিকে ঐ একচেটিয়া পুঁজিপতি লালা চরৎরাম তা মানতে অস্বীকার করেছেন। ফলে এক বিরাট সমস্যা দেখা দিয়েছে। শ্রমিকদের সঙ্গে দেখা করার যে কথা ছিল তাও করেন নি। অনেক বেশী মুনাফা তারা এ থেকে করছেন। অথচ নানা কারণ এবং অজুহাত দেখিয়ে তারা এই কারখানা বন্ধ রাখবার চেষ্টা করছেন। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় এ বিষয়ে একটা আশ্বাস দিয়েছিলেন জয় ইঞ্জিনীয়ারিং-এর শ্রমিকদের বিষয়ে তিনি চেষ্টা চরিত্র করবেন। কিন্তু সেদিক দিয়েও দীর্ঘদিন হয়ে গেল,

কোন কিছু হয় নি, ফলে অবস্থা খুবই জটিল। লালা চরৎরাম আজ এই অবস্থা সৃষ্টি করেছেন। আমি আপনার মাধ্যমে আবার মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাদের একটা কিছু ব্যবস্থা করেন, যাতে ঐ লালা চরৎরামের মত লোক যদি এইরকম কাজ করতে থাকে, তা হলে জয়া কারখানাকে সরকার পক্ষ থেকে গ্রহণ করা হোক এবং শ্রমিকদের দুরবস্থা থেকে মুক্ত করা হোক।

শ্রীশঙ্করদাস পাল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। সম্প্রতি কয়েকদিন আগে বহরমপুর সেন্ট্রাল জেলে আমি একটা সভায় যোগদান করতে গিয়েছিলাম। এই সভায় সরকার পক্ষ বেসরকারী পক্ষ এবং জেল পরিদর্শক উপস্থিত ছিলেন। আমরা এই সভায় নানা বিষয় নিয়ে আলোচনা করি। কিন্তু একটা গুরুত্বপূর্ণ বিষয় আমার দৃষ্টি আকর্ষণ করে, সেটা হল বিদ্যুৎ সংকটের ফলে জল সরবরাহে বিপর্যয়—এর ফলে জেলখানায় আনুমানিক ১,৩০৫ জন কয়েদী আছে সব মিলিয়ে, এদের এই বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হবার ফলে যে জল সরবরাহ করা হত সেই জল বন্ধ হয়ে গেছে, এই বিপর্যয়ের ফলে সেখানে জলের কোন ব্যবস্থা নেই। জলের ব্যবস্থা করতে সেখানে খুব কষ্ট করতে হচ্ছে। তাই আপনার মাধ্যমে জেল বিভাগের মাননীয় মন্ত্রীর কাছে পরিষ্কার প্রস্তাব রাখতে চাই যে, শুধু বহরমপুর জেলেই নয়, পশ্চিমবাংলার সমস্ত জেলে যাতে ডিজেল চালিত জেনারেটর, শুধু জেলখানায় নয়, হাসপাতালেও এই অবস্থা চলেছে—সেই জন্য আমি প্রস্তাব রাখছি জেলখানা এবং হাসপাতালে বিদ্যুৎ চালিত জেনারেটর বসিয়ে এই জলসংকটের দূরীকরণের ব্যবস্থা করা হোক।

এখন আমাদের বিদ্যুৎ সংকট জাতীয় সংকটে পরিণত হয়েছে। সরকার এই জাতীয় সংকট দূর করবার জন্য চেষ্টা করছেন। কিন্তু আমি পরিষ্কারভাবে প্রস্তাব রাখতে চাই কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রী আছেন তাঁদের কাছে যেন হাসপাতালগুলোতে ডিজেল চালিত জেনারেটার রাখা হয় এবং কয়েদীদের যেন এইভাবে রাখা না হয়। বিভিন্ন সেন্ট্রাল জেলের কয়েদীদের দ্বারা নানারকম জিনিস যেমন মশারী, ছাতা ইত্যাদি অনেক জিনিস হয়ে থাকে। এই সমস্ত জিনিস তৈয়ারি করে যে সমস্ত কয়েদীরা তাদের পারিশ্রমিক দেওয়ার ব্যবস্থা কারা বিভাগের আইনে আছে। কিন্তু দুঃখের বিষয় জেলের তৈরি এই সমস্ত জিনিস বিক্রির সুনির্দিষ্ট এবং সুসংবদ্ধ ব্যবস্থা নেই। আমি জেনেছি বহুদিন পূর্বে পুলিস বিভাগ থেকে কিছু জিনিস নেওয়া হয়েছিল। কিন্তু তারপর থেকে তা বন্ধ। তাই আপনার মারফত কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়কে বলছি বিশেষ করে স্বাস্থ্য বিভাগ এবং পুলিস বিভাগ যাতে জেলের তৈরি মশারী এবং অন্যান্য জিনিসপত্র কেনে তার জন্য দরকার হলে সরকারী নিয়মবিধি পরিবর্তন করতে। এইসব জিনিস যাতে স্বাস্থ্য বিভাগ এবং পুলিস বিভাগ নেয় আমি তার জন্য অনুরোধ করছি।

[1-40—1-50 p.m.]

শ্রীগোবিন্দ চ্যাটার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের গ্রামবাংলায় এবং কলোনী এলাকায় এবং তার সঙ্গে সঙ্গে মফস্বল মিউনিসিপ্যাল এলাকাতেও যে প্রচণ্ড দুঃসহ জলকষ্ট চলেছে সে বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। তিরিশ দশকে মিস রথবন্স, বৃটিশ এম পি-কে লেখা রবীন্দ্রনাথের চিঠির কথা মনে পড়ছে। তিনি বলেছিলেন গ্রামবাংলায় স্কুল থেকে টিউবওয়েলের অভাবই বেশি। আজকে স্বাধীনতার ২৫ বছর পরেও সে অভাব দূর হয় নি। আমার নিজের এলাকা, কনস্টিটুয়েন্সীতে মাইলের পর মাইল ঘুরে দেখেছি টিউবওয়েলের অভাব। পানীয় জল দেখতে পাই নি এবং পাশের গ্রামগুলোর অবস্থাও একই। এছাড়া এমন গ্রামের পর গ্রাম রয়েছে যেখানে সমস্ত টিউবওয়েল বিকল হয়ে গিয়েছে, একটা টিউবওয়েলেও জল পাওয়া যাচ্ছে না। সম্প্রতি নাকি ব্লক ডেভালপমেন্ট অফিসারকে ফান্ড অ্যালট করা হয়েছে এর মধ্যে ২৫ পার্সেন্ট টিউবওয়েল মেরামত-এর ব্যবস্থা করার জন্য। কিন্তু এর মধ্যে অধিকাংশই রিসিংকের অযোগ্য। এইভাবে গ্রামবাংলার মানুষের

জলকষ্ট দূর হবে না। আমার এলাকার যেটা প্রধানত সি এম ডি এ এলাকার মধ্যেও, জানি না সি এম ডি এ দু হাজার সালে ভগীরথের মতো জলের ব্যবস্থা করবেন গঙ্গাকে খুঁড়ে আনবেন, কিন্তু সেই সি এম ডি এ এলাকাতেও ব্যবস্থা হচ্ছে না। এছাড়া, মফঃস্বলের মিউনিসিপ্যাল এলাকাতেও জলকষ্ট প্রচণ্ড হয়ে উঠেছে। আমরা দেখেছি সাম্প্রতিক কালে বোলপুর পৌরসভার চেয়ারম্যান এবং কয়েকজন কমিশনার সংশ্লিষ্ট দপ্তরে বার বার চিঠি লিখেও কোন সাড়া না পেয়ে পদত্যাগপত্র পাঠিয়েছেন। ওয়ার্লড হেলথ অর্গানাইজেশান বলেছেন যেটা স্বাস্থ্যমন্ত্রী এই সভাতে বলেছেন যে, এই বছর এখানে কলেরা এপিডেমিক দেখা দেবে। কাজেই এর যদি ব্যবস্থা না হয়, তা হলে যে দুঃসহ অবস্থার মধ্যে চলেছে সেটা আমরা এই শীতাতপনিয়ন্ত্রিত কক্ষে বসে অনুভব করতে পারছি না।

শ্রীগৌতম চক্রবর্তী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই দেশে বহু দানশীল ব্যক্তি ছিলেন যাঁরা কেউ স্কুল করে গেছেন, কেউ কলেজ করে গেছেন আবার কেউ সেবা প্রতিষ্ঠান করে গেছেন। এইরকম একটা সেবা প্রতিষ্ঠান হচ্ছে লোহিয়া মেটারনিটি হসপিট্যাল। সে সম্বন্ধে আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। এই লোহিয়া মাতৃসদনটি আজ থেকে বেশ কিছুদিন আগে তৈরি হয় এবং এই হাসপাতালে যাতে এই বাংলাদেশের মেয়েদের ভালভাবে চিকিৎসা হয় তার ব্যবস্থা ছিল। যখন প্রথম শুরু করা হয়, তখন সেখানে রোগী থাকতো ২০০। আজ দুঃখের বিষয় যে, সেখানে যে ট্রাস্টির যে সমস্ত মেম্বার আছেন, তারা এই মাতৃ সেবাসদনটিকে সেবা প্রতিষ্ঠান হিসাবে না রেখে কিভাবে মানুষের কাছ থেকে টাকা স্কুইজ করা যায় তার ব্যবস্থা করেছেন। এ সম্বন্ধে স্টাফরা প্রতিবাদ করলে তাদের নানারকম গালি-গালাজ করা হয়, সাসপেন্ড করার ভয় দেখানো হয়, চাকুরি থেকে বরখাস্ত করার ভয় দেখানো হয়। এই ব্যাপারে এখানে স্বাস্থ্যমন্ত্রী উপস্থিত আছেন, আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। যখন সেখানে ২০০ রোগী থাকতো, তখন সেখানকার পরিচালন ব্যবস্থা অনেক সুন্দর ছিল। কিন্তু আজ পরিচালন ব্যবস্থা এমন অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে যে, সেখানে ২০০ জনের জায়গায় ৬০।৬৫ জনকেও চিকিৎসার জন্য ভর্তি করা যায় না। সেখানে কতিপয় ডাক্তার এমন আছেন যে, হাসপাতালের ঔষধ বাইরে পাচার করে দেয়। এ ব্যাপারে সিস্টাররা বা স্টাফরা কিছু বললে তাদের চাকুরি যাবার ভয় দেখানো হয়। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন, আমি তাঁকে অনুরোধ করছি যে, তিনি দয়া করে এই লোহিয়া মেটারনিটি হাসপাতাল-এর বিরুদ্ধে স্টেপ নিন। আজকে অত্যন্ত দুঃখের বিষয় যে, স্টাফরা অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করলে ট্রাস্টির মেম্বাররা ক্লোজার বলে ঐ হাসপাতালটিকে ঘোষণা করেছেন যা গত ৩ তারিখের স্টেটসম্যান পত্রিকায় আছে। তাই আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে, অবিলম্বে যাতে এই মেটারনিটি হাসপাতালটির ক্লোজার বন্ধ হয় এবং অবিলম্বে খোলা হয় তার জন্য সরকার সব রকম ব্যবস্থা অবলম্বন করে আবার যাতে সত্যিকারের সুন্দর সেবা প্রতিষ্ঠান করা যায় তার ব্যবস্থা যেন তিনি করেন এই আবেদন আমি জানাচ্ছি।

শ্রী[illegible]কুমার পাঁজা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই লোহিয়া মাতৃ সেবাসদনটি একটি বেসরকারী প্রতিষ্ঠান। এর উপর সরকারের সরাসরি কোন কন্ট্রোল নেই। প্রথম যখন আমি জানতে পারলাম কাগজের মাধ্যমে এবং এমপ্লয়ীজ রিপ্রেজেনটেসনের মারফত যে, হাসপাতালটিতে নানারকম দুর্নীতি চলছে এবং হাসপাতালটিকে বন্ধ করে দেবার নোটিস দেওয়া হয়েছে তখন আমি আজকে সকালে ম্যানেজমেন্ট ও এমপ্লয়ী রিপ্রেজেনটেটিভদের সঙ্গে বসি এবং ঠিক করা হয়েছে—একটা অ্যারেঞ্জমেন্ট করা হয়েছে যে, এই হাসপাতালটিকে যেন ম্যানেজমেন্ট চালু রাখেন এবং রিকোয়েস্ট করা হয়েছে যে, ২০এ এপ্রিল পর্যন্ত যে স্ট্যাটাসকো ছিল সেই স্ট্যাটাসকো যেন মেন্টেন করেন। এবং এই ব্যাপারে আমাদের ডেপুটি ডিরেকটার অ্যাডমিনিস্ট্রেসন ডাঃ দাসগুপ্তকে দায়িত্ব দেওয়া হয়েছে—তিনি ঐ হাসপাতালে যাবেন এবং এই মাতৃ সেবাসদনটিতে যাতে অন্তত ৫০টি বেড হতে পারে তার জন্য গভর্নমেন্ট সি এম ডি এ মারফত চেষ্টা করবেন। এঁদের আগামী ২৫এ মে তারিখে রিপোর্ট দেবার কথা। রিপোর্ট পেলে পর আমি তার জন্য চেষ্টা করবো।

আমি এই কথা বলতে পারি বর্তমানে যদিও সরকারের সরাসরি কিছু করবার নাই, তবুও ঐ হাসপাতালে বর্তমানে যে সমস্ত রোগী আছেন তাদের যাতে কোন ক্ষতি না হয় তার ব্যবস্থা করা হয়েছে।

শ্রীলক্ষ্মীকান্ত বসু: স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা পুলিসের ডিটেকটিভ ডিপার্টমেন্টের দু জন অফিসার একজন হলেন রুনু গুহ নিয়োগী, আর একজন হলেন মিঃ লাহিড়ী—তাঁরা কোন কোন ব্যক্তি বিশেষের প্রতি এমন সব আচরণ করছেন যাতে ডিটেকটিভ ডিপার্টমেন্ট এমন অচল অবস্থায় এসেছে যে, কলকাতার জনজীবন বিপর্যস্ত হতে বসেছে। সম্প্রতি ১ তারিখে গুখলী নামে এক গুন্ডাকে গ্রেপ্তার করে চীফ প্রেসিডেন্সী ম্যাজিস্ট্রেটের কোর্টে হাজির করা হয়। তার দু দিন পরেই তাকে ম্যাজিস্ট্রেট বেল দিতে বাধ্য হন এবং সেই বেল দিতে গিয়ে তিনি যে মন্তব্য করেছেন সেটা আমি এখানে পড়ে শুনাচ্ছি—

> "Granting to bail prayer of the accused of the two cases, the C.P.M. observed that investigating officer of the 2 cases recommended for the jail custody of the accused, when the accused was produced after his arrest. But now I.O. said that till now no sufficient material could be collected against him. It was not known if under same influence of the I.O. after stifling the prosecution against the F.I.R. named accused........."

[1-50—2-00 p.m.]

এটা স্যার, ভাববার বিষয় যে, ম্যাজিস্ট্রেট বলছেন সাম ইনফ্লুয়েন্সের দ্বারা পুলিস জেল কাস্টোডিতে প্রে করেছিল প্রথম দিন, আর দ্বিতীয় দিনে পুলিস বলছে এর বিরুদ্ধে কোন এভিডেন্স পাওয়া যাচ্ছে না, একে বেল দেওয়া হল ম্যাজিস্ট্রেট যেখানে অ্যাডভার্স ওপিনিয়ান এগেনস্ট দি আই ও করলেন। এই সম্পর্কে আমি আমাদের স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, এই অ্যাডভার্স ওপিনিয়নের পরে স্বরাষ্ট্র দপ্তর থেকে আই ও সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা? আমি অত্যন্ত বিচলিত কলকাতা শহরে জনজীবনকে পুলিসের একাংশের সহায়তায় কিছু কিছু সমাজবিরোধী নষ্ট করতে চলেছে এবং এই যদি চলতে থাকে—এই ধরনের ম্যাজিস্ট্রেট-এর অ্যাডভার্স ওপিনিয়ন আদালত কর্তৃক প্রদত্ত হওয়া সত্ত্বেও তাদের বিরুদ্ধে সেই রকম ধরনের কোন ব্যবস্থা যদি না নেওয়া হয়, তা হলে কলকাতায় আমরা যারা রয়েছি, পশ্চিমবাংলার মানুষের রাজধানী এই কলকাতা অচিরেই ভেংগে পড়বে। বিশেষ করে ডিটেকটিভ ডিপার্টমেন্টের ২ জন অফিসারের সক্রিয় সহযোগিতায় এই জিনিস যদি ঘটতে থাকে, তা হলে অবিলম্বে সেটা বন্ধ করা সম্পর্কে মাননীয় পুলিস মন্ত্রীর কাছ থেকে আমি বিবৃতি দাবি করছি এবং হাউসকে অ্যাসিওর করতে বলছি যে, যথাযোগ্য অ্যাডমিনিস্ট্রেসন চলছে, নতুবা অ্যাডমিনিস্ট্রেসনের পক্ষে ম্যাজিস্ট্রেটের এই মন্তব্য ক্ষতিকারক এবং কলঙ্কজনক বলে আমি মনে করি।

শ্রীসুব্রত মুখার্জি (কাটোয়া)**:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য শ্রীলক্ষ্মীকান্ত বসু যে বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এবং সে বিষয়ে একটা তদন্ত করার জন্য আপনি নির্দেশ দেবেন।

Mr. Speaker: Please take your seat. I have not allowed you to speak.

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জি: স্যার, দিনের পর দিন ল অ্যান্ড অর্ডার সিচুয়েসন ডিটরিয়েট করছে। তারপরে পুলিস অফিসার আলাদাভাবে ধরে নিয়ে যায়—সেখানে কমেন্ট করেছেন—মন্তব্য বলেছেন আগের দিন জেল কাস্টোডি থেকে পুলিস প্রে করেছে—স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার, এ সম্বন্ধে আমরা একটা তদন্তের দাবি জানাচ্ছি।

Mr. Speaker: Mr. Banerjee, I think Mr. Lakshmi Kanta Bose is competent enough to draw, and has ably drawn the attention of the House and of the Ministers.

শ্রীরবীন্দ্র ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া মহকুমা হসপিট্যালের দুরবস্থার কথা ১৯৭২ সালে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা গঠিত হবার পর থেকে বারে বারে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে জানিয়েছি। বর্তমানে এই হসপিট্যালটি শ্মশানে পরিণত হয়েছে। সেখানে কোন ওষুধপত্র নেই। অনেক কলেরা রোগী সেখানে এখন আসছে এবং সেখানে ফিনাইল, স্যালাইন, ব্লিচিং পাউডার নেই। গত ৫ই মে, ১৯৭৩ তারিখে সেখানে ২ জন বিনা চিকিৎসায় মারা গেছে। একজনের নাম হচ্ছে বিনু খাঁ, গাববেড়িয়ার অন্তর্গত পাঁচলা থানার অধিবাসী এবং অপর জন হল মায়া মাইতি উলুবেড়িয়া থানার লোক। ঐ হাসপাতালটি স্টেশন রোডের কাছেই অবস্থিত। হাসপাতালের সামনে দিয়ে প্রচুর লোক যাতায়াত করে। হাসপাতালটির সামনে এমন পরিবেশ সৃষ্টি হয়েছে যে, সেখান দিয়ে মানুষ যেতে ভয় পাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ হাসপাতালের বারান্দায় রোগী পড়ে আছে। সেখানে কোন মশারী নেই, ওষুধ নেই। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং গোবিন্দবাবু দুবার সেখানে গিয়ে সরেজমীনে তদন্ত করে দেখে এসেছেন। সেই হসপিট্যালের ডাক্তার, নার্সরা বলছেন, আমরা এখান থেকে পালিয়ে যাব। কেন না, মেডিসিন নেই, কোন খাবার নেই। এই অবস্থায় সেখানে কলেরা রোগী আসছে আর মারা যাচ্ছে। স্যালাইনের দারুন অভাব রয়েছে। সেই হসপিটালের নীচে ঘর রয়েছে সেখানে বেডের ব্যবস্থা করা যেতে পারে। সেখানে ব্লিচিং পাউডারের ব্যবস্থা যদি না করা যায়, তা হলে কলেরা রোগ আরো ছড়িয়ে পড়তে পারে। তাই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো, আপনি ঐ হাসপাতালে সরেজমীনে তদন্ত করে ওষুধ, খাবার, ইত্যাদির ব্যবস্থা করে বর্তমানে এই পরিস্থিতির হাত থেকে রোগীদের বাঁচান।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এটা আমাদের খাদ্য এবং সরবরাহ মন্ত্রিমহাশয়ের বিভাগ। বর্তমানে জিনিসপত্রের দাম দারুনভাবে বেড়ে যাচ্ছে। এই এডিবেল অয়েল গত ৭ দিনে কলকাতার বাজারে ১৫ থেকে ২০ ভাগ বেড়ে গেছে। যেখানে ৫·৬০ সরষের তেলের দাম ছিল সেটা এখন ৬·৩০ হয়েছে, গ্রাউন্ড নাট অয়েল যেখানে ৮·০০ ছিল সেখানে ৮·৫০ হয়েছে, নারকেল তেল যেখানে ৪·৫০ ছিল এখন সেখানে ৬·৩০ হয়ে গেছে। কেরোসিন আজকে গ্রামাঞ্চলে দেড় টাকা লিটার বিক্রি হচ্ছে। যার দাম কলকাতায় ৬০ পয়সা এবং হুগলী, হাওড়ায় যেখানে ৬০ পয়সা। সবজী, তাও দ্বিগুণ দাম বেড়ে গেছে। সবচেয়ে যেটা মারাত্মক ব্যাপার সেটা হচ্ছে সরষের তেল। এই সরষের তেলের ব্যাপারে জানাতে চাই, যেখানে সরষে তৈরি হয়, যেমন রাজস্থান প্রভৃতি জায়গায়, সেখানে এবারে সরষের বাম্পার ক্রপ হয়েছে। এই বাম্পার ক্রপ হওয়া সত্ত্বেও আজকে পশ্চিমবাংলার সরষে পাওয়া যাচ্ছে না। তার কারণ হচ্ছে খাদ্যশস্যের পাইকারী ব্যবসা সরকার নিয়ে নেবার পরে পশ্চিম-বাংলায় যে কালো টাকা রয়েছে তা দিয়ে সরষের কেনাবেচা শুরু হয়ে গেছে। সেই জন্য আমি খাদ্য দপ্তরের মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ রাখছি যে, তিনি যেন কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই বিষয়ে একটা পত্রালাপ করেন যাতে সেই সব রাজ্যের কাছ থেকে পশ্চিমবঙ্গ সরকার নির্দিষ্ট দামে সরাসরি সরষে পায়।

শ্রীগণেশচন্দ্র হাতুইঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আরামবাগ নেতাজী কলেজে দেয় সরকারী টাকা তছরুপের বিষয় মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৯৬০ সালে ইউ জি সি ও রাজ্য সরকার ঐ কলেজের নতুন বিজ্ঞান ভবন, পাঠাগার ও লেবোরে-টারীর উন্নতির জন্য প্রথম কিস্তিতে ১ লক্ষ ৪৬ হাজার টাকা অনুদান হিসাবে মঞ্জুর করেছিলেন। দুর্ভাগ্যের বিষয় ঐ কলেজের কর্তৃপক্ষ এই অনুদানের একটা বৃহৎ অংশ তছরুপ করেন। রাজ্য সরকারের শিক্ষা বিভাগের পক্ষ থেকে অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসারের নেতৃত্বে একটা স্পেশাল অডিট টিম যায়, এবং তার তদন্তে প্রকাশ যে, ঐ কলেজের কর্তৃপক্ষ প্রায় ৭৭ হাজার টাকার কোন হিসাব আজ পর্যন্ত দাখিল করতে পারে নি। সুতরাং তদন্ত সাপেক্ষে ইউ জি সি ও রাজ্য-সরকার ঐ কলেজের প্রাপ্য বাকি টাকা অনুদান হিসাবে মঞ্জুর স্থগিত রাখেন। তার ফলে ঐ কলেজের বিজ্ঞান ভবনটি আজও অসমাপ্ত অবস্থায় পড়ে আছে। এর ফলে ঐ কলেজের ছাত্র-ছাত্রীদের পড়াশুনা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। ঐ ভবনটির অভাবে বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীরা প্র্যাকটিক্যাল ক্লাস ঠিকমত করতে পারছে না। বিধানসভায় প্রশ্নোত্তরের সময় মাননীয়

শিক্ষামন্ত্রী আমাদের আশ্বাস দিয়েছিলেন ঐ কলেজের দুর্নীতির বিষয় উপযুক্ত তদন্ত করার জন্য ঐ কলেজের অ্যাডমিনিস্ট্রেটার এস ডি ও-কে নির্দেশ পাঠাবেন। অত্যন্ত দুঃখের কথা, অত্যন্ত ক্ষোভের কথা যে, আজ পর্যন্ত মাননীয় শিক্ষামন্ত্রী ঐ কলেজের দুর্নীতির ব্যাপারে তদন্তের জন্য কোন নির্দেশ ঐ কলেজের অ্যাডমিনিস্ট্রেটার-এর নিকট পাঠান নি। তাই আবার আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দাবি করছি যে, ঐ কলেজের ছাত্রছাত্রীদের পড়াশুনা যাতে ব্যাহত না হয় তার জন্য অসমাপ্ত বিজ্ঞান ভবনটিকে সমাপ্ত করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রীকৃষ্ণপদ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল পশ্চিমবাংলা এবং ভারতবর্ষের অনেক জায়গায় ২৫এ বৈশাখ রবীন্দ্রনাথের জন্মোৎসব পালন করা হচ্ছে, এখন কবি পক্ষ চলছে পশ্চিমবাংলায়। পশ্চিমবঙ্গ সরকারের রবীন্দ্র সদন বলে একটা প্রতিষ্ঠান আছে। যে রবীন্দ্র সদনের অন্তরালে হয়তো বা রবীন্দ্র নিধনের কিছু ষড়যন্ত্র এবং চক্রান্ত চলেছে বলে আমি মনে করি। রবীন্দ্রনাথকে আমরা সত্য এবং সুন্দরের পুজারী বলে মনে করে এসেছি। এই রবীন্দ্র সদনের যিনি অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনি নিজেকে বাঘিনী বলে পরিচয় দেন রবীন্দ্র সদনের যারা কর্মচারী আছেন। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় কি এই বাঘিনীকে রবীন্দ্র সদনে পুষবেন? এই অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসারের কয়েকটি কাজের নজির আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা-মন্ত্রীর কাছে পৌঁছে দিচ্ছি। আমরা জানি ওখানে গত কয়েক মাসের মধ্যে কিছু কিছু নতুন কর্মী নিয়োগ করা হয়েছে। এই বিধানসভায় যখন আমরা চাকরির কথা চিৎকার করে বলেছি, তখন নতুন কর্মী নিয়োগের ঘটনাকে আমি অন্যায় বা আপত্তিকর বলে মনে করি না। যেখানে দেখুন রবীন্দ্র সদনের সৃষ্টির পর থেকে যে কর্মচারীরা কাজ করছেন ক্যাজুয়াল লেবার হিসাবে, তারা বি কম, বি এ পাশ, তারা টর্চের আলো দেখিয়ে দর্শকদের বসবার স্থানে পৌঁছে দেন। সেই কর্মীরা যোগ্যতা থাকা সত্ত্বেও যেখানে তাদের প্রমোশন হয় না, যেখানে নুতন অন্যান্য কর্মী বাইরে

[2-00—2-10 p.m.]

থেকে নিয়োগ হয়ে যায়, হয়তো সহজ পথে সেইগুলো হয় নি। এর চেয়েও অনেক গুরুতর অভিযোগের কথা আমরা শুনেছি যে, রবীন্দ্র সদনের সাজসজ্জা এবং ফুল সরবরাহ যিনি করেন, তিনি সেটা বিনা টেন্ডারে করেন এবং তিনি শুধু রবীন্দ্রসদনেই করেন না, সেই সঙ্গে অ্যাড-মিনিস্ট্রেটিভ অফিসারের বাড়িতেও করেন। এই বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রী খবর নেবেন এবং আর একটি গুরুত্বপূর্ণ কথা এই সম্বন্ধে বলে আমি আমার বক্তব্য শেষ করতে চাই, সেটা হচ্ছে যে, এখানে সাংস্কৃতিক পরিষদ বলে একটা প্রতিষ্ঠান আছে, যারা কয়েক মাস ধরে বিশেষ করে আগামী দু-এক মাস পর্যন্ত প্রতিটি শনি এবং রবিবার রবীন্দ্র সদনের হল বুক করে রেখেছেন তারা স্পেশাল কনসেসনও পাচ্ছেন। আমরা জেনেছি যে এই প্রতিষ্ঠানের যিনি সম্পাদিকা, তিনি রবীন্দ্র সদনের অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার এবং তার স্বামী এই সাংস্কৃতিক পরিষদের সভাপতি। আরো জানা গিয়েছে যে, তিনি সরকারী অর্থের অপচয় ঘটাচ্ছেন এবং তিনি অহেতুক ট্যাক্সি ভাড়ার বিল করেন। তিনি রবীন্দ্র সদনের রেকর্ড প্লেয়ার নিজের বাড়িতে বাজান। আমরা যদি আজকে একটা কমিশনের মাধ্যমে তদন্ত দাবি করি রবীন্দ্র আদর্শকে বাঁচাবার জন্য, তা হলে মাননীয় মন্ত্রী-মহাশয় সেটা মানবেন কিনা এবং রবীন্দ্র সদন সম্বন্ধে বক্তব্য আমাদের সামনে উপস্থিত করবেন কিনা জানাবেন।

শ্রীবলাইলাল শেঠঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে পশ্চিমবাংলার গ্রাম এবং শহর এলাকার বিদ্যুৎ সম্বন্ধে সরকার আমাদের অত্যন্ত হতাশ করে দিয়েছেন। আমরা শুনেছি যে, আমাদের সরকারের পক্ষ থেকে ১০ হাজার গ্রামে বিদ্যুৎ পৌঁছিয়ে দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে, আমাদের এই পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরের জন্য বিভিন্ন উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে, কিন্তু আশ্চর্যের বিষয় যে, আমরা জানতে পারি না আমাদের নিজেদের গ্রামে কোন্ কোন্ এলাকা বৈদ্যুতীকরণ হবে বা শহরের কোন্ কোন্ অংশ

বৈদ্যুতীকরণ হবে। এই বিষয়টায় আমলাদের প্রভাবটা সম্পূর্ণরূপে রয়ে গিয়েছে। তারা বেছে বেছে কয়েকটি বড়লোকের বাড়িতে বিদ্যুৎ পৌঁছিয়ে দিয়ে বলছে, গ্রামকে বৈদ্যুতীকরণ করে দিচ্ছি। আমি তাই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে, যেমন বিভিন্ন দপ্তরের কাছে উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে, সেইরূপ বিদ্যুৎ পর্ষদের বৈদ্যুতীকরণের কাজে যদি উপদেষ্টা কমিটি গঠন করা হয় এবং সেই উপদেষ্টা কমিটি কোন্ কোন্ গ্রামে বিদ্যুৎ যাবে সেটা দেখেন, তা হলে কাজটা অনেক ভাল হবে। আজকে দুঃখের বিষয় যে, আমাদের কোন্ গ্রামে বিদ্যুৎ যাবে না যাবে সেটা আমাদের বিধানসভায় প্রশ্ন করে জেনে নিতে হয়, কারণ অফিসে গিয়ে সেটা আমরা জানতে পারি না। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় অথচ এর জন্য কোন অ্যাডভাইসারী কমিটি নেই, যার ফলে আমলাদের দাপট চলছে এবং সিটু নামে এক শ্রেণীর লোকের জন্য গ্রামবাংলার কৃষক এবং সাধারণ মানুষ কোনরকম বিদ্যুৎ পাচ্ছে না। তাই অবিলম্বে যাতে বৈদ্যুতিকরণের ব্যাপারে উপ-দেষ্টা কমিটি গঠন করা হয়, এই দাবি আমি মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি।

শ্রীসুব্রত মুখার্জি (কাটোয়া)ঃ স্যার, আপনার মাধ্যমে এই বিধানসভায় একথা জানাতে চাই যে, পশ্চিমবাংলার হোসিয়ারী শিল্পের উপর একটা সর্বনাশা চক্রান্ত শুরু হয়েছে এবং এই চক্রান্তের বলি হতে যাচ্ছেন হোসিয়ারী শিল্পের যেটা মূল অংশ— অর্থাৎ যারা থান বোনে, যারা মূল উৎপাদক তারাই এই চক্রান্তের বলি হতে যাচ্ছেন। এই শিল্প দুইটা ভাগে বিভক্ত। একটা ভাগ হচ্ছে যারা থান বোনে, আর একটা যারা থান থেকে বিভিন্ন জিনিস তৈরি করেন এবং বাজারে বিক্রি করে। দ্বিতীয় অংশটাকে পুরোপুরিভাবে কিছু কালোবাজারী ও মুনাফাখোরীরা নিয়ন্ত্রণ করে। প্রথম যে অংশ যারা থান বোনে তারা বিভিন্নভাবে কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে তদ্বির করে তাঁতীদের হয়ে তদারকী করে কেন্দ্রীয় সরকারকে রাজী করান ন্যায্য মূল্যে সুতো দিতে হবে। সেই সুতো কেন্দ্র থেকে আমাদের মন্ত্রীর চেষ্টায় পশ্চিমবাংলায় এসেছে। সুতরাং একটা চক্রান্ত শেষ হয়েছে ঠিক। কিন্তু সেই সুতোটা যারা মূল অংশ, মূল উৎপাদক তাদের হাতে না পড়ে যারা কাটিং সেকসন, তাদের হাতে তুলে দেবার জন্য একটা চক্রান্ত চলছে। এই সুতো যদি কাটিং সেকসন-এর হাতে চলে যায়, তা হলে যারা মূল উৎপাদক, যারা থান বোনে, যাদের সুতো ছাড়া এক মুহূর্ত চলতে পারে না, সেই মূল উৎপাদকের উপরে এরা চাপ সৃষ্টি করতে পারবে। সারা ভারতবর্ষে পশ্চিমবঙ্গই হোসিয়ারী শিল্পের চাহিদা মেটাত। আজ মহারাষ্ট্র এই শিল্পে দ্রুত গতিতে এগুচ্ছে। সেখানকার সরকার এই শিল্পকে মদৎ দিচ্ছে। পশ্চিমবাংলা সরকার যদি এ কাজ না করেন, তা হলে নূতনভাবে একটা দুর্গতি দেখা দেবে। তাই আপনার মাধ্যমে আমি এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীরজনীকান্ত দলুইঃ স্যার, বিধানসভার বর্তমান অধিবেশন শেষ হতে চলেছে এবং আমরা প্রত্যেকে আমাদের নির্বাচন কেন্দ্রে ফিরে যাব। আমরা এখানে অনেক আইন, বাজেট পাশ করলাম। কিন্তু গ্রামের সাধারণ মানুষের কাছে একটা যে প্রশ্ন দেখা দিয়েছে তা হচ্ছে অত্যাবশ্যকীয় পণ্য-সামগ্রীর দাম এত বেড়ে যাচ্ছে কেন এবং এর উত্তর তাদের আমরা কি দেব তা বুঝতে পারছি না। আপনি জানেন কেরোসিন তেলের লিটার যেখানে ৭০ পয়সা ছিল, সেটা ১·৫০ দরে বিক্রি হচ্ছে, সরষের তেল ৫·৭০-এর জায়গায় ৭·০০ কেজি, নারিকেল তেল ৯·০০ টাকার জায়গায় ১১·৫০ কেজি, লবণ ২০ পয়সার জায়গায় ২৬ পয়সা কেজি, হলুদ ৩·৫০-এর জায়গায় ৬·০০ কেজি, পোস্ত ৩·৫০-এর জায়গায় ৬·৫০ কেজি, জিরা ৪·০০ জায়গায় ৭·০০ কেজি, লঙ্কা ৪·০০ জায়গায় ৬·০০ কেজি এবং সাধারণ তাতবস্ত্র ৮ টাকার জায়গায় ১২ টাকা ইত্যাদি। এই যে অত্যাবশ্যকীয় পণ্যদ্রব্যের দাম বৃদ্ধি পাচ্ছে এর প্রতিকারের জন্য বারবার মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করেছি। এই মূল্য বৃদ্ধি যদি না রোধ করতে পারা যায়, তা হলে পশ্চিমবাংলার জনসাধারণের আস্থা আমাদের প্রতি আর থাকবে না এটা চিন্তা করতে হবে। তাই বলছি মন্ত্রিসভা যদি অবিলম্বে এই প্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ না করতে পারেন, তা হলে জনসাধারণের আশা আমরা পূরণ করতে পারব না এবং তারাও আর আমাদের সঙ্গে থাকবে না—এই বিশ্বাস আছে। সেজন্য মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি অত্যাবশ্যকীয় জিনিসের দাম যেন অবিলম্বে রোধ করা হয় এবং জনসাধারণের স্বার্থ রক্ষা করার জন্য যেন মন্ত্রিসভা সচেষ্ট হন।

শ্রীঅসমঞ্জ দেঃ স্যার, আমরা গতকাল পশ্চিমবাংলা তথা ভারতবর্ষের সর্বত্র বিশ্বকবি রবীন্দ্রনাথের জন্মদিবস পালন করেছি। কবির প্রতি শ্রদ্ধা জানিয়ে বাংলাভাষার প্রতি মর্যাদা দেবার শপথ আমরা গ্রহণ করেছি। বেশ কয়েক বছর আগে পশ্চিমবাংলা সরকার বাংলা ভাষাকে রাজ্য ভাষা হিসাবে স্বীকৃতি দিয়েছিলেন। নির্বাচনের প্রাক্কালে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার পক্ষ থেকে বাংলাভাষাকে সম্মানসূচক অবস্থায় আনার জন্য আমরা প্রতিজ্ঞাবন্ধ হয়েছিলাম। কিন্তু আজ বাংলাদেশে বাংলাভাষার হাল কি সে সম্পর্কে আমি কিছু বলতে চাই।

[2-10—2-20 p.m.]

খাস রাজধানী কলকাতার বুকে উর্দুর মাধ্যমে যে শিক্ষা দেওয়া হয় এবং যেসব ছাত্রের প্রধান ভাষা উর্দু অথচ ইংরাজীর মাধ্যমে শিক্ষা গ্রহণ করে তাদের জন্য স্কুল পাঠ্যতালিকার নিয়ম করে বাংলাভাষা শিক্ষাকে বন্ধ করে দেওয়া হয়েছে। আমি যেমন একটা কলকাতার স্কুলের উদাহরণ দিচ্ছি—কলকাতার সেন্ট অ্যান্থনি হায়ার সেকেন্ডারী স্কুল, এই স্কুলে সুকৌশলে বাংলাভাষা শিক্ষাকে বন্ধ করে দেওয়া হয়েছে। শুধু তাই নয়, কলকাতায় অনেকগুলি মিশনারী স্কুল আছে, যেখানে অন্তত ৬৫ পার্সেন্ট ছাত্রছাত্রী বাঙ্গালী, এই স্কুলগুলিতে বাংলাভাষার পাঠ্যসূচিকে দুটি ভাগে বিভক্ত করে পড়ান হয়ে থাকে। এ ক্যাটিগোরি অর্থাৎ হায়ার বেঙ্গলী, বি ক্যাটিগোরী অর্থাৎ লোয়ার বেঙ্গলী। সরকারী রুলস হচ্ছে যাদের মাতৃভাষা বাংলা, তাদের 'এ' ক্যাটিগোরী নিতে হবে, কিন্তু একেবারে বিশেষ বিশেষ ক্ষেত্রে ব্যক্তিক্রম ছাড়া বাস্তবে স্ট্যাটিসটিক্স নিয়ে আমরা দেখেছি এইসব স্কুলের ছাত্রছাত্রীদের মধ্যে ৭৫ পার্সেন্টের ক্ষেত্রে এ ক্যাটিগোরী না পড়িয়ে বি ক্যাটিগোরী পড়ান হচ্ছে। তাছাড়া দৈনন্দিন জীবনের ক্ষেত্রে যেগুলি সাধারণ মানুষের সর্বাধিক প্রয়োজন, যেমন গ্রামের মানুষের ক্ষেত্রে কোর্ট ফিজ আজ পর্যন্ত বাংলা ভাষায় লেখা হয় নি। গ্রামের মানুষের জন্য ওয়েস্ট বেঙ্গল স্ট্যান্ডার্ড অব ওয়েটস অ্যান্ড মেজার্স অ্যাক্ট অনুযায়ী ওজন, দাঁড়ি, বাটকারা বাংলায় করা হয় নি। আমরা দেখতে পাচ্ছি কলকাতার বুকের ভেতর যে রেশন কার্ড সেটা পর্যন্ত বাংলাভাষায় লেখা হয় নি। আমরা দেখতে পাচ্ছি কলকাতার বুকে ট্রাম-বাসের গন্তব্য স্থান বাংলায় লেখা হয় নি। আমরা দেখতে পাচ্ছি কলকাতার বুকে ট্রামের গুমটি অঞ্চলে ড্রাইভারদের প্রতি যে নির্দেশিত সাইনবোর্ড আছে সেটা বাংলাভাষায় লেখা হয় নি। আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলায় ১৯৬৪ সালে যে ভাষা কমিশান গঠিত হয়েছিল তার দুরবস্থার কথা খবরের কাগজে বার বার লেখা হয়েছে, বিধানসভায় প্রতিটি সদস্য আমরা বার বার বলেছি, অথচ আজ পর্যন্ত সেই লেজিসলেটিভ ল্যাঙ্গোয়েজ কমিশান একটা ভাল বই বাংলাভাষায় অনুবাদ করে প্রকাশ করতে পারেন নি। বিশ্ববিদ্যালয়, উচ্চ শিক্ষার স্তরে নীতিগত ভাবে পশ্চিমবঙ্গ সরকার বাংলাভাষাকে স্বীকার করে নিয়েছেন, কিন্তু অত্যন্ত দুঃখ এবং ক্ষোভের কথা আজ পর্যন্ত একটা বই অনুবাদ করা সম্ভবপর হয় নি, যার ফলে সরকারী নীতি কার্যকর করা সম্ভবপর হয় নি। আমার প্রশ্ন কয়েক বছর আগে রাজ্যভাষা হিসাবে যে স্বীকৃতি দেওয়া হয়েছে, আমরা রবীন্দ্র জয়ন্তী পালন করে পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী থেকে শুরু করে সর্বত্র আমরা বাংলাভাষার মর্যাদা প্রতিষ্ঠার শপথ গ্রহণ করেছি, কিন্তু এই শপথ আর কতদিন চলবে? অবিলম্বে এর প্রতিবিধান চাই। এর সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন ক'রে যে নীতি সরকার জনসমক্ষে ঘোষণা করেছেন সেই নীতিকে বাস্তবে কার্যকর করে বাংলাভাষাকে তার মর্যাদায় প্রতিষ্ঠিত করুন এটাই হচ্ছে আমার দাবি।

ডাঃ শৈলেন্দ্র চট্টোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক দুর্নীতির কেন্দ্র খাদ্য দপ্তরকে ঘিরে নতুন একটা দুর্নীতি চক্র গড়ে উঠেছে, তার প্রতি আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কয়েক দিন আগে আমার কেন্দ্রের ছেলেরা অতিরিক্ত চড়া দামে ভূষি বিক্রির অপরাধে প্রায় ১৫০ বস্তা ভূষি আটক করে পুলিসের হাতে তুলে দেয়। সেই সম্পর্কে অনুসন্ধান করে আমরা জানতে পারি যে, খাদ্য দপ্তর কয়েকজন ভূষি ডিস্ট্রিবিউটরকে স্লিপ দিয়েছেন। কিন্তু এই হাজার হাজার বস্তা ভূষির ডিস্ট্রিবিউসান স্লিপ যেসব লোককে দেওয়া হয় তারা আদপে সেই মাল অধিকাংশ ক্ষেত্রে তুলে না, সেই মালটা চলে যায় পোস্তা, বড়বাজার অঞ্চলের অসাধু ব্যবসায়ীদের হাতে যাদের বিরুদ্ধে আমরা বারে বারে এই হাউসে সোচ্চার হয়ে উঠেছি, যাদের বিরুদ্ধে

আমরা জেহাদ ঘোষণা করেছি। আমাদের সমস্ত হুংকারকে পরম অবজ্ঞা করে, তারা আমাদের সমস্ত শুভ প্রচেষ্টাকে বানচাল করে তাদের লাভের আর লোভের সাম্রাজ্য গড়ে তুলেছে এবং তাদের এই লোভের জন্য আজ য ভুষি ১৪ টাকা বস্তা বিক্রি হওয়া উচিত সেই ভুষি আমাদের গ্রামের মানুষকে ৪০ টাকা বস্তা কিনতে হচ্ছে। তাই আমি খাদ্যমন্ত্রী অভিজ্ঞ এবং বিচক্ষণ লোক, তাঁর কাছে অনুরোধ জানাব তিনি যেন এই চক্রান্তের উপর চরম আঘাত হেনে সুষ্ঠু বণ্টনের ব্যবস্থা করেন।

শ্রীশিশিরকুমার ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, গত অক্টোবর, ১৯৭০ সাল থেকে ব্রিটানিয়া ইঞ্জিনীয়ারিং কারখানা বন্ধ হয়ে আছে। ব্রিটানিয়া ইঞ্জিনীয়ারিং কারখানায় ১,৮৮৫ জন শ্রমিক কাজ করতেন, ১৯৭০ সাল থেকে ১৯৭৩ সালের মে মাস পর্যন্ত তারা সকলে বেকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় এই বিষয়ে বার বার আলোচিত হয়েছে, কেবল বিধানসভায় আশ্বাস দিয়েছেন তা নয়, বাইরে মাননীয় মুখ্যমন্ত্রী প্রাক্ নির্বাচনের সময় এবং নির্বাচনের পরে এই ব্রিটানিয়ার ওয়ারকারদের এই ব্রিটানিয়া কারখানা খোলার আশ্বাস দিয়েছেন। ব্রিটানিয়া কারখানা খোলার ব্যাপারে মার্চ মাসে আমার প্রশ্ন ছিল, তখন বলেছিলেন মার্চ মাসের মধ্যে ব্রিটানিয় কারখানা খোলার জন্য চেষ্টা করা হবে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের কথা তারপর তিনটি মিটিং হয়ে যাবার পরও ব্রিটানিয়া কারখানা খুলল না, ওয়ারকাররা হতাশায় ভেঙ্গে পড়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্রিটানিয়া কারখানা না খোলার একমাত্র কারণ দাঁড়িয়েছে মাননীয় শ্রমমন্ত্রীর অসুস্থতা। কিন্তু মাননীয় শ্রমমন্ত্রীর অবর্তমানে যদি ব্রিটানিয়া কারখানা বন্ধ থাকে, যদি মাননীয় মুখ্যমন্ত্রী নিজে হস্তক্ষেপ করে খোলার বন্দোবস্ত না করেন, তা হলে ব্রিটানিয়া কারখানার শ্রমিকরা যে দুর্দশার মধ্যে পড়েছে তাতে আগামী দিনে তাদের অনেককে মৃত্যুমুখে পতিত হতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৫ তারিখে আমি যখন এই অ্যাসেম্বলী থেকে বাড়ি গেলাম তখন দেখলাম একটি ১২ বছরের মেয়ে আমার বাড়ির সামনে দাঁড়িয়ে আছে। আমি তাকে জিজ্ঞাসা করলাম, কেন দাঁড়িয়ে আছ, সে বললে, মা আমাকে আপনার কাছে জানতে পাঠিয়েছেন ব্রিটানিয়া কারখানা খুলবে কি? আমি বললাম, তোমার বাবাকে জিজ্ঞাসা করলে না কেন? সে বলল, মা বাবার কথায় বিশ্বাস করে না, কারণ, বাবা একবার বলে মার্চ মাসে, একবার বলে এপ্রিল মাসের ৫ তারিখে খুলবে, একবার বলে, মে মাসে খুলবে, একবার বলে, মন্ত্রী অসুস্থ। সেজন্য মা বাবার কথা বিশ্বাস করে না। আপনি বলুন ব্রিটানিয়া কারখানা খুলবে কিনা? মাননীয় অধ্যক্ষ মহাশয়, কি লজ্জার কথা যে, একজন বাবা তার কন্যা, স্ত্রী, পরিবারের কাছে তার বিশ্বাস হারিয়েছে। ব্রিটানিয়া কারখানা খোলার প্রতিশ্রুতি বার বার ভঙ্গ করা হচ্ছে। তাই আপনার মাধ্যমে আমার অনুরোধ, যদি মাননীয় শ্রমমন্ত্রী এই বিষয়ে অবিলম্বে হস্তক্ষেপ না করেন, তা হলে মুখ্যমন্ত্রী হস্তক্ষেপ করুন যাতে অবিলম্বে ব্রিটানিয়া কারখানা খোলে। আমরা জানি ব্রিটানিয়া কারখানা খোলার ব্যাপারে এখন দুটো মাত্র অন্তরায় এসে দাঁড়িয়েছে। ব্রিটানিয়া কারখানার মালিক যে বাজোরিয়া সে স্টেট গভর্নমেন্টের কাছ থেকে লোন নিয়েছিল এবং আই এফ সি-র কাছ থেকে লোন নিয়েছিল সেই লোন-এর সিকিউরিটি কে নেবে? এই দুটো মাত্র প্রশ্নের জন্য ব্রিটানিয়া কারখানা বন্ধ হয়ে আছে। জেসপ কোম্পানীর মিঃ সাহানী তিনি ব্রিটানিয়ার অন্যান্য শ্রমিক কর্মচারীদের সঙ্গে, ইউনিয়নের সঙ্গে সমস্ত বিষয় মিটিয়ে ফেলতে পেরেছেন, কিন্তু এই দুটো বিষয় যদি না মেটে, এই সম্বন্ধে যদি সিদ্ধান্ত না নেওয়া যায়, তা হলে মুশকিল আছে।

আমাদের শ্রমমন্ত্রী অসুস্থ এবং রাইটার্স বিল্ডিংস থেকে বলা হচ্ছে দিল্লী থেকে ফয়সালা হয়ে আসুক, তারপর কারখানা খোলা হতে পারে। আমার বক্তব্য হচ্ছে অবিলম্বে এই ব্রিটানিয়া কারখানা খোলার জন্য যথাযথ ব্যবস্থা অবলম্বন করুন। স্টেট ব্যাঙ্ক এবং আই এফ সি বলছে, আমরা যে লোন দিয়েছি তার সিকিউরিটি কে নেবে? এই কারণে এখনও পর্যন্ত সাহানী ফ্যাক্টরিটি কিনতে পারছে না। বাজোরিয়া ব্রিটানিয়া কোম্পানীর সমস্ত কাজকর্ম পশ্চিমবাংলা থেকে সরিয়ে নিয়েছে এবং মোকামাতে কারখানা খুলেছে। কাজেই আমি অনুরোধ জানাচ্ছি বাজোরিয়াকে আপনারা বাধ্য করুন ব্রিটানিয়া কারখানা খোলার জন্য।

শ্রীকাশীনাথ মিশ্র: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় হাউসের কাছে রাখছি এবং সেটা হচ্ছে সারা পশ্চিমবাংলায় আজকে চাল এবং নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম অগ্নিমূল্য হয়েছে। জিনিসপত্রের দাম অগ্নিমূল্য হবার জন্য আজকে সাধারণ মানুষ থেকে আরম্ভ করে সারা পশ্চিমবাংলার দরিদ্র মানুষ এবং শতকরা ৭০ ভাগের বেশী যে কৃষিজীবী মানুষ আছে তারা আজকে সকলেই একটা বিপদের মধ্যে পড়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি শুধু চাল নয়, ডাল, কেরোসিন তেল, সরষের তেল এবং অন্যান্য যেসমস্ত প্রয়োজনীয় দ্রব্য আছে তার দর এত বেড়েছে যে, মানুষ সেগুলো কিনতে পারছে না। অন্যদিকে দেখছি আমাদের রেশনে যে চাল দেওয়া হচ্ছে তার মধ্যে অত্যন্ত খারাপ এবং দুর্গন্ধযুক্ত চাল বেরুচ্ছে। আজকে বাজারে চাল পাওয়া যাচ্ছে না। আমরা গতকাল রেডিওতে শুনেছি গম ২ লক্ষ টন পাব। কিন্তু আমাদের যে ৬৫ হাজার টন চাল বরাদ্দ আছে সেটা যাতে পাওয়া যায় সেই দাবি আমি হাউসের কাছে রাখছি। মাননীয় স্পীকার মহাশয়, জিনিসপত্রের দাম যে বাড়ছে সে সম্বন্ধে আপনি সেন্স অব দি হাউস নিন এবং এই ব্যাপারে একটা স্টেটমেন্ট দেওয়াবার ব্যবস্থা করুন।

[2-20—2-30 p.m.]

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত: মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি সরকারের একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি যে সম্বন্ধে আমার পূর্ববর্তী বক্তারা বলেছেন। নির্বাচনের সময়ে যে প্রতিশ্রুতি আমরা জনগণকে দিয়েছিলাম, আজকে মনে হচ্ছে নির্বাচনের পরে আমরা সুখেই আছি। আমরা যখন ঠাণ্ডা ঘরে উঠাবসা করছি, তখন সেই প্রতিশ্রুতির কথা আমরা ভুলে গেছি। আমরা খুব গর্বের সঙ্গে অনুভব করি যে, গমের ব্যবসা যেটা সরকার হাতে তুলে নিয়েছেন এবং অসাধু ব্যবসায়ীদের এই ব্যবসা করতে দেওয়া হচ্ছে না, কিন্তু এই অসাধু ব্যবসায়ীরা আমাদের দেশে চুপ করে বসে নেই। তারা তাদের প্রতিহিংসা চরিতার্থ করবার জন্য এই সরকারের ভাবমূর্তি নষ্ট করবার জন্য একটা বিরাট চক্রান্ত সৃষ্টি করেছে। আজকে সোসালিজমের স শুনলে আজকে সাধারণ মানুষ যে ধরনের দ্রব্যমূল্য ঘটেছে তাতে তারা আঁতকে উঠেছে, ভয়ে তারা সিঁটকে উঠেছে। বোধ হয় দুইবেলা দু মুঠো অন্ন তারা পায় না। এই যে গমের ব্যবসা যেটা জাতীয়করণের পূর্বে আগে গমের দাম ছিল ১৬৫ টাকা কুইন্টাল, আর আজকে গমের ব্যবসা জাতীয়করণের পর তার দাম হচ্ছে ১৯০ টাকা পার কুইন্টাল। গম ছিল আগে ১৮৫ টাকা পার কুইন্টাল, আজকে সেখানে ২১৫ টাকা পার কুইন্টাল, সরিষার তেল পার টিন যেখানে ৯০ টাকা, আজকে হয়েছে ১০৪ টাকা টিন প্রতি। চাল বেড়েছে ২০ পার্সেন্ট, পোস্ত ৩৫০ টাকা কুইন্টাল ছিল, তার থেকে হয়েছে ৫২৫ টাকা, সাগু ১৫০ টাকা কুইন্টাল এখানে বেড়েছে ২৫০ টাকা, হলুদ বেড়েছে ২০০ টাকা থেকে ৪৫০ টাকা, ডালদা ৬·৭৫ টাকা কেজি ছিল সেটা হয়েছে ৮ টাকা করে কেজি, কয়লা ৮৫০ টাকা থেকে ১,২০০ টাকা কুইন্টাল, আলু ৮০ থেকে আজকে হয়েছে ১০০ পার কুইন্টাল, প্রতি জোড়া কাপড়ের দাম বেড়েছে ৪ টাকা, হারিকেনের দাম ছিল ৪·৫০, গম ব্যবসা জাতীয়করণের পর এর দাম হয়েছে ৮ টাকা, ছাতা যেখানে ছিল ৫ টাকা আজকে হয়েছে ১৬ টাকা— আজকে কি অবস্থা হয়েছে? সাইকেলের টায়ার যার দাম ছিল ৮ টাকা, এখন হয়েছে ১২ টাকা। সেটা হয়েছে এই জন্য যে, একটা টাইম ফ্যাকটর হঠাৎ যেদিন গমের ব্যবসা হাতে নিলেন ভারতবর্ষের এবং বাংলাদেশের অসাধু ব্যবসায়ী যারা আছেন জনসাধারণকে শোষণ করে তাদের মুনাফার অংককে বাড়িয়ে তোলবার চেষ্টা করছেন। আজকে যদি সরকার নীরব দর্শক হয়ে থাকেন পশ্চিমবাংলার সাধারণ মানুষ পশ্চিম-বাংলার ইতিহাস তাদের ক্ষমা করবে না। আজকে প্রশাসনের উপর সাধারণ মানুষের আস্থা নাই, ভরসা নাই, এই অবস্থায় যদি অবিলম্বে বিহিত না করা হয়, তা হলে আমার মনে হয় সোসালিজমের কথা বলা নিরর্থক। আমাদের মুখে অন্তত এই কথা বলা শোভা পায় না। এটা যেন সরকারের মনে থাকে যে, এই ইলেকসন শেষ নয়।

শ্রীমহম্মদ সফিউল্লা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বেদনাদায়ক ঘটনার প্রতি আপনার মাধ্যমে ভূমি ও ভূমিরাজস্ব এবং ভূমি সদ্ব্যবহার দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ

করছি। আমরা এই সভায় আইন করলাম যে, বর্গাদারদের স্বার্থ রক্ষা করব এবং তাদের স্বার্থ রক্ষা করবার জন্য আমরা আইনও প্রণয়ন করেছিলাম এবং আমাদের প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার অন্যতম শরিকের শ্রদ্ধেয় নেতা বিশ্বনাথবাবু এই বিষয়ের উল্লেখ করেছেন। এবং আমাদের মাননীয় সদস্যরাও এই বিষয়ে এই সভায় বারবার উল্লেখ করেছেন। আমি একটা স্পেসিফিক ঘটনার কথা আপনার মাধ্যমে এই সভায় উল্লেখ করছি। গত রবিবার কুমীরমোড়া গ্রামে আমারই কেন্দ্রের অন্তর্ভুক্ত একজন দরিদ্র চাষী যিনি ১ একর ৫৬ শতক জমি চাষ করেছিলেন এবং তিনি দীর্ঘদিন ধরে চাষ করে আসছিলেন। হঠাৎ গত রবিবার ৫।৭ জন লোক লাঙ্গল নিয়ে সেই চাষজমি ভেঙ্গে দেন। বর্গাদার সঙ্গে সঙ্গে থানায় যায়, কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় থানার অফিসার ৪ ঘণ্টা বাদে আসে, তখন কেল্লা ফতে। সমস্ত পাট ভেঙ্গে নষ্ট করে দিয়েছেন। আমি এই ঘটনা শুনে বর্গাদারদের স্বার্থ রক্ষা করবার জন্য আমার প্রতিনিধি জে এল আর ও অফিসে তার নাম রেকর্ডভুক্ত করবার জন্য দাবি জানাই, কিন্তু এক অজ্ঞাত কারণে জে এল আর ও তার নাম রেকর্ড করেন নি। বর্গাদার গত ৬ই ফেব্রুয়ারি তারিখে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে একটা আবেদন করেছিলেন এবং মাননীয় মন্ত্রিমহাশয় এস এল আর ও-কে সেটা পাঠিয়ে দেন এবং গত ২০এ মার্চ তারিখে সেই এস এল আর ও অনুসন্ধানও করেছিলেন, কিন্তু অতীব আশ্চর্যের কথা তৎসত্ত্বেও সুপরিকল্পিতভাবে বর্গাদার উচ্ছেদ হয় এবং শ্রীরামপুরে গত ৩০এ এপ্রিল, ১৯৭৩ তারিখে মারপিট করার অভিযোগ করে জোতদার তার নামে মামলা রজু করে দেয়। বর্গাদার প্রাণভয়ে আমার কর্মীর বাড়িতে আশ্রয় নেয় এবং এখনও জোতদার তাকে সায়েস্তা করবার জন্য শাঁসাচ্ছে। এই ঘটনা সম্বন্ধে যাতে অতি সত্বর মন্ত্রিমহাশয় কঠোর ব্যবস্থা অবলম্বন করেন তার জন্য আপনার মাধ্যমে আমি অনুরোধ করছি।

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় স্পীকার মহাশয়, একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে মাননীয় কৃষি, সেচ, সরবরাহ মন্ত্রী ও স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে, আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি, ১৯৭১ সালে সেখানে প্রবল গঙ্গার ভাঙ্গনের ফলে সেই গ্রামটা ধ্বংস হয়ে যায়—মেহেরপুর গ্রাম। সেখানকার লোকেরা খিদিরপুর বলে একটা গ্রামের মাঠের উপর বাড়িঘর তৈরি করে। সেখানে পানীয় জলের কোন ব্যবস্থা ছিল না, যার জন্য মাননীয় মন্ত্রী আবদুস সাত্তার সাহেবের দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং তিনি অবিলম্বে সেখানে জরুরী ব্যবস্থা হিসাবে দুটি টিউব ওয়েল পাঠিয়েছিলেন এই কলকাতা থেকে এবং ২৪ ঘণ্টার মার্জিনে এই টিউব ওয়েল দুটি বসান হয়েছিল। কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, আমি বাড়ি গিয়ে জানতে পারলাম সেখানে ব্লক কংগ্রেসের সেক্রেটারী রুহুল কুদ্দুস এবং ব্লক কংগ্রেসের একজন সদস্য তোজাম্মেল হক যে দিন টিউব ওয়েল বসবে তার পূর্বের দিন রাত্রিবেলায় গিয়ে বলছে যে, আমরা আগামী কাল টিউব ওয়েল বসিয়ে দিচ্ছি মন্ত্রী সাহেবের জন্য টিউব ওয়েল প্রতি ১০০ টাকা করে দিতে হবে। একথা আমার অত্যন্ত খারাপ লেগেছিল, কারণ যে কথা তারা বক্তব্যে রেখেছিল তা ঠিক নয়, মন্ত্রিমহাশয় কোন টাকা চান নি, সেকথা আমি জানি, কিন্তু তার প্রতিবাদস্বরূপ আমি মাননীয় সাত্তার সাহেবকে জানিয়েছিলাম যে, আপনার নামে কলঙ্ক লেপন করে তারা ঘুষ নিয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আবদুস সাত্তার সাহেব আমার কাছে লিখিতভাবে দিতে বলেছিলেন, তাই আমি লিখে দিয়েছিলাম। এখন যে পরিস্থিতি হয়েছে, আমার কাছে চিঠি এসে পৌঁছেছে যে, সমস্ত লোকদের কাছ থেকে টাকা নিয়েছে, তাদের টাকা এখন তারা ফেরত দিতে চায়, কিন্তু তাতেও কোন কাজ হয় নি। এস পি-র উপর তিনি এনকোয়ারির ভার দিয়েছেন। তারপর তাদের নানাপ্রকার প্রলোভন দেখান হয় এবং তারপর তাদের মারধরের ভয় দেখায় এবং কতকগুলি পাঁইয়া লোককে নিয়ে গিয়ে তাদের বাড়িতে হামলা করে। শেষ পর্যন্ত বলছে যে বর্তমান সরকার তাদের হাতে এবং যদি তোমরা সাক্ষী দাও, তা হলে যেকোন কেসে তোমাদের ফাঁসিয়ে দেবো। এবং আমার ভ্রাতুষ্পুত্র শাজাহানকে ঔরাঙ্গাবাদ বাজারের মধ্যে ধরে নানারকম গালিগালাজ করেছে। আজকে আমার বাড়ি থেকে লোক এসে পৌঁছেছে এবং বলছে যে আপনি বাড়ি যাবেন না, গেলে পর ঔরাঙ্গাবাদ বাজারে আপনাকে অপমান করবে। মাননীয় স্পীকার, স্যার, আমি চেয়েছিলাম যে, মন্ত্রিমহাশয়ের বিরুদ্ধে যে কালি লেপন করেছিল তার প্রতিবাদ জানিয়েছিলাম। মন্ত্রিমহাশয় টাকা চান নি, তিনি দয়া পরবশ হয়ে সেখানে টিউব ওয়েল

পাঠিয়েছিলেন, এটা অত্যন্ত প্রশংসনীয় ব্যাপার। কিন্তু তাঁর নামে সেই কালি লেপনের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে গিয়ে তাঁর এই ব্লক কংগ্রেস সেক্রেটারী যে ব্যবস্থা নিয়েছে আমি তার বিরুদ্ধে মন্ত্রিমহাশয়ের কাছে তার বিহিত ব্যবস্থা অবলম্বনের জন্য দৃষ্টি আকর্ষণ করছি। স্পীকার, স্যার, আমি এই বিধানসভার সদস্য এবং আমি এই তিন মাস পর বাড়ি যাচ্ছি, আমার ক্ষতিসাধন করবে জানি, কারণ ঔরাঙ্গাবাদ একটি হুলিগ্যানদের জায়গা, সেখানে হুলিগ্যানস্ আছে, হতে পারি আমি বামপন্থী, হতে পারে কংগ্রেস দলীয় সরকার, কিন্তু অন্যায়কে সমর্থন করতে পারি নি, পারবো না। এর প্রতিবাদস্বরূপ আমি দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্পীকার, স্যার, আপনি এই হাউসের মালিক, আপনার কাছে আমি প্রটেকশন চাচ্ছি এবং আমি মাননীয় মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি এস পি-কে এনকোয়ারির ভার দিলেন, কিন্তু আমি গোপনে এনকোয়ারি করতে বলেছিলাম, তবুও এটা ফাঁস হল কি করে। তিনি এস পি-কে অবিলম্বে জানান যে, এইরকম সব অত্যাচার হচ্ছে তার প্রটেকশন দিন। এই কথা বলেই, মাননীয় স্পীকার, স্যার, আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপংকজকুমার ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে এই হাউসে একটি ঘটনার উল্লেখ করেছিলাম যে, জয় ইঞ্জিনীয়ারিং কারখানায় শ্রমিকদের উপর পুলিস লাঠি চার্জ করছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই ঘটনার তদারক করবেন বলে আমাকে প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং সেইমত একটা ট্রাইব্যুনালের ব্যবস্থা করেছিলেন। দুঃখের কথা, যখন নিগোসিয়েশন চলছে লেবার কমিশনারের ঘরে, যখন কনসিলিয়েশন চলছে, তখন কারখানার মালিক দুম করে কারখানা লক আউট করে দিলো। তারপর এক মাস চলে গিয়েছে, বারে বারে আবেদন করা হয়েছে, নিবেদন করা হয়েছে, সরকারের কাছে আমরা বারবার ছুটে গিয়েছি। সেখানকার সেই কর্মচ্যুত সাত হাজার মানুষ আজকে রাস্তায় এসে বসে আছে, অথচ বুঝতে পারছি না সেই কারখানার মালিক লালা চরকরামের এমন কি ক্ষমতা হল যে, সরকারের কনসিলিয়েশন টেবিলে না এসে দিল্লীতে সরকারের প্রতিনিধিকে ডেকে পাঠাচ্ছেন। এটা আজকে পরিষ্কার আমরা বার বার বলেছি যে, আজকে পুঁজিবাদীদের বিরুদ্ধে সংগ্রাম করবো, বার বার বলেছি আমাদের সরকার সে বিষয়ে মানুষের সামনে গিয়ে দাঁড়াবে।

[2-30—2-40 p.m.]

অথচ কার্যকালে দেখা যাচ্ছে, সেই আলাপ-আলোচনা নিষ্ফল হয়েছে। উপরন্তু মালিক পক্ষ এতদূরে এগিয়ে গেছে যে, সরকার ডাকালেও, কনসিলিয়েশন টেবিলে আহ্বান করলেও তাতে সাড়া দেবার প্রয়োজন বোধ করছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনা, তার কারণ সমগ্র দক্ষিণ কলিকাতায় সাত হাজার বেকার মানুষ আজকে জ্বালা হাড়ে হাড়ে অনুভব করছে। আজকে এক একজন মানুষ পিছু ৫ জন করে যদি পোষ্য ধরি, তা হলে ৩৫ হাজার মানুষ আজকে নূতন করে কাজ হারাচ্ছেন, কেন না তাদের কর্মপন্থা স্তব্ধ করে দেওয়া হয়েছে। আমি আপনার মাধ্যমে তাই মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আবার বলতে চাই যে, তিনি এই হাউসে কথা দিয়েছিলেন যে, তিনি নিজে ব্যক্তিগতভাবে মালিকদের সংগে কথা বলে কারখানা খোলার ব্যবস্থা করবেন, এই প্রতিশ্রুতি তিনি দিয়েছিলেন। কিন্তু আজকে দেড় মাস চলে গেল, এ সম্বন্ধে কোন কার্যই দেখতে পেলাম না। এমন কি মালিক পক্ষকে ডেকে শ্রমিক প্রতিনিধিদের সংগে বৈঠক করিয়ে দবার তিনি ব্যবস্থা গ্রহণ করলেন না। তা হলে কি ধরে নেব যে, এই সরকার মালিক পক্ষের কাছে মাথা নত করে বসে আছেন, তা না হলে বার বার এটা বলা সত্ত্বেও মালিক পক্ষ কেন সরকারের কথা যাতে শোনে এইরকম ব্যবস্থা করা হচ্ছে না। তাই আমি বলি সত্বর এই ব্যাপারে একটা সুব্যবস্থা করুন। তাহলে শ্রমিকরা যদি নিজ নিজ হাতে আইন নিয়ে নেয় তখন যেন পুলিসকে সেখানে হাজির না করা হয়। শ্রমিকরা বারে বারে বিচার চাইছে, কিন্তু তারা বিচার পাচ্ছে না। শ্রমিকদের হাত স্তব্ধ করবার জন্য যে ষড়যন্ত্র বাংলাদেশের এক দল মালিক করে চলেছে তার মধ্যে এই লালা চরৎরাম অন্যতম। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, তাঁর কাছে প্রতিশ্রুতি চাইছি যাতে এই কারখানা খোলার ব্যবস্থা করা হয়। তা না হলে সমস্ত দায় কিন্তু আমাদের উপর বর্তাবে না, আমাদের উপর কোন দায়দায়িত্ব বর্তাবার চেষ্টা করবেন না।

শ্রীআনন্দগোপাল মুখার্জী: স্যার, এই যে জয়া ইঞ্জিনীয়ারিং কারখানা লক আউট করে রেখেছে, এ সম্বন্ধে সরকার পক্ষ থেকে আমাদের আছে কিছু জানান হয় নি।

Mr. Speaker: Mr. Mukherjee, I am not allowing you to speak. Please take your seat. I have called Md. Dedar Baksh.

শ্রীআনন্দগোপাল মুখার্জী: সাত হাজার কর্মীকে যেভাবে লক আউটের আওতায় ফেলে রাখা হয়েছে সে সম্বন্ধে একথা বলতে চাইছি যে, সরকার এবং মন্ত্রিসভা যে শ্রমনীতি গ্রহণ করেছেন, সেই শ্রমনীতির রূপ আমরা আজও দেখতে পাচ্ছি না। ব্যক্তিগত মালিকানা পশ্চিমবঙ্গের শ্রমিকদের উপর অন্যায় জুলুম চালিয়ে যাবে আর আমাদের সরকার কি তা মাথা পেতে সহ্য করবে? তার জন্য আমি মন্ত্রিসভার কাছ থেকে এ সম্বন্ধে পরিষ্কার শুনতে চাই। এখানে এই যে ঘটনা এটা কোন বিচ্ছিন্ন ঘটনা নয়। কলকাতার বুকে বলেই জানতে পারা যাচ্ছে, তা না হলে আজকে সারা পশ্চিমবাংলার বুকে ব্যক্তিগত মালিকানা যে শ্রমিকদের উপর অন্যায় জুলুম চালাচ্ছে তার নজির ছড়িয়ে আছে। তাই আমি মন্ত্রিসভার কাছ থেকে জানতে চাইছি কি রকম অন্যায়ভাবে অত্যাচার শ্রমিকদের উপর চালিয়ে যাচ্ছেন। আমরা জানি ডাঃ নাগ অসুস্থ, অসুস্থ হবার পর, মাঝখানে তিনি কনসিলিয়েশন করে এই সমস্যার সমাধান করতে চেয়েছিলেন এবং এটাই তাঁর গুরুতর অসুস্থ হবার কারণ বলে মনে করি, তিনি তাঁদের এই অন্যায় আব্দার বরদাস্ত করেন নি। তাঁর যে সাজেশন ছিল মালিক পক্ষ তা সেদিন উপেক্ষা করেছিল, তার ফল হিসাবেই কারখানা এখন পর্যন্ত লক আউট আছে।

Mr. Speaker: I am not giving you permission to speak. (Noise.) Please take your seat.

শ্রীআনন্দগোপাল মুখার্জী: স্যার, এটা আইন-শৃঙ্খলার একটা গুরুত্বপূর্ণ বিষয়, মাননীয় স্পীকার মহাশয়, আজকে আপনি যদি আমার কণ্ঠ স্তব্ধ করে দেন, পশ্চিমবাংলার শ্রমিকদের ক্ষোভ হবে...............

Mr. Speaker: Mr. Mukherjee, are you defying my direction? I think you are defying my direction.

শ্রীআনন্দগোপাল মুখার্জী: স্যার, আপনার মাধ্যমে সরকারের কাছে পরিষ্কার জানতে চাইছি আমাদের শ্রমনীতি কি, তাঁরা কি মালিকদের এই অন্যায় বরদাস্ত করবেন, তারা এইভাবে লক আউট করে রেখে দেবে, হাজার হাজার শ্রমিক এই কলকাতার আশে পাশে থেকে আরম্ভ করে সর্বত্র ভুগবে, সমস্ত জায়গায় কি কারখানা এইভাবে বন্ধ করে রেখে দেবে, তার সদুত্তর এখানে চাই।

(নয়েজ)

শ্রীগিরিজাভূষণ মুখোপাধ্যায়: আমি একটু বলার জন্য আপনার পারমিশন চাইছি।

Mr. Speaker: I am not giving you permission. Please take your seat.

শ্রীমহম্মদ দেদার বক্স: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের প্রগতিশীল সরকারের দৃষ্টি তথা ভূমিরাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শিদাবাদ জেলার আমার নির্বাচনকেন্দ্র ভগবানগোলা থানার অন্তর্গত চর এলাকা—সেটা আমাদের মিত্ররাষ্ট্র বাংলাদেশের রাজশাহী জেলার সীমান্তবর্তী এলাকা, সেখানে ১০০ একর পরিমাণ জমিতে এ বছর জাল ও বোরো ধানের ভালো আবাদ হয়েছে। সেখানকার জমির পাকা-ধান আমাদের চাষীরা কাটতে গেলে ঐ রাজশাহী জেলা কর্তৃপক্ষ তাদের ধরে নিয়ে যায় ও ক্যাম্পে আটক রাখে, অবশ্য তারা খারাপ ব্যবহার করে নাই। মুর্শিদাবাদ জেলা ম্যাজিস্ট্রেট ও রাজশাহীর ডেপুটি কমিশনার দুজনে আপস-আলোচনা করে এ সম্বন্ধে একটি সঠিক সিদ্ধান্ত করে সেই পাকা ধান কাটবার একটা সুব্যবস্থা করা এতদিন উচিত ছিল। কিন্তু আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হল না। যেখানে চাষীরা মাথার ঘাম পায় ফেলে দুবেলা দু মুঠো খাবার করে, সেখানে আজও কোন আপোস মীমাংসা করে সীমানা নির্ধারিত হল না। এখনো এই সম্পর্কে কোন

আলোচনা বৈঠক বসলো না, অথচ জমির পাকা ধান নষ্ট হয়ে যাচ্ছে। আলোচনার মাধ্যমে আমাদের মিত্ররাষ্ট্র বাংলাদেশের সঙ্গে এই জমির সীমানা সঠিক নির্ধারিত হোক—এই জন্য আমি ভূমি-রাজস্বমন্ত্রীর, সরকারের এবং এই হাউসের মাননীয় সদস্যদের আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি যাতে সত্বর এই সম্পর্কে একটা ব্যবস্থা করা হোক। জয় হিন্দ।

শ্রীআবদুল বারি বিশ্বাস: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার একটা জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সারা রাজ্যে প্রি-মেডিক্যাল কোর্সে ভর্তি হবার জন্য ছাত্রছাত্রীদের পরীক্ষা আরম্ভ হয়েছে। গত বছর শিক্ষাবর্ষে চিকিৎসা বিদ্যা শিক্ষার্থে ভর্তি হবার জন্য আমরা দাবি করেছিলাম, এই চিকিৎসা বিদ্যা শেখার সুযোগ সারা দেশের প্রতিটি জেলার লোকের মধ্যে যেন সুষ্ঠুভাবে বণ্টন করা হয়, অন্ততঃপক্ষে প্রত্যেক জেলার লোক-গুলি যেন সুযোগ পায়, সেদিন সুদৃঢ়ভাবে হাইকোর্ট ও সুপ্রীম কোর্ট থেকে রায় দিলেন, এর পথে অন্তরায় আছে। আমি যত দূরে শুনেছি, এটর্নী-জেনারেল দ্বারা এটা পর্যালোচনা করে দেখা হয়েছে, এই সম্পর্কে উপযুক্ত লেজিসলেসন করলে অসুবিধা দূর করে পশ্চিমবাংলার কল্যাণ করা যায়। গ্রামে ৭৫ ভাগ মানুষের উপকার হয়। আমাদের গ্রামে মেরিটোরিয়াস ছেলেদের ডনবসকো বা সেন্ট জেভিয়ার্সে পড়ানোর মত সঙ্গতিসম্পন্ন লোক নাই। কলকাতার নিম্নমধ্যবিত্ত লোকের ছেলেরাও মেডিকেলে পড়ার সুযোগ পায় না। গ্রামের লোকের তো কথাই নাই। এই পরীক্ষা ব্যবস্থা সম্বন্ধে নূতন করে চিন্তা করবার দিন এসেছে। সমাজের চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে এই শাসন ব্যবস্থা ও শিক্ষা ব্যবস্থা করা উচিত। আমাদের এই সরকার অনেক ভাল কাজ করেছেন—যার ফলে দেশের মানুষ আজ এই সরকারের প্রতি আস্থাশীল হচ্ছে। কিন্তু আমরা গ্রামের লোক সব সুযোগসুবিধা থেকে বঞ্চিত হচ্ছি এবং সঙ্গে সঙ্গে গ্রামের মানুষের মধ্যে একটা হতাশার ভাব পরিলক্ষিত হচ্ছে। এই যে পরীক্ষা আজকে আরম্ভ হয়েছে—আমরা তিন মাস ধরে এই বিধানসভা চালালাম। আগামীকাল, পরশু আমাদের ফিরে যাবার জন্য আপনি পারমিশন দেবেন। আজ যে পরীক্ষা আরম্ভ হল—তার রেজাল্ট কবে বেরুবে, কি হবে জানি না। আমরা জানি গ্রামের ছেলেরা ফার্স্ট ডিভিসনে পাস করেও মেডিকেল পড়ার চান্স পান না, তাই অনুরোধ করবো, আমাদের গ্রামের ছেলেদের মেডিকেলে পড়বার সুযোগ দিন। নতুবা তাদের মধ্যে যে বঞ্চিতের হতাশার আবহাওয়া সৃষ্টি হয়েছে, তা বেশীদিন আপনারা চাপা দিয়ে রাখতে পারবেন না। অসংখ্য মানুষের দাবি আজকে আপনার মাধ্যমে এখানে তুলে ধরছি। মন্ত্রিসভার কাছে আবেদন জানাবো, আজ কেন এর জন্য একটা লেজিসলেসন করা হল না? সরকার অনেক ভাল ভাল আইন করেছেন, কাজ করেছেন একথা ঠিক। কিন্তু গ্রামের ছেলেমেয়েরা আজকে এই যে পরীক্ষা দিতে এসেছে, তাদের সম্পর্কে সরকারের কাছ থেকে এমন আশ্বাসবাণী যেন তাঁরা পান, এমন ব্যবস্থা যেন সরকার করেন, যাতে এই চিকিৎসা বিদ্যা অর্জনের সুযোগ তাঁরা পান।

আজকের গ্রামের ৭৫ ভাগ মানুষকে আমরা রিপ্রেজেন্ট করছি, আপনিও করেন, স্পীকার মহাশয়, আপনিও তেমন একটা নির্বাচনকেন্দ্র থেকে নির্বাচিত লোক। যারা গ্রামের পর্ণ কুটীরে বাস করে, তাদের ছেলেমেয়েদের লেখাপড়ার সুযোগ দেবার জন্য আমি সরকারের কাছে দাবি জানাই। আমি এই দাবি জানাই, গ্রামের ছেলেরা যাতে চিকিৎসাবিদ্যা শিখবার সুযোগ পান।

[2-40—2-50 p.m.]

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই বিষয়ে বহুভাবে এই সভায় আলোচিত হয়েছে। বিষয়টি হল এই যে, শিবিরশরণার্থীদের পশ্চিমবাংলায় প্রায় ১৫।১৬ হাজার যুবক-যুবতী কাজ করতেন, যাদের উদ্বৃত্ত করে রাখা হয়েছে। তাদের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, আমাদেরও প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সরকার পক্ষ থেকে যে, এইসব শরণার্থী শিবিরের যুবক-যুবতীদের অবিলম্বে কাজে নিয়োগ করা হবে। কিন্তু আমরা দেখলাম যে, সেই প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও একজন কর্মচারীকেও নিয়োগ করা সম্ভব হয় নি। ফলে অবস্থা এই দাঁড়িয়েছে

যে, সেই সমস্ত কর্মচারীরা আজও বেকার। আমরা যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি সেই-সব উদ্বৃত্ত কর্মচারীরা তারা দারুণভাবে আমাদের ছেঁকে ধরছে এবং নানা প্রশ্নবাণে জর্জরিত করছে। তারা বেকার ছিলেন, বেকারভাবে জীবন যাপন একপ্রকার ছিল, কিন্তু এক বছর বা দু বছর কাজ করার পর তাদের হাতে পয়সা এলে পয়সা খরচ করতে অভ্যাস হয়। ফলে চাকুরি চলে যাবার পরে তাদের বিপদগ্রস্ত হতে হয়েছে এবং সমস্ত পরিবারকে আজ অনাহারের মুখে এসে দাঁড়াতে হয়েছে। এর ফলে এই সমস্ত যুবক-যুবতীরা অনেকে বিপথগামী হয়েছে। আমি এই ১৪।১৫ হাজার ভাগ্যহীন কর্মচারীদের পক্ষ থেকে আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে আবেদন করছি যাতে অবিলম্বে তারা এই প্রতিশ্রুতি রক্ষা করেন। এবং এই সমস্ত উদ্বৃত্ত কর্মচারীদের কাজে নিযুক্ত করে তাদের ভবিষ্যত জীবনকে সুন্দর এবং স্বার্থক করে তুলুন। কিন্তু দুঃখের বিষয়, আমরা লক্ষ্য করেছি যে, এই সমস্ত কর্মচারীরা আজ মাঠে-ঘাটে সমস্ত জায়গায় আন্দোলনের মাধ্যমে চাকুরির জন্য ঘুরে বেড়াচ্ছে, ভিক্ষার জন্য ঘুরে বেড়াচ্ছে। অথচ তারা কোথাও সুবিচার পাচ্ছে না। তাই আমি পরিষ্কার এটা লক্ষ্য করেছি যে, এর মধ্যে অনেকেই বিপথগামী হয়ে সমাজবিরোধী কাজে পর্যন্ত নামতে বাধ্য হয়েছে। বাধ্য হয়েছে তারা জীবন বাঁচাবার জন্য, তাদের পরিবারকে বাঁচাবার জন্য তারা আজকে এইভাবে জীবন যাপন করছে। আমি আপনার মাধ্যমে এই সমস্ত উদ্বৃত্ত কর্মচারীদের যাতে অবিলম্বে কাজে নিয়োগ করা হয় তার ব্যবস্থা করবার জন্য অনুরোধ জানাই যাতে নাকি তারা বাঁচতে পারে এবং সুন্দর জীবন যাপন করে বাঁচতে পারে ও জীবনে প্রতিষ্ঠালাভ করতে পারে তার ব্যবস্থা করুন।

শ্রীশীতলচন্দ্র হেমব্রমঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিশেষ জরুরী বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার গ্রামাঞ্চলে শতকরা ৭০ জন মানুষ বর্তমানে অর্ধাহারে, অনাহারে দিন যাপন করছে। খেটে খাওয়া ক্ষেত মজুরদের কোন কাজ নেই। বর্তমানে তারা বিভিন্ন শাক পাতা খেয়ে দিন কাটাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুরুলিয়া জেলায় গত বছর ঠিকমতভাবে বৃষ্টি না হওয়ার ফলে চাষাবাদ ভাল হয় নি, যার ফলে চাষীর ঘরে কাজ নেই। সরকারের পক্ষ থেকে আজ পর্যন্ত কোন কাজ দেওয়া হয় নি। পুরুলিয়া জেলায় কোন ফ্যাক্টরি বা কলকারখানা নেই, যার জন্য বছরের মে মাস থেকে পুরুলিয়ার গ্রামাঞ্চলের মানুষকে জি আর ও টি আরের উপর নির্ভর করতে হয়। পুরুলিয়া জেলায় আজও কোন ফ্যাক্টরি বা কলকারখানা হয় নি, হবে কিনা তাও সন্দেহ আছে। জি আর ও টি আর বন্ধ করা হয়েছে। ফলে সেখানে গ্রামাঞ্চলের মানুষ আজ হতাশার পথে। পুরুলিয়া জেলায় যতদিন না কোন ফ্যাক্টরি হচ্ছে ততদিন ঐ জেলার মানুষকে টি আর এবং জি আর দিয়ে বাঁচাতে হবে।

শ্রীতুহিনকুমার সামন্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কিছুদিন আগে আমরা এই বিধানসভায় কামারপুকুর কলেজ বিল পাশ করি। আমরা আশা করেছিলাম যে, সরকার গ্রহণ করার পর কামারপুকুর কলেজ খুব সুন্দর ভাবে চলবে। কিন্তু আমরা দেখলাম সেই কলেজ অধিগ্রহণের পরও কলেজের ম্যানেজিং কমিটিকে আজকে সেখানে পুলিসের সাহায্যে কলেজ চালাতে হচ্ছে। আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে জানাতে চাই যা কয়েকদিন আগেও জানিয়েছিলাম—আজকের ঘটনা ঐ কামারপুকুর কলেজে সেখানে একজন অ্যাডমিনিস্ট্রেটার নিয়োগ করা হয়েছে। সেই অ্যাডমিনিস্ট্রেটার হচ্ছেন এস ডি ও। সেই এস ডি ও অধ্যাপকদের পুলিসের রিভলবার দেখিয়ে বলেন, হাজতে ঢোকান হবে। এস ডি ও কথায় কথায় অধ্যাপকদের পুলিসের রিভলবার দেখিয়ে বলেন যে, হাজতে ঢুকিয়ে দেওয়া হবে। তিনি ছাত্রদের বলেন রাসটিকেট করে দেওয়া হবে। আজকে পর্যন্ত শিক্ষকরা মাইনে পান নি। তিরিশ হাজার টাকা ফান্ডে থাকা সত্ত্বেও যা কোনদিন হয় নি তাই হয়েছে, কামারপুকুর কলেজের অধ্যাপকেরা মাইনে পাচ্ছেন না। আজকে কামারপুকুর কলেজ নিয়ে যে রাজনীতি শুরু হয়েছে এর সমাধান হওয়া উচিত বলে সকলে মনে করছেন। আমি শিক্ষামন্ত্রীর কাছে জানতে চাই, কলেজের ম্যানেজিং কমিটি সরকার অধিগ্রহণ করলে সেই কলেজের আর্থিক অবস্থা সরকারী না বেসরকারী হবে তা ঠিক হয় নি। আজকে বৃহন্নলার মতো অবস্থা। আজকে সেই কলেজের ছেলেদের বিশেষ

করে ছাত্র পরিষদের নেতাদের মারধর করা হয়েছে পুলিসের সামনে এবং সেই এস ডি ও যিনি অ্যাডমিনিস্ট্রেটর যার শিক্ষা সম্বন্ধে কোন জ্ঞান নেই তাকে কি ওখানে রাখা হবে? পশ্চিমবঙ্গের কোন অশিক্ষক ব্যক্তি কি শিক্ষকদের অপমান করে যাবেন? এস ডি ও কি পুলিস দিয়ে কলেজ চালাবেন? তার সামনে কি ছাত্রদের মারধরের ঘটনা চলবে? এই কামারপুকুর কলেজ সম্বন্ধে সলিউসান হবে কিনা? যদি শুধুমাত্র ম্যানেজিং কমিটি গ্রহণ করে মন্ত্রিমহাশয়রা যথেষ্ট বলে মনে করেন, তা হলে ভুল করবেন। আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি এবং অবিলম্বে স্টেপ নেওয়ার জন্য অনুরোধ জানাবো এবং অবিলম্বে সেখানে অশিক্ষক অ্যাডমিনিস্ট্রেটর সরিয়ে যেন একজন শিক্ষক অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হয়। একের পর এক ঘটনা ঘটে চলেছে। শিক্ষক-দের ভীতি প্রদর্শন করা হয়েছে এবং রাতারাতি সেখানে একটা পলিটিক্যাল পার্টির অফিস খোলা হয়েছে এবং সেই পলিটিক্যাল পার্টির অফিস থেকে ভীতি প্রদর্শন করা হয়। আজকে সেখানে ছেলেরা যেতে পারছে না, ভয় পাচ্ছে। শিক্ষামন্ত্রীর এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং তদন্তের জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল স্বাস্থ্যমন্ত্রী বড়বালি ব্লকের একটা স্বাস্থ্যকেন্দ্রের উদ্বোধন করতে গিয়েছিলেন। রবীন্দ্রনাথের গান ভেসে আসছিল, 'সেইখানে যে চরণ তোমার রাজে, সবার নীচে, সবার পিছে সব হারাদের মাঝে'। স্বাস্থ্যমন্ত্রী নামার সংগে সংগে একদল কংকালসার, কোঠরগত চক্ষু তাঁকে ঘিরে ধরলো। তারা বললো, আমাদের বাঁচার কোন বন্দোবস্ত করে দিন, আমরা অর্ধাহারে, অনাহারে রয়েছি। আজকে আমরা আসানসোল মহকুমার গ্রামাঞ্চলে দেখেছি সেখানে প্রায় এক লক্ষ আদিবাসী মানুষ এবং সেই সংগে সংগে তফসিলী জাতিভুক্ত মানুষ যারা রয়েছে তারা অর্ধাহারে, অনাহারে দিন কাটাচ্ছে। সেই কোঠরগত চক্ষু, সেই শীর্ণ চেহারার অর্ধনগ্ন মানুষ পুরুলিয়ার পাহাড়ে প্রান্তরে বাগমুন্ডি, আরশা, ঝালদা ইত্যাদি জায়গায় ঘাসবীজ খেয়ে বাঁচছে, গাছের পাতা এবং মূল খেয়ে বাঁচছে। এইসব মানুষ যাদের জন্য আজকে স্বাধীনতা এসেছে তারা আজকে মেদিনীপুরে ঘাসের বীজ খেয়ে বাঁচছে, পাতা খেয়ে বাঁচছে, বাঁকুড়াতে ঠিক একই অবস্থা। আসানসোল মহকুমাতে ২ লক্ষ, পুরুলিয়াতে প্রায় ৭ লক্ষ, মেদিনীপুরে ৬ লক্ষ লোক এবং বাঁকুড়াতে প্রায় ৬ লক্ষ লোক এইভাবে আজকে প্রায় ২১ লক্ষ লোক অর্ধাহারে এবং অনাহারে দিন কাটাচ্ছে। দুর্ভিক্ষ বললে মন্ত্রিমহাশয় স্বীকার করবেন না। অনাহারে মৃত্যুর রিপোর্ট আসবে না। কারণ সরকারের কাছে এটা কলংকস্বরূপ। ঘাসের বীজ খেয়ে বাঁচা কি বাঁচা? বাঁকুড়া, আসানসোল, মেদিনীপুর, পুরুলিয়ার মানুষ আজকে যখন মন্ত্রিমহাশয়েরা যাচ্ছেন, তখন তাঁদের পায়ে পড়ে তাঁদের ঘেরাও করছে, বলছে, বাস্তু দিন, খেতে দিন, তখনও কিন্তু সরকার হয়তো দুর্ভিক্ষ অফিসিয়ালি স্বীকার করবেন না, কারণ সরকার স্বীকার করতে পারেন না।

[2-50—3-00 p.m.]

সরকার স্বীকার করতে পারেন না যে, লোকে গাছের পাতা খেয়ে, ঘাসের বীজ খেয়ে, গুগলী, ঝিনুক, গেঁড়ি খেয়ে বেঁচে আছে। এই রকম পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর ও আসানসোলের প্রায় ২১ লক্ষ মানুষের জীবন এই রকম ভয়াবহ অবস্থায় এসে দাঁড়িয়েছে। এবং এরা হলেন কারা?—সেই আদিবাসী শ্রেণীর মানুষ। তাই আমি আপনার কাছে আবেদন জানাই, কারণ আপনার এই সমস্ত মানুষের প্রতি দরদ আছে, সহানুভূতি আছে, ভালবাসা আছে যে, এই সমস্ত মানুষদের রক্ষা করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে জরুরী কার্যসূচির ভিত্তিতে ১০০ কোটি টাকা আনতে হবে। আমি শুধু বাঁকুড়া, পুরুলিয়া, আসানসোল, মেদিনীপুরের কথা বলেছি। কিন্তু আজকে সারা পশ্চিমবাংলার কি চিত্র? আজকে পুরুলিয়ার ১ লক্ষ মানুষ ভাত কাকে বলে জানে না এবং বিভিন্ন জেলার লক্ষ লক্ষ মানুষ ভাত কাকে বলে জানে না। আমি আপনার কাছে আবেদন জানাই যে, এই ভয়াবহ চিত্র আজকে আমাদের একটা অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। আমরা আজকে এই রকম একটা সংকটকালীন অবস্থার সামনে দাঁড়িয়ে রয়েছি যে, আজকে এই সমস্ত মানুষ এক মুঠো ভাতের জোগাড় করতে পারে না। আমাদের আজকে তাদের ঘরে আলো জ্বালিয়ে দিতে হবে। স্যার,

এই নির্দেশ আপনি আমাদের মন্ত্রিসভাকে দিন এই অনুরোধ আমি আপনাকে জানাচ্ছি। এবং আমিও আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দপ্তরকে জানাই যে, জরুরীকালীন ভিত্তিতে এই ২১ লক্ষ মানুষকে বুভুক্ষার করালগ্রাস থেকে রক্ষা করুন।

Mr. Speaker: Honourable Members, it is my painful duty to draw the attention of the Members of the House to this that the Members while participating in debate ought to observe some parliamentary democratic norms, rules and procedure of this House. At the beginning of the mention cases, I sought for the kind co-operation of the honourable Members and said that if they would co-operate with me, I could call and give privileges to many Members who had given notices to point out their difficulties under rule 351 and I have tried to accommodate as far as possible each and every Member. You know that general direction from the Rules Committee is to give only 10 honourable Members the privilege to raise their points under rule 351. But each and every day I try to accommodate 15, 20 or 25 Members. Today I have accommodated about 26 Members to raise their points under rule 351. But though this privilege is extended to the Members, I sometimes find that without observing parliamentary decorum of the House they stand up violating the direction of the Chair and sometimes they go on making statement and I find that thereby the entire image of the parliamentary institution is being damaged.

May I draw the attention of the honourable Members once to what rule 351 says- "A member who wishes to bring to the notice of the House any matter which is not a point of order shall give notice to the Secretary in writing stating briefly the point which he wishes to raise in the House together with reasons for wishing to raise it, and he shall be permitted to raise it only after the Speaker has given his consent and at such time and date as the Speaker may fix.

This is the exact language of rule 351. Previous notice has to be given to the Secretary and if, in his discretion, the Speaker thinks fit that this point should be allowed to be raised on the floor of the House, then only it is raised. But here what do I find? Some Members stand up in their seats without being called by the Chair or without taking the permission from the Chair and go on making long speeches though I request them not to make any speech without my permission and say that I have called some other honourable Member to speak. Even then they go on speaking. It is very unfortunate that of late this tendency is being developed in the House. I may point out to the honourable Members that I am the servant of the House and I have no alternative but to declare any statement of the honourable Members made in an unauthorised way, that is, without being called or permitted by me to speak, will not be on record of the House. What is the rule in this regard? When I am on my legs certain fundamental rules must be observed. When the Speaker is on his legs he shall be heard in silence and any Member who is then speaking or offering to speak shall immediately sit down, and any Member who wishes to speak should rise only after the Speaker resumes his seat. I hope the honourable Members will excuse me for saying all this. I know that the honourable Members are co-operating with me but on some occasions there are failures, when in spite of my requests they are not paying any heed to this procedure and standing up and making their submissions. May I make this appeal to you for willing co-operation with the Chair so that I can fully maintain the dignity, prerogatives, conventions of the House and extend the privileges to the honourable Members? May I once again request you to look into these rules and procedures? I can assure the honourable Members that neither in Lok Sabha nor in other Legislatures in India such

opportunity is extended to the Members for mentioning matters as is done here under rule 351. So, it is a proud convention that we are going to develop. But if the Members are not willing to co-operate with the Chair in this regard, then some rules will have to be framed, and some time-limit will have to be fixed so that Mention Cases may be allowed only for 15/20 minutes. If that is done, the Members' privileges will be curtailed, but if you do not co-operate, I will have to refer the matter to the Rules Committee to ponder over the matter and decide as to how we can confine ourselves to the rule regarding the Mention Cases. Everything must have its limit. Therefore, I seek the willing co-operation of the Members because only in West Bengal Legislative Assembly this privilege is extended to each and every Member. But nowhere either in the Lok Sabha or in other States—this privilege is extended—not to speak of other Parliaments outside India—such privilege is extended, such freedom is extended to raise anything any time. In Parliament, it is the zero hour when such questions are taken up. Today we have taken up more than an hour, and with much pain I had to draw the attention of the honourable Members to fully co-operate with me. I know that some times the Members are agitated and excited. I know that they want to raise some important and definite issues in the House. If any honourable Member wants to raise anything or wants to draw the attention of the Ministers, then there is procedure for doing that, there is rule for that. They can bring in a motion, or a resolution and they can discuss the subject-matter. There is enough scope for that in the Rules of Procedure.

[3-00—3-10 p.m.]

The matter may be referred to the Rules Committee, if necessary, the rules should be amended accordingly. Even then, as the rules and as the procedure of the House stand, I think, we must abide by them and we must abide by the convention also. Whenever the Speaker will be on his legs all Members must sit down. Unless I call upon any Member by name to speak he should not stand up and make speech in an unauthorised way. If this procedure is not strictly followed by the Members, I am sorry to say that such statements as may be made by any honourable Member should not be part of the proceedings of the House. I am making this observation, and I hope that Members will not misunderstand me for this. I want their full co-operation. They will appreciate my difficulties and so they will maintain the dignity and decorum of the House above everything.

Shri Gyan Singh Sohanpal: Mr. Speaker, Sir, it is really unfortunate that some incidents have taken place in this House which have compelled you to make this observation today. Sir, you are the custodian of this House. You are to safeguard the interests of the Members as well as to maintain the dignity of this House. I can assure you, Sir, on behalf of the honourable Members that they have the greatest regard on your authority. At no time they ever thought of defying that authority. I know, Sir, there have been some incidents under extraordinary circumstances and there have been some lapses on the part of the honourable Members. On their behalf I sincerely apologise to you, Sir, and I hope, the honourable Members will not give further scope for such complaint. Thank you, Sir.

Mr. Speaker: Thank you.

Shri A. H. Besterwitch: Sir, regarding the decision taken by you today, I, on behalf of my party, would like to state that we have always tried to maintain the decorum of this House and I can assure you that all respects due to the Chair will be given by the Members belonging to my party.

Mr. Speaker: Thank you.

Dr. A. M. O. Ghani: Sir, I, on behalf of my bloc respect your authority. We have always tried to respect the Chair and we shall try to restrict ourselves.

Mr. Speaker: Thank you.

LEGISLATION

The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1973

Shri Sankar Ghose: Sir, I beg to introduce the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1973.

(Secretary then read the title of the Bill.)

Shri Sankar Ghose: Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1973, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই বিলটি, এনেছি যাতে সেলস্ ট্যাক্সটা আমরা ঠিক মত ঠিক সময়ে আদায় করতে পারি। আমরা দেখেছি যে, বর্তমানে যে আইন আছে তাতে সেলস্ ট্যাক্স আদায় করাতে কিছুটা বিলম্ব হয় এবং কিছু অসুবিধা আছে। যদি বর্তমান আইনের কিছু সংশোধন করা হয়—বর্তমান আইনের ১১/৪ ধারায় আছে, বেঙ্গল ফিন্যান্স সেলস্ ট্যাক্স অ্যাক্ট, ১৯৪১, যে যখন বিক্রয় কর আদায় না হ'লে, তা না দিলে আমরা সার্টিফিকেট প্রসিডিংস্ আরম্ভ করতে পারি। তখন সার্টিফিকেট প্রসিডিংস্ আরম্ভ করল। সেটা এরিয়ার্স অফ ল্যান্ড রেভিনিউ কিংবা বকেয়া ভূমিরাজস্বর মত আমরা আদায় করতে পারব। কিন্তু এটা আদায় করতে পারি আমরা পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩, এই আইন অনুসারে, এই আইনে ব্যবস্থা আছে, যারা বিক্রয় কর দেয় নি, তারা সেই কর না দেওয়ার জন্য আরো কিছু ব্যবস্থা গ্রহণ করতে পারে, এর ফলে আদায়টা আরো বিলম্বিত হতে পারবে। তাই আমরা এই ব্যবস্থাগুলি দূর করতে চাই। ব্যবস্থা হচ্ছে এই রকম যে, যখন আমরা সার্টিফিকেট প্রসিডিংস্ করি পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট ১৯১৩ সাল অনুসারে, তখন যে ডিলার বিক্রয় কর দেয় না, সে আবার সেখানে সার্টিফিকেট অফিসারের কাছে বলতে পারে যে, আমি আবার প্রশ্ন তুলছি যে, আমার ট্যাক্স দিতে হবে কি হবে না এবং আমার লাইবেলিটি আছে কি নেই এটা আপনি আবার বিচার করুন। আমরা বলছি যে, এই সুযোগ সার্টিফিকেট প্রসিডিংস-এর ক্ষেত্রে থাকা উচিত নয়। আমরা এই কথা বলছি এই কারণে যে, যে ডিলার তার যদি কিছু আপত্তি থাকে, তার যদি কোন গ্রিভেন্স থাকে, তা হ'লে সেটা সেলস্ ট্যাক্স অথরিটির কাছে বলবার তার সুযোগ রয়েছে, তিনটে সুযোগ রয়েছে। সেলস্ ট্যাক্স অথরিটির কাছে অর্থাৎ সেলস্ ট্যাক্সের যখন অ্যাসেসমেন্ট হয় তখন অ্যাসিসটেন্ট কমিশনারকে বলতে পারে যে, ট্যাক্স ধরা হচ্ছে এটা হবে না বা এটা কম হবে বা এটা ট্যাক্সের আওতায় আসে না। তারপর সেখানে যদি হেরে যায়—আমরা সেটাকে ফাইনাল বলছি না, কারণ বর্তমান আইনে রয়েছে যে, আপনি অ্যাপিল করতে পারবেন অ্যাসিসটেন্ট কমিশনারের কাছ থেকে অ্যাডিশনাল কমিশনারের কাছে এবং সেখানে তিনি তার বক্তব্য রাখতে পারবেন এবং তার লাইবেলিটি চ্যালেঞ্জ করতে পারবেন। সেখানেই শেষ নয়, বর্তমান আইনে তৃতীয় একটা তার অধিকার আছে, সেটা হচ্ছে বোর্ড অফ রেভিনিউ পর্যন্ত যেতে পারবেন। খুব উচ্চ স্তরে গিয়ে তার যেটা বক্তব্য সেটা রাখতে পারবেন, এই তিনটি সুযোগ তার কাছে আছে। অ্যাসিসটেন্ট কমিশনার, অ্যাডিশনাল কমিশনার, বোর্ড অফ রেভিনিউ—এই তিনটি সুযোগ সে পাচ্ছে। আমরা বিশ্বাস করি যে, যদি ডিলারের সত্যিকারের অভিযোগ থাকে, তা হ'লে সেই অভিযোগের বিরুদ্ধে তার যা কিছু বক্তব্য তা এই তিনটি সুযোগ, যা সেলস্ ট্যাক্স অ্যাক্টের মধ্যে আছে, এটাই যথেষ্ট। কিন্তু আমরা কি দেখতে পাচ্ছি, আমরা দেখতে

পাচ্ছি পুরনো আইন, বহু দিন ধ'রে এই আইনের ধারা চলে আসছে এবং এই তিনটি সুযোগ ডিলার নিচ্ছে, আমরা টাকাটা আদায় করতে যাচ্ছি, সে বলছে, না দিতে হবে না। তারা ট্যাক্স দিচ্ছে না, অ্যাসিসটেন্ট কমিশনার থেকে অ্যাডিশনাল কমিশনার এবং সেখান থেকে বোর্ড অফ রেভিনিউ পর্যন্ত চলে যাচ্ছে। তারপর যখন আমরা আদায় করতে যাচ্ছি, তখন আদায়ের ক্ষেত্রে, কালেকশনের ক্ষেত্রে যখন সার্টিফিকেট আমরা করতে যাচ্ছি, তখন বলছে, না, পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট, ১৯১৩ সালের পুরনো আইন, সেই আইনের ৯ ধারা, আইনে আছে যে, ডিলারের বিরুদ্ধে যখন ব্যবস্থা নেওয়া হচ্ছে, তখন সে এসে বলতে পারে যে, না, ট্যাক্স দিতে হবে কিনা এই প্রশ্নটা আমি আবার তুলছি। এই প্রশ্ন কেন তারা আবার তুলতে পারবে? অ্যাপিল ইত্যাদি যা কিছু সে অ্যাসিসটেন্ট কমিশনারের কাছে রেখেছে, অ্যাডিশনাল কমিশনারের কাছে রেখেছে, বোর্ড অফ রেভিনিউ পর্যন্ত সে রেখেছে। সেখানে সে হেরে যাবার পর আমরা এরিয়ারস্ অফ ল্যান্ড রেভিনিউর মত পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্টকে একটা মেশিনারি হিসাবে ব্যবহার করতে পারব। সুতরাং আমরা বলছি, এই পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্ট-এর সেকসন ৯-তে যে অধিকার দেওয়া হয়েছে তাতে সমস্ত জিনিসটাকে নতুন ক'রে আবার আলোচনা করবার, নতুন ক'রে এডজুডিকেট করার কোন কথা থাকতে পারে না। একটা জায়গায় জিনিসটাকে শেষ করতে হবে, একটা জায়গায় ফাইনালিটি আনতে হবে। তিনটে সুযোগ যখন সেলস্ ট্যাক্স প্রসিডিয়োরের মধ্যে রয়েছে, তখন আর নতুন ক'রে কোন সুযোগ পাওয়ার প্রয়োজন নেই। এই সুযোগ কারা নিচ্ছে, এই সুযোগ নিচ্ছে যারা বড় বড় ব্যবসাদার, যাদের অনেক টাকা দেয় আছে। সেখানে তারা ভাবছে সরকারকে কিছু টাকা না দিয়ে আমরা যদি সেক্সন ৯ দিয়ে একটা আপত্তি তুলে দিই, তা হ'লে সেক্সন ১০ অনুযায়ী- পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্টের সেক্সন ১০ ধ'রে যেটা বিচার করতে হবে, সাক্ষী সাবুদ দিতে হবে এবং জিনিসটা বিলম্বিত হয়ে যাবে এবং এই সময় সরকারকে টাকাটা না দিয়ে অন্যখানে খাটাতে পারবে এবং অনেক বেশী সুদ তারা পাবে। সেই জন্য আমরা বলছি সেক্সন ৯ এবং সেক্সন ১০, যেটা পাবলিক ডিমান্ড রিকভারি অ্যাক্টের আবার নতুন ক'রে বিচার ক'রে দেখবার জন্য চাওয়া হয়েছে, এটা থাকবে না। আজ আমরা দেখেছি ভারতবর্ষের অন্যান্য রাজ্যেও কি বন্দোবস্ত আছে--সেটা আমাদের দেখতে হবে।

[3-10—3-20 p.m.]

আমরা দেখেছি মহারাষ্ট্রে যে আইন আছে তাতে সেখানে ল্যান্ড রেভিনিউ কোড-এ এ জিনিস নেই। নূতন ক'রে সেলস্ ট্যাক্স অথরিটিজ-এর তার যা বক্তব্য তা রাখার পর আবার নূতনভাবে সার্টিফিকেট অফিসার এর বক্তব্য রাখার অধিকার নেই সেখানে। ন্যায় নীতির দিক থেকে এই অধিকার প্রাপ্য নয়। এই অধিকার নিয়ে বিলম্ব হচ্ছে। সরকারের বিক্রয় করের যে টাকা এ উন্নয়নমূলক খাতে ব্যবহার করার জন্য দেরী হচ্ছে এবং কাজ আটকে যাচ্ছে। সুতরাং আমি বলছি সেক্সনস্ ৯ অ্যান্ড ১০, পাবলিক ডিমান্ডস্ রিকভারি অ্যাক্টের সুযোগ নিয়ে বড় বড় ব্যবসায়ীরা সরকারের দেয় টাকা দিচ্ছে না এবং বিলম্ব ক'রে দিচ্ছে। সেই ধারাটা এখানে থাকবে না। সুতরাং আমরা এই বিল এনেছি এই ধারার পরিবর্তন করার জন্য পাব্লিক ডিম্যান্ডস্ রিকভারী অ্যাক্ট-এর সেক্সান ৯ এবং ১০ এর সুযোগ নিয়ে ৪র্থ বার যাতে আবার লায়াবিলিটি প্রশ্ন না দিতে পারে তার জন্য ব্যবস্থা করছি। সেলস্ ট্যাক্স অ্যাক্ট-এ ৩ বার সুযোগ আছে। মহারাষ্ট্রে যে আইন আছে। মহারাষ্ট্রে যে আইন আছে- আমরা মনে করি সে আইন ঠিক। এই সুযোগ থাকা উচিত নয়। আশ্চর্য লাগে এতদিন আমরা কেন এই সুযোগ দিয়ে এসেছিলাম। সুতরাং আমরা আইন আনছি সেক্সন ৯ এবং ১০ অফ দি পাব্লিক ডিম্যান্ডস রিকভারী অ্যাক্ট-এর বিক্রয় করের ৪টা আইন আছে—

Bengal Finance Sales Tax Act, 1941; the Bengal Motor Spirit Sales Taxation Act, 1941; Bengal Raw Jute Taxation Act, 1941; West Bengal Sales Tax Act, 1954.

এই ৪টি আইনের ক্ষেত্রে আমরা দেখেছি পাব্লিক ডিম্যান্ডস্ রিকভারী অ্যাক্ট-এর ৯ এবং ১০ ধারা প্রযোজ্য হবে না। এগুলি আমরা ডিলিট করে দিতে চাই যাতে সেলস্ ট্যাক্স ঠিক মত ঠিক সময়

আমরা পাই এবং বড় বড় ব্যবসায়ীরা যাতে এক্ষেত্রে বিলম্ব সৃষ্টি না করতে পারে। এই ব'লে এই বিল হাউসের কাছে সমর্থনের জন্য রাখছি।

Mr. Speaker: There are motions for circulation of the Bill by Shri Shish Mohammad and Shri Timir Baran Bhaduri. All the amendments are in order. I call upon Shri Timir Baran Bhaduri.

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ আমার যে অ্যামেন্ডমেন্ডটা সারকুলেসনের জন্য মুভ করেছিলাম, সেটা আমি উইথড্র করছি।

শ্রীশঙ্কর ঘোষঃ এর জন্য আমি ধন্যবাদ দিচ্ছি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্যঃ মাননীয় স্পীকার স্যার, আজকে যে বিলটা অর্থমন্ত্রী এনেছেন, আমি সেটাকে সমর্থন করি। অসাধু ব্যবসায়ীরা নানা উপায়ে সরকারকে টাকা পয়সা দিতে চায় না এবং না দিয়ে সেই টাকা ফটকাবাজীতে খাটিয়ে আরও বেশী প্রফিট করে। সুতরাং এতে সরকার ক্ষতিগ্রস্ত হয়। সেদিক থেকে এই বিল আনা খুব ভাল হয়েছে এবং এই ধরনের বিল আনা দরকার। এমন পদ্ধতি হচ্ছে সরকারের যে পাওনা হয় সেলস্ ট্যাক্স বা মোটর স্পিরিট ট্যাক্সেসন বাবত সেই পাওনা যদি সরকারের কাছে না দেয়; তা হলে কলেক্টরএ-র অধীনে যে সার্টিফিকেট ডিপার্টমেন্ট আছে সেই সার্টিফিকেট ডিপার্টমেন্টে পাঠান হয়। সাধারণভাবে আমরা জানি ডেপুটী ম্যাজিস্ট্রেটকে জেলাতে সার্টিফিকেট অফিসার করে রাখা হয়। সার্টিফিকেট ডিপার্টমেন্ট বেঙ্গল পাবলিক ডিমান্ডস্ রিকভারি অ্যাক্ট অনুযায়ী সেসব আদায়ের ব্যবস্থা করেন। তখন সে টাকা জমা না দিয়ে ঐ ৯ এবং ১০ ধারা অনুযায়ী আবার চ্যালেঞ্জ করে যে, আমার এত টাকা পাওনা হয় নি। এই চ্যালেঞ্জ-এর কেস সব সময় প্রোসিং হয় এবং ২/২২/৫ বছরেও সেই কেস শেষ হয় না। সুতরাং ন্যাচারালি সরকার তার পাওনা টাকা পাচ্ছে না। এটা খারাপ। সুতরাং এরকম ধরনের বিল আমরা সমর্থন করি এবং সমর্থন করতে গিয়ে যে ৩টি প্রশ্ন সামনে আসছে আশা করব মন্ত্রিমহাশয় তার উত্তর দেবেন। প্রথম প্রশ্ন হচ্ছে ৪টা আইনের ক্ষেত্রে না ব'লে পাবলিক ডিম্যান্ড রিকভারী অ্যাক্ট-এর অ্যামেন্ডমেন্ট করান হত। এইভাবে চার চারটি অ্যাক্টের অ্যামেন্ডমেন্ট না ক'রে অরিজিনাল বেঙ্গল পাবলিক ডিমান্ডস্ রিকভারি অ্যাক্টের ৯ এবং ১০ নম্বর ধারা অমুক অমুক ক্ষেত্রে অ্যাপ্লিকেবল হবে না এইভাবে অ্যামেন্ডমেন্ট আনলে জিনিসটা ভাল হত। বড় বড় ব্যবসাদাররা পাবলিক ডিমান্ডস রিকভারি অ্যাক্টের সাহায্য নিয়ে ছোট কোর্টে জিনিসটা চ্যালেঞ্জ করে না, তারা হাইকোর্টে যায় এবং এই অ্যামেন্ডমেন্টের পরেও তারা কিন্তু হাইকোর্টে যেতে পারবে, গিয়ে আর্টিকেল ২২৬-এর ম্যান্ডামাস হিসাবে সাহায্য তারা কিন্তু নিতে পারবে, তারা বলতে পারবে, আমার ব্যক্তিগত অধিকার সংকুচিত হচ্ছে, ঠিকমত আমাকে বলতে দেওয়া হয় নি, আমার ঠিকমত হিসাব করা হয় নি। আর্টিকেল ২২৬-এর ম্যান্ডামাস এইসব বড় বড ব্যবসাদাররা করতে পারবে। আর একটা অ্যামেন্ডমেন্ট আনলে আমি আরো খুশী হতাম, যদি সকলের ক্ষেত্রে এই আইনে থাকত যে, যত অ্যামাউন্ট চার্জড হয়েছে তার হানড্রেড পার্সেন্ট জমা দিয়ে তবে কোর্টে যেতে হবে, এই আইনটা যদি আনতেন, তা হ'লে খুশী হতাম, তা হ'লে টাকাটা আদায় হয়ে যেত কোর্টে যাওয়ার আগে। এটা ঠিকই কমিশনার, অ্যাডিসনাল কমিশনার, বোর্ড অব রেভেনিউ এই ৩ জনের কাছে একজন যেতে পারে Before he goes to the Court with the help of the Bengal Public Demands Recovery Act.

এ ক্ষেত্রেও এই রকম একটা আইন করা উচিত যে, কমিশনারের কাছে যেতে হ'লে ৫০ ভাগ জমা দিয়ে যেতে হবে। কমিশনারের কাছ থেকে যদি বোর্ড অব রেভেনিউ-এর কাছে যেতে হয়, তা হলে তাকে ৫০ ভাগ জমা দিয়ে যেতে হবে। অন্ততঃপক্ষে পারো টাকাটা জমা দিয়ে কোর্টে যেতে হবে অথবা ৫০ পার্সেন্ট জমা দিয়ে বোর্ড অব রেভেনিউ-এর কাছে যেতে হবে। সেজন্য

এই রকম যদি অ্যামেন্ডমেন্ট আনেন, তা হ'লে আপনার উদ্দেশ্য সফল হবে, অসাধু ব্যবসায়ীরা পর্যুদস্ত হবে এবং সরকারের টাকা ভালভাবে আদায় হবে এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-20—3-30 p.m.]

শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ মাননীয় স্পীকার মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় ওয়েস্টবেঙ্গল ট্যাক্সেসন লজ (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৩ যেটা এনেছেন সেই বিল অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং যুগোপযোগী। আজকের দিনে আমরা দেখতে পাচ্ছি অনেক অসাধু ব্যবসায়ী দিনের পর দিন ট্যাক্স ফাঁকি দিচ্ছেন এবং সরকারকে তাঁর ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করছেন এবং সেই জন্যই আমাদের অর্থমন্ত্রী মহাশয় এই বিল এনেছেন। এই বিল অত্যন্ত যুযোপযোগী এবং সরকারের ন্যায্য প্রাপ্য আদায় করবার একটি উপযুক্ত পন্থা। সরকারের প্রাপ্য সেলস্ ট্যাক্স আদায়ের ক্ষেত্রে যে বিলম্ব এবং অসুবিধা বর্তমানে রয়েছে সেটা দূর করা একান্তই প্রয়োজন। আমরা দেখতে পাচ্ছি বিক্রয় কর যেটা দেওয়া হয় সেই করকে সার্টিফিকেট প্রসিডিংস্ ক'রে আদায় করতে হয়। পাবলিক ডিম্যান্ডস্ রিকভারি অ্যাক্ট যেটা আছে তার মধ্য দিয়ে আমরা সরকারের এই প্রাপ্য টাকা আদায় করতে পারি এটা সত্য কথা। কিন্তু আমরা দেখছি বড় বড় অসাধু ব্যবসায়ীরা সার্টিফিকেট প্রসিডিংস্ বা অন্যান্য উপায়ে আদালতের সাহায্য নেয় বা অফিসারদের কাছে অন্য রকম কৈফিয়ত দাবি করে এবং অযথা সরকারের প্রাপ্য দিতে বিলম্ব করে। কাজেই এগুলি দূর করবার জন্য এই বিল আনার দরকার ছিল। আমরা দেখছি জটিলতা দূর করবার একটা প্রচেষ্টা এই বিলের মধ্যে রয়েছে। যাতে কোন রকম বিলম্ব করতে না পারে বা সেই রকম কোন সুযোগ দেবার কোন চেষ্টা এই বিলের মধ্যে নেই। তবে এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই এবং সেটা হচ্ছে কৈফিয়ত বা অন্য কোন উপায়ে ওই অসাধু ব্যবসায়ীরা যাতে বিলম্ব করতে না পারে তার জন্য কিন্তু কোন ব্যবস্থা দেখছি না। এই সমস্ত অসাধু ব্যবসায়ী যাদের কাছে ট্যাক্সের অংক বাকী রয়েছে তারা সেই ট্যাক্সের অংক না দিয়ে বিভিন্ন সময়ে হয়ত কোর্টের আশ্রয় নিতে পারে বা কোর্টের শরণাপন্ন হতে পারে। কাজেই এমন একটা ধারা এর মধ্যে থাকা উচিত ছিল যাতে কোর্টে যাবার কোন অধিকার ওই ব্যক্তির না থাকে। যাদের কাছে সেলস্ ট্যাক্স, মোটর স্পিরিট ট্যাক্স বাকী রয়েছে তাদের সেই ট্যাক্স নিশ্চয়ই দিতে হবে। আমরা অনেক সময় দেখেছি যারা গরিব ব্যবসায়ী তারা তাদের দেয় ট্যাক্স সরকারকে দিয়ে দেন। কিন্তু বড় বড় অসাধু ব্যবসায়ীরা অনেক সময় ছলে বলে কৌশলে সরকারকে ন্যায্য ট্যাক্স থেকে বঞ্চিত করে। কাজেই আমি দাবি করছি, এইসমস্ত ট্যাক্স আদায় করবার জন্য আমাদের কঠোর হস্তে এগিয়ে যেতে হবে এবং যারা অযথা বিলম্ব করে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে। তবে একথা ঠিক শুধুমাত্র বিলের মাধ্যমে এই উদ্দেশ্য সিদ্ধ হবে না, যারা এই সেলস্ ট্যাক্স আদায়ে বিলম্ব ঘটায় তাদের যদি মাঝে মাঝে আইনের মাধ্যমে শাস্তি দেবার ব্যবস্থা থাকে, তা হ'লে তারা এই রকম কাজ করতে আর সাহস করবে না। একথা ব'লে এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ্।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় স্পীকার মহাশয়, আজকে অর্থমন্ত্রী মহাশয় ওয়েস্টবেঙ্গল ট্যাক্সেসন লজ (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৩ যেটা উপস্থাপিত করেছেন আমি সভার একজন সদস্য হিসাবে তাকে পূর্ণ সমর্থন করছি। ঠিক সময় কর আদায়ের এই প্রচেষ্টা বা কর আদায়ের পদ্ধতি ত্বরান্বিত করবার এই যে প্রচেষ্টা এটা নিশ্চিতভাবে অভিনন্দনযোগ্য। আমরা দেখেছি পশ্চিমবাংলার বুকে সরকারী প্রশাসনযন্ত্র যে আইনের মার-প্যাঁচে বাঁধা ছিল তাতে বিক্রয় কর ধার্যের ক্ষেত্রে বা অনাদায়ী করের ক্ষেত্রে শুনানীর মূলতঃ ৩টি স্টেজ ছিল। ফার্স্ট স্টেজ অ্যাসেসমেন্ট স্টেজ, সেকেন্ড স্টেজ, রিপিল স্টেজ, থার্ড স্টেজ রিভিসন স্টেজ। এই অ্যাসেসমেন্ট, রিপিল অ্যান্ড রিভিসন, এই তিনটি স্টেজে শুনানী হবার পর অনাদায়ী করের পরিমাণ নির্ধারিত হত। পূর্বের আইনে দেখেছি এই অনাদায়ী করের পরিমাণ নির্ধারিত হবার পরেও সার্টিফিকেট প্রসিডিংসের ব্যবস্থা ছিল এবং সে ব্যবস্থা থাকার কারণ হচ্ছে এই অনাদায়ী করের পরিমাণ

যথাযথ কিনা বা লায়াবিলিটি জাস্টিফায়াবেল কিনা। আমি যে এই সংশোধনীকে স্বাগত জানাচ্ছি তার কারণ হচ্ছে অ্যাসেসমেন্ট, রিপিল অ্যান্ড রিভিসনের দ্বারা অনাদায়ী করের পরিমাণ যথাযোগ্যভাবে নির্ধারিত হতে পারে এবং তার জন্য নূতন করে কর আদায়ের পরিমাণ নির্ধারিত করবার জন্য সার্টিফিকেট প্রসিডিংসের কোন প্রয়োজনীয়তা থাকতে পারে না। জাস্টিসের জন্য এই সার্টিফিকেট প্রসিডিংসের কোন প্রয়োজনীয়তা আছে ব'লে আমি মনে করি না। মাননীয় স্পীকার মহাশয়, এই এভিডেন্স ট্রায়াল পদ্ধতিকে বিলম্বিত করে এবং ইভেসনের পদ্ধতিকে স্বভাবতঃই উৎসাহিত করেছিল। এই যে সংশোধনী এল এতে গরিবের স্বার্থের কোন হের-ফের নেই, কিন্তু এর মাধ্যমে দীর্ঘদিন ধ'রে কর দেবার পদ্ধতিকে যারা বিলম্বিত করেছিল সেই অসাধু ব্যবসায়ী, ফাটকাবাজ, কালোবাজারী, যারা কর ফাঁকি দিত তাদের মূলে কুঠারাঘাত করা হয়েছে। অমরা অর্থমন্ত্রীর ভাষণে দেখেছি যে, এই সার্টিফিকেট প্রসিডিংসের ব্যবস্থা মহারাষ্ট্রে বিভিন্ন অঙ্গরাজ্যে নেই। মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি জিনিস দেখে আশ্চর্য হই বিভিন্ন সরকার বার বার পশ্চিমবাংলার বুকে এসে বিপ্লববাদ, সমাজবাদের কথা বলেছে, ফাটকাবাজ, কালোবাজারীদের বিরুদ্ধে কথা বলেছে, মেহনতী মানুষের স্বার্থের কথা বলেছে, কিন্তু কিভাবে এই কর ফাঁকি রোধ করা যায়, কিভাবে এই টাকা সোসাল বেনিফিট্‌সের কাজে লাগানো যায়, উন্নয়নমূলক কাজে লাগানো যায় সেই ব্যবস্থা মহারাষ্ট্রে এবং অন্যান্য অঙ্গরাজ্যে প্রবর্তিত হ'লেও আমাদের পশ্চিমবাংলার বুকে কিন্তু সেটা হয় নি। আজকে এই প্রথম অর্থমন্ত্রী মহাশয় এই ধরনের সংশোধনী এনে কালোবাজারী, মুনাফাখোররা কর ফাঁকি দেবার যে প্রচেষ্টা চালাচ্ছিল তার মূলে কুঠারাঘাত হেনেছেন এবং কর দেবার পদ্ধতিকে যে বিলম্বিত করা হচ্ছিল তাকে ত্বরান্বিত করবার জন্য প্রচেষ্টা করেছেন। কাজেই আমি তাকে নিশ্চিতভাবে এই ব্যাপারে সমর্থন জানাই।

এতদিন পর্যন্ত আমরা দেখেছি এই টাকাটা বড়লোকেরা কোর্টের সাহায্য নিয়ে আটকে রেখে দিত। এই টাকাটা এখন সরকারের হাতে আসবে এবং তার ফলে সোস্যাল বেনিফিট সেকটারে এই টাকাটা সরকার কাজে লাগাবে। ইন্ডিয়া হচ্ছে একটা সোশ্যাল ওয়েলফেয়ার স্টেট। সেই জন্য সোশ্যাল বেনিফিট সেকটারে এই টাকাটা কাজে লাগতে পারে এবং এই সোশ্যাল বেনিফিট সেকটারে এই টাকাটা যদি কাজে লাগে, তা হ'লে নিশ্চয় জনকল্যাণমূলক কাজ সরকার ত্বরান্বিত করতে পারে। আমি একটা কথা বলি, পুরানো আইনে যা ছিল সেই আইনে আমরা দেখেছি সরকারের অফিসারদের সঙ্গে যুক্ত হয়ে কোটি কোটি টাকা বাকি ফেলে রাখতো। এটা নিশ্চিন্ত-ভাবে স্বীকার করতে হবে যে, স্টেট বাজেট বা রাজ্য সরকারের বাজেটে বিক্রয় কর হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ। এই সংশোধনী আরো সমর্থনযোগ্য এই কারণে যে, এই সংশোধনীর মাধ্যমে বিক্রয় কর আদায়ের মাধ্যমে এবং পরিচালনার ক্ষেত্রে যে ব্যয় হচ্ছিল সেই ব্যয় কমে যাবে। আর একটা কথা পিন পয়েন্ট ক'রে বলা দরকার যে, যে কোন কর বসিয়ে অর্থনৈতিক উন্নতির কাজে লাগাতে হ'লে কর নীতিকে ইলাস্টিক করা প্রয়োজন। এই সংশোধনীর মাধ্যমে আমরা লক্ষ্য করেছি সার্টিফিকেট বা অন্য ব্যবস্থায় কতকগুলি অতিরিক্ত অফিসারকে নিয়োগ ক'রে রাখতে হত এবং তার ফলে করের যে আয় সেটা জনকল্যাণের জন্য কাজে লাগাত না। কেবলমাত্র সংশোধনীর মাধ্যমে আইন আনলেই চলবে না এবং কর দ্রুতভাবে আদায় করা সম্ভব হবে না। যতক্ষণ পর্যন্ত না আমাদের প্রশাসন যন্ত্রকে শক্তিশালী করতে পারছি, প্রশাসন যন্ত্রকে দুর্নীতিমুক্ত করতে পারছি, যতক্ষণ পর্যন্ত না আমরা এই ফাটকাবাজী, কালোবাজারীর বিরুদ্ধে সরকারী প্রশাসন যন্ত্রের মাধ্যমে যথ যথ শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করতে পারছি ততক্ষণ পর্যন্ত এটা হবে না। সেই জন্য এই আইনকে কার্যকর করতে গেলে প্রশাসন যন্ত্রকে শক্তিশালী এবং দুর্নীতিমুক্ত করতে হবে। এই কালোবাজারীরা, মুনাফাখোর, ফাটকাবাজীর দল যারা দীর্ঘদিন ধ'রে এই কর ফাঁকি দিয়ে সরকারী টাকাকে ব্যক্তিগত কাজে লাগাবার প্রচেষ্টা চালাচ্ছিল তাদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা করতে হবে। তা যদি না করা যায়, তা হ'লে এই আইনের যে মহৎ উদ্দেশ্য - কর আদায় ক'রে সোশ্যাল বেনিফিট সেকটারে বা সমাজ কল্যাণমূলক কাজে সরকার

এগিয়ে নিয়ে যাবেন এই যে প্রচেষ্টা এটা সফল হতে পারে না, সার্থক হতে পারে না। সেইজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে এই দিকটার প্রতি লক্ষ্য রাখতে আমি বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

শ্রীনরেশচন্দ্র চাকী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন আমি সেই বিল সমর্থন করি, কারণ এই বিলটা প্রগ্রেসিভ, আমি সমর্থন করি এই জন্য যে, মাননীয় মন্ত্রিমহাশয় প্রমাণ করেছেন যে, বর্তমান সরকার প্রগতির ধারক এবং বাহক। আমি এই বিলকে এই জন্য সমর্থন করি যে, মাননীয় অর্থমন্ত্রী প্রমাণ করেছেন, যারা ধনী এবং পুঁজিপতি এবং শোষক, যারা সাধারণ মানুষের উপর অত্যাচার চালায় এইসব পুঁজিপতিদের বিরুদ্ধে বর্তমান সরকারের সংগ্রাম চলছে এবং চলবে। এই কথাগুলি এই বিলের মাধ্যমে প্রচার করা হচ্ছে। এই সরকার প্রগতিশীলতার ধারক এবং বাহক সেই জন্য আমি এই বিলকে সমর্থন করছি। আজকে পরিষ্কারভাবে আমরা দেখছি যে, পশ্চিমবঙ্গ সরকার সমাজে যে হ্যাভ এবং হ্যাভ-নট আছে এই সরকার হ্যাভ-নটসের কথাই বলেন। অনেক বামপন্থী দলের লোকেরা আছেন যাঁরা মুখে বড় বড় কথা বলেন, যাঁরা এই বিধানসভায় হ্যাভ-নটসের রায় নিয়ে এসে ক্ষমতা দখল করেছিলেন, আমরা খুশি হতাম যদি আমাদের সরকারের অর্থমন্ত্রী এই বিল না এনে সি পি এম-এর মন্ত্রীরা বা যুক্তফ্রন্টের মন্ত্রীরা যাঁরা মুখে বলেন যে, তাঁরা হ্যাভ-নটসের কথা সব সময় ভাবেন তা যদি তাঁরা কার্যে পরিণত করতেন। কিন্তু আমরা দেখছি তাঁরা হ্যাভ-নটসের দোহাই দিয়ে, হ্যাভ-নটসের স্বার্থের কথা বলে এই গদিতে বসে তাঁরাই হ্যাভ-নটসদের সঙ্গে চরম বিশ্বাসঘাতকতা করেছিলেন। এই সব কারণের জন্যই এই বিল তারা আনেন নি। আমাদের সরকার হ্যাভ-নটসের স্বার্থকে রক্ষা করবার জন্য পুঁজিপতিদের বিরুদ্ধে আইন এনে প্রমাণ করেছেন যে তাঁরা হ্যাভ-নটসদের দলে।

[3-30—4-05 p.m. including adjournment.]

সুতরাং সরকার এই আইনের ধনিকদের হাত বেঁধে দিয়ে ঠিক সময় টাকাটা সরকারের হাতে এনে দিয়ে হ্যাভ-নটদের স্বার্থ পুরোপুরি রক্ষা করার চেষ্টা করছেন। এই জন্য এই বিলকে সমর্থন করি এবং স্বাগত জানাই মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে। আজকে কালোটাকার বিরুদ্ধে আমরা সবাই কথা বলছি, কালোটাকা কি ভাবে তৈরি হচ্ছে? আজকে গোড়ায় হাত দিতে হবে, রবীন্দ্রনাথ বঙ্কিমচন্দ্র বলেছিলেন আজকে সমাজেও এর বড় বড় গলদের কথা বললে হবে না, নৌকার তলার বাঁধন যেখানে আলগা সেখানে আমাদের হাত দিতে হবে। খালি আমরা কালো-টাকা কালোটাকা বলে চেঁচাই, কালোটাকা কিভাবে তৈরি হয়, কালোটাকার পাহাড় কি ভাবে সৃষ্টি হয়েছে তার মূল কথা যদি আমরা চিন্তা না করি, গোড়ায় যদি হাত না দিই, তা হলে তো কালোটাকা রোধ করা যাবে না। আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে আমি স্বাগত জানাই, সমর্থন করি এই জন্য যে কর ফাঁকি দিয়ে এইসব পুঁজিপতিরা, ধনিক স্বার্থবাজেরা টাকা হাতে রেখে কালোটাকার পাহাড় বানানোর সুযোগ পায়, এই সুযোগকে আজকে এই আইনের মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয় আঘাত হানবার চেষ্টা করেছেন। তাঁকে আমি স্বগত জানাই, সমর্থন করি। সবচেয়ে বড় কথা সমাজতন্ত্রের কথা আমরা বলি, মুখে সমাজতন্ত্রের কথা বলি, মিটিং-এ সমাজতন্ত্রের কথা বলি, মাথার ঘাম পায়ে ফেলি বক্তৃতা করার সময়ে, কিন্তু মুখে বক্তৃতা করলে সমাজতন্ত্র আসবে না, সেদিন আর নেই। সাধারণ মানুষকে সমাজতন্ত্রের স্তোকবাক্য দিয়ে ঘুম পাড়িয়ে রাখা যাবে না, সেদিন চলে গিয়েছে। সমাজতন্ত্রের কথা শুধু বললেই হবে না কাজের দ্বারা প্রমাণ করতে হবে যে, আমরা সত্যিকারের সমাজতন্ত্র চাই এবং সমাজতন্ত্র কায়েম করতে চাই। আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে আমি সমর্থন করি, তিনি সমাজতন্ত্রের কথা শুধু মুখে বলেন না, আজকে এই বিলের মধ্যে দিয়ে তিনি প্রমাণ করেছেন যে, এই সরকার সমাজতন্ত্র আনতে চায়, এই সরকার ধনী ও দারিদ্রের বৈষম্য ঘুচিয়ে দেশে সমাজতন্ত্র কায়েম করে দেশের অর্থনৈতিক অবস্থাকে উন্নত করে দেশের অর্থনৈতিক বৈষম্যকে ঘোচাতে চায়—এই প্রমাণ তিনি করেছেন এই বিলের মাধ্যমে। আমি তাই এই বিলকে সমর্থন করি এবং মাননীয় অর্থমন্ত্রী

মহাশয়কে আমি অনুরোধ করছি, এই ধরনের বিল আরো কোথায় কোথায় আনা যায়—আপনি আইনজ্ঞ লোক, আপনি দয়া ক'রে খতিয়ে দেখুন, কোথায় কোথায় কোন্ আইনের ফাঁক দিয়ে আজকে দেশের ধনিক শ্রেণী অনেক ফাঁকি দিয়ে, সরকারের ট্যাক্সকে বঞ্চনা ক'রে, দেশের মানুষকে বঞ্চনা করছে। মাননীয়া প্রধান মন্ত্রী মহাশয়া সংবিধান সংশোধন করেছেন। আমি আজকে গর্বিত মাননীয়া প্রধান মন্ত্রীর দলের একজন অংশীদার হিসাবে, ধনিক শোষকদের হাতকে বেঁধে দেবার জন্য ফান্ডামেন্টাল রাইটস্‌কে যদি আজকে সংশোধন করতে হয়, তা হ'লে তা নিশ্চয় করতে হবে এবং তারই প্রতিধ্বনি হয়েছে মাননীয়া প্রধান মন্ত্রী সংবিধান সংশোধন ক'রে পার্লামেন্টে যে কথা বলেছেন। তিনি যে নীতি সেখানে ঘোষণা করেছেন, আজকে এই বিলের মাধ্যমে অর্থমন্ত্রী সেই কথার প্রতিধ্বনি করেছেন। তাই আমি আজকে এই বিলকে সমর্থন করি এবং সমর্থন ক'রে আমি আমাদের বক্তব্য শেষ করছি। জয় হিন্দ, বন্দে মাতরম্।

শ্রীশঙ্কর ঘোষ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত মাননীয় সদস্য যখন এই বিলটিকে সমর্থন জানিয়েছেন তখন আমি এই বিষয়ে আর কিছু বলতে চাই না, আমি মাননীয় সদস্যদের ধন্যবাদ জানাচ্ছি। আর তিমিরবরণ ভাদুড়ী মহাশয়কেও ধন্যবাদ জানাচ্ছি তিনি যে নজির সৃষ্টি করেছেন অ্যামেন্ডমেন্টটা প্রত্যাহার ক'রে তার জন্য তাঁকে বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি।

The motion of Shri Sankar Ghose that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2, 3 and 4

The question that Clauses 1, 2, 3, and 4 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 5 and the Preamble

Mr. Speaker: There is one amendment in the name of Shri Harasankar Bhattacharyya in clause 5. I understand that he is not going to move his amendment. So I put clause 5 and Preamble to vote.

The question that clause 5 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Sankar Ghose: Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for half an hour.)

[4-05—4-15 p.m.]

(After adjournment)

The West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1973

Shri Gurupada Khan: Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1973.

(Secretary then read the title of the Bill.)

Shri Gurupada Khan: Sir, I beg to move that the West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1973, be taken into consideration.

শ্রীগুরুপদ খান:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৫৩ সালের পশ্চিমবঙ্গ জমিদারী উচ্ছেদ আইনের মুখ্য উদ্দেশ্য ছিল দুটি—রায়ত ও সরকারের মধ্যবর্তী সকল প্রকার স্বত্বের বিলোপসাধন এবং জমির

মালিকানার কেন্দ্রীভবন খর্ব করা। মধ্যস্বত্বের বিলোপসাধন এখন সম্পূর্ণ, কিন্তু দ্বিতীয় লক্ষ্যে পৌঁছাবার পথে কিছু বড় জোতদাররা নানান কৌশলে বাধা সৃষ্টি ক'রে আসছেন। বিধিবন্ধ আইনের বিধান সহজ মনে মেনে না নিয়ে তাঁরা জমি হস্তান্তর ক'রে, বেনামে রেখে, জমির শ্রেনীর পরিবর্তনসাধন করার চেষ্টা করে ও আরও নানান কূট কৌশলের আশ্রয় নিয়ে আইনে নির্দিষ্ট ঊর্ধ্বসীমার বহির্ভূত জমি নিজ দখলে রাখার চেষ্টা করেছেন। তাঁদের এই অপপ্রয়াস ব্যর্থ করার জন্য উক্ত আইনের ৫(ক) বা ৪৪(২ক) ধারা অনুযায়ী সংশ্লিষ্ট আধিকারিকরা প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন ক'রে হাজার হাজার বে-আইনী-ভাবে রাখা জমির সন্ধান পেয়েছেন এবং সরকারে ন্যস্ত হয়েছে ব'লে সিদ্ধান্ত করেছেন। যদি কোন জমির মালিক সত্যই বিশ্বাস ক'রে থাকেন যে, রাজস্ব আধিকারিকদের গৃহীত সিদ্ধান্ত ভুল, তবে আইনটিতেই তাঁদের জন্য প্রতিকারের পথ উন্মুক্ত আছে—স্পেশাল জজ বা ট্রাইব্যুনালের কাছে আপীলের মাধ্যমে। কিন্তু শুধু আইনটিতে প্রদত্ত সুযোগ গ্রহণে ক্ষান্ত না হয়ে এবং অনেক ক্ষেত্রে আইনের নির্দিষ্ট প্রতিকার ব্যবস্থা সযত্নে পরিহার ক'রে তাঁরা তাঁদের বে-আইনীভাবে রাখা জমি যাতে সরকারের খাস দখলে না আসতে পারে, তার জন্য দেওয়ানী আদালতে নানান রকমের মামলা সরকারের বিরুদ্ধে রুজু করেছেন। সমস্যাটি এমন গুরুতর হয়েছে যে, সরকারের পক্ষে এ ব্যাপারে আর উদাসীন থাকার অর্থ হবে ভূমিহীনদের প্রতি সরকারের নৈতিক দায়িত্ব ও প্রতিশ্রুতি পালনে অবহেলা করা। পশ্চিমবঙ্গ জমিদারী আইনের বলে কোন জমি মালিকের নিজ দখলে রাখা যাবে বা যাবে না মাত্র এই বিষয়ের উপর ভিত্তি ক'রে বিভিন্ন আদালতে হাজার হাজার দেওয়ানী মামলা বিচারের অপেক্ষায় আছে।

শুধু দেওয়ানী মামলায় ইনজাংসনের জন্যই প্রায় ৬৭,০০০ একর জমি রাজস্ব আধিকারিক-দের বিচারে সরকারে ন্যস্ত হওয়া সত্ত্বেও সরকারের দখলে আসতে পারা যায় নি। এসব মামলার বিচার সংশ্লিষ্ট সকলের পক্ষেই সময় ও ব্যয় সাপেক্ষ। দেশের আদালতের প্রতি এই সরকার যথেষ্ট শ্রদ্ধা পোষণ ক'রে থাকেন; কিন্তু যখন দেখা যাচ্ছে যে, কিছু কিছু স্বার্থান্বেষী প্রতিক্রিয়াশীল ব্যক্তি প্রচলিত আইন ব্যবস্থার সুযোগের অপব্যবহার ক'রে সরকারের জনকল্যাণকর সিদ্ধান্তসকল কার্যকর করার পক্ষে বাধা সৃষ্টি করছেন। এ অবস্থায় সরকার নিষ্ক্রিয় থাকতে পারেন না। পশ্চিমবঙ্গ জমিদারী উচ্ছেদ আইনের ঈপ্সিত লক্ষ্যে পৌঁছিবার পথ সুগম করার জন্যই বর্তমান সংশোধনী বিধেয়কটি এই সভার সম্মুখে আনা হয়েছে।

পশ্চিমবঙ্গ জমিদারী উচ্ছেদ আইনের ৪৬ ধারাতে সেটেলমেন্ট রেকর্ড-অব্-রাইটস্ চূড়ান্ত না হওয়া পর্যন্ত সিভিল কোর্টের এক্তিয়ার বন্ধ রাখা হয়েছিল। ঐ ৪৬ ধারাটি তুলে দিয়ে তার বিধানগুলিকেই ৫৭(খ) ধারার (১) উপধারাতে একত্রে সন্নিবিষ্ট করা হয়েছে—সিভিল কোর্টের এক্তিয়ার বন্ধ রাখার সব বিধানগুলিকে অনুধাবনের সুবিধার জন্য।

সেটেলমেন্ট রেকর্ড চূড়ান্ত হবার পরেও ঐ রেকর্ডের কোন এন্ট্রিকে পরিবর্তন করার জন্য আর সিভিল কোর্টের সরণ লওয়ার প্রয়োজন হবে না—এই বিধান করা হয়েছে ৫৭(খ) ধারার (২) উপধারাতে।

বর্তমান সংশোধনী বিলটি গৃহীত হ'লে নিম্নলিখিত বিষয়ে দেওয়ানী আদালতের বিচার করবার কোন এক্তিয়ার থাকবে না—

(১) সেটেলমেন্ট রেকর্ডের কোন পরিবর্তন সাধনের ব্যাপারে;

(২) পশ্চিমবঙ্গ জমিদারী উচ্ছেদ আইন অনুযায়ী কোন জমি নিজ দখলে রাখবার অধিকারের ব্যাপারে; এবং

(৩) যে ব্যাপারে উক্ত আইনের বিধানবলে সিদ্ধান্ত নিতে হবে অথবা ইতঃপূর্বেই সিদ্ধান্ত নেওয়া হয়েছে সে ব্যাপারে।

ইতঃপূর্বেই এইসকল ব্যাপারে দেওয়ানী আদালতে যে সকল মামলা রুজু করা হয়েছে, আইনটি কার্যকর করার পর সেগুলির অবসান (অ্যাবেট) হবে। কোন জমি কেউ আইনের ৬ ধারার বলে নিজ দখলে রাখতে পারেন কিনা, তার বিচার করবেন সহকারী ভূ-বাসন আধিকারিক (সেটেলমেন্ট অফিসার) বা তদূর্ধ্ব মর্যাদাসম্পন্ন নির্দিষ্ট আধিকারিকের কাছে আপীল করতে পারবেন।

আইনের বর্তমান বিধান অনুযায়ী কোন মধ্যস্বত্বাধিকারীর প্রাপ্য ক্ষতিপূরণের অর্ধেকের বেশী সরকারের বকেয়া প্রাপ্য বাবতে কেটে নেওয়া যায় না, যদি না ঐ মধ্যস্বত্বাধিকারী আইনের ৯ ধারা অনুসারে তার প্রাপ্য বকেয়া খাজনার আদায়ের জন্য সরকারকে ভার দিয়ে থাকেন এবং লিখিতভাবে সম্মতি দেন।

৭ ধারার (১) উপধারার প্রস্তাবিত সংশোধনের ফলে কোন মধ্যস্বত্বাধিকারী ৯ ধারা মতে সরকারকে তাঁর প্রাপ্য বকেয়া খাজনা আদায়ের ভার দিয়ে থাকুন, আর না থাকুন, তিনি লিখিতভাবে সম্মতি দিলেই সরকারকে দেয় তার সমুদয় টাকা তাঁর প্রাপ্য ক্ষতিপূরণের টাকার থেকে শোধ (অ্যাডজাস্ট) করতে পারবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি মাননীয় সদস্যগণ আলোচ্য বিধেয়কটি সমর্থন করবেন।

[4-15—4-25 p.m.]

Shri Timir Baran Bhaduri: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th June, 1973.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক ভেবে চিন্তে আমাদের ভূমিরাজস্বমন্ত্রী আমাদের এই সভার সামনে একটা বিল উত্থাপন করলেন। এই বিল উত্থাপনের ভেতরে যে কথা ১৯৫৩ সাল থেকে আমরা শুনে আসছি এই হাউসে সেই কথাই এই হাউসের সামনে রাখতে গিয়ে আমার যে কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, বা আমার অ্যামেন্ডমেন্ট যে সার্কুলেসন মোশানের জন্য তা আমি মুভ করছি। তার একটা কারণ আছে যে আইন হাউসে রাখা হচ্ছে তা দ্বারা জোতদার, জমিদার-দের একটা সুযোগ করে দেওয়া হচ্ছে। যতগুলি আইন ১৯৫৩ সাল থেকে পশ্চিমবাংলায় রচিত হয়েছে সমস্ত আইনের ফাঁক এবং গর্ত দিয়ে ভূমিরাজস্বমন্ত্রীর দ্বারে বা ভূমিরাজস্বমন্ত্রীর মন্ত্রিসভার কেউ কেউ সেই জোতদার জমিদারদের শ্রেণী থেকে আগত যারা তাদের স্বার্থ রক্ষিত হয়েছে। আমি একটা একটা ক'রে ইতিহাস দিচ্ছি। আপনি ইতিহাস শুনলে অবাক হবেন, এক একটা ক'রে ইতিহাস সুব্রতবাবুকে দিই, ইতিহাস শুনলে অবাক হবেন, বেশী দূর নয় সুব্রতবাবু! মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৫৩ সালে পশ্চিমবাংলায় ঘোষণা করা হয়েছিল যে, জমিদারী মধ্যস্বত্ব আইন যখন রচিত হয়েছিল তখন ঘোষণা করা হয়েছিল ৫ লক্ষ ৬৫ হাজার একর জমি উদ্বৃত্ত আছে এবং সেই উদ্বৃত্ত জমি পশ্চিমবাংলার গরিব চাষীদের মধ্যে সরকার বিলি বণ্টন, করবেন। আমরা ঐ ৫ লক্ষ ৬৫ হাজার একর জমি বিলি বণ্টনের কথা শুনেছিলাম, কিন্তু তারপর আমরা দেখলাম কি নানারকম আইনের প্যাঁচ দিয়ে তারা ৪ লক্ষ একর জমি ঐ জমিদাররা ঐ আইনের সুযোগে ৩ লক্ষ ৩২ হাজার একর জমি নিয়ে তাদের কাছে আবার সেই জমি ফিরিয়ে দিলেন। এই ৩ লক্ষ বক্রী ৩ লক্ষ ৬৫ হাজার একর জমি তার মধ্যে দেখা যাচ্ছে প্রায় দেড় লক্ষ একর জমি হাইকোর্টের ইনজাংসনে বা নিম্ন আদালতে আবদ্ধ আছে। এই যে নিম্ন আদালত বা হাইকোর্টের আবদ্ধ আছে আজ দীর্ঘদিন আমরা তা শুনে আসছি। আমি মাননীয় মন্ত্রি-মহাশয়কে বলি যে মাননীয় মন্ত্রিমহাশয় খুচ খুচ ক'রে আইন না ক'রে যেটা নির্বাচনের আগে সেন্ট্রাল গভর্নমেন্টের মন্ত্রীরা, স্বরাষ্ট্রমন্ত্রী ঘোষণা করেছিলেন যে, হাইকোর্টের আইন আমরা তুলে নেব, ম্যানডেমাস জমি সংক্রান্ত সুযোগ সুবিধা না নিতে পারে। আজকে এই সরকার

পরিবর্তনের পর ক্ষমতায় আসার পর আমরা দেখতে পাচ্ছি যে, যে সমস্ত কথা ও যে সমস্ত প্রতিশ্রুতি পশ্চিমবাংলার জনসাধারণকে দেওয়া হয়েছিল তা একটাও পালিত হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকার যেদিন থেকে প্রতিষ্ঠা হয়েছে সেদিন থেকে আমরা দেখছি এই সরকার ঘোষণা করছেন যে, আমরা জনদরদী সরকার ও আমরা গণতন্ত্র ও সমাজতন্ত্র আনতে চাই, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন শুধু জমিদার নয়, এদের নূতন নামকরণ করছি "উধাও সরকার"। এই সিদ্ধার্থশঙ্কর রায়ের মন্ত্রিসভার এটাই নাম হওয়া উচিত "উধাও সরকার"। যেদিন থেকে এঁরা ক্ষমতায় এসেছেন সেদিন থেকে পশ্চিমবাংলার জনসাধারণ গরিব মানুষ চাল, ডাল, কাপড়, ঔষধপত্র নিত্যনৈমিত্তিক জিনিস উধাও হয়ে গেছে। মার্চ মাসে আমরা কি দেখলাম - মার্চ মাসে কয়লা উধাও হয়ে গেছে, এপ্রিল মাসে গম উধাও হয়ে গেছে, মে মাসে চাল উধাও হয়ে গেছে। এখন ভূমিরাজস্বমন্ত্রী ভূমিতে হাত দিয়েছেন জানি না জমি উধাও হবে কিনা। এরা আইন ক'রে জমিদার জোতদারদের সুযোগ ক'রে দিচ্ছেন, এদের উধাও সরকার ছাড়া আর কিছু বলা চলে না। এরা আলো পর্যন্ত কেড়ে নিয়েছেন, এরা পশ্চিমবাংলা জনসাধারণকে খাবার জল পর্যন্ত ঠিকমত দিতে পারেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জমির ফিরিস্তি যদি দেখতে চাই, তা হ'লে দেখা যাবে সরষের মধ্যে ভূত আছে। এই বাংলাদেশ কাগজে আছে এই সংখ্যায় শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ের মালদহ জেলায় ৪ হাজার বিঘা জমি আত্মসাত ক'রে রেখেছেন। বাংলাদেশ কাগজে বেড়েয়েছে সাহস থাকে মন্ত্রিমণ্ডলী এর সত্যতা সম্পর্কে বিবৃতি দেবেন।

আমি নাম করে বলছি। এতো অধৈর্য হয়ে যাচ্ছেন কেন? গায়ে কাঁটা লাগছে? এই ২২৬ ধারায় ম্যানডামাস কেসে হাজার হাজার লক্ষ লক্ষ একর জমি পশ্চিমবাংলায় আটক রাখা হয়েছে এবং এই জমি যেখানে সরকারে খাস হয়েছে এবং ন্যস্ত হয়েছে গরিব চাষীদের কাছে, তারা তাদের রক্ত জলকরা পরিশ্রম ক'রে আবাদ ক'রে ফসল ফলিয়েছে, তখন এই সরকারের পুলিস এবং আমলা তারা নানাভাবে কারসাজি ক'রে জোতদারদের সঙ্গে হাত মিলিয়ে উচ্ছেদের পর উচ্ছেদ ক'রে আসছে। দীর্ঘদিন ধ'রে পশ্চিমবঙ্গের গরিব চাষীরা এই সম্পর্কে জেহাদ ঘোষণা করেছে, এই সম্পর্কে আওয়াজ বামপন্থী দলগুলো করেছে এবং বামপন্থী যুক্তফ্রন্ট হওয়ার পরে পশ্চিমবাংলায় আইন করার সাথে সাথে যে তার কাছ থেকে জমি নেওয়া যাবে না, তাই বামপন্থী দল থেকে ঘোষণা করা হয়েছিল, চাষীরা তোমরা তোমাদের অধিকার অর্জন করো, তোমরা তোমাদের ক্ষমতার জোরে জোতদার জমিদারের খাস জমি ন্যায্য জমি দখল ক'রে নাও। ও'রা আজকে নূতনভাবে আইন এনেছেন। না জানি এতে আবার কি ফিকির রেখেছেন। ভূমিরাজস্বমন্ত্রী বললেন, দেওয়ানী আদালতে যে সব মামলা হচ্ছে তাতে যাতে গরিব চাষী উপকৃত হয় তার জন্য আইন কিছুটা খর্ব করা হয়েছে। আপনি জানেন গরিব চাষী যাতে আইনের কাছে সুযোগ পায়; কিন্তু যাদের উপর বিচার করবার ক্ষমতা সেটা সেই সেটেলমেন্ট অফিসার থেকে শুরু ক'রে সব আমলাতন্ত্রের উপর। সভায় যে বিল আসছে তাতে বোঝা যাচ্ছে এ'দের আমলাতন্ত্র ছাড়া বাঁচাবার কেউ নেই। আমলাতন্ত্রকে অধিকার দিয়ে এবং আমলাতন্ত্রকে সামনে রেখে তাঁরা বিল রচনা করছেন এবং এই হাউসে এঁদের পোঁ ধরা লোক এসেছেন এবং আমলাতন্ত্রের বিরুদ্ধে জেহাদ করেন তারা কিন্তু যখন বিল আসে তখন বলেন আমলাতন্ত্রের হাত মজবুত করতে হবে, তাদের ঠিকমতো পরিচালিত করতে হবে। ও'রা মুখে এক কথা বলেন আর কাজে আর এক করেন। এই সমস্ত চাঁদেরা এসেছেন হাউসে আপনি জানেন এশিয়ার মুক্তি সূর্যের আলোয় আলোকিত হয়ে এসেছেন খোঁজ নিয়ে জানতে পারবেন পশ্চিমবাংলার জোতদার-জমিদারের দলের সমস্ত প্রতিভূ। পশ্চিমবাংলায় যদি তাকিয়ে দেখেন আজ পর্যন্ত যারা গ্রামাঞ্চলে সিদ্ধার্থবাবুর জয়গান গায়, সিদ্ধার্থবাবুর তিনরঙা ঝান্ডা নিয়ে পরিক্রমণ করে দেখা যাবে জোতদার-জমিদারের আলালের ঘরের দুলাল। এ'রা চাঁদ, এক একটি রত্ন। আজকে যদি তাকাই বাংলাদেশ কাগজে, সিদ্ধার্থবাবুর নাম ক'রে আজকে এই কাগজে বেরিয়েছে। সাহস থাকে সরকার পক্ষের লোক জবাব দেবেন। যদি জবাব না দেন, তা হ'লে বুঝবো সরষের ভেতরে ভূত লোকান আছে। ধীরেন রায় হচ্ছেন সিদ্ধার্থবাবুর নিকট আত্মীয়। এই চার বিঘা জমি তাদের নামে লুকায়িত করা হয়েছে।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার। এখানে আমাদের হাউসের নেতা মুখ্যমন্ত্রীর নাম ক'রে ধীরেন রায়ের নাম করা হয়েছে। উনি এমন-ভাবে বলেছেন যে, মুখ্যমন্ত্রীর নামে বিকল্প উপায়ে জমি চুরি ক'রে রেখেছে। এটা যদি উনি প্রমাণ না করতে পারেন, তা হ'লে এটা উনি হাউসকে মিসলিড করছেন। এর বিচার আপনার কাছে পেতে চাই। ধীরেন রায়ের সঙ্গে সম্পর্ক কি আছে এবং সিদ্ধার্থ রায়ের সঙ্গেই বা কি আছে। এখানে যদি উনি প্রমাণ করতে না পারেন, আমি অনুরোধ করবো দ্যাট পোরসান অফ হিজ মিসলিড। কেননা, এখানে আনট্রু স্টেটমেন্ট করছেন। অ্যাজ এ মেম্বার অব দি হাউস যে কোন সদস্যার কৈফয়ত নেবার অধিকার আছে। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে নেই। কিন্তু হাউসের প্রত্যেকটি সদস্যার অধিকার আছে দাঁড়িয়ে তার কৈফিয়ত নেওয়ার। যে কোন সদস্যের অধিকার আছে কৈফিয়ত নেওয়ার এবং প্রত্যেকটি সদস্যই সে কৈফিয়ত নিতে পারে। মিঃ ভাদুড়ী যে অভিযোগ করেছেন রায় ধীরেন্দ্রনারায়ণ রায় সম্পর্কে আজকে তাঁকে বলতে হবে যে, সে জমি কোথায় আছে। তা না হলে তিনি এই রকম অসত্য ভাষণ দিয়ে পশ্চিমবাংলার মানুষকে মিসলিড করে যাবেন এ কখনও হতে পারে না। আমি একথা জানি যে, আজকে হাউসকে মিসলিড করার চেষ্টা করা হয়েছে। তিনি যে স্টেটমেন্ট রাখলেন তার একটা বেসিস থাকা উচিত, তার একটা রেলেভেন্সি থাকা উচিত। আমরা জানতে চাই যে, তাঁর এই ফ্যাক্টস-এর বেসিস কি আছে। তা না হলে এই রকম একটা আনট্রু স্টেটমেন্ট স্যুড বি এক্সপাঞ্জড ফ্রম দি প্রসিডিংস্।

[4-25—4-35 p.m.]

Shri A. H. Besterwitch: Sir, he is giving the details. They should wait and raise the point of order after he has given all the details.

Mr. Deputy Speaker: Mr. Bhaduri, in your speech you have mentioned specifically the name of the Chief Minister. So, the responsibility to prove the whole case lies upon you. What you were just mentioning in your speech, reading from a paper, I could not follow. Your speech is the property of the whole House. The responsibility for establishing facts of your speech lies with you. I am sure, when you have made some absolute allegations, you will take the responsibility for the same.

Shri Abdul Bari Biswas: On a point of order.

Mr. Deputy Speaker: Mr. Biswas, you have raised a point of order and I have given my opinion about it. Now, the responsibility lies with him and your point of order at this moment does not stand.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার—আর এস পি-র সদস্য শ্রীতিমির ভাদুড়ী যে স্টেটমেন্ট দিলেন তাতে মুখ্যমন্ত্রীকে তো কটাক্ষ করা হয়েছেই এবং তার তিনি এই বিধানসভার কংগ্রেস সদস্যদের দিকে অঙ্গুলি নির্দেশ ক'রে বলেছেন যে, আমরা নাকি জোতদারদের পরিবার থেকে এসেছি এবং জোতদারদের স্বার্থ রক্ষা করছি। আমি এখানে পরিষ্কার বলতে চাই যে, আমরা যারা এখানে এসেছি তারা কেউই জোতদারদের স্বার্থ রক্ষা করার জন্য আসিনি এবং জোতদারদের পরিবার থেকেও আসিনি। আমি আরও একথা বলতে পারি যে, তিনি কোথা থেকে একটা কাগজ এনে এই রকম অশ্লীল উক্তি আপত্তিকর উক্তি ক'রে যাবেন এ হতে পারে না। আমরা এখানে যে ২১৬ জন সদস্য রয়েছি তিনি যে উক্তি করেছেন যে, আমরা সব জোতদারদের পরিবার থেকে এসেছি একথা তাঁকে প্রমাণ করতে হবে। এবং তা যদি প্রমাণ করতে না পারেন, তা হ'লে তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

(গোলমাল)

গণতান্ত্রিক অধিকার মানে এই নয় যে, যা খুশী তাই ব'লে যাওয়া, গণতান্ত্রিক অধিকার মানে কতকগুলি নোংরা শব্দ ব্যবহার করা। আমরা এখানে যেসব কংগ্রেস পক্ষের সদস্যরা আছি তাঁরা

পশ্চিমবাংলার সাড়ে চার কোটি মানুষের আশীর্বাদ নিয়ে এখানে এসেছি। অার আর এস পি-কে পশ্চিমবাংলার মানুষ ধুয়ে মুছে ফেলে দিয়েছি। আমরা যে জোতদারদের পরিবার থেকে এসেছি একথা তাঁকে প্রমাণ করতেই হবে।

Shri Kumar Dipti Sen Gupta: Sir, I rise on a point of privilege.

Shri Abdul Bari Biswas: Sir, on a point of privilege.

Mr. Deputy Speaker: Both Mr. Sen Gupta and Mr. Biswas are on their legs at the same time. So, it will not be possible for me to follow what they want to say. Mr. Biswas's point of order has already been clarified. Now Mr. Sen Gupta rose on a point of privilege. I therefore allow Mr. Sen Gupta to explain.

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এখানে মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থ-শঙ্কর রায়ের নাম আনা হয়েছে ধীরেন রায়ের সঙ্গে। স্যার, ধীরেন রায় কে বা কোথায় আছে আমরা জানি না। ধীরেন রায় যদি জমি চুরি ক'রে থাকেন, তা হ'লে তার মিসা হতে পারে, জেল হতে পারে, সব কিছু হতে পারে। কিন্তু প্রশ্নটা হচ্ছে উনি অভিযোগে ধীরেন রায়ের নাম করুন আমরা ও'কে অভিনন্দিত করবো, তার সঙ্গে যদি মাননীয় মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের নাম করেন, তা হ'লে আমরা বলবো, এটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত এবং পশ্চিমবঙ্গের জনগণের নেতা এবং জনপ্রিয় সরকারকে হেয় করবার জন্যই মুখ্যমন্ত্রীর নামটা যোগ করা হয়েছে। আমি একজন এম এল এ। আমার ১০ জন সৎ লোক থাকতে পারে, আমার আত্মীয় বন্ধু থাকতে পারে, ৩ জন অসৎ লোকও থাকতে পারে। এই ৩ জন অসৎ লোক যদি অন্যায় করে, তা হ'লে আমি কুমারদীপ্তি সেনগুপ্ত অন্যায় করলাম? আমি চুরি করলাম এটা হবে? আমাদের লোকের সামনে অভিযুক্ত হতে হবে, জনগণের আদালতে হেয় প্রতিপন্ন হতে হবে। সেই জন্য আমি আপনার কাছে প্রার্থনা করছি উনি যে নামটা ধীরেন রায় দিয়েছেন সেটা থাকবে, কিন্তু তার সঙ্গে সিদ্ধার্থশঙ্কর রায়ের আত্মীয় সেটা এক্সপোজ হবে এবং সেটা এই অ্যাসেম্বলী প্রসিডিংসের মধ্যে থাকতে পারে না। তার কারণ, এর সঙ্গে সিদ্ধার্থশঙ্কর রায়ের নামটা যুক্ত করার কোন কারণ নেই, কোন অধিকারও নেই এবং আইন সঙ্গতভাবে এটা হতে পারে না।

শ্রীআবদুল বারি বিশ্বাস: স্যার, আই ওয়ান্ট টু ক্লারিফাই মাই পোজিসান। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে পয়েন্ট অব অর্ডারটা তুললাম আপনি তার উপর যে রুলিং দিয়েছেন সেটা মানতে আমরা বাধ্য এবং মানছি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার সামনে বিনয়ের সঙ্গে একটি বক্তব্য রাখতে চাইছি। সেটা হচ্ছে এই যে, উনি ক্যাটেগোরিক্যালি বলেছেন মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের আত্মীয় ধীরেন্দ্রনারায়ণ রায় জমি বেনামে চুরি ক'রে রেখেছে। আমাদের দেশে একটি আইন আছে। আমাদের দেশে জমি চুরি ক'রে রাখা একটি অপরাধ। অপরাধীর সঙ্গে একটা রাজ্যের মুখ্যমন্ত্রী, একটা হাউসের লিডারের বিরুদ্ধে এই বক্তব্য রেখে এই বিধানসভাকে বিপথে চালিত করবার চেষ্টা হচ্ছে এবং সেই সঙ্গে সঙ্গে গোটা পশ্চিমবাংলার মানুষের কাছে তাঁদের সম্বন্ধে একটা বিভ্রান্তিকর ধারণা এনে দেবার চেষ্টা হচ্ছে এবং এটা সামগ্রিকভাবে সারা পশ্চিমবাংলার মানুষের লক্ষ্যকে যদি খর্ব করে, তা হ'লে আমরা যারা এই বিধানসভায় কংগ্রেস দলের লোক আছি আমরা মনে করি আমাদের সকলের স্বার্থ ও অধিকারকে ক্ষুণ্ণ করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি তাই আপনার কাছে অনুরোধ করবো যে, মাননীয় সদস্য তিমিরবরণ ভাদুড়ীকে আপনি এখুনি বলুন যে, তিনি সাবসটানসিয়েট করুন এবং ক'রে এই কথা প্রমাণ করুন যে, এক্সট্রা ল্যান্ড ধীরেন রায়ের আছে। আমি তাঁকে চ্যালেঞ্জ জানিয়ে বলছি সিদ্ধার্থ রায়ের জমি কোন মতেই নেই, এক্সট্রা ল্যান্ড তো নেইই। আর তা যদি না করতে পারেন, তা হ'লে তাঁকে এই কথা উইথড্র করতে হবে। সেটা যদি উইথড্র তিনি না করেন, তা হ'লে আমি আপনার কাছে প্রোটেকসান চাইব এবং আমরা যারা সদস্য আছি এটার বিচার চাইছি for his untrue and vexatious statement about the Chief Minister.

শ্রীমনোরঞ্জন প্রামাণিক: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এটা পরিষ্কারভাবে বোঝা যাচ্ছে যে, একটা দুরভিসন্ধিমূলক অভিসন্ধি নিয়ে উনি এই হাউস, আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রীকে অপমান করেছেন এবং তাঁকেও জড়িয়েছেন। শুধু তাই নয়, আমরা অত্যন্ত গরিব ঘর এবং শিক্ষকতা করি এইরকম ঘর থেকে এই হাউসে এসেছি, জোতদারদের দালালী করবার জন্য আমরা এখানে আসি নি। আমরা জনসাধারণের ভোটে এখানে এসেছি এবং জনসাধারণ তাদের সেবা করবার জন্য আমাদের এখানে পাঠিয়েছেন। লক্ষ লক্ষ গরিব মানুষ ভোটের মাধ্যমে আমাদের নির্বাচিত করেছেন এবং ওদেরকে ডাস্টবিনে ফেলে দিয়েছেন। আজকে ডাস্টবিনে ফেলে দিয়েছে সেইসব ব্যক্তি যদি আমাদের জোতদারদের দালাল বলে এই রকমভাবে অভিসন্ধিমূলক বক্তৃতা করে, তা হ'লে স্যার, আমরা আপনার কাছে প্রোটেকসান চাইছি এবং আপনি নিশ্চয় এই বিচারের ব্যবস্থা করবেন এবং তিমিরবাবুর নিশ্চয় শাস্তিবিধানের ব্যবস্থা করবেন এই দাবি আমি আপনার কাছে রাখছি।

[4-35—4-45 p.m.]

Shri A. H. Besterwitch: Mr. Deputy Speaker, Sir, I don't know why there has been so much fuss about it. It seems that Congress Members have mistaken the point. There are some allegations......

Shri Abdul Bari Biswas: Sir, I object to this--it is a slur on us.

(Noise and interruptions.)

Mr. Deputy Speaker: Please take your seats. I have allowed Shri Besterwitch to speak and he should not be interrupted. Please allow him to finish.

Shri Abdul Bari Biswas: He must withdraw it, Sir.

Shri A. H. Besterwitch: It will not be withdrawn. Take it to the Privilege Committee—we will prove it.

(Noise and interruptions.)

Mr. Deputy Speaker: Please take your seats. Let us hear what he has got to say.

Shri A. H. Besterwitch: As I was saying, Sir, there has been some allegation. Previously, allegations were made against us also but we did not make such noise. See to the end. Here the question is that it has to be proved with facts and figures. Facts and figures will be given and if you are not satisfied then it will be for you to take the matter to the Privilege Committee. Sir, they should not make so much noise. The Minister has got a Bill on which we are to place some facts. Why are we saying all these things, Sir?

We are speaking for a long time regarding this land reform and still we find that there are loopholes in it. There may be difference of expression here and there but wait and see whether he can give the facts. It is for you to accept it or not. That is a different matter. He has made certain allegations which he has seen in a newspaper. Shri Bhaduri has said that there are persons who are holding huge quantity of land by benami in different names. He has seen it in a newspaper and so he has expressed it in the House. This is the state of affair. He will certainly give the facts. If you do not want to accept it, chuck it out. Sir, I am very much surprised to hear objections from the Congress Benches. So, I have got to clear this thing. If you do not want to hear us we will go away. We know where the shoe pinches. We are here to pinpoint the matter and if it is acceptable, well and good, if it is not, chuck it out. He has stated in the House that he has seen in a paper that Siddhartha Babu has got 4,000 bighas or 4,000 acres of land, whatever it may be, and he has given power of attorney to one Dhiren Roy. It is in the

paper. The name of the whole family of Siddhartha Babu is in the paper. So, listen to Shri Bhaduri and see whether he can give the facts. If it is not acceptable to you, challenge it.

শ্রীজয়নাল আবেদিনঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় বেস্টারউইচ সাহেব যে বক্তব্য রাখলেন তাতে আমার মনে হচ্ছে। প্রথম কংগ্রেস সদস্যদের একদা দেখে তিনি বিচলিত হচ্ছেন এবং তাঁকে অত্যন্ত বিনয়ের সঙ্গে জানাতে চাই যে, কংগ্রেসকে ভাঙা চলবে না। একটি কংগ্রেস সদস্যর গায়ে আঁচর লাগলে সবাই বিরোধিতা করবে। দ্বিতীয় এখানে উনি মাননীয় মুখ্যমন্ত্রী সম্পর্কে কিছু উক্তি রেখেছেন এবং আশা করব এই হাউসের ট্রাডিশন অনুযায়ী তা প্রমাণ করবার দায়িত্ব উনি নেবেন। আর একটা হচ্ছে, উনি যে মাননীয় কংগ্রেস সদস্যদের বাধা দেওয়ার কথা বলেছেন তাতে এই হাউসে যদি কেউ কোন দায়িত্বজ্ঞানহীন উক্তি করেন, তা হ'লে সেটা বাধা পাবে। আমি বিনয়ের সঙ্গে জানাতে চাই যে, বিধানসভায় আলোচনা হবে এবং বিরোধী পক্ষ তাদের ভূমিকা যথাযথ পালন করবেন। আমি এই পক্ষের মাননীয় সদস্যদের অনুরোধ করব যে, তারা যেন ওদের পূর্ণ সুযোগ দেন, কিন্তু এই বিধানসভায় যে বক্তব্য রাখা হবে সেই বক্তব্য যদি অসত্য হয়, তা হ'লে রীতি নীতি অনুসারে তাঁরা অভিযোগ তুলবেন এবং প্রতিকারের জন্য মাননীয় স্পীকারের কাছে রাখবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি যখন এই হাউসের পরিচালনা করছেন, তখন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার কাছে বিনয়ের সঙ্গে অনুরোধ করব যে, মাননীয় বিরোধী পক্ষের সদস্য যে উক্তি করেছেন তা তাকে প্রমাণ করতে হবে এবং প্রমাণ না করতে পারলে তাঁকে ছাড়া হবে না, তাই দায়িত্ব নিয়ে তাঁকে ঐ উক্তির সত্যাসত্য প্রমাণ করতে হবে। আমি বলতে চাই যে, কংগ্রেস সদস্যরা এই হাউসে যেভাবে আচরণ করেন তা অত্যন্ত প্রশংসার দাবি রাখে, তারা অত্যন্ত অল্প সংখ্যায় হ'লেও তাদের পূর্ণ মর্যাদা দেওয়া হচ্ছে এবং কংগ্রেস সদস্যরা দিচ্ছেন, এটা স্বীকার করা উচিত ব'লেই আমার মনে হয়। আজকে ক্ষীণ বিরোধী পক্ষ ব'লে এবং তার সুযোগে যা ইচ্ছে তাই বলে চলে যাবেন, তা চলবে না। আর আমাদের একতা দেখে যদি হিংসা হয়, তা হ'লে আমরা দুঃখিত, কারণ বাংলার মানুষ আমাদের দায়িত্ব দিয়ে পাঠিয়েছেন। তারপর কংগ্রেসী ঐতিহ্যকে ভাঙা যায় না, অতীতেও যায় নি এখনো ও যাবে না., আমরা সব এক, সুতরাং সে চেষ্টা করবেন না।

[4-45—4-55 p.m.]

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এতক্ষণ একটা ঝড় বয়ে গেল। তবে একটা কথা আবেদিন সাহেবকে বলি যে, এখানে তাঁর দয়ায় আমরা আসি নি। তিনি ক্ষীণ শব্দটা ব্যবহার করেছেন। কিন্তু গণতান্ত্রিক অধিকার যেটুকু আছে তার সদব্যবহার আমরা এখানে করবো। কংগ্রেসের মেজোরিটিকে আমরা ভয় পাই না। আমাদের বক্তব্য আমরা পশ্চিম-বাংলার জনসাধারণ, শ্রমজীবী মানুষের কাছে রাখবো। আপনাদের ভয়ে আমরা বিধানসভায় আসি নি।

(Noise and interruption.)

Mr. Deputy Speaker: Mr. Bhaduri, we are discussing a Bill particularly an Amendment Bill. If there is any loophole in the Bill then you have got every right to discuss it in the House but I will request you not to place again and again the same thing on which there has been a tempest. Therefore, I request you to keep your speech confined to the relevant points in the Bill. Then it will be practically acceptable to the House.

Shri A. H. Besterwitch: But, Sir, they wanted that we must explain our points in detail.

Mr. Deputy Speaker: I have already told the House times without number that any remarks that Mr. Bhaduri has made about the Chief Minister or about any Member—the responsibility of proving it lies with Mr. Bhaduri, and I will also request him not to indulge in anything else but to confine himself to the relevant portions of this Amendment Bill.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ স্যার, হাউসে দুটো পয়েন্ট অব অর্ডার ছিল—একটা আবদুল বারি বিশ্বাস রেজ করেছিলেন আর একটা আমি রেজ করেছিলাম। মুখ্যমন্ত্রী সম্পর্কে যে বক্তব্য তিমিরবাবু করেছেন সে সম্পর্কে আবদুল বারি বিশ্বাসের যে পয়েন্ট আপনি তার রুলিং দিয়েছেন। কিন্তু তিনি যে বিধানসভার কংগ্রেসী সদস্যদের সম্বন্ধে বললেন যে, এ'রা সমস্ত জোতদারদের প্রতিনিধি এ সম্পর্কে আমি একটা পয়েন্ট অব অর্ডার রেজ করেছি। সুতরাং আমি অনুরোধ করছি আপনি আমার পয়েন্ট অব অর্ডার সম্পর্কে আপনার বক্তব্য আমাদের জানান।

Mr. Deputy Speaker: Mr. Bhaduri, I will just request you to withdraw your remarks which you have made by pointing out to the Members of the Congress Bench. Whatever your remarks may be these are not palatable to all. So, I will only request you to withdraw your remarks regarding the Members.

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ এই হাউসে যাঁরা কংগ্রেস বন্ধু আছেন তাঁদের ব্যক্তিগতভাবে আমি কোন কটাক্ষ করি নি। কংগ্রেস বেঞ্চে আমার ডান দিকে আছে ব'লে আমি বলেছি। আমি কাউকে পিন-পয়েন্ট ক'রে বলি নি। এ ছাড়া মুখ্যমন্ত্রী সম্পর্কে যে বক্তব্য রাখছি সেটা আমার বক্তব্য নয় সেটা 'বাংলাদেশ' ব'লে একটা কাগজে এই খবর বেরিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সিদ্ধার্থবাবুর সম্পর্কে কেন বলেছি আপনি যদি সময় দেন, তা হ'লে আমি পড়ে শোনাতে পারি। এই ধীরেন রায়.........

Mr. Deputy Speaker: Mr. Bhaduri, you can give it to me. Please place it on my table.

(At this stage Shri Timir Baran Bhaduri went to Mr. Deputy Speaker and handed over to him the newspaper.)

May I request you Mr. Bhaduri, to withdraw your remarks because it is necessary?

Shri A. H. Besterwitch: Sir, I cannot understand as to what he would have to withdraw and why he would do so?

Mr. Deputy Speaker: If he does not withdraw then it becomes the property of the House and the responsibility of proving this shall have to be taken by him. Therefore, under the circumstances, I may only request him to withdraw it.

Shri A. H. Besterwitch: Sir, why the question of proving comes in?

Mr. Deputy Speaker: He has mentioned about one Dhiren Roy. He has brought connection between one Dhiren Roy and the Hon'ble Chief Minister, Shri Siddhartha Shankar Ray, that there is some relationship or something like that between them. He mentioned in that connection that Dhiren Roy might have got some vested land and Shri Bhaduri has just brought a connection between that Dhiren Roy and Shri Siddhartha Shankar Ray, Chief Minister. That is the point to which objection has been taken up by all the Members of the House. If he takes full responsibility, as I have said just now. he will have to prove that that Dhiren Roy and Shri Siddhartha Shankar Ray are co-related and, in collusion they have done something, and in that case I have nothing to say and then a privilege motion may come and it may go to the Privilege Committee and a decision will come from that Committee, or else, if he feels, he can withdraw whatever he has mentioned.

Shri A. H. Besterwitch: Sir, I have already said, if the Members are dissatisfied about his reading from the paper they can bring the privilege motion and then you can take it to the Privilege Committee. But you are

not giving the newspaper to him to read out but you are telling him to withdraw. What is he going to withdraw when it is in the paper? Where is the rule about it? There is no rule in this respect. I cannot understand why the Members have taken objections to it and why they are making all such allegations?

(At this stage Shri A. H. Besterwitch went to Mr. Deputy Speaker, took the newspaper from him and handed it over to Shri Timir Baran Bhaduri.)

Mr. Deputy Speaker: Mr. Bhaduri, if you want to read the paper I would allow you to do so. If you insist on reading it in the House, I will allow you. Do you want to read it?

শ্রীতৃপ্তিময় আইচ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি যদি এটা পড়েন তা হ'লে আমাদেরও বক্তব্য আছে, এই সম্পর্কে আলোচনার জন্য দিন দিতে হবে। এটা রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির জন্য লেখা হয়েছে।

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অনেক বাক-বিতণ্ডার পর, ঝড়ের পর, আমাকে বলার সুযোগ দিয়েছেন, আমি আবার আরম্ভ করি। স্যার, এটা বাংলাদেশ কাগজে বেরিয়েছে। এই ধীরেন রায় হলেন পশ্চিমবঙ্গ সরকারের স্বনামধন্য মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশংকর রায়ের অত্যন্ত আপন জন এবং নিকট আত্মীয়। সিদ্ধার্থবাবুর পিতা সুধীর রায় এই ধীরেন রায়ের শ্যালক অর্থাৎ সিদ্ধার্থবাবু হলেন শ্যালকপুত্র।

এই ধীরেন রায় সিদ্ধার্থ পরিবারের অনেকের নামেই জমি বেনামী ক'রে রেখেছে। স্বয়ং সিদ্ধার্থ রায়ের নামে জমি ছিল, কিন্তু সম্প্রতি সেই জমি সরকারে ন্যস্ত হয়েছে—যদিও আগের মতই ভোগ দখল করছে ধীরেন রায় পরিবার। সিদ্ধার্থ পরিবারের অন্যান্যদের নামে এখনও জমি রয়ে গেছে। জে এল আর ও অফিসে যে রেকর্ড রক্ষিত আছে তার হিসেব নিম্নরূপঃ

জমির মালিক	খতিয়ান নং	মৌজা	জমির পরিমাণ
			একর
(১) শ্রীসিদ্ধার্থশংকর রায় ২নং বেলতলা রোড, কলিকাতা।	১১১৩	বাখরাবাদ	১·৭৩
(২) শ্রীমতী মহামায়া রায়, স্বামী সিদ্ধার্থ রায় ২নং বেলতলা রোড, কলিকাতা।	১১২১	ঐ	২·১৬
(৩) শ্রীমতী সান্ত্বনা রায় পিতার নাম সুধীর রায় ২নং বেলতলা রোড, কলিকাতা।	১১১২	ঐ	২·১৮
(৪) শ্রীসঞ্জয় রায় পিতার নাম সুধীর রায় ২নং বেলতলা রোড, কলিকাতা।	১১২২	ঐ	২·৬২
(৫) শ্রীমতী মণিমালা রায় স্বামীর নাম সঞ্জয় রায় ২নং বেলতলা রোড, কলিকাতা।	১১০৯	ঐ	২·৫০

জমির মালিক	খতিয়ান নং	মৌজা	জমির পরিমাণ
(৬) শ্রীমতী অর্পণা রায় স্বামীর নাম সুধীর রায় ২নং বেলতলা রোড, কলিকাতা।	৫০	সুজাপুর-মন্ডাই	১·১৬
(৭) শ্রীমতী মঞ্জুলা রায় পিতা সুধীর রায় ২নং বেলতলা রোড, কলিকাতা।	৩১৭	ঐ	৮·৭৪
(৮) ঐন্দ্রিলা রায় পিতা সুধীর রায় ২নং বেলতলা রোড, কলিকাতা।	৩১৪	ঐ	৭·১১

স্যার, এই কাগজ বলছে, আমার আরও অভিযোগ আজ পর্যন্ত এইসব জমির জন্য কোন খাজনা দেওয়া হয় নি। কয়েকশত সার্টিফিকেট কেস বস্তাবন্দী আছে অথচ মুখ্যমন্ত্রীর পরিবারের নামে ব'লে কেউ ঘাটাতে সাহস করে না। স্থানীয় কৃষকরা কর্তৃপক্ষের কাছে বারবার চাপ দেওয়া সত্ত্বেও চেপে রাখা হয়েছে সমস্ত ব্যাপারটি। তর্কের খাতিরে যদি ধ'রে নিই যে, সিদ্ধার্থ পরিবার এই জমির ব্যাপারে কিছুই জানে না, তা হ'লেও বলা যায় যে যেহেতু জমি তাদের নামে আছে, এবং তারাই পাওয়ার অব অ্যাটর্নী দিয়েছেন কাজেই এই ব্যাপারে তাদের দায়িত্ব থেকেই যায়।

[4-55—5-05 p.m.]

Shri Abdul Bari Biswas: Sir, on a point of privilege.

Mr. Deputy Speaker: Mr. Biswas, if any Member reads in the House any report from the newspaper it is not authentic. No newspaper report can be accepted as authentic. Shri Bhaduri has read something of which he takes responsibility of proving it.

Dr. Zainal Abedin: Sir, he will have to shoulder the responsibility of proving it.

Shri Kumar Dipti Sen Gupta: Sir, under rule 344 it is said, "A paper or document to be laid on the Table shall be duly authenticated by the Member presenting it. All papers and documents laid on the Table shall be considered public". So, rule 344 must be complied with before Shri Timir Baran Bhaduri reads something. Unless and until rule 344 is taken into consideration nothing can be recorded in this House, and I expect, Sir, that on two counts, viz., he is not only reading from the paper but he is making insinuation and on what basis is he doing that? Here really settlement of records-of-rights is the point and not the newspaper "Bangladesh". If he is to place facts that Shri Siddhartha Shankar Ray owns such and such quantity of land, quoting from the paper "Bangladesh", then it is a secondary piece of evidence. The primary evidence is the settlement of record-of-rights. Unless and until that is placed, I expect from you a ruling that what he has said is to be expunged. Unless rule 344 is complied with that secondary piece of evidence cannot be considered in this House.

Mr. Deputy Speaker: Mr. Sen Gupta has raised a point of order that in rule 344 it has been clearly mentioned that a paper or a document to be laid on the table shall be duly authenticated by the Member presenting it. Therefore, since Mr. Bhaduri read a portion from a paper, certainly that paper

is authenticated because it is the property of the House and the paper should come on my table. Mr. Bhaduri, you have taken the responsibility of proving it and therefore, I allow you.

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যাই হোক আমাকে বক্তব্য রাখার সুযোগ দিয়েছেন তার জন্য আমি আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একটা ঘটনাতে এই—এর পরে ঝোলা বের করলে না জানি কি হবে। এদের ধৈর্য নাই। আমরা যদি কিছু ঘটনার কথা বলি ভুল হতে পারে, সেগুলি জবাবী ভাষণে মাননীয় মন্ত্রী বলবেন। আমি আর দু তিনটি ঘটনার কথা বলব। এই যে মধ্যস্বত্ব যে আইন তৈরি করা হচ্ছে সেই আইনের যদিও মুখবন্ধে গৌরচন্দ্রিকায় বলা হয় গরিব চাষীর কথা কিন্তু......

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমি যে পয়েন্ট রেজ করেছিলাম আপনি তার জবাব দিলেন না, তিনি ও তাঁর উক্তি প্রত্যাহার করেন নি, তিনি বলেছেন এই কংগ্রেস সভ্যরা জোতদারদের পরিবার থেকে এসেছেন। আমি যদি বলি আর এস পি-র তিনজন বন্ধু চুর, ডাকাত এবং খুনী পরিবার থেকে এসেছেন মাননীয় সভ্য কি সহ্য করবেন? সুতরাং তিনি যে মন্তব্য করেছেন সেটা যদি তিনি প্রত্যাহার না করেন......

Mr. Deputy Speaker: Please take your seat. He has withdrawn all his remarks.

(Noise and interruptions.)

শ্রীতিমিরবরণ ভাদুড়ী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কোন কথা বলি নি, যে কথা বলেছি আপনার সামনেই বলেছি। সেই কথা হচ্ছে আমি এই হাউসের কোন সদস্যকে নাম ক'রে পয়েন্ট ক'রে বলি নি, আমি বলেছি যে, কোন কোন জায়গায় কংগ্রেসী জোতদার এবং জমিদারের দল তারা সিদ্ধার্থবাবুর দলে নাম লিখিয়ে সিদ্ধার্থবাবুর তেরঙ্গা ঝাণ্ডা হাতে নিয়ে আছে। (নয়েজ।)

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়: আমরা স্যার, এ সব সহ্য করব না, তিনি বলেছেন কিনা যে কংগ্রেসী সভ্যরা জোতদারদের প্রতিনিধি। আমরা এ সব সহ্য করব না। এটা ছেলে খেলার বিষয় নয়, এটা হাল্কা বিষয় না।

Mr. Deputy Speaker: Honourable Members, please take your seats and allow him to his speech.

Mr. A. H. Besterwitch: Sir, if this goes on and we are not allowed to speak, we have to walk out.

(At this stage the Members of the R.S.P. walked out of the chamber)

শ্রীঅসমঞ্জ দে: অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমাদের এই হাউসকে অপমান করা হয়েছে। গণতন্ত্রের ঐতিহ্যকে ভুলুণ্ঠিত করেছেন, এখানে বিকৃত তথ্য পরিবেশন করেছেন। আমার প্রশ্ন যদি কেউ তাঁর বক্তব্যের মাধ্যমে কোন মাননীয় সদস্যের সম্মানকে ভুলুণ্ঠিত করেন, মর্যাদাকে সম্পূর্ণভাবে পদদলিত করেন, হাউসের গণতান্ত্রিক অধিকারকে ক্ষুণ্ণ করেন এবং গণতান্ত্রিক অধিকারকে রক্ষা করবার জন্য যদি তিনি প্রত্যাহার না করেন, তা হ'লে আপনার কাছে রুলিং-এর প্রকৃত সন্তোষজনক জবাব না দিয়ে পশ্চাপসরণ করে হাউস থেকে পালিয়ে যান, তা হ'লে হাউসের সম্মান বা মর্যাদা নষ্ট হবে না কি?

[5-05—5-15 p.m.]

শ্রীঅশ্বিনী রায়: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা তপ্ত পরিবেশে একটা সংশোধনী আইন আলোচনা হচ্ছে। এই সংশোধনী আইনে যাওয়ার আগে আমাদের মাননীয় সদস্য তিমিরবাবু একটি উক্তি করে গিয়েছেন যে উক্তির সঙ্গে আমার পার্টি বা আমি একমত নই। সেই উক্তিটা হচ্ছে যে, কয়লাখনি জাতীয়করণ হয়েছে, কয়লার দাম বাড়ছে, কাজেই জমির উপর হচ্ছে, জমি পাওয়া যাবে না এই যুক্তির সঙ্গে আমি একমত নই। কয়লাখনি জাতীয়করণ এটা সরকার বাধ্য হয়ে করেছেন। কারণ অসংখ্য মানুষ, খনি মজুর থেকে আরম্ভ করে

প্রত্যেকটা দলের যে সংগঠন আছে তাদের মিলিত আন্দোলনের ফলে কয়লাখনি জাতীয়করণ হয়েছে। কাজেই আজ জাতীয়করণ করার জন্য যদি দাম বাড়ে, তা হলে বলবো আজকে যে মহাজোট তৈরি হয়েছে ভারতবর্ষে সেই মহাজোটের কথাই তিমিরবাবুরা বলছেন। কয়লার দাম বাড়বার অন্য কারণ আছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কয়লাখনি যখন জাতীয়করণ করা হয় নি—আমি জানি বিধানসভায় কত প্রশ্ন উঠেছে যে, কত কোটি টাকা সরকারের প্রাপ্য রয়াল্টি ঐ কয়লাখনি মালিকরা দেয় নি। যেখানে ৫০ টন লিফটিং হত, ২৫ টন বিক্রি হত আর ২৫ টন কালোবাজারে বিক্রি হত। কাজেই কয়লা সস্তায় সে সময়ে দেওয়া যেত। আজকে খনি জাতীয়করণ করার ফলে যে মজুরের আইনত সাড়ে পাঁচ টাকা তাদের মজুরী পাওয়া উচিত ছিল তাকে আড়াই টাকা করে দেওয়া হত, আজকে সরকার কর্তৃত্ব নেবার ফলে তাদের প্রাপ্য মজুরী দিতে হচ্ছে, রয়াল্টি পুরোপুরি দিতে হচ্ছে, সেইজন্য কয়লার দাম কিছু বাড়বে। সেইজন্য খনি জাতীয়করণ করাটা অন্যায় এটা আমরা মনে করি না। কাজেই সেই তথ্যের সঙ্গে আমি একমত নই। আমাদের মন্ত্রিমহাশয়ের এই সংশোধনী যদি গৃহীত হয়, তা হলে জমি পাবার পথটা সুগম হয়ে যাবে এই আশা করে এই সংশোধনীটা উনি রেখেছেন। আমার মনে হয় সম্পূর্ণ সুগম হবে না। সুগম করতে গেলে আরো কিছু করা উচিত। সেইজন্য এই তথ্যে যাবার আগে আমি একটু ভূমিকা করতে চাচ্ছি যে, আইন তৈরি হয় কেন। জনসাধারণের আশা-আকাঙ্ক্ষাকে পূর্ণ করার জন্য এবং তাকে রূপ দেবার জন্য, তার স্বার্থ রক্ষা করার জন্য আইন তৈরি হয়, আইন সংশোধনও হয়। কাজেই আজকে যখন এই আইন তৈরি হয়েছিল, তখন এক বাস্তব অবস্থা ছিল, সেই অবস্থা কি? সাধারণ মানুষ সাম্রাজ্যবাদীর বিরুদ্ধে আন্দোলন করেছে। সাম্রাজ্যবাদকে সরিয়ে দিতে পারলে তৎকালীন যে ভূমি ব্যবস্থা আছে সেই ভূমি ব্যবস্থার আমূল পরিবর্তন করে জমি পাবে এই আশা-আকাঙ্ক্ষা নিয়ে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আন্দোলনে নেমেছিল, ব্রিটিশ সাম্রাজ্যবাদকে সরিয়েছিল। কংগ্রেস গদীতে আসার পর ১৯৫৩ সালে এই ধরনের আইন করতে বাধ্য হয়। তার কারণ জনসাধারণের এই আশা-আকাঙ্ক্ষাকে পরিপূর্ণ করার জন্য এই ধরনের আইন করা হয়।

কিন্তু আইনটা যেভাবে রচিত হয়েছে তাতে এই আইনে জনসাধারণের পূর্ণ আকাঙ্ক্ষা—অ্যাসপিরেশন অ্যান্ড ডিজায়ার অব দি পিপল, যার জন্য এই আইন, তা পরিপূর্ণ করতে পারে নাই। সেজন্য আইন করার পরও ১৯৫৩ সাল থেকে ১৯৬৬ সাল পর্যন্ত অন্ততঃ তের বার আইনের সংশোধনী করতে হয়েছে এবং সেসবের পরেও ১৯৭৩ সালে এই বিধানসভার সেসনেই আর একবার এই আইনটাকে পরিবর্তিত করতে হয়েছে, গত দশ বৎসরে আইনকে দশ বার পরিবর্তিত করতে হয়েছে। এত সংশোধনী সত্ত্বেও আবার আজকে সংশোধন আনা হয়েছে। জনসাধারণের আশা-আকাঙ্ক্ষা পরিপূরণ হয় নি বলেই আইনের সংশোধনী আনার প্রয়োজন হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় যে কথাগুলি বললেন—আইনের সংশোধনী আনলেই আমাদের জমি পাওয়া সুগম হয়ে যাবে, এটা আমি মনে করি না। যদি গরীব মানুষকে জমি দেওয়া যেত, সত্যিকারের উদ্বৃত্ত জমি দেওয়া যেত, তা হলে এই রকম টুকরো টুকরো সংশোধনী না এনে সামগ্রিকভাবে সংশোধনী আনা উচিত ছিল। এর চেয়েও আরও গুরুত্বপূর্ণ ধারা রয়েছে যে, ধারাগুলিকে এই আইনের আওতা থেকে বাদ রাখা হয়েছে—স্টেট একুইজিশন-এর আওতা থেকে ট্যাঙ্ক ফিশারী বাদ দেওয়া হয়েছে। মাননীয় সদস্যগণ জানেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, এই বিধানসভায় একাধিকবার প্রশ্ন উঠেছে দাবি উঠেছে তদন্ত কমিটির জন্য, সেই তদন্ত কমিটি পরিপূর্ণ তদন্ত করতে পারেন নাই, নানা রকম প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে। তা সত্ত্বেও যে রিপোর্ট দিয়েছে, ১,৭০০ বিঘা জমি একজনের নামে উদ্বৃত্ত রয়েছে এই ট্যাঙ্ক ফিশারীর নামে। কাজেই আজকে যদি জমি দিতে হয়, জমি পাবার জন্য জনসাধারণের যে আশা-আকাঙ্ক্ষা রয়েছে, সেটা যদি পরিপূরণ করতে হয়, তা হলে সংশোধনী আনা উচিত ছিল ট্যাঙ্ক ফিশারী সিলিং-এর আওতা থেকে বাদ রাখা হবে না, সিলিং-এর আওতায় আনা হবে। এটা যদি করতেন তা হলে বুঝতাম যে জনসাধারণের আশা-আকাঙ্ক্ষাকে পরিপূরণ করবার জন্য সেদিকে এগোচ্ছেন। তা আমরা পেলাম না। তারপর চায়ের বাগিচা অর্চার্ড-এর কোন সিলিং নাই। বহুদিন ধরে

এ নিয়ে আলোচনা হয়েছে, প্রথম যখন এই আইন আলোচিত হয়, তখনই একথা বলা হয়েছে। কিন্তু চায়ের বাগিচার ডেভেলপমেন্টের নামে উন্নয়নের নামে হাজার হাজার একর জমি রেখে দেওয়া হয়েছে। যাদের ১০ হাজার একর জমি আছে, সেখানে মাত্র ৫০০ একর জমিতে চায়ের চাষ হচ্ছে, আর বাকি জমি কি হচ্ছে? সেই জমি বাগিচার শ্রমিকদের কাছে লীজ করে দেওয়া হয়েছে, তাদের কাছ থেকে চুক্তি করে নেওয়া হয়েছে—তোমরা ট্রেড ইউনেয়ন আন্দোলনে অংশগ্রহণ করো না, তোমরা মজুরীর বৃদ্ধির দাবি করো না বেসিক ওয়েজ দাবি করো না, ডি এ-এর দাবি, বোনাসের দাবি করো না. ইউনিয়নে যোগ দিও না—এ যদি কর, তা হলে তোমাদের জমি দেব, চাষের জন্য জমি দেব। যেখানে আমাদের প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চা রয়েছে, সেই সময় এই চায়ের বাগিচাতে সার্ফ প্রথা এখন রয়েছে, অতীত ইতিহাসের সার্ফ প্রথা এখন চালু আছে, এই চায়ের বাগিচাকে যদি আপনি সিলিং-এর মধ্যে আনতেন, তা হলে বুঝতাম যে আপনি অ্যাসপিরেশন অ্যান্ড ডিজায়ার অব দি পিপলকে পরিপূরণ করবার জন্য চেষ্টা করছেন। তারপর মিল ফ্যাক্টরী এগুলি আছে, এই যে বড় বড় কারখানা, ফ্যাক্টরীর জমির সিলিং নাই।

[5-15—5-25 p.m.]

পশ্চিমবঙ্গ যদি ধ্বংস হয় তবে ভারতও ধ্বংস হবে, পশ্চিমবঙ্গ তথা পূর্ব ভারতের শিল্পের উন্নতি বিধানের দিকে আমাদের তাই বিশেষভাবে দৃষ্টি দিতে হবে। সম্প্রতি ফেডারেশন অব ইন্ডিয়ান এক্সপোর্ট অর্গানাইজেশনের পূর্বাঞ্চলীয় সভার উদ্বোধন করতে গিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশংকর রায় একথা বলেন। মুখ্যমন্ত্রী পূর্ব ভারতের রপ্তানী সামগ্রীর পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের অবস্থা পর্যালোচনা ক'রে বলেন, রপ্তানী বাণিজ্য সম্প্রসারণের জন্য ব্যবস্থা প্রায় সম্পূর্ণ। এখন রপ্তানী বাড়াবার সময়। এ সময় রপ্তানী জিনিসের দাম নিয়ে কোনরকম অসাধুতা না করার জন্য তিনি ব্যবসায়ীদের সতর্ক করেন।

তারপর মিল ফ্যাক্টরী আছে। বড় মিল ফ্যাক্টরী রয়েছে, তার জমির কোন সিলিং নাই। ৫ কাঠার জায়গায় হয়ত ৫।১০ বিঘার উপর এইসব ঘিরে রাখা হয়েছে। এসবগুলি এর মধ্যে আনা উচিত ছিল। এইভাবে সামগ্রিকভাবে সব ত্রুটি-বিচ্যুতিগুলি দূর করে দিতে পারলে খানিকটা বাধা অপসারিত হত।

তারপর আজকে আমূল পরিবর্তন হয়েছে। এই আমূল পরিবর্তনটা কি? যেটা কয়েক বছর আগে করা যায় নি, আজকে করা যায়। কম্পেনসেশন বা ক্ষতিপূরণের ক্ষেত্রে ধরুন। সংবিধানের ২৫তম সংশোধনের পর প্রচুর সম্ভাবনা দেখা দিয়েছে। জমিদার জোতদার জমির কুমীরদের ক্ষেত্রে জমির কম্পেনসেশন-এর যে হার আছে, তা বদলানো যায়- সেখানে সুপ্রীম কোর্ট পার্লামেন্ট ঠিক করে দিয়েছেন। সরকার যদি মনে করেন তবে সেক্ষেত্রে ক্ষতিপূরণ দিতে পারেন; আবার যদি মনে করেন, ক্ষতিপূরণ নাও দিতে পারেন। অথচ এক্ষেত্রে সেই ধারাটি আপনি সংশোধন করলেন না। কেন্দ্রীয় সরকার সংবিধান পরিবর্তন করলেন, তার সুযোগ নিয়ে আমরা যদি এটা করতে পারতাম, তা হলে পশ্চিমবঙ্গ সরকারের অনেক টাকা বেঁচে যেত। মন্ত্রিমহাশয় সেটা আনলেন না। সেই জন্য বলবো, এই ধরনের টুকরো টুকরো সংশোধনের দ্বারা কাজের কাজ কিছু হবে না। সামগ্রিকভাবে সংশোধনী আনতে হবে। জমিদারী উচ্ছেদ আইন শুধু নয়, তার সঙ্গে ভূমি সংস্কার আইন যেটা তার পরিপূরক আইন, এই দুটো আইন একসঙ্গে মিলে একটা কম্প্রিহেনসিভ আইন একটা পূর্ণাঙ্গ আইন আনার প্রয়োজন ছিল, যার ফলে ট্যাংক ফিসারীর জমি সরকার নিতে পারবেন; বাগিচার নামে হাজার হাজার একর জমি রয়েছে যা আপনি সিলিং-এর আওতার মধ্যে আনতে পারছেন না। এই বাধাগুলি অপসারিত করে যদি তিনি একটা আইন করতেন, তা হলে বুঝতে পারতাম সঠিক বাস্তব অবস্থা বিচার বিশ্লেষণ করে জনসাধারণের আশা-আকাঙ্ক্ষা পরিপূরণ করবার পথে দৃঢ় পদক্ষেপ আপনি নিতে পারতেন। সেদিক থেকে এই সংশোধনী আনা হয় নি। আমি বলবো এ সম্বন্ধে একটা কম্প্রিহেনসিভ বিল আনা উচিত ছিল। এটা শুধু আমার কথা নয়। পরশুদিন সংবাদপত্রে বেরিয়েছে প্ল্যানিং কমিশন এ সম্বন্ধে একটা কঠোর মন্তব্য করে গেছেন—এখন পর্যন্ত এই যে ভেস্টেড

ল্যান্ড—সারপ্লাস ল্যান্ড—এটা বিতরণের জন্য আইন সম্পূর্ণরূপে হয় নি। প্রত্যেকটা সংবাদ-পত্রে মন্তব্য বেরিয়েছে। আজকে তাদেরও টনক নড়ছে। কেন নড়ছে? সেটা ভাবতে হবে? হাওয়া কোন্ দিকে যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যেদিন সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি পদে একজন জুনিয়র বিচারপতিকে প্রমোশন দেওয়া হল, বিচারকদের মধ্যে তার একটা বিরূপ প্রতিক্রিয়া দেখা গেল। তাঁরা রিজাইন করলেন, সেই প্রতিক্রিয়া আজ কোথায়? প্রতিক্রিয়া শুধু বিচারকদের মধ্যে নয়, আজ দক্ষিণপন্থী জোট—সমস্ত রাজনৈতিক দল—তার সংগে উগ্র বাম-পন্থী মিলে আজ ভারতবর্ষের প্রগতির বিরুদ্ধে একটা চ্যালেঞ্জ ঘোষণা করেছে। সেই চ্যালেঞ্জের মোকাবিলা করবার জন্য কালকে সংবাদপত্রে দেখবেন যে, আমাদের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী লোকসভার সদস্যদের আহ্বান জানিয়েছেন জনসাধারণের মধ্যে অভিযান কর- এই প্রতি-ক্রিয়ার বিরুদ্ধে। এই বাস্তব অবস্থাটা যে ঐদিকে যাচ্ছে তা ভাবতে হবে। লোকসভার সদস্যই বলুন, বিধানসভার সদস্যই বলুন, হাজার হাজার বক্তৃতা করে অভিযান যদি করি তাতে মানুষ সায় দেবে না। মানুষ চায় কাজ। কাজেই এই যে অভিযান শুরু হয়েছে এক বছর আগে, সেই প্রতিক্রিয়া শুরু হয় প্রথমে আসামে। আসামকে চুরমার করে দিয়েছে এই প্রতিক্রিয়াশীল শক্তি। তা শুরু হয়েছে উড়িষ্যায়, অন্ধ্রপ্রদেশে, কিন্তু প্রতিক্রিয়াশীল শক্তি তা পারে নি। সেখানে অসংখ্য মানুষ যারা জমি দেবার জন্য বলছে কমিউনিস্ট পার্টি তাদের পেছনে দাঁড়িয়েছিল। এদের মধ্যে ক্ষেতমজুর গরিব চাষী ছিল। অন্ধ্র বিভাজনের আন্দোলনের যে ঢেউ তাতে কংগ্রেসের ২১৭ জনের মধ্যে ৬৫ জন থাকলো বাকি সকলে ঐ প্রতিক্রিয়াশীলদের সমর্থন করলো। ঐ ৬৫ জনের সহায়তায় গরিব ক্ষেতমজুর চাষীদের স্বার্থ রক্ষা করার জন্য কমিউনিস্ট পার্টি তাদের সমর্থন করেছিল এবং ঐ প্রগতিশীল শক্তিকে পরাস্ত করেছিল। এ থেকে আমাদের শিক্ষা নিতে হবে। আজকে তাই সম্পূর্ণরূপে একটা পূর্ণাংগ আইন করে যদি ভূমি সমস্যার সমাধান না করি, তা হলে যে মানুষের উপর আমরা ভরসা করছি ঐ ক্ষেতমজুর তারা আমাদের সংগে থাকবে না এবং তাদের আশা-আকাঙ্ক্ষা পূরণ করতে পারবো না। সেজন্য মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ যে, টুকরো টুকরো নয়। এ কাজ আজ তাড়াতাড়ি করতে হবে। কারণ ভূমি সংস্কারের পথ আগামী দিনে কৃষি উন্নয়ন নির্ভর করবে। আপনি যে কম্প্রিহেনসিভ এরিয়া ডেভালাপমেন্ট প্রোজেক্ট যেটা করবেন সেটা নির্ভর করছে ভূমি সংস্কারের উপর। আপনি যদি কনসোলিডেসান সেটা যদি পূর্ণাংগ না করতে পারেন, তা হলে কমপ্যাক্ট এরিয়ার যে ডেভালাপমেন্ট সেটা করতে পারবেন না। আপনি যেভাবেই করুন না কেন, কিন্তু যেভাবে কমপ্যাক্ট এরিয়া ডেভালাপমেন্ট করতে যাচ্ছেন সেখানে আপনার সংগে আমাদের পার্থক্য আছে। সুতরাং এই জমিদারী উচ্ছেদ বিল, ভূমি সংস্কার বিল, এই দুটো বিলকে একটা কম্প্রিহেনসিভ বিল হিসাবে যদি উপস্থিত না করতে পারেন, তা হলে প্রগতিশীল মানুষ যারা আপনার সংগে আছে তারা আপনার সংগে থাকবে না। ১৭ দফা কর্মসূচির মধ্যেও এসব কথা আছে। প্ল্যানিং কমিশান গতকাল সংবাদ-পত্রে একটা হুশিয়ার দিয়ে গেছে যে, এই কাজ হচ্ছে প্রধান কাজ। সেদিন থেকে এ কাজ তাড়াতাড়ি করুন। অন্য রাজ্য এসব করছে। আমরা সিলিং আইন করেছি, ফ্যামেলী সিলিং করেছি, কেরালায় এই আইন করেছি, তারা এর রূপও দিয়েছে এবং তারা জমি বিতরণ শেষ করেছে। সেখানে আপনারা এবং আমরা সলেই আছি। উভয়ে মিলে এটাকে একটা প্রধান কাজ হিসাবে রেখেছি সে হিসাবে অসংখ্য ক্ষেতমজুর আমাদের পিছনে আছে এবং সেখানকার প্রতি-ক্রিয়াশীল শক্তি আর মাথা চাড়া দিতে পাচ্ছে না। সেদিক থেকে আজকে এটা তাড়াতাড়ি চিন্তা করতে হবে যে, যদি আমরা এ ধরনের আইন করে সত্যিকারের জমি বিতরণ না করতে পারি তা হলে জনসাধারণ আমাদের ক্ষমা করবে না। কালকে মেদিনীপুরের একজন সদস্য বললেন যদিও পরে জানলাম ঘটনা সত্য নয়, কিন্তু হয়ত ২ মাস পরে ঘটনা সত্যে পরিণত হবে। আইন করে উদ্বৃত্ত জমি গরিবদের দিতে না পারলে এ জিনিস হবে। কিন্তু আজ যেটা অবাস্তব কাল সেটা বাস্তব হবে। সেজন্য এত লাইটলি সংশোধন করা ঠিক হয় নি। যা হোক, আমি আশা করবো, বাস্তব অবস্থায় ভূমি সংস্কার ত্বরান্বিত করবার জন্য একটা কম্প্রিহেনসিভ বিল তাড়া-তাড়ি আনা হোক—অন্ততঃ জুলাই মাসের মধ্যে করা হোক এ আশা করবো।

[5-25—5-35 p.m.]

এবার আমি আসছি আসল বিলে। আসল বিলে আপনি দুটো ধারা পরিবর্তন করতে চান। অবশ্য এর আগে একজন সদস্য বলে গিয়েছেন, যখন এই জমিদারী উচ্ছেদ আইন পাশ হয়েছিল, তখন আমাদের প্রত্যাশা ছিল, যদি অতীতের বিধানসভার বিবরণী দেখা যায়, তা হলে দেখা যাবে, সাড়ে সাত লক্ষ একর জমি পাওয়া যাবে, কিন্তু বাস্তবে সেই টার্গেটে পৌঁছান যায় নি। দু থেকে আড়াই লক্ষ একর জমি আমরা ডিস্ট্রিবিউট করতে পেরেছি, কিছুটার উপর ইনজাংসান আছে। মন্দের ভাল আইনটা। অন্ততঃ এই দুটো ক্লজে ওই যে ১৯৪৭ সালে যে কত জমি বললেন যেটা ইনজাংসানের আওতায় আছে সেটা বের করে এনে গরিবদের দিতে পারবেন এই আশা করেছেন এবং সেইজন্য দুটো ক্লজ সংশোধন করতে চাইছেন। এটা মন্দের ভাল, সেইজন্য সমর্থন করছি। এইখানে উনি যেটা বলছেন সিভিল প্রসিডিওর কোডের কথা বলেছেন তা হল সিভিল কোর্টকে আমি হস্তক্ষেপ করতে দেব না। আমি আইনজীবী নই। যতদূর জানা আছে সিভিল প্রসিডিওর কোড কেন্দ্রীয় আইন, সেন্ট্রাল অ্যাক্ট, কাজেই একটা স্টেট আইন করবে সেই আইনের ৯ ধারা কার্যকর থাকবে না, সেটা উহ্য থেকে যাবে, সেটা কতটা কার্যকর হবে সে বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ থাকছে। উনি যে সিভিল কোর্টকে ঠেকাতে চাইছেন সেটার সম্বন্ধে সন্দেহ থাকছে। সেইজন্য আমাদের উচিত অন্তত কেন্দ্রীয় সরকারকে হুঁশিয়ার করে দেওয়া, আজকে আমরা যে বাস্তব পরিস্থিতিতে কাজ করতে যাচ্ছি ভূমি বিতরণের কাজকে ত্বরান্বিত করার জন্য তখন কেন্দ্রীয় সরকার যেন আমাদের ওই আওতা থেকে বাদ দেন। এই ধরনের সংশোধনী কেন্দ্রীয় ভাবে করার প্রয়োজন আছে। যদি সেটা করা হয়, তা হলে মনে করবো সিভিল কোর্টের আওতা থেকে নিজেদের বাদ রাখতে চাইছেন। যদি তা না হয়, তা হলে কালকে হাইকোর্টে আল্ট্রা-ভাইরাস হয়ে যাবে। আমি একটা উদাহরণ দিচ্ছি। ক্যালকাটা উইকলি নোটসের নম্বর ৪৪, পেজ ৯০৭, একটা কেস হয়েছিল স্টেট ভার্সাস মঙ্ক অ্যান্ড কোং। এটা ক্যালকাটা উইকলি নোটসে বেরিয়েছে। এটা মাদ্রাজ কেস, এটা প্রিভি কাউন্সিলে গিয়েছিল। সেখানে জজ ছিলেন লর্ড থ্যাংকারটন এবং আরও তিনজন জজ ছিলেন। এটা ১৫ই মার্চ বেরিয়েছিল। সেই প্রিভি কাউন্সিলে অ্যাপীল হয়েছিল। তাঁরা এখানে বক্তব্য রেখেছেন সিভিল প্রসিডিওর কোডের ৯ ধারা যেটা তারা বলতে চাইছেন সিভিল কোর্টের আওতায় আসতে দেবেন না, এই সম্পর্কে তারা মত দেন নি। কাজেই এই ধরনের একটা উদাহরণ আছে। সেটা দেখবেন আইনজ্ঞদের দিয়ে যদি এটা সত্য করতে চান। এটা করতে দেবেন না—

Section 9 of the Civil Procedure Code of the Central Act is to be amended to suit the purpose.

এইটা হল এক রকম। তারপর সেকসান ৪৬ তুলে দিয়ে সেকসান ৪৬-এর অধিকাংশ সেকসান ৫৭-তে আসছেন। সেকসান ৪৬-তে থাকলে কি আপত্তি ছিল যে, এইটা সেখান থেকে তুলে দিয়ে এখানে দিচ্ছেন। আপনি সিভিল কোর্টের আওতা থেকে বাদ দিচ্ছেন জেলান্তরে যে কোর্টগুলো রয়েছে। কিন্ত আর্টিকেল ২২৬-তে হাইকোর্ট আছে। বড় বড় রুই কাতলারা বেশি জমি ফাঁকি দিয়ে রেখেছে। তাদের ধরবেন কি করে? এইটা করতে গেলে সংবিধান সংশোধনের প্রয়োজনটা আসবে।

কাজেই সেই বড় বড় রুই কাতলা যারা জমি ফাঁকি দিয়ে লুকিয়ে রেখেছে যাতে জমি না পাওয়া যায় তাদের যদি জমি আটকাতে হয়, তা হলে হাইকোর্টের উপর কড়া নজর দিতে হবে। ঐ যে আর্টিকেল ২২৬ করে তারা ১০-১২ বছর ধরে জমি রেখে দিতে পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে। আমাদের আজকে দেখবার সময় এসেছে যে, কি করে ঐ রুই কাতলাদের হাত থেকে জমি ফেরত দেওয়া যায়। এই প্রশ্নটাই আজকে বিশেষ করে ভাবতে হবে। যা হোক এই যে সংশোধনী এসেছে তাকে আমি সমর্থন করছি এবং এই বিলে যে সংশোধনীগুলি আছে সেগুলিকে

আরও শক্তিশালী করার জন্য আমরা যে অ্যামেণ্ডমেন্টগুলি দিয়েছি আমি আশা করবো আমাদের সেই সংশোধনীগুলি অনুধাবন করে সেই সংশোধনী সহ এই বিলটি উপস্থিত করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী এ এম ও গণি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এক মিনিট সময় নেবো কিছু বলবার জন্য। আমাদের এখানে বিদ্যুৎ সংকট রয়েছে। সেই সম্বন্ধে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশনের কর্মচারীরা আমাদের পার্টির তরফ থেকে একটা মিছিল নিয়ে এসেছে। তাদের কয়েকজন এখানে ডেপুটেশন এসেছে। আমি সেই মেমোরেন্ডামটা আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে পেশ করতে চাই।

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশনকে জাতীয়করণ করার দাবিতে কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে ৫ হাজার লোকের একটি মিছিল এসেছে। তারা গভর্নমেন্টের কাছে এই সংস্থাকে জাতীয়করণ করার দাবি নিয়ে এসেছে। চীফ মিনিস্টার এখানে নেই। তাই আমি এটা আপনার মাধ্যমে গভর্নমেন্টের কাছে পেঁৗছে দিতে চাই।

Mr. Deputy Speaker: Shrimati Mitra, Dr. Ghani has already mentioned. He has given all the informations. Please take your seat.

শ্রীসত্যরঞ্জন বাপুলী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ১৯৫৩ সালের এস্টেট অ্যাকুইজিসন বিল সংশোধিত হচ্ছে একটা উপযুক্ত সময়ে এই ১৯৭৩ সালে। ১৯৫৩ সালের এস্টেট অ্যাকুইজিসন বিলে যে ত্রুটিবিচ্যুতি ছিল আজকে আমি বলবো যে, এই বিলে সেই ত্রুটিবিচ্যুতিগুলি যথেষ্ট সংশোধন করা হয়েছে। আমি শুধু এই বিলকে সমর্থন করছি না, তাকে স্বাগত জানাচ্ছি। অনেক দিক থেকে ১৯৫৩ সালের আইনে যে ডিফেকটিভ রুলস, যে ডিফেকটিভ অ্যাক্ট হয়েছিল আজকে তাতে কয়েকটি ধারা সংযোজন করে তার সেই ত্রুটি-বিচ্যুতিগুলি দূর করার চেষ্টা করা হচ্ছে। ১৯৫৩ সালের এস্টেট অ্যাকুইজিসন অ্যাক্টের ফলে সিভিল কোর্টের আওতা থেকে মুক্ত না করার জন্য বহু জোতদার বহু ইনটারমিডিয়ারী নানাভাবে জমিগুলিকে লুকিয়ে রেখেছে। আজও বিভিন্ন কোর্টের আওতায় এসে ইনজাংসন দিয়ে বহু ভেস্টেড জমি সরকারকে বিতরণ করতে দিচ্ছে না। ১৯৫৩ সালের আইনে এই ধারাটি থাকায়। সিভিল প্রসিডিওর কোড-এর আওতায় যাতে না আনা যায় যদি সিভিল কোর্ট থেকে দূরে রাখা যেতো তা হ'লে আমার মনে হয় এস্টেট অ্যাকুইজিসন অ্যাক্ট যে উদ্দেশ্যে করা হয়েছিল তা সাধিত হত। আজকে এই বিধানসভায় তিমিরবাবু কিছু বক্তব্য রাখতে চেষ্টা করেছেন। এখন অবশ্য তিনি এখানে নেই—আমি মনে করি তিনি অজ্ঞানতিমিরান্ধস্য...। সুতরাং তাকে আর কিছু বলা চলে না। তবুও আমি বলবো যে, আজকে তিনি হাউস থেকে চলে গেলেও রেহাই পাবেন না, জনসাধারণ তাঁকে ক্ষমা করবেন না। একটা কথা তিনি বলেছেন যে, এই বিলে নাকি বড় বড় জোতদারদের জমি লুকিয়ে রাখার ব্যবস্থা ক'রে দেওয়া হয়েছে। আমার মনে হয় তিমিরবাবু বোধ হয় আইনটি ভাল ক'রে পড়ে দেখেন নি—হয়তো ব্যস্ত ছিলেন—কোন ধারাই পড়ে দেখেন নি। যদি পড়তেন, তা হ'লে দেখতে পেতেন যে ঠিক উল্টো ব্যবস্থা এখানে করা হয়েছে। জোতদাররা যাতে জমি আটকে না রাখতে পারে তারই ব্যবস্থা করা হয়েছে এই বিলে। আমি মনে করি এই সরকার সত্যিই চিন্তা করেছেন এবং অত্যন্ত সুচিন্তিতভাবে যাতে ল্যান্ড রিফর্মের রূপ দেওয়া যায় সাধারণ চাষী, কৃষককে জমি কি ক'রে দেওয়া যায় এবং সেখানে যেসব ত্রুটিবিচ্যুতি আছে সেগুলি একটি একটি ক'রে সরিয়ে দিচ্ছেন।

[5-35—5-45 p.m.]

আমাদের কয়েকজন মাননীয় সদস্য বলেছেন এটার নাকি ১৩ বার অ্যামেন্ডমেন্ট হ'ল। একটি বিলকে কি প্রথমে এমনভাবে তৈরি করা যায় যে, সেই বিলের মধ্যে ত্রুটিবিচ্যুতি থাকবে না? নিশ্চয় এতো হতে পারে না। কারণ, প্রাকটিক্যাল ফিল্ডে বিলকে রূপায়িত করতে গেলে যুগের যে পরিবর্তন হয়—যেমন মিঃ হেগড়েকে সুপ্রিম কোর্টের চীফ জাস্টিস-এর ব্যাপার নিয়ে তাঁর ধারাবিবরণী থেকে দেখেছি—আমাদের মুখ্যমন্ত্রী সেদিন ধারার পর ধারা দেখিয়ে দিয়েছেন যখন যুগ পাল্টায়, সোসাল ফিলজফি পাল্টায়, যখন সাধারণ লোকে যা চায়

তখন তার সঙ্গে সঙ্গে আইনও পাল্টায় এবং তার জন্যই তো আমরা ২১৮ জন সদস্য এই বিধানসভায় এসেছি। কারণ, আমরা উন্নতি করতে চাই সাধারণ লোকের এই বিশ্বাস আছে। বিশ্বাস আছে একটি কারণে যে আমরা ভূমি সংস্কার আইনগুলি ক'রেছি এবং এইবারে মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী যে বিলটি এনেছেন আমি বলব এটা অত্যন্ত ঐতিহাসিক বিল। যেখানে হাজার হাজার একর জায়গা সিভিল কোর্টে ভেস্টেড হয়েও ঐ বিলে করা যেত না এখন এই বিলের দ্বারা সেগুলিকে আমরা রূপ দিতে পারব। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার কাছে একটি বক্তব্য রাখতে চাই যে, যেমন আমরা বিল করছি তেমনি তার সঙ্গে সঙ্গে আমাদের ভূমিরাজস্বমন্ত্রীকে আর একটি দিকে লক্ষ্য রাখতে হবে। সেটা হচ্ছে এই যে, জে এল আর ও, এস এল আর ও অফিস ঠিকমত গভর্নমেন্ট প্লিডারদের কাছে কাগজপত্র পেঁাছে দেয় নি। ঠিকমত কাগজপত্র পেঁাছে না দেবার জন্য জি পি যাঁরা থাকেন তাঁদের পক্ষে ঠিক সময় মত আদালতে কাগজগুলি দাখিল করা সম্ভব হয় না এবং সেই জন্য সরকার পক্ষ সব চেয়ে বেশি হেরে যায়। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি কয়েকটি দৃষ্টান্ত আপনার কাছে রাখতে চাই। এই যে বিলটি এসেছে—এস্টেট অ্যাকুইজিসন বিলের একটি ধারায় বলা হয়েছে, যেটা নতুন ধারা এসে'ছে ৫৭(বি), যার কয়েকটি সাব-সেকসন আছে। ৫৭(বি) ধারাটিতে দেওয়ানী কোর্টের জুরিসডিকসান খর্ব করা হয়েছে—প্রয়োজন আছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ছোট ছোট চাষী, যেসমস্ত বর্গাদারের রেকর্ড করেছিল, আজকে মালিকরা তাদের নামে কেস করছে। দরিদ্র গরিব জনসাধারণ জমির জন্য পয়সা খরচ করতে পারে না, ভাল উকিল দিতে পারে না, জাস্টিস কেবল বড় উকিল দিলে পাওয়া যায়, ভাল বিচার পাওয়া যায়—এর ফলে দেখা যায় ছোট চাষীদের নাম উঠে চলে যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই রেকর্ড যদি অবিলম্বে বন্ধ করা না যায়—যেসমস্ত লিপিবদ্ধ হয়ে আছে তাতে দেখা যাচ্ছে নানা কৌশল অবলম্বন ক'রে রেকর্ডগুলি সংশোধন করা হচ্ছে। আমা'দর তিমির ভাদুড়ী মহাশয় একটি বাজে কাগজ থেকে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর নামে কিছু বলেছেন। তিনি এই রেকর্ড-অব-রাইটসের কথা বলে'ছন। এই রেকর্ড-অব-রাইটস আলিপুর জাজকোর্টে ৫ টাকা দিলেই কিনতে পাওয়া যায়। অ্যাট দি কষ্ট অব রুপিজ ফাইভ, ইউ ক্যান পারচেজ এ খতিয়ান, জাল খতিয়ান বিক্রি হয়। জানি না ঐ জাল কাগজে জাল খতিয়ান ছাপিয়ে আমাদের মুখ্যমন্ত্রীর নামে কিছু বলার চেষ্টা করা হয়েছে কিনা—ঐ রকম রাবার সিল পাওয়া যায়, রাবার স্ট্যাম্পও পাওয়া যায়। এখানে আর এস পি-র সভ্য রেকর্ড-অব-রাইটসের উপর বিশেষ ক'রে বক্তৃতা রেখেছেন এবং আমার মনে হয় তিনি আসলে আইন জানেন না। এই রেকর্ড অব-রাইটস কেন তৈরি হয় তা তিনি জানেন না এবং এই রেকর্ড-অব-রাইটস যদি বন্ধ করা না যায়, তা হ'লে আমার মনে হয় সাধারণ মানুষের ক্ষতি হবে, চাষীদের ক্ষতি হবে এবং ভূমি সংস্কার আইনের আসল উদ্দেশ্য ব্যর্থ হবে। আমাদের সি পি আই-এর একজন সদস্য অত্যন্ত খাঁটি কথা বলেছেন এস্টেট অ্যাকুইজিসন অ্যাক্ট এবং ল্যান্ড রিফর্মস্ অ্যাক্ট, এই দু'টোকে পাশাপাশি রেখে বিচার করতে হয়। আমি বিনয়ের সঙ্গে বলবো যে, এই ল্যান্ড রিফর্মস্ ফর দি সেপারেট পারপাজ এবং এস্টেট অ্যাকুইজিসন অ্যাক্ট ইজ ফর ডিফারেন্ট পারপাজ—একটি হচ্ছে ভূমি সংস্কার, আর একটি হচ্ছে ভূমি বণ্টন—এই দ'টোর তফাৎ আছে মূলগতভাবে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে পশ্চিমবাংলার লোকেদের কাছে ভূমির কথা খুব বড় ক'রে দেখা দিয়েছে। আমাদের প্রগতিশীল সরকার আজ পর্যন্ত ভূমি নিয়ে যে কটি আইন করেছেন তার মধ্যে এই আইনটি সব চে'য় ভাল আইন। জমি বিলি করার জন্য নয়, ভেস্টেড ল্যান্ড যাতে আর লুকিয়ে রাখতে না পারে দেওয়ানী কোর্টের মাধ্যমে তার জন্যই এটা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি ১৯৫৭ সালে কেস দায়ের হয়েছে আজ পর্যন্ত বিচার হয় নি। আমার দৃষ্টান্তস্বরূপ জানা আছে ১৯৫৭ সালে ৪ হাজার বিঘা ভেস্টেড জায়গা এ বোস অ্যান্ড কোম্পানী আটকে রেখে দিয়েছে। ১৩নং রায়পুরের বিভিন্ন জায়গায় ৪ বিঘা জমির সম্পত্তির একটা দেওয়ানী মামলায়—কাজেই এই সরকার সেগুলি বিলি কর'ত পারছে না। আজকে যদি ইনজাংসান দিয়ে দেওয়ানী কোর্টে এই ভেস্টেড ল্যান্ডগুলোকে রিটেন ক'রে রাখা হয়, তা হ'লে পারপাজ সার্ভড হবে জোতদারদের। পারপাজ সার্ভ হবে সেই সমস্ত লোকদের যারা বহুদিন আগে থেকে সুচিন্তিত ভাবে জমিগুলো অন্যান্য লোকের নামে রেকর্ড

ক'রে রেখেছে। সরকার সেগুলো ধরতে পেরেছে এবং নিয়ে নিয়েছে। কিন্তু সেগুলো আমরা আবার বিলি করতে পারছি না। সিভিল কোর্টের উপর সম্মান রেখে আমি বলব যে জমি ১০(২), ১০(৩) ক'রে দখল নেওয়া হয়ে গেছে, কিন্তু সেখানে দেখা গেছে জমি বিলি ক'রে ৪ বছর পারমিট নিয়ে দখল করছে, দেওয়ানী কোর্টে গেছে একটা কেস ক'রেছে এবং সঙ্গে সঙ্গে ইনজাংসান পেয়ে গেছে। সেই ইনজাংসান পেয়ে জমিগুলোকে তারা আটকে রেখে দিয়েছে। দেখা গেল যখন জমি ভেস্টেড হয় ১০(২), ১০(৩) ক'রে দখল নেবার পর কোর্টের নিশ্চয় জুরিসডিকসান থাকা উচিত নয়, তার জন্য ট্রাইবুন্যাল আছে, জজ আছে, উপযুক্ত ধারা আছে, ৪৪(২)-তে উপযুক্ত ক্ষমতা দেওয়া হয়েছে, তার মাধ্যমে রেকর্ড-অব-রাইটস সংশোধন করা যায়। তার মাধ্যমে জমিকে রাখা যায়। সেই জন্য ভূমি সংস্কার আইনে আজকে এস্টেট অ্যাকুইজিসন অ্যাক্টের প্রত্যেকটি ধারায় পরিষ্কার ক'রে একটার পর একটা বলা হয়েছে। কিন্তু আগে ১৯৫৩ সালের আইনের যে ত্রুটি ছিল যার জন্য আজকে আমাদের এই ভূমি সংস্কার আইনে পূর্ণ রূপ নিতে পারে নি। আজকে সেটা সংশোধিত হচ্ছে। অবশ্য এক একটা খারাপ দিকও আছে সেটা হচ্ছে ছোট ছোট বোনাফাইডি মিস্টেক আছে। কারও হয়ত ২১ শতকের জায়গায় ২২ শতক হয়ে গেছে, সেই ত্রুটিগুলো হয়ত এই রেকর্ড-অব-রাইটসের মাধ্যমে করা যেত। কিন্তু আজকে বড়র দিকে যদি লক্ষ্য রাখি, যদি বৃহত্তর স্বার্থের দিকে লক্ষ্য রাখি, যদি আমরা দেখি সামগ্রিকভাবে সমাজের উন্নতি করতে হবে, ল্যান্ড ডিস্ট্রিবিউসন করতে হবে, নিশ্চয় এমন আইন করতে হবে যার স্বত্ব উপভোগ করবে, বেনিফিট এনজয় করবে ৯৫ পারসেন্ট অব দি
People of the soil, not one per cent. of the people.
তার জন্য নিশ্চয় এক পারসেন্ট হাফ পারসেন্ট ভুল হতে পারে। কিন্তু তার জন্য বিল নিশ্চয় খারাপ হতে পারে না। এই বিলটা ঐ দিক থেকে আমি বলব সমর্থনযোগ্য—সমর্থনযোগ্য শুধু নয়, প্রশংসারও যোগ্য। ভূমি সংস্কার করার উপর আমরা চাপ দিচ্ছি। আজকে আমরা একটা জিনিস লক্ষ্য করছি চাষীদের সবচেয়ে বড় লক্ষ্য ভূমির দিকে। কারণ আমাদের শতকরা ৮০ জন লোক ভূমির আয়ের উপর বেঁচে থাকে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যখন ল্যান্ড ডিস্ট্রিবিউসন কমিটির মিটিং করতে গিয়ে দেখি তহশীলদারবাবু রিপোর্ট দিলেন ৩ হাজার জে এল আর ও দেখালেন যে, ঐটা দেওয়ানী কোর্টে মামলা আছে। কিন্তু খাতা খুলে দেখা গেল হয়তো মামলাটা হয়েছে ১/১৬ পোর্শন অব দি ল্যান্ডের জন্য। কিন্তু এমন একটা নোট দিয়ে লেখা হ'ল, যার ফলে সেটা আর বিলি হ'ল না। সেদিকেও মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভূমিরাজস্বমন্ত্রী মহাশয়কে দৃষ্টি রাখতে হবে। তিনি যেমন দৃঢ় হস্তে আইন প্রণয়ন করছেন, তেমনি যাতে সেটা কার্যকরী হয় সেদিকেও তাঁকে লক্ষ্য রাখতে হবে। শুধু আইন করলে দি পারপাস
of the bill will be frustrated if it is not properly implemented.
সুতরাং ইমপ্লিমেন্ট করতে হবে। প্রপারলি যদি এর ইমপ্লিমেন্ট হয়, তা হ'লে আমি বলবো নিশ্চয়ই পশ্চিমবাংলায় যে সমস্ত ভূমিহীন ব্যক্তি আছে তাদের ভূমি দেওয়া যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ভূমিসংস্কার আইন পাশ করতে হয়তো তিমিরবাবু মহাশয়দের দুঃখ হচ্ছে, তাঁদের মনে আঘাত লাগছে। কারণ জোতদারের পরিবারের সন্তান কারা জানি না, সেই রকম লোক থাকলে আমাদের এই বিধানসভায় আজকে দাঁড়িয়ে মুখোমুখি জবাব দিতেন, তারা হয়তো এখানে খাস জোতদারের ব্রিফ নিয়ে এসেছিলেন সেই জন্য বোধ হয় এই পবিত্র বিধানসভা ত্যাগ ক'রে চ'লে গেছেন, জবাব দিতে পারেন নি সাধারণ মানুষের রিপ্রেজেনটেটিভ হয়ে আমরা যারা এখানে এসেছি আমাদের কাছে। সুতরাং মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলকে আমি শুধু স্বাগত জানাচ্ছি না, সমর্থনও করছি এবং তার সঙ্গে এটাও বলছি যে, এই বিল সাধারণ চাষী, সাধারণ কৃষকের উপর করবে, ভেস্টেড জমি বিলি করায় সাহায্য করবে। সমাজতন্ত্রের পথে এগিয়ে যেতে সাহায্য করবে এবং আমাদের দেশের চাষী, কৃষকদের উপকার হবে।

[5-45—5-55 p.m.]

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্তঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমিরাজস্বমন্ত্রী শ্রীগুরুপদ খান মহাশয় যে বিল আজকে এই বিধানসভায় উপস্থাপিত করেছেন, তা আমি

সমর্থন করছি। আমাদের পশ্চিমবাংলার জনগণের কাছে আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম যে, ভূমিহীনকে ভূমি দেব, আমরা সাধারণ মানুষের কথা শুনব এবং বঞ্চিত মানুষের দিকে তাকাব। আমরা এই ভূমি বণ্টনের মধ্যে দিয়ে সেই সাধারণ কৃষক পরিবারের মুখে হাসি ফোটাব এবং সেই প্রচেষ্টা সফল এবং ফলপ্রসূ যে হবে এতে কোন সন্দেহ নেই। যেহেতু তিমিরবাবু নেই সেই জন্য আজকে তিমিরবাবুর কোন কথার বিষয়ে বিশেষ জাবাব দিতে আমি চাই না। কিন্তু একটা রাজনৈতিক ইঙ্গিত তিনি এখানে দিয়ে গিয়েছেন, তিনি বলেছেন, এরা নাকি নতুন চাঁদ। এ কথা সত্য যে ভারতবর্ষের রাজনৈতিক আকাশে আমরা নতুন চাঁদ, সেই চাঁদের আলোতে গরিবের কুঁড়ে ঘর—তার সুষমায়, তার লালিমায় গরিবের কুঁড়ে ঘর আলোকিত হয়ে উঠবে, উদ্ভাসিত হয়ে উঠবে। আর সেই চাঁদের কলংক হলো এই সি পি এম এবং আর এস পি জোট। ৭ লক্ষ একর জমি নাকি সরকারের হাতে এসেছিল, এ কথা তিমিরবাবু আজকে বললেন এবং তারপর বললেন যে, তাঁর হিসাব মত ৪ লক্ষ একর জমি নাকি আবার জোতদারদের, বড়লোকদের ফিরিয়ে দেওয়া হয়েছে, তারা ঘুরিয়ে নিয়েছে। তা আমি কি তিমিরবাবুকে এই প্রশ্ন করতে পারি না যে, ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত—তাঁরা তো বি টিম, তাঁদের এ টিমের নেতা তৎকালীন মাননীয়, এখন শ্রীহরেকৃষ্ণ কোঙার মহাশয় তো ভূমিরাজস্বমন্ত্রী ছিলেন, ১৯৬৭ থেকে ১৯৭০ সালে এই প্রশ্নটা তাঁকে করলে যদি তিনি সৎ উত্তর পেতেন, তা হ'লে একটা মানে হত। ১৯৬৭ থেকে ১৯৭০ সালের সময় তিমিরবাবুর কণ্ঠ কেন নীরব ছিল সেটা আমি বুঝতে পারছি না। আজকে এই নিয়ে আর কথা বাড়াব না, আমি আজকে আইনের মধ্যে আমার বক্তব্য আবদ্ধ রাখতে চাই। প্রথম অ্যামেন্ডমেন্ট যেটা, সেটা আজকে হচ্ছে নং ২, সেকসন ৭(১)-এতে যখন একটা প্রভাইসো যোগ করা হ'ল তখন সেই প্রভাইসোতে সরকারের সংগে ইনটারমিডিয়ারী মধ্যস্বত্ব ভোগীদের প্রতি চ্যাপটার ৪-এতে আবার সাধারল মানুষ, যাদের জমি সীমার বাইরে ধরা হয়, এই যে সাধারণ লোক, তাদের সরকারের সংগে যে দেনাপাওনার সম্পর্ক, যে ক্ষতিপূরণ তারা পাবেন এবং তাদের যে প্রাপ্য টাকাটা সরকারের কাছে থেকে থাকতে পারে বা সরকাব যে টাকাটা তাদের পক্ষ হয়ে আদায় করবেন, এটা অ্যাডজাস্টেড ব্যাপার, এই রকম একটা প্রভাইসোতে এটা বলা হচ্ছে এবং এটার প্রয়োজন আছে, এটা সুন্দরভাবে বলা হচ্ছে এবং এটাতে অনেক কাজ দু'পক্ষেরই কমে যাবে। কিন্তু মাননীয় গুরুপদ খান মহাশয়কে আমি একটা অনুরোধ জানাব, তিনি শুধু সরকারী মন্ত্রী নন, তিনি পশ্চিমবঙ্গের সাধারণ মানুষেরও মন্ত্রী। আমরা দেখেছি বহু নিম্ন মধ্যবিত্ত পরিবার, যারা আগে সম্ভ্রান্ত ছিলেন, যাদের আগে কিছু অর্থ ছিল, আজকে তাঁরা হয়ত গরিব হয়ে গিয়েছেন। আজকে তাঁদের প্রাপ্য টাকা তাঁরা যাতে পেতে পারেন তার জন্য তারা সরকারী অফিসে দু'বেলা ছুটছেন। তাঁদের মধ্যে অনেকে অভুক্ত রয়েছেন, অনাহারে রয়েছেন, ছেলেমেয়েদের জামা কাপড় দিতে পারছেন না, সুতরাং এদের শুধু ইন্টারমিডিয়ারী ধরলেই হবে না। তারপর চ্যাপটার ৬-এ সাধারণ রায়ত যারা আছেন, তাদের জমি এই ভূমি সংস্কার আইনের মধ্যে চলে আসছে। সেই সব মানুষ, যেসব মানুষদের কথা আমরা আজকে বলছি, যারা অল্প পরিমাণ টাকা পাবেন বা অল্প কম্পেনসেসন পাবেন অনুগ্রহ ক'রে তাদের টাকাটা তাড়াতাড়ি পাইয়ে দেবার বন্দোবস্ত করুন, তা না হ'লে আমাদের আইনের যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য সফলতা লাভ করতে পারবে না। সাধারণ মানুষ, গরিব মানুষ, দরিদ্র মানুষের তা হ'লেই মনে হবে যে, এই সরকার জনগণের সরকার, এই সরকার আমাদের পাশে আছে। তারপর সেকসন ৪৬-টা এই নতুন আইনে উঠিয়ে দেওয়া হ'ল এবং সেখানে সেকসন ৪৪(৪)-এ যে প্রিসামসানটা ছিল সেটেলমেন্ট রেকর্ডে এর সংগে একটা আইনগত নিয়ম ছিল, এটা ধরে নেওয়া হবে যে, এটা সঠিক। আজকে যখন ৪৪(৪) এই বিধান উঠিয়ে দেওয়া হ'ল আনটিল ইট ইজ প্রুভ্‌ড বাই এভিডেন্স টু বি ইনকরেক্ট। আমাদের সেটেলমেন্ট রেকর্ড যে ভ্রমাত্মক এই মামলা মোকর্দমার ক্ষেত্রে, এটা বলা যেতে পারত, কিন্তু ৪৪(৪), এই যে প্রিসামসনটা ছিল আনটিল ইট ইজ প্রুভড বাই এভিডেন্স টু বি ইনকারেক্ট। এর মানে হচ্ছে দেওয়ানী কোর্টে আর কারো পক্ষে যাওয়া সম্ভব নয়, কেউ যেতে পারলেন না। দেওয়ানী কোর্টের যে মতবাদটা মাননীয় মন্ত্রিমহাশয় পোষণ করছেন সেখানে তার সংগে আমিও একমত, কিন্তু এখানে একটা প্রশ্ন আসছে যে, এই ৪৪(৪) এই

প্রিসামসনটা সেটেলমেন্ট রেকর্ডে যদি উঠে যায়, তার বিরোধিতা যদি না করা যায়, যদি প্রিসামসনটার বিরোধিতা না করা যায়, যদি এভিডেন্স দিয়ে না করা যায়, তা হ'লে কি প্রশ্ন দেখা দিতে পারে?

প্রিজামসানের বিরোধিতা যদি না করা যায়, যদি এভিডেন্স দিয়ে সেই প্রিজামসান রিভার্ট না করা যায়, তা হ'লে কি প্রশ্ন দেখা দেবে? একজন বম্বেতে আছেন, তিনি হয়ত মাঝে মাঝে নিজের সম্পত্তি দেখাশুনা করার জন্য বাড়িতে আসেন এবং যখন তিনি আসেন তখন তাঁর কেয়ার-টেকার তাঁকে সেই বাড়িতে থাকতে দেন, কিংবা সামান্য যে জমি আছে তার ফসল তাঁকে দেন। আবার বিধবা তাঁর সামান্য জমি আছে, তাঁর হয়ত দেখাশুনা করার কেউ নেই, তাঁকে তাঁর জমির ফসল দিয়ে যাচ্ছে। কিংবা কোন অসাধু সরকারী কর্মচারীর দ্বারাও অনেক অসাধু জিনিস হ'তে পারে। আমি একজন মূর্খ লোক, একজনকে পাঠালাম গিয়ে আমার নামে তুমি জমি রেকর্ড কর। সে গিয়ে তার নামে রেকর্ড ক'রে নিল। তা হ'লে কিন্তু আর কোনদিনই আমি আর কোন কথা বলতে পারব না, আনটিল ইট ইজ প্রুভড বাই এভিডেন্স টু বি ইনকারেকট।

অর্থাৎ যে সেটেলমেন্ট রেকর্ড সরকার ক'রে দেবেন সেইটাই ফাইন্যাল হয়ে যাচ্ছে, আগে ফাইন্যালাইজেসন ছিল না। এরপর কেস ক'রে কোন কোন আইনের বিধানের মতে এর পরিবর্তন করা যেতে পারত। এখন যা করা হয়েছে আমি সেটাতে আপত্তি করছি না। কিন্তু আমার বক্তব্য হচ্ছে সেটেলমেন্ট রেকর্ড পরিবর্তনের নিয়ম হচ্ছে ১৫ বছর পর্যন্ত চলবে। আজকে আমাদের মন্ত্রিমহাশয় এবং প্রগতিশীল সরকার যেভাবে কাজ করছেন তাতে ২০ বছর আমরা তাঁকে মন্ত্রী ক'রে দিলাম। তিনি কলকাতায় বসে ২০ বছর মন্ত্রিত্ব করতে লাগলেন। তিনি সাধারণ মানুষ, তাঁর হয়ত ৫ বিঘা জমি আছে। তাঁর কেয়ার-টেকার সেখানে থাকে। এখন যে রিভিসন হচ্ছে তাতে সেই কেয়ার-টেকার নিজের নামে সব ক'রে নিল, সেখানে মন্ত্রি-মহাশয়ের নাম নেই। ১৫ বছর পর্যন্ত সেটেলমেন্ট রেকর্ড পরিবর্তন করা যায়, তারপর আর যায় না। কিছু কিছু সম্পত্তির ফসল সে মন্ত্রিমহাশয়কে দিতে লাগল। কিন্তু যেই ১৫ বছর হয়ে গেল তখনই সে বলল, হিয়ার ইজ দি সেটেলমেন্ট রেকর্ড, আর বলা যাবে না, আনটিল ইট ইজ প্রুভড বাই এভিডেন্স টু বি ইনকারেকট।

অর্থাৎ আপনি মন্ত্রীই হোন আর সাধারণ মানুষই হোন, এইভাবে জমি ফাঁকি দিয়ে ১৫ বছর আগে রেকর্ড ক'রে নিয়েছে এবং এতদিন আপনাকে সে ভাঁওতা দিয়ে চলছিল। কিন্তু আপনি মন্ত্রী হয়েও অসহায় হয়ে যাবেন। সুতরাং একটা পারমানেন্ট ট্রাইব্যুন্যাল দরকার। তার মানে এই নয় যে, অনেকগুলো লোকজন কি অনেকগুলো অফিসার। আমাদের দেশে অনেক গরিব মানুষ বিধবা আছে, যাদের কেউ নেই। আজকে যেসমস্ত সেটেলমেন্ট রিভিসন হচ্ছে তাতে যদি কেউ অন্যায় করে এবং কোন রকমে ১৫ বছর ধ'রে কিছু কিছু দিয়ে কাটিয়ে দেয়, তা হ'লে যেই ১৫ বছর পার হয়ে গেল তখন দেখা গেল যে কিছু আর করবার নেই, এটা যেন আপনি চিন্তা করেন। এর পর যেটা দেখছি সেটা হচ্ছে বাট টু জুরিসডিকসন অব সিভিল কোর্ট ইন রেসপেক্ট অব সার্টেন ম্যাটার্স যেটা ৫৭(বি)-তে বলা হয়েছে। ৫৭(বি)-তে দেখা যাচ্ছে যে, তাতে মোটামুটি গোটা এস্টেটস অ্যাকুইজিসন অ্যাক্টে করণীয় সমস্ত জিনিস লিপিবদ্ধ আছে। এস্টেটস্ অ্যাকুইজিসন অ্যাক্টে কি করা যেতে পারে? সেক্সন ৫(এ) রিয়ালাইজেসন, রেস্ট্রিকসান এবং ট্রান্সফার-এর কথা আছে। সেক্সান ৫(এ) হচ্ছে জমি অসৎ ভাবে যদি কেউ হস্তান্তর করে, তা হ'লে তার বিধি-নিষেধ আছে। সেক্সান ১৪ হচ্ছে কমপেনসেসান, অ্যাসেসমেন্ট রোল, ক্ষতিপূরণের তালিকা ইত্যাদি। সেক্সান ৩৯ হচ্ছে খতিয়ান তৈরির কাজ। সেক্সান ৪২ হচ্ছে মধ্যস্বত্বাধিকারীদের দেয় খাজনা নির্ধারণ। সেক্সন ৪২(এ)-ও মোটামুটি তাই। এই কাজগুলি করানো হবে কতকগুলি বিশেষ ভার-প্রাপ্ত অফিসারদের দ্বারা। কিন্তু এখন প্রশ্ন হচ্ছে এই কাজ করতে গেলে কনট্রাক্ট অ্যাক্ট, এল আর অ্যাক্ট, দানপত্র ইত্যাদি সব চিন্তা করতে হবে। তা ছাড়া রসিদপত্র ইত্যাদি বহু আইনগত প্রশ্নও আছে। আমি মন্ত্রিমহাশয়কে দেওয়ানী কোর্টে মামলা পাঠাতে বলছি না, আমি বলছি অ্যাসিসট্যান্ট সেটেলমেন্ট অফিসারদের দিয়ে যে জুডিসিয়াল কাজ করাবেন তাকে

পৃথিবীর অন্যান্য জায়গায় বলা হয় অ্যাডমিনিস্ট্রেটিভ জাস্টিস। আমাদের দেশে জুডিসিয়াল জাস্টিস রয়েছে, কিন্তু অ্যাডমিনিস্ট্রেটিভ জাস্টিস নেই। ফ্রান্স, রাশিয়া, আমেরিকায় এই অ্যাডমিনিস্ট্রেটিভ জাস্টিস হয়েছে। এই অ্যাডমিনিস্ট্রেটিভ জাস্টিসে আমরা ভরসা বা বিশ্বাস করতে পারি না। কারণ একজন সেটেলমেন্ট অফিসার তিনি ইকুইপ্ট নন। তিনি কনট্রাক্টারী কি বুঝবেন? সুতরাং এখানে যদি ল-ইয়ারস্ নিয়োগ করেন, অ্যাসিস্ট্যান্ট সেটেলমেন্ট অফিসারের জায়গায়, তা হ'লে আমার মনে হয় সাধারণ মানুষের মনে হবে যে, আমি একটা বিচার পাচ্ছি।

[5-55—6-05 p.m.]

এখানে মনে হচ্ছে আমরা সরকারী কর্মচারীকে আমলা হিসাবে মনে করি, বিচারক হিসাবে মনে করি না এবং মনে না করার সঙ্গত কারণ আছে। আজকে যদি ল-ইয়ার্স সেখানে থাকে, তা হ'লে সত্যিকারে অ্যাডমিনিস্ট্রেটিভ বিচার হবে, লোকে বলতে পারবে না যে, বিচারের নামে অবিচার হচ্ছে। আজকে আর্টিকেল ২২৬-এর কথা অশ্বিনীবাবু ঠিকই বলেছেন, হয়ত দেখা যাবে কলকাতা হাইকোর্টে ৭০ হাজার মামলা রয়েছে, তার জন্য আমরা সাধারণভাবে যেটা জানি, দেখি সেটা হচ্ছে হাইকোর্টে মামলা গেলে জীবদ্দশায় রেমিডি পাওয়ার সম্ভাবনা নেই। জাস্টিস ডিলেড মিনস জাস্টিস ডিনায়েড যে কথাটা সেই কথাটা আজকে কথার কথা হয়ে গেছে কার্যকর হচ্ছে না। মিঃ স্পীকার, স্যার, আমাদের মোটামুটি মনে হয়, হিসাবটা হয়ত একটু এদিক ওদিক হতে পারে, ল্যান্ড রিফর্মস অ্যাক্ট, এস্টেটস্ অ্যাকুইজিসান অ্যাক্টের উপর ৪০ হাজারের মত মামলা হচ্ছে আর্টিকেল ২২৬ অব দি কনস্টিটিউসান-এ। আর্টিকেল ২২৬ অব দি কনস্টিটিউসান যতদিন আছে ততদিন, আপনি সিভিল কোর্টের অধিকার নিয়ে নিচ্ছেন, কিন্তু আমাদের এই অধিকার নেই যে, আর্টিকেল ২২৬-এর ক্ষমতা কেড়ে নিতে পারি। যদি পিটিসানটা একটু কায়দা ক'রে ড্রাফ্ট করা যায়, তা হ'লে আর্টিকেল ২২৬ নিশ্চয়ই অ্যাপ্লাই করবে। এই যে ৪০ হাজার মামলার উপর কিন্তু আমাদের কিছু করার নেই। আজকে যে রিভিসান অব রেকর্ড-অব-রাইটস হচ্ছে তাতে প্রশ্ন দাঁড়িয়েছে এই রকম ধরনের মামলা আবার হবে আর্টিকেল ২২৬ অনুসারে। (ভয়েজ ফ্রম কংগ্রেস বেঞ্চ: ৪০ হাজার নয়, ১৬ হাজারের মত।) আজকে ১৬ হাজার আছে, পরশু ৫৬ হাজার হবে, তারপরে ৭৬ হাজার হয়ে যাবে। আর্টিকেল ২২৬ অব দি কনস্টিটিউসানে বলা হচ্ছে

> Not being one of these provisions of the Constitution which may be changed by ordinary Legislation. The powers under Article 226 cannot be taken away or curtailed by any Legislation short of amendment of the Constitution.

দিল্লীতে আমাদের যখন অ্যামেন্ডমেন্ট করার কোন অসুবিধা নেই তখন আমি মন্ত্রি-মহাশয়কে অনুরোধ করব কনস্টিটিউসান অ্যামেন্ডমেন্ট করার জন্য তিনি দিল্লীতে তাঁরা যেটুকু করণীয় কর্তব্য কর্ম করা উচিত তা তিনি করবেন। তা যদি না করা হয়, তা হ'লে যে উদ্দেশ্যে তিনি এই কাজ করছেন আমার ধারণা সেই উদ্দেশ্য হয়ত সফল নাও হতে পারে। আজকে সি পি আই বন্ধুরা যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন তার মধ্যে সেকসন ৩-তে যে অ্যামেন্ডমেন্ট সেটা হচ্ছে

> Any dispute referred to in clause (b) of sub-section (2) may be decided by a Revenue Officer not below the rank of an Assistant Settlement Officer.

এখানে ও'রা একটা ট্রাইব্যুনালের কথা বলেছেন যে, ট্রাইব্যুন্যালের মধ্যে বলেছেন বাই রিপ্রেজেন্টেটিভস অব এগ্রিকালচারাল অর্গানাইজেসানস্। এখন এটা কার হবে—হরেকৃষ্ণবাবুর একটা এগ্রিকালচারাল অর্গানাইজেসান আছে, কংগ্রেসের একটা আছে, আর এস পি-র একটা আছে, শিবদাসবাবুর একটা আছে, আপনি যদি কারোর একজন রিপ্রেজেনটেটিভ নেন, তা হ'লে বাকি সবাই বলবে আমাদের কাউকে নেওয়া হ'ল না, অতএব প্রপার রিপ্রেজেনটেসান হচ্ছে না। ইন ৫(২)(সি)-তে বলেছেন—অর ডিম্ড টু হ্যাভ বিন ডিসাইডেড—এই ডিম্ড

কথাটা উনি একটু সাবধানতা অবলম্বন করার জন্য বোধ হয় এটা দিয়েছেন। কিন্তু যেখানে অর হ্যাজ অলরেডি বিন এনকোয়ার্ড ইন্টু, ডিসাইডেড অর ডিটারমিন্ড—এত কথা যখন বলা আছে তখন ডিম্‌ড টু হ্যাভ বিন ডিসাইডেড-এর প্রয়োজন নেই, ইট ইজ এ ডিফারেন্স বিটুইন টুইডিলডাম অ্যান্ড টুইডিলডি। এছাড়া আর কিছু নয়। সুতরাং এই অবস্থা হয়েছে, আজকে যে কথাগুলি, বক্তব্যগুলি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি আমি আশা করব অনুগ্রহ ক'রে তিনি এই জিনিসগুলি বিবেচনা করবেন। আজকে আমাদের মহান জাতীয় কবি রবীন্দ্রনাথের ভাষায় বলতে পারি—হে মোর দুর্ভাগা দেশ যাদের করেছ অপমান, ভাগ করে খেতে হবে সকলের সাথে অন্নপান।

শ্রীবিমল পাইকঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বাজেট সেসনের সূচনা হয়েছিল এস্টেট অ্যাকুইজিসন অ্যাক্ট-এর অ্যামেন্ডমেন্ট দিয়ে এবং বাজেট অধিবেশন সমাপ্ত হচ্ছে এস্টেট অ্যাকুইজিসন অ্যাক্টের অ্যামেন্ডমেন্ট দিয়ে। এই বিল সমর্থন করব কিনা সেটা আমি আমার বক্তব্যের উপসংহারে বলব। ঠিক আজকে নয়, প্রায় ২০ বছর পূর্বে ৫ই মে ১৯৫৩ তারিখে আমাদের সকলের মনে একটা কথা জেগেছিল যে, এক একটা মানুষ হাজার হাজার একর সম্পত্তি ভোগ করবে এবং আর একজন মানুষ পথের ধুলোয় মাটিতে ঘুরে বেড়াবে, তার বাস্তু নেই, ঘর নেই, পথ নেই। সরকার সেদিন ঘোষণা করেছিলেন ৫ই মে ১৯৫৩ তারিখের পর থেকে কোন মানুষ ২৫ একরের বেশি সম্পত্তি রাখতে পারবেন না। সরকার বললেন ২৫ একরের বেশি সম্পত্তি যেটা হবে সেটা সরকারের ভেস্ট হবে এবং সরকার সেটা গরিব দুঃখীর মধ্যে বিতরণ করবেন। কিন্তু আমরা দেখছি ২০ বছর অতীত হ'লেও সেই উদ্দেশ্য যথাযথভাবে ফলবান হয় নি। আমরা দেখলাম বহু লোক তাদের সম্পত্তি লুকাবার চেষ্টা করলেন এবং সেটা কেউ করলেন পার্টিসন ক'রে, কেউ করলেন আমলনামা সৃষ্টি ক'রে। ৫ই মে ১৯৫৩ তারিখে যে আইন হয়েছিল তাতে সরকার সমস্ত সম্পত্তি নিতে পারেন নি। আমার বিশ্বাস সরকারের সেই আইনের মধ্যে ত্রুটি ছিল, ফাঁক ছিল এবং তার ফলে বহু মানুষ বেনামী ক'রে রেখেছিল। আজকে এই বিলের মধ্যে যত ত্রুটিই থাক আমি দৃঢ় কণ্ঠে ঘোষণা করতে পারি, আমাদের ভূমিরাজস্বমন্ত্রী মহাশয় একটা মহান উদ্দেশ্য নিয়ে এই বিলের সংশোধনী এনেছেন। তাঁর উদ্দেশ্য হচ্ছে ২০ বছর অতীত হতে চলল, অথচ এখন দেখা যাচ্ছে কোর্টের মাধ্যমে ইনজাংসন দিয়ে বন্ধ থাকলেও বহু লোক আমলনামা সৃষ্টি করেছে। আমি যে ব্যবসায়ে লিপ্ত আছি তাতে আমি জানি অন্তত আমার কাছে ১ হাজার কেস এরকম রয়েছে যারা জমি লুকিয়ে রেখেছে। প্রকৃতপক্ষে অনেক ত্রুটি আছে। সেদিন রেকর্ড-অব-রাইটস ফাইন্যালি পাবলিসড ব'লে ঘোষণা করলেন। কিন্তু যাঁদের উপর সেটেলমেন্টের ভার দিলেন তাঁরা যেমন ক'রে হোক কাজ ক'রে গেছেন এবং তার ফলে মানুষ ইনজাংসন চেয়েছেন এবং তারই ফলে হাজার হাজার একর জমি পড়ে রয়েছে। সেইজন্য আমাদের ভূমিরাজস্বমন্ত্রী চেয়েছেন সেই জমি বার ক'রে গরিব দুঃখীর মধ্যে বিতরণ করবেন। কোন রকম ইনজাংসন হবে না, সিভিল সুট হবে না এটা তাঁর ইচ্ছা। আমি তাঁর উদ্দেশ্যকে অভিনন্দন জানাচ্ছি, তাঁর উদ্দেশ্য মহৎ একথা আমি বার বার বলেছি। কিন্তু আমার মনে ২/৪টি যা খটকা আছে সেটা আমি মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়ের মাধ্যমে ভূমিরাজস্ব-মন্ত্রীকে জানাচ্ছি। তাঁর এই বিলের ক্লজ থ্রি-তে বলেছেন, অব সেকসন ফর্টিফোর অব দি সেড অ্যাক্ট, দি ওয়ার্কস্ "আনটিল ইট ইজ প্রুভড বাই এভিডেন্স টু বি ইনকরেক্ট"। ওটা ছিল রেকর্ড-অব-রাইটস ফাইন্যালি পাবলিস্‌ড হবার পর। অর্থাৎ মূল আইন এইভাবে ছিল, টু বি প্রিজিউম্‌ড টু বি করেক্‌ট আনলেস ইট ইজ প্রুভড বাই এভিডেন্স টু বি ইনকারেকট। উনি সেটাকে অ্যামেন্ড করতে চেয়েছেন আনলেস ইট ইজ প্রুভড বাই এভিডেন্স টু বি করেক্‌ট। তা হ'লে থাকছে কি? প্রিজিউম্‌ড টু বি করেক্‌ট।

[6-05—6-15 p.m.]

এই প্রিজামসনের দুটো অর্থ হয়। যখন কোন জিনিস প্রিজিউম টু বি কারেকট বলা হবে তার প্রিজামসানকে রিবার্ট করবার অধিকার থাকবে। এটা এভিডেন্সের কথা। কিন্তু প্রিজিউম টু বি কারেক্‌ট বলা হয়, তা হ'লে তাকে রিবার্ট করবার অধিকার থাকে না।

আমি কিন্তু বুঝতে পারলাম না, ইট ইজ প্রুভড বাই এভিডেন্স টু বি ইনকারেক্ট—এটা আমার যতদূর সম্ভব মনে হচ্ছে কোথাও যেন ত্রুটি থেকে যাচ্ছে। আর ত্রুটি থাকছে বাস্তবে কি জিনিস দাঁড়াচ্ছে—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন রেকর্ড-অব-রাইটস্ ফাইন্যালি পাবলিস্ড হয়ে যাচ্ছে এটা যেন বলতে যাচ্ছেন ভূমিরাজস্বমন্ত্রী যে এটা কারেক্ট ব'লে ধ'রে নিতে হবে। তা হ'লে বলুন একজন লোকের নাম নির্মলকুমার সেই নির্মলকুমারের জায়গায় শতদলকান্তি হয়ে গিয়েছে—ওরা হয়ত বলবেন, তোমার নির্মলকুমার কারেক্ট ক'রে দেবে না কেন? কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয় কারেকসান করবার কোন কথাই হয় না, যদি তার নির্মলকুমারই হোক আর শতদলকুমারই হোক তার দখলে বাধা না থাকে, এটা হচ্ছে আইনের কথা। তা হ'লে কারেকসান করবার কোন কজ অব অ্যাকসান থাকে না। অতএব মানুষ তার অভিজ্ঞতায় দেখে এসেছে এটা আজকে নয়, ১৯১০ সালে জরিপ হয়েছিল, অনেক ভুল থেকে গেছে। তারপর ডিস্ট্রিক্ট সেটেলমেন্ট ১৯২২ সালে হয়েছিল, তাতেও অনেক ভুল থেকে গেছে, ১৯৩৬ সালে আর এস সেটেলমেন্ট হয়েছিল অনেক ভুল থেকে গেছে। কিন্তু এই রেকর্ডে ভুল থাকবার জন্য কোথাও বাধা সৃষ্টি হয় নি। কিন্তু আজকে যদি এই কথা বলা হয় যে রেকর্ডটা যে ধ'রছেন সেই রেকর্ডটা কনক্লুসিভলি, তার একটা টাইটেল বা পজেসান আছে এই ব'লে বলা হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটা কথা আপনাকে পরিষ্কার ভাবে জানিয়ে দিচ্ছি রেকর্ড-অব-রাইটসের দ্বারা তার পজেসানের প্রিজামসান হয়। এখানে টাইটেলের কোন প্রিজামসান থাকছে না। অতএব এখানে যদি বলা হয় যে, রেকর্ড-অব-রাইটস যেটা আছে সেটাকে পরিবর্তন করা সম্ভব হবে না, তা হলে দেখছি একটা জিনিস ভুল হয়ে যাচ্ছে। যদি আমি মনে করি সমস্ত মামলা জমিদারী উচ্ছেদ আইনকে কেন্দ্র করে তা হ'লে এই কথা বললে নিশ্চিত সুন্দর হত। কিন্তু ১৯৫৩ সালে জমিদারী আইন হয়েছে, তার পূর্বে কারেক্ট চলত, বহু লোকের বহু মোকদ্দমা হয়েছে। সেই মোকদ্দমা ধরুন একটা প্লট নিয়ে বা মর্টগেজ নিয়ে হচ্ছে, কোন মোকদ্দমা দানপত্র নিয়ে হচ্ছে, যদি মনে করুন কোন রেকর্ড-অব-রাইটস্ নাই, যদি দানপত্রে সম্পত্তি মর্টগেজ ব'লে লেখা হয়েছে, তা হ'লে তার তো আর কোন পথ থাকলো না এতবড় ক্ষমতা দেওয়া যদি হয় যেটা আইনে নাই- আমি অন্ততঃ ৫০টি রুলিং আপনাকে দেখাতে পারি, যে রুলিং-এ রেকর্ড-অব-রাইটস্ সব সময় রেভার্সেবল। কিন্তু আজকে যখন এতবড় ক্ষমতা দেওয়া হয়েছে যে, রেকর্ড-অব-রাইটস্‌কে কিছুতেই রিবার্ট করা চলবে না, রিবার্টেবল হবে না, সেটাকে একেবারে কনক্লুসিভলি ধরা হবে, তা হ'লে যেসমস্ত কেস জমিদারী উচ্ছেদের আওতায় এসে পড়ছে না, যারা দু'একর জায়গার জন্য বা দুই ডেসিমেল জায়গার জন্য মোকদ্দমা করছে তাদের অবস্থা কত দূর শোচনীয় হতে পারে সেটা একবার ভেবে দেখুন। আমি একটা উদাহরণ দিচ্ছি একজন লোকের ইজমেন্ট রাইট আছে, আর একটা লোকের যাতায়াত করতে হবে রাস্তা দিয়ে, কিন্তু যাতায়াত করতে পারে সেটা রেকর্ড হয় নি, সুতরাং কেস করতে পারবে না। উনি যেটা বলছেন যে সেটা অ্যাফিক্স ক'রে যাচ্ছে। উনি যেখানে বলছেন –

> No Civil Court shall entertain any suit or application concerning any land, or any estate, or any right.

সেখানে দেখতে পাবেন আইনে—

'Alteration of any entry in the record-of-rights finally published, revised, made, corrected or modified under any of the provision of chapter V',

তা হ'লে দেখুন এটা ঠিক। আমি এটা পরিপূর্ণভাবে সমর্থন করি যে, জমিদারী আইন এইভাবে তোলবার জন্য সিভিল কোর্টের পথ রুদ্ধ ক'রে দিয়েছেন। এটা ক'রে দিন, তাতে আমার আপত্তি নাই, কিন্তু এই পথকে রুদ্ধ ক'রে যদি দেখা যায় যে, দুই ডেসিম্যাল জায়গার জন্য বা নাম ভুলের জন্য বা কোন জমিদারের দুই ডেসিম্যাল জায়গা রেকর্ড হয়ে গেছে ১৪ ডেসিম্যাল ব'লে, তা হ'লে যে ৬ ডেসিম্যাল জায়গা থেকে যাচ্ছে তার জন্য মোকদ্দমা করতে পারবে না। তা হ'লে দেখুন সেই লোকের কতদূর ক্ষতি হতে পারে। তাই আমি বলছি এই যদি হত যে, রেকর্ড যখন ফাইন্যালি পাবলিস হয়েছিল, সেটেলমেন্ট অফিসার দিয়ে করা

হয়েছিল, তারা ঘরে ঘরে ঘুরে করেছে, তা হ'লে বলার কিছু ছিল না। উনি হয়ত উত্তরে বলতে পারেন নামটা পরিমলের জায়গায় নির্মল হয়ে গেল, সুদীর্ঘ ১০ বছর হয়ে গেল তোমরা কেন চুপ ক'রে বসেছিলে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই কথা স্মরণ করিয়ে দিতে চাই এবং আপনিও নিশ্চয় জানেন সি এস যখন জরিপ হয়েছিল তখন পাট্টা দেওয়া ডিস্ট্রিক্ট সেটেলমেন্টের পরে পাট্টা দেওয়া হয়। কিন্তু স্টেট অ্যাকুইজিসনের সময় কি দিয়েছিলেন? দেশের গরিব দুঃখী লোক তার নামটা ঠিক হয়েছিল কিনা সেদিন তার জানবার উপায় ছিল না। অতএব আমার মনে বড় সন্দেহ যে, ভূমিরাজস্বমন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে বলেছেন যে, হাজার হাজার বিঘা জমি লুকিয়ে রেখেছে সেটা বের করে আনবার জন্য যে ব্যবস্থা তিনি গ্রহণ করতে যাচ্ছেন তার জন্য তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি। কারণ, রেকর্ডটা কি ভাবে হয়েছে বিনা পয়সায় দেওয়া হত। কেন সে সময় দেওয়া হত বলুন, এস্টেট অ্যাকুইজিসানের সময় কি দিয়েছেন? কোন লোক তো পাই নি। সেই যে দেশের মধ্যে গরিব দুঃখী তার নামটা ঠিক মত রেকর্ড হয়েছে কিনা, ৬ ডেসিমেলের জায়গায় ৪ ডেসিমেল হয়েছে কিনা বা ৩ ডেসিমেল হয়েছে কিনা এটা তার সেদিন জানবার কোন সুযোগ ছিল না। অতএব আমার এইখানে রয়েছে মনে খুব বড় একটা সন্দেহ যে, আজকে ভূমিরাজস্বমন্ত্রী যারা আজকে সত্যিকারের হাজার হাজার একর জমি লুকিয়ে রেখেছে সেটাকে বের ক'রে নিয়ে আসবার যে চেষ্টা করছেন তাতে তাঁকে আমি অভিনন্দন জানাই, কিন্তু সংগে সংগে আমার মনে একটা খটকা যে সেই কাজ করার জন্য যারা দরিদ্র, যাদের মাত্র ৩ ডেসিমেল বা ৪ ডেসিমেল জমি রেকর্ড করতে পারে নি, দিন চলে গিয়েছে, তারা যেন কোন বিপদে না পড়ে এই দিকে আমি ভূমিরাজস্বমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সবার শেষে আমি এই বিলকে আমার পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য ইতি করছি। জয় হিন্দ।

শ্রীইদ্রিস আলি: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমিরাজস্বমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে সমর্থন ক'রে দু'-একটি কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে বাংলাদেশে জমিদারী উচ্ছেদ করা হয়েছে, তার উদ্দেশ্য ছিল খাস জমি যাদের জমি নেই তাদের মধ্যে বণ্টন করা। কিন্তু দুঃখের বিষয় যে, এই আইনের সুযোগ নিয়ে কতকগুলি সমাজের দুষ্কৃতকারী ব্যক্তি, জমিচোর ও জমিদার জোতদার শ্রেণীর লোক জনসাধারণকে ফাঁকি দেবার জন্য অর্থাৎ গরিব মানুষদের আইন যে অধিকার দেওয়া হয়েছিল তাকে ফাঁকি দেবার জন্য মামলা মোকদ্দমা দায়ের ক'রে আজ পর্যন্ত সেই জমি তাদের মধ্যে বিলি বণ্টন করার সুযোগ আসে নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মন্ত্রিমহাশয় এই যে বিল এনেছেন তাকে আমি এই ব'লেই সমর্থন জানাচ্ছি, এখন তিনি যেন সেই সমস্ত পথকে বন্ধ করার চেষ্টা করেন। আমি একজন আইন ব্যবসায়ী হিসাবে জানি যে, যে ব্যক্তি হয়ত ১০/১৫ কাঠার জন্য মামলা করেছে সেই দেওয়ানী আদালতে এমন কতকগুলি প্যারাফারনেলিয়া আছে, কতকগুলি কোর্ট প্রসিডিওর ফলো করা হয় তাতে হয়ত সেই ব্যক্তি ৫ বছর বা ১০ বছর ধ'রে সেই মামলা চালিয়ে যাচ্ছে। ফলে হচ্ছে কি, যে ব্যক্তি মামলায় জিতল সেও সর্বস্বান্ত হ'ল এবং যে হারল তার তো সবই গেল। কাজেই এই ধরনের যে একটা আইন এই আইনের সংশোধন হওয়ার বিশেষ প্রয়োজন ছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, কি কি কারণে বৃটিশ আমলে ভারতবর্ষের জন্য একটা পৃথক কোর্ট তৈরি হয়েছিল এবং বৃটিশ সাবজেক্ট যারা তাদের বিচার-এর জন্য একটা পৃথক কোর্ট ছিল। উদ্দেশ্য ছিল এই যে এই দেশে এমন কতকগুলি প্রসিডিওর ফলো করা হবে আইন আদালতে যাতে এই দেশের লোক মামলায় জড়িত হয়ে সর্বস্বান্ত হয়ে যায়, তাদের আর্থিক কাঠামো ভেংগে যায়। এই উদ্দেশ্য নিয়ে সিভিল প্রসিডিওর কোড ও ক্রিমিনাল প্রসিডিওর কোড এই দেশে এই জন্য ইন্ট্রোডিউসড করা হয়েছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে এস্টেট অ্যাকুইজিসান অ্যাক্ট যার উদ্দেশ্য ছিল জমিদারদের হাত থেকে গরিব প্রজাদের তাদের নিপীড়ন থেকে রক্ষা করা, কিন্তু পরবর্তীকালে দেখা গেল যে, সেই আইনের উদ্দেশ্য ব্যর্থ হতে চলেছে। যে কোন কারণেই হোক যাদের অবস্থা ভাল জোতদার জমিদার শ্রেণীর লোক তারা সিভিল কোর্টের আশ্রয় নিয়ে সেই গরিব মানুষদের হয়রান করছে, তাদের সর্বস্বান্ত করছে এবং শেষ পর্যন্ত বাধ্য হয়ে যাতে প্রতিকার থেকে

বঞ্চিত হয়ে তার ব্যবস্থা করেছে। মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেই বিল-এর কতকগুলি জিনিস সম্বন্ধে তিনি উল্লেখ করেছেন যে, এই বিল দ্বারা আর সিভিল কোর্ট বা হাইকোর্টে গিয়ে মামলা ক'রে জমি চুরি ক'রে রাখতে পারবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জানি এতে হয়ত একটা অসুবিধা আছে যদি সিভিল কোর্টে তারা না যেতে পারে, তা হ'লে রেকর্ড-অব-রাইটস্ তারা সংশোধন করবার সুযোগ পাবে না এটা ঠিক, কিন্তু সঙ্গে সঙ্গে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তিনি যেন এই বিষয়ে একটা মেজার নেন যে, যেসমস্ত অফিসারের হাতে এই রেকর্ড-অব-রাইট তৈরির ভার আছে তারা যদি তাদের কর্তব্যে অবহেলা করে তাদের একটা শাস্তির ব্যবস্থা অবলম্বন করা এবং তা যদি না করা হয়, তা হ'লে রেকর্ড-অব-রাইটে ভুল ভ্রান্তি সংশোধন করবার কোন উপায় থাকবে না।

[6-15—6-25 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলের মধ্যে একটা জিনিস লক্ষ্য করছি। এটা রয়েছে এই বিলের মধ্যে সেটা হচ্ছে সিভিল কোর্টে এভিডেন্স দিয়ে রেকর্ড-অব রাইটসের কারেক্টনেস প্রমাণ করা যাবে। কিন্তু সঙ্গে সঙ্গে বিধান রয়েছে সেকসন ৪৪(২এ), ১৫ বছর সময় দেওয়া হয়েছে, যদি কারও রেকর্ড-অব-রাইটে ভুল থাকে, তা হ'লে সে দরখাস্ত করলে সেই ভুল সংশোধনের বিধান রয়েছে। কাজেই এই বিলের দ্বারা কারও কোন ক্ষতি হওয়ার সম্ভাবনা আদৌ নাই। আমি এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই যে, ১৯৬৭ সাল থেকে ১৯৭০ সাল পর্যন্ত যাঁরা ক্ষমতায় অধিষ্ঠিত ছিলেন, তখন কিন্তু তাঁদের মনে হয় নি যে, এই বিল অচল, এই বিলকে আরও ভাল করা দরকার। এখন যাঁরা আপত্তি করছেন সেই আর এস পি এবং সি পি আই দলও তখন যুক্তফ্রন্টের শরিক ছিলেন, তখন তাঁরা কিন্তু বল'লেন না যে, এই বিলকে বদলে আরও ভাল বিল করা উচিত। যাদের জমি নাই, তারা যাতে জমি পেতে পারে, তাদের জন্য একটা ভাল বিল প্রণয়ন করার চিন্তা সেই সময় তাঁরা করেন নাই। আজকে তাঁরা আপত্তি করছেন তার একটি মাত্র কারণ হ'ল—তাঁরা যে চিন্তা কর'ছন, তার চেয়ে ভাল বিল এসেছে। কাজেই তাঁরা সংশোধনী দিয়েছেন, এটা সহজেই অনুমান করা যায়, কেননা তাদের এই সংশোধনী দেওয়ার কোন অর্থই হয় না যেখানে পরিস্কার ব'লে দেওয়া আছে যে, সমস্ত ডিসপিউট এরাইজ করবে সেগুলি ডিটারমিন করা হবে—ইনভেস্টিগেশন করা হবে, ফাইনাল ডিসাইডেড হবে, তারপরে বিল টু বি কারেক্টেড, এটা বলার কোন অর্থ নাই। যেহেতু অপোজ করতে হবে, সেজন্যই সংশোধনী দেওয়ার চেষ্টা করছেন, জনসাধারণের কাছে পপুলার হওয়ার চেষ্টা করছেন। এ ছাড়া আর কিছু নাই। কাজেই এই যে বিল এসেছে আশা করি, আজকে মাননীয় সদস্যরা সমর্থন করবেন। এ বিলে এমন কোন আশঙ্কা নাই। তবে এই প্রসঙ্গে আমি দুই-একটি কথা বলতে চাই মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে। আমার কাছে কতকগুলি জাজমেন্ট এবং সার্টিফায়েড কপিজ অব ডিপোজিশন আছে, আজকে যে সমস্ত অফিসারের উপর রেকর্ড-অব-রাইটস্ তৈরির ভার দেওয়া আছে, জে এল আর ও, এস এল আর ও, সেটেলমেন্ট অফিসার, তাদের উপর যে ডিউটি এবং ক্ষমতা দেওয়া আছে, সেই ক্ষমতার অপব্যবহারের ফলে কতকগুলি ভুল এন্ট্রি হয়েছে, ভুল ডিসিশন আছে। তার জন্য বিধান থাকা উচিত। তা যদি না থাকে, তা হ'লে একজনের নামে আর একজনের জমি রেকর্ড হয়ে যাবে, কমপেনসেসনের ব্যাপারে অন্যায় হবে যদি এটাকে ছেড়ে দেওয়া হয়। ২২(২) ধারা মতে বি টি অ্যাক্টে যেমন ছিল রায়ত অথবা ইনটারমিডিয়ারী যাদের দু'বিঘা কি পাঁচ বিঘা জমি আছে, কোন ক্রমে রিটার্ন দিতে কিংবা অন্য কোন কারণে ভুল হয়েছে, সেই ভুল সংশোধনের বিধান থাকা উচিত এই আইনে, সিভিল কোর্টের বিধানকে যদি বার ক'রে দেওয়া হয়, তা হ'লে যে সমস্ত গরিব লোক, মাত্র ৫ বিঘা কি ৬ বিঘা জমির মালিক রিটার্ন দিতে ভুল হয়েছে কিংবা দিয়েছে, কিন্তু অফিসারি সেটা কার্যকর করে নি তার জন্য রিলিফের ব্যবস্থা থাকা উচিত, এমন একজন অফিসারের শুনানীর ব্যবস্থা করা উচিত যাতে সেই ভুলের মীমাংসা হয়, সংশোধনীর জন্য সিভিল কোর্টে যাবার প্রয়োজন না হয়। সেজন্য ভূমিরাজস্বমন্ত্রী মহাশয়কে এটা সম্বন্ধে চিন্তা করতে বলি। সিভিল কোর্টের জুরিসডিকসন যদি না থাকে এগ্রিভড পার্সন্স যাতে রিলিফ পায়—আরও হয়ত পাঁচ বছর বাড়িয়ে, যার রেকর্ড-অব-রাইটসে ভুল

আছে কিংবা যে কোন কারণেই ভুল ভ্রান্তি হয়েছে, সে সম্বন্ধে দরখাস্ত করলে যাতে সংশ্লিষ্ট অফিসার যথাযথভাবে শোনেন এবং রিলিফ দেবার ব্যবস্থা করেন। এই ব'লে এই বিলকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রীসুব্রত মুখোপাধ্যায় (কাটোয়া)ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় ভূমিরাজস্বমন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল এস্টেটস্ অ্যাকুইজিসন (সেকেন্ড) অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন, এই বিলের বহু আলোচনা এতক্ষণ বিধানসভায় হ'ল। এই বিলকে আমি স্বাগত অভিনন্দন জানাচ্ছি। কারণ ১৯৫৩ সালে ভূমি সংস্কার আইন পাস হবার পরে আমরা বার বার যেটা লক্ষ্য করেছি সেটা হচ্ছে এই যে, আমাদের সরকারের ঈপ্সিত লক্ষ্য যে ভূমিহীন কৃষকদের মধ্যে যে জমি সিলিং লিমিটের বাইরে যারা লুকিয়ে রেখেছে জমিচোরের দল, তাদের হাত থেকে জমি ছিনিয়ে নিয়ে ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করবার পথে ১৯৫৩ সালের ভূমি সংস্কার আইন যথেষ্ট নয়। কিন্তু এই যে যথেষ্ট নয় এটা আমাদের বুঝতে অনেকদিন সময় লেগেছে। একথা ঠিক, তথাপি আজকে অন্ততপক্ষে ভূমিরাজস্বমন্ত্রী এই বিল এনে প্রমাণ করলেন বর্তমান যে সরকার ক্ষমতায় আসীন আছেন, তাঁরা জমিচোরদের ক্ষমা করতে রাজী নন। এই জমিচোররা স্বনামে বেনামে যে জমি লুকিয়ে রেখেছিল, তাদের সেই জমি লুকিয়ে রাখার যে ফিকির, সেই ফিকিরে এতদিন পরে আঘাত দেওয়া হয়েছে।

আমরা জানি আজকে পশ্চিমবঙ্গের এই সিভিল কোর্টে ৬৭ হাজার একর জমি বিভিন্ন ভাবে ইনজাংসন ক'রে ঝুলিয়ে রাখা হয়েছে; সেই জমি বিলি হতে পারে নি ইনজাংসনের দরুন। ১ লক্ষ ২০ হাজার একর জমির উপর ইনজাংসন করা হয়েছে, সেই ইনজাংসন হাইকোর্টে দায়ের করা আছে। একথা ঠিক এই আইনের বলে এই ৭০ হাজার একর জমিতে যে ইনজাংসন ঝোলান আছে, সেই ইনজাংসন বাতিল হবে এবং সেই জমি ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করা সম্ভব হবে। এত বড় প্রগতিশীল সিদ্ধান্ত, এই সিদ্ধান্তকে, অত্যন্ত বেদনার সঙ্গে বলতে হয়, স্বাগত জানাতে বিরোধী বন্ধুদের কারো কারো কুণ্ঠা ও সংশয় আছে। আমি জানি না এই কুণ্ঠা ও সংশয়ের কারণ কী! এই বিলে একথা বলা আছে যে, যদি এই জমির মালিকানা নিয়ে কারো কিছু আপীল করবার থাকে, তা হ'লে পরে স্পেশাল জজ কোর্টে হিয়ারিং হতে পারে। অকারণে সেই সুযোগ থাকা সত্ত্বেও যারা এতদিন সিভিল কোর্টের দরজায় এই ফিকিরের আশ্রয় নিয়ে বেনামী জমির দখল ভোগ করছে--এক কথায় যারা বড় জোতদার—তাঁরা শুধু এই বিলে ভীত হবেন, এই বিলে বলা আছে মধ্যস্বত্বভোগীদের কথা এবং বড় জোতদার যাদের ক্ষতিপূরণ সরকারের কাছে পাওনা আছে, সেই ক্ষতিপূরণের টাকা নেওয়ার আগে, তাদের কাছে সরকারের যে খাজনা পাওনা আছে, সেই খাজনাটাকে কেটে নিয়ে তারপর ক্ষতিপূরণ দেওয়া হবে। এটা

[6-25—6-35 p.m.]

এতদিন কোন আইনের বিধান না থাকার জন্য আমরা একথা নিশ্চয়ই স্বীকার করবো যে, খাজনা বাবত রাজ্যসরকারের একটা মোটা টাকা ফাঁকি দেবার সুযোগ ছিল। কিন্তু সে ফাঁকির পথ আজ বন্ধ হ'ল। সুতরাং আমরা সকলে সমবেত ভাবে বলবো পশ্চিমবাংলা বিধানসভায় আজকে যে বিল ভূমিরাজস্বমন্ত্রী এনেছেন সেটা একটা বৈপ্লবিক বিল এবং এই বিলের নূতন ক'রে যারা ভূমিহীন কৃষককে যাদের ঘরে অর্থনৈতিক স্বাদ পেঁছায় নি, তাদের কাছে এটা একটা আশার সঞ্চার করবে। এই বিলের যারা কিছু কিছু সমালোচনা করেছেন তাদের সংশয় ও কুণ্ঠা আছে তাদের সে সংশয় ও কুণ্ঠা ভুলে গিয়ে এই বিলকে সমর্থন করার জন্য আহ্বান জানাচ্ছি। এই ব'লে আমি শেষ করছি।

শ্রীকাশীনাথ মিশ্রঃ স্যার, আজকে ভূমিরাজস্বমন্ত্রী ওয়েস্ট বেঙ্গল এস্টেটস্ অ্যাকুইজিসন (সেকেন্ড) অ্যামেন্ডমেন্ট বিল ১৯৭৩ যেটা নিয়ে এসেছেন সেটা যুগোপযোগী। ১৯৫৩ সালে এস্টেট অ্যাকুইজিসন বিল-এর আজ পর্যন্ত যার সংশোধন হয় নি আজকে দেশ গঠনের কথা চিন্তা ক'রে তাতে যেসমস্ত বাধা ছিল সেগুলিকে দূর ক'রে দিয়ে ভূমি সংস্কার করা হচ্ছে এবং এর মাধ্যমে জমিদারী উচ্ছেদ ক'রে গরিব চাষীদের মধ্যে জমি বিতরণের যে চেষ্টা এটা একটা প্রগতি। আজও যেখানে ৭০ ভাগ মানুষ কৃষিজীবী, সেখানে এই ভূমি সমস্যাও সংস্কারের দ্বারা বেকারি দূর করার একটা নূতন পথ ব'লে আমি মনে করি। আজকে গরিব চাষীরা বাঁচতে

পারবে এবং তাদের নিজস্ব জমি ব'লে তারা গ্রহণ করতে পারবে এবং বড় বড় জমিচোরদের জমি বার ক'রে সে জমিগুলি গরিব ও দুঃস্থ কৃষকদের মধ্যে বিলি করার মাধ্যমে বেকার সমস্যার সমাধান হবে। আমরা দেখেছি এই সরকার আইন ক'রে সিলিং-এর যে পরিবর্তন করলেন তার ফলে কিছু জমি উদ্ধার করলেন এবং আমরা দেখতে পাই সেই জমি ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করা হ'ল। এছাড়া আমরা দেখতে পাচ্ছি যে, কোর্টের ইনজাংসনের ফলে আজকে একটা এই কাজের প্রতিবন্ধকতা হচ্ছে। এটা ভূমিরাজস্বমন্ত্রী বুঝতে পেরেছেন, যেহেতু তিনি গরিব এলাকার লোক এবং একজন সাধারণ মধ্যবিত্ত পরিবারের লোক। তিনি বুঝতে পেরেছেন যে, গরিব লোকেদের বাঁচাতে না পারলে পশ্চিমবাংলাকে রক্ষা করা যাবে না। তাই আজকে কোর্টে যে ইনজাংসন বড় বড় জোতদাররা নিয়ে এসেছেন সেগুলিকে কিভাবে ভেকেট করা যায় তার জন্য এই আইনের পরিবর্তন। অর্থাৎ তারা আবার যাতে সিভিল কোর্টে গিয়ে দাঁড়াতে না পারে এবং ইনজাংসন দিতে না পারে তার জন্য এ প্রচেষ্টা। এজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। আজকে জোতদাররা আইনটা যাতে ঠিক মতন কার্যকর না হয় এবং গরিব চাষীরা যাতে বুঝতে না পারে তার জন্য নানারকম ষড়যন্ত্র করে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে বলবো, যা আইন প্রণয়ন করছেন সেগুলি সম্বন্ধে আপনার দপ্তর যেন সজাগ হয়। সেখানে বাধা পাচ্ছে যেখানে গরিব চাষীরা আইন ঠিকমতো বুঝতে পারছে না। আজকে চাই প্রচারযন্ত্র এবং সেটা গ্রামে গঞ্জে ছড়িয়ে দিতে হবে এবং দায়িত্ব নিতে হবে আপনার দপ্তরকে। কারণ গরিব চাষীদের ঠিকমতো বোঝান হয় না যে, আইনটা যে কি এবং তাদের জন্য করা হয়েছে। আজকে যেকথা মাননীয় আর এস পি সদস্য বলছিলেন, তিনি একটা ভুল ব্যাখ্যা দিচ্ছিলেন, অসত্য ব্যাখ্যা দিচ্ছিলেন, সরকার যে আইন করছেন তাতে গরিব চাষীরা উপকৃত হবে না। কিন্তু উপকৃত হবে। তারা যে অসত্য রটনা করছেন তার জন্য বিভাগীয় দপ্তরকে সজাগ হতে হবে এবং যদি সজাগ না হয়, তা হ'লে যুগোপযোগী যে আইন হচ্ছে তাকে কার্যকর করা যাবে না। এই সরকারের ১৭ দফা কর্মসূচি গত নির্বাচনের সময় আমরা দেখেছিলাম ভূমিহীনদের ভূমি বণ্টন এবং গরিব চাষীদের মধ্যে তাদের যে জমি তার ভোগস্বত্ব সেটার যে পূর্ণ অধিকার দিচ্ছেন সেটা যে বাস্তবে রূপ দিতে যাচ্ছেন সেটা আজকে সি পি এম যেমন বাধা দিতে চাইছেন তেমনি আর এস পি-ও বাধা দিতে চাইছেন। কারণ এইভাবে যদি রূপ এই সরকার দেয়, তা হ'লে এই সরকার দীর্ঘস্থায়ী হয়ে যাবে। কিছু লোককে তখন আর ভুল বোঝাতে পারবে না। আজকে যে নূতন সূর্য উঠেছে, আর এস পি সদস্য বলেছেন চাঁদ উঠেছে, আমি বলবো সূর্য উঠেছে তার আলোয় এই জঘন্য আখ্যা দেওয়া ধ্বংস হয়ে যাবে। দেশ গঠনের টাকা আসবে এর মাধ্যমে। আজকে জোতদাররা যা ফাঁকি দিচ্ছেন তা আদায় করার জন্য এবং ক্ষতিপূরণ আদায় ক'রে নেবার যে ব্যবস্থা করছেন আপনার মাধ্যমে সেই প্রগতিশীল আইনের জন্য মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ। বন্দে মাতরম্।

ডাঃ ওমর আলী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল এস্টেটস্ অ্যাকুইজিসন (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৩ সম্পর্কে আলোচনা করার আগে আমি এইটা ব'লে নিতে চাই যে, এখানে কিছু কিছু সদস্য তাঁরা তাঁদের বক্তব্য বলতে গিয়ে বিগত যুক্তফ্রন্টকে আক্রমণ করেন। প্রথমে এই বিধানসভা যখন আরম্ভ হয়েছিল তখন যতজন সদস্য এইভাবে আক্রমণ করতেন মাঝে দেখা গিয়েছিল সেই আক্রমণ অনেকখানি কমেছে। আবার এখন দেখা যাচ্ছে, যুক্তফ্রন্টকে আক্রমণ করার প্রবণতা বাড়ছে। সুতরাং বলতে পারি যুক্তফ্রন্টকে আক্রমণ ক'রে বক্তব্য রাখার যে রোগ দেখা দিয়েছিল যা ভাবছিলাম আরোগ্য লাভ করছে এখন দেখা যাচ্ছে তা আবার রিলাপস্ করছে এবং ডাক্তার হিসাবে বলছি কোন রোগ রিলাপস্ করলে হয় সারে না না হয় সারতে দেরি লাগে। যুক্তফ্রন্টের আমলে ভূমিনীতি সম্পর্কে একটা পরিবর্তনের জন্য

[6-35—6-45 p.m.]

চেষ্টা হয়েছিল। এবং একথা স্বীকার করেছি যে, সি পি এম-এর হটকারিতার ফলে সেই পরিবর্তনকে আমরা কার্যকর করতে পারি নি সেটা আমাদের ব্যর্থতা। কিন্তু এটা ঠিক যে যুক্তফ্রন্ট সরকারের আমলে জমিচোর জোতদাররা অনেকখানি কোনঠাসা হয়েছিল। এবং ক্ষেতমজুর গরিব কৃষকরা অনেক বেশী উৎসাহিত হয়েছিল। আমি যদি সঠিকভাবে আমাদের

নীতিকে কার্যকর করতে পারতাম, তা হ'লে অবশ্যই এই উৎসাহ বাড়তো এবং ভূমি নীতি ক্ষেত্রে নূতন পরিবর্তন হত। ঠিক যেমন সি পি এম পরিচালিত বামপন্থী জোট একটা কথা বলতেন, অন্ধ কংগ্রেস বিরোধিতা করতেন, আমরা সেই অন্ধ বিরোধিতাকে সঠিক ব'লে মনে করি না, তেমনি অন্ধভাবে যুক্তফ্রন্ট সরকার বিরোধিতাকে আমি সঠিক ব'লে মনে করতে পারি না। যা হোক, বিল সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমি এইটুকু বলবো যে, প্রথম যখন এই বিল আমাদের হাতে এসেছিল তখন ভাষা ভাষা বিলটি পড়ে যত বেশী উৎসাহিত হয়েছিলাম, এই বিলটি ভালভাবে পড়ে ভালভাবে অনুধাবন ক'রে সেই পরিমাণ উৎসাহ রাখতে পারছি না। তবে একথা নিশ্চয় বলবো যে, এই বিলটি মন্দের ভাল, পুরোটা ভাল নয়। আলোচনার সময় মাননীয় সদস্য শ্রীঅশ্বিনী রায় মন্ত্রিমহাশয়ের দেওয়া প্রতিশ্রুতি স্মরণ করিয়ে দিয়ে বলেছেন এই বিলটি ভূমি ব্যবস্থার আমূল পরিবর্তন তো দূরের কথা প্রগতিশীল পরিবর্তনও ঘটাতে পারে নি। সুতরাং একটা কম্প্রিহেনসিভ ল্যান্ড বিল আনবার প্রয়োজনীয়তা আছে। আশা করি নিশ্চয় মন্ত্রিমহাশয় এ বিষয়ে ভাববেন। এই আইনে যে বিধান ক'রে দেওয়া হচ্ছে যে, এখন থেকে কতকগুলি বিষয়ে দেওয়ানী আদালতে জমির মালিক জোতদার যেতে পারবে না। কিন্তু এই জিনিসটি ক'রে দিলে পরেও ভূমি নীতি কার্যকর হয় না, অনেকটা অসুবিধা হবে। আমি এ সম্পর্কে একমত। এবং সেই কারণেই এই বক্তব্যকে আমি সমর্থন করি। আমি এর আগে জানিয়েছিলাম যে, আমাদের রাজ্যে হাইকোর্ট এবং দেওয়ানী মুন্সেফ কোর্ট সব মিলে প্রায় ৮১ হাজার মামলা ঝুলছে। এবং এর জন্য প্রায় ১ লক্ষ ৭০ হাজার একর জমি আটকে আছে। আজকে ভূমিরাজস্বমন্ত্রী কেবলমাত্র ৬৭ হাজার একর জমি যেটা দেওয়ানী আদালতের এক্তিয়ারে আছে সেগুলি বিলি বণ্টনের ব্যবস্থা করছেন। কিন্তু এ ছাড়া যে ১০১ লক্ষ একর জমি হাইকোর্টের ইনজাংসনের ফলে আটকে আছে তার কি হবে তার কি ব্যবস্থা করছেন? দেওয়ানী আদালতে যে জমি আটকে আছে এই আইনের আওতায় এনে সেগুলি বিলি ক'রে দেওয়া হবে আর হাইকোর্টের ইনজাংসনের ফলে তাঁর হিসাব মত যে জমিগুলি আটকে আছে সেই জমিগুলি ভূমিহীনদের দেবার কি ব্যবস্থা হচ্ছে? সেখানে তো কোন বাধা নিষেধ নাই। আমরা দেখেছি অনেক বড় বড় জোতদার সংবিধানের ২২৬ ধারা অনুযায়ী ইনজাংসন দিয়েছে—শুধু দখল নেবার আগে ইনজাংসন নয়, সরকার দখল নিয়েছে বিলি করতে যাচ্ছে এই রকম সময়ে ইনজাংসন দেওয়া হয়েছে এবং তাতে হাজার একর জমি আটকে আছে। শুধু তাই নিশ্চয় মন্ত্রিমহাশয় জানেন সরকার দখল নিয়ে জমি ভূমিহীনদের মধ্যে বিলি ক'রে দিয়েছে, এবং সেই বিলি ক'রে দেবার পরও ইনজাংসন দেওয়া হয়েছে। পরের বারে আর সেই জমি বিলি করা গেল না, আটকে রইল। এইভাবে যে জমি আটকে আছে এই বিলে সেই জমিকে বের ক'রে এনে বিলি করার কোন ব্যবস্থা নেই। সুতরাং এই আইন পরিপূর্ণভাবে এই উদ্দেশ্যকে সিদ্ধ করতে পারবে না। আমার দ্বিতীয় কথা হ'ল জমিদারী উচ্ছেদ আইন সংশোধন ক'রে অন্ততঃ দেওয়ানী আদালতে যাওয়ার রাস্তা যেমন তিনি বন্ধ করেছিলেন তেমনি তাঁর উচিত হবে ভূমি সংস্কার আইন সংশোধন ক'রে ভাগচাষীদের স্বার্থ রক্ষা করবার জন্য দেওয়ানী আদালতে মালিকরা যাতে না যেতে পারে তার ব্যবস্থা করা। কারণ, আমাদের কাছে এই রকম অসংখ্য উদাহরণ আছে যে নতুন নতুন কায়দায় জমির মালিকরা ভাগচাষীদের উচ্ছেদ করছে। তার মধ্যে একটি প্রধান কারণ হ'ল, ভাগচাষ সংক্রান্ত বিষয় দেওয়ানী আদালতের মধ্যে নিয়ে গিয়ে ভাগচাষীদের হয়রানি করছে, ভাগচাষীরা জে এল আর ও অফিসে তাদের অধিকারকে প্রতিষ্ঠা করবার জন্য যে মামলা রুজু করেছে তাকে আটকে দিয়ে গোলমালের মধ্যে ফেলে দিয়ে ভাগচাষীদের উচ্ছেদ করছে। ভূমি-রাজস্বমন্ত্রীর বাড়ি যে জেলায় সেই বাঁকুড়ার ইন্দ্র লোহারের সম্বন্ধে তিনিও জানেন, আমরাও জানি। ইন্দ্র লোহার তো একা নেই, এই রকম হাজার হাজার ইন্দ্র লোহার আছে ভাগচাষীরা তাদের ঐ দেওয়ানী কোর্ট, ফৌজদারী কোর্টের খপ্পরে পড়ে অধিকার রক্ষা করতে গিয়ে ভুগছে। সুতরাং ভাগচাষীদের স্বার্থ রক্ষা করতে গেলে পরে ভূমি সংস্কার আইনকে সেই ভাবে সংশোধন ক'রে দেওয়ানী আদালতে যাবার রাস্তা মালিকদের ক্ষেত্রে বন্ধ করার উপযুক্ত ব্যবস্থা থাকা দরকার, তা না হ'লে ভূমি সংস্কার ব্যাহত হবে। আমি যে সংশোধনী দিয়েছি সেই সংশোধনীর বিরোধিতা করেছেন কয়েকজন মাননীয় সদস্য এবং কুমারদীপ্তি সেনগুপ্ত মহাশয় এবং ইদ্রিস আলি সাহেব তাঁদের বক্তব্যের সময় এই সংশোধনীর কোন যৌক্তিকতা তাঁরা খুঁজে পান নি ব'লে বলেছেন। আমি যখন এই সংশোধনী মুভ করবো, তখন তার যৌক্তিকতা সম্বন্ধে বলব যে,

কেন আমি এই সংশোধনী উপস্থিত করেছি। আমরা মনে করি বিলে যেটুকু আছে একে যদি পূর্ণাঙ্গ করতে হয়, কার্যকর করতে হয়, তা হ'লে এই সংশোধনী থাকা দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি ভূমিরাজস্বমন্ত্রী এবং মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই প্ল্যানিং কমিশনের হালফিল কয়েকটি গুরুত্বপূর্ণ সুপারিশের দিকে। প্ল্যানিং কমিশন পরিষ্কার ভাবে বলেছেন যে, দেওয়ানী আদালতে কোন ভাবেই ভূমি সংস্কার আইন কার্যকর করার প্রশ্নকে জড়িত করা উচিত হবে না। তা ছাড়া বলেছেন যে, এই আইনানুগ ব্যবস্থাগুলি এমন হওয়া উচিত যাতে তাদের অধিকার ঠিকমত থাকে এবং একটি নির্দিষ্ট সীমার মধ্যে বর্গাচাষীদের মালিকানার অধিকার থাকে। প্ল্যানিং কমিশনের আরো সুপারিশ আছে যে দেওয়ানী আদালতে ভূমি সংক্রান্ত যে মামলা সেই মামলাগুলিকে নিয়ে এসে উপযুক্ত ভূমি সংস্কারের ট্রাইব্যুনালের মধ্যে তার ফয়সালা করতে হবে এবং সেই ট্রাইব্যুন্যাল গঠন করতে যে সুপারিশ তারা করেছেন সেই সুপারিশের মধ্যে আছে যে ভূমি সংস্কারের ফলে যারা লাভবান হবেন তাদের নিয়ে গ্রাম এবং ব্লক স্তরে কমিটি করতে হবে এবং এই কমিটির সভ্য নির্বাচিত হবেন ঐ ভূমিহীন কৃষক, গরিব চাষী। প্ল্যানিং কমিশনের এই সুপারিশের তুলনায় আমার সংশোধনী অনেক নিরামিষ ব'লে মনে হয়। সুতরাং এই সংশোধনীর কেন যে বিরোধিতা করা হচ্ছে তা আমি বুঝতে পারছি না।

[6-45—6-55 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমিরাজস্বমন্ত্রী একাধিকবার বলেছেন যে, ভাগচাষীরা জোতদারদের ভয়ে তাদের নাম রেকর্ড করাতে পারছে না। সরকারী হিসাবে আমরা জানি ভূমিরাজস্বমন্ত্রীর কথা অনুযায়ী যে, আমাদের রাজ্যে ২২ লক্ষ ভাগচাষী আছে, তার মধ্যে ৮ লক্ষ রেকর্ডেড এবং যে ৮ লক্ষ রেকর্ড করিয়েছিল সেইগুলো পরবর্তীকালে মামলার খপ্পরে পড়ে অনেক উচ্ছেদ হয়ে গেছে। কিন্তু প্ল্যানিং কমিশনের যে রিসার্চ কমিটি তাদের মতে ২২ লক্ষ ভাগচাষী এবং প্রায় ৫৩ লক্ষ একর জমি বর্গাপ্রথায় চাষ হয়। এই যে বর্গাদার নাম রেকর্ড করাতে ভয় পাচ্ছে কেন? কেন ভয় পাচ্ছে সে সম্বন্ধে ভূমিরাজস্বমন্ত্রী বলেছেন যে, রেকর্ড করালে পরে মালিকের সঙ্গে সম্পর্কের অবনতি হয়। মালিকরা চাষের সময় যে টাকা দেয় সেই টাকা দেবে না। এবং যা বীজ ধান দেয় বা সার কেনার জন্য যে টাকা তা দেবে না, সেই ভয় থাকে। প্রধানতঃ সেই ভয়ে তারা রেকর্ড করাতে চায় না। কিন্তু আমি এই মত পোষণ করি না পুরোপুরিভাবে। এটা একটা কারণ হতে পারে, কিন্তু প্রধান কারণ হ'ল যেখানে ভাগচাষীরা রেকর্ড করানোর জন্য অগ্রসর হচ্ছে, যেখানে ভাগচাষীরা জে এল আর ও-র কাছে দরখাস্ত ক'রে ভাগচাষের অধিকার কায়েম করবার চেষ্টা করছে, সেখানে তাদের বিরুদ্ধে একাধিক দেওয়ানী আদালতের মামলা এবং ফৌজদারী মামলা জুড়ে দেওয়া হচ্ছে। বেশীর ভাগ ক্ষেত্রে পুলিস চাষীর পক্ষে থাকা তো দূরের কথা তারা ভাগচাষীদের বিরুদ্ধে যাচ্ছে মালিককে সাহায্য করতে। সুতরাং সেই কারণে বর্গাদারদের ভয় যদি দূর করতে হয়, তাদের যদি রেকর্ড করাতে উৎসাহিত করা হয়, তা হ'লে অবশ্যই ঐ ভূমি সংস্কার আইনকে সংশোধন ক'রে দেওয়ানী আদালতের এক্তিয়ারের বাহিরে নিয়ে যেতে হবে। তা না হ'লে যে আইন এনে যতটা কার্যকর করার কথা ভাবছেন সেটা ততটা কার্যকর হবে না। আমি আশা করবো এই সমস্ত সমস্যাগুলো মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী বিবেচনা ক'রে দেখবেন এবং পরবর্তীকালে যত তাড়াতাড়ি সম্ভব এই সমস্ত ত্রুটিগুলো দূর ক'রে একটা কম্প্রিহেনসিভ ল্যান্ড বিল পশ্চিমবাংলার জন্য রচনা করবেন এবং সেই বিল আইনসভায় আনবার আগে বিভিন্ন দল-মতের সদস্যরা যারা এই আইন সম্পর্কে মতামত দিতে চান তাদের মতামত নেবেন। আমি আগেই বলেছি এই আইনের পুরোপুরি উদ্দেশ্য সিদ্ধ না হ'লে নিশ্চিত পক্ষে কিছুটা কল্যাণ গরিবদের হবে। কিছুটা মালিকরা কোণঠাসা হবে, আইনটা মন্দের ভাল। সুতরাং সেই কারণে এই বিলকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার ভূমি এবং ভূমি সদ্ব্যবহার বিভাগের মন্ত্রিমহাশয় ওয়েস্ট বেঙ্গল এস্টেটস্ অ্যাকুইজিসন (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল যা এনেছেন আমি তাকে সমর্থন করছি। এই বিল শুধু সমর্থনযোগ্য নয়, অভিনন্দনযোগ্য। পৃথিবীর যত বয়স বাড়ছে তত পুরানো চিন্তাধারা, পুরানো ধ্যানধারণার পরিবর্তন ঘটছে।

একদিন এমন অবস্থা ছিল এই পৃথিবীতে যেদিন মাইট ইজ রাইট এই কথাটা খুব সত্য ছিল। এমন অবস্থা ছিল বেশ কিছুদিন আগে যখন মানুষকে মনে করা হত সম্পত্তি। এমন একদিন ছিল যখন ১৮/১৯ ঘণ্টা কাজ করিয়ে মানুষকে বন্য জন্তুর মত জীবন যাপন করাতে বাধ্য করা হত। আবার এমন দিনও ছিল যেদিন বলা হত রাজা এবং মহারাজারাই হচ্ছে এই মরধামে ভগবানের প্রতিনিধি। তারা ভগবানস্বরূপ। কিন্তু ধীরে ধীরে সময় পালটাচ্ছে। রামমোহন থেকে বিবেকানন্দ পর্যন্ত, মহাত্মা গান্ধী থেকে সুভাষচন্দ্র পর্যন্ত এবং তারপর পণ্ডিত জহরলাল নেহেরু থেকে শ্রীমতী ইন্দিরা গান্ধী পর্যন্ত অনেক গঙ্গার জল গড়িয়ে গেছে, চিন্তাধারার অনেক পরিবর্তন ঘটেছে। সেই জন্য আমরা দেখেছি ভারতবর্ষের যে ভূমি আন্দোলনের ইতিহাস ছিল, কান্না, ঘাম এবং রক্তের ইতিহাস সেই ইতিহাস আস্তে আস্তে পালটাচ্ছে, রাজা, মহারাজা, বড় বড় জমিদার তারা তাই শংকিত হচ্ছেন। তারা দিনের পর দিন যে অত্যাচার, লাঞ্ছনা এবং শোষণের ইতিহাস তৈরি করেছিলেন, সেই ইতিহাস আস্তে আস্তে দূর হতে আরম্ভ করেছে। সম্পত্তিভোগের অধিকার মৌলিক অধিকার ব'লে এখানে স্বীকার করা হয়, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতিরিক্ত সম্পত্তি যারা ভোগ করেন, তারা চৌর্যবৃত্তি করেন, প্রপার্টি ইজ থেপ্‌ট এই কথা আজকে নিশ্চয়ই অস্বীকার করা যেতে পারে না। বিরাট সম্পত্তির যারা মালিক, তারা চোরাপথে, কালোবাজারী দ্বারা সম্পদ অর্জন করেন বহু মানুষকে ঠকিয়ে এবং পশ্চিমবঙ্গের ইতিহাস এই রকমই ছিল। যে সমস্ত ভূমিহীন কৃষক এবং বর্গাদার আছেন এবং অধিকাংশ কৃষককে রক্ষা করবার জন্য যে আইন সেই আইনে এমন মারপ্যাঁচ ছিল যে, সত্যিকারের ভূমিহীন কৃষক যারা, তারা সরকারী যে ভূমির অধিকার সেই অধিকার পেতেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখনো ভারতবর্ষে আইন কেনাবেচা হয়, আইনকে কিনতে পারা যায় এবং আইনকে বিক্রি করতে পারা যায়। সমাজের বড় বড় মাথা যারা, যারা হাইকোর্টে, সুপ্রিম কোর্টে এবং বিভিন্ন কোর্টে প্রাকটিস করেন, তারা এই আইনকে কেনাবেচা করার কাজে সাহায্য করেন এবং তারা এই আইনের ক্রয়-বিক্রয়-এ সাহায্য পান। কিন্তু সে সুযোগ পায় না হাসিম শেখ এবং রানী কৈবর্তের দল, যে কথা ডাঃ ওমর আলী একটু আগে বললেন। তারা সেই সুযোগ থেকে বঞ্চিত হয় ব'লেই সরকারকে মাঝে মাঝে এগিয়ে আসতে হয় আইনকে সংশোধন করবার জন্য, আইনের পরিবর্তনের জন্য। সরকারকে মাঝে মাঝে এগিয়ে আসতে হয় লক্ষ কোটি শোষিত, লাঞ্ছিত মানুষের মুখের ভাষাকে বাস্তব রূপ দেওয়ার জন্য। তাই পশ্চিমবঙ্গের ভূমি ও ভূমি সদ্ব্যবহার মন্ত্রিমহোদয় আজকে এগিয়ে এসেছেন দুঃখী মানুষের দুঃখের কথাকে ভাষায় রূপ দেওয়ার জন্য এবং সে চেষ্টা করছেন এই সংশোধনীর মাধ্যমে। আজকে আমরা গর্ব অনুভব করছি এর জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও অনেক কিছু করা বাকি, অনেক কিছু করা হবে না আজকে, অনেক কিছু করা প্রয়োজন, তবুও সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ এই দিক থেকে অনেক এগিয়ে, এ কথা সর্বভারতীয় দৃষ্টিকোণ থেকে স্বীকার করা হচ্ছে। এমন কি কেরালায় যে সরকার আছে, সেই সরকারকে আমরা প্রগতিশীল ব'লে স্বীকার করি, সেই সরকারের আগে আমরা এটা করেছি ব'লে আজকে গর্ব বোধ করছি। সুতরাং আজকে ভূমি ও ভূমি সদ্ব্যবহার মন্ত্রিমহোদয় যে বিল এনেছেন তাকে মনে প্রাণে গ্রহণ ক'রে এই কথা বলব যে, আজকে আরো বলিষ্ঠ পদক্ষেপ নেওয়ার প্রয়োজন ছিল। নিম্ন আদালতে অমীমাংসিত হাজার হাজার মামলা জমে আছে এবং এর ফলে সেই সমস্ত মামলায় জড়িত আছেন আজকে হাজার হাজার ভূমিহীন মানুষ, দরিদ্র মানুষ, যাদের কল্যাণের জন্য সরকার চেষ্টা করেছিলেন, যাদের একটু মাথাগোজার জায়গা বা একটু চাষের যোগ্য জমি দিতে চেয়েছিলেন, কিন্তু তারা তা পাচ্ছে না। সেই জন্য তাদের জন্য আজকে এই আইনের পরিবর্তন আনা হচ্ছে, কিন্তু তা হ'লেও উচ্চ আদালত রয়েছে। সেখানে জমির জন্য ঐসব মালিক, জোতদার, জমিদার ভূমিহীন মানুষের ক্ষতি করবার জন্য সুযোগ পেয়ে যাচ্ছেন। আমরা আশা করব যে, আগামী দিনে এই সুযোগও থাকবে না। আগামী দিনে এই সমস্ত ব্যবস্থা থাকবে না, আগামী দিনে আমাদের এই সরকার তথা এই ভূমিরাজস্বমন্ত্রী মহাশয় এমন ব্যবস্থা গ্রহণ ক'রে এমন অবস্থার সৃষ্টি করবেন যে, ভারতবর্ষের কোন আদালতের প্রটেকশন তারা পাবে না, সাহায্য পাবে না এই সমস্ত জোতদার, জমিদার, জমিচোর, যারা দিনের পর দিন, বছরের পর বছর, মাসের পর মাস লক্ষ লক্ষ লোকের দুঃখের কারণ হয়েছে, দুরবস্থার কারণ হয়েছে, মৃত্যুর কারণ হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভার ফ্লোরে

দাঁড়িয়ে এই বিলকে বহু সভ্য সমর্থন জানিয়েছেন, আমিও আজকে এই বিলকে স্বাগত জানাচ্ছি এবং সমর্থন করছি। সমর্থন ক'রে এই কথা বলছি যে, মাননীয় ভূমি ও ভূমি সদ্ব্যবহারমন্ত্রী, আপনি আজকে অভিনন্দনযোগ্য কাজ করেছেন, আরো বেশী অভিনন্দন পাবার জন্য পশ্চিমবঙ্গের কোটি কোটি মানুষের আরো বেশী আশীর্বাদ পাবার জন্য আপনি আরো শক্তিশালী আইন প্রণয়ন করুন। অভিনন্দন আরো বেশী জানাব যদি আপনি আগামী দিনে আরো শক্তিশালী আইন প্রণয়ন করেন। তা হ'লে লক্ষ লক্ষ মানুষকে আমরা বোঝাতে পারব যে, আমরা সত্যি তাদের সত্যিকারের ভালবাসি, আমরা সত্যিকারের জনকল্যাণ চাই, এই কটা কথা ব'লে এই বিলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। বন্দে মাতরম।

[6-55—7-05 p.m.]

শ্রীফণীভূষণ সিংহবাবু: স্যার, ভূমি রাজস্বমন্ত্রী যে ওয়েস্টবেংগল এস্টেটস্ অ্যাকুইজিসান অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৭৩ এই সভায় যা উপস্থিত করেছেন তাকে পূর্ণ সমর্থন করছি। আজকে পশ্চিমবাংলার সাড়ে ৪ কোটি মানুষের মধ্যে যারা ভূমিহীন দিন মজুর তারা এতদিন নানাভাবে বঞ্চিত হয়েছে ভূমিবানদের কাছ থেকে। কারণ, তারা আইনের আশ্রয় নিয়ে, আদালতের আশ্রয় নিয়ে জমি বিলির ক্ষেত্রে একটা অসহায় অবস্থা সৃষ্টি করেছিল। কিন্তু আজ এই আইনের মাধ্যমে ভূমিহীনদের স্বার্থ রক্ষা হবে, তার প্রমাণ মন্ত্রিমহাশয় এই বিলের মাধ্যমে উপস্থিত করেছেন। আজকে আমাদের প্রগতিশীল সরকার গত নির্বাচনের প্রাক্কালে সাড়ে ৪ কোটি মানুষের কাছে যে নির্বাচনী প্রচার করে দিয়েছেন তারপর এটা একটা বলিষ্ঠ পদক্ষেপ। এতদিন পর্যন্ত ভূমিহীন মানুষের স্বার্থ যেভাবে জোতদাররা আইনের আশ্রয় নিয়ে দূরে সরিয়ে রাখবার চেষ্টা করছিলেন তা তারা আর পারবেন না, সে জন্য আমি মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। আমরা জানি কোন জায়গায় হয়ত জমি বিলি হচ্ছে তখনই দেখা গেল জোতদাররা সিভিল কোর্টের আশ্রয় নিয়ে ভূমিহীনদের নানা রকম প্রলোভন দেখিয়ে এবং আইনের আশ্রয় নিয়ে তারা বাধা সৃষ্টি করেছে। তাই আজকে পশ্চিমবাংলায় এই ওয়েস্টবেংগল এস্টেটস্ অ্যাকুইজিসান অ্যাক্ট, ১৯৭৩ যেটা তিনি উপস্থিত করেছেন সেটার দ্বারা ভূমিহীনদের মধ্যে জমি বিলি করার ক্ষেত্রে একটা নজির সৃষ্টি করবেন। আমরা দেখেছি বিভিন্ন সময়ে বিভিন্ন আদালতের আশ্রয় নিয়ে জোতদাররা দীর্ঘদিন ধ'রে এই পশ্চিমবাংলার ভূমি আইনকে দূরে সরিয়ে রাখবার চেষ্টা করেছিল। তাই আজকে বিধানসভার মাধ্যমে সেই জোতদারদের প্রতি একটা কুঠারাঘাত হানার চেষ্টা হচ্ছে। একটু পূর্বে ওমর আলি যে প্রস্তাব রেখেছেন আমি তাঁর সেই প্রস্তাবকে সমর্থন করি। আমরা দেখেছি বিভিন্ন সময়ে ভূমি বণ্টন কমিটির সদস্য হিসাবে সিভিল কোর্টের আশ্রয় নিয়ে জমিদার, জোতদাররা ৬৮ হাজার একর জমি তারা লুকিয়ে রেখেছে। কিন্তু এই বিল আনার ফলে মন্ত্রিমহাশয় ভূমিহীনদের একটা আশা-আকাঙ্ক্ষা পূরণ করবেন। জোতদাররা ক্ষতিপূরণ বাবত যে টাকা সরকারের নিকট পেয়ে থাকতেন তাদের দেয় টাকা সরকারের কাছে জমা না দিয়ে কমপেনসেসান অফিস থেকে বিভিন্ন অছিলায় তারা সেটা আদায় করবার চেষ্টা করছেন, তার বিরোধিতা এই বিলের মাধ্যমে হয়েছে ব'লে আমি এই বিলটা সমর্থন করছি। আমরা বিধানসভার মাধ্যমে যেসব আইন প্রণয়ন করি, সেই আইন প্রণয়নের দায়িত্ব যেসব সরকারী কর্মচারীদের উপর আছে সেইসব কর্মচারীরা এই আইনটি যাতে পূর্ণভাবে রূপায়িত হয় তার জন্য সরকারকে চেষ্টা করার জন্য অনুরোধ করছি। মন্ত্রিমহাশয় বলিষ্ঠ পদক্ষেপে যে গণতান্ত্রিক সমাজবাদ এবং পশ্চিমবঙ্গে ইন্দিরা গান্ধীর যে সমাজবাদ প্রতিষ্ঠা হতে চলেছে এই বিলের মাধ্যমে তার জন্য আমি তাকে অভিনন্দন জানাচ্ছি।

Mr. Deputy Speaker: Honourable Members, the time for discussion on this Bill is to expire at 7-06 p.m. Now, the Hon'ble Minister is to reply and another honourable Member has requested me to allow him to speak. Besides, there are also amendments on clauses. Therefore, if you agree, I propose to extend the time by one hour. It may be that the discussion may be finished much before that but the maximum time that can be extended is up to 8-06 p.m. Do you approve of it? (Voices: Yes). Thank you. Then the time is extended up to 8-06 p.m.

Shri George Albert Wilson-de Roze: Mr. Deputy Speaker, Sir, I rise to support this Bill because I know that the Hon'ble Minister-in-charge is making every effort to improve the situation with regard to land and the utilisation of land. But, Sir, I say frankly here that one of the purposes for which I have been speaking is to defend the judges against the insinuation that it is they who have been holding up land reform in the State. That is not exactly the position, Sir. From what I have seen and from my own professional experience—and I have been appearing both for the landowners and for the State, and now more often for the State than for the landowners—I can say that the difficulties come not from the judges but from the administration of the law. It is in the administration of the law that the difficulties have arisen.

Sir, first of all the main bulk of the cases which are now pending in the High Court came during the time of the U.F. Governments. That is because —without any criticism to the policies of those Governments—those Governments tried to place upon the Act more than the Act could bear. They tried to evolve policies within the framework of the Act which the language of the Act did not bear. But judges are naturally concerned with the law as it is written. Therefore, there are thousands of cases and thousands of writs and injunctions. That is because the Governments themselves tried to interpret the Act in a manner which the Act would not bear.

Sir, the second factor which still prevails is this that the records relating to land are not correct—the various records-of-rights in the various districts are not correct. I think it would take a long time to bring them up to date and much of the litigation has been due to the fact of there being incorrect records.

Then, Sir, with regard to the actual administration of the procedure for taking possession of the lands, the Revenue Officers have been entrusted with

[7-05—7-15 p.m.]

quasi-judicial functions. Now, Sir, these officers largely, although they are good officers, are not trained judicial officers. The result has been that there have been many defects in the actual procedure. The issue of notices, the parties to whom notices have been issued, the actual conduct of the proceedings, the judgments and orders which they have written have been found, in many cases that I have examined, to bear some defects, not due to any fault on the part of the officer because the officer is not judicially trained and, therefore, has not been able to conduct the proceedings strictly in accordance with law. Thus, naturally, when the cases come before a High Court Judge, the Judge in all good faith has seen that there have been some defects in the procedure and, therefore, the petitioner is entitled to a rule and, quite often, an injunction.

Another matter relating to the actual conduct of these proceedings has been, specially with regard to the retention of lands, the retention of lands by the land owners, the Supreme Court has said that up to the actual moment that the land goes into the hands of the State, up to that moment the owner could exercise his choice as to which land he would retain and would not retain. In many cases, Sir, in these and similar matters the Revenue Officers have acted in a very technical manner instead of trying to be as fair and as reasonable as possible. Because they have been technical, they have failed to act where matters could have been solved at that level by letting the parties concerned put forward their objections, by meeting them up within the law and by accommodating them where they could be accommodated. Instead of doing that the officers in many cases have been very technical. The result has been writ applications and the courts tried to be reasonable and, therefore,

rules and injunctions have been issued. Another factor has been that neither the Land and Land Utilisation Department or the Revenue Department, as it used to be known, the Land Revenue Department, neither that Department, or the Judicial Department was sufficiently organised to deal with the spate of cases that came in. The Land Revenue Department could not instruct its lawyers in time, or instruct them properly, nor was the Law Department sufficiently organised to conduct its cases with the speed and promptitude that they required. It is the internal lack of organisation in both Revenue Department and the Law Department that has been responsible for this spate of cases. Sir, therefore, I suggest to the Hon'ble Minister that merely trying to shut out the jurisdiction of the civil court will not cure matters because the High Court will in that case give greater liberty if the civil liberty is shut out. I, therefore, say, Sir, that the Hon'ble Minister should see that his officers try to move within the law with all fairness, so that there will be no opportunity for anyone to complain that justice has not been done. In that case there will be a reduction of litigation.

Thank you, Sir

শ্রীগুরুপদ খাঁনঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অনেকক্ষণ ধরে বিধানসভায় আমি যে সংশোধনী এনেছি জমিদারী গ্রহণ আইনের তার উপর আলোচনা শুনলাম। মূল সুর আমি যেটা দেখেছি সেটা হচ্ছে সকলেই প্রায় সমর্থন করেছেন এই বিলের মূল উদ্দেশ্য। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে সংশোধনী আমি এনেছি মূল আইনের তার দ্বারা আমরা কি পাচ্ছি? আমি দেখছি এই একটা সংশোধনীর দ্বারা ৬৮ হাজার একর জমি সরকারে ভেস্ট করতে পারছে।

এ এক অদ্ভুত কাজ হচ্ছে। এখানে আমি বলতে পারি যে, এক কলমের খোঁচায় আমরা এত জমি সরকারে ভেস্ট করাতে পারছি। তার জন্য আজ আমার মনে পড়ছে মণীষীরা যে বলে গিয়েছেন পেন ইজ মাইটার দ্যান সোর্ড এটা কত সত্যি কথা। এখানে কোন পাশব-শক্তি ব্যবহার করতে হচ্ছে না, কিংবা কোন সোর্ড বা অস্ত্রশস্ত্র ব্যবহার করতে হচ্ছে না, অত্যন্ত সুশৃঙ্খলভাবে, শান্তিপূর্ণ উপায়ে আমাদের উদ্দেশ্যকে সফল করতে পারছি। আমি এই কথা বলতে পারি যে, ঠিক এই ধরনের আইন আর অন্য কোন রাজ্যে প্রবর্তিত হয় নি। তাই আমার মনে হচ্ছে বার বার ক'রে যে মহামতি গোখেল ব'লে গিয়েছিলেন -

What Bengal thinks today India thinks to-morrow.

এখন পর্যন্ত আমাদের এই সরকারে তাই করেছেন। হয়ত পরে অন্য কোন রাজ্যে এই ধরনের আইন পাশ হবে, তখন তারা নিশ্চয় মনে রাখবেন যে, পশ্চিমবাংলাই প্রথম জনগণের সরকার গণতান্ত্রিক সরকার, তারা এই ধরনের একটা আইন পাশ করেছেন। তারা মনে করবে যে, এক কলমের খোঁচায় শান্তিপূর্ণভাবে এমন চমৎকার আইন পশ্চিমবঙ্গ সরকার প্রণয়ন করতে পেরেছিলেন। কিন্তু বিলের উদ্দেশ্য না বুঝে তিমিরবাবু এখানে যা বললেন, তিনি এখানে নাই থাকলে হয়ত তাকে ভালভাবে বুঝিয়ে দিতে পারতাম যে, আমরা যে সংশোধনী আনতে চাইছি সেটা তিনি না বুঝে মূল আইনের সঙ্গে তুলনামূলকভাবে না দেখে তিমিরবাবু বিভিন্ন রকমের কথা বলতে শুরু করেছিলেন। তিমিরবাবু এখানে নাই, তা হলে আমি বলতাম যে, বাংলাদেশে একটা কথা আছে, 'ধান ভাঙতে শিবের গীত' সেই রকম তিনি আবোল-তাবোল কথা বলেছেন। তিনি যে কথা আমাদের বোঝাতে চেয়েছিলেন যে, আমরা নাকি মাত্র ৭ লক্ষ ৬৫ হাজার জমি ভেস্ট করবো। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা জিনিস এখানে তুলে ধরতে চাই যে, আমাদের এই পশ্চিমবাংলায় কৃষি, অ-কৃষি, বনভূমি সমস্ত মিলে সরকারে বর্তেছে ২৪·৪৮ লক্ষ একর জমি। এটা বড় কম কথা নয়। আজকে আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, ফরেস্ট বা জঙ্গল বনভূমি যা আছে তা হচ্ছে ৯:৬৭ লক্ষ একর, আর অ-কৃষি জমি আছে ৫·৪১ লক্ষ একর, আর কৃষি জমি আছে ৯·৪০ লক্ষ একর, আর আমরা যা বিলি করতে

পেরেছি তার কথা এখানে উল্লেখ করি। আমরা এখানে বিলি করতে পেরেছি ৪·৩৬ লক্ষ একর কৃষি জমি। এর সঙ্গে বাস্তুজমি বিভিন্ন পল্লীতে এখন অনেক বাস্তুহীন রয়েছে, তাদের বাস্তুজমি সরকারে যা বর্তেছে সেই জমি থেকে ৫ হাজার একর আমরা দিয়েছি এবং এখন আমাদের কাছে বাস্তুজমি দেবার মত অনেক জমি সরকারে ভেস্টেড রয়েছে, আমরা তা দিতে পারব তার ব্যবস্থা আমরা সরকার থেকে করছি। কাজ আমাদের দ্রুতগতিতে শুরু করেছি, আরো বিভিন্ন রকম আইন ক'রে এই কাজকে আরো সুষ্ঠু করবার চেষ্টা করছি যাতে অপরে ফাঁকি না দিতে পারে সেই প্রচেষ্টা আমরা চালাচ্ছি। এই যে মহান প্রচেষ্টা রয়েছে সে সম্বন্ধে আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় বলেছি। যারা প্রতিক্রিয়াশীল এবং যাদের অবস্থা ভাল তারা সরকারকে বিভিন্ন রকম ভাবে যাতে সরকারে জমি বর্তাতে না পারে তার জন্য চেষ্টা করছে, কোর্টের আশ্রয় নিয়েছে। কোর্টের প্রতি শ্রদ্ধাশীল, কিন্তু আমরা আইন করতে পারি যেখানে আমাদের সরকারের ক্ষমতা রয়েছে সেখানে আইন ক'রে এই রকম ধরনের জটিলতা কোর্টের আওতা থেকে বাহিরে নিয়ে আসতে পারি যাতে কোর্টের যাওয়ার দরকার হবে না। এবং সেই প্রয়োগই আমরা করতে চলেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয় জানেন যে, লোকে কোর্টে কেন যায়—নিশ্চয় অত্যন্ত খারাপ জমির জন্য যাচ্ছে না। সব চেয়ে ভাল জমি যেটা সেই জমি সরকারে বর্তাচ্ছে, সেই জমি আটকাবার জন্য টাকা পয়সা খরচা ক'রে কোর্টে যায় যাদের টাকা পয়সা আছে, তারাই যান কোর্টে। আমি আশা করি এই আইনে আমরা ৬৮ হাজার একর জমি পাব এবং সেই জমি আমরা নিশ্চয় আমাদের ঘোষিত নীতি অনুযায়ী আমাদের যে ভূমি বন্টন কমিটি আছে তাদের হাত দিয়ে এই সমস্ত ভূমিহীনদের সেই সমস্ত জমি খুব অল্পকালের মধ্যে আমরা বিলি করতে পারব।

[7-15—7-25 p.m.]

কাজেই এই যে আজকে আমরা আশা করছি সকলে ৬৮ হাজার একর জমি পাব এই জমি খুব ভাল জমি এ বিষয়ে কোন সন্দেহ নেই। এই জমি অ-কৃষি জমি নয়, এই জমি অধিকাংশই খুব ভাল জমি সে বিষয়ে কোন সন্দেহ নেই। এই জমি নিয়ে--হয়ত হতে পারে এমন যে, এর দ্বারা আরো কিছু জমি আসতে যে না পারে সেকথা আমি বলছি না, আসতে পারে, কিন্তু অধিকাংশ জমিটাই যে আমাদের সরকারে বর্তাবে এবং আনন্দের সঙ্গে নিশ্চয় আমরা ঘোষণা করতে পারি যে, আমাদের মাননীয় যে সব সদস্য রয়েছেন তারা সকলেই এই ভূমি বণ্টন কমিটির এক একজন মাননীয় সদস্য, তাদেরই মত নিয়ে ভূমিহীন যারা রয়েছেন আমাদের পশ্চিমবাংলায় খুব অল্পকালের মধ্যে আমরা বিতরণ করতে পারবো এটা আমরা আশা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে আরো কয়েকটি কথা উঠেছে যে, আরো একটু যদি ভাল করা যেত, তা হ'লে বিলটা আরো ভাল হত। যে সব মাননীয় সদস্যরা এই কথা বলেছেন তাঁদের বলতে পারি যে, আমরা ধীরে ধীরে সেদিকে এগুচ্ছি, সে বিষয়ে সন্দেহ নেই। আমরা দেখছি, এক একটা স্টেপ বা ব্যবস্থা গ্রহণ করছি এবং তার ফলটা আমরা সতর্কভাবে লক্ষ্য করছি। যা আমাদের প্রয়োজন হবে, আমাদের যে উদ্দেশ্য রয়েছে যে বেশী জমি যাদের কাছে রয়েছে, এটাতেও এস্টেটস অ্যাকুইজিসান অ্যাক্ট অ্যামেন্ডমেন্ট হচ্ছে, এবারে যদি দেখা যায় যে, আমাদের আইনটা ফাঁকি দেবার জন্য কেউ চেষ্টা করছেন তাও লক্ষ্য ক'রে যাচ্ছি এবং তারও যদি সংশোধন দরকার হয়, তা হ'লে সেই সংশোধন করতে নিশ্চয় আমরা পিছপা হব না, সে বিষয়ে কোন সন্দেহ নেই। তবে একথা আমি আপনার মাধ্যমে সমস্ত সদস্যকে স্মরণ করিয়ে দিতে চাই যে, এই যে এস্টেটস অ্যাকুইজিসান আইন,—জমিদারী গ্রহণ আইন এই আইন বলবত রেখে এবং এর ৪৪(২)(ক) ধারায় আরো তিন বৎসর সময় বাড়িয়ে আমরা এইজন্যই দিলাম যে, এর কিছুদিন আগে সেই আইন পাশ হয়েছে, মাসে মাসে এখনও তিন চার হাজার একর জমি এবং সে জমি খুবই ভাল জমি, ভাল কৃষি জমি এ বিষয়ে কোন সন্দেহ নেই সেই জমি এখন আমাদের এই আইনের মাধ্যমেই আসছে, আমাদের সরকারে বর্তাচ্ছে এবং সেই জমি আমরা এই ভূমিহীনদের মধ্যে দিতে পারছি। আরো যে সমস্ত কথা আমাদের এখানে উঠেছে তার মধ্যে সবচেয়ে যেটা বেশী ক'রে আলোচনা করেছেন সেটা অবশ্য যখন ক্লজ-ওয়াইজ আলোচনা করবো—তাতে অবশ্য অ্যামেন্ডমেন্ট নেই,

কাজেই আমি এখানেই ব'লে দিই যে, এখানে ক্লজ থ্রিতে আমাদের বিমল পাইক মহাশয় ও কুমার-দীপ্তি সেনগুপ্ত মহাশয় যেটা বলেছেন যে ক্লজ থ্রিতে আমরা যেটুকু সংশোধন করছি সেইটুকু রেখে দিলে এর যে প্রিজামটিভ সেটা থেকে যাচ্ছে, আমরা আমাদের, সেক্সান ৪৪-এর সাব সেক্সান ৪-এ আছে ফর এন্ট্রি ইন দি রেকর্ডস্-অব-রাইটস্ করতে চাচ্ছি আনটিল ইট ইজ প্রুভ্ড বাই এভিডেন্স টু বি ইনকরেক্ট।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এই যে এতদিন ধ'রে সেই যে ১৫/১৬ বছর আগে এখানে যে সেটেলমেন্ট হয়েছিল এখনও যেটা চলছে সেটা আমরা শেষ করতে চাই। এই জিনিসটা আর কতদিন আমরা নিয়ে যাব? এটা আমরা শেষ করতে চাই। তাই আমরা এখানে এই সংশোধনীতে চেয়েছি যে, আমাদের যে রেকর্ডস-এ এন্ট্রিগুলি আছে সেই এন্ট্রি আমাদের ফাইন্যাল হবে। তবে একথা মেনে নেওয়া হবে যে, সেই এন্ট্রি ফাইন্যাল হয়ে গেলেও আমাদের রেকর্ড-অব-রাইটস-এর এন্ট্রি যদি ফাইন্যাল হয়, তা হলেও তাতে কি হবে--

entry in the record of rights does not create any title.

টাইটেল তো তার কেড়ে নেওয়া হচ্ছে না।

It raises a presumption of title but entry in the record-of-rights neither creates nor extinguishes any right.

যদি কারো জমির উপর দখলস্বিত্ব এসটাব্লিসড হয়ে থাকে, তা হলে নিশ্চয় তার প্রতিকার হতে পারে এবং একথা আমরা তাকে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বলছি, যদি খুব জেনুইন এবং হার্ড কেসেস হয়ে থাকে অথবা আমরা ৪৪(২)-তে তিন বৎসর সময় বাড়িয়েছি সেই ইনফরমেসান যদি আমাদের সেটেলমেন্ট অফিসারের কাছে দেন, তা হ'লে তিনি সুয়োমটো রেকর্ডস্-অব-রাইটে যে এন্ট্রি আছে সেটায় চেঞ্জ করতে পারেন।

কাজেই যাঁরা বলেছেন, মাননীয় সদস্যরা তাঁরা সংগতভাবেই আশংকা প্রকাশ করেছেন, না জেনেশুনে এন্ট্রিতে ভুল হয়ে গেছে। গরিব লোক কোর্টের আশ্রয় নিতে পারে না। কাজেই এই যে আমি কোর্টের বাইরে এনেছি তাতে কোন অসুবিধা হবে না। তারা যদি কারেক্ট ইন্‌ফরমেশন দিয়ে থাকেন, তা হ'লে রিসার্চ অফিসার, রেভিনিউ অফিসার, সেটেলমেন্ট অফিসার বা অন্য অফিসার যিনি থাকবেন তিনি সুয়োমটো ক'রে সেগুলি কারেক্ট করতে পারবেন। তার কোন অসুবিধা হবে না। এই জটিলতা দীর্ঘদিন ধরে টেনে নেওয়া যায় না, অনেক পয়সা খরচ হচ্ছে গভর্নমেন্টের, অনেক জমি নিয়ে আমরা ভূমিহীনদের দিতে পারতাম এবং সেই অনুমতিই আমি চাইছি মাননীয় সদস্যদের কাছে যাতে অনেক জমি নিয়ে আমরা ভূমিহীনদের মধ্যে বিতরণ করতে পারি। আর বিভিন্ন ক্লজে কিছু অ্যামেন্ডমেন্ট এসেছে, যদি মুভ করেন উত্তর দেব। তবে একটা কথা উঠেছে, সে সম্বন্ধে যদি আলোচনা না করি, তা হ'লে অনেকের মনে অন্য রকম ধারণা হতে পারে--সেটা হচ্ছে কমপেনসেসনের কথা উঠেছে। আমরা মোটামুটি হিসাব ক'রে দেখেছি ইন্টারেস্ট সমেত ৯৬ কোটি টাকা কমপেনসেসন দেওয়ার কথা। ৫২ কোটি টাকা আমরা অলরেডি পেমেন্ট ক'রে দিয়েছি, এ বছর ১৯৭২-৭৩ সালে ৪ কোটি ৬২ লক্ষ টাকা পেমেন্ট করেছি। আর একটা কথা আমি বলি যে, এক্স ইন্টারমিডিয়ারিজ আছে তাদের ফাইনাল কমপেনসেসন রোল তৈরি হয়েছে। খুব বড় বড় জমিদার যারা ছড়িয়ে আছে তার জন্য চেষ্টা ক'রে চলেছি। কমপেনসেসনের কথায় কেউ কেউ বলেছেন, আমরা নাকি চেষ্টা করি নি। অর্থ আমাদের সামান্য কিন্তু তার মধ্যেও চেষ্টা ক'রে চলেছি। মোটামুটি প্রারম্ভিক ভাষণে বিলের উদ্দেশ্য বলেছি এবং মাননীয় সদস্যদের যে সুর আমি শুনেছি বিধানসভায় তাতে সকলেই সমর্থন ক'রে বলেছেন, আমি আশা করছি এই বিলটা সকলেই গ্রহণ ক'রে নেবেন।

The motion of Shri Timir Baran Bhaduri that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of Shri Gurupada Khan that the West Bengal Estates (Acquisition (Second Amendment) Bill, 1973, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2, 3 *and* 4

The question that clauses 1, 2, 3, 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Mr. Deputy Speaker: There are amendments to clause 5 by Shri Aswini Roy, Nos. 3 and 6. Please move your amendments.

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 5 in the proposed section 57B(2)(c), in line 3, after the words "or determined" the words "or deemed to have been decided dealt with or determined" be inserted.

Sir, I also beg to move that after clause 5 in the proviso to the proposed section 57B(3) the following be added, namely:—

"But in case of disputed already decided if it appears to the prescribed authority that a reasonable Justice was not done by the deciding authority these may be re-opened with the prior approval of the State Government."

স্যার, আমি এই সংশোধনী মুভ করছি। আমার এখানে বক্তব্য হচ্ছে যে, ৫ (সি)-তে আছে দি ম্যাটার, ঘটনাগুলি ইনকোয়ারী ক'রে ডিটারমিন্ড করা হয়েছে, কাজেই সেটা আর কিছুই করা যাবে না। এখানে উনি বলেছেন......

[7-25—7-34 p.m.]

সেখানে এই রকম ঘটনা আসবে যে বড় বড় জোতদার যারা, তারা এই ঘটনা নিয়ে আসবে যে, এটা একেবারেই এনকোয়ারি করা হয় নাই। কাজেই এনকোয়ারি করতে হবে এটা ডিটারমিন করা হোক।

আবার অনেক ছোট ছোট যাদের আপীল আছে, তাদের সত্যিকারের ইনজাস্টিস হয়ে যেতে পারে আগেকার ডিসিসান-এ। সেই জন্য বলছি আর যেন সেটা রি-ওপেন করা না হয়। তাই ছোট্ট সংশোধনী দিয়েছি।

"Or deemed to have been decided, dealt with or determined."

এটা যদি যোগ করা যায়, তা হ'লে আর রি-ওপেন করার কোন স্কোপ থাকছে না। মাননীয় মন্ত্রিমহাশয়ের অ্যামেন্ডমেন্ট পুরাপুরি মেনে নিয়ে আমি ছোট্ট এই কথাগুলি যোগ ক'রে দিতে চাচ্ছি। কেউ হয়ত বলতে পারে আমার কেস বিচার করা হয় নি। সেই বিচার হোক্-বা না হোক্—

"Everything to be deemed as if it has been decided, as if it has been dealt with"

এই শব্দগুলি যোগ ক'রে নিলে পর এই বিলের স্পিরিটটা আরও স্ট্রেন্‌দেন্‌ড হবে।

শ্রীগুরুপদ খাঁনঃ এতে আমার রিপ্লাই দেবার মত কিছু নাই। আগেই বলা হয়েছে।

Any matter which under any of the Provisions of this Act is to be, or has already been enquired into decided, dealt with or determined by the State Government or any authority specified therein.

তার সঙ্গে ডিটারমিন-এর পরে বলতে চাচ্ছেন—

Or deemed to have decided, dealt with etc. etc. By whom?

কাজেই, আমি তার প্রস্তাব গ্রহণ করতে পারছি না।

Dr. Sk. Omar Ali: Mr. Deputy Speaker, Sir, I beg to move that in clause 5 in the proposed section 57B(3), line 2, for the words "Revenue Officer not below the rank of an Assistant Settlement Officer" the words "Statutory

Subdivisional land tribunal consisting of representatives of Agricultural Labourers and peasant organisations functioning in the Subdivision together with an Assistant Settlement Officer" be substituted.

I also beg to move that in clause 5 in the proviso to the proposed section 57B(3), line 2, for the words "Revnue Officer" the words "Statutory Subdivisional land tribunal" be substituted.

I also beg to move that in clause 5 in the proposed section 57B(4), lines 1 and 2, for the words "Revenue Officer" the words "Statutory Subdivisional land tribunal" be substituted.

I also beg to move that in clause 5 in the proposed section 57B(4), lines 3 and 4, for the words "Prescribed authority not below the rank of a Settlement Officer" the words "Statutory District Land Tribunal consisting of representatives of Agricultural Labourers and peasant organisations functioning in the District together with a Settlement Officer" be substituted.

আমি যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছি, তা হ'ল এই বিলকে আরো সুষ্ঠুভাবে কার্যকর করবার জন্য এবং সেটা কার্যকর করার জন্য। এবং সেটা কার্যকর করার ব্যাপারে আমরা যেন সরকারী কর্মচারী, অফিসার বা আমলা নির্ভর হয়ে না পড়ি। সেই কারণে—

Revenue Officer not below the rank of Assistant Settlement Officer

অথবা যেখানে বলা হয়েছে কেউ যদি এর সিদ্ধান্তে অ্যাগ্রীভ্ড হন, তা হলে সেটেলমেন্ট অফিসারের কাছে তিনি যেতে পারবেন। এই দুটো ক্ষেত্রে আমি বলছি যে অ্যাসিসট্যান্ট সেটেলমেন্ট অফিসারের স্থলে একটা—

Statutory Subdivisional land tribunal

হোক, যে ট্রাইবুনালের সদস্য হবেন ক্ষেত মজুর এবং কৃষকদের সংগঠনের প্রতিনিধিরা এবং তার সঙ্গে একজন অ্যাসিসট্যান্ট সেটেলমেন্ট অফিসার থাকবেন। আর যেখানে সেটেলমেন্ট অফিসার আছে, সেখানে আমি বলছি ডিস্ট্রিক্ট ল্যান্ড ট্রাইবুনাল হোক্ এবং তার সঙ্গে ডিস্ট্রিক্ট সেটেলমেন্ট অফিসার যুক্ত থাক। এটা বলার উদ্দেশ্যে দুটি আজ যাঁরা এই কথা বলছেন এই রকম করলে পর জটিলতা বৃদ্ধি পাবে, অনেক রাজনৈতিক দল আছে, তাদের এইসব সংগঠন আছে, তাঁরা প্রতিনিধি ইত্যাদি ক'রে সব গোলমাল ক'রে ফেলবেন, আমি তাঁদের সঙ্গে একমত হতে পারি না আমি পরিষ্কার বলছি, যেখানে সাবডিভিশনাল কমিটি হয়েছে, এবং সেটা ফাংশানিং ইন দি সাবডিভিসান আমার সংশোধনীতে উল্লেখ করা হয়েছে, যেখানে এই সংগঠনগুলো সেই সাবডিভিসনে ফাংশান করছে তাদের মধ্য থেকে প্রতিনিধি নিতে হবে। একাধিক হ'লেও নিতে হবে। ভূমি বন্টন উপদেষ্টা কমিটিতে বি ডি ও, জে এল আর ও ইত্যাদি অফিসিয়েল মেম্বার যেমন রেখে দেওয়া হয়েছে, তার সঙ্গে তেমনি রাজনৈতিক দলের প্রতিনিধিত্বও স্বীকার ক'রে নেওয়া হয়েছে। এটা এজন্য হয়েছে যে, যাতে সঠিকভাবে জমি বিলি করা সম্ভব হয়। এক্ষেত্রে কেন তা হবে না?

এই হল এক নম্বর।

আর দু' নম্বর হল আমরা সবাই মন্ত্রিমশাই নিজে এবং তার দলের লোকেরা প্রায় প্রতিদিন সরকারী অফিসার বা আমলাদের বিরুদ্ধে এখানে বলছি, বাইরেও আন্দোলন করছি। অথচ আইনকে কার্যকর করার ব্যাপারে সেই আমলাতন্ত্র ছাড়া হবে না, এটা পরস্পরবিরোধী হয়ে গেল নাকি? সেই জন্য বাইরে শ্লোগান এবং এখানকার বক্তব্যে যদি সঙ্গতি রাখতে হয়, তা হ'লে এখানে আইনকে কার্যকর করার ক্ষেত্রেও আমলা, অফিসারদের সঙ্গে কমিটি ক'রে তাকে কার্যকর করা ভাল। তা হ'লে আমলাতন্ত্রবিরোধী আন্দোলন ও বক্তব্যের সঙ্গে খাপ খায়।

সুতরাং এ দুটো মূল কারণে আমি এই সংশোধনী গ্রহণ করার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি এবং সংশোধনী মুভ করছি।

শ্রীগুরুপদ খাঁনঃ আমার উদ্দেশ্য হচ্ছে বিলটা যাতে খুব তাড়াতাড়ি পাশ করে ঐ সমস্ত কেসগুলোর একটা শেষ বা নিষ্পত্তি করা যায় সেটা দেখা, কারণ যদি খুব তাড়াতাড়ি না করি, তা হ'লে সত্যসত্যই খুব অসুবিধা হবে। এ সমস্ত কেস যেগুলো আসবে সেগুলি সংখ্যায় খুব বেশী হবে না। সুতরাং আবার ট্রাইবুনাল করে এটাকে বিলম্বিত করার কারণ থাকতে পারে না। আমি দুঃখিত সংশোধনী গ্রহণ করতে পাচ্ছি না।

The motion of Shri Aswini Roy that in clause 5 in the proposed section 57B(2)(c), in line 3, after the words "or determined" the words "or deemed to have been decided dealt with or determined" be inserted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that after clause 5 in the proviso to the proposed section 57B(3), the following be added, namely:—

> **But in case of disputes already decided if it appears to the prescribed authority that a reasonable Justice was not done by the deciding authority these may be re-opened with the prior approval of the State Government,**

was then put and lost.

The motion of Dr. Sk. Omar Ali that in clause 5 in the proposed section 57B(3), line 2, for the words "Revenue Officer not below the rank of an Assistant Settlement Officer" the words "Statutory Subdivisional land tribunal consisting of representatives of Agricultural Labourers and peasant organisations functioning in the Subdivision together with an Assistant Settlement Officer" be substituted, was then put and lost.

The motion of Dr. Sk. Omar Ali that in clause 5 in the proviso to the proposed section 57B(3), line 2, for the words "Revenue Officer" the words "Statutory Subdivisional land tribunal" be substituted, was then put and lost

The motion of Dr. Sk. Omar Ali that in clause 5 in the proposed section 57B(4), lines 1 and 2, for the words "Revenue Officer" the words "Statutory Subdivisional land tribunal" be substituted, was then put and lost.

The motion of Dr. Sk. Omar Ali that in clause 5 in the proposed section 57B(4), lines 3 and 4, for the words "Prescribed authority not below the rank of a Settlement Officer" the words "Statutory District land tribunal consisting of representatives of Agricultural Labourers and peasant organisations functioning in the District together with a Settlement Officer" be substituted, was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Gurupada Khan: Sir, I beg to move that the West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1973, as settled in the Assembly, be passed.

The motion of Shri Gurupada Khan, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7-34 p.m. till 1 p.m. on Thursday, the 10th May. 1973, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 10th May, 1973, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri APURBA LAL MAJUMDAR) in the Chair, 11 Ministers, 5 Ministers of State, 2 Deputy Ministers and 160 Members.

[1-00—1-10 p.m.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker: Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance, may kindly do so.

(There was none to take oath.)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Mr. Speaker: I have received an intimation from the Hon'ble Minister, Shri Kashi Kanta Maitra. So, the question No. *1195 is held over.

বিদ্যুৎ লোডশেডিং-এর ফলে কলকারখানা বন্ধ ও শ্রমিক ছাঁটাই

*১১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৬৭।) **শ্রীকাশীনাথ মিশ্র:** শ্রম বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গে বিদ্যুতের লোড শেডিং-এর ফলে ছোটবড় অনেক কলকারখানা বন্ধ হইয়া গিয়াছে ও বহুসংখ্যক শ্রমিক ও কর্মচারীকে ছাঁটাই-এর সম্মুখীন হইতে হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, লোড শেডিং-এর ফলে—

(১) ফেব্রুয়ারী, মার্চ ও ২৫এ এপ্রিল, ১৯৭৩-এর মধ্যে কতগুলি কলকারখানা বন্ধ ও আধা বন্ধ হইয়াছে,

(২) উক্ত কারখানাগুলিতে শ্রমিক ও কর্মচারী কতজন ছাঁটাই হইয়াছেন,

(৩) ছাঁটাই বন্ধ করার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা,

(৪) উহাতে সরকারের কত পরিমাণ অর্থের ক্ষতি হইয়াছে, ও

(৫) উক্ত অর্থের ক্ষতির ফলে জাতীয় আয়ের ক্ষতি হইয়াছে কিনা?

শ্রম বিভাগের রাষ্ট্রমন্ত্রী মহাশয়: (ক) লোড শেডিং-এর জন্য কলকারখানা বন্ধ হওয়া বা শ্রমিক কর্মচারী ছাঁটাই হওয়ার কোন সংবাদ সরকারের জানা নাই।

(খ) (১) হইতে (৫) প্রশ্ন উঠে না।

শ্রীকাশীনাথ মিশ্র: মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই লোড শেডিং-এর ফলে দুর্গাপুর স্টীল এবং অ্যালয় স্টীলে সপ্তাহে ৭০ লক্ষ টাকা ক্ষতি হচ্ছে কিনা?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: হ্যাঁ, এই ধরনের খবর আমাদের কাছে এসেছে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মন্ত্রিমহাশয় বললেন আমাদের কাছে তথ্য জানা নেই। কিন্তু লে-অফ হচ্ছে এবং লোড শেডিং-এর জন্য অর্ধেক শ্রমিক কাজ করছে এবং বেতন কম পাচ্ছে জানেন কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ মাননীয় সদস্য একটা জিনিস ভুল করছেন। তিনি প্রশ্ন করেছিলেন এখানে কল-কারখানায় শ্রমিক ছাঁটাই হয়েছে কিনা। লে-অফ হয়েছে এবং লে-অফ ও ছাঁটাই এক জিনিস নয় এটা মাননীয় সদস্যকে জানিয়ে দিচ্ছি। লে-অফের একটা রিপোর্ট আমাদের কাছে আছে। তাতে আছে ৮৮,০৫৪ ওয়ার্কমেন বিভিন্ন কারখানায় প্রায় ২৫টি ইউনিটে এই ধরনের ঘটনা ঘটেছে এবং পাওয়ার ক্রাইসিসের জন্য এই লে-অফ হয়েছে।

শ্রীপ্রদীপকুমার পালিতঃ মন্ত্রিমহাশয় জানাবেন কি যে লে-অফ সরকার থেকে স্বীকৃতি দিচ্ছেন কিনা?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ স্বীকৃতি দেওয়ার প্রশ্ন নেই। আইন অনুযায়ী যদি র মেটিরিয়ালসের অভাব হয় বা পাওয়ার ক্রাইসিস হয়, তা হ'লে ম্যানেজমেন্টের পক্ষ থেকে লে-অফ করতে পারেন। আইনগত ব্যবস্থা আছে।

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ লে-অফের ফলে গত এক বছরে পশ্চিমবংগে কতটা উৎপাদন ব্যাহত হয়েছে জানাবেন কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ উৎপাদন যে ব্যাহত হয়েছে এই রকম কোন রিপোর্ট আমার কাছে আসে নি। লে-অফ হয়েছে এই রিপোর্ট আছে।

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ লে-অফ-এর ফলে কিছু কিছু কলকারখানায় উৎপাদন ব্যাহত হয়েছে। যে সমস্ত কারখানায় লে-অফ-এর ফলে উৎপাদন ব্যাহত হচ্ছে পশ্চিমবংগের জনপ্রিয় সরকার কর্তৃপক্ষ যাতে লে-অফ করতে না পারে তার জন্য উপস্থিত বিদ্যুৎ উন্নয়নের জন্য কি ব্যবস্থা নিচ্ছেন তা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ বিদ্যুৎ সরবরাহ ব্যাপারটি লেবার ডিপার্টমেন্টের প্রশ্ন নয়, আপনি সংশ্লিষ্ট দপ্তরকে এই প্রশ্ন করতে পারেন।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জিঃ অনেক ক্ষেত্রে কর্তৃপক্ষ লে-অফ কমপেনসেসন দিচ্ছেন। কিন্তু অনেক ক্ষেত্রে মালিক বলছেন যে, এই লে-অফ-এর জন্য আমরা অপরাধী নয়, সরকারী অব্যবস্থার ফলে লে-অফ হচ্ছে এবং তাই তারা লে-অফ কমপেনসেসন দিচ্ছেন না। সরকার কি এইসব লে-অফ কমপেনসেসন দিতে তাদের বাধ্য করাবেন কিনা?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ আমার কাছে খবর এসেছে যে, অধিকাংশ কলকারখানা লে-অফ কমপেনসেসন দিচ্ছেন। তবে মাননীয় সদস্যের কাছে এই রকম যদি কোন রিপোর্ট থেকে থাকে পার্টিকুলার কোন ইন্ডাস্ট্রির, তা হ'লে সেই ইন্ডাস্ট্রির নাম এবং কবে লে-অফ হয়েছে এইসব ডিটেলস্ যদি জানান, তা হ'লে সরকার পক্ষ থেকে যতটুকু করা দরকার তা করা হবে।

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ এই লে-অফ-এর ফলে সমগ্র পশ্চিমবাংলায় শিল্প কর্তৃপক্ষ, মালিকদের সংগে শ্রমিকদের যে সুসম্পর্ক স্থাপিত হয়েছিল সেই সুসম্পর্ক নষ্ট হচ্ছে—এটা মন্ত্রিমহাশয় মনে করেন কিনা?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ এই রকম মনে করার কোন কারণ নেই।

শ্রীপ্রদীপকুমার পালিতঃ বিদ্যুৎ ঘাটতিকে কেন্দ্র ক'রে বহু কলকারখানা আজকে লে-অফের মধ্য দিয়ে সরকার বিরোধী চক্রান্ত করছে এ রকম খবর মন্ত্রিমহাশয়ের কাছে আছে কিনা?

শ্রীপ্রদীপ ভট্টাচার্যঃ না, এই ধরনের কোন খবর আমার কাছে আসে নি।

শ্রীপ্রদীপকুমার পালিত: এই ধরনের লে-অফের মধ্য দিয়ে কোন কোন কলকারখানা যদি সেখানে বিদ্যুৎ ছাঁটাই হচ্ছে না তবুও বিদ্যুৎ ছাঁটাই হচ্ছে ব'লে তারা সুযোগ গ্রহণ করছে। অথচ দেখা যাচ্ছে যে, তাদের ব্যক্তিগত কারখানায় বিদ্যুৎ ছাঁটাই হচ্ছে না—কিন্তু পশ্চিমবঙ্গের অন্য অনেক কারখানায় এই রকম হচ্ছে এর কারণ কি মন্ত্রিমহাশয় অবগত আছেন কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: মাননীয় সদস্যের অবগতির জন্য জিনিসটি আমি ভাল ক'রে বুঝিয়ে দিচ্ছি। কোন কোন কারখানায় এই ধরনের ঘটনা ঘটছে; তাই মাননীয় সদস্যকে আমি অনুরোধ করছি যে তিনি সেটা আমাদের কাছে জানান। আর একটা কথা হচ্ছে যে, কিছুদিন আগে আমি সেন্ট্রাল ট্রেড ইউনিয়ন লিডারদের ডেকে পাঠিয়েছিলাম এবং তাঁদের কাছে আমি পরিষ্কার অনুরোধ রেখেছিলাম যে, যেহেতু দিনের বেলায় বিদ্যুৎ পাওয়া যাচ্ছে না, পাওয়ারের অভাব হচ্ছে সেই হেতু যে সমস্ত শিল্প জেনারেল সিফটে কাজ করে তাদের রাত্রিবেলায় নিয়ে যাওয়া যায় কিনা। আবার যে সমস্ত শিল্প এ এবং বি শিফটে কাজ করে তাদের সমস্তটাই বি শিফটে নিয়ে যাওয়া যায় কিনা আবার যারা এ, বি, সি তিনটি শিফটে কাজ করে তাদের এ, বি দুটি শিফটে নিয়ে যাওয়া যায় কিনা। আমি মাননীয় সদস্যকে অবগতির জন্য জানাচ্ছি যে, পশ্চিমবাংলার বহু শিল্প বিশেষ ক'রে যারা জেনারেল শিফটে কাজ করেন এবং এছাড়াও অনেক শিল্প বাই-পার্টাইট লেভেলে আলোচনার পর তারা রাত্রিবেলায় কাজ শুরু করে দিচ্ছে। এই ব্যবস্থা সরকার পক্ষ থেকে যতটুকু করণীয় তা আমরা করছি। শ্রমিক-মালিক সম্পর্ক এতে কিছু অবনতি হচ্ছে না। উৎপাদন মোটামুটি ব্যাহত হয় নি।

শ্রীপ্রদীপকুমার পালিত: মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, প্রত্যেক কারখানায় কমপেনসেসন দিচ্ছে। কিন্তু আমার কাছে খবর আছে যে, বিড়লার যত কারখানা আছে সেখানে কোন বিদ্যুৎ ছাঁটাই হচ্ছে না। অবশ্য মাঝে গতবার কিছু হয়েছিল—সেই কারণে কোন কোন কারখানা লে-অফ ক'রে সরকারের কাছ থেকে নূতন লাইসেন্স-পারমিট বের করার চেষ্টা করছে। এ বিষয়ে মন্ত্রিমহাশয় অবগত আছেন কি?

[1-10—1-20 p.m.]

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: না, আমার কাছে এই ধরনের কোন অফিসিয়াল খবর আসে নি। মাননীয় সদস্য মহাশয়কে অনুরোধ করবো যদি এই ধরনের খবর তাঁর কাছে এসে থাকে, তা হ'লে দয়া ক'রে আমার কাছে সমস্ত ডিটেলস্ জানিয়ে তিনি যেন দেখা করেন।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জি: কোন কোন কোম্পানী বিদ্যুৎ সংকটের মোকাবিলা করবার জন্য নিজেরাই জেনারেটর বসাবার পারমিসন চেয়েছে, কিন্তু সেই পারমিসন দেওয়া হচ্ছে না, যার ফলে কারখানার এই সঙ্কট থেকেই যাচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয় এই সম্পর্কে কোন আলোকপাত করবেন কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: মাননীয় সদস্য মহাশয়কে জানাচ্ছি যে, এই ব্যাপারটি শ্রম বিভাগের সঙ্গে জড়িত নয়। সুতরাং তিনি যেন সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে দেখা ক'রে কথা বলেন।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জি: এর ফলাফল শ্রমিকদের উপর বর্তাচ্ছে। সেই জন্য শ্রম দপ্তর থেকে সংশ্লিষ্ট দপ্তরকে এই গুরুত্ব বুঝিয়ে পারমিসন করিয়ে দেবার ব্যবস্থা করা হবে কি?

শ্রীপ্রদীপ ভট্টাচার্য: আপনি আমার কাছে পাঠিয়ে দেবেন, আমি যোগাযোগ করিয়ে দেব।

মুর্শিদাবাদ জেলার ২নং সুতি ব্লকে হেল্থ সেন্টার

***১১৯৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৬৫।) **শ্রীশীশ মহম্মদ:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার ২নং সুতি ব্লকে কতগুলি সাবসিডিয়ারী হেল্থ সেন্টার আছে ও সেগুলি কোথায় কোথায় অবস্থিত;

(খ) উক্ত ব্লকে কোন প্রাইমারী হেল্থ সেন্টার আছে কিনা ও থাকিলে, তাহা কোথায়; এবং

(গ) ১নং সুতি ব্লকে কতগুলি (১) সাবসিডিয়ারী হেল্থ সেন্টার ও (২) প্রাইমারী হেল্থ সেন্টার আছে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ঔরঙ্গাবাদ (দফাহাটে) একটি আছে।

(খ) এ ব্লকে কোন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালু নেই। তবে মহেশাইলে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কাজ অনুমোদিত হয়েছে।

(গ) (১) এবং (২) হিলোরা এবং বাহাটুলিতে দুটি উপ-স্বাস্থ্যকেন্দ্র এবং আহিরনে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালু আছে।

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে এখানে কোন প্রাথমিক হেল্থ সেন্টার নেই, মহেশাইলে একটি প্রাথমিক হেল্থ সেন্টার খোলার ব্যবস্থা হবে। মহেশাইলে এই যে প্রাথমিক হেল্থ সেন্টার খোলার ব্যবস্থা করা হচ্ছে কতদিনের মধ্যে সেটা চালু হবে মন্ত্রিমহাশয় বলতে পারবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এটা ঠিক বলতে পারা যাবে না। তবে পি, ডবলিউ, ডি ডিপার্টমেন্ট থেকে তাড়াতাড়ি কাজটা করবার জন্য ব্যবস্থা নিচ্ছেন এবং যেখানে যেখানে তাদের কোন কিছু অসুবিধা আছে সেগুলিকে আমরা দূর করে দিচ্ছি।

শ্রীশীশ মহম্মদঃ বর্তমান সরকারের নীতি অনুযায়ী প্রতি ব্লকের কটি করে প্রাইমারী হেল্থ সেন্টার এবং কটি করে সাবসিডিয়ারি হেল্থ সেন্টার নির্মাণ করার সিদ্ধান্ত নিয়েছেন, মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ প্রতি ব্লকে একটি ক'রে প্রাইমারী এবং দু'টি ক'রে সাবসিডিয়ারি হেল্থ সেন্টার সাধারণতঃ।

শ্রীশীশ মহম্মদঃ গাঁওতালুতে যে একটি প্রাইমারী হেল্থ সেন্টার আছে তাতে ক'টি বেড আছে, মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ প্রাইমারী হেল্থ সেন্টার নয়, সাবসিডিয়ারি হেল্থ সেন্টার আছে এবং তাতে ১০টি বেড আছে।

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন সুতি ১নং ব্লকে আহিরনে একটি প্রাইমারী হেল্থ সেন্টার আছে। সেখানে ক'টি বেড আছে মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ ১০টি আছে।

মুর্শিদাবাদ জেলার সুতি থানায় দাতব্য চিকিৎসালয়

*১২০০। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৬৬।) **শ্রীশীশ মহম্মদঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সুতি থানায় কোন দাতব্য চিকিৎসালয় আছে কিনা;

(খ) থাকিলে, কোথায় কোথায়; এবং

(গ) উক্ত দাতব্য চিকিৎসালয়গুলিতে সরকার হইতে ঔষধ বাবত বাৎসরিক কত টাকা ব্যয় করা হয়?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) বাজিতপুর অঞ্চলে একটি দাতব্য চিকিৎসালয় আছে।

(গ) এক হাজার টাকা।

শ্রীশীশ মহম্মদঃ বাজিতপুরে যে একটি দাতব্য চিকিৎসালয় আছে সেখানে কোন পার্মানেন্ট ডাক্তার আছে কিনা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ সেটা নোটিস না দিলে বলতে পারব না। কারণ আপনি শুধু আর্থিক সাহায্যের কথা প্রশ্নের মধ্যে রেখেছিলেন।

শ্রীশীশ মহম্মদঃ বাজিতপুরে যে দাতব্য চিকিৎসালয় আছে সেখানে বছরে ১ হাজার টাকা ক'রে যে দেওয়া হয় সেটাই কি যথেষ্ট ব'লে মাননীয় মন্ত্রিমহাশয় মনে করেন?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এখন অবধি যথেষ্ট মনে হচ্ছে। কারণ, বছরে ১ হাজার টাকা চিকিৎসার জন্য দেওয়া হয়, আর ৬০০ টাকা ক'রে এককালীন দেওয়া হয়। লোকের অভাব আছে ব'লে ঐ জায়গা থেকে এখন কোন কমপ্লেন আসে নি।

শ্রীশীশ মহম্মদঃ দু' নম্বর সুতি ব্লক বা এক নম্বর সুতি ব্লকে আর দাতব্য চিকিৎসালয় ভবিষ্যতে খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ দাতব্য চিকিৎসালয় মেটারনিটি বেনিফিট সহ আরো বেশী ক'রে প্রতি অঞ্চলে বা প্রতি গ্রামে খোলা যায় কিনা সেটা নিয়ে আলোচনা হচ্ছে। টাকার সংস্থান হ'লে আমরা হয়ত তাড়াতাড়ি কাজ করতে পারবো।

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, টাকার সংস্থান হ'লে তাড়াতাড়ি খোলার ব্যবস্থা করবেন। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই তাড়াতাড়ি বলতে তিনি কতদিন বোঝাতে চাইছেন?

শ্রীঅজিতকুমার পাঁজাঃ এই প্ল্যানের মধ্যে সম্ভব নয়। ফিফথ ফাইভ-ইয়ার প্ল্যান যেটা আছে তার মধ্যে এটা দেওয়া যায় কিনা তা নিয়ে আলোচনা চলছে।

Mr. Speaker: Let me repeat the question Nos. *1196 and *1198—not called; held over question (No. *1136—held over.)

HELD OVER STARRED QUESTIONS

(to which oral answers were given)

বর্ধমান বিশ্ববিদ্যালয়ে কৃষি গবেষণা খামার

***১১৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪৮।) **শ্রীঅশ্বিনী রায়ঃ** কৃষি বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান বিশ্ববিদ্যালয়ে একটি কৃষি গবেষণা খামার স্থাপিত হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, (১) উক্ত খামারের প্রতিষ্ঠার সময়, (২) ২৩শে এপ্রিল, ১৯৭৩ পর্যন্ত যেসকল বিষয়ে গবেষণা করা হইয়াছে তাহার ফলাফল, (৩) রাজ্য ও অন্যান্য সরকারী সাহায্যের পরিমাণ ও (৪) উক্ত খামারের উন্নয়নের কোন প্রকল্প থাকিলে, তাহার বিবরণ?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৬৬ সাল।

(২) এতৎ সংক্রান্ত একটি বিবরণী পৃথকভাবে সন্নিবেশিত হইল।

(৩) এ পর্যন্ত উদ্ভিদবিদ্যা বিভাগে একটি খামার গবেষণাগার নির্মাণের জন্য ২½ লক্ষ টাকা সমেত রাজ্যসরকার প্রদত্ত সাহায্যের পরিমাণ ৬.৩৩ লক্ষ টাকা, অন্যান্য সংস্থার অনুদানের পরিমাণ রাজ্যসরকারের গোচরে নাই।

(৪) উক্ত খামার গবেষণাগার নির্মাণ ব্যতীত আর কোন উন্নয়ন প্রকল্প আপাতত সরকারের বিবেচনাধীন নাই।

Statement referred to in reply to clause Ka (2) of starred question **No. 1186**

(ক) **ধান**—উক্ত খামারে গবেষণার দ্বারা বি ইউ-১, বি ইউ-২ ও বি ইউ-৩—এই তিন প্রকার উন্নতমানের ধান উদ্ভাবন করা হইয়াছে। ইহা ছাড়া আরও কতকগুলি উদ্ভাবিত ধানের প্রাথমিক মূল্যায়ন চলিতেছে।

(খ) **গম**—শিকড়ের বৈশিষ্ঠ্যের দ্বারা উন্নতমানের গম উদ্ভাবনের চেষ্টা চলিতেছে।

(গ) **পাট**—তিতা ও মিষ্টি পাটের সংমিশ্রণে উন্নতমানের সংকর পাট উদ্ভাবন করা হইয়াছে।

(ঘ) **শিমজাতীয় ফসল**—সয়াবীনের কয়েকটি উল্লেখযোগ্য ফল পাওয়া গিয়াছে। যথা ৫% অধিক প্রোটিন যুক্ত, ১৫% অধিক স্নেহপদার্থযুক্ত ও ১৫ হইতে ২০ দিনের জলদি জাতীয় প্রজাতি।

(ঙ) **ভেষজ উদ্ভিদ**--সর্পগন্ধা ও একপ্রকার ধুতুরার উপর গবেষণা চালাইয়া ঔষধের উপযোগী অধিক অ্যালকলেয়েড ফলনশীল প্রজাতির উদ্ভাবন করা হইয়াছে।

ইহা ছাড়া তুলা, চীনাবাদাম, শণ প্রভৃতির উপরও গবেষণা চলিতেছে।

[1-20—1-30 p.m.]

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় ঐ বিবরণী থেকে বললেন যে, ধানের ক্ষেত্রে বি-১, বি-২, এবং বি-৩ এই উন্নত ধরনের বীজ যেটা তৈরি হয়েছে সেটা কোথায় পরীক্ষা হয়েছে এবং এই যে বীজটায় কি ধরনের ফলন হল তার কোন রিপোর্ট আছে কি?

শ্রীআবদুস সাত্তারঃ আমার কাছে রিপোর্ট নেই। নোটিস দিলে এনে দিতে পারবো। তবে মোটামুটি দেখতে পাচ্ছি ঐ গবেষণাগার থেকে এই বীজ এবং অন্যান্য যা আছে প্রায় ১৫০ থেকে ২০০ কুইন্টাল তারা খামারে উৎপন্ন করে এবং বিক্রয় করে।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই বীজ উড়িষ্যা সরকার এবং অন্ধ্র সরকার হায়দরাবাদে এবং কটকে চাষ ক'রে আজ পর্যন্ত যে উন্নত ধরনের বীজ হয়েছে, সারা ভারতবর্ষে এবং বাইরে থেকে যে বীজ আসে তার উপর ৫০ ভাগ উৎপাদন বাড়াতে পেরেছে। কাজেই এটা আপনি অনুসন্ধান করবেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ আমি এটা অনুসন্ধান ক'রে দেখবো।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয়, এই যে গম, পাট, ধান, এবং ভেষজ—এতগুলি গবেষণা ক'রে উন্নত করতে পেরেছেন তখন এই ধরনের একটা খামারকে ভবিষ্যতে একটা ইন্সটিটিউট-এ উন্নত করবার কোন আবেদন বিশ্ববিদ্যালয় থেকে পেয়েছেন কিনা অর্থাৎ টু ডেভেলপ দি ফার্ম টু এ রেগুলার ইন্সটিটিউট এই রকম কোন আবেদন কি পেয়েছেন?

শ্রীআবদুস সাত্তারঃ ব্যাপার হচ্ছে, এই ব্যাপারে আমার কাছে ছাত্ররা দেখা করেছেন। আমি সেখানে কমিশনকে বলেছি যে, দেখার দরকার আছে। এ ছাড়া আমরা নিজেরাও ৬ লক্ষ ৩৩ হাজার টাকা দিয়েছি এবং আমরা বাদ দিয়েও সি এস আই আর, এটমিক এনার্জি কমিশন এবং ইন্ডিয়ান ন্যাশনাল সায়েন্স একাডেমি, এখান থেকে সাহায্য পাচ্ছি, তবে পরিমাণটা আমি বলতে পারছি না। যে কাজ চলছে তাতে উৎসাহ দেবার প্রয়োজন আছে ব'লে মনে করি। তবে পাটের ক্ষেত্রে সংকর জাতীয় বীজ আছে, একটা পরের প্রশ্ন আছে সেখানে দেখবেন। আমরাও গবেষণা করছি এই জাতীয় পাট বার করার জন্য।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই রকম একটা ইন্সটিটিউট যেখানে আছে স্টেট গভর্নমেন্টের পক্ষ থেকে এবং বিশেষ ক'রে মাননীয় মন্ত্রিমহাশয়ের পক্ষ থেকে তখন আছে যখন এটা দেখে আসা উচিত নয় কি?

শ্রীআবদুস সাত্তারঃ আমি আগেইতো বলেছি যে, কমিশনারকে দেখার জন্য বলেছি এবং দরকার হলে আমরা যাব।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয়, এই যে ৬ লক্ষ ৩৩ হাজার দিয়েছেন এবং আরো দেবেন, এটা ভাল কথা। কিন্তু ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন—একটা স্টাডি টিম যদি আসে, সে সম্পর্কে আপনি কোন রেফারেন্স করবেন ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের কাছে এই স্টাডি টীম সম্পর্কে?

শ্রীআবদুস সাত্তারঃ ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের ব্যাপারটা আমার মনে হয় ইউনিভার্সিটি করলেই ভাল হয়। তবে আমার কাছে যারা অনুরোধ করেছেন, আমি দেখবো যে, সেটা আমাদের দিক থেকে করা সম্ভব হবে কি হবে না। তবে এটা ইউনিভার্সিটি করলেই ভাল হয়। আমরা গত মার্চ মাসে ২॥ লক্ষ টাকা দিয়েছি।

শ্রীনিতাইপদ সরকারঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, আমাদের যখন বীজের এত ক্রাইসিস সেক্ষেত্রে উন্নত ধরনের বীজ গবেষণা ক'রে বার করেছেন। এই বীজ আগামী বছর থেকে বিভিন্ন জেলায় সরবরাহ করার ব্যবস্থা করবেন কিনা?

শ্রীআবদুস সাত্তারঃ উচ্চ ফলনশীল বীজ আমরা মোটামুটি যেটা গ্রীষ্মকালীন ধান হয়, আমরা বোরেতে দিয়েছি এবং ভাল ফল হয়েছে। তা থেকে যদি দেখা যায়, এটাতে আরো বেশী ফলন হবে—আমরা একরে ৭০ থেকে ৮০ মন ধান পাচ্ছি—এটাতে যদি ১০০ মন হয়, তা হ'লে নিশ্চয়ই করা উচিত হবে। আমরা খবর নেব যে, এই বীজে কত পার্সেন্ট একরে ইল্ড হচ্ছে। ইল্ডের উপর নির্ভর করবে আমরা সেটা ইন্ট্রোডিউস করবো কিনা।

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, বর্ধমানে সরকারের অধীনে যে কৃষি গবেষণা খামার চলছে এতে ডাঃ ভাদুড়ি নামে একজন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রখ্যাত কৃষি বৈজ্ঞানিক রয়েছেন তাঁর অধীনে বর্ধমান ইউনিভার্সিটির অওতায় আলাদা স্পনসর্ড রিসার্চ ইন্সটিটিউট-কৃষি গবেষণাগার হিসাবে খোলার জন্য মন্ত্রিমহাশয় ব্যবস্থা করবেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ ডাঃ ভাদুড়ি আছেন সেটা সত্য। আমরা গবেষণার জন্য পশ্চিমবঙ্গের সরকারের তরফ থেকে ২॥ লক্ষ টাকা দিয়েছি এবং আগে ৬ লক্ষ ৩৩ হাজার টাকা দেওয়া হয়েছে। আমরা যতটুকু সরকার থেকে করার করছি। তবে আলাদা ভাবে করার জন্য যদি প্রয়োজন বোধ করি, তা হ'লে আমরা ভিজিট ক'রে দেখবো।

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে সরকার ইতিমধ্যে ৬ লক্ষ ৩৩ হাজার টাকা অনুদান দিয়েছেন, কেন্দ্রীয় সরকার থেকে বিভিন্ন বিভাগের মাধ্যমে এই কৃষি গবেষণাগারকে উন্নত করার জন্য বেশ কিছু অনুদান দেওয়া হয়েছে। আগামী দিনে এই কৃষি গবেষণাগারের উন্নতির জন্য কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগ টাকা দেবার জন্য প্রস্তুত আছেন, কিন্তু বর্ধমান বিশ্ববিদ্যালয়ের পরিচালন কর্তৃপক্ষের ব্যবস্থার ত্রুটির জন্য এটা হতে পারছে না, এবং এই অনুদান পাওয়া যাচ্ছে না, এই বিষয়ে মন্ত্রিমহাশয় কিছু অবগত আছেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ এই বিষয়ে আমার কিছু জানা নেই।

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ যদি এই ব্যাপারটা লিখিত ভাবে তাঁর সামনে নিয়ে আসা হয়, তা হ'লে অবিলম্বে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণ করার জন্য মন্ত্রিমহাশয় নির্দেশ পাঠাবেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ এই বিষয়টা আমি আগেই উত্তর দিয়েছি, আমি কমিশনারকে বলেছি ব্যাপারটা দেখতে এবং যদি দরকার হয় আমি নিজে যাব এবং যদি মনে করি যে, এই সংস্থাটাকে পৃথক ভাবে রাখার প্রয়োজন আছে, তা হ'লে দেখবো।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: মাননীয় মন্ত্রিমহাশয় একটা সত্য সংবাদ পরিবেশন করেছেন যে, গত মার্চ মাসে আড়াই লক্ষ টাকা বর্ধমান বিশ্ববিদ্যালয়কে অনুদান দিয়েছেন এই ব্যাপারে। কিন্তু গত মার্চ এপ্রিল মাস থেকে এখনও পর্যন্ত সেই ২॥ লক্ষ টাকার কোনরকম স্কিম না থাকার ফলে ডাঃ ভাদুড়ি সেই টাকা খরচ করতে পারছেন না, এই ব্যাপারে মন্ত্রিমহাশয় অবগত আছেন কি?

শ্রীআবদুস সাত্তার: আমার কাছে সেই রকম কোন রিপোর্ট আসে নি।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: মাননীয় মন্ত্রিমহাশয় একটা সত্য সংবাদ পরিবেশন করেছেন যে গত মার্চ মাসে ২॥ লক্ষ টাকা বর্ধমান বিশ্ববিদ্যালয়কে এই ব্যাপারে অনুদান দেওয়া হয়েছে। কিন্তু গত মার্চ এপ্রিল মাস থেকে এখনও পর্যন্ত সেই টাকা খরচ করা সম্ভব হয় নি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অনুমোদনের অভাবে ও অব্যবস্থার জন্য ডঃ ভাদুড়ি স্কীম দেওয়া সত্ত্বেও এই বিষয়ে মন্ত্রিমহাশয় অবগত আছেন কি?

শ্রীআবদুস সাত্তার: আমার কাছে সেই রকম কোন রিপোর্ট আসে নি।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: মন্ত্রিমহাশয়ের কাছে যদি এই বিষয়ে লিখিত ভাবে জানানো হয়, তা হ'লে তিনি অবিলম্বে এই বিষয়ে ব্যবস্থা অবলম্বন করতে প্রস্তুত আছেন কি?

শ্রীআবদুস সাত্তার: রিপোর্টের ভিত্তিতে করা যাবে।

শ্রীঅশ্বিনী রায়: মন্ত্রিমহাশয় (ঙ) প্রশ্নের উত্তরে বললেন, সর্পগন্ধা এবং একপ্রকারের ধুতুরার উপর রিসার্চ হচ্ছে। অবশ্য এটা আমাদের হেল্থ মিনিস্টারের ডিপার্টমেন্ট। মন্ত্রিমহাশয় এটা কি জানেন যে, ঐ ধুতুরা থেকে আজ পর্যন্ত রিসার্চ ক'রে মর্ফিন যেটা পাওয়া গেছে, এটা একটা নূতন প্রসেসে এই মর্ফিন কনটেনটেসটা প্রায় ১৫ ভাগ বাড়াতে পেরেছে এবং এই যে সর্পগন্ধা থেকে আজকে ব্লাড প্রেসারের যে সমস্ত ঔষধ তৈরি হচ্ছে তাতে রিসার্পিন যেগুলো হয়—যার থেকে রিসার্পিনের সেই কনটেন্ট বেড়েছে। সেইজন্য এরা একটা আবেদন করেছে যে, ভারতবর্ষে আজ পর্যন্ত এই যে ধুতুরাগুলো, এইগুলো প্রসেসড হয়ে যেত না, ঐগুলো সেমি-প্রসেসড হয়ে বাইরে চলে যায়। সেইজন্য ওখানকার কর্তৃপক্ষ আবেদন করেছেন যে, ঐ ধরনের প্ল্যান্ট যদি ঐ খামারে তৈরি হয়, তা হ'লে সরাসরি ধুতুরা থেকে মর্ফিন তৈরি করা যেতে পারে। এবং এইরকম আবেদন যদি এসে থাকে, তা হ'লে সেই সম্পর্কে কোন বিচার-বিবেচনা করছেন কি? এই রকম কোন আবেদন এসেছে কি?

শ্রীআবদুস সাত্তার: আমার কাছে কিছু কাগজ দেওয়া হয়েছে. আমি তার ভেতরে এখনও যাই নি, যেদিন দেওয়া হয়েছিল তারপরই আমি বাইরে চলে গিয়েছিলাম, আমি কমিশনারের কাছে দিয়েছি এবং তাকে এই বিষয়ে দেখতে বলেছি।

শ্রীঅশ্বিনী রায়: হেল্থ মিনিস্টার এখানে রয়েছেন, আমি তাঁকে অনুরোধ করবো তিনি কি বর্ধমানে গিয়ে ঐ রিসার্চ সেন্টারটা দেখবেন?

Mr. Speaker: Held over starred question No. 1187 is again held over.

'শঙ্কর' পাট উৎপাদন বিষয়ে গবেষণা

***১১১০।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪৯।) **শ্রীঅশ্বিনী রায়:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে শঙ্কর পাট উৎপাদন গবেষণার কাজ সমাপ্ত হইয়াছে;

(খ) সত্য হইলে, উক্ত গবেষণার ফলাফল কি; এবং

(গ) গবেষণার ফলাফলের ভিত্তিতে কি কি ব্যবস্থা লওয়া হইয়াছে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) গবেষণা একটি চলমান প্রক্রিয়া। গবেষণার কাজ এখনও চলিতেছে।

(খ) গবেষণা করে ব্যারাকপুরের পাট সংক্রান্ত কৃষি গবেষণা প্রতিষ্ঠান জে আর ও ৮৭৮ এবং জে আর ও ৭৮৩৫ এই নামে দুই নমুনার মিঠা পাট (টোস) (সি অলিটরনিয়াস) এবং জে আর সি-৭৪৪৭ এই নামে এক ধরনের তিতা পাট (সি ক্যাপসুলেরিয়াস) (সাদা পাট) প্রস্তুত করেছেন।

(গ) আগামী মরশুমে চাষীদের মধ্যে এই সমস্ত বীজ বণ্টনের জন্য রাজ্য কৃষি খামারে ও উন্নত ধরনের পাটবীজ উৎপাদনকারী মুখ্য সংস্থা ন্যাশানাল সিড কর্পোরেশন লিঃ-এর মাধ্যমে এই বীজ প্রবর্তনের (মাল্টিপ্লিকেসান) বন্দোবস্ত করা হইয়াছে।

[1-30—1-40 p.m.]

শ্রীঅশ্বিনী রায়ঃ 'খ' প্রশ্নের জবাবে আপনি দুটো নম্বর বললেন, এই দুটো নম্বরে ঐ ধরনের সঙ্কর পাট তৈরি করবার বীজ তৈরি হচ্ছে, কিন্তু সেটা এখনো পর্যন্ত পরীক্ষা হয় নি। তা হ'লে এর মধ্যে যে অংশটা হ'ল বর্ধমানের কৃষি গবেষণাগারে বা খামারে হাই ইল্ডিং বীজ তৈরি করেছে যার বৃহৎ অংশটা ফরেনে যায়। সুতরাং ঐ খামার থেকে বীজ নিয়ে এসে পশ্চিমবঙ্গের কয়েকটি জায়গায় সরকারী ক্ষেত্রে এটাকে পরীক্ষা ক'রে দেখবেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ 'গ' প্রশ্নের উত্তরে আছে যে, বিভিন্ন খামারে ন্যাশানাল সিড কর্পোরেশনের মাধ্যমে আমরা চেষ্টা করছি। যেটা কলিটোরিয়াস জুট সেটা ফরেন এক্সচেঞ্জ আর্ন করে এবং এটাই আমরা করছি।

শ্রীঅশ্বিনী রায়ঃ বর্ধমানে যে বীজগুলি আছে, সেইগুলির এক্সপেরিমেন্ট সরকারী স্তরে করবেন কিনা জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ আমাদের নিজস্ব খামারে রাজ্য কৃষি খামারে উন্নত ধরনের পাটের বীজ উৎপাদন ক'রে তা ন্যাশনাল সিড কর্পোরেশন লিমিটেডের মাধ্যমে পরীক্ষা চলছে।

শ্রীঅশ্বিনী রায়ঃ যেটা করছেন সেটা বর্ধমানের বীজ নয়, বর্ধমানের খামারে যে শঙ্কর বীজ তৈরি হচ্ছে সেই বীজ কোন সরকারী খামারে যদি পরীক্ষা করা যায়, তা হ'লে বোঝা যাবে যে, সেটা অধিক ফলনশীল কিনা। সেইজন্য এইটা চেষ্টা করবেন কিনা যে, বর্ধমানে যে বীজ হচ্ছে সেটাকে এক্সপেরিমেন্ট করা যে কি পরিমাণ হচ্ছে এবং কত হচ্ছে? বাইরে হায়দ্রাবাদ ইউনিভার্সিটি পরীক্ষা ক'রে দেখেছে যে, এটা বেস্ট প্রোডাকশন, কিন্তু পশ্চিমবাংলার কোন জায়গায় সরকারী ক্ষেত্রে এটা পরীক্ষা হয় নি। সেইজন্য এই বীজ নিয়ে এসে সরকারী খামারে পরীক্ষা করা হবে কিনা জানাবেন কি?

শ্রীআবদুস সাত্তারঃ ঠিক আছে, আমরা দেখব কতটা উৎপাদন হয়।

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

কাঁথি মহকুমা হাসপাতালে মৃত রোগীর শবদাহ ব্যবস্থা

*১১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৬১।) **শ্রীসুধীরচন্দ্র দাসঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে কাঁথি মহকুমা হাসপাতালের মৃত রোগীর শবদেহগুলি পোড়াইবার ব্যবস্থা না থাকায় কাঁথি মিউনিসিপ্যাল এলাকার অন্তর্ভুক্ত খড়্গচণ্ডী শ্মশানে (কাঁথি-দারুয়া রাস্তার পার্শ্বে) সামান্য মাটি ঢাকা দিয়া পুতিয়া ফেলা হইতেছে ও ফলে কুকুর ও শৃগালেরা ঐ শবদেহগুলি টানিয়া বাহিরে ফেলিতেছে ও এই বীভৎস দৃশ্য ও দুর্গন্ধ জনসাধারণের মনে বিক্ষোভ সৃষ্টি করিতেছে; এবং

(খ) অবগত থাকিলে, ইহার প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) মৃতদেহগুলি সৎকারের ব্যবস্থা সন্তোষজনক নয়। স্থানীয় কর্তৃপক্ষের সাথে পরামর্শ করে এর প্রতিকারের ব্যবস্থা করা হবে।

মঠচণ্ডীপুরের স্যানিটারী ইন্সপেক্টারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

***১১১৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৬২।) **শ্রীসুধীরচন্দ্র দাসঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে নন্দীগ্রাম থানার অন্তর্গত মঠচণ্ডীপুরের স্যানিটারী ইন্সপেক্টারের (ম্যালেরিয়া) বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উত্থাপিত হওয়ায় ৩০এ ডিসেম্বর, ১৯৭২ তারিখে তদন্ত হইয়াছে;

(খ) সত্য হইলে, ঐ তদন্তের রিপোর্ট কি; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) তদন্তের রিপোর্টটি বর্তমানে মেদিনীপুর জেলা স্বাস্থ্য অধিকর্তার বিবেচনাধীন আছে —এখনও সরকারের কাছে আসে নাই।

(গ) প্রশ্ন উঠে না।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

রূপায়ণ সিনেমা

৬৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৪১৪।) **শ্রীমহম্মদ সফিউল্লা** এবং **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** গত ৬ই এপ্রিল ১৯৭৩ তারিখে প্রদত্ত তারকা চিহ্নিত *৯৬১ (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮৪) প্রশ্নোত্তর অনুসরণে স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রূপায়ণ সিনেমার সত্ত্বাধিকার ১৯৭১ সালের পূর্বে কোন্ কোম্পানীর ছিল; এবং

(খ) ১৯৭১ সালের আগস্ট মাসের আগে রূপায়ণ সিনেমায় ছবি প্রদর্শনীর জন্য কোন্ কোম্পানীর নামে লাইসেন্স ছিল; এবং

(গ) ১৯৭১ সালের আগস্ট মাসের পর কোন্ কোম্পানীর নামে ছবি প্রদর্শনীর জন্য লাইসেন্স মঞ্জুর করা হয়?

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) রূপায়ণ সিনেমার পরি-চালনভার বহুদিন যাবৎ ২৩নং চেতলা সেন্ট্রাল রোড, কলিকাতা-২৭-এর সুবার্বন এক্সিবিটর প্রাঃ লিঃ-এর হাতে ছিল এবং কোম্পানির অনুরোধেই ১৯৬৫-৬৬ সালে সিনেমা হলের লাইসেন্স শ্রীঅনুকুলচন্দ্র মুখাজীর নামে মঞ্জুর করা হয় এবং ১৯৭১-এর ৩১এ মার্চ পর্যন্ত শ্রী মুখাজীর নামেই লাইসেন্স বলবৎ ছিল।

(গ) পরবর্তীকালে ঐ সিনেমার মালিকানা সিটি এক্সিবিটরস্ প্রাঃ লিঃ-এর হাতে যাওয়ায় ১৯৭১-এর ১লা এপ্রিল হইতে ঐ সিনেমা হলের লাইসেন্স উক্ত কোম্পানির নামে মঞ্জুর করা হইয়াছিল।

পশ্চিমবঙ্গে খুনের সংখ্যা

৬৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪১।) **শ্রীআফতাবুদ্দিন মন্ডল:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ থেকে ১৯৭০ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে খুনের সংখ্যা কত;

(খ) ঐ খুনের প্রধান কারণ কি কি; এবং

(গ) উক্ত খুনের মধ্যে রাজনৈতিক কারণে কত এবং অন্যান্য কারণেই বা খুনের সংখ্যা কত?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ৩,১২০ জন।

(খ) রাজনৈতিক এবং দলীয় সংঘর্ষ, ব্যক্তিগত আক্রোশ, উগ্রপন্থী কার্যকলাপ, নারীঘটিত এবং জমিজমা সংক্রান্ত বিরোধ ইত্যাদি।

(গ) রাজনৈতিক কারণে ৫৬৯ জন এবং অন্যান্য কারণে ২,৫৫১ জন।

বাঁকুড়া জেলা থেকে কনস্টেবল পদে নিয়োগ

৬৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০৪৮।) **শ্রীফণিভূষণ সিংহবাবু:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২-৭৩ সালে ২৭এ মার্চ, ১৯৭৩ পর্যন্ত বাঁকুড়া জেলা থেকে কনস্টেবল পদে কতজনকে নিয়োগ করা হয়েছে; এবং

(খ) কিসের ভিত্তিতে নিয়োগ করা হয়েছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) ৩৩ জনকে।

(খ) যোগ্যতার ভিত্তিতে পদের নিয়োগবিধি অনুযায়ী।

উত্তরবঙ্গে এক-শৃঙ্গী গন্ডার

৬৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৪৩।) **শ্রীরবীন্দ্র ঘোষ:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গে সংরক্ষিত বন অঞ্চলে বর্তমানে মোট কয়টি এক-শৃঙ্গী গন্ডার আছে;

(খ) কোন্ বনে কত গন্ডার আছে; এবং

(গ) চার বৎসর আগে ঐসব বনে কত গন্ডার ছিল?

বন বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) আনুমানিক ৫২।

(খ) জলদাপাড়ায় ৪৫টি এবং গরুমারায় ৭টি।

(গ) প্রায় ৯৫টি।

মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন রুটে বাস চলাচলের জন্য লাইসেন্স

৬৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২৬৮।) **শ্রীআদ্যচরণ দত্ত:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে মুর্শিদাবাদ জেলায় কোন্ কোন্ রুটে কতগুলি বাস চলে;

(খ) উক্ত জেলায় ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) কোন্ কোন্ রুটে কতগুলি নূতন বাস পারমিট দেওয়া হইয়াছে এবং কাহারা উক্ত পারমিট লইয়াছেন; এবং

(গ) উক্ত সময়ে উক্ত জেলায় কতগুলি ট্যাক্সি পারমিট দেওয়া হইয়াছে এবং কাহাকে কাহাকে?

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমানে মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন রুটে মোট ১৭৩ খানি বাস চলাচল করে, তাহার রুটওয়ারী তালিকা (তালিকা ক) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) এই জেলায় ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারী পর্যন্ত) মোট ১০টি নূতন বাস পারমিট দেওয়া হইয়াছে, পারমিট প্রাপকের নাম সহ রুটওয়ারী তালিকা (তালিকা খ) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা রইল।

(গ) উক্ত সময়ে উক্ত জেলায় মোট ৪টি ট্যাক্সি পারমিট দেওয়া হইয়াছে। প্রাপকের নাম ঠিকানা সম্বলিত তালিকা (তালিকা গ) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

পুরুলিয়া জেলায় বিভিন্ন রেঞ্জে কর্মচারী

৬৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১১৮।) **শ্রীকিংকর মাহাতঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কোন্ রেঞ্জে কত কর্মচারী আছেন;

(খ) গত দুই বৎসরে কর্মচারী বাবত সরকারের কত ব্যয় হইয়াছে (প্রতি বৎসর);

(গ) এই বৎসর ১৯৭২-৭৩-এর ৩১এ জানুয়ারি পর্যন্ত কত নূতন লোক স্থায়ী চাকুরি পাইয়াছেন;

(ঘ) ঝালদা থানায় কয়টি কাঠের গুদাম আছে;

(ঙ) এই বৎসরে কোন্ রেঞ্জে (ঝালদায়) কি ধরনের কত টাকার কূপ হইয়াছে;

(চ) কত একর জমির উপর বন আছে (পুরুলিয়া জেলার ঝালদায় ও অন্যত্র) এবং কোন্ কোন্ মৌজা ইহার অন্তর্ভুক্ত; এবং

(ছ) এই থানায় ও বাঘমুণ্ডি-আড়ষাতে বৎসরে কত পরিমাণ কেন্দু পাতা পাওয়া যায়, ইহাতে সরকরের ১৯৭২-৭৩ সালে ফেব্রুয়ারি পর্যন্ত কত টাকা আয় হইয়াছে?

বন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পুরুলিয়া ভুক্তিতে ৭টি রেঞ্জ আছে।

রেঞ্জ	কর্মচারী সংখ্যা
(১) পুরুলিয়া	৩৯
(২) বান্দোয়ান	৩৩
(৩) কাশীপুর	৩৩
(৪) মাঠা	৩৭
(৫) বলরামপুর	৩০
(৬) ঝালদা	৩০
(৭) পুরুলিয়া হেডকোয়াটার	৫২

এ ছাড়াও পুরুলিয়া জেলায় বনরক্ষণের কাজে রত আছেন (যাহাদের কোনও রেঞ্জ নাই)—

(১)	পাঞ্চেত ভূমিসংরক্ষণ ভুক্তিতে	৮৫ জন
(২)	কংসাবতী ভূমিসংরক্ষণ ভুক্তিতে ১ নম্বরে	৪৯ জন
(৩)	কংসাবতী ভূমিসংরক্ষণ ভুক্তিতে ২ নম্বরে	৭৫ জন।

(খ)

(১)	(২)
	টাকা
১৯৭১-৭২	১৫,৩০,২৭৩.৯৭
১৯৭২-৭৩	১৬,১০,৮২৭.৮৭

(গ) ১৯৭২-৭৩-এর ৩১এ জানুয়ারি পর্যন্ত কোনও নূতন লোক স্থায়ী পদে চাকুরি পান নাই।

(ঘ) একটিও নাই।

(ঙ)

	কিনার ফেলিং কূপ	কপিস কূপ
	টাকা	টাকা
(১) ঝালদা . ..	১,৪২৫	৩,১২৫
(২) মাঠা	৩.১০০	২৫,৪৭০
(৩) বলরামপুর .. .	২,৭৭৫	৮.০৭৫
(৪) পুরুলিয়া		৪,৬৭৫
(৫) বান্দোয়ান		১.৪৬,৪৭৫

(চ) পুরুলিয়া জেলায় মোট ৩,৩৯,৯৩০·৪৯ একর জমির উপর বন আছে (প্লানটেশান সহ)। তন্মধ্যে ঝালদায় ৪৯,৪৯১·০০ একর জমির উপর বন আছে।

কোন্ কোন্ মৌজা ইহার অন্তর্ভুক্ত তাহা উল্লেখ করা সময়সাপেক্ষ বলিয়া উল্লেখ করা সম্ভব হইল না।

(ছ)

স্থান	আয় ১৯৭২-৭৩ ফেব্রুয়ারি পর্যন্ত	কেন্দু পাতার পরিমাণ
	টাকা	ব্যাগ
(১) ঝালদা থানার ঝালদা রেঞ্জ ..	৬.১৫১ ০০	১৮৮৫
(২) বাঘমুণ্ডি থানার মাঠা রেঞ্জ ..	২৬,৬৫০ ০০	৪৭০০
(৩) আড়ষা থানার পুকলিয়া রেঞ্জ .	১০,৭২৫ ০০	২০০০

জেলাওয়ারী হস্তচালিত তাঁতশিল্পী

৬৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯২।) **শ্রীবলাইলাল শেঠঃ** কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে জেলাওয়ারী হস্তচালিত তাঁতশিল্পীদের সংখ্যা কত; এবং

(খ) সরকারী মূল্যে তাঁতশিল্পীদের সুতা পাইবার কি কি ব্যবস্থা আছে?

কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) জেলাওয়ারী সমবায়ভুক্ত ও অসমবায়ী তাঁতশিল্পীদের আনুমানিক সংখ্যা নিম্নে উল্লেখ করা হইলঃ

(১) হাওড়া—৮,৫০০,
(২) পুরুলিয়া—১৫,৭০০,
(৩) বাঁকুড়া—৩০,২৭২,
(৪) মেদিনীপুর—৮০,৭৮৫,
(৫) নদিয়া—৭২,৯৭৫,
(৬) হুগলি—৩৯,৩৮১,
(৭) মালদহ—১০,৮৭০,
(৮) চব্বিশ-পরগনা—৪৬,৪৩০,
(৯) কুচবিহার—৪,৬৯৫,
(১০) মুর্শিদাবাদ—৩১,৫৩৫,
(১১) পশ্চিম দিনাজপুর—৫,৭১০,
(১২) বর্ধমান—৩৯,৯৬০,
(১৩) বীরভূম—১৫,১৩০,
(১৪) জলপাইগুড়ি—১,৬৬২,
(১৫) কলিকাতা—৩,৪৭০ ও
(১৬) দার্জিলিং—৩৭৭।

(খ) সুতার সরকারী মূল্য বলে কিছু নেই। তবে নির্দিষ্ট মূল্যে বিভিন্ন সুতাকল থেকে সুতা বিতরণের ব্যবস্থা আছে। ব্যবস্থাগুলি নিম্নরূপঃ

(১) ইয়ার্ন পুল স্কীম অনুযায়ী ৪০নং পর্যন্ত সুতা টেক্সটাইল কমিশনার, গবর্নমেন্ট অব ইন্ডিয়া-এর নির্ধারিত মূল্যে এই রাজ্যে যে বরাদ্দ পাওয়া যায় তাহা তাঁতশিল্পীদের মধ্যে বিলি করা হয়; এবং

(২) ভলান্টারি স্কীম অনুযায়ী সুতা পাওয়া যায় সর্বভারতীয় সুতাকলগুলির নিকট হইতে ৬০ ও তদূর্ধ্ব কাউন্টের। সরকারী অনুমোদনক্রমে বিভিন্ন কলের ভিন্ন ভিন্ন নির্ধারিত দরে এই সুতা পাওয়া যায় এবং ইহা রেজিস্ট্রিকৃত সমবায় সমিতিভুক্ত শিল্পীদের মধ্যে বিলি করা হয়। সাম্প্রতিককালে কিছু কিছু অন্য শিল্পীদের মধ্যেও বিলি করা হইয়াছে।

কেরোসিন সংকট

৬৫০। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৪৬।) **ডাঃ ওমর আলিঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রাজ্যব্যাপী কেরোসিন তেলের সংকট দেখা দিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, (১) এর কারণ কি, ও (২) সংকট সমাধানের জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) (১) কেরোসিন সংকটের মূল কারণ হইল—

(১) ভারত সরকার ১৯৭৩ সালের মার্চ ও এপ্রিল মাসের জন্য এই রাজ্যের কেরোসিনের বরাদ্দ মাসে ৩০,০০০।৩২,০০০ মেট্রিক টন হইতে ২৭,০০০ মেট্রিক টনে হ্রাস করিয়াছেন।

(২) ভারত সরকার এই রাজ্যের জন্য যতটা কেরোসিন বরাদ্দ করিতেছেন বিভিন্ন তেল কোম্পানিগুলি তাহাও পুরাপুরি সরবরাহ করিতেছে না।

(৩) ঠিক এই সময়ে সমস্ত রাজ্যব্যাপী গভীর বিদ্যুৎ সংকট দেখা দিয়াছে। বিদ্যুৎ সরবরাহে বিপুল ঘাটতি এখনও চলিতেছে। তদুপরি সম্প্রতি কয়লাখনিগুলি রাষ্ট্রীয়করণ ও তজ্জনিত অবস্থার ফলে জ্বালানি কয়লা সরবরাহ সাময়িকভাবে কিছুটা ব্যাহত হইয়াছে। রন্ধনের জন্য ব্যবহৃত গ্যাস সরবরাহও বর্তমানে অনিয়মিত। ফলে রন্ধন ও আলোক এই দ্বিবিধ প্রয়োজনে এই রাজ্যে কেরোসিনের চাহিদা বর্তমানে প্রচণ্ডভাবে বৃদ্ধি পাইয়াছে। স্বাভাবিক কারণেই এই বাড়তি চাহিদা মিটাইবার মত পর্যাপ্ত কেরোসিন এই রাজ্যে নাই।

(৪) কিছু কিছু অসাধু ব্যবসায়ী এই অবস্থার সুযোগ লইয়া কেরোসিন মজুত করিয়া রাখিতেছে এবং অতিরিক্ত মুনাফা লুটিবার আশায় কেরোসিনকে ডিজেল অয়েলের সঙ্গে মিশাইয়া বিক্রয় করিতেছে।

(২) সংকট সমাধানের জন্য নিম্নোক্ত ব্যবস্থা অবলম্বন করা হইয়াছেঃ

(১) ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন ও তাহাদের এজেন্ট, বিভিন্ন তৈল কোম্পানীগুলির এজেন্ট এবং কিছু কিছু কেরোসিন ব্যবসায়ীদের সঙ্গে আলোচনা ও পরামর্শ করিয়া এই রাজ্যের জন্য যতটা কেরোসিন হাতে পাওয়া যাইতেছে তাহা রাজ্যের সর্বত্র সমভাবে এবং সুষ্ঠুভাবে বণ্টন করিবার ঐকান্তিক চেষ্টা করা হইতেছে।

(২) কেরোসিন ব্যবসায়ী ও অন্যান্য অসাধু ব্যবসায়ীদের কার্যকলাপের প্রতি কড়া দৃষ্টি রাখা হইতেছে।

(৩) এই রাজ্যের জন্য বরাদ্দ করা কেরোসিনের সমস্তটাই যাহাতে তৈল কোম্পানিগুলির নিকট হইতে পাওয়া যায় সেই মর্মে তাহাদের যথোচিত নির্দেশ দিবার জন্য ভারত সরকারকে অনুরোধ করা হইয়াছে।

(৪) ভারত সরকারকে অবিলম্বে এই রাজ্যের জন্য কেরোসিনের বরাদ্দ বৃদ্ধি করিতে অনুরোধ করা হইয়াছে।

কেন্দুয়া খালের স্লুইস গেট

৬৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৯।) **শ্রীরবীন্দ্র ঘোষঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি নদীর মুখে কেন্দুয়া খালের স্লুইস গেট-এর কাজ কতদিনে আরম্ভ হইবে;

(খ) ঐ স্লুইস গেটটির কাজের জন্য কত টাকা মঞ্জুর হইয়াছে; এবং

(গ) ঐ খালের বাঁধ বাঁধার কাজ কবে থেকে আরম্ভ হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) কেন্দুয়া খালের স্লুইস গেটের কাজ উলুবেড়িয়া কম্প্রিহেনসিভ ড্রেনেজ স্কীম- এর অন্তর্ভুক্ত। স্কীমটি এখনও সি এম ডি এ মঞ্জুর করেন নাই। তাই কাজ কবে আরম্ভ হইবে এখন বলা যায় না।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

সুতার মূল্য বৃদ্ধি

৬৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪১।) **ডাঃ ওমর আলিঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সুতার অস্বাভাবিক মূল্য বৃদ্ধির ফলে রাজ্যের তন্তুবায়গণ গভীর সংকটে পড়েছেন; এবং

(খ) অবগত থাকলে,—

(১) তন্তুবায়গণের মধ্যে ন্যায্যমূল্যে সুতা সরবরাহের কি কি ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন; ও

(২) টেক্সটাইল কর্পোরেশন গঠনের বিষয়ে সরকার কতদূর অগ্রসর হয়েছেন?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পশ্চিমবঙ্গ সরকার এই সমস্যা সম্পর্কে সম্যক অবহিত আছেন।

(খ) (১) সুতার সুষম বণ্টন ব্যবস্থা দ্বারা এই সমস্যার সমাধান সম্ভব। এইজন্য ভারত সরকার দুইটি প্রকল্প যথা ইয়ার্ন পুল স্কীম এবং ভলান্টারি স্কীম গ্রহণ করেছেন। বর্তমানে এ রাজ্যে এই প্রকল্প অনুযায়ী তন্তুজীবিগণের মধ্যে সুতা বিলির ব্যবস্থা করা হচ্ছে। এই অনুযায়ী গত ১৯৭১ সালের এপ্রিল থেকে আজ পর্যন্ত প্রায় ২৮ লক্ষ কেজি সুতার বরাদ্দ এসেছে। কিন্তু উপযুক্ত কোন কেন্দ্রীয় সমিতি বা প্রতিষ্ঠানের অভাব ও সর্বোপরি মনোনীত সমবায় সমিতি ও রেজিস্ট্রিকৃত সমিতিগুলির উপযুক্ত সংগঠন ও মূলধন না থাকায় বরাদ্দকৃত সুতা সব সময় এই সমিতিগুলি সম্পূর্ণভাবে গ্রহণ করতে সক্ষম হয় নি। কোন কোন ক্ষেত্রে সরবরাহকারী সুতাকলগুলিও বরাদ্দকৃত সুতা যোগান দিতে পারে নি। এই ঘটনা কেন্দ্রীয় সরকারের গোচরে আনিয়া প্রতিকারের দাবী করা হইয়াছে। স্বল্পমেয়াদী ব্যবস্থা হিসাবে সারা রাজ্যে যত বেশী সম্ভব সমবায় সমিতি ও রেজিস্ট্রিকৃত সমিতি গঠন ও মনোনীত করার নির্দেশ দেওয়া হয়েছে। যেহেতু এই সমস্যা সুদূরপ্রসারী সেজন্য সমস্যার স্থায়ী সমাধান হিসাবে একটি হ্যান্ডলুম পাওয়ারলুম কর্পোরেশন গঠনের ব্যবস্থা করা হয়েছে। এই কর্পোরেশন একটি শক্তিশালী কেন্দ্রীয় সমিতি হিসাবে কাজ করবে এবং ইহার গঠনের প্রাথমিক কাজ শেষ হয়েছে। আশা করা যায়, অদূরভবিষ্যতে এই সংগঠন মাধ্যমে প্রয়োজনীয় পরিমাণ সুতা সংগ্রহ

ও সারা রাজ্যে সুষম বণ্টনব্যবস্থা কার্যকর করা যাবে এবং তাহলে পশ্চিমবঙ্গে একটি বহু-উদনের অভাব দূর হবে। ইহা ছাড়া ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি যাহা অ্যাপেক্স সোসাইটি বা কেন্দ্রীয় সমিতি হিসাবে কাজ করে তার মাধ্যমেও সমিতিভুক্ত সভ্যদের উপরি-উক্ত পরিকল্পনা অনুযায়ী সুতা সরবরাহ করা হয়ে থাকে। কিন্তু এই সমিতির সংগঠন ও পরিচালন ব্যবস্থা আশানুরূপ না হওয়ায় ইহা প্রতিকারের যথোচিত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

(২) এই দপ্তর হতে টেক্সটাইল কর্পোরেশন গঠনের কোন প্রয়াস করা হয় নি। তবে হ্যান্ডলুম পাওয়ারলুম কর্পোরেশন গঠনের কাজ গত বছর থেকে শুরু হয়েছে এবং এ কাজ যথেষ্ট অগ্রগতির পথে। প্রয়োজনীয় রেজিস্ট্রেশন ও অর্থের সংস্থান পাওয়া গেলে এই কর্পোরেশন প্রকৃত অর্থে গঠিত হয়ে কাজ শুরু করতে পারবে।

কলিকাতায় ভাড়াটিয়া বাড়ীর অধিবাসী

৬৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৫৭।) **শ্রীসৌমেন্দ্রনাথ মিত্রঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতার মোট লোকসংখ্যার শতকরা ৯০ ভাগের বেশী ভাড়াটিয়া সম্প্রদায়ভুক্ত; এবং

(খ) সত্য হইলে, ভাড়াটিয়াদের উন্নতিকল্পে ও উচ্ছেদ বন্ধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সঠিক জানা নাই।

(খ) ভাড়াটিয়াদের স্বার্থ সংরক্ষণের জন্য ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনান্সি আইনটি আছে। একাধিকবার তার সংশোধন করে ভাড়াটিয়াদের স্বার্থ সুরক্ষিত করা হয়েছে।

বাড়ীর মালিকরা যাতে অত্যধিক হারে ভাড়া আদায় না করতে পারেন তার জন্য আইনে রেন্ট কন্ট্রোলার কর্তৃক ন্যায্য ভাড়া নির্ধারণ করার ব্যবস্থা আছে। কোনও রকম সেলামী নেওয়া উক্ত আইনে নিষিদ্ধ। মালিক ভাড়া দেওয়া বাড়ীর প্রয়োজনীয় মেরামত এবং রক্ষণাবেক্ষণের কাজ করতে বাধ্য।

ভাড়াটে উচ্ছেদের উপর কঠোর বিধিনিষেধ আরোপ করা হয়েছে। সীমাবদ্ধ কয়েকটি কারণ ছাড়া ভাড়াটে উচ্ছেদ করা যায় না। ভাড়া বাকী ফেলার কারণে উচ্ছেদের ব্যাপারেও আইনে ভাড়াটিয়াদের যথেষ্ট সুযোগসুবিধা দেওয়া হয়েছে।

রাজ্যে খাস জমি বিতরণের পরিমাণ

৬৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩৮।) **শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাসঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৩ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত সারা রাজ্যে কত খাস জমি বিতরণ করা হয়েছে; এবং

(খ) জেলাভিত্তিক ইহার পরিমাণ কত?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৩ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত সারা রাজ্যে বণ্টিত খাস জমির পরিমাণ এখনও জানা যায় নাই। জানুয়ারি ১৯৭৩ অবধি সারা রাজ্যে মোট ৩৮৮·৬৩৪ একর খাস জমি বিতরণ করা হইয়াছে।

(খ)

জেলার নাম		জমির পরিমাণ (একর)
চব্বিশ-পরগনা	...	৩৭,৪৬২
মুর্শিদাবাদ	...	২১,৯২৩
হাওড়া	...	৭২৭
নদিয়া	...	৪,৪২১
পুরুলিয়া	...	১৪,৮৬৪
মেদিনীপুর	...	৯১,০৪৬
বীরভূম	...	৮,৩৬৯
বাঁকুড়া	...	১৮,৫৯১
বর্ধমান	...	১৫,৪০৭
হুগলি	...	২,৭৬২
মালদা	...	৩৪,২২৫
জলপাইগুড়ি	...	৪৯,৩৫০
দার্জিলিং	...	১১,৯৬৭
কুচবিহার	...	২৫,৭৮৬
পশ্চিম দিনাজপুর	...	৫১,৭৩৪
মোট		৩,৮৮,৬৩৪

মুর্শিদাবাদ জেলায় সেটেলমেন্ট-এর কাজ

৬৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২৩।) **শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ** ভূমি সদ্ব্যবহার সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ এলাকায় সেটেলমেন্ট-এর কাজ শুরু হইয়াছে;

(খ) মুশিদবাদ জেলায় জমি জরীপের কাজ হতে কয় বছর সময় লাগবে;

(গ) ঐ বাবতে নূতনভাবে কতজন কর্মচারী নিযুক্ত হয়েছে; এবং

(ঘ) কিভাবে তাহাদের নেওয়া হয়েছে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নিম্নলিখিত থানায় আরম্ভ করা হইয়াছে—

(১) বহরমপুর টাউন, (২) বারওয়ান, (৩) ডুমকল (৪) ফরাক্কা, (৫) জলঙ্গী, (৬) জিয়াগঞ্জ, (৭) লালগোলা, (৮) মুর্শিদাবাদ, (৯) শামসেরগঞ্জ।

(খ) পাঁচ বৎসরের মধ্যে উক্ত কাজ সম্পূর্ণ করার জন্য কর্মসূচী প্রস্তুত করা হয়েছে।

(গ) ১২৫ জন ক্যাম্পগার্ড এবং ১১৬ জন চেইনম্যান নিয়োগ করা হয়েছে।

(ঘ) বৃন্দাবনপুর প্রশিক্ষণ কেন্দ্রের চেইন পিওন, সার্ভে ডিপার্টমেন্টের খালাসী, জরীপ বিভাগের পাংখাপুলার, প্রাক্তন শিবির কর্মচারী ও স্থানীয় বেকার লোকদের নিয়োগ করা হয়েছে।

হস্তান্তরিত জমির নাম খারিজ

৬৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩০০।) **শ্রীসামসুল আলম খানঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭০ সাল হইতে হস্তান্তরিত জমির কোন নাম খারিজ হচ্ছে না;

(খ) সত্য হলে, ইহার কারণ কি;

(গ) সরকার কি অবগত আছেন যে, ঐ নাম খারিজ না হওয়ায় গরিব মধ্যবিত্ত ক্রেতাদের খাজনার রসিদ নিজ নামে না থাকায় সরকারী ঋণ বা সমবায় সমিতির ঋণ পাইতে বিশেষ অসুবিধা হচ্ছে; এবং

(ঘ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করছেন?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ও (ঘ) নানান কারণে জে এল আর ও-দের অফিসে অনেক হস্তান্তরের নোটিস জমিয়া যাওয়ায় এবং তাহার ফলে নাম খারিজের বিলম্বের জন্য কিছু কিছু ক্রেতা অসুবিধার সম্মুখীন হইয়াছেন ইহা সত্য। এ অবস্থার প্রতিকারের জন্য তহসিলদারদের মারফত প্রয়োজনীয় তথ্য সংগ্রহের একটি বিশেষ পরিকল্পনা করা হইয়াছে এবং সেই পরিকল্পনা অনুযায়ী নাম খারিজের কাজ চলিতেছে।

তাছাড়া ঋণ পাইতে যাহাতে অসুবিধা না হয় সেজন্য নাম খারিজ সংক্রান্ত আনুষ্ঠানিক কাজ সামাধান করিতে বিলম্ব হইলে, জে এল আর ও-দের জমির বর্তমান মালিকানা সম্বন্ধে প্রয়োজনীয় সার্টিফিকেট দিতেও নির্দেশ দেওয়া হইয়াছে।

বর্গাদার উচ্ছেদের মামলা

৬৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ২১৪৬।) **শ্রীশংকরদাস পালঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত এক বৎসরে পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলাতে কতগুলি বর্গাদার উচ্ছেদের মামলা দায়ের করা হইয়াছে; এবং

(খ) ইহাদের মধ্যে কতগুলি কার স্বার্থে (অর্থাৎ জোতদারের স্বার্থে না বর্গাদারের স্বার্থে) নিষ্পত্তি হইয়াছে?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক)

জেলার নাম		বর্গাদার উচ্ছেদ সংক্রান্ত মামলার সংখ্যা
(১) বীরভূম	...	৩৮৬
(২) বাঁকুড়া	...	৬৪
(৩) হুগলি	...	৬৬
(৪) মালদা	...	১০৬
(৫) বর্ধমান	...	১১৭
(৬) পুরুলিয়া	...	৩
(৭) জলপাইগুড়ি	...	১১
(৮) কোচবিহার	...	১২২
(৯) পশ্চিম দিনাজপুর	...	৪৪৫
(১০) মেদিনীপুর	...	৭২৯
(১১) নদিয়া	...	১৬
(১২) চব্বিশ-পরগনা	...	৫১৯
(১৩) মুর্শিদাবাদ	...	১৩৩
(১৪) হাওড়া	...	৫৪
(১৫) দার্জিলিং	...	৪৪
	মোট	২,৮১৫

(খ) উপরি-উক্ত ২,৮১৫টি মামলার মধ্যে ১,৩৫৮টি মামলা বর্গাদারের পক্ষে, ১৭৪টি মামলা জোতদারের পক্ষে এবং ৪৩টি মামলা উভয়পক্ষের সম্মতিক্রমে নিষ্পত্তি হইয়াছে। ৩১টি মামলা বাতিল করা হইয়াছে এবং অবশিষ্ট মামলাগুলি বিচারাধীন আছে।

গড়বেতা থানা এলাকায় সেচপ্রকল্প

৬৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৩।) **শ্রীসরোজ রায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গড়বেতা থানায় কংসাবতী প্রকল্পের যে খালগুলি হইয়াছে সেগুলি হইতে বর্ষার সময়ই জমিতে জল দেওয়া হয়, অথচ চাষের সময় যখন বৃষ্টির জলের অভাব হয় সেই সময় প্রয়োজনীয় জল ঐ কংসাবতী সেচ প্রকল্প থেকে দেওয়া সম্ভব হয় না;

(খ) অবগত থাকিলে, বর্ষাকাল ছাড়াও অন্যান্য সময় ঐ প্রকল্পাধীন খালগুলি হইতে জল-সেচের কোন পরিকল্পনা আছে কি; এবং

(গ) পরিকল্পনা থাকিলে, ঐ পরিকল্পনা কার্যকর না হওয়া পর্যন্ত প্রয়োজনীয় সেচের জল দিবার জন্য সরকার কি কি ব্যবস্থা লইয়াছেন?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এবং (খ) কংসাবতী প্রোজেক্ট-এ বর্ষাকালে 'খারিফ' চাষের জন্য ৮৪২,০০০ একর এবং শীতকালে 'রবি' চাষের জন্য ১৫০,০০০ একর জমিতে জলসেচের প্রভিসন আছে। প্রোজেক্ট-এর কাজ শেষ হইতে দেরী আছে।

বর্তমানে যতখানি কাজ হইয়াছে, তাহাতে জুলাই হইতে অক্টোবর মাস পর্যন্ত 'খারিফ' চাষের জন্য জল সরবরাহ করা সম্ভব। ঐ জল কেবলমাত্র বর্ষার সময়ই দেওয়া হয় না, জলাধারে সরবরাহযোগ্য পরিমাণ জল থাকিলে বৃষ্টি না হইলেও, চাষের জন্য জল দেওয়া হয়।

প্রোজেক্ট-এর কাজ পুরোপুরি না হওয়ায়, শীতকালে ক্যানাল দিয়া জল ছাড়ার ব্যবস্থা করা এখনও সম্ভব হয় নাই। তবে, আগামী শীতের মরশুমে 'রবি'-চাষের জন্য ২০,০০০ একর জমিতে সেচের জল দেওয়ার চেষ্টা করা হইবে। কোন্ কোন্ এলাকায় এই জল সরবরাহ করা হইবে তাহা কৃষি দপ্তরের সঙ্গে পরামর্শ করিয়া ঠিক করা হইবে।

(গ) কংসাবতী কমান্ডে অন্তবর্তীকালের জন্য কোনও বিকল্প ফ্লো ইরিগেশন-এর ব্যবস্থা করা সম্ভব নয়।

হুগলি জেলার সরকারী লাইসেন্সপ্রাপ্ত বালিখাদ

৬৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৯।) **শ্রীভবানীপ্রসাদ সিংহরায়ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার কোন্ কোন্ ব্লকে কতগুলি বালিখাদের জন্য সরকার লাইসেন্স দিয়াছেন;

(খ) উক্ত জেলায় বিনা লাইসেন্সে বালিখাদের কাজ চলিতেছে এরূপ কোন সংবাদ সরকারের আছে কিনা এবং থাকিলে, তাহার সংখ্যা কত;

(গ) সরকার হইতে ঐগুলির বিরুদ্ধে কি ব্যবস্থা লওয়া হইয়াছে;

(ঘ) ইহা কি সত্য যে, ঐ জেলায় বালিখাদের মালিকরা বিভিন্ন কায়দায় রয়্যালটি ফাঁকি দিতেছে এরূপ অভিযোগ সম্প্রতি তদন্ত করা হইয়াছে;

(ঙ) সত্য হইলে, ঘটনার পূর্ণ বিবরণ এবং তদন্তের ফলাফল:

(চ) ঐ জেলায় বিভিন্ন নদী হইতে বালি তোলার জন্য গত তিন বৎসর কে কে লাইসেন্স পাইয়াছেন; এবং

(ছ) সরকার ইহাদের নিকট হইতে উক্ত সময়ে রয়্যালটি বাবত কত টাকা পাইয়াছেন?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ

(ক)

ব্লকের নাম		বালিখাদের সংখ্যা ১৯৭২-৭৩ (৩১শে মার্চ, ১৯৭৩ পর্যন্ত)	
(১) পোলবা	...	১৫	১১
(২) পাণ্ডুয়া	...	১০	১১
(৩) চুঁচড়া-মগরা	...	২	১
(৪) ধনিয়াখালি	...	৩	×
(৫) সিঙ্গুর	..	১১	×
(৬) জাঙ্গীপাড়া	...	১	×
(৭) চণ্ডীতলা	...	×	১
	মোট	৪২	২৪

(খ) কিছু সংখ্যক খাদে বিনা লাইসেন্সে বালি তোলার সংবাদ পাওয়া গিয়াছে।

(গ) কয়েকটি ক্ষেত্রে ভারতীয় দণ্ডবিধির ৩৭৯ ধারা অনুসারে ব্যবস্থা লওয়া হইয়াছে এবং কয়েকটি ক্ষেত্রে দখলকারদের আবেদনক্রমে কোন ব্যবস্থা গ্রহণ না করার জন্য হাইকোর্ট হইতে নির্দেশ দেওয়া হইয়াছে।

(ঘ) হ্যাঁ, পোলবা, পাণ্ডুয়া ও ধনিয়াখালি থানায় এরূপ কয়েকটি কেসে তদন্ত করা হইয়াছে।

(ঙ) উপরি-উক্ত এলাকাগুলিতে দায়িত্বশীল অফিসারগণের আকস্মিক পরিদর্শনের ফলে উত্তোলিত বালির মাপ লওয়া হয় এবং সংশ্লিষ্ট ব্যক্তিদিগকে সরকারের প্রাপ্য রয়্যালটি প্রদান করিতে বলা হয়, তদনুযায়ী তাহা আদায় করা হইতেছে।

ভবিষ্যতে অনাদায় হইলে ভারপ্রাপ্ত অফিসারগণকে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হইয়াছে।

(চ) গত তিন বৎসর অর্থাৎ ১৯৭০, ১৯৭১ ও ১৯৭২ সালে জেলার বিভিন্ন নদী হইতে বালি তোলার জন্য নিম্নলিখিত ব্যক্তিগণ লাইসেন্স পাইয়াছেনঃ

(১) শ্রীবসন্তকুমার কুণ্ড।

(২) শ্রীতারাপদ দে।

(৩) শ্রীশচীনন্দন দে।

(৪) শ্রীসমরেন্দ্রনাথ ভৌমিক।

(৫) শ্রীকৃষ্ণপদ পণ্ডিত।

(৬) শ্রীবামাপদ সাঁতরা।

(৭) মেসার্স সরোজ তরফদার এন্ড কোং।

(ছ) ১৯৭০ সালে—টাঃ ১৮,৬৩৮·৯৯, ১৯৭১ সালে—টাঃ ১৫,৭৭৯·৩৭, ১৯৭২ সালে—টাঃ ১৮,১০৪·৩১।

পশ্চিমবঙ্গে খাস জমি বণ্টনে বিলম্ব

৬৬০। (অনুমোদিত প্রশ্ন নং ২১২৭।) **শ্রীনারায়ণ ভট্টাচার্য:** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জরিপকার্যে আমিনের অভাবে পশ্চিমবঙ্গে খাস জমি বণ্টনকার্যে বিলম্ব ঘটিতেছে;

(খ) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট জে এল আর ও অফিসের সংখ্যা কত এবং মোট আমিনের সংখ্যা কত?

(গ) ১৯৭২ সনের মার্চ মাস হইতে ১৫ই মার্চ, ১৯৭৩ পর্যন্ত জলপাইগুড়ি জেলায় মোট কয়টি (নাম সহ) গ্রামে খাস জমি বণ্টনের কার্য সম্পূর্ণ হইয়াছে; এবং

(ঘ) জলপাইগুড়ি জেলায় সরকার কর্তৃক খাস জমির মোট পরিমাণ কত এবং উহা কয়টি গ্রামে পরিব্যাপ্ত (সংখ্যা সহ)?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) হ্যাঁ। প্রয়োজনীয় সংখ্যক আমিন নিয়োগের ব্যবস্থা করা হইতেছে।

(খ) জে এল আর ও অফিসের সংখ্যা—৩৩৫।

বর্তমানে মোট আমিনের সংখ্যা—২৭০।

(গ) সরকারের দখলীকৃত খাস জমি বণ্টনের কাজ জলপাইগুড়ি জেলার বারোটি গ্রামে সম্পূর্ণ হইয়াছে। এই বারোটি গ্রামের নাম যথাক্রমে অম্বারি, ফালাকাটা, গয়েরকাটা, ফটকতারি, বামনতারি পশ্চিম ডাউকিমারি, নীচচালসা, বরাঘাড়িয়া, আদাবাড়ি, চকমৌলানি ঘরিয়ারবন্দর, মেচিয়াবস্তি ও নারাখালি। অন্যান্য সকল মৌজায় বণ্টনের কাজ চলিতেছে।

(ঘ) জানুয়ারি, ১৯৭৩ পর্যন্ত সরকারে ন্যস্ত খাস কৃষি জমির পরিমাণ প্রায় ৯৬,০০০ একর এবং ইহা ৫৮৪টি গ্রামে (মৌজা) পরিব্যাপ্ত।

পুরুলিয়া জেলার সদর শহরে তথ্য ও জনসংযোগ অফিস

৬৬১। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৭৯।) **শ্রীকিংকর মাহাত:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার সদর শহরে তথ্য ও জনসংযোগ দপ্তরের কি কি অফিস আছে এবং উক্ত অফিসগুলিতে কি ধরনের কত অফিসার ও অন্যান্য স্টাফ আছেন;

(খ) উক্ত অফিসার ও স্টাফদের প্রত্যেকের মাসিক বেতন কত; এবং

(গ) কোন্ কোন্ অফিসার সরকারী বাড়ী ও গাড়ি ব্যবহার করেন?

তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) জেলা তথ্য ও জনসংযোগ অফিস নামে একটি অফিস আছে এবং উক্ত অফিসে নিম্নলিখিত অফিসার ও অন্যান্য স্টাফ আছেন:

(১) জেলা তথ্য ও জনসংযোগ আধিকারিক ... ১
(টাঃ ৩৭৫—৬৫০)

(২) মহকুমা তথ্য ও জনসংযোগ আধিকারিক ... ১
(টাঃ ৩০০—৬০০)

(৩) টেকনিক্যাল সুপারভাইজার ... ১
(টাঃ ৩০০—৬০০)

(৪) ল্যাবোরেটারি অ্যাসিস্ট্যান্ট (রেডিও) (টাঃ ২৩০—৪২৫)	...	১
(৫) অ, ব, করণিক (টাঃ ২৩০—৪২৫)	...	২
(৬) সিনেমা অপারেটর (টাঃ ২৩০—৪২৫)	...	২
(৭) অ্যাসিস্ট্যান্ট সিনেমা অপারেটর (টাঃ ১৮০—৩৫০)	...	১
(৮) ড্রাইভার (টাঃ ১৮০—৩৫০) (টাঃ ২৩০—৪২৫)	..	২
(৯) কম্পাউন্ডার (টাঃ ২৩০—৪২৫)	...	১
(১০) ইলেকট্রিক মিস্ত্রি (টাঃ ১৮০—৩৫০)	...	১
(১১) চতুর্থ শ্রেণীর কর্মচারী (টাঃ ১৩৫—১৮০)	...	১০

(খ) প্রত্যেকের বেতনক্রম উপরে পদের সংগে দেখানো হইয়াছে।

(গ) সরকারী কার্যের প্রয়োজনে সকল অফিসারই সরকারী গাড়ি ব্যবহার করিতে পারেন। পুরুলিয়া জেলা তথ্য ও জনসংযোগ অফিসের জন্য যে গৃহটি সরকার ভাড়া লইয়াছেন তাহার একাংশ আনুপাতিক ভাড়ার ভিত্তিতে জেলা তথ্য ও জনসংযোগ আধিকারিক বাসস্থান হিসাবে ব্যবহার করেন।

রামপুরহাট শহরে পানীয় জল সরবরাহ

৬৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯১।) **শ্রীআনন্দগোপাল রায়ঃ** স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাট শহরে পানীয় জল সরবরাহের যে সিদ্ধান্ত ছিল তাহা এখনও কার্যকর না হওয়ার কারণ কি; এবং

(খ) কবে নাগাত ইহার কাজ চালু হইবে বলিয়া আশা করা যায়?

স্বাস্থ্য (গ্রামীণ জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সংশ্লিষ্ট পৌরসভা হইতে এই প্রকল্পটি স্থানীয় কর্তৃপক্ষের (জেলাশাসক ও বিভাগীয় কমিশনার) মাধ্যমে এখনও সরকারের নিকট আসে নাই।

(খ) এই অবস্থায় সঠিক সময় বলা সম্ভব নয়।

জেলাভিত্তিক পুলিস সাব-ইন্সপেক্টর নিয়োগের সংখ্যা

৬৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৯৬।) **শ্রীফণিভূষণ সিংহবাবুঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৩-৭৪ সালের এপ্রিল মাসে কতজন এবং কিসের ভিত্তিতে পুলিস সাব-ইন্সপেক্টর নিয়োগ করা হইয়াছে; এবং

(খ) জেলাভিত্তিক সাব-ইন্সপেক্টরের সংখ্যা কত?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৪৯ জনকে এস আই পদের জন্য নিয়োগপত্র পাঠান হইয়াছে।

সেন্ট্রাল রিক্রুটমেন্ট বোর্ড পরিচালিত লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে এই নিয়োগ করা হইয়াছে।

(খ)

চব্বিশ-পরগনা	...	৩৫
নদিয়া	...	৩
হাওড়া	...	১১
মেদিনীপুর	...	৪
হুগলি	...	১৯
বাঁকুড়া	...	১৭
বীরভূম	...	১৭
বর্ধমান	...	১০
পুরুলিয়া	...	৫
দার্জিলিং	...	১৭
জলপাইগুড়ি	...	২
কুচবিহার	..	৪
মালদা	...	২
পশ্চিম দিনাজপুর	..	৩

বর্ধমান বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকাদের বিশেষ শিক্ষণের ব্যবস্থা

৬৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৬৭।) **শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ** শিক্ষা বিভাগের মন্ত্রি-মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকাদের বিশেষ শিক্ষণের জন্য যেমন ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন আছে তার সংখ্যা বাড়ানোর কোন সরকারী পরিকল্পনা আছে কিনা;

(খ) থাকিলে, তা কবে নাগাত কার্যকর হইবে;

(গ) এই ইন্সটিটিউট-এর অস্থায়ী কর্মচারীদের স্থায়ী করা হচ্ছে না কেন; এবং

(ঘ) ঐ কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড বেনিফিট হতে বঞ্চিত করা হচ্ছে কেন?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) যেহেতু ইন্সটিটিউট-টি এখনও স্থায়ী হয় নাই, সেইজন্য কর্মচারীদেরও স্থায়ী করা সম্ভব হয় নাই। তবে বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

(ঘ) এই বিষয়টিও সরকারের বিবেচনাধীন আছে।

মুর্শিদাবাদ জেলায় মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন

৬৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৪০৪।) **শ্রীনৃসিংহকুমার মণ্ডলঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় বর্তমান বৎসরে (১৯৭৩) কতগুলি মাধ্যমিক বিদ্যালয়কে অনুমোদন দেওয়ার সম্ভাবনা আছে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ ১৯৭৩ সালে মুর্শিদাবাদ জেলায় অনধিক ২৭টি মাধ্যমিক বিদ্যালয়কে অনুমোদন দেওয়ার সম্ভাবনা আছে, যথা—

	বালক	বালিকা	মোট
(১) উচ্চ মাধ্যমিক	১২	২	১৪
(২) ৪-শ্রেণীযুক্ত নিম্ন মাধ্যমিক	৫	১	৬
(৩) ২-শ্রেণীযুক্ত নিম্ন মাধ্যমিক	৬	১	৭
			২৭

মুর্শিদাবাদে হরিহরপাড়া হইতে সুন্দলপুর ঘাট পর্যন্ত রাস্তা উন্নয়ন

৬৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ২২০৭।) **শ্রীশঙ্করদাস পালঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া থানার অন্তর্গত হরিহরপাড়া হইতে সুন্দলপুর ঘাট পর্যন্ত কাঁচা রাস্তাটি পাকা রাস্তায় রূপান্তরিত করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কবে নাগাত ঐ কাজে হাত দেওয়া হইবে?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) রাস্তাটিকে প্রয়োজনীয় সাঁকো নির্মাণ সহ কাঁচা রাস্তা হিসাবে উহার উন্নয়ন করার প্রস্তাব চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হইয়াছে।

(খ) চলতি আর্থিক বৎসরে কাজে হাত দেওয়া হইবে বলিয়া আশা করা যায়।

কল্যাণীতে কনস্ট্রাকসন বোর্ড-এর অধীনে এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ারের অফিস

৬৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২১০।) **শ্রীশঙ্করদাস পালঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কল্যাণীতে কোন উন্নয়নমূলক কাজ বর্তমানে চালু না থাকা সত্ত্বেও—

(১) ঐ স্থানে এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার (কনস্ট্রাকসন বোর্ড)-এর তিনটি অফিস চালু আছে, ও

(২) তিনটি অফিসের জন্য বাৎসরিক প্রায় ছয় লক্ষ টাকা খরচ হয়;

(খ) অবগত থাকিলে ইহার কারণ কি;

(গ) ইহা কি সত্য যে, কল্যাণী হইতে দুইটি এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার (কনস্ট্রাকসন বোর্ড) অফিসের মধ্যে একটি সিউড়ি ও অপরটি বহরমপুর শহরে (মুর্শিদাবাদ) স্থানান্তরিত করিবার আদেশ গত জানুয়ারী মাসে (১৯৭৩) দেওয়া হইয়াছে; এবং

(ঘ) সত্য হইলে ঐ আদেশ এখনও কার্যকর না হওয়ার কারণ কি?

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) (১) হ্যাঁ। কল্যাণীতে কনস্ট্রাকসন বোর্ড-এর তিনটি এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার-এর অফিস আছে। কিন্তু সেখানে কোন উন্নয়নমূলক কাজ বর্তমানে চালু নাই—ইহা সত্য নহে।

(২) বাৎসরিক খরচের পরিমাণ আনুমানিক সাড়ে নয় লক্ষ টাকা।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ।

(ঘ) সিউড়ি ও বহরমপুরে অফিসগুলির জন্য উপযুক্ত বাড়ী যথাসাধ্য চেষ্টা করা সত্ত্বেও না পাওয়ায় স্থানান্তরিত করিতে বিলম্ব ঘটিতেছে।

সাঁকোর ঘাটে দ্বারকানদীর উপর স্লুইস গেট

৬৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭০।) **শ্রীআদ্যচরণ দত্তঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার অন্তর্গত নবগ্রাম থানার সাঁকোর ঘাটে দ্বারকানদীর উপর স্লুইস গেট নির্মাণ করিবার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, কবে নাগাত উহার কাজ আরম্ভ হইবে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) এইরকম কোন পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

কাঁথি মহকুমায় বিদ্যালয়গৃহ নির্মাণ

৬৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪২।) **শ্রীসুধীরচন্দ্র দাসঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাঁথি মহকুমার অনেকগুলি বিদ্যালয়গৃহের নির্মাণকার্য টেস্ট রিলিফের মাধ্যমে চলাকালীন হঠাৎ বন্ধ করিয়া দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, ঐরূপ বিদ্যালয়ের থানাওয়ারী সংখ্যা কত;

(গ) সরকার কি অবগত আছেন যে, ঐ বিদ্যালয়গুলির গৃহ নির্মাণকার্য বর্ষার পূর্বে শেষ না হইলে বিদ্যালয়গুলির কার্য চালানো সম্ভব হইবে না; এবং

(ঘ) অবগত থাকিলে, ঐ বিদ্যালয়গুলির গৃহ নির্মাণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) টেস্ট রিলিফের মাধ্যমে কোন বিদ্যালয় নির্মাণকার্য এই দপ্তরের মাধ্যমে হয় না।

(খ) জানা নাই।

(গ) এমন কোন বিদ্যালয়ের কথা জানা নাই যেখানে নির্মাণকার্য ছাড়া বিদ্যালয় কার্য চালানো সম্ভব নয়।

(ঘ) জানা নাই।

কংসাবতী প্রকল্পাধীন এলাকায় সুপার মার্কেট

৬৭০। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫৪।) **শ্রীফণিভূষণ সিংহবাবুঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় কংসাবতী প্রকল্পাধীন এলাকায় কতগুলি সুপার মার্কেট পরিকল্পনা আছে; এবং

(খ) উক্ত সুপার মার্কেট কোন্ ব্লকের অধীনে কোন্ মৌজায় হইবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বাঁকুড়া জেলায় কংসাবতী প্রকল্পাধীন এলাকায় পাঁচটি মার্কেট কমপ্লেক্স গঠন করিবার পরিকল্পনা আছে।

(খ) প্রস্তাবিত মার্কেটগুলির বিস্তারিত বিবরণ নিম্নে প্রদত্ত হইলঃ

	মার্কেটের নাম	মৌজার নাম	জে এল নং	ব্লকের নাম	থানার নাম
১।	বাসুদেবপুর ..	খবিকাপুলি ..	৫৭	বিষ্ণুপুর ..	বিষ্ণুপুর
২।	সারেঙ্গা	গোবিন্দপুর ..	২১২	সারেঙ্গা ..	রায়পুর
৩।	জয়পুর (পাঁচমুড়া) ..	জয়পুর ..	১০৭	তালডাংরা ..	তালডাংরা
৪।	সিমলাপাল ..	সিমলাপাল ..	১৪১	সিমলাপাল ..	সিমলাপাল
৫।	লক্ষ্মীসাগর ..	লক্ষ্মীসাগর ..	৪৩	সিমলাপাল ..	সিমলাপাল

পুলিসের ইউনিফর্ম

৬৭১। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫৩।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ পুলিস ও কলকাতা পুলিসের জন্য প্রয়োজনীয় জামা, প্যান্ট, জুতা, মোজা, ও অন্যান্য আসবাবপত্র সরকার কোথা হইতে কিভাবে ক্রয় করেন;

(খ) ১৯৭১-৭২ এবং ১৯৭২-৭৩ সালে (ফেব্রুয়ারী পর্যন্ত) উক্ত পুলিস কর্মচারীদের ইউনিফর্ম বাবত কত টাকা ব্যয় হইয়াছে; এবং

(গ) পুলিসের পদস্থ অফিসার এবং নিম্নতম পুলিস কনস্টেবল-এর ইউনিফর্ম-এর মধ্যে পার্থক্য আছে কিনা?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) প্রতি বৎসর টেন্ডার আহবান করিয়া যথাসম্ভব নিম্নতম মূল্যে এইগুলি ক্রয় করা হয়।

(খ) ১৯৭১-৭২ সাল—৫৮,১১৫·২৭ টাকা এবং ১৯৮২-৭৩ সাল (ফেব্রুয়ারি পর্যন্ত)—৬৫,৭০৫·৫৫ টাকা।

(গ) আছে।

Calling Attention on Matters of Urgent Public Importance

Mr. Speaker: Hon'ble Minister-in-charge of the Power Department will please make a statement on the subject of apprehended failure of commissioning of Santaldih Thermal Power Plant within the target date—attention called by Shri Sarat Chandra Das on the 7th May, 1973.

Shri Suniti Chattaraj: Sir, I regret to announce that the 1st Unit of Santaldih Thermal Power Plant of district Purulia cannot be commissioned on or before 11th June, 1973.

Even though it is poor consolation it is nevertheless necessary to place the reasons for the failure to fulfil the commitments made to this House in proper perspective. Along with the Damodar Valley Corporation the West Bengal State Electricity Board are the first in this country to undertake operations with 120 MW thermal plants and in the venture to suffer the birth pangs with the Government of India's main Public Sector Undertaking's Manufacturer Heavy Electricals Ltd., Bhopal, the initial handicaps and drawbacks that are inevitable towards making the country self-reliant. Although parts of the Boiler and the whole of the Turbo Generator Unit No. 1 have been imported, over 90 per cent. of the auxiliaries—very considerable items, are being designed and manufactured in this country for the first time. Coupled with this in the State's own interest indigenous units wherever possible have been preferred and even promoted for the long-term objective of reviving the State's economy.

Exceptional conditions over which neither the State Electricity Board nor the Government have or can have much control have added to the difficulties and delays contributing in our failure to commission the 1st unit within the due date. Flow of critical materials have been delayed and disrupted consequent on the Andhra disturbances, manufacture of essential parts placed with the most reputable organisations throughout the country including this State have been plagued by extensive loadsheding and even in Sandaldih itself precision High pressure pipe Welding requiring 8 hours of continuous power supply has often not been available delaying and damaging processes beyond the control of the Board adding days not originally within the Board's and the Government's calculations. Even now as I speak today a High Power Team of the Board is with the Heavy Electricals Ltd., Bhopal, to pursue progress both in manufacture and despatch of items whose earliest receipts will minimise the slippage in days from power hungry Bengal.

The progress of work in Santaldih has been under constant review with the advent of the new Ministry and the Chief Minister has himself visited the Plant to see for himself and hear from the Board's officials, its main manufacturers and consultants reports on the progress being made from time to time and the delays and the difficulties therein. As recently as 26th April he has made time to intervene in a lock-out between the only competent Fabricators in the Eastern Zone for High Alloy Steel Pipes to terminate the dispute between the employer and the employee and thereby to advance delivery of an item without which the Plant cannot be commissioned. Typical of the difficulties that have been and are continuing to be faced in the erection of the Plant is illustrated by the history of these High Pressure Alloy Steel Pipes. The pipes were originally to be imported from the U.K. but consequent on the U.K. Manufacturers' own troubles alternatives were located in BHEL, Tiruchirapalli, already imported and intended for another Plant not as ready as Santaldih for commissioning. These pipes were loaded in a special truck on 9th February and were expected to reach the Factory of the Calcutta Fabricators in 7/10 days. In point of fact, on account of the upheavals in Andhra Pradesh consequent on which both Rail and Road

movements were disrupted the special truck arrived at the Factory Gates of the Calcutta Fabricators on 26th March, 1973 with the Firm being under lock-out since 23rd March, 1973. As has already been mentioned there was no alternative Fabricator in the Zone but the Chief Minister's personal intervention has induced a lifting of the lock-out as also reduced the time to be taken for fabrication.

[1-40—1-50 p.m.]

There yet remain to be received at the Plant Site some critical items whose details have been and are being gone into both at Site and at Bhopal. The acts of detection in so far as missing parts are concerned is difficult if not impossible with this first proto type of the 120 MW sets being introduced not as yet having a complete Bill of Materials drawn up. The deficiencies will no doubt be made up for the later Units but the time lag with regard to Unit No. 1 of Santaldih consequent on the lack of these primary documents is irretrievable. Within what period can the 1st Unit be commissioned and the House be reassured on the subject will emerge after a series of discussions commencing at Site on 21st May, 1973 by which time all materials necessary for the 1st Unit will either have been received or their status known with regard to expected dates of delivery.

I deeply regret that a commitment given, with every effort made to fulfil the same has not been maintained. I hope and trust in view of what has been stated above that the House will be pleased to condone the delays wholly unavoidable in nature.

Mr. Speaker: The Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department will please make a statement on the subject of deadlock in hosiery industry due to want of thread.

(Attention called by Shri Sukumar Bandyopadhyay, Shri Kashinath Misra, Shri Md. Safiullah, Shri Abdul Bari Biswas, Shri Adya Charan Dutta and Shri Gautam Chakraborty on the 9th May, 1973)

Dr. Zainal Abedin: Mr. Speaker, Sir, in response to the calling attention notice given by honourable Shri Sukumar Bandyopadhyay and others, I beg to make the following statement:

Following the imposition of control on the production and distribution of yarn, the availability of hosiery yarn has been adversely affected. According to the system of distribution of hosiery yarn adopted by the Textile Commissioner, hosiery yarn, for the entire country is now being allotted to the All India Federation of Hosiery Manufacturers Association, Bombay. This allotment is subject to the following conditions:—

(a) that hosiery yarn will be distributed on the basis of installed machines;

(b) that the allotment of hosiery yarn will be made to the State Advisory of the Hosiery Associations by the Central Association for distribution amongst the hosiery manufacturing units; and

(c) that the hosiery yarn will be allotted by the State Hosiery Yarn Associations even to hosiery units who are not the members of such Association.

West Bengal has about 45 per cent. of the total installed capacity of the Hosiery Industry in the country as against this allotment of hosiery yarn for March by the Federation of Hosiery Manufacturers Associations to the Hosiery Associations in West Bengal was only 24.9 per cent. The State

Government has already moved the Government of India and the Textil Commissioner to ensure higher allotment by Federation of Hosiery Manufac turers Association or the Central Association to the State Hosier Associations.

Adequate allotment of hosiery yarn to West Bengal is all the mor important because without adequate hosiery 'thans' the hosiery tailorin industry cannot be supplied with hosiery 'thans' needed by them. The Stat Government is maintaining constant liaison with the Hosiery Associations o the State. The State Government has also impressed upon the Governmen of India and the Textile Commissioner to increase the allotment of yarn to the Hosiery Associations in West Bengal. Recently the State Governmen has also held consultations with some of the Government managed textile mills in the State and they have been advised to make available whatever stocks of hosiery yarn they may have and also to modify their production programme so that more hosiery yarn is available in the State.

The situation is under close watch. If the situation does not show signs of improvement, the State Government will formally request the Government of India and the Textile Commissioner to route all supplies of hosiery yarn through the State Government instead of three Hosiery Associations.

Mr. Speaker: I have received 17 notices of calling attention on the following subjects, namely:—

(1) Lay off in Asansol-Durgapur Industrial Belt causing damage to costly machineries—from Shri Sukumar Bandyopadhyay.

(2) Sinking of the "Sabari"—from Shri Adya Charan Dutta, Shri Md. Dedar Baksh and Dr. Ekramul Haque Biswas.

(3) Recovery of 1,400 quintals of pulses from the different godowns of Calcutta—from Shri Md. Saflullah, Shri Kashinath Misra, Shri Gautam Chakraborty, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas, Shri Asamanja De and Shri Jyotirmoy Mojumdar.

(4) Naxalite activities threatening the law and order situation in different towns of Murshidabad district—from Shri Abdul Bari Biswas, Shri Gautam Chakraborty, Shri Kashinath Misra and Shri Sukumar Bandyopadhyay.

(5) Massive eviction of "Bargadars" in different places of West Bengal—from Shri Abdul Bari Biswas, Shri Kashinath Misra, Shri Gautam Chakraborty and Shri Jyotirmoy Mojumdar.

(6) Reported recommendation from Central Government for suspension of five I.A.S. officers of West Bengal—from Shri Abdul Bari Biswas, Shri Kashinath Misra, Shri Gautam Chakraborty, Shri Sukumar Bandyopadhyay and Shri Jyotirmoy Mojumdar.

(7) Reported death of two students due to collapse of the wall of the Scottish Church Collegiate School—from Shri Kashinath Misra, Shri Abdul Bari Biswas, Shri Gautam Chakraborty, Shri Sukumar Bandyopadhyay and Shri Jyotirmoy Mojumdar.

(8) Nationalisation of Calcutta Electric Supply Corporation — from Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas, Shri Gautam Chakraborty and Shri Kashinath Misra.

(9) Cholera and Small pox epidemic in Calcutta—from Shri Abdul Bari Biswas, Shri Kashinath Misra, Shri Asamanja De, Shri Sukumar Bandyopadhyay and Shri Gautam Chakraborty.

(10) Leakage of Sanskrit Question paper for School Final Examination—from Shri Asamanja De, Shri Kashinath Misra, Shri Jyotirmoy Mojumdar, Shri Abdul Bari Biswas and Shri Sukumar Bandyopadhyay.

(11) Erosion at the Farakka—from Shri Abdul Bari Biswas, Shri Naresh Chandra Chaki, Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay, Shri Jyotirmoy Mojumdar and Shri Gautam Chakraborty.

(12) Increase in water tax—from Shri Gautam Chakraborty, Shri Naresh Chandra Chaki, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Kashinath Misra.

(13) Power crisis in West Bengal threatening closure of the industries—from Shri Gautam Chakraborty, Shri Sukumar Bandyopadhyay, Shri Abdul Bari Biswas and Shri Kashinath Misra.

(14) Non-availability and blackmarketing of fertiliser affecting the "Aush" and jute cultivation of the current season—from Shri Md. Dedar Baksh.

(15) Rise in the price of essential commodities—from Shri Mahabubul Haque, Shri Gautam Chakraborty, Shri Kashinath Misra, Shri Sukumar Bandyopadhyay and Srhi Abdul Bari Biswas.

[1-50—2-00 p.m.]

(16) Rehabilitation of the prostitutes—from Shri Mahabubul Haque, Shri Mohammad Dedar Baksh, Shri Gautam Chakraborty, Shri Abdul Bari Biswas, Shri Sukumar Bandyopadhyay and Shri Kashinath Misra.

(17) Starvation death at Suti in Murshidabad district—from Shri A. H. Besterwitch, Shri Shish Mohammad and Shri Timir Baran Bhaduri.

As the House is expected to adjourn sine die I do not select any of the notices as the Ministers will not get an opportunity to make a statement and they are not in a position to make a statement today. So, I do not select any of the notices.

Mention Cases

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পারসোনাল প্রিভিলেজ স্যার, গতকাল এই বিধানসভায় পশ্চিমবঙ্গীয় জমিদারী দ্বিতীয় সংশোধনী বিলের উপর যখন আলোচনা চলছিল তখন আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে মাননীয় সদস্য তিমিরবরণ ভাদুড়ী মহাশয় তার বক্তব্যে আমার প্রতি কটাক্ষপাত করেছেন। সে সম্পর্কে আমি আপনার মাধ্যমে এই হাউসের মাননীয় সদস্যদের দৃষ্টিগোচর করতে চাই। আজকে দৈনিক বসুমতী কাগজে পাঁচ নম্বর পাতায় লেখা উঠেছে, সেই অংশটুকু পড়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। "কংগ্রেসের শ্রীঅসমঞ্জ দে বলেন, সি পি এম-এর কণ্ঠস্বর শোনা যাচ্ছে, তখন শ্রী ভাদুড়ী বলেন যে, হ্যাঁ, তাঁদের কাছ থেকে কমিশন পান বলে মনে হচ্ছে।" আমি এই প্রসঙ্গে রুলস অব কন্ডাক্ট-এর ৩৫৫-এর ১ ধারা আপনাকে পড়ে শোনাচ্ছি—

It the Speaker is of opinion that words have been used in debate which are defamatory or indecent or unparliamentary or undignified or otherwise inappropriate, he may in his discretion order that such words be expunged from the proceedings of the House.

আমি স্যার, মনে করি অনারেবল শ্রী ভাদুড়ী এখানে যা বক্তব্য রেখেছেন—

Those words are quite defamatory, quite indecent, quite unparliamentary, undignified and inappropriate. The words are politically motivated.

আমি সেজন্য স্যার আমার গণতান্ত্রিক অধিকার রক্ষার জন্য দাবি করে আপনার মাধ্যমে অবিলম্বে দাবি করছি, এই যে—

Those words should immediately be expunged from the proceeding of the House.

আমি আরও দাবি করছি দিনের পর দিন বিরোধী সদস্যরা আজকে কংগ্রেস সরকার কর্তৃক প্রদেয় গণতান্ত্রিক অধিকারের ভিত্তিতে তারা নানা রকম প্রলাপ বকছেন। এই প্রলাপ আমরা দেখতে পাচ্ছি এই যে, গণতান্ত্রিক পীঠস্থান এই মন্দির এই বিধানসভা তার মর্যাদাকে সম্পূর্ণ ভূলুণ্ঠিত করা হচ্ছে এবং সম্পূর্ণভাবে সমস্ত সদস্যদের গণতান্ত্রিক অধিকার ভূলুণ্ঠিত করা হচ্ছে, পদদলিত করা হচ্ছে। এই ধরনের জিনিস দিনের পর দিন চলতে পারে না। সেজন্য আমি পরিষ্কারভাবে দাবি জানাচ্ছি—

They should immediately be expunged from the proceedings of the House.

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত: স্যার, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, মাননীয় সদস্য শ্রীঅসমঞ্জ দে মহাশয় সে প্রসঙ্গ তুলেছেন এবং উনি বলেছেন ৩৫৫ উপর—

undignified, unparliamentary, indecent or otherwise inappropriate.

এই চ্যাপটারে যে বিষয় বলা হয়েছে এগুলি ইনভেক করবার জন্য আপনাকে অনুরোধ জানিয়েছেন। আমি স্যার, আপনার কাছে মেজ পার্লামেন্টারী প্রাকটিসের পেজ ৪২ থেকে বলছি যে, এখানে ইনডিভিজুয়াল মেম্বারদের কতকগুলি প্রিভিলেজের কথা বলা আছে। সে প্রিভিলেজ কি আমি পড়ে দিচ্ছি—

> They are enjoyed by individual members because the House cannot perform its functions without unimpeded use of the services of its members, and by each house for the protection of its members and the vindication of its own authority and dignity. It concerns the authority and the dignity of the House as a whole.

আর স্যার, পেজ ১৩৮-এ

> Where complaint was made of an article in a newspaper imputing corruption to the Irish members, the House on the motion of the member should prefer the complaint, refer the matter of the complaint to the examination by a Select Committee in order to give the parties who had made the charges an opportunity of substantiating them, or to enable members against whom the charges were directed to prove that they were unfounded.

এখানে স্যার, প্রশ্ন হচ্ছে তিমিরবাবু যখন এই প্রশ্ন তুলেছেন আমি বলতে চাই মাননীয় সদস্য শ্রীঅসমঞ্জ দে মহাশয় তিনি একজন শিক্ষক এবং তিনি একজন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেটের মেম্বার তাঁর বিরুদ্ধে তিমিরবাবু যে অভিযোগ তুলেছে সে অভিযোগ হচ্ছে যে কোন একটি সাধারণ মানুষের পক্ষে অত্যন্ত লজ্জার এবং অত্যন্ত কলঙ্কের।

মাননীয় তিমির ভাদুড়ী মহাশয় এখানের একজন অপজিসানের সভ্য আমরা তাঁকে সম্মান করবো, তাঁর কথা শুনবো, কিন্তু ডেমোক্রাসীর নাম দিয়ে চরিত্র হরণ করে নেবেন এই পুরানো কায়দা, পুরানো দিনের রাজনীতি যেটা ইতিহাসে বিসর্জন দেওয়া হয়েছে, যে রাজনীতি করে যাঁরা ১৩ ছিলেন আজকে তিন হয়েছেন কালকে কেউ থাকবেন না, এই রাজনীতি এখানে করতে দেওয়া হবে না। তাই স্যার, মাননীয় অসমঞ্জ দে মহাশয় যে কথা বলেছেন যে, এক্সপাঞ্জ করার

আমি সেকথা বলছি না, আমি বলছি—

It is the question of breach of privilege. It affects the dignity not only of the member concerned but also of the House as a whole. If Shri Bhaduri can substantiate this charge Shri De will have to face the consequences. If he cannot he will have to face the music.

এই রকম ইরেসপনসিবল কথাবার্তা এখানে বলা হবে আর আমরা স্যার এখানে নীরব দর্শক হয়ে আমাদের কর্তব্য পালন করব এটা আমরা হতে দিতে পারি না, এটা আমরা হতে দেব না। তাই স্যার, আমি আপনাকে এগজামিন করতে অনুরোধ করছি যে, এটাকে প্রিভিলেজ কমিটিতে পাঠানোর জন্য অনুগ্রহ করে বিচার ও বিবেচনা করুন।

Mr. Speaker: Honourable Members, the point that has been raised before me by Shri Asamanja De is under rule 355, and he has not preferred a privilege motion because the procedure is completely otherwise. If any Member wants to raise a question of privilege, that must be guided by rule 226 and that will have to be followed strictly. Rule 226 says: "A member wishing to raise a question of privilege shall give notice in writing to the Secretary before the commencement of the sitting on the day on which the question is proposed to be raised". No such notice has been given and I cannot take cognizance of the point raised by Shri Kumar Dipti Sen Gupta because he has not complied with rule 226. But so far as the point raised by Shri Asamanja De is concerned, he has drawn my attention to rule 355—certainly I will look into the proceedings, and I have already given instructions to my Secretary to place a copy of the speech of the honourable Member, Shri Timir Baran Bhaduri, before me. If any such statement, as has been referred to by Shri Asamanja De, is to be found, I will pass necessary orders. If this particular word is also there in the statement of Shri Bhaduri, that particular word will be expunged. Before that I will have to examine the statement of Shri Bhaduri as to whether actually he did make the statement. I cannot take any action merely on the basis of any statement that appeared in the newspaper as quoted by Shri De. I will have to examine, go through the statement as has been recorded by the Official Reporters and, if necessary, I will have to consult the tape recorder, and after hearing the tape recorder I will take appropriate action. If I find that the words, as quoted from the newspaper, appear in the tape recorder or in the statement, as has been recorded by the Official Reporters, then certainly these will be expunged under rule 355.

শ্রীকুমারদীপ্ত সেনগুপ্তঃ অন এ পয়েন্ট অব ক্লারিফিকেশান স্যার, আপনি আন্ডার দি রেসিডুয়ারী পাওয়ার নিজেও এই মোশানটা আমাদের হাউসের সামনে আনতে পারেন, কিন্তু আমরা এইটুকু বলছি যে, আজকে আমরা নোটিস দিই নাই, আমরা হয়ত কালকে নোটিস দেব।

[2-00—2-10 p.m.]

শ্রীমতী ইলা মিত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে ৫ হাজার মানুষের এক মিছিল কালকে বিধানসভার বাইরে উপস্থিত হয়েছিলেন, সরকারের কাছে তথা মুখ্যমন্ত্রীর কাছে তাঁদের একটা স্মারকলিপি পেশ করার জন্য, যে আমাদের কলকাতার যে ক্যালকাটা ইলেকট্রিসিটি সাপ্লাই কর্পোরেশন নামে যে সংস্থাটি আছে তার লাইসেন্স কেড়ে নিয়ে সেই ইলেকট্রিসিটি কোম্পানীকে জাতীয়করণ করা হোক। সেই দাবি নিয়ে এখানে তাঁরা উপস্থিত হয়েছিলেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অনুপস্থিত থাকায় সেই মিছিলের পক্ষ থেকে ৫ জন প্রতিনিধি এবং আমরাও কয়েকজন সংগে থেকে মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে যে স্মারকলিপি মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে লিখিত রেখেছিলাম যে, কেন ক্যালকাটা ইলেকট্রিসিটি কোম্পানী জাতীয়করণ করা হবে কেন এক্ষুনি তার লাইসেন্স প্রত্যাহার করে নেওয়া হবে। আজকে

"পাওয়ার" সংকটের ফলে জনজীবনে এক বিশৃঙ্খল অবস্থার সৃষ্টি হয়েছে। কলকাতা ও তার আশেপাশে ঘিরে যে বিস্তীর্ণ এলাকা রয়েছে, সেইসব বাড়িতে আজ ঠিকমত আলো জ্বলছে না—শুধু তাই নয়, কলকারখানায় ও উৎপাদনের ক্ষেত্রে এক ভীষণ অসুবিধার সৃষ্টি হয়েছে। এর রেমেডির একমাত্র উপায় হচ্ছে অবিলম্বে এই ক্যালকাটা ইলেকট্রিসিটি কোম্পানীকে জাতীয়করণ করা। সরকার তাঁর দোদুল্যমান মনোভাব পরিত্যাগ করে অবিলম্বে যদি সরকার এই সংস্থাকে হাতে নিয়ে নেন এবং এর জাতীয়করণ করেন, তা হলে এখনো সময় আছে কলকাতায় বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে খানিকটা উন্নতি আমরা করতে পারবো। এই সম্পর্কে আপনার কাছে আমরা একটা স্মারকলিপি পেশ করেছি এবং আশা করি, আপনি যথাযথভাবে আমাদের সেই বক্তব্য মুখ্যমন্ত্রীর কাছে উপস্থিত করবেন। এবং সরকারের পক্ষ থেকে অবিলম্বে এই সম্পর্কে নীতি তাঁরা ঘোষণা করবেন। আমরা দাবি করছি, অবিলম্বে যেন এই ক্যালকাটা ইলেকট্রিসিটি কোম্পানীকে জাতীয়করণ করা হয়।

শ্রীমহাদেব মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এলাকায় হরিণখোলা ব্রীজ সম্পর্কে একটা জরুরী বক্তব্য রাখছি। এই হরিণখোলা ব্রীজের দু' নম্বর থাম গত দু' বছর ধরে তৈরি হচ্ছিল। সেই থাম ডিনামাইট প্রয়োগ করে উড়িয়ে দেওয়া হয়েছে। সেখানে সুপার-স্ট্রাকচারের কাজ ও সেন্টারিং-এর কাজ এগিয়ে আসছিল, কিন্তু কি কারণে জানি না সেই কাজ বন্ধ করে দেওয়া হয়েছে। আগামী বর্ষাকালের আগেই সে কাজ সম্পন্ন হবার কথা এবং তার উপর দিয়ে লোকজন চলাচল করবার কথা ছিল। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি যাতে করে ঐ সুপার-স্ট্রাকচারের কাজ ও সেন্টারিং-এর কাজ যা আরম্ভ হয়েছিল, তা বন্ধ না হয় এবং দু' নম্বর থাম যা হয়ে গেছে তার উপর কংক্রীটের ঢালাই কাজও সত্বর সম্পন্ন হয় এবং লোকজন যানবাহন চলাচলের উপযোগী হয়। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশংকরদাস পালঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ একটা অত্যন্ত জরুরী বিষয়ের উল্লেখ করে আমি আপনার মারফৎ রাজ্য মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই।

পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলা একটা ঐতিহাসিক জেলা। যে যে অঞ্চল নিয়ে অষ্টাদশ শতাব্দীতে মুর্শিদাবাদের ইতিহাস গড়ে উঠেছিল, তার মধ্যে বর্তমান বহরমপুর শহরের সয়দাবাদ অঞ্চল উল্লেখযোগ্য। কারণ এই অঞ্চলেই বাস করতেন ইতিহাসখ্যাত তেজস্বী, ন্যায়পরায়ণ, স্বাধীনচেতা ও দেশপ্রেমিক মহারাজা নন্দকুমার। বিদেশী সাম্রাজ্যবাদী শাসক শক্তির ফাঁসির রজ্জুতে আত্মবলিদানকারী এই ব্রাহ্মণ মহারাজা বাস করতেন এই সয়দাবাদ অঞ্চলেই। তিনিই ভারতবর্ষের প্রথম শহীদ। কিন্তু এটা খুবই গভীর পরিতাপের বিষয় যে বাড়িটিতে তিনি বাস করতেন, তা আজ প্রায় ভগ্নস্তূপে পরিণত। বহরমপুর শহরের যে স্থান থেকে ইতিহাসের শুরু, সেই বাড়িটি সংরক্ষণের অভাবে আজ ধ্বংস হতে বসেছে। মহারাজা নন্দকুমারের বর্তমান বংশ-ধরেরা অক্ষম, এমন ক্ষমতা তাঁদের নাই যে সেই ঐতিহাসিক বাড়িটি তারা মেরামত করেন বা ঠিক-মত রক্ষণাবেক্ষণ করেন। স্বাধীনতা প্রাপ্তির অব্যবহিত পরেই পশ্চিমবঙ্গের তদানীন্তন গভর্নর রাজাগোপালাচারী, পরলোকগত মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায় থেকে আরম্ভ করে ডিরেক্টর অব আর্কিওলজি, পি ডবলিউ ডি ইঞ্জিনীয়ার, অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারী প্রভৃতি বাড়িটি সরকারী তত্ত্বাবধানে এনে সংরক্ষণের কত না প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু কাকস্য পরিবেদনা, ঐ পর্যন্তই। কাজ এক ইঞ্চিও এগোয় নাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয় এই ব্যর্থতা শুধু দুঃখের নয়, এই ব্যর্থতা আমাদের জাতীয় লজ্জা। বাস্তবজ্ঞানলাভে অগ্রহী ইতিহাসের ছাত্রছাত্রী বহু দেশী বিদেশী দর্শক মহারাজা নন্দকুমারের ধ্বংসপ্রাপ্ত বাড়ি দেখে গভীর দুঃখ ও বেদনা বোধ করেন। দোষ দেয় দেশের জনসাধারণকে, দোষ দেয় দেশের সরকারের।

তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি দাবি করছি, এই জাতীয় লজ্জা ও গ্লানির হাত থেকে রেহাই পাওয়ার জন্য দেশের প্রথম শহীদ মহারাজ নন্দকুমারের এই বাসভবন পুরাকীর্তি সংরক্ষণ আইন অনুসারে সরকার কর্তৃক অবিলম্বে নেওয়া হোক, এবং সম্পূর্ণভাবে অবলুপ্তির হাত থেকে বাঁচাবার জন্য এই বাড়িটিকে উপযুক্ত ভাবে রক্ষার ব্যবস্থা করা হোক, এই আবেদন করছি।

শ্রীশান্তিকুমার দাশগুপ্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা বিষয় বিশেষ ক'রে সমস্ত মন্ত্রিসভার কাছে রাখতে চাই। হাওড়ায় একটা ময়দা কল আছে "হাওড়া ফ্লাওয়ার মিল"। প্রায় গত তিন বৎসর তা বন্ধ হয়ে আছে। একটা বিষয় তাদের আটকে ছিল তা খাদ্যমন্ত্রী মহাশয়ের মধ্যস্থতায় মিটে গেছে। তা সত্ত্বেও ঐ মেটার পরে ৫ মাস হ'ল কল তারা বন্ধ ক'রে রেখেছে। জানি না মালিকদের কি উদ্দেশ্য। অনেক লোক এর জন্য বেকার হয়ে গেছে। বৎসর তিনেক না খেতে পেলে যে অবস্থা হয় প্রভিডেন্ট ফান্ড ফিনিশ। ফিনিশ ধারধোর সব। তারা বারবার আসছেন আমাদের কাছে। হাওড়ার দক্ষিণে অবস্থিত এই ময়দা কল। আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি যাতে এর মালিক জেঠিয়ারা তাকে ডেকে এনে যে কোন প্রকারে এই কল খোলা হয়। যে সামান্য অসুবিধা ছিল খাদ্যমন্ত্রী মহাশয় সে অসুবিধা দূর ক'রে দিয়েছেন। তা সত্ত্বেও তাদের খোলার প্রচেষ্টা দেখছি না, না খোলার কোন কারণ নেই। আমি মন্ত্রিসভার এদিকে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীগৌতম চক্রবর্তীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিসকে কর্তব্যরত অবস্থায় যদি হত্যা করা হয় তবে তাকে ক্ষতিপূরণ হিসাবে ১০ হাজার টাকা দেওয়া হয়। স্বাস্থ্য প্রকল্পে এরূপ ঘটনা আছে কর্তব্যরত অবস্থায় যদি কোন কর্মচারী হঠাৎ মারা যান তাকে স্বাস্থ্য প্রকল্প থেকে সাহায্য করা হয়। কিন্তু দুঃখের কথা স্বাস্থ্য প্রকল্পের ট্রান্সপোর্ট বিভাগের একজন দারোয়ান কাজ করতেন, গত ১৯৭১ সালে ৯ই জানুয়ারি সেই দারোয়ান যখন কর্তব্যরত অবস্থায় হাসপাতালে যাচ্ছিলেন সেই সময় কিছু নকশাল তাকে সি আই ডি বিভাগের লোক ভেবে তাকে ছুরিকাঘাত করে ও পরে তাকে হত্যা করা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে দারোয়ানের পিতা স্বাস্থ্য প্রকল্পের অধিকর্তার কাছে আবেদন করেন যে, কর্তব্যরত অবস্থায় তার পুত্রকে হত্যা করা হয়েছে, অতএব সরকারের থেকে যে সাহায্য দেবার ব্যবস্থা আছে সে ব্যবস্থা যাতে করা হয়। অত্যন্ত দুঃখের কথা, আজকে জনপ্রিয় সরকার আসার পরেও আমরা ঐ দারোয়ানকে কোন ক্ষতিপূরণ দিতে পারি নি। আজকে এখানে শুধু একটা দারোয়ানের কথা বলা হ'ল তাই নয় এরূপ বহু স্বাস্থ্য প্রকল্পের কর্মচারী আছেন যারা দীর্ঘদিন ধ'রে স্বাস্থ্য প্রকল্পের সঙ্গে যোগাযোগ ক'রেও বা আবেদন-নিবেদন করা সত্ত্বেও কোন সাহায্য সরকার থেকে পান নি। আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়'ক অনুরোধ করছি, যেসমস্ত ব্যক্তিকে কর্তব্যরত অবস্থায় হত্যা করা হয়েছিল তাদের অবিলম্বে সরকার থেকে সাহায্য করা হোক। এবং স্বাস্থ্য প্রকল্পে আরও একটা ব্যবস্থা আছে, যে কর্তব্যরত অবস্থায় যদি কোন কর্মচারী মারা যান তার ছেলেকে বা নিকটবর্তী পরিবারের যিনি পরিবারকে সাহায্য করতে পারবেন সেই মৃতের পরিবারকে সাহায্য করার মত ব্যক্তি যদি কেউ থাকেন তাকে অবিলম্বে সরকার থেকে যেন চাকরির সুযোগ ক'রে দেওয়া হয়। আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে এ অনুরোধ করছি যারা মারা গেছেন তঁদের পরিবারের যেন কাউকে চাকুরি দেওয়া হয়।

[2-10—2-20 p.m.]

শ্রীবিশ্বনাথ চক্রবর্তীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আমি স্বায়ত্তশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আগামী ১৬ তারিখ থেকে পশ্চিমবাংলার ৮৭টি পৌরসভার শ্রমিক এবং কর্মচারীরা যাদের সংখ্যা প্রায় ৫০ হাজারের বেশি নিশ্চয়, তারা লাগাতর ধর্মঘট করবেন ব'লে ঠিক করেছেন। একটা গুরুত্বপূর্ণ সমস্যা, কারণ এই গরমকালে কলকাতায় জঞ্জাল নিয়ে এতো দুরবস্থা, কলেরা শুরু হয়ে গিয়েছে। তখন যদি শহরতলীর পৌর সভার কর্মচারীরা ধর্মঘট করেন, তা হ'লে কলেরা শহর উজাড় ক'রে দেবে। অন্যান্য রোগ তো আছেই। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ

ব্যাপার। তারা যা বলেছেন সেটা হচ্ছে এই ১৯৭০ সালের জনুন মাসে তারা সাত দিনের ধর্মঘট করেছিলেন। তখন পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে একটা ত্রিপাক্ষিক চুক্তি হয়। তখন স্থির হয় সরকারী কর্মচারীদের সঙ্গে পৌর কর্মচারীদের মাইনেও বেড়ে যাবে এবং যতদিন পৌর কর্মচারীদের মাইনে না বাড়ছে ততদিন ১০ টাকা হারে সাময়িক ভাতা তারা পাবেন। ১৯৭০ থেকে ১৯৭৩ সাল অবধি সরকারী কর্মচারীদের মাইনে বাড়লেও পৌর কর্মচারীদের মাইনে বাড়ে নি। সরকার চুক্তি পালন না করার জন্য তারা ১৯৭২ সালে ফেডারেসানের ডাকে ১১ই জনুলাই এক দিনের প্রতীক ধর্মঘট পালন করেন। তাতেও তারা ফল পান নি। ১৯৭৩ সালে তারা দাবি-দিবস পলন করেন। আমাদের শ্রমমন্ত্রী গোপালদাস নাগ তাদের ডেকে পাঠান। সাত ঘন্টা আলোচনার পর তিনি ফেডারেসানকে পে-স্কেল তৈরি ক'রে দিতে বলেন। একটা পে-স্কেল করে জমা দেওয়া হয়। কিন্তু তাতেও কোন কাজ হ'ল না। তখন এই বছরের ৫ই এপ্রিল তারিখে পৌর কর্মচারীরা গণছনুটি নিয়ে বিধানসভা অভিযান করেন এবং তারা ঠিক করেছেন ১৬ তারিখ থেকে লাগাতর ধর্মঘট করবেন। এই বিভাগের অস্থায়ী ভার-প্রাপ্ত মন্ত্রী সন্তোষ রায় মশাই ফেডারেসানের সঙ্গে আলোচনা করেন এবং ১৫ দিনের সময় চান। তাতেও তারা ফল পান নি। মন্ত্রিমহাশয় বলেন তিনি একটা কমিশন ঠিক ক'রে দেবেন, কিন্তু কমিশনের কার্যের নির্দিষ্ট সময়সীমা বেঁধে দিতে রাজী হন নি, তাই পৌর কর্মচারীরা এই প্রস্তাবে রাজী হন নি। এখানে এই একটা অবস্থা হয়ে আছে। আমি আপনার মাধ্যমে সন্তোষবাবনুকে বলবো যিনি এই বিভাগের ভারপ্রাপ্ত তাঁকে বলবো দ্রনুত এক সপ্তাহের মধ্যে পৌর কর্মচারীদের নেতাকে ডেকে তাদের সঙ্গে একটা মীমাংসা ক'রে ঠিক ক'রে নিন। তা না হ'লে যদি ১৬ তারিখ থেকে সারা বাংলায় পৌর কর্মচারীদের ধর্মঘট হয়, তা হ'লে কিন্তু শহর জীবন বিপর্যস্ত হয়ে যাবে এবং শহরগনুলোতে মহামারি দেখা দেবে। এই গরমকালে যখন জলের অভাব, রোগ যখন বাড়ছে, আমি আপনার মাধ্যমে সন্তোষবাবনুকে যিনি স্বায়ত্তশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ব্যাপারটা বিশেষ গনুরনুত্ব দিয়ে গ্রহণ করার জন্য অনুরোধ করছি। অবিলম্বে পৌর কর্মচারী ফেডারেসানের নেতৃত্বকে ডেকে আলোচনায় বসার জন্য অনুরোধ করছি।

শ্রীসনুব্রত মনুখোপাধ্যায় (কাটোয়া)ঃ মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে এই বিধান-সভায় একটা গনুরনুত্বপূর্ণ বিষয়ের অবতারণা করছি। আমাদের সাধারণ নির্বাচন হয়ে গেল এক বছরের উপর। কিন্তু এই এক বছরের মধ্যে পশ্চিমবঙ্গে আবার ধীরে ধীরে অরাজকতার অন্ধ-কারে দিন নেমে আসছে। পশ্চিমবঙ্গের সর্বত্র চুরি, ডাকাতি, খনুন বেড়ে চলেছে। নির্বাচনের সময় আমরা এই পশ্চিমবঙ্গের মানুষকে এই আশ্বাস দিয়েছিলাম, আমরা আর কিছনু পারি বা না পারি পশ্চিমবঙ্গের মানুষ যাতে শান্তিতে নিদ্রা যেতে পারে, নিরাপদে রাস্তায় চলাফেরা করতে পারে এই গ্যারান্টি দিয়েছিলাম। আজকে অত্যন্ত বেদনা এবং ক্ষোভের সঙ্গে বলতে হচ্ছে এই এক বছরের মধ্যে আইন-শৃঙ্খলার অবস্থা ধীরে ধীরে অবনতির দিকে যাচ্ছে। আমার নির্বাচন কেন্দ্র কাটোয়ায় গত ১৫ দিনের মধ্যে ২৫শে এপ্রিল ১৯৭৩ তারিখে ভূতনাথ ধারাকে সন্ধ্যার সময় পাকা রাস্তার উপর পাঁচঘড়া গ্রামে কিছনু দনুর্বৃত্ত পিটিয়ে হত্যা করে। ৬ই মে ১৯৭৩ তারিখে মঙ্গলহাটে একদল ডাকাত ডাকাতি ক'রে যাবার সময় গৃহস্বামী কার্তিক ঘোষকে খনুন করে। ৭ই মে ১৯৭৩ তারিখে পাঁচঘড়ায় ওই একই গ্রামে সনুদর্শন পালকে ছনুরি মারে। এই তিন তিনটে ঘটনা সম্বন্ধে আমি অত্যন্ত লজ্জার সঙ্গে, ক্ষোভের সঙ্গে জানাচ্ছি, স্থানীয় পনুলিস কর্তৃপক্ষের যতখানি তৎপর হওয়া উচিত ছিল ততখানি তারা তৎপর হন নি। এবং অনেক আসামীর সন্ধান দেওয়া সত্ত্বেও সেই আসামীকে গ্রেপ্তার করা হয় নি। এটা শনুধনু কাটোয়ার ঘটনা নয়, এবং সারা পশ্চিমবাংলার একটা বিচ্ছিন্ন ঘটনা নয়, এই ঘটনা সারা কলকাতার বনুকে ঘটছে এবং ঘটে চলেছে এবং বাংলাদেশের দিকে দিকে ঘটে চলেছে। আজকে পনুলিসী আমলাদের এক অংশ তৎপর হয়ে পড়েছে আমাদের এই জনপ্রিয় সিদ্ধার্থশঙ্কর রায়ের মন্ত্রিসভাকে জনসমক্ষে হেয় করার জন্য এবং আমরা নির্বাচনের সময় যে প্রতিশ্রনুতি দিয়েছিলাম সেই প্রতিশ্রনুতি যা'তে রক্ষা করতে না পারি। তাই আমি আপনার মাধ্যমে এই সরকারের মন্ত্রিসভাকে আরও সতর্ক করে এই কথা বলতে চাই যে, আজকে পনুলিস আমলাদের থেকে সাহস পেয়ে অনেক রাজনৈতিক দল পশ্চিমবাংলায় নতুন ক'রে যাদের ঘাড়ের মাথা নিচ নেমে

গিয়েছিল তারা আবার নূতন ক'রে মাথা চাড়া দিচ্ছে। এই দুর্বৃত্ত পুলিস আমলাদের এক অংশ তারা জোট বাঁধছে এবং একটা চক্র তৈরি করেছে। তারা চেষ্টা করছে পশ্চিমবাংলার এই মন্ত্রিসভাকে জনসমক্ষে হেয় করার জন্য। তাই আজকে বলছি যে, সময় থাকতে তৎপর হবার জন্য এবং পুলিস প্রশাসনকে ঢেলে সাজাবার জন্য যাতে ক'রে ঐসমস্ত পুলিস আমলারা যারা এই সমস্ত ঘটনায় শৈথিল্য দেখাচ্ছে, ঔদাসীন্য দেখাচ্ছে তাদের জব্দ করার এই মন্ত্রিসভাকে অনুরোধ জানাচ্ছি। এবং মন্ত্রিসভাকে একথাও জানাই যে, এই সমস্ত ব্যাপারে তারা যেন জনপ্রতিনিধিদের সঙ্গে মাঝে মাঝে পরামর্শ করেন এবং তারা যে সাজেসান দেন সেদিকে যেন লক্ষ্য রাখেন। তা না রাখলে আমি একথা বলতে চাই যে, পশ্চিমবাংলার যে জাগ্রত জনমত যে একদিন হিংসার বিরুদ্ধে জাগ্রত হয়ে আমাদের রায় দিয়েছিল সেই জাগ্রত জনমত আমাদের কোন দিন ক্ষমা করবে না এবং করতে পারে না। আজকে আমরা তৎপর হয়ে যে চক্রান্ত, যে ষড়যন্ত্র শুরু হয়েছে তা বন্ধ ক'রে দিতে পারি। এই ব্যাপারে আমি বলতে পারি যে, আমাদের এই মন্ত্রিসভা যদি তৎপর হন, তা হ'লে আমরা নিশ্চয় এর পরিবর্তন করতে পারবো—এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজ্যোতির্ময় মজুমদার: মিঃ স্পীকার স্যার, মাননীয় সদস্য শ্রীসুব্রত মুখার্জি মহাশয় যে বক্তব্য রাখলেন ঐ একই মহকুমায় আমার নির্বাচনী কেন্দ্র। এই মহকুমায় যিনি এস ডি পি ও রয়েছেন তার যে নূতন কার্যক্রম সেই কার্যক্রম মোটেই ভাল নয়। এই কাটোয়া মহকুমা থেকে চোরাই চাল পাচার হয়ে যাচ্ছে আমরা দেখেছি। আমরা দেখেছি গত এক বছর ধ'রে যে তিনটি এলাকায় বহু পলাতক খুনী আসামী রয়েছে তাদের একজনকেও তিনি ধরতে পারেন নি। এই এস, ডি, পি ও যাবার পর থেকে আবার নূতন ক'রে হিংসাশ্রয়ী ঘটনা সেখানে ঘটছে। কিন্তু তিনি কোন দিন তাঁর নিজের কোয়ার্টারস্ থেকে বেরোন না—কোন থানায়ও আসেন না। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রী এখানে উপস্থিত আছেন তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই এস ডি পি ও যেভাবে যথারীতি কাজ ক'রে চলেছে তার জন্য তাকে ওখান থেকে বদলী ক'রে অন্য জায়গায় পাঠিয়ে দিন এবং একজন ভাল অফিসারকে সেখানে পাঠিয়ে সেখানে যে সমস্ত সরকার বিরোধী কাজ হচ্ছে তা দমন করবার ব্যবস্থা করুন।

শ্রীসুব্রত মুখার্জি (কাটোয়া): মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মাত্র মাননীয় সদস্য শ্রীজ্যোতির্ময় মজুমদার কাটোয়া মহকুমার পুলিস অফিসার সম্বন্ধে যে মন্তব্য করলেন এবং তিনি যে তিনটি ঘটনার কথা উল্লেখ করলেন আমি আপনার মাধ্যমে এই বিধানসভায় উল্লেখ করতে চাই যে, এই তিনটি ঘটনা যখন ঘটে তখন আমি কলকাতায় রয়েছি। এই ঘটনা শুনে আমি তাঁকে ট্রাঙ্ক টেলিফোন করি যে, এই রকম চুরি, ডাকাতি, খুনজখম হচ্ছে অথচ আপনি কাটোয়া হেড কোয়ার্টারস্এ রয়েছেন। তিনি তখন আমাকে টেলিফোনে বললেন, কাটোয়ায় খুন হয়েছে তাই নাকি, কৈ আমি তো কিছু জানি না। আমার মনে হচ্ছে সারা পশ্চিমবাংলায় পুলিস প্রশাসনের মধ্যে এক ধরনের নূতন অফিসার রয়েছেন যাঁরা হলেন—'তাই-নাকি-অফিসার'। এখানে স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রী আছেন, মাননীয় সদস্য জ্যোতির্ময়বাবু যে কথা ঐ এস ডি পি ও সম্বন্ধে বললেন আমি তাঁর সঙ্গে একমত এ বিষয়ে এবং আর একজন আমাদের এলাকার যে মাননীয়া সদস্যা রয়েছে, আমার পাশের থানার মাননীয়া নুরুন্নেশা সাত্তার তিনিও আমাদের সঙ্গে একমত। তাই আমি আপনার মারফত এই বিধানসভায় জানাই যে, এই রকম ধরনের যে অফিসার রয়েছেন তাকে বদলী করার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-20—2-30 p.m.]

মাননীয় স্পীকার স্যার, এখানে স্বরাষ্ট্র দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আছেন। মাননীয় সদস্য শ্রীজ্যোতির্ময় মজুমদার এই মহকুমার পুলিস অফিসার এস ডি পি ও সাহেবের সম্বন্ধে যে কথা বললেন সে বিষয় সম্বন্ধে আমি একমত এবং আর একজন ঐ থানার অন্তর্ভুক্ত মাননীয়া সদস্যা নুরুন্নেসা সাত্তার আছেন, তিনিও এই বিষয়ে একমত। আমরা জানি এই রকম ধরনের একজন অফিসার আছেন, তাকে অবিলম্বে বদলী করার জন্য আপনার মারফৎ মাননীয় স্বরাষ্ট্র-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীরজনীকান্ত দলুই: মাননীয় স্পীকার মহাশয়, মেদিনীপুর জেলার কোতোয়ালী থানার সেকেন্ড অফিসার বিমান মুখার্জী গত ১৭ই এপ্রিল ১৯৭৩ তারিখে কর্তব্যরত অবস্থায় মারা গেছেন। তার এই আকস্মিক মৃত্যুর কারণ সম্বন্ধে আমরা যা জানতে পেরেছি সেটা আপনার মাধ্যমে আমি সভার সামনে রাখছি। গত ১৭ই এপ্রিল ১৯৭৩ তারিখে মাননীয় রাষ্ট্রমন্ত্রী সুব্রত মুখার্জী মেদিনীপুর যাবার কথা ছিল। শ্রী মুখার্জীর এস্কর্ট ডিউটিতে বিমান মুখার্জিকে মেদিনীপুরের এস পি পাঠিয়েছিলেন এবং তিনি ১৬ই এপ্রিল ১৯৭৩ তারিখে কলকাতায় এসেছিলেন। ১৭ই এপ্রিল ১৯৭৩ তারিখে সকালে মাননীয় রাষ্ট্রমন্ত্রীর বাড়িতে গিয়ে পৌঁছলেন। তিনি তাঁকে জিজ্ঞাসা করলেন, আপনি কখন মেদিনীপুর রওনা হবেন? মাননীয় রাষ্ট্রমন্ত্রী তখন বললেন, আমি ৬॥ টায় মেদিনীপুরে রওনা হব। কিন্তু শ্রী মুখার্জি পরে ৬-২০ মিনিটের সময় এসে শোনেন যে, মাননীয় রাষ্ট্রমন্ত্রী ৬-১০ মিনিটের সময় মেদিনীপুরের পথে রওনা হয়েছেন। যিনি এস্কর্ট ডিউটিতে এসেছেন তিনি শুনলেন যে, ৬-১০ মিনিটের সময় রওনা হয়েছেন। তখন তিনি জীপের ড্রাইভারকে বললেন তাড়াতাড়ি গাড়ি চালাও যাতে মাননীয় রাষ্ট্রমন্ত্রী মুখার্জিকে ধরা যায়। এই কথা শুনে যখন ড্রাইভার জীপটিকে জোরে চালালেন তখন বম্বে রোডের উপর জীপটির ঐ চাকা খুলে যায় এবং তার ফলে অ্যাক্সিডেন্ট হয়। তখন শ্রীবিমান মুখার্জি, সেকেন্ড অফিসার, কোতোয়ালী পি এস সাংঘাতিকভাবে আহত হন এবং তাকে উলুবেড়িয়া হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সন্ধ্যা ৬ টার সময় তিনি মারা যান। কিন্তু দুঃখের বিষয় এখন পর্যন্ত তাঁর পরিবারের প্রতি কোন রকম কনডোলেন্স জানানো হয় নি, কমপেনসেসনের কোন ব্যবস্থা হয় নি এবং আমাদের মাননীয় রাষ্ট্রমন্ত্রীর এস্কর্ট ডিউটিতে যিনি নিযুক্ত ছিলেন শ্রী মুখার্জি, তার সম্বন্ধে কোন রকম স্টেটমেন্ট খবরের কাগজে মাননীয় মন্ত্রীর তরফ থেকে পাওয়া যায় নি। তাই আমি আপনার মাধ্যমে দাবি করবো অবিলম্বে তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি যেন কনডোলেন্স জানানো হয় এবং উপযুক্ত কমপেনসেসন দেবার ব্যবস্থা যেন হয়। সেদিকে যেন মন্ত্রিমহাশয় নজর রাখেন।

Mr. Speaker: Mr. Doloi, you have given a notice on T. R. works in Midnapore district. But unfortunately, you are making your speech on a completely separate issue.

শ্রীরজনীকান্ত দলুই: মিঃ স্পীকার স্যার, আমার একটু ভুল হয়ে গেছে, ওটা নয়, এইটা হবে। আমি এখুনি এটা আপনাকে দিয়ে দিচ্ছি।

শ্রীমতী নুরুন্নেসা সাত্তার: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য সুব্রত মুখার্জি, জ্যোতির্ময় মজুমদার মহাশয় যে বিষয়টি এখুনি এখানে উল্লেখ করলেন সে সম্বন্ধে আমিও একই কথা বলতে চাই যে, পুলিসরা সেখানে কর্তব্যে অবহেলা, অসহযোগিতা করছে। স্যার, ওঁরা যেটা উল্লেখ করলেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এবং এটা ধ্রুব সত্য। আমার কেন্দ্রের আরো অন্যান্য জায়গায় চুরি, ডাকাতি, লুঠতরাজ চলছে দিন-দুপুরে এবং দিনের বেলায় ডাকাতি, খুন হয়ে গেছে। তার জন্য পুলিস একেবারে নিষ্ক্রিয়, কোন অ্যাকসান নেয় নি এবং খুনের ডেড বডি পর্যন্ত পাওয়া যায় নি। পুলিসকে সব কিছু জানিয়েছি, মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয়কে কপি দিয়েছি, চীফ মিনিস্টারকেও কপি দিয়েছি এবং ডি এম-কে কপি দিয়েছি, কিন্তু আজ পর্যন্ত কেউ কিছু করেন নি। দিন-দুপুরে, বেলা ১০ টার সময় ৩ জন খুন হয়েছে। একটি ডেড বডি দুর্বৃত্তরা নিয়ে চলে গেছে। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত সেই ডেড বডির হদিশ পাওয়া যায় নি। আমি সেই জন্য আপনার মাধ্যমে মাননীয় পুলিসমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এটা খুঁজে বের করা যায় এবং এ সম্বন্ধে যাতে অ্যাকসান নেওয়া হয় তার ব্যবস্থা করুন।

শ্রীকৃষ্ণপদ রায়: মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি গত ১লা মার্চ তারিখে একটি বিবৃতি এখানে রেখে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম এই ব'লে যে ১৯৭২ সালের ৮ই আগস্ট তারিখে

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য বিভাগ থেকে হাওড়া জেলার সমস্ত হেল্‌থ সেন্টার এবং সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টারের টিউবওয়েলগুলি জরুরীকালীন অবস্থার ভিত্তিতে তৈরি ক'রে দেবার একটা নির্দেশ দেওয়া হয়।

গত ১লা মার্চ আমি বিধানসভাতে বলেছি যে, এক বছরের মধ্যে সেই টিউবওয়েলের কাজ করা হয় নি। আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আজকে আরো একটা মজার খবর দিচ্ছি। পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং-এর কর্মদক্ষতা ও কর্মতৎপরতা কি রকম সে সম্বন্ধে বলছি। স্যার, পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট থেকে হেল্‌থ সেন্টারগুলিকে একটা ক'রে চিঠি দেওয়া হয়েছে এই ব'লে যে, তোমরা খুব তাড়াতাড়ি আমাদের জানাও টিউবওয়েল ঠিক মত চলছে কিনা, আমরা কন্ট্রাক্টরকে বিল পেমেন্ট করবার জন্য প্রস্তুত হয়ে আছে। আমি স্যার, রাস্তায় চলবার সময় 'কায়াহীনের কাহিনী' চলচ্চিত্রের পোস্টার দেখেছি আর এই চিঠির মাধ্যমে পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের কৃপায় অস্তিত্বহীন টিউবওয়েলের বিল পেমেন্ট হবার নজির দেখছি। স্যার, সেই চিঠির একটি কপি আমার কাছে আছে, আমি সেটা মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর হাতে দিচ্ছি। স্যার, যখন আমার মনে হয়, যখন টিউবওয়েলের কন্ট্রাকটরদের বিল পেমেন্ট করবার জন্য সার্টিফিকেট চাওয়া হয়েছে তখন এই ২৫টি টিউবওয়েলের প্রয়োজনীয় পাইপ এবং অন্যান্য মেটিরিয়ালসও হয়ত কন্ট্রাকটরদের হাতে পেঁছে দেওয়া হয়েছে। সেই মেটিরিয়ালস কোথায় গেল হাসপাতালে টিউবওয়েল হল না অথচ ফাইন্যাল বিল পেমেন্টের জন্য এই যে সার্টিফিকেট চাওয়া হয়েছে এ সম্বন্ধে আমি আগেও বলেছি, আজ বলছি, স্বাস্থ্যমন্ত্রী কি কার্যকর ব্যবস্থা গ্রহণ করছেন তা আমাদের জানালে আমরা খুশি হব।

শ্রীনাসিরুদ্দিন খানঃ স্যার, আমি যে ব্যাপারটি নিয়ে মেনসান করতে চাই সেটা ঠিক কোন মন্ত্রীর দপ্তর আমি বুঝতে পারছি না। ব্যাপারটি হচ্ছে, আমার কনস্টিটিউয়েন্সিতে একটা বিরাট উপদ্রব দেখা দিয়েছে। আমি অনেক দিন আগে থেকেই এ ব্যাপারটি নিয়ে বলব বলব ভাবছিলাম, ভেবেছিলাম হয়ত এপিডেমিকে মরে যাবে কিন্তু তা না হওয়াতে আজকে বলতে বাধ্য হচ্ছি। স্যার আমার মেনসানের বিষয়বস্তু হচ্ছে ইঁদুর। এত বড় বড় ইঁদুর যে সেগুলি প্রায় বেঁজির সমান। হয়ত মাননীয় সদস্যরা হাসবেন, কিন্তু ঘটনাটি সত্য। যদি এ বিষয়ে তদন্ত ক'রে দেখেন, তা হ'লে দেখতে পাবেন কি পরিমাণ শস্য তারা নষ্ট করেছে। স্যার, আমার এলাকাতে কমপক্ষে বিঘাপ্রতি ১০ মণ হারে গম হবার কথা ছিল, আমরা কৃষক, আমরা জানি, কিন্তু ৫ মণ হারেও ফলন হয় নি। তবে স্যার, এই ইঁদুরগুলি একটা উপকারও করেছে। বড়লোকেদের যেমন অপকার করেছে, তেমনি গরিবদের কিছু উপকারও করেছে। স্যার, এক একটা গর্তে এক মণের বেশী গম পাওয়া গিয়েছে। আর সেই গম তারা তুলে তুলে খেয়েছে। বড়লোকেরা যেমন ঔষধ দেয় না গরিবদের তেমনি ঠিক হয়েছে, গরিবরা খেয়ে বেঁচেছে। কিন্তু স্যার, সামনে আবার ধান বোনা হচ্ছে, সেই ধানের বীজ ছড়ানো মাত্র আবার খেতে শুরু করেছে। স্যার এই প্রসঙ্গে একটি ঘটনার কথা বলছি, এটা হয়ত অনেকেই জানেন না, আমার এক বন্ধু একটা ইঁদুর পুষে ছিল, সেই ইঁদুরটি প্রতি ১৫ দিন অন্তর ৭ থেকে ৮টি ক'রে বাচ্চা দেয়। কাজেই স্যার, এই যেখানে অবস্থা সেখানে যদি এই ইঁদুরকে ব্যাপক ভাবে ধ্বংস করা না যায়, তা হ'লে আমার এলাকায় একটা সাংঘাতিক অবস্থা দেখা দেবে। স্যার, আমি এ পর্যন্ত কোন মেনসন করি নি, আজকে করছি, এই প্রসঙ্গে স্যার, আপনার কাছে একটা কথা জানতে চাই। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন সদস্যরা যে বিষয়ে মেনশান করবেন সেই মেনশান সংশ্লিষ্ট দপ্তরে পাঠিয়ে দেওয়া হবে। আমার জিজ্ঞাস্য, এই যে তিন মাস ধ'রে আমরা এত বক বক ক'রে গেলাম সেগুলি দপ্তরে পেঁচেছে কিনা এবং সে বিষয়ে অ্যাকসান হয়েছে কিনা তা আমাদের দয়া করে জানান।

শ্রীঅজিতকুমার পাঁজাঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন্য ব্যাপার আমার আওতার মধ্যে নয়, তবে উনি আমার দিকে তাকিয়ে তাকিয়ে বলছিলেন ব'লে বলছি, ইঁদুরের যদি অনেক বাচ্চা হয়ে থাকে, তা হ'লে সেটা ভেসেকটমি বা টিউবেকটমির মধ্যে আসে না, তাই আমি কিছু করতে পারছি না।

[2-30—2-40 p.m.]

শ্রীমহম্মদ সফিউল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা সামান্য এবং অসামান্য বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যখন কলকাতা মহানগরীকে কল্লোলিত তিলোত্তমা ক'রে সাজানর পরিকল্পনা নিয়েছি তখন সেই সময়ে নিউ সি আই টি রোডে ব্যাপক হারে বৃক্ষহত্যা চলছে। আমার বাড়ির পাশে কলকাতা কার্জন পার্কে এক জোড়া রোজ ক্যাকটাস ছিল গভর্নর হাউসের বিপরীত দিকে। এই ধরনের ক্যাকটাস বাংলাদেশে কোথাও নেই। এগুলির স্পেসিস হচ্ছে সোরাচ ক্যাকটাস রকসবাগী এবং এম এফ আছে। কিন্তু ইঁদুরের কথা বলতে গিয়ে আমাদের সহকর্মী অনেক কথা বলেছেন। সেই ইঁদুরে এই মূল্যবান ক্যাকটাসকে নষ্ট ক'রে দিচ্ছে, এখন মাত্র একটা ক্যাকটাস আছে। এই ধরনের ক্যাকটাস সাউথ অ্যামেরিকাতে পাওয়া যায় এবং সাউথ অ্যামেরিকার ক্যাকটাস সোরাচ রক্সবাগী আমাদের দেশে শুধু একটাই আছে। দু-একটা স্পেসিস হর্টিকালচারে আছে এবং কিছু সৌখিন ক্যাকটাস থাকতে পারে। এই বড়বড় ধেঁড়ে ইঁদুর দেখবেন কার্জন পার্কের ক্যাকটাস গাছের কাছে লোকে গিয়ে তামাসা দেখছে। ইঁদুরে গর্ত ক'রে একটা ক্যাকটাস নষ্ট ক'রে দিয়েছে। তাই আপনার মাধ্যমে পৌর মন্ত্রীর কাছে অনুরোধ করবো যে, এই ধরনের দুর্লভ শ্রেণীর ক্যাকটাসকে বাঁচানোর জন্য তিনি যেন চেষ্টা করেন এবং ঐ ধরনের আর যে ক্যাকটাস আমাদের পশ্চিমবঙ্গে পাওয়া যায় সোরাচ গ্রান্ডিফ্লোরা। কিন্তু সোরাচ রকসবাগী অত্যন্ত দুর্লভ এবং দুষ্প্রাপ্য এবং স্লো গ্রোইং স্পেসিস। এই ক্যাকটাসটা বাড়তে তার ৫০ বছর সময় লেগেছে। তাই আপনার মাধ্যমে অনুরোধ করবো ঐ ক্যাকটাসকে বাঁচান এবং লোকেরা তামাসা দেখে ইঁদুরকে খাবার দিয়ে এটা বন্ধ করে ঐ ক্যাকটাস গাছটাকে বাঁচান।

শ্রীঅনন্ত ভারতী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়দের একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল এবং পরশু দেখলাম যে, দুর্নীতি দমন করার জন্য বিভিন্ন ভাবে কর ফাঁকিতে কর কম আদায় হয় তার জন্য একটা ব্যবস্থা চলছে। বিগত কয়েক বছর আগে যে এন্ট্রি ট্যাক্স-এর জন্ম হয়েছে আমাদের দেশে এবং আমরা জানি বিভিন্নভাবে বিভিন্ন সেন্টারের চেকপোস্টে ভয়ানকভাবে দুর্নীতি হচ্ছে। এখন প্রশ্ন হচ্ছে যারা চেকপোস্টে থাকেন তারা কিভাবে কর ধার্য করবেন? প্রাইভেট পার্টি আছে, লিমিটেড পার্টি আছে, সরকারী বিল আছে, লরীতে ক'রে বা ওয়াগনে ক'রে বিভিন্ন জায়গা থেকে মালপত্র আসে এবং পণ্যকর ধার্য যারা করেন তারা এই বিল দেখেই ধার্য করেন। আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন জায়গায় যারা সরকারী কর্মচারী রয়েছে তারা খেয়ালখুসী মত এই কর ধার্য ক'রে থাকেন। আমার কাছে কতকগুলি বিলের নজির রয়েছে যেগুলি উড়িষ্যা সরকার এবং পশ্চিমবঙ্গ সরকারের বিল। সেই সমস্ত বিলের উপর দেখছি তারা বিভিন্ন ভাবে ট্যাক্স চাপিয়ে বেশী আদায় করছেন। এই ব্যাপারে ডেপুটি ডাইরেকটর আছেন, যিনি ব্রাবোর্ন রোডে বসেন তাঁর কাছে আপীল করা হয়েছে কিন্তু কোন ফল হয় নি। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে প্রশ্ন করতে চাই, যারা চেকপোস্টে বিভিন্ন জায়গায় থাকেন লরীপথেই হোক আর রেলপথেই হোক সেটা যারা ধার্য করবেন সেই ধার্য করবার সূত্র কোনটা, তাদের খেয়ালখুসীমত ধার্য করবেন, না পার্টিকলার বিলকে বিশ্বাস করবেন? যদি পাবলিক বিলকে বিশ্বাস না করেন, প্রাইভেট পার্টির বিলকে বিশ্বাস না করেন, তবে সরকারী বিলগুলিকে নিশ্চয়ই বিশ্বাস করা উচিত। আমার কাছে এমন এমন বিল রয়েছে যেখানে ১০০, ১৫০, ২০০ টাকার এক্সাইজ বিল আদায় করা হয়। আমি নিজে একটা ঘটনার কথা জানি। কিছুদিন আগে হাওড়া স্টেশনে আমি দেখেছিলাম, যখন আমি বোম্বে মেল থেকে নামলাম, তখন দেখি এক ভদ্রলোক কিছু কাপড়-চোপড় নিয়ে আসেন এবং সঙ্গে সঙ্গে তার কাছে আর এক ভদ্রলোক গিয়ে বললেন যে, আমাকে এক হাজার টাকা দিন আমি আপনাকে ১৫ টাকার একটা রসিদ কেটে দিচ্ছি। ঘণ্টা দেড়েক অপেক্ষা করেছিলাম তাকে ফলো করবার জন্য কিন্তু পরে আর পারলাম না। কারণ আমি যদি বলতে যাই তো হ'লে হয়ত মার খেয়ে মরে যাবো। যাই হোক সেই ভদ্রলোক বললেন এক হাজার টাকা দেবো কেন? তখন সেই ভদ্রলোক বললেন মশাই, এক হাজার টাকার উপরে বিল হয়ে যাবে তাই আপনাকে ১৫ টাকার রসিদ কেটে দিচ্ছি। তারপর ভদ্রলোক নামতে নামতে ৫০ টাকায় নামলেন। শেষকালে দেখা গেল তিনি সেখানে ওয়েট করছেন এবং সেই

ভদ্রলোক আর একজনকে নিয়ে তার বাণিজ্য শুরু করেছেন। আমার পক্ষে আর বেশীক্ষণ অপেক্ষা করা সম্ভব হ'ল না, আমি চলে এলাম। তাই, আজকে যেখানে বিধানসভায় দুর্নীতিদমন করার চেষ্টা হচ্ছে যে জিনিসটার অতি শীঘ্র কয়েক বছর আগে জন্ম হয়েছে। এই প্রবেশ কর বা এন্ট্রি ট্যাক্সের নামে সেখানে যে ভাবে লুঠ চলছে বিশেষ ক'রে উল্টোডাঙ্গা স্টেশন, নিমতলা স্টেশন, শালিমার এই সমস্ত জায়গায় বিভিন্ন স্থান থেকে রেলে করে প্রচুর মাল এসে থাকে এই উল্টোডাঙ্গা স্টেশনের কাছে আমরা বাস করি, সেখানকার সম্বন্ধে আমি জানি যে, সেখানে কি জাতীয় মাল আসে, রেলে এলেই ওদের এন্ট্রি ট্যাক্স দিতে হবে। তাই আজকে সরকারী প্রশাসন যন্ত্রে যাঁরা রয়েছেন আমাদের মন্ত্রিমহাশয়রা তাঁদের আমি বিশেষ করে অনুরোধ করবো যাতে এই দিকে একটু দৃষ্টি দেন। আমি মনে করি তা যদি করেন, তা হ'লে এই সমস্ত সমস্যার সমাধান করা যাবে। আমি আর একটি বিষয় আপনার মধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী এখানে রয়েছেন তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। স্কুল ফাইনাল পরীক্ষার কিছু কোয়েশ্চেন পেপারের দু' পাতায় কোন প্রিন্টিং নেই, এটা একটা অদ্ভুত ব্যাপার। আমি আশা করবো যে, মাননীয় শিক্ষামন্ত্রী নিশ্চয় সেকেন্ডারী এডুকেশন বোর্ড-এর এই বিষয়টা দেখবেন। ৪ পাতায় প্রিন্টিং ছিল, কিন্তু সেই কোয়েশ্চেন পেপারের ২ পাতায় কোন প্রিন্টিং নেই। আমার যেটা অরিজিন্যাল ইস্যু এন্ট্রি ট্যাক্সের ব্যাপারে মাননীয় মন্ত্রী শ্রীসন্তোষ রায় মহাশয় এখানে রয়েছেন, আমি আশা করবো তিনি তাঁর দীর্ঘ অভিজ্ঞতা দিয়ে তাঁর যে প্রশাসন যন্ত্র রয়েছে তার মাধ্যমে এমন একটা নির্দেশ দেবেন যাতে সেখানে যে অফিসার বা সরকারী কর্মচারীরা রয়েছেন তাঁরা ঠিকভাবে ট্যাক্স আদায় করেন। সেখানে যে ভাবে চলছে পয়সা না দিলে ২৫ টাকার জায়গায় ৫০০ টাকা চার্জ করা হয় আর যে পয়সা দিল তাকে ৫০০ টাকার জায়গায় ২৫ টাকা চার্জ করলো এইভাবে দিনের পর দিন যে দুর্নীতি চলছে আমি আশা করবো মন্ত্রিমহাশয় নিজে অবিলম্বে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রীহবিবুর রহমান: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমায় উল্লেখযোগ্য তাঁতশিল্পীর বাস। তারা দীর্ঘদিন সুতো না পাবার ফলে আজকে তাঁত শিল্প বন্ধ হয়ে রয়েছে। সেখানকার হাজার হাজার তাঁতী একাধিকবার মহকুমাশাসকের কাছে ডেপুটেশনের মাধ্যমে তাদের অভাব-অভিযোগের কথা, অসুবিধার কথা জানিয়েছে। কিন্তু দুঃখের বিষয় সেখান থেকে কোন রকম সদুত্তর পাওয়া যায় নি, কোন সুরাহা হয় নি। গত ৩০শে এপ্রিল, ১৯৭৩ তারিখে প্রায় ২॥ হাজার তাঁতী জেলাশাসক মহাশয়ের কাছে ডেপুটেশনে গিয়েছিলেন। জেলাশাসক তাদের আশ্বাস দিয়েছিলেন যে, তিনদিনের মধ্যে তিনি জি আর-এর ব্যবস্থা করছেন এবং সাত দিনের মধ্যে ব্যবস্থা করছেন এই আশ্বাস দেওয়া সত্ত্বেও আজকে দশ দিন পার হয়ে গেল, কিন্তু এই বিষয়ে কোন ব্যবস্থা নেওয়া হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে দীর্ঘদিন তারা কাজ না পেয়ে তাদের সন্তান-সন্ততিদের নিয়ে অনাহারে দিন কাটাচ্ছে। আপনি শুনে অবাক হয়ে যাবেন, অনেক পরিবারের সন্তান-সন্ততিদের কষ্টের দিকে তাকিয়ে না থাকতে পেরে অনেকে আত্মহত্যার কথা চিন্তা করছে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিমন্ডলীর সকলকে স্মরণ করিয়ে দিতে চাই যে, অনতিবিলম্বে যদি তাদের সুতা সরবরাহ না করা হয় এবং যতদিন সুতা সরবরাহ না করা হচ্ছে ততদিন পর্যন্ত তাদের জি আর-এর ব্যবস্থা যদি না করা হয়, তা হ'লে যে কোন উপায় অবলম্বন করতে তারা বাধ্য হবে, যে কোন পথে তারা নাবতে বাধ্য হবে। শুধু তাই নয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘদিন তাঁতশিল্প বন্ধ থাকার জন্য তাদের যে যৎসামান্য মূলধন ছিল তাও তারা বাঁচার তাগিতে নষ্ট ক'রে ফেলেছে। তাই আমি দাবি করছি যে, অনতিবিলম্বে তাদের সুতা সরবরাহ করার ব্যবস্থা করা হোক। এবং যতদিন পর্যন্ত না সুতা সরবরাহ করা হচ্ছে ততদিন পর্যন্ত তাদের সাময়িক ভাবে জি আর-এর ব্যবস্থা করা হোক এবং তাদের আর্টিজন লোন বা কৃষিঋণ দেবার ব্যবস্থা করা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অ্যাসেম্বলি বন্ধ হতে চলেছে, আমরা দেশে গিয়ে তাদের কি জবাব দেবো, তা আমরা ভেবে পাচ্ছি না। সেই জন্য আমরা দাবি করছি যে, মন্ত্রিমহাশয় আজকে এখানে একটা স্টেটমেন্ট দিন এই বিষয়ে। আমরা কি আশা নিয়ে, কি বক্তব্য নিয়ে তাদের কাছে যাবো? এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-40—2-50 p.m.]

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় হবিবুর রহমান, সদস্য মহাশয়, যে কথা বললেন যে, বহরমপুরে তারা যেদিন ডেপুটেশনে আসেন সেদিন আমি উপস্থিত ছিলাম এবং আমি তাদের সঙ্গে ছিলাম। আমরা অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে গিয়ে আমাদের সুতার দাবি দাওয়ার কথা জানিয়েছিলাম। উনি আমাদের বললেন যে, নবদ্বীপে হেড অফিস আছে ডেভলপমেন্ট বোর্ডের এবং সেখান থেকে তোমরা কাজ পাবে দরখাস্ত কর। তাঁতীরা সেখানে দরখাস্ত আগেই ক'রে গিয়েছিল। কিন্তু দুঃখের বিষয় কাজ তো হ'ল না, এমন কি সুতা পর্যন্ত পেল না এবং যে সমস্ত কমপ্লেন করেছিলাম তারও কোন উত্তর পেলাম না। অথচ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট প্রেস কনফারেন্স ক'রে ব'লে দিলেন, ৭ দিনের মধ্যে আমাদের পক্ষে সম্ভব হবে না। আজকে ১৭ দিন চলে গেল, তাতেও যদি সম্ভব না হয় এবং যদি কোন সদস্য হাউসে রেফার করেন, তা হ'লে মন্ত্রী যদি এখানে নাও বলেন তো তাঁর যাওয়ার পথে মুর্শিদাবাদ জেলা পড়ে, সুতরাং তিনি বাড়ি যাওয়ার পথে সেখানে একটু নেমে জানিয়ে দেবেন দয়া ক'রে যে, দেওয়া হবে কি হবে না। আমরা তা হ'লে তাদের ব'লে দেব যে, তোমাদের জন্য আমরা কিছু করতে পারব না, বলার কর্তব্য ব'লে দিয়েছি, মন্ত্রীর শোনার কর্তব্য শুনেছেন।

শ্রীগণেশচন্দ্র হাটুইঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টি উল্লেখ করতে যাচ্ছি সেটা হচ্ছে একই ব্যাপার, হুগলী জেলার তাঁতশিল্পের চরম সঙ্কট সম্বন্ধে। সরকারী ব্যবস্থায় যেটুকু সুতা দেওয়া হচ্ছে তার পরিমাণ এত অল্প এবং তাতে তাঁতীরা যে হারে সুতা পাচ্ছে তাতে তাঁতীরা ২০ দিনের বেশী কাজ পাবে না। এর ফলে মাসের মধ্যে ১০ দিন তারা বেকার হয়ে বসে থাকছে। বেকার হয়ে বসে থাকার মানে একটি তাঁতীর ৫/৬ জন পোষ্য, এর ফলে, একটি তাঁত বন্ধ হয়ে থাকার মানে ৫/৬ জনকে অনশন ক'রে থাকতে হচ্ছে যার ফলে তাদের মাসের মধ্যে ১০ দিন অনশন করে থাকতে হচ্ছে এবং হবে। এটা একটা ধৈর্যের পরীক্ষা চলছে, জানি না এই পরীক্ষা কত দিন চলবে। স্যার, আরো অদ্ভুত ব্যাপার যে সুতা তাদের দেওয়া হচ্ছে সেটা একই মিলের একই কাউন্টের সুতা একই কোয়ালিটির সুতা তাদের বিভিন্ন দামে বিক্রয় করা হচ্ছে, দামের কোন সামঞ্জস্য নেই। কল্যাণী মিলের ৮০ কাউন্টের সুতার প্রতি ৫ পাউন্ডের দাম হচ্ছে ৭০ টাকা ১০ পয়সা, আর ঐ একই মিলের একই কাউন্টের সুতা সাব-ডিলারের কাছে ৮০ টাকা ১৯ পয়সা। একই মিলের ১০০ কাউন্টের সুতার স্টেট হ্যান্ডলুমের দাম হচ্ছে ৮১ টাকা ৮২ পয়সা, আর ঐ একই কাউন্টের একই কোয়ালিটির, একই মিলের সুতার সাব-ডিলারের কাছে দাম হচ্ছে ৯০ টাকা ৬০ পয়সা। এটা হচ্ছে স্যার, অনুসন্ধান ক'রে আমি যা জানতে পেরেছি তাতে ব্যবসায়ীদের কাছ থেকে যে সুতা সিজ করা হয়েছে, সেই সমস্ত সুতার হার এই রকম বেশী এবং যে ১০০ কাউন্টের সুতা প্রতি ৫ কাউন্টের দাম যা ৯০ টাকা ৬০ পয়সা ধরা হয়েছে, এই দাম গত জানুয়ারি মাস থেকে আমি অনুসন্ধান ক'রে দেখেছি মার্চ মাসের শেষ পর্যন্ত, যা ছিল তা কোন কালে ছিল না। এরা সরকারকে ঠকিয়ে এবং ভুল ক্যাসমেমো দেখিয়ে প্রতারণা করছেন—ব্যবসায়ীরা প্রতারণা করছেন। সেই জন্য এটা দেখা দরকার, কারণ গরীব তাঁতীরা মারা পড়ছেন। যাতে তারা ন্যায্য মূল্যে সুতা পায় এবং সরকারী নিয়ন্ত্রণে যাতে সেটা করা যায় এবং এক দামে যাতে সমস্ত তাঁতীরা পায় তার ব্যবস্থা করতে হবে। তারা যাতে ৩০ দিনের উপযুক্ত সুতা পায় তার ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীনিতাইপদ সরকারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সুতার ব্যাপারে আমরা অনেক দিন ধ'রে বলছি। গত বছর থেকে বলা শুরু করেছি, কলিং অ্যাটেনশন দিয়েছি, কোশ্চেন দিয়েছি, মাননীয় মন্ত্রিমহাশয় আশ্বাস দিয়েছেন, প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে, কিছু হচ্ছে না। এই সেদিন শান্তিপুর বন্ধ হয়েছে, অধ্যাপক অসমঞ্জ দে মহাশয় বলেছেন। তারপর নরেশচন্দ্র চাকী মহাশয় এখানে রয়েছেন, তিনিও এই বিষয়টা এখানে তুলেছিলেন। আমাদের নদীয়ার অবস্থা আরো খারাপ। কারণ, রানাঘাট থেকে শান্তিপুর নবদ্বীপ পর্যন্ত এই লাইনে পর পর কয়েকটা গ্রামের তাঁতরী না খেয়ে রয়েছে। মন্ত্রিমহাশয় প্রতিশ্রুতি দিচ্ছেন যে, সুতা পাওয়া যাবে, কিন্তু সুতা আজ পর্যন্ত পাওয়া যায় নি। আমরা এও জানি সরকার সুতা দিতে পারছেন না, অথচ চোরাকারবারীরা সুতা নিয়ে যাচ্ছে এবং ৬০ কাউন্টের সুতা তারা

প্রায় ১৮০ টাকায় বিক্রি করছে। যে সুতার দাম ১০০ টাকা হওয়া উচিত নয়, সেই সুতা তারা ১৮০/১৯০ টাকা দামে বিক্রি করছে। এক লরী সুতা তারা নিয়ে যাচ্ছিল, সেই সুতা রামনগরের গ্রামবাসীরা গত কয়েকদিন আগে আটক করে। সেখানে প্রায় ৫৫ হাজার টাকার সুতা চোরাপথে যাচ্ছিল, সেটা গ্রামবাসীরা ঘেরাও ক'রে থানায় দিয়েছে, পুলিসের তরফ থেকে কোন কেস হয় নি, কোন অ্যারেস্টও হচ্ছে না। সুতা চোরাপথে পাওয়া যাচ্ছে অথচ সরকারী নেতৃত্বে সুতা বণ্টন হচ্ছে না। কয়েকদিন আগে রানাঘাটের এস ডি ও-কে ঘেরাও করা হয়েছিল, তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, রানাঘাট মহকুমার সমস্ত তাঁতীদের সুতা দেওয়া হবে, তারপর ৩ দিন পার হয়ে গেছে সুতা পাওয়া যায় নি। আমি শুনেছি ১০০ বেল সুতা রানাঘাটে গেছে, কিন্তু কার্ড হয় নি বলে বণ্টন হয় নি। বহুদিন আগে তাঁতীরা দরখাস্ত করেছে, তাদের পারমিট দেওয়ার জন্য আবেদন করেছে, অথচ তাদের পারমিট দেওয়া হচ্ছে না, তারা সুতা পাচ্ছে না। সমস্ত তাঁত বন্ধ, তাঁতীরা না খেয়ে আছে। যে ন্যাশনাল হাইওয়ে নাম্বার ৩৪ গেছে—ঐ হাইওয়ের পাশে যে বড় বড় গাছ আছে সেই গাছ তাঁতীরা ক্ষুধার জ্বালায় অবৈধভাবে কেটে বিক্রি করছে। পেটের জ্বালায় তারা এই কাজ করতে বাধ্য হচ্ছে। কয়েকদিন আগে রানাঘাটের এস ডি ও বলেছিলেন জি আর দিতে পারব না, তবে কয়েকটি টি আর-এর কাজ দেব। যে তাঁতীরা সুন্দর সুন্দর শাড়ি তৈরি করে তাদের টি আর দেবেন বলেছেন, কিন্তু আজ পর্যন্ত সেই টি আর-এর কাজ চালু হয় নি। রামনগর, শান্তিপুর, নবদ্বীপের সমস্ত তাঁতীরা না খেয়ে রয়েছে। দিনের পর দিন তারা ক্ষুধার জ্বালায় রানাঘাটের এদিক সেদিক ঘোরাফেরা করছে। তারা সেদিন এস ডি ও-কে সারাদিন ঘেরাও ক'রে রেখেছিল, কিন্তু সুতার কোন সুরাহা হয় নি। নরেশবাবু, অসমঞ্জবাবু এবং আরো বহু সদস্য এই বিধানসভায় দাঁড়িয়ে বারে বারে সুতার দাবি করেছেন, মন্ত্রিমহাশয়ও বারে বারে সুতা সরবরাহের প্রতিশ্রুতি দিয়েছেন, অথচ তাঁতীরা সুতা পায় নি, দিনের পর দিন তারা না খেয়ে আছে। এই অবস্থা আর সহ্য করা যায় না। এই অব্যবস্থা আর চলতে দেওয়া যায় না। এতদিন বিধানসভায় রয়েছি কোন ব্যবস্থা করতে পারছি না, এবারে গ্রামে ফিরে গিয়ে তাদের কি বলব। একদিকে ক্ষেতমজুররা বেকার, অন্যদিকে তাঁতীরা আবার একটা দারুন দুরবস্থার মধ্যে পড়েছে, আমরা কি জবাব দেব? মন্ত্রিমহাশয়ের কাছে সেজন্য দাবি করছি আজকে একটা সুনির্দিষ্ট ব্যবস্থার কথা ঘোষণা করুন যে, কাল থেকে শান্তিপুর, রামনগর, নবদ্বীপ, পশ্চিমবঙ্গের সমস্ত জেলা, মেদিনীপুর, হুগলী, বহরমপুর, মুর্শিদাবাদ, ২৪-পরগনা সমস্ত এলাকার তাঁতীরা সুতো পাবে। এই রকম একটা সুনির্দিষ্ট আশ্বাস মন্ত্রিমহাশয়কে আজ দিতে হবে। কেন না, আজ হাউস বন্ধ হয়ে যাচ্ছে। এই ব্যবস্থা তিনি যদি না করেন, তা হ'লে আমাদের অন্য পথ গ্রহণ করতে হবে। একজন মাননীয় সদস্য অনশনের হুমকী দিয়েছিলেন কিন্তু কোন ব্যবস্থা হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি মাননীয় মন্ত্রিমহাশয়কে এই বিষয়ে ব্যবস্থা করতে বলুন। আমরা ফাঁকা কথায় সন্তুষ্ট হতে রাজী নই। এই রকম ফাঁকা প্রতিশ্রুতি তিনি বারে বারে দিয়েছেন, কিন্তু সেই প্রতিশ্রুতিতে আমরা ভুলতে রাজী নই।

[2-50—3-00 p.m.]

শ্রীনরেশচন্দ্র চাকীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বিষয়ের উপর আমার বক্তব্য রাখছি। এর আগেও আমি এই বিষয়ে আমার বক্তব্য বিভিন্ন সময়ে বিভিন্ন দিনে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে পেশ করেছি। কিন্তু অত্যন্ত লজ্জা, ঘৃণা, ক্ষোভ ও দুঃখের কথা আজ অবধি আমাদের যারা ভোট দিয়ে নির্বাচিত করেছে, এই বিধানসভায় ঠাণ্ডা ঘরে পাঠিয়েছে সেই সমস্ত অনাহারক্লিষ্ট তাঁতীদের মুখে হাসি ফোটাতে পারিনি। আমরা বন্ধ কলকারখানা খুলে দিচ্ছি, দুর্বল শিল্পকে সবল করছি, কিন্তু অত্যন্ত বেদনার সঙ্গে জানাচ্ছি যে আমার কেন্দ্রে যে ৮/৯টি পাওয়ার লুম মিল আছে সেগুলি সুতার অভাবে বন্ধ হয়ে যাচ্ছে। নদীয়া টেক্সটাইল মিলস লিমিটেড, রানাঘাট, সেখানে ৩৫০ জন কর্মী কাজ করত। গত ৮ই এপ্রিল রাত্রিবেলায় মালিকপক্ষ বিনা নোটিশে, ৯ তারিখে পেমেন্ট দেওয়ার কথা, সেই পেমেন্ট পর্যন্ত দেয়নি, ঐ মিল বন্ধ করে দিয়ে ৯ তারিখে ভোর হতে না হতে সপরিবারে পালিয়ে গেছে। সেখানে ক্লোজারের যে নোটিশ লাগিয়েছে তাতে লিখেছে পশ্চিমবঙ্গ সরকারের কাছে বিভিন্নভাবে সুতার জন্য আবেদন করেছি, কিন্তু সুতা না পাওয়ার জন্য বাধ্য হয়ে মিল বন্ধ করে দিয়ে বেদনার

সঙ্গে আমার বাসগৃহ পরিত্যাগ করে সপরিবারে রানাঘাট ছেড়ে চলে যেতে হল। ৯ তারিখে সকালবেলায় ৩৫০ জন শ্রমিক এসে দেখল মিল বন্ধ। আমি সেই ইউনিয়নের প্রেসিডেন্ট। এই মিলের ৩৫০ জন লোক গতকাল থেকে না খেয়ে আছে। এই নদীয়া টেক্সটাইল মিল ছাড়া আরো যে পাওয়ারলুম মিল আছে সেগুলিও সুতার অভাবে বন্ধ হয়ে যাবে ১৫ দিনের মধ্যে। ৬ হাজার কর্মী সেইসব মিলে কাজ করে। তারা রক্ত দিয়েছে, আশীর্বাদ দিয়েছে, ভোট দিয়েছে এই সরকারকে, তাদের কি কৈফিয়ত, সান্ত্বনা দেব সেটা আমরা পরিষ্কার করে জানতে চাই। শুধু তাই নয়, আমার কেন্দ্রে আরো ৬০ হাজার তাঁতী আছে, তারা হ্যান্ডলুম চালায়। তারা মাথার ঘাম পায়ে ফেলে যা রোজগার করে তাতে সংসার চালাতে পারে না, খেতে পায় না, আজকে সেই তাঁতীরা দিনের পর দিন অনাহারে আছে। এখানে যখন আসি তখন অতীশ সিংহ মহাশয়, জয়নাল আবেদীন মহাশয় বলেন সুতা দেওয়া হবে, জয়েন্ট ডিরেক্টর হ্যান্ডলুম-এর কাছে গেলে বলেন সুতা পাঠান হচ্ছে কিন্তু আমরা যখন রানাঘাটে পেঁছাই তখন তাঁতীরা প্রশ্ন করে সুতা কোথায় গেল, আপনারা বলেছেন সুতা আসছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইসব স্তোক বাক্যে ভুলতে আমরা রাজী নই। আজকে অ্যাসেম্বলী বন্ধ হয়ে যাচ্ছে, এখানে যতক্ষণ থাকি ততক্ষণ আরামে থাকি কিন্তু যখনই ঐ রানাঘাটে যাই......

Mr. Speaker: Mr. Chaki, there are more than 20 Members who have given notice to mention today. If you want that I should not call other Members to express their points then you can go on speaking. But, I think, other Members also want to express their views.

শ্রীনরেশচন্দ্র চাকী: আমার আবেদন অবিলম্বে এইসব তাঁতীদের সুতা সরবরাহ করার ব্যবস্থা করা হোক, আমার রানাঘাটের বন্ধ মিল খুলে দেওয়ার ব্যবস্থা করা হোক এবং তাঁতীরা যাতে তাঁত চালিয়ে পরিশ্রম ক'রে রোজগার করতে পারে তার ব্যবস্থা করা হোক।

শ্রীসরোজ রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাপারটা অত্যন্ত গুরুতর। আজকে হাউস শেষ হয়ে যাচ্ছে। কয়েকদিন আগে ১লা মে মিনিস্টার-ইন-চার্জের সঙ্গে বহু তাঁতী দেখা করেছে, খবরের কাগজ এই সম্পর্কে খবর দিচ্ছে, হাউসে এই প্রবলেম উঠেছে, আজকে হাউস বন্ধ হয়ে যাচ্ছে, কিন্তু মেম্বাররা কোন একটা ডিসিসান এখান থেকে নিয়ে যেতে পারছে না। মেম্বাররা কি করে বাইরে গিয়ে ফেস করবে? গত এক মাস ধরে এই প্রবলেমের কথা বিভিন্ন জেলা থেকে, বিভিন্ন এলাকা থেকে মাননীয় সদস্যরা বারে বারে তুলে ধরেছেন, কিন্তু জিনিসটা অত্যন্ত হালকাভাবে দেখা হচ্ছে। আজকে আমরা তাদের কাছে কি জবাবদিহি করব! তাদের কাছে বারবার নানারকম প্রতিশ্রুতি দিয়ে এসেছি, মন্ত্রিমহাশয়ের কাছ থেকে আমরা সান্ত্বনার কথা পেয়েছিলাম, কিন্তু তার কোন ফল হচ্ছে না। সেজন্য মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করব, তিনি পজিটিভ কিছু বলুন যাতে আমরা বাইরে গিয়ে বলতে পারি।

শ্রীগিরিজাভূষণ মুখোপাধ্যায়: মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা কথা বলতে চাই। আমাদের পশ্চিমবাংলায় যে সুতো তৈরি হয় ১০ থেকে ৮০ নম্বর পর্যন্ত সেই সুতো পশ্চিমবাংলার বাইরে মাদ্রাজ চ'লে যাচ্ছে। কোন্নগরের বেঙ্গল ফাইন সুতো চ'লে যাচ্ছে গুজরাটে। কাজেই আমার বক্তব্য হচ্ছে ফাইন কাউন্টস্, কোর্স কাউন্ট এই সমস্ত সুতো এখান থেকে যে বাইরে চ'লে যাচ্ছে সে সম্বন্ধে একটা স্টেটমেন্ট দিন।

ডাঃ জয়নাল আবেদিন: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুতোর সঙ্কট আছে, তাঁতীদের সঙ্কট আছে সরকার কখনও সেটা অস্বীকার করে নি। মাননীয় সদস্য নিতাইপদ সরকার কিছু অতিরিক্ত কথা যা বলেছেন সেটা আমি কখনও বলি নি। টাইম টু টাইম আমি সুতোর সঙ্কট এবং তাঁতীদের দুরবস্থা সম্বন্ধে নিয়মিত বক্তব্য এই হাউসে রেখেছি। আপনারা জানেন ১৯৭০ সালে হ্যান্ডলুম ডেভলপমেন্ট বোর্ড একটা সিদ্ধান্ত নিল পার লুম পার মান্থ, টোয়েন্টি-ফাইভ ডেজ ইন এ মান্থ ওয়ার্কিং ডেজ ধ'রে, সাড়ে বারো কেজি সুতোর কনজামসন হবে। কিন্তু আমাদের দেশে যারা কোর্স কাউন্টের সুতো ব্যবহার করেন, যাঁরা রাত্রদিন তাঁত চালান, তাঁরা বললেন আমাদের ২০ কেজি পার মান্থ সুতোর দরকার হয়। আমরা চেষ্টা করেছিলাম সুতোর মূল্য আমরা যেন ধ'রে রাখতে পারি। কিন্তু সুতোর মূল্যের এবং ডিস্ট্রিবিউসনের

উপর একটা নিয়ন্ত্রণ এসেছে তার আগে। ভারত সরকার ব্যর্থ হয়েছেন, রাজ্যসরকারও এর সমাধান করতে পারেন নি। বিগত ২৬শে জানুয়ারি ইন এ মিটিং অব অল দি চিফ মিনিস্টার্স অব দি স্টেটস্ কনভেনড বাই দি ইউনিয়ন কমার্স মিনিস্টার বিভিন্ন রাজ্য তাদের অসুবিধার কথা বলেন। আমরা পরবর্তী কালে দেখলাম থার্টিন মার্চ ইউনিয়ন গভর্নমেন্ট সুতোর বিতরণ এবং মূল্যের উপর নিয়ন্ত্রণ জারী করলেন এবং মার্চের অ্যাড-হক কোটা হিসেবে সাড়ে ছয় লক্ষ কেজি সুতো অ্যাড-হক অ্যালটমেন্ট করলেন। আমরা এখানে ক্যালকুলেট করলাম অ্যাট এ মডেস্ট রেট অব নাইন পয়েন্ট ফাইভ কেজি পার লুম পার মান্থ আমাদের এখানে ১ লক্ষ ৬০ হাজার তাঁতের জন্য যেটা রেকগনাইজড বাই দি টেক্সটাইল কমিশনার থেকে ১৫ লক্ষ কেজি মাসে সুতোর দরকার হয় ফর দি হ্যান্ডলুম সেক্টর। কিন্তু আমরা দেখলাম আমাদের সেই দাবি টেক্সটাইল কমিশনার মানলেন না। তিনি বললেন, আমি কতখানি দিতে পারব সেটা আমি পরবর্তী কালে বলব, তবে তোমরা অ্যাড-হক হিসেবে এটা নিয়ে যাও। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর মধ্যে সার্টেন কাউন্টস্ ওয়ান টু টেন সুতো পশ্চিমবাংলায় কখনও ব্যবহার হয় না। বিলো টোয়েন্টি আমাদের ইউজেস খুবই লিমিটেড। এর জন্য সাড়ে ছয় লক্ষ কেজি-র মধ্যে আমরা অ্যাবাউট ফোর লাকস কেজি তুলতে পেরেছি, বাকীটা তুলতে পারি নি ৩টি কারণে। প্রথম নম্বর হচ্ছে, যে কাউন্ট আমাদের এখানে চলে না সেটা হচ্ছে ওয়ান টু টোয়েন্টি অ্যান্ড আপ টু এইটিন। দুই নম্বর কথা হচ্ছে, এর টার্মস্ ছিল ২৫শে ডিসেম্বর, ১৯৭২ সালে যে রেট প্রিভিলেন্ট থাকবে সেই অনুসারে বিক্রি করবে। কিন্তু সার্টেন মিলস্ এমন অবস্থা করে রেখেছে তাতে খুব অসুবিধা হচ্ছে। আমি এই প্রসঙ্গে ইন্ডিয়া জুট মিল, পোদ্দার মিলস-এর কথা বলছি। পোদ্দার মিলস্ বলছে, উই হ্যাভ গট নো প্রোডাকসন ইন মার্চ। ইন্ডিয়া জুট মিল বলছে ২৫শে ডিসেম্বর, ১৯৭২ সাল আমাদের এই রেট ছিল এবং তাতে দেখছি তারা যে রেট বলছে সেটা আমাদের কালোবাজারে যে রেট আছে তার চেয়ে বেশী। আমাদের যে যে অসুবিধা হচ্ছে সেগুলি হ'ল, ডিক্লারেসন অব টেক্সটাইল কমিশনার যেটা আছে তাতে আমরা কিছু সুতো লিফট করতে পারলাম না, মিল বলছে, আমাদের প্রোডাকসন নেই, তারপর তাঁতীরা এই দামে কিনতে সম্মত নয় ব'লে ডিলাররা কিনল না এবং যে কাউন্ট আমাদের সারেন্ডার করতে হ'ল তার কারণ হচ্ছে সেই কাউন্টের সুতো আমাদের এখানে চলে না। ১০ই এপ্রিল এবং

[3-00—3-10 p.m.]

১১ই এপ্রিল জয়েন্ট সেক্রেটারী এবং সেক্রেটারী চলে গেলেন বোম্বেতে টেক্সটাইল কমিশনার একটা মিটিং ডাকলেন সেখানে এবং আমি মুখ্যমন্ত্রী সহকারে এবং এই দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আমাদের রাজ্যের দাবি তুলে ধরলাম ইউনিয়ন কমার্স মিনিস্টারের কাছে। এরা বললেন যে, আমাদের এখানে কোন নিয়ন্ত্রণ ব্যবস্থা নাই। আমরা ইমিডিয়েটলি মিটিং অ্যারেঞ্জ করছি বোম্বেতে। ১০ই এবং ১১ই এপ্রিল মিটিং হ'ল। তখন টেক্সটাইল কমিশনার বলল যে, আমি সাড়ে ৯ কেজি দিতে পারব না, আমি সাড়ে সাত কেজি পর্যন্ত পার লুম পার মান্থ দিতে পারব। আমরা বললাম তাই দাও, যা দিতে পার। আমরা দেখলাম মার্চের পর এপ্রিল ২১ কি ২৩ আমি একজাক্ট বলতে পারব না, কারণ প্রসঙ্গটা হঠাৎ উঠেছে, আমাদের এখানে অ্যালটমেন্ট আসল প্রথমে ৮ লক্ষ ৫১ হাজার কেজির মত সুতোর অ্যালটমেন্ট আসল, কাউন্ট আমাদের ১ টু ১০ দিয়ে দিয়েছে, যে কাউন্ট আমাদের এখানে ব্যবহার হয় না। আমাদের এখানে ৫ লক্ষ সাম অড এটা এসেছিল এবং আমরা ফারদার রিপ্রেজেন্টেশান করার পর ৩ লক্ষ ২২ হাজার কেজি এসেছিল। ৮০ কাউন্টের সুতো। আমরা সঙ্গে সঙ্গে বললাম ১ টু ১০ আমাদের ১ লক্ষ ৪ হাজার কেজি দিয়েছে, এটা আমাদের দরকার নাই। ৮০ কাউন্টের সুতো ৩ লক্ষ ২২ হাজার কেজিও দরকার নাই। কিন্তু ৪০ টু ৬০ কাউন্টের ১ লক্ষ ৬০ হাজার তাঁতের জন্য পার মান্থ ৬ লক্ষ কেজি সুতোর দরকার, ৪০ টু ৬০ কাউন্টের কারণ এখানে ধুতী এবং শাড়ির ব্যবহার খুব বেশী। এর ফলে ২৯শে তারিখে আবার ওরা একটা টেক্সটাইল কমিশনার সব রাজ্যের মানুষদের একটা মিটিং ডাকলেন এবং সেখানে কমার্স সেক্রেটারী লাল সাহেবও উপস্থিত ছিলেন। এবারে যা বললেন এপ্রিল, মে, জুন ৩ টে-কে কোয়ার্টার ধ'রে আমরা প্রত্যেক মাসের সুতো যতগুলি পারি অ্যাড-হক বেসিসে দিয়ে যাবো। কিন্তু কোয়ার্টারে আমরা যেটা অ্যালটমেন্ট দেব সেটা পরিমাণ হবে একটা লুম একদিনে ·১৪০ কেজি

ব্যবহার করবে। অর্থাৎ ১৮০ গ্রাম সুতো ব্যবহার করবে। অ্যাভারেজে একটা লুম একদিনে এবং এক মাসে মাত্র ২৫ দিন একটা লুম-এর কার্যকাল ধরা হবে। তাতে আমরা ওয়ার্কআউট ক'রে দেখলাম এতে একটা তাঁত ১০ থেকে ১২ দিনের বেশী কাজ করতে পারবে না। আমরা সেটা লিফ্‌ট করতে পেরেছি। অনেক সুতো আমাদের এসে গেছে। সঙ্কটটা একদিকে যেমন বরাদ্দ কম, অন্যদিকে এণ্টায়ার ইয়ার্ন মার্কেটটা ক্রেডিটে চলে। যারা লুম থেকে আনত তারা ক্রেডিটে আনছে। এখানে যারা ডিলার ডিস্ট্রিক্টে সাপ্লাই করত তারা ক্রেডিটে দিত এবং ডিস্ট্রিক্ট থেকে তাঁতীদের কাছে দিত তারা ক্রেডিটে। তাঁতীদের কাছে ফিনিসড কাপড় ফেরত দেবার সময় তারা একটা বানী বা মজুরী দিয়ে দিত। মেনলি এণ্টায়ার এসট্যাবলিসমেণ্ট না হ'লে মেজর এসট্যাবলিসমেন্ট তাঁতের এইভাবে চলত। আজকে তাঁতীদের যে মাঝে সঙ্কট দেখা দিল, যার জন্য তাদের মূলধন খেয়ে গেছে। অন্যদিকে আজকে নগদ দামে সুতো ডিস্ট্রিক্ট লেবেলে ডিলাররা সবটা একসঙ্গে নিয়ে নিতে পারছে না। কারণ, তাদের টাকা দিয়ে নিয়ে যেতে হচ্ছে। স্টেট লেবেলের ব্যাপারটা আমরা লিফ্‌ট করতে পেরেছি। সেগুলি আমাদের কাজে লাগবে। কিন্তু ডিস্ট্রিক্ট লেবেলের ডিলাররা বিশেষ ক'রে নদীয়া, হুগলী এবং মেদিনীপুরে এদের এত মূলধন নেই, যা এরা সবটা নিয়ে নিতে পারে। এই জন্য আমরা মাল্টিপ্লিসিটি অব ডিলারসিপ দিয়ে দিয়েছি। কিন্তু সব চেয়ে মুশকিল হচ্ছে তাঁতী নিজে এসে সুতো তুলতে পারছে না। আজকে নিতাইবাবু বললেন একটুকু সুতো দেওয়া যায় নি। আমি বলছি পরিমাণের তুলনায় যেখানে অ্যাভারেজ দাবি ২০ কেজি আমরা মনে করছি ৯॥ কেজি মিনিমাম দেওয়া উচিত সেখানে আমরা ৪॥ কেজির বেশী দিতে পারছি না। সব চেয়ে সমস্যা হয়েছে একদিকে পরিমাণ কম, অন্যদিকে এই ৪॥ কেজি সুতো তোলার মত তাঁতীর হাতে পয়সা নেই, তাদের আবার ঐ মহাজনদের উপর নির্ভর করতে হচ্ছে। সঙ্কটটা এই দিকে। এই জন্য আমরা যে ব্যবস্থা নিয়েছি স্টেট লেবেলে মাননীয় রাষ্ট্রমন্ত্রীকে সভাপতি ক'রে একটা কমিটি করা হয়েছে। তাতে এই হাউসের মাননীয় সদস্য শ্রীপরেশ গোস্বামীও আছেন। এর নিয়ন্ত্রণ ব্যবস্থায় কোথাও যেন ত্রুটি না থাকে, তার জন্য এই ব্যবস্থাটা দেখবার জন্য একটা 'ওয়াচ-ডগ' কমিটি আছে তার সভাপতি আমাদের ভূমিরাজস্বমন্ত্রী, একটা নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে এই বিতরণ এবং প্রকিওরমেন্ট ব্যবস্থা দেখবার জন্য মাননীয় গুরুপদ খাঁন মহাশয় আছেন। আজকে ডিস্ট্রিক্ট লেভেলে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে চেয়ারম্যান ক'রে আমরা এই সুতো বিতরণের দায়িত্ব তাঁদের উপর দিয়েছি, তাঁরা লিফ্‌ট করবেন আজ ডিস্ট্রিক্ট ডিলার এবং তাঁতীদের অ্যালটমেণ্ট ক'রে আমরা যে ইয়ার্ন কার্ড দিয়েছি সেই ইয়ার্ন কার্ডে আমরা হ্যান্ডলুম ডেভেলপমেণ্ট অফিস থেকে পারমিট দিয়ে দিচ্ছি যে, তোমার এত লুম আছে, এত কেজি সুতো তুমি পাবে এই মাসের জন্য। ডিস্ট্রিক্ট লেভেলে কোথাও কোথাও বিধানসভার মাননীয় সদস্যরা আছেন, ডিস্ট্রিক্ট লেভেলেও আমরা এই রকম একটা কমিটি ক'রে দিয়েছি যাঁরা এই নিয়ন্ত্রণটা করবেন ও বিতরণটা করবেন, কোথাও কোন অসুবিধা হচ্ছে কিনা এই তাঁতীদের সুতো পেতে। অন্যদিকে আমরা ব্যাঙ্কের সঙ্গেও কথা বলছি এবং আমাদের হ্যান্ডলুম ডেভেলপমেন্ট অফিসার অ্যান্ড হুইজ ইন্ডাস্ট্রিয়াল অফিসার অলসো, যে লোকালাইজড ব্যাঙ্কগুলি আছে- এখানে মাননীয় ভবতারণবাবু কালকে আমার কাছে গিয়েছিলেন যে সার্টেন সেকশানকে দিতে চাইছে যেখানে সোসাইটি অর্গানাইজড, যেখানে ইনডিভিজুয়াল সেখানে ব্যাঙ্ক অনেক জায়গায় টাকা দিতে চাচ্ছে না। অন্যদিকে আমরা ডিপার্টমেন্টে কথা দিয়েছি যে, বি ডি ও এটা পারে যে স্মল ক্যাপিটালটা যেখানে ইরোড ক'রে গিয়েছে সেখানে মাসিক একশো কি দু'শো টাকা মূলধন হিসাবে বি ডি ও-দের আজকে ভবতারণবাবু আমার কাছে যাওয়াতে সুবিধাই হয়েছে, একশো, দু'শো টাকা হ'লেও তাঁতীদের এতে সুবিধা হবে ব'লেই আমরা বি ডি ও-দের অনুরোধ করবো যে, তোমরা প্রসেস ক'রে দাও, যে তাঁতীদের টাকা নেই এই বি এস আই লোন থেকে একশো কি দু'শো টাকা, এর বেশী দিতে পারবো না, কারণ হোলঅব স্টেটে ফর অল টাইপস্ অব ইন্ডাস্ট্রিজ আমাদের বরাদ্দ হচ্ছে মাত্র ১৫ লক্ষ টাকা, আমরা চাষীদের হাতে কিছু পয়সা তুলে দেবার চেষ্টা করছি। কো-অপারেটিভ ব্যাঙ্ককে আমরা অনুরোধ করেছি তাঁতীদের তারা নিজেদের সেন্ট্রাল ব্যাঙ্কের রিসোর্স থেকে স্থানীয় কো-অপারেটিভ সোসাইটিকে যেন তারা দিতে পারে। আজকে এই ব্যবস্থাগুলি করা চলছে এবং নিতাইবাবু যে কটাক্ষ করেছেন যে, আমরা কিছু করি নি সেটা ঠিক নয়, বিতরণ আমরা ক'রে যাচ্ছি, যেখানে যে রকম পাচ্ছি প্রোরাটা আমরা অ্যালটমেন্ট ক'রে দিয়ে চলে যাচ্ছি।

কিন্তু এই পরিমাণ সুতোতে চলবে না। মাননীয় মুখ্যমন্ত্রী সম্প্রতি দিল্লী থেকে এসেছেন, তিনি এই বিষয় নিয়ে ওখানে দিল্লীর কর্তৃপক্ষের সঙ্গে কথাবার্তা ব'লে এসেছেন। আজকে কমার্স মিনিস্টারের সঙ্গে আমার শেষ কথা হয়েছে যে, ২৫শে মে-র পর টেক্সটাইল কমিশনার এবং সেক্রেটারী টু দি কমার্স মিনিস্ট্রি এঁরা এখানে আসবেন এবং সরেজমিনে তাঁতীদের যে যে অসুবিধা, আমাদের পরিমাণের যে যে অসুবিধা সেগুলি যাতে আমরা মেটাতে পারি সেজন্য ও'রা আসছেন। অন্যদিকে ন্যাশনলাইজড যে সমস্ত টেক্সটাইল মিলস্ আছে এর যে কাউন্টের সুতো আমাদের এখানে ব্যবহার্য সেই কাউন্টের সুতোটা আমাদের মধ্যে দেবার জন্য এখানে টেক্সটাইল কমিশনারের যে সাবর্ডিনেট অফিসার আছেন তাঁকে আমরা অনুরোধ করেছি এবং আমাদের স্টেট লেভেলে ডিলাররা সেই সুতোটা তুলে নিচ্ছেন যেটা আমাদের কাজে লাগবে যদিও সেটার পরিমাণ খুব অল্প। এখানে বলা হয়েছে যে, ৫ লক্ষ টাকার সুতো জমে আছে, ৭ লক্ষ টাকার সুতো জমে আছে এর পরিমাণটা পশ্চিমবঙ্গের তাঁতীদের কাজে লাগে যে কাউন্টটা সেটা কিন্তু খুব অল্প, আবার ৪০ এবং ৬০ এই কাউন্টের সুতো এখানে খুব কম আছে। এই কাউন্টের সুতো আইদার ইন্ডাস্ট্রিয়াল ইয়ার্ন নইলে জাল বা সতরঞ্জিতে ব্যবহার হয়। আমরা সব রকম মিলিয়ে চেষ্টা করছি। আমরা আজকে আমাদের মাননীয় সদস্যদের অনুরোধ করবো, কারণ আজকে তাঁরা তাঁদের নিজেদের এলাকায় ফিরে যাচ্ছেন, এই কথাটা জেনে যাবেন যে, আমাদের যে অ্যালটমেন্ট লেটেস্ট ৪·৫ কেজি টেক্সটাইল কমিশনার আমাদের দিয়েছেন এটা আমরা বিলিবণ্টন করবার চেষ্টা করছি। আমাদের যে লুমেজ আছে ১ লক্ষ ৬০ হাজার এটা আমাদের ফিক্সড, এটা অ্যাকসেপ্টেড বাই টেক্সটাইল কমিশনার। আজকে এর বাইরে এই যে সুতো সংকট আছে ব'লে কেউ যদি কাজ করে, তা হ'লে হঠাৎ তাকে আমরা সুতো দিতে পারবো না, আমাদের কিছুদিন সময় লাগবে। অন্যদিকে সোসাইটিগুলিকে অর্গানাইজ করে, লিড ব্যাংককে অনুরোধ ক'রে তাঁতীদের কিছু পয়সা দেওয়া এবং যেখানে একান্ত দুরবস্থা সেখানে বি এস আই থেকে কিছু লোন যেন বি ডি ও দিতে পারে আপ টু ফোর টু ফাইভ হানড্রেড রুপিস এবং যেটা বি ডি ও হিমসেলফ ক্যান স্যাংসান আপ টু ফাইভ হানড্রেড রুপিস এবং আমরা বি এস আই ফান্ড থেকে ডাইভার্ট ক'রে অর্থের যোগান এখানে ওখানে দেব যেখানে ডিস্ট্রেস তাঁতীদের কনসেনট্রেসান আছে। আমরা অন্যদিকে ভারত সরকারের টেক্সটাইল কমিশনারের সঙ্গে একযোগে এই বিষয়টা নিয়ে লড়ছি যেন আমাদের যে রিকয়ারমেন্টস আট লিস্ট ৯·৫ কেজি সুতো দেয় তার জন্য আমরা চেষ্টা করছি। অন্যদিকে হোসিয়ারির কথা একটু ব'লে দিই। হোসিয়ারি শিল্পের কিন্তু আমি কালকেই স্টেটমেন্ট দিয়েছি এখানে ইনসটল্ড ক্যাপাসিটি ৪৫ পারসেন্ট ইন দি ইউনিটস অব ইন্ডিয়া আমাদের ওয়েস্ট বেঙ্গলে, অথচ আমরা ১৪·৯ পারসেন্ট সুতো পেয়েছি। আজকে এটা এনটায়ারলি চ্যানালাইজ হচ্ছে ফেডারেশন অব হোসিয়ারি ম্যানুফাকচারার্স অ্যাসোসিয়েসানকে দিয়ে। যদি এখানে কমপ্লেন হয়, তা হ'লে আমরা আবার ফরম্যালি রিকোয়েস্ট করবো ভারত সরকারকে যে, সুতোটা তোমরা রাজ্যসরকারকে দিয়ে বিতরণের ব্যবস্থা কর। এখন পর্যন্ত রাজ্যসরকারের নিয়ন্ত্রণে এটা নেই।

[3-10—3-20 p.m.]

এই সমস্ত সংকট যা আমাদের দৈনন্দিন জীবনে দেখা দিয়েছে -এর প্রত্যেকটি ইনডিভিজুয়াল কিবস নিয়ে ভারত সরকার ও টেক্সটাইল কমিশনারের সঙ্গে আলোচনা করেছি এবং এখনো করছি। তাতে আমরা মনে করছি এই সমস্ত সংকটের একটা আংশিক সুরাহা হবে, সমাধান হবে, আমি আগেই বলেছি--এসবের পরিপূর্ণ সুরাহা এখনই করা যাবে না। তবে আমরা যাতে এসবের পরিপূর্ণ সুরাহা করতে পারি তার জন্য কনস্ট্যান্টলি যোগাযোগ করে চলেছি। এর বেশি কিছু আমরা করতে পারি নি। থ্যাংক ইউ।

শ্রীবলাইলাল শেঠঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় একটা ভাইটাল ইস্যু এড়িয়ে গেছেন। আমরা মূল্য পার্থক্যটা তাঁর কাছ থেকে জানতে পারলাম না, আমরা সব মানতে রাজী। আমরা হাউস শেষে গ্রামে ফিরে যাব। আমরা সেখানে কী ভাবে থাকবো! আপনারা তো এখানে পুলিস প্রটেকসনে থাকেন। আমরা গ্রামে থাকি, আমাদেরও তো বাঁচতে হবে! আপনি কেন এর উত্তর দেবেন না? আপনি এতক্ষণ ধ'রে বক্তৃতা দিলেন, মূল্যমানের কথা একবারও বললেন না, মূল্য পার্থক্যের কথা একটুও বললেন না, এ সম্বন্ধে কোন আলোকপাত করলেন না—একটা আশ্চর্য ব্যাপার। আমরা জানি আশি সুতোর বিভিন্ন দাম রয়েছে।

শ্রীজয়নাল আবেদিনঃ সুতার যে প্রিভেলেন্ট রেট আছে ২৫এ ডিসেম্বর, ১৯৭২ তারিখে যে মিলে যে দর ছিল, সেইটাই কারেন্ট রেট হিসেবে দেওয়া হবে। এই ব্যাপারে কোন কালে নিয়ন্ত্রণ ছিল না যখন নিয়ন্ত্রণ হয়, তখনও এক এক মিলের সুতার এক এক রকম দর ছিল, দরের কোন সামঞ্জস্য ছিল না।

শ্রীবলাইলাল শেঠঃ একই মিলের একই কাউন্টের সুতা—যেমন ৮০ কাউন্টের সুতার দু'রকম দাম। এর প্রমাণ আমি দিতে পারি। আমি দায়িত্ব নিয়ে একথা বলছি। আজ বোম্বে সরকার সুতা কন্ট্রোল করেছেন। পশ্চিমবঙ্গ সরকার কেন করতে পারছেন না? আমি পরিপূর্ণ দায়িত্ব নিয়ে বলছি, চোরা পথে হাওড়া হাট থেকে সুতা বাংলাদেশে সাপ্লাই হচ্ছে। এক ৮০ সুতা দু'তিন রকম দামে বিক্রী হচ্ছে। এসম্বন্ধে একটা ব্যবস্থা সত্বর করা দরকার। সরকার কেন এসম্বন্ধে উদাসীন রয়েছেন?

শ্রীমহম্মদ সফিউল্লাঃ এটা একটা কারেক্ট অ্যালিগেসান উনি করলেন। এটা খুবই সঙ্গত দাবি যে, এই সম্পর্কে সরকারী তরফ থেকে ক্লারিফাই করে দেওয়ার দরকার আছে।

শ্রীমহাদেব মুখোপাধ্যায়ঃ আমাদের ওখানে পাঁচশো তাঁতী আছে যারা গামছা তৈরি করে, তাদের ২০ থেকে ২৬ কাউন্টের সুতা দেওয়া হচ্ছে না। সরকার এসম্পর্কে সত্বর ব্যবস্থা করুন।

শ্রীজ্যোতির্ময় মজুমদারঃ মন্ত্রিমহাশয়রা কেবল বিবৃতিই দিচ্ছেন। তাঁতীদের ন্যায্য দামে সুতা সরবরাহ করা হবে—এই প্রতিশ্রুতির ভিত্তিতে তাঁরা তাঁদের অনশন ধর্মঘট তুলে নিয়েছিলেন, প্রত্যাহার ক'রে ছিলেন। অথচ মন্ত্রিমহাশয় বার বার কেবল বলছেন, জোগান নাই, জোগান নাই। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই, সুতার জোগান নাই কেন? তিনি বক্তব্যের মধ্যে বলে ফেললেন, এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার নাকি ব্যর্থ হয়েছেন। জানি না তাঁরা ব্যর্থ হয়েছেন কিনা? কিন্তু আমি বলবো, এই সম্পর্কে বিভাগীয় মন্ত্রীরও একটা নৈতিক দায়িত্ব রয়েছে। এই সম্পর্কে আমরা মেনসন করেছি, কলিং অ্যাটেনসন দিয়েছি, এটা সমগ্র তাঁতীদের জীবিকার প্রশ্ন। মন্ত্রিমহাশয় তাঁর নৈতিক দায়িত্ব এড়িয়ে যেতে পারেন না—এই সব বলে। পশ্চিমবাংলার যে তাঁতী সম্প্রদায় আছে তারা যার উপর নির্ভর করে তাদের জীবিকা, তাদের সেই কথা কলিং অ্যাটেনশন ও মেনসানে উত্তর দিয়েই বিভাগীয় মন্ত্রিমহাশয় সে দায়িত্ব এড়িয়ে যেতে পারেন না। সেই দায়িত্ব উপলব্ধি ক'রে এর সুরাহা করতে অনুরোধ জানাচ্ছি।

শ্রীবারিদবরণ দাসঃ মাননীয় স্পীকার স্যার, একটা গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা চলছিল, তার মাঝে আমি আমার বক্তব্য রাখতে উঠেছিলাম। আমি আমার বক্তব্য রাখছি মাননীয় স্পীকার স্যার, যা অতি গুরুত্বপূর্ণ ও আমি এই সভায় তা আগেও রেখেছিলাম। সেটা বলতে গিয়ে একটা কথা বলি

I will not hesitate to commit a crime and spend the rest of my life in hell if it helps me to achieve at least some good to my country and its people.

স্যার, কথাটা আমার নয়, কোন পলিটিসিয়ানের নয় এই কথা বলেছিলেন জাতীয় জাগরণের শুভক্ষণে যারা এই শুভ দিন এনেছিলেন—স্বামী বিবেকানন্দ তাঁদের মধ্যে একজন, তাঁরা এই কথা বলেছিলেন। আপনার এই সভায় এর পূর্বে স্বামী বিবেকানন্দের যে জন্মস্থান উত্তর কলকাতার গৌর মোহন স্ট্রীটে আছে সেই জন্মস্থান রক্ষা করবার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ ক'রছিলাম। আফসোসের কথা এই মোরশুমে যে বিধানসভা চলাকালীন প্রথম দিকে এই সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও আজ পর্যন্ত তার কোন কিছু হল না। আমার বক্তব্য আমরা আজকে যারা রাজনীতি করি বা পূর্বে করেছেন তাঁদের মধ্যে অনেকে রাজনৈতিক স্থায়িত্ব পেয়েছেন। তাঁদের সবাই স্বামী বিবেকানন্দের কাছে কৃতজ্ঞ—এই কথা বার বার বলেছেন এবং পূর্বের ইতিহাস আমরা জানি। পূর্বের ইতিহাস দেখলে দেখা যায় যে, যে কোন উন্নয়নশীল দেশ সেই সব কটা উন্নয়নশীল দেশই ন্যাশনাল হিরোদের প্রতি মর্যাদা দেখিয়েছে এবং সেই অনুসারে তাঁদের কার্যকলাপ সীমাবদ্ধ করেছেন। কিন্তু আমাদের দেশে ন্যাশনাল হিরোদের প্রতি পূর্ণ মর্যাদা

দেওয়া হয় নি। তার প্রমাণ স্বামী বিবেকানন্দের জন্মস্থান আজও অবহেলিত, এবং এতে জাতীয় কৃতজ্ঞতার অবহেলিত স্থানে প্রকাশ হচ্ছে না ব'লে মনে করি, বিবেকানন্দের উদ্দেশ্যে জাতীয় বিবেক জাগরিত হচ্ছে না। এই কথা মুক্তকণ্ঠে বলতে পারি যে এই বাড়ি যদি আমরা গ্রহণ করি, তা হ'লে একে তীর্থস্থান রূপে রূপ দিতে পারতাম এবং তা হ'লে যুগযুগ ধ'রে যে নূতন মানুষ আসতেন তাঁরা দেখতেন এখানে যে মানুষ জন্মগ্রহণ করেছিলেন, তিনি ভারতবর্ষের জাতীয় জাগরণের এক নূতন অধ্যায় রচনা করেছিলেন। এবং সেই মানুষের উদ্দেশ্য, পৃথিবীর সব কালের সব মানুষের বিভিন্নভাবে শ্রদ্ধা জানিয়েছিলেন। একজন ফরাসী লেখক বলেছিলেন—

> The greatest leaders of the early twentieth century, whatever their work of life, Rabindranath Tagore, prince of posts, Shri Aurobindo Ghosh, the greatest mystic philosopher, Mahatma Gandhi, who eventually shook Anglo-Indian Empire to destruction—all acknowledged their ever rising debt to both the Swan and the Eagle, to RAMKRISHNA, who stirred the heart of India, and to VIVEKANANDA, who awakened its soul.

পণ্ডিত নেহেরু তাঁর ডিসকভারী অফ ইন্ডিয়াতে স্বামীজী'ক সাইক্লোনিক হিন্দু হিসাবে চিহ্নিত করেছিলেন। তিনি যেখানে গেছেন সেখানে নূতন প্রেরণার জন্ম দিয়েছেন। স্যার, আজকে অত্যন্ত দুঃখের সংগে বলছি, আমরা যারা রাজনীতি করি, আমরা সামনে সমাজদর্শনের কথা বলবার জন্য পতাকা মিছিল মিটিং করি, অনেক সুন্দর সুন্দর স্লোগান লিখি দেয়ালে— যে কথা বাহিরে ছিনিয়ে আনি তা অনেকের সামনেরে পড়ে। কিন্তু আজকে স্বামীজীর বাড়ি, এতে রাজনৈতিক দিক থেকে কারুর লাভ লোকসানের জিনিস নেই ব'লে—প্রায় ২৬ বছর ধ'রে বিভিন্ন রাজনৈতিক দলের লোকেরা বা সরকার কেউ আজ পর্যন্ত এর দায়িত্ব গ্রহণ করে নি। স্বামীজীর নাম স্কুলকলেজ, রাস্তাঘাট নিদেনপক্ষে জুতোর দোকানও হয়েছে, কিন্তু স্বামীজীর বাড়ির দিকে হাত দেবার কোন প্রয়োজন বোধ করেন নি। স্বামীজীর নামে বিভিন্ন প্রদেশে লক্ষ লক্ষ টাকা খরচ করা হয়, বিভিন্ন শিক্ষায়তন গ'ড়ে উ'ঠছে, মূর্তি গ'ড়ে উঠেছে, কিন্তু সে জন্মস্থানের সে বাড়িটি গ্রহণ করা হয় নি। সে জন্মস্থান দেখলে আবেগে চোখের জল আসে— যে কোন ভারতবাসীর চোখের জল আসবে। তাই বিধানসভায় দাঁড়িয়ে রাজনৈতিক দলের ঊর্ধ্বে দাঁড়িয়ে এই হুঁশিয়ার রাখতে চাই যে, স্বামীজীর বাড়ি গ্রহণ করতেই হবে- সরকারের এই দায়িত্ব নিতেই হবে। সরকার যদি টাকার কথা বলেন তো বাংলাদে'শর মানুষ তাঁর স্মৃতি রক্ষার্থে লক্ষ লক্ষ টাকা মুষ্ঠিভিক্ষা দিয়ে তা তুলে দিতে প্রস্তুত, সে দায়িত্ব নিতে আমরা প্রস্তুত আছি। আমি হুঁশিয়ারী দিচ্ছি আগেও বলেছি একটা যুক্তিসংগত সময়ের মধ্যে যদি স্বামীজীর বাড়ি গ্রহণ করা না হয়, তা হ'লে আমরা আন্দোলনের পথে পা বাড়াতে বাধ্য হব। তার প্রথম পদক্ষেপ হিসাবে পল্লীর যুবকরা ঐখানে একটা আন্দোলনের পদক্ষেপ আছে। আগামী ২৭শে মে রবিবার সন্ধ্যা ৬টায় বাংলাদেশের সমস্ত চিন্তানায়ক, বুদ্ধিজীবী, সাংবাদিক, নাট্যকার, শিক্ষক, অধ্যাপক, ছাত্রবৃন্দের সাধারণের এক ঐতিহাসিক সমাবেশ আমরা করবো। সেইখান

[3-20—3-30 p.m.]

থেকে আওয়াজ তুলবো, যদি স্বামীজীর বাড়িটিকে না নেওয়া হয় আমরা আন্দোলন তীব্র থেকে তীব্রতর করবো। এ রাজনৈতিক আন্দোলন নয়, জাতির কর্তব্য। স্বামীজীর স্মৃতিরক্ষার দাবি, জাতীয় দাবি। এ দাবির প্রতি যদি বাস্তবভাবে কর্ণপাত না করা হয়, আমরা বৃহত্তর আন্দোলনের পথে পা দেবো। আমি বিশ্বাস করি আমাদের সরকার সুচিন্তিত চিন্তা দিয়ে এই সমস্যার দিকে নজর দেবেন এবং এই সমস্যার সমাধান করবেন এবং আমাদের আন্দোলনের পথে ঠেলে দেবেন না। সবশেষে, একটি কথা ব'লে যেতে চাই, বিভিন্ন রাজনৈতিক দর্শনের মানুষ এখানে আছেন তাঁদের সবাইকে এবং আমা'কও ব'লে যেতে চাই, সেটা হ'ল এই, আজকে বহুদিন আগে খবরের কাগজে একটি গল্প দেখেছিলাম, নেকড়ে শিশু রামু মারা গিয়েছে ব'লে। এক মানব শিশুকে নেকড়েরা চুরি ক'রে নিয়ে গিয়েছিল। নেকড়েরা অনেক সময় মানব শিশু না খেয়ে রেখে দেয়। সেই গুহায় এই নেকড়ে শিশু মানুষ হয়েছিল। কিছুদিন পরে দু'জন

শিকারী জান্তব মানুষের মতো চিৎকার শুনতে পায়, সেখানে গিয়ে দেখেন একটা মানব শিশু জান্তব ভাষায় কথা বলছে, পচা জিনিস কেড়ে খাচ্ছে, পশুপক্ষীদের কেড়ে খাচ্ছে। ওই শিশুটির দিকে তাকিয়ে শিকারীদ্বয় মানব শিশু বুঝে তাকে বাড়িতে নিয়ে এসেছিল। কিছু-দিন পরে শিশুটি মারা গিয়েছিল। ওই নেকড়ে শিশু রামু মানুষের ভাষায় কথা বলতে পারলো না, কথা বলা উচিত ছিল, নেকড়ে শিশু রামুর মানুষের কায়দায় হাঁটা উচিত ছিল, হাঁটতে পারলো না। তার কারণ মানুষ তাকে হাত ধ'রে হাঁটায় নি, কোন মানুষ তাকে কথা বলতে শেখায় নি। বর্তমানকে অস্বীকার ক'রে যারা ভবিষ্যৎ গড়ার চেষ্টা করবেন তারা ভুল পথে হাঁটবেন। বাংলাদেশের আগামী মানুষকে যারা নেকড়ে শিশু রামু করবার চেষ্টা করবেন ইচ্ছায় হোক অনিচ্ছায় হোক তারা ভুল পথে হাঁটবেন। অতীতের কৃতিত্ব দিয়ে যাঁরা বর্তমান গ'ড়ে দিয়েছেন তাঁদের প্রতি পূর্ণ কৃতজ্ঞতা প্রকাশের দাবি রেখে ২৭শে মে রবিবার ঐতিহাসিক সমাবেশ স্বামী বিবেকানন্দের বাড়ির সামনে। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় হিন্দ।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দু'মিনিট সময় চেয়েছি। মাননীয় সদস্য বারিদবরণ দাস যেকথা বললেন এ কেবল তাঁর একার কথা নয় পশ্চিমবঙ্গ বিধানসভার সমস্ত সভ্যদের, পশ্চিমবঙ্গের অধিবাসী যাঁরা আছেন যাঁরা নিজেদের জ্ঞানী, গুণী ব'লে মনে করেন তাঁদের সকলের কথা এবং পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের কথা। মন্ত্রিসভায় যাঁরা আছেন একটা কথাও কেউ বলছেন না, অনেকে নিজেদের জ্ঞানী-গুণী ব'লে দাবি করেন, বিবেকানন্দের জন্মবার্ষিকী সভায় বক্তৃতা করেন, বড় বড় কথার অবতারণা করেন। আজকে যে যুগপুরুষ সমগ্র জাতিকে তৈয়ারি করেছিলেন, যে যুগপুরুষের প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে সুভাষচন্দ্র বসু নেতাজী হতে পেরেছিলেন, যে যুগপুরুষের প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে সমস্ত ভারতবর্ষের মহামনীষীরা তাঁদের আসনে প্রতিষ্ঠিত হতে পেরেছিলেন, সারা বিশ্ব জোড়া যাঁর নাম, কন্যাকুমারীর সমুদ্রের বুকে বিরাট সৌধ হয়েছে যাঁর নামে আজকে পশ্চিমবঙ্গে তাঁর বাসভবন অনাদৃত, অবহেলিত—এটা জাতির লজ্জা, জাতির কলঙ্ক, জাতির অগৌরব। আমি মনে করি মন্ত্রিসভার পক্ষ থেকে যত বড় বড় কথাই বলা হোক না কেন, সমস্ত বড় বড় কথাই অর্থহীন হয়ে যায়, বাগাড়ম্বর হয়ে যায়, মন্ত্রিমশাইয়ের শিক্ষা-দীক্ষা, সংস্কৃতি সমস্ত কিছু অসার হয়ে যায় যদি না যুগপুরুষ বিবেকানন্দকে শ্রদ্ধা এবং সম্মান না জানান যায়। আমি মনে করি বারিদবরণ দাস যেকথা বললেন, আমি যেকথা বলেছি, আপনি হয়তো বলতে পারছেন না, কিন্তু অন্তর থেকে সমর্থন করছেন, অন্তর থেকে আশীর্বাদ করছেন। আমরা যে বিষয়ে বলছি সে বিষয়ের দিকে পশ্চিমবঙ্গের সমস্ত মানুষ ভারতবর্ষের সমস্ত মানুষ এমন কি বিশ্বের বহু দেশের মানুষ যারা স্বামী বিবেকানন্দকে সারা পৃথিবীর একজন অন্যতম শ্রেষ্ঠ মহাপুরুষ ব'লে মনে করেন তারা একটা আবেদন করছেন, এটা অবহেলা নয়, উপেক্ষা নয়, চুপ ক'রে ব'সে থাকা নয়, কেবলমাত্র কাজ না ক'রে আজকে বেশ কয়েকজন মন্ত্রিমহাশয় এখানে আছেন মন্ত্রীদের মধ্যে বেশ কয়েকজন শিক্ষায়-দীক্ষায় সুপ্রতিষ্ঠিত, তাঁরা সুনির্দিষ্ট বক্তব্য বলুন, মন্ত্রিসভার পক্ষ থেকে বিবেকানন্দের বাসভবনকে রক্ষণাবেক্ষণের যথোপযুক্ত ব্যবস্থা করবেন কিনা। যদি আজকে এই মুহূর্তে তাঁদের বক্তব্য না বলেন, তা হ'লে পশ্চিমবঙ্গের মানুষ বুঝবে সারা ভারতবর্ষের মানুষ বুঝবে স্বামী বিবেকানন্দের বাসভবনের প্রতি, স্বামী বিবেকানন্দের প্রতি এই মন্ত্রিসভার মাননীয় সদস্যদের কোন দায়িত্ব নেই, কর্তব্য নেই।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তীঃ মাননীয় স্পীকার মহাশয়, এই যে ঘটনা বারিদবাবু বললেন, আমার মনে হয় শিক্ষামন্ত্রী এখানে উপস্থিত আছেন তাঁর এই সম্পর্কে কিছু বলা উচিত। স্বামী বিবেকানন্দ আমাদের বাঙ্গালীদের মধ্যে প্রথম সমাজতান্ত্রিক চিন্তার প্রকাশ করেছেন। তাঁর প্রতি আমাদের প্রত্যেকের একটা কর্তব্য আছে, অনুরাগ আছে, শ্রদ্ধা আছে। শিক্ষামন্ত্রী এই সম্পর্কে কিছু বলুন।

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টি সত্যি সত্যিই গুরুত্বপূর্ণ। নীতিগতভাবে আমি হাউসের সকল সদস্যদের সঙ্গে এই প্রস্তাবে একমত। এবং আমি চেষ্টা করবো যাতে এটা ঠিকমত পরীক্ষিত হয়ে বাস্তবে কোন একটা মেমোরিয়ালে রূপায়িত হয়।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কবে নাগাত করবেন, সেটা জানতে চাই।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৫শে এপ্রিল, ১০-১০ মিনিট নাগাত অবনী দত্ত নামে এক মদের দোকান কর্মচারীকে গুলি ক'রে খুন করা হয়। তিনি ওখানে একটা মদের দোকানে কাজ করতেন, যে দোকানের মালিক হচ্ছেন একজন সাহা। এই দোকানটি হচ্ছে নলিন শেখ স্ট্রীটে। ঐ কর্মীটি হচ্ছেন ওয়াইন অ্যান্ড লিকার সপের একজন বিশিষ্ট কর্মী। মালিকদের স্বার্থ রক্ষা করার জন্য যে সপ্তাহে একদিন ড্রাই ডে আছে সেটা তুলে দেবার চেষ্টা করায় যে আন্দোলন হয় তিনি তার পাইওনিয়ার ছিলেন। হাইকোর্টে মামলা ক'রে তিনি সেটাকে স্থগিত রেখেছেন। সেইজন্য মালিকের প্রতি বিদ্বেষ ছিল। এবং এই যে হত্যাকাণ্ড, এই হত্যাকাণ্ডের সঙ্গে মালিক শ্রেণী যুক্ত আছে। এই হত্যাকাণ্ড ঘটেছে ২৪শে এপ্রিল। কিন্তু এ ব্যাপারে বড় বাজারের পুলিস কারও বিরুদ্ধে কোন অ্যাকসান নেন নি, কাউকে গ্রেপ্তারও করেন নি। সেইজন্য রাষ্ট্রমন্ত্রী এখানে রয়েছেন, আমি তার কাছে বলবো যে, এ বিষয়ে বিশেষভাবে তদন্ত করা হোক। যারা এর সঙ্গে সংশ্লিষ্ট সেই মালিকগোষ্ঠী তাদের অনুসন্ধান ক'রে দেখা হোক এবং এটা খুব তাড়াতাড়ি করুন। আজকে যদি পশ্চিমবাংলায় এই ধরনের ঘটনা ঘটে, তা হ'লে এই সমস্ত কর্মচারীদের নিরাপত্তা কোথায়? দোকান কর্মচারীদের নিরাপত্তার জন্য আজকে শ্রম দপ্তরের প্রতি দৃষ্টি দেওয়া উচিত। এই যে লোকটা মারা গেছে এর পরিবার পরিজন আছে এবং তারা এর একমাত্র চাকুরির উপর জীবিকা নির্বাহ করতো। তারা কিভাবে জীবন যাপন করবে সেটা দেখা দরকার। কারণ এই মদের দোকান কর্মচারীদের এখনও দোকান কর্মচারী সংস্থার আওতায় আনা হয় নি।

শ্রীবীরেশ্বর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিম দিনাজপুরের জনসাধারণের যে দুরবস্থা সে সম্পর্কে মন্ত্রিসভার কাছে আপনার মাধ্যমে বলতে চাই। এই জেলা মূলত কৃষিপ্রধান জেলা। স্যার, আপনি জানেন গত বছর এই জেলায় খরার জন্য দারুণভাবে ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এই ফসল ক্ষতিগ্রস্ত হবার দরুন জনসাধারণ খুবই দুরবস্থায় পড়ে। এবং এই জেলায় কোন শিল্প বা কারখানা নাই যার উপর গরিব জনসাধারণ কিছু নির্ভর করবে। এই জেলায় গত বছর খরা হওয়া সত্ত্বেও আমাদের জনপ্রিয় সরকার জি আর, টি আর, ক্যাস প্রোগ্রাম, স্পেশ্যাল এমপ্লয়মেন্ট স্কীম ইত্যাদি চালু ক'রে এই খরার মোকাবিলা করেছিলেন। কিন্তু এ বছর দীর্ঘদিন যাবৎ খরা চলছে এবং অল্প কিছু দিন হ'ল সামান্য কিছু বৃষ্টি হয়েছে এবং এই বৃষ্টিতে সামান্য পরিমাণ পাট ও আউশ উৎপন্ন হচ্ছে। কিন্তু এতে চাষীরা কোন আশার আলো দেখতে পাচ্ছে না। তাই সেখানে অনতি বিলম্বে যদি জি আর, টি আর, ক্যাস প্রোগ্রাম চালু করা না হয়, তা হ'লে গরিব জনসাধারণ একেবারে মৃত্যুমুখে পতিত হবে। তাই যাতে সত্বর জনসাধারণের সংস্থানের জন্য এই ব্যবস্থা চালু করা হয় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

[3-30—4-05 p.m. including adjournment]

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষ ধর্মনিরপেক্ষ রাষ্ট্র। এখানে মন্দিরে শঙ্খনাদ, গীর্জায় ঘণ্টাধ্বনি, মসজিদে আজান এবং গুরুদ্বারে গুরু বন্দনা সমস্ত মিলিয়ে সেখানে একই ঈশ্বরের জয় ঘোষণা করে। ভারতের রাষ্ট্রপতি কোনদিনও মানুষের ধর্মাচরণের যে অধিকার, সেই অধিকারে কোন হস্তক্ষেপ করেন নি বা করতে পারেন না। পৃথিবীর কোন সভ্য রাষ্ট্রে এই অধিকারে হস্তক্ষেপ করা হয় না। কিন্তু সেই অধিকারে কেউ হস্তক্ষেপ করতে পারেন না, যে অধিকার এবং মর্যাদাকে সকলেই স্বীকার করেন। কিন্তু সেই অধিকারকে হস্তক্ষেপ করতে পারেন একজন পুলিস অফিসার, হাওড়া জেলার বুকে জগৎবল্লভপুর থানায় তা প্রমাণ হয়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া জেলার অন্তর্গত জগৎবল্লভপুর থানার অধীন পাঁতিহাল মিত্রিগড়ে গত কয়েকদিন আগে একদল জুয়াড়ীকে ধরবার জন্য পুলিসে তাড়া করে। জুয়াড়ীরা জুয়া খেলছিল একটা মাঠের মধ্যে। পুলিসের তাড়া খেয়ে তারা ইতস্তত বিক্ষিপ্ত হয়ে বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়ে। কয়েক জনকে পুলিস গ্রেপ্তার করতে সক্ষম হয়।

তারপর ঐ পাঁতিহাল মিত্রিগড়ের ঘরে ঘরে ঢুকে পুলিস নারকীয় তাণ্ডব চালিয়ে সাধারণ মানুষকে প্রহার করে, বাড়ির মা, বোনদের অপমান করে এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানেই শেষ নয়, যেকথা আমি প্রথমেই শুরু করেছিলাম, অবশেষে ঐ পাঁতিহাল মিত্রিগড়ের সবচেয়ে পুরান দেব মন্দির—মনসা মন্দিরের মধ্যে তারা যায় এবং একজন পুলিস অফিসার জগৎবল্লভপুর থানার, সেই ভদ্রলোক ঐ মনসা মূর্তিকে অপমান করে এবং সেই মনসা মূর্তিকে পদাঘাতে চূর্ণ-বিচূর্ণ করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গের বুকে এই যে ঘটনা ঘটলো একজন পুলিস ডিপার্টমেন্টের সাব-ইন্সপেকটর, হাওড়া জেলার জগৎবল্লভপুর থানার দ্বারা, তিনি এই ঘটনা ঘটালেন—জগৎবল্লভপুর থানার কয়েকজন মানুষ আমার কাছে দেখা করতে এসেছিলেন আমার সঙ্গে। তাদের এই অপমানের খবর পশ্চিমবঙ্গের কোন সংবাদপত্রে প্রকাশিত হয় নি, কোন তদন্ত হয় নি। সেই জন্য তাঁরা আমার কাছে এসেছিলেন, বিধানসভার কেন মাননীয় সদস্য যদি তাঁদের এই দায়িত্ব পালন করেন এই আশায়, যাতে তাদের দুঃখের কথা এবং ধর্মের প্রতি অসম্মানের কথা এখানে বিবৃত করে প্রতিকার প্রার্থনা করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার কাছে আমি অভিযোগ করছি—অভিযোগ করছি এই জন্য যে, একজন পুলিস কর্মচারীর হাতে একদল ধর্মে বিশ্বাসী মানুষের ধর্ম বিপন্ন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রিলিজিয়ান শব্দটা এসেছে গ্রীক শব্দ রিলিক্ গ্রি থেকে। তার অর্থ ধারণ করা। মানুষ গভীর আত্মবিশ্বাসে ধর্মকে ধারণ করেন। রিলিজিয়নে বিশ্বাসী একদল মানুষের ধর্মের উপর আঘাত পড়েছে, জগৎবল্লভপুর থানার মানুষেরা এতে বিক্ষুব্ধ। সমস্ত হাওড়া জেলার মানুষ আজকে বিক্ষুব্ধ হয়ে উঠেছে। আজকে এখানে স্বরাষ্ট্র দপ্তরের কোন মন্ত্রী নেই, অন্যান মন্ত্রীরা রয়েছেন, জগৎবল্লভপুর থানায় যে ঘটনা ঘটলো, সেখানে পুলিস যেভাবে নারকীয় তাণ্ডব চালালো, মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবিলম্বে আমি সেই পুলিস অফিসারের সাসপেনশন দাবি করছি এবং নিরপেক্ষ তদন্তের দ্বারা জগৎবল্লভপুর থানায় যে নারকীয় অত্যাচার হয়েছে, সেই অত্যাচার বন্ধ করার জন্য মন্ত্রিসভার পক্ষ থেকে চেষ্টা করা হোক। এই গুরুতর বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Speaker: Honourable Members, there are a few Members still left. I do not want to disappoint any of the Members today at least. I will try to give chance to almost all the Members who have given notice under rule 351. Before that I adjourn the House for 30 minutes.

(The House was then adjourned for 30 minutes.)

(After adjournment)

[4-05—4-15 p.m.]

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মাননীয় স্পীকার মহাশয়, ন্যাশানাল রবারের বহু শ্রমিক এই অ্যাসেম্বলীতে অভিযান করে এসেছেন। তাঁদের কারখানা বন্ধ হয়ে যাবার আশঙ্কা দেখা দিয়েছে, সেইজন্য তাঁরা গভর্নমেন্টের কাছে তাঁদের বক্তব্য জানাতে এবং যাতে ঐ কারখানা গভর্নমেন্ট অধিগ্রহণ করে তাঁদের কর্মচ্যুতির আশঙ্কা থেকে রক্ষা করেন এবং এইরকম একটা কারখানার দুরবস্থা থেকে তাঁদের রক্ষা করেন সেইজন্য তাঁরা জানাতে এসেছেন। আমি আশা করি মাননীয় শ্রমমন্ত্রী বা অন্য কোন মন্ত্রী তাঁদের সঙ্গে দেখা করবেন এবং গভর্নমেন্ট এ বিষয়ে যথবিহিত ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকে কোলকাতায় টেলিভিসান আসছে, কিন্তু তাতে স্থানীয় প্রতিভা, তাদের ঠাঁই কোথায়? স্যার, আগামী ৫ বছরের মধ্যে সারা ভারতবর্ষের দিগন্ত থেকে দিগন্তে এই টেলিভিসন ব্যবস্থা চালু হবে এবং কয়েক হাজার বেকার যুবকের সেখানে কর্মসংস্থান হবে। এমন কি এমন দিনও আসতে পারে যখন এই কয়েক হাজার থেকে কয়েক লক্ষ বেকার যুবকের কর্মসংস্থান হতে পারবে। সবই হবে স্যার, কিন্তু পশ্চিমবাংলার বেকার যুবকদের মুখে হাসি ফুটবে না। স্যার, এখানকার বেকার যুবকরা কুকুর তাড়িত হয়ে, লাঞ্ছিত

হয়ে এর, ওর দরজায় হানা দিচ্ছে, হা চাকুরি, হা চাকুরি করে ঘুরে বেড়াচ্ছে তাদের জন্য কোন ব্যবস্থা বা সুযোগ এই ব্যবস্থার মধ্যে দিয়ে আসছে না। আজকে পুনাতে এবং মাদ্রাজে টেলিভিসন-এর জন্য প্রশিক্ষণ কেন্দ্র করা হয়েছে। সেখানে টেলিভিসন আসার আগে থেকেই সেই বম্বের বা মাদ্রাজের ছেলেদের সেই শিক্ষায় শিক্ষিত করে তোলা হচ্ছে আর কোলকাতায় যখন আসবে, বাঙ্গালীর ছেলেরা যখন যাবেন তখন তাঁরা বলবেন, তোমাদের কারিগরী যোগ্যতা নেই। তাই আমি সরকারের কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে কোলকাতায় একটা প্রশিক্ষণ কেন্দ্র খোলার ব্যবস্থা করা হোক যাতে টেলিভিসান এলে এরা উপযুক্ত মর্যাদা নিয়ে সেই জায়গায় নিযুক্ত বা নিয়োজিত হতে পারে। স্যার, আজকে পশ্চিমবঙ্গের যে শান্তি সেটা শ্মশানের শান্তি, একটা বিস্ফোরক অবস্থা, যে কোন মুহূর্তে আমাদের এই পশ্চিমবঙ্গের শান্তি বিঘ্নিত হতে পারে এই বেকার সমস্যা যদি আমরা দূর করতে না পারি, একথা বুঝতে আমাদের যেন ভুল না হয়। আজকে শতাব্দীর অভিশাপ পশ্চিমবঙ্গ বয়ে নিয়ে বেড়াচ্ছে, তাই এই বেকার যুবকদের মুখের দিকে তাকিয়ে আমি সরকারকে বলব যে, দিল্লীতে যে বোম্বাইকা বাবুরা, বোম্বাইকা আমলারা এই ব্যবস্থা করেছেন সেটার অবিলম্বে প্রতিবিধান করতে হবে। পশ্চিমবাংলার মানুষ এটা মানতে পারে না, মানবে না, মানছে না। আমি দাবি করছি, অবিলম্বে কোলকাতায় এরকম একটা প্রশিক্ষণ কেন্দ্র খোলা হোক।

শ্রীশীশমহম্মদঃ মাননীয় স্পীকার মহোদয়, আমি আজকে অত্যন্ত ব্যথাবেদনা এবং দুঃখের সঙ্গে আপনার মাধ্যমে হাউসে আমার কয়েকটি বক্তব্য রাখতে চাই। মাননীয় স্পীকার মহোদয়, আজকে পশ্চিমবাংলার সর্বক্ষেত্রে হাহাকার, অনাহার, মৃত্যুর সংবাদ আমার কানে এসে পৌঁছাচ্ছে। খবরের কাগজে দেখছি এবং এর পূর্বেও আমি বিধানসভায় আমার এলাকা সম্বন্ধে বলেছিলাম যে, সেখানে খাদ্যের অভাব চরম আকার ধারণ করেছে। মানুষ অনাহারে মরণের দিন গুনছে। আজকে আমার কাছে খবর এসেছে, আমার ঔরঙ্গবাদ বাজারে যে তাঁতশিল্প আছে, সুতার অভাবে সেগুলি বন্ধ হয়ে যাচ্ছে। এই তাঁতশিল্প বন্ধ হবার ফলে সেখানে কাজ বন্ধ হয়ে যাচ্ছে এবং কাজ বন্ধ হবার ফলে তাদের রোজগার নেই। মাননীয় স্পীকার মহোদয়, অত্যন্ত দুঃখের সঙ্গে, পরিতাপের সঙ্গে বলতে চাই যে, ঔরঙ্গবাদে তাঁতের বাজারে ৪ জন মারা গেছে। তাদের নাম আমি বলে দিচ্ছি। কানাইলাল দাস, বয়স ৩৫ বৎসর, ক্ষুদিরাম দাস, বয়স ৩৪ বৎসর, প্রভাস দাস, বয়স ১৭ বৎসর এবং দুরীবালা দাস, বয়স ৪০ বৎসর। মাননীয় স্পীকার মহোদয়, আজকে বিধানসভার অধিবেশন বন্ধ হয়ে যাচ্ছে, আজকে আমরা নিজের এলাকায় যাব, আজকে এই যে তাজা রক্তের মানুষগুলি মারা গেছে তাদের পরিবারের কাছে আমরা কি নিয়ে যাব? বারবার পশ্চিমবাংলার খাদ্যের পরিস্থিতির কথা বলে আমরা মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, জি আর পাঠাবার জন্য ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, সুতা পাঠাবার জন্য জয়নাল আবেদিন সাহেবের দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু আজকে সভা উত্তপ্ত হয়েছিল, সরকার পক্ষের বহু সদস্য অভিযোগ তুলেছিলেন সেখানে জয়নাল আবেদিন সাহেব একটা বক্তব্য দিয়ে বুঝিয়ে দিলেন। যেভাবে তাঁরা বক্তব্য রেখেছেন সেইভাবে যদি আমরা বক্তব্য রাখতাম, তা হ'লে সেটা আর এস পি ডাস্টবিনে পড়ে গেছে, তাদের ক্ষীণ সুর। আজকে তিনি জবাব দিতে পারেন নি, এটা সকলে স্বীকার করবেন। এর পূর্বে ১৭ তারিখে মেনশনের আলোচনাকালে তাঁতশিল্পীদের কথা যখন হয়েছিল, সেই সময় জঙ্গীপুরে সাব-ডিভিশন্যাল অফিসারের কাছে সেখানকার লোকজন ডেপুটেশান নিয়ে গিয়েছিল এবং আমি তার কপি মাননীয় স্টেট মিনিস্টার অতীশ সিংহ মহাশয়ের কাছে দিয়েছিলাম। কিন্তু আমার এলাকার এই সুতা সমস্যার সমাধান আজ পর্যন্ত হল না। আজকে বাংলাদেশের ঘরে ঘরে হাহাকার। বাংলাদেশের ছোট ছোট বাচ্চা ছেলেরা বাবা-মায়ের কাছে কান্নার রোল তুলেছে। আজকে কোথায় নেপাল, কোথায় হিমালয় পরিভ্রমণ করে বেড়াচ্ছেন, মানুষ আজকে গাছের পাতা খেয়ে দিন কাটাচ্ছে। সুদূর সাগরদীঘি থেকে ঔরঙ্গবাদ পর্যন্ত ঘাস বিক্রি করতে চাচ্ছে, কিন্তু ঘাস কেনার লোক নেই। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে চাই, এই যে মরণ, এই যে মৃত্যু এর জন্য কৈফিয়ত দেবেন কে, সরকার এর জন্য দায়ী নয় কি? আমরা বার বার সময় থাকতে ব্যবস্থা নেবার কথা বলেছিলাম, কিন্তু সরকার সেই ব্যবস্থা নেন নি। কেবলমাত্র বিবৃতি দেবার জন্য বক্তৃতা দেবার জন্য তাঁরা গদীতে এসেছেন। মাননীয়

স্পীকার মহাশয়, আজকে বিবৃতি এবং বক্তৃতায় মানুষের পেট ভরবে না। মানুষের প্রয়োজন আজকে খাবারের। মানুষ আর কিছু চায় না, আজকে তারা এক মুষ্টি খাবারের জন্য লালায়িত। যে রেশন ব্যবস্থা আছে, সেই রেশন ব্যবস্থায় মাত্র ৫০০ গ্রাম করে দেওয়া হয়, কিন্তু সেই ৫০০ গ্রাম রেশন তারা কি করে নেবে, তাদের রোজগার কোথায়! কিন্তু সুতোর ব্যবস্থা যদি করতেন, তা হলে একটা উপায় হত। কিন্তু সেই সুতার ব্যবস্থা করলেন না, করতে পারবেন না। তাই বলছি, এই সুতা ব্যবস্থা হাতে নিয়ে আজকে তিনি ব্যর্থতায় পর্যবসিত হয়েছেন, একথা শুধু আমি বলছি না, সমগ্র পশ্চিমবঙ্গের জনসাধারণ একথা বলছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ রাখছি যে, মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় অবিলম্বে আমাদের জঙ্গীপুর সাব-ডিভিশানে তন্তুজীবীদের জন্য জি আর-এর ব্যবস্থা করুন। আর তা যদি না করেন, তা হলে আমাদের জন্য বিকল্প ব্যবস্থা করতে হবে এই কথা জানিয়ে যাচ্ছি।

[4-15—4-25 p.m.]

শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৯৬১ সালে রবীন্দ্র শতবার্ষিকী উৎসবে পশ্চিমবঙ্গ সরকার বর্ধমান শহরে ৪ লক্ষ টাকা ব্যয়ে একটা রবীন্দ্র ভবন তৈরি করবার পরিকল্পনা গ্রহণ করেন। এই উদ্দেশ্যে সরকারী উদ্যোগে একটা ক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করা হয়। এই কমিটি সরকারী, বেসরকারী, বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি এবং কয়েকজন ডোনারদের নিয়ে গঠিত হয়। বর্ধমান বিশ্ববিদ্যালয় সংলগ্ন একটা মনোরম পরিবেশে উদ্যানের মধ্যে পাঠাগার সহ এই ভবনটিতে একটি অডিটোরিয়াম তৈরির পরিকল্পনা গ্রহণ করা হয়। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে, গত ২৫এ বৈশাখ সন্ধ্যায় কবিগুরুর জন্মদিনে প্রখ্যাত সাহিত্যিক শ্রীসুমথনাথ ঘোষ মহাশয় কবিগুরুর প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের সময় বলেন যে, রবীন্দ্রনাথের ব্যক্তিগত ভাবাদর্শে মনোরম পরিবেশে এই ভবনটি তৈরি হচ্ছে বলে তিনি আনন্দ প্রকাশ করেন। বর্ধমান শহরের নাগরিকবৃন্দ আজকে প্রায় ৭৫ হাজার টাকা দান করেন এই ভবনটি তৈরির জন্য। সরকারী দেয় টাকার মধ্যে ৬০ হাজার টাকা পাওয়া গেছে। এই ভবনটির অডিটোরিয়াম ছাড়া বাকি অন্য সব অংশ প্রায় শেষ হয়ে গেছে। ১ হাজার আসনবিশিষ্ট ৩ তলা এই অডিটোরিয়ামটি অর্ধ-নির্মিত হয়ে বর্তমানে পড়ে রয়েছে। উপরের ছাদ ফাঁকা অবস্থায় রয়েছে। এটা সম্পূর্ণ তৈরি করার জন্য সরকারী প্রতিশ্রুতি অর্থসাহায্যের প্রয়োজন আছে। বর্ধমান শহরে এই রবীন্দ্র ভবনটি তৈরি করা একান্ত প্রয়োজন। কারণ, এটা তৈরি করা হচ্ছে একটা গুরুত্বপূর্ণ শহরে। সম্প্রতি ভরত-পুরের আবিষ্কার প্রমাণ করে যে, পশ্চিমবঙ্গের পুরাতন ইতিহাস আশ্রিত ঐতিহ্যমণ্ডিত স্থান এই বর্ধমান। তা ছাড়া এই রবীন্দ্র ভবনটি তৈরি হচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয় এলাকার মধ্যে। তাই আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং এই অর্ধসমাপ্ত অবস্থায় যে ভবনটি রয়েছে তা যাতে অবিলম্বে সম্পূর্ণ করা হয় এই দাবি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকেশবচন্দ্র ভট্টাচার্যঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে স্বায়ত্তশাসনমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অচিরে তাঁর হস্তক্ষেপ দাবি করছি। আপনি জানেন যে, প্রচণ্ড দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে যাঁরা নিয়মিত বেতন পান তারা সংসার চালাতে পারছে না। এই অবস্থায় গত ৩ মাস যাবৎ অশোকনগর মিউনিসিপ্যালিটির কর্মীরা বেতন পাচ্ছেন না ফলে তাঁদের জীবনে একটা নিদারুণ দৈন্য নেমে এসেছে। আজ সকালে সেই মিউনিসিপ্যালিটির কর্মীদের আত্মীয়রা আমার বাড়িতে এসেছিল। তাঁরা তাঁদের দুঃখের কথা এবং না খেয়ে থাকার কথা, দারিদ্র্যের কথা আমাকে বলেছেন। আমি দাবি করছি যেখানে মিউনিসিপ্যালিটিকে সরকারের স্বায়ত্তশাসন বিভাগ বেতন দেন সেখানে আজকে কি করে তিন মাস কর্মীরা বেতন পাচ্ছেন না। আজকে তাদের জীবন নিদারুণ দারিদ্র্যের শেষ সীমায় এসে পৌঁচেছে। আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি অচিরে আপনি নিজে ব্যক্তিগতভাবে হস্তক্ষেপ করুন যাতে এইসব কর্মচারীরা বেতন পান এবং তাঁদের পরিবারের সকলকে যাতে তাঁরা আসন্ন মৃত্যুর হাত থেকে বাঁচাতে সক্ষম হন সেদিকে লক্ষ্য রেখে এই সভার সকলের আমি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীগোবিন্দ চ্যাটার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরপাড়া জেনারেল হাসপাতাল যা আমাদের এই বিধানসভা থেকে মাত্র ৮ মাইল ব্যবধানের মধ্যে অবস্থিত, তাতে এমন কতকগুলো অবস্থা এবং পরিকল্পনা বিহীনতা চলছে যার ফলে সাধারণ মানুষ রোগী রোগিণীর জীবন দুর্বিষহ অবস্থা এসে দাঁড়িয়েছে। রোগীদের আউট-ডোর-এ দেখানোর জন্য বা ভর্তির জন্য এক মাইল দূরে অনুরূপ গভর্নমেন্ট হসপিট্যাল নামে একটা ছোট্ট সংস্থা আছে সেই সংস্থা থেকে টিকিট করে এসে জেনারেল হাসপাতালে ভর্তি হতে হয়। আউট-ডোরের রোগীদের বসার কোন জায়গা নেই। যার ফলে একটা প্রচণ্ড ভীড়ের মধ্যে আউট-ডোর ডিপার্টমেন্টগুলো চলছে। এছাড়া মুমূর্ষু রোগীদের তথাকথিত গভর্নমেন্ট হাসপাতাল থেকে সরকার পরিচালিত হাসপাতালে আনার পথে অনেক রোগী যাঁরা ক্রিটিক্যাল কণ্ডিসনে আছেন তাঁরা রাস্তায় মারা যান এবং দুঃখের কথা হচ্ছে এই মারা যাবার পরে সেই মৃত রোগীদের উপর ইঞ্জেকসান দিয়ে নিজেদের দায়িত্ব এড়ানোর চেষ্টা করা হয়। এছাড়া হাসপাতালে কোন মর্গের ব্যবস্থা নেই। মৃত রোগীদের নিয়ে এসে পোস্টমর্টেমের সিস্টেম নেই। মৃত ব্যক্তিদের যে দেহবিশেষ সেগুলিতে প্রাণিকুলর একটা ভোজনের ব্যবস্থা হয়ে যায়। চোখ, কান, নাক সমস্ত অংশ আঁচড়ে খুবলে খেয়ে যাচ্ছে, তারপর অবশিষ্টাংশ পরিজনের কাছে হ্যান্ড ওভার করা হয়। এইরকম একটা দুরবস্থা চলছে। হাসপাতাল গৃহের মধ্যে গরু, মহিষ, কুকুর এই সমস্ত প্রাণী যথেচ্ছভাবে বিচরণ করছে। তার কারণ হচ্ছে এখানে উপযুক্ত দরজা নেই, কোলাপসেবল গেট নেই, এইরকম একটা বিশ্রী অবস্থা চলছে। কলেরা বা বসন্তের রোগীদের জন্য কোনরকম আইসোলেশন ওয়ার্ড-এর ব্যবস্থা নেই। অ্যাম্বুলেন্স একটা আছে, কিন্তু অধিকাংশ সময় বিকল হয়ে থাকে, ওষুধপথ্য যা আছে তা আর বলবার নয়। হসপিট্যাল সুপারিন্টেনডেন্ট যিনি আছেন, তিনি রিটায়ার করে গিয়েছেন। ইনকামবেন্ট নিয়োগ-এর ফলে যিনি আছেন সেই ভদ্রলোক দায়সারা কাজ করে যাচ্ছেন। সেখানে যে স্টাফ কোয়ার্টার আছে তাতে না আছে বাথরুম, না আছে জল, এমন কি কিচেন-এর পর্যন্ত কোন ব্যবস্থা নেই। এই অবস্থা উত্তরপাড়া হাসপাতালে চলছে এবং এই অবস্থার মধ্যে রোগীদের চিকিৎসা করা হচ্ছে। তাই আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, অবিলম্বে উত্তরপাড়া জেনারেল হসপিটালের এই অবস্থা দূর করে একটা সুব্যবস্থা গ্রহণ করা হোক, না হলে রোগীরা প্রচণ্ড অবহেলিত হচ্ছেন।

শ্রীরবীন্দ্রনাথ ঘোষ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালে প্রগতিশীল গণতান্ত্রিক মোর্চার পক্ষ থেকে ১৭ হাজার চাকুরি দেওয়ার যে প্রতিশ্রুতি মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায়, অর্থাৎ মাননীয় মুখ্যমন্ত্রী দিয়েছিলেন তার পরিপ্রেক্ষিতে আমাদের হাওড়া জেলার মন্ত্রী মাননীয় মৃত্যুঞ্জয়বাবু আমাদের কাছে বলেছিলেন যে, কোটা হিসাবে এক একজন এম এল এ-র ৩০ জনের লিস্ট দেওয়ার কথা। সেই অনুযায়ী আমাদের উলুবেড়িয়া দক্ষিণ কেন্দ্রের অবহেলিত দরিদ্র ৩০টি কৃষক ঘরের ছেলের নাম দিয়েছিলুম আমার এলাকার। অন্যান্য পাশের এলাকার কিছু কিছু লোকের চাকুরি হয়েছে এবং হাওড়া হুগলি ইত্যাদি জায়গা থেকে এসে আমাদের ওখানেই এমপ্লয়মেন্ট পেয়েছে। আমাদের উলুবেড়িয়া কৃষক এলাকা এবং সেই ৩০ জন কৃষক ঘরের ছেলের নাম দিয়েছিলাম, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী তিনি হাওড়া জেলার মন্ত্রী, তাঁর হাতে দিয়েছিলাম, কিন্তু আজও পর্যন্ত সেই ৩০টি ছেলের চাকুরি হয় নি বা চাকুরির কোনরকম আশা তারা দেখতে পাচ্ছে না। আমার এলাকার পাশের এলাকার কিছু কিছু ছেলের চাকুরি হচ্ছে। সুতরাং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কি জানতে পারি, যে ৩০ জনের তালিকা আমি পেশ করেছিলাম, তাদের এমপ্লয়মেন্টের কেন ব্যবস্থা হয় নি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ যদি উলুবেড়িয়া দক্ষিণ কেন্দ্রের ছেলেদের চাকুরি নিয়ে রাজনীতির ব্যবস্থা হয়, তা হলে আমি জানি যে ৩০ জনকে চাকুরি দিয়ে ঐ কেন্দ্রের সকল সমস্যার সমাধান হবে না, বা বেকার সমস্যারও সমাধান হবে না। ঐ কেন্দ্রে ১ লক্ষ লোকের বসবাস। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৭ হাজার লোকের চাকুরির কথামত আমি ৩০ জনের নাম-এর তালিকা পেশ করেছিলাম আমাদের হাওড়া জেলার নেতা এবং মাননীয় মন্ত্রী মৃত্যুঞ্জয়বাবুর কাছে। আমি আপনাকে অনুরোধ করছি যে, আপনি তদন্ত করে দেখবেন ঐ ৩০ জনের দরখাস্ত ফাইলে বাঁধা আছে, না ডাস্টবিনে পড়ে আছে এবং সেটা দয়া করে জানাবেন।

শ্রীসত্য ঘোষালঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টা আলোচনা করতে চাইছি সেটা একটু অন্য ধরনের। আমাদের এখানে ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট সার্ভিসের, সাব-অ্যাসিস্টেন্ট ইঞ্জিনীয়ারদের যে অ্যাসোসিয়েশন আছে, তাদের কয়েকটা দাবি আছে। এই ওয়েস্টবেঙ্গল সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ারস অ্যাসোসিয়েশন, যা ১৯৭১ সালে প্রতিষ্ঠিত হয়েছে। ১৯৭১ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে আজ পর্যন্ত তাঁরা তাঁদের দাবিদাওয়া নিয়ে বার বার আবেদন-নিবেদন জানিয়েছেন। এমন কি মুখ্যমন্ত্রীর কাছে তাঁরা সাত বার আবেদন করেছেন এবং তাঁর কাছে বসে একটা আলোচনা করবার সুযোগ তাঁরা দাবি করেছেন। কিন্তু দুঃখের বিষয় সে

[4-25--4-35 p.m.]

সুযোগ আজ পর্যন্ত তাঁরা পান নি। না পাবার ফলে তাঁরা সেখানে মুখ্যমন্ত্রীর কাছে একটা চিঠি লিখতে বাধ্য হয়েছেন এবং তাতে তাঁরা জানিয়েছেন ২৭এ মের মধ্যে যদি তাঁদের সঙ্গে আলোচনা করা না হয়, তা হ'লে তাঁরা বৃহত্তম আন্দোলনের পথে যাবেন। তাঁদের অনেক রকম দাবিদাওয়া আছে। এগুলি যে ন্যায়সংগত একথা সরকারের অনেক বিভাগ স্বীকার করেছেন। আমি একথা বলছি এখন যে, ১৯৭১ সালে একটা অ্যাসোসিয়েশন হবার পর যাদের কাজকে আমরা মূল্যবান বলে মনে করি, সেই সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়াররা ২ বছরের মধ্যে একবারও তারা আলোচনা বৈঠকে বসার সুযোগ পেল না তাদের সম্পর্কে এই যে ইনজাস্টিস এবং ডিসক্রিমিনেশন এটা তাদের হতাশার দিকে ঠেলে দিচ্ছে এবং তার ফলে তারা বৃহত্তম আন্দোলন করার কথা চিন্তা করছে। তাদের সম্পর্কে প্রথম থেকেই একটা অবিচার করা হচ্ছে। যেমন আমরা লক্ষ্য করলাম ফাস্ট পে কমিটি অন্যান্য সাবর্ডিনেট সার্ভিস-এর ক্ষেত্রে যেখানে ১৫০ থেকে ৩০০ টাকা স্কেল মঞ্জুর করেছেন সেখানে তাদের জন্য করেছেন ১২৫ থেকে ২৫০ টাকা। সেকেন্ড পে কমিটি অন্যদের জন্য করল ২৫০–৪৫০, কিন্তু তাদের বেলায় করল ২০০—৪০০। ফাস্ট পে কমিশন ১৯৬৭-এ বসেছিল। তারা অর্থনৈতিক ক্ষেত্রের কথা বিবেচনা করল না। অন্য দিকে তাদের যারা সাবর্ডিনেট সেই সার্ভেয়ার ড্রাফটসম্যানদের স্কেল এক করল। অথচ আমরা সকলেই জানি এদের ইঞ্জিনীয়ারিং ডিপ্লোমা পেতে হয় এবং ড্রাফটসম্যানদের তা পেতে হয় না। অথচ এরকমভাবে তাদের প্রতি অবিচার হচ্ছে। সেজন্য তারা এর প্রতিকারের দাবি করছে। তারা চেয়েছে তাদের বেতনের হারটা পুনরায় সংশোধন করা হোক। আগে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল করা হবে।

Irrigation and Waterways Department, Chief Engineer, Public Works Department, Chief Engineer, Public Health (Engineering), Chief Engineer, Agro-Irrigation, Chief Engineer.

এ'রা সকলেই তাদের দাবিকে ন্যায়সংগত এবং জাস্ট বলেছেন এ বিষয়ে আলোচনার জন্য আজ পর্যন্ত তারা বসার সুযোগ পায় নি। ২৭এ মে-র মধ্যে যদি মুখ্যমন্ত্রী তাদের সঙ্গে আলোচনায় না বসেন, তা হলে তারা বৃহত্তম আন্দোলনের দিকে যাবে। সেজন্য আপনার মাধ্যমে আমি মন্ত্রিসভা ও মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, তাদের ফ্রাস্ট্রেশন-এর পথে ঠেলে দেবেন না। ইনজাস্টিস রিপিটেড মানে জাস্টিস ডিলেড। সুতরাং তাদের সম্পর্কে সরকার যেন একটা সিদ্ধান্ত গ্রহণ করেন এবং আলোচনায় বসেন—এই অনুরোধ জানিয়ে আমি শেষ করছি।

ডাঃ কানাইলাল সরকারঃ স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হল, নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বেড়ে যাচ্ছে। এ কথা হয়ত অধিবেশনে অনেকবার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, কিন্তু জানি না আপনারা এর কতটা গুরুত্ব দিয়েছেন। আমরা যখন প্রথম মন্ত্রিসভায়, আমি তখন দেখেছি যেসব মানুষ দু বেলা খেতে পেত আজ জিনিসপত্রের দাম বেশী হবার ফলে তারা এক বেলাও খেতে পারছে না। যদি এইভাবে চলতে থাকে, তা হলে অনাহারে তাদের দিন কাটাতে হবে। আজ সারা পশ্চিমবাংলায় একটা অশান্তির গুঞ্জন চলছে এই মূল্যবৃদ্ধির ফলে। এই মূল্যবৃদ্ধির আমি একটা তালিকা দিচ্ছি। অর্থাৎ সরকার যখন গঠিত হয়েছিল তখনকার চেয়ে এখন জিনিসপত্রের দাম কি হয়েছে সেটা দিচ্ছি। যখন এই সরকার হয়েছিল তখন ডালের দাম ছিল ১·৫০ পয়সা, এখন সেটার দাম হয়েছে

২·৪০ পয়সা, চিনির দাম ২·৭৫ থেকে ৩·৮০ পয়সা হয়েছে, যেসব মাছ ৫ টাকায় পাওয়া যেত তার দাম এখন হয়েছে ৮ টাকা, মাংসের দাম ৬ টাকা থেকে ৯ টাকা—অবশ্য মাংস ব্যবসায়ীরা বলছে যে, মাংস চাষ হচ্ছে না—আলুর দাম ৬০ পয়সা থেকে ১·১০ পয়সা, পেঁয়াজ ৫০ পয়সা থেকে ৮০ পয়সা, সরষের তেল ৫·৪০ থেকে ৬·৪০ পয়সা, কাপড় যেটার দাম ১১ টাকা ছিল তার দাম হয়েছে ১৫ টাকা, কেরোসিন তেল ২ টাকা লিটারে বিক্রি হচ্ছে। এইভাবে যদি নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বাড়তে থাকে, তা হলে সরকার গঠন করার কোন সার্থকতা থাকবে না। মন্ত্রিসভাকে তাই অনুরোধ করব যেসব গরিব লোক যারা অনাহারে দিন কাটাচ্ছে তাদের জন্য সাবসিডাইজড রেট-এ রেশনের ব্যবস্থা করুন যাতে তারা দু বেলা খেতে পারে।

শ্রীকাশীনাথ মিশ্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এখানে রাখছি। আজকে অধিবেশন প্রায় সমাপ্ত হতে চলেছে, এবারে কেন্দ্রে যাবার পালা, সেখানে গেলে প্রথমেই একটা জিজ্ঞাসার চিহ্ন কি হল? সেই কি হল কথাটার অর্থ হল আপনারা যে শিল্পের কথা বলেছেন, বাঁকুড়াতে যে নাইলন ফ্যাক্টরী, মিনি-স্টীল করবেন বলেছেন, আজকে দীর্ঘ ৩ মাসের পর কেন্দ্রে গেলে সেখানে আছে জিজ্ঞাসার চিহ্ন কি হল, কতদূর হল, এবারে কি বলব হচ্ছে, হবে, চেষ্টা করা হচ্ছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে চির অবহেলিত, লাঞ্ছিত বাঁকুড়ায় শিল্প বলতে বিড়ি শিল্প, তাঁত শিল্প আছে। সেই তাঁত শিল্প বর্তমানে মৃতপ্রায় এবং বিড়ি শিল্প আজকে ধ্বংসের দিকে গেছে। আজকে যখন আমরা নতুন আলো পেয়েছিলাম যে, সেখানে একটা নাইলন ফ্যাক্টরী হবে এবং সেই নাইলন ফ্যাক্টরী করার জন্য এক বছর আগে আই ডি সি লেটার অব ইন্টেন্ট দিয়েছিলেন, তখন কেন সেটা বন্ধ হল জানতে পারলাম না। সেখানে একটা বেসরকারী প্রতিষ্ঠানকে দেওয়া হয়েছিল মিঃ জালান তার নাম, সেই জালান কোম্পানীর ম্যানেজার ছিলেন মিঃ সিংহ, তাঁরা এটা করবার উদ্যোগ নিয়েছিলেন, কিন্তু জানি না কার কালো হস্তক্ষেপে সেটা বন্ধ হল। বাঁকুড়ার মত অনগ্রসর জায়গায় যখন কেন্দ্রীয় সরকার বলছেন শিল্প করব, পশ্চিমবঙ্গ সরকার যেখানে বলছেন শিল্প করব, তখন সেখানে যদি শিল্প করা না হয়, তা হলে ওখানে গিয়ে আমাদের বিপদে পড়তে হচ্ছে। আপনি হাউস খুলে রাখলে ভাল হত। আমরা ওখানে গিয়ে কি উত্তর দেব। যখন মানুষ যুবকরা এসে আমাদের কাছে বলবে যে, আমাদের চাকুরি দিন, তখন আমরা তাদের কি বলব, আমরা চাকুরি কোথায় পাব বলুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়াকে যেভাবে অবহেলা করা হয়েছে, ঘৃণা করা হয়েছে তার কোন সদুত্তর পেয়ে গেলাম না। সেখানে একটা নাইলন ফ্যাক্টরী হওয়ার কথা ছিল, সেখানে কেন্দ্রীয় সরকার ১৪০ কোটি টাকা পশ্চিমবঙ্গ সরকারের শিল্পোন্নয়ন কর্পোরেশনকে টায়ার, স্কুটার, ইস্পাতের কারখানা খোলার জন্য দিচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জিজ্ঞাসা করি নকশাল হল কি করে? আজকে বেকার যুবকদের কাজে নিযুক্ত করতে হবে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভাকে অনুরোধ জানাচ্ছি বাঁকুড়াতে অবিলম্বে কিছু করুন, বাঁকুড়া চির অবহেলিত হয়ে আছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীদুর্গাদাস বাউড়িঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলায় সর্বত্র নিদারুণ খাদ্যাভাব, ১৬ লক্ষ মানুষের মধ্যে ৬ লক্ষ প্রায় অনাহারে দিন কাটাচ্ছে। এই জেলার রঘুনাথপুর, নিতুড়িয়া ও মাতুড়ি ব্লকের অবস্থা ভয়াবহ। মানুষের কাজ নেই, ঘরে অন্ন নেই, জি আর ও টি আর-এর কাজ বন্ধ। গ্রামাঞ্চলে প্রচণ্ড বেকারী, রঘুনাথপুর এলাকার তফসিলী সম্প্রদায়ভুক্ত প্রায় ৪০ হাজার মানুষ বিপর্যয়ের সম্মুখীন, অবিলম্বে প্রতিকারের জন্য ত্রাণমন্ত্রী তথা পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমহবুবুল হকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কতকগুলি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন, গত বছরে খরা হয়েছে, এবারে বেশ কিছু দিন খরা চলল, আমরা ভেবেছিলাম যে এবারেও

আমাদের দেশকে সম্পূর্ণভাবে খরা গ্রাস করবে, কিন্তু সুখের বিষয় আমাদের দেশে খরা কেটে গেছে. ঝড় এবং শিলা বৃষ্টি হয়েছে। এতে একদিকে যেমন আমরা আনন্দ বোধ করছি তেমনি আর একদিকে ঝড়ের ফলে, শিলা বৃষ্টির ফলে বাড়ি-ঘর নষ্ট হয়ে গেছে, পড়ে গেছে।

[4-35—4-45 p.m.]

আজকে সাধারণ মানুষ খেতে পারছে না। আমি এই বিষয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি তারা যাতে জমি, বাড়ি পায় এবং লাল ফিতার বন্ধনে তাদের গৃহনির্মাণ ঋণ যাতে আটকে না থাকে তার ব্যবস্থা করুন। আমি আর একটা ব্যাপারে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কৃষককুলের মধ্যে যেমন একটা আনন্দের সাড়া পড়েছে ঠিক তেমনি একটা বিষাদের ছায়াও নেমে এসেছে। আমরা দেখছি তারা আজকে চাষ করতে পারছে না। চাষের প্রধান অবলম্বন বলদ বা গরু। কিন্তু আমরা দেখতে পাচ্ছি আজকে খরার জন্য তারা সেইগুলি বিক্রয় করছে, তাদের গরু নেই। গরু কেনার জন্য যে ঋণ দেওয়া হয় সেটা অল্প দেওয়া হয়েছে। আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি তাদের যেন ক্যাটেল পার্চেজ লোন বেশী করে দেওয়া হয়। আমরা জাতীয় সমস্যার কথা, জাতীয় সংকটের কথা বলি, খাদ্য সংকটের কথা বলি। কিন্তু আমরা যদি সময়মত সার এবং বীজ দিতে না পারি, তা হলে আমাদের জাতীয় সংকট দূর করা যাবে না। আমাদের এই যে জাতীয় সংকট এক্ষেত্রে কেন্দ্রীয় সরকার দিচ্ছে না একথা বললে হবে না. আমাদের যেটা আছে সেটা নিয়েই আমাদের এগিয়ে যেতে হবে। আমরা যদি সার, বীজ দিতে পারি, আমরা যদি গরু দিতে পারি তা হলে আমার মনে হয় আমরা খাদ্যসংকট দূর করতে পারব। কাজেই আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি গরু কেনার জন্য এবং সার, বীজ কেনার জন্য টাকা দিতে হবে।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন আগে খবরের কাগজে দেখলাম কলকাতা মহানগরীকে পরিষ্কার করবার অভিপ্রায়ে পৌরমন্ত্রী পৌর কমিশনারের কাছে জল এবং জঞ্জালের উপর রিপোর্ট চেয়ে পাঠিয়েছেন। মাননীয় স্পীকার মহাশয়, এই পৌর কমিশনারের কার্যকলাপ, পৌর কমিশনারের কর্তব্যে গাফিলতি, পৌর কমিশনারের কর্তব্যের ত্রুটির জন্য এই বিধানসভা সোচ্চার হয়ে উঠেছিল। এই বিধানসভার মাননীয় সদস্য আবদুল বারি বিশ্বাস, সুকুমার বন্দোপাধ্যায় এবং আরো মাননীয় সদস্যরা সোচ্চার হয়ে তদন্ত কমিশনের দাবি করে, তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হোক এই দাবি জানিয়েছিলেন। কিন্তু আবার দেখছি আমলাতন্ত্রের উপর পুরোপুরি নির্ভরশীলতা এবং তার ফলে আবার হয়তো একই ধাঁচে, একই কায়দায় রিপোর্ট আসবে, অল ক্লিয়ারড আপ। মাননীয় স্পীকার মহাশয়, আমলাতন্ত্রের উপর চাপ সৃষ্টি করে মন্ত্রিমহাশয় ব্যক্তিগত দায়িত্ব নেওয়ার ফলে কলকাতার মানুষ পরিচ্ছন্নতার আলো দেখেছিল, কিন্তু আবার দেখছি সেই একই হাল-চাল। আমরা এম এল এ হস্টেলে থাকি, আমাদের হেল্থ মিনিস্টার দায়িত্ব নেওয়ার পর লক্ষ্য করেছিলাম, ঘন ঘন লরি আসতো, রাস্তাঘাট কিছুটা পরিষ্কার থাকতো, অফিসাররা কিছুটা ঠেলা বুঝেছিল এবং তাঁদের রাস্তাঘাটে দেখা যেত। কিন্তু ৩।৪ দিন ধরে দেখছি, কোথায় সেই অফিসার, কোথায় লরি, কোথায় তাদের রাস্তায় চলাফেরা—জঞ্জাল স্তূপীকৃত হয়ে দুর্গন্ধময় অবস্থার সৃষ্টি করেছে। মাননীয় স্পীকার মহাশয়, আজকে বিধানসভার অধিবেশন পরিসমাপ্তি হবার সঙ্গে সঙ্গে আমরা মফঃস্বলের লোকেরা মফঃস্বলে চলে যাবো কলকাতা ছেড়ে। কিন্তু লক্ষ লক্ষ কলকাতার এই যে বস্তিবাসী, তাদের কি অবস্থা হবে? আজকে দেখছি কলেরা সংক্রামিত হচ্ছে, কিন্তু কোথায় তার প্রতিষেধক ব্যবস্থা? তাই পৌরমন্ত্রীর কাছে আবেদন আমলাতন্ত্রের উপর নির্ভর না করে ব্যক্তিগতভাবে হস্তক্ষেপ করুন, কলকাতা মহানগরীকে কলেরার মহামারীর হাত থেকে রক্ষা করুন। আমলারা যা লিখে দেবেন তার উপর সরকারী প্রশাসন ব্যবস্থা চলতে পারে না, পৌর স্বার্থে মন্ত্রিমহাশয়ের প্রচেষ্টায় কর্মীরা যে ধর্মঘট প্রত্যাহার করেছে, তার জন্য নিশ্চিতভাবে মন্ত্রিমহাশয় অভিনন্দনযোগ্য। কিন্তু আমার আবেদন হচ্ছে, আমলাতন্ত্রের উপর নির্ভর-

শীল না হয়ে ব্যক্তিগত তদারকিতে এই মহানগরী পরিচ্ছন্ন করার ব্যবস্থা করুন। আমাদের পৌরমন্ত্রী অসুস্থ, তাই আমি আপনার মাধ্যমে তাঁর কাছে আমার এই অনুরোধ পৌঁছে দিতে চাই যে, আরো হাই-র‍্যাংকিং অফিসারকে রাস্তায় নামান, কলকাতার ২৩টি ওয়ার্ডে ১০০টি ভ্যাট আছে, সেখানে গিয়ে হাই-র‍্যাংকিং অফিসাররা ব্যক্তিগতভাবে সরেজমিনে তদন্ত করুন। কলকাতা করপোরেশনের প্রশাসনিক নজির থেকে দেখতে পাচ্ছি, কলকাতা পৌর কমিশনার যখন ছিলেন মিঃ কুট্টি, তিনি ব্যক্তিগতভাবে রাস্তায় রাস্তায় ঘুরে কলকাতা মহানগরীকে আবর্জনার স্তূপ থেকে নিষ্কৃতি দিয়ে পরিচ্ছন্ন করে গড়ে তুলতে চেষ্টা করতেন। এবং যে নজির আমরা ইতিপূর্বে রেখেছি কলকাতার ইতিহাসে সেই নজির সামনে রেখে কলকাতা মহানগরীকে আবর্জনা স্তূপ থেকে রেহাই দিয়ে পরিচ্ছন্ন পরিবেশ গড়ে তোলবার চেষ্টা করা হয়েছিল। আমি স্যার, সেই দাবি করছি এবং এই কলকাতার আবর্জনা সরানোর জন্য অসুস্থ পৌরমন্ত্রীর কাছে যাতে আমার বক্তব্য পৌঁছে দেওয়া হয় সেই ব্যবস্থা যেন অবলম্বন করা হয়। কলকাতা মহানগরীকে বাঁচান এবং ঐ কমিশনারের উপর নির্ভরশীল না হয়ে ব্যক্তিগতভাবে সরেজমিনে কলকাতা মহানগরীর পৌরসভাকে পরিচালনা করুন, এই দাবি আমি জানাচ্ছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমরা ইতিপূর্বে আপনার মাধ্যমে এই বিধানসভায় সাধারণ মানুষের কথা বলবার সুযোগ পেয়েছি, কিন্তু আগামী কাল থেকে সে সুযোগ আর পাব না এবং আমরা এম এল এ-রা এই পৌর কমিশনার সম্পর্কে আপনার মাধ্যমে সুনির্দিষ্ট অভিযোগ পেশ করেছি। এই পৌর কমিশনার একজন বড় আমলা আমরা জানি। এই পৌর কমিশনার আজকে পশ্চিমবঙ্গকে চ্যালেঞ্জ করেছে এবং সেই সঙ্গে সঙ্গে জেলা প্রতিনিধিদেরও চ্যালেঞ্জ করেছে। তার কারণ কলকাতার জঞ্জালের যে অবস্থা, যে জঞ্জাল এখনও সর্বত্র রয়েছে কয়েকদিন আগে আমরা কয়েকজন এম এল এ পৌর কমিশনারের কাছে গিয়েছিলাম, আমি তাঁকে সেই ব্যাপারে বলাতে তিনি গম্ভীরভাবে আমার দিকে তাকিয়ে তিনি যেন মনে মনে বললেন যে তুমিও আমার বিরুদ্ধে বলছ এবং বললেন যে, ঐ সব জঞ্জাল-টঞ্জাল কিছুই পরিষ্কার হবে না মশায়। কলকাতা যেমন চলছে তেমনি চলবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা পশ্চিমবঙ্গকে চ্যালেঞ্জ, এটা আমাদের সরকারকে চ্যালেঞ্জ। অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই আবেদন করছি মাননীয় পৌরমন্ত্রীর কাছে তিনি যেন অপদার্থ পৌর কমিশনারের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করেন এবং তা করে এটা প্রমাণ করুন যে, কোন আমলার বেয়াদপি পশ্চিমবঙ্গ সরকার সহ্য করবেন না।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় স্পীকার মহাশয়, এখন মেনশন হচ্ছে. আপনি স্যার, পৌর মন্ত্রিমহাশয়কে ডেকে একটু বলুন, এসব কি হচ্ছে, আমরা এই যে চিৎকার করে বলছি সেই সম্বন্ধে কি ব্যবস্থা গ্রহণ করবেন এখানে এসে একটু বলুন, সেদিনও বলা হয়েছে এবং আজকেও আমরা বলছি, আমরা আজকে চলে যাব। এই সমস্ত ঘটনা যা ঘটছে তাতে এসে তিনি বলুন যে, কলকাতা বাঁচবে কি বাঁচবে না। কলকাতার লোকেরা থাকবে না কলেরায় শেষ হয়ে যাবে। স্যার, আপনি একটু ডেকে মন্ত্রিমহাশয়কে বলুন।

Mr. Speaker: Mr. Biswas, so many burning problems are being mentioned on the floor of the House and the Ministers are taking mental notes on these points. Certainly they will take action.

শ্রীমহম্মদ দেদার বক্সঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আজকে মরা বাঁচার যে সমস্যা এবং যেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যা সেটা আমি এই সভায় আপনার মাধ্যমে রেখে সমগ্র মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। কেননা, আজকে দেখছি মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় এখানে অনুপস্থিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আপনিও গ্রামের লোক, যদিও কলকাতাতে থাকেন আমরাও গ্রাম থেকে এসেছি, যদিও কিছুদিন হল কলকাতাতে আছি কিন্তু এই পশ্চিমবাংলায় নিত্যব্যবহার্য দ্রব্য—চাল ডাল গম সরষের তেল কেরোসিন ও কাপড়ের দাম কিরকমভাবে বেড়ে গিয়েছে। গরিব জনসাধারণের সাধ্যের বাইরে চলে গিয়েছে। আজকে পশ্চিমবাংলার

গ্রামজীবনে শহরাঞ্চল থেকে গ্রামবাংলার অবস্থা অন্য রকম। গ্রামে তাদের কাজ নেই। সেই দরিদ্র জনসাধারণ তাদের রেশনে চাল বা গম যেটা দেওয়া হয় তাও ঠিকমত মোটেই পায় না এবং গম যা দেওয়া হয় এবং আপনি স্যার, জানেন, যারা পায়রা পোষেন তারা জানেন যে, পায়রা ২৫০ গ্রাম কি ৫০০ গ্রাম খোরাক খায়, সে গমও তারা পাচ্ছে না। উপরন্তু ফুড কর্পোরেশন থেকে যে দর দেওয়া হয়েছে কুইন্টাল প্রতি—৭৬ টাকা করে সংগ্রহ করা হবে সেই গম আমরা জানি ১৪০ টাকা কুইন্টাল খোলা বাজারে। গমটা যে সংগ্রহ করার নির্দেশ দেওয়া হয়েছে এবং তার জন্য দোকান খোলা হয়েছে ও এজেন্ট করা হয়েছে, কিন্তু সেই গম যেখানে সংগ্রহ হচ্ছে সেখানে বিলির কোন ব্যবস্থা নেই। আজকে আমাদের গরিব মা, বোন, ভাইরা তাঁরা লজ্জা নিবারণ করতে পারছেন না, তাঁরা খাটবার জন্য যে বাইরে আসবেন তাও আসতে পারছেন না, কাপড়ের মূল্য এত বৃদ্ধি পেয়েছে যে, তা কেনা তাদের সাধ্যের বাইরে। তা ছাড়া আমরা দেখেছি মুর্শিদাবাদ জেলাতে অবহেলিত সিডিউল্ড কাস্ট এবং ট্রাইবরা তারা আজকে গাছের তলাতে বাস করছে। তাদের টেম্পোরারী হাউস থাকলেও তাদের ঘরে খাবার থাকে না। তাই বলছি গ্রামবাংলার চিত্র অত্যন্ত ভয়ানক। তারা যাতে দু' মুঠো খেতে পায় সেদিকে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। এই দাবি জানিয়ে আমি শেষ করছি। জয় হিন্দ।

[4-45—4-55 p.m.]

ডাঃ শক্তিকুমার ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৭ই এপ্রিল, ১৯৭৩ তারিখে বি ডি ও-দের উপর একটা নোটিস গিয়েছে যে, এখন ডিপ টিউবওয়েল এবং লিফট ইরিগেশনের দ্বারা যে জল দেওয়া হয় চাষীদের সেই জলের ট্যাক্স বৃদ্ধি করা হয়েছে। আগে এই ট্যাক্স ১৫ টাকা ছিল এখন শুনলে অবাক হতে হয় যে, মন্ত্রিমহাশয়ের নির্দেশে যে ট্যাক্স বেড়েছে সেই ট্যাক্স হচ্ছে ৯৬·৫০ পয়সা। এই ৯৬·৫০ পয়সা ট্যাক্স ১৫ টাকা থেকে বৃদ্ধি পেয়ে হয়েছে। আজকে চাষীদের মাথায় হাত পড়ে গিয়েছে যে, এই জলের ট্যাক্স তারা কি করে দেবে, এখন এমন কি নোটিস দিয়েছে, যারা ১৫ টাকা ট্যাক্স দিয়েছে তাদের সেই ট্যাক্সের উপর আবার ৮১·৫০ পয়সা ট্যাক্স পুনরায় না দিলে আর তাদের জল দেওয়া হবে না। তাদের ধান নষ্ট হয়ে যাবে। এই রকমভাবে যে নির্দেশ মন্ত্রিমহাশয়ের কাছ থেকে গিয়েছে, এই নির্দেশের তালিকা আমি এই হাউসের সামনে পড়ে শোনাচ্ছি আপনার মাধ্যমে, মন্ত্রিমহাশয়কে শোনাবার জন্য।

Mr. Speaker: Mr. Bhattacharya, it has already been mentioned on the floor of the House. The entire chart has been reported .

ডাঃ শক্তিকুমার ভট্টাচার্য: যাই হোক, এখানে আমার বক্তব্য হচ্ছে, এই জলের ট্যাক্স বসানো হয়েছে এবং অবিলম্বে এটা প্রত্যাহার করে নেওয়া হোক। এখন চাষীদের খুব দুর্দিন, চাষীদের ঘাড়ে সেস চাপানো হয়েছে, ৯ বিঘার ওপর যাদের জমি আছে তাদের খাজনা বৃদ্ধি করা হয়েছে। এই রকম ক'রে চাষীদের ঘাড়ে যে ট্যাক্স বসানো হচ্ছে তাতে চাষী কখনো বাঁচতে পারে না। এইদিকে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীপ্রশান্তকুমার সাউ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিশেষ জরুরী একটি অদ্ভুত জিনিসের কথা উল্লেখ করছি। এটা অদ্ভুত এই জন্য যে, মাননীয় স্পীকার মহোদয়, আপনি জানেন যে, গত সপ্তাহে কলকাতা বিশ্ববিদ্যালয়ের পার্ট টু পরীক্ষার রেজাল্ট আউট হয়েছে। কিন্তু অতীব দুঃখের কথা যে ইংরাজী অনার্সে একটি ছেলে- যা রেজাল্ট আউট হয়ে গেল, কিন্তু পার্ট ওয়ান পরীক্ষায় দ্বিতীয় পত্রে চূড়ান্ত নম্বর তার হল না, অথচ পরীক্ষার রেজাল্ট আউট তার হয়ে গেল। প্রসঙ্গতঃ একটা কথা আমি বলি যে, আমার এলাকার এই ছেলেটি গত ১৯৬৯ সালে হিউম্যানিটিস সেকসানে প্রথম হয়েছিল। সেই ছেলেটি প্রেসিডেন্সী কলেজে ইংরাজী অনার্স নিয়ে ভর্তি হয়েছিল। পার্ট ওয়ান পরীক্ষার চারটি পেপারের মধ্যে তিনটি পেপারে সে ফার্স্ট ক্লাস নম্বর পায় এবং একটা পেপারে ফার্স্ট ক্লাসের চেয়ে একটু কম

নাম্বার পায়, তখন তার হেড অফ দি ডিপার্টমেন্ট এবং তার নিজের চেষ্টায় সেই পেপারটিকে রিভিউ কমিটিতে পাঠিয়ে দিয়েছিলেন, তার পেপার এবং আর একটি মেয়ের, তারও পেপার। কিন্তু মেয়েটি তার পেপারে রিভিউ কমিটির উত্তর পেল, অথচ এই ছেলেটির যে কি হল, রিভিউ কমিটির কোন উত্তর তার কাছে গেল না, অথচ পার্ট টু-র রেজাল্ট আউট হয়ে গেল। গ্রামবাংলার ছেলে বলেই কি তার উপর ইনজাস্টিস করা হল, আমি এটা ঠিক বুঝতে পারছি না। তাই আমি, মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব, তিনি যেন ব্যক্তিগতভাবে জিনিসটা এনকোয়্যারী করেন। আজকে গ্রামবাংলার ছেলেরা, যারা কিছু পেতে চায়, যারা সত্যিকারের নিজেদের প্রতিষ্ঠিত করতে চায়, তারা এইভাবে ইউনিভার্সিটির চক্রান্তে পড়ে হারিয়ে যাবে তা কোন প্রকারেই বরদাস্ত করা উচিত নয়। কারণ আমরা জানি পূর্ব ভারতে এই কলকাতা বিশ্ববিদ্যালয়ের একটা বিশেষ গৌরব রয়েছে, শিক্ষা-জগতে তার একটা বিশেষ ভূমিকা রয়েছে। আজকে যদি এইভাবে গ্রামের ছেলেরা ঠিকমত সুযোগ পায়, সুবিচার পায়, তা হলে নিজেদের তারা সার্থক করে তুলতে পারে। যাকে ফার্স্ট করে দেওয়া হয়েছে, তাকে রিভিউ কমিটিতে কোন মার্কস দেওয়া হয় নি। এটা কি অদ্ভুতভাবে ঘটল তা আমরা বুঝে উঠতে পারছি না। তাই আপনার মাধ্যমে আমার দাবি, এই রিভিউ কমিটিকে আবার সাফল করা হোক এবং নিউট্রাল একজামিনারকে দিয়ে তার সেই পত্রটিকে আবার একজামিন করিয়ে তার রেজাল্ট বের করা হোক।

শ্রীনাসিরুদ্দিন খানঃ নিশ্চয়ই ঐ মেয়েটির উপর মহলে আত্মীয়স্বজন কেউ আছেন, যিনি ফার্স্ট করিয়ে দিয়েছেন।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ আমি অবশ্য সেকথা বলতে চাই না। আমি চাই প্রোপার জাস্টিস থাকবে এই গুরুত্বপূর্ণ ব্যাপারে।

শ্রীপ্রশান্তকুমার সাউঃ এই ছেলেটি ১৯৬৯ সালে হিউম্যানিটিজে ফার্স্ট হয়েছিল। এই কি তার অপরাধ? সে নিশ্চয়ই অনার্সে ফার্স্ট ক্লাস পেতে পারে। আমি চ্যালেঞ্জ করে বলছি। একটা নিউট্রাল রিভিউ কমিটির সামনে তার পেপারটি আনা হোক। তা হলে একটা সুবিচার পেতে পারবে। সে ফার্স্ট হয়ে, আবার নও কেলিবারের ছাত্র।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ এটা স্যার একটা পর্জিটিভ অভিযোগ। মন্ত্রিসভার তরফ থেকে এ বিষয়ে তদন্ত করে দেখবে, এই রকম আশ্বাস এখানে থাকা দরকার। একটা ভাল ছেলের জীবন নিয়ে ছিনিমিনি খেলা চলে না। এই হাউস মাসের শেষ হয়ে যাচ্ছে। এই অভিযোগ সম্পর্কে মন্ত্রিসভার সদস্যদের কেউ বলুন যে, এই ব্যাপারে উপযুক্ত তদন্ত করে দেখে অভিযোগ-কারী সদস্যকে চিঠি দিয়ে জানান হবে—দিস ইজ দি রেজাল্ট।

শ্রীসুধীরকুমার বেরাঃ কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার রেজাল্ট বেরুতে ন'মাস লেগেছে। তারপরে রেজাল্ট অনেক ইনকমপ্লিট রয়ে গেছে। ছেলেরা পরীক্ষা দিয়ে বসে রইল কবে তাদের রেজাল্ট কমপ্লিট হবে। মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো, তিনি যেন ছেলেমেয়েদের জীবন নিয়ে এই রকম ছিনিমিনি না খেলেন।

শ্রীতুহিনকুমার সামন্তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে একটা ঘটনার কথা জানাই। এই দুঃখজনক ও লজ্জাজনক ঘটনাটা ঘটে বাঁকুড়া জেলার মেজিয়া থানায়। আমি আশা করি স্বরাষ্ট্রমন্ত্রী এর গুরুত্ব তাঁর বিবেকের সাহায্যে উপলব্ধি করতে পারবেন। মধ্য কলকাতার যুবকংগ্রেসের সাধারণ সম্পাদক নিখিল বন্দ্যোপাধ্যায়, বাড়ি তাঁর বাঁকুড়ার মেজিয়া থানায়। তিনি সামান্য ছোটখাট ব্যাপারে থানায় যান, এই থানার ও সি-র বিরুদ্ধে নানা রকম অন্যায় অত্যাচারের অভিযোগ স্থানীয় এম এল এ বার বার করেছেন। এই ও সি-র একটা বিশেষ রাজনৈতিক দলের প্রতি আনুগত্য আছে ও তার সমর্থক। এই নিখিল বন্দ্যোপাধ্যায়ের কোন কথা ও সি শুনলেন না। উপরন্তু তিনি বন্দ্যোপাধ্যায়ের কাছে জানতে চাইলেন, আপনি

আর কতদিন অত্যাচারের স্টীম রোলার জনগণের উপর চালাবেন? স্বরাষ্ট্রমন্ত্রীর দপ্তরে এই ও সি-র বিরুদ্ধে অভিযোগ জানান হয়েছে। কিন্তু আজও তার কোন প্রতিকার হয় নি। বিনা কারণে শ্রী বন্দ্যোপাধ্যায়ের উপর নির্মম অমানুষিক অত্যাচার করা হয়েছে। সারা পশ্চিমবঙ্গের এক যুবনেতা তিনি, তাকে হাজতে আটকে রাখা হয়েছে, রুল দিয়ে মারা হয়েছে, বেয়নেট দিয়ে খুঁচিয়ে আহত করা হয়েছে, নন-বেলেবল সেকসনে আটকে রাখা হয়েছে একদিন হাজতে। তারপর যখন বেল পেল, তখন আর তাকে বাড়ি যেতে হয় নি, হাসপাতালে চিকিৎসার জন্য যেতে হয়েছে। এমনভাবে একজন থানার ও সি বিশেষ রাজনৈতিক মতাদর্শে বিশ্বাসী হয়ে সুপরিকল্পিতভাবে যুবকংগ্রেসের ছেলেমেয়েদের উপর অত্যাচার চালাচ্ছে, তাদের বিরুদ্ধে মিসা প্রয়োগ করছে, মিথ্যা মামলা দায়ের করছে ফলস্ কেস্-এ জড়িত করছে। আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে জানতে চাই আর কত দিন এই রকম অত্যাচার চলবে? আর যদি এই রকম চলতেই থাকে, তা হলে আমি বলতে চাই যুবকংগ্রেসের ছেলেমেয়েরা অন্যায় করলে নিশ্চয়ই তাদের আইনানুসারে শাস্তি দেবেন, তাদের বিরুদ্ধে আইনসংগত ব্যবস্থা অবলম্বন করবেন। কিন্তু নিখিল বন্দ্যোপাধ্যায় মেজিয়ায় থাকেন না, থাকেন কলকাতায়। এই অত্যাচারে ও সি [illegible] দেবেন। এই ও সি সম্বন্ধে বার বার অভিযোগ করেছি—তার ইতিহাস আছে, তিনি এক বিশেষ রাজনৈতিক দলের সমর্থক। এই ঘটনার প্রতিকার দাবি করছি।

শ্রীসত্যপ্রিয় বসুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে চিকিৎসা সম্বন্ধে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সমগ্র হাওড়া জেলা ও হুগলী জেলার একটা বিরাট অংশ জুড়ে সত্যবালা দেবী হসপাতাল নামে একটা ইনফেকসাস ডিজিজেজ-এর হাসপাতাল আছে। সেটি হাওড়া মিউনিসিপ্যালিটির মত একটা অপদার্থ সংস্থার অধীনে পরিচালিত হয়। সেখানে ৫২টি বেড রয়েছে। তার মধ্যে ১৬টি বেড [illegible] হয়েছে থাকা যায় না। রোগীরা বেডের অভাবে মাটিতে শুয়ে থাকে।

[4-55—5-05 p.m.]

আজ দেখুন সেখানে কোন কম্বল নেই, চাদর নেই ঔষধের কোন ব্যবস্থা নেই, রোগীদের সাবান নিজেকেই কিনে নিতে হয়, ইনফেকসাস্ ডিজিজ—তাদের মল মূত্র সব মাটিতে গড়াচ্ছে। ঐ হাসপাতালে যিনি ডাক্তার আছেন তাঁর বয়স অনেক হয়েছে। তাঁর পক্ষে চিকিৎসা করা আজকের দিনে দুরূহ, শুধু তাই নয়, ঐ হাসপাতালে পাখারও ব্যবস্থা নেই। মোমবাতি জ্বালিয়ে কলেরার সেলাইন দেওয়া হয় এবং রোগীর চিকিৎসার ব্যবস্থা করা হয়। আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি গত বৎসর ঐ হাসপাতাল পরিদর্শন করেছিলেন। তিনি আশ্বাস দিয়েছিলেন যে সরকারী কর্তৃত্বাধীনে আনা হবে। আজ এক বৎসর কেটে গেল ঐ পরিদর্শনের পর—কিন্তু আজও কোন সুরাহা হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করবো যে, এই ইনফেকসাস ডিজিজ হসপিটাল সরকারের কর্তৃত্বাধীনে এনে এখানে হাসপাতালের সুব্যবস্থা যাতে হয় তাই করুন।

শ্রীআবদুল বারি বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটি বিষয়ের প্রতি এই সভার এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় বেকার সমস্যা ভয়াবহ আকার ধারণ করেছে। পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন উপায়ে আন্তরিকতার সংগে বেকার সমস্যা সমাধানের জন্য নানা রকম প্রকল্প এবং প্রচেষ্টা চালাচ্ছেন। কিন্তু ঠিক সেই সময় কিছু সরকারী এবং আধা সরকারী যারা শিক্ষিত এবং অর্ধশিক্ষিত ছেলে যাদের বিভিন্ন ট্রেনিং ইনস্টিটিউটে আমরা বিভিন্নভাবে ট্রেনিং দিচ্ছি। এই প্রসংগে [illegible] কল্যাণীতে যার দপ্তর আছে সেখানে প্রায় ১১ শতের মত ছেলেকে ট্রেনিং দেওয়া হয়। বিভিন্ন জেলাতে সরেজমিনে কাজে পাঠিয়ে দেওয়া হয়, ঠিক সেই সময় সেই সমস্ত ছেলেদের মনে একটা হতাশার ভাব পরিলক্ষিত হচ্ছে যে বোধ হয় ট্রেনিং [illegible] কর্মসংস্থান তাদের হবে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি যখন তাদের নিয়োগ করা হয় তখন তাদের সেল্ফ এমপ্লয়মেণ্ট প্রোগ্রাম বলে নিয়োগ করা হয়। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের কাছে আমরা আন্তরিকভাবে জানতে চাই ও আমার আবেদন তাদের কাছে যে, তারা একটা সুষ্ঠু প্রকল্প গ্রহণ করুন যাতে ঐ ট্রেনিংপ্রাপ্ত ছেলেরা কর্মসংস্থানের সুযোগ পেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর প্রসঙ্গে আমি যুক্তি ও তথ্যপূর্ণ একটা বক্তব্য রাখতে চাই, পশ্চিমবাংলায় ৩৩৫টা ব্লক আছে, সেই ব্লকের মধ্যে আবার বহু অঞ্চল আছে যার সংখ্যা অনেক বেশী, কাজেই সেই আড়াই হাজার বা তিন হাজার অঞ্চল সেই অঞ্চলের প্রত্যেকটিতে এনিম্যাল হাজবেণ্ড্রি ডিপার্ট-মেণ্টের অধীনে যদি প্রকল্প এড্ সেণ্টার খোলা যায়, তা হলে সমস্ত জেলা এবং সেণ্টারে ঐ ডিপার্টমেণ্টের অধীনে যারা ট্রেনিং নিচ্ছেন তাঁদের কর্মসংস্থান হতে পারে এদিকে আমি মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আশা করি এই ট্রেনিংপ্রাপ্ত ছেলেদের প্রতি সুবিচার করবেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ ধরে এই বিধানসভা ভবনে তাঁতীদের সুতার ব্যাপার নিয়ে উত্তপ্ত আলোচনা হয়ে গেল। বহু মাননীয় সদস্য ক্ষোভের সঙ্গে এ বিষয় আলোচনা করছেন। তার কারণ গত এক বৎসর ধরে এ বিষয় নিয়ে বহু আন্দো-লন করে আমরা সরকারের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করেছি। এই সমস্ত কথা উল্লেখ করতে গিয়ে বলা হয়েছে যে, ১৬ লক্ষ মানুষ এই তাঁতশিল্পের উপর নির্ভরশীল, ৪ লক্ষ তাঁতী আজ বেকার হতে পারে, সরকার তার সমস্যা সমাধানের চেষ্টা করছেন। কিন্তু আরো অনেক বেড়ে যাচ্ছে। এই সমস্যার সমাধান করতে গিয়ে কেবলমাত্র ডাঃ জয়নাল আবেদিনের নাম উল্লেখ করলেই হবে না, কারণ এই সমস্যা অত্যন্ত ব্যাপক এবং গভীর, এবং যার সমাধানের ক্ষমতা রাজ্য সরকারের আছে বলে আমি মনে করি না। যে সুতা সমস্যা আছে এবং হয়েছে--আমরা যদি দেখি যে আমরা কয়লা দিই অন্য রাষ্ট্রকে সেখানে এক দামেই কয়লা দিই—আমরা কিন্তু সেখান থেকে আর কয়লা চাই না। কিন্তু আমরা দেখি টেক্সটাইল কর্পোরেশন যার বোম্বেতে অফিস যারা আমাদের সুতা দেবে তা না করে আমাদের কাছে সুতা চাইছে। আমাদের পশ্চিম-বাংলার সুতো মিলে যা উৎপন্ন হয় তাতে আমাদের চলে না। অথচ তাঁরা আমাদের কাছ থেকে সুতো চাইছেন। জয়নাল আবেদিন সাহেব বলেছেন ভারত সরকার এই সমস্যা সম্পর্কে সম্পূর্ণ-ভাবে সমাধান করতে পারেন নি। আমি জানি যে, সে স্টেট-এ এখান থেকে চেষ্টা করা হয়েছে, মন্ত্রিসভার তরফ থেকে যে ব্যবস্থা অবলম্বনের চেষ্টা করা হয়েছে তাতে খুব একটা ফল হয় নি। এই প্রায় ২৫ বছর ধরে তাঁতশিল্প গড়ে উঠেছিল। কিন্তু সরকারের তরফ থেকে সমস্ত সমস্যা মোকাবিলা করার চেষ্টা হয় নি। আমরা দেখছি সমস্যা আছে এবং সমস্যার সমাধান করতে দেরী হচ্ছে। কিন্তু সমস্যা সমাধানের কোন নির্দেশ নেই। ভারতবর্ষের বিভিন্ন রাজ্য থেকে সুতো যদি না আসে, তা হলে তাঁতীদের সমস্যার সমাধান হবে না। আমরা জানি ভারত-বর্ষে একদল কালোবাজারী এবং মধ্যবর্তী মুনাফাখোর আছে যারা তাঁতীদের দারিদ্র্যের সুযোগ নিয়ে ব্যবসা করছে এবং তাঁতীদের ঘাড়ে হুণ্ডির মাধ্যমে সব চাপাচ্ছে এবং তাদের সর্বস্ব হরণ করবার চেষ্টা করেছে। সমস্যা হচ্ছে পশ্চিমবঙ্গে সুতো হয় না। ভারতবর্ষের বিভিন্ন রাজ্য থেকে আনতে হয়। সেই সুতোর আবার মজা হচ্ছে যে সুতো আমাদের দরকার যে কাউণ্টের সুতো আমাদের দরকার সেই সুতো আমরা পাচ্ছি না। আমরা দেখেছি যে, আমাদের যেখানে সুতোর দরকার ৪০ বা ৬০ বা ৮০ বা ১০০ কাউণ্টের সেখানে আমাদের সুতো আসছে ২০।২৫ বা ৩০ কাউণ্টের। সে সুতোর ইউটিলিটি আমাদের পশ্চিমবঙ্গ রাজ্যে নেই কাজেই আমাদের সেই সুতো বেশি করে আনবার চেষ্টা করতে হবে—সেটা ভাববার কথা। দ্বিতীয় কথা হচ্ছে সুতো আনলেই হবে না, তাঁতীরা পয়সার অভাবে সুতো কিনতে পারছে না। সাধারণ তাঁতীরা সুতো কিনতে পারছে না মহাজনের কাছ থেকে, মিলারের কাছ থেকে। এই সমস্যা সম্পর্কে আমি মনে করি জয়নাল আবেদিন সাহেব ব্যবস্থা করছেন ঠিকই কিন্তু তাঁকে আরও ব্যাপকভাবে কেন্দ্রীয় সরকারের সঙ্গে ব্যবস্থা করতে হবে এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের নেতৃত্বে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই সমস্যার সমাধানের চেষ্টা না করা হয়, তা হলে বিপুল

একটা, ব্যাপক একটা ভারসাম্য অর্থনীতিতে এসে যাবে বলে মনে করি এবং তাতে আইন-শৃঙ্খলার ক্ষতি হবে। শুধুমাত্র মাননীয় সদস্যরা পশ্চিমবঙ্গ সরকারকে দোষারোপ করলেই এই সমস্যার সমাধান করা যাবে বলে মনে করি না। সমস্যা অন্যত্র এবং এই সমস্যার সমাধান করতে পারেন আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়। মাননীয় মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গ সরকারকে নেতৃত্ব দিচ্ছেন এবং ইন্দিরা গান্ধীর মাধ্যমে এই সমস্যার সমাধান হতে পারে বলে আমি মনে করি।

Statement under rule 346

[5-05—5-15 p.m.]

শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আমি বিধানসভায় ছিলাম না। আমি সংবাদ পেলাম যে, মাননীয় সদস্য শ্রীতিমিরবরণ ভাদুড়ী মহাশয় আমার নামে কতকগুলি ব্যক্তিগত অভিযোগ রেখেছেন এবং তিনি বলেছেন যে আমার এবং আমার আত্মীয়দের নামে জমি আছে। পশ্চিমবঙ্গের সি পি এম পার্টির কাগজ বাংলাদেশে তা বেরিয়েছে। তিনি আরো বলেছেন যে, সরকারের সাহস থাকলে সরকার এর জবাব দিবেন এবং দেওয়া উচিত এবং জবাব যদি না দেওয়া হয়, তা হলে তিনি বুঝবেন যে সরষের ভিতরে ভূত লুকানো আছে। সরকার এই অভিযোগের নিশ্চয়ই জবাব দিবেন এবং সেই জবাব আমি এখনই দিচ্ছি। আমি কাল যদি এই বিধানসভায় থাকতাম, আমি তৎক্ষণাৎ দিতে পারতাম। কিন্তু দুঃখের বিষয় আমি দিল্লীতে ছিলাম। তিমিরবাবুর অভিযোগটা হল যে, ৪ হাজার বিঘা জমি আমার ও আমার বিভিন্ন আত্মীয়দের মধ্যে লুক্কায়িত করা হয়েছে।

তিমিরবাবু নবীন সদস্য। এবং পশ্চিমবঙ্গ বিধানসভায় পূর্বে কি ঘটেছে বা না ঘটেছে সেই সম্বন্ধে তাঁর হয়তো ব্যক্তিগত অভিজ্ঞতা নাই।

১৯৫৭ সালের মাঝামাঝি আমি তখন ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয়ের মন্ত্রিসভার একজন সদস্য ছিলাম। তখন হঠাৎ আমার বাড়িতে অনেকগুলো নোটিস পাঠানো হল ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মালদহ বা মুর্শিদাবাদ জেলার দপ্তর থেকে। আমার ঠিক মনে নেই কোন্ জেলা, সেই নোটিসগুলো পাবার পর আমি দেখলাম যে, সেই নোটিসগুলো বহু লোকের নামে দেওয়া হয়েছে—যাঁরা আমার আত্মীয় বা আত্মীয়া এবং আমার নামেও দেওয়া হয়েছে। এর ভিতরে কিছু ছিলেন যাঁরা আমাদের সঙ্গে থাকতেন না এবং যাঁদের সঙ্গে বহু বছর ধরে আমাদের দেখা সাক্ষাৎ হয় নাই। এই নোটিসগুলো পেয়ে আমি অত্যন্ত আশ্চর্য হয়ে গেলাম। কারণ নোটিস পড়ে দেখলাম যে, নোটিসে বলা হয়েছে যে, এই প্রত্যেক জন মানুষ—যাঁদের নামে নোটিস দেওয়া হয়েছে—আমি সুদ্ধ—তাঁদের নাকি মুর্শিদাবাদ ও মালদহ জেলাতে জমি আছে। আমি আগেই বলেছি যে, এটা দেখে আমি অত্যন্ত আশ্চর্য হয়েছিলাম, কারণ আমার কোন জমি পশ্চিমবঙ্গের কোথাও ছিল না এবং আমার পিতা জমি বা অস্থাবর সম্পত্তিতে বিশ্বাস করতেন না এবং তিনি পশ্চিমবঙ্গে কোন জমি কোনদিনই কিনেন নি, কোন সম্পত্তিও কোনদিন কিনেন নি। আমি যে বাড়িতে আছি সেটিতে আমার পিতা মৃত্যুর ৩০ বছর পূর্বে এসেছিলেন ভাড়াটিয়া হিসাবে। তিনি কখনও এ বাড়িটি কিনার কথা ভাবেন নি, কারণ তিনি সর্বদাই বলতেন যে, রোজগার থাকতে পারে, কিন্তু জমি বা সম্পত্তির মালিক হওয়া কখনই কারো উচিত নয়। এটাই ছিল তাঁর সামাজিক দর্শন। তাই আমি প্রথমে খোঁজখবর নিলাম আত্মীয়-স্বজনের কাছ থেকে এবং পিতার কোর্ট ক্লার্কের কাছ থেকে যে, আমার পিতা কোন জমি কোথাও কিনেছিলেন কিনা। তিনি বললেন না। আমার পিতা ১৯৪৩ সালে মারা গেছেন এবং এই নোটিসগুলো পাই জুলাই বা আগস্ট মাসে ১৯৫৭ সালে। আমি তখন ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের অফিসারদের জিজ্ঞাসা করি কি করে এই নোটিসগুলি আমার কাছে এলো। তখন আমি সর্বপ্রথম জানতে পারলাম যে, ঐ জমিগুলি কেউ বেনামিতে আমাদের নামে লিখিয়ে নিয়েছে। আমি তখন নোটিসগুলো তৎকালীন ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী স্বর্গীয় বিমলচন্দ্র সিংহ মহাশয়ের কাছে নিয়ে গেলাম। এবং তাঁর দৃষ্টি আকর্ষণ করলাম। তখন

খোঁজখবর নেওয়া হল এবং দেখা গেল যে, আমার একজন আত্মীয় আমার পিসামশায় জমিদার ধীরেন্দ্রচন্দ্র রায় মহাশয় অন্যায় ও বেআইনীভাবে এই জমিগুলো আমাদের নামে লিখিয়েছেন—যাতে তিনি আমাদের নামে জমিগুলো রেখে সেই জমি ভোগ করতে পারেন। আমাকে বা আমার আত্মীয় আত্মীয়াকে তিনি জিজ্ঞাসা পর্যন্ত করেন নাই। এই খবর পাবার পর আমি ধীরেন্দ্রচন্দ্র রায় মহাশয়কে অত্যন্ত কড়া টেলিগ্রাম ও চিঠি পাঠাই এবং তাঁকে বলি যে তিনি যেন তৎক্ষণাৎ সরকারের কাছে খোলাখুলিভাবে সব বলেন এবং বেনামী জমিগুলো ফেরত দেন। যে নোটিস-গুলো পেয়েছিলাম সেই নোটিস অনুযায়ী আমি কিছুই করি নাই এবং নোটিসগুলো স্বর্গীয় বিমলচন্দ্র সিংহ মহাশয়ের নিকট ফিরিয়ে দিই এই বলে যা ব্যবস্থা করা উচিত তাই যেন করা হয়। আমি পাওয়ার অব এটর্নি কাউকে দিই নি, কারণ এই বিষয়ে আমরা কেউ কিছু জানতাম না। সুতরাং পাওয়ার অব এটর্নি দিবার কোন প্রশ্নই আসে না।

তিমিরবাবু হয়তো ভাবছেন যে, আমি একটা মন গড়ানো কথা বলছি। কিন্তু দুঃখের বিষয়, আমি আগেও বলেছি যে, তিমিরবাবু পশ্চিমবঙ্গের ইতিহাস জানেন না। ১৯৫৮ সালে আমি যখন ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয়ের মন্ত্রিসভা থেকে পদত্যাগ করি তখন ২৪শে মার্চ, ১৯৫৮ সালে আমি এই পবিত্র বিধানসভায় একটা বক্তব্য রেখেছিলাম। সেই বক্তব্যে আমি বিভিন্ন কারণ দেখিয়েছিলাম কেন আমি পদত্যাগ করেছিলাম—কারণ আমার ধারণা হয়েছিল তৎকালীন কংগ্রেস সরকার পশ্চিমবঙ্গকে সমাজতন্ত্রের পথে নিয়ে যেতে পারবেন না। সেই বক্তব্য সম্বন্ধে তিমিরবাবু যদি দয়া করে জানতে চাইতেন—অ্যাসেম্বলী প্রোসিডিংস অব ওয়েস্ট বেংগল ১৯ সেসন, ভলুম ১৯ নং ৩, ১৫১ পাতায় দেখতেন আমি কি বলেছি। আমি আজ যেকথা হাউসে বললাম, এই কথা আমি নূতনভাবে বলছি না। আজ থেকে ১৫ বছর পূর্বে ২৪শে মার্চ, ১৯৫৮ সালে বলেছিলাম। আমি যা বলেছিলাম সেটা পড়ছি—

"For example, one cannot help also noticing the colossal failure on the part of the Government in effecting an immediate economic redistribution of our lands to the tillers of the soil upon the abolition of the zemindary system. Sir, the difficulty is that from the very beginning the Government was not sure of its own mind and did not really know what sort of distribution it was going to undertake. Secondly, again the estimates of the Government with regard to the total land that would come into its hands for distribution were proved to be hopelessly wrong."

এটা আমি বলেছি ১৫ বছর আগে—

"Whereas it was originally estimated, I take it at about the time of passing of the Estates Acquisition Act, that nearly six lakh acres of land will come into the hands of the Government, it now appears that the total lands that will ultimately come to the Government will not be more than 3 lakh acres. Now, out of this 3 lakh acres, the Government has been able up till now to take possession of only 40,000 bighas. The reason is clear. The Government had been propagating about the passing of the Estates Acquisition Act for a long time, as a result of which various people having come to know of its danger transferred these lands through the means of Amalnamas which were never required to be registered just before the passing of the Estates Acquisition Act and even after that by back-dating the documents concerned.

I came to know about this towards the middle of last year because of a personal experience that I had in the matter. In July or August last year I was surprised to find quite a number of notices sent to my residence by some section of the Land and Land Revenue Department

operating in a mofussil area in my name as well as in the names of numerous of my relations, many of whom did not live with me and had not seen me for years. I was immensely surprised to receive these notices which purported to say that each of the persons to whom these notices were issued was supposed to have lands in some part or other of West Bengal. I was surprised, as the Chief Minister knows, we never had any lands, far less any zemindary lands, in any part of our State and I really did not know how such notices came to be issued at all. Thinking that there was some grave mistake somewhere, I contacted an officer of the Land and Land Revenue Department immediately thereafter and it was then that I came to know for the first time that someone must have effected some benami transfers and that zemindars whose lands were to be taken away had made many such benami transfers to save a considerable portion of their lands from coming within the operation of the Estates Acquisition Act. I mentioned this matter to the Land and Land Revenue Minister and also to the Chief Minister......"

"When I made this speech Dr. Roy was sitting here in this seat of mine and the Land and Land Revenue Minister, Shri Bimal Chandra Sinha, was sitting in the place where now Shri Santosh Kumar Roy is sitting. You, Mr. Speaker, Sir, were also in this House then. Shri Somnath Lahiri was there, Shri Ajoy Mukhopadhyaya, who was then the Irrigation Minister, was also there—three members are present now—

.......and when I went to the districts on tour, I made some enquiries myself and came to know that many such transfers had taken place. Of course, in my case, I found out later on that a relation of ours had purported to transfer his lands in our names and I immediately told him off and requested him to report the matter to the appropriate Government authorities, and have the records suitably altered. This, however, opened my eyes and I saw the grave danger that obviously existed in the proper redistribution of these lands to the actual tillers of the soil, particularly so as I found how difficult it will be for the Government to lay their hands on these fraudulent transfers and to set them aside. As a result of all this I am more than convinced that even this matter also essentially required for the purpose of stabilising our rural economy has not been properly dealt with by the Government and the reaction that it will produce is bound to be tremendous. All this has led to a great setback in our rural economy and one wonders how it can at all be resuscitated through the medium of the present economy that the Government is following."

এই বক্তৃতা দেবার পর মাননীয় অধ্যক্ষ মহাশয়, সকলেই ছিলেন, মাননীয় হরিদাস মিত্র মহাশয় উপাধ্যক্ষ মহোদয়, তিনি ছিলেন, আমার স্মরণে আছে। এই বক্তৃতা থেকে তিমিরবাবু বা তাঁর দল এখন নিশ্চয় উপলব্ধি করতে পারছেন কতবড় মিথ্যা কথা সি পি এম-এর বাংলাদেশ কাগজে বেরিয়েছে এবং কতবড় ভুল অভিযোগ সেই বাংলাদেশ কাগজের ভিত্তিতে এখানে রেখে তিমিরবাবু আমার বিরুদ্ধে বলেছেন। আমি বলছি না তিমিরবাবুর দোষ, তিনি বাংলাদেশ কাগজ দেখে বলেছেন—সেই কাগজ সত্যি হয়ত ভেবেছেন। আমি পরে যে কথা বলছি।

[5-15—5-25 p.m.]

একথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই জোরের সঙ্গে যদি কেউ আমার এই আত্মীয়ের বেনামী জমি রাখার কথা ফাঁস করে থাকে, তা হলে সর্বপ্রথম সেটা আমিই করেছি এই হাউসে। সি পি আই নয়, জ্যোতিবাবুও নয়, আমিই সর্বপ্রথম এই বিধানসভায় দাঁড়িয়ে ২৪শে

মার্চ, ১৯৫৮ সালে সমস্ত ঘটনা পরিষ্কারভাবে, খোলাখুলিভাবে বিধানসভার মাধ্যমে পশ্চিম-বাংলার জনসাধারণের সামনে উপস্থিত করেছিলাম। আমার কোন কিছু লুকানোর অভ্যাস নেই, চুরি করার অভ্যাস নেই, আমি যা করি দেশের মানুষের কাছে আমি রাখি। কেবলমাত্র যে এই বিধানসভায় একথা বলেছি তা নয়, এখানে অনেক মাননীয় সদস্য আছেন, যাঁরা জানেন যে, বহু জনসভায় আমি এই সমস্ত বিষয়গুলি শতাধিকবার উল্লেখ করেছি এবং বলেছি, আমার নামে যদি এই রকম বেনামী জমি রাখা কারোর সাহস থাকে—আমার আত্মীয়ও যদি এত অসৎ হয় তবে পশ্চিমবঙ্গে না জানি কত বেনামী জমি আছে, কত অসৎ জোতদার আছে। এ কথা আমি প্রায় প্রত্যেক জেলাতে কোন না কোন জনসভায় বলবার চেষ্টা করেছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আপনি তখন সদস্য ছিলেন এই বিধানসভার, এই বক্তৃতা দেবার সময় আপনি উপস্থিত ছিলেন- মাননীয় উপাধ্যক্ষ শ্রীহরিদাস মিত্র মহাশয়ও উপস্থিত ছিলেন। মাননীয় অজয় মুখোপাধ্যায় মহাশয়ও উপস্থিত ছিলেন- মাননীয় সোমনাথ লাহিড়ী মহাশয় উপস্থিত ছিলেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার হয়ত স্মরণ থাকবে যে আমার এই বক্তৃতার উপর একটা নো-কনফিডেন্স মোসান আনা হয়েছিল সেটি ২৭শে মার্চ ১৯৫৮ সালে —সেই নো-কনফিডেন্স মোসানটি আলোচিত হয়েছিল। সেই আলোচনার সময় বাংলাদেশ সংবাদপত্র যে দলের এখন, যে দল সেই সংবাদপত্রের প্রকৃত মালিক, সেই দলের বর্তমান নেতা জ্যোতি বসু মহাশয় তখন তিনি অবিভক্ত সি পি আই দলের নেতা ছিলেন তিনিও অংশগ্রহণ করেছিলেন। সি পি আই দলের স্মৃতিশক্তি ক্ষীণ, তাই তাঁরা বেমালুম ভুলে গেছেন যে, জ্যোতি বসু মহাশয় সেদিন কি বলেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় ভলিউম ১৯, নং ১ অ্যাসেম্বলী প্রসিডিংস ৩৩৫ এর পাতায় জ্যোতিবাবু কি বলেছিলেন সেটা লেখা আছে। [illegible] বাংলাদেশ কাগজ [illegible] মিথ্যা অভিযোগ আমার উপর করে দিলেন, আর সেদিন জ্যোতিবাবু ২৭শে মার্চ ১৯৫৮ সালে সেই নো-কনফিডেন্স মোসানের উপর বক্তৃতা দিতে বলেছিলেন [illegible] জমির কথা [illegible] পেভিনিউ-এর কথা বেশী নাই বললাম, এটা অতি সুস্পষ্ট হয়ে গেছে যেটি সিদ্ধার্থবাবু [illegible] দিয়েছেন সেটা আমরা বাইরে থেকে কৃষকদের [illegible] জমির মালিক করবার জন্য আমরা ৬ লক্ষ একর জমি পাব। প্রথমে যা বলেছিলেন সেটি এখন কমতে কমতে মাত্র ৭৮ হাজার বিঘা [illegible]"। আমার বক্তৃতা যা ছিল সব দেখিয়ে তিনি বললেন যে, সব পরিষ্কারভাবে আমাদের [illegible] ফিগারগুলি দেখিয়েছিলাম ৬ লক্ষ আর ৭৮ হাজার [illegible]। [illegible] তিনি বললেন না কিছু [illegible] করে দেওয়া হল।

আর আজকে জ্যোতিবাবুর দলের কাগজে এই সব সম্পূর্ণ ভুলে গিয়ে একটা জঘন্য মিথ্যা অপবাদ প্রচারের চেষ্টা করেছেন। আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বলতে চাই, যে অভিযোগ করা হয়েছে বাংলাদেশ পত্রিকায় এবং যেটা তিমিরবাবু না জেনে শুনে এখানে উপস্থিত করেছেন তা সম্পূর্ণ মিথ্যা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। বাংলাদেশ কাগজ শুধু এইটুকু স্বীকার করেছে যে জমিগুলি সরকারে ভেস্ট করে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি জমিগুলি সরকারে ভেস্ট করে থাকে তবে সেটা আমার বক্তব্যের জন্যই হয়েছে তাঁরা সেটা চেপে গেছেন। তবে সি পি আই এম-এর কাছ থেকে এই রকম একটা প্রচারে আমি আশ্চর্য হই নাই। কারণ সি পি আই এম-এর এই রকম মিথ্যা প্রচার একমাত্র সম্বল হয়ে দাঁড়িয়েছে হয় তাঁরা শ্রীমতী ইন্দিরা গান্ধীর বা কংগ্রেস দলের বিরুদ্ধে মিথ্যা প্রচার করেছেন বা মিথ্যা অভিযোগ আনছেন নয়তো তাঁরা সি পি আই দলের ও দলের নেতার বিরুদ্ধে মিথ্যা প্রচার করছেন বা মিথ্যা অভিযোগ আনছেন। সি পি আই এম-কে পশ্চিমবাংলার মানুষ চিনে নিয়েছে। মিথ্যার আশ্রয় নেওয়া ছাড়া তাদের আর কোন উপায় নেই। দুঃখের বিষয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর এস পি দলের তিমিরবরণ ভাদুড়ী মহাশয় হয়ত জানতেন না তাই তিনি সি পি এম-এর অপপ্রচারে [illegible] এই হাউসে কতকগুলি কথা বলেছেন। তবে আমার কারো উপর রাগ নেই।

আমাদের যদি অন্যায় হয়, আমাদের যদি ভুল হয় নিশ্চয়ই সমালোচনা করবেন, কিন্তু মিথ্যার উপর ভিত্তি করে বক্তব্য রাখা সমালোচনা করা কখনই উচিত নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাই আপনার মাধ্যমে তিমিরবাবুকে অনুরোধ করবো এবং তাকে বলবো, তিনি যা না জেনে বলেছেন সেটা তিনি প্রত্যাহার করুন এই আমার অনুরোধ। আমি আশা করি তিনি তাঁর বক্তব্য প্রত্যাহার করবেন।

শ্রীতিমিরবরণ ভাদুড়ীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী গতকাল এস্টেট অ্যাকুইজিশান অ্যাক্ট বিলের আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে আমি বাংলাদেশ পত্রিকা ফোর্থ মে সেই কাগজের উল্লেখ করে আমি আমার বক্তব্য রেখেছিলাম। আমি জানি সত্যকে উদ্ঘাটন করাই হচ্ছে আমাদের কাজ। তার জন্য ফোর্থ মে কাগজে খবর বেরোবার পরে যখন সরকার পক্ষ থেকে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে কোন বিবৃতি পেলাম না, তখন সেটা বিধানসভায় সরকার এবং বিধানসভার সকল সদস্যদের দৃষ্টি আকর্ষণ করি যাতে কোন্‌টা সত্য এবং কোন্‌টা অসত্য ঠিকভাবে উদ্ঘাটন হয় সেই জন্য দায়িত্ব নিয়ে এই বিধানসভায় রেখেছিলাম। আমি রাখি নি জ্যোতিবাবুর প্রভাবান্বিত এই বাংলাদেশ কাগজের বক্তব্য, আমি সত্যকে উদ্ঘাটন করতে চেয়েছিলাম। তিনি আমাদের কাছে সত্য বক্তব্য তুলে ধরেছেন সেজন্য তাঁকে আমাদের তরফ থেকে অভিনন্দন জানাচ্ছি। আমি জানি না, আমি তখন এই বিধানসভার সদস্য ছিলাম না। যদি পুরানো সদস্য হতাম তা হলে নিশ্চয়ই এই বক্তব্য রাখতাম না। যেহেতু বাংলাদেশ কাগজে এই কথা উল্লেখ করা আছে, আমার দায়িত্ব বলা যাতে মাননীয় মুখ্যমন্ত্রী কোন্‌টা সত্য সেটা উদ্ঘাটিত করেন। আমি সেই দায়িত্ব পালন করেছি, একজন বিধানসভার সদস্য হিসাবে সেজন্য আমি গর্বিত এবং মাননীয় মুখ্যমন্ত্রী যে ভাষণ রাখলেন তার জন্য আমাদের কাছে সত্য উদ্ঘাটিত হল, সত্যকে প্রকাশ করলেন, তার জন্য আমাদের তরফ থেকে অভিনন্দন জানাচ্ছি।

শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিমিরবাবু যা বললেন তার মানেই উইথড্র।

GOVERNMENT BILL

LEGISLATION

The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill. 1973

[5-25—5-35 p.m.]

Shri Gyan Singh Sohanpal: Sir, I beg leave of the House to withdraw the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1973, on the ground that the Bill is to be replaced subsequently by another Bill.

Mr. Speaker: I hope, the House agrees to allow the leave of withdrawing the Bill.

শ্রীবলাইলাল শেঠঃ স্যার, আজকে এই যে বিলটা উইথড্র করা হল এর জন্য আমরা আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

The motion of Shri Gyan Singh Sohanpal for leave of the House to withdraw the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1973, was then agreed to.

Mr. Speaker: The Bill, by leave of the House, stands withdrawn.

The West Bengal Panchayat Bill, 1973

Shri Santosh Kumar Roy: Sir, I beg to introduce the West Bengal Panchayat Bill, 1973.

(Secretary then read the title of the Bill.)

শ্রীসন্তোষকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু প্রত্যাশিত প্রতিশ্রুত পশ্চিমবঙ্গ পঞ্চায়েত বিল, ১৯৭৩, বর্তমান অধিবেশনের সমাপ্তির মুখে উত্থাপিত করিতে সক্ষম হওয়ায় আমরা সত্যই গর্বিত। ভারতীয় সংবিধানের নির্দেশিত নীতির পটভূমিতে এবং মেহেতা কমিটির গণতান্ত্রিক ক্ষমতার বিকেন্দ্রীকরণের ব্যবস্থার রূপায়ণ পশ্চিমবঙ্গের পঞ্চায়েতীরাজ ব্যবস্থার প্রচলন মূলত দুইটি আইনের উপর ভিত্তি করিয়া। প্রথম আইনটি পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৫৭ সালের এবং দ্বিতীয় আইনটি পশ্চিমবঙ্গের জিলা পরিষদ আইন, ১৯৬৩ সালের। গ্রামকেন্দ্রিক পঞ্চায়েত সংস্থা হিসাবে গ্রামপঞ্চায়েত ও অঞ্চল পঞ্চায়েতগুলির সংগঠন এই প্রথম আইনের ভিত্তিতে—দ্বিতীয় পর্যায়ে ব্লকভিত্তিক আঞ্চলিক পরিষদ ও জেলা-ভিত্তিক জেলাপরিষদ সংস্থার জন্ম পরবর্তী আইনে। গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত, আঞ্চলিক পরিষদ ও জিলা পরিষদ এই চারটি স্তরে পঞ্চায়েত সংগঠন পশ্চিমবঙ্গের সম্পূর্ণ নিজস্ব অভিজ্ঞতা। সর্বভারতীয় সংগঠনের মৌলিক ধ্যান-ধারণা হইতে সম্পূর্ণ পৃথক সাংগঠনিক বৈশিষ্ট্যের আরো একটি বিশেষ চরিত্র ছিল ইহার পরোক্ষ নির্বাচন নির্ভরতা। চারটি স্তরের মধ্যে কেবলমাত্র গ্রামভিত্তিক গ্রাম পঞ্চায়েত সংস্থা পরিপূর্ণ প্রত্যক্ষ নির্বাচনের উপর প্রতিষ্ঠিত ছিল। পঞ্চায়েতীরাজ ব্যবস্থা প্রবর্তনের মূল উদ্দেশ্য ও আদর্শ ছিল ক্ষমতার বিকেন্দ্রীকরণের নীতিতে জেলা, ব্লক ও গ্রাম—এই ৩ স্তরের প্রশাসনকে আত্মশাসন ও আত্মোন্নয়ন আদর্শে সংহত করিয়া গ্রামবাংলার জাগ্রত জনশক্তিকে জনকেন্দ্রিক নেতৃত্বের মাধ্যমে উদ্বুদ্ধ করিয়া কর্মকেন্দ্রিক [illegible], উন্নয়নমুখী গণতান্ত্রিক সমাজবাদের বিকাশকে সম্ভব করিয়া তুলিবে, এই আদর্শ আজিও আমাদের মূল লক্ষ্য।

পশ্চিমবঙ্গে পঞ্চায়েতীরাজের অভিজ্ঞতা বেদনাময় ব্যর্থতার ইতিহাস। রাজনৈতিক অনিশ্চয়তা ও সংঘাতমূলক পরিবেশ, ক্ষমতার বিকেন্দ্রীকরণের নীতিগত সুষ্ঠু পদক্ষেপের দৈন্য ছাড়াও যে ত্রুটিগুলি এই বেদনাময় পরিণতির জন্য দায়ী তাহা হইলঃ—

(ক) পঞ্চায়েত ব্যবস্থার সাংগঠনিক স্তর বিন্যাসে অসংগতি। গ্রামস্তরে গ্রাম পঞ্চায়েত ও অঞ্চল পঞ্চায়েত সংস্থার সৃষ্টিতে প্রশাসনিক দ্বৈত ব্যবস্থার বিভ্রান্তি।

(খ) সাংগঠনিক ব্যবস্থায় পরোক্ষ নির্বাচন নির্ভরতা—যাহার ফলে সার্থক জনপ্রতিনিধিত্বের অভাব ও কর্মকেন্দ্রিক গণতান্ত্রিক নেতৃত্ব বিকাশের পথে বাধা।

(গ) সম্পদ ও সামর্থ্যের অপ্রতুলতা—যাহার ফলে পঞ্চায়েতগুলি তাহার দায়িত্ব পালনে ছিল অক্ষম।

(ঘ) ক্ষমতা বিভাজনের ক্ষেত্রে ও দায়দায়িত্বের বিভিন্ন অসংগতি ও সমন্বয়ের অভাব।

(ঙ) সীমায়িত সম্পদ ও বিভাগীয় অর্থের সার্থক ব্যবহারে প্রয়োজনীয় নিয়ন্ত্রণের অভাব—সামগ্রিকভাবে পঞ্চায়েতীরাজের ব্যর্থতার জন্য দায়ী।

বিগত সাধারণ নির্বাচনের রায়ে দেশের সাধারণ মানুষ অকুণ্ঠভাবে স্থিতিশীল ও গণতান্ত্রিক সরকারের জন্ম দিয়েছেন। দেশের সাধারণ মানুষের আশা-আকাঙ্ক্ষা পূরণের জন্য পঞ্চায়েত পুনর্গঠনের পদক্ষেপে এই নূতন পঞ্চায়েত বিল আনা হইয়াছে। এই বিলের উদ্দেশ্য হইল—

(১) পঞ্চায়েতীরাজের সার্থক প্রতিষ্ঠা ও বিশ্বাসের পথে দুইটি আইনের ব্যবস্থা :

(২) সর্বভারতীয় কাঠামো অনুযায়ী তিন স্তরে পঞ্চায়েত ব্যবস্থা গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের প্রতিষ্ঠা;

(৩) তিনটি স্তরে অবাধ ও নিরপেক্ষ প্রত্যক্ষ নির্বাচন ব্যবস্থা;

(৪) সম্পদ ও সামর্থের স্বাভাবিক সুযোগ সৃষ্টির ব্যবস্থা;

(৫) সীমায়িত সম্পদ ও বিভাগীয় অর্থের সদ্ব্যবহার সম্বন্ধে সামাজিক দায়িত্ব বোধের নিয়ন্ত্রণ ব্যবস্থা; এবং

(৬) পরিকল্পনাধর্মী অর্থনীতি ও সমাজনীতিতে রাজ্য ও জেলা পরিকল্পনা বোর্ডের সাথে পঞ্চায়েতের সমন্বয় ও পরিকল্পনা বোর্ডের সাথে পঞ্চায়েতের সমন্বয় ও পরিকল্পনা সংস্থাগুলির তদারকির সুযোগ ব্যবস্থা।

আমাদের বিশ্বাস এই যে, এই পঞ্চায়েত বিল পশ্চিমবঙ্গে পঞ্চায়েতী রাজের প্রতিষ্ঠায় বৈপ্লবিক পদক্ষেপের সূচনা করিবে। সার্থক হইবে পশ্চিমবঙ্গের পঞ্চায়েতীরাজের সাধনা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রস্তাব করছি 'পশ্চিমবঙ্গের পঞ্চায়েত বিল (১৯৭৩)' নিম্নলিখিত ব্যক্তিদের নিয়ে গঠিত সিলেক্ট কমিটিতে আনয়ন করা হোক—

শ্রীপুরঞ্জয় প্রামাণিক, শ্রীআবদুল বারি বিশ্বাস, শ্রীভবানীপ্রসাদ সিংহরায়, শ্রীশরৎচন্দ্র দাস, শ্রীব্রজকিশোর মাইতি, শ্রীকান্তিরঞ্জন চ্যাটার্জী, শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাস, শ্রীপ্রবোধকুমার সিংহরায়, শ্রীযোগেশচন্দ্র সরকার, শ্রীপরেশচন্দ্র গোস্বামী, শ্রীতিমিরবরণ ভাদুড়ী, শ্রীনাসিরুদ্দিন খান, শ্রীপ্রদ্যোতকুমার মহান্তি, শ্রীবিশ্বনাথ মুখার্জী, শ্রীঅজিতকুমার বসু, শ্রীঅজিতকুমার গাঙ্গুলী, শ্রীদেওপ্রকাশ রাই, শ্রীসন্তোষকুমার রায় (ভারপ্রাপ্ত মন্ত্রী)।

উক্ত কমিটিকে ১০ জুন, ১৯৭৩-এর মধ্যে তাদের রিপোর্ট পেশ করতে নির্দেশ দেওয়ার অনুরোধ জানাচ্ছি।

The motion of Shri Santosh Kumar Roy that the West Bengal Panchayat Bill, 1973, be referred to a Select Committee consisting of the following Members, namely:

(1) Shri Puranjay Pramanik,
(2) Shri Abdul Bari Biswas,
(3) Shri Bhawani Prosad Sinha Roy,
(4) Shri Sarat Chandra Das,
(5) Shri Braja Kishore Maity,
(6) Shri Kanti Ranjan Chatterjee,
(7) Shri Kartic Chandra Biswas,
(8) Shri Prabodh Kumar Singha Roy,
(9) Shri Jogesh Chandra Sarkar,
(10) Shri Paresh Chandra Goswami,
(11) Shri Timir Baran Bhaduri,
(12) Shri Nasiruddin Khan,
(13) Shri Pradyot Kumar Mahanti,
(14) Shri Biswanath Mukherjee,
(15) Shri Ajit Kumar Basu,
(16) Shri Ajit Kumar Ganguli,
(17) Shri Deo Prakash Rai, and
(18) Shri Santosh Kumar Roy, Minister-in-charge,

with instructions to submit their report by the 7th June, 1973, was then put and agreed to.

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর কয়েক মিনিটের মধ্যে এই বিধানসভার অধিবেশন শেষ হয়ে যাবে এবং হাউস প্ররোগ হয়ে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই বিধানসভার একচুয়াল সিটিং ডেট হচ্ছে ৫৩ দিন। পশ্চিমবঙ্গের ইতিহাসে এতদিন বিধানসভা এর আগে কখনো বসে নি। তারপর দেখছি যে, এখানে বসে শুধু আমরা বক্তৃতা দিয়েছি তাই নয়, এই ৫৩ দিনের মধ্যে ৩৮টি বিল পাশ হয়েছে এবং একটা বিল আজকে এখান থেকে সিলেক্ট কমিটিতে পাঠানো হল অর্থাৎ এটা নিয়ে ৩৯টি। পশ্চিমবঙ্গের পক্ষে অনেক ইমপর্টেন্ট বিলস এখানে পাশ করা হয়েছে, যেমন, দি ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিস বিল, দি ওয়েস্ট বেঙ্গল প্রাইমারী এডুকেশন বিল, যেটা সিলেক্ট কমিটিতে পাঠানো হয়েছিল এবং পাশ হয়ে গিয়েছে। তারপর দি রামকৃষ্ণ সারদা মহাবিদ্যামন্দির বিল, দি ওয়েস্ট বেঙ্গল অগ্রিকালচারাল ক্রেডিট অপারেশন বিল, ল্যান্ড রিফর্ম বিল যেটা একটা গুরুত্বপূর্ণ বিল গতকাল পাশ হয়ে গিয়েছে। তারপর অনেকগুলি মোশান এখানে পাশ করা হয়েছে যেমন, সিক্সথ ফিনান্স কমিশন বিষয়ে, তারপর চীফ জাস্টিস অব ইন্ডিয়ার নিয়োগ সম্পর্কে এবং অ্যাটোমিক পাওয়ার স্টেশন ইন ওয়েস্ট বেঙ্গল সম্পর্কে একটি গুরুত্বপূর্ণ প্রস্তাব আলোচনা হয়েছে। তা ছাড়া সুন্দরবন

[5-35—5-45 p.m.]

ডেভেলপমেন্ট বোর্ড ইত্যাদি অনুমোদন এই হাউসে নেওয়া হয়েছে। আজকে বিধানসভা শেষ হয়ে যাচ্ছে তাই আপনার অনুমতি নিয়ে আমি লিডার অব দি হাউস হিসাবে ধন্যবাদ দিচ্ছি মাননীয় সদস্যদের, তাঁরা যে পেসেন্স এখানে দেখিয়েছেন এবং যে অধ্যবসায়ের সঙ্গে তাঁরা এখানে কাজ করেছেন। তর্ক-বিতর্কের সময় আমরা রাগান্বিত হয়ে অনেক কথা বলেছি সি পি আই সম্বন্ধে বলেছি, কিন্তু আশা করছি, এ নিয়ে আমাদের কারুর ভিতরেই কোনরকম মন কষাকষি হবে না। তর্কের সময় অনেক রকম কথা বলা হয়, তারপরে আমরা স্বীকার করি যে, হয়তো এতটা বলা উচিত হয় নি। সি পি আই সদস্যরা কংগ্রেস সদস্য সম্বন্ধে অনেক কথা বলেছেন। আমরাও অনেক কথা তাঁদের সম্বন্ধে বলেছি। কিন্তু বেস্টারউইচ সাহেব কি মনে করবেন জানি না, কারণ তিনি তো সব সময় মুনির মতন বসে থাকেন। কিন্তু যদি কেউ আমরা কিছু বলে থাকি, তা হলে লিডার অব দি হাউস হিসাবে আমি বলছি তিনি যেন কিছু মনে না করেন। যদি কোন রূঢ় কথা বলে থাকি, তা হলে সেটা ইচ্ছাকৃত নয়। সি পি আই-এর নেতা এখানে নেই, ইলাদিকে, বেস্টারউইচ সাহেবকে, মুসলিম লীগ সদস্যকে এবং কংগ্রেস (ও)-কে ধন্যবাদ দিচ্ছি। তা ছাড়া আমার দলের মাননীয় সদস্য যাঁরা আছেন তাঁদের ধন্যবাদ দিচ্ছি। গোর্খা লীগের একজন আছেন তাঁকে ধন্যবাদ দিচ্ছি এবং স্বতন্ত্র যিনি এখানে নেই, তাঁকেও ধন্যবাদ দিচ্ছি। কাল আমি ছিলাম না, কালকে আমাকে ব্যক্তিগতভাবে আক্রমণ করার জন্য আমার দলের সদস্যরা লাফিয়ে উঠে প্রতিবাদ করায় আমি তাঁদের প্রত্যেককে ধন্যবাদ দিচ্ছি। আমার মনে হয় না আর এমন কোন নেতা আছেন যিনি এইভাবে অকুণ্ঠ সমর্থন লাভ করতে পারেন। সর্বশেষে আমি স্পীকারকে এবং ডেপুটি স্পীকারকে ধন্যবাদ দিচ্ছি, কারণ তাঁরা যথেষ্ট ইমপার্সিয়াল ভাবে কাজ করেছেন।

শ্রীমতী ইলা মিত্রঃ স্যার, আলোচনার সময় কিছু কিছু বিধানসভায় মর্যাদা ক্ষুণ্ণ হয়েছে এবং গণতান্ত্রিক কাঠামোর মধ্য থেকে যেভাবে আমাদের চলা উচিত সেইভাবে না চলায় গণতান্ত্রিক কাঠামো যে কিছু কিছু ক্ষুণ্ণ হয়েছে সেইদিক থেকে মুখ্যমন্ত্রী যে কথা বললেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। আজকে তিনি যে বক্তৃতা করলেন তাতে বিধানসভার মর্যাদা এবং গণতান্ত্রিক কাঠামো বজায় রাখার প্রতি তিনি যে সম্মান দেখালেন তার জন্য আমরা আনন্দিত। এই কথা বলে আমি শেষ করছি।

Mr. Speaker: Honourable Members, today is the last day of the present session. Before I adjourn the House sine die I would like to make an announcement regarding questions. Starred questions replies to which have

been received in this Secretariat but have not been answered in the House would be treated as unstarred questions and replies thereto would be circulated to the Members.

I would convey my heart-felt thanks to the honourable Members for their kind co-operation and assistance in conducting the business of the House. My thanks specially go to the different sections of the House who have co-operated with me wholeheartedly in conducting the business of the House. As has been stated by the Leader of the House, this is perhaps one of the longest sessions since independence in which we have covered 53 days. Previously in 1953 we covered 52 days and in 1965, 51 days.

In this long sitting I should appreciate one thing that though the Members were tired and sometimes excited on different issues, even then I got the best co-operation from all of them. I refer particularly to the Members of the Opposition, Mr. A. H. Besterwitch and two of his partymen, who are here and who have always been very kind to the Chair. I also like to refer to Shri Pradyot Kumar Mahanti and Shri Nasiruddin Khan for their co-operation with me.

Apart from that, in enforcing the discipline of the House, sometimes perhaps I may have been harsh to the honourable Members of the P.D.A., or may have pulled up some of the honourable Members and made some observations, including also the Members of the Cabinet. But it is a great pleasure to note that whenever I have made any observation they have taken it just in a friendly way and have helped me in maintaining the dignity and decorum of the House and, I hope, in the last 53 days the image of this democratic institution that we have built up, the tradition that we have built up in this House, in this part of India, will be remembered not only by West Bengal alone, but will also be remembered by other Legislative Assemblies. During this long period there have been various remarks, privilege and other motions and points of order, and I must say any decision from the Chair, or any observation from the Chair has been given due hearing and, at the same time, due obedience. It is a great pleasure for me as Speaker to have such co-operation from the honourable Members. As Speaker I congratulate the Leader of the House specially because the Leader of the House has helped not only the Chair to maintain the dignity of the House and the democratic sense of the House but the democratic sence of the people of this State which I think, has been enhanced by his able guidance. Under his able leadership, I think, this House, the temple of democracy, has been very much alive not only to the problems of the State, but by his leadership, the Leader of the House has been able to enhance the prestige of the House as a democratic institution. I also hope that in the long run this House will emerge as one of the best democratic institutions of our country.

I must also congratulate Shrimati Ila Mitra, Shrimati Geeta Mukhopadhyaya and Shri Biswanath Mukherjee, who are not here in the House. I do remember. whenever there was any necessity or occasion, I have called them in my Chamber and I have called other honourable Members also. We have sat together and we have been able to settle all disputes that arose between the different Members with a spirit of co-operation and brotherly feeling. I once more congratulate the Members of the Cabinet who have always helped me in the discharge of my duties and functions, friends and honourable Members of all sections who are present here. With these few words, before I adjourn the House sine die, I request all the honourable

Members and also the members of the press that it would be a great pleasure for me to have their company at a dinner on Friday, the 11th May, 1973, at 8 p.m., at the Assembly House Lounge (Upstairs). I hope the honourable Members including the members of the press will not deprive me of the pleasure of their association and company at the dinner that will be held tomorrow at 8 p.m. in the Assembly House Lounge.

With these few words, I once more thank all the honourable Members of this House and I declare that the House stands adjourned sine die.

Adjournment

The House was accordingly adjourned sine die at 5-45 p.m.

Note : The Assembly was prorogued with effect from 14th May, 1973, by a notification No. 133 P.A., dated the 13th May, 1973, and published in the "Calcutta Gazette, Extraordinary", dated the 13th May, 1973.

Index to the

West Bengal Legislative Assembly Proceedings

(Official Report)

Vol. 54, No. 3—Fifty-fourth Session (February-May), 1973

(The 3rd; 4th, 5th, 6th, 7th, 17th, 18th, 19th, 23rd; 24th, 25th, 26th, 27th April, 3rd; 4th, 5th, 7th, 9th, and 10th May, 1973)

[(Q.) Stands for questions]

Question(s)—Contd.

Question(s)--Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.

Question(s)—Contd.